

সূচীপত্র

তৃতীয় স্কন্ধ

	শ্লোকসংখ্যা	পত্রাঙ্ক
প্রথম অধ্যায়—বিদুর-উদ্ধব-সংবাদ	৪৫ ...	১
দ্বিতীয় অধ্যায়—উদ্ধবকর্ত্তৃক ভগবানের বাল্যলীলা-বর্ণন ...	৩৪ ...	২১
তৃতীয় অধ্যায়—উদ্ধবকর্ত্তৃক ভগবানের লীলা-বর্ণন ...	২৮ ...	৩৪
চতুর্থ অধ্যায়—উদ্ধবের ভগবদনুগ্রহলাভ-বর্ণন ...	৩৬ ...	৪৫
পঞ্চম অধ্যায়—মহদাদিতত্ত্বের উৎপত্তি-বর্ণন ...	৫০ ...	৫৮
ষষ্ঠ অধ্যায়—বিরাট্‌পুরুষের সৃষ্টি	৪০ ...	৮১
সপ্তম অধ্যায়—মৈত্রেয়ঋষির প্রতি বিদুরের প্রশ্ন ...	৪২ ...	৯৭
অষ্টম অধ্যায়—ব্রহ্মার ভগবদ্দর্শন	৩৩ ...	১১৩
নবম অধ্যায়—ব্রহ্মাকর্ত্তৃক ভগবানের স্তব	৪৪ ...	১৩০
দশম অধ্যায়—দশবিধ সৃষ্টি-বর্ণন	৩০ ...	১৫১
একাদশ অধ্যায়—কালস্বরূপ-বর্ণন	৪১ ...	১৬৪
দ্বাদশ অধ্যায়—মৈত্রেয়ঋষিকর্ত্তৃক ব্রহ্ম-সৃষ্টি-বর্ণন ...	৫৬ ...	১৮১
ত্রয়োদশ অধ্যায়—বরাহরূপী ভগবানের পৃথিবী উদ্ধার ...	৫০ ...	১৯৯
চতুর্দ্দশ অধ্যায়—দিতির গর্ভোৎপত্তি	৫১ ...	২১৮
পঞ্চদশ অধ্যায়—বৈকুণ্ঠবর্ণন ও দ্বারপালদ্বয়ের প্রতি অভিশাপ	৫০ ...	২৩৬
ষোড়শ অধ্যায়—দ্বারপালদ্বয়ের অধঃপতন ...	৩৭ ...	২৫৯
সপ্তদশ অধ্যায়—হিরণ্যাক্ষদৈত্যের দিগ্বিজয়ে গমন ...	৩১ ...	২৭৬
অষ্টাদশ অধ্যায়—বরাহরূপী শ্রীহরির সহিত হিরণ্যাক্ষের যুদ্ধ	২৮ ...	২৮৭
ঊনবিংশ অধ্যায়—বরাহরূপী শ্রীহরিকর্ত্তৃক হিরণ্যাক্ষ-বধ ...	৩৮ ...	২৯৭
বিংশ অধ্যায়—সৃষ্টি-প্রকরণ	৫৩ ...	৩১১
একবিংশ অধ্যায়—কর্দ্দমঋষির সমীপে মনুর আগমন ...	৫৬ ...	৩৩০
দ্বাবিংশ অধ্যায়—কর্দ্দমের সহিত দেবহূতির বিবাহ ...	৩৯ ...	৩৫০
ত্রয়োবিংশ অধ্যায়—বিমানে কর্দ্দম ও দেবহূতির রতিক্রীড়া	৫৭ ...	৩৬৪
চতুর্ব্বিংশ অধ্যায়—কপিলদেবের জন্ম	৪৭ ...	৩৮৪
পঞ্চবিংশ অধ্যায়—মাতার প্রতি কপিলের ভক্তিযোগ উপদেশ	৪৪ ...	৪০০
ষড়্‌বিংশ অধ্যায়—সাংখ্যযোগ-বর্ণন	৭২ ...	৪১৭

	শ্লোকসংখ্যা	পত্রাঙ্ক
সপ্তবিংশ অধ্যায়—প্রকৃতি ও পুরুষের স্বরূপ-বর্ণন ...	৩০ ...	৪৪৪
অষ্টাবিংশ অধ্যায়—ধ্যানযোগ-বর্ণন	৪৪ ...	৪৫৫
ঊনত্রিংশ অধ্যায়—ভক্তিযোগ ও সংসার-বর্ণন ...	৪৫ ...	৪৭৩
ত্রিংশ অধ্যায়—অধার্ম্মিকগণের তামসী গতি-বর্ণন ...	৩৪ ...	৪৯০
একত্রিংশ অধ্যায়—জীবের গর্ভবাসাদি গতি-বর্ণন ...	৪৮ ...	৫০১
দ্বাত্রিংশ অধ্যায়—ঊর্দ্ধগতি ও পুনরাবৃত্তি-বর্ণন ...	৪৩ ...	৫২০
ত্রয়স্ত্রিংশ অধ্যায়—দেবহূতির মুক্তিলাভ	৩৭ ...	৫৩৫

তৃতীয় স্কন্ধের মোট শ্লোকসংখ্যা— ১৪১৩

শ্রীমদ্ভাগবতম্

প্রথমঃ স্কন্ধঃ

শ্রীমদ্ভাগবতম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

শ্রীমচ্ছুকদেবকৃতসিদ্ধান্তপ্রদীপটীকয়া সহিতম্

প্রথমঃ স্কন্ধঃ

শ্রীবৃন্দাবনস্থ ব্রজবিদেহি মহন্ত-

অষ্টোত্তরশতশ্রীক স্বামি ধনঞ্জয়দাস তর্ক-তর্ক-ব্যাকরণতীর্থেন

শিবপুরস্থ নিম্বার্কাশ্রম-সম্পাদক

শ্রীমতা নৃসিংহদাস বন্ধুনা চ

সম্পাদিতম্

পণ্ডিতপ্রবরেণ শ্রীমতা বিনোদবিহারি কাব্য-ব্যাকরণ-

সাংখ্য-বেদান্তোপনিষত্তীর্থেন

অনূদিতম্

কলিকাতা কলেজস্কোয়ারস্থ পঞ্চদশসংখ্যক-ভবনে

চক্রবর্ত্তী, চাটার্জ্জি এণ্ড কোং লিমিটেড্ নামধেয়-

পুস্তকবিপণ্যাং প্রাপ্তব্যম্

১৩৪৪ বঙ্গাব্দে

শিবপুরস্থনিম্বার্কাশ্রমসভ্যেন শ্রীমতা রমেশচন্দ্র চক্রবর্ত্তিনা
প্রকাশিতম্

কলিকাতা কর্ণওয়ালিশবর্ত্মস্থ-ত্রিংশৎসংখ্যকভবনে তাপসী মুদ্রাযন্ত্রাধ্যক্ষেণ
শ্রীমতা গঙ্গানারায়ণ ভট্টাচার্য্যেন মুদ্রিতম্

মুখবন্ধ

আর্য্যঋষিপ্রণীত শাস্ত্রগ্রন্থের মধ্যে শ্রীমদ্ভাগবতের স্থান মহাভারতের পরই। বাঙ্গালা দেশে শ্রীমদ্ভাগবতের আদর অত্যন্ত অধিক। অনেক স্থলেই শ্রীমদ্ভাগবতের পাঠ ও কথকতা হইয়া থাকে। এজন্য বঙ্গানুবাদ সহ ইহার সহজবোধ্য সংস্করণের অভাব অনেকেই অনুভব করিয়া থাকেন। ইহার অপর কারণ এই যে, বেদব্যাসপ্রণীত অন্যান্য পুরাণ ও মহাভারতের ভাষা অপেক্ষা শ্রীমদ্ভাগবতের ভাষা কঠিন। কেবল মাত্র বাঙ্গালা অনুবাদের উপর নির্ভর করিয়া ইহা বুঝা যায় না। অন্বয় এবং শব্দার্থ না জানিলে সাধারণের পক্ষে ইহার মূল বুঝা সম্ভব নহে। অথচ অল্প-সংস্কৃত-শিক্ষিত পাঠকমণ্ডলী মূলের রসাস্বাদনের জন্য বিশেষ ব্যাকুল। বস্তুতঃ কাব্যাংশেও শ্রীমদ্ভাগবত অতুলনীয়। একমাত্র শ্রীমদ্ভাগবত পাঠ করিলে বহু কাব্য-পাঠের ফল হয়। মনঃপ্রাণমুগ্ধকর ভগবন্মাহাত্ম্যবর্ণন, জ্ঞান, ভক্তি ও কর্ম্মের সমন্বয় ইহার মত অপর কোন গ্রন্থে দেখিতে পাওয়া যায় না। জগতে বোধ হয় এমন কোন বৈদিক ধর্ম্মাবলম্বী মানব জন্মগ্রহণ করেন নাই, যিনি শ্রীমদ্ভাগবত শ্রবণ বা পাঠ করিয়া ভগবদ্ভক্তিতে আপ্লুত না হইয়াছেন। হৃদয়ে ভগবদ্ভক্তি উদ্রিক্ত করিতে, ভগবৎপ্রেম বদ্ধমূল করিতে ইহার তুল্য গ্রন্থ আর্য্যশাস্ত্র ভাণ্ডারে আর নাই। কিন্তু তথাপি বহুদিন যাবৎ এই পুস্তকের একটি অন্বয়, প্রত্যেক শব্দের বাঙ্গালা ও আক্ষরিক অর্থযুক্ত অনুবাদের অভাব ছিল। সেই অভাব দূর করিবার জন্য আমরা এই সংস্করণ বাহির করিতে প্রবৃত্ত হইয়াছি।

হস্ত লিখিত ও মুদ্রিত চারি পাঁচ খানি পুস্তক বিশেষভাবে আলোচনা করিয়া আমরা মূলের পাঠ নির্দ্দেশ করিয়াছি। এই সংস্করণে ইংলিশ টাইপে মূল শ্লোক দেওয়া হইয়াছে এবং তাহার নীচেই স্মল পাইকা অক্ষরে শ্লোকের অন্বয় ও সংস্কৃত শব্দের বাঙ্গালা প্রতিশব্দ দেওয়া হইয়াছে। তৎপরে বাঙ্গালা অনুবাদ এবং শ্রীশ্রীশুকদেব গোস্বামী কৃত সিদ্ধান্ত-প্রদীপ নাম্নী টীকা দেওয়া হইয়াছে। যাহাতে মূল সহজে বুঝা যায় তজ্জন্য মূলের অর্থ অক্ষুণ্ণ রাখিয়া বাঙ্গালা অনুবাদ দেওয়া হইয়াছে। কেবল মাত্র ভাবার্থ দিলে বাঙ্গালা আরও শ্রুতি-মধুর হইতে পারিত, কিন্তু তাহাতে মূল বুঝিবার কিছু ব্যাঘাত ঘটিত। এই সমস্ত পর্য্যালোচনা করিয়া মূলের আক্ষরিক অর্থ যতদূর সম্ভব রক্ষা করা হইয়াছে এবং বন্ধনীর মধ্যে অনেকস্থলে তাৎপর্য্যার্থ প্রদত্ত হইয়াছে।

শ্রীশ্রীশুকদেব গোস্বামী কৃত সিদ্ধান্ত-প্রদীপ-টীকাটি শ্রীশ্রীনিম্বার্কাচার্য্য ব্যাখ্যাত দ্বৈতাদ্বৈত মতের সিদ্ধান্ত অনুযায়ী লিখিত। শ্রীধরস্বামীকৃত ভাবার্থ-দীপিকা অদ্বৈত মতানুযায়ী লিখিত। শ্রীজীব-গোস্বামী-কৃত ক্রম-সন্দর্ভ এবং শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী কৃত সারার্থ-দর্শিনী টীকা গৌড়ীয় বৈষ্ণবগণের অচিন্ত্য ভেদাভেদ মতানুযায়ী রচিত। শ্রীমদ্ভাগবতের বিশিষ্টাদ্বৈত, শুদ্ধাদ্বৈত ও দ্বৈতমতানুযায়ী ব্যাখ্যাও আছে। ব্রহ্মতত্ত্ব, জীবতত্ত্ব ও জগতত্ত্ব এবং ইহাদের পরস্পরের সম্বন্ধের সমাধান লইয়া ভারতে বহু মতবাদের সৃষ্টি হইয়াছে। ইহার কোন্‌টি সত্য, তাহা লইয়া বহু তর্ক হইয়া গিয়াছে এবং অধুনা হইতেছে। সেই মতবাদের গহনে প্রবেশ করিয়া পাঠকবর্গের ধৈর্য্যচ্যুতি ঘটাইবার অভিলাষ আমাদের নাই। যাঁহার যে

সম্প্রদায়, তাঁহার সেই সম্প্রদায়ের ব্যাখ্যাই হিতসাধক। ভগবদ্‌ভক্তিসহকারে যে মতেই ইহা পাঠ করা যাইবে, ভগবৎকৃপায় তাঁহার পক্ষে সত্যলাভ যথাসময়েই হইয়া থাকে। এজন্য আমরা এই দ্বৈতাদ্বৈত মতের ব্যাখ্যাটি প্রচার করিলাম।

কিন্তু তথাপি আমাদের মনে হয় যে, শ্রীমদ্ভাগবত বুঝিতে হইলে প্রথমে ভাবিতে হইবে যে ব্রহ্মতত্ত্ব, জীবতত্ত্ব ও জগতত্ত্ব এবং ইহাদের পরস্পরের সম্বন্ধে শ্রীমদ্ভাগবত হইতে কোন মূল সূত্র বাহির করা যায় কিনা। শ্রীমদ্ভাগবতে এমন কোন শ্লোক আছে কিনা যাহার সাহায্যে নিঃসংশয়ে ঐ সকল তত্ত্বগুলি বুঝিতে পারা যায়। যদি থাকে তাহা হইলে সেই মূল সূত্র বর্ণিত তত্ত্বই শ্রীমদ্ভাগবতে বর্ণিত হইয়াছে—ইহা বুঝিতে হইবে এবং সেই মতবাদ যদি কোন আচার্য্য কথিত মতবাদের সহিত এক হয়, তাহা হইলে সেই মতবাদ অনুসারে ব্যাখ্যাই শ্রীমদ্ভাগবতের যথার্থ ব্যাখ্যা বলিয়া মনে করিতে হইবে। আমরা এই বিষয়টি গ্রন্থশেষে ভূমিকামধ্যে বিশেষ ভাবে আলোচনা করিব ইচ্ছা রহিল।

বঙ্গদেশে শ্রীধরস্বামীকৃত ভাবার্থ-দীপিকা, শ্রীজীব গোস্বামী কৃত ক্রম-সন্দর্ভ, শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী কৃত সারার্থ-দর্শিনী টীকার বহুল প্রচার আছে। কিন্তু শ্রীশ্রীশুকদেব গোস্বামীর টীকার বহুল প্রচার নাই; এজন্য আমরা এই সংস্করণে ঐ সকল টীকাগুলি সন্নিবেশিত না করিয়া শ্রীশ্রীশুকদেব গোস্বামীকৃত সিদ্ধান্ত-প্রদীপ-নাম্নী টীকাটি দিলাম। আশা করি, পাঠকগণ এই টীকাটির সাহায্যে শ্রীমদ্ভাগবতকথিত তত্ত্ব-সমূহের সেই মূল সূত্র বাহির করিতে পারিবেন।

আমরা এই সংস্করণে উত্তম কাগজ, উত্তম টাইপ ও উত্তম কালি ব্যবহার করিয়াছি। শ্রীমদ্‌ভাগবতের গ্রাহকদিগের সুবিধার জন্য ২৫ ফর্ম্মাযুক্ত একটি খণ্ডের মূল্য গ্রাহকদিগের পক্ষে ১।০ এবং অপরের পক্ষে ১৷৷০ নির্দ্দেশ করিয়াছি। এই হিসাবে পুস্তকের মূল্য অপেক্ষাকৃত সুলভ। এই পুস্তকের যাহাতে বহুল প্রচার হয় ও প্রত্যেক শিক্ষিত বাঙ্গালী ঘরে ঘরে এই পুস্তক রাখিতে পারেন তাহার প্রতি লক্ষ্য রাখিয়া আমরা ইহা খণ্ডে খণ্ডে বাহির করিতেছি। যদি আপনাদের সাহায্যে এই শ্রীমদ্ভাগবত সম্পূর্ণ বাহির করিতে পারি, তাহা হইলে আমাদের শ্রম সার্থক বিবেচনা করিব।

নিবেদক—

শ্রীধনঞ্জয়দাস

শ্রীনৃসিংহদাস বসু

সূচীপত্র

প্রথম স্কন্ধ

	শ্লোকসংখ্যা	পত্রাঙ্ক
প্রথম অধ্যায়—নৈমিশীয়োপাখ্যানে ঋষিপ্রশ্ন ...	২৩ ...	১
দ্বিতীয় অধ্যায়—নৈমিশীয়োপাখ্যানে ভগবদনুবর্ণন ...	৩৪ ...	১৩
তৃতীয় অধ্যায়—নৈমিশীয়োপাখ্যানে ভগবজ্জন্মরহস্য ..	৪৪ ...	৩১
চতুর্থ অধ্যায়—ব্যাসাশ্রমে নারদের আগমন ...	৩৩ ...	৪৯
পঞ্চম অধ্যায়—ব্যাস-নারদ-সংবাদ ...	৪০ ...	৬২
ষষ্ঠ অধ্যায়—ব্যাস-নারদ-সংবাদ ...	৩৯ ...	৮১
সপ্তম অধ্যায়—অশ্বত্থামার দণ্ড ...	৫৮ ...	৯৫
অষ্টম অধ্যায়—কুন্তীস্তব ...	৫২ ...	১১৫
নবম অধ্যায়—যুধিষ্ঠিরের রাজ্যলাভ ...	৪৯ ...	১৩৬
দশম অধ্যায়—শ্রীকৃষ্ণের দ্বারকায় গমন ...	৩৬ ...	১৫৫
একাদশ অধ্যায়—শ্রীকৃষ্ণের দ্বারকায় আগমন ...	৪০ ...	১৬৯
দ্বাদশ অধ্যায়—পরীক্ষিতের জন্মবৃত্তান্ত ...	৩৭ ...	১৮৪
ত্রয়োদশ অধ্যায়—নারদের উপদেশ ...	৬০ ...	১৯৬
চতুর্দ্দশ অধ্যায়—অর্জ্জুনের প্রতি যুধিষ্ঠিরের জিজ্ঞাসা	৪৫ ...	২২০
পঞ্চদশ অধ্যায়—যুধিষ্ঠিরাদির স্বর্গারোহণ ...	৫১ ...	২৩৫
ষোড়শ অধ্যায়—পৃথিবী ও ধর্ম্মের কথোপকথন ...	৩৭ ...	২৫৯
সপ্তদশ অধ্যায়—পরীক্ষিৎ কর্ত্তৃক কলিনিগ্রহ ...	৪৫ ...	২৭৩
অষ্টাদশ অধ্যায়—পরীক্ষিতের প্রতি ব্রহ্মশাপ ...	৫০ ...	২৯১
ঊনবিংশ অধ্যায়—পরীক্ষিতের নিকটে শুকদেবের আগমন	৪০ ...	৩১২

প্রথম স্কন্ধের মোট শ্লোক সংখ্যা—৮১৩

ওঁ নমো ভগবতে বাসুদেবায়

শ্রীমদ্ভাগবতম্

প্রথমঃ স্কন্ধঃ

প্রথমোঽধ্যায়ঃ

জন্মাদ্যস্য যতোঽন্বয়াদিতরতশ্চার্থেষ্বভিজ্ঞঃ স্বরাট্,
তেনে ব্রহ্ম হৃদা য আদিকবয়ে মুহ্যন্তি যৎ সূরয়ঃ।
তেজোবারিমৃদাং যথা বিনিময়ো যত্র ত্রিসর্গোঽমৃষা,
ধাম্না স্বেন সদা নিরস্তকুহকং সত্যং পরং ধীমহি ॥ ১ ॥

অন্বয়

অন্বয়াৎ (বিশ্বরূপকার্য্যে উপাদানকারণরূপে অনুগত বলিয়া) ইতরতশ্চ (এবং সৃজ্যমান বিশ্বের ঈক্ষণ-সৃজন-নিয়মনাদি-নিমিত্তকারণরূপে অননুগত বলিয়া) যতঃ (যাহা হইতে) অস্য (এই বিশ্বের) জন্মাদি [ভবতি] (উৎপত্তি, স্থিতি, লয় ও মোক্ষ হইয়া থাকে), যঃ (যিনি) অর্থেষু (এই বিবিধ বৈচিত্র্যময় জগৎরূপ কার্য্যে) অভিজ্ঞঃ (সর্ব্বজ্ঞ) স্বরাট্ (স্বতঃসিদ্ধ জ্ঞানবান্); যৎ (যাহাতে) সূরয়ঃ (দেবগণ) মুহ্যন্তি (মোহিত হইয়া থাকেন) [তং] ব্রহ্ম (সেই বেদ) যঃ (যিনি) আদিকবয়ে (ব্রহ্মাতে) হৃদা (হৃদয়দ্বারা) তেনে (প্রকাশিত করিয়াছিলেন); যথা (যেমন) তেজোবারিমৃদাং (অগ্নি, জল ও মৃত্তিকার) বিনিময়ঃ (বিস্ফুলিঙ্গ, বুদ্‌বুদ ও ঘটাদিরূপপরিণাম) [সৎই হইয়া থাকে] [তথা] (সেইরূপ) যত্র (যাহাতে) অমৃষা (সত্য অর্থাৎ কারণাত্মকরূপে বিদ্যমান থাকায় সত্য) ত্রিসর্গঃ [উৎপদ্যতে] (জগৎ গুণত্রয় হইতে সৃষ্টরূপে উৎপন্ন হইয়া থাকে); স্বেন ধাম্না (স্বীয় জ্ঞানালোকদ্বারা) সদা নিরস্তকুহকং (সর্ব্বদা অজ্ঞানান্ধকারবিরহিত অর্থাৎ প্রকাশস্বরূপ বলিয়া গুণত্রয়সৃষ্টিজন্য দোষে অদুষ্ট) পরং (বিশ্বকারণস্বরূপ) সত্যং (সত্যস্বরূপ পরমাত্মাকে) ধীমহি (ধ্যান করি) ॥ ১ ॥

অনুবাদ

পূর্ব্বাভাস—ভগবান্, বেদব্যাসরূপে সকল বেদের সারসংগ্রহ করিবার নিমিত্ত মহাভারত প্রণয়ন করিয়াছিলেন। অনন্তর তিনি বেদান্তের সারসংগ্রহার্থ ও শ্রীমান্ নারদের উপদেশানুসারে মুমুক্ষুগণকে অনুগ্রহ করিবার নিমিত্ত কল্পবৃক্ষের ন্যায় অভীষ্টপ্রদ শ্রীমদ্ভাগবত নামক মহাপুরাণ প্রণয়ন করিতে প্রবৃত্ত হন। এক্ষণে ইহারই মঙ্গলাচরণচ্ছলে উপনিষৎপ্রতিপাদ্য পরব্রহ্ম-পরমাত্মাদি-পদবাচ্য ভগবানের লক্ষণ নিরূপণ করিবার জন্য পরমতনিরাকরণ করিতেছেন—

যিনি এই বিশ্বরূপকার্য্যে উপাদানকারণরূপে অনুগত এবং সৃজ্যমান বিশ্বের ঈক্ষণ ও সৃজনাদির নিমিত্তকারণরূপে অননুগত বলিয়া যাঁহা হইতে এই জগতের উৎপত্তি, স্থিতি, লয় ও মোক্ষ হইয়া থাকে, [অর্থাৎ কূর্ম্মের অঙ্গপ্রসারণাপসারণের ন্যায় যিনি উৎপত্ত্যাদিবিষয়ে উপাদানকারণ ও নিমিত্তকারণ উভয়রূপ হইয়া থাকেন] যিনি এই বিবিধ বৈচিত্র্যময়

অনুবাদ

জগদ্‌বিষয়ে সর্ব্বজ্ঞ এবং স্বতঃসিদ্ধজ্ঞানবান্; যে বেদার্থাবধারণে দেবগণও মোহিত হইয়া থাকেন, সেই বেদকে যিনি ব্রহ্মাতে হৃদয়দ্বারা প্রকাশিত করিয়াছিলেন; যেমন অগ্নি, জল ও মৃত্তিকার কার্য্য—বিস্ফুলিঙ্গ, বুদ্বুদ ও ঘটাদিরূপ পরিণাম সৎ হইয়া থাকে, সেইরূপ যাঁহাতে কারণাত্মকরূপে বিদ্যমান থাকায় এই কার্য্যরূপ সত্য জগৎ প্রকৃতির গুণত্রয় হইতে সৃষ্টরূপে উৎপন্ন হয়; যিনি স্বীয় জ্ঞানালোকদ্বারা সর্ব্বদা অজ্ঞানান্ধকারবিরহিত, সেই পরম সত্যকে অর্থাৎ জগৎকারণস্বরূপ পরমাত্মাকে ধ্যান করি ॥ ১ ॥

মন্তব্য—"সত্যং ধীমহি" এই অংশদ্বারা "সত্যবস্তুকে ধ্যান করি" বলায়—"পরমাত্মা নাই" যাঁহারা বলেন সেই বেদবাহ্য বৌদ্ধাদির মত নিরাকৃত হইল।

"পরম্" এই বিশেষণদ্বারা "সতং" পদকে বিশেষিত করায় পরমাত্মাকে জগৎকারণ বলা হইল এবং সেই "জগৎকারণপ্রাপ্তিই পরমপুরুষার্থ" ইহাও সূচনা করা হইল, অতএব এতদ্দ্বারা—"স্বর্গাদিপ্রাপ্তিই পরমপুরুষার্থ" এই মীমাংসকমত নিরাকৃত হইল।

"অভিজ্ঞঃ" এই অংশদ্বারা সর্ব্ববিষয়ে জ্ঞানবান্ বলায় "জড়প্রকৃতিই জগৎকারণ"—এই সাংখ্যমত নিরাকৃত হইল।

"তেজোবারিমৃদাং" এই দৃষ্টান্তাংশের দ্বারা কারণাত্মকরূপে জগৎ সৎই ছিল, পরে পরমেশ্বরের শক্তিরূপ গুণসমূহ হইতে জগদাকারে পরিণত হইয়াছে বলায় "উৎপত্তির পূর্ব্বে জগৎ অসৎ এবং পরমাণু হইতে জগতের উৎপত্তি"—এই বৈশেষিক মত নিরাকৃত হইল। কেবল তাহাই নহে, মায়াবাদী যে জগৎকে মিথ্যা বলেন, তাহাও অসঙ্গত বলা হইল।

শ্রীমচ্ছুকদেবকৃতসিদ্ধান্তপ্রদীপটীকা

অগণিতগুণসিন্ধুঃ স্বপ্রপন্নৈকবন্ধুঃ, সকলভুবনহেতুঃ সর্ব্বসৌন্দর্য্যসেতুঃ।
বিগতসকলদোষো বেদবেদ্যঃ পরেশো, ভবতু মম গতিঃ স সর্ব্বদা গোপবেষঃ ॥
নত্বা হংসং কুমারঞ্চ দেবর্ষিং নিম্বভাস্করম্। শ্রীভাগবতসিদ্ধান্তপ্রদীপোঽয়ং বিরচ্যতে ॥"

শ্রীকৃষ্ণায় নমঃ। ইহ খলু বেদব্যাসাত্মনা ভগবান্ সর্ব্ববেদোপবৃংহণার্থং মহাভারতং নির্ম্মায় অথ বেদান্তোপবৃংহণার্থং শ্রীমন্নারদাজ্ঞয়া মুমুক্ষূনুগ্রহায় পঞ্চত্রিংশত্যধিকত্রিংশতাধ্যায়নিবদ্ধ-দ্বাদশস্কন্ধযুতং কল্পদ্রুমবদ্ অভীষ্টার্থপ্রদং শ্রীমদ্ভাগবতং মহাপুরাণং প্রারীপ্সুঃ গ্রন্থবিষয়ভূতস্য পরব্রহ্মপরমাত্মাদিপদবাচ্যস্য ভগবতো মঙ্গলাচরণব্যাজেন লক্ষণং বদন্ পরপক্ষান্ নিরাকরোতি—"জন্মাদ্যস্যে"তি। ব্রহ্ম নাস্তীতি বাহ্যপক্ষং তাবন্নিরাকরোতি—"সত্যং ধীমহী"তি। "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্মে"তি শ্রুতিপ্রোক্তং ভগবন্তং বয়ং ধ্যায়েম ইত্যর্থঃ। স্বর্গাদিপ্রাপ্তেঃ পরমপুরুষার্থত্বং মন্যমানস্য জৈমিনের্ম্মতং নিরাকর্ত্তুং জগৎকারণপ্রাপ্তিঃ পরমপুরুষার্থ ইতি সূচয়ন্ সত্যং বিশিনষ্টি—"পরমি"তি। পরং বিশ্বকারণম্। এতদেবদ্রঢ়য়িতুমাহ—"জন্মাদ্যস্য যতোঽন্বয়াদিতরতঃ" ইতি। অন্বয়াদনুবৃত্তেঃ, কর্য্যোপাদানতয়া অনুগমনাৎ। ইতরতোঽনন্বয়াৎ, সৃজ্যমানবিশ্বেক্ষণসৃজননিয়মনাদিনিমিত্তকর্ত্তৃব্যাপারাচ্চ। যদ্বা অন্বেতি কার্য্যাকারং প্রাপ্নোতীত্যন্বয়ঃ বিশ্বোপাদানহেতুঃ, ইতরস্তদীক্ষণাদিনা তন্নিমিত্তহেতুঃ, এবম্ভূতাৎ "তদাত্মানং স্বয়মকুরুত" "তদৈক্ষত বহুস্যাম্" ইত্যাদিশ্রুতিপ্রোক্তাদ্ যতো হেতোঃ অস্য বিশ্বস্য জন্মাদি জন্মস্থিতিভঙ্গমোক্ষং ভবতি তমিত্যর্থঃ।

মন্তব্য—আর যে কেহ কেহ "যত্র ত্রিসর্গোঽমৃষা" এই অংশের অমৃষা শব্দকে অবলম্বন করিয়া, "যেই অধিষ্ঠান বস্তুর সত্যতাহেতু মিথ্যা সৃষ্টিই সত্যের ন্যায় প্রতীত হইয়া থাকে"—এইরূপ ব্যাখ্যা করিয়া তদনুযায়ী "তেজোবারিমৃদাং বিনিময়ঃ" এই অংশের অর্থে—তেজোরূপ মরীচিকায় জলবুদ্ধি ও কাচাদিরূপ মৃদ্‌বুদ্ধি, মৃত্তিকারূপ কাচাদিতে তেজঃ বা জলবুদ্ধি এবং জলে কাচাদিরূপ মৃদ্‌বুদ্ধি ইত্যাদি মিথ্যাবস্তু ও মিথ্যাজ্ঞানের দৃষ্টান্ত প্রদর্শন করেন, তাঁহাদের কথাও ঠিক নহে; কারণ, তাহাতে শ্রুতিবিরোধ হয়। শ্রুতিই বলিয়াছেন "সদেব সৌম্যেদমগ্র আসীৎ" অর্থাৎ "উৎপত্তির পূর্ব্বে জগৎ সৎই ছিল"। এস্থলে জগতের উপাদানকে সৎ বলায় জগৎকেও সৎ বলাই হইল। যেমন ঘটের উপাদান মৃত্তিকা সৎ, অতএব ঘটও সৎ, কিন্তু যাহার উপাদান সৎ হয় না, সে সত্যবস্তু হয় না, যেমন আকাশকুসুম, এস্থলেও তদ্রূপ বুঝিতে হইবে। অর্থাৎ মায়াবাদীর মতে জগৎ যে মিথ্যা বলা হয়, তাহা অসঙ্গত, যেহেতু জগৎ সত্য।

অতএব ব্রহ্মের লক্ষণ হইল—যিনি সত্যস্বরূপ, জ্ঞানস্বরূপ ও অনন্তস্বরূপ হইয়া জগতের উৎপত্তি, স্থিতি, লয় ও মোক্ষের কারণ হইয়া থাকেন তিনিই ব্রহ্ম।

আর যাঁহারা "সত্যং" এই অংশদ্বারা ব্রহ্মের স্বরূপলক্ষণ ও "জন্মাদ্যস্য" এই অংশদ্বারা তটস্থলক্ষণ বলা হইয়াছে—বলেন, তাঁহাদের কথাও সঙ্গত নহে; কারণ, জগৎকর্তৃত্বধর্ম্ম স্বরূপেই উপপন্ন হয় বলিয়া তটস্থলক্ষণ হইতে পারে না। সাক্ষাৎ শ্রুতিই বলিয়াছেন "সোঽসৃজৎ সর্ব্বান্ লোকান্" "তিনি সকল লোক সৃষ্টি করিয়াছেন"। অতএব উপরি উক্ত লক্ষণই ব্রহ্মের স্বরূপলক্ষণ।

টীকা

যতঃ ইত্যত্র "জনিকর্ত্তুঃ প্রকৃতিরি"তি জায়মানহেতোরপাদানসংজ্ঞায়াম্ অপাদানে পঞ্চমীতি পঞ্চমী। কূর্ম্মাঙ্গপ্রসারণাপসারণন্যায়েন সর্ব্বাত্মনঃ সর্ব্বদৈতাদৈতভূতস্য সর্ব্বত্রোপাদানত্বস্য নিমিত্তত্বস্য চ উপপত্তেঃ। সর্ব্বাত্মত্বঞ্চ "সর্ব্বেষামপি বস্তূনাং ভাবার্থো ভবতি স্থিতঃ। তস্যাপি ভগবান্ কৃষ্ণঃ কিমতদ্বস্তুরূপ্যতামি" ত্যাদৌ স্ফুটীভবিষ্যতি। তথাচ শ্রুতিঃ—"যতো বা ইমানি ভূতানি জায়ন্তে, যেন জাতানি জীবন্তি, যৎ প্রযন্তি অভিসংবিশন্তি, তদ্বিজিজ্ঞাসস্ব তদ্ব্রহ্মেতি"। যতো জায়ন্তে ইতি জন্মোক্তিঃ, যেন জীবন্তীতি স্থিত্যুক্তিঃ, যৎ প্রযন্তীতি প্রলয়োক্তিঃ, অভিসংবিশন্তীতি মোক্ষোক্তিঃ। বিস্তরস্তু বেদান্তকৌস্তুভাখ্যে সূত্রভাষ্যে দ্রষ্টব্যঃ। প্রধানজগৎকারণবাদি-কপিলমতং নিরাকর্ত্তুম্ আহ—"যোঽর্থেষ্বভিজ্ঞঃ"। অর্থেষু—সৃজ্যমানেষু বিবিধবিচিত্রপ্রকারেষু যঃ অভিজ্ঞস্তম্। "যঃ সর্ব্বজ্ঞ" ইতি শ্রুতেঃ। নন্ু বহুষু বেদপুরাণপ্রসিদ্ধেষু সৎসু একস্য জগৎকারণত্বে কিং বীজমিত্যত আহ—"স্বরাড়ি"তি। "তেনে ব্রহ্ম হৃদা য আদিকবয়ে" ইতি চ। যঃ শিবাদিপিত্রে পদ্মজায় অপি বেদং প্রকাশিতবান্, তম্। "যো ব্রহ্মাণং বিদধাতি পূর্ব্বং যো বৈ বেদাংশ্চ প্রহিণোতি তস্মৈ" ইতি শ্রুতেঃ। নন্ু এবম্ভূতং জগদ্ধেতুং কপিলাদয়ঃ কুতো ন জানন্ত্যত্রাহ—"মুহ্যন্তি যৎ সূরয়ঃ" ইতি। অসদেব জগদুৎপদ্যতে, তত্রাপি পরমাণুভ্য এব—ইতি বৈশেষিকমতং নিরাকর্ত্তুম্ উৎপত্তেঃ প্রাক্ অপি কারণাত্মনা জগৎ সদেব, পুনঃ পরমেশ্বরশক্তিগুণেভ্য এব জায়তে ইত্যাহ—"তেজোবারিমৃদাং যথা বিনিময়ঃ" ইতি। যথা "তেজোবারিমৃদাং" বিস্ফুলিঙ্গবুদ্‌বুদঘটাদিরূপো "বিনিময়ো" বিকারঃ সদেব জায়তে, তথা যত্র "অমৃষা" সদেব কারণাত্মনা বিদ্যমান এব "ত্রিসর্গঃ" ত্রয়াণাং প্রকৃতিগুণানাং সৃজ্যতে ইতি সর্গঃ কর্ম্মণি ঘঞ্ ইতি ঘঞ্, উৎপদ্যতে ইত্যর্থঃ,"সদেব সৌম্যেদমগ্র আসীদি"তি শ্রুতেঃ। মায়াবাদিনা তু যত্র ত্রিসর্গোঽমৃষা—যৎ সত্যতয়া মিথ্যাসর্গোঽপি সত্যবৎ প্রতীয়তে ইতি ব্যাখ্যাতং তদসৎ, "সদেব

ধর্ম্মঃ প্রোজ্ঝিতকৈতবোঽত্র পরমো নির্ম্মৎসরাণাং সতাং,
বেদ্যং বাস্তবমত্র বস্তু শিবদং তাপত্রয়োন্মূলনম্।
শ্রীমদ্ভাগবতে মহামুনিকৃতে কিংবা পরৈরীশ্বরঃ,
সদ্যো হৃদ্যবরুধ্যতেঽত্র কৃতিভিঃ শুশ্রূষুভিস্তৎক্ষণাৎ ॥ ২ ॥

অন্বয়

মহামুনিকৃতে (সর্ব্ববেদার্থবিৎ পরাশরাত্মজ ব্যাসরূপী আমাকর্ত্তৃক রচিত) অত্র শ্রীমদ্ভাগবতে (এই ভগবৎস্বরূপগুণাদিবর্ণনশোভিত ভাগবতগ্রন্থে) নির্ম্মৎসরাণাং সতাং (দ্বেষাদিবর্জ্জিত সজ্জনগণের) প্রোজ্-ঝিতকৈতবঃ (ফলাভিসন্ধিরূপ কপটতাশূন্য) পরমঃ ধর্ম্মঃ (ভক্তিরূপ পরমধর্ম্ম) [বেদ্যঃ] (জ্ঞাতব্য) [আছে]। অত্র (এই ভাগবতে) তাপত্রয়োন্মূলনং (আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক এই ত্রিবিধ তাপের উচ্ছেদকারী) শিবদং (মুক্তিপ্রদ) বস্তু (ভগবত্তত্ত্ব) [বেদ্যম্] (জ্ঞাতব্য) [আছে]; বাস্তবং [চ] বেদ্যম্ (এবং ভগবৎসম্বন্ধীয় চেতনাচেতনাত্মক পদার্থদ্বয় জ্ঞাতব্য আছে); অত্র শুশ্রূষুভিঃ (এই ভাগবতগ্রন্থ-শ্রবণেচ্ছুগণকর্ত্তৃক) ঈশ্বরঃ (শ্রীকৃষ্ণ) সদ্যঃ (তৎক্ষণাৎ অর্থাৎ শ্রবণেচ্ছা জন্মিবামাত্র) হৃদি (হৃদয়ে) অবরুধ্যতে (অবরুদ্ধ হইয়া থাকেন)। পরৈঃ (অন্যশাস্ত্র কিংবা সেই সেই শাস্ত্রোক্ত সাধন প্রণালীদ্বারা) ঈশ্বরঃ হৃদি অবরুধ্যতে কিং? (শ্রীকৃষ্ণ হৃদয়ে সদ্য অবরুদ্ধ হন কি? অর্থাৎ হন না) ॥ ২ ॥

অনুবাদ

সর্ব্ববেদার্থবিৎ পরাশরাত্মজ ব্যাসদেবকর্ত্তৃক (অর্থাৎ আমাকর্ত্তৃক) রচিত এই ভগবৎস্বরূপগুণাদিবর্ণনাত্মক ভাগবতগ্রন্থে, দ্বেষাদিবর্জ্জিত সজ্জনগণের ফলাকাঙ্ক্ষারূপ কপটতাশূন্য ভক্তিলক্ষণ পরমধর্ম্ম কথিত হইয়াছে। কেবল তাহাই নহে, ইহাতে আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক এই ত্রিবিধ তাপের উচ্ছেদকারী মুক্তিপ্রদ ভগবত্তত্ত্ব বর্ণিত হইয়াছে। আর তাহাও কেবল নহে, ভগবৎসম্বন্ধী চেতনাচেতনাত্মক পদার্থদ্বয়ও ইহাতে বর্ণনা করা হইয়াছে। [অর্থাৎ চেতন পদার্থ জীব—অণুপরিমাণ, কর্ত্তৃত্বাদিধর্ম্মযুক্ত ও বদ্ধমুক্তাদি-

টীকা

সৌম্যেদমগ্র আসীদি"ত্যাদিশ্রুতিবিরোধাৎ। জগৎ সত্যং সদুপাদানকত্বাৎ ঘটবৎ ইত্যন্বয়াৎ। ন যৎ সদুপাদানকং, ন তৎ সত্যং, খপুষ্পবৎ ইতি ব্যতিরেকাচ্চ। হেতোঃ নির্দ্দোষত্বমাহ—"ধাম্না স্বেন সদা নিরস্তকুহ-কম্" ইতি। পরমাত্মা স্বধাম্নৈব সদা নিরস্তকুহকঃ কুহকোপলক্ষিতসর্ব্বত্রিগুণসর্গজন্যদোষাস্পৃষ্টঃ, তমিত্যর্থঃ। বক্ষ্যতে চৈতৎ "এতদীশনমীশস্য প্রকৃতিস্থোঽপি তদ্‌গুণৈঃ ন লিপ্যতে সদাত্মস্থৈর্যদাবুদ্ধিস্তদাশ্রয়তে"। উপক্রম-শ্লোকে "জন্মাদ্যস্য যতঃ" ইতি বেদান্তসূত্রোপন্যাসো বেদান্তানাং তথা "ধীমহী"তি গায়ত্রীপদোপন্যাসশ্চ গায়ত্র্যাঃ ফলিতার্থপ্রকাশকং শ্রীমদ্ভাগবতমিতি দ্যোতয়তি। সত্যত্বাদিমত্ত্বে সতি জগজ্জন্মাদিহেতুত্বে মুখ্যস্য শাস্ত্রবিষয়স্য ভগবতো ব্রহ্মণো লক্ষণম্। যত্তু সত্যমিতি স্বরূপলক্ষণং, জন্মাদ্যস্যেতি তটস্থলক্ষণম্—তত্র জগৎকর্ত্তৃত্বস্য ধর্ম্মস্য "সোঽসৃজৎ সর্ব্বাল্লোঁকানি"তি শ্রুতেঃ স্বরূপে উপপন্নত্বেন তটস্থলক্ষণস্য অসম্ভবাৎ। বিস্তরস্তু প্রাচাং গ্রন্থেষু দ্রষ্টব্যঃ ॥ ১ ॥ শ্রীসর্ব্বেশ্বরায় নমঃ। এবং মঙ্গলমিষেণ শ্রীমদ্ভাগবতবিষয়ভূতস্য ভগবতো লক্ষণমুক্ত্বা অথ শ্রীমদ্ভাগবতশাস্ত্রস্য বিষয়প্রয়োজনসম্বন্ধাধিকারিণোঽন্যশাস্ত্রেভ্যঃ শ্রৈষ্ঠ্যং চাহ—"ধর্ম্ম" ইতি দ্বাভ্যাং শ্লোকাভ্যাম্। "শ্রীমদ্ভাগবতে"—ভগবৎস্বরূপগুণাদিবর্ণনরূপা শ্রীর্বিদ্যতে যস্মিন্ তৎ শ্রীমৎ,

নিগমকল্পতরোর্গলিতং ফলং শুকমুখাদমৃতদ্রবসংযুতম্।
পিবত ভাগবতং রসমালয়ং মুহুরহো রসিকা ভুবি ভাবুকাঃ ॥ ৩ ॥

অন্বয়

নিগমকল্পতরোঃ (বেদরূপ কল্পবৃক্ষের) ভাগবতং ফলং, (শ্রীমদ্ভাগবত নামক মহাপুরাণরূপ

অনুবাদ

ভেদযুক্ত, এবং অচেতন পদার্থ—প্রাকৃত, অপ্রাকৃত ও কালভেদে তিন প্রকার—এইরূপে ভগবৎতত্ত্ব অর্থাৎ ব্রহ্মতত্ত্ব, চিৎতত্ত্ব ও অচিৎতত্ত্ব এই তিন প্রকার তত্ত্বই ইহা হইতে জ্ঞাতব্য।] এই ভাগবতগ্রন্থশ্রবণেচ্ছু পুণ্যবান্ ব্যক্তিগণের শ্রবণেচ্ছা জন্মিবামাত্র ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহাদের হৃদয়ে অবরুদ্ধ হইয়া থাকেন। অন্য শাস্ত্র কিংবা সেই সেই শাস্ত্রোক্ত সাধনপ্রণালীদ্বারা শ্রীকৃষ্ণ হৃদয়ে সদ্যঃ অবরুদ্ধ হন না, অর্থাৎ কালবিলম্বে হইয়া থাকেন। [এই শ্লোকে চিৎ, অচিৎ ও ব্রহ্ম এই তত্ত্বত্রয়—বিষয়, বাচ্য-বাচকভাব—সম্বন্ধ, নির্মৎসর ব্যক্তি—অধিকারী ও মুক্তিকে প্রয়োজন বলিয়া অভিহিত করা হইয়াছে] ॥ ২ ॥

বেদরূপ কল্পবৃক্ষের শ্রীমদ্ভাগবতনামক মহাপুরাণরূপ ফল শ্রীশুকদেবের মুখ হইতে

টীকা

ভগবতঃ ইদং ভাগবতং তচ্চ তচ্চ তৎ, এবংবিধে ভাগবতশাস্ত্রে "মহামুনিকৃতে" মহামুনিনা সর্ব্ববেদার্থবিদা ভগবদবতারেণ পারাশর্য্যেণ ময়ৈব কৃতে, কর্তৃতোঽপি শাস্ত্রশ্রৈষ্ঠ্যকথনার্থমিদমুক্তম্, নতু স্বরূপপ্রশংসার্থম্। পরোৎকর্ষাসহনাদিদোষবর্জ্জিতানাং "সতাম্ নির্মৎসরাণাং, প্রোজ্ঝিতকৈতবঃ"—প্রকর্ষেণ উজ্ঝিতং কৈতবং ফলাভিসন্ধিলক্ষণং কপটং যস্মিন্ সঃ, "পরমো ধর্ম্মো" ভক্তিলক্ষণো বেদ্যঃ। কিঞ্চ অত্র "তাপানাম্" আধ্যাত্মিকাধিদৈবিকাধিভূতানাম্ "উন্মূলনং" নির্নাশকং, "শিবদং" মুক্তিদং তাপত্রয়োপলক্ষিতকার্য্যকারণরূপ-প্রকৃতিসম্বন্ধাতিক্রমপূর্ব্বকভগবদ্ভাবাপত্তিলক্ষণমোক্ষপ্রদং বস্তুলক্ষণং শ্রীকৃষ্ণাখ্যং তত্ত্বং "বেদ্যম্"। কিঞ্চ অত্র "বাস্তবং" বস্তনস্তস্যৈব সম্বন্ধি, চেতনাচেতনাত্মকং পদার্থদ্বয়ং বেদ্যম্। তত্র চেতনঃ পদার্থঃ—জ্ঞানস্বরূপঃ জ্ঞানাশ্রয়ঃ কর্তৃত্বভোক্তৃত্বাদিধর্ম্মবান্ অণুপরিমাণকো বদ্ধমুক্তাদিভেদবান্ জীবঃ, অচেতনপদার্থশ্চ প্রাকৃতাপ্রাকৃতকালভেদাত্রিবিধঃ। এবং চিদচিদ্ব্রহ্মাখ্যং তত্ত্বত্রয়ং বেদ্যমিত্যর্থঃ। এবং কর্তৃতোঽধিকারিতো বিষয়তশ্চ শাস্ত্রশ্রৈষ্ঠ্যমুক্ত্বা সম্প্রতি ইষ্টার্থপ্রদত্বেনাপি তদ্দর্শয়তি—"অত্র শুশ্রূষুভিঃ" শ্রোতুমিচ্ছদ্ভিঃ এবং পুণ্যকৃদ্ভিঃ ঈশ্বরঃ "শ্রীকৃষ্ণঃ" সদ্যো হৃদ্যবরুধ্যতে "স্থিরীক্রিয়তে।" "পরৈঃ" শাস্ত্রৈস্তদুক্তসাধনৈর্বা "কিম্" অবরুধ্যতে? সদ্যো নেত্যর্থঃ। কিঞ্চাত্র পঞ্চার্থা অপি অনেনৈব শ্লোকেন প্রতিপাদয়িতুং প্রতিজ্ঞাতাঃ, তথাহি—বস্তূপাস্যোঽর্থঃ, চেতন উপাসকরূপোঽর্থঃ, কৃপাফলরূপোঽর্থঃ ভগবদ্ভাবাপত্তিলক্ষণা মুক্তিঃ, চতুর্থো ভক্তিরসঃ, পঞ্চমোঽর্থো বিরোধী, স চ পরশব্দেন সূচিতঃ। অন্যশাস্ত্রাণি তদুক্তসাধনানি তদধিকারিণশ্চ ভাগবতধর্ম্মতৎফলাদৌ চ বিরোধিন ইতি ভাবঃ। তে চ উক্তাঃ পূর্ব্বাচার্য্যেণ—"উপাস্যরূপং তদুপাসকস্য চ কৃপাফলং ভক্তিরসস্ততঃ পরম্। বিরোধিনো রূপমথৈতদাপ্তের্জ্ঞেয়া ইমেঽর্থা অপি পঞ্চসাধুভিরি"তি। অপিবিষয়স্তত্ত্বত্রয়ং পঞ্চার্থাশ্চ। বাচ্যবাচকভাবঃ সম্বন্ধঃ। নির্মৎসরোঽধিকারী, মুক্তিঃ প্রয়োজনমিতি সংক্ষেপার্থঃ ॥ ২ ॥ নিগমকল্পতরুফলরূপত্বাদস্য অন্যশাস্ত্রেভ্যঃ শ্রৈষ্ঠ্যমাহ—"নিগমে"তি। নিগমো বেদঃ, স এব কল্পতরুঃ তস্য, "শুকমুখাদ্ গলিতমিদং ফলম্" সর্ব্ববেদসারং

নৈমিশেঽনিমিষক্ষেত্রে ঋষয়ঃ শৌনকাদয়ঃ।
সত্রং স্বর্গায়লোকায় সহস্রসমমাসত ॥ ৪ ॥

অন্বয়

ফল), শুকমুখাৎ (শ্রীশুকদেবের মুখ হইতে) ভুবি গলিতং (পৃথিবীতে নিঃসৃত, অর্থাৎ শিষ্য-প্রশিষ্যাদিক্রমে ব্যক্ত হইয়াছে), [অতএব] অমৃতদ্রবসংযুতং (শুকমুখ হইতে নিঃসৃত বলিয়াই মোক্ষ-রূপ অমৃতরসযুক্ত)। রসিকাঃ ভাবুকাঃ! (হে ভক্তিরসাস্বাদচতুর ভাবুকগণ!) রসং (রসস্বরূপ) ভাগবতং (ভাগবত শাস্ত্র) আলয়ং (লয় পর্য্যন্ত অর্থাৎ মুমুক্ষু অবস্থা হইতে আরম্ভ করিয়া মুক্ত অবস্থাতেও) মুহুঃ পিবত (পুনঃ পুনঃ পান করুন, অর্থাৎ শ্রবণ করুন) ॥ ৩ ॥

[পুরাকালে] নৈমিশে (পূর্ব্বকালে নৈমিশারণ্যে) অনিমিষক্ষেত্রে (বিষ্ণুক্ষেত্রে) শৌনকাদয়ঃ ঋষয়ঃ (শৌনকাদি ঋষিগণ) স্বর্গায়লোকায় (বিষ্ণুলোকপ্রাপ্তির নিমিত্ত) সহস্রসমং (সহস্রসংবৎসরনিষ্পাদ্য) সত্রং (যজ্ঞবিশেষের উপলক্ষে) আসত (অবস্থান করিতেছিলেন) ॥ ৪ ॥

অনুবাদ

পৃথিবীতে পতিত হইয়াছে, অর্থাৎ এই মহাপুরাণ শিষ্যপ্রশিষ্যাদিক্রমে ব্যক্ত হইয়াছে। আর শুকদেবের মুখ হইতে ব্যক্ত হইয়াছে বলিয়াই মোক্ষরূপ অমৃতরসযুক্ত। হে ভক্তি-রসাস্বাদচতুর ভাবুকগণ! আপনারা এই শুদ্ধরসময় ভাগবতরূপ ফলের রস মুমুক্ষু অবস্থা হইতে আরম্ভ করিয়া মুক্ত অবস্থা পর্য্যন্ত পুনঃ পুনঃ পান করুন, অর্থাৎ রসস্বরূপ ভাগবতগ্রন্থ শ্রবণ করুন ॥ ৩ ॥

পুরাকালে বিষ্ণুক্ষেত্র নৈমিশারণ্যে শৌনকাদি ঋষিগণ বিষ্ণুলোকপ্রাপ্তির নিমিত্ত সহস্রবৎসরনিষ্পাদ্য যজ্ঞবিশেষোপলক্ষে অবস্থান করিতেছিলেন ॥ ৪ ॥

টীকা

শ্রীমদ্ভাগবতাখ্যং মহাপুরাণমিত্যর্থঃ। "সর্ব্ববেদেতিহাসানাং সারং সারং সমুদ্ধৃতমি"তি বক্ষ্যমাণাৎ। অখিলত্বসূচনার্থং "ফলমি"ত্যুক্তম্। অসারাংশবর্জ্জিতত্বসূচনার্থং "রসমি"ত্যুক্তম্। অমৃতেন মোক্ষরূপেণ দ্রবেণ রসেন প্রতিপাদকতয়া সংযুতম্। হে "রসিকাঃ"! হে ভক্তিরসাস্বাদকুশলাঃ! হে "ভাবুকাঃ"! হে ভাববিশেষকুশলাঃ! "আলয়ং" মোক্ষম্ অভিব্যাপ্য "পিবত" মুমুক্ষ্ববস্থামারভ্য মুক্তাবস্থায়ামপি পিবত ইত্যর্থঃ। মুক্তো উপাস্যোপাসকস্বরূপভেদঃ "সোঽশ্নুতে সর্ব্বান্ কামান্ ব্রহ্মণে"ত্যাদিশ্রুতিভিঃ প্রতিপাদিত এব। ভুবিগলিতমিত্যনেন বৈকুণ্ঠাদেব ইদং মুমুক্ষূপকারার্থং ভগবতা ব্রহ্মাদিদ্বারা প্রবর্ত্তিতমিত্যস্য শাস্ত্রস্য বেদসারভূতস্য নিত্যতা সূচ্যতে ॥ ৩ ॥ উক্তার্থং বিস্তরতস্তৎতৎপ্রশ্নোত্তরৈর্বক্তুং ভগবান্ বেদাচার্য্যঃ শাস্ত্রমাবিষ্করোতি "নৈমিশ" ইতি। তপোবনপরীক্ষার্থম্ ঋষিভিঃ প্রার্থিতেন ব্রহ্মণা বিসৃষ্টস্য চক্রস্য নেমিঃ শীর্য্যতে কুণ্ঠীভবতি যত্র তন্নিমিশং, তদেব নৈমিশমিতি বায়ুপুরাণাদবগন্তব্যম্। বারাহপুরাণে তু—"উবাচ নিমিষেণৈব নিহতং দানবং বলম্। অরণ্যেঽস্মিন্ ততস্তেন নৈমিষারণ্যসংজ্ঞিতমি"ত্যুক্তম্। "অনিমিষক্ষেত্রে" বিষ্ণুক্ষেত্রে "সহস্রসমং" সহস্রসংবৎসরনিষ্পাদ্যম্ "সত্রং" "কর্ত্তারো বহবো যত্র হ্যীজ্যন্তে বহবস্তথা। বহুভ্যো দীয়তে যত্র

ত একদা তু মুনয়ঃ প্রাতর্হুতহুতাগ্নয়ঃ।
সৎকৃতং সূতমাসীনং পপ্রচ্ছুরিদমাদরাৎ ॥ ৫ ॥

ঋষয় ঊচুঃ

ত্বয়া খলু পুরাণানি সেতিহাসানি চানঘ !
আখ্যাতান্যপ্যধীতানি ধর্ম্মশাস্ত্রাণি যান্যুত ॥ ৬ ॥
যানি বেদবিদাং শ্রেষ্ঠো ভগবান্ বাদরায়ণঃ।
অন্যে চ মুনয়ঃ সূত ! পরাবরবিদো বিদুঃ ॥ ৭ ॥

অন্বয়

একদা তে মুনয়ঃ (একদিন সেই শৌনকাদি ঋষিগণ) প্রাতর্হুতহুতাগ্নয়ঃ (প্রাতঃকালীন-নিত্যনৈমিত্তিক হোমাদিকর্ম্ম সমাপন করিয়া) সৎকৃতং (অভ্যর্থিত) আসীনং (আসনে উপবিষ্ট) সূতং (সূত অর্থাৎ পুরাণাদির ব্যাখ্যাকারী রোমহর্ষণপুত্রকে) ইদং (এই বক্ষ্যমাণ বাক্য) আদরাৎ পপ্রচ্ছুঃ (সাগ্রহে জিজ্ঞাসা করিলেন) ॥ ৫ ॥

ঋষয় ঊচুঃ (ঋষিগণ বলিলেন) অনঘ! (হে পুণ্যাত্মন্!) ত্বয়া (তোমা কর্ত্তৃক) সেতিহাসানি পুরাণানি (মহাভারতাদি ইতিহাসের সহিত পুরাণসকল) অধীতানি (অধীত হইয়াছে), উত (অপর) যানি ধর্ম্মশাস্ত্রাণি (যে সকল মন্বাদিধর্ম্মশাস্ত্র) [তানি চ] অধীতানি (সে সকলও অধীত হইয়াছে)। [কেবল যে অধীত হইয়াছে, তাহা নহে] আখ্যাতানি অপি (ব্যাখ্যাতও হইয়াছে) ॥ ৬ ॥

সূত! (হে সূত) বিদাং শ্রেষ্ঠঃ (বিদ্বদ্‌গণের মধ্যে শ্রেষ্ঠ) ভগবান্ (ষড়ৈশ্বর্য্যশালী) বাদরায়ণঃ

অনুবাদ

একদিন সেই শৌনকাদি ঋষিগণ প্রাতঃকালীন নিত্যনৈমিত্তিক হোমাদি কর্ম্ম সমাপন করিয়া অভ্যর্থনাদিদ্বারা সমাদৃত আসনোপবিষ্ট রোমহর্ষণপুত্র উগ্রশ্রবা নামক সূতকে আগ্রহ সহকারে এই কথা জিজ্ঞাসা করিলেন ॥ ৫ ॥

ঋষিগণ বলিলেন—হে পুণ্যাত্মন্! আপনাকর্ত্তৃক মহাভারতাদি ইতিহাসের সহিত পুরাণসকল এবং মন্বাদিধর্ম্মশাস্ত্রসকল অধীত হইয়াছে। কেবল যে অধীত হইয়াছে তাহা নহে, পরন্তু ব্যাখ্যাতও হইয়াছে ॥ ৬ ॥

হে সূত! বিদ্বদ্‌গণের মধ্যে শ্রেষ্ঠ, ভগবান্ বাদরায়ণ বেদব্যাস যে সকল ধর্ম্মশাস্ত্র

টীকা

তৎ সত্রমভিধীয়তে" ইত্যেবন্তূতং কর্ম্মোদ্দিশ্য "আসত" উপবিবিশুঃ। কস্মৈ প্রয়োজনায় ? "স্বর্গায়লোকায়" স্বঃ স্বর্গলোকঃ তত্র গীয়তে ইতি স্বর্গায়ো ভগবান্, তল্লোকপ্রাপ্তয়ে, যদ্বা "যে স্বর্গে লোকেঽমৃতত্বং ভজন্তে" ইতি শ্রুতেঃ স্বর্গশব্দো ভগবল্লোকপরঃ,তস্মৈ স্বর্গায় লোকায়, স চ লোকঃ সত্যলোকাদুপরি প্রোক্তঃ মুদ্গলোপাখ্যানে—"ব্রহ্মণঃ সদনাদূর্দ্ধং তদ্বিষ্ণোঃ পরমং পদম্। শুদ্ধং সনাতনং জ্যোতিঃ পরং ব্রহ্মেতি যদ্বিদুরি"তি। জাপকোপাখ্যানে চ "এতে বৈ নিরয়াস্তাত! লোকস্য পরমাত্মনঃ। অভয়ঞ্চানিমিত্তঞ্চ ন তৎ ক্লেশসমাবৃতম্। দ্বাভ্যাং মুক্তং ত্রিভির্মুক্তমষ্টাভিস্ত্রিভিরেব চে"ত্যাদি। বিস্তরস্তু বেদান্তকৌস্তুভে দ্রষ্টব্যঃ ॥৪॥ প্রাতঃকালে হুতা এব হুতা অগ্নয়ো যৈঃ তে। আসীনং স্বস্থম্ ॥ ৫ ॥ ৬ ॥ বিদাং মধ্যে শ্রেষ্ঠঃ

বেত্থ ত্বং সৌম্য ! তৎ সর্ব্বং তত্ত্বতস্তদনুগ্রহাৎ।
ব্রূয়ুঃ স্নিগ্ধস্য শিষ্যস্য গুরবো গুহ্যমপ্যুত ॥ ৮ ॥
তত্র তত্রাঞ্জসায়ুষ্মন্ ! ভবতা যদ্বিনিশ্চিতম্।
পুংসামেকান্ততঃ শ্রেয়স্তন্নঃ শংসিতুমর্হসি ॥ ৯ ॥
প্রায়েণাল্পায়ুষঃ সভ্য ! কলাবস্মিন্ যুগে জনাঃ।
মন্দাঃ সুমন্দমতয়ো মন্দভাগ্যা হ্যুপদ্রুতাঃ।

অন্বয়

(বেদব্যাস) যানি [ধর্ম্মশাস্ত্রাণি] (যে সকল ধর্ম্মশাস্ত্র) বেদ (জানিতেন), অন্যে চ পরাবরবিদঃ (এবং অন্য যে সকল শব্দব্রহ্মজ্ঞ ও পরব্রহ্মজ্ঞ) মুনয়ঃ (মুনিগণ) [যানি ধর্ম্মশাস্ত্রাণি] (যে সকল ধর্ম্মশাস্ত্র) বিদুঃ (জানিতেন), সৌম্য ! (হে সাধো !) তদনুগ্রহাৎ (সেই ব্যাসাদির অনুগ্রহে) ত্বং তৎ সর্ব্বং (তুমি সে সকল) তত্ত্বতঃ (যথার্থরূপে) বেত্থ (অবগত আছ) [যতঃ] (যেহেতু) গুরবঃ (গুরুজনগণ) স্নিগ্ধস্য শিষ্যস্য (ভক্তিমান্ শিষ্যকে) গুহ্যমপি (গোপনীয় বিষয়ও) ব্রূয়ুঃ উত (উপদেশ দেন বৈ কি ?) ॥ ৭।৮ ॥

আয়ুষ্মন্ ! (হে দীর্ঘজীবিন্ !) তত্র তত্র (সেই সেই অধীত ও ব্যাখ্যাত শাস্ত্রসমূহে) ভবতা (আপনা কর্ত্তৃক) অঞ্জসা (অনায়াসে) পুংসাং (মানবগণের) একান্ততঃ শ্রেয়ঃ (নিশ্চিত মঙ্গলজনক বলিয়া) যৎ বিনিশ্চিতং (যাহা স্থিরীকৃত হইয়াছে) তৎ নঃ (তাহা আমাদিগকে) [আপনিই] শংসিতুম্ অর্হসি (উপদেশ দিতে সমর্থ) ॥ ৯ ॥

সভ্য ! (হে সাধো !) অস্মিন্ কলৌ যুগে (এই কলিকালে) জনাঃ (মানবগণ) প্রায়েণ অল্পায়ুঃ (প্রায়শঃ অল্পায়ুঃ) মন্দাঃ (অলস) সুমন্দমতয়ঃ (অত্যন্ত মন্দবুদ্ধি) মন্দভাগ্যাঃ (মন্দভাগ্য)

অনুবাদ

জানিতেন, এবং শব্দব্রহ্মজ্ঞ ও পরব্রহ্মজ্ঞ অন্য মুনিগণ সে সকল ধর্ম্মশাস্ত্র জানিতেন, হে সাধো ! সেই ব্যাসাদির অনুগ্রহে আপনি সে সকল যথার্থরূপে অবগত আছেন। (যেহেতু) গুরুজনগণ ভক্তিমান্ শিষ্যকে গোপনীয় বিষয়ও উপদেশ দিয়াই থাকেন ॥ ৭। ৮ ॥

হে আয়ুষ্মন্ ! সেই সেই অধীত ও ব্যাখ্যাত শাস্ত্রসমূহের মধ্যে আপনি অনায়াসে মানবগণের নিশ্চিত মঙ্গলজনক বলিয়া যাহা স্থির করিয়াছেন, তাহা আপনিই আমাদিগকে উপদেশ দিতে সমর্থ ॥ ৯ ॥

হে সাধো ! এই কলিকালে মানবগণ প্রায়শঃ অল্পায়ুঃ, অলস, অত্যন্ত মন্দবুদ্ধি,

টীকা

বাদরায়ণো যানি, বেদশ্রেষ্ঠত্বে হেতুঃ ভগবানিতি "দ্বে ব্রহ্মণা বেদিতব্যে শব্দব্রহ্ম পরঞ্চ যৎ। শব্দব্রহ্মণি নিষ্ণাতঃ পরং ব্রহ্মাধিগচ্ছতী"তি স্মৃত্যুক্তের্ব্রহ্মণী, বিদন্তীতি পরাবরবিদোঽন্যে চ যানি বিদুঃ, তানি ত্বয়া আখ্যাতানি অপি অধীতানীতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ৭ ॥ ৮ ॥ "অঞ্জসা" অনায়াসেন শাস্ত্রাপীড়নেন, "একান্ততঃ শ্রেয়ঃ" অব্যভিচারিশ্রেয়ঃসাধনং নোঽস্মভ্যং হে "আয়ুষ্মন্" "শংসিতুমর্হসি" ! ব্রূহি ইত্যুপায়প্রশ্নঃ ॥ ৯ ॥ প্রশ্নান্তরং কর্ত্তুং কর্ত্তৃকর্ম্মণোরন্যোন্যবৈষম্যমাহুঃ—"প্রায়েণে"তি সার্দ্ধেন ॥ ১০ ॥

ভূরীণি ভূরিকর্ম্মাণি শ্রোতব্যানি বিভাগশঃ ॥ ১০ ॥
অতঃ সাধোঽত্র যৎ সারং সমুদ্ধৃত্য মনীষয়া।
ব্রূহি ভদ্রায় ভূতানাং যেনাত্মা সুপ্রসীদতি ॥ ১১ ॥
সূত! জানাসি ভদ্রং তে ভগবান্ সাত্বতাং পতিঃ।
দেবক্যাং বসুদেবস্য জাতো যস্য চিকীর্ষয়া ॥ ১২ ॥
তন্নঃ শুশ্রূষমাণানামর্হস্যঙ্গানুবর্ণিতুম্।
যস্যাবতারো ভূতানাং ক্ষেমায় চ ভবায় চ ॥ ১৩ ॥

অন্বয়

উপদ্রুতাঃ (রোগাদিদ্বারা প্রপীড়িত, তাহাতে আবার) বিভাগশঃ (পৃথক্ পৃথক্ রূপে) ভূরিকর্ম্মাণি (বহুবিধ কর্ম্ম) ভূরীণি শ্রোতব্যানি (এবং বহু প্রকার শ্রোতব্য বিষয় আছে)॥ ১০ ॥

অতঃ (অতএব) [হে] সাধো! অত্র (ইহাদের মধ্যে) যৎ সারং (যাহা সার) মনীষয়া (প্রতিভাবলে) [তৎ] সমুদ্ধৃত্য (তাহা সংগ্রহ করিয়া) ভূতানাং ভদ্রায় (জীবগণের মঙ্গলের জন্য) ব্রূহি (বলুন), যেন (যদ্দ্বারা) আত্মা (বুদ্ধি) প্রসীদতি (নির্ম্মল হয়)॥ ১১ ॥

[হে] সূত! তে ভদ্রং (আপনার মঙ্গল হউক), ভগবান্ (ষড়ৈশ্বর্য্যশালী) সাত্বতাং পতিঃ (বৈষ্ণবগণের পালক বিষ্ণু) যস্য চিকীর্ষয়া (যে কার্য্য করিবার ইচ্ছায়) বসুদেবস্য দেবক্যাং (বসুদেবের পত্নী দেবকীতে) জাতঃ (জন্মিয়াছিলেন), [তৎ] জানাসি (তাহা আপনি জানেন)॥ ১২ ॥

অঙ্গ! (হে সূত!) যস্য অবতারঃ (যে শ্রীকৃষ্ণের আবির্ভাব) ভূতানাং (জীবগণের) ক্ষেমায় ভবায়

অনুবাদ

মন্দভাগ্য এবং রোগাদির দ্বারা প্রপীড়িত, তাহাতে আবার পৃথক্ পৃথক্ রূপে বহুবিধ কর্ম্ম এবং বহু প্রকার শ্রোতব্য বিষয় আছে ॥ ১০ ॥

অতএব হে সাধো! ইহাদের মধ্যে যাহা সার, তাহা আপনি স্বীয় প্রতিভাবলে সংগ্রহ করিয়া জীবগণের মঙ্গলার্থে বলুন, যাহাতে আমাদের বুদ্ধি প্রসন্ন অর্থাৎ নির্ম্মল হয় ॥ ১১ ॥

হে সূত! আপনার মঙ্গল হউক। ভগবান্ সাত্বতপতি অর্থাৎ বৈষ্ণবশাস্ত্র-ব্যাখ্যাতৃগণের প্রতিপালক ভগবান্ বিষ্ণু যে কার্য্য করিবার ইচ্ছায় বসুদেবের পত্নী দেবকীর গর্ভে আবির্ভূত হইয়াছিলেন, তাহা আপনি জানেন ॥ ১২ ॥

হে সূত! যে শ্রীকৃষ্ণের অবতার জীবগণের ঐহিক ও পারলৌকিক সুখের নিমিত্ত

টীকা

অতঃ কর্ত্তৃকর্ম্মণোরন্যোন্যানর্হত্বাদ্ধেতোঃ অত্র শাস্ত্রে সারং সর্ব্বশাস্ত্রনিষ্পন্নং প্রাপ্যম্, "ব্রূহী"তি উপেয়-প্রশ্নঃ ॥১১॥ "সূতে"তি। "সাত্বতাং পতিঃ" সাত্বতং বৈষ্ণবং শাস্ত্রং, তৎ আচষ্টে ইতি সাত্বতস্তেষাং পতিঃ। ণিচিক্কিপিণি লোপে রূপম্ ॥ ১২ ॥ "তদি"তি। যস্য চিকীর্ষয়া জাতস্তদ্ বর্ণিতুমর্হসি ইত্যুপেয়চিকীর্ষিতপ্রশ্নঃ। নন্বু জনক্ষেমাদিচিকীর্ষয়া জাত ইত্যত্র ক্ষেমাদেরনন্যথাসিদ্ধত্বমুক্তপ্রশ্নদার্ঢ্যার্থম্

আপন্নঃ সংসৃতিং ঘোরাং যন্নাম বিবশো গৃণন্।
ততঃ সদ্যো বিমুচ্যেত যদ্বিভেতি স্বয়ং ভয়ম্ ॥ ১৪ ॥
যৎপাদসংশ্রয়াঃ সূত! মুনয়ঃ প্রশমায়নাঃ।
সদ্যঃ পুনন্ত্যুপস্পৃষ্টাঃ স্বর্ধুন্যাপোঽনুসেবয়া ॥ ১৫ ॥
কো বা ভগবতস্তস্য পুণ্যশ্লোকেড্যকর্ম্মণঃ।
শুদ্ধিকামো ন শৃণুয়াদ্ যশঃ কলিমলাপহম্ ॥ ১৬ ॥

অন্বয়

চ [ভবতি] (আমুষ্মিক ও ঐহিক সুখের জন্য হইয়া থাকে) তৎ (সেই অবতারকথা) শুশ্রূষমাণানাং নঃ (জিজ্ঞাসু আমাদের নিকটে) অনুবর্ণিতুম্ অর্হসি (আনুপূর্ব্বিক বর্ণনা করিতে আপনি যোগ্য)॥ ১৩॥

[জনঃ] (লোক) ঘোরাং সংসৃতিং (ঘোর সংসারে) আপন্নঃ (পতিত হইয়া) [অতএব] বিবশঃ (অতএব স্ত্রীপুত্রধনাদির আসক্তিবশতঃ মুগ্ধ থাকিলেও) যৎ নাম গৃণন্ (যেই শ্রীহরির নামস্মরণ করিয়া) ততঃ (সেই সংসার হইতে) সদ্যঃ বিমুচ্যেত (সদ্য মুক্ত হয়)। স্বয়ং ভয়ম্ অপি (স্বয়ং ভয়ও) যৎ (যে শ্রীহরির নাম হইতে) বিভেতি (ভয় পাইয়া থাকে)—॥ ১৪ ॥

[হে] সূত! স্বর্ধুন্যাপঃ (গঙ্গাজল) অনুসেবয়া (অনুক্ষণ সেবিত হইলেই) [জনান্ পুনন্তি] (জনগণকে পবিত্র করে, পরন্তু) যৎপাদসংশ্রয়াঃ (যাঁহার পদাশ্রিত) প্রশমায়নাঃ (শমগুণসম্পন্ন) মুনয়ঃ (মুনিগণ) উপস্পৃষ্টাঃ (সন্নিধিমাত্রেই পূজিত হইয়া জনগণকে) পুনন্তি (পবিত্র করেন)॥ ১৫ ॥

পুণ্যশ্লোকেড্যকর্ম্মণঃ তস্য (পুণ্যকীর্ত্তিসম্পন্ন ব্যক্তিগণকর্ত্তৃক যাঁহার লীলা কীর্ত্তিত হয়, সেই

অনুবাদ

হইয়া থাকে, সেই অবতারকথা, জিজ্ঞাসু আমাদের নিকটে আনুপূর্ব্বিক বর্ণনা করিতে আপনিই যোগ্য॥ ১৩ ॥

জনগণ অর্থাৎ প্রকৃতির অধীন জীবগণ ঘোর সংসারচক্রে পতিত হইয়া বিবশ অর্থাৎ আপন আপন স্ত্রীপুত্রাদিতে মোহিত থাকিলেও যেই শ্রীহরির নাম স্মরণ করিয়া সেই সংসারচক্র হইতে সদ্যই মুক্ত হইয়া থাকে, স্বয়ং ভয়ও যেই শ্রীহরির নাম হইতে ভয় পাইয়া থাকে—॥ ১৪ ॥

হে সূত! গঙ্গাজল, অনুক্ষণ সেবিত হইলেই জনগণকে পবিত্র করে, পরন্তু যে ভগবানের পাদপদ্মাশ্রিত শমগুণসম্পন্ন মুনিগণ সন্নিধিমাত্রেই পূজিত হইয়া জনগণকে পবিত্র করিয়া থাকেন—॥ ১৫ ॥

পুণ্যকীর্ত্তিসম্পন্ন ব্যক্তিগণকর্ত্তৃক যাঁহার লীলা কীর্ত্তিত হয়, সেই লীলাময় ভগবানের কলিদুঃখাপহারিণী কীর্ত্তি, মুমুক্ষু কোন্ ব্যক্তিই বা শ্রবণ না করেন! ॥ ১৬ ॥

টীকা

আহুঃ—"যস্মে"ত্যাদি গ্রন্থেন, যস্য দেবক্যাং জাতস্য যঃ কশ্চিদপ্যবতারঃ। "ক্ষেমায়" আমুষ্মিকসুখায় "ভবায়" ঐহিকসুখায় ॥১৩॥ "সংসৃতিং" সংসারলক্ষণাম্। ততঃ সংসৃতের্ব্বিমুচ্যেত মুক্তো ভবতি ॥১৪॥১৫॥১৬॥

তস্য কর্ম্মাণ্যুদারাণি পরিগীতানি সূরিভিঃ।
ব্রূহি নঃ শ্রদ্দধানানাং লীলয়া দধতঃ কলাঃ ॥ ১৭ ॥
অথাখ্যাহি হরের্ধীমন্নবতারকথাঃ শুভাঃ।
লীলা বিদধতঃ স্বৈরমীশ্বরস্যাত্মমায়য়া ॥ ১৮ ॥
বয়ন্তু ন বিতৃপ্যাম উত্তমশ্লোকবিক্রমে।
যচ্ছৃণ্বতাং রসজ্ঞানাং স্বাদু স্বাদু পদে পদে ॥ ১৯ ॥

অন্বয়

লীলাময়) ভগবতঃ (ভগবানের) কলিমলাপহং (কলিদুঃখাপহারিণী) যশঃ (কীর্ত্তি) শুদ্ধিকামঃ কো বা (মুমুক্ষু কোন্ ব্যক্তিই বা) ন শৃণুয়াৎ (শ্রবণ করেন না!) ॥ ১৬ ॥

লীলয়া কলাঃ দধতঃ (লীলাচ্ছলে ব্রহ্মরুদ্রাদিরূপ অংশধারী) তস্য (সেই শ্রীহরির) সূরিভিঃ পরিগীতানি (নারদাদি ঋষিগণকর্ত্তৃক কীর্ত্তিত) উদারাণি কর্ম্মাণি (বিশ্বের সৃষ্টি, স্থিতি ও লয়াত্মক কর্ম্মসকল) শ্রদ্দধানানাং নঃ (শ্রদ্ধাশীল আমাদের নিকটে) ব্রূহি (বলুন) ॥ ১৭ ॥

অথ (আরও) হে ধীমন্! আত্মমায়য়া (নিজ মায়াশক্তিদ্বারা) স্বৈরং লীলাঃ বিদধতঃ (যথেচ্ছ লীলাপ্রকাশকারী) ঈশ্বরস্য হরেঃ (সর্ব্বশক্তিমান্ শ্রীহরির) শুভাঃ অবতারকথাঃ (মঙ্গলদায়ক মৎস্যাদি অবতারের কথা) আখ্যাহি (বলুন) ॥ ১৮ ॥

শৃণ্বতাং রসজ্ঞানাং (শ্রবণকারী রসজ্ঞগণের) যৎ (যে লীলা) পদে পদে স্বাদু স্বাদু (প্রতিপদে মধুর হইতেও মধুরতর) তস্মিন্ উত্তমশ্লোকবিক্রমে (সেই স্তুত্যকীর্ত্তি শ্রীকৃষ্ণের লীলা-বিষয়ে) বয়ং ন বিতৃপ্যামঃ (আমরা তৃপ্ত হইতে পারিতেছি না)। (তু শব্দের দ্বারা "যদিও আমরা যাগাদিকর্ম্মে তৃপ্ত হইয়াছি তথাপি" ইহা বুঝাইল) ॥ ১৯ ॥

অনুবাদ

লীলাচ্ছলে ব্রহ্মরুদ্রাদিরূপ অংশধারী সেই শ্রীহরির, নারদাদি ঋষিগণ কর্ত্তৃক কীর্ত্তিত এবং বিশ্বের সৃষ্টি, স্থিতি ও লয়রূপ উদার কর্ম্মসকল শ্রদ্ধাশীল আমাদের নিকটে বলুন ॥ ১৭ ॥

আরও হে ধীমন্! নিজ মায়াশক্তিদ্বারা যিনি যথেচ্ছ লীলাপ্রকাশ করেন, সেই সর্ব্বশক্তিমান্ শ্রীহরির মঙ্গলদায়ক মৎস্যাদি অবতারকথা বলুন ॥ ১৮ ॥

যে লীলা শ্রবণ করিয়া রসজ্ঞগণের প্রতি পদে মধুর হইতেও মধুরতর রস অনুভব হয়, সেই উত্তমকীর্ত্তি শ্রীকৃষ্ণের লীলাশ্রবণে আমরা তৃপ্ত হইতে পারিতেছি না, অর্থাৎ সেই লীলাশ্রবণের আকাঙ্ক্ষা আমাদের উত্তরোত্তর বৃদ্ধি পাইতেছে ॥ ১৯ ॥

টীকা

প্রশ্নান্তরং "তস্যে"তি। "উদারাণি" বিশ্বজন্মাদীনি ॥ ১৭ ॥ প্রশ্নান্তরম্ "অথে"তি ॥ ১৮ ॥ ভগবদ্-গুণশ্রবণে শ্রদ্ধাতিশয়ং, ভগবত্তত্ত্বাভিজ্ঞত্বং, ভগবদ্গুণশ্রবণে প্রাপ্তাবসরত্বঞ্চ আহুঃ ক্রমাদ্ "বয়মি"ত্যাদিত্রিভিঃ শ্লোকৈঃ। উত্তমশ্লোকা যশাংসি যস্য তস্য, বিক্রমে চরিত্রে ॥ ১৯ ॥

কৃতবান্ কিল কর্ম্মাণি সহ রামেন কেশবঃ।
অতিমর্ত্ত্যানি ভগবান্ গূঢ়ঃ কপটমানুষঃ ॥ ২০ ॥
কলিমাগতমাজ্ঞায় ক্ষেত্রেঽস্মিন্ বৈষ্ণবে বয়ম্।
আসীনা দীর্ঘসত্রেণ কথায়াং সক্ষণা হরেঃ ॥ ২১ ॥
ত্বং নঃ সন্দর্শিতো ধাত্রা দুস্তরং নিস্তিতীর্ষতাম্।
কলিং সত্ত্বহরং পুংসাং কর্ণধার ইবার্ণবম্ ॥ ২২ ॥

অন্বয়

গূঢ়ঃ কপটমানুষঃ (মায়াবশীভূতজীবগণের নিকটে মনুষ্যবৎ প্রতীয়মান) ভগবান্ কেশবঃ (ব্রহ্মা ও শিবের জনক ষড়ৈশ্বর্য্যশালী শ্রীকৃষ্ণ) রামেন সহ (বলরামের সহিত) [যানি] অতিমর্ত্ত্যানি কর্ম্মাণি (যে সকল অলৌকিক কার্য্য) কৃতবান্ (করিয়াছেন) [তানি আখ্যাহি] (তাহা বলুন) ॥২০॥

বয়ং (আমরা) কলিম্ আগতম্ আজ্ঞায় (কলিকাল উপস্থিত জানিয়া) অস্মিন্ বৈষ্ণবে ক্ষেত্রে (এই বিষ্ণুক্ষেত্রে নৈমিশারণ্যে) দীর্ঘসত্রেণ (সহস্রবৎসরনিষ্পাদ্য যজ্ঞে) আসীনাঃ (নিযুক্ত হইয়া) [এক্ষণে] হরেঃ কথায়াং (শ্রীহরির কথাশ্রবণে) সক্ষণাঃ [ভবামঃ] (অবসর পাইয়াছি) ॥২১॥

পুংসাং সত্ত্বহরং (মানবগণের বীর্য্যাপহারী) দুস্তরং কলিং (দুস্তরণীয় কলিরূপ সাগর) নিস্তিতীর্ষতাং নঃ (পার হইতে ইচ্ছুক আমাদের সম্বন্ধে) অর্ণবং (সমুদ্রে) কর্ণধার ইব (নাবিকের ন্যায়) ধাত্রা ত্বং সন্দর্শিতঃ (বিধাতা আপনার দর্শন লাভ করাইলেন) ॥ ২২ ॥

অনুবাদ

মায়াবশীভূত জীবগণের নিকট মনুষ্যের ন্যায় প্রতীয়মান, অতএব প্রচ্ছন্নপ্রভাব, ভগবান্ কেশব অর্থাৎ ব্রহ্মা ও শিবের জনক ষড়ৈশ্বর্য্যশালী শ্রীকৃষ্ণ, বলরামের সহিত যে সকল অলৌকিক কার্য্য করিয়াছেন, তাহা বলুন ॥ ২০ ॥

আমরা কলিকাল উপস্থিত জানিয়া এই বিষ্ণুক্ষেত্র নৈমিশারণ্যে সহস্র-বৎসর সম্পাদ্য যজ্ঞে নিযুক্ত হইয়া এক্ষণে শ্রীহরির কথাশ্রবণে অবসরপ্রাপ্ত হইয়াছি ॥ ২১ ॥

মানবগণের বীর্য্যাপহারী দুস্তরণীয় কলিরূপ মহাসাগর অতিক্রম করিতে আমরা ইচ্ছুক, আমাদের জন্য বিধাতা দুস্তর সমুদ্রে কর্ণধারের ন্যায় আপনার দর্শনলাভ করাইলেন ॥ ২২ ॥

টীকা

ক উত্তমশ্লোক ইত্যপেক্ষায়ামাহুঃ—"কৃতবানি"তি। "ভগবান্" ষড়ৈশ্বর্য্যবান্ "কেশবঃ" "ক" ইতি ব্রহ্মণো নাম ঈশোঽহং সর্ব্বদেহিনাম্। আবাং তবাঙ্গসম্ভূতৌ তস্মাৎ কেশবনামবান্।" ইতি হরিবংশে শিবেনৈবোক্তত্বাৎ ব্রহ্মেশজনকঃ, মরণধর্ম্মানতিক্রান্তানি বীর্য্যাণি কৃতবান্ যঃ স উত্তমশ্লোকঃ। নন্ন এবমিতরে কুতো ন জানন্তীত্যত আহুঃ—"গূঢ়ঃ" মায়ামোহিতৈর্দুর্জ্ঞেয়ঃ। কুতঃ? যতঃ "কপটমানবঃ" কপটানাং মায়াশ্রিতানাং মানবঃ মনুষ্যবৎপ্রতীয়মানঃ। বক্ষ্যতি চ "মায়াশ্রিতানাং নরদারকেণেতি" ॥২০॥২১॥ নন্ন অহং ভবদ্ভিঃ কুতো জ্ঞাত ইত্যত আহুঃ—"ত্বমিতি" ॥ ২২ ॥

ব্রূহি যোগেশ্বরে কৃষ্ণে ব্রহ্মণ্যে ধর্ম্মবর্ম্মণি।
স্বাং কাষ্ঠামধুনোপেতে ধর্ম্মঃ কং শরণং গতঃ ॥ ২৩ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথমস্কন্ধে
নৈমিশীয়োপাখ্যানে ঋষিপ্রশ্নো নাম প্রথমোঽধ্যায়ঃ ॥ ১ ॥

অন্বয়

[হে সূত !] যোগেশ্বরে (যোগগম্য) ধর্ম্মবর্ম্মণি (কবচের ন্যায় ধর্ম্মরক্ষক) ব্রহ্মণ্যে কৃষ্ণে (পরব্রহ্ম শ্রীকৃষ্ণ) স্বাং কাষ্ঠাং (স্বীয় স্বরূপ) উপেতে (প্রাপ্ত হইলে) অধুনা (এখন) ধর্ম্মঃ কং শরণং গতঃ (ধর্ম্ম কাহাকে আশ্রয় করিয়াছেন) [ইতি] ব্রূহি (ইহা বলুন) ॥ ২৩ ॥

অনুবাদ

হে সূত ! যোগেশ্বর ধর্ম্মরক্ষক পরব্রহ্ম শ্রীকৃষ্ণ স্বীয় স্বরূপ প্রাপ্ত হইলে (অর্থাৎ পৃথিবী পরিত্যাগ করিয়া গোলোকে প্রস্থান করিলে,) এখন ধর্ম্ম কাহাকে অবলম্বন করিয়া অবস্থান করিতেছেন, ইহা আমাদিগকে বলুন ॥ ২৩ ॥

নৈমিশীয়োপাখ্যানে ঋষিপ্রশ্ন নামক প্রথম অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ১ ॥

টীকা

প্রশ্নান্তরং ব্রূহীতি ॥২৩॥ ইতি শ্রীমদ্ভাগবতে সিদ্ধান্তপ্রদীপে প্রথমস্কন্ধীয়ে প্রথমাধ্যায়ার্থপ্রকাশঃ ॥১॥

দ্বিতীয়োঽধ্যায়ঃ

ইতি সংপ্রশ্নসংহৃষ্টো বিপ্রাণাং রৌমহর্ষণিঃ।
প্রতিপূজ্যবচস্তেষাং প্রবক্তুমুপচক্রমে ॥ ১ ॥

অন্বয়

ইতি (এই প্রকারে) বিপ্রাণাং (শৌনকাদি ঋষিগণের) সংপ্রশ্নসংহৃষ্টঃ (প্রশ্নসমূহের দ্বারা সম্যক্ আনন্দিত হইয়া) রৌমহর্ষণিঃ (রোমহর্ষণপুত্র উগ্রশ্রবাঃ সূত) তেষাং বচঃ (সেই ঋষিগণের প্রশ্ন বাক্য) প্রতিপূজ্য (অভিনন্দিত করিয়া) প্রবক্তুম্ উপচক্রমে (বলিতে আরম্ভ করিলেন) ॥ ১ ॥

অনুবাদ

এই প্রকারে শৌনকাদি ঋষিগণের উত্তম প্রশ্ন শুনিয়া অত্যন্ত আনন্দিত হইয়া রোমহর্ষণপুত্র উগ্রশ্রবাঃ সূত তাঁহাদের বাক্যের প্রশংসা করিয়া বলিতে আরম্ভ করিলেন ॥ ১ ॥

টীকা

উপায়োপেয়ভগবচ্চিকীর্ষিততদুদারকর্ম্মবিষয়াণাং চতুর্ণাং প্রশ্নানামুত্তরার্থোঽয়মধ্যায় আরভ্যতে "ইতী"তি। "ইতি সংপ্রশ্নসংহৃষ্টঃ" ইত্যেবমুক্তপ্রকারৈঃ ষড়্ভিঃ বিপ্রাণাং সম্যক্ প্রশ্নৈঃ সম্যক্ হৃষ্টঃ "রোমাণি হর্ষয়াঞ্চক্রে শ্রোতৃণাং যঃ সুভাষিতৈঃ। কর্ম্মণা তেন কথিতো রোমহর্ষণ ইত্যুত" ॥ ইত্যুক্তলক্ষণস্য রোমহর্ষণস্য পুত্রঃ উগ্রশ্রবাঃ, প্রশ্নানাং বিস্তরত উত্তরভূতং শ্রীমদ্ভাগবতং শুশ্রূষয়িষুঃ "তেষাং

সূত উবাচ

যং প্রব্রজন্তমনুপেতমপেতকৃত্যং দ্বৈপায়নো বিরহকাতর আজুহাব।
পুত্রেতি তন্ময়তয়া তরবোঽভিনেদুস্তং সর্ব্বভূতহৃদয়ং মুনিমানতোঽস্মি ॥ ২ ॥
যঃ স্বানুভাবমখিলশ্রুতিসারমেকমধ্যাত্মদীপমতিতিতীর্ষতাং তমোঽন্ধম্।
সংসারিণাং করুণয়াহ পুরাণগুহ্যং তং ব্যাসসূনুমুপযামি গুরুং মুনীনাম্ ॥ ৩ ॥

অন্বয়

সূতঃ উবাচ (সূত বলিলেন) অপেতকৃত্যম্ (প্রবৃত্তিমার্গের কর্ম্মত্যাগী) অনুপেতং (একাকী) প্রব্রজন্তং (সন্ন্যাস অবলম্বন পূর্ব্বক গমনকারী) যং (যাহাকে) বিরহকাতরঃ দ্বৈপায়নঃ (বিরহকাতর ব্যাসদেব) পুত্র ইতি [যদা] আজুহাব ("হে পুত্র" বলিয়া যখন ডাকিয়াছিলেন) [তদা] তরবঃ (তখন বৃক্ষগণ) তন্ময়তয়া (তন্ময় হইয়া) অভিনেদুঃ (অভিনন্দন করিয়াছিল, অথবা বৃক্ষগণ শুকদেবের হইয়া ব্যাসের আহ্বানের প্রত্যুত্তর দিয়াছিল) তং সর্ব্বভূতহৃদয়ং (সেই সর্ব্বান্তর্য্যামী) মুনিং (শ্রীশুকদেবকে) আনতঃ অস্মিঃ (সাষ্টাঙ্গে নমস্কার করিতেছি) ॥ ২ ॥

অন্ধং তমঃ অতিতিতীর্ষতাং (ঘোর সংসাররূপ অন্ধকার উত্তীর্ণ হইতে ইচ্ছুক মুমুক্ষু)

অনুবাদ

সূত বলিলেন—প্রবৃত্তিমার্গের কর্ম্মসমূহ ত্যাগ করিয়া সন্ন্যাস অবলম্বন পূর্ব্বক (শুকদেব) যখন একাকী গমন করিতেছিলেন, তখন তাদৃশ ভাগবত পুত্রের বিরহে কাতর ব্যাসদেব তাঁহাকে "হে পুত্র! হে পুত্র"! বলিয়া ডাকিয়াছিলেন; তখন বৃক্ষগণ, তন্ময় হইয়া যে শুকদেবকে অভিনন্দন করিয়াছিল, অথবা যে শুকদেবের হইয়া ব্যাসদেবের আহ্বানের প্রত্যুত্তর দিয়াছিল, সেই সর্ব্বান্তর্য্যামী শ্রীশুকদেবকে সাষ্টাঙ্গে নমস্কার করিতেছি ॥ ২ ॥*

ঘোর সংসারান্ধকার উত্তীর্ণ হইতে ইচ্ছুক অর্থাৎ মুমুক্ষু সংসারী জীবের

টীকা

বচঃ," "মুনয়ঃ! সাধুপৃষ্টোঽহম্" ইত্যনেন "প্রতিপূজ্য" প্রবক্তুং "স বৈ পুংসাং পরো ধর্ম্ম" ইত্যাদ্যধ্যায়দ্বয়েন সংক্ষেপতঃ ষণ্ণাং প্রশ্নানামুত্তরং "বক্তুম্ উপচক্রমে"। "যং প্রব্রজন্ত" ইত্যাদিভিঃ গুর্ব্বাদিনমস্কাররূপমুপক্রমং কৃতবানিত্যর্থঃ ॥ ১ ॥ তত্র স্বগুরুং প্রণমতি—"যমি"তি। "যং" প্রবৃত্তকর্ম্মত্যাগিত্বাৎ"অপেতকৃত্যম্" "অনুপেতম্" একাকিনম্, "প্রব্রজন্তম্"—"অন্ধকারে প্রবেষ্টব্যে দীপো যত্নেন ধার্য্যতামি"তি দ্বৈপায়নোপদেশাদেব প্রবৃত্তিমার্গং ত্যক্ত্বা গচ্ছন্তম্, ভাগবতপুত্রস্যাতিদুর্লভত্বাৎ "বিরহকাতরঃ দ্বৈপায়নো" ভগবান্—হে "পুত্র!" "ইত্যাজুহাব"—আহূতবান্, যদা তদা "তন্ময়তয়া তরবোঽভিনেদুঃ"। শুকেতি ব্যাসেনোক্তে সতি ভোরিতি শুকেন প্রত্যুত্তরে দত্তে, দ্রুমাদয়োঽপি ভোরিতি শুকবৎ অভিনাদং চক্রুরিত্যর্থঃ। এতন্মোক্ষধর্ম্মে দ্রষ্টব্যম্। "তং মুনিমানতোঽস্মি"। "যস্য দেবে পরাভক্তির্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ "প্রকাশন্তে মহাত্মনঃ" ॥ ইতি শ্রুত্যর্থানুসারেণ গুরোর্বাসুদেবাভিন্নত্বমাহ—"সর্ব্বভূতহৃদয়মি"তি। সর্ব্বেষাং ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তানাং হৃদি ব্যাপকতয়া অয়তে গচ্ছতীতি সঃ তম্। অয়্-গতৌ ইত্যস্য রূপম্। সর্ব্বান্তর্যামিনং বাসুদেবমিত্যর্থঃ। "আচার্য্যং মা বিজানীয়াদিতি" বক্ষ্যমাণাচ্চ ॥ ২ ॥

"যঃ সংসারিণাং" বুভুক্ষূণাং "তমোঽন্ধং" সংসারম্ "অতিতিতীর্ষতাং" মুমুক্ষূণাং "মুনীনাং" মুক্তানাঞ্চ,

* এইস্থলে গুরুরূপী শ্রীশুককে সর্ব্বান্তর্য্যামী বলায় শ্রীগুরুদেব যে বাসুদেব হইতে অভিন্ন তাহাই বলা হইল।

নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্।
দেবীং সরস্বতীং ব্যাসং ততো জয়মুদীরয়েৎ ॥ ৪ ॥

অন্বয়

সংসারিণাং (সংসারী জীবের [প্রতি]) করুণয়া (কৃপা করিয়া) যঃ (যেই শুকদেব) স্বানুভাবং (স্বীয় সর্ব্বোপকারক প্রভাবযুক্ত) অখিলশ্রুতিসারম্ ([ভগবত্তত্ত্বপ্রকাশক বলিয়া] সর্ব্ব বেদার্থের সার) অধ্যাত্মদীপং ([কার্য্যকারণসঙ্ঘাতাত্মক] আত্মার প্রকাশক) পুরাণগুহ্যং একং (পুরাণ সমূহের মধ্যে গোপনীয় একমাত্র) [শ্রীমদ্ভাগবতং] আহ (শ্রীমদ্ভাগবত বলিয়াছেন, অর্থাৎ প্রকাশ করিয়াছেন) মুনীনাং গুরুং (মুনিগণের গুরু) তং ব্যাসসূনুং (সেই ব্যাসপুত্র শুকদেবের) উপযামি (শরণাপন্ন হইতেছি) ॥ ৩ ॥

নারায়ণং ([যাঁহার বন্দন ও জ্ঞানে সকলের বন্দন ও জ্ঞান সিদ্ধ হয় শাস্ত্রপ্রতিপাদ্য সেই] শ্রীকৃষ্ণকে) নরোত্তমং নরং (নরশ্রেষ্ঠ [ভগবানের অংশভূত] নরকে) দেবীং সরস্বতীং (ভগবৎ-কথাশ্রবণে উপকারিণী ভগবানের শক্তিভূতা সরস্বতী দেবীকে) ব্যাসং চ (এবং শাস্ত্রাচার্য্য ব্যাসদেবকে) নমস্কৃত্য (নমস্কার করিয়া) ততঃ জয়ং উদীরয়েৎ (অনন্তর জয়পদবাচ্য শ্রীমদ্ভাগবত গ্রন্থ উচ্চারণ করিবে) ॥ ৪ ॥

অনুবাদ

প্রতি কৃপা করিয়া যে শ্রীশুকদেব, স্বীয় মহিমায় প্রভাবান্বিত, ভগবৎতত্ত্বপ্রকাশক বলিয়া সর্ব্ববেদার্থের সার, কার্য্য ও কারণের সংঘাতরূপ আত্মার প্রকাশক, পুরাণ-সমূহের মধ্যে গোপনীয়, অদ্বিতীয় শ্রীমদ্ভাগবত প্রকাশ করিয়াছেন, আমি মুনিগণের গুরু সেই ব্যাসপুত্র শ্রীশুকদেবের শরণাপন্ন হইতেছি ॥ ৩ ॥

(যাঁহার বন্দন ও জ্ঞানে সকলের বন্দন ও বেদন সিদ্ধ হয়, শাস্ত্র-প্রতিপাদ্য সেই) নারায়ণ, নরশ্রেষ্ঠ নর, (ভগবৎকথাশ্রবণে উপকারিণী) সরস্বতী দেবী ও (শাস্ত্রাচার্য্য) ব্যাসদেবকে নমস্কার করিয়া, অনন্তর জয়পদবাচ্য শ্রীমদ্ভাগবত গ্রন্থ উচ্চারণ করিবে ॥ ৪ ॥*

টীকা

আলয়ং পিবত ইত্যুক্তেশ্চ। "করুণয়া পুরাণগুহ্যং" পুরাণানাং মধ্যে গোপ্যম্ শ্রীমদ্ভাগবতমাহ "তমুপযামি" শরণং ব্রজামি। পুরাণগুহ্যত্বে চত্বারি বিশেষণানি—"স্বঃ" নিজঃ সর্ব্বোপকারকভূতঃ "অনুভাবঃ" প্রভাবো যস্য তৎ। সর্ব্ববেদার্থভূতভগবৎপ্রতিপাদকতয়া "শ্রুতীনাং সারম্", একম্ অনুপমং, সর্ব্বত্র হেতুমাহ—"অধ্যাত্মদীপমি"তি। আত্মনি জীবে বর্ত্তমানম্ অধ্যাত্মম্। "যদ্বিজ্ঞানেন সর্ব্বং বিজ্ঞাতং ভবতি" "য আত্মনি তিষ্ঠন্ আত্মনোঽন্তরো.....বেদে"ত্যাদিশ্রুত্যর্থভূতং ভগবত্তত্ত্বং তস্য প্রকাশকম্ ॥৩॥

শ্লোকদ্বয়েন শ্রীগুরুং প্রণম্য ইদানীং হরিং নারদাদীংশ্চ প্রণমন্ হর্যাদীন্ প্রণম্য শাস্ত্রমুদীরয়েদিত্যন্যং প্রতি উপদিশতি—"নারায়ণমি"তি। "অর্থে ধর্ম্মে চ কামে চ মোক্ষে চ ভরতর্ষভ! যদিহাস্তি তদন্যত্র যন্নেহাস্তি ন তৎ ক্বচিৎ" ॥ ইতি প্রথমপর্ব্বোক্তেশ্চতুর্ব্বর্গপ্রতিপাদকস্যাপি মহাভারতস্য পরমো

* "জয় উচ্চারণ করিবে"—এই কথা শ্রীমহাভারতেও আছে। এখানে এই গ্রন্থের দ্বারা সংসার জয় হয়—এইজন্য "জয়" শব্দে শ্রীমদ্ভাগবতকে বুঝাইতেছে।

মুনয়ঃ সাধু পৃষ্টোঽহং ভবদ্ভির্লোকমঙ্গলম্।
যৎ কৃতঃ কৃষ্ণসংপ্রশ্নো যেনাত্মা সুপ্রসীদতি ॥ ৫ ॥
স বৈ পুংসাং পরো ধর্ম্মো যতো ভক্তিরধোক্ষজে।
অহৈতুক্যপ্রতিহতা যয়াত্মা সুপ্রসীদতি ॥ ৬ ॥

অন্বয়

হে মুনয়ঃ! (হে মুনিগণ!) ভবদ্ভিঃ (আপনাদিগকর্ত্তৃক) অহং (আমি) সাধু পৃষ্টঃ (উত্তম জিজ্ঞাসিত হইয়াছি)। যৎ (যেহেতু) কৃষ্ণসংপ্রশ্নঃ (কৃষ্ণবিষয়কপ্রশ্ন) কৃতঃ (করা হইয়াছে)। যেন লোকমঙ্গলং [স্যাৎ] (যে প্রশ্নে লোকের মঙ্গল হইয়া থাকে) আত্মা (এবং জীব) প্রসীদতি (প্রসন্ন হয়) [অর্থাৎ আনন্দ পায়] ॥ ৫ ॥

যতঃ (যাহা হইতে) অধোক্ষজে (শ্রীকৃষ্ণে) অহৈতুকী (ফলাভিসন্ধিশূন্যা) অপ্রতিহতা (বিঘ্নসমূহের দ্বারা অনভিভূতা) ভক্তিঃ [ভবতি] (ভক্তি জন্মিয়া থাকে)। স বৈ পুংসাং (তাহাই মানবগণের) পরঃ ধর্ম্মঃ (পরমধর্ম্ম) [অর্থাৎ শ্রেষ্ঠ ধর্ম্ম]। যয়া (যেই পরমধর্ম্মস্বরূপ ভক্তিদ্বারা) আত্মা সুপ্রসীদতি (জীব সুপ্রসন্ন হয় অর্থাৎ আনন্দ অনুভব করে) ॥ ৬ ॥

অনুবাদ

হে মুনিগণ! আপনারা আমাকে উত্তম জিজ্ঞাসা করিয়াছেন, যেহেতু শ্রীকৃষ্ণের বিষয়ই জিজ্ঞাসা করা হইয়াছে। যেহেতু এই শ্রীকৃষ্ণবিষয়ক প্রশ্নে প্রশ্নকর্ত্তা, বক্তা, ও শ্রোতা সকললোকেরই মঙ্গল হইয়া থাকে এবং জীব পরমানন্দ প্রাপ্ত হয় ॥ ৫ ॥

[ঐকান্তিক শ্রেয়ঃ কি? (১।৯ শ্লোকোক্ত) এই প্রথম প্রশ্নের উত্তরে বলিতেছেন]—যাহা হইতে বাসুদেব শ্রীকৃষ্ণে ফলাকাঙ্ক্ষাশূন্যা অপ্রতিহতা ভক্তি জন্মিয়া থাকে, তাহাই

টীকা

বিষয়ঃ—পরব্রহ্মনারায়ণাদিপদাভিধেয়ঃ শ্রীকৃষ্ণঃ, তৎপ্রণামার্থে তত্রাস্য শ্লোকস্য প্রতিপর্ব্বপারঃ, শ্রীমদ্ভাগবতস্য তু ভগবৎস্বরূপগুণশক্ত্যাদিপ্রধানস্য মোক্ষৈকপ্রয়োজনত্বাদবশ্যং তদুপক্রমাদৌ ভগবান্ সর্ব্ববেদেতিহাসাদিবিষয়ো নমনীয়ঃ। অতো "নারায়ণং" যদ্বন্দনবেদনাদিনা সর্ব্বেষাং বন্দনবেদনাদিসিদ্ধিস্তং "জন্মাদ্যস্য" ইত্যত্রোক্তলক্ষণং শাস্ত্রবিষয়মুপাস্যং "নরঞ্চ" তদংশভূতং তৎসখায়ং তদুপাসনতচ্ছাস্ত্রশ্রবণাদাবুপকর্ত্তারম্, অন্যনরব্যাবৃত্ত্যর্থমাহ "নরোত্তমম্" "সরস্বতীং দেবীং চ" ভগবচ্ছক্তিবিশেষভূতাং ভগবচ্ছাস্ত্রকথনশ্রবণাদৌ উপকর্ত্রীং, "ব্যাসঞ্চ" শাস্ত্রাচার্য্যং "নমস্কৃত্যৈব জয়মুদীরয়েৎ" কথয়েৎ। মহাভারতে তু জয়োনামেতিহাসোঽয়মিত্যুক্তং তমুদীরয়েৎ, ইহ তু জয়ং শ্রীমদ্ভাগবতমিতি ভেদঃ ॥৪॥ হে "মুনয়ঃ!" "ভবদ্ভিরহং সাধু" যথা ভবতি তথা "পৃষ্টঃ;" যতঃ "কৃষ্ণসংপ্রশ্নঃ কৃতঃ"। জাতাবেকবচনম্। উপায়াদিপ্রশ্নানাং সর্ব্বেষাং শ্রীকৃষ্ণে পর্য্যবসানাদেকবচনম্। যেন প্রশ্নেন ভবতাং প্রচ্ছকানাং মম বক্তুশ্চ, কা কথা লোকানাং শ্রোতৃণামপি মঙ্গলং স্যাৎ। বক্ষ্যতি চ "বাসুদেবকথাপ্রশ্নঃ পুরুষান্ ত্রীন্ পুনাতি হি। বক্তারং প্রচ্ছকং শ্রোতৃন্ তৎপাদসলিলং যথেতি"। "যেন আত্মা" জীবঃ সুষ্ঠু প্রসন্নো ভবতি, ভগবজ্জ্ঞানভক্তিদ্বারা পরমানন্দং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ৫ ॥ প্রথমপ্রশ্নস্যোত্তরমাহ "স" ইতি। "যতোঽধোক্ষজে" তৎকথাশ্রবণাদৌ রুচ্যুৎপাদনদ্বারা "ভক্তিরেবৈনং বর্দ্ধয়তি, ভক্তিরেবৈনং দর্শয়তি, ভক্তিবশঃ পুরুষঃ, ভক্তিরেব ভূয়সী"ত্যাদিশ্রুতি-

বাসুদেবে ভগবতি ভক্তিযোগঃ প্রযোজিতঃ।
জনয়ত্যাশু বৈরাগ্যং জ্ঞানঞ্চ যদহৈতুকম্ ॥ ৭ ॥
ধর্ম্মঃ স্বনুষ্ঠিতঃ পুংসাং বিষ্বক্সেনকথাসু যঃ।
নোৎপাদয়েদ্ যদি রতিং শ্রম এব হি কেবলম্ ॥ ৮ ॥

অন্বয়

ভগবতি বাসুদেবে (ভগবান্ বাসুদেবে) প্রযোজিতঃ (অনুষ্ঠিত) ভক্তিযোগঃ (ভক্তিযোগ) আশু (শীঘ্র) বৈরাগ্যং জনয়তি (বিষয়বৈরাগ্য জন্মাইয়া থাকে)। অহৈতুকং জ্ঞানং চ জনয়তি (শুদ্ধ নির্ম্মল জ্ঞানও জন্মাইয়া থাকে) ॥ ৭ ॥

স্বনুষ্ঠিতঃ [অপি] (সুচারুরূপে অনুষ্ঠিত হইয়াও) যঃ ধর্ম্মঃ (যে ধর্ম্ম) বিষ্বক্সেনকথাসু (শ্রীকৃষ্ণচরিত্রকথায়) পুংসাং (মানবগণের) যদি রতিং (যদি ভক্তি) ন উৎপাদয়েৎ (না জন্মায়) [তর্হি] কেবলং শ্রম এব (তবে কেবল পরিশ্রম মাত্রই সার) ॥ ৮ ॥

অনুবাদ

মানবগণের পরধর্ম্ম অর্থাৎ শ্রেষ্ঠধর্ম্ম। সেই পরধর্ম্মস্বরূপ ভক্তিদ্বারা আত্মা অর্থাৎ জীব প্রসন্ন হইয়া থাকে ॥ ৬ ॥*

ভগবান্ বাসুদেবে অনুষ্ঠিত ঐকান্তিক ভক্তিযোগ শীঘ্রই বিষয়ে বৈরাগ্য জন্মাইয়া থাকে, এবং অহৈতুক জ্ঞান অর্থাৎ বিশুদ্ধ নির্ম্মল জ্ঞানও উৎপাদন করে ॥ ৭ ॥†

সুচারুরূপে অনুষ্ঠিত হইয়াও যদি ধর্ম্ম শ্রীকৃষ্ণকথাশ্রবণাদিতে মানবগণের ভক্তি না জন্মায়, তবে কেবল পরিশ্রমমাত্রই সার। [অর্থাৎ কৃষ্ণভক্তি ব্যতীত সকল ধর্ম্মই নিষ্ফল] ॥ ৮ ॥

টীকা

প্রোক্তা "ভক্তি"র্ভবেৎ, স যজ্ঞব্রততপস্তীর্থবাসমহৎসেবাদিনানাবিধোহনভিসংহিতফলঃ "ধর্ম্মঃ" উপায় ইত্যর্থঃ। স্বর্গাদ্যভিসন্ধিপূর্ব্বকস্য হেয়ত্বং বক্তুং ধর্ম্মং বিশিনষ্টি—"পর" ইতি। ভক্তিং বিশিনষ্টি—"অহৈতুকী", অনভিসংহিতফলা, যদ্বা শ্রীকৃষ্ণরূপেতরহেতুরহিতা "অপ্রতিহতা" বিরোধিভিঃ অনভিভূয়মানা "যয়া" পরমোপায়ভূতয়া "আত্মা" জীবঃ বক্ষ্যমাণম্ উপেয়ং প্রাপ্য তদ্ভাবাপন্নঃ সন্ "প্রসীদতি" প্রসন্নো ভবতি। তদুক্তং মোক্ষধর্ম্মে—"জ্ঞাত্বাত্মস্থং হরিং চৈব ন নিবর্ত্তন্তি তেঽব্যয়াঃ। প্রাপ্য তৎ পরমং স্থানং মোদন্তেঽক্ষরমব্যয়মি"তি ॥৬॥ "ত্যাগ এব হি সর্ব্বেষাং মোক্ষসাধনমুত্তমম্। ত্যজতৈব হি তজ্জ্ঞেয়ং ত্যক্তুঃ প্রত্যক্ পরং পদম্" ॥ ইতি ভালবিশ্রুতিপ্রোক্তং সংসারাদ্ বৈরাগ্যং জনয়তি, যদহৈতুকং ভক্তীতরোৎপাদকশূন্যম্, "ঋতে জ্ঞানাৎ ন মুক্তিঃ" "ব্রহ্মবিদাপ্নোতি পর"মিত্যাদি-শ্রুতিপ্রোক্তং জ্ঞানং তচ্চ জনয়তি। প্রথম উপায়ো ধর্ম্মঃ, ততো হরিকথাশ্রবণাদিরূপা ভক্তিঃ, সা বৈরাগ্য-মুৎপাদ্য ভগবৎ-সাক্ষাৎকারজ্ঞানাকারতয়া জায়ত ইতি ফলিতোঽর্থঃ ॥ ৭ ॥ বিষ্বক্সেনকথাসু উক্তলক্ষণহরিভক্তিসাধনরূপেষু হরিকথাশ্রবণাদিষু

---

* ধর্ম্ম দুইপ্রকার, প্রবৃত্তিলক্ষণ ও নিবৃত্তিলক্ষণ। প্রবৃত্তিলক্ষণকে অপর ধর্ম্ম বলা হয় ও নিবৃত্তিলক্ষণকে পরধর্ম্ম বলা হয়। এই নিবৃত্তিলক্ষণ পরধর্ম্মই ফলাভিসন্ধিশূন্য ও অপ্রতিহত এবং মুমুক্ষুগণের অভিলষিত।

† প্রথম উপায় ধর্ম্ম, তাহা হইতে হরিকথাশ্রবণাদিরূপা ভক্তি জন্মে, পরে সেই ভক্তি বিষয়বৈরাগ্য জন্মাইয়া ভগবৎসাক্ষাৎকারাত্মক জ্ঞানাকাররূপে জন্মিয়া থাকে।

ধর্ম্মস্য হ্যাপবর্গ্যস্য নার্থোঽর্থায়োপকল্পতে।
নার্থস্য ধর্ম্মৈকান্তস্য কামো লাভায় হি স্মৃতঃ ॥ ৯ ॥
কামস্য নেন্দ্রিয়প্রীতির্লাভো জীবেত যাবতা।
জীবস্য তত্ত্বজিজ্ঞাসা নার্থো যশ্চেহ কর্ম্মভিঃ ॥ ১০ ॥

অন্বয়

[যাহারা ধর্ম্মের ফল অর্থ, অর্থের ফল কাম, কামের ফল ইন্দ্রিয়-প্রীতি এই প্রকার বলেন, তাহাদের মত খণ্ডন করিতেছেন]—অর্থঃ (ভোগ্য পদার্থ) আপবর্গ্যস্য ধর্ম্মস্য (মোক্ষের সাধন ধর্ম্মের) অর্থায় ন কল্পতে (ফলের জন্য হয় না।) কামঃ (বিষয়ভোগ) ধর্ম্মৈকান্তস্য অর্থস্য (ধর্ম্মসাধন অর্থের) লাভায় ন হি স্মৃতঃ (লাভের নিমিত্ত কখনই হয় না) ॥ ৯ ॥

ইন্দ্রিয়প্রীতিঃ কামস্য লাভঃ ন [ভবতি] (ইন্দ্রিয়ের তৃপ্তি বিষয়ভোগের ফল হয় না।) [কিন্তু] যাবতা জীবেত (কিন্তু যে পর্য্যন্ত বাঁচিয়া থাকা যায়, সেই পর্য্যন্তই বিষয়ভোগের ফল হয়)। জীবস্য কর্ম্মভিঃ যঃ [সাধ্যঃ স্বর্গাদিঃ] (জীবের যে কর্ম্মদ্বারা সাধ্য স্বর্গাদি) [সঃ] ন অর্থঃ [ভবতি] (তাহা ফল পদবাচ্য হয় না)। [কিন্তু] তত্ত্বজিজ্ঞাসা [অর্থঃ] (কিন্তু তত্ত্ববিচারই ফলস্বরূপ হইয়া থাকে) ॥ ১০ ॥

অনুবাদ

[যাঁহারা ধর্ম্মের ফল অর্থ, অর্থের ফল কাম, কামের ফল ইন্দ্রিয়-প্রীতি—এই প্রকার বলেন, তাঁহাদের মত নিরাস করিতেছেন।]—ভোগ্য পদার্থ কখনই মোক্ষসাধন-ধর্ম্মের ফল হইতে পারে না, এবং বিষয়ভোগও কখনও ধর্ম্মসাধন অর্থের লাভের নিমিত্ত হইতে পারে না ॥ ৯ ॥

ইন্দ্রিয়ের তৃপ্তি কামের (বিষয়ভোগের) ফল হয় না, কিন্তু যে পর্য্যন্ত বাঁচিয়া থাকা যায়, সেই পর্য্যন্তই ফল বিষয়ভোগের ফল হয় (জানিতে হইবে)। জীবের কর্ম্মসাধ্য যে স্বর্গাদি, তাহাও ফলপদবাচ্য হয় না, কিন্তু তত্ত্ববিচারই ফল স্বরূপ হইয়া থাকে ॥ ১০ ॥

টীকা

ভক্তিভেদেষু ইত্যর্থঃ ॥ ৮ ॥ তদেব কর্ম্মজ্ঞানবৈরাগ্যভক্তিভেদাদ্ বহুবিধ উপায় ইত্যুক্তম্। ইদানীন্তু জীবনফলং ধর্ম্মঃ, তৎফলম্ অর্থঃ, তৎফলং কামঃ, তৎফলম্ ইন্দ্রিয়প্রীতিঃ। পুনর্জ্জীবনং, পুনস্তৎফলং ধর্ম্মঃ ইত্যেবং চক্রবৎ পৌনঃপুন্যং কেচিৎ মন্যন্তে। তন্নিরাকরোতি—"ধর্ম্মস্যে"তি দ্বাভ্যাম্। "আপবর্গ্যস্য" উক্তরীত্যা অপবর্গসাধনস্য "ধর্ম্মস্য অর্থঃ" ভোগ্যপদার্থঃ স্বর্গাদিঃ "অর্থায়" ফলত্বায় "ন কল্পতে" যোগ্যো ন ভবতি, "ধর্ম্মৈকান্তস্য" নিয়মেন ধর্ম্মসাধনস্য অর্থস্য "কামঃ" ভোগঃ "লাভায়" ফলত্বায় "নহি স্মৃতঃ" ॥ ৯ ॥ "কামস্য" ইন্দ্রিয়প্রীতিঃ লাভঃ "ফলং" ন কিন্তু "যাবতা" কামেন "জীবেত" তাবতঃ কামস্য লাভঃ। জীবনং ফলমিত্যর্থঃ। "জীবস্য" জীবনস্য "যঃ কর্ম্মভিঃ সাধ্যঃ স ন অর্থঃ" ফলং ন ভবতি। জীবনস্য ধর্ম্মদ্বারা স্বর্গাদিঃ ফলং ন ভবতীতি যাবৎ। কিন্তু "তত্ত্বজিজ্ঞাসা" ফলং ভবতি, তত্ত্বজিজ্ঞাসা-শব্দস্য লক্ষণয়া তত্ত্ববিচারে বৃত্তিঃ ॥ ১০ ॥ জীবনস্য ফলং তত্ত্ববিচার এব ইত্যুক্তম্। ইদানীং তত্ত্বমপি চিন্ত্যতে—তত্র তাবৎ কেচিদাহুঃ—আত্মা জড় ইতি, অন্যে তু আহুঃ ক্ষণিকঃ, অপরে কর্ম্মাঙ্গমাত্মানমাহুঃ। কেচিদাহুঃ—

বদন্তি তৎ তত্ত্ববিদস্তত্ত্বং যজ্‌জ্ঞানমদ্বয়ম্‌।
ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে ॥ ১১ ॥
তচ্ছ্রদ্দধানা মুনয়ো জ্ঞানবৈরাগ্যযুক্তয়া।
পশ্যন্ত্যাত্মনি চাত্মানং ভক্ত্যা শ্রুতগৃহীতয়া ॥ ১২ ॥

অন্বয়

[মতান্তরনিরাসপূর্ব্বক তত্ত্বনিরূপণ করিতেছেন] তত্ত্ববিদঃ (তত্ত্বদর্শী পণ্ডিতগণ) [অনাদিসিদ্ধবেদৈঃ] যৎ শব্দ্যতে (অনাদিসিদ্ধবেদকর্ত্তৃক যাহা প্রতিপাদিত অর্থাৎ অভিহিত হইয়া থাকে) তৎ তত্ত্বং বদন্তি (তাহাকেই তত্ত্ব বলিয়া থাকেন)। তৎ জ্ঞানং (তাহা জ্ঞানস্বরূপ অর্থাৎ জড় নহে) অদ্বয়মিতি (অদ্বয় বস্তু অর্থাৎ বিজ্ঞানবাদী বৌদ্ধসিদ্ধান্তানুযায়ী ক্ষণিকবিজ্ঞানপ্রবাহের বিপরীত এক অনাদিসিদ্ধজ্ঞানরূপ) ব্রহ্ম ইতি (বৃহৎ বস্তু [কোন কর্ম্মের অঙ্গ নহে]) পরমাত্মা ইতি (সকল জীব হইতে উৎকৃষ্ট) ভগবান্‌ ইতি (ষড়ৈশ্বর্য্যশালী, নির্দ্ধর্ম্মক নহে) ॥ ১১ ॥

তৎ শ্রদ্দধানাঃ (তাঁহাতে শ্রদ্ধাশীল) মুনয়ঃ (মুনিগণ) আত্মানং (আত্মতত্ত্বকে) জ্ঞানবৈরাগ্যযুক্তয়া (জ্ঞান ও বৈরাগ্যযুক্ত) শ্রুতগৃহীতয়া ভক্ত্যা (বেদান্তশ্রবণ হইতে প্রাপ্ত ভক্তিদ্বারা) আত্মনি পশ্যন্তি (স্বীয় হৃদয়ে দেখিয়া থাকেন) ॥ ১২ ॥

অনুবাদ

[মতান্তরনিরাসপূর্ব্বক তত্ত্বনিরূপণ করিতেছেন]—তত্ত্বদর্শী পণ্ডিতগণ, অনাদিসিদ্ধ বেদ যাহা প্রতিপাদন করিয়াছেন, তাহাকেই তত্ত্ব বলিয়া থাকেন। ঐ তত্ত্ব জ্ঞানস্বরূপ, (অর্থাৎ জড় নহে) এবং অদ্বিতীয়, (অর্থাৎ বিজ্ঞানবাদিবৌদ্ধসিদ্ধান্তানুযায়ী ক্ষণিকবিজ্ঞান-প্রবাহের বিপরীত এক অনাদিসিদ্ধ জ্ঞানরূপ বস্তু) ঐ তত্ত্বই ব্রহ্ম অর্থাৎ সর্ব্বাপেক্ষা বৃহদ্‌বস্তু, (অর্থাৎ মীমাংসকমতানুযায়ী কোনও কর্ম্মের অঙ্গ নহে) তাহাই পরমাত্মা (অর্থাৎ সকল জীব হইতে উৎকৃষ্ট) এবং তাহাই ভগবান্‌ অর্থাৎ ষড়ৈশ্বর্য্যশালী, (অতএব তিনি নির্দ্ধর্ম্মক নহেন।) ॥ ১১ ॥

তাঁহাতে শ্রদ্ধাশীল মুনিগণ, জ্ঞান ও বৈরাগ্যযুক্ত এবং বেদান্তশ্রবণ হইতে প্রাপ্ত যে ভক্তি, সেই ভক্তিদ্বারা সেই আত্মতত্ত্বকেই স্বীয় হৃদয়ে দর্শন করিয়া থাকেন ॥ ১২ ॥

টীকা

পরমাত্মা নাস্তি, নানাত্মানঃ স্বতন্ত্রাঃ সন্তীতি। কেচিৎ প্রকৃতিবিকৃতিভিন্নং পুষ্করপলাশবদসঙ্গং নির্ধর্ম্মকং পুরুষং বদন্তি, তে সর্ব্বে বেদবাহ্যাঃ স্বকপোলকল্পিততত্ত্ববাদিনঃ শ্রেয়স্কামৈঃ মুমুক্ষুভিঃ দূরতো হেয়া ইত্যাহ—"বদন্তী"তি। অত্র একৈকস্য বিশেষণস্য পরপক্ষনিরাকরণত্বাৎ ইতিশব্দাবৃত্তিঃ, যত্র স নাস্তি তত্রাপি যোজ্যঃ। "তত্ত্ববিদস্ত যৎ শব্দ্যতে" শব্দৈরনাদিসিদ্ধৈর্বেদৈর্যদভিধীয়তে "তৎ তত্ত্বং বদন্তি"। "সর্ব্বে বেদা যৎপদমামনন্তি, তস্যোপনিষদং পুরুষং পৃচ্ছামি" ইতি শ্রুতেঃ। "বেদৈশ্চ সর্ব্বৈরহমেববেদ্যঃ" ইতি স্মৃতেঃ, "শাস্ত্রযোনিত্বাৎ" ইতি সূত্রাচ্চ। কথম্ভূতং বদন্তি? "জ্ঞানম্‌" জ্ঞাতৃত্ববত্ত্বে সতি জ্ঞানস্বরূপমিতি বদন্তি, ন তু জড়ম্‌। "অদ্বয়ং"—ক্ষণিকবিজ্ঞানপ্রবাহবিপরীতম্‌ একম্‌ অনাদিসিদ্ধজ্ঞানরূপমিতি। "ব্রহ্মেতি"—বৃহদ্‌বস্তু ভূতং বদন্তি। ন তু জীবকর্ত্তৃককর্ম্মাঙ্গম্‌। "পরমাত্মেতি"—সর্ব্বেভ্যো জীবেভ্যো হি উৎকৃষ্টং বদন্তি। "ভগবা-

অতঃ পুংভির্দ্বিজশ্রেষ্ঠা ! বর্ণাশ্রমবিভাগশঃ ।
স্বনুষ্ঠিতস্য ধর্ম্মস্য সংসিদ্ধির্হরিতোষণম্ ॥ ১৩ ॥
তস্মাদেকেন মনসা ভগবান্ সাত্বতাং পতিঃ ।
শ্রোতব্যঃ কীর্ত্তিতব্যশ্চ ধ্যেয়ঃ পূজ্যশ্চ নিত্যশঃ ॥ ১৪ ॥
যদনুধ্যাসিনা যুক্তাঃ কর্ম্মগ্রন্থিনিবন্ধনম্ ।
ছিন্দন্তি কোবিদাস্তস্য কো ন কুর্য্যাৎ কথারতিম্ ॥ ১৫ ॥

অন্বয়

অতঃ (অতএব) দ্বিজশ্রেষ্ঠাঃ ! (হে মুনিগণ !) বর্ণাশ্রমবিভাগশঃ (স্বস্ববর্ণাশ্রমবিভাগানুসারে) পুংভিঃ (মানবগণকর্ত্তৃক) স্বনুষ্ঠিতস্য ধর্ম্মস্য (উত্তমরূপে সম্পাদিত ধর্ম্মের) হরিতোষণং [এব] (শ্রীহরির প্রীতিসম্পাদনই) সংসিদ্ধিঃ (ফল) ॥১৩ ॥

তস্মাৎ একেন মনসা (অতএব একাগ্রচিত্তে) সাত্বতাং পতিঃ (ভক্তপালক) ভগবান্ (শ্রীহরি) নিত্যশঃ (সর্ব্বদা) শ্রোতব্যঃ (গুরুর মুখ ও শাস্ত্র হইতে শ্রবণীয়) কীর্ত্তিতব্যশ্চ (এবং কীর্ত্তনীয়) ধ্যেয়ঃ পূজ্যঃ চ (ধ্যেয় ও পূজনীয় হইয়া থাকেন) ॥ ১৪ ॥

যদনুধ্যাসিনা (যেই ভগবদ্ধ্যানরূপ খড়্গদ্বারা) যুক্তাঃ কোবিদাঃ (ভক্তিযুক্ত ভগবদ্ভক্তগণ) গ্রন্থিনিবন্ধনং কর্ম্ম (দেহাদিতে আত্মত্ববুদ্ধিরূপ গ্রন্থির জনক কাম্যাদি কর্ম্ম) ছিন্দন্তি (ছেদন করিয়া থাকেন), তস্য (সেই ভগবানের) কথারতিং (লীলাগুণশ্রবণে আসক্তি) কঃ ন কুর্য্যাৎ ? (কোন্ ব্যক্তিই বা না করিয়া থাকেন ?) [অর্থাৎ সকলেরই আসক্তি হইয়া থাকে] ॥ ১৫ ॥

অনুবাদ

অতএব হে মুনিগণ ! মানবগণ যে স্বস্ববর্ণাশ্রমানুসারে উত্তমরূপে ধর্ম্মকার্য্য করে, শ্রীহরির প্রীতিসম্পাদনই তাহার ফল ॥ ১৩ ॥

[যেহেতু ধর্ম্মানুষ্ঠানের ফলই শ্রীহরির প্রীতিসম্পাদন] অতএব একাগ্রচিত্তে ভক্তপালক শ্রীহরির বিষয় গুরুমুখ ও শাস্ত্র হইতে, সর্ব্বদা শ্রবণ করিবে এবং তাঁহার কীর্ত্তন ধ্যান ও পূজা করিবে, অর্থাৎ একমাত্র শ্রীহরিই শ্রবণীয়, কীর্ত্তনীয়, ধ্যেয় ও পূজ্য ॥ ১৪ ॥

যেই ভগবদ্ধ্যানরূপ খড়্গদ্বারা ভক্তিযুক্ত ভগবদ্ভক্তগণ দেহাদিতে আত্মত্ববুদ্ধিরূপ বন্ধের জনক কাম্যাদিকর্ম্ম ছেদন করিয়া থাকেন, সেই ভগবানের লীলাগুণশ্রবণে আসক্তি কাহার না জন্মিয়া থাকে ? [অর্থাৎ সকলেরই আসক্তি হইয়া থাকে] ॥ ১৫ ॥

টীকা

নিতি"—ষাড়্গুণ্যসিদ্ধুং বদন্তি, ন পুনর্নির্ধর্ম্মকম্ ॥১১॥ তদ্বৈদৈকসমধিগম্যং তত্ত্বং জ্ঞানবৈরাগ্যযুক্তয়া ভক্ত্যা এব সাক্ষাৎক্রিয়তে—ইত্যাহ "তচ্ছ্রদ্দধানা" ইতি ॥১২॥ অতঃ "ধর্ম্মস্য" আপবর্গ্যত্বাৎ "সংসিদ্ধিঃ" ফলম্ ॥১৩॥ যস্মাৎ ধর্ম্মস্য হরিতোষণং ফলম্, "তস্মাৎ একেন" হরিতোষণফলকধর্ম্মপ্রধানেন ॥১৪॥ "অনুধ্যাসিনা" ধ্যানখড়্গেন "কর্ম্ম ছিন্দন্তি", কথম্ভূতং ? "গ্রন্থিনিবন্ধনং", দেহাদৌ আত্মত্ববুদ্ধ্যাদিরূপাং গ্রন্থিং নিবধ্নাতীতি

শুশ্রূষোঃ শ্রদ্দধানস্য বাসুদেবকথারুচিঃ।
স্যান্মহৎসেবয়া বিপ্রাঃ! পুণ্যতীর্থনিষেবণাৎ ॥ ১৬ ॥
শৃণ্বতাং স্বকথাঃ কৃষ্ণঃ পুণ্যশ্রবণকীর্ত্তনঃ।
হৃদ্যন্তঃস্থো হ্যভদ্রাণি বিধুনোতি সুহৃৎ সতাম্ ॥ ১৭ ॥
নষ্টপ্রায়েষ্বভদ্রেষু নিত্যং ভাগবতসেবয়া।
ভগবত্যুত্তমঃশ্লোকে ভক্তির্ভবতি নৈষ্ঠিকী ॥ ১৮ ॥

অন্বয়

বিপ্রাঃ! (হে বিপ্রগণ!) পুণ্যতীর্থনিষেবণাৎ (সদ্‌গুরু বা গঙ্গাপ্রভৃতি পুণ্যতীর্থের সেবা হইতে) মহৎসেবয়া (ভগবৎসেবাদ্বারা) শ্রদ্দধানস্য (গুরুবেদান্তবাক্যে শ্রদ্ধাশীল) শুশ্রূষোঃ (ভগবদ্ধর্ম্মশ্রবণেচ্ছু ব্যক্তির) বাসুদেবকথারুচিঃ স্যাৎ (বাসুদেবের কথায় রুচি জন্মিয়া থাকে।) ॥১৬॥

সতাং সুহৃৎ (সজ্জনগণের হিতকারী) পুণ্যশ্রবণকীর্ত্তনঃ কৃষ্ণঃ (যাঁহার শ্রবণ ও কীর্ত্তন পুণ্যকর সেই শ্রীকৃষ্ণ ভগবান্) স্বকথাঃ শৃণ্বতাং (স্বীয় লীলাকথাদিশ্রবণকারী ব্যক্তিগণের) অন্তঃস্থঃ [সন্] (হৃদয়ে থাকিয়া) হৃদি (হৃদয়ে অবস্থিত) অভদ্রাণি (কামনাবাসনাপ্রভৃতি ভক্তিযোগের প্রতিবন্ধকসকল) বিধুনোতি (বিনাশ করিয়া থাকেন) ॥ ১৭ ॥

নিত্যং (সর্ব্বদা) ভাগবতসেবয়া (ভগবদ্ভক্তগণের পরিচর্য্যাদ্বারা অথবা ভাগবতশাস্ত্রের শ্রবণ ও কীর্ত্তনাদি দ্বারা) অভদ্রেষু (ভক্তিযোগের প্রতিবন্ধক অমঙ্গলসকল) নষ্টপ্রায়েষু (প্রায় বিনষ্ট হইলে [পরে]) উত্তমঃশ্লোকে (কীর্ত্তনীয় চরিত্র) ভগবতি (ষড়ৈশ্বর্য্যশালী শ্রীকৃষ্ণে) নৈষ্ঠিকী (নিশ্চলা) ভক্তিঃ ভবতি (ভক্তি জন্মিয়া থাকে) ॥ ১৮ ॥

অনুবাদ

[হরিকথাশ্রবণে আসক্তি জন্মিলে কর্ম্মবন্ধন ছিন্ন হইয়া যায়, এখন কি করিলে তাহাতে রুচি জন্মে, তাহাই বলিতেছেন—] হে বিপ্রগণ! সদ্‌গুরু ও গঙ্গাপ্রভৃতি পুণ্যতীর্থের সেবা হইতে এবং ভগবৎসেবাদ্বারা গুরুবেদান্তবাক্যে শ্রদ্ধাশীল ভগবদ্ধর্ম্মশ্রবণেচ্ছু ব্যক্তির বাসুদেবের কথায় রুচি জন্মিয়া থাকে ॥ ১৬ ॥

যিনি সজ্জনগণের হিতকারী, যাঁহার শ্রবণ ও কীর্ত্তন পুণ্যজনক, সেই ভগবান্ শ্রীকৃষ্ণ স্বকীয় লীলাকথাশ্রবণকারী ব্যক্তিগণের অন্তঃকরণে অবস্থান করিয়া, হৃদয়ে অবস্থিত কামনাবাসনাপ্রভৃতি ভক্তিযোগের প্রতিবন্ধক সকল বিনাশ করিয়া থাকেন ॥ ১৭ ॥

সর্ব্বদা ভগবদ্ভক্তগণের পরিচর্য্যাদ্বারা অথবা ভাগবতশাস্ত্রের শ্রবণ ও কীর্ত্তনাদিদ্বারা ভক্তিযোগের প্রতিবন্ধক অমঙ্গল সকল বিনষ্টপ্রায় হইয়া আসিলে [পরে] সেই কীর্ত্তনীয় চরিত্র ভগবান্ শ্রীকৃষ্ণে নিশ্চলা ভক্তি জন্মিয়া থাকে। ॥ ১৮ ॥*

টীকা

তৎ ॥১৫।১৬।১৭।১৮॥ যে রজ আদয়ঃ, যে চ তজ্জাঃ কামাদ্যাঃ এতৈঃ অনাবিদ্ধং অনভিভূতং চেতো

* শ্রবণকীর্ত্তনাদি দ্বারা ভক্তি লাভ হইলেই সমস্ত অমঙ্গল বিনষ্ট হইয়া থাকে। ভক্তিলাভের পূর্ব্বে কিঞ্চিৎ অমঙ্গললেশ থাকে বলিয়া শ্লোকে প্রায় শব্দ প্রযুক্ত হইয়াছে।

তদা রজস্তমোভাবাঃ কামলোভাদয়শ্চ যে।
চেত এতৈরনাবিদ্ধং স্থিতং সত্ত্বে প্রসীদতি ॥ ১৯ ॥
এবং প্রসন্নমনসো ভগবদ্ভক্তিযোগতঃ।
ভগবত্তত্ত্ববিজ্ঞানং মুক্তসঙ্গস্য জায়তে ॥ ২০ ॥
ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ।
ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি দৃষ্ট এবাত্মনীশ্বরে ॥ ২১ ॥
অতো বৈ কবয়ো নিত্যং ভক্তিং পরময়া মুদা।
বাসুদেবে ভগবতি কুর্ব্বন্ত্যাত্মপ্রসাদনীম্ ॥ ২২ ॥

অন্বয়

তদা (সেই নিশ্চলাভক্তির উদয় হইলে তখন) রজস্তমঃ (রজোগুণ ও তমোগুণ) যে চ ভাবাঃ (এবং যে সকল রজোগুণ ও তমোগুণ সম্ভূত ভাব) কামলোভাদয়ঃ (কাম ও লোভ, ক্রোধাদি), এতৈঃ (এই গুণদ্বয় ও গুণদ্বয় সমুদ্ভূত কামলোভাদি কর্ত্তৃক) অনাবিদ্ধং (অনভিভূত) চেতঃ (চিত্ত) সত্ত্বে স্থিতং [সৎ] (সত্ত্বগুণে বর্ত্তমান থাকিয়া) প্রসীদতি (প্রসন্ন হইয়া থাকে) ॥ ১৯ ॥

এবং (পূর্ব্বোক্ত প্রকারে) ভগবদ্ভক্তিযোগতঃ (ভগবদ্ভক্তিযোগ হইতে) প্রসন্নমনসঃ (প্রশান্তচিত্ত) মুক্তসঙ্গস্য (কামাদিবাসনাশূন্য ব্যক্তিগণের) ভগবত্তত্ত্ববিজ্ঞানং (ভগবানের স্বরূপ ও লীলাদিবিষয়ে বিশেষরূপে জ্ঞান বা অনুভব) জায়তে (জন্মিয়া থাকে) ॥ ২০ ॥

আত্মনি ঈশ্বরে (আত্মস্বরূপ ভগবানের) দৃষ্টে এব (দর্শন মাত্রই) অস্য (এই আত্মজ্ঞানী ব্যক্তির) হৃদয়গ্রন্থিঃ (অহঙ্কারবন্ধন) ভিদ্যতে (বিনষ্ট হইয়া যায়) সর্ব্বসংশয়াঃ (সকল সংশয়) ছিদ্যন্তে (দূরীভূত হইয়া যায়) কর্ম্মাণি চ ক্ষীয়ন্তে (কর্ম্ম সকলও ক্ষয়প্রাপ্ত হইয়া থাকে) ॥ ২১ ॥

অতো বৈ (এই কারণেই) কবয়ঃ (পণ্ডিতগণ) নিত্যং (সর্ব্বদা) পরময়া মুদা

অনুবাদ

পূর্ব্বোক্তপ্রকারে নিশ্চলা ভক্তির উদয় হইলে তখন রজোগুণ ও তমোগুণ এবং যেসকল রজোগুণ ও তমোগুণসম্ভূত কামলোভপ্রভৃতি ভাব, তদ্দ্বারা চিত্ত অনভিভূত হইয়া সত্ত্বগুণে অবস্থানকরতঃ প্রসন্ন হইয়া থাকে ॥ ১৯ ॥

এইরূপে ভগবদ্ভক্তিযোগ হইতে মানবগণের চিত্ত প্রশান্ত ও কামনাবাসনাদি রহিত হইলে তাহাদের ভগবৎতত্ত্ব বিজ্ঞান জন্মে অর্থাৎ ভগবৎস্বরূপ ও লীলাদিবিষয়ে তাহাদের বিশেষরূপে জ্ঞান বা অনুভব জন্মিয়া থাকে ॥ ২০ ॥

আত্মস্বরূপ ভগবানের দর্শনমাত্রই এই আত্মজ্ঞানী ব্যক্তির হৃদয়গ্রন্থি অর্থাৎ অহঙ্কাররূপ বন্ধন বিনষ্ট হইয়া যায়, অসম্ভাবনাদিরূপ সংশয় সকলও দূরীভূত হয় এবং কর্ম্মসকলও ক্ষয়প্রাপ্ত হয় ॥ ২১ ॥

ভগবদ্দর্শনে সমস্ত অনর্থ নষ্ট হয় বলিয়া পণ্ডিতগণ সর্ব্বদা অত্যন্ত আনন্দ-সহকারে ভগবান্ বাসুদেব শ্রীকৃষ্ণে চিত্তের আনন্দপ্রদায়িনী ভক্তি করিয়া থাকেন ॥ ২২ ॥

টীকা

যদা ভবতি, তদা সত্ত্বে স্থিতং সৎ প্রসীদতি ॥ ১৯। ২০। ২১। ২২ ॥

সত্ত্বং রজস্তম ইতি প্রকৃতের্গুণাস্তৈ-
র্যুক্তঃ পরঃ পুরুষ এক ইহাস্য ধত্তে।
স্থিত্যাদয়ে হরিবিরিঞ্চিহরেতিসংজ্ঞাঃ,
শ্রেয়াংসি তত্র খলু সত্ত্বতনোর্নৃণাং স্যুঃ ॥ ২৩ ॥

অন্বয়

(অত্যন্ত আনন্দের সহিত) ভগবতি বাসুদেবে (ভগবান্ শ্রীকৃষ্ণে) আত্মপ্রসাদনীং (চিত্তের আনন্দ প্রদায়িনী) ভক্তিং কুর্ব্বন্তি (ভক্তি করিয়া থাকেন ॥ ২২ ॥

একঃ (অদ্বিতীয়) পরঃ (পূর্ণস্বভাব) পুরুষঃ (প্রকৃতি নামক শক্তির নিয়ন্তা শ্রীবাসুদেব) অস্য (এই চেতন ও অচেতনাত্মক জগতের) স্থিত্যাদয়ে (সৃষ্টি স্থিতি ও সংহারের নিমিত্ত) প্রকৃতেঃ (শক্তিভূতা প্রকৃতির) সত্ত্বং রজঃ তমঃ ইতি [যে] গুণাঃ (সত্ত্ব, রজঃ ও তমঃ নামক যে গুণত্রয়), তৈঃ যুক্তঃ (সেই গুণত্রয়যুক্ত হইয়া) হরিবিরিঞ্চিহরেতি সংজ্ঞাঃ (বিষ্ণু ব্রহ্মা ও হর এই নামত্রয়) ধত্তে (ধারণ করিয়া থাকেন)। তত্র (সেই ত্রিগুণাধিষ্ঠাত্রী দেবতা হরি ব্রহ্মা ও হরের মধ্যে) সত্ত্বতনোঃ খলু (সত্ত্বমূর্ত্তি অর্থাৎ সত্ত্বগুণের নিয়ন্তা বাসুদেব হইতেই) নৃণাং (মানবগণের) শ্রেয়াংসি স্যুঃ (মঙ্গল হইয়া থাকে) ॥ ২৩ ॥

অনুবাদ

এক পরপুরুষ (অর্থাৎ যাঁহার সমানও নাই এবং যাঁহা হইতে উৎকৃষ্টও নাই সেই পূর্ণ-স্বরূপ, সর্ব্বজ্ঞ, সর্ব্বশক্তিমান্, প্রকৃতি-শক্তির নিয়ন্তা বাসুদেব,) এই চেতন ও অচেতনাত্মক জগতের সৃষ্টি, স্থিতি ও সংহারের নিমিত্ত, শক্তিভূতা প্রকৃতির সত্ত্ব রজঃ ও তমঃ—এই গুণত্রয়যুক্ত হইয়া "হরি ব্রহ্মা ও হর" এই নামত্রয় ধারণ করিয়া থাকেন। সেই ত্রিগুণাধিষ্ঠাত্রী দেবতা হরি ব্রহ্মা ও হরের মধ্যে সত্ত্বমূর্ত্তি অর্থাৎ সত্ত্বনিয়ন্তা বাসুদেব হইতেই মানবগণের (শ্রেয়ঃ সকল অর্থাৎ সাধনসম্পত্তি, বন্ধননিবৃত্তি ও পরমপদপ্রাপ্তিরূপ) মঙ্গল হইয়া থাকে ॥ ২৩ ॥*

টীকা

নিত্যং পরময়া মুদা বাসুদেবে ভক্তিং কুর্ব্বন্তীত্যুক্তং, তচ্চ বাসুদেবস্য নিঃসমানাধিকত্বে সতি উপপদ্যেত, ইত্যকাঙ্ক্ষায়াং ভগবতো নিঃসমানাধিকত্বং দর্শয়তি—"সত্ত্বমি"ত্যাদিনা। "একঃ" সমানাধিকশূন্যঃ "পরঃ" পূর্ণঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্বশক্তিঃ "পুরুষঃ" প্রকৃত্যাখ্যশক্তিনিয়ন্তা "একমেবাদ্বিতীয়ং ব্রহ্ম" "পরঃ পরাণাং সকলা ন যত্র, ক্লেশাদয়ঃ সন্তি পরাবরেশে," "পুরুষ এবেদং সর্ব্বং" "প্রধানক্ষেত্রজ্ঞপতি-র্গুণেশঃ" "সত্যকামঃ সত্যসঙ্কল্পঃ" ইত্যাদি শ্রুতিপ্রসিদ্ধঃ, "স বৈ কিলায়াং পুরুষঃ পুরাতনো, য এক আসীদবিশেষ আত্মনি।" "বাসুদেবাৎ পরো ব্রহ্মণ্ ন চান্যার্থোঽস্তিতত্ত্বতঃ" ইত্যাদিনা অত্রৈব প্রসিদ্ধঃ শ্রীবাসুদেবঃ সর্ব্বচেতনাচেতনপ্রবর্ত্তকো বিশ্বসিসৃক্ষুঃ মহদাদিপৃথিব্যন্তং সর্ব্বং বিশ্বং কেনাপি স্বাংশেন জীবেন স্রষ্টুমশক্যং স্বয়ং স্রষ্টা পুনরস্য বিশ্বস্যান্তরীয়স্থিত্যাদয়ে স্থিতিসৃষ্টিসংহারার্থং যে শক্তিভূতায়াঃ "প্রকৃতেঃ সত্ত্বরজস্তম ইতি গুণাঃ তৈঃ যুক্তঃ," স্বাবতারেণ স্বাংশভূতক্ষেত্রজ্ঞদ্বয়েন চ তান্ অধিষ্ঠায় স্থিতঃ

* সৃষ্টির নিমিত্ত রজোগুণাধিষ্ঠাতা স্বীয় অংশভূত ক্ষেত্রজ্ঞবিশেষে "ব্রহ্মা" এই নাম ধারণ করেন। সেইরূপ সংহারের নিমিত্ত তমোগুণাধিষ্ঠাতা ক্ষেত্রজ্ঞবিশেষে "মহেশ্বর" এই নাম ধারণ করেন। এবং স্থিতির নিমিত্ত সত্ত্বগুণাধিষ্ঠাতৃরূপে স্বীয় অবতারবিশেষে "হরি" এই নাম ধারণ করেন। এইরূপে বাসুদেবই সূর্য্য, চন্দ্র, ইন্দ্র প্রভৃতিকেও তাঁহাদের নিজ নিজ অধিকারে নিযুক্ত করিয়াছেন বুঝিতে হইবে।

পার্থিবাদ্দারুণো ধূমস্তস্মাদগ্নিস্ত্রয়ীময়ঃ।
তমসস্তু রজস্তস্মাৎ সত্ত্বং যদ্‌ব্রহ্মদর্শনম্ ॥ ২৪ ॥

অন্বয়

পার্থিবাৎ (পৃথিবীর পরিণাম) [অতএব প্রবৃত্তি ও প্রকাশ রহিত] দারুণঃ (কাষ্ঠ হইতে) ধূমঃ ([প্রবৃত্তি স্বভাব বলিয়া] ধূম [শ্রেষ্ঠ]) তস্মাৎ (সেই ধূম হইতে) ত্রয়ীময়ঃ অগ্নিঃ (বেদোক্ত কর্ম্মপ্রচুর অগ্নি [শ্রেষ্ঠ]) [সেইরূপ] তমসঃ তু ([লয়াত্মক] তমোগুণ হইতে) রজঃ (রজোগুণ [শ্রেষ্ঠ]) তস্মাৎ (সেই রজোগুণ হইতে) সত্ত্বং (সত্ত্বগুণ [শ্রেষ্ঠ]) যৎ (যেহেতু সত্ত্বগুণ) ব্রহ্মদর্শনম্ (ব্রহ্মসাক্ষাৎকারের দ্বারস্বরূপ) ॥ ২৪

অনুবাদ

[সেই সত্ত্বমূর্ত্তির শ্রেষ্ঠতাই দৃষ্টান্তদ্বারা প্রতিপাদন করিতেছেন। যেমন] পৃথিবীর পরিণাম অতএব প্রকাশ ও প্রবৃত্তিরহিত কাষ্ঠ হইতে প্রবৃত্তি-স্বভাব বলিয়া ধূম শ্রেষ্ঠ, সেই ধূম হইতে বেদোক্ত কর্ম্ম-সাধকহেতু অগ্নি শ্রেষ্ঠ, [সেইরূপ] লয়াত্মক তমোগুণ হইতে রজোগুণ শ্রেষ্ঠ; [কারণ, রজোগুণ বিক্ষেপাত্মক হইলেও তাহাতে জ্ঞানের কথঞ্চিৎ সম্ভাবনা আছে] সেই রজোগুণ হইতে সত্ত্বগুণ শ্রেষ্ঠ। যেহেতু সত্ত্বগুণ ব্রহ্মসাক্ষাৎকারের দ্বারস্বরূপ। [অতএব সেই সেই গুণাধিষ্ঠাত্রী দেবতা হর, ব্রহ্মা এবং বিষ্ণুরও বৈশিষ্ট্য উত্তরোত্তর অধিক বলিয়া বুঝিতে হইবে] ॥ ২৪ ॥

টীকা

"হরিবিরিঞ্চিহরেতি সংজ্ঞাঃ ধত্তে" বিভর্ত্তি, সন্ধিরার্ষঃ। তত্র সৃষ্ট্যর্থং স্বপ্রসাদবিষয়েন স্বশক্তিলেশোপবৃংহিতেন স্বাংশভূতেন ক্ষেত্রজ্ঞবিশেষেণ রজোগুণযুক্তেন "বিরিঞ্চিরিতি" সংজ্ঞাং ধত্তে। তথৈব সংহারার্থম্ অপরেণ ক্ষেত্রজ্ঞেন স্বকীয়সংহারশক্তিলেশোপবৃংহিতেন তমোগুণাধিষ্ঠাত্রা "হর" ইতি সংজ্ঞাং ধত্তে। তথা জীবানাং বিশ্বপালনাধিকারযোগ্যতাম্ অদৃষ্ট্বা স্বাবতারেণ স্থিত্যর্থং সত্ত্বগুণনিয়ন্তৃতয়া "হরি"রিতি সংজ্ঞাং ধত্তে। এবং অর্কচন্দ্রেন্দ্রাদ্যা অপি বাসুদেবেনৈব তত্তদধিকারেষু নিযুক্তা ইতি জ্ঞেয়ম্। তথাচোক্তং বিষ্ণুধর্ম্মোত্তরে বিষ্ণুপুরাণে চ—"ব্রহ্মা শম্ভুস্তথৈবার্কশ্চন্দ্রমাশ্চ শতক্রতুঃ। এবমাদ্যাস্তথৈবান্যে যুক্তা বৈষ্ণবতেজসা ॥ জগৎকার্য্যাবসানে তু বিযুজ্যন্তে চ তেজসা। নহি পালনসামর্থ্যমৃতে সর্ব্বেশ্বরং হরিম্ ॥ স্থিতৌ স্থিতং মহাপ্রাজ্ঞঃ ভবত্যন্যস্য কস্যচিদিতি"। বক্ষ্যতি চ—"সৃজামি তন্নিযুক্তোঽহং হরো হরতি তদ্বশ ইতি"। তত্র তেষু ত্রিগুণাধিষ্ঠাতৃষু মধ্যে নৃণাং শ্রেয়াংসি তু সাধনসম্পত্তিবন্ধনিবৃত্তিপরমপদপ্রাপ্তিরূপাণি। "সত্ত্বতনোঃ" সত্ত্বনিয়ন্তুঃ সকাশাদেব "স্যুঃ"। তস্য বাসুদেবাবতারত্বাৎ, অতঃ সর্ব্বকারণঃ সর্ব্বশক্তিঃ সর্ব্বজ্ঞঃ পরমকারুণিকঃ সমানাতিশয়শূন্যঃ শ্রীবাসুদেব এব ভজনীয়ঃ ॥ ২৩ ॥ রজস্তমোঽধিষ্ঠাতৃভ্যাং সত্ত্বাধিষ্ঠাতুঃ বাসুদেবাবতারতয়া শ্রেয়ঃপ্রদত্বেন শ্রৈষ্ঠ্যমুক্তম্। ইদানীং রজস্তমোভ্যাং সত্ত্বস্য শ্রেয়োদ্বারত্বেন শ্রৈষ্ঠ্যমাহ—"পার্থিবাদি"ত্যাদিনা। "পার্থিবাৎ" পৃথিবীবিকারাৎ, "দারুণঃ" কাষ্ঠাৎ "ধূমো"ঽগ্নিপ্রত্যায়কস্তস্মাদগ্নিঃ শ্রেষ্ঠঃ। যতঃ "ত্রয়ীময়ঃ" ঋগ্‌যজুঃসামোক্তকর্ম্মপ্রচুরঃ এবং "তমসস্তু রজঃ তস্মাৎ সত্ত্বং" শ্রেষ্ঠম্। "যৎ" যস্মাদ্ধেতোঃ "সত্ত্বং ব্রহ্মদর্শনং" ব্রহ্মসাক্ষাৎকারদ্বারভূতম্ ॥ ২৪ ॥

ভেজিরে মুনয়োঽথাগ্রে ভগবন্তমধোক্ষজম্।
সত্ত্বং বিশুদ্ধং ক্ষেমায় কল্পন্তে যেঽনুতানিহ ॥ ২৫ ॥
মুমুক্ষবো ঘোররূপান্ হিত্বা ভূতপতীনথ।
নারায়ণকলাঃ শান্তা ভজন্তি হ্যনসূয়বঃ ॥ ২৬ ॥

অন্বয়

অথ (সত্ত্বাধিষ্ঠাতা বিষ্ণুই শ্রেষ্ঠ বলিয়া) অগ্রে (পূর্ব্বকালে) মুনয়ঃ (সনক প্রভৃতি ঋষিগণ) বিশুদ্ধং সত্ত্বং (প্রাকৃতদোষরহিত সত্ত্বমূর্ত্তি) অধোক্ষজং ভগবন্তং (ইন্দ্রিয়াতীত ভগবান্ বাসুদেবের) ভেজিরে (উপাসনা করিয়াছিলেন)। ইহ (বর্ত্তমান সময়ে) যে (যে সকল মানব) তান্ (সেই পূর্ব্বাচার্য্য ঋষিগণের) অনু (অনুবর্ত্তী হইয়া থাকেন) তে (তাঁহারা) ক্ষেমায় (পরম মঙ্গলস্বরূপ মোক্ষপদ) কল্পন্তে (প্রাপ্ত হইয়া থাকেন) ॥ ২৫ ॥

মুমুক্ষবঃ (মুক্তিকামী ব্যক্তিগণ) অনসূয়বঃ (অন্যদেবতা বা অন্য দেবতার উপাসকদিগকে দ্বেষ না করিয়া) ঘোররূপান্ (তমোগুণপ্রধান) ভূতপতীন্ (রুদ্রগণ, পিতৃগণ ও প্রজাপতিগণকে) হিত্বা (পরিত্যাগ করিয়া) শান্তাঃ (বিশুদ্ধসত্ত্বভাবাপন্ন) নারায়ণকলাঃ (ভগবদবতারমূর্ত্তি সকলের) ভজন্তি হি (ভজনা করিয়া থাকেন) ॥ ২৬ ॥

অনুবাদ

[সত্ত্বমূর্ত্তি ভগবান্ বাসুদেবই শ্রেষ্ঠ ও তিনিই মানবগণের পরম মঙ্গলদাতা, ইহা পূর্ব্বশ্লোকে বলা হইয়াছে]। সেই কারণেই পূর্ব্বকালে সনকপ্রভৃতি ঋষিগণ, বিশুদ্ধ সত্ত্বমূর্ত্তি অর্থাৎ প্রাকৃতদোষবর্জ্জিত এবং ইন্দ্রিয়াতীত ভগবান্ বাসুদেবের উপাসনা করিয়াছিলেন। বর্ত্তমান সময়েও যেসকল মানব সেই পূর্ব্বাচার্য্য ঋষিগণের অনুবর্ত্তী হইয়া থাকেন, তাঁহারা পরমমঙ্গলস্বরূপ মোক্ষপদ প্রাপ্ত হইয়া থাকেন ॥ ২৫ ॥

[অন্য দেবতার উপাসকগণ সকামী। মুমুক্ষুগণের ভগবানই উপাস্য দেবতা, তাহাই বলিতেছেন]—মুক্তিকামী ব্যক্তিগণ অন্য দেবতা ও অন্যদেবতার উপাসকগণের দ্বেষ না করিয়া ঘোররূপ অর্থাৎ তমোগুণ প্রধান রুদ্রপ্রভৃতি দেবগণকে পরিত্যাগ করিয়া শান্ত নারায়ণকলার অর্থাৎ বিশুদ্ধসত্ত্বভাবাপন্ন ভগবানের অবতারমূর্ত্তি সকলের ভজনা করিয়া থাকেন ॥ ২৬ ॥

টীকা

"অথ"শব্দো হেত্বর্থঃ। অতো হেতোঃ সত্ত্বাধিষ্ঠাতুঃ সত্ত্বস্য চ শ্রেষ্ঠত্বাৎ অগ্রে যে মুনয়ঃ, তে "সত্ত্বং" সত্ত্বনিয়ন্তারং "বিশুদ্ধং" বিশেষতঃ শুদ্ধং প্রাকৃতদোষাস্পৃষ্টম্ "অধোক্ষজং ভগবন্তং" ভেজিরে উপাসাঞ্চক্রিরে। "ইহ যে তান্" মুনীন্ "অনু" তদনুবর্ত্তিনঃ "ক্ষেমায়" মোক্ষায় "কল্পন্তে" ॥ ২৫ ॥ লোকে বেদে চ বাসুদেবোপাসকাঃ ব্রহ্মরুদ্রাদ্যুপাসকাশ্চ দৃশ্যন্তে, তত্রাধিকারিভেদাদ্ ব্যবস্থামাহ—"মুমুক্ষব" ইত্যাদি দ্বাভ্যাম্। "ভূতপতীন্" রুদ্রাদীন্ বহুবচনেন পিতৃপ্রজেশাদীনাং গ্রহণম্ ॥ ২৬ ॥

রজস্তমঃপ্রকৃতয়ঃ সমশীলা ভজন্তি বৈ।
পিতৃভূতপ্রজেশাদীন্ শ্রিয়ৈশ্বর্য্যপ্রজেপ্সবঃ ॥ ২৭ ॥
বাসুদেবপরা বেদা বাসুদেবপরা মখাঃ।
বাসুদেবপরা যোগা বাসুদেবপরাঃ ক্রিয়াঃ ॥ ২৮ ॥

অন্বয়

রজস্তমঃপ্রকৃতয়ঃ (রাজস ও তামস স্বভাবাপন্ন) সমশীলাঃ ([অতএব] রুদ্র, পিতৃ, প্রজাপতি প্রভৃতি দেবতাগণের সমানস্বভাব মনুষ্যগণ) শ্রিয়ৈশ্বর্য্যপ্রজেপ্সবঃ (সৌন্দর্য্য, ঐশ্বর্য্য ও সন্তান কামনা করিয়া) পিতৃভূতপ্রজেশাদীন্ (পিতৃগণ, ভূতগণ ও প্রজাপতি প্রভৃতির) ভজন্তি বৈ (ভজনা করিয়া থাকেন) ॥২৭॥

বেদাঃ বাসুদেবপরাঃ (বাসুদেবের প্রতিপাদনই সমস্ত বেদের তাৎপর্য্য) মখাঃ (যজ্ঞ সকলও) বাসুদেবপরাঃ (বাসুদেবের তুষ্টির নিমিত্ত হয় বলিয়া বাসুদেবেই পরিসমাপ্ত) যোগাঃ (যোগশাস্ত্রসমূহও) বাসুদেবপরাঃ (বাসুদেবপ্রাপ্তির জন্যই হইয়া থাকে)। ক্রিয়াঃ (আশ্রমধর্ম্মোক্ত ক্রিয়া সকলও) বাসুদেবপরাঃ (বাসুদেবেই অর্পিত হইয়া থাকে) ॥ ২৮ ॥

অনুবাদ

রাজস ও তামস স্বভাবাপন্ন, এবং রুদ্র, প্রজাপতি ও পিতৃপ্রভৃতি দেবতাগণের সমানস্বভাবাপন্ন মনুষ্যগণ সৌন্দর্য্য, ঐশ্বর্য্য ও সন্তান কামনা করিয়া পিতৃগণ, ভূতগণ ও প্রজাপতিগণের ভজনা করিয়া থাকেন ॥ ২৭ ॥

বাসুদেবের প্রতিপাদনই সমস্ত বেদের তাৎপর্য্য। যজ্ঞ সকলও বাসুদেবের তুষ্টির নিমিত্ত অনুষ্ঠিত হয় বলিয়া বাসুদেবেই পরিসমাপ্ত। যোগশাস্ত্র যে যমনিয়মাদি যোগাঙ্গ সকল প্রতিপাদন করিয়া যোগের বিধান দিয়া থাকেন, তাহাও বাসুদেব-প্রাপ্তির জন্যই হইয়া থাকে এবং আশ্রমোক্ত কর্ম্মসকলও বাসুদেবেই অর্পিত হইয়া থাকে ॥ ২৮ ॥

টীকা

"সমশীলাঃ" পিতৃভূতপত্যাদিভিঃ সমং শীলং যেষাং তে ॥২৭॥ "পুংসামেকান্ততঃ শ্রেয়স্তন্নঃ শংসিতুমর্হসি" ইত্যুপায়প্রশ্নে কৃতে উপায়াকাঙ্ক্ষায়াং সত্যাম্ "অতঃ সাধোঽত্র যৎ সারং সমুদ্ধৃত্য মনীষয়া ব্রূহি নঃ শ্রদ্দধানানা" মিত্যুপেয়াকাঙ্ক্ষাপূরণার্থং সর্ব্বশাস্ত্রসারং ব্রূহীতি প্রশ্নঃ কৃতঃ। তত্রোত্তরমাহ-"বাসুদেব-পরা বেদা" ইতি। বাসুদেবঃ পরো মুখ্যো বিষয়ো যেষাং তে বাসুদেবপরাঃ, "সর্ব্বে বেদা যৎপদমামনন্তী"তি শ্রুতেঃ। "বেদৈশ্চ সর্ব্বৈরহমেব বেদ্য" ইতি শ্রীমুখবচনাচ্চ। পূর্ব্বোক্তঃ সপরিকরো ভক্তিযোগ উপায়ঃ, সর্ব্বশাস্ত্রসারং বাসুদেবতত্ত্বং তদেবোপেয়মিতি ভাবঃ। বেদানাং নানার্থপরত্বমাশঙ্ক্য বেদোক্তরীত্যৈব সর্ব্বশ্রুতীনাং বাসুদেবে সমন্বয়মাহ—"বাসুদেবপরা মখাঃ", মখাঃ যজ্ঞাঃ, বিবিৎসোৎপাদনদ্বারা বাসুদেবপরাঃ "তমেতমাত্মানং ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসানাশকেন" ইতি শ্রুতেঃ। "যোগাঃ" ইন্দ্রিয়সংযমাদয়ঃ "বাসুদেব-পরা" এব "যদা পঞ্চাবতিষ্ঠন্তে জ্ঞানানি মনসা সহ। বুদ্ধিশ্চ ন বিচেষ্টতে তামাহুঃ পরমাং গতিমি"তি শ্রুতিপ্রোক্তাঃ, সমনস্কেন্দ্রিয়বুদ্ধ্যাদিসংযমো বাসুদেবধ্যানার্থঃ। বহুবচনেন "যদহরেব বিরজেৎ তদহরেব প্রব্রজেদিতি শ্রুত্যুক্তঃ বৈরাগ্যযোগো গৃহ্যতে। "ক্রিয়াঃ" সর্ব্বাঃ বেদোক্তাঃ "বাসুদেবপরাঃ", "যৎকরোষি যদশ্নাসি যজ্জুহোষি দদাসি যৎ। যৎ তপস্যসি কৌন্তেয়! তৎকুরুষ মদর্পণমিতি" শ্রীমুখোক্তেঃ ॥ ২৮ ॥

বাসুদেবপরং জ্ঞানং বাসুদেবপরং তপঃ।
বাসুদেবপরো ধর্ম্মো বাসুদেবপরা গতিঃ ॥ ২৯ ॥
স এবেদং সসর্জ্জাগ্রে ভগবানাত্মমায়য়া।
সদসদ্রূপয়া চাসৌ গুণময্যাগুণো বিভুঃ ॥ ৩০ ॥

অন্বয়

জ্ঞানং (জ্ঞানপ্রধান উপনিষৎ রহস্যও) বাসুদেবপরং (বাসুদেব প্রতিপাদক) তপঃ (তীর্থবাস, দেহশোষণ, নিয়মপালনাদিরূপ তপস্যাও) বাসুদেবপরং (বাসুদেববিষয়ক) ধর্ম্মঃ (বর্ণাশ্রমোক্ত ধর্ম্মসকল অর্থাৎ দানব্রতাদিও) বাসুদেবপরঃ (বাসুদেব বিষয়ক) গতিঃ (অর্চ্চিরাদিমার্গে গমনও) বাসুদেবপরা [ভগবানের আনন্দাংশের অন্তর্ভুক্ত বলিয়া] (বাসুদেবপরই) ॥ ২৯ ॥

সঃ অসৌ (সেই পূর্ব্বোক্ত) অগুণঃ (গুণাতীত) বিভুঃ (সর্ব্বব্যাপী) ভগবান্ এব (ভগবান্ বাসুদেবই) অগ্রে (সৃষ্টির পূর্ব্বে) সদসদ্রূপয়া (স্থূলসূক্ষ্মরূপা) গুণময্যা (সত্ত্ব, রজ ও তমোগুণাত্মিকা) আত্মমায়য়া (স্বীয় মায়াশক্তিদ্বারা) ইদং (এই চেতনাচেতনরূপ জগৎ) সসর্জ্জ (সৃষ্টি করিয়াছেন) ॥৩০॥

অনুবাদ

জ্ঞানপ্রধান উপনিষৎ রহস্যও বাসুদেবকেই প্রতিপাদন করিয়া থাকে। তীর্থবাস, দেহশোষণ, নিয়মপালনাদিরূপ তপস্যাও বাসুদেব বিষয়ক। দান-ব্রতাদি বর্ণাশ্রমোক্ত-ধর্ম্মসকলও বাসুদেব বিষয়ক। গতি অর্থাৎ অর্চ্চিরাদিমার্গে গমনও [ভগবানের আনন্দাংশের অন্তর্ভুক্ত বলিয়া] বাসুদেবপরই ॥ ২৯ ॥

সেই পূর্ব্বোক্ত অগুণ বিভু ভগবানই অর্থাৎ গুণাতীত দেশকালাদি বস্তুদ্বারা পরিচ্ছেদশূন্য সূক্ষ্ম চিদচিৎশক্তিযুক্ত ভগবান্ বাসুদেবই সৃষ্টির পূর্ব্বে সদসদ্রূপা গুণময়ী আত্মমায়া দ্বারা অর্থাৎ স্থূল ও সূক্ষ্মরূপিণী সত্ত্ব, রজঃ ও তমোগুণাত্মিকা স্বীয়া মায়াশক্তিদ্বারা এই স্থূল ও সূক্ষ্ম, চেতন ও অচেতনস্বরূপ জগৎ সৃষ্টি করিয়াছেন। (অর্থাৎ সৃষ্টি সময়ে সূক্ষ্মা অচিৎশক্তিকে মহদাদিস্তম্বপর্য্যন্ত স্থূলরূপে পরিণত করিয়া জীবরূপ সূক্ষ্মা চিৎ-

টীকা

"জ্ঞানং" জ্ঞানপ্রধানমুপনিষদ্রহস্যম্ "বাসুদেবপর"মেব "তপঃ" তীর্থবাসদেহশোষণব্রতনিয়মাদিরূপং "বাসুদেবপর"মেব। "ধর্ম্মঃ" স্বস্ববর্ণাশ্রমধর্ম্মঃ "বাসুদেবপরঃ"। "গতিঃ" অর্চ্চিরাদিমার্গরূপা "বাসুদেবপরা" এব ॥ ২৯ ॥ অথ "তস্য কর্ম্মাণ্যুদারাণি ব্রূহীতি" প্রশ্নস্যোত্তরমাহ "স এব" ইতি চতুর্ভিঃ। "স এব" বাসুদেবঃ "বিভুঃ", অসৌ মম হৃদি ভাসমানঃ "আত্মমায়য়া" স্বশক্তিভূতয়া "সদসদ্রূপয়া" স্থূলসূক্ষ্মরূপয়া "গুণময্যা" সত্ত্বাদিগুণপ্রচুরয়া "অগুণঃ" তদ্‌গুণাস্পৃষ্টস্বরূপঃ "ইদং" চিদচিদ্রূপং "অগ্রে সসর্জ্জ", সূক্ষ্মচিদ-চিচ্ছক্তিঃ এক এব বিভুঃ দেশকালবস্তুপরিচ্ছেদশূন্যঃ সজাতীয়বিজাতীয়ভেদশূন্যঃ অচিচ্ছক্তিং সূক্ষ্মরূপাং মহদাদিস্তম্বপর্য্যন্তস্থূলাকারতয়া সৃষ্টিসময়ে প্রসার্য্য চিচ্ছক্তিং জীবাখ্যাং দেবমনুষ্যাদিনানাদেহরূপায়াং স্থূলাবস্থা-পন্নায়াং প্রকৃতৌ যথাকর্ম্ম সংস্থাপ্য ইদং বিশ্বং শক্তিদ্বয়াত্মকং সসর্জ্জ। শক্তিদ্বয়স্য শক্তিত্বেন ভিন্নত্বেঽপি শক্তিমদ্ভিন্নস্থিতিপ্রবৃত্ত্যসম্ভবাৎ শক্তিমতোঽভিন্নত্বং জ্ঞেয়ম্। এবং সতি শক্তিমতো জগদুপাদানকারণত্বাৎ নির্গুণত্বং বর্ত্ততে। জগৎকর্ত্তৃত্বেন স্বাভাবিকগুণবত্ত্বং চোপপদ্যতে ইতি ॥ ৩০ ॥

তয়া বিলসিতেষ্বেষু গুণেষু গুণবানিব।
অন্তঃপ্রবিষ্ট আভাতি বিজ্ঞানেন বিজৃম্ভিতঃ ॥ ৩১ ॥

অন্বয়

তয়া (সেই ত্রিগুণাত্মিকা শক্তিদ্বারা) বিলসিতেষু গুণেষু (রচিত এই মহদাদিস্তম্ব পর্য্যন্ত জগতে) [ভগবান্] বিজ্ঞানেন (জ্ঞানস্বরূপ স্বীয় অংশ জীবরূপে) [কর্ম্মফলভোগের নিমিত্ত] বিজৃম্ভিতঃ (প্রবর্ত্তিত হইয়াছেন)। [এবং] অন্তঃপ্রবিষ্টঃ (অনুপ্রবিষ্ট হইয়া) গুণবান্ ইব (পক্ষপাতিত্ব, নির্দ্দয়ত্বাদি লৌকিক গুণযুক্ত হইয়াই যেন) আভাতি (প্রতীত হইয়া থাকেন) ॥ ৩১ ॥

অনুবাদ

শক্তিকে দেবমনুষ্যাদি নানাদেহরূপ স্থূলাবস্থাতে কর্ম্মানুযায়ী সংস্থাপন করিয়া শক্তিদ্বয়াত্মক এই জগৎ সৃষ্টি করিয়াছেন) ॥ ৩০ ॥*

(ভগবানের বিশ্বরচনাত্মক কর্ম্মের কথা বলিয়া তাঁহার প্রবেশলক্ষণাত্মক কর্ম্ম কিরূপ তাহাই দেখাইতেছেন)—ভগবান্ সেই ত্রিগুণাত্মিকা মায়াশক্তিদ্বারা মহদাদিস্তম্বপর্য্যন্ত জগৎ সৃষ্টি করিয়া তাহাতে জ্ঞান-স্বরূপ, স্বীয় অংশ জীবরূপে জীবকৃত কর্ম্মফলভোগের নিমিত্ত প্রবর্ত্তিত হইয়া আছেন। এইরূপে অনুপ্রবিষ্ট হইয়া পক্ষপাতিত্বাদি লৌকিকগুণযুক্ত হইয়াই যেন তিনি প্রতীত হইয়া থাকেন। (বস্তুতঃ তিনি কোন প্রকার লৌকিকগুণযুক্ত নহেন, সেই সমস্ত, দোষগুণাদিযুক্ত কর্ম্মকে অপেক্ষা করিয়াই হইয়া থাকে) ॥ ৩১ ॥

টীকা

এবং ভগবতঃ বিশ্বরচনাত্মকং কর্ম্ম দর্শয়িত্বা প্রবেশলক্ষণং কর্ম্ম দর্শয়তি—"তয়েতি"। "তয়া" গুণময্যা "বিলসিতেষু" রচিতেষু গুণকার্য্যেষু মহদাদিস্তম্বপর্য্যন্তেষু ভগবান্ "বিজ্ঞানেন" জ্ঞানস্বরূপেণ স্বাংশেন জীবেন স্বকৃতপুণ্যাপুণ্যকর্ম্মফলভোগায় "বিজৃম্ভিতঃ" প্রবর্ত্তিতঃ। যদ্বা "বিজ্ঞানেন" জীবকর্ম্মফলদানায় স্বসঙ্কল্পেন "বিজৃম্ভিতঃ" প্রবর্ত্তিতঃ। "অন্তঃপ্রবিষ্টঃ গুণবান্ ইব" বৈষম্যনৈর্ঘৃণ্যলক্ষণলৌকিকগুণযুক্ত ইব "আভাতি" প্রতীয়তে, ন তু বৈষম্যনৈঘৃণ্যবান্। তত্তৎকর্ম্মসাপেক্ষত্বাৎ ॥ ৩১ ॥ অথ প্রেরণরূপং কর্ম্ম ভগবতো দর্শয়তি—"যথেতি"। আর্দ্রশুষ্কোত্তমাধমাদিষু স্বযোনিষু স্বাভিব্যক্তিস্থানেষু "দারুষু বহ্নিঃ এক এব অবস্থিতঃ" সমাস্থিতঃ "নানেব ভাতি"। তৎ-কাষ্ঠ স্বভাবানুসারেণ সর্ব্বপ্রতাপকোঽপি অল্পানল্পগ্রাহ্যাগ্রাহ্যতয়া "নানেব ভাতি," ন তু নানা। "তথা বিশ্বাত্মা" সর্ব্বাত্মা পুমান্ পরমপুরুষঃ "ভূতেষু" স্থাবরজঙ্গমেষু

---

* এস্থলে ভগবানকে সূক্ষ্ম চিদচিৎশক্তিযুক্ত বলা হইল। ভগবানের সূক্ষ্ম অচিৎশক্তিই প্রকৃতি, তাহা স্থূলরূপ হইয়া জগৎ ও জীবদেহাদি হইয়াছে, এবং সূক্ষ্ম চিৎশক্তিই জীব। তাহা স্থূলাবস্থাপন্না প্রকৃতিতে প্রবিষ্ট হইয়া দেবমনুষ্যাদি দেহী হইয়াছে। এইরূপে শক্তিদ্বয়াত্মক জগৎ ভগবান্ সৃষ্টি করিয়াছেন। এই চিদচিৎ শক্তিদ্বয় শক্তিরূপে ভগবান্ হইতে ভিন্ন হইলেও শক্তিমান্ ভগবান্ ব্যতিরেকে থাকিতে ও প্রবৃত্ত হইতে পারে না বলিয়া ভগবানের সহিত অভিন্নও বটে, অর্থাৎ শক্তি ও শক্তিমানের সহিত ভেদাভেদ সম্বন্ধ হইল। আর শক্তিমান্ ভগবান্ই জগতের উপাদান কারণ বলিয়া তাঁহার নির্গুণত্ব বর্ত্তমান থাকে, এবং জগতের কর্ত্তা বলিয়া তাঁহার স্বাভাবিক গুণবত্ত্বও থাকে—অর্থাৎ এইরূপে ভগবান্ নির্গুণও বটে এবং সগুণও বটে, ইহাই নিম্বার্কাচার্য্যের সিদ্ধান্ত।

যথা হ্যবহিতো বহ্নির্দারুষ্বেকঃ স্বযোনিষু।
নানেব ভাতি বিশ্বাত্মা ভূতেষু চ তথা পুমান্ ॥ ৩২ ॥
অসৌ গুণময়ৈর্ভাবৈর্ভূতসূক্ষ্মেন্দ্রিয়াত্মভিঃ।
স্বনির্ম্মিতেষু নির্ব্বিষ্টো ভুঙ্‌ক্তে ভূতেষু তদ্‌গুণান্ ॥ ৩৩ ॥

অন্বয়

যথা একঃ হি বহ্নিঃ (যেমন একই অগ্নি) স্বযোনিষু দারুষু (স্বীয় উৎপত্তি স্থান কাষ্ঠে) অবহিতঃ [সন্] (অবস্থিত থাকিয়া) নানা ইব ভাতি (নানারূপে [অর্থাৎ কাষ্ঠের তারতম্যানুযায়ী অল্প, বিস্তর, গ্রাহ্য, অগ্রাহ্যরূপে] যেন প্রকাশ পায় [বস্তুতঃ ভিন্ন নহে]) তথা (সেইরূপ) বিশ্বাত্মা পুমান্ (সর্ব্বাত্মা পরমপুরুষ) ভূতেষু (স্থাবরজঙ্গম প্রত্যেক বস্তু ও প্রত্যেক প্রাণীতে) অবহিতঃ (অবস্থিত থাকিয়া) নানা ইব ভাতি (নানারূপেই যেন প্রতীত হইয়া থাকেন)॥ ৩২ ॥

অসৌ (ভগবান্ [বিশ্বাত্মা]) ভূতসূক্ষ্মেন্দ্রিয়াত্মভিঃ (স্থূলসূক্ষ্মপঞ্চভূত, ইন্দ্রিয়সকল এবং জীবসমূহরূপ) গুণময়ৈঃ ভাবৈঃ (সমধিক সত্ত্বাদিগুণযুক্ত চেতন ও অচেতন পদার্থ সমূহের দ্বারা) স্বনির্ম্মিতেষু ভূতেষু (স্বরচিত ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্ত পদার্থ সমূহে) নির্ব্বিষ্টঃ (নিহিত থাকিয়া) তদ্‌গুণান্ ভুঙ্‌ক্তে (তৎতৎ বিষয়ের গুণ সকল ভোগ করিয়া থাকেন)॥ ৩৩ ॥

অনুবাদ

যেমন একই অগ্নি স্বীয় উৎপত্তি স্থান কাষ্ঠসমূহে অবস্থিত থাকিয়া, নানারূপে যেন প্রকাশ পায় অর্থাৎ সেই কাষ্ঠের তারতম্যানুসারে আর্দ্র, শুষ্ক, উত্তম, মধ্যম, অধম ভেদে যথাক্রমে অল্প, অনল্প, গ্রাহ্য, অগ্রাহ্য প্রভৃতিরূপে প্রকাশিত হইয়া থাকে, (বস্তুতঃ অগ্নি ভিন্ন নহে,) সেইরূপ সর্ব্বাত্মা পরমপুরুষ স্থাবর, জঙ্গম, বধ্য, ঘাতক প্রভৃতি প্রত্যেক বস্তু ও প্রত্যেক প্রাণীতে অবস্থিত থাকিয়া যেন নানারূপেই প্রতীত হইয়া থাকেন। (বস্তুতঃ তিনি নানা নহেন)॥ ৩২ ॥

সেই বিশ্বাত্মা ভগবান্ পঞ্চভূত, ইন্দ্রিয় সকল এবং জীবসমূহরূপ গুণময় ভাবসমূহ দ্বারা (অর্থাৎ সমধিক-সত্ত্বাদিগুণযুক্ত চেতনাচেতন পদার্থ সমূহের দ্বারা) স্বরচিত ব্রহ্মাদিস্তম্ব পর্য্যন্ত পদার্থ সমূহে অবস্থিত থাকিয়া সেই সেই বিষয়ের গুণ সকল ভোগ করিয়া থাকেন ॥৩৩॥

টীকা

হন্যহন্ত্রাদিষু এক এব প্রেরকতয়া সমাস্থিতঃ তত্তৎকর্ম্মানুগুণ্যাৎ অন্যোন্যবিষমপ্রেরকতয়া নানা ইব প্রতীয়তে, ন তু নানা ইত্যর্থঃ॥৩২॥ অথ স্বভক্তবশবর্ত্তিনো বাসুদেবস্য স্বভক্তার্পিতপদার্থভোগরূপং কর্ম্ম দর্শয়তি—"অসাবিতি"। "অসৌ" বিশ্বাত্মা "ভূতসূক্ষ্মেন্দ্রিয়াত্মভিঃ" ভূতসূক্ষ্মাণি চ সমনস্কানি বাগাদীনি যানি ইন্দ্রিয়াণি চ জীবরূপা আত্মানশ্চ তৈঃ "গুণময়ৈঃ" সত্ত্বাদিগুণপ্রচুরৈঃ, জীবানামপি গুণময়োভয়দেহ-যোগাৎ তন্ময়ত্বমুপচর্য্যতে। এবম্বিধৈশ্চিদচিদ্রূপৈঃ "ভাবৈঃ" স্বেন ভগবতা নির্ম্মিতেষু ভূতেষু ব্রহ্মাদিস্তম্ব-পর্য্যন্তেষু "নির্ব্বিষ্টঃ" তদ্‌গুণান্ ভুঙ্‌ক্তে। "অহং হি সর্ব্বযজ্ঞানাং ভোক্তা চ প্রভুরেব চ। পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রযচ্ছতি। তদহং ভক্ত্যুপহৃতমশ্নামিপ্রযতাত্মন" ইতি শ্রীমুখোক্তেঃ॥ ৩৩ ॥

ভাবয়ত্যেষ সত্ত্বেন লোকান্ বৈ লোকভাবনঃ।
লীলাবতারানুরতো দেবতির্য্যঙ্নরাদিষু ॥ ৩৪ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথমস্কন্ধে
নৈমিশীয়োপাখ্যানে ভগবদনুবর্ণনং নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ ২ ॥

অন্বয়

এষঃ লোকভাবনঃ (এই জগৎপালক ভগবান্) দেবতির্য্যঙ্নরাদিষু (দেব, মনুষ্য পশু-পক্ষি প্রভৃতিরূপে) সত্ত্বেন (শুদ্ধ সত্ত্বগুণদ্বারা) লীলাবতারানুরতঃ [বামনবরাহাদিরূপ] (লীলাবতারে অনুরক্ত থাকিয়া) জীবান্ (প্রাণিগণকে) ভাবয়তি বৈ (পালন করিয়া থাকেন) ॥ ৩৪ ॥

অনুবাদ

সেই জগৎপালক ভগবান্ দেব, মনুষ্য, পশু, পক্ষী প্রভৃতিরূপে শুদ্ধ সত্ত্বগুণদ্বারা বামনবরাহাদিরূপ লীলাবতারে অনুরক্ত হইয়া জীবগণকে পালন করিয়া থাকেন ॥ ৩৪ ॥

দ্বিতীয় অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ২ ॥

টীকা

অথ "সূত! জানাসি ভদ্রং তে ভগবান্ সাত্বতাং পতিঃ। দেবক্যাং বসুদেবস্য জাতো যস্য চিকীর্ষয়া" ইতি প্রশ্নস্যোত্তরমাহ "ভাবয়তীতি"। "লোকভাবনঃ" লোকান্ ভাবয়তি উৎপাদয়তীতি স তথা, সর্ব্বলোক-কারণভূতঃ "যদা যদা হি ধর্ম্মস্য গ্লানির্ভবতি ভারত!। অভ্যুত্থানমধর্ম্মস্য তদাত্মানং সৃজাম্যহম্॥ পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম্"॥ ইতি শ্রীমুখবচনাৎ "দেবতির্য্যঙ্নরাদিষু" আবির্ভাবস্থানেষু সত্ত্বেন নিয়ম্যগুণোপলক্ষিতঃ "লীলাবতারানুরতঃ" লীলাবতারৈর্বামনবরাহাদিরূপৈঃ অনুরতঃ তত্তৎকালে ধর্ম্মত্রাণাদ্যর্থং উদ্যতো ভবতি যঃ, এবং ভবদ্ভিঃ "দেবক্যাং বসুদেবস্য জাতো যস্য চিকীর্ষয়ে"তি যস্য চিকীর্ষিতং পৃষ্টং স ভগবান্ লোকান্ ভাবয়তি স্ম, দেবক্যাং জাতঃ সন্ ইতি শেষঃ। তত্র কাংশ্চিৎ পুত্রত্বাদিনা সুখয়তি স্ম, কাংশ্চিৎ নানৈশ্বর্য্যদানেন পালয়তি স্ম, কাংশ্চিৎ অসুরাদিভ্যঃ, কাংশ্চিৎ সংসারভয়াৎ, নানাশাস্ত্রার্থোপদেশেন পালয়তি স্ম। বিস্তরস্তু দেবক্যাং আবির্ভাবপ্রয়োজনং কুন্তীস্তুতৌ দ্রষ্টব্যম্॥ ৩৪ ॥

ইতি শ্রীমদ্ভাগবতসিদ্ধান্তপ্রদীপে প্রথমস্কন্ধীয়ে—দ্বিতীয়াধ্যায়ার্থপ্রকাশঃ॥ ২ ॥

তৃতীয়োঽধ্যায়ঃ

সূত উবাচ

জগৃহে পৌরুষং রূপং ভগবান্ মহদাদিভিঃ।
সম্ভূতং ষোড়শকলমাদৌ লোকসিসৃক্ষয়া ॥ ১ ॥
যস্যাম্ভসি শয়ানস্য যোগনিদ্রাং বিতন্বতঃ।
নাভিহ্রদাম্বুজাদাসীদ্ ব্রহ্মা বিশ্বসৃজাং পতিঃ ॥ ২ ॥

অন্বয়

সূতঃ উবাচ (সূত বলিলেন) ভগবান্ (ষড়ৈশ্বর্য্যশালী পরমেশ্বর) লোকসিসৃক্ষয়া (লোক সৃষ্টি করিবার ইচ্ছায়) আদৌ (প্রত্যেকসৃষ্টির প্রথমে) মহদাদিভিঃ সম্ভূতং (মহৎ, অহঙ্কার ও পঞ্চতন্মাত্র-সম্ভূত) ষোড়শকলং (একাদশেন্দ্রিয় ও পঞ্চমহাভূতরূপ ষোড়শ কলাবিশিষ্ট) পৌরুষং রূপং (পুরুষ-মূর্ত্তি) জগৃহে (ধারণ করিয়াছিলেন) ॥ ১ ॥

যোগনিদ্রাং বিতন্বতঃ (সমাধিরূপ নিদ্রা বিস্তার করিয়া) অম্ভসি শয়ানস্য যস্য (একার্ণবে শয়ান যে ভগবানের) নাভিহ্রদাম্বুজাৎ ব্রহ্মা আসীৎ (নাভিপদ্ম হইতে ব্রহ্মা আবির্ভূত হইয়াছিলেন) ॥ ২ ॥

অনুবাদ

[শৌনক যে অবতার বিষয়ে প্রশ্ন করিয়াছিলেন, তাহারই উত্তর দিতেছেন] সূত বলিলেন—সর্ব্বৈশ্বর্য্যশালী পরমেশ্বর লোক সৃষ্টি করিবার ইচ্ছায় সৃষ্টির আদিতে মহৎ, অহঙ্কার ও পঞ্চতন্মাত্রসম্ভূত, ষোড়শকলাবিশিষ্ট অর্থাৎ একাদশেন্দ্রিয় ও পঞ্চমহাভূতযুক্ত, পুরুষমূর্ত্তি ধারণ করিয়াছিলেন ॥ ১ ॥*

[সেই পুরুষ হইতে ব্রহ্মার উৎপত্তি বলা হইতেছে]—সমাধিনিদ্রা অবলম্বন

টীকা

"অথাখ্যাহি হরের্দীমন্নবতারকথাঃ শুভা" ইত্যস্যোত্তরমাহ—"জগৃহে" ইত্যাদিনা। "ভগবান্" স্বাভাবিকৈশ্বর্য্যাদিগুণবান্ "মহদাদিভিঃ সম্ভূতং" সঞ্জাতং "ষোড়শকলম্"—একাদশেন্দ্রিয়াণি পঞ্চ-মহাভূতানি ষোড়শকলাঃ অংশা যস্মিন্ তৎ। "পৌরুষং" পুরুষাঃ ক্ষেত্রজ্ঞাঃ তৎসম্বন্ধিনিখিলবদ্ধজীবালয়ম্, পুরুষস্য স্বাবতারস্য নিয়ম্যং বা সমষ্টিকার্য্যাত্মকং ব্যষ্ট্যুপাদানভূতং "রূপং" লোকসিসৃক্ষয়া "জগৃহে"। তস্য হি পুরুষাবতারস্য শরীরত্রয়ং জ্ঞেয়ম্। তত্রৈকং সূক্ষ্মম্ "অতঃ পরং যদব্যক্ত"মিতি বক্ষ্যমাণম্। দ্বিতীয়ং বিরাড়াখ্যম্। তৃতীয়ম্ প্রাকৃতম্। তস্য চ পুরুষনারায়ণানিরুদ্ধাদীনি নামানি। বিরাট্ শরীরে বর্ত্তমানত্বাৎ স এব বৈরাজ ইত্যুচ্যতে। শরীরতদ্বতোরভেদবিবক্ষয়া বিরাড়িত্যুচ্যতে। এতৎ সর্ব্বং দ্বিতীয় স্কন্ধে স্ফুটীভবিষ্যতি ॥ ১ ॥ তত এব ব্রহ্মোৎপত্তিমাহ "যস্যেতি"। তদুক্তং মোক্ষধর্ম্মে শ্রীমুখেন "তপো যজ্ঞশ্চ

---

* এই পুরুষাবতারের তিনটি শরীর। প্রথম সূক্ষ্ম, দ্বিতীয় বিরাট্, তৃতীয় অপ্রাকৃত। এই পুরুষাবতার পুরুষ, নারায়ণ, অনিরুদ্ধ প্রভৃতি নাম ধারণ করিয়া থাকেন। সেই পুরুষ বিরাট্ শরীরে বর্ত্তমান বলিয়া তাঁহাকে বৈরাজও বলা হয় ॥ ১ ॥

যস্যাবয়বসংস্থানৈঃ কল্পিতো লোকবিস্তরঃ।
তদ্বৈ ভগবতো রূপং বিশুদ্ধং সত্ত্বমূর্জ্জিতম্ ॥ ৩ ॥
পশ্যন্ত্যদো রূপমদভ্রচক্ষুষা, সহস্রপাদোরুভুজাননাদ্ভুতম্।
সহস্রমূর্দ্ধশ্রবণাক্ষিনাসিকং, সহস্রমৌল্যম্বরকুণ্ডলোল্লসৎ ॥ ৪ ॥
এতন্নানাবতারাণাং নিধানং বীজমব্যয়ম্।
যস্যাংশাংশেন সৃজ্যন্তে দেবতির্য্যঙ্নরাদয়ঃ ॥ ৫ ॥

অন্বয়

যস্য (যেই ভগবানের) অবয়বসংস্থানৈঃ (স্থূল শরীরের অবয়ব সংস্থানের দ্বারা) লোকবিস্তরঃ (এই জগৎ) কল্পিতঃ (রচিত হইয়াছে) ভগবতঃ তৎ বৈ রূপং (ভগবানের সেই রূপ) বিশুদ্ধং (বিশুদ্ধ অর্থাৎ অপ্রাকৃত) উর্জ্জিতং সত্ত্বম্ (নিরতিশয় সত্ত্বময়) ॥ ৩ ॥

যোগিনঃ (যোগিগণ) অদভ্রচক্ষুষা (পূর্ণজ্ঞানরূপ চক্ষুদ্বারা) সহস্রপাদোরুভুজাননাদ্ভুতং (অসংখ্য পদ, অসংখ্য উরু, অসংখ্য হস্ত ও অসংখ্য মুখ দ্বারা অত্যাশ্চর্য্যজনক) সহস্রমূর্দ্ধশ্রবণাক্ষিনাসিকং (অসংখ্য মস্তক, অসংখ্য কর্ণ, অসংখ্য চক্ষু ও অসংখ্য নাসিকাযুক্ত) এবং সহস্রমৌল্যম্বরকুণ্ডলোল্লসৎ (অসংখ্য শিরোবস্ত্র ও অসংখ্য কুণ্ডলের দ্বারা শোভিত) অদঃ রূপং (ভগবানের সেইরূপ) পশ্যন্তি (দেখিয়া থাকেন) ॥ ৪ ॥

এতৎ (এই বিরাট্‌রূপ) নানাবতারাণাং (সকল অবতারের) নিধানং (লয়স্থান)।

অনুবাদ

পূর্ব্বক একার্ণবে শয়ান যে ভগবানের নাভিহ্রদজাত পদ্ম হইতে বিশ্বস্রষ্টৃগণের পতি, ব্রহ্মা আবির্ভূত হইয়াছিলেন ॥ ২ ॥

যে ভগবানের স্থূলশরীরের অবয়ব সংস্থানের দ্বারা এই সমস্ত জগৎ রচিত হইয়াছে, তাঁহার সেই রূপ বিশুদ্ধ অর্থাৎ অপ্রাকৃত ও নিরতিশয় সত্ত্বময় বলিয়া জানিবে ॥ ৩ ॥

যোগিগণ পূর্ণ জ্ঞানরূপ চক্ষুদ্বারা অসংখ্য পদ, অসংখ্য উরু, অসংখ্য হস্ত, অসংখ্যমুখদ্বারা অতি আশ্চর্য্যজনক, অসংখ্য মস্তক, অসংখ্য কর্ণ, অসংখ্য চক্ষু, অসংখ্য নাসিকাযুক্ত এবং অসংখ্য শিরোবস্ত্র ও অসংখ্য কুণ্ডলের দ্বারা শোভিত ভগবানের ঐ রূপ দেখিয়া থাকেন ॥ ৪ ॥

এই পূর্ব্বোক্ত বিরাট্‌রূপই সকল অবতারের লয়স্থান, অর্থাৎ আবির্ভাব ও তিরোভাবযুক্ত সমস্ত অবতারই অন্তে তাঁহাতেই লীন হইয়া থাকেন এবং

টীকা

স্রষ্টা চ পুরাণঃ পুরুষো বিরাট্। অনিরুদ্ধ ইতি প্রোক্তো লোকানাং প্রভবাপ্যয়ম্॥ ব্রহ্মেতি রাত্রিক্ষয়ে প্রাপ্তে তস্য হ্যমিততেজসঃ। প্রসাদাৎ প্রাদুরভূৎ পদ্মং পদ্মনিভেক্ষণ!। "ততো ব্রহ্মা মমভবদিত্যাদি" ॥২॥ "যস্য" স্থূলশরীরাবয়বসংস্থানৈঃ "লোকবিস্তরঃ কল্পিতঃ", যদ্ "বিশুদ্ধম্" অপ্রাকৃতং, "তত্তু ভগবতো" মুখ্যং "রূপম্" ॥৩॥ "অদভ্রচক্ষুষা" অনল্পজ্ঞানেন, সহস্রেণ প্রত্যেকমনন্তৈঃ পাদাদিভিরদ্ভুতম্। সহস্রং প্রত্যেকং মূর্দ্ধাদয়ো যস্মিন্ তৎ। প্রত্যেকং সহস্রেণ মৌল্যাদিভিরুল্লসৎ শোভমানম্। ॥ ৪। ৫ ॥

স এব প্রথমং দেবঃ কৌমারং সর্গমাস্থিতঃ।
চচার দুশ্চরং ব্রহ্মা ব্রহ্মচর্য্যমখণ্ডিতম্ ॥ ৬ ॥
দ্বিতীয়ন্তু ভবায়াস্য রসাতলগতাং মহীম্।
উদ্ধরিষ্যন্নুপাদত্ত যজ্ঞেশঃ শৌকরং বপুঃ ॥ ৭ ॥

অন্বয়

অব্যয়ং বীজং (অবিনাশী আদিকারণ), যস্য অংশাংশেন (যে বিরাটের অংশ ব্রহ্মা ও তাহার অংশ মরীচ্যাদিক্রমে) দেবতির্য্যঙ্‌নরাদয়ঃ (দেবতা, মনুষ্য, পশু, পক্ষীপ্রভৃতি) সৃজ্যন্তে (কল্পে কল্পে সৃষ্ট হইয়া থাকে) ॥ ৫ ॥

[কুমার অবতারের কথা বলিতেছেন]—সঃ এব প্রথমং (প্রথম বিরাট্‌রূপে প্রতীয়মান সেই ভগবানই) [এই শ্লোক হইতে বলিবার ক্রমে প্রথম দ্বিতীয়াদি শব্দ ব্যবহার করা হইয়াছে, বস্তুতঃ ইহাই ক্রম নহে] কৌমারং সর্গং (কুমার নামক জন্ম) আস্থিতঃ (অবলম্বন করতঃ) ব্রহ্মা (ব্রাহ্মণ হইয়া) দুশ্চরং ব্রহ্মচর্য্যং (অতি কঠোর ব্রহ্মচর্য্য অর্থাৎ নৈষ্ঠিক ব্রহ্মচর্য্য) চচার (আচরণ করিয়াছিলেন) ॥ ৬ ॥

[বরাহ অবতারের কথা বলিতেছেন]—যজ্ঞেশঃ (যজ্ঞেশ্বর হরি) দ্বিতীয়ন্তু (দ্বিতীয় বারে) অস্য (এই জগতের) ভবায় (উৎপত্তির নিমিত্ত) রসাতলগতাং মহীং (রসাতলগতা পৃথিবীকে) উদ্ধরিষ্যন্ (উদ্ধার করিতে ইচ্ছা করিয়া) শৌকরং বপুঃ (বরাহশরীর) উপাদত্ত (ধারণ করিয়াছিলেন) ॥ ৭ ॥

অনুবাদ

ইঁহাই অবিনাশী আদিকারণ, অর্থাৎ সকল ইঁহা হইতে উৎপন্ন হইয়া থাকে, যে বিরাটের অংশ ব্রহ্মা ও তাঁহার অংশ মরীচিপ্রভৃতি ক্রমে দেবতা হইতে আরম্ভ করিয়া, মনুষ্য, পশু ও পক্ষীপ্রভৃতি কল্পে কল্পে সৃষ্ট হইয়া থাকে ॥ ৫ ॥

[কুমার অবতারের কথা বলিতেছেন]—প্রথমে সেই বিরাট্ ভগবানই কুমার নামক জন্ম অবলম্বন করিয়া ব্রাহ্মণ হইয়া [সম্প্রদায়ের প্রবৃত্তির নিমিত্ত] অতিশয় কঠোর নৈষ্ঠিক ব্রহ্মচর্য্য আচরণ করিয়াছিলেন। [বলিবার ক্রমে প্রথম দ্বিতীয়াদি শব্দ ব্যবহার করা হইয়াছে। বস্তুতঃ ইহাই অবতারের ক্রম নহে, সর্ব্বত্রই এইরূপ বুঝিতে হইবে] ॥ ৬ ॥

[বরাহ অবতারের কথা বলিতেছেন]—যজ্ঞেশ্বর হরি, দ্বিতীয় বারে এই জগতের উৎপত্তির নিমিত্ত রসাতলগতা পৃথিবীকে উদ্ধার করিতে ইচ্ছা করিয়া বরাহশরীর ধারণ করিয়াছিলেন ॥ ৭ ॥

টীকা

শ্রীকুমারাবতারমাহ—"স এবেতি"। "স এব" ভগবান্ "কৌমারং সর্গং" প্রাদুর্ভাব"মাস্থিতঃ" "ব্রহ্মা" ব্রাহ্মণো ভূত্বা "অখণ্ডিতং দুশ্চরং" নৈষ্ঠিকং ব্রহ্মচর্য্যং সম্প্রদায়প্রবৃত্ত্যর্থং "চচার"। এতেন অবতারপ্রয়োজনমপ্যুক্তম্। এবমুত্তরত্রাপি দ্রষ্টব্যম্। প্রথমদ্বিতীয়াদিশব্দাঃ নির্দ্দেশমাত্রাপেক্ষয়া ॥ ৬ ॥ অথ বরাহাবতারমাহ—"দ্বিতীয়মিতি"। "অস্য" জগতঃ "ভবায়" উদ্ভবায়, "উপাদত্ত" জগৃহে ॥ ৭ ॥

তৃতীয়মৃষিসর্গং বৈ দেবর্ষিত্বমুপেত্য সঃ।
তন্ত্রং সাত্বতমাচষ্ট নৈষ্কর্ম্ম্যং কর্ম্মণাং যতঃ ॥ ৮ ॥
তুর্য্যে ধর্ম্মকলাসর্গে নরনারায়ণাবৃষী।
ভূত্বাত্মোপশমোপেতমকরোদ্ দুশ্চরং তপঃ ॥ ৯ ॥
পঞ্চমঃ কপিলো নাম সিদ্ধেশঃ কালবিপ্লুতম্।
প্রোবাচাসুরয়ে সাংখ্যং তত্ত্বগ্রামবিনির্ণয়ম্ ॥ ১০ ॥

অন্বয়

[নারদ অবতারের কথা বলিতেছেন]—সঃ চ (সেই ভগবান্) তৃতীয়ং (তৃতীয় বারে) ঋষিসর্গং (ঋষিজন্ম) (ধারণ করিয়াছিলেন) [তত্র] দেবর্ষিত্বম্ উপেত্য (সেই ঋষিজন্মে দেবর্ষিত্ব প্রাপ্ত হইয়া অর্থাৎ নারদ হইয়া) যতঃ (যে বৈষ্ণবশাস্ত্র হইতে) কর্ম্মণাং (কর্ম্মসমূহের) নৈষ্কর্ম্ম্যং (নিষ্কামভাব অর্থাৎ মোক্ষসাধকভাব হইয়া থাকে) তৎ সাত্বতং তন্ত্রং (সেই বৈষ্ণবশাস্ত্র) আচষ্ট (প্রণয়ন করিয়াছিলেন) ॥ ৮ ॥

[নরনারায়ণ অবতারের কথা বলিতেছেন]—তুর্য্যে (চতুর্থ অবতারে) ধর্ম্মকলাসর্গে (তপোরূপ ধর্ম্মকার্য্যসৃষ্টিতে) নরনারায়ণৌ ঋষী ভূত্বা (নর ও নারায়ণ নামক ঋষিদ্বয়রূপে অবতীর্ণ হইয়া) আত্মোপশমোপেতং (আত্মসংযমযুক্ত) দুশ্চরং তপঃ (কঠোর তপস্যা) অকরোৎ (করিয়াছিলেন) ॥ ৯ ॥

[কপিল অবতারের কথা বলিতেছেন]—সিদ্ধেশঃ (সিদ্ধগণশ্রেষ্ঠ) কপিলো নাম

অনুবাদ

[নারদ অবতারের কথা বলিতেছেন]—সেই ভগবান্ তৃতীয় বারে ঋষিজন্ম ধারণ করিয়াছিলেন। সেই ঋষিজন্মে দেবর্ষিত্ব প্রাপ্ত হইয়া অর্থাৎ নারদ হইয়া, যে বৈষ্ণবশাস্ত্র হইতে কর্ম্মসমূহের নিষ্কামভাব হইয়া থাকে, অর্থাৎ মোক্ষসাধকভাব হইয়া থাকে, সেই বৈষ্ণবশাস্ত্র প্রণয়ন করিয়াছিলেন ॥ ৮ ॥

[নরনারায়ণ অবতারের কথা বলিতেছেন]—চতুর্থ অবতারে ভগবান্ শ্রীহরি তপোরূপ ধর্ম্মকার্য্যসৃষ্টিতে নর ও নারায়ণ নামক ঋষিদ্বয়রূপে অবতীর্ণ হইয়া আত্মসংযমযুক্ত কঠোর তপস্যা করিয়াছিলেন ॥ ৯ ॥

[কপিল অবতারের কথা বলিতেছেন]—সিদ্ধগণশ্রেষ্ঠ কপিল নামক ভগবানের

টীকা

নারদাবতারমাহ—"তৃতীয়মিতি"। "স" ভগবান্ "তৃতীয়ম্ ঋষিসর্গম্" ঋষিজন্ম উপাদত্ত, তত্র "দেবর্ষিত্বমুপেত্য" যতঃ তন্ত্রাৎ "কর্ম্মণাং" নিবৃত্তিলক্ষণানাং "নৈষ্কর্ম্ম্যং" জ্ঞায়তে, নির্গতং কর্ম্ম সংসারহেতুত্বং যেভ্যঃ তানি নিষ্কর্ম্মাণি, তদ্ভাবো নৈষ্কর্ম্ম্যং, তৎ "তন্ত্রং সাত্বতং" বৈষ্ণবম্ অবোচৎ ॥ ৮ ॥ নরনারায়ণাবতারমাহ—"তুর্য্যেতি"। "ধর্ম্মকলাসর্গে" তপোলক্ষণধর্ম্মভাগার্থসর্গে ॥ ৯ ॥ কপিলাবতারমাহ—"পঞ্চম" ইতি। "আসুরয়ে" শিষ্যায় "হেয়সাংখ্যপ্রবর্ত্তকোঽন্য" ইত্যাকরে স্থিতম্ ॥ ১০ ॥

ষষ্ঠমত্রেরপত্যত্বং বৃতঃ প্রাপ্তোঽনসূয়য়া।
আন্বীক্ষিকীমলর্কায় প্রহ্লাদাদিভ্য ঊচিবান্ ॥ ১১ ॥
ততঃ সপ্তমঃ আকূত্যাং রুচের্যজ্ঞোঽভ্যজায়ত।
স যামাদ্যৈঃ সুরগণৈরপাৎ স্বায়ম্ভুবান্তরম্ ॥ ১২ ॥

অন্বয়

(কপিল নামক) পঞ্চমঃ (ভগবানের পঞ্চম অবতার) কালবিপ্লুতং (কালবশতঃ লুপ্তপ্রায়) তত্ত্বগ্রাম-বিনির্ণয়ং (তত্ত্বসমূহের নিশ্চায়ক) সাংখ্যং (সাংখ্যনামক শাস্ত্র) আসুরয়ে (আসুরি নামক ব্রাহ্মণকে) প্রোবাচ (উপদেশ করিয়াছিলেন) ॥ ১০ ॥

[দত্তাত্রেয় অবতারের কথা বলিতেছেন]—(ভগবান্ শ্রীহরি) অনসূয়য়া (অত্রিপত্নী অনসূয়া-কর্ত্তৃক) বৃতঃ (প্রার্থিত হইয়া) ষষ্ঠং (ষষ্ঠ অবতাররূপে) অত্রেঃ অপত্যত্বং প্রাপ্তঃ (অত্রি মুনির পুত্রত্ব প্রাপ্ত হইয়া) অলর্কায় প্রহ্লাদাদিভ্যঃ (অলর্ক ও প্রহ্লাদপ্রভৃতিকে) আন্বীক্ষিকীম্ (আত্মবিদ্যা) ঊচিবান্ (উপদেশ করিয়াছিলেন) ॥ ১১ ॥

[যজ্ঞ অবতারের কথা বলিতেছেন]—ততঃ (অনন্তর) সপ্তমে (সপ্তম অবতারে ভগবান্) রুচেঃ (রুচিনামক প্রজাপতির ঔরসে) আকূত্যাং (আকূতি নাম্নী স্ত্রীর গর্ভে) যজ্ঞঃ অভ্যজায়ত (যজ্ঞনাম ধারণ করিয়া জন্মিয়াছিলেন)। সঃ (সেই যজ্ঞাবতার) [স্বয়ম্ ইন্দ্র হইয়া] যামাদ্যৈঃ সুরগণৈঃ [সহ] (নিজপুত্র যাম প্রভৃতি দেবতাগণের সহিত) স্বায়ম্ভুবান্তরং (স্বায়ম্ভুবমন্বন্তর) অপাৎ (প্রতিপালন করিয়াছিলেন) ॥ ১২ ॥

অনুবাদ

পঞ্চম অবতার, কালবশতঃ লুপ্তপ্রায় তত্ত্বসমূহের নিশ্চায়ক সাংখ্যনামক শাস্ত্র আসুরি-নামক ব্রাহ্মণকে উপদেশ করিয়াছিলেন ॥ ১০ ॥

[দত্তাত্রেয় অবতারের কথা বলিতেছেন]—ভগবান্ শ্রীহরি অত্রিপত্নী অনসূয়াকর্ত্তৃক প্রার্থিত হইয়া ষষ্ঠ অবতাররূপে অত্রিমুনির পুত্রত্ব প্রাপ্ত হইয়া [দত্তাত্রেয় নাম ধারণ করতঃ] অলর্ক ও প্রহ্লাদপ্রভৃতিকে আত্মবিদ্যা উপদেশ করিয়াছিলেন ॥ ১১ ॥

[যজ্ঞ অবতারের কথা বলিতেছেন]—অনন্তর সপ্তম অবতারে ভগবান্ রুচিনামক প্রজাপতির ঔরসে আকূতি নাম্নী স্ত্রীর গর্ভে যজ্ঞ নাম ধারণ করিয়া জন্মিয়াছিলেন। সেই যজ্ঞাবতার [স্বয়ম্ ইন্দ্র হইয়া] নিজ পুত্র যাম প্রভৃতি দেবতাগণের সহিত স্বায়ম্ভুবমন্বন্তর প্রতিপালন করিয়াছিলেন ॥ ১২ ॥

টীকা

দত্তাত্রেয়াবতারমাহ—মম পুত্রো ভব ইতি "অনসূয়য়া বৃতঃ" সন্ তদ্ভর্ত্তু"রত্রেরপত্যত্বং ষষ্ঠং" জন্ম "প্রাপ্তঃ"। "আন্বীক্ষিকীং" অধ্যাত্মবিদ্যাম্ ॥ ১১ ॥ যজ্ঞাবতারমাহ—"তত" ইতি। সপ্তমে অবতারে "স" ভগবান্ যামঃ আদ্যো যেষাং তৈঃ সহ "স্বায়ম্ভুবং মন্বন্তরং অপাৎ" পালয়ামাস ॥ ১২ ॥ ঋষভাবতারমাহ—

অষ্টমে মেরুদেব্যান্তু নাভের্জাত উরুক্রমঃ।
দর্শয়ন্ বর্ত্ম ধীরাণাং সর্ব্বাশ্রমনমস্কৃতম্ ॥ ১৩ ॥
ঋষিভির্যাচিতো ভেজে নবমং পার্থিবং বপুঃ।
দুগ্ধেমামোষধীর্বিপ্রাস্তেনায়ং স উশত্তমঃ ॥ ১৪ ॥
রূপং স জগৃহে মাৎস্যং চাক্ষুষোদধিসংপ্লবে।
নাব্যারোপ্য মহীময্যামপাদ্ বৈবস্বতং মনুম্ ॥ ১৫ ॥

অন্বয়

[ঋষভ অবতারের কথা বলিতেছেন]—অষ্টমে (অষ্টম অবতারে) উরুক্রমঃ (ভগবান্ শ্রীহরি ঋষভনামে বিখ্যাত হইয়া) ধীরাণাং (বিবেকিগণের) সর্ব্বাশ্রমনমস্কৃতং (সকল আশ্রমের শ্রেষ্ঠ সন্ন্যাসরূপ) বর্ত্ম (পথ) দর্শয়ন্ (প্রদর্শন করাইবার ইচ্ছায়) নাভেঃ (নাভিনামক অগ্নীধ্রপুত্রের ঔরসে) মেরুদেব্যাং (মেরুদেবী নাম্নী তাঁহার স্ত্রীর গর্ভে) জাতঃ (অবতীর্ণ হইয়াছিলেন) ॥ ১৩ ॥

[পৃথু অবতারের কথা বলিতেছেন]—বিপ্রাঃ! (হে শৌনকাদি ঋষিগণ!) ঋষিভিঃ যাচিতঃ ([ভগবান্ শ্রীহরি জগৎপালনের নিমিত্ত] ঋষিগণকর্ত্তৃক প্রার্থিত হইয়া) নবমং (নবম অবতারে) পার্থিবং বপুঃ (রাজদেহ) ভেজে (ধারণ করিয়াছিলেন)। অয়ম্ ইমাং (এই পৃথু অবতার গোরূপধারিণী পৃথিবী হইতে) ওষধীঃ দুগ্ধ (ওষধি প্রভৃতি বস্তু সকল দোহন করিয়াছিলেন) তেন (সেই কারণে) স উশত্তমঃ (সেই পৃথু অবতার অতীব কমনীয় হইয়াছিল) ॥ ১৪ ॥

[মৎস্য অবতারের কথা বলিতেছেন]—সঃ (সেই ভগবান্) চাক্ষুষোদধিসংপ্লবে

অনুবাদ

[ঋষভ অবতারের কথা বলিতেছেন]—অষ্টম অবতারে ভগবান্ শ্রীহরি ঋষভনামে বিখ্যাত হইয়া বিবেকিগণের সকল আশ্রমের শ্রেষ্ঠ সন্ন্যাসরূপ পথ প্রদর্শন করাইবার ইচ্ছায়, নাভিনামক অগ্নীধ্রপুত্রের ঔরসে, মেরুদেবী নাম্নী তাঁহার স্ত্রীর গর্ভে অবতীর্ণ হইয়াছিলেন ॥ ১৩ ॥

[পৃথু অবতারের কথা বলিতেছেন]—হে শৌনকাদি ঋষিগণ! ভগবান্ শ্রীহরি জগৎপালনের নিমিত্ত ঋষিগণকর্ত্তৃক প্রার্থিত হইয়া নবম অবতারে রাজদেহ [অর্থাৎ পৃথু নামক প্রসিদ্ধ রাজার দেহ] ধারণ করিয়াছিলেন। এই পৃথু অবতার গোরূপধারিণী পৃথিবী হইতে ওষধিপ্রভৃতি বস্তু সকল দোহন করিয়াছিলেন। সেই কারণে পৃথু অবতার অতীব কমনীয় হইয়াছিল ॥ ১৪ ॥

[মৎস্য অবতারের কথা বলিতেছেন]—সেই ভগবান্ চাক্ষুষ নামক মন্বন্তরে

টীকা

"অষ্টম" ইতি। "সর্ব্বাশ্রমনমস্কৃতং" সর্ব্বাশ্রমেভ্যঃ উৎকৃষ্টং পারমহংস্যং "বর্ত্ম" ॥ ১৩ ॥ পৃথ্ববতারমাহ—"পার্থিবং বপুঃ" রাজশরীরং "ভেজে" প্রাপ্তঃ। "ইমাং" পৃথিবীম্ "ওষধীঃ দুগ্ধ" অড়ভাবঃ আর্ষঃ। "তেন" পৃথিবীদোহনেন "উশত্তমঃ" কমনীয়তমঃ ॥ ১৪ ॥ "স" দেবো "মাৎস্যং রূপং জগৃহে", একীভূতত্বাচ্চক্ষুষা গ্রাহ্যাঃ চাক্ষুষা উদধয়ঃ তৈঃ সংপ্লবঃ প্রলয়স্তস্মিন্ "আসীদতীব কল্পান্তে ব্রাহ্মো নৈমিত্তিকো লয়" ইতি বক্ষ্যমাণে, "বৈবস্বতম্" তদ্রূপেণ জনিষ্যমাণং সত্যব্রতম্ "অপাৎ" রক্ষিতবান্ ॥ ১৫ ॥

সুরাসুরাণামুদধিং মথ্নতাং মন্দরাচলম্।
দধ্রে কমঠরূপেণ পৃষ্ঠ একাদশে বিভুঃ॥ ১৬॥
ধান্বন্তরং দ্বাদশমং ত্রয়োদশমমেব চ।
অপায়য়ৎ সুরানন্যান্ মোহিন্যা মোহয়ন্ স্ত্রিয়া॥ ১৭॥
চতুর্দ্দশং নারসিংহং বিভ্রদ্ দৈত্যেন্দ্রমূর্জ্জিতম্।
দদার করজৈরূরাবেরকাং কটকৃদ্‌যথা॥ ১৮॥

অন্বয়

(চাক্ষুষনামক মন্বন্তরে সমুদ্রপ্লাবিত হইলে) মাৎস্যং রূপং (মৎস্যরূপ অর্থাৎ মৎস্য অবতার) জগৃহে (ধারণ করিয়াছিলেন)। [এবং] মহীময্যাং নাবি (পৃথিবীরূপ নৌকাতে) বৈবস্বতং মনুম্ অপাৎ (বৈবস্বত মনুকে রক্ষা করিয়াছিলেন)॥ ১৫॥

[কূর্ম্ম অবতারের কথা বলিতেছেন]—বিভুঃ (সর্ব্বব্যাপী ভগবান্) একাদশে (একাদশ অবতারে) কমঠরূপেণ (কূর্ম্মরূপ ধারণ করিয়া) উদধিং মথ্নতাং (সমুদ্র মন্থনকারী) সুরাসুরাণাং (দেবদানবগণের) মন্দরাচলং ([মন্থন দণ্ড] মন্দর পর্ব্বত) পৃষ্ঠে দধ্রে (পৃষ্ঠে ধারণ করিয়াছিলেন)॥১৬॥

[ধন্বন্তরি অবতার ও মোহিনী অবতারের কথা বলিতেছেন]—(ভগবান্) দ্বাদশমং (দ্বাদশ অবতারে) ধান্বন্তরং (ধন্বন্তরি রূপ) [ধারণ করিয়া সমুদ্র হইতে অমৃত গ্রহণ পূর্ব্বক] ত্রয়োদশম্ এব চ (ত্রয়োদশ অবতারে) মোহিন্যা স্ত্রিয়া (মোহিনী স্ত্রীমূর্ত্তিরূপে) অন্যান্ মোহয়ন্ (অসুরগণকে মোহিত করিয়া) সুরান্ অপায়য়ৎ ([সেই অমৃত] দেবতাগণকে পান করাইয়াছিলেন)॥১৭॥

[নৃসিংহ অবতারের কথা বলিতেছেন]—(ভগবান্) চতুর্দ্দশং (চতুর্দ্দশ অবতারে) নারসিংহং বিভ্রৎ (নৃসিংহরূপ ধারণ করিয়া) কটকৃৎ (কটকার) যথা এরকাং (যেমন তৃণবিশেষকে)

অনুবাদ

সমুদ্রপ্লাবিত হইলে, মৎস্যরূপ অর্থাৎ মৎস্য অবতার ধারণ করিয়াছিলেন এবং পৃথিবীরূপ নৌকাতে [আরোহণ করাইয়া] বৈবস্বত মনুকে রক্ষা করিয়াছিলেন॥ ১৫॥

[কূর্ম্ম অবতারের কথা বলিতেছেন]—সর্ব্বব্যাপী ভগবান্ একাদশ অবতারে কূর্ম্মরূপ ধারণ করিয়া সমুদ্রমন্থনকারী দেবদানবগণের মন্থনদণ্ড, মন্দর পর্ব্বত পৃষ্ঠে ধারণ করিয়াছিলেন॥ ১৬॥

[ধন্বন্তরি অবতার ও মোহিনী অবতারের কথা বলিতেছেন]—ভগবান্ দ্বাদশ অবতারে ধন্বন্তরিরূপ ধারণ করিয়া সমুদ্র হইতে অমৃত গ্রহণ পূর্ব্বক ত্রয়োদশ অবতারে মোহিনী স্ত্রীমূর্ত্তিরূপে অসুরগণকে মোহিত করিয়া সেই অমৃত দেবতাগণকে পান করাইয়াছিলেন॥ ১৭॥

[নৃসিংহ অবতারের কথা বলিতেছেন]—ভগবান্ চতুর্দ্দশ অবতারে নৃসিংহরূপ ধারণ করিয়া, কটকার [যাহারা মাদুর প্রস্তুত করে] যেমন তৃণ বিশেষকে নখদ্বারা

টীকা

"কমঠরূপেণ" কূর্ম্মরূপেণ, "দধ্রে" দধার॥ ১৬॥ নরসিংহরূপং বিভ্রৎ "দৈত্যেন্দ্রং" হিরণ্যকশিপুম্।

পঞ্চদশং বামনকং কৃত্বাগাদধ্বরং বলেঃ।
পদত্রয়ং যাচমানঃ প্রত্যাদিৎসুস্ত্রিপিষ্টপম্ ॥ ১৯ ॥
অবতারে ষোড়শমে পশ্যন্ ব্রহ্মদ্রুহো নৃপান্।
ত্রিঃসপ্তকৃত্বঃ কুপিতো নিঃক্ষত্রামকরোন্মহীম্ ॥ ২০ ॥
ততঃ সপ্তদশে জাতঃ সত্যবত্যাং পরাশরাৎ।
চক্রে বেদতরোঃ শাখা দৃষ্ট্বা পুংসোঽল্পমেধসঃ ॥ ২১ ॥

অন্বয়

করজৈঃ (নখদ্বারা) [বিদারণ করিয়া থাকে] তথা উর্জ্জিতং দৈত্যেন্দ্রং (সেইরূপ প্রবল পরাক্রান্ত দৈত্যরাজ হিরণ্যকশিপুকেও) উরৌ (উরুদেশে স্থাপন করিয়া) করজৈঃ দদার (নখদ্বারা বিদারণ করিয়াছিলেন)॥ ১৮ ॥

[বামন অবতারের কথা বলিতেছেন]—(ভগবান্) পঞ্চদশং বামনকং কৃত্বা (পঞ্চদশ অবতারে বামনরূপ ধারণ করিয়া) ত্রিপিষ্টপং (ত্রিভুবন) প্রত্যাদিৎসুঃ (গ্রহণ করিবার ইচ্ছায়) পদত্রয়ং যাচমানঃ (ত্রিপাদপরিমিতভূমি প্রার্থনা করিবার জন্য) বলেঃ অধ্বরং অগাৎ (বলিরাজের যজ্ঞে গমন করিয়াছিলেন)॥ ১৯ ॥

[পরশুরাম অবতারের কথা বলিতেছেন]—(ভগবান্)—ষোড়শমে (ষোড়শ অবতারে) নৃপান্ ব্রহ্মদ্রুহঃ পশ্যন্ (ক্ষত্রিয় নৃপতিগণকে ব্রহ্মবিদ্বেষী দেখিয়া) কুপিতঃ (ক্রুদ্ধ হইয়া) মহীং (পৃথিবীকে) ত্রিঃসপ্তকৃত্বঃ (একবিংশতিবার) নিঃক্ষত্রাম্ অকরোৎ (নিঃক্ষত্রিয়া করিয়াছিলেন)॥ ২০ ॥

[ব্যাস অবতারের কথা বলিতেছেন]—ততঃ সপ্তদশে (অনন্তর সপ্তদশ অবতারে ভগবান্) পরাশরাৎ (পরাশর মুনির ঔরসে) সত্যবত্যাং জাতঃ সন্ (সত্যবতীর গর্ভে [ব্যাসরূপে] জন্মগ্রহণ

অনুবাদ

বিদারণ করিয়া থাকে, সেইরূপ প্রবল পরাক্রান্ত দৈত্যরাজ হিরণ্যকশিপুকেও উরুদেশে স্থাপন করিয়া নখদ্বারা বিদারণ করিয়াছিলেন ॥ ১৮ ॥

[বামন অবতারের কথা বলিতেছেন]—ভগবান্ পঞ্চদশ অবতারে বামনরূপ ধারণ করিয়া ত্রিভুবন গ্রহণ করিবার ইচ্ছায় ত্রিপাদপরিমিতভূমি প্রার্থনা করিবার জন্য বলিরাজের যজ্ঞে গমন করিয়াছিলেন ॥ ১৯ ॥

[পরশুরাম অবতারের কথা বলিতেছেন]—ভগবান্ ষোড়শ অবতারে ক্ষত্রিয় নৃপতিগণকে ব্রহ্মবিদ্বেষী অর্থাৎ ব্রাহ্মণবধকারী দেখিয়া ক্রুদ্ধ হইয়া পৃথিবীকে একবিংশতিবার নিঃক্ষত্রিয়া করিয়াছিলেন ॥ ২০ ॥

[ব্যাস অবতারের কথা বলিতেছেন]—অনন্তর সপ্তদশ অবতারে ভগবান্

টীকা

"এরকা" নির্গ্রন্থিস্তৃণজাতিঃ ॥১৭।১৮॥ বামনাবতারমাহ—"বামনকং" হ্রস্বং রূপং "কৃত্বা প্রত্যাদিৎসু" আদাতুমিচ্ছুঃ ॥ ১৯ ॥ পরশুরামাবতারমাহ—"অবতারে" ইতি ॥ ২০ ॥ শ্রীমদ্বেদব্যাসাবতারমাহ—

নরদেবত্বমাপন্নঃ সুরকার্য্যচিকীর্ষয়া।
সমুদ্রনিগ্রহাদীনি চক্রে বীর্য্যাণ্যতঃ পরম্ ॥ ২২ ॥
একোনবিংশে বিংশতিমে বৃষ্ণিষু প্রাপ্য জন্মনী।
রামকৃষ্ণাবিতি ভুবো ভগবানহরদ্‌ভরম্ ॥ ২৩ ॥
ততঃ কলৌ সম্প্রবৃত্তে সম্মোহায় সুরদ্বিষাম্।
বুদ্ধো নাম্নাজিনসুতঃ কীকটেষু ভবিষ্যতি ॥ ২৪ ॥

অন্বয়

করিয়া) পুংসঃ (মানবগণকে) অল্পমেধসঃ (অল্পবুদ্ধি) দৃষ্ট্বা (দেখিয়া) বেদতরোঃ (বেদরূপ বৃক্ষের) শাখাঃ চক্রে (শাখা বিস্তার করিয়াছিলেন) ॥ ২১ ॥

[রাম অবতারের কথা বলিতেছেন]—অতঃপরং (তারপর অষ্টাদশ অবতারে ভগবান্) সুরকার্য্যচিকীর্ষয়া (দুষ্টদমনরূপ দেবকার্য্য সম্পাদন করিবার ইচ্ছা করিয়া) নরদেবত্বম্ আপন্নঃ সন্ (নরপতি অর্থাৎ রামরূপ প্রাপ্ত হইয়া) সমুদ্রনিগ্রহাদীনি (সমুদ্র-বন্ধন, রাবণ-বধ প্রভৃতি) বীর্য্যাণি (বীর্য্যকর অর্থাৎ বীরোচিত কার্য্যসকল) চক্রে (সম্পাদন করিয়াছিলেন) ॥ ২২ ॥

[রামকৃষ্ণ অবতারের কথা বলিতেছেন]—একোনবিংশে বিংশতি মে [চ] ভগবান্ (একোনবিংশতি ও বিংশতি অবতারে ভগবান্ শ্রীহরি) বৃষ্ণিষু (যদুকুলে) রামকৃষ্ণৌ ইতি জন্মনী প্রাপ্য (বলরাম ও শ্রীকৃষ্ণ নামে জন্মগ্রহণ করিয়া) ভুবঃ ভরম্ অহরৎ (পৃথিবীর ভার হরণ করিয়াছিলেন) ॥ ২৩ ॥

[বুদ্ধ অবতারের কথা বলিতেছেন]—ততঃ কলৌ সম্প্রবৃত্তে (অনন্তর কলিকাল উপস্থিত

অনুবাদ

পরাশর মুনির ঔরসে সত্যবতীর গর্ভে ব্যাসরূপে জন্মগ্রহণ করিয়া মানবগণকে অল্পবুদ্ধি দেখিয়া বেদরূপ বৃক্ষের শাখা বিস্তার করিয়াছিলেন। [অর্থাৎ বেদ বিভাগ করিয়া শিষ্য প্রশিষ্য ক্রমে উপদেশ করিয়াছিলেন] ॥ ২১ ॥

[রাম অবতারের কথা বলিতেছেন]—অতঃপর অষ্টাদশ অবতারে ভগবান্ দুষ্টদমনরূপ দেবকার্য্য সম্পাদন করিবার ইচ্ছা করিয়া নরপতি অর্থাৎ রামরূপ প্রাপ্ত হইয়া সমুদ্র-বন্ধন, রাবণ-বধ প্রভৃতি বীর্য্যকর অর্থাৎ বীরোচিত কার্য্য সকল সম্পাদন করিয়াছিলেন ॥ ২২ ॥

[রামকৃষ্ণ অবতারের কথা বলিতেছেন]—একোনবিংশতি ও বিংশতি অবতারে ভগবান্ শ্রীহরি যদুকুলে বলরাম ও শ্রীকৃষ্ণ নামে জন্মগ্রহণ করিয়া পৃথিবীর ভার হরণ করিয়াছিলেন ॥ ২৩ ॥

[বুদ্ধ অবতারের কথা বলিতেছেন]—অনন্তর কলিকাল উপস্থিত হইলে অসুরগণকে

টীকা

"তত" ইতি ॥ ২১ ॥ শ্রীমদ্‌রামাবতারমাহ—"নরদেবত্বমিতি" ॥ ২২ ॥ "একোনবিংশে বিংশতিতমে" অবতারে "রামকৃষ্ণৌ ইত্যেবং জন্মনী প্রাপ্য ভুবো ভরমহরৎ"। রামঃ একোনবিংশঃ, শ্রীকৃষ্ণঃ বিংশতিতমঃ অবতারঃ ॥২৩॥ একবিংশঃ অবতারঃ কীকটেষু অজিনস্য "সুতঃ নাম্না বুদ্ধো ভবিষ্যতি" ॥২৪॥

অথাসৌ যুগসন্ধ্যায়াং দস্যুপ্রায়েষু রাজসু।
জনিতা বিষ্ণুযশসো নাম্না কল্কির্জগৎপতিঃ ॥ ২৫ ॥
অবতারা হ্যসংখ্যেয়া হরেঃ সত্ত্বনিধের্দ্বিজাঃ।
যথাবিদাসিনঃ কুল্যাঃ সরসঃ স্যুঃ সহস্রশঃ ॥ ২৬ ॥

অন্বয়

হইলে) সুরদ্বিষাং (অসুরগণকে) সম্মোহায় (মোহিত করিবার নিমিত্ত) কীকটেষু ([ভগবান্] গয়াপ্রদেশে) নাম্না বুদ্ধঃ (বুদ্ধ নামে) অজিনসুতঃ ভবিষ্যতি (অজিনের পুত্র হইয়া অবতীর্ণ হইবেন) ॥ ২৪ ॥

[কল্কি অবতারের কথা বলিতেছেন]—অথ যুগসন্ধ্যায়াং (অনন্তর কলিযুগের অবসানে এবং সত্যযুগের প্রারম্ভে) রাজসু দস্যুপ্রায়েষু [সৎসু] (নৃপতিগণ দস্যুভাবাপন্ন হইলে) অসৌ জগৎপতিঃ (সেই জগৎপালক শ্রীহরি) নাম্না (কল্কি নামে বিখ্যাত হইয়া) বিষ্ণুযশসঃ জনিতা (বিষ্ণুযশানামক ব্রাহ্মণের ঔরসে জন্মগ্রহণ করিবেন) ॥ ২৫ ॥

দ্বিজাঃ! (হে দ্বিজগণ!) অবিদাসিনঃ সরসঃ (ক্ষয়শূন্য জলাশয় হইতে) যথা (যেমন) সহস্রশঃ কুল্যাঃ স্যুঃ (অসংখ্য জলপ্রবাহ নির্গত হইয়া থাকে) হি (সেইরূপ) সত্ত্বনিধেঃ হরেঃ (সত্ত্বনিধি শ্রীহরির) অসংখ্যেয়াঃ অবতারাঃ স্যুঃ (অসংখ্য অবতারও তাঁহা হইতেই অবতীর্ণ হইয়া থাকে) ॥ ২৬ ॥

অনুবাদ

মোহিত করিবার নিমিত্ত ভগবান্ গয়াপ্রদেশে বুদ্ধনামে অজিনের পুত্র হইয়া অবতীর্ণ হইবেন ॥ ২৪ ॥

[কল্কি অবতারের কথা বলিতেছেন]—অনন্তর কলিযুগের অবসানে এবং সত্যযুগের প্রারম্ভে নৃপতিগণ দস্যুভাবাপন্ন হইলে, সেই জগৎপালক শ্রীহরি কল্কি নামে বিখ্যাত হইয়া বিষ্ণুযশানামক ব্রাহ্মণের ঔরসে জন্মগ্রহণ করিবেন ॥ ২৫ ॥

হে শৌনকাদি দ্বিজগণ! ক্ষয়শূন্য জলাশয় হইতে যেমন অসংখ্য জলপ্রবাহ নির্গত হইয়া থাকে, সেইরূপ সত্ত্বনিধি শ্রীহরির অসংখ্য অবতারও তাঁহা হইতেই অবতীর্ণ হইয়া থাকে। [অর্থাৎ জলাশয়ের যেমন তাহাতে ক্ষতিবৃদ্ধি হয় না ; তেমন ভগবানেরও তাহাতে হ্রাসবৃদ্ধি নাই] ॥ ২৬ ॥

টীকা

কল্ক্যবতারমাহ—"অথেতি"। "যুগসন্ধ্যায়াং" যুগস্য কলেঃ "যুগস্য সন্ধ্যায়ামাদৌ শান্তা ভবিষ্যতি কলের্ভগবান্ যুগান্তে" ইতি বক্ষ্যমাণাৎ কলেরন্তে তথাচ কলিকৃতয়োঃ সন্ধ্যাবিত্যর্থঃ। "বিষ্ণুযশসঃ" ব্রাহ্মণাৎ সকাশাৎ "জনিতা" জনিষ্যতে। "দস্যুপ্রায়েষু" বধার্হেষু সৎসু ॥ ২৫ ॥ বিদাসোঽপক্ষয়ঃ, তদ্রহিতাৎ সরসঃ সকাশাৎ ॥ ২৬ ॥

ঋষয়ো মনবো দেবা মনুপুত্রা মহৌজসঃ।
কলাঃ সর্ব্বে হরেরেব সপ্রজাপতয়ঃ স্মৃতাঃ ॥ ২৭ ॥
এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ম্।
ইন্দ্রারিব্যাকুলং লোকং মৃড়য়ন্তি যুগে যুগে ॥ ২৮ ॥

অন্বয়

সপ্রজাপতয়ঃ ঋষয়ঃ (প্রজাপতিগণের সহিত ঋষিগণ) মনবঃ (মনুগণ) দেবাঃ (দেবগণ) মহৌজসঃ মনুপুত্রাঃ (মহাবীর্য্যশালী শিবপ্রভৃতি ও মনুর পুত্রগণ) [এতে] সর্ব্বে (ইঁহারা সকলেই) হরেঃ এব (শ্রীহরিরই) কলাঃ স্মৃতাঃ (অংশ বলিয়া কীর্ত্তিত হইয়া থাকেন) ॥ ২৭ ॥

এতে (পূর্ব্বোক্ত সকলেই) পুংসঃ (পুরুষাবতারের) অংশকলাঃ (কেহ অংশ, কেহ বা কলা অর্থাৎ অংশের অংশ) তু (কিন্তু) কৃষ্ণঃ স্বয়ং ভগবান্ (কৃষ্ণ সাক্ষাৎ ভগবান্ অর্থাৎ পূর্ণ অংশী); যুগে যুগে (প্রতিযুগে অর্থাৎ অসুরগণের অত্যাচার বৃদ্ধি হইলেই প্রত্যেক যুগে অবতীর্ণ হইয়া) ইন্দ্রারিব্যাকুলং লোকং (অসুরপীড়িত মানবগণকে) মৃড়য়ন্তি (সুখী করিয়া থাকেন) ॥ ২৮ ॥

অনুবাদ

প্রজাপতিগণের সহিত ঋষিগণ (অর্থাৎ ব্রহ্মা-কশ্যপ-দক্ষপ্রভৃতি প্রজাপতিগণ) ভৃগুবশিষ্ঠপ্রভৃতি ঋষিগণ, স্বায়ম্ভুবপ্রভৃতি মনুগণ, ইন্দ্রপ্রভৃতি দেবগণ, মহাবীর্য্যশালী শিবপ্রভৃতি ও প্রিয়ব্রত ইক্ষ্বাকুপ্রভৃতি মনুপুত্রগণ, ইঁহারা সকলেই শ্রীহরিরই অংশ বলিয়া কীর্ত্তিত হইয়া থাকেন ॥ ২৭ ॥

পূর্ব্বোক্ত সকলেই অর্থাৎ ভগবানের অবতাররূপে পূর্ব্বে যাঁহাদের নাম করা হইল, তাঁহারা সকলেই পুরুষাবতারের অংশ ও কলা, (অর্থাৎ কেহ বা অংশ, কেহ বা কলা, কেহ বা বিভূতি, কেহ বা স্বরূপাবতার) কিন্তু কৃষ্ণ সাক্ষাৎ ভগবান্। এই অবতারগণ প্রতিযুগে অবতীর্ণ হইয়া অসুর-পীড়িত মানবগণকে সুখী করিয়া থাকেন, (অর্থাৎ অসুরগণকে বিনাশ করিয়া মানবগণের সুখবিধান করেন) ॥ ২৮ ॥

টীকা

বিভূতীরাহ—"ঋষয়" ইতি। "ঋষয়ঃ" ভৃগুবশিষ্ঠাদয়ঃ, "মনবঃ" স্বায়ম্ভুবপ্রভৃতয়ঃ, "দেবাঃ" বাসবাদয়ঃ, "মনুপুত্রাঃ" প্রিয়ব্রতেক্ষ্বাকুপ্রভৃতয়ঃ, "মহৌজসঃ" শিবাদয়ঃ, "সপ্রজাপতয়ঃ" ব্রহ্মকশ্যপদক্ষাদিভিঃ সহিতাঃ, এতে "সর্ব্বে হরেরেব কলাঃ" "যদ্ যদ্ বিভূতিমৎ সত্ত্বং শ্রীমদূর্জ্জিতমেব বা। তত্তদেবাবগচ্ছ ত্বং মম তেজোঽংশসম্ভবমিতি" শ্রীমদ্ভগবদ্বচনাচ্চ ॥২৭॥ "এতে পুংসঃ" পুরুষাবতারস্য "অংশকলাঃ"। ছত্রিনো যান্তীতি ন্যায়েন কেচিদংশাঃ, কেচিৎ কলাঃ, কেচিদ্বিভূতয়ঃ, কেচিৎ স্বরূপাবতারা ইতি বোধ্যম্। "কৃষ্ণস্তু ভগবান্ স্বয়মিত্য"-ন্বয়ঃ। "জগৃহে পৌরুষং রূপং ভগবানিতি" প্রাগুক্তো যস্য পুরুষোঽপ্যবতারঃ, স ভগবান্ শ্রীকৃষ্ণ ইত্যর্থঃ। "ত্বত্তঃ পুমান্ সমধিগম্য যয়াস্য বীর্য্যং ধত্তে মহান্তমিব গর্ভমমোঘবীর্য্যঃ। সোঽয়ং তয়ানুগত আত্মন আণ্ডকোশং, হৈমং সসর্জ্জ বহিরাবরণৈরুপেতম্" ॥ ইতি একাদশে প্রসিদ্ধমেব। "শুদ্ধে মহাবিভূত্যাখ্যে পরে ব্রহ্মণি বর্ত্ততে। মৈত্রেয় ভগবচ্ছব্দঃ সর্ব্বকারণকারণে" ইত্যেবং শ্রীপরাশরাদিভিঃ ব্যাখ্যাতঃ। স্বয়ং ভগবান্ নিখিলেভ্যঃ পরঃ ব্রহ্মনারায়ণবাসুদেবাদিশব্দাভিধেয়ঃ শ্রীকৃষ্ণ ইতি ভাবঃ। "মত্তঃ পরতরং নান্যদিতি" শ্রীমুখোক্তেশ্চ। সর্ব্বেষাং প্রয়োজনমাহ—"মৃড়য়ন্তীতি" সুখিনং কুর্ব্বন্তি ॥ ২৮ ॥

জন্ম গুহ্যং ভগবতো য এতৎ প্রযতো নরঃ।
সায়ং প্রাতর্গৃণন্ ভক্ত্যা দুঃখগ্রামাদ্বিমুচ্যতে ॥ ২৯ ॥
এতদ্রূপং ভগবতো হ্যরূপস্য চিদাত্মনঃ।
মায়াগুণৈর্বিরচিতং মহদাদিভিরাত্মনি ॥ ৩০ ॥
যথা নভসি মেঘৌঘো রেণুর্বা পার্থিবোঽনিলে।
এবং দ্রষ্টরি দৃশ্যত্বমারোপিতমবুদ্ধিভিঃ ॥ ৩১ ॥

অন্বয়

যঃ নরঃ প্রযতঃ (যে মানব সংযত হইয়া) ভগবতঃ এতদ্ গুহ্যং জন্ম (ভগবানের এই গোপনীয় জন্ম ও কর্ম্মবৃত্তান্ত) সায়ং প্রাতঃ (সন্ধ্যাকালে ও প্রাতঃকালে) ভক্ত্যা গৃণন্ (ভক্তি সহকারে শ্রবণ, মনন ও উচ্চারণ করেন) [সঃ] (তিনি) দুঃখগ্রামাৎ বিমুচ্যতে (দুঃখসমূহ হইতে অর্থাৎ সংসার হইতে বিমুক্ত হইয়া থাকেন) ॥ ২৯ ॥

অরূপস্য চিদাত্মনঃ (রূপবর্জ্জিত চিদাত্মার অর্থাৎ জীবাত্মার) এতৎ রূপং (এই রূপ অর্থাৎ এই স্থূলশরীর) ভগবতঃ (ভগবানের) মায়াগুণৈঃ (প্রকৃতিগুণ) মহদাদিভিঃ (মহদাদি দ্বারা) আত্মনি (আত্মাতে) বিরচিতং হি (বিরচিত হইয়াছে) ॥ ৩০ ॥

অবুদ্ধিভিঃ (বুদ্ধিহীন ব্যক্তিগণ কর্ত্তৃক) যথা নভসি (যেমন আকাশে) মেঘৌঘঃ (মেঘসমূহ)

অনুবাদ

যে মানব সংযত হইয়া ভগবানের এই গোপনীয় জন্ম ও কর্ম্মের বৃত্তান্ত, সায়ং ও প্রাতঃকালে ভক্তিসহকারে শ্রবণ, মনন ও উচ্চারণ করেন, তিনি সমস্ত দুঃখ হইতে অর্থাৎ সংসার হইতে বিমুক্ত হইয়া থাকেন ॥ ২৯ ॥

রূপবর্জ্জিত চিদাত্মার এই "রূপ" অর্থাৎ জীবের এই স্থূলশরীর, ভগবানের মায়া-গুণ অর্থাৎ প্রকৃতির কার্য্য মহদাদিদ্বারা আত্মাতে বিরচিত হইয়াছে। (অর্থাৎ মায়াকার্য্যদ্বারা এই স্থূল শরীর, অনাদিকর্ম্মের বশীভূত জীবকর্ত্তৃক আত্মরূপে স্বীকৃত হইয়াছে) ॥ ৩০ ॥

বুদ্ধিহীন ব্যক্তিগণকর্ত্তৃক যেমন আকাশে মেঘ সকল আরোপিত হইয়া

টীকা

অবতারকীর্ত্তনফলমাহ—"জন্মে"তি। জন্মেতি কর্ম্মোপলক্ষণম্। উক্তপ্রকারং জন্মকর্ম্মরহস্য-মিত্যর্থঃ। "গৃণন্" ইত্যুপলক্ষণং জন্মকর্ম্মগুহ্যশ্রবণমননাদেঃ। "দুঃখগ্রামাৎ" সংসারাৎ "বিমুচ্যতে" মুক্তো ভবতি। উক্তঞ্চ শ্রীমুখেনাপি "জন্মকর্ম্ম চ মে দিব্যমেবং যো বেত্তি তত্ত্বতঃ। ত্যক্ত্বা দেহং পুনর্জ্জন্ম নৈতিমামেতি সোঽর্জ্জুন!" ইতি ॥ ২৯ ॥ অথৈবং দর্শিতস্য শ্রীভগবজ্জন্মকর্ম্মরহস্যস্য বেদগুহ্যত্বং কবিবিজ্ঞেয়ত্বং চ বক্ষ্যন্ প্রসঙ্গাৎ জীববন্ধমোক্ষপ্রকারমাহ—পঞ্চভিঃ শ্লোকৈঃ। নন্বু জন্মগুহ্যং গৃণন্ যো দুঃখগ্রামাদ্ বিমুচ্যতে, তস্য তাবদ্বন্ধঃ কথমস্তীত্যত আহ—"এতদ্রূপমিতি"। "চিদাত্মনঃ" জীবস্য "এতদ্রূপং" ইদং স্থূলং শরীরং "ভগবতঃ" "প্রকৃতিগুণৈঃ" মহদাদিভিঃ "বিরচিতম্"। "আত্মনি" তৎস্থানে কৃতম্। অনাদিকর্ম্মবশ্যেন জীবেন আত্মতয়া স্বীকৃতমিতি ফলিতোঽর্থঃ ॥ ৩০ ॥ নন্বু অনাত্মা আত্মতয়া কথং স্বীকৃত ইত্যত আহ "যথেতি"। বায্বাশ্রিতোঽপি "মেঘঃ যথা

অতঃপরং যদব্যক্তমব্যূঢ়গুণবৃংহিতম্।
অদৃষ্টাশ্রুতবস্তুত্বাৎ স জীবো যৎ পুনর্ভবঃ ॥ ৩২ ॥

অন্বয়

আরোপিতঃ (আরোপিত হইয়া থাকে) বা (অথবা যেমন) পার্থিবঃ রেণুঃ (পার্থিব ধূলিসমূহ) অনিলে (বায়ুতে) আরোপিতঃ (আরোপিত হইয়া থাকে), এবং (এই প্রকার অজ্ঞানবশতঃই) দ্রষ্টরি (দ্রষ্টা জীবে) দৃশ্যত্বং (শরীরত্বধর্ম্ম) আরোপিতম্ (আরোপিত হইয়া থাকে) ॥ ৩১ ॥

অতঃ (এই স্থূল দেহ হইতে) পরম্ (উৎকৃষ্ট) অব্যূঢ়গুণবৃংহিতম্ (সূক্ষ্মগুণকার্য্য একাদশেন্দ্রিয় ও পঞ্চতন্মাত্রদ্বারা রচিত) অব্যক্তং (সেই সূক্ষ্ম শরীরকে) যৎ (যাহার অনুবর্ত্তনে) পুনর্ভবঃ (পুনঃ পুনঃ জন্ম হইয়া থাকে) অদৃষ্টাশ্রুতবস্তুত্বাৎ (আত্মা, অনাত্মা ও পরমাত্মরূপ বস্তু জীবগণ কখনও দর্শন ও শ্রবণ করে নাই বলিয়া [অজ্ঞানী ব্যক্তিগণ]) স জীব ইতি ("তাহা জীব" এই বলিয়া আরোপ করিয়া থাকে) ॥ ৩২ ॥

অনুবাদ

থাকে, অথবা পার্থিব ধূলিসমূহ যেমন বায়ুতে আরোপিত হইয়া থাকে, সেইরূপ দ্রষ্টা জীবে দৃশ্যত্ব অর্থাৎ শরীরত্বধর্ম্ম আরোপিত হইয়া থাকে, (অর্থাৎ জীবাত্মাই অজ্ঞব্যক্তির নিকট শরীরীরূপে প্রতীয়মান হইয়া থাকে) ॥ ৩১ ॥

এই স্থূলদেহ হইতে উৎকৃষ্ট, সূক্ষ্মগুণকার্য্য একাদশেন্দ্রিয় ও পঞ্চতন্মাত্রদ্বারা রচিত, এবং যাহার অনুবর্ত্তনে পুনঃ পুনঃ জন্ম হইয়া থাকে, সেই সূক্ষ্ম শরীরকেই অজ্ঞানী ব্যক্তিগণ আত্মরূপে জীব বলিয়া আরোপ করিয়া থাকে। যেহেতু তাদৃশ অজ্ঞানীব্যক্তির আত্মা, অনাত্মা ও পরমাত্মা বিষয়ে কিছুমাত্র জ্ঞান নাই। (অর্থাৎ তত্ত্ববিষয়ে তাহাদের দর্শন ও শ্রবণ নাই, দেহ ও দেহীজ্ঞানও ইহাদের নাই; অতএব পরমাত্মবিষয়ে আর বক্তব্য কি ? এইপ্রকারে তত্ত্বত্রয়ের জ্ঞান না থাকায় জীব বদ্ধ হয়) ॥ ৩২ ।

টীকা

অবুদ্ধিভিঃ নভসি" আরোপিতঃ যথা বা "অনিলে" বায়ুস্থানে "পার্থিবো রেণুঃ" রেণুসঙ্ঘঃ আরোপিতঃ, এবমজ্ঞানাদেব অবুদ্ধিভিঃ "দ্রষ্টরি" দৃশ্যবিলক্ষণে জীবে "দৃশ্যত্বং" শরীরত্বং "আরোপিতম্" ॥ ৩১ ॥ "অত" ইতি। "অতঃ" স্থূলশরীরাৎ "পরম্" উৎকৃষ্টম্ অধিককালস্থায়ি "অব্যক্তং" সূক্ষ্মম্, "অব্যূঢ়ৈঃ" সূক্ষ্মৈঃ "গুণৈঃ" গুণকার্য্যৈঃ একাদশেন্দ্রিয়পঞ্চতন্মাত্রৈঃ "বৃংহিতং" রচিতম্ "যৎ" যেন অনুবর্ত্তমানেন "পুনর্ভবঃ" পুনঃ পুনর্জ্জন্ম ভবতি, তদপি স জীব ইত্যবুদ্ধিভিঃ স্থূলদেহপরিত্যাগগ্রহণান্তরালে আত্মত্বেনারোপিতমিতি পূর্ব্বেণৈবান্বয়ঃ। তত্র হেতুমাহ—ইতরেতরপৃথক্তয়া অদৃষ্টাশ্রুতানি বস্তূনি আত্মানাত্মপরমাত্মস্বরূপাণি যৈঃ তে অদৃষ্টাশ্রুতবস্তবস্তেষাং ভাবস্তত্ত্বং তস্মাৎ "অদৃষ্টাশ্রুতবস্তুত্বাদি"ত্যর্থঃ। এতেন যেষাং দেহদেহিজ্ঞানং নাস্তি, তেষাং পরমাত্মজ্ঞানং নাস্তীতি কিমুবক্তব্যম্। কিঞ্চ অনেন উভয়-শরীরমূলভূতায়াঃ ত্রিগুণায়াঃ প্রকৃতেঃ সঙ্গশ্চোক্তঃ। তদিত্থং তত্ত্বত্রয়াবিবেকাৎ অনাদিমায়াপরিযুক্ত-রূপত্বাৎ জীবাত্মনো বন্ধ ইতি ফলিতোঽর্থঃ ॥ ৩২ ॥

যত্রেমে সদসদ্রূপে প্রতিষিদ্ধে স্বসংবিদা।
অবিদ্যয়াত্মনি কৃতে ইতি তদ্ব্রহ্মদর্শনম্ ॥ ৩৩ ॥
যদ্যেষোপরতা দেবী মায়া বৈশারদী মতিঃ।
সম্পন্ন এবেতি বিদুর্মহিম্নি স্বে মহীয়তে ॥ ৩৪ ॥

অন্বয়

যত্র (যে সময়ে) স্বসংবিদা (ভগবানের জন্ম-কর্ম্মের শ্রবণ-মননাদিজনিত যে জ্ঞান, তাহা দ্বারা) [পূর্ব্বং] অবিদ্যয়া (পূর্ব্বে অজ্ঞানতাহেতু) আত্মনি কৃতে (আত্মরূপে স্বীকৃত) ইমে সদসদ্রূপে (এই স্থূল ও সূক্ষ্মশরীর) প্রতিষিদ্ধে [ভবতঃ] (অনাত্মা বলিয়া নিবারিত হয় অর্থাৎ আ ত্মারূপে গৃহীত না হয়) [তখন] তৎ ব্রহ্মদর্শনং [ভবতি] (তাহাই ব্রহ্মসাক্ষাৎকার বলিয়া অভিহিত হইয়া থাকে) ॥ ৩৩ ॥

যদি (যখনই) এষা দেবী মায়া (এই কার্য্যকারণাত্মিকা পরমেশ্বরের শক্তিরূপা মায়া) উপরতা স্যাৎ (নিবৃত্তা হয়) [তদৈব] (তখনই) বৈশারদী মতিঃ (সর্ব্বজ্ঞ পরমেশ্বরবিষয়িণী মতি অর্থাৎ ধ্রুবা স্মৃতি হইয়া থাকে)। (অনন্তর প্রারব্ধ কর্ম্ম ক্ষয় হইয়া প্রকৃতি সম্বন্ধ ছিন্ন হইলে) সম্পন্ন এব (অপহতপাপ্ম্যত্বাদিগুণসম্পন্ন হইয়া অর্থাৎ পাপ নষ্ট হওয়ায় নিষ্পাপগুণসম্পন্ন হইয়া) স্বে মহিম্নি (ভগবদ্ভাবে অবস্থানকরতঃ) মহীয়তে (পরমধামবাসিগণকর্ত্তৃক পূজিত হইয়া থাকেন) ইতি বিদুঃ (ইহা তত্ত্বজ্ঞগণ বলিয়া থাকেন) ॥ ৩৪ ॥

অনুবাদ

[মোক্ষের স্বরূপ কি, তাহাই দুইটি শ্লোকে বলিতেছেন]—যখন ভগবানের জন্ম ও কর্ম্মের শ্রবণ-মননাদিজনিত যে জ্ঞান, তাহা দ্বারা পূর্ব্বে অজ্ঞানতাহেতু আত্মরূপে স্বীকৃত এই স্থূল ও সূক্ষ্ম শরীর অনাত্মা বলিয়া নিবারিত হয় অর্থাৎ আত্মরূপে গৃহীত না হয়, তখন তাহাই ব্রহ্মসাক্ষাৎকার বলিয়া অভিহিত হইয়া থাকে। [অর্থাৎ জ্ঞানের দ্বারা যখন অজ্ঞান নিবৃত্ত হয়, তখনই ব্রহ্মজ্ঞান হইয়া থাকে, স্থূল ও সূক্ষ্ম কোন শরীরই আত্মা নহে ইহাই এই শ্লোকের প্রতিপাদ্য] ॥ ৩৩ ॥

যখনই এই কার্য্যকারণাত্মিকা পরমেশ্বরের শক্তিরূপা মায়া নিবৃত্তা হয়, তখনই সর্ব্বজ্ঞ

টীকা

মোক্ষপ্রকারমাহ—"যত্রেতি" দ্বাভ্যাম্। "যত্র" যস্মিন্ কালে জন্মনি বা ভগবজ্জন্মকর্ম্ম কথনশ্রবণবিষয়ে ইত্যর্থঃ। যত্র ভগবজ্জন্মকর্ম্মকথনশ্রবণমননাদিনা স্বস্য উপাস্যভূতস্য "যদ্বিজ্ঞানেন সর্ব্বং বিজ্ঞাতং ভবতী"ত্যেবম্ভূতস্য সংবিজ্ঞানং স্যাৎ, তেন জ্ঞানেন পূর্ব্ব"মবিদ্যয়া" অজ্ঞানেন "আত্মনি কৃতে" আত্মত্বেন স্বীকৃতে ইমে "সদসদ্রূপে" স্থূলসূক্ষ্মরূপে "প্রতিষিদ্ধে" অনাত্মত্বেন নিবারিতে ভগবতঃ চিদচিচ্ছক্তিমদ্ব্রহ্মজ্ঞানেনৈব আত্মানাত্মজ্ঞানোদয়াৎ। তদা "ইতি" ইত্যেবং প্রকারেণ "তদ্ব্রহ্মদর্শনং" ভবতি। তৎ পরব্রহ্মজ্ঞানং ভবতি ॥ ৩৩ ॥ "যদি" যদৈব "এষা" কার্য্যকারণাত্মিকা দেবস্য শক্তিরূপা মায়া "উপরতা" স্যাৎ, তদৈব "বৈশারদী মতিঃ," বিশারদঃ সর্ব্বজ্ঞঃ পরমপুরুষঃ তদ্বিষয়গা মতিঃ ধ্রুবা স্মৃতির্ভবতি। তদনন্তরঞ্চ প্রারব্ধকর্ম্মক্ষয়ে সতি প্রকৃতিসম্বন্ধবিযুক্তঃ,

এবং জন্মানি কর্ম্মাণি হ্যকর্ত্তুরজনস্য চ।
বর্ণয়ন্তি স্ম কবয়ো বেদগুহ্যানি হৃৎপতেঃ ॥ ৩৫ ॥
স বা ইদং বিশ্বমমোঘলীলঃ সৃজত্যবত্যত্তি ন সজ্জতেঽস্মিন্।
ভূতেষু চান্তর্হিত আত্মতন্ত্রঃ ষাড়্বর্গিকং জিঘ্রতি ষড়্গুণেশঃ ॥ ৩৬ ॥

অন্বয়

অকর্ত্তুঃ (জীবের ন্যায় যিনি শুভাশুভ কর্ম্মকারী নহেন) অজনস্য (ও জীবর ন্যায় যিনি জন্মাভিমানীও নহেন) হৃৎপতেঃ (সেই অন্তর্য্যামী ভগবানের) বেদগুহ্যানি (বেদগুহ্য) জন্মানি, কর্ম্মানি চ (জন্ম ও কর্ম্ম সকল অর্থাৎ অবতার ও অবতারের লীলা সকল) কবয়ঃ (পণ্ডিতগণ) এবং (এইরূপে) বর্ণয়ন্তি স্ম (বর্ণনা করিয়া থাকেন)॥ ৩৫ ॥

অমোঘলীলঃ (সত্যসঙ্কল্প) ভূতেষু অন্তর্হিতঃ (প্রাণিগণের হৃদয়ে অবস্থিত) আত্মতন্ত্রঃ (স্বাধীন) ষড়্গুণেশঃ (সর্ব্বেন্দ্রিয়ের নিয়ন্তা) স বৈ (সেই ভগবানই) ইদং বিশ্বং (এই পরি-

অনুবাদ

পরমেশ্বরবিষয়িণী মতি, অর্থাৎ ধ্রুবাস্মৃতি হইয়া থাকে। (অনন্তর প্রারব্ধকর্ম্ম ক্ষয় হইয়া প্রকৃতিসম্বন্ধ ছিন্ন হইলে) পাপ নষ্ট হওয়ায় নিষ্পাপগুণসম্পন্ন হইয়া থাকে, ও ভগবদ্ভাবে অবস্থানপূর্ব্বক পরমধামবাসিগণকর্ত্তৃক পূজিত হইয়া থাকেন—ইহা তত্ত্বজ্ঞগণ বলিয়া থাকেন ॥ ৩৪ ॥

যিনি জীবের ন্যায় শুভাশুভ কর্ম্মকারী নহেন ও জীবের ন্যায় জন্মাভিমানীও নহেন, সেই অন্তর্য্যামী ভগবানের বেদগুহ্য জন্ম ও কর্ম্ম সকল অর্থাৎ অবতার ও অবতারের লীলা সকল, পণ্ডিতগণ এইরূপে বর্ণনা করিয়া থাকেন ॥ ৩৫ ॥

সত্যসঙ্কল্প, প্রাণিগণের হৃদয়ে অবস্থিত, স্বাধীন ও সর্ব্বেন্দ্রিয়ের নিয়ন্তা সেই ভগবান এই

টীকা

অপহতপাপ্মত্বাদিগুণসম্পন্ন এব ভবতি। তদা "স্বে মহিম্নি" ভগবদ্ভাবাপত্তিলক্ষণে "মহীয়তে" পূজ্যতে, পরমধামবাসিভিঃ সৎকৃতো ভবতীত্যর্থঃ। মহপূজায়ামিত্যস্য রূপম্। "ইতি" ইত্যেতৎ সর্ব্বং তত্ত্বজ্ঞা বিদুঃ। এবং বদ্ধস্য ভগবজ্জন্মকর্ম্মরহস্যকথনশ্রবণাদিনা মুক্তির্ভবতি, ইতি প্রাসঙ্গিকপ্রকরণার্থঃ। তদুক্তং ভগবতা পূর্ব্বাচার্য্যেণ—"জ্ঞানস্বরূপঞ্চ হরেরধীনং, শরীরসংযোগবিয়োগযোগ্যম্। অনুং হি জীবং প্রতিদেহভিন্নং জ্ঞাতৃত্ববন্তং যদনন্তমাহুঃ॥ অনাদিমায়াপরিযুক্তরূপং ত্বেনং বিদুর্ব্বৈ ভগবৎ প্রসাদাদিতি" ॥৩৪॥ প্রাসঙ্গিকং সমাপ্য প্রকৃতং সমাপয়ন্ স্বমতে বহুকবিসম্মতিং দর্শয়তি—"এবমিতি"। "হৃৎপতেঃ" অন্তর্যামিবাসুদেবস্য "অজনস্য" দেহে জাতে আত্মানং জাতং মন্যতে স জনঃ জীবঃ তদ্ভিন্নস্য, স্বাত্মযাথাত্ম্যজ্ঞানপূর্ব্বাণি স্বেচ্ছকানি জন্মানি। "অকর্ত্তুঃ" কর্ম্মবশ্যতয়া শুভাশুভকর্ম্মকর্ত্তা জীবঃ তদ্ভিন্নস্য, "কর্ম্মাণি চ বেদগুহ্যানি" "অজায়মানো বহুধা ব্যজায়ত যস্য চৈতৎ কর্ম্ম স বেদিতব্য" ইত্যাদি বেদগোপ্যতয়া স্থিতানি। "জগৃহে পৌরুষং রূপ মি"ত্যাদিনা "জন্মগুহ্যং ভগবতো য এতৎ প্রযতো নরঃ। সায়ং প্রাতর্গৃণন্ ভক্ত্যা দুঃখগ্রামাদ্বিমুচ্যতে" ইত্যন্ততো জীবজন্মকর্ম্মবিসদৃশানি ময়া বর্ণিতানি যথা, এবং অন্যেঽপি "কবয়ঃ" ক্রান্তদর্শিনো "বর্ণয়ন্তী"ত্যন্বয়ঃ ॥ ৩৫ ॥ ভগবতো জন্মকর্ম্মরহস্যকথনশ্রবণাদিনা

ন চাস্যকশ্চিন্নিপুণেন ধাতুরবৈতি জন্তুঃ কুমনীষ ঊতীঃ।
নামানি রূপাণি মনোবচোভিঃ সন্তন্বতো নটচর্য্যামিবাজ্ঞঃ ॥ ৩৭ ॥
স বেদ ধাতুঃ পদবীং পরস্য দুরন্তবীর্য্যস্য রথাঙ্গপাণেঃ।
যোঽমায়য়া সন্ততয়ানুবৃত্ত্যা ভজেত তৎপাদসরোজগন্ধম্ ॥ ৩৮ ॥

অন্বয়

দৃশ্যমান জগৎ) সৃজতি (সৃষ্টি করিয়া থাকেন) অবতি (রক্ষা করিয়া থাকেন) অত্তি (বিনাশ করিয়া থাকেন)। ষাড়্বর্গিকং (ইন্দ্রিয়নিচয়ের বিষয়ীভূত বিষয়সকল) জিঘ্রতি [চ] (ভোগ করিয়া থাকেন)। কিন্তু অস্মিন্ ন সজ্জতে (কিন্তু এই সৃষ্টপদার্থে তিনি আসক্ত হন না)॥ ৩৬ ॥

অজ্ঞঃ জন্তুঃ (মূর্খ ব্যক্তি) নটচর্য্যাম্ ইব (যেমন নটের অভিনয় সঙ্কেত বুঝিতে পারে না), কুমনীষঃ কশ্চিৎ (তেমন কুবুদ্ধি অর্থাৎ অজ্ঞানী ব্যক্তি) ধাতুঃ (পরমেশ্বরের) মনোবচোভিঃ (মন অর্থাৎ সঙ্কল্প ও বাক্য অর্থাৎ বেদদ্বারা) নামানি রূপাণি (নাম ও রূপসকল) সন্তন্বতঃ (বিস্তারকারী) অস্য (এই ভগবানের) ঊতীঃ (লীলাসকল) নিপুণেন ন অবৈতি (তর্ককৌশলের দ্বারা নিপুণভাবে অনুসন্ধান করিয়াও জানিতে পারে না)॥ ৩৭ ॥

যঃ (যে ব্যক্তি) অমায়য়া (নিষ্কপটভাবে) সন্ততয়া অনুবৃত্ত্যা (নিরন্তর একাগ্রচিত্তে)

অনুবাদ

পরিদৃশ্যমান জগতের সৃষ্টি, পালন ও বিনাশ করিয়া থাকেন এবং ইন্দ্রিয়সমূহের বিষয়ীভূত বিষয়সকল ভোগ করিয়া থাকেন। কিন্তু এই সকল সৃষ্ট পদার্থে তিনি আসক্ত হন না ॥ ৩৬ ॥

মূর্খব্যক্তিগণ যেমন অভিনয়কালে নটের অভিনয়ের সঙ্কেত না বুঝিতে পারিয়া নটগণের চরিত্র কিছুই অনুধাবন করিতে পারে না, অবিবেকী ব্যক্তিগণও তদ্রূপ যিনি মন ও বাক্য অর্থাৎ সঙ্কল্প ও বেদরূপ বাক্যদ্বারা নামরূপাত্মক জগৎ বিস্তার করিয়াছেন, সেই জগৎস্রষ্টা ভগবানের লীলা সকল তর্কাদিদ্বারা [নিপুণভাবে অনুসন্ধান করিয়াও] জানিতে পারেন না ॥ ৩৭ ॥

যিনি নিষ্কপটভাবে নিরন্তর একাগ্রচিত্তে শ্রীহরির পাদপদ্ম সেবা করিয়া থাকেন, তিনি অসীম বীর্য্যশালী, সর্ব্বশ্রেষ্ঠ বিধাতা চক্রপাণি শ্রীহরির মাহাত্ম্য জানিতে পারেন ॥ ৩৮ ॥

টীকা

জীবঃ সংসারাৎ বিমুচ্যতে ইতি ভগবদুৎকর্ষ উক্তঃ। অথ নিখিলজগজ্জন্মাদিহেতুত্বেন অসঙ্গত্বস্ব-তন্ত্রত্বাদিনা পুনরুৎকর্ষঃ। কো মুচ্যতে কশ্চ ন, ইত্যাকাঙ্ক্ষায়াং বদ্ধং মুমুক্ষুঞ্চ ইতি জীবদ্বৈবিধ্যং চাহ "স বৈ" ইতি ত্রিভিঃ। "ষাড়্বর্গিকং" ইন্দ্রিয়ষট্কবেদ্যম্। "জিঘ্রতি" ভুঙ্‌ক্তে যতঃ ষড়িন্দ্রিয়েশঃ, যদ্বা জ্ঞানশক্তিবলৈশ্বর্য্যতেজওজসামীশঃ ॥ ৩৬ ॥ "নামানি রূপাণি মনোবচোভিঃ সন্তন্বতঃ" মনসা সঙ্কল্পেনৈব বচোভিঃ বেদরূপৈঃ নামানি দেবমনুষ্যাদিপদানি, রূপাণি পদার্থভূতানি দেবমনুষ্যাদিশরীরাণি বিস্তারয়তঃ, "ঊতীঃ", গতিঃ পদবীরিত্যর্থঃ। কুৎসিতা মলীমা বিষয়প্রবণা বুদ্ধির্যস্য স নিপুণেন তর্কাদিকৌশলেনাপি ন অবৈতি, নাবগচ্ছতি, "নটচর্য্যাম্ অজ্ঞ ইব" ভগবৎপদব্যর্নভিজ্ঞানাং নিত্যবদ্ধানাং জীবানাং তজ্জন্মাদিরহস্যশ্রবণাদ্যসম্ভবাৎ সংসারাদ্বিমুক্তির্নাস্তীতি ভাবঃ ॥ ৩৭ ॥ মুমুক্ষুস্তু কথঞ্চিদবগচ্ছতীত্যাহ "স"

অথেহ ধন্যা ভগবন্ত ইত্থং যদ্বাসুদেবেঽখিললোকনাথে।
কুর্ব্বন্তি সর্ব্বাত্মকমাত্মভাবং ন যত্র ভূয়ঃ পরিবর্ত্ত উগ্রঃ ॥ ৩৯ ॥

ইদং ভাগবতং নাম পুরাণং ব্রহ্মসম্মিতম্।
উত্তমঃশ্লোকচরিতং চকার ভগবানৃষিঃ।
নিঃশ্রেয়সায় লোকস্য ধন্যং স্বস্ত্যয়নং মহৎ ॥ ৪০ ॥

অন্বয়

তৎপাদসরোজগন্ধং (শ্রীহরির পাদপদ্ম) ভজেত (সেবা করিয়া থাকেন)। সঃ (সে ব্যক্তি) দুরন্তবীর্য্যস্য (অসীমবীর্য্যশালী) পরস্য ধাতুঃ (সর্ব্বশ্রেষ্ঠ বিধাতা) রথাঙ্গপাণেঃ (চক্রপাণি শ্রীহরির) পদবীং বেদ (মাহাত্ম্য জানিতে পারেন) ॥ ৩৮ ॥

অথ (যেহেতু ভক্তই ভগবন্মাহাত্ম্য জানেন অতএব) ইহ (এই জগতে) ভগবন্তঃ [এব] ধন্যাঃ (আপনারাই ধন্য) যৎ (যেহেতু) ইত্থং (এইরূপ প্রশ্নের দ্বারা) অখিললোকনাথে বাসুদেবে (জগৎপালক বাসুদেবে) সর্ব্বাত্মকং (ঐকান্তিক) আত্মভাবং (চিত্তৈকাগ্রতা) কুর্ব্বন্তি (সম্পূর্ণ করিয়াছেন)। যত্র [ভাবে সতি] (যে চিত্তৈকাগ্রতা উৎপন্ন হইলে) ভূয়ঃ (পুনরায়) উগ্রঃ পরিবর্ত্তঃ ন [জায়তে] (ভয়ঙ্কর জন্মমরণপ্রবাহ অর্থাৎ সংসার হয় না) ॥ ৩৯ ॥

ভগবান্ ঋষিঃ (ভগবান্ ঋষি বেদব্যাস) লোকস্য নিঃশ্রেয়সায় (লোকের মঙ্গলের জন্য) ধন্যং মহৎ (প্রশংসার্হ, বিস্তৃত) স্বস্ত্যয়নং (কল্যাণপ্রদ) উত্তমঃশ্লোকচরিতং (ভগবল্লীলা প্রধান) ব্রহ্মসম্মিতং (বেদতুল্য) ইদং ভাগবতং চকার (এই ভাগবতগ্রন্থ রচনা করিয়াছেন) ॥ ৪০ ॥

অনুবাদ

যেহেতু ভগবদ্ভক্তই ভগবন্মাহাত্ম্য অবগত আছেন, অতএব এই জগতে আপনারাই ধন্য। যেহেতু আপনারা এইরূপ প্রশ্নের দ্বারা জগৎপালক ভগবান্ বাসুদেবের প্রতি ঐকান্তিক চিত্তৈকাগ্রতা সম্পূর্ণ করিয়াছেন। যেই চিত্তৈকাগ্রতা উৎপন্ন হইলে পুনরায় আর ভয়ঙ্কর জন্মমরণপ্রবাহ অর্থাৎ সংসার হয় না ॥ ৩৯ ॥

ভগবান্ ঋষি বেদব্যাস, লোকের মঙ্গলের জন্য প্রশংসার্হ, বিস্তৃত, কল্যাণপ্রদ, ভগবল্লীলাপ্রধান, বেদতুল্য এই ভাগবতগ্রন্থ রচনা করিয়াছেন। [এখানে শৌনক যে প্রশ্ন করিয়াছিলেন "ধর্ম্ম কাহার শরণাপন্ন হইলেন" তাহারই উত্তর এই শ্লোকে দেওয়া হইল। "ধর্ম্ম ভাগবতপুরাণের আশ্রয়ে অবস্থান করিলেন" ইহাই বলা হইল] ॥ ৪০ ॥

টীকা

ইতি। "অমায়য়া" দম্ভাদিদোষশূন্যয়া, "সন্ততয়া" নিরন্তরয়া "অনুবৃত্ত্যা" ॥ ৩৮ ॥ ভবন্তস্তু মুমুক্ষব ইতি মুনীন্ অভিনন্দতি—"অথেতি"। হে "ভগবন্তঃ"! "ইহ" লোকে ভবন্তঃ "ধন্যাঃ" কৃতার্থাঃ। তত্র হেতুমাহ "যদিতি"। "ইত্থং" প্রশ্নশব্দেন ভগবদনন্যবিষয়েন "বাসুদেবে আত্মভাবং" চিত্তৈকাগ্র্যং "সর্ব্বাত্মকং" সম্পূর্ণং "কুর্ব্বন্তি"। "যত্র" যস্মিন্ ভাবে সতি, "উগ্রঃ" দুঃসহঃ "ভূয়ঃ" বিপুলঃ, "পরিবর্ত্তঃ" জন্মমরণপ্রবাহঃ "ন" ভবতি ॥ ৩৯ ॥ অথ "ব্রূহি যোগেশ্বরে কৃষ্ণে ব্রহ্মণ্যে ধর্ম্মবর্ম্মণি। স্বাং কাষ্ঠামধুনোপেতে ধর্ম্মঃ কং শরণং গত" ইতি ষষ্ঠস্য প্রশ্নস্য সর্ব্বশাস্ত্রোত্তমমিদং শ্রীমদ্ভাগবতং পুরাণং ধর্ম্মঃ শরণং গত

তদিদং গ্রাহয়ামাস সুতমাত্মবতাং বরম্।
সর্ব্ববেদেতিহাসানাং সারং সারং সমুদ্ধৃতম্ ॥ ৪১ ॥
স তু সংশ্রাবয়ামাস মহারাজং পরীক্ষিতম্।
প্রায়োপবিষ্টং গঙ্গায়াং পরীতং পরমর্ষিভিঃ ॥ ৪২ ॥
কৃষ্ণে স্বধামোপগতে ধর্ম্মজ্ঞানাদিভিঃ সহ।
কলৌ নষ্টদৃশামেষঃ পুরাণার্কোঽধুনোদিতঃ ॥ ৪৩ ॥

অন্বয়

তৎ (অনন্তর) ইদং (এই) সর্ব্ববেদেতিহাসানাং সমুদ্ধৃতং সারং সারং (সকল বেদ ও ইতিহাসসমূহের সমুদ্ধৃত সারাংশ শ্রীমদ্ভাগবত) আত্মবতাং বরং (আত্মজ্ঞগণের শ্রেষ্ঠ) সুতং গ্রাহয়ামাস (নিজ পুত্র শ্রীশুকদেবকে অধ্যয়ন করাইয়াছিলেন) ॥ ৪১

সঃ তু (সেই শুকদেবও) গঙ্গায়াং (গঙ্গাতীরে) প্রায়োপবিষ্টং (অনশন ব্রতাবলম্বী) পরমর্ষিভিঃ পরীতং (মহর্ষিগণ পরিবেষ্টিত) মহারাজং পরীক্ষিতং (মহারাজ পরীক্ষিতকে) সংশ্রাবয়ামাস ([এই ভাগবত] শুনাইয়াছিলেন) ॥ ৪২ ॥

ধর্ম্মজ্ঞানাদিভিঃ সহ (ধর্ম্ম জ্ঞান প্রভৃতির সহিত) কৃষ্ণে স্বধাম উপগতে (শ্রীকৃষ্ণ নিজধামে চলিয়া গেলে) অধুনা কলৌ (এই কলিকালে) নষ্টদৃশাং (জ্ঞানচক্ষুরহিত অজ্ঞ-ব্যক্তিগণের) এষঃ পুরাণার্কঃ উদিতঃ (এই শ্রীমদ্ভাগবতরূপ জ্ঞানসূর্য্য উদিত হইয়াছেন) ॥ ৪৩ ॥

অনুবাদ

অনন্তর [ব্যাসদেব] সকল বেদ ও ইতিহাস সমূহের সমুদ্ধৃত সারাংশ এই শ্রীমদ্ভাগবত আত্মজ্ঞগণের শ্রেষ্ঠ নিজপুত্র শ্রীশুকদেবকে অধ্যয়ন করাইয়াছিলেন ॥ ৪১ ॥

সেই শুকদেবও গঙ্গাতীরে মৃত্যু পর্য্যন্ত অনশনব্রতাবলম্বী, মহর্ষিগণ পরিবেষ্টিত, মহারাজ পরীক্ষিতকে এই শ্রীমদ্ভাগবত শুনাইয়াছিলেন ॥ ৪২ ॥

ধর্ম্ম ও জ্ঞান প্রভৃতির সহিত ভগবান্ শ্রীকৃষ্ণ নিজধামে চলিয়া গেলে অর্থাৎ অবতাররূপ পরিত্যাগ করিয়া স্বস্বরূপে অবস্থান করিলে, এই কলিকালে জ্ঞানচক্ষুরহিত অজ্ঞানিগণের অজ্ঞানান্ধকার দূর করিবার জন্য এই শ্রীমদ্ভাগবত নামক পুরাণরূপ জ্ঞান-সূর্য্য উদিত হইয়াছেন ॥ ৪৩ ॥

টীকা

ইত্যুত্তরং দর্শয়ন্ ষণ্ণাং প্রশ্নানাং বিস্তরতঃ প্রত্যুত্তরাণি প্রতিপিপাদয়িষুঃ শ্রীমদ্ভাগবতং শ্রাবয়িষ্যামীতি চ প্রতিজানন্ সংক্ষেপতঃ প্রতিবচনার্থকাধ্যায়দ্বয়ার্থমুপসংহরতি—"ইদ"মিত্যাদ্যধ্যায়শেষেণ। "ব্রহ্মসম্মিতং" বেদতুল্যম্। যদ্বা পরং ব্রহ্ম সম্যক্ মীয়তে যত্র তদ্ ব্রহ্মসম্মিতম্। কর্ম্মণি ক্তঃ ॥ ৪০ ॥ "সুতং" শ্রীশুকম্ ॥ ৪১ ॥ "প্রায়োপবিষ্টম্" পরমবৈরাগ্যসূচকেন মৃত্যুপর্য্যন্তানশনেনোপবিষ্টম্ ॥ ৪২ ॥ "পুরাণার্ক" ইতি। অন্যেষু যুগেষু হার্দ্দিতমোনির্নাশকঃ বেদার্ক আসীৎ। "অধুনা" ইদানীং কলৌ তু তদ্দোষবাহুল্যেন "নষ্টদৃশাং" নষ্টপ্রজ্ঞানাং বেদার্থজ্ঞানাভাবাৎ তন্মুখার্থপ্রকাশকঃ "পুরাণ-

তত্র কীর্ত্তয়তো বিপ্রা বিপ্রর্ষেভূরিতেজসঃ।
অহঞ্চাধ্যগমং তত্র নিবিষ্টস্তদনুগ্রহাৎ।
সোঽহং বঃ শ্রাবয়িষ্যামি যথাধীতং যথামতি ॥ ৪৪ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথমস্কন্ধে নৈমিশীয়োপাখ্যানে জন্মগুহ্যং নাম তৃতীয়োঽধ্যায়ঃ ॥ ৩ ॥

অন্বয়

হে বিপ্রা! (হে ব্রাহ্মণগণ!) তত্র কীর্ত্তয়তঃ (পরীক্ষিতের নিকটে কীর্ত্তনকারী) ভূরিতেজসঃ (অতীব তেজস্বী) বিপ্রর্ষেঃ (বিপ্রর্ষি শুকদেবের নিকট হইতে) তদনুগ্রহাৎ (সেই শুকদেবের অনুগ্রহে) [তত্র] অহং নিবিষ্টঃ (সেখানে প্রবিষ্ট হইয়া) অধ্যগমম্ (আমি [শ্রীমদ্ভাগবত] অবগত হইয়াছিলাম) সঃ অহং (সেই আমি) যথাধীতং (যেরূপ অবগত হইয়াছিলাম তদনুরূপ) যথামতি (নিজ বুদ্ধি অনুসারে) বঃ শ্রাবয়িষ্যামি (আপনাদিগকে শুনাইব) ॥ ৪৪ ॥

অনুবাদ

হে ব্রাহ্মণগণ! মহারাজ পরীক্ষিতের নিকটে শ্রীমদ্ভাগবত কীর্ত্তনকারী অত্যন্ত তেজস্বী বিপ্রর্ষি শুকদেবের নিকট হইতে তাঁহার অনুগ্রহে আমি সেখানে প্রবিষ্ট হইয়া শ্রীমদ্ভাগবত অবগত হইয়াছিলাম, সেই আমি যেরূপ অবগত হইয়াছিলাম, তদনুরূপ নিজ বুদ্ধি অনুসারে আপনাদিগকে তাহা শুনাইব ॥ ৪৪ ॥

তৃতীয় অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল।

টীকা

রূপোঽর্কঃ উদিতঃ ॥ ৪৩ ॥ ৪৪ ॥

ইতি শ্রীমদ্ভাগবতসিদ্ধান্তপ্রদীপে প্রথমস্কন্ধে তৃতীয়াধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ৩ ॥

চতুর্থোঽধ্যায়ঃ

ইতি ব্রুবাণং সংস্তূয় মুনীনাং দীর্ঘসত্রিণাম্।
বৃদ্ধঃ কুলপতিঃ সূতং বহ্বৃচঃ শৌনকোঽব্রবীৎ ॥ ১ ॥

অন্বয়

দীর্ঘসত্রিণাং (দীর্ঘকালব্যাপী যজ্ঞে দীক্ষিত মুনিগণের মধ্যে) বৃদ্ধঃ (প্রাচীন) কুলপতিঃ (ঋষিকুল শ্রেষ্ঠ) বহ্বৃচঃ শৌনকঃ (ঋগ্বেদবত্তা শৌনক ঋষি) ইতি ব্রুবাণং সূতং (পূর্ব্বোক্ত প্রকারে বক্তা সূতকে) সংস্তূয় (স্তুতিবাদ করিয়া) অব্রবীৎ (বলিতে লাগিলেন) ॥ ১ ॥

অনুবাদ

দীর্ঘকালব্যাপী যজ্ঞে দীক্ষিত মুনিগণের মধ্যে প্রাচীন ঋষিকুলশ্রেষ্ঠ ঋগ্বেদবেত্তা শৌনক ঋষি পূর্ব্বোক্ত প্রকারে বক্তা সূতকে [অর্থাৎ শ্রীমদ্ভাগবত শ্রবণ করাইতে প্রতিশ্রুত সূতকে] স্তুতিবাদ করিয়া বলিতে লাগিলেন ॥ ১ ॥

টীকা

বঃ শ্রাবয়িষ্যামীতি "ব্রুবাণম্"। "বহ্বৃচঃ" ঋগ্বেদী ॥১॥ "যৎ" যাং শুক আহ পরীক্ষিতে ইতি

শৌনক উবাচ

সূত ! সূত ! মহাভাগ ! বদ নো বদতাং বর ! ।
কথাং ভাগবতীং পুণ্যাং যদাহ ভগবাঞ্ছুকঃ ॥ ২ ॥
কস্মিন্ যুগে প্রবৃত্তেয়ং স্থানে বা কেন হেতুনা ।
কুতঃ সঞ্চোদিতঃ কৃষ্ণঃ কৃতবান্ সংহিতাং মুনিঃ ॥ ৩ ॥
তস্য পুত্রো মহাযোগী সমদৃঙ্ নির্ব্বিকল্পকঃ ।
একান্তমতিরুন্নিদ্রো গূঢ়ো মূঢ় ইবেয়তে ॥ ৪ ॥

অন্বয়

শৌনক উবাচ (শৌনক বলিলেন) সূত ! সূত ! (হে সূত ! হে সূত ! [দ্বিরুক্তিদ্বারা এখানে অত্যাগ্রহ সূচিত হইতেছে]) মহাভাগ ! (হে মহাভাগ্যশালিন্) বদতাং বর ! (হে বাগ্মিশ্রেষ্ঠ !) ভগবান্ শুকঃ (ভগবান্ শ্রীশুকদেব [পরীক্ষিতের নিকটে]) যৎ পুণ্যাং ভাগবতীং কথাং (যে পবিত্র ভাগবতকথা) আহ (বলিয়াছিলেন) তাং নঃ বদ (তাহা আমাদিগকে বলুন) ॥ ২ ॥

কস্মিন্ যুগে ইয়ং প্রবৃত্তা (কোন্ যুগে এই ভাগবত সংহিতা প্রবর্ত্তিত হইয়াছে) । মুনিঃ কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস) কস্মিন্ স্থানে (কোন্ স্থানে) কেন হেতুনা (কি কারণে) কুতঃ বা সঞ্চোদিতঃ (কাহাকর্ত্তৃকই বা উপদিষ্ট হইয়া) সংহিতাং কৃতবান্ (এই শ্রীমদ্ভাগবত সংহিতা নামক পুরাণ প্রণয়ন করেন) ॥ ৩ ॥

তস্য পুত্রঃ মহাযোগী (সেই ব্যাসদেবের পুত্র পরমযোগী শ্রীশুকদেব) সমদৃক্ (সমদৃষ্টিসম্পন্ন) অতএব নির্ব্বিকল্পকঃ (সুতরাং সমস্তই ব্রহ্মের অংশ এই জ্ঞান উৎপন্ন হওয়ায় ভেদানুসন্ধানরহিত) একান্তমতিঃ (ভগবদ্ধ্যানে স্থিরবুদ্ধি) [অতএব] উন্নিদ্রঃ (এজন্য সর্ব্বদা জাগরূক অর্থাৎ আত্মরূপে অবস্থিত)

অনুবাদ

শৌনক বলিলেন—হে সূত ! হে সূত ! হে মহাভাগ্যশালিন্ ! হে বাগ্মিশ্রেষ্ঠ ! ভগবান্ শ্রীশুকদেব [পরীক্ষিতের নিকটে] যে পবিত্র ভাগবতকথা বলিয়াছিলেন, তাহা আমাদিগকে বলুন ॥ ২ ॥

কোন্ যুগে এই ভাগবত সংহিতা প্রবর্ত্তিত হইয়াছে। শ্রীকৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস কোন্ স্থানে, কি কারণে, কাহাকর্ত্তৃকই বা উপদিষ্ট হইয়া এই শ্রীমদ্ভাগবত সংহিতা নামক পুরাণ প্রণয়ন করেন ॥ ৩ ॥

সেই ব্যাসদেবের পুত্র পরমযোগী শ্রীশুকদেব ["এই চিদচিদ্রূপ সমস্ত জগৎ অনন্তশক্তিরই কার্য্য, অতএব ইহাতে উপেক্ষণীয় বা আদরণীয় কিছু নাই" এইরূপ]

টীকা

শেষঃ, "তাং নো বদ" ইত্যন্বয়ঃ ॥২॥ "কস্মিন্ যুগে" সংহিতা "প্রবৃত্তা," কস্মিন্ "স্থানে কেন হেতুনা"। "কুতঃ" "কেন সংচোদিতঃ কৃষ্ণঃ" শ্রীব্যাসঃ "সংহিতাং কৃতবান্" ইত্যন্বয়ঃ। কুত ইতি সার্ব্ববিভক্তিকস্তসিঃ ॥ ৩ ॥ "স তু সংশ্রাবয়ামাস মহারাজং পরীক্ষিতমিত্যুক্তম্"। তত্র শুকস্য ব্যাখ্যানাদিকমঘটমানমিব

দৃষ্ট্বানুযান্তমৃষিমাত্মজমপ্যনগ্নং
দেব্যো হ্রিয়া পরিদধুর্ন সুতস্য চিত্রম্ ॥
তদ্বীক্ষ্য পৃচ্ছতি মুনৌ জগদুস্তবাস্তি
স্ত্রীপুংভিদা ন তু সুতস্য বিবিক্তদৃষ্টেঃ ॥ ৫ ॥

অন্বয়

গূঢ়ঃ (এবং প্রচ্ছন্নভাবে অবস্থান করিতেন) [অতএব] মূঢ়ঃ ইব ইয়তে (অতএব অন্যের নিকটে যেন মূঢ়ের ন্যায় প্রতীত হইয়া থাকিতেন) ॥ ৪ ॥

দেব্যঃ (জলক্রীড়াসক্ত অপ্সরোগণ) আত্মজম্ অনুযান্তং (নিজপুত্র শুকদেবের অনুগমনকারী) ঋষিং (ব্যাসদেবকে) অনগ্নমপি দৃষ্ট্বা (বস্ত্র পরিহিত অবস্থায় দেখিয়াও) হ্রিয়া (লজ্জায়) পরিদধুঃ (বস্ত্র পরিধান করিল) [তু] সুতস্য ন (কিন্তু নগ্নপুত্র শুকদেবকে দেখিয়া বস্ত্র পরিধান করিল না) তৎ চিত্রং বীক্ষ্য (এই আশ্চর্য্য ব্যাপার লক্ষ্য করিয়া) মুনৌ পৃচ্ছতি (মুনি ব্যাসদেব জিজ্ঞাসা করিলে) জগদুঃ (অপ্সরাগণ বলিল) তব (তোমার) স্ত্রীপুংভিদা (এই স্ত্রী, ঐ পুরুষ এই প্রকার ভেদজ্ঞান) অস্তি (আছে)। তু (কিন্তু) বিবিক্তদৃষ্টেঃ (ব্রহ্মে দৃষ্টিসম্পন্ন) সুতস্য (তোমার এই পুত্রের) ন অস্তি (তাহা নাই অর্থাৎ ভেদজ্ঞান নাই) ॥ ৫ ॥

অনুবাদ

সমদৃষ্টিসম্পন্ন ছিলেন। অতএব "সমস্তই ব্রহ্মের অংশ" এই জ্ঞান উৎপন্ন হওয়ায় তিনি ভেদানুসন্ধানরহিত ছিলেন। [এজন্য তিনি ভগবদ্ধ্যানে স্থিরবুদ্ধি বলিয়া] সর্ব্বদা জাগরূক অর্থাৎ আত্মস্বরূপে অবস্থিত এবং প্রচ্ছন্নভাবে অবস্থান করিতেন। অতএব তিনি অন্যের নিকটে যেন মূঢ়ের ন্যায় প্রতীত হইয়া থাকিতেন ॥ ৪ ॥

জলক্রীড়াসক্ত অপ্সরোগণ নিজপুত্র শুকদেবের অনুগমনকারী ব্যাসদেবকে বস্ত্র পরিহিত অবস্থায় দেখিয়াও লজ্জায় বস্ত্র পরিধান করিল, কিন্তু নগ্নপুত্র শুকদেবকে দেখিয়া বস্ত্র পরিধান করিল না। এই আশ্চর্য্য ব্যাপার লক্ষ্য করিয়া মুনি ব্যাসদেব [অপ্সরোগণকে ইহার কারণ] জিজ্ঞাসা করিলে, তাহারা বলিল—[হে

টীকা

অভিপ্রেত্যাহ—"তস্যে"তি। "তস্য" ব্যাসস্য "পুত্রঃ" শুকঃ চিদচিদ্রূপম্ ইদং বিশ্বমেকস্যৈব অনন্তশক্তেঃ কার্য্যং নাত্র কিঞ্চিদুপেক্ষণীয়ম্ আদরণীয়ং বেতি সম্পশ্যতীতি "সমদৃক্"। অতএব কার্য্যস্য কারণেন ভিন্নত্বেঽপি কারণব্যতিরিক্তস্থিতিপ্রবৃত্ত্যাদ্যভাবাৎ ব্রহ্মাভিন্নত্বে সতি "ব্রহ্মৈবেদং সর্ব্বমি"তি বিজ্ঞানান্নির্ব্বিকল্পকো ভেদানুসন্ধানরহিতঃ; স্বার্থে কঃ। একান্তা ভগবদ্ধ্যাননিষ্ঠা মতির্যস্য সঃ "একান্তমতিঃ"। অতএব "উন্নিদ্রঃ" জাগরূকঃ "যা নিশা সর্ব্বভূতানাং তস্যাং জাগর্ত্তি সংযমী" ইতি স্মৃতেঃ। "গূঢ়ঃ" গুপ্তবিদ্যঃ। অতএব "মূঢ় ইব ইয়তে" প্রতীয়তে ॥ ৪ ॥

তস্য সমদর্শিত্বেন নির্ব্বিকল্পত্বং দর্শয়তি—"দৃষ্ট্বে"তি। "ধর্ম্মপুত্র! নিসেবস্ব সুতীক্ষ্ণৌ চ হিমাতপৌ। ক্ষুৎপিপাসে চ বায়ুঞ্চ জয় নিত্যং জিতেন্দ্রিয়!॥" ইত্যেবম্বিধৈঃ শ্রীমদ্ব্যাসবাক্যৈরেব "প্রব্রজন্তম্" "আত্মজং" শুকম্ "অনুযান্তম্" অনুগচ্ছন্তম্ "ঋষিং" ব্যাসং তু "অনগ্নমপি দৃষ্ট্বা" নদ্যাং ক্রীড়ত্যো "দেব্যঃ হ্রিয়া

কথমালক্ষিতঃ পৌরৈঃ সম্প্রাপ্তঃ কুরুজাঙ্গলান্।
উন্মত্তমূকজড়বদ্ বিচরন্ গজসাহ্বয়ে ॥ ৬ ॥
কথং বা পাণ্ডবেয়স্য রাজর্ষের্মুনিনা সহ।
সংবাদঃ সমভূৎ তাত! যত্রৈষা সাত্বতী শ্রুতিঃ ॥ ৭ ॥

অন্বয়

উন্মত্তমূকজড়বৎ (উন্মত্ত, মূক ও জড়ের ন্যায়) বিচরন্ [শুকঃ] (বিচরণ করিতে করিতে সেই শ্রীশুকদেব) [প্রাক্] কুরুজাঙ্গলান্ সংপ্রাপ্তঃ (প্রথমে কুরু-জাঙ্গল নামক দেশ প্রাপ্ত হইয়া) [পশ্চাৎ] গজসাহ্বয়ে (পরে হস্তিনাপুরে [উপস্থিত হইলে]) পৌরৈঃ কথম্ আলক্ষিতঃ (পুরবাসিগণ তাঁহাকে কি প্রকারে চিনিতে পারিয়াছিল?) ॥ ৬ ॥

তাত! (হে পূজনীয়!) কথং বা (কি প্রকারেই বা) মুনিনা সহ (শুকদেবের সহিত) পাণ্ডবেয়স্য রাজর্ষেঃ (পাণ্ডুবংশোদ্ভব রাজর্ষি পরীক্ষিতের) সংবাদঃ (আলাপ) সমভূৎ (হইয়াছিল?), যত্র (যে আলাপে) এষা সাত্বতী শ্রুতিঃ [প্রবর্তিতা] (এই সাত্বতীশ্রুতি অর্থাৎ ভাগবত নামক মহাপুরাণ প্রচলিত হইয়াছে) ॥ ৭ ॥

অনুবাদ

মুনে!] তোমার "এই স্ত্রী ঐ পুরুষ" এই প্রকার ভেদজ্ঞান আছে। কিন্তু ব্রহ্মে দৃষ্টিসম্পন্ন তোমার এই পুত্রের তাহা নাই। [অর্থাৎ শুকদেবের ভেদজ্ঞান নাই বলিয়া আমরা তাহার নিকটে লজ্জা করি নাই] ॥ ৫ ॥

উন্মত্ত, মূক ও জড়ের ন্যায় বিচরণ করিতে করিতে সেই শ্রীশুকদেব প্রথমে কুরু-জাঙ্গল নামক দেশ প্রাপ্ত হইয়া পরে হস্তিনাপুরে উপস্থিত হইলে পুরবাসিগণ তাঁহাকে কি প্রকারে চিনিতে পারিয়াছিল? ॥ ৬ ॥

হে পূজনীয়! কি প্রকারেই বা শুকদেবের সহিত পাণ্ডুবংশোদ্ভব রাজর্ষি পরীক্ষিতের আলাপ হইয়াছিল? যে আলাপে এই ভাগবত নামক মহাপুরাণ প্রচলিত হইয়াছে ॥ ৭ ॥

টীকা

পরিদধুঃ" বাসাংসীতি শেষঃ। ন তু আত্মজং দৃষ্ট্বা পরিদধুঃ। "তদ"সঙ্গত্বং "চিত্রম্"অদ্ভুতং পুত্রস্য "বীক্ষ্য" কিমস্য স্ত্রীপুংভিদা অস্তি ন বেতি "মুনৌ" শ্রীব্যাসে "পৃচ্ছতি" সতি বিবিক্তে দৃষ্টিঃ জগদ্বিলক্ষণে ব্রহ্মণি দৃষ্টির্যস্য তস্য "তব সুতস্য স্ত্রীপুংভিদা নাস্তীতি দেব্যঃ "জগদু"রিত্যন্বয়ঃ ॥৫॥ এবম্ভূতঃ "কুরুজাঙ্গলান্" দেশান্ "প্রাপ্তঃ, গজসাহ্বয়ে" হস্তিনাপুরে "উন্মত্তমূকজড়বৎ বিচরন্ পৌরৈঃ কথমালক্ষিতঃ" জ্ঞাতঃ ॥ ৬ ॥ আসক্তস্য বিরক্তেন সম্বাদো দুর্ঘট ইত্যাহ—"কথমি"তি। "রাজর্ষেঃ" পরীক্ষিতঃ এবম্ভূতেন "মুনিনা সহ কথং সংবাদঃ সম্বভূব। "যত্র" সংবাদে "শ্রুতিঃ" তত্তুল্যা সাতয়তি সুখয়তি ইতি সাৎ ভগবান্, সাতেঃ সৌত্রস্য ণ্যম্ তস্য কিপি রূপম্, স বিষয়তয়া অস্যা অস্তীতি "সাত্বতী, এষা" সংহিতা প্রবৃত্তা ॥ ৭ ॥

স গোদোহনমাত্রং হি গৃহেষু গৃহমেধিনাম্ ।
অবেক্ষতে মহাভাগস্তীর্থীকুর্ব্বংস্তদাশ্রমম্ ॥ ৮ ॥
অভিমন্যুসুতং সূত ! প্রাহুর্ভাগবতোত্তমম্ ।
তস্য জন্ম মহাশ্চর্য্যং কর্ম্মাণি চ গৃণীহি নঃ ॥ ৯ ॥
স সম্রাট্ কস্য বা হেতোঃ পাণ্ডূনাং মানবর্দ্ধনঃ ।
প্রায়োপবিষ্টো গঙ্গায়ামনাদৃত্যাধিরাট্শ্রিয়ম্ ॥ ১০ ॥

অন্বয়

[এই ভাগবতগ্রন্থ বলিতে বহু সময় প্রয়োজন, কিন্তু তিনি কোথাও বহু সময় থাকিতেন না; অতত্রব শুক কর্ত্তৃক এই পুরাণ কীর্ত্তন কি করিয়া সম্ভব হইল, ইহাই বলিতেছেন] সঃ মহাভাগঃ (সেই মহাভাগ্যবান্ শ্রীশুকদেব) গৃহমেধিনাং (গৃহস্থগণের) তৎ আশ্রমং (সেই গৃহ) তীর্থীকুর্ব্বন্ (পবিত্র করিয়া) গৃহেষু (তাহাদের গৃহে) গোদোহনমাত্রং (গোদোহন করিতে যত সময় লাগে তত সময় মাত্র) অবেক্ষতে হি (অপেক্ষা করিতেন) [অধিক সময় অপেক্ষা করিতেন না] ॥ ৮ ॥

হে সূত ! অভিমন্যুসুতং (অভিমন্যুপুত্র পরীক্ষিৎকে) ভাগবতোত্তমং প্রাহুঃ (সুধীগণ ভগবদ্ভক্তগণের মধ্যে শ্রেষ্ঠ বলিয়া থাকেন), তস্য (সেই রাজর্ষি পরীক্ষিতের) মহাশ্চর্য্যং জন্ম (অতি আশ্চর্য্যজনক জন্মবৃত্তান্ত) কর্ম্মাণি চ (এবং কর্ম্মসকল) নঃ গৃণীহি (আমাদিগকে বলুন) ॥ ৯ ॥

পাণ্ডূনাং মানবর্দ্ধনঃ (পাণ্ডুকুলের কীর্ত্তিবর্দ্ধক) সঃ সম্রাট্ (সেই রাজচক্রবর্ত্তী পরীক্ষিৎ) কস্য বা হেতোঃ (কি কারণেই বা) অধিরাট্শ্রিয়ং (সাম্রাজ্যলক্ষ্মীকে) অনাদৃত্য (অনাদর করিয়া) গঙ্গায়াং প্রায়োপবিষ্টঃ (গঙ্গাতীরে অনশন ব্রত অবলম্বন করিয়াছিলেন) ॥ ১০ ॥

অনুবাদ

সেই মহাভাগ্যবান্ শ্রীশুকদেব, গৃহস্থগণের গৃহ পবিত্র করিয়া তাহাদের গৃহে গোদাহন করিতে যত সময় লাগে, তত সময় মাত্র অপেক্ষা করিতেন, অধিক সময় থাকিতেন না। [অতএব বহুসময়সাপেক্ষ এই শ্রীমদ্ভাগবত সংহিতা মহারাজ পরীক্ষিৎকে কি করিয়া শুনাইয়াছিলেন ?]

হে সূত ! অভিমন্যুপুত্র পরীক্ষিৎকে সুধীগণ ভগবদ্ভক্তগণের মধ্যে শ্রেষ্ঠ বলিয়া থাকেন, সেই রাজর্ষি পরীক্ষিতের অতি আশ্চর্য্যজনক জন্মবৃত্তান্ত এবং কর্ম্মসকল আমাদিগকে বলুন ॥ ৯ ॥

পাণ্ডুকুলের কীর্ত্তিবর্দ্ধক সেই রাজচক্রবর্ত্তী পরীক্ষিৎ, কি কারণেই বা সাম্রাজ্যলক্ষ্মীকে অনাদর করিয়া (অর্থাৎ রাজ্যসুখ পরিত্যাগ করিয়া) গঙ্গাতীরে অনশন ব্রত অবলম্বন করিয়াছিলেন ॥ ১০ ॥

টীকা

স্থায়িনো যায়িনা সংবাদো দুর্ঘট ইত্যভিপ্রায়েণাহ—"স" ইতি। "গোদোহনমাত্রং" যাবতাকালেন গৌর্দুহ্যতে তাবন্তং কালং "তীর্থীকুর্ব্বন্" পবিত্রীকুর্ব্বন্ ॥ ৮ ॥ "নঃ" অস্মাকং "গৃণীহি" কথয় ॥ ৯ ॥ "সম্রাট্" সার্ব্বভৌমঃ, "গঙ্গায়াং" কস্মাৎ "প্রায়োপবিষ্টঃ" ॥১০॥ "যুবৈব" তরুণ এব, "কথং" কস্মাৎ,

নমন্তি যৎপাদনিকেতমাত্মনঃ, শিবায় হানীয় ধনানি শত্রবঃ।
কথং স বীরঃ শ্রিয়মঙ্গ! দুস্ত্যজাং, যুবৈষতোৎস্রষ্টুমহো! সহাসুভিঃ ॥ ১১ ॥
শিবায় লোকস্য ভবায় ভূতয়ে, য উত্তমঃশ্লোকপরায়ণা জনাঃ।
জীবন্তি নাত্মার্থমসৌ পরাশ্রয়ং মুমোচ নির্ব্বিদ্য কুতঃ কলেবরম্ ॥ ১২ ॥

অন্বয়

অঙ্গ! (হে সূত!) শত্রবঃ (শক্রস্থানীয় নৃপতিগণ) আত্মনঃ শিবায় (নিজেদের মঙ্গলের জন্য) ধনানি আনীয় (ধনরত্নপ্রভৃতি উপহার সকল আনিয়া) যৎপাদনিকেতং (যাঁহার চরণযুগলে) নমন্তি (প্রণত হইতেন) স বীরঃ (সেই বীর পরীক্ষিৎ) যুবা [সন্] (যুবক হইয়া) কথং (কি কারণে) দুস্ত্যজাং শ্রিয়ং (যাহা অত্যন্ত কষ্টেই পরিত্যাগ করা যায়, এমন রাজ্যসম্পদকে) অসুভিঃ সহ (প্রাণের সহিত) উৎস্রষ্টুং ঐষত (ত্যাগ করিতে ইচ্ছা করিয়াছিলেন) অহো (ইহা বড়ই আশ্চর্য্য!) ॥ ১১ ॥

যে জনাঃ উত্তমঃশ্লোকপরায়ণাঃ (যে সকল ব্যক্তি ভগবানের শরণাপন্ন) [তাঁহারা] লোকস্য (জগতের) শিবায় (মঙ্গলের নিমিত্ত) ভূতয়ে (ঐশ্বর্য্যের নিমিত্ত) ভবায় (ঐশ্বর্য্যের পুনঃ পুনঃ বৃদ্ধির জন্য) জীবন্তি (প্রাণধারণ করিয়া থাকেন), ন আত্মার্থং (কিন্তু নিজের জন্য প্রাণধারণ করেন না), অসৌ (সেই মহারাজ পরীক্ষিৎ) নির্ব্বিদ্য (বিরক্ত হইয়া) কুতঃ (কি কারণে) পরাশ্রয়ং কলেবরং (পরোপকারক এই শরীর) মুমোচ (ত্যাগ করিয়াছিলেন?) ॥ ১২ ॥

অনুবাদ

হে সূত! শক্রস্থানীয় নৃপতিগণ নিজেদের মঙ্গলের জন্য ধনরত্নপ্রভৃতি উপহার সকল আনিয়া যাঁহার চরণযুগলে প্রণত হইতেন, সেই বীর পরীক্ষিৎ যুবক হইয়া কি কারণে, যাহা অত্যন্ত কষ্টেই পরিত্যাগ করা যায়, এমন রাজ্য সম্পদকে প্রাণের সহিত ত্যাগ করিতে ইচ্ছা করিয়াছিলেন? ইহা বড়ই আশ্চর্য্য! ॥ ১১ ॥

যে সকল ব্যক্তি ভগবানের শরণাপন্ন, তাঁহারা জগতের মঙ্গলের নিমিত্ত, ঐশ্বর্য্যের নিমিত্ত, [অর্থাৎ জগতের উন্নতির নিমিত্ত] এবং ঐশ্বর্য্যের পুনঃ পুনঃ বৃদ্ধির জন্য প্রাণধারণ করিয়া থাকেন, কিন্তু নিজের জন্য প্রাণধারণ করেন না, সেই মহারাজ পরীক্ষিৎ বিরক্ত হইয়া [অর্থাৎ রাজ্যসম্পদে আসক্তি পরিত্যাগ করিয়া] কি কারণে পরোপকারক এই শরীর ত্যাগ করিয়াছিলেন? [অর্থাৎ পরীক্ষিতের জীবন থাকিলে জগতের অনেক উপকার হইত। তবে কেন তিনি এই শরীর ত্যাগ করিলেন?] ॥ ১২ ॥

টীকা

"অসুভিঃ" প্রাণৈঃ সহ "শ্রিয়ং উৎস্রষ্টুং ঐষত" ঐচ্ছৎ॥১১॥ "শিবায়" কল্যাণায়, "ভূতয়ে" ঐশ্বর্য্যায়, "ভবায়" ঐশ্বর্য্যস্য উত্তরোত্তরোদয়ায় ॥১২॥ "নো"ঽস্মাভিঃ "যৎ" কিঞ্চিৎ "পৃষ্টো"ঽসি, "তৎ সর্ব্বং সমাচক্ষ্ব" সর্ব্বম্

তৎ সর্ব্বং নঃ সমাচক্ষ্ব পৃষ্টো যদিহ কিঞ্চন।
মন্যে ত্বাং বিষয়ে বাচাং স্নাতমন্যত্র ছান্দসাৎ ॥ ১৩ ॥

সূত উবাচ

দ্বাপরে সমনুপ্রাপ্তে তৃতীয়ে যুগপর্য্যয়ে।
জাতঃ পরাশরাদ্ যোগী বাসব্যাং কলয়া হরেঃ ॥ ১৪ ॥
স কদাচিৎ সরস্বত্যা উপস্পৃশ্য জলং শুচি।
বিবিক্ত এক আসীন উদিতে রবিমণ্ডলে ॥ ১৫ ॥

অন্বয়

[হে সূত !] ত্বাং (আপনাকে) ছান্দসাৎ অন্যত্র (বেদভিন্ন অন্যত্র) বাচাং বিষয়ে (ইতিহাসাদি বিষয়ে) স্নাতং মন্যে (পারগ বলিয়া মনে করি)। ইহ (এই আলোচিত বিষয়ে) ত্বং যৎ পৃষ্টঃ (আপনি আমাদিগকর্ত্তৃক যাহা জিজ্ঞাসিত হইয়াছেন) তৎ সর্ব্বং নঃ (সেই সকল আমাদিগকে) সমাচক্ষ্ব (সম্যক্ রূপে বলুন) ॥ ১৩ ॥

সূতঃ উবাচ (সূত বলিলেন) তৃতীয়ে যুগপর্য্যয়ে (যুগের পরিবর্ত্তনানুসারে তৃতীয়যুগে) দ্বাপরে সমনুপ্রাপ্তে (অর্থাৎ দ্বাপর সমুপস্থিত হইলে) হরেঃ কলয়া (ভগবান্ শ্রীহরির অংশে) পরাশরাৎ বাসব্যাং (পরাশরের ঔরসে বসুকন্যা সত্যবতীর গর্ভে) যোগী ব্যাসঃ জাতঃ (যোগী ব্যাসদেব জন্মিয়াছিলেন) ॥ ১৪ ॥

কদাচিৎ (কোনও একদিন) রবিমণ্ডলে উদিতে (সূর্য্য উদিত হইলে) সঃ (সেই ব্যাসদেব) সরস্বত্যাঃ জলং (সরস্বতী নদীর জলে) উপস্পৃশ্য (স্নানাদি সম্পাদনপূর্ব্বক) শুচিঃ (পবিত্র হইয়া) বিবিক্তে (নির্জ্জনস্থানে) এক আসীনঃ (একাকী আসনে উপবিষ্ট ছিলেন) ॥ ১৫ ॥

অনুবাদ

হে সূত ! আপনাকে বেদভিন্ন অন্যত্র অর্থাৎ ইতিহাসাদিবিষয়ে পারগ বলিয়া মনে করি। এই আলোচিত বিষয়ে আমরা আপনাকে যে সকল বিষয় জিজ্ঞাসা করিয়াছি, সেই সকল আমাদিগকে সম্যক্‌রূপে বলুন ॥ ১৩ ॥

[শ্রীমদ্ভাগবতপ্রণয়নবৃত্তান্ত বলিতেছেন—] সূত বলিলেন—যুগের পরিবর্ত্তনানুসারে তৃতীয়যুগে অর্থাৎ দ্বাপর সমুপস্থিত হইলে ভগবান্ শ্রীহরির অংশে পরাশরের ঔরসে বসুকন্যা সত্যবতীর গর্ভে যোগী ব্যাসদেব জন্মিয়াছিলেন ॥ ১৪ ॥

কোনও একদিন সূর্য্য উদিত হইলে সেই ব্যাসদেব সরস্বতী নদীর জলে স্নানাদি সম্পাদনপূর্ব্বক পবিত্র হইয়া নির্জ্জনস্থানে একাকী আসনে উপবিষ্ট ছিলেন ॥ ১৫ ॥

টীকা

আখ্যাহি। যতঃ "ছান্দসাৎ" বৈদিকবাক্যাৎ "অন্যত্র বাচাম্" ইতিহাসাদিরূপাণাং বিষয়ে প্রতিভাদ্যর্থে "স্নাতং" কৃতসমাধিং "ত্বাং মন্যে" ॥ ১৩ ॥ "কস্মিন্ যুগে প্রবৃত্তেয়মিত্যাদি"প্রশ্নানামুত্তরং বক্তুং তাবদ্ ব্যাসজন্মাদিকমাহ—"দ্বাপরে" ইতি। "দ্বাপরে" "অষ্টাবিংশে ভবিত্রী ত্বং দ্বাপরে মৎস্যযোনিষু" ইতি হরিবংশে সত্যবতীজন্মস্মরণাৎ। তত্রৈব

পরাবরজ্ঞঃ স ঋষিঃ কালেনাব্যক্তরংহসা।
যুগধর্ম্মব্যতিকরং প্রাপ্তং ভুবি যুগে যুগে ॥ ১৬ ॥
ভৌতিকানাঞ্চ ভাবানাং শক্তিহ্রাসঞ্চ তৎকৃতম্।
অশ্রদ্দধানান্ নিঃসত্ত্বান্ দুর্ম্মেধান্ হ্রসিতায়ুষঃ ॥ ১৭ ॥
দুর্ভগাংশ্চ জনান্ বীক্ষ্য মুনির্দিব্যেন চক্ষুষা।
সর্ব্ববর্ণাশ্রমাণাং যদ্ দধ্যৌ হিতমমোঘদৃক্ ॥ ১৮ ॥

অন্বয়

পরাবরজ্ঞঃ (অতীত ও অনাগতবিষয়ে জ্ঞানবান্) সঃ ঋষিঃ (সেই ঋষি ব্যাসদেব) যুগে যুগে (প্রতিযুগে) ভুবি (পৃথিবীতে) অব্যক্তরংহসা কালেন (অলক্ষিতগতি কালের স্রোতে) প্রাপ্তং (উপস্থিত) যুগধর্ম্মব্যতিকরং (যুগধর্ম্ম সকলের) ক্ষীণতা ও সাঙ্কর্য্য উপস্থিত হইতেছে [দেখিয়া চিন্তা করিয়াছিলেন এইভাবে তৃতীয়শ্লোকের সহিত অন্বয় হইবে] ॥ ১৬ ॥

[সেই ব্যাসদেব] ভৌতিকানাং ভাবানাং চ (মানবগণের পাঞ্চভৌতিক দেহের) তৎকৃতং শক্তিহ্রাসং (কালবশে শক্তিহীনতা) [এবং তাহাদিগকে] অশ্রদ্দধানান্ (শ্রদ্ধাশূন্য) নিঃসত্ত্বান্ (ধৈর্য্যশূন্য) দুর্ম্মেধান্ (অল্পবুদ্ধি) হ্রসিতায়ুষঃ (অল্পায়ুঃ) [দেখিয়া চিন্তা করিয়াছিলেন] ॥ ১৭ ॥

অমোঘদৃক্ মুনিঃ (সত্যদর্শী ঋষি ব্যাসদেব) দিব্যেন চক্ষুষা (দিব্যজ্ঞানদ্বারা) বীক্ষ্য দুর্ভগান্ জনান্ (সেই সকল ভাগ্যহীন জনগণকে দেখিয়া) সর্ব্ববর্ণাশ্রমাণাং যৎ হিতং (সকল বর্ণের ও সকল আশ্রমের যাহা মঙ্গলজনক) দধ্যৌ (তাহা চিন্তা করিয়াছিলেন) ॥ ১৮ ॥

অনুবাদ

অতীত ও অনাগতবিষয়ে জ্ঞানবান্ (অর্থাৎ ভূতভবিষ্যৎ বেত্তা) সেই ঋষি ব্যাসদেব, যুগে যুগে পৃথিবীতে অলক্ষিতগতি কালের স্রোতে উপস্থিত যুগধর্ম্ম সকলের ক্ষীণতা ও সাঙ্কর্য্য হইতেছে দেখিয়া চিন্তা করিয়াছিলেন—॥ ১৬

সেই ব্যাসদেব মানবগণের পঞ্চভৌতিকদেহের কালবশে শক্তিহীনতা, এবং তাহাদিগকে শ্রদ্ধাশূন্য, ধৈর্য্যশূন্য, অল্পবুদ্ধি ও অল্পায়ুঃ দেখিয়া চিন্তা করিয়াছিলেন—॥ ১৭ ॥

সত্যদর্শী ঋষি ব্যাসদেব, দিব্যজ্ঞানদ্বারা সে সকল ভাগ্যহীন জনগণকে দেখিয়া সকল বর্ণের ও সকল আশ্রমের যাহা মঙ্গলজনক, তাহা চিন্তা করিয়াছিলেন ॥১৮॥

টীকা

অষ্টাবতারান্ উক্ত্বা "নবমো দ্বাপরে বিষ্ণুরষ্টাবিংশে পুরাভবৎ। বেদব্যাসস্তথা জজ্ঞে জাতুকর্ণ্য পুরস্কৃত" ইতি শ্রীবেদব্যাসজন্মস্মরণাচ্চ। "সমনুপ্রাপ্তে" সম্যক্ অনু পশ্চাৎ গতে সতি "তৃতীয়ে যুগপর্য্যায়ে" যুগস্য দ্বাপরস্য ত্রেতানন্তরঃ দিব্যসংবৎসরশতদ্বয়াত্মকঃ প্রথমঃ পর্য্যয়ঃ। দ্বিসহস্রদিব্যসংবৎসরাত্মকো দ্বিতীয়ঃ পর্য্যয়ঃ, দিব্যসংবৎসরশতদ্বয়াত্মকঃ চরমভাগঃ তৃতীয়ঃ পর্য্যয়ঃ। সন্ধ্যাংশলক্ষণঃ সন্নিহিতঃ কালঃ তস্মিন্। "পুনস্তিষ্যে চ সংপ্রাপ্তে কুরবো নাম ভারতাঃ। ভবিষ্যন্তি মহাত্মানো রাজানঃ প্রথিতা ভুবি॥ তেষাং ত্বতঃ প্রসূতানাং কুলভেদো ভবিষ্যতি। পরস্পরবিনাশার্থং ত্বাম্ ঋতে দ্বিজসত্তম!। তত্রাপ্যনেকধা বেদান্ ভেৎস্যসে তপসান্বিতঃ। কৃষ্ণে যুগে চ সংপ্রাপ্তে কৃষ্ণবর্ণো ভবিষ্যসী"তি মোক্ষ-ধর্ম্মোক্তেঃ। "বাসব্যাং" বসুকন্যায়াম্ ॥ ১৪ ॥ ১৫ ॥ ১৬ ॥ ১৭ ॥ ১৮ ॥

চাতুর্হোত্রং কর্ম্ম শুদ্ধং প্রজানাং বীক্ষ্য বৈদিকম্।
ব্যদধাদ্ যজ্ঞসন্ততৈ্যে বেদমেকং চতুর্ব্বিধম্ ॥ ১৯ ॥
ঋগ্‌যজুঃসামাথর্ব্বাখ্যা বেদাশ্চত্বার উদ্ধতাঃ।
ইতিহাসপুরাণঞ্চ পঞ্চমো বেদ উচ্যতে ॥ ২০ ॥
তত্রর্গ্‌বেদধরঃ পৈলঃ সামগো জৈমিনিঃ কবিঃ।
বৈশম্পায়ন এবৈকো নিষ্ণাতো যজুষামুত ॥ ২১ ॥

অন্বয়

প্রজানাং (ত্রৈবর্ণিকদিগের) চাতুর্হোত্রং (ঋত্বিক্ চতুষ্টয়সাধ্য) বৈদিকং কর্ম্ম (বেদবিহিত-যজ্ঞাদি কর্ম্ম) শুদ্ধং বীক্ষ্য (চিত্তশুদ্ধিকর হইবে মনে করিয়া) যজ্ঞসন্ততৈ্যে (যজ্ঞের অবিচ্ছেদের নিমিত্ত) একং বেদং (এক বেদকেই) চতুর্ব্বিধং ব্যদধাৎ (চারিভাগে বিভক্ত করিলেন) ॥ ১৯ ॥

ঋগ্‌যজুঃসামাথর্ব্বাখ্যাঃ (ঋক্, যজুঃ সাম ও অথর্ব্ব নামে) চত্বারঃ বেদাঃ উদ্ধতাঃ (বেদকে চারিভাগে বিভাগ করিলেন) ইতিহাসপুরাণং চ ([ত্রৈবর্ণিক ও অন্যের মঙ্গলের জন্য যে] ইতিহাস ও পুরাণ সকল করা হইয়াছে, সে সমুদায়কে) পঞ্চমঃ বেদঃ উচ্যতে (পঞ্চম বেদ বলা হয়) ॥ ২০ ॥

তত্র (সেই চারিবেদের মধ্যে) এক এব পৈলঃ (এক পৈল নামক মুনি) ঋগ্‌বেদধরঃ

অনুবাদ

[সেই ব্যাসদেব] ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য এই তিন বর্ণের চারিজন ঋত্বিক্‌সাধ্য বেদবিহিত যজ্ঞাদি কর্ম্ম চিত্তশুদ্ধিকর হইবে মনে করিয়া যজ্ঞের অবিচ্ছেদের নিমিত্ত এক বেদকেই চারি ভাগে বিভক্ত করিলেন ॥১৯

ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্ব নামে বেদকে চারিভাগে বিভাগ করিলেন। ত্রৈবর্ণিক ও অন্যের মঙ্গলের জন্য যে ইতিহাস ও পুরাণ সকল করা হইয়াছে, সে সমুদায়কে পঞ্চম বেদ বলা হয় ॥২০

সেই চারিবেদের মধ্যে এক পৈল নামক মুনি ঋগ্‌বেদজ্ঞ ছিলেন, বিদ্বান্ জৈমিনি মুনি সামবেদজ্ঞ ছিলেন, এবং বৈশম্পায়ন মুনি যজুর্ব্বেদে পারদর্শী ছিলেন ॥২১॥

টীকা

সর্ব্ববর্ণাশ্রমাণাং যৎ হিতং তদ্ দধ্যৌ ইত্যুক্তম্। তত্র ত্রৈবর্ণিকহিতাচরণমাহ—"চাতুর্হোত্রমিতি"। "প্রজানাং" ত্রৈবর্ণিকানাং সম্বন্ধি "বৈদিকম্ চাতুর্হোত্রম্"। চাতুর্হোতৃসংজ্ঞকাঃ "চিতিস্রুক্ চিতমাজ্য"-মিত্যাদয়ো মন্ত্রাস্তৎপূর্ব্বকম্ অগ্নিহোত্রাদিসোমান্তং প্রবৃত্তং "কর্ম্ম বীক্ষ্য" আলোচ্য "যজ্ঞসন্ততৈ্যে" যজ্ঞানাম-বিচ্ছেদায় "যো বৈ বেদাংশ্চ প্রহিণোতী"তি শ্রুতেঃ। অনাদিসিদ্ধা এব সর্ব্বে বেদাঃ পূর্ব্বং মিশ্রিতা আসন্। ত"মেকং" সর্ব্বসমুদায়ভূতং "বেদং চতুর্ব্বিধং ব্যদধাৎ" ব্যভাজ্ক্ষীৎ ॥ ১৯ ॥ চাতুর্ব্বিধ্যমাহ "ঋগিতি"। ত্রৈবর্ণিকানাং অন্যেষাঞ্চ হিতায়। ইতিহাসাঃ পুরাণানি চ উদ্ধতানি। তেষাং সমুদায়ঃ "পঞ্চমো বেদ" ইত্যুচ্যতে। তত্রায়ং বিবেকঃ—মহাভারতঃ প্রাচীন এব কালবিপ্লুতঃ "সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথাপূর্ব্বমকল্পয়-দি"তিবদুদ্ধৃতঃ। এবং পুরাণান্যপি ইতি সংক্ষেপঃ ॥২০॥ যজুষামিতি বহুবচনং স্বগতপ্রকরণভেদাভিপ্রায়ম্।

অথর্ব্বাঙ্গিরসামাসীৎ সুমন্তুর্দারুণো মুনিঃ।
ইতিহাসপুরাণানাং পিতা মে রোমহর্ষণঃ ॥ ২২ ॥
ত এত ঋষয়ো বেদং স্বং স্বং ব্যস্যন্ননেকধা।
শিষ্যৈঃ প্রশিষ্যৈস্তচ্ছিষ্যৈর্ব্বেদাস্তে শাখিনোঽভবন্ ॥ ২৩ ॥
ত এব বেদা দুর্ম্মেধৈর্ধার্য্যন্তে পুরুষৈর্যথা।
এবং চকার ভগবান্ ব্যাসঃ কৃপণবৎসলঃ ॥ ২৪ ।

অন্বয়

(ঋগ্‌বেদজ্ঞ ছিলেন)। কবিঃ জৈমিনিঃ সামগঃ (বিদ্বান্ জৈমিনি মুনি সামবেদজ্ঞ ছিলেন) উত (এবং) বৈশম্পায়নঃ যজুষাং নিষ্ণাতঃ (বৈশম্পায়ন মুনি যজুর্ব্বেদে পারদর্শী ছিলেন) ॥ ২১ ॥

দারুণঃ (বেদোক্ত অভিচারক্রিয়ানিপুণ) সুমন্তুঃ মুনিঃ (সুমন্তু নামক মুনি) অথর্ব্বাঙ্গিরসাং (অথর্ব্ব নামক প্রকরণ, যাহা অঙ্গিরাকর্ত্তৃক দৃষ্ট হইয়াছে তাহাতে অর্থাৎ অথর্ব্ববেদে) [নিষ্ণাতঃ] (পারদর্শী ছিলেন) মে পিতা রোমহর্ষণঃ (আমার পিতা রোমহর্ষণ) ইতিহাসপুরাণানাং [নিষ্ণাতঃ] আসীৎ (ইতিহাস ও পুরাণ সম্বন্ধে পারদর্শী ছিলেন) ॥ ২২ ॥

তে এতে ঋষয়ঃ (সেই পূর্ব্বকথিত পৈলপ্রভৃতি মুনিগণ) স্বং স্বং বেদং (নিজ নিজ বেদকে) অনেকধা ব্যস্যন্ (অনেক প্রকারে বিভক্ত করিয়াছিলেন)। তে বেদাঃ (সেই বিভক্ত বেদসমূহ) শিষ্যৈঃ প্রশিষ্যৈঃ তচ্ছিষ্যৈঃ (শিষ্য, প্রশিষ্য ও তৎশিষ্য ক্রমে অর্থাৎ শিষ্যপরম্পরা ক্রমে) শাখিনঃ অভবন্ (বহুশাখাযুক্ত হইয়াছে) ॥ ২৩ ॥

তে এব বেদাঃ (যে বেদ পূর্ব্বে মেধাবিগণ অধ্যয়ন করিতেন সেই বেদ) যথা দুর্ম্মেধৈঃ পুরুষৈঃ (যাহাতে মন্দবুদ্ধি ব্যক্তিগণও) ধার্য্যন্তে (ধারণা করিতে পারে) কৃপণবৎসলঃ (দীনবৎসল) ভগবান্ ব্যাসঃ (ভগবান্ ব্যাসদেব) এবং চকার (সেইরূপে বেদের বিভাগ করিয়াছিলেন) ॥ ২৪ ॥

অনুবাদ

বেদোক্ত অভিচারক্রিয়ানিপুণ সুমন্তু নামক মুনি অথর্ব্ববেদে এবং আমার পিতা রোমহর্ষণ ইতিহাস ও পুরাণ সম্বন্ধে পারদর্শী ছিলেন ॥ ২২ ॥

সেই পূর্ব্বকথিত পৈলপ্রভৃতি মুনিগণ নিজ নিজ বেদকে অনেক প্রকারে বিভক্ত করিয়াছিলেন। সেই বিভক্ত বেদসমূহ শিষ্য, প্রশিষ্য ও তৎশিষ্যক্রমে অর্থাৎ শিষ্যপরম্পরা ক্রমে বহু শাখাযুক্ত হইয়াছে। (তাহার মধ্যে ঋগ্‌বেদে একবিংশতি শাখা, যজুর্ব্বেদে এক শত এক শাখা, সামবেদে সহস্র শাখা, এবং অথর্ব্ববেদে নব শাখা) ॥ ২৩ ॥

যে বেদ পূর্ব্বে মেধাবিগণ অধ্যয়ন করিতেন, সেই বেদ, যাহাতে মন্দবুদ্ধি ব্যক্তিগণও

টীকা

অথর্ব্বাঙ্গিরসামিতি বহুবচনং পূর্ব্ববৎ। অথর্ব্বসংজ্ঞকানি অঙ্গিরসা দৃষ্টানি আঙ্গিরাংসি প্রকরণানি তেষাম্ ॥ ২১ ॥ ২২ ॥ "তে" পৈলাদয়ঃ "ব্যস্যন্" বিভক্তবন্তঃ, "তে চ বেদাঃ" পৈলপ্রভৃতিশিষ্যাদ্যৈর্ব্যস্তাঃ "শাখিনোঽভবন্।" তত্র ঋগ্‌বেদে একবিংশতিশাখাঃ। যজুর্ব্বেদে একোত্তরশতসংখ্যকাঃ, সামবেদে চ সহস্র সংখ্যকাঃ অথর্ব্বণে তু নবৈব শাখাঃ ইতি বিবেকঃ ॥ ২৩ ॥ "দুর্ম্মেধৈঃ" মন্দপ্রজ্ঞৈঃ ॥২৪॥ "স্ত্রীশূদ্রদ্বিজবন্ধূনাং ত্রয়ী

স্ত্রীশূদ্রদ্বিজবন্ধূনাং ত্রয়ী ন শ্রুতিগোচরা।
কর্ম্মশ্রেয়সি মূঢ়ানাং শ্রেয় এবং ভবেদিহ।
ইতি ভারতমাখ্যানং কৃপয়া মুনিনা কৃতম্ ॥ ২৫ ॥
এবং প্রবৃত্তস্য সদা ভূতানাং শ্রেয়সি দ্বিজাঃ।
সর্ব্বাত্মকেনাপি যদা নাতুষ্যদ্ধৃদয়ং ততঃ ॥ ২৬ ॥
নাতিপ্রসীদদ্ধৃদয়ঃ সরস্বত্যাস্তটে শুচৌ।
বিতর্কয়ন্ বিবিক্তস্থ ইদং প্রোবাচ ধর্ম্মবিৎ ॥ ২৭ ॥

অন্বয়

স্ত্রীশূদ্রদ্বিজবন্ধূনাং (স্ত্রী, শূদ্র ও বর্ণাধমগণের) ত্রয়ী (বেদ) ন শ্রুতিগোচরা (শ্রবণবিষয়ীভূত হয় না অর্থাৎ শ্রবণে অধিকার নাই)। [অতএব] ইহ (এই জগতে) কর্ম্মশ্রেয়সি (বেদোক্তমঙ্গলকর কার্য্যে) মূঢ়ানাং (অজ্ঞগণের) এবং শ্রেয়ঃ ভবেদিতি (এই প্রকারে কল্যাণ হইবে ইহা মনে করিয়া) মুনিনা (ভগবান্ ব্যাসদেব) ভারতম্ আখ্যানং (মহাভারত) কৃতং (প্রণয়ন করিয়াছেন) ॥২৫॥

দ্বিজাঃ! (হে শৌনকাদি ব্রাহ্মণগণ!) এবং (এইপ্রকারে বেদবিভাগ ও মহাভারত রচনা করিয়া) সদা ভূতানাং শ্রেয়সি (সর্ব্বদা প্রাণিদিগের মঙ্গলকর কার্য্যে) সর্ব্বাত্মকেনাপি প্রবৃত্তস্য (সম্পূর্ণ যত্নের দ্বারা উদ্‌যুক্ত ব্যাসদেবের) যদা হৃদয়ং ন অতুষ্যৎ (যখন হৃদয় [জীবের শ্রেয়োলাভ না হওয়ায়] প্রসন্ন হইল না) ততঃ (তখন) [পরের শ্লোকের সহিত অন্বয় হইবে] ॥ ২৬ ॥

নাতিপ্রসীদদ্ধৃদয়ঃ (অপ্রসন্নচিত্ত) ধর্ম্মবিৎ (ধর্ম্মজ্ঞ ব্যাসদেব) সরস্বত্যাঃ তটে (সরস্বতী নদীর

অনুবাদ

ধারণা করিতে পারে, দীনবৎসল ভগবান্ ব্যাসদেব সেইরূপে বেদের বিভাগ করিয়াছিলেন ॥২৪॥

স্ত্রী, শূদ্র ও বর্ণাধমগণের বেদশ্রবণে অধিকার নাই। অতএব এই জগতে বেদোক্তমঙ্গলকরকার্য্যে অজ্ঞগণের এই প্রকারে কল্যাণ হইবে ইহা মনে করিয়া ভগবান্ ব্যাসদেব মহাভারত প্রণয়ন করিয়াছেন ॥ ২৫ ॥

হে শৌনকাদি ব্রাহ্মণগণ! এই প্রকারে বেদবিভাগ ও মহাভারত রচনা করিয়া সর্ব্বদা প্রাণিগণের মঙ্গলকর কার্য্যে সম্পূর্ণ যত্নের দ্বারা উদ্‌যুক্ত ব্যাসদেবের হৃদয় যখন জীবের শ্রেয়োলাভ না হওয়ায় প্রসন্ন হইল না, তখন—(পরের শ্লোকে অন্বয়) ॥ ২৬ ॥

অপ্রসন্নচিত্ত ধর্ম্মজ্ঞ ব্যাসদেব সরস্বতী নদীর তীরে নির্জ্জনে অবস্থানপূর্ব্বক চিত্তের অপ্রসন্নতার হেতু চিন্তা করিতে করিতে এই বক্ষ্যমাণ বাক্য বলিয়াছিলেন ॥২৭॥

টীকা

শ্রুতিগোচরা ন" ভবতি। অতএব "কর্ম্মশ্রেয়সি" বেদোক্তকর্ম্মহেতুকে কল্যাণে মূঢ়ানাম্ "ইহ" লোকে "এবং" মহাভারতাদি প্রতিপাদিতেন ধর্ম্মেণ "শ্রেয়ো ভবেদিতি কৃপয়া মুনিনা ভারতাখ্যানং কৃতম্"। উপলক্ষণঞ্চৈতৎ পুরাণানাম্ ॥২৫॥ সর্ব্বাত্মকেনাপি সম্পূর্ণেনাপি যত্নেন "ভূতানাং শ্রেয়সি সদা প্রবৃত্তস্য যদা হৃদয়ং নাতুষ্যৎ" ন জহর্ষ, "ততঃ" তদনন্তরং নাতিপ্রসীদদ্‌হৃদয়ঃ ইদমুবাচেত্যুত্তরেণান্বয়ঃ ॥ ২৬ ॥ "নাতিপ্রসীদদ্‌হৃদয়ঃ" ন অতিপ্রসীদৎ প্রসন্নং হৃদয়ং যস্য তথাভূতঃ সন্ অসন্তোষহেতুং "বিতর্কয়ন্ ইদং"

ধৃতব্রতেন হি ময়া ছন্দাংসি গুরবোঽগ্নয়ঃ।
মানিতা নির্ব্ব্যলীকেন গৃহীতঞ্চানুশাসনম্ ॥ ২৮ ॥
ভারতব্যপদেশেন হ্যাম্নায়ার্থঃ প্রদর্শিতঃ।
দৃশ্যতে যত্র ধর্ম্মাদিঃ স্ত্রীশূদ্রাদিভিরপ্যুত ॥ ২৯ ॥
তথাপি বত মে দৈহ্যো হ্যাত্মা চৈবাত্মনা বিভুঃ।
অসম্পন্ন ইবাভাতি ব্রহ্মবর্চ্চস্যাশত্তমঃ ॥ ৩০ ॥

অন্বয়

তীরে) বিবিক্তস্থঃ (নির্জ্জনে অবস্থানপূর্ব্বক) বিতর্কয়ন্ (চিত্তের অপ্রসন্নতাহেতু চিন্তা করিতে করিতে) ইদং প্রোবাচ (এই বক্ষ্যমাণ বাক্য বলিয়াছিলেন) ॥ ২৭ ॥

ধৃতব্রতেন ময়া (ব্রতধারী আমাকর্ত্তৃক) ছন্দাংসি (বেদসকল) গুরবঃ (পূজনীয়গণ) অগ্নয়শ্চ (ও অগ্নিসমূহ) নির্ব্যলীকেন (নিষ্কপটভাবে) মানিতাঃ (সম্মানিত অর্থাৎ পূজিত হইয়াছে)। [তেষাম্] অনুশাসনং চ গৃহীতং (তাঁহাদের আজ্ঞাও পালিত হইয়াছে) ॥ ২৮ ॥

ভারতব্যপদেশেন (মহাভারত প্রণয়নচ্ছলে) আম্নায়ার্থঃ (সমস্ত বেদার্থ) প্রদর্শিতঃ (আমাকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে) যত্র হি (যে মহাভারতে) স্ত্রীশূদ্রাদিভিঃ অপি (স্ত্রী শূদ্রাদিও) ধর্ম্মাদিঃ দৃশ্যতে (ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষরূপ চতুর্ব্বর্গ জানিতে পারে) উত [কিম্ অন্যৈঃ] (অন্যের কথা আর কি বলিব?) ॥ ২৯ ॥

বত (হায়!) তথাপি মে দৈহ্যঃ (তথাপি আমার দেহস্থ) বিভুঃ আত্মা (জীবাত্মা) ব্রহ্মবর্চ্চস্যাশত্তমঃ এব চ (শ্রবণাধ্যয়নের দ্বারা তেজঃসম্পন্ন হইয়া অতীব কমনীয় হইলেও) আত্মনা (নিজে) হি অসম্পন্নঃ ইব আভাতি (যেন অসম্পূর্ণের ন্যায় প্রকাশিত হইতেছে) ॥ ৩০ ॥

অনুবাদ

আমি ব্রত ধারণ করিয়া বেদসমূহ, গুরুজন ও অগ্নি সকলের নিষ্কপটভাবে যথাযথ সম্মান প্রদর্শন করিয়াছি, [অর্থাৎ কোন প্রকার ছল না করিয়াই শ্রৌত ও স্মার্ত্ত কর্ম্ম যথাযথ আচরণ করিয়াছি] এবং তাঁহাদের আজ্ঞাও প্রতিপালন করিয়াছি ॥২৮॥

মহাভারত প্রণয়নচ্ছলে আমি সকল বেদার্থ প্রকাশ করিয়াছি, যে মহাভারতে স্ত্রী, শূদ্রাদিও ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষরূপ চতুর্ব্বর্গ জানিতে পারে, অন্যের কথা আর কি বলিব? ॥ ২৯ ॥

হায়! তথাপি আমার দেহস্থ বিভু আত্মা শ্রবণ ও অধ্যয়নের দ্বারা তেজঃসম্পন্ন হইয়া অতীব কমনীয় হইলেও নিজে যেন অসম্পূর্ণের ন্যায়ই প্রকাশিত হইতেছে ॥ ৩০ ॥

টীকা

বক্ষ্যমাণম্ উবাচ ॥ ২৭ ॥ "নির্ব্যলীকেন" নিষ্কপটভাবেন "মানিতাঃ" পূজিতাঃ ॥২৮॥ "ভারতব্যপদেশেন" ভারতব্যাজেন, "যত্র" ভারতে "স্ত্রীশূদ্রাদিভিঃ" স্ত্রীশূদ্রদ্বিজবন্ধুভিরপি ধর্ম্মাদিঃ ধর্ম্মার্থকামমোক্ষঃ দৃশ্যতে। ॥২৯॥ "বতে"তি খেদে। অহো কষ্টম্। "দৈহ্যো" দেহস্থো বিভুঃ, "ব্রহ্মবর্চ্চসি" শব্দব্রহ্মশ্রবণাধ্যয়নোৎকর্ষজে

কিংবা ভাগবতা ধর্ম্মা ন প্রায়েণ নিরূপিতাঃ।
প্রিয়াঃ পরমহংসানাং ত এব হ্যচ্যুতপ্রিয়াঃ ॥ ৩১ ॥
তস্যৈবং খিলমাত্মানং মন্যমানস্য খিদ্যতঃ।
কৃষ্ণস্য নারদোঽভ্যাগাদাশ্রমং প্রাগুদাহৃতম্ ॥ ৩২ ॥
তমভিজ্ঞায় সহসা প্রত্যুত্থায়াগতং মুনিঃ।
পূজয়ামাস বিধিবন্নারদং সুরপূজিতম্ ॥ ৩৩ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
প্রথমস্কন্ধে নারদাগমনং নাম চতুর্থোঽধ্যায়ঃ ॥ ৪ ॥

অন্বয়

কিংবা (অথবা) পরমহংসানাং প্রিয়াঃ (পরমহংসগণের অতি প্রিয়) ভাগবতাঃ ধর্ম্মাঃ (ভাগবত ধর্ম্ম সকল) [ময়া] প্রায়েণ ন নিরূপিতাঃ ? (আমাকর্ত্তৃক সম্পূর্ণভাবে নিরূপিত হয় নাই কি ?) হি (যেহেতু) তে এব (সেই ভাগবত ধর্ম্মসকলই) অচ্যুতপ্রিয়াঃ (ভগবানের অত্যন্ত প্রীতিকর) ॥ ৩১ ॥

এবং (এই প্রকারে) আত্মানং (নিজেকে) খিলং মন্যমানস্য (অসম্পূর্ণ মনে করিয়া) খিদ্যতঃ (দুঃখিত আছেন এইরূপে) তস্য কৃষ্ণস্য (সেই কৃষ্ণনামধেয় ব্যাসদেবের) প্রাক্ উদাহৃতং আশ্রমং (পূর্ব্ববর্ণিত সরস্বতী নদীর তীরস্থিত আশ্রমে) নারদঃ অভ্যাগাৎ (নারদ ঋষি আগমন করিয়াছিলেন) ॥৩২॥

মুনিঃ (ব্যাসদেব) সুরপূজিতং (দেবারাধিত) তং নারদং (সেই নারদ ঋষিকে) আগতম্ অভিজ্ঞায় (উপস্থিত দেখিয়া) সহসা (শীঘ্র) প্রত্যুত্থায় (আসন হইতে উঠিয়া) বিধিবৎ পূজয়ামাস (যথাবিধি তাঁহার পূজা করিলেন) ॥ ৩৩ ॥

অনুবাদ

অথবা পরমহংসগণের অতিপ্রিয় ভাগবত ধর্ম্মসকল আমি সম্পূর্ণভাবে নিরূপণ করি নাই কি ? (অর্থাৎ সেজন্যই কি আমার চিত্তের এই অপ্রসন্নতা ?) যেহেতু সেই ভাগবতধর্ম্ম-সকলই ভগবানের অত্যন্ত প্রীতিকর ॥ ৩১ ॥

মহর্ষি বেদব্যাস এই প্রকারে নিজেকে অসম্পূর্ণ মনে করিয়া দুঃখিত আছেন ; এইরূপে সেই কৃষ্ণনামধেয় ব্যাসদেবের পূর্ব্ববর্ণিত সরস্বতী নদীর তীরস্থিত আশ্রমে ভগবান্ নারদ ঋষি গমন করিয়াছিলেন ॥ ৩২ ॥

ব্যাসদেব দেবারাধিত সেই নারদ ঋষিকে উপস্থিত দেখিয়া শীঘ্র আসন হইতে উঠিয়া যথাবিধি তাঁহার পূজা করিলেন ॥ ৩৩ ॥

টীকা

তেজসি উশত্তমঃ কমনীয়তমোঽপি, আত্মনা স্বয়"মসম্পন্নঃ" অসমৃদ্ধ "ইব আভাতি"। ব্রহ্মহস্তিভ্যাং বর্চ্চস ইত্যজভাবঃ সমাসান্তবিধেরনিত্যত্বাৎ ॥৩০ ॥ অসন্তোষহেতুং স্বয়মেব শঙ্কামুখেনাহ "কিংবা" ইতি ॥ ৩১ ॥ "খিলং" নূনম্ ॥ ৩২ ॥ ৩৩ ॥

ইতি শ্রীমদ্ভাগবতসিদ্ধান্তপ্রদীপে প্রথমস্কন্ধীয়ে চতুর্থাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ৪ ॥

পঞ্চমোঽধ্যায়ঃ

সূত উবাচ

অথ তং সুখমাসীন উপাসীনং বৃহচ্ছ্রবাঃ।
দেবর্ষিঃ প্রাহ বিপ্রর্ষিং বীণাপাণিঃ স্ময়ন্নিব ॥ ১ ॥

নারদ উবাচ

পারাশর্য্য ! মহাভাগ ! ভবতঃ কচ্চিদাত্মনা।
পরিতুষ্যতি শারীর আত্মা মানস এব বা ॥ ২ ॥
জিজ্ঞাসিতং সুসম্পন্নমপি তে মহদদ্ভুতম্।
কৃতবান্ ভারতং যস্ত্বং সর্ব্বার্থপরিবৃংহিতম্ ॥ ৩ ॥

অন্বয়

সূতঃ উবাচ—(সূত বলিলেন) অথ (অনন্তর) বৃহচ্ছ্রবাঃ (বিস্তৃতকীর্ত্তি) বীণাপাণিঃ দেবর্ষিঃ (বীণাপাণি দেবর্ষি নারদ) সুখম্ আসীনঃ (আসনে সুখে উপবিষ্ট হইয়া) স্ময়ন্নিব (ঈষদ্ হাস্য করিয়াই যেন) উপাসীনং (নিকটে উপবিষ্ট) তং বিপ্রর্ষিং প্রাহ (সেই বিপ্রর্ষি ব্যাসদেবকে বলিলেন ॥ ১ ॥

নারদঃ উবাচ (নারদ বলিলেন) মহাভাগ ! (হে মহাভাগ্যশালিন্ !) পারাশর্য্য ! (হে পরাশরনন্দন !) ভবতঃ (আপনার) শারীরঃ আত্মা (শরীরাধিষ্ঠাতা আত্মা) এব বা (অথবা) মানস [আত্মা] (মনের নিয়ন্তা আত্মা) আত্মনা (স্বতঃই) পরিতুষ্যতি কচ্চিৎ (পরিতুষ্ট আছে কি ?) ॥২॥

তে (আপনার) জিজ্ঞাসিতং (জ্ঞাতব্য ধর্ম্মাদি বিষয়) সুসম্পন্নং (সম্পূর্ণরূপে জানা হইয়াছে) অপি (অনুষ্ঠিতও হইয়াছে) (যেহেতু) যঃ ত্বং (যে আপনি) মহদদ্ভুতং (বিচিত্র শব্দ ও গভীর অর্থযুক্ত অতি আশ্চর্য্যজনক) সর্ব্বার্থপরিবৃংহিতং (সাঙ্গোপাঙ্গধর্ম্মাদিপরিপূর্ণ) ভারতং কৃতবান্ (মহাভারত প্রণয়ন করিয়াছেন) ॥ ৩ ॥

অনুবাদ

সূত বলিলেন—অনন্তর বিস্তৃতকীর্ত্তি বীণাপাণি দেবর্ষি নারদ আসনে সুখে উপবিষ্ট হইয়া ঈষদ্ হাস্য করিয়াই যেন নিকটে উপবিষ্ট সেই বিপ্রর্ষি ব্যাসদেবকে বলিলেন ॥ ১ ॥

নারদ বলিলেন—হে মহাভাগ্যশালিন্ ! পরাশরনন্দন ! আপনার শরীরাধিষ্ঠাতা আত্মা অথবা মনের নিয়ন্তা আত্মা উভয়ই স্বতঃই পরিতুষ্ট আছে কি ? (অর্থাৎ আপনার শারীরিক ও মানসিক মঙ্গল ত) ? ॥ ২ ॥

আপনার জ্ঞাতব্য ধর্ম্মাদিবিষয় সম্পূর্ণরূপে জানা হইয়াছে, অনুষ্ঠিতও হইয়াছে

টীকা

"অথে"তি। পূজানন্তরং "সুখমাসীনঃ বৃহচ্ছ বাঃ" বৃহৎকীর্ত্তিঃ অহো পরোপকারায় মহান্ত এব যতন্তীতি হর্ষেণ "স্ময়ন্নিব দেবর্ষি"র্ভগবান্ নারদঃ "উপ" সমীপে "আসীনং বিপ্রর্ষিং" শ্রীব্যাসং"প্রাহ" ॥ ১ ॥ "শারীরঃ" শরীরাধিষ্ঠাতা, "মানসো" মনোনিয়ন্তা "আত্মাত্মনা" স্বতঃ "পরিতুষ্যতি" কচ্চিদিতি ইষ্টপ্রশ্নে ॥ ২ ॥ "তে জিজ্ঞাসিতম্" জ্ঞাতুমিষ্টম্ "সুপ্রসন্নং" গত্যর্থস্য "সদগতৌ"ইত্যস্য জ্ঞানার্থত্বাৎ সুষ্ঠুজ্ঞাতম্। যৎ যতঃ

জিজ্ঞাসিতমধীতঞ্চ ব্রহ্ম যৎ তৎ সনাতনম্।
তথাপি শোচস্যাত্মানমকৃতার্থ ইব প্রভো ! ॥ ৪ ॥

ব্যাস উবাচ

অস্ত্যেব মে সর্ব্বমিদং ত্বয়োক্তং তথাপি নাত্মা পরিতুষ্যতে মে।
তন্মূলমব্যক্তমগাধবোধং পৃচ্ছাম হে ত্বাত্মভবাত্মভূতম্ ॥ ৫ ॥
স বৈ ভবান্ বেদ সমস্তগুহ্যমুপাসিতো যৎ পুরুষঃ পুরাণঃ।
পরাবরেশো মনসৈব বিশ্বং সৃজত্যবত্যত্তি গুণৈরসঙ্গঃ ॥ ৬ ॥

অন্বয়

সনাতনং যৎ ব্রহ্ম (সনাতন যে বেদ) তৎ জিজ্ঞাসিতম্ অধীতং চ (তাহা আপনাকর্ত্তৃক অধীত ও বিচারিত হইয়াছে), তথাপি হে প্রভো! অকৃতার্থঃ ইব (তথাপি হে প্রভো! অকৃতকার্য্য ব্যক্তির ন্যায়) আত্মানং শোচসি (নিজের জন্য কেন অনুশোচনা করিতেছেন) ॥ ৪ ॥

ব্যাসঃ উবাচ (ব্যাসদেব বলিলেন) ত্বয়া উক্তম্ ইদং সর্ব্বং (আপনি যাহা যাহা বলিলেন সে সকল) মে অস্ত্যেব (আমার আছে), তথাপি মে আত্মা (তথাপি আমার অন্তঃকরণ) ন পরিতুষ্যতে (পরিতুষ্ট হইতেছে না)। [অতএব] হে (দেবর্ষে!) অগাধবোধম্ (অপরিমিত জ্ঞান-সম্পন্ন) আত্মভবাত্মভূতং (ব্রহ্মার পুত্র) ত্বা (আপনাকে) অব্যক্তং তন্মূলং (সেই অপরিতোষের অজ্ঞাত কারণ) পৃচ্ছাম (জিজ্ঞাসা করিতেছি) ॥ ৫ ॥

সঃ ভবান্ (সেই ব্রহ্মার পুত্র আপনি) সমস্ত গুহ্যং বৈ বেদ (সমস্ত শাস্ত্রের গূঢ় রহস্য অবশ্যই অবগত

অনুবাদ

যেহেতু আপনি বিচিত্র শব্দ ও গভীর অর্থযুক্ত অতি আশ্চর্য্যজনক সাঙ্গোপাঙ্গধর্ম্মাদি পরিপূর্ণ মহাভারত প্রণয়ন করিয়াছেন ॥ ৩ ॥

যাহা সনাতন বেদ, তাহা আপনি সম্যক্‌রূপে অধ্যয়ন ও বিচার করিয়াছেন। তথাপি হে প্রভো! অকৃতকার্য্য ব্যক্তির ন্যায় নিজের জন্য কেন অনুশোচনা করিতেছেন? ॥৪॥

ব্যাসদেব বলিলেন—আপনি যাহা যাহা বলিলেন সে সকল আমার আছে, তথাপি আমার অন্তঃকরণ পরিতুষ্ট হইতেছে না। হে দেবর্ষে! আপনি অপরিমিত জ্ঞানসম্পন্ন ও ব্রহ্মার পুত্র। অতএব আপনাকে সেই অপরিতোষের অজ্ঞাত কারণ কি, তাহাই জিজ্ঞাসা করিতেছি ॥ ৫ ॥

সেই ব্রহ্মার পুত্র আপনি, সমস্ত শাস্ত্রের গূঢ়রহস্য অবশ্যই অবগত আছেন;

টীকা

"মহদদ্ভুতং" শব্দার্থাভ্যাং বিচিত্রম্, "সর্ব্বার্থপরিবৃংহিতম্" "ধর্ম্মে চার্থে চ কামে চ মোক্ষে চ ভরতর্ষভ! যদিহাস্তি তদন্যত্র যন্নেহাস্তি ন তৎ ক্বচিদিতি" তত্রৈবোক্তৈঃ সর্ব্বৈঃ সাঙ্গোপাঙ্গৈঃ ধর্ম্মাদিভিরর্থৈঃ পরিবৃংহিতং পূর্ণম্ ॥ ৩ ॥ "যৎ সনাতনং ব্রহ্ম" বেদরূপম্, তৎ ত্বয়া শব্দতোঽধীতং" অর্থতশ্চ "জিজ্ঞাসিতম্" ॥ ৪ ॥ হে নারদ! "তৎ" তস্য অপরিতোষস্য "মূলং" হেতুং, "ত্বা" ত্বাম্ ॥ ৫ ॥

"যৎ" যস্মাৎ ত্বয়া "পুরুষঃ উপাসিতঃ"। "মনসৈব" সঙ্কল্পেনৈব ॥ ৬ ॥ "ত্বম্ অর্ক ইব ত্রিলোকীং

ত্বং পর্য্যটন্নর্ক ইব ত্রিলোকীমন্তশ্চরো বায়ুরিবাত্মসাক্ষী।
পরাবরে ব্রহ্মণি ধর্ম্মতো ব্রতৈঃ স্নাতস্য মে ন্যূনমলং বিচক্ষ্ব ॥ ৭ ॥

নারদ উবাচ

ভবতানুদিতপ্রায়ং যশো ভগবতোঽমলম্।
যেনৈবাসৌ ন তুষ্যেত মন্যে তদ্দর্শনং খিলম্ ॥ ৮ ॥

অন্বয়

আছেন) যৎ (যেহেতু) যঃ অসঙ্গঃ (যিনি বিষয় ও ভোগাদিতে নির্লিপ্ত থাকিয়া) মনসা এব (সঙ্কল্পমাত্রই) গুণৈঃ (ত্রিগুণের দ্বারা) বিশ্বং (এই জগৎ) সৃজতি অবতি অত্তি (সৃজন, পালন ও সংহার করিয়া থাকেন), পরাবরেশঃ (কার্য্যকারণের নিয়ন্তা) সঃ পুরাণঃ পুরুষঃ (সেই সনাতন পুরুষ বিষ্ণু) ভবতা উপাসিতঃ (আপনাকর্ত্তৃক উপাসিত হইয়াছেন) ॥ ৬ ॥

ত্বম্ অর্কঃ ইব (আপনি সূর্য্যের ন্যায়) ত্রিলোকীং পর্য্যটন্ (ত্রিভুবন পরিভ্রমণপূর্ব্বক) আত্মসাক্ষী (সকলের বাহ্যেন্দ্রিয়বৃত্তির দ্রষ্টা), (এবং) বায়ুরিব অন্তশ্চরঃ সন্ (প্রাণবায়ুর ন্যায় সকলের অন্তরে বিচরণ করতঃ) [আত্মসাক্ষী] (অন্তঃকরণবৃত্তির দ্রষ্টা) (অতএব) পরাবরে ব্রহ্মণি (পরব্রহ্ম ও শব্দব্রহ্মে) ধর্ম্মতঃ ব্রতৈশ্চ (নিবৃত্তিধর্ম্ম ও নিয়মপালনরূপ ব্রতের দ্বারা) স্নাতস্য মে (স্নাত আমার) [যৎ] অলং ন্যূনং (যাহা অতি অসম্পূর্ণ) তৎ বিচক্ষ্ব (তাহা বলুন) ॥ ৭ ॥

নারদঃ উবাচ (নারদ বলিলেন) ভবতা (আপনাকর্ত্তৃক) ভগবতঃ (ভগবানের) অমলং

অনুবাদ

যেহেতু, যিনি বিষয় ও ভোগাদিতে নির্লিপ্ত থাকিয়া সঙ্কল্পমাত্রেই ত্রিগুণের দ্বারা এই জগৎ সৃজন, পালন ও সংহার করিয়া থাকেন, কার্য্যকারণের নিয়ন্তা সেই সনাতন আদিপুরুষ শ্রীহরির আপনি উপাসনা করিয়াছেন ॥ ৬ ॥

(হে দেবর্ষে!) আপনি সূর্য্যের ন্যায় ত্রিভুবন পরিভ্রমণপূর্ব্বক সকলের বাহ্যেন্দ্রিয়বৃত্তির দ্রষ্টা হইয়াছেন, এবং প্রাণবায়ুর ন্যায় সকলের অন্তরে বিচরণ করতঃ অন্তঃকরণবৃত্তির দ্রষ্টা হইয়াছেন; অতএব পরব্রহ্মে নিবৃত্তিধর্ম্মদ্বারা এবং শব্দব্রহ্মে নিয়মপালনরূপ ব্রতের দ্বারা স্নাত যে আমি, সেই আমার যাহা অতি অসম্পূর্ণ তাহা বলুন। (অর্থাৎ আমার যাহাতে চিত্তের সন্তোষ হয় সেই বিষয় বলুন) ॥ ৭ ॥

নারদ বলিলেন—আপনি বক্তা ও শ্রোতার পাপনাশক ভগবানের লীলাগুণ সম্যক্-

টীকা

পর্য্যটন্ আত্মসাক্ষী" শরীররূপাত্মদ্রষ্টা বাহ্যেন্দ্রিয়বৃত্তিদ্রষ্টা ইত্যর্থঃ। "বায়ুরিবান্তশ্চরঃ" সন্ "আত্মসাক্ষী" অন্তঃ-করণবৃত্তিদ্রষ্টা। "পরে" ব্রহ্মণি "ধর্ম্মতঃ" নিবৃত্তিধর্ম্মতঃ "অবরে" শব্দব্রহ্মণি "ব্রতৈঃ" তদধ্যয়নার্থকৈঃ নিয়মৈঃ-"স্নাতস্য" কৃতাবগাহনস্য "মে অলম্" অত্যর্থং "ন্যূনম্ আচক্ষ্ব"। মম তপোব্রতজ্ঞানপ্রযত্নাদিষু অপূর্ণং যদস্তি তদালোচয় ॥৭॥ "ভবতা ভগবতঃ অমলং" শ্রাবয়িতৃণাং শ্রোতৃণাং চ মলঘ্নং "যশঃ অনুদিতপ্রায়ম" বর্ণিতপ্রায়ম্। "যেনৈব" ভগবদ্যশোবর্ণনমন্তরেণ দর্শনেন "অসৌ" তবাত্মা "ন তুষ্যেত" "তৎ" তে "দর্শনং" জ্ঞানং "খিলম্" অপূর্ণং "মন্যে" ॥ ৮ ॥ নন্থ "ভগবান্ বাসুদেবশ্চ বর্ণ্যতেঽত্র সনাতন" ইতি প্রতিজ্ঞাপূর্ব্বকং ভগবদ্গুণ-

যথা ধর্ম্মাদয়শ্চার্থা মুনিবর্য্যানুকীর্ত্তিতাঃ।
ন তথা বাসুদেবস্য মহিমা হ্যনুবর্ণিতঃ ॥ ৯ ॥
ন যদ্বচশ্চিত্রপদং হরের্যশো, জগৎপবিত্রং প্রগৃণীত কর্হিচিৎ।
তদ্বায়সং তীর্থমুশন্তি মানসা, ন যত্র হংসা নিরমন্ত্যুশিক্ক্ষয়াঃ ॥ ১০ ॥

অন্বয়

যশঃ (বক্তা ও শ্রোতার পাপনাশক ভগবানের লীলাগুণ) অনুদিতপ্রায়ং (প্রায় অনুক্তই রহিয়াছে অর্থাৎ আপনি প্রকাশ করেন নাই) যেন এব (যেই ভগবদ্‌গুণবর্ণনশূন্য ধর্ম্মাদিদর্শনের দ্বারা) অসৌ (আপনার চিত্ত) ন তুষ্যেত (তুষ্ট হয় নাই) তৎ দর্শনং (সেই ধর্ম্মাদিদর্শন) খিলং মন্যে (অসম্পূর্ণ বলিয়া মনে করি) ॥ ৮ ॥

মুনিবর্য্য! (হে মুনিশ্রেষ্ঠ!) [আপনাকর্ত্তৃক] ধর্ম্মাদয়ঃ অর্থাঃ চ (ধর্ম্মাদি পুরুষার্থচতুষ্টয়) যথা কীর্ত্তিতাঃ (যেমন কীর্ত্তিত হইয়াছে) তথা (সেইরূপ পরিপূর্ণভাবে) বাসুদেবস্য মহিমা (শ্রীবাসুদেবের মহিমা) ন হি অনুবর্ণিতঃ (বর্ণিত হয় নাই) ॥ ৯ ॥

চিত্রপদম্ অপি (মনোহর পদযুক্ত হইলেও) যদ্ বচঃ (যে বাক্য) হরেঃ (শ্রীহরির) জগৎ পবিত্রং যশঃ (জগৎ পবিত্রকারিণী লীলা) ন প্রগৃণীত (প্রকাশ করে না), মানসাঃ (বাসুদেবমননযুক্ত) উশিক্ক্ষয়াঃ (কমনীয় মানসসরোবরসদৃশ ভগবল্লীলাপ্রতিপাদক শাস্ত্রে আসক্ত) হংসাঃ (বিবেকিগণ) তৎ (সেই বাক্যকে) বায়সং তীর্থং (কাকতীর্থ অর্থাৎ কাকতুল্য কামিগণের আকর্ষণীয় স্থান) উশন্তি (মনে করিয়া থাকেন) [অতএব তাহারা] যত্র (ভগবল্লীলাবর্জ্জিত সেই সকল বাক্যে) কর্হিচিৎ অপি (কখনও) ন নিরমন্তি (আনন্দ অনুভব করেন না) ॥ ১০ ॥

অনুবাদ

রূপে প্রকাশ করেন নাই। যেই ভগবদ্‌গুণবর্ণনশূন্য ধর্ম্মাদিদর্শনের দ্বারা আপনার চিত্ত সন্তুষ্ট হয় নাই, আপনার সেই ধর্ম্মাদিদর্শন অসম্পূর্ণ বলিয়া মনে করি। [অর্থাৎ আপনার ধর্ম্মাদিদর্শন ভগবদ্‌গুণবর্ণনপ্রধান না হওয়ায় অসম্পূর্ন রহিয়াছে বলিয়া মনে করি] ॥ ৮ ॥

হে মুনিশ্রেষ্ঠ! আপনি ধর্ম্মাদি পুরুষার্থ চতুষ্টয় যেমন কীর্ত্তন করিয়াছেন, সেইরূপ পরিপূর্ণভাবে শ্রীবাসুদেবের মহিমা কীর্ত্তন করেন নাই ॥ ৯ ॥

মনোহর পদযুক্ত হইলেও যে বাক্য শ্রীহরির জগৎপবিত্রকারিণী লীলা প্রকাশ

টীকা

স্বরূপাদি বা মহাভারতে বর্ণিতমেব। কথং মম দর্শনমপূর্ণমিত্যত আহ "যথেতি" ॥ ৯ ॥

বাসুদেবেতরবিষয়ং বচোঽপি খিলমেবেত্যাহ "নে"তি। চিত্রাণি পদানি যস্মিন্ ত"চ্চিত্রপদমপি যদ্ বচঃ" জগতঃ পবিত্রত্বাপাদকং "হরের্যশঃ ন প্রগৃণীত" ন বদেৎ। "তৎ বায়সং তীর্থং" বায়সগুণ-যুক্তানাং কামিনাং রতিস্থানম্। মানসাঃ বাসুদেবমননপ্রবণে মনসি স্থিতাঃ, "উশিক্ক্ষয়াঃ" উশিক্ কমনীয়ং প্রসিদ্ধমানসাখ্যসরোবরোপমং ভগবদ্‌যশঃপ্রতিপাদকং শাস্ত্রং ক্ষয়ো রমণস্থানং যেষাং তে, "হংসা" বিবেকিনঃ "উশন্তি" মন্যন্তে। অতএব "যত্র" রথ্যাম্বুগর্ত্তোপমে কাকোপমজ্জনপ্রিয়ে ভগবদ্‌যশোঽপ্রতি-পাদকে বচসি "কর্হিচিদপি" "ন নিরমন্তি" নিতরাং ন রমন্তে ॥ ১০ ॥

তদ্‌বাগ্‌বিসর্গো জনতাঘবিপ্লবো, যস্মিন্ প্রতিশ্লোকমবদ্ধবত্যপি।
নামান্যনন্তস্য যশোঽঙ্কিতানি যৎ, শৃণ্বন্তি গায়ন্তি গৃণন্তি সাধবঃ ॥ ১১ ॥

অন্বয়

যস্মিন্ (যে গ্রন্থে) প্রতি শ্লোকং (প্রত্যেক শ্লোক) অবদ্ধবত্যপি (দোষযুক্ত হইলেও) অনন্তস্য (শ্রীবাসুদেবের) যশোঽঙ্কিতানি (লীলাগুণযুক্ত) নামানি [সন্তি] (নাম সকল থাকে) তদ্ বাগ্‌বিসর্গঃ (সেই বাক্যপ্রয়োগ) জনতাঘবিপ্লবঃ (সকল লোকের পাপ বিনাশক) [হইয়া থাকে] যৎ (যেহেতু যেই লীলাগুণ) সাধবঃ (ভগবদ্ভক্তগণ) শৃণ্বন্তি (গুরু মুখ হইতে শুনিয়া থাকেন) গৃণন্তি (শিষ্যদিগের নিকটে বলিয়া থাকেন) গায়ন্তি চ (এবং স্বয়ং কীর্ত্তন করিয়া থাকেন) ॥ ১১ ॥

অনুবাদ

করে না, বাসুদেবমননযুক্ত, কমনীয় মানসসরোবরসদৃশ ভগবল্লীলাপ্রতিপাদক শাস্ত্রে আসক্ত, বিবেকিগণ সেই বাক্যকে কাকতুল্য কামিগণের আকর্ষণীয় স্থান বলিয়া মনে করিয়া থাকেন। [অর্থাৎ মানস সরোবরস্থিত হংসগণ যেমন মানসসরোবরেই আনন্দ পায় ও সেখানেই অবস্থান করে, এবং কাকসেবিত অপরিষ্কৃত জলাশয়ে আনন্দ পায় না, বা তাহাতে যায় না, তেমনই বাসুদেব মননশীল ভক্তগণ, মানসসরোবরসদৃশ ভগবল্লীলাপ্রতিপাদক শাস্ত্রে আসক্ত হইয়া শ্রীহরির লীলাগুণশূন্য বাক্যকে পরিত্যাগ করেন, এবং তাহা কামী জনেরই আশ্রয়নীয় বলিয়া মনে করেন।] অতএব তাঁহারা ভগবল্লীলাবর্জ্জিত সেই সকল বাক্যে কখনও আনন্দ অনুভব করেন না ॥ ১০ ॥

[পূর্ব্বশ্লোকে বলা হইয়াছে—বাক্য পদচাতুর্য্যযুক্ত হইলেও ভগবল্লীলাগুণবর্জ্জিত হইলে বিবেকিগণের বর্জ্জনীয়। এই শ্লোকে পদচাতুর্য্য শূন্য হইয়াও যদি ভগবল্লীলাগুণযুক্ত হয়, তবে বিবেকিগণের তাহা সর্ব্বদাই গ্রাহ্য; ইহাই বলিতেছেন] যে গ্রন্থে প্রত্যেক শ্লোক দোষযুক্ত হইলেও তাহাতে যদি শ্রীবাসুদেবের নাম সকল থাকে, তাহা হইলে সেই বাক্যপ্রয়োগ সকল লোকের পাপনাশক হইয়া থাকে। যেহেতু সেই লীলাগুণ ভগবদ্ভক্তগণ গুরুর নিকট হইতে শ্রবণ করেন, শিষ্যদিগের নিকটে বলিয়া থাকেন, এবং স্বয়ং কীর্ত্তন করিয়া থাকেন ॥১১॥

টীকা

বাসুদেবেতরপ্রতিপাদকং বচঃ চিত্রপদমপি বিবেক্যনুপাদেয়মিত্যুক্তম্। বাসুদেবপ্রধানন্তু পদচাতুর্য্যবর্জ্জিতমপি মহতাদরেণ তেষাং উপাদেয়মিত্যাহ "তদিতি"। "সঃ বাচো বিসর্গঃ জনতাঘবিপ্লবঃ" জনতায়াঃ জনসমূহস্য অঘং পাপং বিপ্লাবয়তীতি তথা। জনতাঘবিপ্লবত্বে হেতুমাহ—"যস্মিন্নি"তি। "যস্মিন্ প্রতিশ্লোকম্ অবদ্ধবত্যপি" দোষযুক্তেঽপি বাগ্বিসর্গে "অনন্তস্য নামানি" সন্তি, অতো "যৎ" যং বাগ্‌বিসর্গং "সাধবঃ" গুর্ব্বাদিভ্যঃ "শৃণ্বন্তি" শিষ্যাদিভ্যো গৃণন্তি কথয়ন্তি স্বয়ং "গায়ন্তি চ" ॥ ১১ ॥

নৈষ্কর্ম্ম্যমপ্যচ্যুতভাববর্জ্জিতং, ন শোভতে জ্ঞানমলং নিরঞ্জনম্।
কুতঃ পুনঃ শশ্বদভদ্রমীশ্বরে, ন চার্পিতং কর্ম্ম যদপ্যকারণম্ ॥ ১২ ॥

অন্বয়

নিরঞ্জনং (রাগদ্বেষাদি দোষশূন্য অর্থাৎ নির্ম্মল) নৈষ্কর্ম্ম্যং (এবং কামনাশূন্য) জ্ঞানম্ অপি (জ্ঞান ও) চেৎ (যদি) অচ্যুতভাববর্জ্জিতং (ভগবদ্ভাববর্জ্জিত হয়) তর্হি অলং ন শোভতে (তাহা হইলে কখনও শোভা পায় না) শশ্বৎ অভদ্রং ([অতএব] সর্ব্বদা অর্থাৎ উপক্রমকালে, অনুষ্ঠানকালে ও ফলকালে দুঃখাবহ) যৎ কর্ম্ম (যে কাম্যকর্ম্ম) অকারণমপি (ও নিষ্কাম কর্ম্ম তাহা) ঈশ্বরে ন অর্পিতং চেৎ (ঈশ্বরে অর্পিত না হইলে) কুতঃ পুনঃ শোভতে (কিরূপে শোভিত হইবে ?) ॥ ১২ ॥

অনুবাদ

[ধর্ম্ম, অর্থ ও কামবিষয়ে মুমুক্ষুজনের রুচি হয় না বলা হইয়াছে। মহাভারতে যে ধর্ম্ম বলা হইয়াছে, তাহা কামনা ও হিংসাযুক্ত বলিয়া ভক্তগণের তাহাতে অরুচি হওয়া স্বাভাবিক। আর যে মোক্ষধর্ম্মাদিতে ভগবদ্ভাববর্জ্জিত জ্ঞান প্রদর্শন করা হইয়াছে, তাহাও সঙ্গত নহে। এখন নিষ্কাম কর্ম্ম ও জ্ঞান, যদি ভগবদ্ভাব বর্জ্জিত হয়, তবে তাহাও যে নিরর্থক, তাহাই বলিতেছেন]—রাগদ্বেষাদি দোষশূন্য, এবং কামনাশূন্য জ্ঞানও যদি ভগবদ্ভাবর্জ্জিত হয়, তাহা হইলে কখনও তাহা শোভা পায় না। অতএব সর্ব্বদা অর্থাৎ উপক্রমকালে, অনুষ্ঠানকালে ও ফলকালে দুঃখবহ যে কাম্যকর্ম্ম ও নিষ্কাম কর্ম্ম, তাহা ঈশ্বরে অর্পিত না হইলে কিরূপে শোভিত হইবে ? [অর্থাৎ ভগবদ্ভাববর্জ্জিত জ্ঞানযোগ ও নিষ্কাম কর্ম্মযোগই যখন শোভা পায় না, তখন ভগবদ্ভাবর্জ্জিত কাম্য কর্ম্মের বিষয়ে আর বক্তব্য কি ?] ॥ ১২ ॥

টীকা

"যথা ধর্ম্মাদয়শ্চার্থা মুনিবর্য্যানুকীর্ত্তিতাঃ" ইত্যনেন ধর্ম্মাদিষু মুমুক্ষুজনাপেক্ষয়া অরুচিরুক্তা, তত্র শতসাহস্র্যাং সংহিতায়াং যো ধর্ম্মঃ প্রোক্তঃ কাম্যো হিংস্রঃ, স হি বিশেষতোঽরুচিহেতুঃ, স ভাগবতৈঃ মুমুক্ষুভিরনুপাদেয়ঃ। যশ্চ নিষ্কামোঽপি ভগবদ্ভাববর্জ্জিতঃ সোঽপি অসম্যগেব। যচ্চ কপিলপতঞ্জলিমতানুসারি ভগবদ্ভাববর্জ্জিতং জ্ঞানং মোক্ষধর্ম্মাদৌ দর্শিতং তদপ্যসঙ্গতমেব। যচ্চ ভাগবতজনানুগ্রহকামেন ভগবদ্গীতানুসারেণ উক্তং মুদ্গলোপাখ্যানাদিষু ভৃগুভারদ্বাজাদিসংবাদেষু বার্ষ্ণেয়াধ্যাত্মাদিপ্রকরণেষু কর্ম্মজ্ঞানবৈরাগ্যভক্তিরহস্যং তৎ সর্ব্বং পরমাদরেণ উপাদেয়মিত্যাশয়েনাহ—"নৈষ্কর্ম্ম্যমি"তি। নির্গতানি কর্ম্মাণি যতঃ তন্নিষ্কর্ম্ম, তদেব নৈষ্কর্ম্ম্যং, স্বার্থে ষ্যঞ্। "নিরঞ্জনং" রাগদ্বেষাদিদোষশূন্যং, এবম্ "অচ্যুতস্য ভাবেন" যোগেন "বর্জ্জিতং চেৎ—অলম্" অত্যন্তং "ন শোভতে," তদা "শশ্বদভদ্রং" সদৈব উপক্রমকালে অনুষ্ঠানকালে ফলকালে চ দুঃখাবহং, ন চ সর্ব্বকর্ম্মবৈগুণ্যাপহে "ঈশ্বরে" অর্পিতং যৎ কর্ম্ম কাম্যং, তৎ "কুতঃ পুনঃ" শোভতে। "যদপ্যকারণম্" অকাম্যং "তদপ্যচ্যুত-ভাববর্জ্জিতং চেৎ ন শোভতে। ভগবদ্ভাববর্জ্জিতো জ্ঞানযোগো নিষ্কামকর্ম্মযোগশ্চ যদা ন শোভতে, তদা কাম্যং কর্ম্ম ভগবদ্ভাববর্জ্জিতং ন শোভতে ইতি কিমু বক্তব্যম্॥ ১২ ॥

অথো মহাভাগ ! ভবানমোঘদৃক্, শুচিশ্রবাঃ সত্যরতো ধৃতব্রতঃ।
উরুক্রমস্যাখিলবন্ধমুক্তয়ে, সমাধিনানুস্মর তদ্বিচেষ্টিতম্ ॥ ১৩ ॥
ততোঽন্যথা কিঞ্চন যদ্বিবক্ষতঃ, পৃথগ্‌দৃশস্তৎকৃতরূপনামভিঃ।
ন কর্হিচিৎ ক্বাপি চ দুঃস্থিতা মতির্লভেত বাতাহতনৌরিবাস্পদম্ ॥ ১৪ ॥

অন্বয়

অথো (যেহেতু ভগবল্লীলাবর্ণন করিলে মুমুক্ষুগণের উপকার হইয়া থাকে, অতএব) ত্বম্ (আপনি) অখিলবন্ধমুক্তয়ে (মুমুক্ষুগণের বন্ধনিবৃত্তির জন্য) উরুক্রমস্য (শ্রীহরির) তদ্বিচেষ্টিতং (সেই বিবিধ লীলা সকল) সমাধিনা (চিত্তের একাগ্রতার দ্বারা) অনুস্মর ([গ্রন্থ নির্ম্মাণের জন্য] স্মরণ করুন) [ব্যাসদেব যদি বলেন আমার শক্তি কোথায় ? সেজন্যই বলিতেছেন] হে মহাভাগ ! ভবান্ (হে মহাভাগ্যশালিন্ ! আপনি) অমোঘদৃক্ (অব্যর্থদর্শী) শুচিশ্রবাঃ (পবিত্রকীর্ত্তি) সত্যরতঃ (সত্যপরায়ণ) ধৃতব্রতঃ (ও শমদমাদিব্রতসম্পন্ন) [অতএব এতাদৃশ কার্য্য আপনার অসাধ্য নহে] ॥১৩॥

ততঃ পৃথক্ দৃশঃ (সেই ভগবানের লীলাভিন্নবিষয় দর্শনকারী হইয়া) অন্যথা কিঞ্চন বিবক্ষতঃ (অন্য প্রকারে কিছু বর্ণনে প্রবৃত্ত আপনার) তৎকৃতনামরূপভিঃ (সেই সেই বিষয়ের সঙ্কল্প, নাম ও রূপের দ্বারা) দুঃস্থিতা মতিঃ (বিক্ষিপ্তা বুদ্ধি) বাতাহতনৌরিব (বায়ু বলে ঘূর্ণ্যমান নৌকার ন্যায়) কর্হিচিৎ (কখনও) ক্বাপি (কোথাও) আস্পদং ন লভেত (আশ্রয় লাভ করিতে পারিতেছে না) ॥ ১৪ ॥

অনুবাদ

যেহেতু ভগবল্লীলাগুণ বর্ণন করিলে মুমুক্ষুগণের উপকার হইয়া থাকে, অতএব আপনি সমস্ত মুমুক্ষুগণের বন্ধনিবৃত্তির জন্য শ্রীহরির সেই বিবিধ লীলাসকল একাগ্রচিত্তে [ভাগবত গ্রন্থ নির্ম্মাণের জন্য] স্মরণ করুন। হে মহাভাগ্যশালিন্ ! আপনি অব্যর্থদর্শী, পবিত্রকীর্ত্তি, সত্যপরায়ণ এবং শমদমাদিব্রতসম্পন্ন। [সুতরাং আপনার অসাধ্য কি আছে ?] ॥১৩॥

সেই ভগবানের লীলাভিন্ন অন্য বিষয় দর্শনকারী হইয়া অন্যপ্রকারে কিছু বর্ণনে প্রবৃত্ত হওয়ায় আপনার বুদ্ধি সেই সেই বিষয়ের সঙ্কল্প, নাম ও রূপের দ্বারা বিক্ষিপ্তা হইয়া বায়ুবলে ঘূর্ণ্যমান নৌকার ন্যায় কখনও কোথাও কোনপ্রকার আশ্রয় লাভ করিতে পারিতেছে না ॥ ১৪ ॥

টীকা

যতো ভগবদীয়ানি জ্ঞানকর্ম্মবাক্‌চাতুর্য্যাণি মুমুক্ষূপকারকানি, "অথো" অতঃ কারণাৎ "উরুক্রমস্য" উরবঃ বহুবিস্তৃতাঃ ক্রমাঃ চরণবিন্যাসা যস্য তস্য যৎ "বিচেষ্টিতং" চরিত্রং চরিত্রপ্রতিপাদকং পুরাণমিতি যাবৎ। অখিলানাং মুমুক্ষূণাং বন্ধবিমুক্তয়ে "তৎ সমাধিনা" ত্বম্ "অনুস্মর", তন্নির্ম্মাণার্থমিতি শেষঃ। নন্বু তত্র মম কা শক্তিরিত্যত আহ—হে "মহাভাগ" ! ভবান্ অমোঘদৃগস্তি শুচি শুদ্ধং শ্রবো যস্য স শুচিশ্রবাঃ, সত্যে ব্রহ্মণি রতঃ সত্যরতঃ, ধৃতানি লোকহিতাবহানি ব্রতানি যেন স ধৃতব্রতঃ। এবম্ভূতস্য তব কিম্ অসাধ্যমিতি ভাবঃ ॥ ১৩ ॥ ভগবদ্বিবিধচেষ্টিতবোধকপুরাণনির্ম্মাণং তবাত্মাসন্তোষাপহং ময়োপদিষ্টম্। অন্যথা তু ত্বদাত্মাসন্তোষনিবৃত্তিনাস্তীতি আহ—"তত" ইতি।

জুগুপ্সিতং ধর্ম্মকৃতেঽনুশাসতঃ স্বভাবরক্তস্য মহান্ ব্যতিক্রমঃ।
যদ্বাক্যতো ধর্ম্ম ইতীতরঃ স্থিতো ন মন্যতে তস্য নিবারণং জনঃ॥ ১৫॥
বিচক্ষণোঽস্যার্হতি বেদিতুং বিভোরনন্তপারস্য নিবৃত্তিতঃ সুখম্।
প্রবর্ত্তমানস্য গুণৈরনাত্মনস্ততো ভবান্ দর্শয় চেষ্টিতং বিভো!॥ ১৬॥

অন্বয়

স্বভাবরক্তস্য (স্বভাবতঃ বিষয়ানুরাগী পুরুষের) ধর্ম্মকৃতে (ধর্ম্মলাভের জন্য) জুগুপ্সিতম্ অনুশাসতঃ (নিন্দিত কাম্যকর্ম্ম সকল অনুশাসন করায় আপনার) মহান্ ব্যতিক্রমঃ (অত্যন্ত বিপরীত হইয়াছে) যদ্বাক্যতঃ (আপনার যে বাক্য হইতে) ধর্ম্ম ইতি স্থিতঃ (নিন্দিত কাম্য কর্ম্মকেও ধর্ম্ম মনে করিয়া) ইতরঃ জনঃ (লৌকিক সাধারণ ব্যক্তি) তস্য নিবারণং (তাহার অর্থাৎ কাম্য কর্ম্ম সমূহের নিষেধ) ন মন্যতে (মনে করে না)॥ ১৫॥

বিচক্ষণঃ (বিচক্ষণব্যক্তি) নিবৃত্তিতঃ (নিবৃত্তিমার্গ হইতে অর্থাৎ নিবৃত্তিমার্গ অবলম্বন করতঃ)

অনুবাদ

স্বভাবতঃ বিষয়ানুরাগী পুরুষের ধর্ম্মলাভের জন্য নিন্দিত কাম্য কর্ম্মসমূহ অনুশাসন করায় আপনার অত্যন্ত বিপরীত করা হইয়াছে। কারণ আপনার বাক্য হইতে নিন্দিত কাম্যকর্ম্মকে ধর্ম্ম মনে করিয়া সাধারণ ব্যক্তি সেই কাম্যকর্ম্ম সমূহের নিষেধ মনে করে না। [অর্থাৎ তাহারা কাম্যকর্ম্মকেও মোক্ষ সাধক মনে করিয়া কাম্যকর্ম্মনিন্দাত্মক যে সকল শ্রুতি কিম্বা ঋষিবচন আছে, তাহাদের যথার্থতা মনে করে না]॥ ১৫॥

বিচক্ষণ ব্যক্তি নিবৃত্তিমার্গ অবলম্বন করিয়া তাহা হইতে অপরিসীম সর্ব্বব্যাপী এই

টীকা

অতঃ উরুক্রমচরিত্রবোধকপুরাণপ্রকাশনাৎ, "পৃথগ্‌দৃশঃ" অন্যদৃষ্টেঃ "অন্যথো"ক্তোপায়াৎ বৈপরীত্যেন আত্মাসন্তোষনিবর্ত্তকং "যৎ" কিঞ্চনার্থান্তরং "বিবক্ষতঃ"বর্ণয়তস্তব "তৎকৃতরূপনামভিঃ" তয়া বিবক্ষয়া কৃতৈঃ সঙ্কল্পিতৈঃ রূপৈর্নামভিশ্চ "দুঃস্থিতা" অবিষয়ে প্রবৃত্তা ব্যামোহিতা সতী "মতিঃ" "কর্হিচিৎ" কদাচিদপি "ক্বচিৎ" কস্মিংশ্চিদপি বিষয়ে "আস্পদং"স্থানং "ন লভেত, বাতাহতনৌরিব"॥ ১৪॥

তদেবং "ঊর্দ্ধবাহুর্বিরৌম্যেতন্ন কশ্চিন্মে শৃণোতি বৈ। ধর্ম্মাদর্থশ্চ কামশ্চ স কস্মান্নৈব সেব্যতে॥" ইত্যাদ্যাগ্রহেণ ভারতাদিষু ধর্ম্মাদিপ্রতিপাদনমনুচিতমেব ইত্যুক্তম্, তন্মুমুক্ষূন্ প্রতি অনুচিতমস্তু, বুভুক্ষু-জনোপকারার্থে তু কথঞ্চিদুচিতং ভবতু। "দ্বৌ মাসৌ তু ভবেৎ তৃপ্তির্মৎস্যৈঃ পিতৃগণস্য হ। ত্রীন্ মাসা-নাবিকেনৈব চাতুর্ম্মাস্যং শশেন তু॥ আজেন মাসান্ প্রীয়ন্তে পঞ্চৈব পিতরো নৃপ!। বরাহেন তু ষন্মাসান্ সপ্ত বৈ শাকুনেন তু। মাসানষ্টৌ পার্ষতেন রৌরবেন নবৈব তু। গবয়স্য তু মাংসেন তৃপ্তির্মাসান্ দশৈব তু॥ মাংসেনৈকাদশ প্রীতিঃ পিতৃণাং মহিষেণ তু। গব্যেন দত্তে শ্রাদ্ধে তু সংবৎসরমিহোচ্যতে॥" শ্রাদ্ধকল্পে জুগুপ্সিতং স্বভাবরক্তস্য জীবস্য ধর্ম্মকৃতে পিতৃপোষণাখ্যধর্ম্মার্থম্ অনুশাসতো ভবতঃ মহান্ ব্যতিক্রমঃ। নন্বু মন্দানাং স্বাভাবিকপ্রবৃত্তিনিবৃত্ত্যোর্নিয়মার্থমিদমুক্তং, পুনঃ সদুপদেশেন তন্নিবারণং শক্যমত আহ "যদিতি"। "যৎ" যস্য তব "বাক্যতঃ ইতরঃ" লৌকিকো "জনঃ" ধর্ম্মোঽয়মিতি দৃঢ়বিশ্বাসেন স্থিতঃ তস্য হিংস্রস্য কর্ম্মণঃ সদ্ভিঃ ক্রিয়মাণং "নিবারণং ন মন্যতে"॥ ১৫॥

নন্বু "বেদে রামায়ণে চৈব ভারতে পঞ্চরাত্রকে। আদাবন্তে চ মধ্যে চ হরিঃ সর্ব্বত্র গীয়তে॥"

ত্যক্ত্বা স্বধর্ম্মং চরণাম্বুজং হরের্ভজন্নপক্কোঽথ পতেত্ততো যদি।
যত্র ক্ব বাভদ্রমভূদমুষ্য কিং কো বার্থ আপ্তোঽভজতাং স্বধর্ম্মতঃ॥১৭॥

অন্বয়

অনন্তপারস্য (অপরিসীম) অস্য বিভোঃ (এই সর্ব্বব্যাপী ভগবানের) চেষ্টিতং (লীলাসমূহ) সুখং বেদিতুম্ অর্হতি (অনায়াসে জানিতে পারে)। [কিন্তু অবিবেকী জানিতে পারে না] ততঃ হে বিভো! (অতএব হে সর্ব্বজ্ঞ!) ভবান্ (আপনি) গুণৈঃ প্রবর্ত্তমানস্য (সত্ত্বাদিগুণত্রয়কর্ত্তৃক পরিচালিত) অনাত্মনঃ (অজ্ঞগণের সম্বন্ধে) বিভোঃ চেষ্টিতং দর্শয় (ভগবানের লীলাসমূহ প্রকাশ করুন॥) ॥১৬॥

স্বধর্ম্মং ত্যক্ত্বা (স্বধর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক) হরেঃ চরণাম্বুজং (শ্রীহরির পাদপদ্ম) ভজন্ (ভজনা করিয়া) যদি অপক্কঃ (যদি অকৃতার্থ) অথ (অথবা) ততঃ (সেই ভজন হইতে) পতেৎ (ভ্রষ্ট বা মৃত্যুপ্রাপ্ত হয়), যত্র ক্ব বা (যে কোনও যোনিতে অর্থাৎ নীচযোনিতে জন্মিয়া থাকিলেও) অমুষ্য (সেই ব্যক্তির) অভদ্রং অভূৎ কিং (অমঙ্গল হয় কি?) [অর্থাৎ হয় না] অভজতাং (যাহারা ভগবানের শ্রীপাদপদ্ম ভজনা করেনা, তাহারা) স্বধর্ম্মতঃ (স্বীয় ধর্ম্মানুষ্ঠানের দ্বারা) কঃ বা অর্থঃ (কোন ফলই বা পাইয়া থাকে?) [অর্থাৎ ভগবদ্ভক্তিবিহীন ধর্ম্মানুষ্ঠানাদ হস্তিস্নানের ন্যায় বিফলই হইয়া থাকে] ॥১৭॥

অনুবাদ

ভগবানের লীলাসমূহ অনায়াসে জানিতে পারেন। কিন্তু অবিবেকী জানিতে পারে না। অতএব হে সর্ব্বজ্ঞ! আপনি সত্ত্বাদিগুণত্রয়কর্ত্তৃক পরিচালিত অজ্ঞগণের সম্বন্ধে ভগবানের লীলাসমূহ প্রকাশ করুন। [অর্থাৎ ভগবল্লীলা প্রকাশক শাস্ত্র প্রণয়ন করুন]॥ ১৬ ॥

[ভগবদ্ভাববর্জ্জিত কর্ম্ম যুক্তিযুক্ত নহে। অতএব ভগবানের লীলা প্রকাশ করুন, ইহা বলা হইয়াছে। এখন কর্ম্মনিরপেক্ষ হরিভজন যদি অসম্পূর্ণও হয়, তাহা হইলেও তাহা মঙ্গলজনক। এবং হরিভজনশূন্য কর্ম্ম নিরর্থক, ইহাই বলিতেছেন]—স্বধর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক শ্রীহরির পাদপদ্ম ভজনা করিয়া যদি অকৃতকার্য্য অথবা সেই ভজন হইতে ভ্রষ্ট বা মৃত্যুপ্রাপ্ত হয়, তবে সে ব্যক্তি যে কোন যোনিতে জন্মিলেও তাহার অমঙ্গল হয় কি? তাহার কখনই অমঙ্গল হয় না। যাহারা ভগবানের শ্রীপাদপদ্ম ভজনা করে না, তাহারা স্বীয় ধর্ম্মানুষ্ঠানের দ্বারা কোন ফলই বা পাইয়া থাকে? [অর্থাৎ তাহারা কোনও শ্রেয়োলাভ করিতে পারে না]॥ ১৭ ॥

টীকা

ইতিবচনাৎ সর্ব্বত্র হরিচেষ্টিতং বেদিতব্যম্। ন চ বাচ্যং কর্ম্মাদিষু প্রবৃত্তেন হরিচেষ্টিতং তত্তদ্গ্রন্থে স্থিতমপি কুতো বেদিতুং শক্যমতো নিবৃত্তিমার্গপ্রদর্শনপূর্ব্বকং হরিচেষ্টিতং পুরাণং বক্তব্যমিতি; "ন কর্ম্মণা ন প্রজয়া ন ধনেন ত্যাগেনৈকেনামৃতত্বমানশুরি" ত্যাদিশ্রুতেঃ। "দ্বিবিধা-ব্রাহ্মণা রাজন্ ধর্ম্মশ্চ দ্বিবিধঃ স্মৃতঃ। প্রবৃত্তাশ্চ নিবৃত্তাশ্চ নিবৃত্তোঽস্মি প্রতিগ্রহাৎ" ইত্যাদি স্মৃতেশ্চ। নিবৃত্তিমার্গাবগমাৎ চেষ্টিতস্য তত্র তত্র দ্রষ্টব্যত্বাচ্চ, তত্রাহ—"বিচক্ষণ" ইতি। "অস্য বিভোর্বিচেষ্টিতং" উক্তশ্রুতি-স্মৃতিগম্যাৎ। "নিবৃত্তিতো" নিবৃত্তিমার্গাৎ। "সুখং" যথা ভবতি তথা বেদিতুং বিচক্ষণঃ কশ্চিদধিকারী "অর্হতি", ন তু অনাত্মা, অতঃ "অনাত্মনঃ" অকৃতবুদ্ধেঃ ত্বং "চেষ্টিতং দর্শয়," ভগচ্চেষ্টিতবোধকং শাস্ত্রং দর্শয়েতি ভাবঃ ॥১৬॥

এবং তাবৎ ভগবদ্ভক্তি বর্জ্জিতং কর্ম্মাদি সর্ব্বমশোভনম্ অতো ভগবচ্চেষ্টিতং দর্শয় ইত্যুক্তম্।

তস্যৈব হেতোঃ প্রযতেত কোবিদো ন লভ্যতে যদ্ ভ্রমতামুপর্য্যধঃ।
তল্লভ্যতে দুঃখবদন্যতঃ সুখং কালেন সর্ব্বত্র গভীররংহসা ॥ ১৮ ॥
ন বৈ জনো জাতু কথঞ্চনাব্রজেন্মুকুন্দসেব্যন্যবদঙ্গ ! সংসৃতিম্।
স্মরন্ মুকুন্দাঙ্ঘ্র্যুপগূহনং পুনর্ব্বিহাতুমিচ্ছেন্ন রসগ্রহো জনঃ ॥ ১৯ ॥

অন্বয়

[ভগবদ্ভক্তিবিহীন বিষয়ীলোকের অভীপ্সিত সুখ যে ক্ষণস্থায়ী ও অকিঞ্চিৎকর তাহাই বলিতেছেন] উপরি অধঃ (ঊর্দ্ধে ব্রহ্মলোক হইতে আরম্ভ করিয়া নিম্নে পাতাল লোক পর্য্যন্ত) ভ্রমতাং (ভ্রমণকারিগণের) যৎ ন লভ্যতে (যে সুখ লাভ হয় না) তস্যৈব হেতোঃ (সেই সুখের জন্যই) কোবিদঃ (বিবেকিগণ) প্রযতেত (যত্ন করিয়া থাকেন)। তৎ সুখং (সেই বিষয় সুখ) গভীররংহসা (অত্যন্ত বেগশালী) কালেন (কালের দ্বারা) দুঃখবৎ (দুঃখের ন্যায় অর্থাৎ দুঃখ যেমন যত্ন ব্যতীত দৈব হইতে আসে, সেইরূপ) অন্যতঃ (দৈব হইতে) সর্ব্বত্র লভ্যতে (সকল অবস্থাতেই লাভ হইয়া থাকে)। [অর্থাৎ দুঃখের ন্যায় সেই বিষয় সুখ আসে ও যায়, স্থায়ী হয় না] ॥ ১৮ ॥

অঙ্গ ! (হে ব্যাসদেব) মুকুন্দসেবী জনঃ (ভগবান্ শ্রীহরির উপাসক) অন্যবৎ (কর্ম্মনিষ্ঠ ব্যক্তির মত) জাতু (কখনও) কথঞ্চন (কোনও প্রকারে) সংসৃতিং (সংসারে) ন বৈ আব্রজেৎ (নিশ্চয়ই ফিরিয়া আসেন না)। রসগ্রহো জনঃ (রসগ্রাহী মুকুন্দচরণাশ্রিত ভগবদ্ ভক্ত) মুকুন্দাঙ্ঘ্র্যুপগূহনং (শ্রীমুকুন্দের শ্রীপাদপদ্মের আলিঙ্গন) পুনঃ স্মরন্ (পুনর্ব্বার স্মরণ করিয়া) বিহাতুং ন ইচ্ছেৎ (ত্যাগ করিতে ইচ্ছা করেন না) ॥ ১৯ ॥

অনুবাদ

উপরে ব্রহ্মলোক হইতে আরম্ভ করিয়া নীচে পাতাললোক পর্য্যন্ত ভ্রমণকারিগণের যে সুখ লাভ হয় না, সেই [দুষ্প্রাপ্য পারমার্থিক] সুখের জন্যই বিবেকিগণ যত্ন করিয়া থাকেন। সেই বিষয় সুখ অত্যন্ত বেগশালী কালের দ্বারা [পরিচালিত হইয়া] দুঃখের ন্যায় দৈব হইতে সকল অবস্থাতেই লাভ হইয়া থাকে। [অর্থাৎ দুঃখ যেমন যত্ন ব্যতীত দৈববলে আসে ও চলিয়া যায়, তদ্রূপ বিষয়-সুখও দৈবযোগে আসে ও চলিয়া যায়, স্থায়ী হয় না। উহা অকিঞ্চিৎকর বলিয়া বিবেকিগণ তাহাতে লিপ্ত হন না] ॥ ১৮ ॥

[কর্ম্মাসক্তিই যে বন্ধের কারণ তাহাই দেখাইতেছেন]—হে ব্যাসদেব ! ভগবান্ শ্রীহরির

টীকা

সম্প্রত্যেতদ্দার্ঢ্যায় কর্ম্মনিরপেক্ষ-হরিভজনস্য অযথাবদনুষ্ঠিতস্যাপি ভদ্রপ্রদত্বং, হরিভজননিরপেক্ষস্য কর্ম্মণো নিরর্থকত্বং চাহ শ্রীমন্নারদঃ—"ত্যক্ত্বে"তি। "অভজতাং" অভজদ্ভিঃ ॥১৭॥ নন্থ "কর্ম্মণা পিতৃলোক" ইতি শ্রুতিঃ কর্ম্মফলমাহ, কথমুচ্যতে "কো বার্থ আপ্তোঽভজতাং স্বধর্ম্মত" ইত্যত্র হরিভজনং নিরতিশয়-নিত্যপ্রাপ্তব্রহ্মানন্দফলকম্, কর্ম্মফলং তু স্বর্গাদিসাতিশয়মনিত্যং দৈবাৎ সুলভঞ্চ, ইত্যাশয়েনাহ "তস্যৈবে"তি। "ভ্রমতাং" ভ্রমদ্ভিঃ "তৎ" কর্ম্মফলসুখং "অন্যতো" দৈবতঃ, কথম্ভূতং তৎসুখং ? "দুঃখবৎ" বহুদুঃখযুক্তম্। তদুক্তং ভগবতা "যে হি সংস্পর্শজা ভোগা দুঃখযোনয় এব তে। আদ্যন্তবন্তঃ কৌন্তেয় ! ন তেষু রমতে বুধ" ইতি ॥ ১৮ ॥

ভজনফলং উপর্য্যধো ভ্রমদ্ভিরপি যন্ন লভ্যতে, তৎ নিরতিশয়ানন্তানন্দরূপম্। কর্ম্মফলং তু

ইদন্তু বিশ্বং ভগবানিবেতরো, যতো জগৎস্থাননিরোধসম্ভবাঃ।
তদ্ধি স্বয়ং বেদ ভবাংস্তথাপি তে, প্রদেশমাত্রং ভবতঃ প্রদর্শিতম্ ॥ ২০ ॥

অন্বয়

যতঃ (যে উপাদান ও নিমিত্তকারণ হইতে) জগৎস্থাননিরোধসম্ভবাঃ (জগতের স্থিতি, প্রলয় ও উৎপত্তি হইয়া থাকে) স ভগবান্ (তিনিই সেবনীয় সেই ভগবান্ মুকুন্দ)। ইদং তু বিশ্বং (এই চেতন ও অচেতন সমস্ত জগৎ ভগবান্ই অর্থাৎ ভগবানেরই অংশ) ইতরঃ [অপি] (এই জগৎ হইতে তিনি ভিন্ন ও বটেন)। তৎ হি (সেই সমস্তই) ভবান্ স্বয়ং (আপনি নিজেই) বেদ (অবগত আছেন)। তথাপি ভবতঃ [সমীপে] (তথাপি আপনার নিকটে) প্রদেশমাত্রং প্রদর্শিতং (আমি কিঞ্চিন্মাত্র প্রদর্শন করিলাম) ॥ ২০ ॥

অনুবাদ

উপাসক, কর্ম্মনিষ্ঠব্যক্তির মত কখনও কোনও প্রকারে সংসারে আর ফিরিয়া আসেন না। [অর্থাৎ কর্ম্মনিষ্ঠ ব্যক্তি যেমন কর্ম্মফল ভোগের নিমিত্ত পুনঃ পুনঃ সংসারে যাতায়াত করিয়া থাকে, ভগবদ্ভক্ত কিন্তু সেইরূপ সংসারে আর ফিরিয়া আসেন না]। রসগ্রাহী মুকুন্দচরণাশ্রিত ভগবদ্ভক্ত শ্রীমুকুন্দের পাদপদ্মের আলিঙ্গন পুনর্ব্বার স্মরণ করিয়া তাহা আর ত্যাগ করিতে ইচ্ছা করেন না ॥ ১৯ ॥

যে উপাদান ও নিমিত্ত কারণ হইতে এই জগতের উৎপত্তি, স্থিতি ও প্রলয় হইয়া থাকে, তিনিই সেবনীয় সেই ভগবান্ মুকুন্দ। এই চেতন ও অচেতন সমস্ত জগৎও

টীকা

দুঃখোদর্কমিত্যুক্তম্। তদেব প্রপঞ্চয়তি "নে"তি। "অন্যঃ" কর্ম্মনিষ্ঠঃ, স হি কর্ম্মফলভোগানন্তরং সংসৃতিং জন্মমরণপ্রবাহরূপাং পুনঃ প্রাপ্নোতি। "গত্বা চান্দ্রমসং লোকং সোমপাঃ পুনরেষ্যন্তী"তি বচনাৎ। "আব্রহ্মভুবনাল্লোকাঃ পুনরাবর্ত্তিনোঽর্জ্জুন" ইতি ভগবদ্বচনাচ্চ। তদ্বৎ "মুকুন্দসেবী" তু মুকুন্দং প্রাপ্য,"বৈ" নিশ্চয়েন, "জাতু" কদাচিদপি "কথঞ্চন" কেনাপি প্রকারেণ সংসৃতিং নাব্রজেৎ। "মামুপেত্য তু কৌন্তেয়! পুনর্জ্জন্ম ন বিদ্যতে" ইতি ভগবদ্বচনাৎ। "মুকুন্দাঙ্ঘ্যুপগূহনম্" আলিঙ্গনং "স্মরন্" স্বয়ং "বিহাতুং নেচ্ছেৎ।" যতঃ কারণাৎ পুনশ্চ রসেন রসমূর্ত্তিনা মুকুন্দেনাপি গৃহ্যতে ॥ ১৯ ॥

নন্বু কো মুকুন্দো যঃ সেব্যো, যৎসেবী সংসারং ন ব্রজতি। কশ্চ তেন স্বসেবকস্য সংসারস্য চ সম্বন্ধ ইত্যত আহ "ইদমি"তি। "যতঃ" উপাদাননিমিত্তরূপাৎ "জগৎস্থাননিরোধসম্ভবঃ" স ভগবান্ মুকুন্দঃ সেব্যঃ, "কারণং তু ধ্যেয়মিতি" শ্রুতেঃ। জগৎকারণব্যতিরিক্তম্ উপাস্যং নাস্তীতি ভাবঃ। তেন সহ চিদচিদাত্মকস্য সর্ব্বস্য বস্তুজাতস্য সম্বন্ধমাহ—ইদং কার্য্যরূপং চিদচিদাত্মকং বিশ্বং তদুপলক্ষিতং কালাদিকঞ্চ "ভগবানেব", ছন্দোঽনুরোধেন একারস্থানে ইকারঃ। নন্বু ভগবতঃ পরিণামিত্বং প্রসজ্যেত? ইত্যত—আহ স্বরূপতো বিশ্বেতরঃ ভিন্নঃ। তদেবং চেতনাচেতনয়োর্ব্রহ্মণা সহ ভেদাভেদঃ সম্বন্ধঃ। "অংশো নানা ব্যপদেশাদন্যথা চাপি দাশকিতবাদিত্বমধীয়ত একে" "উভয়ব্যপদেশাদহিকুণ্ডলবৎ" ইত্যাদিসূত্রেভ্যঃ। বিস্তরস্তু বেদান্তকৌস্তুভে দ্রষ্টব্যঃ। তদেতৎ পূর্ব্বোক্তং সর্ব্বং "ভবানপি বেদ," তথাপি "প্রদেশমাত্রম্" একদেশমাত্রং "প্রদর্শিতম্" ॥ ২০ ॥

ত্বমাত্মনাত্মানমবেহ্যমোঘদৃক্, পরস্য পুংসঃ পরমাত্মনঃ কলাম্।
অজং প্রজাতং জগতঃ শিবায় তন্মহানুভাবাভ্যুদয়োঽধিগণ্যতাম্॥ ২১॥
ইদং হি পুংসস্তপসঃ শ্রুতস্য বা, স্বিষ্টস্য সূক্তস্য চ বুদ্ধদত্তয়োঃ।
অবিচ্যুতোঽর্থঃ কবিভির্নিরূপিতো, যদুত্তমঃশ্লোকগুণানুবর্ণনম্॥ ২২॥

অন্বয়

হে অমোঘদৃক্ (হে অব্যর্থদর্শিন্) ত্বং আত্মনা (আপনি নিজেই) পরস্য পুংসঃ পরমাত্মনঃ (পরম পুরুষ পরমাত্মার) কলাম্ অজম্ আত্মানং (অংশস্বরূপ জন্মরহিত নিজকে) জগতঃ শিবায় (জগতের মঙ্গলের নিমিত্ত) প্রজাতম্ অবেহি (অবতীর্ণ বলিয়া জানিবেন)। তৎ (অতএব) মহানুভাবাভ্যুদয়ঃ (পরমাত্মা শ্রীহরির লীলা সকল) অধিগণ্যতাম্ (বিস্তারিতরূপে নিরূপণ করুন)॥ ২১॥

যৎ উত্তমঃশ্লোকগুণানুবর্ণনং (সর্ব্বপাপবিনাশক শ্রীহরির যে গুণকীর্ত্তন), কবিভিঃ (বিবেকিগণ-কর্ত্তৃক) ইদং হি (ইহাই) পুংসঃ (মানবগণের) তপসঃ শ্রুতস্য (তপশ্চর্য্যার, বেদাধ্যয়নের) বা (অথবা) স্বিষ্টস্য (যথাযথরূপে অনুষ্ঠিত যজ্ঞ) সূক্তস্য (সুস্পষ্টরূপে উচ্চারিত মন্ত্র) বুদ্ধদত্তয়োশ্চ (জ্ঞান ও দানের) অবিচ্যুতঃ অর্থঃ (অমোঘ ফল বলিয়া) নিরূপিতঃ (নিরূপিত হইয়াছে)॥ ২২॥

অনুবাদ

তাঁহারই অংশ। এই জগৎ হইতে তিনি পৃথক্‌রূপেও আছেন। [অর্থাৎ চেতনাচেতন সমস্ত জগৎ ব্রহ্মের সহিত ভেদাভেদ সম্বন্ধে বর্ত্তমান আছে। ভগবান্ হইতে চেতনাচেতন জগৎ অত্যন্ত ভিন্নও নহে, এবং অত্যন্ত অভিন্নও নহে। কিন্তু চেতনাচেতন জগৎ পরমাত্মার অংশ। ইহা শ্রুতি স্পষ্ট করিয়াই বলিয়াছেন "অংশো হ্যেষ পরস্য"।]* আপনি সেই সমস্ত নিজেই অবগত আছেন। তথাপি আমি আপনার সমীপে কিঞ্চিন্মাত্র প্রদর্শন করিলাম॥ ২০॥

হে অব্যর্থদর্শিন্! আপনি নিজেই, পরমপুরুষ পরমাত্মার অংশস্বরূপ জন্মরহিত নিজকে জগতের মঙ্গলের নিমিত্ত অবতীর্ণ বলিয়া জানিবেন। [অর্থাৎ আপনি ভগবদংশে জগতের মঙ্গলের নিমিত্ত অবতীর্ণ হইয়াছেন, ইহা আপনি জানুন]। অতএব পরমাত্মা শ্রীহরির লীলা সকল বিস্তারিতরূপে নিরূপণ করুন॥ ২১॥

সর্ব্বপাপবিনাশক শ্রীহরির যে গুণকীর্ত্তন, বিবেকিগণ ইহাকেই মানবগণের

টীকা

"তদ্ধি স্বয়ং বেদ ভবান্" ইত্যত্র হেতুমাহ "ত্বমি"তি। হে "অমোঘদৃক্! পরমাত্মনঃ কলাম্ অজম্ আত্মানং জগতঃ শিবায়" কল্যাণায় "প্রজাতমবেহি"। "তৎ"তস্মৈ প্রয়োজনায় জগতঃ কল্যাণায় "মহানুভাবাভ্যুদয়ঃ" পরমাত্মনঃ পরাক্রমঃ "অধিগণ্যতাম্" অধিকং নিরূপ্যতাম্॥ ২১॥ হরিকল্যাণশ্রবণেন জগতঃ কল্যাণং ভবতীতি দর্শিতম্। প্রত্যুত তদ্‌বর্ণয়িতুরপি তপ আদি সর্ব্বং সফলং স্যাদিত্যাহ "ইদমিতি।" "অবিচ্যুতঃ" অস্খলিতঃ "অর্থঃ" ফলম্॥ ২২॥

---

* এখানে অংশ অর্থে খণ্ড বা ধনাদির ন্যায় অংশ বলিয়া বুঝিতে হইবে না। যেহেতু ব্রহ্ম নিষ্কল অর্থাৎ কলা, খণ্ড বা ভাগ রহিত। পরন্তু এক চৈতন্যময় পুরুষের শক্তিবিশেষকে লইয়া যেমন দর্শন-শক্তি, গমন-শক্তি, শ্রবণশক্তি ইত্যাদি পৃথক্ পৃথক্ রূপে নির্দ্দেশ করা হয়, এখানেও তেমনই অংশ বুঝিতে হইবে।

অহং পুরাতীতভবেঽভবং মুনে ! দাস্যাশ্চ কস্যাশ্চন বেদবাদিনাম্ ।
নিরূপিতো বালক এব যোগিনাং শুশ্রূষণে প্রাবৃষি নির্ব্বিবিক্ষতাম্ ॥ ২৩ ॥
তে ময্যপেতাখিলচাপলেঽর্ভকে দান্তেঽধৃতক্রীড়নকেঽনুবর্ত্তিনি ।
চক্রুঃ কৃপাং যদ্যপি তুল্যদর্শনাঃ শুশ্রূষমাণে মুনয়োঽল্পভাষিণি ॥ ২৪ ॥
উচ্ছিষ্টলেপাননুমোদিতো দ্বিজৈঃ, সকৃৎ স্ম ভুঞ্জে তদপাস্তকিল্বিষঃ ।
এবং প্রবৃত্তস্য বিশুদ্ধচেতসস্তদ্ধর্ম্ম এবাত্মরুচিঃ প্রজায়তে ॥ ২৫ ॥

অন্বয়

হে মুনে ! অহং পুরা (আমি পূর্ব্ব কল্পে) অতীত ভবে (পূর্ব্ব জন্মে) [বেদবাদী ঋষিগণের] কস্যাশ্চন দাস্যাঃ (কোনও এক দাসীর গর্ভে) অভবম্ (জন্মগ্রহণ করিয়াছিলাম) প্রাবৃষি (বর্ষাকালে চাতুর্ম্মাস্য ব্রতোপলক্ষে) নির্ব্বিবিক্ষতাং (একত্র বাসেচ্ছু) যোগিনাং (যোগিগণের) শুশ্রূষণে (সেবাকার্য্যে) বালক এব নিরূপিতঃ (আমি বালক অবস্থাতেই নিযুক্ত হইয়াছিলাম) ॥ ২৩ ॥

যদ্যপি মুনয়ঃ (যদিও মুনিগণ) তুল্যদর্শনাঃ (সমদর্শী) তথাপি তে (তথাপি তাঁহারা) অপেতাখিলচাপলে (বালকসুলভচাপল্যবর্জ্জিত) দান্তে (সংযতেন্দ্রিয়) অধৃতক্রীড়নকে (খেলিবার সামগ্রী পরিত্যাগকারী) অনুবর্ত্তিনি (আজ্ঞাবহ) শুশ্রূষমাণে (শুশ্রূষাকারী) অল্পভাষিণি (মিতভাষী) অর্ভকে ময়ি (বালক আমাতে) কৃপাং চক্রুঃ (কৃপা করিয়াছিলেন) ॥২৪॥

দ্বিজৈঃ অনুমোদিতঃ (সেই ঋষিগণকর্ত্তৃক অনুজ্ঞাত হইয়া আমি) উচ্ছিষ্টলেপান্ (তাঁহাদের

অনুবাদ

তপশ্চর্য্যা, বেদাধ্যয়ন, যথাবিধি অনুষ্ঠিত যজ্ঞ, সুস্পষ্টরূপে উচ্চারিত মন্ত্র, জ্ঞান ও দানের অমোঘ ফল বলিয়া নিরূপণ করিয়াছেন। ॥ ২২ ॥

হে মুনে ! আমি পূর্ব্বকল্পে পূর্ব্বজন্মে বেদবাদী ঋষিগণের কোনও এক দাসীর গর্ভে জন্মগ্রহণ করিয়াছিলাম। বর্ষাকালে চাতুর্ম্মাস্য ব্রতোপলক্ষে একত্র বাসেচ্ছু যোগিগণের সেবাকার্য্যে আমি বালক অবস্থাতেই নিযুক্ত হইয়াছিলাম ॥ ২৩ ॥

যদিও মুনিগণ সমদর্শী, তথাপি তাঁহারা আমাকে বিশেষ কৃপা করিয়াছিলেন। যেহেতু আমি বালক হইলেও আমাতে বালকসুলভ চাপল্য ছিল না। আমি সর্ব্বদা ইন্দ্রিয়সংযম করিয়া খেলিবার সামগ্রী পর্য্যন্ত পরিত্যাগ করিয়াছিলাম। এবং তাঁহাদের আজ্ঞাবহ হইয়া শুশ্রূষা করিতাম ও আমি মিতভাষী ছিলাম ॥ ২৪ ॥

সেই ঋষিগণ আমাকে অনুমতি দিলে আমি তাঁহাদের ভুক্তাবশিষ্ট অন্ন সকল

টীকা

সৎসঙ্গলব্ধেন হরিকথাশ্রবণাদিনা এব কল্যাণং ভবতীতি স্ববৃত্তান্তেন দর্শয়তি ভগবান্ নারদঃ "অহমি"তি। "পুরা" পূর্ব্বকল্পে "অতীতভবে" পূর্ব্বজন্মনি "দাস্যাঃ" সকাশা"দভবম্"। তদা "নির্ব্বিবিক্ষতাং" নির্বেশং কর্ত্তুমিচ্ছতাং "যোগিনাং" ভক্তিযোগাদিনিষ্ঠানাং মোক্ষধর্ম্মে "আচার্য্যা মোক্ষশাস্ত্রস্য" ইত্যাদিনা প্রসিদ্ধানাং ছান্দোগ্যাদৌ সনৎকুমারকল্পাদৌচ নারদ গুরুত্বেন প্রসিদ্ধানাং স্বশিষ্যং শাপাক্রান্তমুদ্ধর্ত্তুমাগতানাং গৃহস্বামিভি-র্বেদবাদিভি"র্নিরূপিতো" হস্মি ॥২৩।২৪॥ "তৎ" তেন উচ্ছিষ্টলেপাদিনা, "তদ্ধর্ম্মে" ভক্তিযোগাদৌ ॥ ২৫ ॥

তত্রান্বহং কৃষ্ণকথাঃ প্রগায়তামনুগ্রহেণাশৃণবং মনোহরাঃ।
তাঃ শ্রদ্ধয়া মেঽনুসবং বিশৃণ্বতঃ প্রিয়শ্রবস্যঙ্গ! মমাভবদ্রতিঃ॥ ২৬॥
তস্মিংস্তদা লব্ধরুচের্মহামতে! প্রিয়শ্রবস্যস্খলিতা মতির্মম।
যয়াহমেতৎ সদসৎ স্বমায়য়া পশ্যে ময়ি ব্রহ্মণি কল্পিতং পরে॥ ২৭॥

অন্বয়

ভুক্তাবশিষ্ট অন্নসকল) সকৃৎ (একবারমাত্র) ভুঞ্জে স্ম (ভোজন করিয়াছিলাম)। তদপাস্তকিল্বিষঃ (সেই উচ্ছিষ্ট ভোজনের ফলেই আমি নিষ্পাপ হইয়াছিলাম)। এবং প্রবৃত্তস্য (এই প্রকারে উচ্ছিষ্ট ভোজনে প্রবৃত্ত) [অতএব] বিশুদ্ধচেতসঃ (অতএব বিশুদ্ধচিত্ত আমার) তদ্ধর্ম্মে এব (তাঁহাদের আচরিত ভগবদ্ধর্ম্ম ভক্তিযোগাদিতে) আত্মরুচিঃ (নিজ হইতেই প্রবৃত্তি) প্রজায়তে (জন্মিয়াছিল)॥ ২৫॥

অঙ্গ! (হে মুনে!) তত্র (সেই স্থানে) অনুগ্রহেণ (অনুগ্রহ করিয়া) অন্বহং (প্রতিদিন) মনোহরাঃ কৃষ্ণকথাঃ (মনোহর কৃষ্ণলীলা) প্রগায়তাং [সকাশাৎ] (কীর্ত্তনকারী মুনিগণের নিকট হইতে) অশৃণবম্ (আমি সেই কৃষ্ণলীলা শ্রবণ করিতাম)। অনুসবং (এইরূপে ত্রিকাল অর্থাৎ সায়ং, প্রাতঃ ও মধ্যাহ্নে) বিশৃণ্বতঃ মম (বিশেষরূপে কৃষ্ণলীলা শ্রবণ করিয়া আমার) প্রিয়শ্রবসি (উত্তমকীর্ত্তি ভগবানে) রতিঃ অভবৎ (আসক্তি জন্মিয়াছিল)॥ ২৬॥

[ভগবদ্ভক্তিই যে তত্ত্বজ্ঞানের কারণ তাহাই কতিপয় শ্লোকে দেখাইতেছেন] হে মহামতে! তদা (তখন) তস্মিন্ প্রিয়শ্রবসি (সেই প্রিয়কীর্ত্তি ভগবানে) লব্ধরুচেঃ মম (জাতশ্রদ্ধ আমার) মতিঃ (বুদ্ধি) অস্খলিতা (তাঁহাতেই নিশ্চলা হইয়াছিল)। যয়া অহং (যেই স্থিরবুদ্ধির দ্বারা আমি) পরে ব্রহ্মণি (প্রপঞ্চাতীত পরব্রহ্মস্বরূপ) ময়ি (আমাতে) এতৎ সদসৎ (এই স্থূল ও সূক্ষ্ম দেহ) স্বমায়য়া (ভগবচ্ছক্তির দ্বারা) কল্পিতং (রচিত) পশ্যে (দেখিয়াছিলাম)॥ ২৭॥

অনুবাদ

একবারমাত্র ভোজন করিয়াছিলাম। সেই উচ্ছিষ্ট ভোজনের ফলেই আমি নিষ্পাপ হইয়াছিলাম। এই প্রকারে উচ্ছিষ্ট ভোজনে প্রবৃত্ত অতএব বিশুদ্ধচিত্ত আমার, তাঁহাদের আচরিত ভগবদ্ধর্ম্ম ভক্তিযোগাদিতে নিজ হইতেই প্রবৃত্তি জন্মিয়াছিল॥ ২৫॥

হে মুনে! সেই স্থানে অনুগ্রহ করিয়া প্রতিদিন মনোহর কৃষ্ণলীলা কীর্ত্তনকারী মুনিগণের নিকট হইতে আমি সেই কৃষ্ণলীলা শ্রবণ করিতাম। এইরূপে ত্রিকাল অর্থাৎ সায়ং, প্রাতঃ ও মধ্যাহ্নে বিশেষরূপে কৃষ্ণলীলা শ্রবণ করিয়া আমার উত্তমকীর্ত্তি ভগবানে আসক্তি জন্মিয়াছিল॥ ২৬॥

হে মহামতে! তখন প্রিয়কীর্ত্তি ভগবানে জাতশ্রদ্ধ আমার বুদ্ধি তাঁহাতেই নিশ্চলা হইয়াছিল। সেই স্থির বুদ্ধির দ্বারা আমি প্রপঞ্চাতীত পরব্রহ্মস্বরূপ আমাতে এই স্থূল ও সূক্ষ্ম দেহ ভগবচ্ছক্তির দ্বারা রচিত দেখিয়াছিলাম॥ ২৭॥

টীকা

"অনুসবং" ত্রিকালম্। "প্রিয়শ্রবসি" বাসুদেবে॥ ২৬॥ "অস্খলিতা" অবিচলা "মম মতি"র্ভুব। "যয়া" মত্যা "ময়ি" ধ্যাতরি বিস্ফুরমাণে "পরে" ধ্যেয়ে "ব্রহ্মণি" জগৎ কারণে ভগবতি "এতৎ সদসৎ" স্থূলসূক্ষ্মাত্মকং

ইত্থং শরৎপ্রাবৃষিকাবৃতু হরের্ব্বিশৃণ্বতো মেঽনুসবং যশোঽমলম্ ।
সঙ্কীর্ত্ত্যমানং মুনিভির্মহাত্মভির্ভক্তিঃ প্রবৃত্তাত্মরজস্তমোপহা ॥ ২৮ ॥
তস্যৈবং মেঽনুরক্তস্য প্রশ্রিতস্য হতৈনসঃ ।
শ্রদ্দধানস্য বালস্য দান্তস্যানুচরস্য চ ॥ ২৯ ॥
জ্ঞানং গুহ্যতমং যত্তৎ সাক্ষাদ্ ভগবতোদিতম্ ।
অন্ববোচন্ গমিষ্যন্তঃ কৃপয়া দীনবৎসলাঃ ॥ ৩০ ॥
যেনৈবাহং ভগবতো বাসুদেবস্য বেধসঃ ।
মায়ানুভাবমবিদং যেন গচ্ছন্তি তৎপদম্ ॥ ৩১ ॥

অন্বয়

ইত্থং (এই প্রকারে) শরৎপ্রাবৃষিকৌ ঋতূ (শরৎকাল ও বর্ষাকাল ব্যাপিয়া) মহাত্মভিঃ মুনিভিঃ (মহাত্মা মুনিগণকর্ত্তৃক) সঙ্কীর্ত্ত্যমানং (সম্যক্‌রূপে কীর্ত্তিত) হরেঃ অমলং যশঃ (শ্রীহরির নির্ম্মল লীলাগুণ) অনুসবং বিশৃণ্বতঃ (প্রতিদিন ত্রিসন্ধ্যায় শ্রবণ করিয়া) মে (আমার) আত্মরজস্তমোপহা (নিজের রজোগুণ ও তমোগুণ নিবারিকা) ভক্তিঃ প্রবৃত্তা (ভক্তি জন্মিয়াছিল) ॥ ২৮ ॥

এবম্ অনুরক্তস্য (এই প্রকারে তাঁহাদের প্রতি অনুরক্ত) প্রশ্রিতস্য (বিনয়ী) হতৈনসঃ (নিষ্পাপ) শ্রদ্দধানস্য (শ্রদ্ধাশীল) দান্তস্য (সংযতেন্দ্রিয়) অনুচরস্য (অনুগত) বালস্য চ মে (ও বালক আমার প্রতি) দীনবৎসলাঃ (দীনবৎসল হইয়া মুনিগণ) গমিষ্যন্তঃ (স্থানান্তরে যাইবার সময়ে) কৃপয়া (কৃপা করিয়া) সাক্ষাৎ ভগবতা উদিতং (সাক্ষাৎ ভগবদুপদিষ্ট) গুহ্যতমং যৎ জ্ঞানং (অত্যন্ত গোপনীয় যে জ্ঞান) তৎ অন্ববোচন্ (তাহা [আমাকে] উপদেশ করিয়াছিলেন) ॥ ২৯ ॥ ৩০ ॥

যেন এব (যে ভগবত্তত্ত্বজ্ঞানের প্রভাবে) অহং (আমি) বেধসঃ (জগন্নির্ম্মাতা) ভগবতঃ

অনুবাদ

এই প্রকারে শরৎকাল ও বর্ষাকাল ব্যাপিয়া মহাত্মা মুনিগণকর্ত্তৃক সম্যক্‌রূপে কীর্ত্তিত শ্রীহরির অমল লীলাগুণ প্রতিদিন ত্রিসন্ধ্যায় শ্রবণ করিয়া আমার নিজের রজোগুণ ও তমগুণ নিবারিকা ভক্তি জন্মিয়াছিল ॥ ২৮ ॥

এই প্রকারে তাঁহাদের প্রতি অনুরক্ত, বিনয়ী, নিষ্পাপ, শ্রদ্ধাশীল, সংযতেন্দ্রিয়, অনুগত ও বালক আমার প্রতি দীনবৎসল হইয়া মুনিগণ স্থানান্তরে যাইবার সময়ে কৃপা করিয়া সাক্ষাৎ ভগবদুপদিষ্ট অত্যন্ত গোপনীয় যে জ্ঞান, তাহা আমাকে উপদেশ করিয়াছিলেন ॥ ২৯ ॥ ৩০ ॥

যে ভগবত্তত্ত্ব জ্ঞানের প্রভাবে আমি জগন্নির্ম্মাতা ভগবান্ বাসুদেবের নিজ মায়া শক্তির দ্বারা এই জগতের সৃষ্টি স্থিতি বিনাশাদিবিষয়ে নিপুণতা জানিতে পারিয়াছিলাম

টীকা

"স্বময়য়া" স্বকীয়য়া প্রকৃত্যা ভগবচ্ছক্ত্যা "কল্পিতং" নিষ্পাদিতং "পশ্যে" দৃষ্টবানস্মি ॥ ২৭ । ২৮ ॥ "প্রশ্রিতস্য" বিনীতস্য ॥ ২৯ ॥ "যৎ সাক্ষাৎ ভগবতা উদিতং গুহ্যং" পুরাণগুহ্যং সূক্ষ্মং শ্রীভাগবতং তেভ্যো যোগিভ্যঃ উপদিষ্টম্ "জ্ঞানং" তদর্থজ্ঞানং তদেব সম্প্রদায়প্রাপ্তং "অন্ববোচন্" উপদিদিশুঃ ॥ ৩০ ॥ "যেনৈব" অর্থতঃ

এতৎ সংসূচিতং ব্রহ্মংস্তাপত্রয়চিকিৎসিতম্।
যদীশ্বরে ভগবতি কর্ম্ম ব্রহ্মণি ভাবিতম্ ॥ ৩২ ॥
আময়ো যশ্চ ভূতানাং জায়তে যেন সুব্রত।
তদেব হ্যাময়ং দ্রব্যং ন পুনাতি চিকিৎসিতম্ ॥ ৩৩ ॥

অন্বয়

বাসুদেবস্য (ভগবান্ বাসুদেবের) মায়ানুভাবং (নিজ মায়াশক্তির দ্বারা এই জগতের সৃষ্টিস্থিতিনাশাদিবিষয়ে নিপুণতা) অবিদম্ (জানিতে পারিয়াছিলাম)। যেন (এবং যে জ্ঞানের দ্বারা) তৎপদং (সেই পরম পদ) গচ্ছন্তি (সাক্ষাৎকার হইয়া থাকে) ॥ ৩১ ॥

হে ব্রহ্মন্ (হে ব্যাসদেব !) ঈশ্বরে ভগবতি (সর্ব্বনিয়ন্তা, সর্ব্বৈশ্বর্য্যশালী) ব্রহ্মণি (পরমপুরুষ ভগবানে) ভাবিতং (সমর্পিত) যৎ কর্ম্ম (যে কর্ম্ম) এতৎ (ইহাকেই অর্থাৎ সমর্পিত কর্ম্মকেই) তাপত্রয়-চিকিৎসিতং (আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক এই ত্রিবিধ দুঃখের নিবারক বলিয়া) সংসূচিতম্ ([যোগিগণ] নিদ্ধারণ করিয়া থাকেন) ॥ ৩২

সুব্রত ! (হে সাধুব্রতাবলম্বিন্ !) যঃ চ আময়ঃ (যে কফাদিধাতুবিকারজন্য রোগ) যেন ভূতানাং জায়তে (যে গুরুপাক দ্রব্যাদি আহারের ফলে প্রাণিগণের হইয়া থাকে), তদেব দ্রব্যং (সেই রোগোৎ-পাদক দ্রব্যই) আময়ং ন হি পুনাতি (রোগ নিবারণ করিতে সমর্থ হয় না)। কিন্তু চিকিৎসিতং সৎ (কিন্তু দ্রব্যান্তর সংযুক্ত হইয়া) পুনাত্যেব (রোগনিবারক হইয়া থাকে) ॥ ৩৩ ॥

অনুবাদ

এবং যে জ্ঞানের দ্বারা সেই পরমপদ সাক্ষাৎকার হইয়া থাকে। [মুনিগণ আমাকে তাহাই উপদেশ করিয়াছিলেন] ॥ ৩১ ॥

হে ব্যাসদেব! সর্ব্বনিয়ন্তা সর্ব্বৈশ্বর্য্যশালী পরমপুরুষ ভগবানে সমর্পিত যে কর্ম্ম, ইহাকেই অর্থাৎ সমর্পিত কর্ম্মকেই আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক এই ত্রিবিধ দুঃখের নিবারক বলিয়া যোগিগণ নির্দ্ধারণ করিয়া থাকেন ॥ ৩২ ॥

[সংসারের কারণ কর্ম্মসকলের দ্বারা কি করিয়া আধ্যাত্মিকাদি ত্রিবিধ দুঃখের উপশম হইতে পারে ? এই আশঙ্কা নিবারণ করিবার জন্য দৃষ্টান্তের দ্বারা ভগবদর্পিত

টীকা

স্বরূপতশ্চ মুনিভ্যঃ প্রাপ্তেন সূক্ষ্মভাগবতেন "বেধসো" নিখিলবিধাতুঃ "বাসুদেবস্য মায়ানুভাবং" মায়য়া প্রকৃত্যা স্বশক্তিভূতয়া বিশ্বসৃষ্টিনাশাদিকৌশলাত্মকমনুভাবম্ "অবিদম্," জ্ঞাতবানস্মি। এবং দেবর্ষের্ভগবদবতারাণাং শ্রীব্যাসাদীনাম্ অপি উপদেষ্টুরস্য উপদেষ্টৃন্ সনকাদীন্ দেবর্ষিগুরূন্ বেদপ্রসিদ্ধান্ বিহায় প্রাকৃতা যোগিনস্তদুপদেষ্টারো ন কল্পনীয়াঃ। উপস্থিতপরিত্যাগে অনুপস্থিতস্বীকারে চ মানাভাবাৎ ॥ ৩১ ॥ কিঞ্চ "এতদপি সংসূচিতম্" তৈর্যোগিভিরিতি শেষঃ। কিং তৎ, "যদ্ ভগবতি ভাবিতং" সমর্পিতং "কর্ম্ম" তৎ "তাপত্রয়চিকিৎসিতম্," আধ্যাত্মিকাদিদুঃখপ্রতিকারকমিতি ॥ ৩২ ॥ কর্ম্মণৈব সংসারঃ, ভগবতি সমর্পিতং তু কর্ম্ম সংসারনিবর্ত্তকমিতি সদৃষ্টান্তমাহ—দ্বাভ্যাম্। তত্র দৃষ্টান্তমাহ—"আময়" ইতি। "যেন" দ্রব্যেণ "য আময়ো জায়তে। তৎ দ্রব্যং তমাময়ং ন পুনাতি," ন নিবর্ত্তয়তি, "চিকিৎসিতং" দ্রব্যান্তরেণ মিশ্রিতং তু পুনাত্যেব ॥ ৩৩ ॥

এবং নৃণাং ক্রিয়াযোগাঃ সর্ব্বে সংস্থিতিহেতবঃ।
ত এবাত্মবিনাশায় কল্পন্তে কল্পিতাঃ পরে ॥ ৩৪ ॥
যদত্র ক্রিয়তে কর্ম্ম ভগবৎপরিতোষণম্।
জ্ঞানং যত্তদধীনং হি ভক্তিযোগসমন্বিতম্ ॥ ৩৫ ॥

অন্বয়

এবং নৃণাং (এইরূপ মানবগণের) সর্ব্বে ক্রিয়াযোগাঃ (অনুষ্ঠিত কাম্যকর্ম্মসমুদয়) সংস্থিতিহেতবঃ (জন্ম মরণপ্রবাহরূপ সংসারের কারণ হইয়া থাকে) তে এব (আবার সেই কাম্যকর্ম্মসমুদায়ই) পরে কল্পিতাঃ (ঈশ্বরে সমর্পিত হইয়া) আত্মবিনাশায় (অবিদ্যারূপ কর্ম্মপ্রবাহ অর্থাৎ সংসারবন্ধবিনাশের) কল্পন্তে (যোগ্য হইয়া থাকে) ॥ ৩৪ ॥

অত্র (ভগবৎপ্রাপ্তির উপায় সমূহের মধ্যে) যৎ ভগবৎপরিতোষণং কর্ম্ম (ভগবানের প্রীতিজনক যে নিষ্কাম কর্ম্মসমূহ) ক্রিয়তে (করা হয়) যৎ ভক্তিযোগসমন্বিতং জ্ঞানং (ভক্তিযোগযুক্ত ভগবদ্‌বিষয় যে জ্ঞান) [তৎ] তদধীনং হি (তাহা সেই নিষ্কাম কর্ম্মের অধীনই হইয়া থাকে) ॥ ৩৫ ॥

অনুবাদ

কর্ম্মই যে সংসারনিবর্ত্তক হয়,—তাহাই বলিতেছেন],—হে সুব্রত! কফাদি ধাতুবিকার জন্য রোগ, যে গুরুপাক দ্রব্যাদি আহারের ফলে প্রাণিগণের হইয়া থাকে, সেই রোগোৎপাদক দ্রব্যই [কেবল পুনরায় আহার করিলে] রোগ নিবারণ করিতে সমর্থ হয় না। [বরং বৃদ্ধি পাইতেই থাকে]। কিন্তু দ্রব্যান্তর-সংযুক্ত হইয়া (সেবিত হইলে) রোগনিবারক হইয়া থাকে। [তদ্রূপ যে সকল কর্ম্ম সংসাররোগ জন্মাইয়া থাকে, সেই সকল কর্ম্মই ভগবানে অর্পিত হইয়া সংসার রোগের নিবারক হইয়া থাকে] ॥ ৩৩ ॥

এইরূপ মানবগণের অনুষ্ঠিত কাম্যকর্ম্মসমুদয়, জন্মমরণপ্রবাহরূপ সংসারের কারণ হইয়া থাকে। আবার সেই কাম্যকর্ম্মসমুদয়ই ঈশ্বরে সমর্পিত হইয়া অবিদ্যারূপ কর্ম্মপ্রবাহ অর্থাৎ সংসারবন্ধ বিনাশের যোগ্য হইয়া থাকে ॥ ৩৪ ॥

ভগবৎ প্রাপ্তির উপায় সমূহের মধ্যে ভগবানের প্রীতিজনক যে নিষ্কাম কর্ম্মসমূহ করা হয়, ভক্তিযোগযুক্ত ভগবদ্‌বিষয়ক যে জ্ঞান, তাহা সেই নিষ্কাম কর্ম্মের অধীনই

টীকা

তথা কর্ম্মণৈব সংসারঃ, ভগবতি সমর্পিতন্তু কর্ম্ম সংসারং নিবর্ত্তয়ত্যেব ইত্যাহ "এব"মিতি। "পরে" পরমাত্মনি "কল্পিতাঃ" সমর্পিতাঃ "আত্মবিনাশায়" "অবিদ্যাকর্ম্মসংজ্ঞান্যা তৃতীয়া শক্তিরিষ্যতে," ইত্যেবংভূতস্য আত্মনঃ কর্ম্মপ্রবাহস্যাবিদ্যারূপস্য নাশায় হানায় "কল্পন্তে" সমর্থা ভবন্তি ॥ ৩৪ ॥

উপাদেয়ং সাধনচতুষ্কং সংক্ষিপ্য দর্শয়তি—"যদি"তি। "অত্র" সাধনাপেক্ষায়াং "যদ্ ভগবৎপরিতোষণং" ভগবান্ পরিতুষ্যতে যেন তৎ "কর্ম্ম ক্রিয়তে" স্বীক্রিয়তে। ন তু ঐহিকামুষ্মিকভোগসাধনম্। অনেন মর্য্যবৈরাগ্যাত্মকং সাধনদ্বয়মুক্তম্। যৎ "তদধীনং" ভগবদধীনং ভগবদ্‌বিষয়কং "তজ্জ্ঞানং ভক্তিযোগসমন্বিতং" ক্রিয়তে ইতি চ সাধনদ্বয়মুক্তম্ ॥ ৩৫ ॥

কুর্ব্বাণা যত্র কর্ম্মাণি ভগবচ্ছিক্ষয়া সকৃৎ।
গৃণন্তি গুণনামানি কৃষ্ণস্যানুস্মরন্তি চ ॥ ৩৬ ॥
ওঁ নমো ভগবতে তুভ্যং বাসুদেবায় ধীমহি।
প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় নমঃ সঙ্কর্ষণায় চ ॥ ৩৭ ॥
ইতি মূর্ত্ত্যভিধানেন মন্ত্রমূর্ত্তিমমূর্ত্তিকম্।
যজতে যজ্ঞপুরুষং স সম্যগ্‌দর্শনঃ পুমান্ ॥ ৩৮ ॥

অন্বয়

যত্র (যে সময়ে) [শিষ্টাঃ] (শিষ্টগণ) ভগবচ্ছিক্ষয়া (ভগবৎকর্ত্তৃক আদিষ্ট হইয়া) কর্ম্মাণি কুর্ব্বাণাঃ (কর্ম্মসকল করিয়া থাকেন) [তদা] (তখন তাঁহারা) কৃষ্ণস্য গুণনামানি (শ্রীকৃষ্ণের গুণ-প্রকাশক নাম সকল) গৃণন্তি (কীর্ত্তন করিয়া থাকেন), অনুস্মরন্তি চ (এবং ধ্যান করিয়া থাকেন) ॥৩৬

প্রদ্যুম্নায়, বাসুদেবায়, অনিরুদ্ধায়, সঙ্কর্ষণায় ভগবতে তুভ্যং নমঃ (ভগবান্ প্রদ্যুম্ন তোমাকে নমস্কার করি, ভগবান্ বাসুদেব তোমাকে নমস্কার করি, ভগবান্ অনিরুদ্ধ তোমাকে নমস্কার করি, ভগবান্ সঙ্কর্ষণ তোমাকে নমস্কার করি) ধীমহি (এবং ধ্যান করি) ॥ ৩৭ ॥

[যে ব্যক্তি] ইতি মূর্ত্ত্যভিধানেন (এইপ্রকার বাসুদেবাদি নামচতুষ্টয়ের দ্বারা) অমূর্ত্তিকং (প্রাকৃতমূর্ত্তিশূন্য) মন্ত্রমূর্ত্তিং (শব্দময়মূর্ত্তি) যজ্ঞপুরুষং (যজ্ঞেশ্বরের) যজতে (উপাসনা করিয়া থাকেন) সঃ পুমান্ (সেই ব্যক্তিই) সম্যগ্‌দর্শনঃ (প্রকৃতজ্ঞানী) ॥ ৩৮ ॥

অনুবাদ

হইয়া থাকে। [অর্থাৎ ভগবান্ সন্তুষ্ট হইলেই তাঁহার প্রতি ভক্তি জন্মে ও ভক্তি হইলেই জ্ঞান জন্মিয়া থাকে] ॥ ৩৫ ॥

[শিষ্টাচার দেখাইতেছেন] যে সময়ে শিষ্টগণ ভগবৎকর্ত্তৃক আদিষ্ট হইয়া কর্ম্ম সকল করিয়া থাকেন, তখন তাঁহারা শ্রীকৃষ্ণের গুণপ্রকাশক নাম সকল কীর্ত্তন করিয়া থাকেন এবং ধ্যান করিয়া থাকেন ॥ ৩৬ ॥

ভগবান্ প্রদ্যুম্ন তোমাকে নমস্কার করি। ভগবান্ বাসুদেব তোমাকে নমস্কার করি। ভগবান্ অনিরুদ্ধ তোমাকে নমস্কার করি। ভগবান্ সঙ্কর্ষণ তোমাকে নমস্কার করি, এবং ধ্যান করি ॥ ৩৭ ॥

যে ব্যক্তি এইপ্রকার বাসুদেবাদি নামচতুষ্টয়ের দ্বারা প্রাকৃতমূর্ত্তিশূন্য শব্দময়মূর্ত্তি যজ্ঞেশ্বরের উপাসনা করিয়া থাকেন সেই ব্যক্তিই প্রকৃত জ্ঞানী ॥ ৩৮ ॥

টীকা

এতদেব শিষ্টাচারকথনেন দর্শয়তি "কুর্ব্বাণা" ইতি। "যত্র" যস্মিন্ কালে শাস্ত্রপ্রসিদ্ধাঃ শিষ্টাঃ "যৎ করোষি যদশ্নাসি যজ্‌জুহোসি দদাসি যৎ। যত্তপস্যসি কৌন্তেয়! তৎকুরুষ্ব মদর্পণমিতি" "ভগবচ্ছিক্ষয়া" কর্ম্মাণি কুর্ব্বাণাঃ কৃষ্ণস্য গুণনামানি গৃণন্তি" গায়ন্তি, কৃষ্ণম্ "অনুস্মরন্তি," ধ্যানে তৎসাক্ষাৎকারং কুর্ব্বন্তি ॥৩৬॥

নতিপূর্ব্বকং মুখ্যং ভগবৎপ্রাপ্ত্যুপায়ং ধ্যানং যজনঞ্চ দর্শনঞ্চ উত্তমাধিকারিণং স্তৌতি—দ্বাভ্যাম্। "বাসুদেবায় ভগবতে নমঃ, প্রদ্যুম্নায় অনিরুদ্ধায় সংকর্ষণায় চ নমঃ"। ভগবন্! "তুভ্যং" ত্বদর্থং ত্বাং "ধীমহি" ধ্যায়েম ॥ ৩৭ ॥ "ইতী"তি। ইত্থং "মূর্ত্ত্যভিধানেন অমূর্ত্তিকং" প্রাকৃতমূর্ত্তিশূন্যং "মন্ত্রমূর্ত্তিকং" মন্ত্রঃ

ইমং স্বনিগমং ব্রহ্মন্নবেত্য মদনুষ্ঠিতম্।
অদান্মে জ্ঞানমৈশ্বর্য্যং স্বস্মিন্ ভাবঞ্চ কেশবঃ ॥ ৩৯ ॥
ত্বমপ্যদভ্রশ্রুত বিশ্রুতং বিভোঃ সমাপ্যতে যেন বিদাং বুভুৎসিতম্।
প্রখ্যাহি দুঃখৈর্ম্মুহুরর্দ্দিতাত্মনাং সংক্লেশনির্ব্বাণমুশন্তি নান্যথা ॥ ৪০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
প্রথমস্কন্ধে ব্যাসনারদসংবাদে পঞ্চমোঽধ্যায়ঃ ॥ ৫ ॥

অন্বয়

হে ব্রহ্মন্ (হে ব্যাসদেব !) কেশবঃ (ব্রহ্মা ও মহেশ্বর জনক শ্রীহরি) ইমং স্বনিগমং (উক্তপ্রকার ভগবৎসম্বন্ধীয় উপদেশ) মদনুষ্ঠিতং (আমাকর্ত্তৃক অনুষ্ঠিত) অবেত্য (জানিয়া) মে (আমাকে) জ্ঞানম্ ঐশ্বর্যং (জ্ঞান ও অপ্রাকৃতদেহরূপ ঐশ্বর্য্য) স্বস্মিন্ ভাবং চ (এবং তাঁহাতে অর্থাৎ ভগবানে ভক্তি) অদাৎ (প্রদান করিয়াছেন) ॥ ৩৯ ॥

অদভ্রশ্রুত ! (হে বিপুলকীর্ত্তে ব্যাসদেব !) ত্বম্ অপি (আপনিও) বিভোঃ (ভগবানের) বিশ্রুতং (যশঃ) প্রখ্যাহি (কীর্ত্তন করুন)। যেন (যে যশঃ কীর্ত্তনের ফলে) বিদাং বুভুৎসিতং (জ্ঞানি—গণের জ্ঞাতব্য) সমাপ্যতে (সমাপ্ত হইবে)। দুঃখৈঃ (আধ্যাত্মিকাদিদুঃখত্রয়ের দ্বারা) মুহুঃ (পুনঃ পুনঃ) অর্দ্দিতাত্মনাং (পীড়িত মানবগণের) সংক্লেশনির্ব্বাণং (দুঃখের শান্তি) অন্যথা ন উশন্তি (অন্য প্রকারে আর হইতে পারে না, ইহা পণ্ডিতগণ বলিয়া থাকেন) ॥ ৪০ ॥

অনুবাদ

হে ব্যাসদেব ! ব্রহ্মা ও মহেশ্বর-জনক শ্রীহরি, উক্তপ্রকার ভগবৎসম্বন্ধীয় উপদেশ আমি অনুষ্ঠান করিতেছি জানিয়া আমাকে জ্ঞান, অপ্রাকৃত দেহরূপ, ঐশ্বর্য্য এবং তাঁহাতে অর্থাৎ ভগবানে ভক্তি প্রদান করিয়াছেন ॥ ৩৯ ॥

হে বিপুলকীর্ত্তে ব্যাসদেব ! আপনিও ভগবানের যশঃ [ভাগবত গ্রন্থপ্রণয়ন-দ্বারা] কীর্ত্তন করুন, যে যশকীর্ত্তনের ফলে জ্ঞানিগণের জ্ঞাতব্য সমাপ্ত হইবে। আধ্যাত্মিকাদি দুঃখত্রয়ের দ্বারা পুনঃ পুনঃ পীড়িত মানবগণের দুঃখের শান্তি [ভগবানের গুণবর্ণন ব্যতীত] অন্য প্রকারে আর হইতে পারে না, ইহা পণ্ডিতগণ বলিয়া থাকেন ॥ ৪০ ॥

পঞ্চম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ৫ ॥

টীকা

বাচ্যবাচকয়োরভেদাৎ বাসুদেবাদিনামমন্ত্রবাচ্যা মূর্ত্তির্যস্য স, মন্ত্রমূর্ত্তিকঃ অপ্রাকৃতমূর্ত্তিঃ, তং "যজ্ঞপুরুষং" যো "যজতে স সম্যগ্‌দর্শনঃ" ॥ ৩৮ ॥ এবং নতিপূর্ব্বকধ্যানযজনপরাণাং ভগবতো দর্শনং ভক্তিশ্চ প্রাকৃতদেহ-বিয়োগপূর্ব্বকাপ্রাকৃতদেহপ্রাপ্তিশ্চ ভবতীতি স্ববৃত্তান্তকথনেন সূচয়তি—হে "ব্রহ্মন্ ! স্বনিগমং" স্বোপদেশং "ময়া অনুষ্ঠিতম্ অবেত্য" অবধার্য্য "কেশবঃ" ব্রহ্মশিবজনকঃ, "জ্ঞানং স্বস্মিন্ ভাবং" ভক্তিম্ "ঐশ্বর্য্যম্" অপ্রাকৃতদেহাদিকম্ অগ্রিমাধ্যায়ে বক্ষ্যমাণম্ "অদাৎ" ॥ ৩৯ ॥ হে "অদভ্রশ্রুত" ! হে বিপুলকীর্ত্তে ! "ত্বমপি বিভোঃ বিশ্রুতং" যশঃ "প্রখ্যাহি" শ্রীভাগবতনিবন্ধেন কথয়। "যেন" বিশ্রুতপ্রবন্ধেন "বিদাং বুভুৎসিতং" বোদ্ধুমিচ্ছা "সমাপ্যতে"। যদ্ যতঃ "অন্যথা দুঃখৈর্মুহুরর্দ্দিতাত্মনাং ক্লেশনির্ব্বাণং ন উশন্তি" ন মন্যন্তে ॥ ৪০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতসিদ্ধান্তপ্রদীপে প্রথমস্কন্ধে পঞ্চমাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ৫ ॥

ষষ্ঠোঽধ্যায়ঃ

সূত উবাচ

এবং নিশম্য ভগবান্ দেবর্ষের্জন্ম কর্ম্ম চ।
ভূয়ঃ পপ্রচ্ছ তং ব্রহ্মন্! ব্যাসঃ সত্যবতীসুতঃ ॥ ১ ॥

শ্রীব্যাস উবাচ

ভিক্ষুভির্ব্বিপ্রবসিতে বিজ্ঞানাদেষ্টৃভিস্তব।
বর্ত্তমানো বয়স্যাদ্যে ততঃ কিমকরোদ্ভবান্ ॥ ২ ॥
স্বায়ম্ভুব! কয়া বৃত্ত্যা বর্ত্তিতং তে পরং বয়ঃ।
কথং বেদমুদস্রাক্ষীঃ কালে প্রাপ্তে কলেবরম্ ॥ ৩ ॥

অন্বয়

সূতঃ উবাচ (সূত বলিলেন)—ব্রহ্মন্! (হে শৌনক!) সত্যবতীসুতঃ ভগবান্ ব্যাসঃ (সত্যবতী পুত্র ভগবান্ ব্যাসদেব) এবং (এই প্রকারে) দেবর্ষেঃ (দেবর্ষি নারদের) জন্ম কর্ম্ম চ (জন্মবৃত্তান্ত ও কর্ম্মবৃত্তান্ত) নিশম্য (শ্রবণ করিয়া) ভূয়ঃ (পুনর্ব্বার) তং (সেই নারদকে) পপ্রচ্ছ (জিজ্ঞাসা করিলেন)॥ ১ ॥

শ্রীব্যাসঃ উবাচ (শ্রীব্যাসদেব বলিলেন)— তব (আপনার) বিজ্ঞানাদেষ্টৃভিঃ (বিজ্ঞানোপদেষ্টা) ভিক্ষুভিঃ (পরিব্রাজক ঋষিগণ) বিপ্রবসিতে (চাতুর্ম্মাস্য ব্রত সমাপনান্তে অন্যত্র চলিয়া গেলে) ভবান্ (আপনি) আদ্যে বয়সি বর্ত্তমানঃ (বাল্যকালে) কিম্ অকরোৎ (কি কি কার্য্য করিয়াছিলেন)॥২॥

স্বায়ম্ভুব! (হে ব্রহ্মপুত্র নারদ!) তে পরং বয়ঃ (আপনার পরবর্ত্তী জীবন) কয়া বৃত্ত্যা বা (কোন্ কোন্ বৃত্তি অবলম্বন করিয়া) বর্ত্তিতং (অতিবাহিত হইয়াছিল) কালে প্রাপ্তে (এবং কাল পূর্ণ হইলে) ইদং কলেবরং (দাসীগর্ভজাত এই শরীর) কথম্ উদস্রাক্ষীঃ (আপনি কি প্রকারে ত্যাগ করিয়াছিলেন)॥ ৩॥

অনুবাদ

সূত বলিলেন—হে শৌনক! সত্যবতীপুত্র ভগবান্ ব্যাসদেব এই প্রকারে দেবর্ষি নারদের জন্মবৃত্তান্ত ও কর্ম্মবৃত্তান্ত শ্রবণ করিয়া পুনর্ব্বার সেই নারদকে জিজ্ঞাসা করিলেন ॥ ১ ॥

শ্রীব্যাসদেব বলিলেন—আপনার বিজ্ঞানোপদেষ্টা পরিব্রাজক ঋষিগণ চাতুর্ম্মাস্য ব্রত সমাপনান্তে অন্যত্র চলিয়া গেলে আপনি বাল্যকালে কি কি কার্য্য করিয়াছিলেন? ॥ ২ ॥

হে ব্রহ্মপুত্র নারদ! আপনার পরবর্ত্তী জীবন কোন্ কোন্ বৃত্তি অবলম্বন করিয়া অতিবাহিত হইয়াছিল, এবং কাল পূর্ণ হইলে [অর্থাৎ মৃত্যু সময় উপস্থিত হইলে] দাসীগর্ভজাত এই শরীর আপনি কি প্রকারে ত্যাগ করিয়াছিলেন? ॥ ৩ ॥

টীকা

০॥ ১ ॥ "বিপ্রবসিতে" চাতুর্ম্মাস্যান্তে অন্যত্র গমনে কৃতে ॥ ২ ॥ "পরং বয়ঃ" গুরুবিয়োগোত্তরবর্ত্তি

প্রাক্‌কল্পবিষয়ামেতাং স্মৃতিং তে মুনিসত্তম।
ন হ্যেষ ব্যবধাৎ কাল এষ সর্ব্বনিরাকৃতিঃ ॥ ৪ ॥

শ্রীনারদ উবাচ

ভিক্ষুভির্ব্বিপ্রবসিতে বিজ্ঞানাদেষ্টৃভির্ম্মম।
বর্ত্তমানো বয়স্যাদ্যে তত এতদকারষম্ ॥ ৫ ॥
একাত্মজা মে জননী যোষিন্মূঢ়া চ কিঙ্করী।
ময্যাত্মজেঽনন্যগতৌ চক্রে স্নেহানুবন্ধনম্ ॥ ৬ ॥

অন্বয়

মুনিসত্তম! (হে সর্ব্বমুনিশ্রেষ্ঠ নারদ!) প্রাক্‌কল্পবিষয়াং (পূর্ব্বকল্পসম্বন্ধীয়) তে এতাং স্মৃতিং (আপনার এই প্রকার স্মরণশক্তি) এষঃ কালঃ (এই কাল) [কথং] ন ব্যবধাৎ (কেন ব্যবধান অর্থাৎ তিরোহিত করিতে পারে নাই); হি (যেহেতু) এষঃ (এই কাল) সর্ব্বনিরাকৃতিঃ (সকল বস্তুরই লয় করিয়া থাকে) ॥ ৪ ॥

শ্রীনারদঃ উবাচ (শ্রীনারদ বলিলেন) মম বিজ্ঞানাদেষ্টৃভিঃ (আমার বিজ্ঞানোপদেষ্টা) ভিক্ষুভিঃ (পরিব্রাজক মুনিগণ) বিপ্রবসিতে (অন্যত্র চলিয়া গেলে) আদ্যে বয়সি বর্ত্তমানঃ [অহং] (বাল্যাবস্থায় অবস্থান করিয়া আমি) ততঃ (তাহার পর) এতৎ অকারষম্ (এই প্রকার করিয়াছিলাম) ॥ ৫ ॥

একাত্মজা (আমিই যাঁহার একমাত্র পুত্র) মে জননী (সেই আমার জননী) যোষিৎ (অবলা স্ত্রী জাতি) [অতএব] মূঢ়া (অতএব বিবেকজ্ঞানশূন্যা) কিঙ্করী চ (ও দাসী), অনন্যগতৌ আত্মজে ময়ি (আমা-ভিন্ন তাঁহার অন্য গতি নাই বলিয়া পুত্র আমাতে) স্নেহানুবন্ধনং চক্রে (অধিক স্নেহ বন্ধন করিয়াছিলেন) ॥ ৬ ॥

অনুবাদ

হে সর্ব্বমুনিশ্রেষ্ঠ নারদ! পূর্ব্বকল্পসম্বন্ধীয় আপনার এই প্রকার [পূর্ব্বজন্মবৃত্তান্ত-কথনরূপ] স্মরণশক্তি এই কাল কেন তিরোহিত করিতে পারে নাই? যেহেতু এই কাল সকল বস্তুরই লয় করিয়া থাকে। [অর্থাৎ আপনার পূর্ব্বজন্মবৃত্তান্ত এজন্মে কি করিয়া স্মরণ রহিল? কালক্রমে সকলই লোপ পায়, অতএব এই স্মরণ-শক্তির কেন লোপ হইল না?] ॥ ৪ ॥

শ্রীনারদ বলিলেন—আমার বিজ্ঞানোপদেষ্টা পরিব্রাজক মুনিগণ [চাতুর্ম্মাস্য ব্রত শেষ করিয়া] অন্যত্র চলিয়া গেলে, বাল্যাবস্থায় অবস্থান করিয়া আমি তাহার পর এই প্রকার [বক্ষ্যমাণ কার্য্য] করিয়াছিলাম ॥ ৫ ॥

আমিই যাঁহার একমাত্র পুত্র, সেই আমার জননী অবলা স্ত্রীজাতি, অতএব বিবেক-জ্ঞানশূন্যা ও দাসী; আমাভিন্ন তাঁহার অন্য গতি নাই বলিয়া একমাত্র পুত্র আমাতে অধিক স্নেহবন্ধন করিয়াছিলেন ॥ ৬ ॥

টীকা

বয়ঃ। "উদস্রাক্ষীঃ" উৎসৃষ্টবানসি ॥ ৩ ॥ "ন ব্যবধাৎ" ন তিরোহিতবান্ অড়ভাবঃ আর্ষঃ ॥ ৪ ॥ "অকারষম্"

সাঽস্বতন্ত্রা ন কল্পাসীদ্ যোগক্ষেমং মমেচ্ছতী।
ঈশস্য হি বশে লোকো যোষা দারুময়ী যথা ॥ ৭ ॥
অহঞ্চ তদ্‌ব্রহ্মকুল ঊষিবাংস্তদপেক্ষয়া।
দিগ্‌দেশকালাব্যুৎপন্নো বালকঃ পঞ্চহায়নঃ ॥ ৮ ॥
একদা নির্গতাং গেহাদ্ দুহন্তীং নিশি গাং পথি।
সর্পোঽদশৎ পদাস্পৃষ্টঃ কৃপণাং কালচোদিতঃ ॥ ৯ ॥

অন্বয়

অস্বতন্ত্রা সা (পরাধীনা সেই আমার মা) মম যোগক্ষেমং (আমার ভরণ পোষণ) ইচ্ছতী (ইচ্ছা করিয়াও) ন কল্পা আসীৎ ([তাহাতে] সমর্থা ছিলেন না) ; [যেহেতু] দারুময়ী (কাষ্ঠনির্ম্মিতা) যোষা যথা (প্রতিমার ন্যায়) লোকঃ (লোকসকল) ঈশস্য হি বশে (ঈশ্বরেরই অধীনে অবস্থান করিতেছে) ॥ ৭ ॥

পঞ্চহায়নঃ (পঞ্চমবর্ষ বয়স্ক) দিগ্‌দেশকালাব্যুৎপন্নঃ ([অতএব] দিক্, দেশ ও কাল বিষয়ে সম্পূর্ণ অনভিজ্ঞ) বালকঃ অহং চ (বালক আমিও) তদপেক্ষয়া (জননীর স্নেহপাশ হইতে মুক্তিলাভের প্রতীক্ষায়) তদ্‌ব্রহ্মকুলে (সেই ব্রাহ্মণের গৃহে) ঊষিবান্ (বাস করিতেছিলাম) ॥ ৮ ॥

একদা (কোনও একদিন) নিশি (রাত্রিকালে) গাং দুহন্তীং (গোদোহনের জন্য) গেহাৎ নির্গতাং (গৃহ হইতে বহির্গতা) কৃপণাং (দুঃখিনী আমার জননীকে) কালচোদিতঃ সর্পঃ (কালপ্রেরিত সর্প) পথি পদাস্পৃষ্টঃ (পথিমধ্যে পদাহত হইয়া) অদশৎ (দংশন করিয়াছিল) ॥ ৯ ॥

অনুবাদ

পরাধীনা সেই আমার মা আমার ভরণপোষণ ইচ্ছা করিয়াও তাহাতে সমর্থা ছিলেন না। যেহেতু কাষ্ঠনির্ম্মিতা প্রতিমার ন্যায় লোকসকল ঈশ্বরেরই অধীনে অবস্থান করিতেছে। [অর্থাৎ কাষ্ঠনির্ম্মিতা প্রতিমা যেমন মানুষের অধীনে থাকিয়া মানবগণকর্ত্তৃকই চালিত হইয়া থাকে, সেইরূপ লোক সকলও ঈশ্বরের অধীন থাকিয়া ঈশ্বরকর্ত্তৃকই চালিত হইয়া থাকে। অতএব মায়ের পরাধীনতাও ঈশ্বরেচ্ছানুসারেই, তাহাতে অন্যের হাত ছিল না] ॥ ৭ ॥

তখন আমি মাত্র পাঁচ বৎসরের বালক। দিক্, দেশ ও কাল-বিষয়ে আমি সম্পূর্ণ অনভিজ্ঞ। এমতাবস্থায় আমিও কেবল জননীর স্নেহপাশ হইতে মুক্তিলাভের প্রতীক্ষায় সেই ব্রাহ্মণের গৃহে বাস করিতেছিলাম ॥ ৮ ॥

কোনও একদিন রাত্রিকালে গোদোহনের জন্য গৃহ হইতে বহির্গতা দুঃখিনী আমার জননীকে কালপ্রেরিত সর্প, পথিমধ্যে পদাহত হইয়া দংশন করিয়াছিল [অর্থাৎ তাহাতে তাঁহার মৃত্যু হইয়াছিল] ॥ ৯ ॥

টীকা

কৃতবানহম্ ॥ ৫ । ৬ । ৭ ॥ "ঊষিবান্" বাসং কৃতবান্ ॥ ৮ ॥ "গাং দুহন্তীং," হেতৌ শতা। "গেহাৎ নিশি গাং" দোগ্ধুং "নির্গতাম্"। "পদাস্পৃষ্টঃ" পাদেন আস্পৃষ্টঃ ॥ ৯ ॥ "শং" সুখং "অভীপ্সতঃ" কাময়মানস্য

তদা তদহমীশস্য ভক্তানাং শমভীপ্সতঃ।
অনুগ্রহং মন্যমানঃ প্রাতিষ্ঠং দিশমুত্তরাম্ ॥ ১০ ॥
স্ফীতান্ জনপদাংস্তত্র পুরগ্রামব্রজাকরান্।
খেটখর্ব্বটবাটীশ্চ বনান্যুপবনানি চ ॥ ১১ ॥
চিত্রধাতুবিচিত্রাদ্রীনিভভগ্নভুজদ্রুমান্।
জলাশয়াঞ্ছিবজলান্ নলিনীঃ সুরসেবিতাঃ ॥ ১২ ॥
চিত্রস্বনৈঃ পত্ররথৈর্ব্বিভ্রমদ্ভ্রমরশ্রিয়ঃ।
নলবেণুশরস্তম্বকুশকীচকগহ্বরম্ ॥ ১৩ ॥

অন্বয়

তদা (তখন) অহং (আমি) তৎ (সেই মাতৃবিয়োগকে) ভক্তানাং (ভক্তগণের) শম্ (কল্যাণ) অভীপ্সতঃ (কামনাকারী) ঈশস্য (ভগবানের) অনুগ্রহং মন্যমানঃ (পরম অনুগ্রহ মনে করিয়া) উত্তরাং দিশং (উত্তর দিকে) প্রাতিষ্ঠম্ (প্রস্থান করিলাম) ॥ ১০ ॥

তত্র (সেখানে) এক এব অহং (একাকীই আমি) স্ফীতান্ (সমৃদ্ধ) জনপদান্ (দেশসমূহ) পুরগ্রামব্রজাকরান্ (নগর, গ্রাম, গোপনিবাসস্থান, রত্নসমূহের উৎপত্তিস্থান) খেটখর্ব্বটবাটীঃ চ (কর্ষকগণের বাসস্থান, নিষাদগণের নিবাসস্থান, পুষ্পবাটিকা) বনানি (অরণ্য সকল) উপবনানি চ (কৃত্রিম অরণ্য সকল এবং) চিত্রধাতুবিচিত্রাদ্রীন্ (নানাবিধ ধাতুময় আশ্চর্য্যজনক পর্ব্বত সকল) ইভভগ্নভুজদ্রুমান্ (গজকর্ত্তৃক ভগ্নশাখ বৃক্ষ সকল) শিবজলান্ জলাশয়ান্ (নির্ম্মল জলযুক্ত জলাশয় সকল) চিত্রস্বনৈঃ পত্ররথৈঃ (সুমধুর শব্দকারী পক্ষিগণের দ্বারা) বিভ্রমদ্ভ্রমরশ্রিয়ঃ (পরিভ্রমণকারী ভ্রমরগণের শোভা ধারণ করিয়াছে এমন) সুরসেবিতাঃ নলিনীঃ (সুরসেবিত সরোবর সকল) অতিযাতঃ (অতিক্রম করিয়া)

অনুবাদ

তখন আমি সেই মাতৃবিয়োগকে, ভক্তগণের কল্যাণ-কামনাকারী শ্রীভগবানের পরম অনুগ্রহ মনে করিয়া উত্তর দিকে প্রস্থান করিলাম। [অর্থাৎ ভগবদিচ্ছাতেই আমার বৈরাগ্য-পথের কণ্টক আমার মায়ের মৃত্যু হইল, এবং আমি অবাধে উত্তরদিকে গমন করিলাম] ॥ ১০ ॥

সেখানে (উত্তরদিকে গমন করিতে করিতে) একাকীই আমি সমৃদ্ধ দেশসমূহ, নগর, গ্রাম, গোপনিবাসস্থান, রত্নসমূহের উৎপত্তি স্থান অর্থাৎ খণি, কর্ষকগণের বাসস্থান, নিষাদগণের

টীকা

তন্মাতৃমরণং "অহমনুগ্রহং মন্যমানঃ প্রাতিষ্ঠম্" ॥১০॥ "স্ফীতান্" সমৃদ্ধান্ "জনপদান্" দেশান্। "তত্র" তেষু জনপদেষু "পুরগ্রামব্রজাকরান্" পুরাণি পট্টণানি, গ্রামান্ হট্টশূন্যান্ বিপ্রাদিনিবাসান্, ব্রজান্ গোপনিবসান্ আকরান্ রত্নাস্থালয়ান্, "খেটান্" কর্ষকনিবাসান্,"খর্ব্বটান্" নিষাদাদিনিবাসান্, "বাটীঃ" পুষ্পাঢ্যাঃ, "বনানি অরণ্যরূপাণি, "উপবনানি" কৃত্রিমাণি বৃক্ষস্থানানি ॥ ১১ ॥ "নলিনীঃ" সরসীঃ ॥ ১২ ॥ কথম্ভূতাঃ নলিনীঃ ? "পত্ররথৈঃ" পক্ষিভিরূপলক্ষিতাঃ বিভ্রমদ্ভির্ভ্রমরৈঃ শ্রীঃ শোভা যাসাং তাঃ। স্ফীতান্ জনপদাদীন্ নলিন্যন্তান্ ভাবান্ "অতিযাতঃ সন্ বিপিনম্ অদ্রাক্ষমি"ত্যনেনান্বয়ঃ। কথংভূতং বিপিনম্ ? নলাদিভির্গহ্বরং দুর্গমং, তত্র বিপুলান্তরালগর্ভঃ বেণুভেদঃ কীচকঃ ॥ ১৩ ॥

এক এবাতিযাতোঽহমদ্রাক্ষং বিপিনং মহৎ।
ঘোরং প্রতিভয়াকারং ব্যালোলূকশিবাজিরম্ ॥ ১৪ ॥
পরিশ্রান্তেন্দ্রিয়াত্মাহং তৃট্‌পরীতো বুভুক্ষিতঃ।
স্নাত্বা পীত্বা হ্রদে নদ্যা উপস্পৃষ্টো গতশ্রমঃ ॥ ১৫ ॥
তস্মিন্ নির্ম্মনুজেঽরণ্যে পিপ্পলোপস্থ আশ্রিতঃ।
আত্মনাত্মস্থমাত্মানং যথাশ্রুতমচিন্তয়ম্ ॥ ১৬ ॥

অন্বয়

নলবেণুশরস্তম্বকুশকীচকগহ্বরং (নল, বেণু, শর, গুল্ম, কুশ, ও বংশদ্বারা দুর্গম) ঘোরং প্রতিভয়াকারং (অত্যন্ত ভয়ঙ্কর) ব্যালোলূকশিবাজিরং (সর্প, পেচক ও শৃগালগণের বিহারস্থান) মহৎ বিপিনম্ (বিশাল অরণ্য) অদ্রাক্ষম্ (দেখিয়াছিলাম) ॥ ১১—১৪ ॥

পরিশ্রান্তেন্দ্রিয়াত্মা (দেহ ও ইন্দ্রিয় সকল পথশ্রমে নিতান্ত ক্লান্ত) তৃট্‌পরীতঃ (তৃষ্ণাতুর) অহং (আমি) বুভুক্ষিতঃ (ক্ষুধার্ত্ত হইয়া) নদ্যাঃ হ্রদে (সেই মহারণ্যস্থিত নদীগহ্বরে) উপস্পৃষ্টঃ (আচমন করিয়া) স্নাত্বা পীত্বা (স্নান ও জলপান করিয়া) গতশ্রমঃ (ক্লান্তিশূন্য হইয়াছিলাম) ॥১৫ ॥

তস্মিন্ নির্ম্মনুজে অরণ্যে (সেই জনশূন্য অরণ্যমধ্যে) পিপ্পলোপস্থে (অশ্বত্থবৃক্ষের মূলদেশে) আশ্রিতঃ (অবস্থান করতঃ) [আমি] আত্মস্থং (জীবদেহে অবস্থিত) আত্মানম্ (পরমাত্মাকে) যথাশ্রুতং (গুরুর উপদেশানুসারে) আত্মনা (মনে মনে) অচিন্তয়ম্ (চিন্তা করিয়াছিলাম) ১৬ ॥

অনুবাদ

নিবাসস্থান, পুষ্পবাটিকা, বন, উপবন, এবং নানাবিধ ধাতুময় আশ্চর্য্যজনক পর্ব্বত সকল, গজকর্ত্তৃক ভগ্নশাখ বৃক্ষসকল, নির্ম্মল জলযুক্ত জলাশয় সকল, সুমধুর শব্দকারী পক্ষিগণের দ্বারা পরিভ্রমণকারী ভ্রমরগণের শোভা ধারণ করিয়াছে এমন সুরসেবিত সরোবর সকল অতিক্রম করিয়া নল, বেণু, শর, গুল্ম, কুশ ও বংশদ্বারা দুর্গম, অত্যন্ত ভয়ঙ্কর সর্প, পেচক ও শৃগালগণের বিহারস্থান, বিশাল অরণ্য দেখিয়াছিলাম ॥ ১১-১৪ ॥

দেহ ও ইন্দ্রিয়সকল পথশ্রমে নিতান্ত ক্লান্ত, এবং তৃষ্ণাতুর আমি ক্ষুধার্ত্ত হইয়া সেই মহারণ্যস্থিত নদীগহ্বরে আচমন করিয়া এবং স্নান ও জলপান করিয়া ক্লান্তিশূন্য হইয়াছিলাম ॥ ১৫ ॥

সেই জনশূন্য অরণ্যমধ্যে অশ্বত্থবৃক্ষের মূলদেশে অবস্থানকরতঃ আমি জীবদেহে অবস্থিত পরমাত্মাকে গুরুর উপদেশানুসারে মনে মনে চিন্তা করিয়াছিলাম ॥ ১৬ ॥

টীকা

"প্রতিভয়াকারং" ভয়ঙ্কররূপম্। "ব্যালাদীনাম্ অজিরং" ক্রীড়াস্থানম্। ব্যালো দুষ্টগজঃ, সর্পো বা "ব্যালো দুষ্টগজে সর্পে" ইতি মেদিনীকরকোষাৎ ॥ ১৪ ॥ "নদ্যাঃ"তদ্‌বিপিনগতায়াঃ ॥ ১৫ ॥ "আত্মানং," পরমাত্মানং, আত্মনি হৃদি, "আত্মনা" চেতসা "অচিন্তয়ম্" ধ্যাতবান্ ॥ ১৬ ॥ "ভাবেন" হরিভক্তিযোগেন

ধ্যায়তশ্চরণাম্ভোজং ভাবনির্জ্জিতচেতসা।
ঔৎকণ্ঠ্যাশ্রুকলাক্ষস্য হৃদ্যাসীন্মে শনৈর্হরিঃ ॥ ১৭ ॥
প্রেমাতিভরনির্ভিন্ন-পুলকাঙ্গোঽতিনির্ব্বৃতঃ।
আনন্দসংপ্লবে লীনো নাপশ্যমুভয়ং মুনে ॥ ১৮ ॥
রূপং ভগবতো যত্তন্মনঃকান্তং শুচাপহম্।
অপশ্যন্ সহসোত্তস্থে বৈক্লব্যাদ্ দুর্ম্মনা ইব ॥ ১৯ ॥

অন্বয়

ভাবনির্জ্জিতচেতসা (হরিভক্তিযোগে আমার চিত্ত শ্রীহরিতেই বশাভূত হইয়াছিল, সেই চিত্তের দ্বারা) চরণাম্ভোজং ধ্যায়তঃ (শ্রীহরির চরণ কমল ধ্যান করিতে করিতে) ঔৎকণ্ঠাশ্রুকলাক্ষস্য (উৎকণ্ঠাবশতঃ বিগলিত নয়নজল) মে (আমার) হৃদি (হৃদয়ে) হরিঃ (শ্রীহরি) শনৈঃ আসীৎ (ধীরে ধীরে আবির্ভূত হইয়াছিলেন) ॥১৭॥

মুনে! (হে ঋষে!) প্রেমাতিভরনির্ভিন্নপুলকাঙ্গঃ (প্রেমের আধিক্যবশতঃ রোমাঞ্চিত শরীর) অতিনির্ব্বৃতঃ (অত্যন্ত সুখসম্পন্ন আমি) আনন্দসংপ্লবে লীনঃ (আনন্দসাগরে নিমগ্ন হইয়া) উভয়ং (উপাস্য ও উপাসক) ন অপশ্যম্ (দেখিতে পাইলাম না) ॥ ১৮ ॥

ভগবতঃ (ভগবান্ শ্রীহরির) যৎ মনঃকান্তং (যে মনোরম) শুচাপহং (শোকবিনাশক) রূপং (মূর্ত্তি) [আমি দেখিতে পাইয়াছিলাম], সহসা তৎ অপশ্যন্ (সহসা তাহা না দেখিয়া) বৈক্লব্যাৎ (চিত্তচাঞ্চল্য বশতঃ) দুর্ম্মনা ইব (উৎকণ্ঠিতের ন্যায়) উত্তস্থে (উঠিয়া পড়িলাম) ॥ ১৯ ॥

অনুবাদ

হরিভক্তিযোগে আমার চিত্ত শ্রীহরিতেই বশীভূত হইয়াছিল। সেই চিত্তের দ্বারা শ্রীহরির চরণকমল ধ্যান করিতে করিতে উৎকণ্ঠাবশতঃ আমার নয়নজল বিগলিত হইতেছিল। এ অবস্থায় আমার হৃদয়ে শ্রীহরি ধীরে ধীরে আবির্ভূত হইয়াছিলেন ॥ ১৭ ॥

হে মুনে! প্রেমের আধিক্যবশতঃ রোমাঞ্চিত শরীর ও অত্যন্ত সুখসম্পন্ন আমি আনন্দসাগরে নিমগ্ন হইয়া উপাস্য ও উপাসক দেখিতে পাইলাম না। [অর্থাৎ আমি উপাসক ও তিনি উপাস্য এই ভেদ দেখিতে পাইলাম না] ॥ ১৮ ॥

ভগবান্ শ্রীহরির যে মনোরম শোকবিনাশক মূর্ত্তি আমি দেখিতে পাইয়াছিলাম, সহসা অর্থাৎ ক্ষণকাল পরেই তাহা না দেখিয়া চিত্তচাঞ্চল্যবশতঃ উৎকণ্ঠিতের ন্যায় উঠিয়া

টীকা

"নির্জ্জিতং" যতস্ততো নিবার্য্য চরণাম্ভোজে স্থাপিতং যৎ "চেতঃ" তেন ॥১৭॥ ততঃ কিং বৃত্তমিত্যত্রাহ "প্রেম্নঃ অতিভরেণ" আধিক্যেন "নির্ভিন্নাঃ পুলকা" যেষু তানি "অঙ্গানি" যস্য সঃ; "নির্ব্বৃতঃ" অত্যন্ত সুখসম্পন্নঃ "আনন্দ-সংপ্লবে লীনঃ" উত্তরোত্তরশতসংখ্যয়া আনন্দবল্যাং পঠিতানাং আনন্দানাং প্লবোঽবধিভূতপূরঃ, তস্মিন্ লীনঃ সন্ "উভয়ং" ধ্যাতৃধেয়যুগ্মং নাপশ্যম্ ন দৃষ্টবানস্মি ॥১৮॥ তদনন্তরং কিং বৃত্তমিত্যত্রাহ—"যৎ" পূর্ব্বং দৃষ্টং "ভগবতঃ" অসাধারণং "রূপং" "হিরণ্যশ্মশ্রুঃ হিরণ্যকেশ" ইত্যাদিশ্রুতিপ্রোক্তং মনসোঽতীব দৃষ্টং শুচং শোকমপহন্তীতি "শুচাপহং, তদপশ্যন্ বৈক্লব্যাদ্ ধার্ষ্ট্যাদ্ দুর্ম্মনা ইব উত্তস্থে" উত্থিতোঽস্মি ॥ ১৯ ॥ ততঃ কিংবৃত্তমিত্যত্রাহ-

দিদৃক্ষুস্তদহং ভূয়ঃ প্রণিধায় মনো হৃদি।
বীক্ষ্যমাণোঽপি নাপশ্যমবিতৃপ্ত ইবাতুরঃ ॥ ২০ ॥
এবং যতন্তং বিজনে মামাহাগোচরো গিরাম্।
গম্ভীরশ্লক্ষ্ণয়া বাচা শুচঃ প্রশময়ন্নিব ॥ ২১ ॥
হন্তাস্মিন্ জন্মনি ভবান্ মা মাং দ্রষ্টুমিহার্হতি।
অবিপক্বকষায়াণাং দুর্দ্দর্শোঽহং কুযোগিনাম্ ॥ ২২ ।.

অন্বয়

আতুর ইব (স্তন্যামৃতপানে অতৃপ্ত কাতর বালকের ন্যায়) অবিতৃপ্তঃ (ভগবদ্রূপদর্শনে অপরিতৃপ্ত) অহং (আমি) ভূয়ঃ (পুনরায়) তৎ (সেই ভগবদ্রূপ) দিদৃক্ষুঃ (দর্শনেচ্ছু হইয়া) হৃদি মনঃ প্রণিধায় (হৃদয়ে মন সমাহিত করতঃ) বীক্ষ্যমাণঃ অপি (দেখিয়াও) ন অপশ্যম্ (তাঁহাকে দেখিতে পাইলাম না) ॥ ২০ ॥

বিজনে (জনশূন্য সেই অরণ্যে) এবং যতন্তং (এই প্রকারে পুনঃ পুনঃ ভগবদ্দর্শনে যত্নশীল) মাম্ (আমাকে) গিরাম্ অগোচরঃ (বাক্যের অগোচর [ভগবান্]) গম্ভীরশ্লক্ষ্ণয়া (অত্যন্ত স্নেহযুক্ত) বাচা (বাক্যে) শুচঃ (শোক) প্রশময়ন্ ইব (প্রশমিত করিয়াই যেন) আহ (বলিলেন) ॥ ২১ ॥

হন্ত ! (বাৎসলসূচক অব্যয় অর্থাৎ হে মুনে !) ভবান্ অস্মিন্ জন্মনি (তুমি এই জন্মে) মাং দ্রষ্টুং (আমাকে দেখিতে) মা অর্হতি (যোগ্য হইবে না, অর্থাৎ দেখিতে পাইবে না) অবিপক্ব-কষায়াণাং কুযোগিনাম্ (কারণ, যাহাদের ভগবদ্দর্শনপ্রতিবন্ধক পাপাদি নষ্ট হয় নাই, এমন অপরিপক্ব যোগিগণের) অহং দুর্দ্দশঃ (আমি সহজে দর্শনীয় হই না) ॥ ২২ ॥

অনুবাদ

পড়িলাম। (অর্থাৎ সেইরূপ একবার দেখিয়া হঠাৎ আর দেখিতে পাইলাম না। অতএব অস্থির হইয়া আমি উঠিয়া পড়িলাম) ॥ ১৯ ॥

[স্তন্যামৃত পানে] অতৃপ্ত কাতর বালকের ন্যায় ভগবদ্রূপদর্শনে অপরিতৃপ্ত আমি পুনরায় সেই ভগবদ্রূপ দর্শনেচ্ছু হইয়া হৃদয়ে মন সমাহিত করতঃ দেখিয়াও তাঁহাকে দেখিতে পাইলাম না ॥ ২০ ॥

জনশূন্য সেই অরণ্যে এই প্রকারে পুনঃ পুনঃ ভগবদ্দর্শনে যত্নশীল আমাকে বাক্যের অগোচর শ্রীভগবান্ অত্যন্ত স্নেহযুক্ত বাক্যে আমার শোক প্রশমিত করিয়াই যেন বলিলেন—॥ ২১ ॥

হে মুনে ! তুমি এই জন্মে আমাকে দেখিতে পাইবে না। কারণ—যাহাদের ভগবদ্-

টীকা

স্তন্যামৃতপানতঃ "অবিতৃপ্ত ইব" যথা বালঃ, তথা রূপদর্শনাদ্ "অবিতৃপ্তঃ"অতএব"আতুরঃ" সন্ ভূয়ঃ "দিদৃক্ষুঃ" "দ্রষ্টুমিচ্ছুঃ"মনো হৃদি প্রণিধায় "স্থিরীকৃত্য বীক্ষ্যমাণোঽপি ন অপশ্যম্।" ন দৃষ্টবানস্মি ॥২০॥ "অগোচরো গিরামিতি" "সর্ব্বে বেদা যৎপদমামনন্তি," "বৈদৈশ্চ সর্ব্বৈরহমেববেদ্য" ইত্যাদি শ্রুতিস্মৃতিভ্যাং বেদবিষয় এব ইয়ত্তানবচ্ছিন্নত্বাৎ বাচামবিষয়ো হরিঃ, "এবং" ভূয়ো ভূয়ো "যতন্তং মাং গম্ভীরয়া" "শ্লক্ষ্ণয়া বাচা শুচঃ" শোকান্ শময়ন্নিবাহ ॥২১॥ তদেব দর্শয়তি হন্তেতি চতুর্ভিঃ। "হন্তে"তি বাৎসল্যসূচকে সম্বোধনে। "মা

সকৃদ্ যদ্দর্শিতং রূপমেতৎ কামায় তেঽনঘ।
মৎকামঃ শনকৈঃ সাধুঃ সর্ব্বান্ মুঞ্চতি হৃচ্ছয়ান্ ॥ ২৩ ॥
সৎসেবয়া দীর্ঘয়াঽপি জাতা ময়ি দৃঢ়া মতিঃ।
হিত্বাঽবদ্যমিমং লোকং গন্তামজ্জনতামসি ॥ ২৪ ॥

অন্বয়

অনঘ! (হে নিষ্পাপ!) সকৃৎ (একবার) তে (তোমাকে) যৎ রূপং দর্শিতং (যে আমার রূপ দেখাইয়াছি) এতৎ (ইহা কেবল) [আমার প্রতি তোমার] কামায় (রুচি উৎপাদনের জন্যই) [যেহেতু] মৎকামঃ সাধুঃ (আমার আরাধনাকারী ভক্তগণ) সর্ব্বান্ হৃচ্ছয়ান্ (হৃদয়গত রাগাদিমলসকল) শনকৈঃ (ধীরে ধীরেই) মুঞ্চতি (পরিত্যাগ করিয়া থাকেন) ॥ ২৩ ॥

অবদ্যম্ (নিন্দনীয়) ইমং (এই শাপবশতঃ প্রাপ্ত পাঞ্চভৌতিক দেহ) হিত্বা (তুমি ত্যাগ করিয়া) মজ্জনতাং (আমার পার্ষদরূপতা) লোকং [চ] (ও অভীষ্ট লোকে) গন্তা অসি (গমনকারী হইবে, অর্থাৎ আমার পার্ষদত্বও অভীষ্ট লোক প্রাপ্ত হইবে)। [তখন] অদীর্ঘয়া অপি সৎসেবয়া (অল্প সাধু সেবাদ্বারাও) ময়ি (আমাতে) দৃঢ়া মতিঃ জাতা [ভবেৎ] (তোমার দৃঢ়া মতি হইবে) ॥ ২৪ ॥

অনুবাদ

দর্শনের প্রতিবন্ধক পাপাদি নষ্ট হয় নাই, এমন অপরিপক্ক যোগিগণের আমি সহজে দর্শনীয় হই না। [অর্থাৎ নিষ্পাপ যোগিগণ ভিন্ন কেহ আমাকে সহজে দেখিতে পায় না] ॥ ২২ ॥

হে নিষ্পাপ! একবার তোমাকে যে আমার রূপ দেখাইয়াছি, ইহা কেবল আমার প্রতি তোমার রুচি উৎপাদনের জন্যই। যেহেতু আমার আরাধনাকারী ভক্তগণ হৃদয়গত রাগাদিমলসকল ধীরে ধীরেই পরিত্যাগ করিয়া থাকেন। [অর্থাৎ আমাতে অনুরাগ-বৃদ্ধি হইলে ক্রমশঃ রাগাদিদোষসকল দূরীভূত হইয়া থাকে] ॥ ২৩ ॥

[হে নারদ!] শাপবশতঃ প্রাপ্ত এই নিন্দনীয় পাঞ্চভৌতিক দেহ তুমি ত্যাগ করিয়া আমার পার্ষদরূপতা পাইবে ও অভীষ্টলোকে গমনকারী হইবে, (অর্থাৎ আমার পার্ষদত্ব ও অভীষ্টলোক প্রাপ্ত হইবে, তখন) অল্প সাধু সেবাদ্বারাও আমাতে তোমার দৃঢ়া মতি হইবে ॥ ২৪ ॥

টীকা

অর্হতি" ন অর্হতি। "অবিপক্বকষায়াণাং" অদগ্ধদর্শনপ্রতিবন্ধককর্ম্মণাং, "কুযোগিনাম্" অপক্বযোগিনাম্, "দুর্দ্দর্শঃ" দুর্ঘটদর্শনঃ ॥ ২২ ॥ কথং তর্হি সকৃদ্ ভবতা রূপং দর্শিতমত্রাহ-"সকৃদি"তি। ময়া "সকৃদ্ যদ্ রূপং দর্শিতম্, তদেতৎ কামায়," এতস্মিন্নেব রূপে রুচ্যুৎপাদায় ॥ ২৩ ॥

"সদি"তি। "যাহি ত্বং শূদ্রতামাশু নষ্টশ্রীঃ কৃতলেহনঃ। তাবদ্ দাস্যাম্যহং জজ্ঞে তত্রাপি ব্রহ্মবাদিনামিতি" বিশ্বস্রুক্ শাপরূপম্ "অবদ্যম্ ইমং" পাঞ্চভৌতিকং দেহং চ "হিত্বা" অপ্রাকৃতদেহভাবরূপাং "মজ্জনতাং" মৎপার্ষদতাং "লোকম্" অভীষ্টঞ্চ "গন্তা অসি"। তদানীন্তনো দেহস্তু অবদ্যো ন ভবতি। তদাপি সৎসেবায়াং বাসুদেবে দৃঢ়ায়াং মতৌ সর্ব্বপরিত্যাগপূর্ব্বকভগবদ্ধ্যানে ভগবদ্দর্শনে চ হেতুত্বেন ভগবতোঽতি-প্রিয়ত্বাৎ। অন্যথা "অহো বত শ্বপচোঽতো গরীয়ান্ যজ্জিহ্বাগ্রে বর্ত্ততে নাম তুভ্যম্ অহং ভক্তপরাধীনো

মতির্ময়ি নিবদ্ধেয়ং ন বিপদ্যেত কর্হিচিৎ।
প্রজাসর্গনিরোধেঽপি স্মৃতিশ্চ মদনুগ্রহাৎ ॥ ২৫ ॥
এতাবদুক্ত্বোপররাম তন্মহদ্ভূতং নভোলিঙ্গমলিঙ্গমীশ্বরম্।
অহঞ্চ তস্মৈ মহতাং মহীয়সে, শীর্ষ্ণাবনামং বিদধেঽনুকম্পিতঃ ॥ ২৬ ॥
নামান্যনন্তস্য হতত্রপঃ পঠন্ গুহ্যানি ভদ্রাণি কৃতানি চ স্মরন্।
গাং পর্য্যটংস্তুষ্টমনা গতস্পৃহঃ কালং প্রতীক্ষন্নমদো বিমৎসরঃ ॥ ২৭ ॥

অন্বয়

ময়ি নিবদ্ধা (আমাতে নিবদ্ধ) ইয়ং মতিঃ ([তোমার] এই মতি) কর্হিচিৎ (কখনও) ন বিপদ্যেত (বিনষ্ট হইবে না)। প্রজাসর্গনিরোধেঽপি ([প্রলয়ে সমস্ত] সৃষ্টি লয়প্রাপ্ত হইলেও) মদনুগ্রহাৎ (আমার অনুগ্রহে) স্মৃতিঃ চ ([তোমার] স্মরণশক্তি ও অর্থাৎ কখনও বিলুপ্ত হইবে না) ॥ ২৫ ॥

নভোলিঙ্গম্ (হৃদয়াকাশ অথবা আদিত্যমণ্ডলমধ্যস্থিত পুরুষই যাঁহার মূর্ত্তি) অলিঙ্গম্ (প্রাকৃত মূর্ত্তিরহিত) ঈশ্বরং (সকলের নিয়ন্তা) তৎ মহদ্ভূতং (সেই শ্রুতিপ্রসিদ্ধ মহদ্ ব্রহ্ম) এতাবৎ উক্ত্বা (এই প্রকার বলিয়া) উপররাম (বিরত হইলেন)। অহং চ (আমিও) অনুকম্পিতঃ (অনুগৃহীত হইয়া) মহতাং মহীয়সে (মহামহিম) তস্মৈ (সেই পরম পুরুষকে) শীর্ষ্ণা অবনামং বিদধে (অবনত মস্তকে প্রণাম করিলাম) ॥ ২৬ ॥

[অনন্তর আমি] হতত্রপঃ (লজ্জাশূন্য হইয়া) অনন্তস্য (শ্রীভগবানের) নামানি পঠন্ (নাম

অনুবাদ

[হে নারদ !] আমাতে নিবদ্ধ [তোমার] এই মতি কখনও বিনষ্ট হইবে না। [প্রলয়ে সমস্ত] সৃষ্টি বিলয়প্রাপ্ত হইলেও আমার অনুগ্রহে তোমার স্মরণশক্তিও কখনও বিলুপ্ত হইবে না] ॥ ২৫ ॥

হৃদয়াকাশ অথবা আদিত্যমণ্ডলমধ্যস্থিত পুরুষই যাঁহার মূর্ত্তি, প্রাকৃত মূর্ত্তিরহিত, সকলের নিয়ন্তা সেই শ্রুতিপ্রসিদ্ধ মহদ্ ব্রহ্ম এই প্রকার বলিয়া বিরত হইলেন। আমিও অনুগৃহীত হইয়া মহামহিম সেই পরমপুরুষকে অবনত মস্তকে প্রণাম করিলাম ॥ ২৬ ॥

[অনন্তর] আমি লজ্জাশূন্য হইয়া শ্রীভগবানের নাম সকল উচ্চারণ করিয়া গোপনীয়

টীকা

হ্যস্বতন্ত্র ইব দ্বিজ" ইত্যাদিবক্ষমাণস্য সর্ব্বস্য গ্রন্থস্য বৈয়র্থ্যং স্যাৎ। "অপি চেৎ সুদুরাচারো ভজতে মামনন্যভাক্। সাধুরেব স মন্তব্যঃ সম্যগ্ব্যবসিতো হি স" ইতি স্ববচনবিরোধশ্চ স্যাৎ ॥ ২৪ ॥ "ন বিপদ্যেত" ন বিনশ্যেৎ ॥ ২৫ ॥ "অস্য মহতো ভূতস্য নিশ্বসিতমেতদ্ যদ্ ঋগ্বেদ" ইতি শ্রুতিপ্রসিদ্ধং যৎ "তন্মহদ্ভূতং ব্রহ্ম, নভোলিঙ্গং" নভসি হৃদ্যাকাশে "অঙ্গুষ্ঠমাত্রং পুরুষং মধ্যে আত্মনি তিষ্ঠতী"তি শ্রুতেঃ। নভোগতে সূর্য্যে বা"স এষ আদিত্যে হিরন্ময়ঃ পুরুষো দৃশ্যতে" ইতি শ্রুতেঃ। লিঙ্গং মূর্ত্তিঃ যস্য তৎ, "অলিঙ্গং" প্রাকৃতমূর্ত্তিবর্জ্জিতম্ "ঈশ্বরং" সর্ব্বনিয়ন্তৃ "এতাবদুক্ত্বা বিররাম" তূষ্ণীং বভূব। "অহঞ্চ" তেন "অনুকম্পিতঃ" অনুগৃহীতঃ "অবনামং" তস্মৈ প্রণামং "বিদধে" কৃতবান্ ॥ ২৬ ॥

ততঃ কিং বৃত্তমিত্যপেক্ষায়ামাহ—"নামানী"তি। গন্তা মজ্জনতামসীতি ভগবৎপ্রোক্তং "কালং

এবং কৃষ্ণমতের্ব্রহ্মন্নসক্তস্যামলাত্মনঃ।
কালঃ প্রাদুরভূৎ কালে তড়িৎ সৌদামনী যথা ॥ ২৮।
প্রযুজ্যমানে ময়ি তাং শুদ্ধাং ভাগবতীং তনুম্।
আরব্ধকর্ম্মনির্ব্বাণো ন্যপতৎ পাঞ্চভৌতিকঃ। ২৯ ॥

অন্বয়

সকল উচ্চারণ করিয়া) গুহ্যানি (গোপনীয়) ভদ্রাণি (কল্যাণকর) কৃতানি চ (লীলা সকল) স্মরন্ (স্মরণ করিতে করিতে) তুষ্টমনাঃ (সন্তুষ্টচিত্তে) গাং পর্য্যটন্ (পৃথিবী ভ্রমণ করতঃ) কালং প্রতীক্ষন্ ([শ্রীহরির পার্ষদ হওয়ার] সময় প্রতীক্ষা করিয়া) গতস্পৃহঃ অমদঃ বিমৎসরঃ [অভবম্] (স্পৃহাশূন্য নিরহঙ্কার ও দ্বেষশূন্য হইয়াছিলাম) ॥ ২৭ ॥

ব্রহ্মন্! (হে ব্যাসদেব!) এবং (এইরূপে) কৃষ্ণমতেঃ (শ্রীকৃষ্ণে মতি রাখায়) অসক্তস্য (সংসার হইতে বিরক্ত) অমলাত্মনঃ (বিশুদ্ধান্তঃকরণ [আমার]) কালে (প্রারব্ধকর্ম্মের অবসানে) যথা (যেমন) সৌদামনী তড়িৎ (স্ফটিকপর্ব্বতের প্রান্তদেশে বিদ্যুৎ অকস্মাৎ উৎপন্ন হইয়া থাকে) [সেইরূপ] কালঃ প্রাদুরভূৎ (কাল অর্থাৎ মৃত্যু [ও] অকস্মাৎ আসিয়া উপস্থিত হইল॥)॥ ২৮ ॥

[হে ব্যাসদেব!] [ভগবৎকর্ত্তৃক] শুদ্ধাং (পবিত্র) ভাগবতীং তাং তনুং (সেই ভগবৎপার্ষদরূপ অপ্রাকৃত নিত্য দেহ) ময়ি (আমাতে) প্রযুজ্যমানে (প্রযুক্ত হইলে) আরব্ধকর্ম্মনির্ব্বাণঃ (আমার প্রারব্ধকর্ম্মের অবসান হওয়ায়) পাঞ্চভৌতিকঃ (পাঞ্চভৌতিক দেহ) ন্যপতৎ (পতিত হইল)॥ ২৯ ॥

অনুবাদ

কল্যাণকর লীলাসকল স্মরণ করিতে করিতে সন্তুষ্টচিত্তে পৃথিবী ভ্রমণকরতঃ [শ্রীহরির পার্ষদ হওয়ার] সময় প্রতীক্ষা করিয়া স্পৃহাশূন্য, নিরহঙ্কার ও দ্বেষশূন্য হইয়াছিলাম ॥ ২৭ ॥

হে ব্যাসদেব! এইরূপে শ্রীকৃষ্ণে মতি রাখায় সংসার হইতে বিরক্ত ও বিশুদ্ধান্তঃকরণ আমার প্রারব্ধ কর্ম্মের অবসানে, যেমন স্ফটিকপর্ব্বতের প্রান্তদেশে বিদ্যুৎ অকস্মাৎ উৎপন্ন হইয়া থাকে, সেইরূপ মৃত্যু [ও] অকস্মাৎ আসিয়া উপস্থিত হইল ॥ ২৮ ॥

[হে ব্যাসদেব! ভগবান্ যে আমাকে বলিয়াছিলেন—"এই নিন্দনীয় দেহ ত্যাগ করিয়া আমার পার্ষদ হইবে", তদনুযায়ী] [ভগবৎকর্ত্তৃক] পবিত্র সেই ভগবৎপার্ষদরূপ অপ্রাকৃত নিত্য

টীকা

প্রতীক্ষন্" নামাদেঃ পাঠাদি কুর্ব্বন্ "বিমৎসরঃ" আসম্ ॥ ২৭ ॥ "কৃষ্ণমতেঃ" তদ্ভক্তস্য "অসক্তস্য" সংসারাদ্ বিরক্তস্য "কালে" প্রারব্ধকর্ম্মাবসানসময়ে "কালঃ" মৃত্যুঃ "প্রাদুরভূৎ" আবির্ব্বভূব। অকস্মাৎ মৃত্যুপস্থিতৌ দৃষ্টান্তমাহ—"সৌদামনী তড়িৎ যথা" সুদাম্নো গিরেঃ প্রান্তে ভবা বিদ্যুদিব ॥ ২৮ ॥ "শুদ্ধাং" সর্ব্বদোষবর্জ্জিতাং "ভাগবতীং" ভগবৎপার্ষদরূপাম্ অপ্রাকৃতাং নিত্যাং "তনুম্" আবিষ্কর্ত্তুং ভগবতা "ময়ি প্রযুজ্যমানে প্রারব্ধকর্ম্মণো নির্ব্বাণম্ অবসানং যস্য সঃ পাঞ্চভৌতিকো ন্যপতৎ"। অয়মর্থঃ নিত্য-শরীরবান্ সাত্বততন্ত্রকর্ত্তা শ্রীনারদঃ কেনাপি কৌতুকেন গন্ধর্ব্বশরীরং বিভ্রৎ দ্বিজশাপবশাৎ তদ্ হিত্বা দাসীপুত্রত্বং প্রাপ্তঃ। তদ্ হিত্বা স্বকীয়াং তনুম্ আবিশ্চকার ॥ ২৯ ॥

কল্পান্ত ইদমাদায় শয়ানেঽম্ভস্যুদন্বতঃ।
শিশয়িষোরনুপ্রাণং বিবিশেঽন্তরহং বিভোঃ ॥ ৩০ ॥
সহস্রযুগপর্য্যন্ত উত্থায়েদং সিসৃক্ষতঃ।
মরীচিমিশ্রা ঋষয়ঃ প্রাণেভ্যোঽহঞ্চ জজ্ঞিরে ॥ ৩১ ॥

অন্বয়

[ভগবান্ শ্রীহরি] কল্পান্তে (প্রলয়কালে) ইদম্ আদায় (এই সমস্ত জগৎ উপসংহার করিয়া) উদন্বতঃ অম্ভসি (কারণার্ণবসলিলে) শয়ানে (শয়ন করিলে) শিশয়িষোঃ বিভোঃ (শয়নাভিলাষী ব্রহ্মার) অন্তঃ (মধ্যে) অনুপ্রাণং (প্রাণের অনুগামী হইয়া) অহং (আমি) বিবেশ (প্রবেশ করিয়াছিলাম) ॥ ৩০ ॥

সহস্রযুগপর্য্যন্তে (ব্রহ্মার সহস্রযুগপরিমিত রাত্রির অর্থাৎ প্রলয়কালের অবসানে) উত্থায় ([ভগবানের নাভিকমল হইতে] উত্থিত হইয়া) ইদং সিসৃক্ষতঃ (এই ত্রৈলোক্য সৃষ্টির অভিলাষী ব্রহ্মার) প্রাণেভ্যঃ (ইন্দ্রিয়গণ হইতে) অহং (আমি) মরীচিমিশ্রাঃ ঋষয়ঃ চ (ও মরীচিপ্রভৃতি ঋষিগণ) জজ্ঞিরে (জন্মিয়াছিলাম) ॥ ৩১ ॥

অনুবাদ

দেহ আমাতে প্রযুক্ত হইলে আমার প্রারব্ধ কর্ম্মের অবসান হওয়ায় পাঞ্চভৌতিক দেহ পতিত হইল (অর্থাৎ প্রারব্ধকর্ম্মের অবসান ও এই দেহের পতন হইল) [বৈষ্ণবশাস্ত্রপ্রবর্ত্তক শ্রীমান্ নারদ নিত্যশরীরী। তিনি ভগবানের মায়ার স্বরূপ অবগত হইবার জন্য গন্ধর্ব্বশরীর ধারণ করিয়াছিলেন এবং ব্রাহ্মণের শাপে সেই গন্ধর্ব্বশরীর ত্যাগকরতঃ দাসীপুত্ররূপে জন্মিয়াছিলেন। পরে সেই শরীরও ত্যাগ করিয়া পুনরায় স্বকীয় নিত্যশরীর প্রাপ্ত হইয়াছিলেন] ॥ ২৯ ॥

[ভগবান্ শ্রীহরি] প্রলয়কালে এই সমস্ত জগৎ উপসংহার করিয়া কারণার্ণবসলিলে শয়ন করিলে, শয়নাভিলাষী ব্রহ্মার মধ্যে প্রাণের অনুগামী হইয়া আমি প্রবেশ করিয়াছিলাম। [প্রলয়কালে ব্রহ্মাকে অগ্রে করিয়া দেবগণ ও বেদাদি সকলই কারণার্ণবে শয়ান শ্রীহরির মধ্যে লীন হইয়া যান] ॥ ৩০ ॥

ব্রহ্মার সহস্রযুগপরিমিত রাত্রির অর্থাৎ প্রলয়কালের অবসানে [ভগবানের

টীকা

"কল্পান্তে" চতুর্ম্মুখাহঃ-অন্তে "উদন্বতঃ" একাবস্থা"ম্ভসি ইদং" ত্রৈলোক্যম্ "আদায়" স্বস্মিন্ প্রবিলাপ্য "শয়ানে" পুরুষাবতারে "শিশয়িষোঃ বিভোঃ" শয়নং কর্ত্তুমিচ্ছোঃ ব্রহ্মণো"ঽন্ত"র্মধ্যং "অনুপ্রাণং" প্রাণম্ অনু "অহমপি বিবিশে" প্রবিষ্টবান্। বিভুত্বং তস্য সমষ্টিশরীরাভিপ্রায়ম্। কল্পান্তে ব্রহ্মণো হরৌ প্রবেশ উক্তো হরিবংশে—"ব্রহ্মাণমগ্রতঃ কৃত্বা প্রভবং বিশ্বতো মুখম্। সর্ব্বদেবগণাশ্চৈব ত্রয়স্ত্রিংশচ্চ ছন্দজাঃ ॥ প্রবিশন্তি মহাযোগিং হরিং নারায়ণং প্রভুমিতি" ॥ ৩০ ॥ সহস্রযুগসংখ্যকরাত্র্যবসানে "উত্থায় ইদং" ত্রৈলোক্যং "সিসৃক্ষতঃ" পদ্মজস্য "প্রাণেভ্যঃ" ইন্দ্রিয়েভ্যঃ "অহং মরীচিমুখ্যাঃ ঋষয়শ্চ জজ্ঞিরে"

অন্তর্ব্বহিশ্চ লোকাংস্ত্রীন্ পর্য্যেম্যস্কন্দিতব্রতঃ।
অনুগ্রহান্মহাবিষ্ণোরবিঘাতগতিঃ ক্বচিৎ ॥ ৩২ ॥
দেবদত্তামিমাং বীণাং স্বরব্রহ্মবিভূষিতাম্।
মূর্চ্ছয়িত্বা হরিকথাং গায়মানশ্চরাম্যহম্ ॥ ৩৩
প্রগায়তঃ স্ববীর্য্যাণি তীর্থপাদঃ প্রিয়শ্রবাঃ।
আহূত ইব মে শীঘ্রং দর্শনং যাতি চেতসি ॥ ৩৪ ॥

অন্বয়

[আমি] মহাবিষ্ণোঃ (সর্ব্বব্যাপী শ্রীহরির) অনুগ্রহাৎ (অনুগ্রহে) অস্কন্দিতব্রতঃ (অস্খলিত ব্রহ্মচর্য্যব্রত অবলম্বন করিয়া) ক্বচিৎ (যে কোনও স্থলে) অবিঘাতগতিঃ (অপ্রতিহতগতি হইয়া) ত্রীন্ লোকান্ (স্বর্গ, মর্ত্ত্য ও পাতালের) অন্তঃ বহিঃ চ (অন্তরে ও বাহিরে) পর্য্যেমি (পর্য্যটন করিয়া থাকি) ॥ ৩২ ॥

অহং (আমি) স্বরব্রহ্মবিভূষিতাং (নিষাদ, ঋষভ, গান্ধার, ষড়্জ, মধ্যম, ধৈবত ও পঞ্চম এই সাত প্রকার স্বররূপ ব্রহ্মের দ্বারা বিভূষিতা) দেবদত্তাং (শ্রীহরি প্রদত্তা) ইমাং বীণাং (এই বীণাকে) মূর্চ্ছয়িত্বা (মূর্চ্ছালাপযুক্তা করিয়া) হরিকথাং গায়মানঃ (হরিকথা কীর্ত্তন করতঃ) চরামি (বিচরণ করিয়া থাকি) ॥ ৩৩ ॥

তীর্থপাদঃ (যাঁহার শ্রীচরণকমলে সমস্ত তীর্থ বর্ত্তমান আছে সেই) প্রিয়শ্রবাঃ (পবিত্রকীর্ত্তি শ্রীহরি)

অনুবাদ

নাভিকমল হইতে] উত্থিত হইয়া এই ত্রৈলোক্য সৃষ্টির অভিলাষী ব্রহ্মার ইন্দ্রিয়গণ হইতে আমি ও মরীচিপ্রভৃতি ঋষিগণ জন্মিয়াছিলাম * ॥ ৩১ ॥

[আমি] সর্ব্বব্যাপী শ্রীহরির অনুগ্রহে অস্খলিত ব্রহ্মচর্য্যব্রত অবলম্বন করিয়া যে কোনও স্থলে অপ্রতিহতগতি হইয়া [অর্থাৎ যেখানে সেখানে অবাধগতিতে] স্বর্গ, মর্ত্ত্য ও পাতালের অন্তরে ও বাহিরে পর্য্যটন করিয়া থাকি ॥ ৩২ ॥

আমি নিষাদ, ঋষভ, গান্ধার, ষড়্জ, মধ্যম, ধৈবত ও পঞ্চম এই সাত প্রকার স্বররূপ ব্রহ্মের দ্বারা বিভূষিতা [এবং] শ্রীহরি প্রদত্তা এই বীণাকে মূর্চ্ছালাপযুক্তা করিয়া হরিকথা কীর্ত্তনকরতঃ বিচরণ করিয়া থাকি † ॥ ৩৩॥

যাঁহার শ্রীচরণকমলে সমস্ত তীর্থ বর্ত্তমান আছে, সেই পবিত্রকীর্ত্তি শ্রীহরি, তাঁহার

টীকা

উদ্বভূবুঃ ॥৩১॥ অস্কন্দিতম্ অস্খলিতং ব্রহ্মচর্য্যং যস্য সঃ। "পর্য্যেমি" পর্য্যটামি ॥৩২॥ "স্বরব্রহ্মবিভূষিতাং" "স্বতো রঞ্জয়তি শ্রোতুশ্চিত্তং স স্বর উচ্যতে" ইতি স্বরঃ নিষাদর্ষভগান্ধারষড়্জমধ্যমধৈবতপঞ্চমভেদঃ

* দিব্যপরিমাণে সহস্রযুগ পরিমিত কাল ব্রহ্মার দিবা এবং তাবৎ পরিমিত কাল রাত্রি। এই রাত্রিকালে ব্রহ্মা নিদ্রিত অর্থাৎ অন্তঃপ্রবিষ্ট থাকেন। এইকালে সৃষ্টিপ্রভৃতি কোন কার্য্য হয় না।

† শ্রীকৃষ্ণই দেবর্ষি নারদকে এই বীণা দান করিয়াছিলেন ইহা লিঙ্গপুরাণে বর্ণিত আছে।

এতদ্ধ্যাতুরচিত্তানাং মাত্রাস্পর্শেচ্ছয়া মুহুঃ।
ভবসিন্ধুপ্লবো দৃষ্টো হরিচর্য্যানুবর্ণনম্ ॥ ৩৫ ॥
যমাদিভির্যোগপথৈঃ কামলোভহতো মুহুঃ।
মুকুন্দসেবয়া যদ্বৎ তথাদ্ধাত্মা ন শাম্যতি ॥ ৩৬ ॥
সর্ব্বং তদিদমাখ্যাতং যৎপৃষ্টোঽহং ত্বয়ানঘ।
জন্মকর্ম্মরহস্যং মে ভবতশ্চাত্মতোষণম্ ॥ ৩৭ ॥

অন্বয়

স্ববীর্য্যাণি প্রগায়তঃ (তাঁহার লীলাসকল কীর্ত্তনকারী) মে (আমার) চেতসি (হৃদয়ে) আহূত ইব (আহূত ব্যক্তির ন্যায়) শীঘ্রং দর্শনং যাতি (শীঘ্রই দৃষ্ট হইয়া থাকেন) ॥ ৩৪ ॥

মুহুঃ (পুনঃ পুনঃ) মাত্রাস্পর্শেচ্ছয়া (বিষয়ভোগলালসায়) আতুরচিত্তানাং (মোহিতচিত্ত জীবগণের) এতৎ হরিচর্য্যানুবর্ণনং হি (এই শ্রীহরির লীলাকীর্ত্তনই) ভবসিন্ধুপ্লবঃ ([একমাত্র] সংসারসাগরের ভেলা) দৃষ্টঃ ([ইহা যোগিগণ] প্রত্যক্ষ করিয়াছেন) ॥ ৩৫ ॥

মুহুঃ (পুনঃ পুনঃ) কামলোভহতঃ (কামলোভাদিদ্বারা নিপীড়িত) আত্মা (অন্তঃকরণ) মুকুন্দসেবয়া (ভগবান্ মুকুন্দের সেবাদ্বারা) যদ্বৎ অদ্ধা (যত শীঘ্র) শাম্যতি (শান্ত হয়), যমাদিভিঃ যোগপথৈঃ (যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধ্যান, ধারণা ও সমাধিরূপ অঙ্গ-বিশিষ্ট যোগমার্গের দ্বারা) তথা ন শাম্যতি (তত শীঘ্র শান্ত হয় না) ॥ ৩৬ ॥

অনঘ! (হে নিষ্পাপ!) ত্বয়া (আপনাকর্ত্তৃক) অহং যৎ পৃষ্টঃ (আমি যাহা জিজ্ঞাসিত হইয়াছিলাম) ভবতঃ চ আত্মতোষণং (ও যাহা আপনার পরিতোষক) তৎ সর্ব্বং (সেই সকল) ইদং মে জন্মকর্ম্মরহস্যং (এই আমার জন্ম ও কর্ম্মবৃত্তান্ত) আখ্যাতম্ (আমি বলিলাম) ॥ ৩৭ ॥

অনুবাদ

লীলাসকল কীর্ত্তনকারী আমার হৃদয়ে আহূত ব্যক্তির ন্যায় শীঘ্রই দৃষ্ট হইয়া থাকেন। [অর্থাৎ আহূত ব্যক্তি যেমন আহ্বান শুনিবামাত্র আসিয়া থাকে, সেইরূপ আমি ডাকিবামাত্র শ্রীহরি আমাকে দর্শন দেন] ॥৩৪॥

পুনঃ পুনঃ বিষয় ভোগলালসায় মোহিতচিত্ত জীবগণের এই শ্রীহরির লীলাকীর্ত্তনই [একমাত্র] সংসারসাগরের ভেলা। [অর্থাৎ শ্রীহরির গুণকীর্ত্তনরূপ ভেলাই একমাত্র সংসারসমুদ্র পার হওয়ার উপায়]। ইহা যোগিগণ প্রত্যক্ষ করিয়াছেন ॥ ৩৫ ॥

পুনঃ পুনঃ কামলোভাদিদ্বারা নিপীড়িত অন্তঃকরণ, শ্রীভগবান্ মুকুন্দের সেবাতে যত শীঘ্র শান্ত হয়; যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধ্যান, ধারণা ও সমাধিরূপ অঙ্গবিশিষ্ট যোগমার্গের দ্বারা তত শীঘ্র শান্ত হয় না ॥ ৩৬ ॥

হে অনঘ! আপনি আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, এবং যাহা আপনার

টীকা

স এব ব্রহ্ম তেন বিভূষিতাম্। স্বতঃ স্বরাভিব্যঞ্জকবাদনে মূর্চ্ছনা চেতি বৈজয়ন্তীকোষাৎ। বাদয়িত্বা

সূত উবাচ

এবং সম্ভাষ্য ভগবান্ নারদো বাসবীসুতম্।
আমন্ত্র্য বীণাং রণয়ন্ যযৌ যাদৃচ্ছিকো মুনিঃ ॥ ৩৮ ॥
অহো দেবর্ষির্ধন্যোঽয়ং যৎ কীর্ত্তিং শার্ঙ্গধন্বনঃ।
গায়ন্মাদ্যন্নিদং তন্ত্র্যা রময়ত্যাতুরং জগৎ ॥ ৩৯ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
প্রথমস্কন্ধে ব্যাসনারদসংবাদো নাম ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ ৬ ॥

অন্বয়

সূতঃ উবাচ (সূত বলিলেন) যাদৃচ্ছিকঃ (স্বভাবতঃই কৃষ্ণভিন্ন বস্তুতে অনাসক্তিবশতঃ স্বেচ্ছাচারী) মুনিঃ ভগবান্ নারদঃ (দেবর্ষি ভগবান্ নারদ) বাসবীসুতং (সত্যবতীনন্দন ব্যাসদেবকে) এবং সম্ভাষ্য (এই প্রকার সম্ভাষণ করিয়া) আমন্ত্র্য (গমনার্থ সম্বোধন পূর্ব্বক) বীণাং রণয়ন্ (বীণা বাজাইতে বাজাইতে) যযৌ (চলিয়া গেলেন) ॥ ৩৮ ॥

অহো ! ([আশ্চর্য্যসূচক অব্যয়] আহা !) অয়ং দেবর্ষিঃ নারদঃ ধন্যঃ (এই দেবর্ষি নারদই ধন্য) যৎ (যেহেতু) [তিনি] শার্ঙ্গধন্বনঃ (শার্ঙ্গপাণি শ্রীহরির) কীর্ত্তিং (গুণসকল) তন্ত্র্যা (বীণা সহকারে) গায়ন্ (কীর্ত্তন করিতে করিতে) মাদ্যন্ (আনন্দে বিভোর হইয়া) ইদম্ আতুরং জগৎ (দুঃখত্রয়তাপিত এই জগৎকে) রময়তি (আনন্দিত করিতেছেন) ॥ ৩৯ ॥

অনুবাদ

পরিতোষক, সেই সকল এই আমার জন্ম ও কর্ম্মবৃত্তান্ত কথিত হইল। [অর্থাৎ আমার জন্ম ও কর্ম্ম-বৃত্তান্ত পূর্ব্বোক্ত প্রকার অবগত হউন] ॥ ৩৭ ॥

সূত বলিলেন—স্বভাবতঃই কৃষ্ণভিন্ন বস্তুতে অনাসক্তিবশতঃ স্বেচ্ছাচারী ভগবান্ দেবর্ষি নারদ, সত্যবতীনন্দন ব্যাসদেবকে এই প্রকার সম্ভাষণ করিয়া গমনার্থ সম্বোধন পূর্ব্বক বীণা বাজাইতে বাজাইতে চলিয়া গেলেন ॥ ৩৮ ॥

আহা ! এই দেবর্ষি নারদই ধন্য ; যেহেতু তিনি শার্ঙ্গপাণি শ্রীহরির গুণসকল বীণা সহকারে কীর্ত্তন করিতে করিতে আনন্দে বিভোর হইয়া দুঃখত্রয়তাপিত এই জগৎকে আনন্দিত করিতেছেন ॥ ৩৯ ॥

ষষ্ঠ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ৬ ॥

টীকা

॥ ৩৩—৩৭ ॥ "যাদৃচ্ছিকঃ" কৃষ্ণেতরবস্ত্বনাসক্ত্যা যদৃচ্ছাচারী ॥ ৩৮ ॥ "মাদ্যন্," কৃষ্ণাবেশেন হৃষ্যন্ ॥ ৩৯ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে সিদ্ধান্তপ্রদীপে প্রথমস্কন্ধে ষষ্ঠাধ্যায়ার্থপ্রকাশঃ ॥

সপ্তমোঽধ্যায়ঃ

শ্রীশৌনক উবাচ

নির্গতে নারদে সূত ! ভগবান্ বাদরায়ণঃ।
শ্রুতবাংস্তদভিপ্রেতং ততঃ কিমকরোদ্বিভুঃ ॥ ১ ॥

সূত উবাচ

ব্রহ্মনদ্যাং সরস্বত্যামাশ্রমঃ পশ্চিমে তটে।
শম্যাপ্রাস ইতি প্রোক্ত ঋষীণাং সত্রবর্দ্ধনঃ ॥ ২ ॥
তস্মিন্ স্ব আশ্রমে ব্যাসো বদরীষণ্ডমণ্ডিতে।
আসীনোঽপ উপস্পৃশ্য প্রণিদধ্যৌ মনঃ স্বয়ম্ ॥ ৩ ॥

অন্বয়

শ্রীশৌনকঃ উবাচ (শৌনক বলিলেন) [হে] সূত ! নারদে নির্গতে (দেবর্ষি নারদ প্রস্থান করিলে) ভগবান্ বাদরায়ণঃ (ভগবান্ ব্যাসদেব) তদভিপ্রেতং শ্রুতবান্ (তাঁহার অভিপ্রায় শুনিয়া) ততঃ (অতঃপর) কিমকরোৎ (কি করিয়াছিলেন) ॥ ১ ॥

সূতঃ উবাচ (সূত বলিলেন)—ব্রহ্মনদ্যাং সরস্বত্যাং (ব্রাহ্মণসেবিত সরস্বতী নদীর) পশ্চিমে তটে (পশ্চিমতীরে) ঋষীণাং সত্রবর্দ্ধনঃ (ঋষিগণের সত্র কর্ম্ম যাহাতে সম্পাদিত হইয়া থাকে এমন) শম্যাপ্রাস ইতি প্রোক্তঃ (শম্যাপ্রাস এই নামে প্রসিদ্ধ) আশ্রমঃ (এক আশ্রম আছে) ॥ ২ ॥

বদরীষণ্ডমণ্ডিতে (বদরী বৃক্ষ সমূহে বিভূষিত) তস্মিন্ স্বে আশ্রমে (সেই স্বকীয় আশ্রমে) আসীনঃ ব্যাসঃ (আসনে উপবিষ্ট ব্যাসদেব) অপঃ উপস্পৃশ্য (আচমন করিয়া) স্বয়ং মনঃ প্রণিদধ্যৌ (স্বয়ং মনকে সমাহিত অর্থাৎ স্থির করিয়াছিলেন) ॥ ৩ ॥

অনুবাদ

শৌনক বলিলেন—হে সূত ! দেবর্ষি নারদ প্রস্থান করিলে ভগবান্ ব্যাসদেব তাঁহার অভিপ্রায় শুনিয়া অতঃপর কি করিয়াছিলেন ? ॥ ১ ॥

সূত বলিলেন—ব্রাহ্মণসেবিত সরস্বতী নদীর পশ্চিম তীরে ঋষিগণের সত্রকর্ম্ম যাহাতে অনুষ্ঠিত হইয়া থাকে, এমন শম্যাপ্রাস এই নামে প্রসিদ্ধ এক আশ্রম আছে [অনেক যজমানকর্ত্তৃক সম্মিলিতভাবে অনুষ্ঠীয়মান যজ্ঞের নাম সত্র] ॥ ২ ॥

বদরীবৃক্ষসমূহে বিভূষিত সেই স্বকীয় আশ্রমে আসনে উপবিষ্ট ব্যাসদেব আচমন করিয়া স্বয়ং মনকে সমাহিত অর্থাৎ স্থির করিয়াছিলেন ॥ ৩ ॥

টীকা

ততঃ কিং বৃত্তমিতি পৃচ্ছতি শৌনকঃ "নির্গতে" ইতি ॥ ১ ॥ "ব্রহ্মনদ্যাম্ ব্রাহ্মণসেবিতায়াম্ সত্রং কর্ম্ম বর্দ্ধতে অস্মিন্ স তথা ॥২॥" "বদরীণাং ষণ্ডেন "সমূহেন" মণ্ডিতে মনঃ প্রণিদধ্যৌ" স্থিরীকৃতবান্ ॥৩॥ হরি"ভক্তিযোগেন অমলে" অতএব সম্যক্ সমাহিতে মনসি পূর্ণম্ পুরুষং পরমাত্মানং "অপশ্যৎ"। পরমাত্মনো লক্ষণমুক্তং পূর্ব্বাচার্য্যেণ—"স্বভাবতোঽপাস্তসমস্তদোষমশেষকল্যাণগুণৈকরাশিম্। ব্যূহাঙ্গিনং ব্রহ্মপরং

ভক্তিযোগেন মনসি সম্যক্ প্রণিহিতেঽমলে।
অপশ্যৎ পুরুষং পূর্ণং মায়াঞ্চ তদুপাশ্রয়াম্ ॥ ৪ ॥
যয়া সম্মোহিতো জীব আত্মানং ত্রিগুণাত্মকম্।
পরোঽপি মনুতেঽনর্থং তৎকৃতঞ্চাভিপদ্যতে ॥ ৫ ॥
অনর্থোপশমং সাক্ষাদ্ভক্তিযোগমধোক্ষজে।
লোকস্যাজানতো বিদ্বাংশ্চক্রে সাত্বতসংহিতাম্ ॥ ৬ ॥

অন্বয়

ভক্তিযোগেন (হরিভক্তিযোগে) অমলে মনসি (নির্ম্মল মন) সম্যক্ প্রণিহিতে (সম্পূর্ণরূপে সমাহিত হইলে) [ব্যাসদেব] পূর্ণং পুরুষং (পূর্ণ পুরুষ পরমাত্মাকে) তদুপাশ্রয়াং মায়াং চ (এবং তাঁহার শক্তিভূতা মায়াকে) অপশ্যৎ (দেখিতে পাইলেন)॥ ৪ ॥

জীবঃ (পরমাত্মার অংশ জীব) পরঃ অপি (দেহাদিবিলক্ষণ পরমাত্মাস্বরূপ হইয়াও) যয়া (যে মায়াদ্বারা) সম্মোহিতঃ (মোহিত হইয়া) আত্মানং (নিজকে) ত্রিগুণাত্মকং (সত্ত্ব, রজঃ ও তমোগুণযুক্ত দেহস্বরূপ) মনুতে (মনে করে)। তৎকৃতম্ (এবং দেহাত্মাভিমানজন্য) অনর্থং চ (অনর্থও) অভিপদ্যতে (পাইয়া থাকে)॥ ৫ ॥

বিদ্বান্ (শাস্ত্রজ্ঞ ব্যাসদেব) অনর্থোপশমং (জন্মমরণাদিসন্তাপহারী) অধোক্ষজে (হৃষীকেশে)

অনুবাদ

হরিভক্তিযোগে নির্ম্মল মন সম্পূর্ণরূপে সমাহিত হইলে ব্যাসদেব পূর্ণ পুরুষ পরমাত্মাকে এবং তাঁহার শক্তিভূতা মায়াকে দেখিতে পাইলেন॥ ৪ ॥

পরমাত্মার অংশ জীব, দেহেন্দ্রিয়াদিবিলক্ষণ পরমাত্মা স্বরূপ হইয়াও যে মায়াদ্বারা মোহিত হইয়া নিজকে [অর্থাৎ জীবাত্মাকে] সত্ত্ব, রজঃ ও তমোগুণযুক্ত দেহস্বরূপ মনে করে, এবং দেহাত্মাভিমানজন্য অনর্থও পাইয়া থাকে। [অর্থাৎ দেহেতে আত্মবুদ্ধির ফলে সংসার দুঃখ ভোগ করিয়া থাকে] ॥ ৫ ॥

[এবং] শাস্ত্রজ্ঞ ব্যাসদেব জন্মমরণাদিসন্তাপহারী হৃষীকেশে সাক্ষাৎহরি ভক্তিযোগ এবং

টীকা

বরেণ্যং, ধ্যায়েম কৃষ্ণং কমলেক্ষণং হরিমিতি"। "তদুপাশ্রয়াং" তচ্ছক্তিভূতাং "মায়াং চ অপশ্যৎ"। সা চাপ্যুক্তা পূর্ব্বাচার্য্যেণ—"মায়াপ্রধানাদিপদপ্রবাচ্যং শুক্লাদিভেদৈশ্চ সমর্পিতং বেতি॥ ৪ ॥ "জীবঃ" পরমাত্মনোঽংশভূতঃ "পরোঽপি" দেহাদিবিলক্ষণোঽপি "যয়া মোহিত আত্মানং ত্রিগুণাত্মকং" দেহং মনুতে মন্যতে। জীবলক্ষণমুক্তং পূর্ব্বাচার্য্যেণ—"জ্ঞানস্বরূপঞ্চ হরেরধীনং, শরীরসংযোগবিয়োগযোগ্যম্। অণুং হি জীবং প্রতিদেহভিন্নং জ্ঞাতৃত্ববন্তং যদনন্তমাহুঃ॥ অনাদিমায়াপরিযুক্তরূপং ত্বেনং বিদুর্ব্বৈ ভগবৎপ্রসাদাৎ" ইতি। বিস্তরস্তু সূত্রভাষ্যে বেদান্তকৌস্তুভে দ্রষ্টব্যঃ। "তৎকৃতং" দেহাত্মাভিমানকৃতম্ "অনর্থম্ অভিপদ্যতে" প্রাপ্নোতি॥ ৫ ॥

অনর্থং জন্মমরণাদিসন্তাপমুপময়তীতি "অনর্থোপশমং ভক্তিযোগঞ্চ" অপশ্যৎ। "মদ্ভক্ত এতদ্-বিজ্ঞায় মদ্ভাবায়োপপদ্যতে" ইতি শ্রীভগবদুক্তং তদ্ভাবাপত্তিরূপং ফলমপি অপশ্যৎ। সাধনস্য

যস্যাং বৈ শ্রূয়মাণায়াং কৃষ্ণে পরমপুরুষে।
ভক্তিরুৎপদ্যতে পুংসঃ শোকমোহভয়াপহা ॥ ৭ ॥
স সংহিতাং ভাগবতীং কৃত্বানুক্রম্য চাত্মজম্।
শুকমধ্যাপয়ামাস নিবৃত্তিনিরতং মুনিম্ ॥ ৮ ॥

অন্বয়

সাক্ষাৎ ভক্তিযোগং (সাক্ষাৎ ভক্তিযোগ) [দেখিতে পাইলেন এবং তাহার ফলস্বরূপ তদ্ভাবাপত্তিও দেখিতে পাইলেন] অজানতঃ ([এইরূপে উপাস্য, উপাসক, মায়া, ভক্তিযোগ ও তদ্ভাবাপত্তিরূপ ফল, এই বিষয়পঞ্চক প্রত্যক্ষ করিয়া তদ্বিষয়ে] অনভিজ্ঞ) লোকস্য (লোকের জন্য) [তিনি] সাত্বতসংহিতাং (শ্রীমদ্ভাগবত সংহিতা) চক্রে (প্রণয়ন করিয়াছেন) ॥ ৬ ॥

যস্যাং শ্রূয়মাণায়াং বৈ (যে ভাগবত গ্রন্থ শ্রবণ করিলেই) পুংসঃ (মানবগণের) পরমপুরুষে কৃষ্ণে (পরমপুরুষ শ্রীকৃষ্ণে) শোকমোহভয়াপহা (শোক, মোহ ও ভয়াপহারিণী) ভক্তিঃ উৎপদ্যতে (ভক্তি উৎপন্ন হইয়া থাকে) ॥ ৭ ॥

সঃ (সেই ব্যাসদেব) ভাগবতীং সংহিতাং (ভাগবত নামক মহাপুরাণ) কৃত্বা (প্রণয়ন করিয়া) অনুক্রম্য চ (এবং সংশোধন করিয়া) নিবৃত্তিনিরতম্ (নিবৃত্তিমার্গে অবস্থিত) আত্মজং (স্বীয় পুত্র) মুনিং শুকং (মুনি শ্রীশুকদেবকে) অধ্যাপয়ামাস (অধ্যয়ন করাইয়াছিলেন) ॥ ৮ ॥

অনুবাদ

তাহার ফলস্বরূপ ভগবদ্ভাবাপত্তিও দেখিতে পাইলেন। এইরূপে উপাস্য, উপাসক, মায়া, ভক্তিযোগ ও তদ্ভাবাপত্তিরূপ ফল, এই বিষয়পঞ্চক প্রত্যক্ষ করিয়া তদ্বিষয়ে অনভিজ্ঞ লোকের জন্য তিনি শ্রীমদ্ভাগবত সংহিতা প্রণয়ন করিয়াছেন ॥ ৬ ॥

যে ভাগবত গ্রন্থ শ্রবণ করিলেই মানবগণের পরমপুরুষ শ্রীকৃষ্ণে শোক, মোহ ও ভয়াপহারিণী ভক্তি উৎপন্ন হইয়া থাকে ॥ ৭ ॥

সেই ব্যাসদেব ভাগবত নামক মহাপুরাণ প্রণয়ন এবং সংশোধন করিয়া নিবৃত্তিমার্গে অবস্থিত স্বীয়পুত্র মুনি শ্রীশুকদেবকে তাহা অধ্যয়ন করাইয়াছিলেন ॥ ৮ ॥

টীকা

সাধ্যলক্ষকত্বাৎ। তথাচ—উপাস্যপুরুষং, তদুপাসকং জীবং, মায়াং তদপ্রাপ্তৌবিরোধিনীম্, ভক্তিরসং, ফলঞ্চ ইত্যর্থপঞ্চকমপশ্যৎ। অন্যেঽপি সাধনাদৌ বিরোধিনো মায়োপলক্ষিতা জ্ঞেয়ঃ, তে চ অগ্রে স্ফুটীভবিষ্যন্তি। ইত্যেবমর্থপঞ্চকমজানতো লোকস্যার্থে সদ্ ভগবানুপাস্ততয়া অস্তি যেষাং তে সত্বন্তঃ, সত্বন্ত এব সাত্বতাঃ, রাক্ষসবায়সাদিবৎ স্বার্থে অণ্, তেষাং "সংহিতা" ভাগবতরূপা তাম্, অর্থপঞ্চকবোধিনীং "সাত্বতসংহিতাং চক্রে", বক্ষ্যতি চ—"শ্রীমদ্ভাগবতং পুরাণতিলকং যদ্বৈষ্ণবানাং ধনমিতি" ॥৬॥৭॥৮॥

শৌনক উবাচ

স বৈ নিবৃত্তিনিরতঃ সর্ব্বত্রোপেক্ষকো মুনিঃ।
কস্য বা বৃহতীমেতামাত্মারামঃ সমভ্যসৎ ॥ ৯ ॥

সূত উবাচ

আত্মারামাশ্চ মুনয়ো নির্গ্রন্থা অপ্যুরুক্রমে।
কুর্ব্বন্ত্যহৈতুকীং ভক্তিমিত্থম্ভূতগুণো হরিঃ ॥ ১০ ॥
হরের্গুণাক্ষিপ্তমতির্ভগবান্ বাদরায়ণিঃ।
অধ্যগান্মহদাখ্যানং নিত্যং বিষ্ণুজনপ্রিয়ঃ ॥ ১১ ॥

অন্বয়

সঃ নিবৃত্তিনিরতঃ (সেই নিবৃত্তিমার্গাবলম্বী) আত্মারামঃ মুনিঃ বৈ (আত্মারাম মুনি শ্রীশুকদেব) কস্য বা হেতোঃ (কি কারণেই বা) সর্ব্বত্র উপেক্ষকঃ (অপর সকলবিষয়ে অধ্যয়ন ও অধ্যাপনা শূন্য হইয়া) এতাং বৃহতীং (এই বৃহৎ ভাগবত সংহিতা) সমভ্যসৎ (অভ্যাস করিয়াছিলেন) ॥৯॥

মুনয়ঃ (মুনিগণ) আত্মারামাঃ (পরমাত্মার ধ্যানে নিরত থাকেন)। [অতএব] নির্গ্রন্থাঃ অপি [অতএব তাঁহারা ভক্তিবিরুদ্ধ গ্রন্থ অধ্যয়নে বিরত থাকিলেও) উরুক্রমে (শ্রীহরিতে) অহৈতুকীং ভক্তিং (নিষ্কাম ভক্তি) কুর্ব্বন্তি (করিয়া থাকেন)। [যতঃ] হরিঃ ইত্থম্ভূতগুণঃ (যেহেতু শ্রীহরি এই প্রকার ধ্যাননিষ্ঠ যোগিগণের চিত্তাকর্ষক হইয়া থাকেন) ॥ ১০ ॥

ভগবান্ বাদরায়ণিঃ (ব্যাসপুত্র ভগবান্ শ্রীশুকদেব) হরেঃ (শ্রীহরির) গুণাক্ষিপ্তমতিঃ (গুণে

অনুবাদ

শৌনক বলিলেন—সেই নিবৃত্তিমার্গাবলম্বী আত্মারাম মুনি শ্রীশুকদেব কি কারণেই বা অপর সকল বিষয়ে অধ্যয়ন ও অধ্যাপনাশূন্য হইয়া এই বৃহৎ ভাগবত সংহিতা অভ্যাস করিয়াছিলেন? ॥ ৯ ॥

সূত বলিলেন—মুনিগণ পরমাত্মার ধ্যানে নিরত থাকেন, অতএব তাঁহারা ভক্তিবিরুদ্ধ গ্রন্থ অধ্যয়নে বিরত থাকিলেও শ্রীহরিতে নিষ্কাম ভক্তি করিয়া থাকেন। [কাজেই ভক্তির যথার্থ স্বরূপ অবগত হওয়ার জন্য হরিভক্তি প্রকাশক গ্রন্থ অবশ্যই তাঁহাদের অধ্যয়নীয়] যেহেতু শ্রীহরি এই প্রকার ধ্যাননিষ্ঠ যোগিগণের চিত্তাকর্ষক হইয়া থাকেন ॥ ১০ ॥

ব্যাসনন্দন ভগবান্ শ্রীশুকদেব শ্রীহরির গুণে আকৃষ্টচিত্ত হইয়া ভাগবত নামক মহাপুরাণ অধ্যয়ন করিয়াছিলেন। অতএব তিনি সর্ব্বদা ভগবদ্ভক্তগণের প্রিয় ॥ ১১ ॥

টীকা

"সর্ব্বত্রোপেক্ষকঃ" সর্ব্বাধ্যয়নাধ্যাপনশূন্যঃ, "কস্য" হেতোঃ ॥ ৯ ॥ "আত্মারামাঃ" পরমাত্মধ্যাননিষ্ঠাঃ ধ্যানবিরুদ্ধেভ্যো গ্রন্থেভ্যো নির্গতা অপি "উরুক্রমে তু ভক্তিং" ধ্যানাদিরূপাং "কুর্ব্বন্ত্যেব"। ভক্তিস্বরূপযাথাত্ম্যবোধার্থং ভক্তিবোধিনী সংহিতা নিবৃত্তিনিরতৈরবশ্যমুপাদেয়েতি ভাবঃ। "যস্যাং বৈ শ্রূয়মাণায়াং কৃষ্ণে পরমপুরুষে। ভক্তিরুৎপদ্যতে" ইতি প্রাগুক্তেঃ। ইত্যেকঃ সংহিতাধ্যয়নে হেতুরুক্তঃ। অথৈবম্ভূতভগবৎপ্রতিপাদকং গ্রন্থং নিবৃত্তো বা কঃ শরণং ব্রজেদিতি হেত্বন্তরমাহ—"ইত্থম্ভূতগুণো হরি"রিতি ॥১০॥ দ্বিতীয়ং হেতুং বিবৃণোতি—"হরের্গুণাক্ষিপ্তমতিঃ

পরীক্ষিতোঽথ রাজর্ষের্জ্জন্মকর্ম্মবিলাপনম্।
সংস্থাঞ্চ পাণ্ডুপুত্রাণাং বক্ষ্যে কৃষ্ণকথোদয়ম্ ॥ ১২ ॥
যদা মৃধে কৌরবসৃঞ্জয়ানাং বীরেষ্বথো বীরগতিং গতেষু।
বৃকোদরাবিদ্ধগদাভিমর্ষভগ্নোরুদণ্ডে ধৃতরাষ্ট্রপুত্রে ॥ ১৩ ॥

অন্বয়

আকৃষ্টচিত্ত হইয়া) মহৎ আখ্যানম্ (ভাগবত নামক মহাপুরাণ) অধ্যগাৎ (অধ্যয়ন করিয়াছিলেন)। [অতঃ সঃ] নিত্যং বিষ্ণুজনপ্রিয়ঃ (অতএব তিনি সর্ব্বদা ভগবদ্ভক্তগণের প্রিয়) ॥ ১১ ॥

অথ (অতঃপর) কৃষ্ণকথোদয়ম্ (ভক্তগণের পরিত্রাণাদিকর কৃষ্ণলীলাপ্রকাশক) রাজর্ষেঃ পরীক্ষিতঃ (রাজর্ষি পরীক্ষিতের) জন্মকর্ম্মবিলাপনং (জন্মকর্ম্মসকল ও ভগবদ্ভাবপ্রাপ্তি), পাণ্ডুপুত্রাণাং (এবং পাণ্ডুপুত্র যুধিষ্ঠিরাদি পঞ্চ ভ্রাতার) সংস্থাং চ (মহাপ্রস্থান ও শ্রীকৃষ্ণগুণানুশীলন) বক্ষ্যে (বর্ণনা করিব) ॥ ১২ ॥

যদা (যে সময়ে) কৌরবসৃঞ্জয়ানাং (দুর্য্যোধনপক্ষীয় ও যুধিষ্ঠিরপক্ষীয়গণের) মৃধে (যুদ্ধে) বীরেষু (বীরযোদ্ধৃগণ) বীরগতিং গতেষু (বীরোচিত গতি [অর্থাৎ স্বর্গ] প্রাপ্ত হইলে) অথো (অনন্তর) ধৃতরাষ্ট্রপুত্রে (ধৃতরাষ্ট্রপুত্র দুর্য্যোধনের) বৃকোদরাবিদ্ধগদাভিমর্ষভগ্নোরুদণ্ডে [সতি]

অনুবাদ

["কোন যুগে কোন স্থানে এই ভাগবত গ্রন্থ রচিত হইয়াছে" এই যে প্রশ্ন করা হইয়াছিল, তাহার উত্তর দেওয়া হইয়াছে। এখন অভিমন্যুপুত্র পরীক্ষিতের জন্মকর্ম্মবিষয়ে যে প্রশ্ন করা হইয়াছিল তাহার উত্তর দেওয়া হইতেছে]—অতঃপর ভক্তগণের পরিত্রাণাদি-কর কৃষ্ণলীলা প্রকাশক রাজর্ষি পরীক্ষিতের জন্মকর্ম্মসকল ও ভগবদ্ভাবপ্রাপ্তি এবং পাণ্ডুপুত্র যুধিষ্ঠিরাদি পঞ্চ ভ্রাতার মহাপ্রস্থান ও কৃষ্ণগুণানুশীলন বর্ণনা করিব।। ১২ ॥

যে সময়ে দুর্য্যোধনপক্ষীয় ও যুধিষ্ঠিরপক্ষীয়গণের যুদ্ধে বীরযোদ্ধৃগণ বীরোচিত-গতি অর্থাৎ স্বর্গ প্রাপ্ত হইলে, [অর্থাৎ একপক্ষে কেবলমাত্র দুর্য্যোধন, পলায়িত কৃপ,

টীকা

মহদাখ্যানম্ অধ্যগাৎ" অধীতবানিতি। হেত্বন্তরগর্ভং বিশেষণমাহ—"নিত্যং বিষ্ণুজনপ্রিয়" ইতি। বিষ্ণুজনসঙ্গতিসিদ্ধয়েঽপি মহদাখ্যানম্ অধ্যগাৎ ॥ ১১ ॥ তদিত্থং "কস্মিন্ যুগে প্রবৃত্তেয়ং স্থানে বা কেন হেতুনে"ত্যাদিপ্রশ্নানামুত্তরাণ্যুক্তানি। সম্প্রতি "তস্য পুত্রো মহাযোগী"-ত্যাদিপ্রশ্নোত্তরং বক্ষ্যন্ তাবদ্ "অভিমন্যুসুতং সুত! প্রাহুর্ভাগবতোত্তমম্। তস্য জন্ম মহাশ্চর্য্যং কর্ম্মাণি চ গৃণীহি নঃ" ইতি যৎ পৃষ্টং তদুত্তরং বক্তুমাহ"পরীক্ষিত" ইতি। জন্মকর্ম্মাণি চ বিলাপনং ভগবৎপ্রাপ্তিশ্চ তেষাং সমাহারস্তং। কথম্ভূতম্? "কৃষ্ণকথোদয়ম্" কৃষ্ণকথানাং ভক্তপরিত্রাণা-দিরূপাণাং উদয়ো যস্মাৎ তৎ, ভগবদাবেশেন সর্ব্বপরিত্যাগপূর্ব্বকশরীরবিসর্জ্জনরূপাং সংস্থাং, চকারেণ ভগবৎপ্রাপ্তিং বক্ষ্যে। লিঙ্গব্যত্যয়েন কৃষ্ণকথোদয়াং সংস্থাম্ ইত্যেবং যোজ্যম্ ॥ ১২ ॥ তত্র পরীক্ষিতো জন্ম বক্ষ্যন্ তৎপিতামহাদীনাং কথামাহ "যদে"তি। যদা ইত্যস্য তদা কিরীটমালী আহেতি তৃতীয়েনান্বয়ঃ। "কুরুসৃঞ্জয়ানাং" কুরূণাং ভীষ্মাদীনাং সুযোধনপক্ষীয়ানাং সৃঞ্জয়ানাং ধৃষ্টদ্যুম্নাদীনাং

ভর্ত্তুঃ প্রিয়ং দ্রৌণিরিতি স্ম পশ্যন্ কৃষ্ণাসুতানাং স্বপতাং শিরাংসি।
উপাহরদ্বিপ্রিয়মেব তস্য জুগুপ্সিতং কর্ম্ম বিগর্হয়ন্তি ॥ ১৪ ॥
মাতা সুতানাং নিধনং শিশূনাং নিশম্য ঘোরং পরিতপ্যমানা।
তদারুদদ্বাষ্পকলাকুলাক্ষী তাং সান্ত্বয়ন্নাহ কিরীটমালী ॥ ১৫ ॥

অন্বয়

(ভীমসেনকর্ত্তৃক নিক্ষিপ্ত গদার আঘাতে উরুদেশ ভাঙ্গিয়া গেলে) দ্রৌণিঃ (দ্রোণপুত্র অশ্বত্থামা) তস্য ভর্ত্তুঃ (স্বীয় পালক রাজা দুর্য্যোধনের) প্রিয়ম্ ইতি স্ম পশ্যন্ (প্রিয় কার্য্য হইবে ইহা মনে করিয়া) স্বপতাং (নিদ্রিত) কৃষ্ণাসুতানাং (দ্রৌপদীর পঞ্চপুত্রের) শিরাংসি [ছিত্বা] (মস্তক সকল ছেদন করিয়া) উপাহরৎ ([দুর্য্যোধনকে] উপহার দিয়াছিলেন)। তস্য (সেই দুর্য্যোধনের) [সে কার্য্য] বিপ্রিয়ম্ এব (অপ্রিয়ই হইয়াছিল) [যেহেতু মহাত্মগণ] জুগুপ্সিতং কর্ম্ম (নিন্দিত কর্ম্মের) বিগর্হয়ন্তি (নিন্দাই করিয়া থাকেন) ॥১৩॥ ১৪ ॥

মাতা (সেই পঞ্চপুত্রের জননী দ্রৌপদী) শিশূনাং সুতানাং (শিশুপুত্রগণের) নিধনং নিশম্য (নিধনবার্ত্তা শ্রবণ করিয়া) ঘোরং পরিতপ্যমানা (দুঃসহ শোকতাপে তাপিতা হইয়া) বাষ্পকলাকুলাক্ষী (অশ্রুসিক্ত নয়নে) অরুদৎ (ক্রন্দন করিতেছিলেন) তদা (সেই সময়ে) তাং সান্ত্বয়ন্ (তাহাকে সান্ত্বনা করিয়া) কিরীটমালী (অর্জ্জুন) আহ (বলিতে আরম্ভ করিলেন) ॥১৫॥

অনুবাদ

কৃতবর্ম্মা ও অশ্বত্থামা, অপর পক্ষে কৃষ্ণ ও পাণ্ডবগণ রহিলে] অনন্তর ভীমনিক্ষিপ্ত গদার আঘাতে ধৃতরাষ্ট্রপুত্র দুর্য্যোধনের উরুদেশ ভাঙ্গিয়া গেলে, দ্রোণপুত্র অশ্বত্থামা স্বীয় পালক রাজা দুর্য্যোধনের প্রিয় কার্য্য হইবে ইহা মনে করিয়া দ্রৌপদীর নিদ্রিত পঞ্চপুত্রের মস্তক ছেদন করিয়া দুর্য্যোধনকে উপহার দিয়াছিলেন। কিন্তু দুর্য্যোধনের সেই কার্য্য অপ্রিয়ই হইল। যেহেতু মহাত্মগণ [স্বার্থান্বেষী না হইয়া] নিন্দিত কর্ম্মের নিন্দাই করিয়া থাকেন ॥ ১৩ ॥ ১৪ ॥

[এবং যখন] সেই পঞ্চপুত্রের জননী দ্রৌপদী, শিশুপুত্রগণের নিধনবার্ত্তা শ্রবণ পূর্ব্বক দুঃসহ শোকতাপে তাপিতা হইয়া অশ্রুসিক্ত নয়নে ক্রন্দন করিতেছিলেন, সেই সময়ে তাঁহাকে সান্ত্বনা করিয়া অর্জ্জুন বলিতে আরম্ভ করিলেন ॥ ১৫ ॥

টীকা

যুধিষ্ঠিরপক্ষীয়ানাং "মৃধে" যুদ্ধে উভয়পক্ষীয়েষু "বীরগতিং গতেষু" সৎসু সুযোধনমহারথেষু অবশিষ্টেষু কৃপকৃতবর্ম্মদ্রৌণীষু অন্যত্র বিদ্রুতেষু সৎসু অবশিষ্টেন সৈন্যেন সহ বৃষ্ণেষু পাণ্ডবেষু অবস্থিতেষু সৎসু ভীমসুযোধনয়োর্গদাযুদ্ধে—"অথ"ানন্তরং শ্রীকৃষ্ণপ্রেরিতেন বৃকোদরেণাবিদ্ধায়াঃ ক্ষিপ্তায়াঃ গদায়াঃ অভিমর্ষেণ ঘাতেন ভগ্নৌ উরূ এব দণ্ডৌ যস্য তথাভূতে "ধৃতরাষ্ট্রপুত্রে" সুযোধনে সতি ॥ ১৩ ॥ তদনন্তরং জিতকাশিষু পাণ্ডবেষু কৃষ্ণাজ্ঞয়া শিবিরং বিহায় অন্যত্র নক্তং বিশ্রাম্যমানেষু কৃপকৃতবর্ম্মভ্যাং সহ আগত্য "দ্রৌণিঃ" সুযোধনেন সুপ্তবধার্থমনাজ্ঞপ্তঃ "ভর্ত্তুঃ" সুযোধনস্য "প্রিয়ং স্যাদিতি পশ্যন্" শিবিরে সুপ্তানাং "কৃষ্ণাসুতানাং" দ্রৌপদীসুতানাং "শিরাংসি" ছিত্বা "উপাহরৎ"। তৎ দ্রৌণিকর্ম্ম "তস্য" সুযোধনস্য "বিপ্রিয়ং" জাতং তস্যৈব অকার্য্যকারয়িতৃত্বাৎ। যতঃ শিষ্টাঃ "জুগুপ্সিতং কর্ম্ম গর্হয়ন্তি" ॥১৪॥ বাষ্পকলাভিঃ আকুলে অক্ষিণী যস্যাঃ সা

তদা শুচস্তে প্রমৃজামি ভদ্রে ! যদ্ ব্রহ্মবন্ধোঃ শির আততায়িনঃ।
গাণ্ডীবমুক্তৈর্ব্বিশিখৈরুপাহরে ত্বাক্রম্য যৎ স্নাস্যসি দগ্ধপুত্রা ॥ ১৬ ॥
ইতি প্রিয়াং বল্গুবিচিত্রজল্পৈঃ স সান্ত্বয়িত্বাচ্যুতমিত্রসূতঃ।
অন্বাদ্রবদ্দংশিত উগ্রধন্বা কপিধ্বজো গুরুপুত্রং রথেন ॥ ১৭ ॥
তমাপততং স বিলোক্য দূরাৎ কুমারহোদ্বিগ্নমনা রথেন।
পরাদ্রবৎ প্রাণপরীপ্সুরুর্ব্ব্যাং যাবদ্গমং রুদ্রভয়াদ্ যথার্কঃ ॥ ১৮ ॥

অন্বয়

ভদ্রে! (কল্যাণি!) [আমি] যৎ (যখন) আততায়িনঃ (আততায়ী) ব্রহ্মবন্ধোঃ (সেই ব্রাহ্মণাধম অশ্বত্থামার) শিরঃ (মস্তক) গাণ্ডীবমুক্তৈঃ বিশিখৈঃ (গাণ্ডীবমুক্ত শরের দ্বারা) উপাহরে (তোমার নিকটে আনয়ন করিব), যৎ তু (যেই মস্তকে) আক্রম্য (উপবেশন করিয়া) দগ্ধপুত্রা (মৃতপুত্রা তুমি) স্নাস্যসি (স্নান করিবে)। তদা (তখন) তে শুচঃ (তোমার এই শোকাশ্রু) প্রমৃজামি (বিমোচন করিব) ॥ ১৬ ॥

অচ্যুতমিত্রসূতঃ (ভগবান্ শ্রীকৃষ্ণ যাহার মিত্র ও সারথি) উগ্রধন্বা ([এবং] যিনি ভয়ঙ্কর ধনু ধারণ করিয়া থাকেন) সঃ কপিধ্বজঃ (সেই কপিধ্বজ অর্জ্জুন) ইতি (এই প্রকারে) বল্গুবিচিত্রজল্পৈঃ (প্রতিজ্ঞারূপ মনোহর বাক্যের দ্বারা) প্রিয়াং সান্ত্বয়িত্বা (প্রিয়া দ্রৌপদীকে সান্ত্বনা করিয়া) দংশিতঃ (কবচ ধারণ করতঃ) রথেন (রথযোগে) গুরুপুত্রং অন্বাদ্রবৎ (গুরুপুত্র অশ্বত্থামার পশ্চাৎ ধাবিত হইলেন) ॥১৭॥

সঃ কুমারহা (সেই শিশুঘাতী অশ্বত্থামা) দূরাৎ (দূর হইতে) তং (গাণ্ডীবধারী অর্জ্জুনকে)

অনুবাদ

হে কল্যাণি! আমি যখন আততায়ী সেই ব্রাহ্মণাধম অশ্বত্থামার মস্তক গাণ্ডীব-মুক্ত শরের দ্বারা তোমার নিকটে আনয়ন করিব, এবং সেই অশ্বত্থামার মস্তকে উপবেশন করিয়া মৃতপুত্রা তুমি স্নান করিবে, তখন আমি তোমার এই শোকাশ্রু বিমোচন করিব ॥ ১৬ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ যাঁহার মিত্র ও সারথি, এবং যিনি ভয়ঙ্কর ধনুঃ ধারণ করিয়া থাকেন, সেই কপিধ্বজ অর্জ্জুন, এই প্রকারে প্রতিজ্ঞারূপ মনোহর বাক্যের দ্বারা প্রিয়া দ্রৌপদীকে সান্ত্বনা করিয়া কবচধারণ পূর্ব্বক রথযোগে গুরুপুত্র অশ্বত্থামার পশ্চাৎ ধাবিত হইলেন ॥ ১৭ ॥

সেই শিশুঘাতী অশ্বত্থামা দূর হইতে গাণ্ডীবধারী অর্জ্জুনকে আসিতে দেখিয়া অতিশয়

টীকা

কৃষ্ণা "অরুদৎ," "তদা কিরীটমালী" ইন্দ্রদত্তস্য কিরীটস্যাগ্র্যাণাং বাহুল্যমাশ্রিত্য ইদমুচ্যতে কিরীটানাং মালা এব মালা অস্য অস্তীতি স তথা অর্জ্জুন ইদং বক্ষ্যমাণ"মাহ" ॥১৫॥ "যদ্" যদা "আততায়িনঃ" শস্ত্রপাণেঃ "অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ ক্ষেত্রদারাপহারী চ ষড়েতে আততায়িন" ইতি স্মৃতেঃ। "ব্রহ্মবন্ধো" ব্রাহ্মণাধমস্য "শিরঃ আহরে" আনয়ামি, যদা আহৃতং শিরঃ "আক্রম্য" আসনং বিধায় "দগ্ধপুত্রা স্নাস্যসি, তদা শুচঃ" শোকাশ্রূণি "প্রমৃজামি" মার্জ্জয়ামি ॥১৬॥ অচ্যুতো মিত্রং সূতশ্চ যস্য সঃ, "দংশিতঃ" ধৃতকবচঃ ॥ ১৭॥ "বিলক্ষ্য" প্রত্যভিজ্ঞায়, "প্রাণপরীপ্সুঃ" প্রাণান্ প্রাপ্তুমিচ্ছুঃ "যাবদ্গমং" যাবদ্ গন্তুং শক্যং তাবদ্

যদাশরণমাত্মানমৈক্ষত শ্রান্তবাজিনম্।
অস্ত্রং ব্রহ্মশিরো মেন আত্মত্রাণং দ্বিজাত্মজঃ ॥ ১৯ ॥
অথোপস্পৃশ্য সলিলং সন্দধে তৎ সমাহিতঃ।
অজানন্নপি সংহারং প্রাণকৃচ্ছ্র উপস্থিতে ॥ ২০ ॥

অন্বয়

আপততং বিলোক্য (আসিতে দেখিয়া) উদ্বিগ্নমনাঃ (উদ্বিগ্নচিত্তে) প্রাণপরীপ্সুঃ (প্রাণ রক্ষা করিতে ইচ্ছুক হইয়া) যাবদ্গমং (যে পর্য্যন্ত যাইতে সমর্থ হইলেন) [তাবৎ] (সেই পর্য্যন্ত) উর্ব্ব্যাং (পৃথিবীর নানাস্থানে) পরাদ্রবৎ (পলায়ন করিতে লাগিলেন)। যথা (যেমন) রুদ্রভয়াৎ (মহাদেবের ভয়ে) অর্কঃ (সূর্য্য) [পলায়ন করিয়াছিলেন] ॥ ১৮ ॥

দ্বিজাত্মজঃ (ব্রাহ্মণপুত্র অশ্বত্থামা) যদা (যখন) শ্রান্তবাজিনং (অশ্বগণ পরিশ্রান্ত হওয়ায়) আত্মানং (নিজেকে) অশরণম্ ঐক্ষত (অসহায় বুঝিতে পারিলেন) তদা (তখন) ব্রহ্মশিরঃ অস্ত্রম্ (ব্রহ্মাস্ত্রকে) আত্মত্রাণং (আত্মরক্ষাকারী বলিয়া) মেনে (মনে করিলেন) ॥ ১৯ ॥

অথ (অনন্তর) প্রাণকৃচ্ছ্রে উপস্থিতে (প্রাণসঙ্কট উপস্থিত হইলে) [তিনি] সলিলম্ উপস্পৃশ্য (আচমন করিয়া) সমাহিতঃ (ধ্যানকরতঃ) সংহারম্ অজানন্নপি (উপসংহার না জানিয়াও) তৎ (সেই ব্রহ্মাস্ত্র) সন্দধে (সন্ধান করিলেন) ॥ ২০ ॥

অনুবাদ

উদ্বিগ্নচিত্তে প্রাণ রক্ষা করিতে ইচ্ছুক হইয়া প্রাণভয়ে যে পর্য্যন্ত যাইতে সমর্থ হইলেন, সেই পর্য্যন্ত পৃথিবীর নানাস্থানে পলায়ন করিতে লাগিলেন। যেমন মহাদেবের ভয়ে সূর্য্যদেব পলায়ন করিয়াছিলেন ॥ ১৮ ॥ *

ব্রাহ্মণপুত্র অশ্বত্থামা যখন অশ্বগণ পরিশ্রান্ত হওয়ায় নিজেকে অসহায় বলিয়া বুঝিতে পারিলেন, [অর্থাৎ পলায়নে অসমর্থ হইলেন] তখন ব্রহ্মাস্ত্রকেই প্রাণরক্ষাকারী বলিয়া মনে করিলেন [অর্থাৎ সেই অস্ত্র নিক্ষেপ করিয়া অর্জ্জুনকে সংহার করিতে উদ্যুক্ত হইলেন] ॥ ১৯ ॥

অনন্তর প্রাণ সঙ্কট উপস্থিত হইলে তিনি আচমন করিয়া ধ্যান করতঃ উপসংহার না জানিয়াও সেই ব্রহ্মাস্ত্র সন্ধান করিলেন ॥ ২০ ॥

টীকা

"ভূমৌ পরাদ্রবৎ" পলায়িতবান্। "যথা রুদ্রভয়াৎ অর্কঃ," এবং হি বামনপুরাণে কথা অস্তি—বিদ্যুন্মালী রাক্ষসঃ শিবভক্তঃ। স হি প্রসন্নাৎ শিবাৎ সৌবর্ণং বিমানং প্রাপ্য অর্কবৎ মেরোঃ পরিতঃ ভ্রমন্ রাত্রিং বিলোপিতবান্। লোকহিতচিকীর্ষুঃ অর্কঃ তদ্বিমানং পাতয়ামাস। ততো ভক্তপক্ষপাতিনি রুদ্রে কুপিতে অর্কঃ পরাদ্রবদিত্যাদি ॥১৮॥ "ঐক্ষত" পর্য্যালোচিতবান্, আত্মা ত্রায়তে অনেন "তদাত্মত্রাণম্" ॥১৯॥

* বামনপুরাণে এইরূপ উল্লিখিত আছে যে বিদ্যুন্মালীনামক রাক্ষস শিবের ভক্ত ছিল। সে তপস্যার দ্বারা শিবকে সন্তুষ্ট করিয়া শিবের নিকট হইতে সুবর্ণময় রথ পাইয়াছিল। অতঃপর সেই রথে আরোহণ করিয়া সূর্য্যের মত সুমেরু পর্ব্বতের চারিদিকে ভ্রমণ করতঃ রথতেজে রাত্রি লোপ করিয়াছিল। অনন্তর সূর্য্যদেব লোকের মঙ্গল চিন্তা করিয়া সেই রথকে বিনষ্ট করিয়াছিলেন। তাহাতে ভক্তপক্ষপাতী মহাদেব কুপিত হইলে সূর্য্যদেব পলায়ন করিয়াছিলেন।

ততঃ প্রাদুষ্কৃতং তেজঃ প্রচণ্ডং সর্ব্বতো দিশম্।
প্রাণাপদমভিপ্রেক্ষ্য বিষ্ণুং জিষ্ণুরুবাচ হ ॥ ২১ ॥

অর্জ্জুন উবাচ।

কৃষ্ণ ! কৃষ্ণ ! মহাবাহো ! ভক্তানামভয়ঙ্কর !।
ত্বমেকো দহ্যমানানামপবর্গোঽসি সংসৃতেঃ ॥ ২২ ॥
ত্বমাদ্যঃ পুরুষঃ সাক্ষাদীশ্বরঃ প্রকৃতেঃ পরঃ।
মায়াং ব্যুদস্য চিচ্ছক্ত্যা কৈবল্যে স্থিত আত্মনি ॥ ২৩ ॥

অন্বয়

জিষ্ণুঃ (জয়শীল অর্জ্জুন) ততঃ (সেই ব্রহ্মাস্ত্র হইতে) সর্ব্বতো দিশং (সকল দিকে) প্রাদুষ্কৃতং (প্রাদুর্ভূত) প্রাণাপদম্ (প্রাণনাশক) প্রচণ্ডং তেজঃ (প্রচণ্ডতেজকে) অভিপ্রেক্ষ্য (সম্মুখে দেখিয়া) বিষ্ণুং (শ্রীকৃষ্ণকে) উবাচ হ (বলিয়াছিলেন) ॥২১॥

অর্জ্জুনঃ উবাচ (অর্জ্জুন বলিলেন) কৃষ্ণ ! (হে পরম সদানন্দ !) কৃষ্ণ (হে ভক্তগণের স্বসাধর্ম্ম্যপ্রদ !) মহাবাহো ! (হে মহাবলশালিন্) ভক্তানাম্ অভয়ঙ্কর ! (হে ভক্তগণের অভয়প্রদান-কারিন্ !) একঃ ত্বং (একমাত্র আপনিই) দহ্যমানানাং (সংসার তাপে তাপিত সংসারিগণের) সংসৃতেঃ (জন্মমরণ প্রবাহরূপ সংসারের) অপবর্গঃ অসি (নাশক হইয়া থাকেন) ॥ ২২ ॥

আদ্যঃ (সর্ব্বকারণকারণ) পুরুষঃ (পরম পুরুষ) সাক্ষাৎ ঈশ্বরঃ ত্বং (সাক্ষাৎ ঈশ্বর আপনি) প্রকৃতেঃ পরঃ (পরা ও অপরা প্রকৃতি হইতে শ্রেষ্ঠ) যতঃ (যেহেতু [আপনি]) মায়াং (অপরাপ্রকৃতিকে) চিচ্ছক্ত্যা

অনুবাদ

জয়শীল অর্জ্জুন সেই ব্রহ্মাস্ত্র হইতে সকলদিকে প্রাদুর্ভূত স্বীয় প্রাণবিনাশক প্রচণ্ড তেজঃকে সম্মুখে দেখিয়া [সত্বর] শ্রীকৃষ্ণকে বলিয়াছিলেন ॥ ২১ ॥

অর্জ্জুন বলিলেন—হে কৃষ্ণ ! হে কৃষ্ণ ! হে মহাবলশালিন্ ! হে ভক্তগণের অভয় প্রদান-কারিন্ ! একমাত্র আপনিই সংসারতাপে তাপিত মানবগণের জন্মমরণ প্রবাহরূপ সংসারের নাশক হইয়া থাকেন ॥ ২২ ॥

সর্ব্বকারণকারণ, পরমপুরুষ ও সাক্ষাৎ ঈশ্বর আপনি পরা ও অপরা প্রকৃতি হইতে

টীকা

"তৎ" অস্ত্রম্ ॥ ২০ ॥ "ততঃ" অস্ত্রাৎ, "প্রাদুষ্কৃতং" প্রাদুর্ভূতম্ ॥ ২১ ॥ কিমিদমিতি বিজ্ঞাপয়িতুং তাবৎ কৃষ্ণেতি চতুর্ভিঃ ভগবন্তং স্তৌতি, সম্ভ্রমে দ্বিরুক্তিঃ, হে "কৃষ্ণ" ! "কৃষিভূবাচকঃ শব্দো ণশ্চ নিবৃতিবাচকঃ। বিষ্ণুস্তদ্ভাবযোগাচ্চ কৃষ্ণো ভবতি শাশ্বতঃ" ॥ ইত্যুদযোগোক্তনিরুক্তেঃ। হে পরমসদানন্দ ! পুনঃ হে "কৃষ্ণ"! কর্ষতি স্বানন্যভক্তং স্বসাধর্ম্ম্যং প্রাপয়তীতি হে স্বসাধর্ম্ম্যপ্রদ ! "একঃ" নিঃসমানাতিশয়ঃ "দহ্যমানানাং সংসারিণাং "সংসৃতেঃ" সংসারস্য "অপবর্গো" নাশকঃ ॥২২॥ "আদ্যো" বিশ্বহেতুত্বেন সর্ব্বেভ্যঃ পূর্ব্বঃ "পুরুষঃ সর্ব্বান্তরাত্মা "সাক্ষাদীশ্বরঃ" স্বয়ং প্রভুঃ "প্রকৃতেঃ" "ভূমিরাপোঽনলো বায়ুঃ খং মনো বুদ্ধিরেব চ। অহঙ্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরষ্টধা ॥ অপরেয়মিতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্। জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্য্যতে জগদিতি" ভগবদুক্তায়াঃ অপরায়াঃ পরায়াশ্চ "পরঃ" প্রকৃতিমত্তয়া উৎকৃষ্টঃ। এতদেবাহ

স এব জীবলোকস্য মায়ামোহিতচেতসঃ।
বিধৎসে স্বেন বীর্য্যেণ শ্রেয়ো ধর্ম্মাদিলক্ষণম্ ॥ ২৪ ॥
তথায়ঞ্চাবতারস্তে ভুবো ভারজিহীর্ষয়া।
স্বানাঞ্চানন্যভাবানামনুধ্যানায় চাসকৃৎ ॥ ২৫ ॥
কিমিদং স্বিৎ কুতো বেতি দেবদেব! ন বেদ্ম্যহম্।
সর্ব্বতোমুখমায়াতি তেজঃ পরমদারুণম্ ॥ ২৬ ॥

অন্বয়

(জ্ঞানরূপ চিচ্ছক্তির দ্বারা) ব্যুদস্য (অভিভূত করিয়া) কৈবল্যে আত্মনি (কেবল নিজেতেই নিজে) স্থিতঃ (অবস্থান করিতেছেন) ॥ ২৩ ॥

স এব (সেই আপনিই) মায়ামোহিতচেতসঃ (ত্রিগুণাত্মিকা প্রকৃতিকর্ত্তৃক মোহিতচিত্ত) জীবলোকস্য (জীবগণের) ধর্ম্মাদিলক্ষণং শ্রেয়ঃ (ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষরূপ ফল) স্বেন বীর্য্যেণ (স্বকীয় প্রভাবেই) বিধৎসে (প্রদান করিয়া থাকেন) ॥ ২৪ ॥

তথা (পূর্ব্ব অবতারের মত) তে (আপনার) অয়ম্ অবতারঃ চ (এই কৃষ্ণাবতারও) ভুবঃ (পৃথিবীর) ভারজিহীর্ষয়া (ভারহরণেচ্ছায়) [এবং] স্বানাং (জ্ঞাতিগণের) অনন্যভাবানাঞ্চ (ও একান্তভক্তগণের) অসকৃৎ অনুধ্যানায় চ (নিরন্তর ধ্যানের নিমিত্তই) [হইয়াছে] ॥ ২৫ ॥

দেবদেব! ইদং সর্ব্বতোমুখং (হে দেবদেব এই সর্ব্বদিগ্‌ব্যাপী) পরমদারুণং তেজঃ (অতি ভীষণ তেজঃ) কুতঃ আয়াতি (কোথা হইতে আসিতেছে) কিং স্বিৎ বা (এবং কাহার তেজই বা) ইতি অহং ন বেদ্মি (এই সকল আমি কিছুই জানি না বা বুঝিতেছি না) ॥ ২৬ ॥

অনুবাদ

শ্রেষ্ঠ। যেহেতু আপনি অপরা প্রকৃতিকে জ্ঞানরূপচিচ্ছক্তির দ্বারা অভিভূত করিয়া কেবল নিজেতেই নিজে অবস্থান করিতেছেন ॥ ২৩ ॥

সেই আপনিই ত্রিগুণাত্মিকা প্রকৃতিকর্ত্তৃক মোহিতচিত্ত জীবগণের ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষরূপ ফল স্বকীয় বীর্য্যপ্রভাবেই প্রদান করিয়া থাকেন ॥ ২৪ ॥

পূর্ব্ব পূর্ব্ব অবতারের মত আপনার এই কৃষ্ণাবতারও পৃথিবীর ভার হরণেচ্ছায় হইয়াছে এবং জ্ঞাতিগণের ও একান্ত ভক্তগণের নিরন্তর ধ্যানের নিমিত্তই হইয়াছে ॥ ২৫ ॥

হে দেবদেব! এই সর্ব্বদিগ্‌ব্যাপী অতি ভীষণ তেজঃ কোথা হইতে আসিতেছে। এবং এই তেজঃ কাহারই বা এই সকল আমি কিছুই জানি না বা বুঝিতেছি না ॥ ২৬ ॥

টীকা

"মায়াম্" অপরাং প্রকৃতিং"চিচ্ছক্ত্যা"ধর্ম্মভূতজ্ঞানরূপয়া"ব্যুদস্য"অভিভূয়"স্থিতঃ"। পরাপ্রকৃতিতঃ পরমোৎকৃষ্টত্বং দর্শয়তি "কৈবল্যে,'' স্বার্থে ষ্যঞ্। আত্মনি স্বস্মিন্নেব স্বয়ং স্থিতঃ। "প্রধানক্ষেত্রজ্ঞপতির্গুণেশঃ" "অণোরণীয়ান্ মহতো মহীয়ানি"ত্যাদিশ্রুতিভ্যঃ ॥ ২৩ ॥ এতদুপপাদনায় পুরুষার্থপ্রদত্বং ভগবতো দর্শয়তি "স এবে"তি। "স" এবং ত্রিগুণপ্রকৃতি"মোহিতচেতসঃ" পরাপ্রকৃতের্জীবস্য ধর্ম্মার্থকামমোক্ষাখ্যং"শ্রেয়ো বিধৎসে"প্রযচ্ছসি।

শ্রীভগবানুবাচ

বেত্থেদং দ্রোণপুত্রস্য ব্রাহ্মমস্ত্রং প্রদর্শিতম্।
নৈবাসৌ বেদ সংহারং প্রাণবাধ উপস্থিতে ॥ ২৭ ॥
ন হ্যস্যান্যতমং কিঞ্চিদস্ত্রং প্রত্যবকর্ষণম্।
জহ্যস্ত্রতেজ উন্নদ্ধমস্ত্রজ্ঞোঽস্যাস্ত্রতেজসা ॥ ২৮ ॥

সূত উবাচ

শ্রুত্বা ভগবতা প্রোক্তং ফাল্গুনঃ পরবীরহা।
স্পৃষ্ট্বাপস্তং পরিক্রম্য ব্রাহ্মং ব্রাহ্মায় সন্দধে ॥ ২৯ ॥

অন্বয়

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন)—ইদং (ইহা) দ্রোণপুত্রস্য (দ্রোণপুত্র অশ্বত্থামার) ব্রাহ্মম্ অস্ত্রম্ (ব্রহ্মাস্ত্র)। অসৌ (অশ্বত্থামা) সংহারং ন বেদ এব (উপসংহার জানে না)। [কিন্তু] প্রাণবাধে উপস্থিতে (প্রাণ সঙ্কট উপস্থিত হওয়ায়) [তেন] ইদং প্রদর্শিতং (তাহাকর্ত্তৃক ইহা নিক্ষিপ্ত হইয়াছে) [ইতি] বেত্থ (ইহা অবগত হও) ॥ ২৭ ॥

অস্য (এই ব্রহ্মাস্ত্রের) প্রত্যবকর্ষণং (নিবারক) অন্যতমং (অন্য প্রকার) কিঞ্চিৎ অস্ত্রং (কোনও অস্ত্রই) ন হি [অস্তি] (নাই)। [যতঃ] অস্ত্রজ্ঞঃ অসি (যেহেতু তুমি অস্ত্রজ্ঞ) [অতঃ] উন্নদ্ধং (অতএব প্রদীপ্ত) অস্ত্রতেজঃ (ব্রহ্মাস্ত্রের তেজ) অস্ত্রতেজসা (ব্রহ্মাস্ত্রতেজের দ্বারা) জহি (বিনাশ কর) ॥২৮॥

সূতঃ উবাচ (সূত বলিলেন)—ভগবতা (ভগবান্ শ্রীকৃষ্ণ) প্রোক্তং (কথিত বাক্য) শ্রুত্বা (শ্রবণ করিয়া) পরবীরহা (বীরশত্রুঘাতী) ফাল্গুনঃ (অর্জ্জুন) অপঃ স্পৃষ্ট্বা (আচমন করিয়া) তং (ভগবান্ শ্রীকৃষ্ণকে) পরিক্রম্য (প্রদক্ষিণ করতঃ) ব্রাহ্মায় (ব্রহ্মাস্ত্রনিবারণের জন্য) ব্রাহ্মং (ব্রহ্মাস্ত্র) সন্দধে (সন্ধান করিলেন) ॥ ২৯ ॥

অনুবাদ

শ্রীভগবান্ বলিলেন—(হে অর্জ্জুন !) ইহা দ্রোণপুত্র অশ্বত্থামার ব্রহ্মাস্ত্র। অশ্বত্থামা এই ব্রহ্মাস্ত্রের উপসংহার জানে না। কিন্তু প্রাণসঙ্কট উপস্থিত হওয়ায় সে ইহা নিক্ষেপ করিয়াছে, ইহা অবগত হইও ॥ ২৭ ॥

এই ব্রহ্মাস্ত্রের নিবারক অন্য কোন প্রকার অস্ত্রই নাই। যেহেতু তুমি অস্ত্রজ্ঞ [অর্থাৎ সমস্ত অস্ত্রের প্রয়োগ ও উপসংহার বিষয়ে অভিজ্ঞ], অতএব প্রদীপ্ত এই ব্রহ্মাস্ত্রের তেজঃ ব্রহ্মাস্ত্রতেজের দ্বারা বিনাশ কর ॥ ২৮ ॥

সূত বলিলেন—ভগবান্ শ্রীকৃষ্ণকথিত বাক্য শ্রবণ করিয়া বীরশত্রুঘাতী

টীকা

নন্থ মায়াময়ে লোকে মায়ামোহিতেষু জীবেষু মধ্যে ত্বদুক্তলক্ষণস্য মম অবতরণং কিমর্থম্? ইত্যত আহ—"তথেতি" ॥ ২৪ ॥ ২৫ ॥ অথ প্রস্তুতং বিজ্ঞাপয়তি "কিমি"তি ॥ ২৬ ॥ ২৭ ॥ "অস্য" ব্রহ্মাস্ত্রস্য অন্যতমতোঽ"ন্যতমং প্রতি অবকর্ষণং" নিরাকরণং "ন হি"। অতোঽ"স্ত্রতেজসা" ব্রহ্মাস্ত্র-তেজসৈব ॥ ২৮ ॥ "তং" শ্রীকৃষ্ণম্ ॥ ২৯ ॥

সংহত্যান্যোন্যমুভয়োস্তেজসী শরসংবৃতে।
আবৃত্য রোদসী খঞ্চ ববৃধাতেঽর্কবহ্নিবৎ ॥ ৩০ ॥
দৃষ্ট্বাস্ত্রতেজস্তু তয়োস্ত্রীঁল্লোকান্ প্রদহন্মহৎ।
দহ্যমানাঃ প্রজাঃ সর্ব্বাঃ সাম্বর্ত্তকমমংসত ॥ ৩১ ॥
প্রজোপপ্লবমালক্ষ্য লোকব্যতিকরঞ্চ তম্।
মতঞ্চ বাসুদেবস্য সঞ্জহারার্জ্জুনো দ্বয়ম্ ॥ ৩২ ॥

অন্বয়

উভয়োঃ (অর্জ্জুন ও অশ্বত্থামার অস্ত্রদ্বয়ে) শরসংবৃতে (তেজোযুক্ত শর সংযুক্ত হইলে) তেজসী (তেজদ্বয়) অন্যোন্যং সংহত্য (পরস্পর মিলিত হইয়া) রোদসী খং চ (স্বর্গ, মর্ত্ত্য ও আকাশ) আবৃত্য (আচ্ছন্ন করতঃ) অর্কবহ্নিবৎ (প্রলয়কালীন সূর্য্য ও অগ্নির ন্যায়) ববৃধাতে (বর্দ্ধিত হইতে লাগিল) ॥ ৩০ ॥

তু (কিন্তু) দহ্যমানাঃ (মিলিততেজদ্বয়ে দগ্ধপ্রায়) সর্ব্বাঃ প্রজাঃ (লোকসকল) তয়োঃ (অশ্বত্থামা ও অর্জ্জুনের) মহৎ (প্রচণ্ড) অস্ত্রতেজঃ (ব্রহ্মাস্ত্রের তেজকে) ত্রীন্ লোকান্ প্রদহৎ দৃষ্ট্বা (ত্রিলোকদগ্ধকারী দেখিয়া) সাম্বর্ত্তকং (প্রলয়াগ্নি বলিয়া) অমংসত (মনে করিল) ॥ ৩১ ॥

অর্জ্জুনঃ (অর্জ্জুন) তং প্রজোপপ্লবং (লোক সমূহের উপদ্রব [অর্থাৎ বিপদ্]) লোকব্যতিকরং চ (ও ত্রিলোকের অবশ্যম্ভাবী বিনাশ) বাসুদেবস্য মতং চ (এবং ভগবান্ শ্রীকৃষ্ণের অভিপ্রায়) আলক্ষ্য (বুঝিতে পারিয়া) দ্বয়ং (অস্ত্রদ্বয়) সঞ্জহার (উপসংহার করিলেন) ॥ ৩২ ॥

অনুবাদ

অর্জ্জুন আচমন করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণকে প্রদক্ষিণ করতঃ ব্রহ্মাস্ত্র নিবারণের জন্য ব্রহ্মাস্ত্র সন্ধান করিলেন ॥ ২৯ ॥

তখন অর্জ্জুন ও অশ্বত্থামার অস্ত্রদ্বয়ে তেজোযুক্ত শর সংযুক্ত হইলে, সেই তেজদ্বয় পরস্পর মিলিত হইয়া স্বর্গ, মর্ত্ত্য ও আকাশ আচ্ছন্ন করতঃ প্রলয়কালীন সূর্য্য ও অগ্নির ন্যায় বর্দ্ধিত হইতে লাগিল ॥ ৩০ ॥

কিন্তু এই তেজদ্বয়ে দগ্ধপ্রায় লোকসকল অশ্বত্থামা ও অর্জ্জুনের প্রচণ্ড ব্রহ্মাস্ত্রের তেজকে ত্রিলোকদগ্ধকারী দেখিয়া প্রলয়কালের অগ্নি বলিয়া মনে করিল ॥ ৩১ ॥

অর্জ্জুন লোকসমূহের বিপদ্, ত্রিলোকের অবশ্যম্ভাবী বিনাশ এবং ভগবান্ শ্রীকৃষ্ণের অভিপ্রায় বুঝিতে পারিয়া সেই ব্রহ্মাস্ত্রদ্বয় উপসংহার করিলেন ॥ ৩২ ॥

টীকা

"উভয়ো"রস্ত্রয়োঃ "শরসংবৃতে" তেজোময়শরসংযুক্তে "তেজসী অন্যোন্যং সংহত্য রোদসী" দ্যাবাপৃথিব্যৌ "খং" আকাশং "চ আবৃত্য" প্রলয়ে "অর্কবহ্নিবৎ ববৃধাতে" অবর্দ্ধেতামিত্যন্বয়ঃ ॥৩০॥ "তয়োঃ" দ্রৌণ্যর্জ্জুনয়োঃ "অমংসত" মেনিরে ॥ ৩১ ॥ প্রজায়া উপপ্লবম্ উপদ্রবং, "লোকানাং ব্যতিকরং" সংহারং "বাসুদেবস্য মতম্" অভিপ্রায়ং চ "আলক্ষ্য" অস্ত্র"দ্বয়ং সঞ্জহার" উপসংহৃতবান্ ॥ ৩২ ॥

তত আসাদ্য তরসা দারুণং গৌতমীসুতম্।
ববন্ধামর্ষতাম্রাক্ষঃ পশুং রশনয়া যথা ॥ ৩৩ ॥
শিবিরায় নিনীষন্তং রজ্জ্বা বদ্ধা রিপুং বলাৎ।
প্রাহার্জ্জুনং প্রকুপিতো ভগবানম্বুজেক্ষণঃ ॥ ৩৪ ॥
মৈনং পার্থার্হসি ত্রাতুং ব্রহ্মবন্ধুমিমং জহি।
যোঽসাবনাগসঃ সুপ্তানবধীন্নিশি বালকান্ ॥ ৩৫ ॥

অন্বয়

ততঃ (অনন্তর) অমর্ষতাম্রাক্ষঃ (ক্রোধে আরক্ত লোচন [অর্জ্জুন]) দারুণং (নির্দ্দয়) গৌতমী-সুতং (গৌতমবংশজাতা কৃপীর পুত্র অশ্বত্থামাকে) তরসা আসাদ্য (স্ববলে ধারণ করিয়া) রশনয়া (রজ্জু-দ্বারা) পশুং যথা (পশুর ন্যায়) ববন্ধ (বন্ধন করিয়াছিলেন) ॥ ৩৩ ॥

রিপুং (শত্রু অশ্বত্থামাকে) বলাৎ (বলে) রজ্জ্বা বদ্ধা (রজ্জু দ্বারা বন্ধন করিয়া) শিবিরায় নিনীষন্তং অর্জ্জুনং (শিবিরে লইয়া যাইতেছেন যে অর্জ্জুন, তাঁহাকে) অম্বুজেক্ষণঃ ভগবান্ (কমললোচন শ্রীকৃষ্ণ) প্রকুপিতঃ (অত্যন্ত ক্রুদ্ধ হইয়া) প্রাহ (বলিলেন) ॥ ৩৪ ॥

হে পার্থ! (হে অর্জ্জুন!) যঃ অসৌ (যে এই [নির্দ্দয় ব্রাহ্মণাধম] অশ্বত্থামা) অনাগসঃ (অপরাধ-শূন্য) নিশি সুপ্তান্ (রাত্রিতে নিদ্রিত) বালকান্ (শিশুগণকে) অবধীৎ (বধ করিয়াছে) [অতএব] এনং (ইহাকে) [তোমার কখনই] ত্রাতুং ন অর্হসি (ছাড়িয়া দেওয়া উচিত নহে), ইমং ব্রহ্মবন্ধুং জহি (এই ব্রাহ্মণাধমকে বধ কর) ॥ ৩৫ ॥

অনুবাদ

অনন্তর ক্রোধে আরক্তলোচন অর্জ্জুন [পুত্রঘাতী] নির্দ্দয় গৌতমবংশজা কৃপীর পুত্র অশ্বত্থামাকে সবলে ধারণ করিয়া রজ্জুদ্বারা পশুর ন্যায় বন্ধন করিয়াছিলেন ॥ ৩৩ ॥

সেই শত্রু অশ্বত্থামাকে বলে রজ্জুদ্বারা বন্ধন করিয়া অর্জ্জুন যখন শিবিরে লইয়া চলিলেন, তখন কমললোচন শ্রীকৃষ্ণ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া অর্জ্জুনকে বলিলেন ॥ ৩৪* ॥

হে অর্জ্জুন! যে নির্দ্দয় ব্রাহ্মণাধম অশ্বত্থামা রাত্রিতে নিদ্রিত ও অপরাধশূন্য শিশুগণকে বধ করিয়াছে, তাহাকে তোমার কখনই ছাড়িয়া দেওয়া উচিত নহে। এই ব্রাহ্মণাধমকে বধ কর ॥ ৩৫ ॥

টীকা

গৌতমবংশাৎ শরদ্বতো জাতা গৌতমী কৃপী তস্যাঃসুতম্। "তরসা" বলেন ॥৩৩॥ শোকাত্মাবিষ্টস্যাপি অর্জ্জুনস্য ধর্ম্মপরীক্ষার্থং ভক্তপ্রিয়ো "ভগবান্ শিবিরায়" সেনানিবেশস্থানায় "রিপুং নিনীষন্তং" নেতুমিচ্ছন্তং "আহ" ॥ ৩৪ ॥ "মত্তং" মদ্যাদিনা, প্রমত্তং ধনাদিনা, উন্মত্তং গ্রহাদিনা, "জড়ং"

* ভক্তপ্রিয় ভগবান্ শ্রীকৃষ্ণ, পুত্রশোকাতুর স্বভক্ত অর্জ্জুনের ধর্ম্ম পরীক্ষা করিবার জন্যই কৃত্রিম কোপ প্রকাশ পূর্ব্বক তাঁহাকে অশ্বত্থামার বধার্থ বক্ষ্যমাণ বাক্যে উত্তেজিত করিতে লাগিলেন।

মত্তং প্রমত্তমুন্মত্তং সুপ্তং বালং স্ত্রিয়ং জড়ম্।
প্রপন্নং বিরথং ভীতং ন রিপুং হন্তি ধর্ম্মবিৎ ॥ ৩৬ ॥
স্বপ্রাণান্ যঃ পরপ্রাণৈঃ প্রপুষ্ণাত্যঘৃণঃ খলঃ।
তদ্বধস্তস্য হি শ্রেয়ো যদ্দোষাদ্ যাত্যধঃ পুমান্ ॥ ৩৭ ॥
প্রতিশ্রুতঞ্চ ভবতা পাঞ্চাল্যৈ শৃণ্বতো মম।
আহরিষ্যে শিরস্তস্য যস্তে মানিনি! পুত্রহা ॥ ৩৮ ॥

অন্বয়

ধর্ম্মবিৎ (ধার্ম্মিক ব্যক্তি) মত্তং (মদ্যপানে মত্ত) প্রমত্তং (ধনমদে মত্ত) উন্মত্তং (উন্মত্ত) সুপ্তং (নিদ্রিত) স্ত্রিয়ং (স্ত্রী) জড়ং (অজ্ঞানতঃ অপরাধী) প্রপন্নং (শরণাগত) বিরথং (যুদ্ধে রথ বিহীন) ভীতং রিপুং (এবং ভীত শত্রুকে) ন হন্তি (বধ করেন না) ॥ ৩৬ ॥

অঘৃণঃ (নির্দ্দয়) যঃ খলঃ (যে দুরাত্মা) পরপ্রাণৈঃ (পরের জীবন বিনাশ দ্বারা) স্বপ্রাণান্ প্রপুষ্ণাতি (নিজের জীবন পরিপোষণ করিয়া থাকে), তদ্বধঃ হি (তাহাকে বধ করাই) তস্য শ্রেয়ঃ (তাহার পক্ষে মঙ্গল)। যৎ (যেহেতু) [রাজদণ্ডাদিরূপ প্রায়শ্চিত্ত না হইলে] দোষাৎ (পাপবশতঃ) পুমান্ (পুরুষ) নরকং যাতি (নরকে গমন করিয়া থাকে) ॥৩৭॥

শৃণ্বতঃ মম (শ্রবণকারী আমার নিকটে [অর্থাৎ আমি শুনিয়াছি]) ভবতা (তুমি) পাঞ্চাল্যৈ প্রতিশ্রুতং (দ্রৌপদীকে প্রতিশ্রুতি দিয়াছ) হে মানিনি! যঃ তে পুত্রহা (যে ব্যক্তি তোমার পুত্রহন্তা) তস্য শিরঃ (তাহার মস্তক) আহরিষ্যে (আনয়ন করিব) ॥ ৩৮ ॥

অনুবাদ

ধার্ম্মিকব্যক্তি মদ্যপানে মত্ত, ধনমদে মত্ত, উন্মত্ত, নিদ্রিত, স্ত্রী, অজ্ঞানতঃ অপরাধী, শরণাগত, যুদ্ধে রথবিহীন এবং ভীত শত্রুকে বধ করেন না। [ইহাদের মধ্যে অশ্বত্থামা নিদ্রিতহন্তা, অতএব বধ্য]॥ ৩৬ ॥

নির্দ্দয় যে দুরাত্মা পরের জীবন বিনাশ দ্বারা নিজের জীবন পরিপোষণ করিয়া থাকে, তাহাকে বধ করাই তাহার পক্ষে মঙ্গল। [অর্থাৎ তাহার বধরূপ প্রায়শ্চিত্তের দ্বারা বরং এই পাপের বিনাশ হইতে পারে]। যেহেতু রাজদণ্ডাদিরূপ প্রায়শ্চিত্ত না হইলে পাপ বশতঃ পাপী পুরুষ, নরকে গমন করিয়া থাকে। [অর্থাৎ এই পাপী অশ্বত্থামার বধরূপ প্রায়শ্চিত্ত বিধান করিলে বরং তাহার মঙ্গল। নতুবা তাহার নরক অবশ্যম্ভাবী]॥ ৩৭ ॥

[হে অর্জ্জুন!] আমি শুনিয়াছি তুমি আমার সাক্ষাতেই দ্রৌপদীকে প্রতিশ্রুতি দিয়াছ যে—"হে মানিনি! যে ব্যক্তি তোমার পুত্রহন্তা, তাহার মস্তক আনয়ন করিব" [অর্থাৎ "আনিয়া তোমাকে উপহার দিব"]॥ ৩৮ ।

টীকা

বুদ্ধিপূর্ব্বকাপরাধবর্জ্জিতম্। তত্র দ্রৌণিঃ সুপ্তঘ্নঃ ॥ ৩৫ ॥ ৩৬ ॥ "তদ্বধঃ তস্যৈব শ্রেয়ঃ"। তথা চ স্মৃতিঃ—"রাজভিধৃতদণ্ডাস্তু কৃতপাপা হি মানবাঃ। বিধূতকল্মষা যান্তি স্বর্গং সুকৃতিনো যথা" ইতি। "যৎ" যতঃ রাজদণ্ডাদি প্রায়শ্চিত্তরহিতাৎ "দোষাৎ অঘো" নরকম্ ॥৩৭॥ "পাঞ্চাল্যৈ" দ্রৌপদ্যৈ ॥ ৩৮ ॥

তদসৌ বধ্যতাং পাপ আততায্যাত্মবন্ধুহা।
ভর্ত্তুশ্চ বিপ্রিয়ং বীর! কৃতবান্ কুলপাংশনঃ ॥ ৩৯ ॥

সূত উবাচ

এবং পরীক্ষতা ধর্ম্মং পার্থঃ কৃষ্ণেন চোদিতঃ।
নৈচ্ছদ্ধন্তুং গুরুসুতং যদ্যপ্যাত্মহনং মহান্ ॥ ৪০ ॥
অথোপেত্য স্বশিবিরং গোবিন্দপ্রিয়সারথিঃ।
ন্যবেদয়ৎ তং প্রিয়ায়ৈ শোচন্ত্যায়াত্মজান্ হতান্ ॥ ৪১ ॥

অন্বয়

বীর! (হে অর্জ্জুন) কুলপাংশনঃ (কুলাঙ্গার এই অশ্বত্থামা) ভর্ত্তুঃ চ (স্বীয় প্রভু দুর্য্যোধনেরও) বিপ্রিয়ং (অপ্রিয় কার্য্য) কৃতবান্ (করিয়াছে)। তৎ (অতএব) আত্মবন্ধুহা আততায়ী (তোমার পুত্রহন্তা আততায়ী) অসৌ পাপঃ (ঐ পাপাত্মাকে) বধ্যতাং (বধ কর) ॥ ৩৯ ॥

সূতঃ উবাচ (সূত বলিলেন)—এবং ধর্ম্মং পরীক্ষতা (এই প্রকারে ধর্ম্ম পরীক্ষাকারী) কৃষ্ণেন (ভগবান্ শ্রীকৃষ্ণকর্ত্তৃক) চোদিতঃ [অপি] ([অশ্বত্থামা-বধার্থ] প্রণোদিত হইয়াও) মহান্ পার্থঃ (মহাত্মা অর্জ্জুন) যদ্যপি আত্মহনং (যদিও স্বপুত্রঘাতী) [তথাপি] গুরুসুতং (তথাপি গুরুপুত্র অশ্বত্থামাকে) হন্তুং (বধ করিতে) ন ঐচ্ছৎ (ইচ্ছা করিলেন না) ॥ ৪০ ॥

অথ (অনন্তর) গোবিন্দপ্রিয়সারথিঃ (ভগবান্ গোবিন্দই যাহার সখা ও সারথি সেই অর্জ্জুন) স্বশিবিরম্ উপেত্য (নিজশিবিরে উপস্থিত হইয়া) হতান্ আত্মজান্ শোচন্ত্যৈ (মৃতপুত্রগণের জন্য শোকাতুরা) প্রিয়ায়ৈ (দ্রৌপদীর নিকটে) তং ন্যবেদয়ৎ (অশ্বত্থামাকে সমর্পণ করিলেন) ॥ ৪১ ॥

অনুবাদ

হে বীর অর্জ্জুন! কুলাঙ্গার এই অশ্বত্থামা স্বীয়প্রভু দুর্য্যোধনেরও অপ্রিয় কার্য্য করিয়াছে। [অর্থাৎ এই শিশুবধ দুর্য্যোধনেরও অভীষ্ট নহে।] অতএব তোমার পুত্রহন্তা আততায়ী ঐ পাপাত্মাকে বধ কর ॥ ৩৯ ॥

এই প্রকারে ধর্ম্ম পরীক্ষাকারী ভগবান্ শ্রীকৃষ্ণকর্ত্তৃক অশ্বত্থামা-বধার্থ প্রণোদিত হইয়াও মহাত্মা অর্জ্জুন যদিও অশ্বত্থামা স্বপুত্রঘাতী, তাহা হইলেও গুরুপুত্র অশ্বত্থামাকে বধ করিতে ইচ্ছা করিলেন না ॥ [অর্থাৎ গুরুপুত্র ও ব্রাহ্মণ মনে করিয়া অধর্ম্ম ভয়ে বধ করিতে ইচ্ছা করিলেন না] ॥ ৪০ ॥

অনন্তর ভগবান্ গোবিন্দই যাহার বন্ধু ও সারথি, সেই অর্জ্জুন নিজশিবিরে উপস্থিত হইয়া মৃত পুত্রগণের জন্য শোকাতুরা যে দ্রৌপদী, তাঁহার নিকটে অশ্বত্থামাকে সমর্পণ করিলেন ॥৪১॥

টীকা

"ভর্ত্তুঃ" সুযোধনস্য রাত্র্যাং সুপ্তান্ হত্বা তচ্ছিরঃ শতশঃপাতেন "অপ্রিয়ং কৃতবান্"। "আত্মনঃ তব বন্ধুহা" ॥ ৩৯ ॥ "আত্মহনং" পুত্রঘ্নম্ ॥ ৪০ ॥ ৪১ ॥

তথাহৃতং পশুবৎপাশবদ্ধমবাঙ্মুখং কর্ম্মজুগুপ্সিতেন।
নিরীক্ষ্য কৃষ্ণাপকৃতং গুরোঃ সুতং বামস্বভাবা কৃপয়া ননাম চ ॥৪২॥
উবাচ চাসহন্ত্যস্য বন্ধনানয়নং সতী।
মুচ্যতাং মুচ্যতামেষ ব্রাহ্মণো নিতরাং গুরুঃ ॥৪৩॥
সরহস্যো ধনুর্ব্বেদঃ সবিসর্গোপসংযমঃ।
অস্ত্রগ্রামশ্চ ভবতা শিক্ষিতো যদনুগ্রহাৎ ॥ ৪৪ ॥

অন্বয়

বামস্বভাবা (চারুশীলা) কৃষ্ণা (দ্রৌপদী) তথা আহৃতং (সেইরূপ অবজ্ঞাপূর্ব্বক আনীত) অপকৃতং (ও অর্জ্জুনকর্ত্তৃক অপমানিত) গুরোঃ সুতং (গুরুপুত্র অশ্বত্থামাকে) পশুবৎ পাশবদ্ধং চ (পশুর ন্যায় রজ্জুবদ্ধও) কর্ম্মজুগুপ্সিতেন (সুপ্তবধরূপ নিন্দিত কর্ম্মের অনুশোচনায়) অবাঙ্মুখং (অধোবদনে অবস্থিত) নিরীক্ষ্য (দেখিয়া) কৃপয়া ননাম (সদয়ান্তঃকরণে প্রণাম করিলেন) ॥ ৪২ ॥

সতী (পতিপরায়ণা দ্রৌপদী) অস্য বন্ধনানয়নং (গুরুপুত্রের ঐরূপ বন্ধনপূর্ব্বক আনয়ন) অসহন্তী (সহ্য করিতে না পারিয়া) উবাচ (বলিলেন)—এষঃ (এই অশ্বত্থামাকে) মুচ্যতাং মুচ্যতাং (মুক্ত কর, মুক্ত কর), [যতঃ] (যেহেতু) ব্রাহ্মণঃ নিতরাং গুরুঃ (ব্রাহ্মণ সর্ব্বদা পূজনীয়) ॥ ৪৩ ॥

ভবতা (আপনাকর্ত্তৃক) যদনুগ্রহাৎ (যে গুরুদেব দ্রোণাচার্য্যের অনুগ্রহে) সরহস্যঃ (গোপনীয় মন্ত্রের সহিত) ধনুর্ব্বেদঃ (ধনুর্ব্বিদ্যা) সবিসর্গোপসংযমঃ (এবং প্রয়োগ ও উপসংহারের সহিত) অস্ত্রগ্রামঃ চ (অস্ত্রসমূহ) শিক্ষিতঃ (শিক্ষা করা হইয়াছে) ॥ ৪৪ ॥

অনুবাদ

তখন চারুশীলা দ্রৌপদী সেই প্রকারে অবজ্ঞাপূর্ব্বক আনীত ও অর্জ্জুনকর্ত্তৃক অপমানিত গুরুপুত্র অশ্বত্থামাকে পশুর ন্যায় রজ্জুবদ্ধ ও সুপ্তবধরূপ নিন্দিত কর্ম্মের অনুশোচনায় অধোবদনে অবস্থিত দেখিয়া সদয়ান্তঃকরণে প্রণাম করিলেন ॥ ৪২ ॥

পতিপরায়ণা দ্রৌপদী গুরুপুত্রের ঐরূপ বন্ধনপূর্ব্বক আনয়ন সহ্য করিতে না পারিয়া বলিলেন "ইঁহাকে মুক্ত কর, ইঁহাকে মুক্ত কর। যেহেতু ব্রাহ্মণ সর্ব্বদাই পূজনীয়। [অর্থাৎ পুত্রহন্তা হইলেও পূজনীয়] ॥ ৪৩ ॥

[হে ধর্ম্মজ্ঞ!] আপনি, যে গুরুদেব দ্রোণাচার্য্যের অনুগ্রহে গোপনীয় মন্ত্রের সহিত ধনুর্ব্বিদ্যা এবং প্রয়োগ ও উপসংহারের সহিত অস্ত্রসমূহ শিক্ষা করিয়াছেন ॥ ৪৪ ॥

টীকা

"তথা" অবজ্ঞাপূর্ব্বকং "আহৃতং" আনীতং সুপ্তবধরূপকর্ম্মজনিতদোষেণ "অবাঙ্মুখম্ অপকৃতম্" অর্জ্জুনেন অবমানিতং, বামঃ সুশোভনঃ স্বভাবো যস্যাঃ সা ॥ ৪২ ॥ "বন্ধনপূর্ব্বকং আনয়নং অসহন্তী" ॥ ৪৩ ॥ "সরহস্যঃ" সগুহ্যমন্ত্রঃ, "সবিসর্গোপসংযমঃ" সপ্রয়োগোপসংহারঃ ॥ ৪৪ ॥

স এব ভগবান্ দ্রোণঃ প্রজারূপেণ বর্ত্ততে।
তস্যাত্মনোঽর্দ্ধং পত্ন্যাস্তে নান্বগাদ্বীরসূঃ কৃপী ॥ ৪৫ ॥
তদ্ধর্ম্মজ্ঞ ! মহাভাগ ! ভবদ্ভির্গৌরবং কুলম্।
বৃজিনং নার্হতি প্রাপ্তুং পূজ্যং বন্দ্যমভীক্ষ্ণশঃ ॥ ৪৬ ॥
মা রোদীদস্য জননী গৌতমী পতিদেবতা।
যথাহং মৃতবৎসার্ত্তা রোদিম্যশ্রুমুখী মুহুঃ ॥ ৪৭ ॥

অন্বয়

সঃ ভগবান্ দ্রোণঃ এব (সেই ভগবান্ দ্রোণাচার্য্যই) প্রজারূপেণ বর্ত্ততে (পুত্ররূপে বর্ত্তমান আছেন)। তস্য (দ্রোণাচার্য্যের) আত্মনঃ অর্দ্ধং (অর্দ্ধাঙ্গিনী) পত্নী কৃপী (ধর্ম্মপত্নী কৃপী) আস্তে (বর্ত্তমানা আছেন)। ন অন্বগাৎ (তিনি স্বামীর অনুগমন করেন নাই) [যেহেতু] বীরসূঃ (বীরপ্রসবিনী)॥ ৪৫ ॥

তৎ (অতএব) হে ধর্ম্মজ্ঞ! হে মহাভাগ! অভীক্ষ্ণশঃ (সর্ব্বদা) পূজ্যং (পূজনীয়) বন্দ্যং (ও বন্দনীয়) গৌরবং কুলং (এই গৌরবান্বিত কুল) ভবদ্ভিঃ (আপনার দ্বারা) বৃজিনং প্রাপ্তুং ন অর্হতি (কলঙ্কিত হওয়া উচিত নহে)॥ ৪৬ ॥

অহং যথা (আমি যেমন) মৃতবৎসার্ত্তা (মৃতপুত্রগণের শোকে ব্যাকুল হইয়া) অশ্রুমুখী (নয়নজল বিসর্জ্জনপূর্ব্বক) মুহুঃ (পুনঃ পুনঃ) রোদিমি (রোদন করিতেছি), [সেইরূপ] পতিদেবতা (পতিপরায়ণা) অস্য জননী (এই গুরুপুত্রের জননী) গৌতমী (গৌতমবংশজা কৃপী) [পুত্রশোকাতুরা হইয়া] মা রোদীৎ (যেন রোদন না করেন)॥ ৪৭ ॥

অনুবাদ

সেই ভগবান্ দ্রোণাচার্য্যই পুত্ররূপে বর্ত্তমান আছেন। [বেদে আছে—"আত্মা বৈ পুত্রনামাসি" আত্মাই পুত্ররূপে অবস্থান করে] দ্রোণাচার্য্যের অর্দ্ধাঙ্গিনী ধর্ম্মপত্নী কৃপী বর্ত্তমানা আছেন। তিনি স্বামীর অনুগমন করেন নাই। যেহেতু তিনি বীরপ্রসবিনী ॥ ৪৫ ॥

অতএব হে ধর্ম্মজ্ঞ! হে মহাভাগ! সর্ব্বদা পূজনীয় ও বন্দনীয় এই গৌরবান্বিত কুল আপনার দ্বারা কলঙ্কিত হওয়া উচিত নহে ॥ ৪৬ ॥

[হে ধর্ম্মজ্ঞ!] আমি যেমন, আমার মৃত পুত্রগণের শোকে ব্যাকুলা হইয়া নয়নজল বিসর্জ্জন পূর্ব্বক পুনঃ পুনঃ রোদন করিতেছি, সেইরূপ পতিপরায়ণা এই গুরুপুত্রের জননী গৌতমবংশজা কৃপী পুত্রশোকাতুরা হইয়া যেন রোদন না করেন ॥ ৪৭ ॥

টীকা

"স ভগবান্ দ্রোণঃ এষঃ প্রজারূপেণ বর্ত্ততে," "আত্মা বৈ পুত্রনামাসি" ইতি শ্রুতেঃ। "তস্য" দ্রোণস্য "আত্মনোঽর্দ্ধং" শরীরস্য অর্দ্ধং "পত্নী কৃপী আস্তে"। "এষ আত্মনোঽর্দ্ধং যৎ পত্নীতি" শ্রুতেঃ। "ন অন্বগাৎ" ভর্ত্তারম্, যতো "বীরসূঃ" পুত্রবতী ॥ ৪৫ ॥ ৪৬ ॥ ৪৭ ॥

যৈঃ কোপিতং ব্রহ্মকুলং রাজন্যৈরজিতাত্মভিঃ।
তৎকুলং প্রদহত্যাশু সানুবন্ধং শুচার্পিতম্ ॥ ৪৮ ॥

সূত উবাচ

ধর্ম্ম্যং ন্যায্যং সকরুণং নির্ব্ব্যলীকং সমং মহৎ।
রাজা ধর্ম্মসুতো রাজ্ঞ্যাঃ প্রত্যনন্দদ্বচো দ্বিজাঃ ॥ ৪৯ ॥
নকুলঃ সহদেবশ্চ যুযুধানো ধনঞ্জয়ঃ।
ভগবান্ দেবকীপুত্রো যে চান্যে যাশ্চ যোষিতঃ ॥৫০॥

অন্বয়

যৈঃ (যে সকল) অজিতাত্মভিঃ (অসংযতচিত্ত) রাজন্যৈঃ (ক্ষত্রিয়গণকর্ত্তৃক) ব্রহ্মকুলং (ব্রাহ্মণকুল) কোপিতং ([অপমানাদিদ্বারা] ক্রোধান্বিত হয়) [সেই ব্রাহ্মণকুল] সানুবন্ধং (সপরিবারে) তৎ কুলং (সেই ক্ষত্রিয়কুলকে) শুচার্পিতং (শোকযুক্ত করিয়া) আশু (অচিরেই) প্রদহতি (দগ্ধ করিয়া থাকে) ॥ ৪৮ ॥

সূতঃ উবাচ (সূত বলিলেন) দ্বিজাঃ! (হে শৌনকাদি ঋষিগণ!) রাজা ধর্ম্মসুতঃ (রাজা ধর্ম্মপুত্র যুধিষ্ঠির) রাজ্ঞ্যাঃ (দ্রৌপদীর) ধর্ম্ম্যং (ধর্ম্মসঙ্গত) ন্যায্যং (ন্যায়সঙ্গত) সকরুণং (দয়াযুক্ত) নির্ব্ব্যলীকং (নিষ্কপট) সমং (তাঁহার অনুরূপ) মহৎ বচঃ (উদার বাক্য) প্রত্যনন্দৎ (অনুমোদন করিলেন) ॥ ৪৯ ॥

নকুলঃ, সহদেবঃ, যুযুধানঃ (সাত্যকি) ধনঞ্জয়ঃ, ভগবান্ দেবকীপুত্রঃ চ (ও ভগবান্ দেবকীনন্দন শ্রীকৃষ্ণ), যে চ অন্যে (এবং অন্য যে সকল যোদ্ধগণ) যাঃ চ যোষিতঃ (ও রমণীগণ) [ইঁহারা সকলেই দ্রৌপদীর বাক্য অনুমোদন করিয়াছিলেন] ॥ ৫০ ॥

অনুবাদ

যে সকল অসংযতচিত্ত ক্ষত্রিয়গণ [ক্রোধাদির বশবর্ত্তী হইয়া] ব্রাহ্মণকুলকে অপমানাদি-দ্বারা ক্রোধান্বিত করে, সেই ব্রাহ্মণকুল সপরিবারে সেই ক্ষত্রিয়কুলকে শোকযুক্ত করিয়া অচিরেই দগ্ধ করিয়া থাকে [অর্থাৎ ব্রাহ্মণের ক্রোধে অপরাধী ক্ষত্রিয়বংশ সমূলে নির্ম্মূল হইয়া থাকে] ॥ ৪৮ ॥

সূত বলিলেন—হে শৌনকাদি ঋষিগণ! রাজা ধর্ম্মপুত্র যুধিষ্ঠির, দ্রৌপদীর ধর্ম্মসঙ্গত ন্যায়সঙ্গত, সকরুণ ও নিষ্কপট এবং তাঁহার অনুরূপ উদার বাক্য অনুমোদন করিলেন ॥ ৪৯ ॥

নকুল, সহদেব, সাত্যকি, অর্জ্জুন, ও ভগবান্ দেবকীনন্দন শ্রীকৃষ্ণ এবং অন্য যে সকল যোদ্ধৃগণ ও রমণীগণ তাঁহারা সকলেই দ্রৌপদীর বাক্য অনুমোদন করিয়াছিলেন ॥৫০॥

টীকা

"ব্রহ্মকুলং" কর্ত্তৃ "তৎকুলং" রাজন্যকুলং দহতি ॥৪৮॥ হে দ্বিজাঃ! "রাজ্ঞ্যাঃ" স্বভার্য্যায়াঃ "রাজা" যুধিষ্ঠিরঃ "প্রত্যনন্দৎ" অনুমোদিতবান্ ॥৪৯॥ নকুলাদ্যাঃ প্রত্যনন্দৎ, "যুযুধানঃ" সাত্যকিঃ ॥ ৫০ ॥

তত্রাহামর্ষিতো ভীমস্তস্য শ্রেয়ান্ বধঃ স্মৃতঃ।
ন ভর্ত্তুর্নাত্মনশ্চার্থে যোঽহন্ সুপ্তাঞ্ছিশূন্ বৃথা ॥৫১॥
নিশম্য ভীমগদিতং দ্রৌপদ্যাশ্চ চতুর্ভুজঃ।
আলোক্য বদনং সখ্যুরিদমাহ হসন্নিব ॥ ৫২ ॥

শ্রীভগবানুবাচ

ব্রহ্মবন্ধুর্নহন্তব্য আততায়ী বধার্হণঃ।
ময়ৈবোভয়মাম্নাতং পরিপাহ্যনুশাসনম্ ॥ ৫৩ ॥

অন্বয়

তত্র (সেই সময়ে) অমর্ষিতঃ (অত্যন্ত ক্রোধান্বিত হইয়া) ভীমঃ (ভীমসেন) আহ (বলিলেন)—যঃ (যে অশ্বত্থামা) ন ভর্ত্তুঃ অর্থে (প্রভু দুর্য্যোধনের প্রয়োজনে নহে) ন চ আত্মনঃ অর্থে (নিজেরও প্রয়োজনে নহে) বৃথা (নিরর্থকই) সুপ্তান্ শিশূন্ (নিদ্রিত বালকগণকে) অহন্ (বধ করিয়াছে) তস্য (তাহার) বধঃ শ্রেয়ান্ (বধই মঙ্গল) ॥৫১॥

চতুর্ভুজঃ (চতুর্ভুজ ভগবান্ শ্রীকৃষ্ণ) ভীমগদিতং (ভীমসেন কথিত বাক্য) দ্রৌপদ্যাঃ চ (এবং দ্রৌপদী কথিত বাক্য) নিশম্য (শ্রবণ করিয়া) সখ্যুঃ বদনং (সখা অর্জ্জুনের মুখ) আলোক্য (অবলোকন করতঃ) হসন্নিব (হাসিয়াই যেন) ইদম্ আহ (ইহা বলিলেন) ॥ ৫২ ॥

শ্রীভগবান্ উবাচ (ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন)—ব্রহ্মবন্ধুঃ (ব্রাহ্মণাধম অর্থাৎ কুকার্য্যকারী ব্রাহ্মণও) ন হন্তব্যঃ (কোন অবস্থাতেই বধ্য হয় না)। আততায়ী (আততায়ী অর্থাৎ শস্ত্রপাণি) বধার্হণঃ (বধ্য) ইতি উভয়ম্ অনুশাসনম্ এব (এই দুই প্রকার অনুশাসনই) ময়া (আমাকর্ত্তৃক) আম্নাতম্ (কথিত হইয়াছে) পরিপাহি (পরিপালন কর) ॥৫৩॥

অনুবাদ

সেই সময়ে অত্যন্ত ক্রোধান্বিত হইয়া ভীমসেন বলিলেন—যে অশ্বত্থামা তাহার প্রভু দুর্য্যোধনের প্রয়োজনে নহে, নিজেরও প্রয়োজনে নহে, নিরর্থকই নিদ্রিত বালকগণকে বিনাশ করিয়াছে, [অতএব] তাহার বধই মঙ্গল [অর্থাৎ উত্তম দণ্ড] ॥ ৫১ ॥

চতুর্ভুজ ভগবান্ শ্রীকৃষ্ণ ভীমসেন কথিত ["বধ করাই উত্তম" এই] বাক্য এবং দ্রৌপদী কথিত ["মুক্ত কর মুক্ত কর" এই] বাক্য শ্রবণ করিয়া সখা অর্জ্জুনের মুখাবলোকন করতঃ হাসিয়াই যেন ইহা [অর্থাৎ বক্ষ্যমাণ বাক্য] বলিলেন ॥৫২॥

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন—[হে অর্জ্জুন !] "ব্রাহ্মণাধম [অর্থাৎ কুকার্য্যকারী ব্রাহ্মণও কোন অবস্থাতেই] বধ্য হয় না," এবং "আততায়ী বধ্য" এই দুই প্রকার অনুশাসনই আমি বলিয়াছি, তাহা পরিপালন কর। (অর্থাৎ "ব্রাহ্মণো নৈব হন্তব্যঃ" "আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্" এই শাস্ত্রদ্বয়ের মর্য্যাদা রক্ষা কর) ॥ ৫৩ ॥

টীকা

"অহন্" জঘান ॥ ৫১ ॥ "দ্রৌপদ্যাঃ" মুচ্যতাং মুচ্যতামিতি, "ভীমসেনস্য" বধঃ শ্রেয়ান্ ইতি "গদিতং নিশম্য সখ্যুঃ" অর্জ্জুনস্য "বদনমালোক্যাহ" ॥ ৫২ ॥ "ব্রহ্মবন্ধুঃ ন হন্তব্য" ইতি, "আততায়ী বধার্হণ" ইতি চ "ময়ৈব উভয়মাম্নাতম্"। তদনুকূলং—"ব্রাহ্মণো নৈব হন্তব্য" ইতি,

কুরু প্রতিশ্রুতং সত্যং যত্তৎ সান্ত্বয়তা প্রিয়াম্।
প্রিয়ঞ্চ ভীমসেনস্য পাঞ্চাল্যা মহ্যমেব চ ॥ ৫৪ ॥

সূত উবাচ

অর্জ্জুনঃ সহসাজ্ঞায় হরের্হার্দ্দমথাসিনা।
মণিং জহার মূর্দ্ধন্যং দ্বিজস্য সহমূর্দ্ধজম্ ॥ ৫৫ ॥
বিমুচ্য রশনাবদ্ধং বালহত্যা হতপ্রভম্।
তেজসা মণিনা হীনং শিবিরান্নিরযাপয়ৎ ॥ ৫৬ ॥
বপনং দ্রবিণাদানং স্থানান্নির্যাপণং তথা।
এষ হি ব্রহ্মবন্ধূনাং বধো নান্যোঽস্তি দৈহিকঃ ॥৫৭॥

অন্বয়

[হে অর্জ্জুন !] প্রিয়াং (প্রিয়া দ্রৌপদীকে) সান্ত্বয়তা (সান্ত্বনাকারী) [তোমা কর্ত্তৃক] যৎ প্রতিশ্রুতং (যাহা প্রতিজ্ঞাত হইয়াছে) তৎ সত্যং কুরু (তাহা এক্ষণে সত্যে পরিণত কর) ; ভীমসেনস্য পাঞ্চাল্যাঃ মহ্যং চ (এবং ভীমসেনের, দ্রৌপদীর ও আমার) প্রিয়ং চ কুরু (প্রিয় কার্য্য কর) ॥৫৪॥

অথ (অনন্তর) অর্জ্জুনঃ সহসা (অর্জ্জুন সহসা) হরেঃ (ভগবান্ শ্রীকৃষ্ণের) হার্দ্দম্ (আন্তরিক ইচ্ছা) আজ্ঞায় (বুঝিতে পারিয়া) অসিনা (অসিদ্বারা) দ্বিজস্য (অশ্বত্থামার) সহমূর্দ্ধজং (কেশের সহিত) মূর্দ্ধন্যং মণিং (মস্তকজাত মণিটি) জহার (হরণ করিয়া লইলেন) ॥ ৫৫ ॥

[অতঃপর অর্জ্জুন] রশনাবদ্ধং [তং] (রজ্জুবদ্ধ অশ্বত্থামাকে) বিমুচ্য (বন্ধনমুক্ত করিয়া) বালহত্যা হতপ্রভং (বালকবধ করায় নিষ্প্রভ) তেজসা মণিনা চ হীনং (ব্রহ্মতেজ ও মণিশূন্য [তাহাকে]) শিবিরাৎ (নিবাস স্থান হইতে) নিরযাপয়ৎ (বাহির করিয়া দিলেন) ॥ ৫৬ ॥

বপনং (মস্তকমুণ্ডন) দ্রবিণাদানং (অর্থদণ্ড) তথা স্থানাৎ নির্যাপণং (এবং স্বস্থান হইতে বাহির

অনুবাদ

হে অর্জ্জুন ! প্রিয়া দ্রৌপদীকে সান্ত্বনা করিতে যাইয়া তুমি যাহা প্রতিজ্ঞা করিয়াছ, তাহা এক্ষণে সত্যে পরিণত কর ; এবং ভীমসেনের, দ্রৌপদীর ও আমার প্রিয় কার্য্য কর। [অর্থাৎ ভীমসেনের প্রিয় বধ করা, দ্রৌপদীর প্রিয় বধ না করা, এবং আমার প্রিয় উভয়ই। এ অবস্থায় যাহা করিলে সকলেরই প্রিয় হয়, তাহাই কর] ॥ ৫৪ ॥

অনন্তর অর্জ্জুন সহসা ভগবান্ শ্রীকৃষ্ণের আন্তরিক ইচ্ছা বুঝিতে পারিয়া অসিদ্বারা অশ্বত্থামার কেশের সহিত মস্তকজাত মণিটি হরণ করিয়া লইলেন ॥ ৫৫ ॥

অতঃপর অর্জ্জুন রজ্জুবদ্ধ অশ্বত্থামাকে বন্ধন-মুক্ত করিয়া, বালক বধ করায় নিষ্প্রভ, ব্রহ্মতেজ ও মণিশূন্য সেই অশ্বত্থামাকে শিবির হইতে বাহির করিয়া দিলেন ॥৫৬॥

মস্তকমুণ্ডন, অর্থদণ্ড এবং নিবাস স্থান হইতে বাহির করিয়া দেওয়া, এই সকল দণ্ডই

টীকা

"আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্" ইতি "অনুশাসনং" শাস্ত্রং চ "পরিপাহি" পালয় ॥৫৪॥ "মূর্দ্ধন্যং" মূর্দ্ধনি জাতম্, "জহার" হৃতবান্ ॥৫৫॥ "শিবিরাৎ নিরযাপয়ৎ" নিঃসারয়ামাস ॥৫৬॥৫৭॥

পুত্রশোকাতুরাঃ সর্ব্বে পাণ্ডবাঃ সহ কৃষ্ণয়া।
স্বানাং মৃতানাং যৎ কৃত্যং চক্রুর্নির্হরণাদিকম্ ॥ ৫৮ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
প্রথমস্কন্ধে দ্রৌণিদণ্ডো নাম সপ্তমোঽধ্যায়ঃ ॥৭॥

অন্বয়

করিয়া দেওয়া) এষঃ হি (এই সকল দণ্ডই) ব্রহ্মবন্ধূনাং বধঃ (ব্রাহ্মণাধমগণের বধস্বরূপ)। অন্যঃ দৈহিকঃ ন অস্তি (ব্রাহ্মণ বলিয়া ইহাদের আর অন্য কোনও দৈহিক দণ্ড নাই) ॥ ৫৭ ॥

অথ কৃষ্ণয়া সহ (অনন্তর দ্রৌপদীর সহিত) পুত্রশোকাতুরাঃ সর্ব্বে পাণ্ডবাঃ (পুত্রশোকাতুর পাণ্ডবগণ) মৃতানাং স্বানাং (মৃত জ্ঞাতিগণের) নির্হরণাদিকং যৎকৃত্যং (দাহের জন্য নেওয়া প্রভৃতি যে সকল কর্ত্তব্য কার্য্য) তৎ চক্রুঃ (তাহা সম্পাদন করিলেন) ॥৫৮॥

অনুবাদ

ব্রাহ্মণাধমগণের বধস্বরূপ। কারণ, ব্রাহ্মণ বলিয়া ইঁহাদের আর অন্য কোনও দৈহিক দণ্ড নাই ॥ ৫৭ ॥

অনন্তর দ্রৌপদীর সহিত পুত্রশোকাতুর পাণ্ডবগণ মৃত জ্ঞাতিগণের দাহের জন্য নেওয়া প্রভৃতি যে সকল কর্ত্তব্য কার্য্য, তাহা সম্পাদন করিলেন ॥ ৫৮ ॥

সপ্তম অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ৭ ॥

টীকা

"নির্হরণাদিকং" মৃতানাং যৎ কৃত্যং দাহার্থং নিঃসারণাদিকং তৎ চক্রুঃ ॥ ৫৮ ॥

ইতি শ্রীমদ্ভাগবত সিদ্ধান্তপ্রদীপে প্রথমস্কন্ধীয়ে সপ্তমাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ৭ ॥

অষ্টমোঽধ্যায়ঃ

সূত উবাচ

অথ তে সম্পরেতানাং স্বানামুদকমিচ্ছতাম্।
দাতুং সকৃষ্ণা গঙ্গায়াং পুরস্কৃত্য যযুঃ স্ত্রিয়ঃ ॥ ১ ॥

অন্বয়

সূতঃ উবাচ (সূত কহিলেন)—অথ (অনন্তর) সকৃষ্ণাঃ (ভগবান্ শ্রীকৃষ্ণের সহিত) তে (সেই পাণ্ডবগণ) উদকমিচ্ছতাং (জল পাইতে অভিলাষী) সম্পরেতানাং (মৃত) স্বানাং (জ্ঞাতিগণের) [উদ্দেশ্যে] গঙ্গায়াম্ [উদকম্] দাতুং (গঙ্গায় তর্পণ করিবার জন্য) স্ত্রিয়ঃ পুরস্কৃত্য (স্ত্রীগণকে অগ্রে করিয়া) যযুঃ (গমন করিলেন) ॥ ১ ॥

অনুবাদ

সূত কহিলেন—অনন্তর ভগবান্ শ্রীকৃষ্ণের সহিত সেই পাণ্ডবগণ, জলাভিলাষী মৃত জ্ঞাতিগণের উদ্দেশ্যে গঙ্গায় তর্পণ করিবার জন্য স্ত্রীগণকে অগ্রে করিয়া [গঙ্গাতীরে] গমন করিলেন ॥ ১ ॥

টীকা

"অথে"তি। "গঙ্গায়াম্ উদকং দাতুং সকৃষ্ণাঃ" শ্রীকৃষ্ণসহিতাঃ "যযুঃ" ॥ ১ ॥

তে নিনীয়োদকং সর্ব্বে বিলপ্য চ ভৃশং পুনঃ।
আপ্লুতা হরিপাদাব্জরজঃপূতসরিজ্জলে ॥ ২ ॥
তত্রাসীনং কুরুপতিং ধৃতরাষ্ট্রং সহানুজম্।
গান্ধারীং পুত্রশোকার্ত্তাং পৃথাং কৃষ্ণাঞ্চ মাধবঃ ॥ ৩ ॥
সান্ত্বয়ামাস মুনিভির্হতবন্ধূন্ শুচার্পিতান্।
ভূতেষু কালস্য গতিং দর্শয়ন্নপ্রতিক্রিয়াম্ ॥৪॥
সাধয়িত্বাজাতশত্রোঃ স্বং রাজ্যং কিতবৈর্হৃতম্।
ঘাতয়িত্বাঽসতো রাজ্ঞঃ কচস্পর্শক্ষতায়ুষঃ ॥ ৫ ॥

অন্বয়

তে সর্ব্বে (তাঁহারা সকলে) উদকং নিনীয় (মৃতগণের উদ্দেশ্যে গঙ্গাজলে তর্পণ করিয়া) ভৃশং বিলপ্য (অত্যন্ত বিলাপ করতঃ) হরিপাদাব্জরজঃপূতসরিজ্জলে (হরিপাদপদ্মের ধূলির দ্বারা পবিত্র যে গঙ্গাজল তাহাতে) পুনঃ আপ্লুতাঃ (আবার স্নান করিলেন) ॥ ২ ॥

মাধবঃ (ভগবান্ শ্রীকৃষ্ণ) মুনিভিঃ [সহ] (মুনিগণের সহিত) তত্র (সেই গঙ্গাতীরে) আসীনং (উপবিষ্ট) সহানুজং কুরুপতিং (ভ্রাতৃগণসমন্বিত রাজা যুধিষ্ঠির) ধৃতরাষ্ট্রং (ধৃতরাষ্ট্র) পুত্রশোকার্ত্তাং গান্ধারীং (পুত্রশোকাতুরা গান্ধারী) পৃথাং (কুন্তী) কৃষ্ণাং চ (ও দ্রৌপদীকে) [কিঞ্চ] হতবন্ধূন্ (এবং যাঁহাদের আত্মীয়গণ বিনষ্ট হইয়াছে) শুচার্পিতান্ [তান্] (শোকপীড়িত তাঁহাদিগকে) ভূতেষু (জীবলোকে) কালস্য গতিম্ (কালের গতি) অপ্রতিক্রিয়াং (অনিবার্য্যা) দর্শয়ন্ (দেখাইয়া) সান্ত্বয়ামাস (সান্ত্বনা করিলেন) ॥ ৩ ॥ ৪ ॥

[ভগবান্ শ্রীকৃষ্ণ] কচস্পর্শক্ষতায়ুষঃ (যাহারা দ্রৌপদীর কেশাকর্ষণের দ্বারা ক্ষীণায়ু হইয়াছিল) অসতঃ (সেইসকল দুষ্ট) রাজ্ঞঃ (রাজগণকে) ঘাতয়িত্বা (বিনাশ করাইয়া) কিতবৈঃ হৃতং ([শকুনি, দুর্য্যোধন প্রভৃতি]

অনুবাদ

তাঁহারা সকলে মৃতগণের উদ্দেশ্যে গঙ্গাজলে তর্পণ করিয়া অত্যন্ত বিলাপ করতঃ হরিপাদপদ্মের ধূলির দ্বারা পবিত্র যে গঙ্গাজল তাহাতে আবার স্নান করিলেন ॥ ২ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ, মুনিগণের সহিত সেই গঙ্গাতীরে উপবিষ্ট ভ্রাতৃগণসমন্বিত রাজা যুধিষ্ঠির, ধৃতরাষ্ট্র, পুত্রশোকাতুরা গান্ধারী, কুন্তী ও দ্রৌপদীকে এবং যাহাদের আত্মীয়গণ বিনষ্ট হইয়াছে সেই শোকপীড়িত সকলকে "জীবলোকে কালের গতি অনিবার্য্যা" ইহা দেখাইয়া সান্ত্বনা করিলেন। [অর্থাৎ কালচক্রে যাহা হইবার হইয়াছে, ইহার আর প্রতিকার নাই। অতএব দুঃখ করিয়া কি হইবে? এইরূপে বুঝাইলেন] ॥৩—৪॥

ভগবান্ শ্রীকৃষ্ণ, যাহারা দ্রৌপদীর কেশাকর্ষণের দ্বারাই ক্ষীণায়ু হইয়াছিল, সেই সকল দুষ্ট নরপতিগণকে বিনাশ করাইয়া, দ্যূতক্রীড়াচ্ছলে শকুনি দুর্য্যোধন প্রভৃতি বঞ্চক-

টীকা

নিনীয় দত্ত্বা ॥২॥ "কুরুপতিং" যুধিষ্ঠিরম্ ॥৩॥৪॥ কিঞ্চ "কিতবৈঃ" দুর্দ্যূতদেবিভিঃ শকুনিসুযোধনাদিভিঃ, "অসতঃ" সুযোধনদুঃশাসন জয়দ্রথপ্রভৃতীন্ "কচস্পর্শক্ষতায়ুষঃ" দুঃশাসনকৃতেন দ্রৌপদীকেশগ্রহণেন বিনষ্ট-

যাজয়িত্বাশ্বমেধৈস্তং ত্রিভিরুত্তমকল্পকৈঃ।
তদ্‌যশঃ পাবনং দিক্ষু শতমন্যোরিবাতনোৎ ॥ ৬ ॥
আমন্ত্র্য পাণ্ডুপুত্রাংশ্চ শৈনেয়োদ্ধবসংযুতঃ।
দ্বৈপায়নাদিভির্ব্বিপ্রৈঃ পূজিতৈঃ প্রতিপূজিতঃ ॥ ৭ ॥
গন্তুং কৃতমতির্ব্রহ্মন্! দ্বারকাং রথমাস্থিতঃ।
উপলেভেঽভিধাবন্তীমুত্তরাং ভয়বিহ্বলাম্ ॥ ৮ ॥

উত্তরোবাচ

পাহি পাহি মহাযোগিন্! দেবদেব! জগৎপতে!।
নান্যং ত্বদভয়ং পশ্যে যত্র মৃত্যুঃ পরস্পরম্ ॥ ৯ ॥

অন্বয়

বঞ্চকগণকর্ত্তৃক দ্যূতক্রীড়াচ্ছলে অপহৃত) অজাতশত্রোঃ (যুধিষ্ঠিরের) স্বং রাজ্যং (নিজের রাজ্য) সাধয়িত্বা (পুনরায় স্থাপন করিয়া) উত্তমকল্পকৈঃ (অত্যুৎকৃষ্ট বিধানযুক্ত) ত্রিভিঃ অশ্বমেধৈঃ (তিনটি অশ্বমেধ নামক যজ্ঞের দ্বারা) তং (তাহাকে) যাজয়িত্বা (দীক্ষিত করাইয়া) শতমন্যোঃ [যশঃ] ইব (ইন্দ্রের যশের ন্যায়) পাবনং (পবিত্র) তদ্‌যশঃ (তাঁহার কীর্ত্তি) দিক্ষু আতনোৎ (চতুর্দ্দিকে বিস্তার করিলেন) ॥ ৫—৬ ॥

[অনন্তর শ্রীকৃষ্ণ] শৈনেয়োদ্ধবসংযুতঃ (সাত্যকি ও উদ্ধবের সহিত মিলিত হইয়া) পাণ্ডুপুত্রান্ আমন্ত্র্য (পাণ্ডবগণকে সম্ভাষণ করিয়া) পূজিতৈঃ দ্বৈপায়নাদিভিঃ বিপ্রৈঃ ([শ্রীকৃষ্ণ কর্ত্তৃক] পূজিত ব্যাসাদি ব্রাহ্মণগণ কর্ত্তৃক) প্রতিপূজিতঃ (প্রতিপূজিত হইলেন) ॥ ৭ ॥

ব্রহ্মন্! (হে শৌনক!) দ্বারকাং গন্তুং (দ্বারকায় যাওয়ার জন্য) কৃতমতিঃ (কৃতনিশ্চয় হইয়া) [শ্রীকৃষ্ণ] রথম্ আস্থিতঃ (রথে অবস্থান করতঃ) ভয়বিহ্বলাম্ (ভয়ব্যাকুলা) অভিধাবন্তীং (অভিমুখে দ্রুত আগমনকারিণী) উত্তরাম্ (অভিমন্যুর পত্নী উত্তরাকে) উপলেভে (দেখিতে পাইলেন) ॥ ৮ ॥

উত্তরা উবাচ (উত্তরা বলিলেন) হে দেবদেব! হে মহাযোগিন্! হে জগৎপতে! পাহি পাহি

অনুবাদ

গণ কর্ত্তৃক অপহৃত যুধিষ্ঠিরের নিজরাজ্য পুনরায় স্থাপন করিলেন এবং অত্যুৎকৃষ্ট বিধানযুক্ত তিনটি অশ্বমেধ নামক যজ্ঞের দ্বারা তাঁহাকে দীক্ষিত করাইয়া ইন্দ্রের যশের ন্যায় যুধিষ্ঠিরের পবিত্র কীর্ত্তি চতুর্দ্দিকে বিস্তার করিলেন ॥ ৫ ৬ ॥

অনন্তর [ভগবান্ শ্রীকৃষ্ণ দ্বারকায় যাওয়ার জন্য] সাত্যকি ও উদ্ধবের সহিত মিলিত হইয়া পাণ্ডবগণকে সম্ভাষণ করিয়া ব্যাসাদি ব্রাহ্মণগণকে পূজা করিলেন, এবং তাঁহারাও ভগবান্‌কে প্রতিপূজা করিলেন ॥ ৭ ॥

হে শৌনক! দ্বারকায় যাওয়ার জন্য কৃতনিশ্চয় হইয়া ভগবান্ শ্রীকৃষ্ণ রথে অবস্থান করতঃ ভয়ব্যাকুলা, এবং দ্রুত আগমনকারিণী অভিমন্যুর পত্নী উত্তরাকে দেখিতে পাইলেন ॥ ৮ ॥

উত্তরা বলিলেন—হে দেবদেব! হে মহাযোগিন্! হে জগৎপতে! রক্ষা করুন,

টীকা

স্ত্রীবিতান্ ॥৫॥৬॥ "শৈনেয়ঃ" শিনেঃ পৌত্রঃ যুযুধানঃ ॥৭॥ "উত্তরাম্" অভিমন্যুভার্য্যাং দদর্শ ॥৮॥ "ত্বৎ" ত্বত্তঃ

অভিদ্রবতি মামীশ ! শরস্তপ্তায়সো বিভো ! ।
কামং দহতু মাং নাথ ! মা মে গর্ভো নিপাত্যতাম্ ॥১০॥

সূত উবাচ

উপধার্য্য বচস্তস্যা ভগবান্ ভক্তবৎসলঃ ।
অপাণ্ডবমিদং কর্ত্তুং দ্রৌণেরস্ত্রমবুধ্যত ॥ ১১ ॥
তর্হ্যেবাথ মুনিশ্রেষ্ঠ ! পাণ্ডবাঃ পঞ্চ শায়কান্ ।
আত্মনোঽভিমুখান্ দীপ্তানালক্ষ্যাস্ত্রাণ্যুপাদদুঃ ॥ ১২ ॥

অন্বয়

(রক্ষা করুন, রক্ষা করুন) । যত্র (যে সংসারে) পরস্পরং (পরস্পর পরস্পরের) মৃত্যুঃ [ভবতি] (মৃত্যুর কারণ হইয়া থাকে) [তত্রলোকে] (সেই সংসারে) ত্বৎ (আপনাকে ভিন্ন) অন্যম্ অভয়ং ন পশ্যে (অপর ভয়শূন্য কাহাকেও দেখিতেছি না) ॥ ৯ ॥

হে ঈশ ! হে প্রভো ! তপ্তায়সঃ শরঃ (উত্তপ্ত লৌহময় শল্যযুক্ত শর) মাম্ অভিদ্রবতি (আমার অভিমুখে আসিতেছে) । হে নাথ ! (হে প্রভো !) [সঃ] মাং (উহা আমাকে) কামং (যথেচ্ছভাবে) দহতু (দগ্ধ করুক) । মে (কিন্তু যেন আমার) গর্ভঃ (গর্ভস্থ সন্তান) মা নিপাত্যতাং (বিনষ্ট না করে) ॥ ১০ ॥

সূতঃ উবাচ (সূত বলিলেন)—ভক্তবৎসলঃ ভগবান্ (ভক্তবৎসল ভগবান্ শ্রীকৃষ্ণ) তস্যাঃ (সেই উত্তরার) বচঃ উপধার্য্য (বাক্য উপলব্ধি করিয়া) ইদং দ্রৌণেঃ অস্ত্রম্ (ইহা অশ্বত্থামার ব্রহ্মাস্ত্র), অপাণ্ডবং কর্ত্তুং (জগৎ পাণ্ডবশূন্য করিবার জন্য) [প্রবৃত্তং] (প্রযুক্ত হইয়াছে বলিয়া) অবুধ্যত (বুঝিতে পারিলেন) ॥ ১১ ॥

মুনিশ্রেষ্ঠ ! (হে শৌনক !) (অনন্তর) অথ তর্হি এব (সেই সময়েই) পাণ্ডবাঃ (যুধিষ্ঠিরাদি

অনুবাদ

রক্ষা করুন। যে সংসারে পরস্পর পরস্পরের মৃত্যুর কারণ হইয়া থাকে, সেখানে আপনাকে ভিন্ন অপর ভয়শূন্য কাহাকেও দেখিতেছি না ॥ ৯ ॥

হে ঈশ ! হে প্রভো ! উত্তপ্ত লৌহময় শল্যযুক্ত শর আমার অভিমুখে আসিতেছে। হে নাথ ! ঐ শর আমাকে যথেচ্ছ ভাবে দগ্ধ করুক, [তাহাতে আপত্তি নাই]। কিন্তু যেন আমার গর্ভস্থ সন্তান বিনষ্ট না করে ॥ ১০ ॥

সূত বলিলেন—ভক্তবৎসল ভগবান্ শ্রীকৃষ্ণ উত্তরার বাক্য উপলব্ধি করিয়া, ইহা অশ্বত্থামার ব্রহ্মাস্ত্র, জগৎ পাণ্ডবশূন্য করিবার জন্য প্রযুক্ত হইয়াছে বলিয়া বুঝিতে পারিলেন ॥১১॥

হে মুনিশ্রেষ্ঠ শৌনক ! অনন্তর সেই সময়েই যুধিষ্ঠিরাদি পঞ্চপাণ্ডব, তীক্ষ্ণ পাঁচটি বাণ

টীকা

অন্যম্ অভয়ং ন "পশ্যে"। "যত্র' ত্বদন্যে ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তজনে "পরস্পরং মৃত্যু"র্ভবতি, স ত্বদন্যো জনঃ মাং পাতুং কথং শক্নুয়াদিতি ভাবঃ ॥ ৯ ॥ তপ্তম্ আয়সং শল্যং যস্য সঃ, "মাম্ অভিদ্রবতি" মাম্ অভিমুখমাগচ্ছতি। "কামং" যথেচ্ছম্ ॥ ১০ ॥ "অস্ত্রং" ব্রহ্মাস্ত্রম্। নন্থ গর্ভমাত্রবিনাশেন বিশ্বং পাণ্ডবশূন্যং কথং ভবেৎ ? ইত্যত্র অস্ত্রস্য বহুমুখত্বং সূচয়তি "তর্হি" এবেতি ॥ ১১ ॥ ১২ ॥

ব্যসনং বীক্ষ্য তৎ তেষামনন্যবিষয়াত্মনাম্ ।
সুদর্শনেন স্বাস্ত্রেণ স্বানাং রক্ষাং ব্যধাদ্বিভুঃ ॥ ১৩ ॥
অন্তঃস্থঃ সর্ব্বভূতানামাত্মা যোগেশ্বরো হরিঃ ।
স্বমায়য়াবৃণোদ্ গর্ভং বৈরাট্যাঃ কুরুতন্তবে ॥ ১৪ ॥
যদ্যপ্যস্ত্রং ব্রহ্মশিরস্ত্বমোঘঞ্চাপ্রতিক্রিয়ম্ ॥
বৈষ্ণবং তেজ আসাদ্য সমশাম্যদ্ ভৃগূদ্বহ ! ॥ ১৫ ॥

অন্বয়

পঞ্চ পাণ্ডব) দীপ্তান্ পঞ্চশায়কান্ (তীক্ষ্ণ পাঁচটি বাণ) আত্মনঃ অভিমুখান্ (নিজেদের অভিমুখে) [আসিতেছে] আলক্ষ্য (দেখিয়া) অস্ত্রাণি উপাদদুঃ (নিজ নিজ অস্ত্র গ্রহণ করিলেন) ॥ ১২ ॥

বিভুঃ (ভগবান্ শ্রীকৃষ্ণ) অনন্যবিষয়াত্মনাং (অনন্যচিত্ত অর্থাৎ কৃষ্ণৈকচিত্ত) তেষাং (স্বভক্ত পাণ্ডবগণের) তৎ ব্যসনং বীক্ষ্য (উপস্থিত বিপদ্ দর্শন করিয়া) স্বাস্ত্রেণ সুদর্শনেন (স্বীয় অস্ত্র সুদর্শনের দ্বারা) স্বানাং (আত্মীয় পাণ্ডবগণের) রক্ষাং ব্যধাৎ (রক্ষা বিধান করিলেন) ॥ ১৩ ॥

যোগেশ্বরঃ হরিঃ (ভগবান্ যোগেশ্বর শ্রীহরি) সর্ব্বভূতানাং আত্মা (সকল প্রাণিগণের আত্মা অর্থাৎ অন্তর্য্যামী) [অতঃ] বৈরাট্যাঃ অন্তস্থঃ (অতএব বিরাটপুত্রী উত্তরার অভ্যন্তরে অবস্থিত থাকিয়াই) কুরুতন্তবে (তাহার সন্তান রক্ষা করিবার জন্য) স্বমায়য়া (স্বীয় মায়াশক্তি দ্বারা) গর্ভম্ আবৃণোৎ (গর্ভ আচ্ছাদন করিলেন) ॥ ১৪ ॥

ভৃগূদ্বহ ! (হে ভৃগুকুলোদ্ভব শৌনক !) যদ্যপি (যদিও) ব্রহ্মশিরঃ অস্ত্রম্ (ব্রহ্মাস্ত্র) অমোঘম্

অনুবাদ

নিজেদের অভিমুখেই আসিতেছে দেখিয়া [তাহা নিবারণ করিবার জন্য] নিজ নিজ অস্ত্র গ্রহণ করিলেন ॥১২॥

ভগবান্ শ্রীকৃষ্ণ অনন্যচিত্ত স্বভক্ত পাণ্ডবগণের উপস্থিত বিপদ্ দর্শন করিয়া স্বীয় অস্ত্র সুদর্শনের দ্বারা আত্মীয় পাণ্ডবগণের রক্ষা বিধান করিলেন ॥ ১৩ ॥

ভগবান্ যোগেশ্বর শ্রীহরি সকল প্রাণিগণের আত্মা অর্থাৎ অন্তর্য্যামী। [সকল বস্তুতে তিনি নিত্যই অবস্থিত আছেন।] অতএব বিরাট পুত্রী উত্তরার অভ্যন্তরে অবস্থিত থাকিয়াই তাঁহার সন্তান রক্ষা করিবার জন্য স্বীয় মায়াশক্তিদ্বারা গর্ভ আচ্ছাদন করিলেন ॥১৪॥

হে ভৃগুকুলোদ্ভব শৌনক ! যদিও ব্রহ্মাস্ত্র অব্যর্থ ও প্রতিবিধানের অযোগ্য, তথাপি

টীকা

কথঞ্চিৎ অর্জ্জুনঃ স্বাত্মানং পূর্ব্ববৎ রক্ষিতুং শক্নুয়াদপি, ন অন্যে শক্নুয়ুরিতি। অতঃ "তেষাং শ্রীমৎসুদর্শনেন রক্ষাং ব্যধাৎ" অকরোৎ॥ ১৩ ॥ স্বানন্যজনদুঃখহরণস্বভাবঃ "যোগেশ্বরঃ" দূরস্থ-ভক্তমনোরথসম্পাদনদক্ষোঽপি "সর্ব্বভূতানাম্ আত্মা" অন্তর্য্যামী, সর্ব্বত্র নিত্যং প্রাপ্তঃ, অতএব ভক্তবাৎসল্যেন গৃহীতঃ সূক্ষ্মমঙ্গলমূর্ত্তিঃ অপ্রতিগৃহীতচক্রাদ্যায়ুধঃ "বৈরাট্যাঃ" বিরাটপুত্র্যাঃ "অন্তস্থঃ এব কুরুতন্তবে" তৎসন্তানায় "স্বয়ং গর্ভম্ আবৃণোৎ" আবৃতবান্ ॥ ১৪ ॥ "অমোঘম্" অনিষ্ফলম্

মা মংস্থা হ্যেতদাশ্চর্য্যং সর্ব্বাশ্চর্য্যময়েঽচ্যুতে।
য ইদং মায়য়া দেব্যা সৃজত্যবতি হন্ত্যজঃ ॥ ১৬ ॥
ব্রহ্মতেজোবিনির্ম্মুক্তৈরাত্মজৈঃ সহ কৃষ্ণয়া।
প্রয়াণাভিমুখং কৃষ্ণমিদমাহ পৃথা সতী ॥ ১৭ ॥

শ্রীকুন্ত্যুবাচ

নমস্যে পুরুষন্ত্বাদ্যমীশ্বরং প্রকৃতেঃ পরম্।
অলক্ষ্যং সর্ব্বভূতানামন্তর্ব্বহিরবস্থিতম্ ॥ ১৮ ॥

অন্বয়

অপ্রতিক্রিয়ং (অব্যর্থ ও প্রতিবিধানের অযোগ্য)। [তথাপি] বৈষ্ণবং তেজঃ আসাদ্য (বিষ্ণুতেজ প্রাপ্ত হইয়া অর্থাৎ বিষ্ণুতেজে মিলিত হইয়া) সমশাম্যৎ (সম্পূর্ণভাবে শান্তভাব ধারণ করিল)॥ ১৫ ॥

[হে শৌনক!] যঃ অজঃ (যে জন্মরহিত ভগবান্) দেব্যা মায়য়া (স্বীয় মায়াশক্তিদ্বারা) ইদং (এই জগৎ) সৃজতি (সৃষ্টি করেন), অবতি (পালন করেন), হন্তি (সংহার করেন), [তস্মিন্] সর্ব্বাশ্চর্য্যময়ে (সেই আশ্চর্য্যময় সকল বস্তুর আধারস্বরূপ) অচ্যুতে (ভগবান্ শ্রীকৃষ্ণে) এতৎ (এই ব্রহ্মাস্ত্র প্রশমিত হওয়া) আশ্চর্য্যং মা মংস্থা (আশ্চর্য্য মনে করিও না)॥ ১৬ ॥

ব্রহ্মতেজোবিনির্ম্মুক্তৈঃ (ব্রহ্মাস্ত্র তেজ হইতে মুক্ত) আত্মজৈঃ (পুত্র যুধিষ্ঠিরাদি) কৃষ্ণয়া চ (ও দ্রৌপদীর) সহ (সহিত) সতী পৃথা (পতিপ্রাণা কুন্তীদেবী) প্রয়াণাভিমুখং (গমনোদ্যত) কৃষ্ণং (কৃষ্ণকে) ইদম্ আহ (এই বক্ষ্যমাণ বাক্য বলিতে লাগিলেন)॥ ১৭ ॥

শ্রীকুন্তী উবাচ (কুন্তীদেবী বলিলেন) আদ্যং পুরুষং (আদিপুরুষ) প্রকৃতেঃ পরং (প্রকৃতির অতীত) ঈশ্বরং (সর্ব্বনিয়ন্তা) সর্ব্বভূতানাং অন্তঃ বহিঃ অবস্থিতম্ (সকল প্রাণিগণের অন্তরে ও বাহিরে অবস্থিত) অলক্ষ্যং (দুর্জ্ঞেয়) ত্বা (তোমাকে) [আমি] নমস্যে (নমস্কার করিতেছি)॥ ১৮ ॥

অনুবাদ

সেই ব্রহ্মাস্ত্র বৈষ্ণব তেজপ্রাপ্ত হইয়া অর্থাৎ বিষ্ণুতেজে মিলিত হইয়া সম্পূর্ণভাবে শান্ত ভাব ধারণ করিল ॥ ১৫ ॥

হে শৌনক! যে জন্মরহিত ভগবান্ স্বীয় মায়াশক্তি দ্বারা এই জগৎ সৃষ্টি, পালন ও সংহার করেন, সেই আশ্চর্য্যময় সকল বস্তুর আধার স্বরূপ ভগবান্ শ্রীকৃষ্ণে এই ব্রহ্মাস্ত্র প্রশমিত হওয়া আশ্চর্য্য মনে করিও না ॥ ১৬ ॥

ব্রহ্মাস্ত্রতেজ হইতে মুক্ত পুত্র যুধিষ্ঠিরাদি ও দ্রৌপদীর সহিত সতী কুন্তীদেবী গমনোদ্যত ভগবান্ শ্রীকৃষ্ণকে এই বক্ষ্যমাণ বাক্য বলিতে লাগিলেন ॥ ১৭ ॥

হে ভগবান্! আমি তোমাকে নমস্কার করিতেছি। [তুমি আমার ভ্রাতুষ্পুত্র, এবং

টীকা

"অপ্রতিক্রিয়ম্" অপ্রতিভটং "বৈষ্ণবং তেজঃ" সুদর্শনাদিরূপম্ "আসাদ্য সমশাম্যৎ" সম্যক্ শান্তমাসীৎ॥ ১৫ ॥ সর্ব্বম্ আশ্চর্য্যময়ং যস্মিন্ স তথা, তস্মিন্, এতদুদরে আবির্ভূয় গর্ভরক্ষণং বহুমুখব্রহ্মাস্ত্রশমনং"মাশ্চর্য্যমিতি মা মংস্থা" ন মন্যস্ব। "ইদং" বিচিত্রং বিশ্বং "মায়য়া" স্বশক্তিভূতয়া॥ ১৬ ॥ "পৃথা" কুন্তী "ইদং" বক্ষ্যমাণমাহ ॥১৭॥ "ত্বা" ত্বাং "নমস্যে" অহং নমস্করোমি, নন্থ ভ্রাতৃপুত্রং যুধিষ্ঠিরভীমাভ্যাং

মায়াজবনিকাচ্ছন্নমজ্ঞাধোক্ষজমব্যয়ম্ ।
ন লক্ষ্যসে মূঢ়দৃশা নটো নাট্যধরো যথা ॥১৯॥

অন্বয়

মায়াজবনিকাচ্ছন্নং (ত্রিগুণাত্মিকা মায়ারূপা জবনিকাদ্বারা অনাবৃত) অধোক্ষজম্ (ইন্দ্রিয়-জন্যজ্ঞানের অতীত) অব্যয়ং (নির্ব্বিকার) [তোমাকে] অজ্ঞা (অল্পবুদ্ধি অর্থাৎ মায়াবিমূঢ়া আমি) ["নমস্তে" পূর্ব্বশ্লোকের ক্রিয়ার সহিত অন্বয় হইবে] (নমস্কার করি)। নাট্যধরঃ নটঃ যথা (অভিনেতা নট যেমন) মূঢ়দৃশা (অনভিজ্ঞ দর্শককর্ত্তৃক) [ন লক্ষ্যতে] (দৃষ্ট হয় না) [তথা ত্বমপি] (সেই প্রকার তুমিও) মূঢ়দৃশা ন লক্ষ্যসে (অজ্ঞান জীবকর্ত্তৃক দৃষ্ট হও না) ॥ ১৯ ॥

অনুবাদ

যুধিষ্ঠির ও ভীমের কনিষ্ঠ, তথাপি ইহা অসঙ্গত হইতেছে না। [কারণ] তুমি সনাতন পুরুষ, ত্রিগুণাত্মিকা প্রকৃতিরও অতীত, সকলের নিয়ন্তা, এবং সকল প্রাণিগণের অন্তরে ও বাহিরে অবস্থিত আছ, [কিন্তু জীবগণ তোমাকে জানিতে পারে না], তুমি দুর্জ্ঞেয়। [সাধারণ বিষয়াসক্ত চক্ষুরাদিদ্বারা ভগবদ্রূপ গ্রহণীয় নহে। ভগবদনুগ্রহভাজন ব্যক্তি যোগশুদ্ধ ইন্দ্রিয়াদির দ্বারা তাঁহাকে দেখিতে পারেন] ॥ ১৮ ॥

হে ভগবন্! গুণত্রয়াত্মিকা মায়ারূপা জবনিকাদ্বারা তুমি আবৃত হও না, এবং তুমি ইন্দ্রিয়জন্যজ্ঞানের বেদ্যও নহ, এইরূপ নির্ব্বিকার তোমাকে, অল্পবুদ্ধি আমি কেবল নমস্কার করিতেছি। অভিনেতা নটকে যেমন অনভিজ্ঞ দর্শক জানিতে পারে না, সেইপ্রকার তোমাকে অজ্ঞান জীব জানিতে পারে না ॥ ১৯।

টীকা

স্বপুত্রাভ্যাম্ অপি কনিষ্ঠং কস্মাৎ নমস্করোষি ? তত্রাহ—"আদ্যমি"তি। কিং প্রধানং ? নেত্যাহ "প্রকৃতেঃ পরং পুরুষমি"তি। কিং কমপি জীববিশেষম্ ? নেত্যাহ "ঈশ্বরমি"তি। নন্থ জীবেষু কেচিৎ ঈশ্বরা অপি সন্তি, তং নমস্করোষি কিম্ ? নেত্যাহ "সর্ব্বভূতানাং অন্তর্বহিরবস্থিতমি"তি। "অন্তঃ প্রবিষ্টঃ শাস্তা জনানাম্" "যচ্চ কিঞ্চিৎ জগত্যস্মিন্ দৃশ্যতে শ্রূয়তেঽপি বা। অন্তর্বহিশ্চ তৎ সর্ব্বং ব্যাপ্য নারায়ণঃ স্থিতঃ" ॥ "ময়ি সর্ব্বমিদং প্রোতং সূত্রে মণিগণা ইব" ইত্যাদি শ্রুতিস্মৃতিপ্রতিপাদ্যং পরং তত্ত্বমিত্যর্থঃ। তর্হি সর্ব্বত্র কুতো মাং জনা ন পশ্যন্তি ? তত্রাহ—"অলক্ষ্যমি"তি। সাধারণৈশ্চক্ষুরাদিভিরগ্রাহ্যমিত্যর্থঃ। "ন চক্ষুষা পশ্যতি কশ্চিদেন"মিত্যাদিশ্রুতেঃ যোগশুদ্ধৈঃ করণৈস্তু ভবদনুগ্রহভাজনো ভবন্তং পশ্যত্যেব ইতি ভাবঃ। "তমক্রতুং পশ্যতি বীতশোকো ধাতুঃ প্রসাদান্মহিমানমীশম্" "দৃশ্যতে ত্বগ্র্যয়া বুদ্ধ্যা সূক্ষ্ময়া সূক্ষ্মদর্শিভি"-রিত্যাদি শ্রুতিভ্যঃ ॥ ১৮ ॥

মায়াবৃতত্বেন অল্পজ্ঞত্বেন আত্মনো দৈন্যং নিবেদয়ন্তী অনাবৃততয়া ভগবন্তং বিশিনষ্টি—"মায়া" ত্রিগুণা সৈব "অন্তেসিরা জবনিকা স্যাৎ তিরস্করিণী চ সে"তি কোষাৎ "জবনিকা" ব্যবধানপটী, "অচ্ছন্নং" অনাবৃতম্ "এতদীশনমীশস্য প্রকৃতিস্থোঽপি তদ্‌গুণৈঃ। ন যুজ্যতে সদাত্মস্থৈর্যথা বুদ্ধিস্তদাশ্রয়া" ইতি, "বিলজ্জমানয়া যস্য স্থাতুমীক্ষাপথেঽমুয়া" ইতি চ বক্ষ্যমাণাৎ। "অধোক্ষজম্" অধঃ অক্ষজম্ ইন্দ্রিয়জন্যং জ্ঞানং যস্মাৎ তং সর্ব্বজ্ঞং,"অব্যয়ং" নির্ব্বিকারম্ অহম্ "অজ্ঞা" অল্পজ্ঞা জীবস্য মায়াবৃতস্য "অজ্ঞো জন্তুরিত্যাদিবাক্যৈঃ অজ্ঞত্বাবগমাৎ। "নমস্তে" ইতি পূর্ব্বেণ অন্বয়ঃ। নন্থ ধৃতরাষ্ট্রাদিভিঃ ত্বৎপূজ্যৈঃ পাণ্ডবকৃতে পঞ্চগ্রাম-

তথা পরমহংসানাং মুনীনামমলাত্মনাম্ ।
ভক্তিযোগবিধানার্থং কথং পশ্যেম হি স্ত্রিয়ঃ ॥২০॥
কৃষ্ণায় বাসুদেবায় দেবকীনন্দনায় চ ।
নন্দগোপকুমারায় গোবিন্দায় নমো নমঃ ॥২১॥
নমঃ পঙ্কজনাভায় নমঃ পঙ্কজমালিনে ।
নমঃ পঙ্কজনেত্রায় নমস্তে পঙ্কজাঙ্ঘ্রয়ে ॥ ২২ ॥

অন্বয়

অমলাত্মনাং (বিশুদ্ধান্তঃকরণ) পরমহংসানাং (আত্মা ও অনাত্মবিষয়ে বিবেকজ্ঞানসম্পন্ন মহাত্মগণ) মুনীনাং (এবং মননশীল মুনিগণকর্ত্তৃকও) তথা (তুমি দৃষ্ট হও না)। [অতঃ] (অতএব) স্ত্রিয়ঃ (স্ত্রীজাতি আমরা) ভক্তিযোগবিধানার্থং (তোমাতে ভক্তিভাব অর্পণ করিবার জন্য) কথং [ত্বাং] পশ্যেম (কি করিয়া তোমাকে দেখিব ?) ॥ ২০ ॥

বাসুদেবায় (বসুদেব পুত্র) দেবকীনন্দনায় (দেবকীর আনন্দবর্দ্ধন) নন্দগোপকুমারায় (নন্দগোপের পুত্র) গোবিন্দায় (সর্ব্বাভিষ্টপ্রদ) কৃষ্ণায় (শ্রীকৃষ্ণকে) নমো নমঃ (পুনঃ পুনঃ নমস্কার করিতেছি)। পঙ্কজনাভায় তে নমঃ (পদ্মনাভ তোমাকে নমস্কার করিতেছি) পঙ্কজমালিনে [তে]

অনুবাদ

যাঁহাদের অন্তঃকরণ বিশুদ্ধ হইয়াছে ও বিবেক বিজ্ঞান উৎপন্ন হইয়াছে, তাদৃশ মহাত্মাগণ ও মননশীল মুনিগণও তোমাকে দেখিতে পান না। অতএব তুচ্ছ স্ত্রীজাতি আমরা তোমাতে ভক্তিভাব অর্পণ করিবার জন্য কিরূপে তোমাকে দেখিতে পাইব ? [অর্থাৎ আত্মানাত্মবিবেকী মহাত্মাগণই যখন তোমাকে দেখিতে পান না, তখন মননশীল মুনিগণের কথা আর কি বলিব ? তাদৃশ মুনিগণেরও যখন দুর্দ্দর্শনীয়, তখন স্ত্রীজাতি আমাদের বিষয়ে আর বক্তব্য কি ? নিশ্চয়ই দর্শন পাইব না] ॥ ২০ ॥

তুমি বসুদেবপুত্র, তুমি দেবকীর আনন্দবর্দ্ধন, তুমি নন্দগোপের পুত্র, এবং তুমি

টীকা

যাচনায় সভায়াং প্রবিষ্টং তদপ্রদানেনাসংকৃতং মাং কিমেবং নমস্করোষি ? ইত্যত্রাহ "নে"তি। "নাট্যধরঃ" মূঢ়দৃগ্ধনাদানায় স্বজ্ঞানিচেষ্টাবান্ নটঃ স্বরূপেনৈব অবস্থিতঃ মূঢ়দৃশা ন লক্ষ্যতে যথা, তথা ত্বমপি তস্য দুর্বৃত্তস্য ঐশ্বর্য্যং জিহীর্ষুঃ স্বরূপেণৈব অবস্থিতঃ সর্ব্বেশ্বরোঽয়মিতি "মূঢ়দৃশা ন লক্ষ্যসে" স্ম ॥ ১৯ ॥ কিঞ্চ এতাবত্ত্বেন তু কোঽপি ত্বাং ন জানাতি—ইত্যাহ "তথে"তি। যথা অনন্তাচিন্ত্যস্বরূপগুণশক্ত্যাদ্যাশ্রয়ঃ, তথা "পরমহংসানাং" আত্মানাত্মবিবেকবতাং "মুনীনাম্" আত্মাদিমননশীলানাম্ "অমলাত্মনাম্" আত্মাদি-জিজ্ঞাসার্হানাং ন লক্ষ্যসে, তৃতীয়ার্থে ষষ্ঠী, তৈঃ সাকল্যেন ন লক্ষ্যসে ইত্যর্থঃ। "কোঽদ্ধা বেদ ন যদ্বাগভ্যুৎপদ্যতে ন মনো ন বিদ্মো যথৈতদনুশিষ্যাদিত্যাদিশ্রুতেঃ" "ন মে বিদুঃ সুরগণাঃ প্রভবং ন মহর্ষয়"ইতি শ্রীমুখোক্তেশ্চ। অতঃ "স্ত্রিয়ো" বয়ং "ভক্তিযোগবিধানার্থং" ভক্তিযোগং বিধাতুং ত্বাং "কথং পশ্যেম"। অত্র যদি পরমহংসৈঃ লব্ধাত্মাদিবিবেকৈর্ন লক্ষ্যসে, তর্হি বিবেকার্থং মননপরৈর্ন লক্ষ্যসে ইতি কিমুবক্তব্যম্, ইত্যেবমুত্তরোত্তরং কৈমুত্যন্যায়ো জ্ঞেয়ঃ ॥ ২০ ॥

অতো "ব্রহ্মবিদাপ্নোতি পরম্" "জ্ঞাত্বা মাং শান্তিমৃচ্ছতি" ইত্যাদি শ্রুতিস্মৃত্যনুসারেণ ভগবন্তং জ্ঞাত্বা

যথা হৃষীকেশ ! খলেন দেবকী কংসেন রুদ্ধাতিচিরং শুচার্পিতা।
বিমোচিতাহঞ্চ সহাত্মজা বিভো ! ত্বয়ৈব নাথেন মুহুর্বিপদ্‌গণাৎ ॥ ২৩ ॥
বিষান্মহাগ্নেঃ পুরুষাদ-দর্শনাদসৎসভায়া বনবাসকৃচ্ছ্রতঃ।
মৃধে মৃধেঽনেকমহারথাস্ত্রতো দ্রৌণ্যস্ত্রতশ্চাস্ম হরেঽভিরক্ষিতাঃ ॥ ২৪ ॥

অন্বয়

নমঃ (পদ্মমালাধারী তোমাকে নমস্কার করিতেছি) পঙ্কজনেত্রায় [তে] নমঃ (কমললোচন তোমাকে নমস্কার করিতেছি) পঙ্কজাঙ্ঘ্রয়ে [তে] নমঃ (কমলাঙ্কিতচরণ তোমাকে নমস্কার করিতেছি) ॥ ২১—২২ ॥

হে হৃষীকেশ ! হে বিভো ! যথা নাথেন ত্বয়া (যেরূপ সর্ব্বপালক তোমাকর্ত্তৃক) দেবকী বিমোচিতা (দেবকী মুক্তা হইয়াছেন), [তথা] অহং বিমোচিতা (সেইরূপ আমিও মুক্তা হইয়াছি)। [কিন্তু] সা শুচার্পিতা (কিন্তু সেই দেবকী পুত্রশোকাতুরা হইয়া) খলেন কংসেন অতিচিরং (খল কংসকর্ত্তৃক দীর্ঘকাল) রুদ্ধা [সতী] সকৃৎ বিমোচিতা (কারারুদ্ধা থাকিয়া একবারমাত্র মুক্তা হইয়াছেন) অহং বিপদ্‌গণাৎ (আমি বিপৎসমূহ হইতে) সহাত্মজা (পুত্রগণের সহিত) মুহুঃ (বার বার) শীঘ্রং চ (এবং শীঘ্রই) মোচিতা (বিমুক্তা হইয়াছি) ॥ ২৩ ॥

হরে ! (হে শ্রীকৃষ্ণ !) বিষাৎ (দুর্য্যোধনপ্রদত্ত বিষ হইতে) মহাগ্নেঃ (জতুগৃহ দাহ হইতে) পুরুষাদদর্শনাৎ (হিড়িম্ব, বকপ্রভৃতি রাক্ষসগণের আক্রমণ হইতে) অসৎসভায়াঃ (দ্যূতসভা হইতে)

অনুবাদ

গোবিন্দ অর্থাৎ সর্ব্বাভিষ্টপ্রদ, তুমিই শ্রীকৃষ্ণ, তোমাকে পুনঃ পুনঃ নমস্কার করিতেছি। পদ্মনাভ তোমাকে নমস্কার করিতেছি, পদ্মমালাধারী তোমাকে নমস্কার করিতেছি, কমললোচন তোমাকে নমস্কার করিতেছি, কমলাঙ্কিতচরণ তোমাকে নমস্কার করিতেছি ॥ ২১—২২ ॥

হে হৃষীকেশ ! হে বিভো ! সর্ব্বপালক তুমি তোমার মাতাকে যেমন রক্ষা করিয়াছ, আমাকেও সেইরূপ রক্ষা করিয়াছ। কিন্তু [তোমার জননী হইতে আমাকে অধিক দয়া করিয়াছ, যেহেতু] তোমার মাতা দেবকী পুত্রশোকাতুরা হইয়া খল কংসকর্ত্তৃক দীর্ঘকাল কারারুদ্ধা থাকিয়া একবার মাত্র মুক্তা হইয়াছেন। আর আমি পুত্রগণের সহিত বিপৎসমূহ হইতে বহুবার এবং শীঘ্রই বিমুক্তা হইয়াছি [অর্থাৎ তোমার মাতা একাকিনী, পুত্রশোকাতুরা, দীর্ঘকাল কারারুদ্ধা ; এ অবস্থায় একবার মাত্র তাঁহাকে অনুগ্রহ করিয়াছ। আর আমি পুত্রগণের সহিত, বহুবিপদ্ হইতে বহুবার শীঘ্র শীঘ্রই তোমার অনুগ্রহ পাইয়াছি। অতএব আমাতে তোমার বেশী দয়া] ॥ ২৩ ॥

হে শ্রীকৃষ্ণ ! ভীমের প্রতি দুর্য্যোধনের বিষপ্রদান, জতুগৃহদাহ, হিড়িম্ব, বক

টীকা

প্রেম্না নমস্করোতি "কৃষ্ণায়" ইতি দ্বাভ্যাম্ ॥ ২১ ॥ ২২ ॥ অথ "যথে"তি দ্বাভ্যাং ভগবৎকৃতোপকারান্ স্মরতি। "যথা ত্বয়া দেবকী বিমোচিতা, তথা অহং চ বিমোচিতে"তি সামান্যোক্তিঃ। তত্র বিশেষং দর্শয়তি—সা তু "শুচার্পিতা" কংসহতপুত্রশোকব্যাপ্তা "অতিচিরং" সুচিরং "খলেন" দুরাত্মনা "কংসেন রুদ্ধা" সতী সকৃদ্ বিমোচিতা। "অহন্তু বিপদ্‌গণাৎ সহাত্মজা মুহুঃ" শীঘ্রং চ "বিমোচিতে"তি মাতৃতঃ তব ময়ি কৃপাতিশয় ইতি ভাবঃ ॥২৩॥ তদেবাহ—"বিষাৎ" কামকোষ্ট্যাখ্যে গঙ্গায়াং স্থানে দুর্য্যোধনেন ভীমায় দত্তাৎ,

বিপদঃ সন্তু তাঃ শশ্বৎ তত্র তত্র জগদ্গুরো ! ।
ভবতো দর্শনং যৎ স্যাদপুনর্ভবদর্শনম্ ॥২৫॥
জন্মৈশ্বর্য্যশ্রুতশ্রীভিরেধমানমদঃ পুমান্ ।
নৈবার্হত্যভিধাতুং বৈ ত্বামকিঞ্চনগোচরম্ ॥ ২৬ ॥

অন্বয়

বনবাসকৃচ্ছ্রতঃ (বনবাসে প্রাপ্ত বহুক্লেশ হইতে) মৃধে মৃধে (প্রতি যুদ্ধে) অনেকমহারথাস্ত্রতঃ (ভীষ্ম, দ্রোণ প্রভৃতি বহু মহারথগণের অস্ত্র হইতে) দ্রৌণ্যস্ত্রতঃ চ (ও অশ্বত্থামার ব্রহ্মাস্ত্র হইতে) [তোমা কর্ত্তৃক আমরা] অভিরক্ষিতাঃ আস্ম (সর্ব্বতোভাবে রক্ষিত হইয়াছি) ॥ ২৪ ॥

জগদ্গুরো ! (হে জগৎপূজ্য !) যৎ (যেই বিপদে) অপুনর্ভবদর্শনং (পুনর্জ্জন্মনিবারক) ভবতো দর্শনং স্যাৎ (তোমার দর্শন লাভ হয়) তাঃ বিপদঃ (সেই সকল বিপদ) তত্র তত্র (জন্মে জন্মে) শশ্বৎ সন্তু (আমাদের নিত্যই হউক) ॥ ২৫ ॥

জন্মৈশ্বর্য্যশ্রুতশ্রীভিঃ (সদ্বংশে জন্ম, ধন, বিদ্যা ও সৌন্দর্য্যের দ্বারা) এধমানমদঃ (অতিশয় গর্ব্বিত) পুমান্ (পুরুষ) অকিঞ্চনগোচরং (একমাত্র নিষ্কামিগণের প্রাপ্য) ত্বাং (তোমাকে) অভিধাতুং (ডাকিতেও) নৈব অর্হতি (পারে না) ॥ ২৬ ॥

অনুবাদ

প্রভৃতি রাক্ষসগণের আক্রমণ, দ্যূতসভা, বনবাসে প্রাপ্ত বহু ক্লেশ, প্রতি যুদ্ধে ভীষ্ম দ্রোণ প্রভৃতি বহু মহারথগণের অস্ত্র এবং অশ্বত্থামার ব্রহ্মাস্ত্র, এই সকল বিপদ হইতে তুমিই আমাদিগকে সর্ব্বতোভাবে রক্ষা করিয়াছ ॥ ২৪ ॥

হে জগৎপূজ্য ! যে বিপদ উপস্থিত হইলে পুনর্জ্জন্মনিবারক তোমার দর্শনলাভ হইয়া থাকে, সেই সকল বিপদ জন্মে জন্মে আমাদের নিত্যই হউক। [অর্থাৎ যে বিপদে ভগবদ্দর্শন লাভ হয়, সেই বিপদও আমাদের কাম্য, আর যে সম্পদে ভগবদ্দর্শন নাই, তাদৃশ সম্পদ্‌ও আমাদের কাম্য নহে] ॥ ২৫ ॥

[সম্পদে মঙ্গল নাই তাহা দেখাইতেছেন—হে কৃষ্ণ !] সদ্বংশে জন্ম, ধন, বিদ্যা ও সৌন্দর্য্যের দ্বারা অতিশয় গর্ব্বিত পুরুষ, একমাত্র নিষ্কামিগণের প্রাপ্য তোমাকে ডাকিতেও পারে না [অর্থাৎ কৃষ্ণ, গোবিন্দ প্রভৃতি তোমার নাম উচ্চারণও করিতে পারে না] ॥ ২৬ ॥

টীকা

"মহাগ্নেঃ" বারণাবতে গ্রামে জতুগৃহদাহাৎ, "পুরুষাদদর্শনাৎ" পুরুষাদানাং হিড়িম্ববকজটাসুরাদীনাং দর্শনাৎ, "অসৎসভায়াঃ" দ্যূতস্থানাৎ, "বনবাসকৃচ্ছ্রতঃ" বনবাসে প্রাপ্তাৎ বহুবিধাৎ ক্লেশাৎ "মৃধে মৃধে অনেকমহারথাস্ত্রতঃ" প্রতিযুদ্ধং অনেকানাং মহারথানাং ভগদত্তাদীনাম্ অস্ত্রাদিভ্যঃ "দ্রৌণ্যস্ত্রতঃ" ছদ্মনা পিতরং হতং দৃষ্ট্বা প্রকুপিতেন দ্রৌণিনা সর্ব্বেষাং নাশায় প্রাদুষ্কৃতাৎ নারায়ণাস্ত্রাৎ ব্রহ্মাস্ত্রাচ্চ হে "হরে" ত্বয়া "অভিতঃ" পরিতো "রক্ষিতাঃ আস্ম" অভবাম ॥ ২৪ ॥

যাসু ভগবৎস্মরণদর্শনাদিকং স্যাৎ, তাঃ বিপদঃ অপি বৃক্তাঃ। যাসু তন্ন স্যাৎ, তাঃ সম্পদঃ অপি অযুক্তা ইত্যাহ—"বিপদ" ইতি দ্বাভ্যাম্। হে "জগদ্গুরো ! তা বিপদোঽপি তত্র তত্র" জন্মনি জন্মনি নঃ স্যুঃ, কাঃ ? "যৎ" যাসু "ভবতো দর্শনং স্যাৎ"। কীদৃগ্‌দর্শনম্ তত্রাহ-"অপুনর্ভবদর্শনমি"তি। নাস্তি পুনরপি

নমোঽকিঞ্চনবিত্তায় নিবৃত্তগুণবৃত্তয়ে।
আত্মারামায় শান্তায় কৈবল্যপতয়ে নমঃ॥ ২৭॥
মন্যে ত্বাং কালমীশানমনাদিনিধনং বিভুম্।
সমং চরন্তং সর্ব্বত্র ভূতানাং যন্মিথঃ কলিঃ॥ ২৮॥

অন্বয়

[হে কৃষ্ণ!] অকিঞ্চনবিত্তায় (ভক্তগণই তোমার একমাত্র বিত্ত), নিবৃত্তগুণবৃত্তয়ে (রজঃ প্রভৃতি গুণের বৃত্তি তোমা হইতে দূরে আছে), আত্মারামায় (তুমি পূর্ণানন্দ স্বরূপ), শান্তায় (শান্তমূর্ত্তি) কৈবল্য-পতয়ে [তে] নমঃ নমঃ (ও মুক্তিদাতা, তোমাকে পুনঃ পুনঃ নমস্কার করিতেছি)॥ ২৭॥

[হে শ্রীকৃষ্ণ!] ত্বাং (তোমাকে) ঈশানং (চিদচিদাত্মক সমস্ত জগতের নিয়ন্তা) অনাদিনিধনং (আদ্যন্তরহিত) বিভুং (সর্ব্বব্যাপী) সমং সর্ব্বত্র চরন্তং (এবং সর্ব্বত্র সমভাবে বিচরণকারী) কালং (কালপুরুষ বলিয়া) মন্যে (মনে করি), যৎ (যেই তুমি নিমিত্তরূপে অবস্থান করায়) ভূতানাং (জীবগণের) মিথঃ (পরস্পর) কলিঃ (কলহ হইয়া থাকে)। [স্বস্বরূপে তুমি সমদর্শীই]॥ ২৮॥

অনুবাদ

[হে কৃষ্ণ!] ভক্তগণই তোমার একমাত্র বিত্ত, রজঃ প্রভৃতি গুণের বৃত্তি কামলোভাদি তোমা হইতে দূরে আছে, তুমি পূর্ণানন্দস্বরূপ, শান্তমূর্ত্তি এবং মুক্তিদাতা। তোমাকে পুনঃ পুনঃ নমস্কার করিতেছি॥ ২৭॥

[হে কৃষ্ণ!] আমি তোমাকে চিদচিদাত্মক সমস্ত জগতের নিয়ন্তা, আদ্যন্তরহিত, সর্ব্বব্যাপী, এবং সর্ব্বত্র সমভাবে বিচরণকারী কালপুরুষ বলিয়া মনে করি। [যদি কেহ আশঙ্কা করে যে দুর্য্যোধনাদির প্রাণহন্তা, এবং পাণ্ডবগণের প্রাণদাতা ভগবান্ সমদর্শী হইলেন কিরূপে? তাহার উত্তরে বলিতেছেন]—তুমি কেবল কর্ম্মফল প্রদান বিষয়ে নিমিত্তরূপে বর্ত্তমান আছ। জীবগণের স্বস্ব কর্ম্মানুযায়ী পরস্পর [রজঃ ও তমোগুণের প্রাবল্য হেতু] কলহ হইয়া থাকে। [তাহাতে তোমার সমদর্শিতার ব্যাঘাত হয় না]॥ ২৮॥

টীকা

ভবস্য জগতো দর্শনং যস্মাৎ॥ ২৫॥ "জন্মৈশ্বর্য্যশ্রুতশ্রীভিঃ" সৎকুলজন্মধনবিদ্যাশ্রীভিঃ এধমানো মদো যস্য সঃ, নাস্তি কিঞ্চন যেষাং তেষাং নিষ্কামানাং গোচরং বিষয়ং আরাধ্যং ত্বাম্ অভিধাতুং হে কৃষ্ণ! ইতি বক্তুমপি নার্হতি॥ ২৬॥ পুনঃ ভগবদ্‌গুণান্ বক্তুং তাবৎ প্রণমতি—নিবৃত্তা রজ আদি বৃত্তয়ো যস্মাৎ তস্মৈ, কৈবল্যং কার্য্যকারণরূপপ্রকৃতিসম্বন্ধরাহিত্যং তৎপতয়ে তদ্ দাতুং সমর্থায়॥২৭॥

নন্থ নিবৃত্তগুণবৃত্তিত্বাৎ আত্মারামত্বং, শান্তত্বং, ত্বৎপুত্রসারথ্যাদি কর্ম্ম চ কথং ঘটতে? তত্রাহ—"মন্যে" ইতি। "ত্বাং কালং" "যঃ কালকালঃ" ইতি শ্রুতিপ্রসিদ্ধং কালশক্তিং জগৎকালয়ন্তং মন্যে ইত্যর্থঃ। "ঈশানং" সর্ব্বচিদচিদাত্মকং বিশ্বং স্ববশীকুর্ব্বাণং, আদিশ্চ নিধনঞ্চ আদিনিধনে, ন বিদ্যেতে আদিনিধনে যস্য স তথা, তং "বিভুং" সর্ব্বত্র ব্যাপকং, "সমং" যথা স্যাৎ তথা "সর্ব্বত্র চরন্তম্", নন্থ ধৃতরাষ্ট্রপুত্রপৌত্রাদি-নাশহেতোঃ, ভবত্যাঃ পুত্রাণাং প্রাণাদেঃ দাতুঃ কথং সাম্যং? তত্রাহ—"যন্মিথঃ কলি"রিতি। যস্মাৎ

ন বেদ কশ্চিদ্ভগবংশ্চিকীর্ষিতং তবেহমানস্য নৃণাং বিড়ম্বনম্।
ন যস্য কশ্চিদ্দয়িতোঽস্তি কর্হিচিদ্-দ্বেষ্যশ্চ যস্মিন্ বিষমা মতির্নৃণাম্॥২৯॥
জন্ম কর্ম্ম চ বিশ্বাত্মন্নজস্যাকর্ত্তুরাত্মনঃ।
তির্য্যঙ্নৃষিষু যাদঃসু তদত্যন্তবিড়ম্বনম্ ॥ ৩০ ॥

অন্বয়

ভগবন্! (হে ষড়ৈশ্বর্য্যশালিন্!) নৃণাং বিড়ম্বনং (মানবলীলার অনুকরণে) ঈহমানস্য (চেষ্টাশীল) তব (তোমার) চিকীর্ষিতং (সেই সকল কর্ম্মের গূঢ় অভিপ্রায়) কশ্চিদপি ন বেদ (কেহই জানিতে পারে না)। যতঃ (যেহেতু) যস্য [তব] (যেই তোমার) কশ্চিৎ [অপি] (কেহও) কর্হিচিৎ (কখনও) দয়িতঃ (মিত্র) দ্বেষ্যঃ চ (ও শত্রু) ন অস্তি (নাই)। যস্মিন্ (যে তোমাতে) কেবলং (কেবল) বিষমা মতিঃ (বৈষম্যবুদ্ধি) নৃণাং [ভবতি] (মানবগণের [অজ্ঞানবশতঃই] হইয়া থাকে) ॥২৯॥

বিশ্বাত্মন্! (হে সর্ব্বান্তর্য্যামিন্!) অজস্য (জন্মরহিত) অকর্ত্তুঃ (কর্তৃত্বশূন্য) আত্মনঃ (পরমাত্মস্বরূপ তোমার) তির্য্যঙ্নৃষিষু যাদঃসু (পশুযোনিতে বরাহরূপে, নরযোনিতে রামরূপে, ঋষিযোনিতে নরনারায়ণরূপে, জলচরযোনিতে মৎস্যাদিরূপে) তৎ জন্ম কর্ম্ম চ (স্বেচ্ছায় সেই সেই জন্ম ও কর্ম্ম), অত্যন্ত বিড়ম্বনং (আশ্চর্য্য অনুকরণ) ॥ ৩০ ॥

অনুবাদ

হে ভগবন্! মানবলীলার অনুকরণে চেষ্টাশীল তোমার সেই সকল কর্ম্মের গূঢ় অভিপ্রায় কেহই জানিতে পারে না। যেহেতু [জগতে] তোমার কেহও কখনও শত্রু বা মিত্র নাই, [অর্থাৎ তুমি সমদর্শী, তথাপি যে নরলীলাকালীন শত্রু ও মিত্রের ন্যায় স্থান বিশেষে আচরণ করিয়া থাক, তাহার যথার্থ অভিপ্রায় কি, তাহা মানবগণ বুঝিতে পারে না।] সে জন্যই তোমাতে মানবগণের বৈষম্য বুদ্ধি [অর্থাৎ কোথাও তুমি নিগ্রহরূপে কোথাও বা অনুগ্রহরূপে এই প্রকার ভেদবুদ্ধি] অজ্ঞানবশতঃই হইয়া থাকে ॥২৯।

হে বিশ্বাত্মন্! জন্মরহিত, কর্তৃত্বরহিত ও পরমাত্মস্বরূপ হইয়াও তুমি পশু যোনিতে বরাহরূপে, নরযোনিতে রামরূপে, ঋষিযোনিতে নরনারায়ণরূপে, জলচরযোনিতে মৎস্যরূপে স্বেচ্ছায় জন্মগ্রহণ করিয়া সেই সেই অবতারে কর্ম্ম অর্থাৎ লীলাপ্রকাশ করিয়াছ। তোমার সেই সেই জন্ম ও কর্ম্ম অত্যন্ত আশ্চর্য্য অনুকরণ ॥৩০॥

টীকা

তত্তৎকর্ম্মফলদাতুঃ সর্ব্বোপকর্ত্তুঃ মিথোঽন্যোন্যদোষেণৈব কলির্ভবতি ॥ ২৮ ॥ নন্থ দেবরাজঃ সব্রজং মাং হন্তুং যত্নং কৃতবান্, নৃপতয়ো জরাসন্ধচৈদ্যপ্রভৃতয়ো বহুশো মমাবজ্ঞাং কৃতবন্তঃ, তদিদং "সমং চরন্তং সর্ব্বত্র" ইত্যাদি ভবত্যা বচনং কথম্ অর্থবৎ স্যাৎ? অত্রাহ—"ন বেদে"তি। হে "ভগবন্"! ষড়ৈশ্বর্য্যসম্পন্ন! "নৃণাং বিড়ম্বনং" অনুকরণম্ "ইহমানস্য" তত্তদুক্তানুরূপং চরিতং কুর্ব্বাণস্য "তব চিকীর্ষিতং" তত্তৎকর্ম্মানুসারেণ কর্ত্তুরভীষ্টং "কশ্চিদপি ন বেদ"। এবং স্বতো "যস্মিন্" প্রিয়াপ্রিয়রহিতে ত্বয়ি "বিষমা মতিঃ নৃণাং" অজ্ঞানাদ্ ভবতি ॥ ২৯ ॥ "অজস্য" কর্ম্মজজন্মোৎপত্তিশূন্যস্য স্বেচ্ছয়া "জন্ম, অকর্ত্তুঃ" সত্ত্বাদিগুণহেতুককর্তৃত্বশূন্যস্য স্বেচ্ছকং "কর্ম্ম চাত্যন্ত বিড়ম্বন"মনুকরণম্। তত্র তির্য্যক্ষু বরাহাদিরূপেণ, নৃষু রামাদিরূপেণ, ঋষিষু ভার্গবাদিরূপেণ, যাদঃসু মৎস্যাদিরূপেণ ॥ ৩০ ॥

গোপ্যাদদে ত্বয়ি কৃতাগসি দাম তাবদ্-
যা তে দশাশ্রুকলিলাঞ্জনসম্ভ্রমাক্ষম্।
বক্ত্রং নিনীয় ভয়ভাবনয়া স্থিতস্য,
সা মাং বিমোহয়তি ভীরপি যদ্বিভেতি ॥ ৩১ ॥
কেচিদাহুরজং জাতং পুণ্যশ্লোকস্য কীর্ত্তয়ে।
যদোঃ প্রিয়স্যান্ববায়ে মলয়স্যেব চন্দনম্ ॥ ৩২ ॥

অন্বয়

ত্বয়ি কৃতাগসি (তুমি দধিভাণ্ড ভাঙ্গিয়া অপরাধী হইলে) গোপী (তোমার মা শ্রীমতী যশোদা) [যাবৎ] দাম আদদে (যখন রজ্জু গ্রহণ করিলেন) তাবৎ (তখন) অশ্রুকলিলাঞ্জনসম্ভ্রমাক্ষং বক্ত্রং নিনীয় (নেত্রজলে ধৌতাঞ্জন ও ভয়ব্যাকুলিতনয়নবিশিষ্ট বদন অবনত করিয়া) ভয়ভাবনয়া স্থিতস্য (প্রহারভয়ের ভাবনায় অবস্থিত) যৎ (যাহা হইতে) ভীঃ অপি বিভেতি (স্বয়ং ভয়ও ভয় পাইয়া থাকে) [তস্য] তে (সেই তোমার) যা দশা (যে অবস্থা) সা মাং বিমোহয়তি (সেই অবস্থা আমাকে বিমোহিত করিতেছে) ॥ ৩১ ॥

কেচিৎ (কোনও ভক্তগণ) মলয়স্য কীর্ত্তয়ে (মলয় পর্ব্বতের যশোবিস্তারের জন্য) চন্দনং ইব (চন্দনের জন্মের ন্যায়) অজং (জন্মরহিত ভগবান্‌কে) পুণ্যশ্লোকস্য (পবিত্রকীর্ত্তি) প্রিয়স্য (ভক্ত) যদোঃ অন্ববায়ে (যদুবংশে) কীর্ত্তয়ে (যশোবিস্তারের নিমিত্ত) জাতং (অবতীর্ণ হইয়াছেন) আহুঃ (বলিয়া থাকেন) ॥ ৩২ ॥

অনুবাদ

[নরলীলার অনুকরণ অতিশয় আশ্চর্য্যজনক তাহাই দেখাইতেছেন]—হে বিশ্বাত্মন্! তুমি দধিভাণ্ড ভাঙ্গিয়া অপরাধী হইলে, তোমার মা শ্রীমতী যশোদা যখন [তোমাকে বন্ধন করিবার জন্য] রজ্জু গ্রহণ করিলেন, তখন তোমার নেত্রজলে অঞ্জন ধৌত হইতেছিল, এবং নয়নযুগল ভয়ব্যাকুল হইয়াছিল। এ অবস্থায় তুমি অধোবদনে প্রহারভয়ের ভাবনায় অবস্থান করিতেছিলে। তোমা হইতে স্বয়ং ভয়ও ভয় পাইয়া থাকে; সেই তোমার এই অবস্থা আমাকে বিমোহিত করিতেছে ॥ ৩১ ॥

[ভগবানের স্বরূপ ও লীলাদি দুর্জ্ঞেয় ও অভাবনীয়, ইহা পূর্ব্ব পূর্ব্ব শ্লোকে বলা হইয়াছে, এক্ষণে ভগবদবতারের প্রয়োজনও যে দুর্জ্ঞেয় ও অভাবনীয় তাহাই বলিতেছেন] কোনও ভক্তগণ বলিয়া থাকেন—যেমন মলয় পর্ব্বতের যশোবিস্তারের জন্যই চন্দন

টীকা

সাক্ষাদবতারিণস্তব প্রাদুর্ভাবে যচ্চেষ্টিতং তদত্যদ্ভুতং মাং বিমোহয়তীত্যাহ একদেশকথনেন "গোপী"তি। "ত্বয়ি কৃতাগসি" দধিভাণ্ডস্ফোটনং কৃতবতি "গোপী" শ্রীযশোদা যাবৎ "দাম আদদে" রজ্জুং জগ্রাহ, "তাবৎ" কালমেব "তে" তব "যা দশা" অবস্থা, "সা মাং বিমোহয়তি" দেহগেহস্মৃতিতশ্চালয়তি। কীদৃশস্য? "অশ্রুকলিলাঞ্জনসম্ভ্রমাক্ষম্" অশ্রুব্যামিশ্রাঞ্জনে সম্ভ্রমে ভয়সূচকবৈক্লব্যযুক্তে অক্ষিণী যস্য তৎ বক্ত্রং "ভয়ভাবনয়া নিনীয় স্থিতস্য","যৎ" যতো "ভীঃ অপি বিভেতি" তস্য ॥৩১॥ ভগবতঃ স্বরূপগুণাদের্দুর্জ্ঞেয়ত্বম্

অপরে বসুদেবস্য দেবক্যাং যাচিতোঽভ্যগাৎ।
অজস্ত্বমস্য ক্ষেমায় বধায় চ সুরদ্বিষাম্ ॥ ৩৩ ॥
ভারাবতরণায়ান্যে ভুবো নাব ইবোদধৌ।
সীদন্ত্যা ভূরি ভারেণ জাতো হ্যাত্মভুবার্থিতঃ ॥ ৩৪ ॥
ভবেঽস্মিন্ ক্লিশ্যমানানামবিদ্যাকামকর্ম্মভিঃ।
শ্রবণস্মরণার্হাণি করিষ্যন্নিতি কেচন ॥ ৩৫ ॥

অন্বয়

অপরে [আহুঃ] (অপর ভক্তগণ বলিয়া থাকেন), যাচিতঃ ([পূর্ব্বজন্মে সুতপা ও পৃশ্নি কর্ত্তৃক] প্রার্থিত হইয়া) [ভগবান্] অস্য (ভগবান্ এই জগতের) ক্ষেমায় (মঙ্গলের জন্য) সুরদ্বিষাং (ও অসুরগণের) বধায় চ (বধের নিমিত্ত) বসুদেবস্য দেবক্যাং (বসুদেবের স্ত্রী দেবকীতে) গর্ভত্বং অভ্যগাৎ (পুত্রত্ব প্রাপ্ত হইয়াছেন অর্থাৎ বসুদেব ও দেবকীর পুত্ররূপে অবতীর্ণ হইয়াছেন) ॥ ৩৩ ॥

[অপর ভক্তগণ বলিয়া থাকেন] উদধৌ (সমুদ্রে) ভূরিভারেণ (অতিশয়ভারে) সীদন্ত্যাঃ নাবঃ ইব (ভারাক্রান্তা নৌকার ন্যায়) সীদন্ত্যাঃ ভুবঃ (পাপভারে ভারাক্রান্তা এই পৃথিবীর) ভারাবতরণায় (ভার হরণের নিমিত্ত) আত্মভুবা (ব্রহ্মাকর্ত্তৃক) অর্থিতঃ (প্রার্থিত হইয়া) [ভগবান্] জাতঃ হি (ভগবান্ অবতীর্ণ হইয়াছেন) ॥ ৩৪ ॥

অবিদ্যাকামকর্ম্মভিঃ (আত্মা, অনাত্মা ও পরমাত্মবিষয়ক জ্ঞানের অভাবই অবিদ্যা, সেই অবিদ্যা হইতেই কাম জন্মে অর্থাৎ বিষয়াভিলাষ জন্মে, সেই বিষয়াভিলাষবশতঃ যে সকল কর্ম্ম করা হয়, তাহার দ্বারা) অস্মিন্ ভবে (এই সংসারে) ক্লিশ্যমানানাং (অত্যন্ত ক্লেশপ্রাপ্ত জীবগণের) [ক্লেশশান্তির নিমিত্ত] শ্রবণস্মরণার্হাণি [চেষ্টিতানি] (শ্রবণযোগ্য ও স্মরণযোগ্য লীলা সকল) করিষ্যন্ (প্রকাশ করিতে

অনুবাদ

মলয়পর্ব্বতে জন্মিয়া থাকে, তেমন জন্মরহিত হইয়াও ভগবান্ শ্রীকৃষ্ণ পবিত্রকীর্ত্তি ভক্ত যদুবংশের যশোবিস্তারের জন্যই সেই বংশে অবতীর্ণ হইয়াছেন ॥ ৩২ ॥

অপর ভক্তগণ বলিয়া থাকেন,—পূর্ব্বজন্মে সুতপা ও পৃশ্নিকর্ত্তৃক প্রার্থিত হইয়া ভগবান্ শ্রীকৃষ্ণ এই জগতের মঙ্গলের জন্য ও অসুরগণের বধের নিমিত্ত বসুদেব ও দেবকীর পুত্ররূপে অবতীর্ণ হইয়াছেন ॥ ৩৩ ॥

[অন্য কোনও ভক্তগণ বলিয়া থাকেন],—সমুদ্রে অতিশয় ভারে ভারাক্রান্তা নৌকার ন্যায় পাপভারে ভারাক্রান্তা এই পৃথিবীর ভারহরণের নিমিত্ত ব্রহ্মাকর্ত্তৃক প্রার্থিত হইয়া ভগবান্ অবতীর্ণ হইয়াছেন ॥৩৪॥

আত্মা, অনাত্মা ও পরমাত্মবিষয়ক জ্ঞানের অভাবই অবিদ্যা; সেই অবিদ্যা হইতেই

টীকা

উক্তম্, তৎপ্রাদুর্ভাবপ্রয়োজনমপি দুর্জ্ঞেয়মিত্যাহ "কেচিদি"তি চতুর্ভিঃ। "অন্ববায়ে" বংশে ॥৩২॥ "বসুদেবস্য" পত্ন্যাং "দেবক্যাং গর্ভত্বমভ্যগাৎ" প্রাপ্তঃ। "যাচিতঃ" তাভ্যাং প্রার্থিতঃ ॥ ৩৩ ॥ 'আত্মভুবা" ব্রহ্মণা ॥ ৩৪ ॥ "অবিদ্যা" আত্মানাত্মপরমাত্মজ্ঞানাভাবস্ততঃ "কামো" বিষয়াভিলাষঃ তন্নিমিত্তৈঃ "কর্ম্মভিঃ ক্লিশ্যমানানাং"

শৃণ্বন্তি গায়ন্তি গৃণন্ত্যভীক্ষ্ণশঃ স্মরন্তি নন্দন্তি তবেহিতং জনাঃ।
ত এব পশ্যন্ত্যচিরেণ তাবকং ভবপ্রবাহোপরমং পদাম্বুজম্ ॥ ৩৬ ॥
অপ্যদ্য নস্ত্বং স্বকৃতেহিত ! প্রভো ! জিহাসসি স্বিৎ সুহৃদোঽনুজীবিনঃ।
যেষাং ন চান্যদ্ভবতঃ পদাম্বুজাৎ পরায়ণং রাজসু যোজিতাংহসাম্ ॥ ৩৭ ॥

অন্বয়

ইচ্ছা করিয়া) [ভগবান্ অবতীর্ণঃ] ইতি কেচন [আহুঃ] (ভগবান্ অবতীর্ণ হইয়াছেন, ইহা কোন কোন ভক্তগণ বলিয়া থাকেন) ॥ ৩৫ ॥

[যে] জনাঃ (যে সকল মানব) তব ঈহিতং (তোমার লীলা) অভীক্ষ্ণশঃ (নিরন্তর) শৃণ্বন্তি (শ্রবণ করেন), গায়ন্তি (কীর্ত্তন করেন), গৃণন্তি ([শিষ্যদিগের প্রতি] উপদেশ করেন), স্মরন্তি (স্মরণ করেন), নন্দন্তি (অভিনন্দিত করেন), তে (সে সকল মানব) অচিরেণ (শীঘ্রই) ভবপ্রবাহোপরমং (পুনঃ পুনঃ জন্মমরণপ্রবাহরূপ সংসারের নিবর্ত্তক) তাবকং পদাম্বুজং (তোমার চরণকমল) পশ্যন্তি (দর্শন করিয়া থাকেন) ॥ ৩৬ ॥

স্বকৃতেহিত ! (হে ভক্তকর্ম্মদর্শিন্ !) প্রভো ! (নিগ্রহানুগ্রহসমর্থ !) ত্বং (তুমি) রাজসু যোজিতাংহসাং (নৃপতিকুলে দুঃখপ্রদানকারী) যেষাং (যাহাদের) ভবতঃ পদাম্বুজাৎ ঋতে (তোমার চরণকমল ব্যতীত) অন্যৎ পরায়ণং ন [অস্তি] (অন্য কোনও আশ্রয় নাই) [তান্] (সেই) সুহৃদঃ (আত্মীয়) অনুজীবিনঃ চ (ও আশ্রিত) নঃ (আমাদিগকে) অদ্য জিহাসসি অপি স্বিৎ (ত্যাগ করিতেছ কি ?) ॥ ৩৭ ॥

অনুবাদ

বিষয়াভিলাষরূপ কামের উৎপত্তি হইয়া থাকে ; সেই বিষয়াভিলাষবশতঃ যে সকল কর্ম্ম করা হয়, তাহার দ্বারা এই সংসারে জীবগণ অত্যন্ত ক্লেশপ্রাপ্ত হয় ; সেই ক্লেশশান্তির নিমিত্ত শ্রবণযোগ্য ও স্মরণযোগ্য লীলাসকল প্রকাশ করিতে ইচ্ছা করিয়া ভগবান্ অবতীর্ণ হইয়াছেন। ইহা কোন কোনও ভক্তগণ বলিয়া থাকেন ॥ ৩৫ ॥

[হে কৃষ্ণ !] যে সকল মানব তোমার লীলা নিরন্তর শ্রবণ করেন, কীর্ত্তন করেন, শিষ্যদের প্রতি উপদেশ করেন, ধ্যান করেন এবং অভিনন্দিত করেন, সেই সকল মানব অচিরেই পুনঃ পুনঃ জন্মমরণপ্রবাহরূপ সংসারের নিবর্ত্তক তোমার চরণকমল দর্শন করিয়া থাকেন ॥৩৬॥

হে ভক্তকর্ম্মদর্শিন্ ! হে প্রভো ! [গত যুদ্ধে যে সকল রাজগণ বিনষ্ট হইয়াছেন,

টীকা

জনানাং ক্লেশনিবৃত্তয়ে "শ্রবণস্মরণাদ্যর্হাণি" চেষ্টিতানি করিষ্যন্ জাতঃ ইতি কেচন মন্যন্তে ॥ ৩৫ ॥ চরমপক্ষস্তু সিদ্ধান্তত্বং সূচয়ন্ শ্রবণাদি ফলং দর্শয়তি "শৃণ্বন্তী"তি। তব "ঈহিতং" চেষ্টিতং গুরোঃ সকাশাৎ "শৃণ্বন্তি, শিষ্যাদীন্ প্রতি"গৃণন্তি, ক্বচিচ্চ গায়ন্তি, স্মরন্তি, নন্দন্তি" চ, তে এব "ভবপ্রবাহোপরমং" সংসারনিবর্ত্তকং "পদাম্বুজং অচিরেণ পশ্যন্তি" ॥ ৩৬ ॥ স্বকীয়ানাং স্বকৃতমবেক্ষিতং যেন তস্য সম্বোধনে হে "স্বকৃতেহিত" ! হে প্রভো ! ত্বং "রাজসু যোজিতাংহসাং" যোজিতদুঃখানাং অতএব "যেষাং অস্মাকং ভবতঃ পদাম্বুজাৎ অন্যৎ পরায়ণং" শ্রেয়ঃ প্রাপকং নৈবাস্তি, তান্ "সুহৃদো" দৃঢ়স্নেহান্ "অনুজীবিনঃ" নিজভৃত্যান্ "নঃ" অস্মান্ "অদ্য জিহাসসি অপিস্বিৎ" হাতুমিচ্ছসি কিম্ ? ॥ ৩৭ ।

কে বয়ং নামরূপাভ্যাং যদুভিঃ সহ পাণ্ডবাঃ।
ভবতোঽদর্শনং যর্হি হৃষীকাণামিবেশিতুঃ ॥ ৩৮ ॥
নেয়ং শোভিষ্যতে তত্র যথেদানীং গদাধর ! ।
ত্বৎপদৈরঙ্কিতা ভাতি স্বলক্ষণবিলক্ষিতৈঃ ॥ ৩৯ ॥
ইমে জনপদাঃ স্বৃদ্ধাঃ সুপক্কৌষধিবীরুধঃ।
বনাদ্রিনদ্যুদন্বন্তো হ্যেধন্তে তব বীক্ষিতাঃ ॥ ৪০ ॥

অন্বয়

হৃষীকাণাম্ (ইন্দ্রিয়গণের) ঈশিতুঃ (পরিচালক প্রাণবায়ুর) ইব (ন্যায়) যর্হি (যখন) ভবতঃ অদর্শনং (তোমার অদর্শন ঘটিবে) [তদা] (তখন) নামরূপাভ্যাং (খ্যাতি ও সমৃদ্ধিশালী) যদুভিঃ সহ (যদুগণের সহিত) পাণ্ডবাঃ (এই পাণ্ডবগণ) বয়ং কে ? (আমরা কে ? অর্থাৎ অতিতুচ্ছ) ॥ ৩৮ ॥

[হে] গদাধর ! ইয়ং (এই পাণ্ডবপরিপালিতা ভূমি অর্থাৎ রাজ্য) ইদানীং (এখন) স্বলক্ষণবিলক্ষিতৈঃ (ধ্বজবজ্রাঙ্কুশচিহ্নিত) ত্বৎপদৈঃ (তোমার শ্রীচরণ দ্বারা) অঙ্কিতা (অঙ্কিত হইয়া) যথা ভাতি (যেমন শোভা ধারণ করিয়াছে) তত্র (তুমি চলিয়া গেলে) [তথা] ন শোভিষ্যতে (এমন শোভা আর ধারণ করিবে না) ॥ ৩৯ ॥

সুপক্কৌষধিবীরুধঃ (সুপক্কফল, ওষধি ও লতাপরিবৃত) স্বৃদ্ধাঃ (সুসমৃদ্ধ) ইমে জনপদাঃ—

অনুবাদ

তাঁহাদের শোকে বর্ত্তমান রাজগণও দুঃখিত আছেন]। সেই সকল নৃপতিকুলে দুঃখ প্রদান হেতু শত্রুভাব বর্দ্ধিত হওয়ায় যাহাদের তোমার চরণ কমল ব্যতীত অন্য কোন আশ্রয় নাই, সেই সকল আত্মীয় ও আশ্রিত আমাদিগকে তুমি আজ ত্যাগ করিতেছ কি ? ॥ ৩৭ ॥

ইন্দ্রিয়গণের পরিচালক প্রাণবায়ুর অদর্শনে যেমন ইন্দ্রিয়গণের কোনই সামর্থ্য থাকে না, সেইরূপ যখন তোমার অদর্শন ঘটিবে, তখন খ্যাতি ও সমৃদ্ধিশালী যদুগণ ও পাণ্ডবগণ আমরা কে ? [অর্থাৎ অতিতুচ্ছ। তোমার অভাবে ইহাদের সকলেরই শক্তি সামর্থ্য নষ্ট হইবে। ফলতঃ সেই খ্যাতি ও সমৃদ্ধি থাকিবে না] ॥ ৩৮ ॥

হে গদাধর ! এই পাণ্ডবগণ-পরিপালিত রাজ্য ধ্বজবজ্রাঙ্কুশচিহ্নিত তোমার শ্রীচরণ দ্বারা অঙ্কিত হইয়া যেমন শোভা ধারণ করিয়াছে, তুমি চলিয়া গেলে এমন শোভা আর ধারণ করিবে না ॥ ৩৯ ॥

[আরও দেখ]—সুপক্ক ফল, ওষধি ও লতাপরিবৃত সুসমৃদ্ধ এই দেশ সকল এবং

টীকা

নন্বু অত্র আগমনে যাদবানাং তত্র গমনে যুষ্মাকং দুঃখোদয়স্তত্র কিং কারণমত্রাহ—"কে" ইতি। "হৃষীকাণাং" ইন্দ্রিয়ানাং "ঈশিতুঃ" মুখ্যস্য প্রাণস্যাদর্শন"মিব ভবতো যর্হি অদর্শনং" তদা "যদুভিঃ সহ বয়ং পাণ্ডবাঃ নামরূপাভ্যামু"পলক্ষিতাঃ "ন কেঽপি," অতিদীনা এব ইত্যর্থঃ ॥ ৩৮ ॥ "ইয়ং" অস্মৎপরিরক্ষিতা ভূমিঃ "স্বৈঃ" তদসাধারণৈঃ "লক্ষণৈঃ" ধ্বজাদিচিহ্নিতৈঃ "বিলক্ষিতৈঃ" ভূম্যাং চিহ্নিতৈঃ

অথ বিশ্বেশ ! বিশ্বাত্মন্ ! বিশ্বমূর্ত্তে ! স্বকেষু মে ।
স্নেহপাশমিমং ছিন্ধি দৃঢ়ং পাণ্ডুষু বৃষ্ণিষু ॥ ৪১ ॥
ত্বয়ি মেঽনন্যবিষয়া মতির্মধুপতেঽসকৃৎ ।
রতিমুদ্বহতাদদ্ধা গঙ্গেবৌঘমুদন্বতি ॥ ৪২ ॥

অন্বয়

(এই দেশ সকল) বনাদ্রিনদ্যুদন্বন্তঃ (এবং বন, পর্ব্বত, নদী ও সাগরসমূহ) তব বীক্ষিতৈঃ (তোমার দর্শনের দ্বারা) এধন্তে হি (বর্দ্ধিতই হইতেছে) ॥ ৪০ ॥

বিশ্বেশ ! (হে সর্ব্বেশ্বর !) বিশ্বাত্মন্ ! (হে সর্ব্বান্তর্য্যামিন্ !) বিশ্বমূর্ত্তে ! (হে বিশ্বমূর্ত্তিধারিন্ !) স্বকেষু বৃষ্ণিষু (আত্মীয় যাদবগণে) পাণ্ডুষু (পাণ্ডবগণে) মে (আমার) ইমং দৃঢ়ং স্নেহপাশং (এই দৃঢ় স্নেহবন্ধন) ছিন্ধি (ছেদন কর) ॥ ৪১ ॥

[হে] মধুপতে ! গঙ্গা (ভাগীরথী) উদন্বতি (সমুদ্রে) ওঘম্ ইব (প্রবাহকে যেমন) [প্রেরণ করেন, সেইরূপ] অনন্যবিষয়া (অন্য বিষয় হইতে নিবৃত্তা) মে মতিঃ (আমার মতি) অদ্ধা (সাক্ষাৎ) ত্বয়ি (তোমাতে) অসকৃৎ (প্রতিক্ষণ অর্থাৎ অবিচ্ছিন্ন) রতিং (অনুরাগপ্রবাহ) উদ্বহতাৎ (বহন করুক) ॥ ৪২ ॥

অনুবাদ

বন, পর্ব্বত, নদী ও সাগরসমূহ তোমার দর্শনে বর্দ্ধিতই হইতেছে। [তুমি চলিয়া গেলে ইহারাও আর বর্দ্ধিত হইবে না] ॥ ৪০ ॥

[ভগবান্ শ্রীকৃষ্ণ যদি হস্তিনাপুর হইতে চলিয়া যান, তবে পাণ্ডবগণের অমঙ্গল হয় ; আর যদি না যান, তবে যাদবগণের অমঙ্গল হয় ; উভয়দিকেই কুন্তীদেবীর সঙ্কট। কারণ উভয় কুলেই আপন জন। এইজন্য বলিতেছেন]—হে সর্ব্বেশ্বর ! হে বিশ্বাত্মন্ ! হে বিশ্বমূর্ত্তে ! আত্মীয় যাদবগণ ও পাণ্ডবগণের প্রতি আমার যে দৃঢ় স্নেহবন্ধন, তাহা ছেদন কর ॥ ৪১ ॥

হে মধুপতে ! ভাগীরথী যেমন স্বীয় প্রবাহকে [সমস্ত বাধাবিঘ্ন অগ্রাহ্য করিয়া] অবিচ্ছিন্নগতিতে সমুদ্রে প্রেরণ করেন, সেইরূপ আমার মতিও অন্যবিষয় হইতে নিবৃত্তা হইয়া সাক্ষাৎ তোমাতে অবিচ্ছিন্ন অনুরাগপ্রবাহ বহন করুক। [অর্থাৎ অবিচ্ছিন্না ভক্তি তোমাতে উৎপন্ন হউক] ॥ ৪২ ॥

টীকা

"যথা ইদানীং" শোভতে, "তথা" তত্র ত্বয়ি নির্গতে সতি "ন শোভিষ্যতে" ॥ ৩৯ ॥ কিঞ্চেদানীং "স্ফীতাঃ" সুসমৃদ্ধাঃ সপক্কাঃ ঔষধ্যঃ বীরুধশ্চ যেষু তে, "ইমে জনপদাঃ "দেশাঃ" বনাদয়শ্চ, তব বীক্ষিতৈঃ এধন্তে" বর্দ্ধন্তে, ত্বয়ি নির্গতে তু নেতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ৪০ ॥

উভয়কুলবন্ধূপলক্ষিতাৎ প্রপঞ্চাৎ বৈরাগ্যং প্রার্থয়তে "অথে"তি ॥ ৪১ ॥ ভগবতি ভক্তিং প্রার্থয়তে—"ত্বয়ী"তি। হে "মধুপতে ! উদন্বতি" সমুদ্রে "ওঘং" পূরং "গঙ্গেব মে মতিঃ ত্বয়ি অনন্যবিষয়া"

শ্রীকৃষ্ণ ! কৃষ্ণসখ ! বৃষ্ণ্যৃষভাবনিধ্রু-
গ্রাজন্যবংশদহনানপবর্গবীর্য্য ! ।
গোবিন্দ ! গোদ্বিজসুরার্ত্তিহরাবতার !
যোগেশ্বরাখিলগুরো ! ভগবন্ ! নমস্তে ॥ ৪৩ ॥

সূত উবাচ

পৃথয়েত্থং কলপদৈঃ পরিণূতাখিলোদয়ঃ ।
মন্দং জহাস বৈকুণ্ঠো মোহয়ন্নিব মায়য়া ॥ ৪৪ ॥
তাং বাঢ়মিত্যুপামন্ত্র্য প্রবিশ্য গজসাহ্বয়ম্ ।
স্ত্রিয়শ্চ স্বপুরং যাস্যন্ প্রেম্না রাজ্ঞা নিবারিতঃ ॥ ৪৫ ॥

অন্বয়

কৃষ্ণসখ ! (হে অর্জ্জুনসখে !) বৃষ্ণ্যৃষভ ! (হে যদুকুলশ্রেষ্ঠ !) অবনিধ্রুগ্রাজন্যবংশদহন ! (হে পৃথিবীদ্রোহিক্ষত্রিয়কুলনাশন !) অনপবর্গবীর্য্য ! (অসীমপ্রভাবশালিন্ !) গোবিন্দ ! (হে সর্ব্বাভীষ্টপ্রদ !) গোদ্বিজসুরার্ত্তিহরাবতার ! (হে গো, ব্রাহ্মণ ও দেবগণের দুঃখ বিনাশের জন্য স্বীকৃতাবতার !) যোগেশ্বর ! অখিলগুরো ! (হে যোগেশ্বর ! হে জগদ্গুরো !) শ্রীকৃষ্ণ ! তে নমঃ (হে শ্রীকৃষ্ণ তোমাকে নমস্কার) ॥ ৪৩ ॥

সূতঃ উবাচ (সূত কহিলেন) পৃথয়া (কুন্তীকর্ত্তৃক) ইত্থং (এই প্রকারে) কলপদৈঃ [বাক্যৈঃ] (মধুরপদযুক্তবাক্যের দ্বারা) পরিণূতাখিলোদয়ঃ (যাঁহার সমস্ত মহিমা কীর্ত্তিত হইয়াছে সেই) বৈকুণ্ঠঃ (ভগবান্ শ্রীকৃষ্ণ) মোহয়ন্নিব (কুন্তীদেবীকে মোহিত করিয়াই যেন) মায়য়া (কৃপা করিয়া) মন্দং জহাস (ঈষৎ হাস্য করিলেন) ॥ ৪৪ ॥

[ভগবান্ শ্রীকৃষ্ণ] বাঢ়ম্ ইতি [অঙ্গীকৃত্য] (কুন্তী প্রার্থিত স্নেহপাশ ছেদন ও ভগবদ্ভক্তি বিষয়ে

অনুবাদ

হে অর্জ্জুনসখে ! হে যদুকুলশ্রেষ্ঠ ! হে পৃথিবীদ্রোহি-ক্ষত্রিয়-কুলনাশন ! হে অসীম-প্রভাব-শালিন্ ! হে সর্ব্বাভীষ্টপ্রদ ! হে গো, ব্রাহ্মণ ও দেবগণের দুঃখ বিনাশের জন্য স্বীকৃতাবতার ! হে যোগেশ্বর ! হে জগদ্গুরো ! হে শ্রীকৃষ্ণ ! তোমাকে নমস্কার ॥ ৪৩ ॥

সূত কহিলেন—কুন্তীদেবী এইরূপে সুমধুর পদযুক্ত বাক্যের দ্বারা শ্রীভগবানের মহিমা সকল কীর্ত্তন করিলে ভগবান্ শ্রীকৃষ্ণ কুন্তীদেবীকে মোহিত করিয়াই যেন কৃপাপূর্ব্বক ঈষৎ হাস্য করিলেন ॥ ৪৪ ॥

অনন্তর ভগবান্ শ্রীকৃষ্ণ কুন্তীদেবীর প্রার্থিত স্নেহপাশ ছেদন ও ভগবদ্ভক্তি

টীকা

অব্যভিচারিণী সতী "রতিম্" অনুরক্তিম্ "অসকৃৎ" প্রতিক্ষণ"মদ্ধা" সাক্ষাৎ "উদ্বহতাৎ" ॥ ৪২ ॥ সংসারে বিরক্তিম্, ব্রহ্মণি অনুরক্তিম্ অভ্যর্থ্য তদাদার্ঢ্যার্থং পুনঃ প্রণমতি—"শ্রীকৃষ্ণে"তি। হে "শ্রীকৃষ্ণ" ! হে শ্রীযুক্ত সদানন্দস্বরূপ ! "তে নমঃ," অনপবর্গম্ অপগমনানর্হং স্বাভাবিকং বীর্য্যং যস্য স তথা, তৎসম্বোধনে "অনপবর্গবীর্য্য" ॥ ৪৩ ॥

"কলপদৈঃ" মধুরপদৈর্বাক্যৈঃ "পৃথয়া" পরিণূতঃ পরিগীতঃ অখিলোদয়ো নিখিলমহিমা যস্য সঃ। দীর্ঘ-উকারশ্ছান্দসঃ। "মন্দং" যথা স্যাৎ তথা "মায়য়া" কৃপয়া "জহাস" হসিতবান্ ॥ ৪৪ ॥ স্নেহপাশং

ব্যাসাদ্যৈরীশ্বরেহাজ্ঞৈঃ কৃষ্ণেনাদ্ভুতকর্ম্মণা।
প্রবোধিতোঽপীতিহাসৈর্নাবুধ্যত শুচার্পিতঃ ॥ ৪৬ ॥
আহ রাজা ধর্ম্মসুতশ্চিন্তয়ন্ সুহৃদাং বধম্।
প্রাকৃতেনাত্মনা বিপ্রাঃ! স্নেহমোহবশং গতঃ ॥ ৪৭ ॥

অন্বয়

"তাহাই হইবে" এই প্রকার অঙ্গীকার করতঃ) গজসাহ্বয়ং প্রবিশ্য (হস্তিনাপুরে প্রবেশ করিয়া) তাং (সেই কুন্তীদেবীর) স্ত্রিয়ঃ চ (ও সুভদ্রাপ্রভৃতি রমণীগণের) উপামন্ত্র্য (অনুমতি লইয়া) স্বপুরং যাস্তন্ (নিজপুরী দ্বারকাতে যাইতে উদ্যত হইলে) রাজ্ঞা (রাজা যুধিষ্ঠিরকর্ত্তৃক) প্রেম্না (স্নেহবশতঃ) নিবারিতঃ (নিবারিত হইলেন) ॥ ৪৫ ॥

ঈশ্বরেহাজ্ঞৈঃ (ভগবল্লীলাবিষয়ে অনভিজ্ঞ) ব্যাসাদ্যৈঃ (ব্যাসপ্রভৃতি মুনিগণ) অদ্ভুতকর্ম্মণা কৃষ্ণেন (গূঢ়রহস্যময় শ্রীকৃষ্ণকর্ত্তৃক) ইতিহাসৈঃ (বহু ইতিহাসের দ্বারা অর্থাৎ ঐতিহাসিক ঘটনার উল্লেখ করিয়া) প্রবোধিতঃ অপি (প্রবোধিত হইয়াও) শুচা অর্পিতঃ (শোকাভিভূত) [রাজা যুধিষ্ঠিরঃ] (রাজা যুধিষ্ঠির) ন অবুধ্যত (বুঝিলেন না অর্থাৎ শান্তিলাভ করিতে পারিলেন না) ॥ ৪৬ ॥

বিপ্রাঃ! (হে শৌনকাদি ঋষিগণ!) রাজা ধর্ম্মসুতঃ (ধর্ম্মপুত্র মহারাজ যুধিষ্ঠির) সুহৃদাং

অনুবাদ

বিষয়ে "তাহাই হইবে" এই প্রকারে কুন্তীদেবীর প্রার্থনা অঙ্গীকার করতঃ হস্তিনাপুরে প্রবেশ করিয়া পরে সেই কুন্তী ও সুভদ্রা প্রভৃতি রমণীগণের অনুমতি লইয়া, যখন নিজপুরী দ্বারকাতে যাইতে উদ্যত হইলেন, তখন রাজা যুধিষ্ঠির স্নেহবশতঃ ["এখানেই আরও কিছুদিন অবস্থান কর" এই প্রকার বলিয়া যাইতে] নিবারণ করিলেন ॥ ৪৫ ॥

ভগবল্লীলা বিষয়ে অনভিজ্ঞ [অর্থাৎ "ভগবদ্ভক্ত ভীষ্মদেবের প্রয়াণোৎসবে যুধিষ্ঠির গমন করিবেন ও তাঁহার নিকট হইতেই উপদেশ পাইয়া শান্ত হইবেন" এই ভগবল্লীলায় অনভিজ্ঞ] ব্যাসপ্রভৃতি মুনিগণ এবং গূঢ়রহস্যময় শ্রীকৃষ্ণ (অর্থাৎ শ্রীকৃষ্ণ জানেন যে এখানে প্রবোধ মানিবে না তথাপি লৌকিক ব্যবহার অবলম্বন করতঃ) নানাবিধ ঐতিহাসিক ঘটনার উল্লেখ করিয়া যুধিষ্ঠিরকে প্রবোধ দিলেন। কিন্তু শোকে অভিভূত রাজা যুধিষ্ঠির প্রবোধ পাইলেন না। [অর্থাৎ শান্তিলাভ করিতে পারিলেন না] ॥ ৪৬ ॥

হে শৌনকাদি ঋষিগণ! ধর্ম্মপুত্র মহারাজ যুধিষ্ঠির আত্মীয়গণের বিনাশ চিন্তা

টীকা

ছিন্ধীতি, ত্বয়ি মে মতিমুদ্বহতাদিতি চ যৎ প্রার্থিতং তদ্ বাঢ়মিত্যঙ্গীকৃত্য রথস্থানাৎ গজসাহ্বয়ং প্রবিশ্য "তাং" পৃথাম্, "অন্যাঃ" সুভদ্রাদ্যাঃ "স্ত্রিয়শ্চ উপামন্ত্র্য" অনুজ্ঞাপ্য "স্বপুরং যাস্তন্ রাজ্ঞা" যুধিষ্ঠিরেণ "নিবারিতঃ" ॥৪৫॥ "শুচার্পিতঃ" সুহৃদ্বধশোকব্যাপ্তঃ কৃষ্ণেন "প্রতিবোধিতোঽপি ন অবুধ্যত," ইত্যত্র হেতুং সূচয়ন্ বিশিনষ্টি "অদ্ভুতকর্ম্মণে"তি, স্বভক্তকার্য্যসিদ্ধয়ে স্বয়ং কালযবনমবিজিত্য স্বভক্ততেজসৈব তং ঘাতয়িতুং তত্র তমনয়ং। এবং ধর্ম্মসূতপ্রবোধনার্থং প্রবৃত্তেনাপি শ্রীকৃষ্ণেন স্বভক্তস্য ভীষ্মস্য সমীপে সর্ব্বৈর্যুধিষ্ঠিরাদিভিঃ সহ এব গন্তুকামেন স্বেচ্ছয়ৈব ন প্রবোধিতঃ সঃ, এবম্বিধানি অদ্ভুতানি কর্ম্মাণি যস্য স তথা তেনেত্যর্থঃ ॥ ৪৬ ॥ ৪৭ ॥

অহো মে পশ্যতাজ্ঞানং হৃদি রূঢ়ং দুরাত্মনঃ।
পারক্যস্যৈব দেহস্য বহ্ব্যো মেঽক্ষৌহিণীর্হতাঃ ॥ ৪৮ ॥
বালদ্বিজসুহৃন্মিত্র-পিতৃভ্রাতৃগুরুদ্রুহঃ।
ন মে স্যান্নিরয়ান্মোক্ষো হ্যপি বর্ষাযুতায়ুতৈঃ ॥ ৪৯ ॥
নৈনো রাজ্ঞঃ প্রজাভর্ত্তুর্ধর্ম্মযুদ্ধে বধো দ্বিষাম্।
ইতি মে ন তু বোধায় কল্পতে শাসনং বচঃ ॥ ৫০

অন্বয়

বধং (আত্মীয়গণের বিনাশ) চিন্তয়ন্ (চিন্তা করিতে করিতে) প্রাকৃতেন আত্মনা (অজ্ঞানাচ্ছন্ন অন্তঃকরণে) স্নেহমোহবশং গতঃ (স্নেহ ও মোহের বশবর্ত্তী হইয়া) আহ (বলিতে লাগিলেন) ॥ ৪৭ ॥

অহো! (হায়!) দুরাত্মনঃ মে (দুষ্টাত্মা আমার) হৃদি (হৃদয়ে) রূঢ়ম্ অজ্ঞানং (বদ্ধমূল অজ্ঞান) পশ্যত (অবলোকন কর)। পারক্যস্য (শৃগাল কুকুরাদির ভক্ষ্য) দেহস্য [অর্থে] (দেহের নিমিত্ত) মে (আমা কর্ত্তৃক) বহ্ব্যঃ অক্ষৌহিণীঃ (বহু অক্ষৌহিণী সেনা) হতাঃ (নিহত হইয়াছে) ॥ ৪৮ ॥

বালদ্বিজসুহৃন্মিত্রপিতৃভ্রাতৃগুরুদ্রুহঃ (বালক, ব্রাহ্মণ, আত্মীয়, বন্ধু, পিতৃব্য, ভ্রাতা ও গুরুজনের বিনাশকারী) মে (আমার) বর্ষাযুতায়ুতৈঃ অপি (অযুতগুণিত অযুত বৎসরেও) নিরয়াৎ (নরক হইতে) মোক্ষঃ ন হি স্যাৎ (মুক্তি হইবে না) ॥ ৪৯ ॥

ধর্ম্মযুদ্ধে দ্বিষাং বধঃ (ন্যায়যুদ্ধে শত্রুগণের বিনাশ) রাজ্ঞঃ এনঃ ন [উৎপাদয়তি] (রাজার পাপ উৎপাদন করে না), ইতি তু শাসনং বচঃ (এই শাস্ত্রের অনুশাসন বাক্য) মে বোধায় ন কল্পতে (আমার প্রবোধের নিমিত্ত হইতেছে না) [অর্থাৎ আমাকে প্রবোধিত করিতে পারিতেছে না]। [যতঃ তাদৃশং বচঃ] প্রজাভর্ত্তুঃ [এব] (যেহেতু সেই অনুশাসন বাক্য

অনুবাদ

করিতে করিতে অজ্ঞানাচ্ছন্ন চিত্তে স্নেহ ও মোহের বশবর্ত্তী হইয়া বলিতে লাগিলেন। [অর্থাৎ দুঃখ প্রকাশ করিতে লাগিলেন] ॥ ৪৭ ॥

হায়! তোমরা দুষ্টাত্মা আমার হৃদয়স্থিত বদ্ধমূল অজ্ঞান অবলোকন কর। আমি শৃগাল কুকুরাদিভক্ষ্য এই তুচ্ছ দেহের জন্য বহু অক্ষৌহিণী সেনা বিনাশ করিয়াছি ॥ ৪৮ ॥

হায়! আমি অজ্ঞানবশতঃ বালক, ব্রাহ্মণ, আত্মীয়, বন্ধু, পিতৃব্য, ভ্রাতা ও গুরুজনের বিনাশ করিয়াছি। আমার অযুতগুণিত অযুত বৎসরেও অর্থাৎ একশত কোটি বৎসরেও এই নরক হইতে মুক্তি হইবে না ॥ ৪৯ ॥

"ধর্ম্মযুদ্ধে শত্রুগণের বিনাশ রাজার পাপ উৎপাদন করে না" শাস্ত্রের এই অনুশাসন

টীকা

"পারক্যস্য" শৃগালাদিভক্ষ্যস্য অর্থে "মে" ময়া ॥ ৪৮ ॥ ৪৯ ॥ "ধর্ম্মযুদ্ধে দ্বিষাং বধঃ রাজ্ঞঃ এনঃ" পাপং "ন ইতি শাসনং" শিক্ষাভূতং বচঃ "মে বোধায় ন কল্পতে"। যতঃ তাদৃশং বচঃ "প্রজাভর্ত্তুরেব" প্রজাপালকস্য ধর্ম্মযুদ্ধে দ্বিষদ্বধ এনো ন ভবতি। ধৃতরাষ্ট্রে প্রজাভর্ত্তরি বিদ্যমানে মম প্রজাভর্তৃত্বাভাবাৎ

স্ত্রীণাং মদ্ধতবন্ধূনাং দ্রোহো যোঽসাবিহোত্থিতঃ।
কর্ম্মভির্গৃহমেধীয়ৈর্নাহং কল্পো ব্যপোহিতুম্ ॥ ৫১ ॥
যথা পঙ্কেন পঙ্কাম্ভঃ সুরয়া বা সুরাকৃতম্।
ভূতহত্যাং তথৈবৈকাং ন যজ্ঞৈর্মার্ষ্টুমর্হতি ॥ ৫২ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
প্রথমস্কন্ধে পারীক্ষিতে কুন্তীস্তবো নামাষ্টমোঽধ্যায়ঃ ॥৮॥

অন্বয়

প্রজাপালক রাজার জন্যই) [ধৃতরাষ্ট্র প্রজাপালক রাজা বর্ত্তমান থাকিতে আমি ত প্রজাপালক রাজা নহি] ॥৫০॥

ইহ (এই বিগত যুদ্ধে) হতবন্ধূনাং স্ত্রীণাং (পতিপুত্র ও বান্ধব বধ করায় স্ত্রীগণের) যঃ অসৌ দ্রোহঃ উত্থিতঃ (অপকারজনিত যে বিদ্বেষভাব জন্মিয়াছে), [তং] (তাহা) অহং (আমি) গৃহমেধীয়ৈঃ কর্ম্মভিঃ (গৃহস্থাশ্রমোচিত কর্ম্মের দ্বারা) ব্যপোহিতুং (দূর করিতে) ন কল্পঃ (সমর্থ হইব না) ॥ ৫১ ॥

যথা পঙ্কেন পঙ্কাম্ভঃ (যেমন পঙ্ক দ্বারা পঙ্কিল জলের পঙ্কিলতা দূর করা যায় না), যথা বা সুরয়া সুরাকৃতং (এবং যেমন সুরাপানজনিত অপবিত্রতা সুরাপানের দ্বারা দূর করা যায় না); তথা (সেইরূপ) একাম্ [অপি] ভূতহত্যাং (প্রাণিবধরূপ একটি মাত্র দুষ্কৃতিকেও) যজ্ঞৈঃ (হিংসাযুক্ত যজ্ঞের দ্বারা) ন মার্ষ্টুম্ অর্হতি (দূর করিতে পারা যায় না) ॥ ৫২ ॥

অনুবাদ

বাক্য আমাকে প্রবোধ দিতে পারিতেছে না। যেহেতু এই অনুশাসন বাক্য প্রজাপালক রাজার উদ্দেশ্যেই উক্ত হইয়াছে। [ধৃতরাষ্ট্রই প্রজাপালক রাজা বর্ত্তমান আছেন, আমি প্রজাপালক রাজা নহি। অতএব এই পাপ হইতে আমার নিস্তার নাই] ॥ ৫০ ॥

এই বিগতযুদ্ধে পতি, পুত্র ও বান্ধব বধ করায় রমণীগণের অপকারজনিত যে বিদ্বেষভাব জন্মিয়াছে, তাহা আমি গৃহস্থাশ্রমোচিত বহুবিধ কর্ম্মের দ্বারা দূর করিতে সমর্থ হইব না ॥৫১॥

যেমন পঙ্কদ্বারা পঙ্কিল জলের পঙ্কিলতা দূর করা যায় না, এবং যেমন সুরাপানজনিত অপবিত্রতা সুরাপানের দ্বারা দূর করা যায় না, সেইরূপ প্রাণিবধরূপ একটি মাত্র দুষ্কৃতিকেও হিংসাযুক্ত বহু যজ্ঞকর্ম্মের দ্বারা দূর করিতে পারা যায় না ॥ ৫২ ॥

অষ্টমাধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ৮ ॥

টীকা

দ্বিষদ্বধ এন এব ইত্যাশয়ঃ ॥ ৫০ ॥ কিঞ্চ ধর্ম্মযুদ্ধে দ্বিষদ্বধঃ পাপং মা অস্তু, ইদং পাপং তু "ধর্ম্মেণ-পাপমপনুদতী"তি শ্রুত্যাজ্ঞয়া গৃহাশ্রমোচিতেন কর্ম্মণাপি নিরাকর্ত্তুমশক্যমিত্যাহ স্ত্রীণামিতি। "ময়া হত-বান্ধবাঃ পতিপুত্রাদয়ো যাসাং তাসাং, যোঽসৌ দ্রোহঃ উত্থিত"স্তং "গৃহমেধীয়ৈঃ" গৃহাশ্রমিসাধ্যৈঃ "ব্যপোহিতুম্" অপাকর্ত্তুং "অহং কল্পঃ" সমর্থো "ন"অস্মি ॥ ৫১ ॥ কিঞ্চ "সর্ব্বং পপ্মানং তরতি ব্রহ্মহত্যাং যোঽশ্বমেধেন যজতে যদুবৈনমেবং বেদ" ইতি শ্রুত্যুক্তমপি কর্ম্ম জ্ঞানপূর্ব্বকগুর্ব্বাদিবধরূপাতিঘোরতর-পাপভয়াবিষ্টস্য ধর্ম্মরাজস্য মম ত্রাণায় নেত্যাশয়েনাহ "যথে"তি। "যথা পঙ্কেন পঙ্কাম্ভঃ, যথা বা সুরয়া সুরাকৃতং" অপাবিত্র্যং ন মৃজ্যতে, তথা "ভূতহত্যাং" দ্রোণাদিরূপপ্রাণিবধজন্যাম্ অতিঘোরামেকামপি বহুভি"র্যজ্ঞৈর্মদ্বিধো মার্ষ্টুং নার্হতি"। আচার্য্যদেবো ভবেত্যাদিবেদোক্তধর্ম্মমতিলঙ্ঘ্য অতিতুচ্ছদৈহিক-সুখসিদ্ধ্যর্থং গুর্ব্বাদিঘাতিনং বেদোক্তমপি কর্ম্ম কথং পবিত্রীকুর্য্যাদিতি ভাবঃ ॥ ৫২ ॥

ইতি প্রথমস্কন্ধীয়ে সিদ্ধান্তপ্রদীপেঽষ্টমাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ৮ ॥

নবমোঽধ্যায়ঃ

সূত উবাচ

ইতি ভীতঃ প্রজাদ্রোহাৎ সর্ব্বধর্ম্মবিবিৎসয়া।
ততো বিনশনং প্রাগাদ্ যত্র দেবব্রতোঽপতৎ ॥ ১ ॥
তদা তে ভ্রাতরঃ সর্ব্বে সদশ্বৈঃ স্বর্ণভূষিতৈঃ।
অন্বগচ্ছন্ রথৈর্বিপ্রা ব্যাসধৌম্যাদয়স্তথা ॥ ২ ॥
ভগবানপি বিপ্রর্ষে ! রথেন সধনঞ্জয়ঃ।
স তৈর্ব্ব্যরোচত নৃপঃ কুবেরইব গুহ্যকৈঃ ॥ ৩ ॥

অন্বয়

সূতঃ উবাচ (সূত বলিলেন) ইতি (এই প্রকারে) প্রজাদ্রোহাৎ (প্রজাবিদ্বেষরূপ পাপ হইতে) ভীতঃ (ভীত রাজা যুধিষ্ঠির) ততঃ (অনন্তর) সর্ব্বধর্ম্মবিবিৎসয়া (সকল ধর্ম্ম জানিতে ইচ্ছা করিয়া) যত্র (যেখানে) দেবব্রতঃ (ভীষ্মদেব) অপতৎ (পতিত হইয়াছেন) [তৎ] বিনশনং (সেই কুরুক্ষেত্রান্তর্গত স্থানে) প্রাগাৎ (গমন করিলেন) ॥ ১॥

বিপ্রাঃ! (হে শৌনকাদিঋষিগণ!) তদা (তখন) তে সর্ব্বে ভ্রাতরঃ (ভীম প্রভৃতি তদীয় ভ্রাতৃগণ) তথা ব্যাসধৌম্যাদয়ঃ (এবং ব্যাস, ধৌম্য প্রভৃতি ব্রাহ্মণগণ) স্বর্ণভূষিতৈঃ (স্বর্ণালঙ্কৃত) সদশ্বৈঃ (উত্তম অশ্বযুক্ত) রথৈঃ (রথে আঁরোহণ করিয়া) অন্বগচ্ছন্ (যুধিষ্ঠিরের অনুগমন করিলেন) ॥ ২ ॥

হে বিপ্রর্ষে! সধনঞ্জয়ঃ ভগবান্ অপি (ধনঞ্জয়ের সহিত ভগবান্ শ্রীকৃষ্ণও) রথেন (রথযোগে) [অন্বগচ্ছৎ] (যুধিষ্ঠিরের অনুগমন করিলেন)। [তদা] সঃ নৃপঃ (তখন সেই রাজা যুধিষ্ঠির) গুহ্যকৈঃ (গুহ্যকগণে পরিবৃত) কুবেরঃ ইব (কুবেরের ন্যায়) তৈঃ (অনুগমনকারিগণের দ্বারা) ব্যরোচত (শোভিত হইলেন) ॥ ৩ ॥

অনুবাদ

সূত বলিলেন—এই প্রকারে প্রজাবিদ্বেষরূপ পাপ হইতে ভীত হইয়া রাজা যুধিষ্ঠির সকল ধর্ম্ম জানিতে ইচ্ছা করিয়া যেখানে ভীষ্মদেব রথ হইতে পতিত হইয়া শরশয্যায় অবস্থান করিতেছেন, সেই কুরুক্ষেত্রান্তর্গত স্থানে গমন করিলেন ॥ ১ ॥

হে শৌনকাদি ঋষিগণ! সেই সময়ে ভীম প্রভৃতি তদীয় ভ্রাতৃগণ এবং ব্যাস, ধৌম্য প্রভৃতি ব্রাহ্মণগণ উত্তম অশ্বযুক্ত ও সুবর্ণালঙ্কারে ভূষিত রথে আরোহণ করিয়া যুধিষ্ঠিরের অনুগমন করিলেন ॥ ২ ॥

অর্জ্জুনের সহিত ভগবান্ শ্রীকৃষ্ণও রথযোগে যুধিষ্ঠিরের অনুগমন করিলেন।

টীকা

প্রবোধয়িতুং প্রবৃত্তেনাপি শ্রীকৃষ্ণেন যদর্থং ন প্রবোধিতস্তদ্দর্শয়িতুং নবমাধ্যায় আরভ্যতে। স্ত্রীণাং মদ্ধতবন্ধূনাং দ্রোহ উত্থিত "ইতী"খং "প্রজাদ্রোহাৎ ভীতঃ"। "তত"স্তদনন্তরং, "সর্ব্বধর্ম্মবিবিৎসয়া" সর্ব্বান্ ধর্ম্মান্ বোদ্ধুমিচ্ছয়া "যত্র দেবব্রতো" ভীষ্মঃ রথা"দপতদ্ বিনশনং" সরস্বত্যন্তর্দ্ধি কৌতুকস্থানং কুরুক্ষেত্রান্তর্গতং স্থানং "প্রাগাৎ" ॥১॥ সন্তো বিশিষ্টাঃ অশ্বা যেষু তৈ রথৈঃ ॥ ২ ॥ "ভগবান্" শ্রীকৃষ্ণোঽ"পি

দৃষ্ট্বা নিপতিতং ভূমৌ দিবশ্চ্যুতমিবামরম্।
প্রণেমুঃ পাণ্ডবা ভীষ্মং সানুগাঃ সহ চক্রিণা ॥ ৪ ॥
তত্র ব্রহ্মর্ষয়ঃ সর্ব্বে দেবর্ষয়শ্চ সত্তম!।
রাজর্ষয়শ্চ তত্রাসন্ দ্রষ্টুং ভরতপুঙ্গবম্ ॥ ৫ ॥
পর্ব্বতো নারদো ধৌম্যো ভগবান্ বাদরায়ণঃ।
বৃহদশ্বো ভরদ্বাজঃ সশিষ্যো রেণুকাসুতঃ ॥ ৬ ॥

অন্বয়

সানুগাঃ (অনুচরগণের সহিত) পাণ্ডবাঃ (পাণ্ডবগণ অর্থাৎ পাণ্ডুপুত্র যুধিষ্ঠিরাদি পঞ্চভ্রাতা) চক্রিণা সহ (শ্রীকৃষ্ণের সহিত) দিবঃ চ্যুতং (স্বর্গ হইতে পতিত) অমরম্ ইব (দেবতার ন্যায়) ভূমৌ নিপতিতং (ধরাশায়ী) ভীষ্মং (ভীষ্মদেবকে) দৃষ্ট্বা (দেখিয়া) প্রণেমুঃ (প্রণাম করিলেন) ॥ ৪ ॥

সত্তম! (হে সাধুশ্রেষ্ঠ শৌনক!) তত্র (যুধিষ্ঠিরাদি যখন সেখানে গেলেন, তখন) ভরতপুঙ্গবং দ্রষ্টুং (ভরতকুলতিলক ভীষ্মদেবকে দেখিবার জন্য) ব্রহ্মর্ষয়ঃ (ব্রহ্মর্ষিগণ) দেবর্ষয়ঃ (দেবর্ষিগণ) রাজর্ষয়ঃ (রাজর্ষিগণ) সর্ব্বে (সকলে) তত্র আসন্ (সেই স্থানে অবস্থান করিতে ছিলেন) ॥ ৫ ॥

পর্ব্বতঃ (পর্ব্বত নামক মুনি) নারদঃ ধৌম্যঃ ভগবান্ বাদরায়ণঃ (নারদ, ধৌম্য, ব্যাসদেব) বৃহদশ্বঃ ভরদ্বাজঃ (বৃহদশ্ব, ভরদ্বাজ) সশিষ্যঃ রেণুকাসুতঃ (শিষ্যসহ পরশুরাম) বশিষ্ঠঃ ইন্দ্রপ্রমদঃ ত্রিতঃ গৃৎসমদঃ অসিতঃ কাক্ষীবান্ গৌতমঃ অত্রিঃ [সেই সেই নামে প্রসিদ্ধ] কৌশিকঃ চ

অনুবাদ

কুবের যেমন গুহ্যকগণে পরিবৃত হইয়া শোভা ধারণ করেন, তখন রাজা যুধিষ্ঠিরও অনুগমনকারিগণে পরিবেষ্টিত হইয়া সেইরূপ শোভা ধারণ করিলেন ॥ ৩ ॥

পাণ্ডবগণ, শ্রীকৃষ্ণ ও অনুচরবর্গের সহিত [কুরুক্ষেত্রে উপস্থিত হইয়া] স্বর্গচ্যুত দেবতার ন্যায় ধরাশায়ী ভীষ্মদেবকে দেখিয়া প্রণাম করিলেন ॥ ৪ ॥

হে সাধুশ্রেষ্ঠ শৌনক! যুধিষ্ঠিরাদি যখন সেখানে গেলেন, তখন ভরতকুলতিলক ভীষ্মদেবকে দেখিবার জন্য ব্রহ্মর্ষি, দেবর্ষি ও রাজর্ষিগণ তথায় অবস্থান করিতেছিলেন ॥ ৫ ॥

পর্ব্বত, নারদ, ধৌম্য, ব্যাসদেব, বৃহদশ্ব, ভরদ্বাজ, সশিষ্য পরশুরাম, বশিষ্ঠ, ইন্দ্রপ্রমদ,

টীকা

রথেন"ান্বগচ্ছৎ "স" যুধিষ্ঠিরঃ "তৈ"র্ভ্রাত্রাদিভিঃ ॥ ৩ ॥ "দিবঃ" স্বর্গাৎ ভূমিচ্যুতমমরমিব "স্থিতং, চক্রিণা" ধর্ম্মসংস্থাপনকামেন "সহ প্রণেমুঃ" ॥ ৪ ॥ "তত্র" তস্মিন্ বিনশনে "তত্র" যুধিষ্ঠিরভীষ্মসমাগমকালে "ভরতসত্তমং" ভীষ্মং "দ্রষ্টুং ব্রহ্মর্ষ্যাদয় আসন্" প্রাদুর্বভুবুঃ ॥ ৫ ॥ "পর্ব্বতো" ভাগিনেয়স্তন্মাতুলো

বশিষ্ঠ ইন্দ্রপ্রমদস্ত্রিতো গৃৎসমদোঽসিতঃ।
কাক্ষীবান্ গৌতমোঽত্রিশ্চ কৌশিকোঽথ সুদর্শনঃ ॥ ৭ ॥
অন্যে চ মুনয়ো ব্রহ্মন্! ব্রহ্মরাতাদয়োঽমলাঃ।
শিষ্যৈরুপেতা আজগ্মুঃ কশ্যপাঙ্গিরসাদয়ঃ ॥ ৮ ॥
তান্ সমেতান্ মহাভাগানুপলভ্য বসূত্তমঃ।
পূজয়ামাস ধর্ম্মজ্ঞো দেশকালবিভাগবিৎ ॥ ৯ ॥
কৃষ্ণঞ্চ তৎপ্রভাবজ্ঞ আসীনং জগদীশ্বরম্।
হৃদিস্থং পূজয়ামাস মায়য়োপাত্তবিগ্রহম্ ॥ ১০ ॥

অন্বয়

(ও বিশ্বামিত্র) অথ সুদর্শনঃ (এবং সুদর্শন) [ইঁহারা সকলেই সেখানে অবস্থান করিতেছিলেন] ॥ ৬-৭ ॥

ব্রহ্মন্! (হে শৌনক!) অন্যে (অপর) অমলাঃ (বিশুদ্ধান্তঃকরণ) ব্রহ্মরাতাদয়ঃ (শুকদেব, কপিল প্রভৃতি) কশ্যপাঙ্গিরসাদয়ঃ মুনয়ঃ চ (এবং কশ্যপ ও বৃহস্পতি প্রভৃতি মুনিগণ) শিষ্যৈঃ উপেতাঃ (শিষ্যগণের সহিত মিলিত হইয়া) আজগ্মুঃ (সেখানে আগমন করিলেন) ॥ ৮ ॥

ধর্ম্মজ্ঞঃ দেশকালবিভাগবিৎ (ধর্ম্মজ্ঞ ও দেশ, কাল, পাত্র বিবেচনায় অভিজ্ঞ) বসূত্তমঃ (বসুশ্রেষ্ঠ ভীষ্মদেব অর্থাৎ বশিষ্ঠশাপে ভীষ্মশরীরধারী বসু) তান্ মহাভাগান্ (সেই সকল মহাত্মাগণকে) সমেতান্ উপলভ্য (একত্রিত দেখিয়া) পূজয়ামাস (পূজা করিলেন) ॥ ৯ ॥

তৎপ্রভাবজ্ঞঃ (ভগবল্লীলাবিষয়ে অভিজ্ঞ ভীষ্মদেব) হৃদিস্থং (হৃদয়ে স্থিত) মায়য়া (কৃপা করিয়া) উপাত্তবিগ্রহং (শরীরধারী) আসীনং (উপবিষ্ট) জগদীশ্বরং কৃষ্ণং চ (জগদীশ্বর শ্রীকৃষ্ণকেও) পূজয়ামাস (পূজা করিলেন) ॥ ১০ ॥

অনুবাদ

ত্রিত, গৃৎসমদ, অসিত, কাক্ষীবান্, গৌতম, অত্রি, বিশ্বামিত্র ও সুদর্শন ইহারা সকলেই তথায় অবস্থান করিতেছিলেন ॥ ৬-৭ ॥

হে শৌনক! অপরাপর পবিত্রান্তঃকরণ শ্রীশুকদেব, কপিল প্রভৃতি এবং কশ্যপ ও বৃহস্পতি প্রভৃতি মুনিগণ শিষ্যগণের সহিত মিলিত হইয়া তথায় আগমন করিলেন ॥ ৮ ॥

ধর্ম্মজ্ঞ ও দেশ, কাল, পাত্র বিবেচনায় অভিজ্ঞ ভীষ্মদেব, সেই সকল মহাত্মাগণকে সমবেত দেখিয়া [যথারীতি] পূজা করিলেন ॥ ৯ ॥

ভগবল্লীলাবিষয়ে অভিজ্ঞ ভীষ্মদেব, হৃদয়স্থিত অন্তর্য্যামী ও কৃপাপূর্ব্বক বিগ্রহধারী জগদীশ্বর ভগবান্ শ্রীকৃষ্ণকে তাঁহার নিকটে উপবিষ্ট দেখিয়া পূজা করিলেন ॥ ১০ ॥

টীকা

ভগবদবতারান্নৈষ্ঠিকাদন্যো নারদঃগৃহস্থো মহাভারতে প্রসিদ্ধঃ ॥ ৬ ॥ ৭ ॥ "ব্রহ্মরাতঃ" শুকঃ আদিনা শ্রীকপিলাদ্যাঃ, "আঙ্গিরসো" বৃহস্পতি আদিনা শ্রীনারদপ্রভৃতয়ঃ ॥ ৮ ॥ বসুষু উত্তমো মুখ্যো বসুঃ বশিষ্ঠশাপাৎ ভীষ্মত্বেন স্থিতঃ ॥ ৯ ॥ শ্রীকৃষ্ণপূজনে বিশেষমাহ—"কৃষ্ণং" চ হৃদিস্থং "পূজয়ামাস"।

পাণ্ডুপুত্রানুপাসীনান্ প্রশ্রয়প্রেমসঙ্গতান্।
অভ্যাচষ্টানুরাগাশ্রৈরন্ধীভূতেন চক্ষুষা ॥ ১১ ॥
অহো কষ্টমহোঽন্যায্যং যদ্‌যূয়ং ধর্ম্মনন্দনাঃ !।
জীবিতুং নার্হথ ক্লিষ্টং বিপ্রধর্ম্মাচ্যুতাশ্রয়াঃ ॥ ১২ ॥
সংস্থিতেঽতিরথে পাণ্ডৌ পৃথা বালপ্রজা বধূঃ।
যুষ্মৎকৃতে বহূন্ ক্লেশান্ প্রাপ্তা তোকবতী মুহুঃ ॥ ১৩ ॥

অন্বয়

[ভীষ্মদেব] অনুরাগাশ্রৈঃ (স্নেহ বিগলিত নেত্রজলে) অন্ধীভূতেন চক্ষুষা (অন্ধপ্রায় চক্ষুদ্বারা) উপাসীনান্ (নিকটেই উপবিষ্ট) প্রশ্রয়প্রেমসঙ্গতান্ (বিনয় ও স্নেহ বশতঃ অবনত) পাণ্ডুপুত্রান্ (পাণ্ডবগণকে) অভ্যাচষ্ট (দেখিলেন ও বলিতে লাগিলেন) ॥ ১১ ॥

হে ধর্ম্মনন্দনাঃ (হে ধর্ম্মপুত্র পাণ্ডবগণ !) বিপ্রধর্ম্মাচ্যুতাশ্রয়াঃ (ব্রাহ্মণ, ধর্ম্ম ও শ্রীকৃষ্ণ যাহাদের আশ্রয় সেই) যূয়ং (তোমরা) ক্লিষ্টং জীবিতুং (ক্লেশকর জীবন ধারণ করার) ন অর্হথ (যোগ্য নও)। [যদি ক্লেশকর মনে কর তবে] অহো কষ্টং (বড়ই দুঃখের বিষয়) অহো অন্যায্যম্ (বড়ই অন্যায়) ॥ ১২ ॥

অতিরথে পাণ্ডৌ (তোমাদের পিতা অতিরথ পাণ্ডু) সংস্থিতে (স্বর্গত হইলে) তোকবতী (পুত্রবতী)

অনুবাদ

ভীষ্মদেব স্নেহবিগলিত নেত্রজলে নয়নযুগল পরিব্যাপ্ত হওয়ায় অন্ধপ্রায় চক্ষুদ্বারা নিকটেই উপবিষ্ট, স্নেহ ও বিনয় বশতঃ অবনত পাণ্ডুপুত্র যুধিষ্ঠিরাদিকে দেখিলেন ও বলিতে লাগিলেন ॥ ১১ ॥

হে ধর্ম্মপুত্র পাণ্ডবগণ ! ব্রাহ্মণ, ধর্ম্ম ও শ্রীকৃষ্ণ যাহাদের আশ্রয়, সেই তোমরা ক্লেশকর জীবনধারণ করার যোগ্য নহ। [অর্থাৎ তোমরা ব্রাহ্মণ, ধর্ম্ম ও শ্রীকৃষ্ণের আশ্রয়ে অবস্থান করিতেছ। এ অবস্থায় তোমাদের মনোদুঃখে জীবনযাপন করা উচিত হয় না। ব্রাহ্মণ, ধর্ম্ম ও শ্রীকৃষ্ণাশ্রিত জীবনকেও যদি ক্লেশকর মনে কর, তবে] ইহা বড়ই দুঃখের বিষয় ও বড়ই অন্যায় হইবে ॥ ১২ ॥

হে পাণ্ডবগণ ! তোমাদের পিতা অতিরথ পাণ্ডু স্বর্গত হইলে পুত্রবতী, শিশুসন্তানের

টীকা

নন্ন বহিশ্চরো হৃদি কথং স্থিতো ভবেৎ, তেন চ স কুতো জ্ঞাতস্তত্রাহ—"মায়য়া" কৃপয়া হৃদি "উপাত্ত" আবিষ্কৃতো "বিগ্রহো" যেন তম্। স চ তদনুভাবং সর্ব্বত্র ব্যাপকতয়া ভক্তেচ্ছয়া আবির্ভবনসামর্থ্যং বেত্তীতি তথা ॥ ১০ ॥ "উপাসীনান্" সমীপস্থান্ "প্রশ্রয়প্রেমসঙ্গতান্" বিনয়স্নেহাভ্যাং অবনতান্ "পাণ্ডুপুত্রান্ অনুরাগাশ্রৈঃ" স্নেহাশ্রুভিঃ "অন্ধীভূতেন চক্ষুষা" উপলক্ষিতঃ "অভ্যাচষ্ট" দদর্শ, অভ্যভাষত চ। চক্ষেরুভয়ার্থস্য রূপং তত্রাদিনা অর্থদ্বয়স্য বিবক্ষিতত্বাৎ ॥ ১১ ॥ অভ্যভাষতেত্যুক্তং তদেবাহ—"অহো" ইত্যেকাদশভিঃ। হে "ধর্ম্মনন্দনাঃ ! বিপ্রাদয় আশ্রয়া যেষাং তে তথা, এবম্ভূতা যূয়ং ক্লিষ্টং যথা স্যাৎ তথা জীবিতুং নার্হথ"। যদিদং সাশ্রয়মপি ক্লিষ্টং জীবনং তদহো কষ্টং" গহনম্ অহো "অন্যায্যং" ন্যায্যবিপরীতং অহো ইতি ওদন্তনিপাতস্য ওদিতি প্রগৃহ্যসংজ্ঞায়াং প্রকৃতিভাবপ্রাপ্তৌ সন্ধিরার্ষঃ ॥ ১২ ॥ কিঞ্চ

সর্ব্বং কালকৃতং মন্যে ভবতাঞ্চ যদপ্রিয়ম্।
সপালো যদ্বশে লোকো বায়োরিব ঘনাবলিঃ ॥ ১৪ ॥
যত্র ধর্ম্মসুতো রাজা গদাপাণির্বৃকোদরঃ।
কৃষ্ণোঽস্ত্রী গাণ্ডীবং চাপং সুহৃৎ কৃষ্ণস্ততো বিপৎ ॥ ১৫ ॥
ন হ্যস্য কর্হিচিদ্রাজন্ পুমান্ বেদ বিধিৎসিতম্।
যদ্বিজিজ্ঞাসয়া যুক্তা মুহ্যন্তি কবয়োঽপি হি ॥ ১৬ ॥

অন্বয়

বালপ্রজা (শিশু সন্তানের জননী) বধূঃ পৃথা (বধূ কুন্তীদেবী) যুষ্মৎকৃতে (তোমাদের পালনের নিমিত্ত) মুহুঃ (বহুবার) বহূন্ ক্লেশান্ (অনেক কষ্ট) প্রাপ্তা (পাইয়াছেন)॥ ১৩ ॥

ঘনাবলিঃ (মেঘ সমূহ) বায়োঃ ইব (বায়ুর বশবর্ত্তী হওয়ার ন্যায়) সপালঃ লোকঃ (লোকপালগণের সহিত জীব) যদ্বশে (যেই কালের বশবর্ত্তী হইয়া অবস্থান করিতেছে) ভবতাং চ (তোমাদেরও) যৎ অপ্রিয়ং (যে দুঃখাদি), [তৎ] সর্ব্বং (সেই সকল) কালকৃতং (কালকৃত বলিয়া) মন্যে (আমি মনে করি)॥ ১৪ ॥

যত্র (যেখানে) ধর্ম্মসুতঃ রাজা (ধর্ম্মপুত্র যুধিষ্ঠির রাজা) বৃকোদরঃ গদাপাণিঃ (ভীম গদাপাণি) কৃষ্ণঃ (অর্জ্জুন) অস্ত্রী (অস্ত্রধারী) চাপং গাণ্ডীবং (ধনুক গাণ্ডীব) সুহৃৎ কৃষ্ণঃ (বন্ধু শ্রীকৃষ্ণ) ততঃ বিপৎ (সেখানে বিপদ্, বড়ই আশ্চর্য্য)॥ ১৫ ॥

হে রাজন্! কর্হিচিৎ (কখনও) পুমান্ (কোনও ব্যক্তি) অস্য (এই শ্রীকৃষ্ণের) বিধিৎসিতং

অনুবাদ

জননী, তোমাদের মা, বধূ কুন্তীদেবী তোমাদের পালনের নিমিত্ত অনেক কষ্ট পাইয়াছেন ॥১৩॥

হে পাণ্ডবগণ! মেঘসমূহ যেমন বায়ুর বশবর্ত্তী হইয়া থাকিতে বাধ্য হয়, সেইরূপ লোকপালগণের সহিত জীব যে কালের বশবর্ত্তী হইয়া অবস্থান করিতেছে, সেই কালই তোমাদের এই সকল দুঃখ প্রদানকারী ইহা আমি মনে করি॥ ১৪ ॥

যেখানে ধর্ম্মপুত্র যুধিষ্ঠির রাজা, ভীম গদাপাণি, অর্জ্জুন অস্ত্রধারী, ধনুক গাণ্ডীব এবং শ্রীকৃষ্ণ বন্ধু বর্ত্তমান, সেখানেও বিপদ্। [অর্থাৎ ধর্ম্মবল, বাহুবল, অস্ত্রবল ও শ্রীকৃষ্ণের মত মিত্রবল থাকিতেও যখন বিপদ উপস্থিত হইয়াছে, তখন কালের দুর্ব্বার প্রভাব অবশ্যই স্বীকার করিতে হইবে]॥ ১৫ ॥

হে রাজন্! এই যে শ্রীকৃষ্ণ, তাঁহার অভিলষিত কার্য্য কি, তাহা কোনও ব্যক্তি কখনও

টীকা

"সংস্থিতে" মৃতে "বালাঃ প্রজাঃ পুত্রা যস্যাঃ সা তোকবতী" সপুত্রা "মুহুঃ ক্লেশান্ প্রাপ্তা"॥ ১৩ ॥

কর্ম্মফলপ্রদানং পরমেশ্বরপ্রবৃত্তৌ নিমিত্তভূতেন "কালেন কৃতং মন্যে"॥ ১৪ ॥ ধর্ম্মদৈহিকবলাস্ত্রনৈপুণ্যদিব্যাস্ত্রাদিযোগঃ, কিং বহুনা পরমেশ্বরশ্চ তত্তৎকালে শুভাশুভপ্রদ ইত্যাশয়েনাহ—"যত্রে"তি। "যত্র ধর্ম্মসুতাদয়স্ততস্তত্রাপি বিপদি"ত্যন্বয়ঃ॥ ১৫ ॥ কালপ্রভাবমুক্ত্বা তন্নিয়ন্তুঃ পরমেশ্বরস্য প্রভাবমাহ—

তস্মাদিদং দৈবতন্ত্রং ব্যবস্য ভরতর্ষভ ! ।
তস্যানুবিহিতোঽনাথা নাথ ! পাহি প্রজাঃ প্রভো ! ॥ ১৭ ॥
এষ বৈ ভগবান্ সাক্ষাদাদ্যো নারায়ণঃ পুমান্ ।
মোহয়ন্ মায়য়া লোকং গূঢ়শ্চরতি বৃষ্ণিষু ॥ ১৮ ॥
অস্যানুভাবং ভগবান্ বেদ গুহ্যতমং শিবঃ ।
দেবর্ষির্নারদঃ সাক্ষাদ্ভগবান্ কপিলো নৃপ ! ॥ ১৯ ॥

অন্বয়

(অভিলষিত কার্য্য) ন হি বেদ (জানিতে পারে না) । যদ্‌বিজিজ্ঞাসয়া (যে ভগবদভিপ্রায় জানিতে গিয়া) যুক্তাঃ কবয়ঃ অপি (যোগযুক্ত বিবেকিগণও) মুহ্যন্তি হি (মোহিত হইয়াই থাকেন) ॥ ১৬ ॥

হে নাথ ! হে প্রভো ! হে ভরতর্ষভ ! (হে ভরতকুলতিলক !) তস্মাৎ (কোন্ কর্ম্মের ফল কোন্ সময়ে ভগবান্ শ্রীকৃষ্ণ দিয়া থাকেন, তাহা জানিবার উপায় নাই বলিয়া) ইদং (এই সকল সুখ-দুঃখাদি) দৈবতন্ত্রং (শ্রীকৃষ্ণায়ত্ত) ব্যবস্য (মনে করিয়া) তস্য (সেই সুখদুঃখাদির) অনুবিহিতঃ (অনুবর্ত্তী হইয়া) অনাথাঃ প্রজাঃ (নিরাশ্রয় প্রজাগণকে) পাহি (পালন কর) ॥ ১৭ ॥

আদ্যঃ পুমান্ (আদিপুরুষ) নারায়ণঃ (জগৎকারণ) এষঃ সাক্ষাৎ ভগবান্ বৈ (এই সাক্ষাৎ ভগবান্ শ্রীকৃষ্ণই) মায়য়া লোকং মোহয়ন্ (স্বীয় সঙ্কল্পদ্বারা জগৎকে মোহিত করিয়া) বৃষ্ণিষু (যদুকুলে) গূঢ়ঃ (প্রচ্ছন্নভাবে) চরতি (বিচরণ করিতেছেন) ॥ ১৮ ॥

হে নৃপ ! (হে মহারাজ !) ভগবান্ শিবঃ (ভগবান্ শঙ্কর) দেবর্ষিঃ নারদঃ (দেবর্ষি নারদ)

অনুবাদ

অবগত হইতে পারে না। এই ভগবদভিপ্রায় জানিতে গিয়া যোগযুক্ত বিবেকিগণও মোহিত হইয়াই থাকেন ॥ ১৬ ॥

হে রাজন্! হে প্রভো ! হে ভরতকুলতিলক ! কোন্ কর্ম্মের ফল কোন্ সময়ে ভগবান্ শ্রীকৃষ্ণ প্রদান করিয়া থাকেন, তাহা মনুষ্যগণের জানিবার উপায় নাই বলিয়া এই সকল সুখদুঃখাদি সমস্তই শ্রীকৃষ্ণায়ত্ত মনে করিয়া সেই সুখদুঃখাদির অনুবর্ত্তী হইয়া নিরাশ্রয় প্রজাগণকে পালন কর ॥ ১৭ ॥

এই শ্রীকৃষ্ণই আদিপুরুষ সাক্ষাৎ ভগবান্ নারায়ণ। ইনি স্বীয় মায়া শক্তির দ্বারা জগৎ মোহিত করিয়া যদুকুলে প্রচ্ছন্নভাবে বিচরণ করিতেছেন ॥ ১৮ ॥

হে মহারাজ ! ভগবান্ মহাদেব, দেবর্ষি নারদ ও সাক্ষাৎ ভগবান্ কপিলদেব এই ভগবান্ শ্রীকৃষ্ণের গুহ্যতম প্রভাব বিদিত আছেন ॥ ১৯ ॥

টীকা

"নহী"তি। "অস্য" শ্রীকৃষ্ণস্য "চিকীর্ষিতং" কর্ত্তুমিষ্টম্ ॥ ১৬ ॥ তস্মাৎ কীদৃশং কর্ম্মফলং কস্মিন্ কালে কৃষ্ণো দাস্যতি ইতি জ্ঞানাভাবাদ্ধেতো"রিদং" সর্ব্বং "দৈবতন্ত্রং" কৃষ্ণায়ত্তং "ব্যবস্য" নিশ্চিত্য "তস্য" কৃতস্য "অনুবিহিতো"ঽনুবর্ত্তী সন্ হে "নাথ ! প্রজাঃ পাহি" পালয় ॥ ১৭ ॥

"আদ্যো নারায়ণঃ" সর্ব্বেষামবতারাণাং মূলভূতস্য নারায়ণস্যাপি মূলভূতঃ বিশ্বহেতুঃ "সাক্ষাৎ

যং মন্যসে মাতুলেয়ং প্রিয়ং মিত্রং সুহৃত্তমম্।
অকরোঃ সচিবং দূতং সৌহৃদাদথ সারথিম্ ॥ ২০ ॥
সর্ব্বাত্মনঃ সমদৃশো হ্যদ্বয়স্যানহঙ্কৃতেঃ।
তৎকৃতং মতিবৈষম্যং নিরবদ্যস্য ন ক্বচিৎ ॥ ২১ ॥
তথাপ্যেকান্তভক্তেষু পশ্য ভূপানুকম্পিতম্।
যন্মেহসূংস্ত্যজতঃ সাক্ষাৎ কৃষ্ণো দর্শনমাগতঃ ॥ ২২ ॥

অন্বয়

সাক্ষাৎ ভগবান্ কপিলঃ (সাক্ষাৎ কপিলরূপধারী ভগবান্) অস্য (এই ভগবান্ শ্রীকৃষ্ণের) গুহ্যতমম্ অনুভাবং (গুহ্যতম প্রভাব) বেদ (বিদিত আছেন) ॥ ১৯ ॥

যং (যে শ্রীকৃষ্ণকে) [ত্বং] (তুমি) মাতুলেয়ং (মাতুলপুত্র) প্রিয়ং (প্রীতির পাত্র) মিত্রং (প্রীতিকারক) সুহৃত্তমং (শ্রেষ্ঠ আত্মীয়) মন্যসে (মনে করিতেছ) অথ (এবং তুমি যাঁহাকে) সৌহৃদাৎ (বিশ্বাস বশতঃ) সচিবং (মন্ত্রী) দূতং (দূত) সারথিং অকরোঃ (সারথি করিয়াছ) ॥ ২০ ॥

সর্ব্বাত্মনঃ (চিদচিচ্ছক্তিযুক্ত অর্থাৎ সকলের আত্মস্বরূপ) অদ্বয়স্য (সর্ব্বাত্মক বলিয়াই এক) সমদৃশঃ (এক বলিয়াই বিষমদৃষ্টিশূন্য) অনবদ্যস্য (রাগাদি দোষরহিত) অনহঙ্কৃতেঃ (নিরভিমানী ভগবান্ শ্রীকৃষ্ণের) তৎ কৃতং (সেই দৌত্যাদিকর্ম্মজনিত) মতিবৈষম্যং (বুদ্ধিবিপর্য্যয় [অর্থাৎ ইহা আমার যোগ্য নহে এই প্রকারের মানসিক গ্লানি]) ক্বচিৎ ন হি (কখনও হয় নাই) ॥ ২১ ॥

হে ভূপ! (হে রাজন্!) তথাপি (যদিও তিনি সর্ব্বাত্মক ও সমদৃষ্টিসম্পন্ন তথাপি) একান্ত ভক্তেষু (একান্তভক্তগণের প্রতি) অনুকম্পিতং (তাঁহার সদয়ভাব) পশ্য (দর্শন কর)। যৎ

অনুবাদ

হে যুধিষ্ঠির! যে শ্রীকৃষ্ণকে তুমি মাতুলপুত্র, প্রিয়, প্রীতিকারক ও শ্রেষ্ঠ আত্মীয় বলিয়া মনে করিতেছ, এবং তুমি যাঁহাকে বিশ্বাস করিয়া মন্ত্রী, দূত ও সারথিরূপে নিযুক্ত করিয়াছ [তিনিই সাক্ষাৎ পরমেশ্বর] ॥ ২০ ॥

সকলের আত্মস্বরূপ, অতএব এক অদ্বিতীয়, [তাদৃশ দ্বিতীয় বস্তু নাই বলিয়াই] বিষম-দৃষ্টিশূন্য, রাগাদি দোষরহিত, নিরভিমানী ভগবান্ শ্রীকৃষ্ণের, সেই দৌত্য, সারথ্য, মন্ত্রিত্ব প্রভৃতি উচ্চ নীচ কর্ম্মনিবন্ধন বুদ্ধিবিপর্য্যয় অর্থাৎ "ইহা আমার যোগ্য নয়" এই প্রকার মানসিক গ্লানি কখনও হয় নাই ॥ ২১ ॥

হে রাজন্! যুধিষ্ঠির! যদিও ভগবান্ শ্রীকৃষ্ণ সর্ব্বাত্মক ও সর্ব্বত্র সমদৃষ্টিসম্পন্ন, তথাপি একান্ত ভক্তগণের প্রতি তাঁহার সদয়ভাব দর্শন কর। যেহেতু সাক্ষাৎ ভগবান্ শ্রীকৃষ্ণ

টীকা

ভগবানেব" শ্রীকৃষ্ণ এব, "মায়য়া" সঙ্কল্পরূপেণ বয়ুনেন ॥ ১৮ ॥ ১৯ ॥ "অকরোঃ" কৃতবান্ ॥ ২০ ॥ "সর্ব্বাত্মনঃ" চিদচিচ্ছক্তিমতঃ অতএব "অদ্বয়স্য" একস্য তাদৃশপদান্তরাভাবাৎ, অতএব "সমদৃশঃ" পরকীয়-পদার্থাভাবাদ্বিষমদৃষ্টিশূন্যস্য "তৎকৃতং" দৌত্যাদিকর্ম্মকৃতং "মতিবৈষম্যং ক্বচিদপি" ন বিদ্যতে ॥ ২১ ॥ "তথাপি" সর্ব্বস্য তদীয়ত্বেঽপি হে "ভূপ"! "একান্তভক্তেষু অনুকম্পিতং" জাতানুকম্পং "পশ্য" আলোচয়।

ভক্ত্যাবেশ্য মনো যস্মিন্ বাচা যন্নাম কীর্ত্তয়ন্।
ত্যজন্ কলেবরং যোগী মুচ্যতে কামকর্ম্মভিঃ ॥ ২৩ ॥
স দেবদেবো ভগবান্ প্রতীক্ষতাং কলেবরং যাবদিদং হিনোম্যহম্।
প্রসন্নহাসারুণলোচনোল্লস-ন্মুখাম্বুজো ধ্যানপথশ্চতুর্ভুজঃ ॥ ২৪ ॥

সূত উবাচ

যুধিষ্ঠিরস্তদাকর্ণ্য শয়ানং শরপঞ্জরে।
অপৃচ্ছদ্বিবিধান্ ধর্ম্মানৃষীণামনুশৃণ্বতাম্ ॥ ২৫ ॥

অন্বয়

(যেহেতু) সাক্ষাৎ কৃষ্ণঃ (ভগবান্ শ্রীকৃষ্ণ) অসূন্ ত্যজতঃ (প্রাণপরিত্যাগকারী) [অর্থাৎ মুমূষু] মে (আমার) দর্শনম্ আগতঃ (দৃষ্টিপথে আসিয়াছেন [অর্থাৎ আমাকে দর্শন দিয়াছেন]) ॥ ২২ ॥

যোগী (ভগবদ্ধ্যানে নিমগ্ন যোগী) ভক্ত্যা (ভক্তি সহকারে) যস্মিন্ (যাঁহাতে) মনঃ আবেশ্য (চিত্ত সমর্পণ করিয়া) বাচা (বাক্যের দ্বারা) যন্নাম কীর্ত্তয়ন্ (যাঁহার নাম কীর্ত্তন করিতে করিতে) কলেবরং ত্যজন্ (দেহ ত্যাগ করতঃ) কামকর্ম্মভিঃ মুচ্যতে (সংসারপ্রদ কর্ম্ম হইতে মুক্ত হইয়া থাকেন) ॥ ২৩ ॥

প্রসন্নহাসারুণলোচনোল্লসন্মুখাম্বুজঃ (প্রসন্ন হাস্য ও অরুণবর্ণনেত্রদ্বারা সুশোভিত মুখপদ্ম বিশিষ্ট) ধ্যানপথঃ (ধ্যানবিষয়ীভূত) চতুর্ভুজঃ সঃ দেবদেবঃ (চতুর্ভুজ সেই দেবাদিদেব) ভগবান্ (ভগবান্ শ্রীকৃষ্ণ) যাবৎ অহম্ (যে পর্য্যন্ত আমি) ইদং কলেবরম্ (এই দেহ) হিনোমি (ত্যাগ করি) তাবৎ প্রতীক্ষতাম্ (সেই পর্য্যন্ত প্রতীক্ষা করুন) ॥ ২৪ ॥

সূতঃ উবাচ (সূত বলিলেন) যুধিষ্ঠিরঃ তৎ আকর্ণ্য (ধর্ম্মরাজ যুধিষ্ঠির সেই ভীষ্মের বাক্য

অনুবাদ

এই মুমূর্ষু আমার দৃষ্টিপথে আসিয়াছেন। [অর্থাৎ আমার প্রতি সদয় হইয়া মৃত্যুকালে আমাকে দর্শন দিয়াছেন] ॥ ২২ ॥

ভগবদ্ধ্যানে নিমগ্ন যোগী ভক্তি সহকারে যাঁহাতে চিত্ত সমর্পণ করিয়া, বাক্যের দ্বারা যাঁহার নাম কীর্ত্তন করিতে করিতে দেহত্যাগ করতঃ সংসারপ্রদ কর্ম্ম হইতে মুক্তিলাভ করিয়া থাকেন [তিনি আমাকে মৃত্যুকালে দর্শন দিয়াছেন] ॥ ২৩ ॥

প্রসন্ন হাস্য ও অরুণবর্ণ নয়নে সুশোভিত মুখপদ্মবিশিষ্ট, ধ্যানের আশ্রয়, চতুর্ভুজ, সেই দেবাদিদেব ভগবান্ শ্রীকৃষ্ণ, যে পর্য্যন্ত আমি এই দেহ পরিত্যাগ না করি, সে পর্য্যন্ত আমার নিকটে অপেক্ষা করুন ॥ ২৪ ॥

সূত বলিলেন—ধর্ম্মরাজ যুধিষ্ঠির সেই ভীষ্মকথিত বাক্য সকল শ্রবণ করিয়া

টীকা

"যদ্" যস্মাৎ "অসূন্ ত্যজতো মে" মম "কৃষ্ণো" দর্শনং দৃক্‌পথ"মাগতঃ" প্রাপ্তঃ ॥ ২২ ॥ অধুনা স্ববাঞ্ছিতং প্রার্থয়তে—"ভক্ত্যে"তি দ্বাভ্যাং। "যস্মিন্ মনঃ সমাবেশ্য যোগী কাম-কর্ম্মভিঃ" সংসারপ্রদৈঃ কর্ম্মভি"র্মুচ্যতে" ॥ ২৩ ॥ "প্রসন্নেন হাসেন অরুণলোচনাভ্যাং চ উল্লসন্মুখাম্বুজং যস্য

পুরুষস্বভাববিহিতান্ যথাবর্ণং যথাশ্রমম্ ।
বৈরাগ্যরাগোপাধিভ্যামাম্নাতোভয়লক্ষণান্ ॥ ২৬ ॥
দানধর্ম্মান্ রাজধর্ম্মান্ মোক্ষধর্ম্মান্ বিভাগশঃ ।
স্ত্রীধর্ম্মান্ ভগবদ্ধর্ম্মান্ সমাসব্যাসযোগতঃ ॥ ২৭ ॥
ধর্ম্মার্থকামমোক্ষাংশ্চ সহোপায়ান্ যথা মুনে ! ।
নানাখ্যানেতিহাসেষু বর্ণয়ামাস ধর্ম্মবিৎ ॥ ২৮ ॥

অন্বয়

শ্রবণ করিয়া) শরপঞ্জরে (শরশয্যায়) শয়ানম্ (শয়ান ভীষ্মদেবকে) অনুশৃণ্বতাম্ ঋষীণাং [পুরতঃ] (শ্রবণকারী ঋষিগণের সমক্ষে) বিবিধান্ ধর্ম্মান্ অপৃচ্ছৎ (বিবিধ ধর্ম্মবিষয় জিজ্ঞাসা করিলেন) ॥ ২৫ ॥

হে মুনে! (হে ঋষে! শৌনক!) ধর্ম্মবিৎ (ধর্ম্মজ্ঞ ভীষ্মদেব) নানাখ্যানেতিহাসেষু যথা [সন্তি] (নানাবিধ আখ্যায়িকা ও ইতিহাসে যেমন বর্ণিত আছে) [সেইরূপ] পুরুষস্বভাবাবহিতান্ (সাত্ত্বিক, রাজসিক ও তামসিক ভেদে পুরুষস্বভাবসিদ্ধ ধর্ম্মসকল) যথাবর্ণং (বর্ণধর্ম্ম) যথাশ্রমং (আশ্রমধর্ম্ম) বৈরাগ্যরাগোপাধিভ্যাং (বৈরাগ্য ও আসক্তি লক্ষণের দ্বারা) আম্নাতোভয়লক্ষণান্ (উক্ত নিবৃত্তি লক্ষণ ও প্রবৃত্তি লক্ষণ ধর্ম্ম) সমাসব্যাসযোগতঃ (সংক্ষেপ ও বিস্তৃতরূপে) বিভাগশঃ (অধিকারী অনুসারে পৃথক্ পৃথক্) দানধর্ম্মান্, রাজধর্ম্মান্, মোক্ষধর্ম্মান্ (দানধর্ম্ম, রাজধর্ম্ম, মোক্ষধর্ম্ম) স্ত্রীধর্ম্মান্ ভগবদ্ধর্ম্মান্ (স্ত্রীধর্ম্ম ও ভগবদ্ধর্ম্ম) সহোপায়ান্ (উপায়ের সহিত) ধর্ম্মার্থকামমোক্ষান্ চ (ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চতুর্ব্বর্গ) বর্ণয়ামাস (বর্ণনা করিলেন) ॥ ২৬-২৮ ॥

অনুবাদ

শরশয্যাশায়ী ভীষ্মদেবকে ঋষিগণের সমক্ষে নানাবিধ ধর্ম্মবিষয় জিজ্ঞাসা করিলেন ॥ ২৫ ॥

হে মুনে শৌনক! ধর্ম্মজ্ঞ ভীষ্মদেব, নানাবিধ আখ্যায়িকা ও ইতিহাসে যেরূপ বর্ণিত আছে, সেইরূপে মানবগণের সাত্ত্বিক, রাজসিক ও তামসিকভেদে স্বভাবসিদ্ধ ধর্ম্ম সকল এবং বর্ণধর্ম্ম, আশ্রমধর্ম্ম, বৈরাগ্যরূপ নিবৃত্তিধর্ম্ম ও আসক্তিরূপ প্রবৃত্তিধর্ম্ম বর্ণনা করিলেন। অধিকারী অনুসারে পৃথক্ পৃথক্ করিয়া দানধর্ম্ম, রাজধর্ম্ম, মোক্ষধর্ম্ম, স্ত্রীধর্ম্ম, ভগবদ্ধর্ম্ম, এবং ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চতুর্ব্বর্গ এবং চতুর্ব্বর্গের উপায় সকলও সংক্ষেপে ও বিস্তৃতরূপে যুধিষ্ঠিরের নিকটে বর্ণনা করিলেন ॥ ২৬-২৮ ॥

টীকা

সঃ। ধ্যানস্থ পন্থা আশ্রয়ঃ অন্যৈশ্চিন্ত্যতে কেবলং স চতুর্ভুজঃ পুরঃ স্থিতঃ সন্ যাবৎ কলেবরং হিনোমি" ত্যজামি, তাবৎ মাং "প্রতীক্ষতাম্" ॥ ২৪ ॥ ২৫ ॥ "পুরুষাণাং স্বভাবৈঃ" সাত্ত্বিকরাজসতামসৈ"র্বিহিতান্" বর্ণয়ামাসেতি তৃতীয়েনান্বয়ঃ যথা—"বর্ণং বর্ণানাং যোগ্যান্" বৈরাগ্যরাগা-

ধর্ম্মং প্রবদতস্তস্য স কালঃ প্রত্যুপস্থিতঃ।
যো যোগিনশ্ছন্দমৃত্যোর্ব্বাঞ্ছিতস্তূত্তরায়ণঃ ॥ ২৯ ॥
তদোপসংহৃত্য গিরঃ সহস্রণী-র্বিমুক্তসঙ্গং মন আদিপূরুষে।
কৃষ্ণে লসৎপীতপটে চতুর্ভুজে পুরস্থিতেঽমীলিতদৃগ্ব্যধারয়ৎ ॥ ৩০ ॥
বিশুদ্ধয়া ধারণয়া হতাশুভ-স্তদীক্ষয়ৈবাশু গতায়ুধশ্রমঃ।
নিবৃত্তসর্ব্বেন্দ্রিয়বৃত্তিবিভ্রম-স্তুষ্টাব জন্যং বিসৃজন্ জনার্দ্দনম্ ॥ ৩১ ॥

অন্বয়

ছন্দমৃত্যোঃ (ইচ্ছামৃত্যু) যোগিনঃ (যোগীর) যঃ বাঞ্ছিতঃ (যাহা অভিলষিত), ধর্ম্মং প্রবদতঃ (ধর্ম্ম ব্যাখ্যাকারী) তস্য (ভীষ্মদেবের) সঃ উত্তরায়ণঃ কালঃ (সেই উত্তরায়ণ কাল) প্রত্যুপস্থিতঃ (আসিয়া উপস্থিত হইল) ॥ ২৯ ॥

তদা (যখন উত্তরায়ণ কাল উপস্থিত হইল, তখন) সহস্রণীঃ (সহস্র সহস্র লোককে যিনি ভগবদ্ধর্ম্ম উপদেশের দ্বারা ভগবল্লোক প্রাপ্তি করাইয়া থাকেন সেই ভীষ্মদেব) গিরঃ উপসংহৃত্য (বাক্য সমাপ্ত করিয়া) লসৎপীতপটে (উজ্জ্বল পীতবসনধারী) পুরস্থিতে চতুর্ভুজে (সম্মুখে অবস্থিত চতুর্ভুজ) আদিপুরুষে (জগৎকারণ) কৃষ্ণে (শ্রীকৃষ্ণে) অমীলিতদৃক্ (অনিমেষ লোচনে) বিমুক্তসঙ্গং মনঃ (বিষয়সঙ্গরহিত মনঃ) ব্যধারয়ৎ (সমাহিত করিলেন) ॥ ৩০ ॥

বিশুদ্ধয়া ধারণয়া (ভগবদ্বিষয়ক বিশুদ্ধ ধারণাদ্বারা) হতাশুভঃ (যাঁহার ভগবৎ প্রাপ্তির প্রতিবন্ধক বিঘ্নসমূহ নষ্ট হইয়াছে) তদীক্ষয়া এব (এবং সম্মুখস্থিত ভগবৎকৃপাদৃষ্টি দ্বারাই) গতায়ুধশ্রমঃ (যাঁহার অস্ত্রাঘাত-জনিত যন্ত্রণা নিবৃত্ত হইয়াছে) নিবৃত্তসর্ব্বেন্দ্রিয়বৃত্তিবিভ্রমঃ (ও যাঁহার কৃষ্ণ ভিন্ন অন্য বিষয় হইতে ইন্দ্রিয় ব্যাপার নিবৃত্ত হইয়াছে, সেই ভীষ্মদেব) জন্যং (দেহ) বিসৃজন্ (ত্যাগ করিতে করিতে) জনার্দ্দনং তুষ্টাব (শ্রীকৃষ্ণকে স্তব করিতে লাগিলেন) ॥ ৩১ ॥

অনুবাদ

যে উত্তরায়ণ কাল ইচ্ছামৃত্যু যোগিগণের অতীব বাঞ্ছনীয়, যুধিষ্ঠিরের নিকটে ধর্ম্মব্যাখ্যা-কারী ভীষ্মদেবের সেই উত্তরায়ণকাল আসিয়া উপস্থিত হইল ॥ ২৯ ॥

যখন উত্তরায়ণ কাল উপস্থিত হইল, তখন সহস্র সহস্র লোককে যিনি ভগবদ্ধর্ম্ম উপ-দেশের দ্বারা ভগবল্লোক প্রাপ্তি করাইয়া থাকেন, সেই ভীষ্মদেব যুধিষ্ঠিরের সঙ্গে কথা সমাপ্ত করিয়া উজ্জ্বল ও শ্রেষ্ঠ পীতবসনধারী, এবং সম্মুখেই অবস্থিত আদিপুরুষ চতুর্ভুজ শ্রীকৃষ্ণে অনিমেষ লোচনে বিষয়সঙ্গরহিত মন সমাহিত করিলেন ॥ ৩০ ॥

ভগবদ্‌বিষয়ক বিশুদ্ধ ধারণা দ্বারা যাঁহার ভগবৎপ্রাপ্তির প্রতিবন্ধক বিঘ্নসকল বিনষ্ট

টীকা

ভ্যাম্ উপাধিভ্যাং ক্রমেণ "আম্নাতোভয়লক্ষণান্" প্রতিপাদিতনিবৃত্তি-স্বরূপান্ ॥ ২৬ ॥ ২৭ ॥ ২৮ ॥ ২৯ ॥

যদা উত্তরায়ণঃ কালঃ প্রত্যুপস্থিতঃ, তদা সহস্রং জনান্ নয়তি ভগবল্লোকং তদ্ধর্ম্মোপদেশেন প্রাপয়তীতি "সহস্রণী" ভীষ্মঃ "গির উপসংহৃত্য" বিরম্য "পুরঃস্থিতে চতুর্ভুজে আদিপুরুষে" জগৎকারণে "শ্রীকৃষ্ণে অমীলিতদৃগেব" সৌন্দর্য্যদর্শনবিচ্ছেদভয়েন নিমেষণমপ্যকুর্ব্বন্ "মনো ব্যধারয়ৎ" ॥ ৩০ ॥

"বিশুদ্ধয়া" পুরঃস্থিতভগবদ্বিষয়ক "ধারণয়া" হতমশুভং ভগবদ্ভাবপ্রাপ্তিপ্রতিবন্ধকীভূতং প্রারব্ধং কর্ম্ম

শ্রীভীষ্ম উবাচ

ইতি মতিরুপকল্পিতা বিতৃষ্ণা ভগবতি সাত্বতপুঙ্গবে বিভূম্নি।
স্বসুখমুপগতে ক্বচিদ্বিহর্ত্তুং প্রকৃতিমুপেয়ুষি যদ্ভবপ্রবাহঃ ॥ ৩২ ॥

অন্বয়

শ্রীভীষ্মঃ উবাচ (ভীষ্মদেব বলিলেন) স্বসুখম্ উপগতে (যিনি স্বীয় পরমানন্দস্বরূপেই অবস্থিত থাকিয়া) ক্বচিৎ বিহর্ত্তুং (কখনও কখনও ক্রীড়া করিবার জন্য) যৎ (যাহা হইতে) ভবপ্রবাহঃ (এই জন্ম-মরণরূপ সংসার প্রবাহ হইতেছে) [সেই] প্রকৃতিং উপেয়ুষি (প্রকৃতিকে অবলম্বন করতঃ অবস্থিত আছেন) বিভূম্নি (এবং যাহা হইতে আর মহৎ নাই) সাত্বত পুঙ্গবে (সেই যদুকুলশ্রেষ্ঠ) ভগবতি (ভগবান্ শ্রীকৃষ্ণে) ইতি বিতৃষ্ণা মতিঃ (এই নিষ্কাম মতি) উপকল্পিতা (অর্পিত হইল) ॥ ৩২ ॥

অনুবাদ

হইয়াছে, এবং সম্মুখস্থিত ভগবৎকৃপাদৃষ্টি দ্বারাই যাঁহার অস্ত্রাঘাতজনিত যন্ত্রণা নিবৃত্ত হইয়াছে ও যাঁহার কৃষ্ণ ভিন্ন অন্য বস্তু হইতে ইন্দ্রিয় ব্যাপার নিবৃত্ত হইয়াছে, সেই ভীষ্মদেব কলেবর পরিত্যাগ করিতে করিতে ভগবান্ শ্রীকৃষ্ণকে স্তব করিতে লাগিলেন ॥ ৩১ ॥

ভীষ্মদেব বলিলেন—যিনি স্বীয় পরমানন্দ স্বরূপে বর্ত্তমান আছেন, কখনও কখনও লীলাবিস্তার করিবার নিমিত্ত যে প্রকৃতি হইতে এই সংসারপ্রবাহ হইতেছে, সেই প্রকৃতিকে অবলম্বন করিয়া থাকেন, এবং যাঁহা হইতে আর মহৎ নাই, সেই যদুকুলশ্রেষ্ঠ ভগবান্ শ্রীকৃষ্ণে আমার এই নিষ্কাম মতি অর্পিত হইল ॥ ৩২ ॥

টীকা

যস্য স তথা, "তদীক্ষয়া" পুরঃস্থিতভগবৎকৃপাদৃষ্ট্যা গতা আয়ুধব্যথা যস্য স তথা, নিবৃত্তাঃ কৃষ্ণেতর-বিষয়েভ্যঃ সর্ব্বেন্দ্রিয়াণাং বাহ্যাভ্যন্তরাণাং বৃত্তয়ো বিভ্রমো বিবিধো ভ্রমশ্চ যস্য স তথা, তত্রাত্মজ্ঞানে বিরোধীভূতো ভ্রমঃ, স্বপরয়োঃ কেবলভেদভ্রমঃ, কেবলাভেদভ্রমঃ, উভয়োর্জড়রূপত্বভ্রমঃ, স্বরূপেণ জীবাত্মনি ব্যাপকত্বভ্রমঃ, ভগবন্মূর্ত্ত্যাদৌ মায়িকত্বাদিভ্রমঃ, ভগবতি দেবতান্তরসাম্যভ্রমঃ ইত্যাদিপ্রকারো বিবিধো ভ্রমস্তস্য নিবৃত্তিরিতি দিক্। এবম্ভূতঃ সন্ "জন্যং দেহং বিসৃজন্ জনার্দ্দনং শ্রীকৃষ্ণং তুষ্টাব" ॥ ৩১ ॥ স্তুতিমেবাহ "ইতীত্যে"কাদশভিঃ। তত্রাদৌ শ্রীকৃষ্ণে নিষ্কামভক্তিং প্রার্থয়িতুং জ্ঞানৈশ্বর্য্যং প্রার্থয়তে—"ইতি" ইয়ং ভগবদ্‌গুণস্বরূপাদিবিষয়"মতিঃ" জ্ঞানাত্মিকা "বিতৃষ্ণা" নিষ্কামা "ভগবতি" শ্রীকৃষ্ণে "কল্পিতা" প্রতিষ্ঠিতা ভবতু। তৎস্বরূপগুণাদিযাথাত্ম্যং দর্শয়িতুং বিশিনষ্টি "সাত্বতপুঙ্গবে" সাত্বতানাং শ্রীনারদাদীনাম্ উপাস্যম্, তদেবাহ—"বিভূম্নী"তি, বিগতো ভূমা যস্মাৎ যতো ভূমা নাস্তি তস্মিন্ "ভূমাত্বেব বিজিজ্ঞাসিতব্যো যো বৈ ভূমা তৎসুখমিতি" শ্রুতিপ্রসিদ্ধেঃ। তদেবাহ "স্বসুখমুপগতে" ইতি। স্বং স্বাধারণং সুখম্ অপি গতবতি "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে" ইতি শ্রুতিমুপবৃংহয়তি "ক্বচিদ্বিহর্ত্তুং প্রকৃতিমুপেয়ুষি" ইতি, "যদ্ভবপ্রবাহ" ইতি চ। "ক্বচিৎ" সৃষ্ট্যুপক্রমসময়ে "বিহর্ত্তুং" নানাভবনলীলাং কর্ত্তুং "প্রকৃতিং" নিজামচেতনশক্তিং "মায়ান্তু প্রকৃতিং বিদ্যান্মায়িনন্তু মহেশ্বর"মিত্যাদি শ্রুতিপ্রসিদ্ধা"মুপেয়ুষি" অধিষ্ঠায় স্থিতবতি "যৎ" যতো হেতো"র্ভবপ্রবাহস্তস্মিন্" ॥ ৩২ ॥

ত্রিভুবনকমনং তমালবর্ণং রবিকরগৌরবরাম্বরং দধানে।
বপুরলককুলাবৃতাননাব্জং বিজয়সখে রতিরস্তু মেঽনবদ্যা ॥ ৩৩ ॥
যুধিতুরগরজোবিধূম্রবিষ্বক্ কচলুলিতশ্রমবার্য্যলঙ্কৃতাস্যে।
মম নিশিতশরৈর্ব্বিভিদ্যমান-ত্বচি বিলসৎ কবচেঽস্তু কৃষ্ণ আত্মা ॥ ৩৪ ॥

অন্বয়

ত্রিভুবনকমনং (যাহা ত্রিলোকের মধ্যে অতিশয় সুন্দর) তমালবর্ণং (তমাল সদৃশ নীলবর্ণ) রবিকরগৌরবরাম্বরং (সূর্য্যকিরণসদৃশ উজ্জ্বল ও অত্যুৎকৃষ্ট বসনযুক্ত) অলককুলাবৃতাননাব্জং (এবং যাঁহার কুন্তলকলাপে মুখ-পদ্ম আচ্ছাদিত) বপুঃ দধানে (সেইরূপ শরীর ধারণকারী) বিজয়সখে (অর্জ্জুনের সখা শ্রীকৃষ্ণে) মে (আমার) অনবদ্যা মতিঃ অস্তু (অকপট মতি হউক) ॥ ৩৩ ॥

যুধি (সংগ্রামে) তুরগরজোবিধূম্রবিষ্বক্কচলুলিতশ্রমবার্য্যলঙ্কৃতাস্যে (অশ্বখুরোত্থিত ধূলিতে ধূসরিত ও ইতস্ততঃ বিক্ষিপ্ত কেশকলাপের দ্বারা ঘর্ম্মবিন্দু বিকীর্ণ হওয়ায় যাঁহার মুখমণ্ডল অলঙ্কৃত) নিশিতশরৈঃ (তীক্ষ্ণ বাণের দ্বারা) বিভিদ্যমানত্বচি (যাঁহার শরীর ক্ষতবিক্ষত) বিলসৎকবচে (এবং যিনি উজ্জ্বল কবচধারী) কৃষ্ণে (সেই শ্রীকৃষ্ণে) মম চিত্ত (আমার আত্মা) অস্তু (সমর্পিত হউক) ॥ ৩৪

অনুবাদ

যাহা স্বর্গ, মর্ত্ত্য ও পাতাল এই তিন লোকের মধ্যে অতিশয় সুন্দর, তমাল সদৃশ নীলবর্ণ, সূর্য্যকিরণ সদৃশ উজ্জ্বল ও উৎকৃষ্ট বসনযুক্ত, এবং যাঁহার কুন্তল-কলাপে মুখপদ্ম আচ্ছাদিত, সেইরূপ দেহধারী অর্জ্জুনের সখা শ্রীকৃষ্ণে আমার অকপট মতি হউক ॥ ৩৩ ॥

যুদ্ধকালে অশ্বগণের খুরোত্থিত ধূলিতে ধূসরিত ও ইতস্ততঃ বিক্ষিপ্ত কেশকলাপের দ্বারা ঘর্ম্মবিন্দু বিকীর্ণ হইয়া যাঁহার মুখমণ্ডল শোভিত হইয়াছে, আমার তীক্ষ্ণবাণের দ্বারা যাঁহার শরীর ক্ষতবিক্ষত হইয়াছে, এবং যিনি উজ্জ্বল কবচ ধারণ করিয়াছেন, সেই ভগবান্ শ্রীকৃষ্ণে আমার চিত্ত সমর্পিত হউক ॥ ৩৪ ॥

টীকা

অধুনা শ্রীমূর্ত্তিং বর্ণয়ন্ ভক্তিং প্রার্থয়তে—"বিজয়সখে" অর্জ্জুনসখে শ্রীকৃষ্ণে "অনবদ্যা" শ্রীকৃষ্ণেতরবিষয়প্রয়োজনরূপদোষশূন্যা "মে রতিঃ" অনুরক্তি"রস্তু"। কথম্ভূতে? "ত্রিভুবনকমনং" ত্রিভুবনেষু ঊর্দ্ধাধোমধ্যলোকেষু কমনীয়মতিসুন্দরং "তমালবর্ণং" তমালস্যেব নীলো বর্ণো যস্য তৎ। রবেঃ করাঃ কিরণাঃ ইব গৌরে শ্রেষ্ঠে চ অম্বরে যস্মিন্, অলককুলৈঃ কুন্তলকলাপৈঃ আবৃতম্ আননাব্জং যস্য তৎ, অপ্রাকৃতং বপুর্দধানে ॥ ৩৩ ॥

"যুধি" সংগ্রামে তুরগশফোত্থিতরজোভির্বিধূম্রা বিধূসরাঃ রথগতিবশাৎ বিষ্বঞ্চঃ সর্ব্বতশ্চলন্তঃ কচাঃ কুন্তলাস্তৈঃ লুলিতানি বিকীর্ণানি শ্রমজাতানি বিন্দুভূতানি ভক্তবাৎসল্যসূচকানি বারীণি তৈরলঙ্কৃতম্ আস্যং যস্য তস্মিন্, গিরীনপি ভেত্তুং শক্তানাং মহারথানাং "নিশিতৈঃ শরৈঃ বিভিদি" বিগতভেদে, তত্র হেতুগর্ভবিশেষণম্ "অমানত্বচি" বেদেতরপ্রমাণাবিষয়বিগ্রহে, ত্বক্ শব্দস্য বিগ্রহোপলক্ষণত্বাৎ। শরবৈয়র্থ্যং কৈমুতিকন্যায়েন দর্শয়তি—"বিলসৎকবচে" ইতি। অখণ্ডতয়া বিলসৎ কবচং

সপদি সখিবচো নিশম্য মধ্যে নিজপরয়োর্ব্বলয়ো রথং নিবেশ্য।
স্থিতবতি পরসৈনিকায়ুরক্ষ্ণা হৃতবতি পার্থসখে রতির্ম্মমাস্তু ॥ ৩৫ ॥
ব্যবহিতপৃতনামুখং নিরীক্ষ্য স্বজনবধাদ্বিমুখস্য দোষবুদ্ধ্যা।
কুমতিমহরদাত্মবিদ্যয়া য-শ্চরণরতিঃ পরমস্য মেঽস্তু তস্য ॥ ৩৬ ॥

অন্বয়

সখিবচঃ ("সেনয়োরুভয়োর্ম্মধ্যে রথং স্থাপয় মেঽচ্যুত!" এই সখা অর্জ্জুনের বাক্য) নিশম্য (শুনিয়া) সপদি (তৎক্ষণাৎ) নিজপরয়োঃ (স্বকীয় ও পরকীয়) বলয়োঃ (সৈন্যের মধ্যে) রথং নিবেশ্য (রথ স্থাপন করিয়া) স্থিতবতি (অবস্থান করতঃ) অক্ষ্ণা (দৃষ্টিদ্বারাই) পরসৈনিকায়ুঃ (পরপক্ষীয় সৈন্যগণের আয়ু) হৃতবতি (হরণকারী) পার্থসখে (অর্জ্জুনসখা শ্রীকৃষ্ণে) মম রতিঃ অস্তু (আমার আসক্তি হউক) ॥ ৩৫ ॥

ব্যবহিতপৃতনামুখং (দূরে অবস্থিত বিপক্ষীয় সৈন্যগণের অগ্রভাগে ভীষ্মদ্রোণাদিকে সেনাপতিরূপে) নিরীক্ষ্য (দর্শন করিয়া) দোষবুদ্ধ্যা (আত্মীয়বধ অত্যন্ত গর্হিত কর্ম্ম এই বুদ্ধিতে) স্বজন বধাদ্বিমুখস্য ("হে কৃষ্ণ! আমি আত্মীয়গণের সঙ্গে যুদ্ধ করিব না" এই প্রকারে স্বজন বধ হইতে প্রতিনিবৃত্ত অর্জ্জুনের) কুমতিং (স্বধর্ম্মত্যাগ, স্বতন্ত্র কর্তৃত্ব, দেহাত্মবুদ্ধিপ্রভৃতি অজ্ঞান) যঃ (যে শ্রীকৃষ্ণ) আত্মবিদ্যয়া (গীতোপদেশরূপ আত্মবিদ্যাদ্বারা) অহরৎ (হরণ করিয়াছেন) তস্য (সেই শ্রীকৃষ্ণের) চরণরতিঃ (পাদপদ্মে আসক্তি) মে অস্তু (আমার হউক) ॥ ৩৬ ॥

অনুবাদ

"উভয় সৈন্যের মধ্যে রথ স্থাপন কর" এই বাক্য শ্রবণ করিয়া যিনি তৎক্ষণাৎ স্বকীয় ও পরকীয় সৈন্যের মধ্যে রথ স্থাপন করতঃ অবস্থান করিয়া দৃষ্টিদ্বারাই পরপক্ষীয় সৈন্যগণের আয়ু, [পুণ্য, যশ প্রভৃতি] হরণ করিয়াছেন, সেই অর্জ্জুনের সখা শ্রীকৃষ্ণে আমার আসক্তি হউক ॥ ৩৫ ॥

অর্জ্জুন দূরে অবস্থিত বিপক্ষীয় সৈন্যগণের অগ্রভাগে ভীষ্ম দ্রোণাদিকে সেনাপতিরূপে অবস্থান করিতে দেখিয়া "আত্মীয় বধ অত্যন্ত গর্হিতকর্ম্ম" ইহা বিবেচনা করতঃ "হে কৃষ্ণ, আমি আত্মীয়গণের সঙ্গে যুদ্ধ করিব না" এই প্রকার বলিয়া স্বজনবধ হইতে নিবৃত্ত হইলে, যিনি অর্জ্জুনের স্বধর্ম্মত্যাগ, স্বতন্ত্র কর্তৃত্ব, দেহাত্মবুদ্ধি প্রভৃতি অজ্ঞান গীতা উপদেশ দ্বারা হরণ করিয়াছেন অর্থাৎ দূর করিয়াছেন, সেই শ্রীকৃষ্ণের পাদপদ্মে আমার আসক্তি হউক ॥ ৩৬ ॥

টীকা

যস্য তস্মিন্ "শ্রীকৃষ্ণে মম আত্মা সমর্পিতোঽস্তু" ॥ ৩৪ ॥ সেনয়োরুভয়োর্মধ্যে রথং স্থাপয় মেঽচ্যুত! ইতি "সখিবচো নিশম্য সপদি" তৎক্ষণমেব পাণ্ডবকৌরবসেনয়োর্মধ্যে "রথং নিবেশ্য স্থিতবতি" কৌরবসৈনিকানামায়ুঃ আয়ুষোপলক্ষণেন পুণ্য-কীর্ত্ত্যাদিকং সর্ব্বং অক্ষ্ণৈব হৃতবান্, "অর্জ্জুনসখে মম রতিঃ অস্তু" ॥ ৩৫ ॥ "ব্যবহিতায়াঃ কিঞ্চিদ্ব্যবধানেন স্থিতায়াঃ পৃতনায়াঃ মুখং" সেনাপতিত্বেন আচার্য্যত্বাদিনা অগ্রভাগং ভীষ্মদ্রোণাদিসমূহং "নিরীক্ষ্য স্বজনবধাদ্ বিমুখস্য" "ন যোৎস্যে স্বজনং কৃষ্ণ" ইত্যাদ্যুক্ত্বা নিবৃত্তস্য অর্জ্জুনস্য "কুমতিং" স্বধর্ম্মত্যাগস্বতন্ত্রকর্তৃত্বদেহাত্মবুদ্ধিত্বাদিবিষয়াম্ "আত্মবিদ্যয়া" শ্রীমুখগীতোপদেশেনাহরৎ "যস্তস্য চরণয়োর্মে রতিরস্তু" ॥ ৩৬ ॥

স্বনিগমমপহায় মৎপ্রতিজ্ঞা-মৃতমধিকর্ত্তুমবপ্লুতো রথস্থঃ।
ধৃতরথচরণোঽভ্যয়াচ্চলদ্‌গু-র্হরিরিব হন্তুমিভং গতোত্তরীয়ঃ ॥ ৩৭ ॥
শিতবিশিখহতো বিশীর্ণদংশঃ ক্ষতজপরিপ্লুত আততায়িনো মে।
প্রসভমভিসসার মদ্বধার্থং স ভবতু মে ভগবান্ গতির্মুকুন্দঃ ॥ ৩৮ ॥

অন্বয়

রথস্থঃ (যিনি রথে অবস্থান করতঃ) স্বনিগমং (স্বীয় প্রতিজ্ঞা অর্থাৎ "আমি যুদ্ধে অস্ত্র-ধারণ করিব না" এই প্রতিজ্ঞা) অপহায় (লঙ্ঘন করিয়া) মৎপ্রতিজ্ঞাং (আমার প্রতিজ্ঞা অর্থাৎ "শ্রীকৃষ্ণকে অস্ত্র ধারণ করাইব" এই প্রতিজ্ঞা) ঋতম্ অধিকর্ত্তুং (সম্পূর্ণরূপে সত্য করিবার জন্য) অবপ্লুতং ([রথ হইতে] অবতীর্ণ হইয়া) ধৃতরথচরণঃ (রথচক্রহস্তে) চলদ্‌গুঃ (পদভরে মেদিনী কাঁপাইয়া) গতোত্তরীয়ঃ (উত্তরীয় বসন ফেলিয়া) ইভং হন্তুং হরিঃ ইব (হস্তীকে বধ করিবার জন্য সিংহ যেমন ধাবিত হয়, সেইরূপ) অভ্যয়াৎ (আমার অভিমুখে ধাবিত হইয়াছেন), [স মে গতিঃ ভবতু] (সেই ভগবান্ শ্রীকৃষ্ণ আমার গতি হউন)॥ ৩৭ ॥

[যে ভগবান্ শ্রীকৃষ্ণ] আততায়িনঃ মে শিতবিশিখহতঃ (আততায়ী আমার তীক্ষ্ণ শরের আঘাতে ক্ষতবিক্ষত) বিশীর্ণদংশঃ (ছিন্নকবচ) ক্ষতজপরিপ্লুতঃ (ও রক্তাক্ত কলেবর হইয়া) মদ্বধার্থং (আমার বধের নিমিত্ত) প্রসভম্ অভিসসার (অত্যন্ত বেগের সহিত ধাবিত হইয়াছিলেন), সঃ ভগবান্ মুকুন্দঃ (সেই ভগবান্ মুকুন্দদেব) মে গতিঃ ভবতু (আমার গতি হউন)॥৩৮॥

অনুবাদ

রথস্থিত যে ভগবান্ শ্রীকৃষ্ণ "আমি যুদ্ধে অস্ত্র ধারণ করিব না" এই স্বীয় প্রতিজ্ঞা লঙ্ঘন করিয়া "কৃষ্ণকে আমি অস্ত্র ধারণ করাইব" আমার এই প্রতিজ্ঞাকে সম্পূর্ণরূপে সত্য করিবার জন্য রথ হইতে অবতরণ পূর্ব্বক রথচক্র হস্তে লইয়া, পদভরে মেদিনী কাঁপাইয়া, উত্তরীয় বসন ফেলিয়া, হস্তীকে বধ করিবার জন্য সিংহ যেমন ধাবিত হয়, সেইরূপ আমার অভিমুখে ধাবিত হইয়াছিলেন, (সেই শ্রীকৃষ্ণ আমার গতি হউন)॥ ৩৭ ॥

যে ভগবান্ শ্রীকৃষ্ণ আমার তীক্ষ্ণশরের আঘাতে ক্ষতবিক্ষত, ছিন্নকবচ ও রক্তাক্ত কলেবর হইয়া আমার বধের জন্য [প্রতিজ্ঞাপালনার্থ অর্জ্জুন কর্ত্তৃক নিবারিত হইয়াও] অত্যন্ত বেগের সহিত ধাবিত হইয়াছিলেন, সেই ভগবান্ মুকুন্দদেব আমার গতি হউন॥ ৩৮ ॥

টীকা

শ্রীকৃষ্ণে গতির্ভবতু ইতি প্রার্থয়িতুং তৎকৃতমনুগ্রহং বদতি—"স্বনিগমমি"তি। সহায়মাত্রং করিষ্যামি, ন শস্ত্রযুদ্ধমিত্যুদ্যোগে কৃতপ্রতিজ্ঞঃ পুনর্যুদ্ধকালে ময়া প্রতিদিনং দশসহস্রপুরুষঘাতিনা পাণ্ডবসৈন্যে বিমথিতে সতি ধনঞ্জয়ং প্রতি জাতক্রোধঃ স্বয়মস্মৎপরাজয়ায় প্রবৃত্তস্তাং স্বপ্রতিজ্ঞাম্ "অপহায়" শ্রীকৃষ্ণমায়ুধং গ্রাহয়িষ্যামীতি "মৎপ্রতিজ্ঞামৃতং" যথা স্যাৎ তথা অত্যধিকং "কর্ত্তুং রথস্থস্ততোঽবপ্লুতো"ঽবতীর্ণঃ সন্ "ধৃতরথচরণঃ" গৃহীতস্বদর্শনঃ "হরিঃ" সিংহঃ "ইভং" গজং "হন্তুমিব অভ্যয়াৎ" অভিমুখম্ অধাবৎ। কথম্ভূতঃ? "চলদ্‌গুঃ" চলন্তী কুপিতাৎ ভীতা গৌর্ধরণী যস্মাৎ সঃ, পুনঃ কথম্ভূতঃ? "গতোত্তরীয়ঃ" গতং পতিতং ধরণীমাশ্বাসয়ন্ ইব উত্তরীয়ং ক্রোধাবিষ্টস্য যুধিষ্ঠিরপক্ষপাতিনঃ, স গতির্ভবতু ইত্যুত্তরেণ সম্বন্ধঃ॥ ৩৭ ॥ কথম্ভূতঃ? মে শিতৈঃ তৈলধৌতৈঃ অতিতীক্ষ্ণৈর্বিশিখৈর্বা-ণৈর্হতোঽপ্যবি শীর্ণদংশঃ "ক্ষতজপরিপ্লুতে" দেশে অর্জ্জুনেন স্বপ্রতিজ্ঞাং পালয় ভগবন্! ইত্যেবং বাদিন'

বিজয়রথকুটুম্ব আত্ততোত্রে ধৃতহয়রশ্মিনি তচ্ছ্রিয়েক্ষণীয়ে।
ভগবতি রতিরস্তু মে মুমূর্ষো-র্যমিহ নিরীক্ষ্য হতা গতাঃ স্বরূপম্ ॥ ৩৯ ॥
ললিতগতিবিলাসবল্গুহাস-প্রণয়নিরীক্ষণকল্পিতোরুমানাঃ।
কৃতমনুকৃতবত্য উন্মদান্ধাঃ প্রকৃতিমগন্ কিল যস্য গোপবধ্বঃ ॥ ৪০ ॥

অন্বয়

ইহ (এই কুরুক্ষেত্রযুদ্ধে) হতাঃ (নিহত যোদ্ধগণ) যং (যে ভগবান্ শ্রীকৃষ্ণকে) নিরীক্ষ্য (দর্শন করিয়া) স্বরূপং গতাঃ (ভগবৎসাযুজ্য অর্থাৎ মুক্তিলাভ করিয়াছেন), বিজয়রথকুটুম্বে (অর্জ্জুনের রথ যাঁহার আত্মীয়ের মত রক্ষণায় অর্থাৎ অর্জ্জুনরথের সারথি) আত্ততোত্রে (তোত্র অর্থাৎ চাবুকধারী) ধৃতহয়রশ্মিনি (অশ্বের বল্গাধারী অর্থাৎ লাগামধারী) তচ্ছ্রিয়া ঈক্ষণীয়ে (সেই তোত্র ও বল্গা ধারণ করায় অতিশয় শোভমান) [তস্মিন্] ভগবতি (সেই ভগবান্ শ্রীকৃষ্ণে) মুমূর্ষোঃ মে (মুমূর্ষু আমার) রতিঃ অস্তু (আসক্তি উৎপন্ন হউক) ॥ ৩৯ ॥

ললিতগতিবিলাসবল্গুহাসপ্রণয়নিরীক্ষণকল্পিতোরুমানাঃ ([ভগবানের] সুন্দর গতি, রাসবিলাস, মধুরহাস্য ও প্রণয়নিরীক্ষণের দ্বারা যাঁহাদের মানবৃদ্ধি হইয়াছিল), [অতএব] উন্মদান্ধাঃ (অতএব যাঁহারা অত্যন্ত মদবিহ্বলা হইয়া) কৃতং (ভগবল্লীলার) অনুকৃতবত্যঃ (অনুকরণকারিণী হইয়াছিলেন), গোপবধ্বঃ (সেই গোপরমণীগণ) যস্য (যেই কৃষ্ণের) প্রকৃতিং (স্বভাব অর্থাৎ স্বরূপ) অগন্ কিল (প্রাপ্ত হইয়াছিলেন), [সেই শ্রীকৃষ্ণে আমার আসক্তি হউক] ॥ ৪০ ॥

অনুবাদ

এই কুরুক্ষেত্রযুদ্ধে নিহত যোদ্ধৃগণ যে ভগবান্ শ্রীকৃষ্ণকে মৃত্যুকালে দর্শন করিয়া ভগবৎ সাযুজ্য অর্থাৎ মুক্তিলাভ করিয়াছেন, অর্জ্জুনের রথের সারথি, তোত্র ও বল্গাধারী [অর্থাৎ চাবুক ও লাগামধারী] এবং এই সকলের শোভায় শোভমান, সেই ভগবান্ শ্রীকৃষ্ণে মুমূর্ষু আমার আসক্তি উৎপন্ন হউক ॥ ৩৯ ॥

ভগবানের সুন্দর গতি, রাসবিলাস, মধুরহাস্য ও প্রণয় নিরীক্ষণের দ্বারা গোপরমণীগণের অত্যন্ত মান বৃদ্ধি হইয়াছিল, অতএব তাঁহারা অত্যন্ত মদবিহ্বলা হইয়া ভগবল্লীলার অনুকরণ করতঃ যে ভগবান্ শ্রীকৃষ্ণের স্বরূপ প্রাপ্ত হইয়াছিলেন, সেই ভগবান্ শ্রীকৃষ্ণে আমার আসক্তি হউক ॥ ৪০ ॥

টীকা

প্রণয়পূর্ব্বকং কট্যালম্বমানেন সংপ্রার্থ্যমানোঽপি "প্রসভং" বলাৎ "মদ্বধার্থম্ অভিসসার"। "স মুকুন্দঃ" মুক্তিপ্রদঃ "মে আততায়িনো গতিঃ" স্বাত্মপ্রদো "ভবতু" ॥ ৩৮ ॥ "বিজয়রথকুটুম্বে" অর্জ্জুনরথঃ কুটুম্বঃ কুটুম্ব ইব রক্ষণীয়ো যস্য তস্মিন্, "আত্ততোত্রে" গৃহীতপ্রতোদে গৃহীতাশ্বপ্রগ্রহে, "ঈক্ষণীয়ে ইহ" যুদ্ধে যং নিরীক্ষ্য ভূরিশ্রবঃপ্রভৃতয়স্তে "স্বরূপং" ভগবৎস্বারূপ্যং "গতাঃ" প্রাপ্তাঃ। তদুক্তং দ্রোণপর্ব্বণি ভূরিশ্রবসং প্রতি ভগবতা "যে লোকাঃ মম বিমলাঃ সক্বদ্বিভান্তি, ব্রহ্মাদ্যৈঃ সুরবৃষভৈরপীষ্যমানাঃ। তান্ ক্ষিপ্রং ব্রজতাগ্নিহোত্রযাজিন্মমতুল্যো ভব গরুড়োত্তমঙ্গযান ইতি এবম্ভূতে "ভগবতি মে রতিরস্তু" ॥ ৩৯ ॥ কিঞ্চ ললিতয়া সুন্দরয়া গত্যা বিলাসেন রাসাদিনা বল্গুনা সুন্দরেণ হাসেন প্রণয়নিরীক্ষণেন বিনয়পূর্ব্বকেণাবলোকনেন চ কল্পিতঃ বহুমানো যাসাং তাঃ, অতএব "উন্মদান্ধাঃ," অতএব ভগবতঃ "কৃতং" চেষ্টিত"মনুকৃতবত্যঃ কিল গোপবধ্বঃ, যস্য প্রকৃতিং" স্বভাবং "অগন্" অগমন্

মুনিগণনৃপবর্য্যসঙ্কুলেঽন্তঃ-সদসি যুধিষ্ঠিররাজসূয় এষাম্ ।
অর্হণমুপপেদ ঈক্ষণীয়ো মম দৃশি গোচর এষ আবিরাত্মা ॥ ৪১ ॥
তমিমমহমজং শরীরভাজাং হৃদি হৃদি ধিষ্ঠিতমাত্মকল্পিতানাম্ ।
প্রতিদৃশমিব নৈকধার্কমেকং সমধিগতোঽস্মি বিধূতভেদমোহঃ ॥ ৪২ ॥

অন্বয়

যুধিষ্ঠিররাজসূয়ে (যুধিষ্ঠিরের রাজসূয়যজ্ঞে) মুনিগণনৃপবর্য্যসঙ্কুলে (মুনিগণ ও শ্রেষ্ঠ নরপতিগণে পরিপূর্ণ) অন্তঃসদসি (সভামধ্যে) এষাম্ ঈক্ষণীয়ঃ [যঃ] (ইঁহাদের [অর্থাৎ মুনি ও শ্রেষ্ঠ রাজগণের] দর্শনীয় হইয়া যিনি) অর্হণম্ উপপেদে (অগ্রপূজাদি গ্রহণ করিয়াছিলেন), [সঃ] এষঃ আত্মা (সেই এই শ্রীকৃষ্ণ) মম দৃশি গোচরঃ আবিঃ (আমার দৃষ্টির গোচর হইয়া প্রকটিত হইয়াছেন) ॥ ৪১ ॥

বিধূতভেদমোহঃ অহম্ (ভেদজ্ঞান অর্থাৎ ব্রহ্ম হইতে নিজকে পৃথক্‌রূপে জানা, ব্রহ্মের অংশ বলিয়া না জানারূপ যে মোহ, তাহা দূরীভূত হওয়ায় আমি) আত্মকল্পিতানাং (স্ব স্ব কর্ম্মানুসারে শ্রীকৃষ্ণ কর্ত্তৃক স্থাপিত) শরীরভাজাং (দেহধারিগণের) হৃদি হৃদি ধিষ্ঠিতং (প্রত্যেকের হৃদয়ে অবস্থিত) তম্ ইমম্ অজম্ (সেই এই জন্মরহিত শ্রীকৃষ্ণকে) প্রতিদৃশং (প্রত্যেক চক্ষুতে) একম্ অর্কম্ ইব (এক সূর্য্যের ন্যায়) অনেকধা (অনেকরূপেতে অর্থাৎ প্রতিদেহীর অন্তর্য্যামীরূপে) সমধিগতঃ অস্মি (জানিতে পারিয়াছি) ॥৪২॥

অনুবাদ

ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরের রাজসূয়যজ্ঞে মুনিগণ ও শ্রেষ্ঠ নরপতিগণে পরিপূর্ণ সভামধ্যে যে ভগবান্ সকলের দর্শনীয় হইয়া [অর্থাৎ "আহা ! কি সুন্দর রূপ ! আহা কি মহিমা !" এই প্রকারে দর্শনীয় হইয়া] অগ্রপূজা অর্ঘ্যাদি গ্রহণ করিয়াছিলেন, সেই এই শ্রীকৃষ্ণ আমার দৃষ্টিগোচর হইয়া প্রকটিত হইয়াছেন ॥ ৪১ ॥

আমার ভেদজ্ঞান তিরোহিত হওয়ায় [অর্থাৎ জগৎকে ব্রহ্ম হইতে পৃথক্‌রূপে জানা, এবং সমস্তই ব্রহ্মের অংশ বলিয়া না জানা রূপ যে মোহ, তাহা তিরোহিত হওয়ায়] "একই সূর্য্যদেব যেমন কিরণদ্বারা প্রত্যেক চক্ষুর প্রকাশকরূপে সেই সেই চক্ষুতে ভিন্ন ভিন্ন হইয়া অবস্থান করেন, সেইরূপ স্ব স্ব কর্ম্মানুসারে ভগবৎ-কর্ত্তৃক স্থাপিত দেহিগণের প্রত্যেক হৃদয়ে সেই এই এক শ্রীকৃষ্ণই চৈতন্যাংশের দ্বারা প্রেরকরূপে ভিন্ন ভিন্ন হইয়া অবস্থান করিতেছেন" ইহা আমি বুঝিতে পারিয়াছি ॥ ৪২ ॥

টীকা

তস্মিন্ ভগবতি মে রতিরস্তু ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ৪০ ॥ ব্রহ্মর্ষ্যাদিপূজ্যত্বং ভগবতো দর্শয়ন্ স্বভাগ্যাতিশয়ং সূচয়তি—"যুধিষ্ঠিররাজসূয়ে মুনিগণৈর্নৃপবর্য্যৈশ্চ সঙ্কুলে অন্তঃসদসি" সভামধ্যে "এষাং" মুনিগণ-নৃপবর্য্যাদীনাম্ "ঈক্ষণীয়োঽর্হণম্" অগ্রপূজাদিকং "উপপেদে" প্রাপ, স "এষ বিশ্বাত্মা মম দৃশিগোচরো" দৃষ্টিবিষয়ঃ সন্ "আবিঃ" প্রকটোঽস্তি, ভাগ্যবানস্মীত্যাশয়ঃ ॥ ৪১ ॥

"তমি"তি। "তমিমম্" উক্তবিধ"মজং" কর্ম্মাধীনজন্মশূন্যং শ্রীকৃষ্ণম্ "আত্মকল্পিতানাং" তত্তৎকর্ম্মানু-সারিণাম্ আত্মনা শ্রীকৃষ্ণেনৈব দেবমনুষ্যাদিশরীরেষু স্থাপিতানাং "শরীরভাজাং হৃদি হৃদি" প্রতিহৃদয়ম্ "একমেব প্রতিদৃশং" তৎ তদ্ দৃক্‌প্রকাশকতয়া "অনেকধা অর্কমিব ধিষ্ঠিতং সমধিগতোঽস্মি"। দৃষ্টান্তে

সূত উবাচ

কৃষ্ণ এবং ভগবতি মনোবাগ্‌দৃষ্টিবৃত্তিভিঃ।
আত্মন্যাত্মানমাবেশ্য সোঽন্তঃশ্বাস উপারমৎ ॥ ৪৩ ॥

অন্বয়

সূতঃ উবাচ (সূত বলিলেন) সঃ (সেই ভীষ্মদেব) এবং (পূর্ব্বোক্তরূপে) মনোবাগ্‌দৃষ্টিবৃত্তিভিঃ (মন, বাক্য ও দৃষ্টিরূপ ইন্দ্রিয়বৃত্তিদ্বারা) আত্মনি ভগবতি কৃষ্ণে (পরমাত্মা ভগবান্ শ্রীকৃষ্ণে) আত্মানং (অংশভূত নিজকে) আবেশ্য (নিবেশিত করিয়া) অন্তঃশ্বাসঃ [সন্] (অন্তরেই শ্বাস লয় করতঃ) উপারমৎ (উপরত হইলেন অর্থাৎ দেহত্যাগ করিয়া শ্রীকৃষ্ণকে প্রাপ্ত হইলেন) ॥ ৪৩ ॥

অনুবাদ

সূত বলিলেন—হে শৌনক! এই প্রকারে মন, বাক্য ও চক্ষু প্রভৃতি ইন্দ্রিয়-বৃত্তিদ্বারা ভীষ্মদেব পরমাত্মা ভগবান্ শ্রীকৃষ্ণে, অংশভূত নিজকে নিবেশিত করিয়া [অর্থাৎ নিজকে ভগবদন্তর্গত মনে করিয়া] অন্তরেই শ্বাসরোধ করতঃ উপরত হইলেন, অর্থাৎ দেহ পরিত্যাগ করতঃ শ্রীকৃষ্ণকে প্রাপ্ত হইলেন ॥ ৪৩ ॥

টীকা

প্রভাব্যাপ্ত্যা তত্তদ্‌দৃক্‌প্রকাশকতয়া ধিষ্টিতত্বম্। দার্ষ্টান্তিকে তু স্বরূপব্যাপ্ত্যা তত্তৎশরীরিপ্রেরকতয়া ধিষ্টিতত্বমিতি বিবেকঃ। নন্বু অস্তু ভগবতঃ একস্যৈব তদন্তর্য্যামিত্বং, ভবান্ কেন সম্বন্ধেন তং সমধিগতঃ? ইত্যত্রাহ—"বিধূতভেদমোহ" ইতি। বিধূতভেদবিষয়কো মোহো যস্য সঃ। অয়মর্থঃ—কিংজীবপরয়োরত্যন্তভেদঃ? উত অত্যন্তাভেদঃ? কিংবা উপাধিকৃতোঽভেদো বস্তুতো ভেদঃ? অথবা স্বাভাবিকো ভেদাভেদঃ তয়োঃ সম্বন্ধঃ? নাদ্যঃ পক্ষঃ, তত্ত্বমস্যাদিবাক্যবিরোধাৎ, "ক্ষেত্রজ্ঞঞ্চাপি মাং বিদ্ধীতি" শ্রীমুখবাক্যবিরোধাচ্চ। ন দ্বিতীয়ঃ, "জ্ঞাজ্ঞৌ দ্বাবজাবীশানীশা"—বিত্যাদিবাক্য প্রতিপাদিতয়োরজ্ঞসর্ব্বজ্ঞয়োর্জীবপরয়োরত্যন্ততোঽভেদাসম্ভবাৎ। ন তৃতীয়ঃ, উপাধের্মিথ্যাত্বে সত্যবস্তুভেদকত্বাসম্ভবাৎ। সত্যত্বে উপাধিনা স্বসামর্থ্যাজ্জীবপরয়োর্ভেদঃ কৃতঃ? উত পরেচ্ছয়া? আদ্যে সমর্থমুপাধিং কোঽপি নিরাকর্ত্তুং ন ক্ষমঃ স্যাৎ, দ্বিতীয়ে স্বেচ্ছয়া তৎকৃত—ভেদং প্রাপ্য পুনরভেদমিচ্ছন্ মুগ্ধবদনাপ্তঃ স্যাৎ। তস্মাদংশাংশিনোর্জীবপরয়োর্গুণগুণিবৎ কার্য্যকারণবৎ স্বাভাবিকঃ সর্ব্বশাস্ত্রসম্মতো ভেদাভেদঃ সম্বন্ধ ইতি। তথাহ ভগবান্ সূত্রকারঃ—"অংশো নানা ব্যপদেশাদন্যথা চাপি দাশকিতবাদিত্বমধীয়ত একে" ২।৩।৪৩ ইত্যাদি। অতএব বিশ্বস্য চিদচিদ্রূপত্বেন স্বরূপতো ব্রহ্মভিন্নত্বেঽপি তজ্জত্বাদিনা তদভিন্নত্বমায়াতং ছান্দোগ্যে শাণ্ডিল্যব্রাহ্মণে—"সর্ব্বং খল্বিদং ব্রহ্ম তজ্জলানিতি শান্ত উপাসীতে"তি শান্ত উপাসীতেত্যেবম্বিধায়াম্ উপাসনায়াং কণ্টকভূত-বৈষম্যবারণায় সর্ব্বস্য ব্রহ্মত্বমুক্তং, তস্য স্বরূপেণ ব্রহ্মত্বাসম্ভবাৎ। তজ্জত্বাদিনা ব্রহ্মত্বে হেতুমাহ—তত এব জায়তে, তত্রৈব লীয়তে, তেনৈবানিতি চেষ্টতে ইতি তজ্জলান্, ইতিশব্দঃ হেতৌ, ইতি হেতোঃ ইতি শ্রুত্যর্থঃ। বিস্তরস্তু বেদান্তকৌস্তুভাদৌ দ্রষ্টব্যঃ। এবং সতি অংশত্বাবচ্ছিন্নেন রূপেণ ভিন্নত্বেঽপি অংশিনিরপেক্ষস্থিতিপ্রবৃত্ত্যাদ্যভাবাত্তাদাত্ম্যসম্বন্ধেন অহং তং সম্যগধিগতোঽস্মীত্যর্থঃ ॥ ৪২ ॥

"এবমু"ক্তলক্ষণেন সম্বন্ধেন "স" ভীষ্মঃ "আত্মনি" অংশিনি "ভগবতি শ্রীকৃষ্ণে মনোবাগ্‌-দৃষ্টিবৃত্তিভি"র্ভজনপ্রকারৈঃ "মমৈবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতন" ইতি ভগবদুক্তং তদংশভূত

সম্পদ্যমানমাজ্ঞায় ভীষ্মং ব্রহ্মণি নিষ্কলে।
সর্ব্বে বভূবুস্তে তূষ্ণীং বয়াংসীব দিনাত্যয়ে ॥ ৪৪ ॥
তত্র দুন্দুভয়ো নেদুর্দ্দেবমানববাদিতাঃ।
শশংসুঃ সাধবো রাজ্ঞাং খাৎ পেতুঃ পুষ্পবৃষ্টয়ঃ ॥ ৪৫ ॥
তস্য নির্হরণাদীনি সম্পরেতস্য ভার্গব!।
যুধিষ্ঠিরঃ কারয়িত্বা মুহূর্ত্তং দুঃখিতোঽভবৎ ॥ ৪৬ ॥

অন্বয়

ভীষ্মং (ভীষ্মদেবকে) নিষ্কলে ব্রহ্মণি (প্রাকৃতকলাশূন্য শ্রীকৃষ্ণে) সম্পদ্যমানম্ আজ্ঞায় (মিলিত হইয়াছেন জানিয়া) দিনাত্যয়ে (দিবসের অবসানে) বয়াংসি ইব (পক্ষিগণের ন্যায়) তে সর্ব্বে (তাঁহারা সকলেই) তূষ্ণীং বভূবুঃ (নীরব হইলেন) ॥ ৪৪ ॥

তত্র (সেই ভীষ্মদেবের প্রয়াণোৎসবে) রাজ্ঞাং (রাজগণের) দুন্দুভয়ঃ (দুন্দুভিসকল) দেবমানববাদিতাঃ (দেবতা ও মনুষ্যগণকর্ত্তৃক বাদিত হইয়া) নেদুঃ (শব্দ করিতে লাগিল)। সাধবঃ (সাধুগণ) শশংসুঃ (ভীষ্মদেবের গুণগান করিতে লাগিলেন)। খাৎ (আকাশ হইতে) পুষ্পবৃষ্টয়ঃ (পুষ্পবৃষ্টি) পেতুঃ (নিপতিত হইতে লাগিল) ॥ ৪৫ ॥

ভার্গব! (হে শৌনক!) যুধিষ্ঠিরঃ (যুধিষ্ঠির) সম্পরেতস্য (পরমপদপ্রাপ্ত) তস্য (সেই ভীষ্মদেবের) নির্হরণাদীনি (দাহাদি কর্ম্মসকল) কারয়িত্বা (করাইয়া) মুহূর্ত্তং দুঃখিতঃ অভবৎ (কিছু সময় তাঁহার জন্য শোক প্রকাশ করিলেন) ॥ ৪৬ ॥

অনুবাদ

তখন সকলেই ভীষ্মদেব নিষ্কল অর্থাৎ প্রাকৃতকলাশূন্য ভগবান্ শ্রীকৃষ্ণে মিলিত হইয়াছেন জানিয়া, দিবাবসানে পক্ষিগণ যেমন নীরব হইয়া থাকে, সেইরূপ নীরব হইলেন ॥ ৪৪ ॥

সেই ভীষ্মদেবের প্রয়াণোৎসবে রাজগণের দুন্দুভিসকল দেবতা ও মনুষ্যগণ-কর্ত্তৃক বাদিত হইয়া শব্দ করিতে লাগিল। সাধুগণ ভীষ্মদেবের গুণগান করিতে লাগিলেন। আকাশ হইতে পুষ্পবৃষ্টি নিপতিত হইতে লাগিল ॥ ৪৫ ॥

হে শৌনক! অনন্তর যুধিষ্ঠির পরমপদপ্রাপ্ত সেই ভীষ্মদেবের দাহাদি কর্ম্মসকল সম্পন্ন করাইয়া, কিছু সময় তাঁহার জন্য শোক করিলেন ॥ ৪৬ ॥

টীকা

"মাত্মানং আবেশ্য" তদংশতয়া তদন্তর্গতমনুসন্ধায়, "অন্তঃশ্বাসঃ" অতএব লীনঃ শ্বাসো যস্য সঃ, এবম্ভূতঃ "উপারমদ্" দেহং হিত্বা শ্রীকৃষ্ণং প্রাপ্ত ইত্যর্থঃ ॥ ৪৩ ॥ "নিষ্কলে" প্রাকৃতকলারহিতে শ্রীকৃষ্ণম্ উক্ত-প্রকারেণ "সম্পদ্যমানমাজ্ঞায়" জ্ঞাত্বা ॥ ৪৪ ॥ "তত্র" তস্মিন্ মহোৎসবে "রাজ্ঞাং দুন্দুভয়ঃ দেবৈর্মানবৈশ্চ ঋষ্যাদিভিঃ বাদিতাঃ শঙ্খাদয়ো নেদুঃ"। "সাধবো" ভাগবতাঃ "শশংসুঃ"। "খাৎ" অন্তরীক্ষাৎ দেবাদি-বিমুক্তাঃ "পুষ্পবৃষ্টয়ঃ পেতুঃ" ॥ ৪৫ ॥ হে "ভার্গব"! "সম্পরেতস্য" সম্যগ্ ভগবন্তং প্রাপ্তস্য "নির্হরণাদীনি"

তুষ্টুবুর্মুনয়ো হৃষ্টাঃ কৃষ্ণং তদ্‌গুহ্যনামভিঃ।
ততস্তে কৃষ্ণহৃদয়াঃ স্বাশ্রমান্ প্রযযুঃ পুনঃ ॥ ৪৭ ॥
ততো যুধিষ্ঠিরো গত্বা সহকৃষ্ণো গজাহ্বয়ম্।
পিতরং সান্ত্বয়ামাস গান্ধারীঞ্চ তপস্বিনীম্ ॥ ৪৮ ॥
পিত্রা চানুমতো রাজা বাসুদেবানুমোদিতঃ।
চকার রাজ্যং ধর্ম্মেণ পিতৃপৈতামহং বিভুঃ ॥ ৪৯ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
প্রথমস্কন্ধে যুধিষ্ঠিররাজ্যোপলম্ভো নাম নবমোঽধ্যায়ঃ ॥৯॥

অন্বয়

মুনয়ঃ (মুনিগণ) হৃষ্টাঃ (আনন্দিত হইয়া) কৃষ্ণং (শ্রীকৃষ্ণকে) তদ্‌গুহ্যনামভিঃ (তাঁহার গুহ্য নাম সকলের দ্বারা) তুষ্টুবুঃ (স্তব করিলেন)। ততঃ (অতঃপর) কৃষ্ণহৃদয়াঃ (কৃষ্ণৈকচিত্ত হইয়া) তে (সেই সকল মুনিগণ) পুনঃ স্বাশ্রমান্ (পুনরায় নিজ নিজ আশ্রমে) প্রযযুঃ (প্রস্থান করিলেন) ॥ ৪৭ ॥

ততঃ (অনন্তর) সহকৃষ্ণঃ (কৃষ্ণের সহিত) যুধিষ্ঠিরঃ (যুধিষ্ঠির) গজাহ্বয়ং (হস্তিনাপুরে) গত্বা (গমন করিয়া) পিতরং (ধৃতরাষ্ট্রকে) তপস্বিনীং গান্ধারীঞ্চ (ও দুঃখিতা গান্ধারীকে) সান্ত্বয়ামাস (সান্ত্বনা করিলেন) ॥ ৪৮ ॥

বিভুঃ রাজা (ধর্ম্মরাজ যুধিষ্ঠির) পিত্রা অনুমতঃ (ধৃতরাষ্ট্রকর্ত্তৃক অনুজ্ঞাত) বাসুদেবানুমোদিতঃ চ (এবং শ্রীকৃষ্ণকর্ত্তৃক অনুমোদিত হইয়া) ধর্ম্মেণ (ধর্ম্মানুসারে) পিতৃপৈতামহং রাজ্যং (কুলপরম্পরাগত রাজ্য) চকার (প্রতিপালন করিতে লাগিলেন) ॥ ৪৯ ॥

অনুবাদ

মুনিগণ পুলকিত হইয়া ভগবান্ শ্রীকৃষ্ণকে তাঁহার গুহ্য নাম সকলের দ্বারা স্তব করিলেন। অনন্তর কৃষ্ণৈকচিত্ত হইয়া সেই সকল মুনিগণ পুনরায় নিজ নিজ আশ্রমে প্রস্থান করিলেন ॥ ৪৭ ॥

অনন্তর যুধিষ্ঠির ভগবান্ শ্রীকৃষ্ণের সহিত হস্তিনাপুরে যাইয়া [শোকার্ত্ত] ধৃতরাষ্ট্র ও দুঃখিতা গান্ধারীকে সান্ত্বনা করিলেন ॥ ৪৮ ॥

মহাত্মা ধর্ম্মরাজ যুধিষ্ঠির, পিতৃব্য ধৃতরাষ্ট্র ও শ্রীকৃষ্ণের আদেশে ধর্ম্মানুসারে পিতৃ-পিতামহের অর্থাৎ কুলপরম্পরাগত রাজ্য প্রতিপালন করিতে লাগিলেন ॥ ৪৯ ॥

নবম অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ৯ ॥

টীকা

দাহাদিকর্ম্মাণি ॥ ৪৬ ॥ তস্য কৃষ্ণস্য গুহ্যৈর্হেতুবাদিভির্দুর্জ্ঞেয়ৈরন্যার্থপরতয়া প্রতীয়মানৈর্নামভিঃ ॥ ৪৭ ॥ "পিতরং," ধৃতরাষ্ট্রম্ ॥ ৪৮ ॥ ৪৯ ॥

ইতি শ্রীমদ্ভাগবতসিদ্ধান্তপ্রদীপে প্রথমস্কন্ধীয়ে নবমাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ৯ ॥

দশমোঽধ্যায়ঃ

শ্রীশৌনক উবাচ

হত্বা স্বরিক্থস্পৃধ আততায়িনো যুধিষ্ঠিরো ধর্ম্মভৃতাং বরিষ্ঠঃ।
সহানুজঃ প্রত্যবরুদ্ধভোজনঃ কথং প্রবৃত্তঃ কিমকারষীৎ ততঃ ॥১॥

সূত উবাচ

বংশং কুরোর্বংশদবাগ্নিনির্হৃতং সংরোহয়িত্বা ভবভাবনো হরিঃ।
নিবেশয়িত্বা নিজরাজ্য ঈশ্বরো যুধিষ্ঠিরং প্রীতমনা বভূব হ ॥ ২ ॥

অন্বয়

শ্রীশৌনকঃ উবাচ (শ্রীশৌনক বলিলেন) ধর্ম্মভৃতাং বরিষ্ঠঃ (ধার্ম্মিকগণের মধ্যে শ্রেষ্ঠ) যুধিষ্ঠিরঃ (মহারাজ যুধিষ্ঠির) সহানুজঃ (ভ্রাতৃগণের সহিত) স্বরিক্থস্পৃধঃ (নিজ ধনের জন্য সংগ্রামকারী) আততায়িনঃ (আততায়ী শত্রুগণকে) হত্বা (বধ করিয়া) প্রত্যবরুদ্ধভোজনঃ (রাজ্যভোগে পুনঃ প্রতিষ্ঠিত হইয়া) কথং প্রবৃত্তঃ (কি প্রকারে [রাজ্য পালনে] প্রবৃত্ত হইয়াছিলেন), ততঃ (রাজ্যপালনে প্রবৃত্ত হইয়া পরে) কিম্ অকারষীৎ (কি কি কার্য্য করিয়াছিলেন) ॥ ১ ॥

সূতঃ উবাচ (সূত বলিলেন) ভবভাবনঃ (জগৎপালক) ঈশ্বরঃ হরিঃ (ভগবান্ শ্রীহরি) বংশদবাগ্নিনির্হৃতং (বংশরূপ বন হইতে উৎপন্ন ক্রোধরূপ অগ্নিদ্বারা দগ্ধ) কুরোঃ বংশং (কুরুকুলকে) সংরোহয়িত্বা ([পরীক্ষিতের প্রাণরক্ষাদ্বারা] অঙ্কুরিত করিয়া) যুধিষ্ঠিরং নিজরাজ্যে নিবেশয়িত্বা (যুধিষ্ঠিরকে স্বরাজ্যে স্থাপন করিয়া) প্রীতমনাঃ বভূব হ (সন্তুষ্টচিত্ত হইলেন) ॥ ২ ॥

অনুবাদ

শ্রীশৌনক বলিলেন—ধার্ম্মিকশ্রেষ্ঠ মহারাজা যুধিষ্ঠির ভ্রাতৃগণের সহিত স্বকীয় রাজ্যধন অপহরণ করিবার মানসে যাহারা সংগ্রাম করিয়াছে, সেই আততায়ী শত্রুগণকে বধ করিয়া ও রাজ্যভোগে পুনঃ প্রতিষ্ঠিত হইয়া কি প্রকারে রাজ্যপালনে প্রবৃত্ত হইয়াছিলেন? এবং রাজ্যপালনে প্রবৃত্ত হইয়াই বা কি কি কার্য্য করিয়াছিলেন ॥ ১ ॥

সূত বলিলেন—কুরুবংশরূপ বন হইতে পরস্পর বিদ্বেষবশে ক্রোধরূপ অগ্নি উৎপন্ন হইয়া কুরুবংশকে দগ্ধ করিলে, জগৎপালক ভগবান্ শ্রীহরি পরীক্ষিতের প্রাণরক্ষা-দ্বারা সেই কুরুবংশকে পুনরায় অঙ্কুরিত ও যুধিষ্ঠিরকে নিজরাজ্যে স্থাপন করিয়া সন্তুষ্টচিত্ত হইলেন ॥ ২ ॥

টীকা

বাসুদেবানুমোদিতো ধর্ম্মেণ রাজ্যং চকারেত্যুক্তম্, তদ্বিস্তরতো বুভুৎসুঃ পৃচ্ছতি—"হত্বে"তি। স্বস্য যুধিষ্ঠিরস্য রিক্থায় ধনায় স্পৃৎ সংগ্রামো যেষাং তান্, "আততায়িনঃ" স্বধনাদিলিপ্সূন্ হত্বা, প্রত্যবরুদ্ধং রাজ্যলাভেন প্রত্যধিগতং ভোজনং যেন সঃ, "অনুজৈঃ সহ রাজ্যে কথং প্রবৃত্তঃ," প্রবৃত্ত্যনন্তরং চ "কিমকারষীৎ"? অকার্ষীদিতি বক্তব্যে রেফবিশ্লেষশ্ছন্দোঽনুরোধেন ॥ ১ ॥ বংশরূপাদ্বাৎ বনাৎ জাতেন ক্রোধরূপেণ অগ্নিনা নির্হৃতং নির্দগ্ধম্ কুরোর্বংশং পরীক্ষিৎত্রাণেন "সংরোহয়িত্বা" ॥ ২ ॥

নিশম্য ভীষ্মোক্তমথাচ্যুতোক্তং প্রবৃত্তবিজ্ঞানবিধূতবিভ্রমঃ।
শশাস গামিন্দ্র ইবাজিতাশ্রয়ঃ পরিধ্যুপান্তামনুজানুবর্ত্তিতঃ ॥ ৩ ॥

কামং ববর্ষ পর্জ্জন্যঃ সর্ব্বকামদুঘা মহী।
সিষিচুঃ স্ম ব্রজান্ গাবঃ পয়সোধস্বতীর্মুদা ॥ ৪ ॥

নদ্যঃ সমুদ্রা গিরয়ঃ সবনস্পতিবীরুধঃ।
ফলন্ত্যোষধয়ঃ সর্ব্বাঃ কামমন্বৃতু তত্র বৈ ॥ ৫ ॥

অন্বয়

অনুজানুবর্ত্তিতঃ (কনিষ্ঠ ভ্রাতা ভীমাদিকর্ত্তৃক সেবিত হইয়া [রাজা যুধিষ্ঠির]) ভীষ্মোক্তং (ভীষ্মের উপদেশ বাক্য) অথ অচ্যুতোক্তং চ নিশম্য (এবং শ্রীকৃষ্ণের উপদেশবাক্য শ্রবণ করিয়া) প্রবৃত্ত-বিজ্ঞানবিধূতবিভ্রমঃ (জ্ঞান লাভের দ্বারা বিগতমোহ হইয়া) [অর্থাৎ আত্মা, অনাত্মা ও পরমাত্মবিষয়ে যথার্থ জ্ঞানবান্ হইয়া] অজিতাশ্রয়ঃ (শ্রীকৃষ্ণকে আশ্রয়রূপে অবলম্বন করতঃ) ইন্দ্রঃ ইব (উপেন্দ্র সহায় দেবরাজ ইন্দ্রের ন্যায়) পরিধ্যুপান্তাং (সমুদ্র পর্য্যন্ত বিস্তৃত অর্থাৎ সসাগরা) গাং (পৃথিবী) শশাস (শাসন করিতে লাগিলেন)। [ইন্দ্রপক্ষেও "অনুজানুবর্ত্তিতঃ" এই বিশেষণ যুক্ত হইবে] ॥ ৩ ॥

[যুধিষ্ঠিরের রাজ্যশাসনকালে] পর্জ্জন্যঃ (বৃষ্টির অধিপতি দেবতা বরুণ) কামং (যথেষ্ট) ববর্ষ (বর্ষণ করিয়াছিলেন), মহী (পৃথিবী) সর্ব্বকামদুঘা (সকল অভিলষিত বস্তু প্রদান করিয়াছিলেন), উধস্বতীঃ গাবঃ (দুগ্ধবতী গাভীগণ) মুদা (অত্যন্ত আনন্দে) ব্রজান্ (গোষ্ঠভূমি সকল) পয়সা (দুগ্ধদ্বারা) সিষিচুঃ স্ম (অভিষিক্ত করিয়াছিল) ॥ ৪ ॥

তত্র (সেই যুধিষ্ঠিরের রাজ্যে) নদ্যঃ (নদীসকল) সমুদ্রাঃ (সমুদ্রসকল) গিরয়ঃ (পর্ব্বত-

অনুবাদ

রাজা যুধিষ্ঠির অনুজ ভীমার্জ্জুনাদি কর্ত্তৃক সেবিত হইয়া [অর্থাৎ তাঁহাদের সহায়তা লাভ করিয়া] ভীষ্মদেব ও শ্রীকৃষ্ণ কথিত উপদেশ সকল শ্রবণ করতঃ জ্ঞানলাভ করিলেন এবং সেই জ্ঞানের দ্বারা বিগত-মোহ হইয়া [অর্থাৎ আত্মা, অনাত্মা ও পরমাত্ম-বিষয়ে যথার্থ জ্ঞানবান্ হইয়া] শ্রীকৃষ্ণকে আশ্রয়রূপে অবলম্বন করতঃ উপেন্দ্রসহায় দেবরাজ ইন্দ্রের ন্যায় সমুদ্র পর্য্যন্ত বিস্তৃত এই পৃথিবীকে শাসন করিতে লাগিলেন ॥ ৩ ॥

রাজা যুধিষ্ঠিরের রাজ্যশাসনকালে বরুণদেব যথেষ্ট বর্ষণ করিয়াছিলেন। পৃথিবী সকলপ্রকার অভিলষিত শস্যাদি বস্তু প্রদান করিয়াছিলেন, এবং দুগ্ধবতী গাভীগণ অত্যন্ত আনন্দে গোষ্ঠভূমিসকল দুগ্ধ দ্বারা অভিষিক্ত করিয়াছিল ॥ ৪ ॥

সেই যুধিষ্ঠিরের রাজ্যে নদী, সমুদ্র ও পর্ব্বতসকল অনুকূল হইয়া সর্ব্বসুখকর হইয়া-

টীকা

"অনুজৈরনুবর্ত্তিতঃ" সেবিতঃ প্রবৃত্তেন বিজ্ঞানেন বিধূতো বিবিধো ভ্রমো যস্য সঃ, বিজ্ঞাতাত্মানাত্ম-পরমাত্মযাথাত্ম্যঃ, "পরিধ্যুপান্তাং" সমুদ্রপর্য্যন্তাম্ ॥ ৩ ॥ "কামং" যথেষ্টং "পর্জ্জন্যো" বৃষ্টেরধিপতির্দেবো ববর্ষ। সর্ব্বান্ কামান্ দোগ্ধি পূরয়তীতি তথা, "ব্রজান্" গোষ্ঠানি ॥ ৪ ॥ তস্য যুধিষ্ঠিরস্য রাজ্ঞঃ প্রজাভূতাঃ নদ্যাদয়ঃ সর্ব্বসুখদা বভূবুরিতি শেষঃ। "ওষধয়ো বনস্পতিভিঃ বীরুদ্ভিশ্চ সহিতাঃ অনুঋতু ঋতো ফলন্তি ফেলুঃ" ॥ ৫ ॥

নাধয়ো ব্যাধয়ঃ ক্লেশা দৈবভূতাত্মহেতবঃ।
অজাতশত্রাবভবন্ জন্তূনাং রাজ্ঞি কর্হিচিৎ ॥ ৬ ॥
উষিত্বা হাস্তিনপুরে মাসান্ কতিপয়ান্ হরিঃ।
সুহৃদাঞ্চ বিশোকায় স্বসুশ্চ প্রিয়কাম্যয়া ॥ ৭ ॥
আমন্ত্র্য চাভ্যনুজ্ঞাতঃ পরিষ্বজ্যাভিবাদ্য তম্।
আরুরোহ রথং কৈশ্চিৎ পরিষ্বক্তোঽভিবাদিতঃ ॥ ৮ ॥

অন্বয়

সকল [অনুকূল হইয়াছিল]), সর্ব্বাঃ ওষধয়ঃ (ওষধিসমূহ) সবনস্পতিবীরুধঃ (বৃক্ষ ও লতা-সমূহের সহিত) অনুঋতু বৈ (প্রতি ঋতুতেই) কামং ফলন্তি (যথেষ্ট ফল প্রসব করিতেছিল) ॥ ৫ ॥

অজাতশত্রৌ (যুধিষ্ঠির) রাজ্ঞি [সতি] (রাজা হইলে) জন্তূনাং (প্রজাগণের) দৈবভূতাত্মহেতবঃ (আধিদৈবিক, আধিভৌতিক ও আধ্যাত্মিক) আধয়ঃ (মানসিক ব্যাধি) ব্যাধয়ঃ (ও শারীরিক ব্যাধি), ক্লেশাঃ (এবং অন্যরূপ কোনও দুঃখ) কর্হিচিৎ (কখনও) ন অভবন্ (হয় নাই) ॥ ৬ ॥

হরিঃ (শ্রীকৃষ্ণ) [পূর্ব্বেই স্বদেশে যাওয়ার জন্য প্রস্তুত হইলেও] সুহৃদাং চ (আত্মীয় পাণ্ডবগণের) বিশোকায় (শোক অপনোদনের জন্য) স্বসুঃ চ (এবং ভগিনী সুভদ্রার) প্রিয়কাম্যয়া (প্রীতি কামনায়) হাস্তিনপুরে (হস্তিনাপুরে) কতিপয়ান্ মাসান্ (কয়েক মাস) উষিত্বা (বাস করিয়া) [রথে আরোহণ করিলেন। পরের শ্লোকের সহিত অন্বয় হইবে] ॥ ৭ ॥

[যে যুধিষ্ঠির পূর্ব্বে স্নেহবশতঃ শ্রীকৃষ্ণকে যাইতে দেন নাই, এক্ষণে শ্রীকৃষ্ণ] তং (সেই যুধিষ্ঠিরকে) আমন্ত্র্য (সম্বোধন করিয়া) পরিষ্বজ্য অভিবাদ্য চ (আলিঙ্গন ও অভিবাদন করতঃ) অনুজ্ঞাতঃ (যুধিষ্ঠিরকর্ত্তৃক অনুজ্ঞাত হইয়া) কৈশ্চিৎ (সমানবয়স্ক অর্জ্জুনাদিকর্ত্তৃক) পরিষ্বক্তঃ (আলিঙ্গিত) [কৈশ্চিৎ] (ও বয়সে কনিষ্ঠ নকুল প্রভৃতি কর্ত্তৃক) অভিবাদিতঃ (পূজিত হইয়া) রথম্ আরুরোহ (রথে আরোহণ করিলেন) ॥ ৮ ॥

অনুবাদ

ছিল এবং ওষধি, বৃক্ষ ও লতাসমূহ প্রত্যেক ঋতুতেই যথেষ্ট ফল প্রসব করিতেছিল ॥ ৫ ॥

যুধিষ্ঠির রাজা হইলে অর্থাৎ যুধিষ্ঠিরের রাজত্বকালে প্রজাগণের আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক এই তিন প্রকারেই শারীরিক ও মানসিক ব্যাধি এবং অন্যরূপ কোনও দুঃখ কখনও হয় নাই ॥ ৬ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ পূর্ব্বেই স্বদেশে যাওয়ার জন্য প্রস্তুত হইলেও আত্মীয় পাণ্ডবগণের শোক অপনোদনের জন্য এবং ভগিনী সুভদ্রার প্রীতিকামনায় হস্তিনাপুরে কয়েকমাস অবস্থান করিয়া [পরে রথে আরোহণ করিলেন] ॥ ৭ ॥

যুধিষ্ঠিরই পূর্ব্বে শ্রীকৃষ্ণকে যাইতে বাধা দিয়াছিলেন, এক্ষণে শ্রীকৃষ্ণ যুধিষ্ঠিরকে

টীকা

"অজাতশত্রৌ" যুধিষ্ঠিরে "রাজ্ঞি" সতি "দৈবভূতাত্মহেতবঃ" দৈবং ভূতানি আত্মা চ হেতুর্যেষাং তে, আধিদৈবিকাধিভৌতিকাধ্যাত্মিকাঃ "আধয়ো" মানসিকাঃ, "ব্যাধয়ঃ" শারীরাঃ ক্লেশাঃ "জন্তূনাং কর্হিচিদপি নাভবন্" ॥ ৬ ॥ পূর্ব্বং গন্তুং প্রবৃত্তোঽপি "সুহৃদাং" যুধিষ্ঠিরাদীনাং "বিশোকায় স্বসুঃ সুভদ্রায়াঃ প্রিয়কাম্যয়া হস্তিনাপুরে উষিত্বা" অবস্থায় রথমারুরোহেতি দ্বিতীয়েনান্বয়ঃ ॥ ৭ ॥ যেন

সুভদ্রা দ্রৌপদী কুন্তী বিরাটতনয়া তথা।
গান্ধারী ধৃতরাষ্ট্রশ্চ যুযুৎসুর্গৌতমো যমৌ ॥ ৯ ॥
বৃকোদরশ্চ ধৌম্যশ্চ স্ত্রিয়ো মৎস্যসুতাদয়ঃ।
ন সেহিরে বিমুহ্যন্তো বিরহং শার্ঙ্গধন্বনঃ ॥ ১০ ॥
সৎসঙ্গান্মুক্তদুঃসঙ্গো হাতুং নোৎসহতে বুধঃ।
কীর্ত্ত্যমানং যশো যস্য সকৃদাকর্ণ্য রোচনম্ ॥ ১১ ॥

অন্বয়

সুভদ্রা (কৃষ্ণভগিনী) দ্রৌপদী (দ্রুপদপুত্রী) কুন্তী (পঞ্চপাণ্ডবের জননী) বিরাটতনয়া (উত্তরা) তথা গান্ধারী (ধৃতরাষ্ট্রপত্নী) ধৃতরাষ্ট্রঃ, যুযুৎসুঃ (ধৃতরাষ্ট্রের ঔরসে বৈশ্যার গর্ভজাত পুত্র) গৌতমঃ (কৃপাচার্য্য) যমৌ (নকুল ও সহদেব) বৃকোদরঃ (ভীম) ধৌম্যঃ (পাণ্ডব পুরোহিত) মৎস্যসুতাদয়ঃ স্ত্রিয়ঃ (এবং সত্যবতী প্রভৃতি অপরাপর রমণীগণ) বিমুহ্যন্তঃ (মোহিত হইয়া) শার্ঙ্গধন্বনঃ (শার্ঙ্গধন্বা শ্রীকৃষ্ণের) বিরহং ন সেহিরে (বিচ্ছেদ সহ্য করিতে পারিলেন না) ॥ ৯-১০ ॥

সৎসঙ্গাৎ ([ভগবদ্‌যশ কীর্ত্তনকারী] সজ্জনগণের সঙ্গবশতঃ) মুক্তদুঃসঙ্গঃ বুধঃ ([ভগবন্মতি রহিত] দুষ্ট জনের সঙ্গ পরিত্যাগ করিতে সমর্থ হইয়াছেন, এমন বিবেকী ব্যক্তি) কীর্ত্ত্যমানং (সজ্জনকর্ত্তৃক কীর্ত্তিত) রোচমানং যস্য যশঃ (শ্রীকৃষ্ণের রুচিকর লীলাচরিত্র) সকৃৎ [অপি] আকর্ণ্য (একবার শুনিয়াও) হাতুং (ত্যাগ করিতে) ন উৎসহতে (ইচ্ছা করেন না) ॥ ১১ ॥

অনুবাদ

ডাকিয়া আলিঙ্গন ও অভিবাদন করতঃ তাঁহার অনুমতি লইয়া সমানবয়স্ক অর্জ্জুনাদির আলিঙ্গন ও বয়সে কনিষ্ঠ নকুল প্রভৃতির অভিবাদন গ্রহণ করতঃ দ্বারকায় যাওয়ার জন্য রথে আরোহণ করিলেন ॥ ৮ ॥

সুভদ্রা, দ্রৌপদী, কুন্তী, উত্তরা, গান্ধারী, ধৃতরাষ্ট্র, যুযুৎসু, কৃপাচার্য্য, নকুল, সহদেব, ভীম, পুরোহিত ধৌম্য, এবং সত্যবতী প্রভৃতি অপরাপর রমণীগণ শ্রীকৃষ্ণের বিচ্ছেদ চিন্তা করিয়া মোহিত হইলেন ও উহা সহ্য করিতে পারিলেন না ॥ ৯-১০ ॥

ভগবদ্‌যশ-কীর্ত্তনকারী সজ্জনগণের সঙ্গবশতঃ যে বিবেকী ব্যক্তি ভগবন্মতিরহিত দুষ্টগণের সঙ্গ পরিত্যাগ করিতে সমর্থ হইয়াছেন, সেই বিবেকী ব্যক্তি সজ্জনকর্ত্তৃক কীর্ত্তিত ভগবান্ শ্রীকৃষ্ণের রুচিকর লীলা-চরিত্র একবার শুনিয়াও তাহা আর পরিত্যাগ করিতে ইচ্ছা করেন না ॥ ১১ ॥

টীকা

পূর্ব্বং রাজ্ঞা প্রেম্না নিবারিত"স্তং" যুধিষ্ঠিরম্ "অভিবাদ্য কৈশ্চিৎ" স্বসমানবয়স্কৈরর্জ্জুনাদিভিঃ "পরিষ্বক্ত" আলিঙ্গিতঃ, কৈশ্চিন্ন্যূনবয়স্কৈঃ নকুলাদিভি"রভিবাদিতঃ রথমারুরোহ" দ্বারকাং গন্তুমিতি শেষঃ ॥ ৮ ॥

সুভদ্রাপ্রভৃতয়ো বিরহং ন সেহিরে ইতি দ্বিতীয়েনান্বয়ঃ। "যুযুৎসুঃ" শতসঙ্খ্যকান্ ভ্রাতৃন্ গান্ধারীপুত্রান্ যুদ্ধপ্রারম্ভে বিহায় যুধিষ্ঠিরং শরণং গতো ধৃতরাষ্ট্রাৎ বৈশ্যায়াং জাতঃ, গৌতমঃ কৃপঃ ॥৯॥

"মৎস্যসুতাদয়ঃ" মৎস্যোদরীপ্রভৃতয়ঃ ॥ ১০ ॥ শার্ঙ্গধন্বনো বিরহং ন সেহিরে ইত্যুক্তং তদেব

তস্মিন্ ন্যস্তধিয়ঃ পার্থাঃ সহেরন্ বিরহং কথম্।
দর্শনস্পর্শনালাপশয়নাসনভোজনৈঃ ॥ ১২ ॥
সর্ব্বে তেঽনিমিষৈরক্ষৈস্তমনুদ্রুতচেতসঃ।
বীক্ষন্তঃ স্নেহসম্বদ্ধা বিচেলুস্তত্র তত্র হ ॥ ১৩ ॥
ন্যরুন্ধন্নুদ্গলদ্বাষ্পমৌৎকণ্ঠ্যাদ্দেবকীসুতে।
নির্য্যাত্যগারান্নোঽভদ্রমিতি স্যাদ্বান্ধবস্ত্রিয়ঃ ॥ ১৪ ॥

অন্বয়

তস্মিন্ (সেই ভগবান্ শ্রীকৃষ্ণে) দর্শনস্পর্শনালাপশয়নাসনভোজনৈঃ (দর্শন, স্পর্শন, আলাপ, শয়ন, আসন ও ভোজনাদিদ্বারা) ন্যস্তধিয়ঃ (অর্পিতচিত্ত) পার্থাঃ (পাণ্ডবগণ) কথং বিরহং সহেরন্ (কিরূপে শ্রীকৃষ্ণবিচ্ছেদ সহ্য করিবেন) ॥ ১২ ॥

স্নেহসম্বদ্ধাঃ (স্নেহপাশে বদ্ধ) তে সর্ব্বে (তাঁহারা সকলে) অনুদ্রুতচেতসঃ (স্নেহ বিগলিত-চিত্ত হইয়া) অনিমিষৈঃ অক্ষৈঃ (অনিমেষ নয়নে) তং বীক্ষন্তঃ (তাঁহাকে দেখিতে দেখিতে) তত্র তত্র বিচেলুঃ হ (মাঙ্গলিক দ্রব্য আনয়নের জন্য ব্যস্ত হইয়া ইতস্ততঃ গমন করিলেন) ॥ ১৩ ॥

দেবকীসুতে (শ্রীকৃষ্ণ) অগারাৎ (পুরী হইতে) নির্য্যাতি [সতি] (নির্গত হইলে) অভদ্রং নো স্যাৎ (অমঙ্গল যেন না হয়) ইতি (ইহা ভাবিয়া) বান্ধবস্ত্রিয়ঃ (বন্ধুরমণীগণ) ঔৎকণ্ঠ্যাৎ (উৎকণ্ঠাবশতঃ) উদ্গলদ্বাষ্পং (বিগলিত নয়নবারি) ন্যরুন্ধন্ (নেত্রোপান্তে রোধ করিয়া রাখিলেন) [অর্থাৎ অমঙ্গলাশঙ্কায় অশ্রু সম্বরণ করিলেন] ॥ ১৪ ॥

অনুবাদ

সেই ভগবান্ শ্রীকৃষ্ণে দর্শন, স্পর্শন, আলাপ, শয়ন, আসন ও ভোজনাদিদ্বারা পুনঃ পুনঃ অর্পিতচিত্ত পাণ্ডবগণ কিরূপে শ্রীকৃষ্ণবিচ্ছেদ সহ্য করিবেন? [অর্থাৎ সজ্জনগণ একবার শ্রীকৃষ্ণচরিত্র শ্রবণ করিয়াই যখন তাহা আর পরিত্যাগ করিতে পারেন না, তখন পাণ্ডবগণের পক্ষে ত সাক্ষাৎ শ্রীকৃষ্ণবিচ্ছেদ অসহ্য হইবেই, কারণ তাঁহারা ভগবানের সান্নিধ্য লাভ করিয়া আহারে বিহারে সর্ব্বত্রই তদ্ভাবে ভাবিত ছিলেন] ॥ ১২ ॥

স্নেহপাশে বদ্ধ সেই পাণ্ডবগণ স্নেহবিগলিতচিত্তে অনিমেষ লোচনে ভগবান্ শ্রীকৃষ্ণকে দেখিতে দেখিতে মাঙ্গলিক দ্রব্যাদি আনয়ন করিবার জন্য ইতস্ততঃ গমন করিলেন ॥ ১৩ ॥

তখন দেবকীপুত্র শ্রীকৃষ্ণ পুর হইতে নির্গত হইলে, "অমঙ্গল যেন না হয়" ইহা ভাবিয়া

টীকা

কৈমুত্যন্যায়েনাহ—"সৎসঙ্গাদি"তি দ্বাভ্যাম্। সতাং সাধূনাং তদ্‌যশঃশ্রাবয়িতৃনাং সঙ্গাৎ যস্য যশঃ সকৃদাকর্ণ্য অতএব মুক্তো দুষ্টানাং তদ্‌যশঃ শ্রবণ বিরোধিনাং সংযোগো যেন সঃ। অতএব চ "বুধঃ" হেয়োপাদেয়জ্ঞানবান্ পুনঃ "সদ্ভিঃ কীর্ত্ত্যমানং যশঃ হাতুং ন উৎসহতে" ॥ ১১ ॥ দর্শনাদিভি-স্তস্মিন্ কৃষ্ণে ন্যস্তধিয়স্তস্য বিরহং কথং সহেরন্ ॥ ১২ ॥ অতএব "তে সর্ব্বে তমেব" শ্রীকৃষ্ণম্ "অনিমিষৈঃ নেত্রৈঃ বীক্ষন্তঃ" দেহগেহব্যবহারপরিত্যাগপূর্ব্বকং তং প্রত্যেব অনুদ্রুতং চেতো যেষাং তে, তত্র তত্রার্হণাদ্যানয়নার্থং "বিচেলুঃ" পরিবভ্রমুঃ ॥ ১৩ ॥

তদা "অগারাৎ দেবকীসুতে নির্যাতি" নির্গচ্ছতি সতি "অভদ্রং মা ভূদিতি" হেতোঃ

মৃদঙ্গশঙ্খভের্য্যশ্চ বীণাপণবগোমুখাঃ।
ধুধুর্য্যানকঘণ্টাদ্যা নেদুর্দুন্দুভয়স্তদা ॥ ১৫ ॥
প্রাসাদশিখরারূঢ়াঃ কুরুনার্য্যো দিদৃক্ষয়া।
বব্রুষুঃ কুসুমৈঃ কৃষ্ণং প্রেমব্রীড়াস্মিতেক্ষণাঃ ॥ ১৬ ॥
সিতাতপত্রং জগ্রাহ মুক্তাদামবিভূষিতম্।
রত্নদণ্ডং গুড়াকেশঃ প্রিয়ঃ প্রিয়তমস্য হ ॥ ১৭ ॥

অন্বয়

তদা (শ্রীকৃষ্ণের গমন সময়ে) মৃদঙ্গশঙ্খভের্য্যঃ (মৃদঙ্গ, শঙ্খ, ভেরী) বীণাপণবগোমুখাঃ (বীণা, পণব, গোমুখ) ধুধুর্য্যানকঘণ্টাদ্যাঃ (ধুধুরী, আনক ও ঘণ্টা প্রভৃতি) দুন্দুভয়ঃ চ (এবং দুন্দুভিসকল) নেদুঃ (মঙ্গলধ্বনি করিতে লাগিল) ॥ ১৫ ॥

দিদৃক্ষয়া (শ্রীকৃষ্ণকে দেখিবার ইচ্ছায়) প্রাসাদশিখরারূঢ়াঃ (অট্টালিকার শিখরদেশে আরোহণকারিণী) কুরুনার্য্যঃ (কুরুরমণীগণ) প্রেমব্রীড়াস্মিতেক্ষণাঃ (প্রেম, লজ্জা ও হাস্যযুক্ত দৃষ্টিপাত করতঃ) কৃষ্ণং (শ্রীকৃষ্ণের উপরে) কুসুমৈঃ বব্রুষুঃ (পুষ্পবৃষ্টি করিতে লাগিলেন) ॥ ১৬ ॥

প্রিয়ঃ (প্রিয়বন্ধু) গুড়াকেশঃ (জিতেন্দ্রিয় অর্জ্জুন) প্রিয়তমস্য [শিরসি] (প্রিয়তম শ্রীকৃষ্ণের মস্তকে) মুক্তাদামবিভূষিতম্ (মুক্তামালা বিভূষিত) রত্নদণ্ডং (ও রত্নদণ্ডযুক্ত) সিতাতপত্রং (শুভ্রবর্ণ ছত্র) জগ্রাহ হ (গ্রহণ করিলেন অর্থাৎ ধারণ করিলেন) ॥ ১৭ ॥

অনুবাদ

বন্ধুরমণীগণ শ্রীকৃষ্ণবিচ্ছেদে উৎকণ্ঠাবশতঃ যে নয়নবারি নিপতিত হইতেছিল, তাহা রোধ করিয়া রাখিলেন। [অর্থাৎ শ্রীকৃষ্ণ যাত্রা করিতেছেন, এসময়ে নয়নজল পতিত হওয়া অমঙ্গল-সূচক, ইহা মনে করিয়া অশ্রু সম্বরণ করিলেন] ॥ ১৪ ॥

শ্রীকৃষ্ণের গমন সময়ে মৃদঙ্গ, শঙ্খ, ভেরী, বীণা, পনব, গোমুখ, ধুধুরী, আনক, ঘণ্টা প্রভৃতি ও দুন্দুভি সকল মঙ্গলধ্বনি করিতে লাগিল ॥ ১৫ ॥

শ্রীকৃষ্ণকে দেখিবার ইচ্ছায় অট্টালিকার শিখরদেশে আরোহণ করিয়া কুরুনারীগণ প্রেম, লজ্জা ও হাস্যযুক্ত দৃষ্টিপাত করতঃ শ্রীকৃষ্ণের উপরে পুষ্পবৃষ্টি করিতে লাগিলেন ॥ ১৬ ॥

প্রিয়সখা জিতেন্দ্রিয় অর্জ্জুন প্রিয়তম শ্রীকৃষ্ণের মস্তকে মুক্তামালায় শোভিত, ও রত্ন-দণ্ডযুক্ত শুভ্রবর্ণ ছত্র ধারণ করিলেন ॥ ১৭ ॥

টীকা

"ঔৎকণ্ঠ্যাৎ" স্নেহাতিশয়াৎ "উদ্গলদ্বাষ্পং বাষ্পবস্ত্রিয়ো ন্যরুন্ধন্" ॥ ১৪ ॥ "সমং" যুগপৎ ॥ ১৫ ॥ প্রেমাদিপূর্ব্বকমীক্ষণং যাসাং তাঃ ॥ ১৬ ॥ "গুড়াকেশো" নিদ্রেশোঽর্জ্জুনঃ ॥ ১৭ ॥

উদ্ধবঃ সাত্যকিশ্চৈব ব্যজনে পরমাদ্ভুতে।
বিকীর্য্যমাণঃ কুসুমৈ রেজে মধুপতিঃ পথি ॥ ১৮ ॥
অশ্রৃণ্বন্তাশিষঃ সত্যাস্তত্র তত্র দ্বিজেরিতাঃ।
নানুরূপানুরূপাশ্চ নির্গুণস্য গুণাত্মনঃ ॥ ১৯ ॥
অন্যোন্যমাসীৎ সংজল্প উত্তমঃশ্লোকচেতসাম্।
কৌরবেন্দ্রপুরস্ত্রীণাং সর্ব্বশ্রুতিমনোহরঃ ॥ ২০ ॥

অন্বয়

উদ্ধবঃ সাত্যকিঃ চ এব (উদ্ধব ও সাত্যকিই) পরমাদ্ভুতে ব্যজনে (পরম রমণীয় চামরদ্বয়) [জগৃহতুঃ] (গ্রহণ করিলেন অর্থাৎ ব্যজন করিতে লাগিলেন)। মধুপতিঃ (মধুপতি শ্রীকৃষ্ণ) পথি (রাজমার্গে) কুসুমৈঃ বিকীর্য্যমাণঃ (পুষ্পসমাকীর্ণ হইয়া) রেজে (অপূর্ব্ব শোভা ধারণ করিলেন) ॥১৮॥

[ভগবান্ শ্রীকৃষ্ণ] নির্গুণস্য (প্রাকৃতগুণরহিত) গুণাত্মনঃ (ও কল্যাণগুণযুক্ত নিজের) ন অনুরূপাঃ ([পূর্ণকাম বলিয়া] অনুপযুক্ত) অনুরূপাঃ চ (এবং [ভক্তজনের উক্তি প্রিয় বলিয়া] উপযুক্ত) দ্বিজেরিতাঃ (ব্রাহ্মণগণকর্ত্তৃক উচ্চরিত) সত্যাঃ (যথার্থ) আশিষঃ (আশীর্ব্বাদসকল) তত্র তত্র (সেই সেই গমন পথে) অশ্রৃণ্বন্ত (শুনিতে পাইলেন) ॥ ১৯ ॥

উত্তমঃশ্লোকচেতসাং (শ্রীকৃষ্ণৈকচিত্ত) কৌরবেন্দ্রপুরস্ত্রীণাং (কুরুরাজরমণীগণের) অন্যোন্যং (পরস্পর) সর্ব্বশ্রুতিমনোহরঃ (মূর্ত্তিমান্ বেদসমূহের চিত্তাকর্ষক) সংজল্পঃ (কথোপকথন) আসীৎ (হইয়াছিল) ॥ ২০ ॥

অনুবাদ

উদ্ধব ও সাত্যকিই পরম রমণীয় চামরদ্বয় গ্রহণ করিলেন অর্থাৎ ব্যজন করিতে লাগিলেন। এই প্রকারে মধুপতি শ্রীকৃষ্ণ রাজমার্গে পুষ্পসমাকীর্ণ হইয়া অপূর্ব্ব শোভা ধারণ করিলেন ॥ ১৮ ॥

প্রাকৃতগুণরহিত এবং কল্যাণগুণযুক্ত ভগবান্ শ্রীকৃষ্ণ নিজে পূর্ণকাম বলিয়া অনুপযুক্ত এবং ভক্তগণের উক্তি প্রিয় বলিয়া উপযুক্ত যথার্থ আশীর্ব্বাদ সকল সেই সেই গমনপথে শুনিতে পাইলেন ॥ ১৯ ॥

যাহারা পবিত্রকীর্ত্তি ভগবান্ শ্রীকৃষ্ণে আকৃষ্টচিত্ত, সেই কুরুরাজরমণীগণের পরস্পরের সর্ব্বশ্রুতিমনোহর [চিত্তাকর্ষক] কথোপকথন হইয়াছিল ॥ ২০ ॥

টীকা

"ব্যজনে" জগৃহতুঃ, "রেজে" ররাজ ॥১৮॥ "নির্গুণস্য" প্রাকৃতগুণরহিতস্য "য আত্মাপহতপাপ্মা বিজরো বিমৃত্যুর্বিশোকোঽবিজিঘৎসোঽপিপাস" ইতি শ্রুতেঃ। "গুণাত্মনঃ" কল্যাণগুণযুক্তস্য "অনন্তকল্যাণগুণাত্মকোঽসাবি"তি স্মৃতেঃ। "নানুরূপাঃ" পূর্ণকামত্বাৎ, "অনুরূপাশ্চ" ভক্তকৃতপ্রিয়ত্বাৎ, সন্ধিরার্ষঃ ॥১৯॥ সর্ব্বশ্রুতীনাং বেদবাক্যানাং মনাংসি হরতীতি স তথা "সংজল্পঃ" ॥ ২০ ॥

স বৈ কিলায়ং পুরুষঃ পুরাতনো য এক আসীদবিশেষ আত্মনি।
অগ্রে গুণেভ্যো জগদাত্মনীশ্বরে নিমীলিতাত্মন্ নিশি সুপ্তশক্তিষু ॥ ২১ ॥
স এব ভূয়ো নিজবীর্য্যচোদিতাং স্বজীবমায়াং প্রকৃতিং সিসৃক্ষতীম্।
অনামরূপাত্মনি রূপনামনী বিধিৎসমানোঽনুসসার শাস্ত্রকৃৎ ॥ ২২ ॥

অন্বয়

[কি কি কথোপকথন হইয়াছিল, তাহাই বলিতেছেন] নিশি (প্রলয়কালে) জগদাত্মনি ঈশ্বরে (চিদচিচ্ছক্তিমান্ জগৎকারণ পরমেশ্বরে) সুপ্তশক্তিষু (সকল শক্তি লীন হইলে) নিমীলিতাত্মন্ (এবং জীবসকলও লীন হইলে) গুণেভ্যঃ অগ্রে (গুণক্ষোভের অথবা বৈষম্যের পূর্ব্বে) আত্মনি অবিশেষে সতি (আত্মবস্তু কোনও প্রকার বিশেষাকারহিত হইলে) যঃ একঃ আসীৎ (যিনি এক হইয়া থাকেন), সঃ কিল পুরাতনঃ পুরুষঃ (সেই প্রসিদ্ধ সনাতন পুরুষ) অয়ং (ইঁনিই) ॥ ২১ ॥

সঃ এব (সেই ভগবান্ শ্রীকৃষ্ণই) অনামরূপাত্মনি (নামরূপরহিত জীবে) রূপনামনী বিধিৎসমানঃ (রূপ ও নাম সৃষ্টি করিতে ইচ্ছুক হইয়া) শাস্ত্রকৃৎ (ব্রহ্মাদিদ্বারা বেদাদি শাস্ত্রপ্রবর্ত্তন করেন) স্বজীবমায়াং (এবং যাহা স্বীয় অংশভূত জীবগণের আচ্ছাদিকা) নিজবীর্য্যচোদিতাং (ও স্বীয় সঙ্কল্পের দ্বারা প্রেরিতা হইয়া) সিসৃক্ষতীং (সৃষ্টি করিতে অভিলাষিণী হইয়া থাকে) প্রকৃতিং (সেই স্বীয়া প্রকৃতি শক্তির) ভূয়ঃ (পুনরায়) অনুসসার (অনুসরণ করেন) ॥ ২২ ॥

অনুবাদ

[সেই রমণীগণের মধ্যে কি কি কথা হইয়াছিল, তাহাই বলিতেছেন]—প্রলয়কালে চিদচিচ্ছক্তিমান্ জগৎকারণ পরমেশ্বরে ভগবচ্ছক্তি অর্থাৎ প্রকৃতি ও জীবগণ লীন হইয়া আত্মবস্তু কোনও বিশেষাকার রহিত হইলে [অর্থাৎ সংসাররূপ লীলাবিভূতিসকল কূর্ম্মের অঙ্গ প্রসারণ ও অপসারণের ন্যায় প্রলয়ে লীন হইলে] যিনি এক অর্থাৎ অদ্বিতীয় হইয়া থাকেন, সেই প্রসিদ্ধ সনাতন পুরুষ ইঁনিই ॥ ২১ ॥

সেই ভগবান্ শ্রীকৃষ্ণই নামরূপবিহীন জীবগণের নামরূপ সৃষ্টি করিতে ইচ্ছুক হইয়া ব্রহ্মাদিদ্বারা বেদাদি শাস্ত্র প্রবর্ত্তন করেন, এবং যে প্রকৃতি স্বীয় অংশীভূত জীবগণের আচ্ছাদিকা ও ভগবৎসঙ্কল্পের দ্বারা [অর্থাৎ "একোঽহং" "বহুস্যাম্" ইত্যাদি সঙ্কল্পরূপ অধ্যবসায়ের দ্বারা] প্রেরিতা হইয়া সৃষ্টি করিতে অভিলাষিণী হইয়া থাকে, ভগবান্ সেই প্রকৃতি শক্তির পুনরায় অনুসরণ করেন [অর্থাৎ তাহাতে অধিষ্ঠিত হন] ॥ ২২ ॥

টীকা

সংজল্পং দর্শয়তি—"স" ইতি দশভিঃ। পরমাদ্ভুতালৌকিকশান্তিকান্তিগুণমন্দিরং ভগবন্তং দৃষ্ট্বান্যোন্যং জল্পন্তি—"নিশি" প্রলয়ে "জগদাত্মনি" চিদচিচ্ছক্তিমতি জগৎকারণে "ঈশ্বরে" কূর্ম্মোঽঙ্গানীব সর্ব্বং সংহর্ত্তুং সমর্থে "সুপ্তাসু শক্তিষু" অচেতনরূপাসু সতীষু, "নিমীলিতাত্মন্" ইতি লুপ্তসপ্তম্যন্তং পদম্, নিমীলিতেষু আত্মসু জীবেষু সৎসু অতএব "গুণেভ্যোঽগ্রে" সত্ত্বাদিক্ষোভাৎ পূর্ব্বত্র "অবিশেষে আত্মনি" বিশেষো লীলাবিভূতিরূপশ্চিদাত্মকঃ সংসারস্তস্য লীনত্বাৎ কারণমাত্রে স্বাত্মনি সতি "য একঃ" অনন্যঃ "বৈ" নিশ্চয়ে,"কিল" প্রসিদ্ধৌ,"সঃ পুরাতনঃ পুরুষোঽয়ং" শ্রীকৃষ্ণ ইত্যন্বয়ঃ ॥২১॥ "অনামরূপাত্মনি" নামবাচকং দেবাদিপদং, রূপং বাচ্যং দেবাদিশরীরম্, ন বিদ্যতে নামরূপে যস্য তস্মিন্ আত্মনি

স বা অয়ং যৎপদমত্র সূরয়ো জিতেন্দ্রিয়া নির্জ্জিতমাতরিশ্বনঃ।
পশ্যন্তি ভক্ত্যুৎকলিতামলাত্মনা নন্বেষ সত্ত্বং পরিমার্ষ্টুমর্হতি ॥ ২৩ ॥
স বা অয়ং সখ্যনুগীতসৎকথো বেদেষু গুহ্যেষু চ গুহ্যবাদিভিঃ।
য এক ঈশো জগদাত্মলীলয়া সৃজত্যবত্যত্তি ন তত্র সজ্জতে ॥ ২৪ ॥

অন্বয়

অত্র (এই সংসারে) জিতেন্দ্রিয়াঃ (জিতেন্দ্রিয়) নির্জ্জিতমাতরিশ্বনঃ (ও প্রাণায়ামাদিদ্বারা প্রাণবায়ু জয়কারী) সূরয়ঃ (যোগিগণ) ভক্ত্যুৎকলিতামলাত্মনা (ভক্তিবশতঃ উৎকণ্ঠিত ও নির্ম্মল অন্তঃকরণের দ্বারা) যৎপদং পশ্যন্তি (যাঁহার স্বরূপ দেখিয়া থাকেন), অয়ং বৈ সঃ (ইনিই সেই শ্রীকৃষ্ণ)। নন্বু (হে সখি!) এষঃ (এই শ্রীকৃষ্ণ) সত্ত্বং (অন্তঃকরণ) পরিমার্ষ্টুম্ অর্হতি (পরিশোধিত করিতে সমর্থ হইয়া থাকেন) ॥ ২৩ ॥

হে সখি! বেদেষু গুহ্যেষু চ (বেদ ও বেদার্থবোধক শাস্ত্রে) গুহ্যবাদিভিঃ (শাস্ত্র রহস্যনিরূপক ঋষিগণকর্ত্তৃক) যঃ অনুগীতসৎকথঃ (যিনি পবিত্রকীর্ত্তি বলিয়া কীর্ত্তিত হইয়া থাকেন), একঃ ঈশঃ (এবং এক ও সর্ব্বনিয়ন্তা হইয়া যিনি) আত্মলীলয়া (স্বীয় লীলাদ্বারা) জগৎ সৃজতি, অবতি, অত্তি (জগৎ সৃষ্টি করেন, পালন করেন ও সংহার করেন), তত্র ন সজ্জতে (অথচ তাহাতে লিপ্ত হন না), স বৈ অয়ং (সেই প্রসিদ্ধ পরম পুরুষ এই শ্রীকৃষ্ণই) ॥ ২৪ ॥

অনুবাদ

এই জগতে যাঁহারা ইন্দ্রিয় সমূহ জয় করিয়াছেন এবং প্রাণায়ামাদিদ্বারা প্রাণবায়ুকে আয়ত্ত করিয়া মনকে শান্ত করিতে সমর্থ হইয়াছেন, সেই সকল যোগিগণ ভক্তিবশতঃ উৎকণ্ঠিত ও নির্ম্মল অন্তঃকরণের দ্বারা যাঁহার স্বরূপ দর্শন করিয়া থাকেন, ইঁনিই সেই ভগবান্ শ্রীকৃষ্ণ। হে সখি! এই শ্রীকৃষ্ণই অন্তঃকরণ পরিশোধিত অর্থাৎ নির্ম্মল করিতে সমর্থ হইয়া থাকেন ॥ ২৩ ॥

হে সখি! বেদ ও বেদার্থপ্রতিপাদক শাস্ত্র সমূহের তাৎপর্য্য উদ্‌ঘাটনে যাঁহারা সমর্থ, সেই সকল ঋষিগণ কর্ত্তৃক যিনি পবিত্রকীর্ত্তি বলিয়া কীর্ত্তিত হইয়া থাকেন, এবং যিনি এক ও সর্ব্বনিয়ন্তা হইয়া স্বীয় লীলাদ্বারা এই জগতের সৃষ্টি, পালন ও সংহার করেন, অথচ তাহাতে লিপ্ত হন না; সেই প্রসিদ্ধ পরমপুরুষই এই শ্রীকৃষ্ণ ॥ ২৪ ॥

টীকা

জীবে "রূপনামনী বিধিৎসমানঃ" বিধাতুমিচ্ছন্ "শাস্ত্রকৃৎ" ব্রহ্মাদিদ্বারা বেদপ্রবর্ত্তকঃ "স্বজীবমায়াং" স্বাংশভূতানাং তিরোধায়িকাং নিজবীর্য্যেণ "একোঽহং" "বহুস্যা"মিত্যাদিনা স্বাধ্যবসায়েন প্রথমপুরুষাবতারদ্বারা "চোদিতাং" প্রেরিতাং অতএব "সিসৃক্ষতীং" মহদাদিরূপাণি স্রষ্টুমিচ্ছতীং "প্রকৃতিং" নিজশক্তিং "ভূয়ঃ" সৃষ্টিপ্রবাহস্যানাদিত্বাৎ পুনরপি "অনুসসার" অধিষ্ঠিতবান্ যঃ, সোঽয়ং শ্রীকৃষ্ণঃ ॥২২॥ "আত্মা বা অরে দ্রষ্টব্য" ইত্যাদি শ্রুতিসিদ্ধস্য "যস্য পদং" স্বরূপং ভক্ত্যা উৎকলিতেন উৎকণ্ঠিতেন অমলেনাত্মনা অন্তঃকরণেন "মনসৈবানুদ্রষ্টব্যঃ" "দৃশ্যতে ত্বগ্র্যয়া বুদ্ধ্যা" ইত্যাদিশ্রুতিপ্রোক্তেন, জিতানি অন্তর্বাহ্যানীন্দ্রিয়াণি যৈস্তে, নির্জ্জিতো মাতরিশ্বা প্রাণো যৈস্তে হ্রস্বত্বং ছান্দসং, "পশ্যন্তি" সোঽয়ং শ্রীকৃষ্ণঃ। "নন্বু" অহো। "এষ সত্ত্বম্" অন্তঃকরণং "পরিমার্ষ্টুং" পরিতঃ শোধয়িতু "মর্হতি" ॥২৩॥ গুহ্যেষু চ বেদার্থবোধকেষু

যদা হ্যধর্ম্মেণ তমোধিয়ো নৃপা জীবন্তি তত্রৈষ হি সত্ত্বতঃ কিল।
ধত্তে ভগং সত্যমৃতং দয়াং যশো ভবায় রূপাণি দধদ্ যুগে যুগে ॥ ২৫ ॥
অহো অলং শ্লাঘ্যতমং যদোঃ কুল-মহো অলং পুণ্যতমং মধোর্ব্বনম্।
যদেষ পুংসামৃষভঃ শ্রিয়ঃ পতিঃ স্বজন্মনা চংক্রমণেন চাঞ্চতি ॥ ২৬ ॥

অন্বয়

যদা (যে সময়ে) তমোধিয়ঃ নৃপাঃ (তমোগুণাচ্ছন্ন বুদ্ধিসম্পন্ন রাজগণ) অধর্ম্মেণ হি (অধর্ম্মের দ্বারাই) জীবন্তি (আত্মপোষণ করিয়া থাকে), তত্র (সেই সময়ে) [এষঃ] কিল (এই শ্রীকৃষ্ণই) ভবায় (জগতের মঙ্গলের নিমিত্ত) সত্ত্বতঃ (বিশুদ্ধ সত্ত্বগুণ হইতে) যুগে যুগে (প্রতি যুগে) রূপাণি দধৎ (অবতারদেহ সকল ধারণ করিয়া) ভগং (ঐশ্বর্য্য) সত্যং (যথার্থ কথন) ঋতং (প্রিয়বাক্য) দয়াং যশঃ চ ধত্তে হি (দয়া ও যশ প্রকটিত করিয়া থাকেন)॥ ২৫॥

অহো (আহা!) পুংসাম্ ঋষভঃ (পরমপুরুষ) শ্রিয়ঃ পতিঃ এষ (লক্ষ্মীপতি এই শ্রীকৃষ্ণ) যৎ (যেহেতু) জন্মনা (জন্মগ্রহণ করিয়া) যদোঃ কুলং (যদুকুল) অঞ্চতি (সম্মানিত করিয়াছেন) [অতঃ] (অতএব) অলং শ্লাঘ্যতমং [তৎ] (অতিশয় প্রশংসনীয় সেই যদুবংশ)। চংক্রমণেন চ (এবং বিচিত্র ভ্রমণের দ্বারা) মধোর্ব্বনং (মধুবন) [অঞ্চতি] (সম্মানিত করিয়াছেন) [অতঃ] (অতএব) অহো (আহা!) অলং পুণ্যতমং [তৎ] (অতিশয় পবিত্র সেই মধুবন)॥ ২৬॥

অনুবাদ

যে সময়ে রাজগণ তমোগুণাচ্ছন্ন বুদ্ধিসম্পন্ন হইয়া অধর্ম্মের দ্বারা অর্থাৎ পাপ-কার্য্যের দ্বারা আত্মপোষণ করিতে থাকে, সেই সময়ে এই ভগবান্ শ্রীকৃষ্ণই জগতের মঙ্গলের নিমিত্ত যুগে যুগে বিশুদ্ধ সত্ত্বগুণসম্পন্ন অবতারদেহ ধারণ করিয়া থাকেন এবং ঐশ্বর্য্য, সত্যবাক্য, প্রিয়বাক্য, দয়া ও কীর্ত্তি এই সকল প্রকটিত করিয়া থাকেন॥ ২৫॥

আহা! যেহেতু পরমপুরুষ লক্ষ্মীপতি ভগবান্ শ্রীকৃষ্ণই জন্ম পরিগ্রহ করিয়া যদুকুলকে সম্মানিত করিয়াছেন, অতএব সেই যদুবংশ অত্যন্ত প্রশংসনীয়; এবং যেহেতু বিচিত্র ভ্রমণের দ্বারা মধুবনকে সম্মানিত করিয়াছেন, অতএব সেই মধুবন অতিশয় পবিত্র॥ ২৬॥

টীকা

শাস্ত্রেষু অনুগীতা সতী শুদ্ধা কথা যস্য, হে "সখি! সোঽয়ং" শ্রীকৃষ্ণঃ॥২৪॥ "যদা কিল" কেবলম্"ধর্ম্মেণ নৃপাঃ" অসুরমনুষ্যাদিরূপাঃ "জীবন্ত্যেব" তদা "এষ এব" শ্রীকৃষ্ণঃ "ভবায়" স্থিত্যৈ "সত্ত্বতো" বিশুদ্ধসত্ত্বতঃ নিয়ন্তৃরূপাণ্যবতারাখ্যানি তত্তৎদেশকালানুরূপাণি "যুগে যুগে দধৎ" বিভ্রাণো "ভগম্" ঐশ্বর্য্যং "সত্যং" যথার্থভাষণম্ "ঋতং" সুনৃতং প্রিয়ং বাক্যং "দয়াং যশশ্চ" ধত্তে॥ ২৫॥ যঃ পুরুষাবতারেণ প্রকৃতি-প্রেরণাদিনা জগদ্ধেতুঃ, নারায়ণরূপেণ ব্রহ্মোৎপাদনবেদোপদেশাদিনা ব্রহ্মাণ্ডান্তর্গত সৃষ্টিহেতুঃ, মৎস্যাদ্যবতারৈঃ ধর্ম্মত্রাণাদিহেতুঃ, স পরমপুরুষপরব্রহ্মাদিপদবাচ্যঃ সর্ব্বাবতারাণাং নির্গমপ্রবেশস্থান-ভূতস্য নারায়ণস্যাপ্যবতারী স্বয়ংপদার্থো ভগবান্ যদুকুলে মথুরায়াম্ অবতীর্ণস্তৎসম্বন্ধিকুলাদিমাহাত্ম্যমাহুঃ—"অহো অলমি"তি। জন্মনা যদোঃ কুলম্, চংক্রমণেন মধোর্ব্বনম্ মথুরামণ্ডলং "অঞ্চতি" পূজয়তি॥ ২৬॥

অহোবত স্বর্যশসস্তিরস্করী কুশস্থলী পুণ্যযশস্করী ভুবঃ।
পশ্যন্তি নিত্যং যদনুগ্রহেষিতং স্মিতাবলোকং স্বপতিং স্ম যৎপ্রজাঃ ॥২৭॥
নূনং ব্রতস্নানহুতাদিনেশ্বরঃ সমর্চ্চিতো হ্যস্য গৃহীতপাণিভিঃ।
পিবন্তি যাঃ সখ্যধরামৃতং মুহু-র্ব্রজস্ত্রিয়ঃ সংমুমুহুর্যদাশয়াঃ ॥ ২৮ ॥
যা বীর্য্যশুল্কেন হৃতাঃ স্বয়ম্বরে প্রমথ্য চৈদ্যপ্রমুখান্ হি শুষ্মিণঃ।
প্রদ্যুম্নসাম্বাম্বসুতাদয়োঽপরা যাশ্চাহৃতা ভৌমবধে সহস্রশঃ ॥ ২৯ ॥

অন্বয়

অহোবত! (আহা!) কুশস্থলী (দ্বারকাপুরী) স্বর্যশসঃ (স্বর্গকীর্ত্তির) তিরস্করী (পরাভবকারিণী), ভুবঃ (এবং পৃথিবীর) পুণ্যযশস্করী (পবিত্রকীর্ত্তি সম্পাদিকা), যৎ (যেহেতু) যৎপ্রজাঃ (যেই দ্বারকাপুরীর প্রজাগণ) স্বপতিং (শ্রীকৃষ্ণকে) অনুগ্রহেষিতং স্মিতাবলোকং (করুণাপূর্ণ হাস্য ও করুণাপূর্ণ দৃষ্টিসম্পন্নরূপে) নিত্যং পশ্যন্তি স্ম (প্রতিদিনই দেখিয়া থাকেন)॥ ২৭॥

হে সখি! অস্য (এই শ্রীকৃষ্ণের) গৃহীতপাণিভিঃ হি (পাণিগ্রহণকারিণী ব্রজরমণীগণ কর্ত্তৃকই) ঈশ্বরঃ (ভগবান্ শ্রীকৃষ্ণ) ব্রতস্নানহুতাদিনা (ব্রত, তীর্থস্নান ও হোম প্রভৃতি দ্বারা) [জন্মান্তরে] নূনং সমার্চ্চিতঃ (নিশ্চয়ই আরাধিত হইয়াছিলেন)। [যেহেতু] যাঃ ব্রজস্ত্রিয়ঃ (ব্রজরমণীগণ) যদাশয়াঃ (যে অধরামৃত পানাভিলাষিণী হইয়া) সংমুমুহুঃ (মোহিত হইতেন), [তৎ] অধরামৃতং মুহুঃ পিবন্তি (সেই অধরামৃত পুনঃ পুনঃ পান করিয়াছেন)॥ ২৮॥

স্বয়ম্বরে (স্বয়ম্বর সভাতে) শুষ্মিণঃ (বলবান্) চৈদ্যপ্রমুখান্ (শিশুপাল প্রভৃতিকে) প্রমথ্য (পরাজিত করিয়া) বীর্য্যশুল্কেন (পরাক্রমরূপ মূল্যের বিনিময়ে) যাঃ (যে সকল) প্রদ্যুম্নসাম্বাম্বসুতাদয়ঃ

অনুবাদ

আহা! এই দ্বারকাপুরী স্বর্গের যশ পরাভূত করিয়া এই পৃথিবীর পবিত্র-কীর্ত্তি সম্পাদন করিতেছে। কারণ এই দ্বারকাবাসী প্রজাগণ, ভগবান্ শ্রীকৃষ্ণকে করুণাপূর্ণ হাস্য ও করুণাপূর্ণ দৃষ্টিসম্পন্নরূপে প্রতিদিনই দর্শন করিয়া থাকেন। [অতএব ধন্য এই দ্বারকাপুরী]॥ ২৭॥

হে সখি! যাঁহারা এই ভগবান্ শ্রীকৃষ্ণের পাণিগ্রহণ করিয়াছেন, সেই ব্রজরমণীগণ পূর্ব্বজন্মে নিশ্চয়ই নানাবিধ ব্রত, স্নান ও হোম প্রভৃতি কার্য্যের দ্বারা ভগবানের অর্চ্চনা করিয়াছিলেন, কারণ ব্রজরমণীগণ ভগবান্ শ্রীকৃষ্ণের অধরামৃত পান করিবার আশায় পুনঃ পুনঃ মোহিত হইতেন। এক্ষণে তাঁহারা সেই অধরামৃত পুনঃ পুনঃ পান করিয়াছেন॥ ২৮॥

স্বয়ম্বর সভাতে ভগবান্ শ্রীকৃষ্ণ বলবান্ শিশুপাল প্রভৃতি রাজগণকে পরাজিত করিয়া

টীকা

কিঞ্চ "অহোবতে"তি মহদাশ্চর্য্যম্। "কুশস্থলী" দ্বারকা॥২৭॥ কিঞ্চ হে "সখি!" "অস্য গৃহীতপাণিভিরীশ্বরঃ ব্রতাদিভির্নূনং" সম্যগারাধিতঃ। ব্রতাদীনাং সমাহারদ্বন্দ্বে একত্বম্। আদিনা দানাদের্গ্রহণম্। "যাঃ অস্য অধরামৃতং মুহুঃ পিবন্তি, যদাশয়াঃ" তস্মিন্নধরামৃতে আশয়ঃ চিত্তং যাসাং তাঃ "ব্রজস্ত্রিয়ঃ সংমুমুহুঃ"॥ ২৮॥ গৃহীতপাণিভিরিতিপদেন ভগবৎপত্ন্যো নির্দ্দিষ্টাঃ, তাঃ কাঃ? ইত্যাকাঙ্ক্ষায়ামাহুঃ—"যা" ইত্যেকেন।

এতাঃ পরং স্ত্রীত্বমপাস্তপেশলং নিরস্তশৌচং বত সাধু কুর্ব্বতে।
যাসাং গৃহাৎ পুষ্করলোচনঃ পতি-র্ন জাত্বপৈত্যাহৃতিভির্হৃদি স্পৃশন্ ॥ ৩০ ॥

সূত উবাচ

এবম্বিধা বদন্তীনাং স গিরঃ পুরযোষিতাম্।
নিরীক্ষণেনাভিনন্দন্ সস্মিতেন যযৌ হরিঃ ॥ ৩১ ॥

অন্বয়

(প্রদ্যুম্ন, সাম্ব ও আম্বের জননীগণ রুক্মিণী, জাম্ববতী ও নাগ্নজিতী) হৃতাঃ ([শ্রীকৃষ্ণ কর্ত্তৃক] অপহৃত হইয়াছেন) অপরাঃ যাঃ চ (অপর যে সকল) সহস্রশঃ (সহস্র সহস্র রমণীগণ) ভৌমবধে (নরকাসুর-বিনাশকালে) আহৃতাঃ (আনীতা হইয়াছেন) [ইহারা সকলেই রমণীকুলকে পরমোজ্জ্বল করিয়াছেন।] ॥২৯॥

বত! এতাঃ (আহা! ইঁহারা সকলেই) অপাস্তপেশলং (পরাধীন) নিরস্তশৌচং (অপবিত্র) স্ত্রীত্বং (নারীকুল) পরং সাধু কুর্ব্বতে (পরমোজ্জ্বল করিয়াছেন)। (যেহেতু) পতিঃ (স্বামী) পুষ্করলোচনঃ (কমললোচন শ্রীকৃষ্ণ) আহৃতিভিঃ ([প্রত্যেকের] প্রিয় পদার্থ আহরণকরতঃ) যাসাং (যাঁহাদিগের) হৃদি (হৃদয়ে) স্পৃশন্ (আনন্দ জন্মাইয়া) গৃহাৎ (গৃহ হইতে) জাতু (কখনও) ন অপৈতি ([অন্যত্র] গমন করেন না) ॥ ৩০ ॥

সূতঃ উবাচ (সূত বলিলেন) সস্মিতেন ([স্বাভাবিক মৃদুমন্দ] হাস্যের সহিত) নিরীক্ষণেন (দৃষ্টিপাতপূর্ব্বক)

অনুবাদ

পরাক্রমরূপ মূল্যের বিনিময়ে প্রদ্যুম্ন, সাম্ব ও আম্বের জননীগণ রুক্মিণী, জাম্ববতী ও নাগ্নজিতীকে হরণ করিয়া আনিয়াছেন; এবং নরকাসুরকে বধ করিয়া যে সকল সহস্র সহস্র রমণীগণকে আহরণ করিয়াছেন অর্থাৎ লাভ করিয়াছেন। [ইঁহারা সকলেই রমণীকুলকে পরমোজ্জ্বল করিয়াছেন] ॥ ২৯ ॥

আহা! ইঁহারা সকলেই পরাধীন ও অপবিত্র নারীকুল পরমোজ্জ্বল করিয়াছেন। যেহেতু ইঁহাদের স্বামী কমললোচন ভগবান্ শ্রীকৃষ্ণ প্রত্যেকের জন্য প্রিয়বস্তু আহরণকরতঃ হৃদয়ে আনন্দ জন্মাইয়া ইঁহাদের গৃহ হইতে কখনও অন্যত্র গমন করেন না। [আহা! ইঁহাদের কি সৌভাগ্য!] ॥৩০॥

সূত বলিলেন—অনন্তর স্বাভাবিক আনন্দজনিত মৃদুমন্দ হাস্য ও দৃষ্টিনিক্ষেপ পূর্ব্বক

টীকা

বীর্য্যমেব শুল্কং মূল্যং ধনং তেন, "শুল্মিণঃ" প্রবলং মন্যান্ ॥ ২৯ ॥ ভগবৎপত্নীনাং সৌভাগ্যং কৈমুত্যন্যায়েনাহুঃ—"এতা" ইত্যেকেন। অহো এতাঃ অঙ্গুলিনির্দ্দিষ্টাঃ দর্শনার্থং সমাস্থিতাঃ অপাস্তং পেশলং ভদ্রং স্বাতন্ত্র্যং যস্মাৎ তৎ, নিরস্তং শৌচং পবিত্রতা যস্মাৎ তদপি স্ত্রীত্ব মেব, "পরং" কেবলং "সাধু" শোভনং "কুর্ব্বতে"। অহো ভাগ্যম্ আসামিতি ভাবঃ। অথ খলু "আহৃতিভিঃ" তত্তৎপ্রিয়পদার্থহরণৈ"র্হৃদি স্পৃশন্" সুখয়ন্ যাসাং "গৃহাৎ জাতু" কদাচিৎ অপি ন "অপযাতি" তাসাং ভাগ্যং কিং বর্ণ্যতে ইত্যর্থঃ ॥৩০॥ স্মিতেন স্বাভাবিকমন্দহসিতসহিতেন নিরীক্ষণেন "বদন্তীনাং" জল্পন্তীনাং "পুরযোষিতাং গিরোঽভিনন্দন্ হরিঃ" সংসারহরঃ "স" শ্রীকৃষ্ণো "যযৌ"। "এবম্বিধা গির" ইত্যুক্তিঃ গ্রন্থবিস্তরভয়াৎ তাসাং স্তুতিঃ সাকল্যেন ইহ নোক্তেতি সূচয়তি ॥ ৩১ ॥

অজাতশত্রুঃ পৃতনাং গোপীথায় মধুদ্বিষঃ।
পরেভ্যঃ শঙ্কিতঃ স্নেহাৎ প্রাযুঙ্‌ক্ত চতুরঙ্গিণীম্ ॥ ৩২ ॥
অথ দূরাগতাঞ্ছৌরিঃ কৌরবান্ বিরহাতুরান্।
সন্নিবর্ত্ত্য দৃঢ়ং স্নিগ্ধান্ প্রায়াৎ স্বনগরীং প্রিয়ৈঃ ॥ ৩৩ ॥
কুরুজাঙ্গলপাঞ্চালান্ শূরসেনান্ স যামুনান্।
ব্রহ্মাবর্ত্তং কুরুক্ষেত্রং মৎস্যান্ সারস্বতানথ ॥ ৩৪ ॥

অন্বয়

বদন্তীনাং পুরযোষিতং (কথোপকথনকারিণী সেই পুররমণীগণের) এবম্বিধাঃ গিরঃ (এই প্রকার বাক্যসমূহ) অভিনন্দয়ন্ (অভিনন্দিত করিয়া) হরিঃ (জন্মমরণপ্রবাহরূপ সংসারনাশক) সঃ (সেই শ্রীকৃষ্ণ) যযৌ (গমন করিলেন)॥ ৩১ ॥

অজাতশত্রুঃ (যুধিষ্ঠির) স্নেহাৎ (অতিশয় স্নেহবশতঃ) পরেভ্যঃ (শত্রুগণ হইতে) শঙ্কিতঃ (ভয় আশঙ্কা করিয়া) মধুদ্বিষঃ (মধুসূদন শ্রীকৃষ্ণের) গোপীথায় (রক্ষার নিমিত্ত) চতুরঙ্গিণীং পৃতনাং (হস্তী, অশ্ব, রথ ও পদাতি এই চতুরঙ্গিণী সেনা) প্রাযুঙ্‌ক্ত (প্রেরণ করিয়াছিলেন)॥ ৩২ ॥

অথ (অনন্তর) শৌরিঃ (শ্রীকৃষ্ণঃ) স্নিগ্ধান্ (প্রিয়) বিরহাতুরান্ (বিরহকাতর) দূরাগতান্ (বহুদূর পর্য্যন্ত আগত) কৌরবান্ (পাণ্ডবগণকে) দৃঢ়ং সন্নিবর্ত্ত্য (দৃঢ়ভাবে নিবারণ করিয়া) প্রিয়ৈঃ (উদ্ধবাদি প্রিয়গণের সহিত) স্বনগরীং (নিজপুরী দ্বারকায়) প্রায়াৎ (গমন করিলেন)॥ ৩৩ ॥

ভার্গব! (হে শৌনক!) অথ (অনন্তর) সঃ বিভুঃ (ভগবান্ শ্রীকৃষ্ণ) কুরুজাঙ্গল-পাঞ্চালান্ (কুরুজাঙ্গল, পাঞ্চাল) শূরসেনান্ যামুনান্ (শূরসেন, যামুন) ব্রহ্মাবর্ত্তং কুরুক্ষেত্রং

অনুবাদ

কথোপকথনকারিণী সেই পুররমণীগণের এই প্রকার বাক্যসমূহ অভিনন্দিত করিয়া অর্থাৎ সমর্থন করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ গমন করিলেন ॥ ৩১ ॥

রাজা যুধিষ্ঠির শ্রীকৃষ্ণের প্রতি অত্যন্ত স্নেহবশতঃ শত্রুগণ হইতে ভয় আশঙ্কা করিয়া অর্থাৎ পাছে বা শত্রুগণ আক্রমণ করে এই ভয়ে ভীত হইয়া মধুসূদন শ্রীকৃষ্ণের রক্ষার নিমিত্ত হস্তী, অশ্ব, রথ ও পদাতিযুক্ত সৈন্য প্রেরণ করিয়াছিলেন ॥ ৩২ ॥

অনন্তর ভগবান্ শ্রীকৃষ্ণ অতিশয় প্রিয় ও বিরহকাতর পাণ্ডবগণকে বহুদূর পর্য্যন্ত আসিয়াছে দেখিয়া দৃঢ়তার সহিত নিবারণ করতঃ প্রিয় উদ্ধবাদির সহিত নিজপুরী দ্বারকায় গমন করিলেন ॥ ৩৩ ॥

হে শৌনক! অনন্তর ভগবান্ শ্রীকৃষ্ণ কুরুজাঙ্গল, পাঞ্চাল, শূরসেন, যামুন, ব্রহ্মাবর্ত্ত, কুরুক্ষেত্র, মৎস্য, সারস্বত, এবং জলশূন্য মরুদেশ ও অল্পজলবিশিষ্ট দেশ সমূহ অতিক্রম করিয়া

টীকা

"পরেভ্যঃ" শত্রুভ্যঃ "শঙ্কিতোঽজাতশত্রু"র্যুধিষ্ঠিরঃ "মধুদ্বিষোঽপি গোপীথায়" রক্ষণায় স্নেহাৎ "চতুরঙ্গিণীং" হস্ত্যশ্বরথপত্তিরূপাণি অঙ্গানি যস্যাঃ তাং "পৃতনাং প্রাযুঙ্‌ক্ত" ॥৩২॥ "প্রিয়ৈঃ" উদ্ধবাদিভিঃ সহ ॥ ৩৩ ॥ কুর্ব্বাদিদেশানতিক্রম্য আনর্ত্তানুপাগাদিতি দ্বিতীয়েনান্বয়ঃ। ক্রমোঽত্র ন বিবক্ষিতঃ ॥৩৪॥

মরুধন্বমতিক্রম্য সৌবীরাভীরয়োঃ পরান্।
আনর্ত্তান্ ভার্গবোপাগাচ্ছ্রান্তবাহো মনাগ্বিভুঃ ॥ ৩৫ ॥
তত্র তত্র হি তত্রত্যৈর্হরিঃ প্রত্যুদ্যতার্হণঃ।
সায়ং ভেজে দিশং পশ্চাদ্গবিষ্ঠো গাং গতস্তদা ॥ ৩৬ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথমস্কন্ধে পারীক্ষিতে শ্রীকৃষ্ণদ্বারকাগমনং নাম দশমোঽধ্যায়ঃ ॥১০॥

অন্বয়

(ব্রহ্মাবর্ত্ত, কুরুক্ষেত্র) মৎস্যান্ সারস্বতান্ (মৎস্য, সারস্বত) মরুধন্বং (মরুদেশ ও অল্পজল ধন্বদেশ) অতিক্রম্য (অতিক্রম করিয়া) মনাক্ শ্রান্তবাহঃ (অশ্বগণ অল্পমাত্রই পরিশ্রান্ত হইলে) সৌবীরাভীরয়োঃ পরান্ (সৌবীর ও আভীর নামকদেশের পরবর্ত্তী) আনর্ত্তান্ (আনর্ত্ত নামক দেশে) উপাগাৎ (উপস্থিত হইলেন) ॥ ৩৪। ৩৫ ॥

তত্র তত্র (সেই সেই দেশে) তত্রত্যৈঃ (সেই সেই দেশবাসী ভক্তগণকর্ত্তৃক) প্রত্যুদ্যতার্হণঃ (প্রদত্ত উপহার গ্রহণ করিয়া) হরিঃ (দুঃখহারী শ্রীকৃষ্ণ) সায়ং (সন্ধ্যাকালে) [যখন] পশ্চাৎ দিশং (পশ্চিমদিক্ অর্থাৎ দ্বারকা) ভেজে (প্রাপ্ত হইলেন), তদা (তখন) গবিষ্ঠঃ (সূর্য্যদেব) গাং (সমুদ্রে) গতঃ (অস্তমিত হইলেন) ॥ ৩৬ ॥

অনুবাদ

সৌবীর ও আভীর নামক দেশের পরে অবস্থিত আনর্ত্ত নামক দেশে উপস্থিত হইলেন। এই সুদীর্ঘ পথ অতিক্রম করিয়াও তাঁহার অশ্বগণ অল্পমাত্রই পরিশ্রান্ত হইয়াছিল ॥ ৩৪ ॥ ৩৫ ॥

সেই সেই দেশে সেই সেই দেশবাসী ভক্তগণকর্ত্তৃক প্রদত্ত উপহার গ্রহণ করিয়া দুঃখ-হারী শ্রীকৃষ্ণ সন্ধ্যাকালে যখন পশ্চিমদিকস্থ নিজ দেশ দ্বারকায় উপস্থিত হইলেন, তখন সূর্য্যদেবও সমুদ্রে অস্তমিত হইলেন ॥ ৩৬ ॥

দশম অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ১০ ॥

টীকা

হে "ভার্গব! সৌবীরাভীরয়োঃ পরান্" পরতঃ স্থিতান্ "আনর্ত্তান্ মনাগ্" ঈষৎ শ্রান্তা বাহা যস্য সঃ, "বিভুঃ" শ্রীকৃষ্ণ "উপাগাৎ" প্রাপ্তঃ ॥৩৫॥ "তত্র তত্র" তস্মিন্ তস্মিন্ দেশে "তত্রত্যৈ"র্ভক্তৈঃপ্রত্যুদ্যতানি অর্হণানি যস্য সঃ, "হরি"স্তত্রত্যানাং ক্লেশহরঃ শ্রীকৃষ্ণঃ সায়ংকালে যদা যস্মিন্ ক্ষণে "পশ্চাৎ" পশ্চিমাং "দিশং ভেজে" তস্যাং দিশি ঈপ্সিতং দেশং প্রাপ্ত"স্তদা" তস্মিন্নেব ক্ষণে গোভিঃ স্বাশ্রয়ৈঃ কিরণৈস্তিষ্ঠতীতি "গবিষ্ঠো" ভানুমান্ "গা"মুদকং গতঃ, "অদ্ভ্যো বা এষ প্রাতরুদেতি অপঃ সায়ং প্রবিশতীতি শ্রুতেঃ" ॥ ৩৬ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে প্রথমস্কন্ধীয়ে সিদ্ধান্তপ্রদীপে দশমাধ্যায়ার্থপ্রকাশঃ ॥১০॥

একাদশোঽধ্যায়ঃ

সূত উবাচ

আনর্ত্তান্ স উপব্রজ্য স্বৃদ্ধান্ জনপদান্ স্বকান্।
দধ্মৌ দরবরং তেষাং বিষাদং শময়ন্নিব ॥ ১ ॥
স উচ্চকাশে ধবলোদরো দরোঽপ্যুরুক্রমস্যাধরশোণশোণিমা।
দাধ্মায়মানঃ করকঞ্জসম্পুটে যথাব্জষণ্ডে কলহংস উৎস্বনঃ ॥ ২ ॥
তমুপশ্রুত্য নিনদং জগদ্ভয়ভয়াবহম্।
প্রত্যুদ্যযুঃ প্রজাঃ সর্ব্বা ভর্তৃদর্শনলালসাঃ ॥ ৩ ॥

অন্বয়

সূতঃ উবাচ—(সূত বলিলেন) সঃ (শ্রীকৃষ্ণ) স্বৃদ্ধান্ (সমৃদ্ধিশালী) আনর্ত্তান্ (আনর্ত্ত-নামক) স্বকান্ জনপদান্ (স্বকীয় দেশে) উপব্রজ্য (সমাগত হইয়া) তেষাং (সেই দেশবাসিগণের) বিষাদং (ভগবদ্‌বিরহজনিত দুঃখ) শময়ন্নিব (প্রশমিত করিয়াই যেন) দরবরং দধ্মৌ (পাঞ্চজন্য নামক শঙ্খের ধ্বনি করিলেন) ॥ ১ ॥

সঃ দরঃ (সেই পাঞ্চজন্য শঙ্খ) ধবলোদরঃ অপি (স্বভাবতঃ শ্বেতবর্ণ হইলেও) করকঞ্জসম্পুটে (কর-কমলদ্বয়ের মধ্যে রাখিয়া) দাধ্মায়মানঃ (ভগবৎকর্ত্তৃক বাদিত হওয়ায়) অধরশোণশোণিমা (ভগবানের অধর রাগে রঞ্জিত হইয়া) যথা (যেমন) অব্জষণ্ডে (রক্তপদ্মবনে) উৎস্বনঃ (উচ্চশব্দকারী) কলহংসঃ (রাজহংস) [উচ্চকাশে] (শোভিত হইয়া থাকে, সেইরূপ) উচ্চকাশে (শোভিত হইয়াছিল) ॥ ২ ॥

সর্ব্বাঃ প্রজাঃ (প্রজাগণ) জগত্ত্রয়ভয়াবহং (জগতের ভয় স্বরূপ যে কাল ও মৃত্যু প্রভৃতি,

অনুবাদ

সূত বলিলেন—ভগবান্ শ্রীকৃষ্ণ অতিশয় সমৃদ্ধিশালী আনর্ত্ত নামক স্বীয় দেশে উপস্থিত হইয়া সেই দেশবাসিগণের ভগবদ্বিচ্ছেদজনিত দুঃখ প্রশমিত করিয়াই যেন পাঞ্চজন্য নামক শঙ্খের ধ্বনি করিলেন ॥ ১ ॥

সেই পাঞ্চজন্যশঙ্খ স্বভাবতঃ শ্বেতবর্ণ হইলেও ভগবান্ শ্রীকৃষ্ণের করকমলদ্বয়ের মধ্যে রাখিয়া ভগবৎকর্ত্তৃক বাদিত হওয়ায় তাঁহার অধররাগে রঞ্জিত হইয়া রক্তপদ্মবনে কলরবকারী রাজহংস যেমন শোভিত হয়, সেইরূপ শোভিত হইয়াছিল ॥ ২ ॥

জগতের ভয়জনক যে কাল ও মৃত্যু প্রভৃতি, তাহাদেরও ভয়োৎপাদক অর্থাৎ

টীকা

অথ দ্বারাবতীস্থভগবদীয়জনানাং ভগবতি স্নেহাধিক্যং বক্তুং প্রথমং ভগবচ্চেষ্টিতমাহ—"আনর্ত্তানি"তি। "স্বৃদ্ধান্" সুসমৃদ্ধান্ "দরবরং" পাঞ্চজন্যাখ্যং শঙ্খশ্রেষ্ঠং স্ববিয়োগজং "বিষাদং শময়ন্নিব দধ্মৌ" বাদিতবান্। সর্ব্বথা বিশ্লেষজন্মবিষাদনিবৃত্তিস্তু তত্তৎসংযোগাদেব ভবতীত্যতঃ ইবশব্দঃ ॥ ১ ॥ তদা "স" পাঞ্চজন্যাখ্যঃ "দরঃ" শঙ্খঃ স্বতো "ধবলোদরো"ঽপি "উরুক্রমস্য" অধরশোণিতরাগেন শোণিমা যস্য, "করকঞ্জসম্পুটে দাধ্মায়মানো" ভগবতা আপূর্য্যমাণ "উচ্চকাশে নিতরাং," শুশুভে, "যথা অব্জষণ্ডে" অরুণপদ্মসমূহে "উৎস্বনঃ" উচ্চশব্দঃ "কলহংসো" রাজহংসঃ ॥ ২ ॥ জগদ্ভয়স্য কালাদেরপি

তত্রোপনীতবলয়ো রবের্দ্দীপমিবাদৃতাঃ।
আত্মারামং পূর্ণকামং নিজলাভেন নিত্যদা ॥ ৪ ॥
প্রীত্যুৎফুল্লমুখাঃ প্রোচুর্হর্ষগদ্গদয়া গিরা।
পিতরং সর্ব্বসুহৃদমবিতারমিবার্ভকাঃ ॥ ৫ ॥
নতাঃ স্ম তে নাথ! সদাঙ্ঘ্রিপঙ্কজং বিরিঞ্চবৈরিঞ্চ্যসুরেন্দ্রবন্দিতম্।
পরায়ণং ক্ষেমমিহেচ্ছতাং পরং ন যত্র কালঃ প্রভবেৎ পরপ্রভুঃ ॥ ৬ ॥

অন্বয়

তাহাদেরও ভয়োৎপাদক, অর্থাৎ জগতের মঙ্গলস্বরূপ) তং নিনদং (সেই শঙ্খধ্বনি) উপশ্রুত্য (নিকটেই হইতেছে শ্রবণ করিয়া) ভর্তৃদর্শনলালসাঃ (শ্রীকৃষ্ণদর্শনে উৎসাহান্বিত হইয়া) প্রত্যুদ্যযুঃ (সেই দিকে ধাবিত হইলেন)॥ ৩॥

তত্র (পূর্ণকাম শ্রীকৃষ্ণে) রবেঃ দীপম্ ইব (সূর্য্যকে দীপ প্রদানের ন্যায়) উপনীতবলয়ঃ (যাহারা উপহার সমর্পণ করিয়াছেন), [তেন চ] আদৃতাঃ (শ্রীকৃষ্ণকর্ত্তৃক আদৃত হইয়া সেই প্রজাগণ) প্রীত্যুৎফুল্লমুখাঃ (প্রীতিপ্রফুল্লবদনে) নিত্যদা নিজলাভেন পূর্ণকামং (সর্ব্বদাই আনন্দস্বরূপে বর্ত্তমান বলিয়া পূর্ণকাম) আত্মারামং (আত্মারাম) সুহৃদং (সকলের বন্ধু) অবিতারং (রক্ষক শ্রীকৃষ্ণকে) অর্ভকাঃ পিতরম্ ইব (বালক যেমন পিতার নিকটে বলে, সেইরূপ) হর্ষগদ্গদয়া গিরা (হর্ষহেতু গদ্গদবাক্যে) প্রোচুঃ (বলিতে লাগিলেন)॥ ৪—৫॥

নাথ! (হে প্রভো!) যত্র (যে আপনার পাদপদ্মে শরণাপন্ন হইলে, শরণাপন্নব্যক্তিতে) পরপ্রভুঃ কালঃ (অশরণাপন্নব্যক্তিগণের উপরে প্রভাবান্বিত কাল) ন প্রভবেৎ (প্রভাব বিস্তার

অনুবাদ

জগতের পরমমঙ্গলনিদান সেই পাঞ্চজন্যধ্বনি প্রজাগণ নিকটেই হইতেছে শ্রবণ করিল এবং শ্রীকৃষ্ণের দর্শনে উৎসাহান্বিত হইয়া সেই দিকে ধাবিত হইল ॥ ৩॥

সূর্য্যকে দীপপ্রদানের ন্যায় পূর্ণকাম শ্রীকৃষ্ণকে যাহারা উপহারসমূহ সমর্পণ করিয়াছে, সেই প্রজাগণ শ্রীকৃষ্ণকর্ত্তৃক সমাদৃত হইল এবং সর্ব্বদাই যিনি আনন্দস্বরূপে বর্ত্তমান বলিয়া পূর্ণকাম, আত্মারাম, সকলের বন্ধু ও সকলের রক্ষক, সেই শ্রীকৃষ্ণকে বালক যেমন পিতার নিকটে বলে, সেইরূপ প্রীতিপ্রফুল্লবদন হইয়া হর্ষগদ্গদবাক্যে বলিতে লাগিল ॥ ৪ ॥ ৫ ॥

হে প্রভো! যে কাল আপনার শ্রীচরণে অনাশ্রিত ব্যক্তিগণের উপরেই প্রভাব বিস্তার

টীকা

ভয়মাবহতীতি তথা তম্ ॥ ৩ ॥ "তত্র" পূর্ণকামে শ্রীকৃষ্ণে "রবের্দীপমিবো"পনীতা বলয়ো যাভিঃ তাঃ, তেন চ "আদৃতাঃ নিত্যদা নিজলাভেন পূর্ণকামম্ আত্মারামং" শ্রীকৃষ্ণং প্রোচুরিত্যুত্তরেণান্বয়ঃ॥৪॥ "পিতরমর্ভকা" বালা "ইব সর্ব্বসুহৃদং অবিতারং" রক্ষকং শ্রীকৃষ্ণম্ ঊচুঃ প্রজা ইতি প্রকরণাদন্যেতি ॥ ৫ ॥

তদেবাহ—"নতাঃ স্ম" ইতি পঞ্চভিঃ। "ইহ পরং ক্ষেমমিচ্ছতাং পরায়ণং" সর্ব্বোৎকৃষ্টং শরণং "তে পাদারবিন্দং নতাঃ স্ম, যত্র" যস্মিন্ শরণে কৃতে সতি শরণাপন্নেষু পরেষামশরণাপন্নানাং "প্রভুরপি কালো ন প্রভবেৎ"। "কথমনুবর্ত্ততাং ভবভয়ং তব যদ্ ভ্রুকুটিঃ সৃজতি মুহুস্ত্রিনেমিরভবচ্ছরণেষু ভয়মি"তি বক্ষ্যমাণাৎ ॥ ৬ ॥

ভবায় নস্ত্বং ভব বিশ্বভাবন ! ত্বমেব মাতাথ সুহৃৎ পতিঃ পিতা।
ত্বং সদ্‌গুরুর্নঃ পরমঞ্চ দৈবতং যস্যানুবৃত্ত্যা কৃতিনো বভূবিম ॥ ৭ ॥
অহো সনাথা ভবতা স্ম যদ্বয়ং ত্রৈপিষ্টপানামপি দূরদর্শনম্।
প্রেমস্মিতস্নিগ্ধনিরীক্ষণাননং পশ্যেম রূপং তব সর্ব্বসৌভগম্ ॥ ৮ ॥

অন্বয়

করিতে পারে না)। ইহ (এই সংসারে) পরং ক্ষেমম্ ইচ্ছতাং (যথার্থ মঙ্গলাভিলাষিগণের) পরায়ণং (সর্ব্বোৎকৃষ্ট আশ্রয়), সদা বিরিঞ্চবৈরিঞ্চ্যসুরেন্দ্রবন্দিতং (ব্রহ্মা, সনকাদি ঋষিগণ ও দেবরাজ ইন্দ্রকর্ত্তৃক সর্ব্বদা পূজিত) তে অঙ্ঘ্রিপঙ্কজং (আপনার সেই চরণকমলে) নতাঃ স্ম (প্রণত হইতেছি) ॥৬॥

বিশ্বভাবন ! (হে জগদুৎপাদক !) যস্য (যে আপনার) অনুবৃত্ত্যা (সেবাদ্বারা) কৃতিনঃ বভূবিম ([আমরা] কৃতার্থ হইয়াছি), [সঃ] ত্বং (সেই আপনি) নঃ (আমাদের) ভবায় (কল্যাণের নিমিত্ত) ভব (হইয়া থাকেন)। ত্বং এব মাতা (আপনিই আমাদিগের মাতা) অথ (এবং) সুহৃৎ (বন্ধু), পতিঃ (প্রভু), পিতা (পালক), ত্বং (আপনি) সদ্‌গুরুঃ (সদ্‌গুরু) পরমং দৈবতং চ (ও পরম দেবতা) ॥ ৭ ॥

অহো ! (আহা !) ভবতা (আপনাকর্ত্তৃক) বয়ং (আমরা) সনাথাঃ স্ম (রক্ষকযুক্ত হইলাম), যৎ (যেহেতু) ত্রৈপিষ্টপানাম্ অপি (দেবতাগণেরও) দূরদর্শনং (দুর্দ্দর্শনীয়) প্রেমস্মিত-স্নিগ্ধনিরীক্ষণাননং (প্রেমহাস্য ও স্নিগ্ধ অবলোকনে বদনমণ্ডল শোভিত) সর্ব্বসৌভগং (সর্ব্বাঙ্গসুন্দর) তব রূপং (আপনার রূপ) পশ্যেম (দেখিতে পাইলাম) ॥ ৮ ॥

অনুবাদ

করিয়া থাকে, কিন্তু আপনার শ্রীচরণে শরণাপন্ন হইলে সেই কাল তাহাদের উপরে কোনও প্রভাব বিস্তার করিতে পারে না, এবং এই সংসারে যথার্থ মঙ্গলকামী ব্যক্তির সর্ব্বোৎকৃষ্ট আশ্রয়, ব্রহ্মা, সনকাদি ঋষিগণ ও দেবরাজ ইন্দ্রকর্ত্তৃক সর্ব্বদা পূজিত আপনার সেই শ্রীচরণকমলে প্রণত হইতেছি ॥ ৬ ॥

হে জগদুৎপাদক ! যে আপনার সেবাদ্বারা আমরা কৃতার্থ হইয়াছি, সেই আপনিই আমাদিগের কল্যাণের নিমিত্ত হইয়া থাকেন। আপনিই আমাদিগের মাতা, পিতা, বন্ধু, প্রভু, সদ্‌গুরু ও পরমদেবতা ॥ ৭ ॥

আহা ! আপনাকে পাইয়া আজ আমরা রক্ষকযুক্ত হইলাম অর্থাৎ আপনাকে প্রাপ্ত হইয়া প্রকৃত অভিভাবকযুক্ত হইলাম। যেহেতু—দেবতাগণেরও যাহা দুর্দ্দর্শনীয়, যাহাতে প্রেমহাস্য ও স্নিগ্ধ অবলোকনসমন্বিত বদনকমল বিরাজিত এবং যাহা সর্ব্বাঙ্গসুন্দর, আপনার সেই মূর্ত্তি দর্শন করিতে পারিলাম ॥ ৮ ॥

টীকা

হে "বিশ্বভাবন" ! জগদুৎপাদক ! "যস্যানুবৃত্ত্যা" উপাসনয়া "কৃতিনঃ" কৃতার্থা "বভূবিম" জাতা বয়ং, স "ত্বং নো ভবায়" উদ্‌ভবায় "ভব" ॥ ৭ ॥ কৃতিত্বং বর্ণয়ন্তি—"অহো" ইতি। "বয়ং ভবতা সনাথাঃ স্মঃ" যতঃ "অহো ত্রৈপিষ্টপানামপি দূরে দর্শনং" যস্য তস্য তব "রূপং পশ্যেম"। কথম্ভূতং রূপং ? প্রেম-পূর্ব্বং স্মিতং মন্দহসিতং স্নিগ্ধং সরসং নিরীক্ষণং চ যস্মিন্ তদাননং যস্মিন্ তৎ, সর্ব্বং সম্পূর্ণং

যর্হ্যম্বুজাক্ষাপসসার ভো ভবান্ কুরূন্ মধূন্ বাথ সুহৃদ্দিদৃক্ষয়া।
তত্রাব্দকোটিপ্রতিমঃ ক্ষণো ভবেদ্-রবিং বিনাক্ষ্নোরিব নস্তবাচ্যুত ॥ ৯ ॥
কথং বয়ং নাথ চিরোষিতে ত্বয়ি প্রসন্নদৃষ্ট্যাখিলতাপশোষণম্।
জীবেম তে সুন্দরহাসশোভিত-মপশ্যমানা বদনং মনোহরম্ ॥ ১০ ॥
ইতি চোদীরিতা বাচঃ প্রজানাং ভক্তবৎসলঃ।
শৃণ্বানোঽনুগ্রহং দৃষ্ট্যা বিতন্বন্ প্রাবিশৎ পুরম্ ॥ ১১ ॥

অন্বয়

ভো অম্বুজাক্ষ! (হে কমললোচন!) অচ্যুত! (হে কৃষ্ণ!) যর্হি (যখন) ভবান্ (আপনি) সুহৃদ্দিদৃক্ষয়া (আত্মীয়গণের দর্শনেচ্ছায়) কুরূন্ [দেশান্] (কুরুদেশ হস্তিনাপুরে) অথবা মধূন্ [দেশান্] (মথুরাপুরীতে) অপসসার (গমন করিয়া থাকেন), তত্র (তখন) রবিং বিনা (সূর্য্য ব্যতীত) অক্ষ্নোঃ ইব (চক্ষুর ন্যায়) [অর্থাৎ সূর্য্যালোক অভাবে অন্ধকারবশতঃ চক্ষুর যেমন অল্পক্ষণই বহুক্ষণ বলিয়া প্রতীত হইয়া থাকে, সেইরূপ] তব নঃ (আপনার আশ্রিত এই আমাদের) ক্ষণঃ (ক্ষণকালও) অব্দকোটিপ্রতিমঃ (কোটিবৎসরের তুল্য) ভবেৎ (হইয়া থাকে) ॥ ৯ ॥

হে নাথ! (হে প্রতিপালক!) ত্বয়ি চিরোষিতে (আপনি বহুকাল প্রবাসে থাকিলে) বয়ং (আমরা) প্রসন্নদৃষ্ট্যা (প্রসন্নদৃষ্টির দ্বারা) অখিলতাপশোষণং (সংসারদুঃখনাশক) সুন্দরহাসশোভিতং (সুন্দরহাস্যে শোভিত) তে মনোহরং বদনং (আপনার মনোহর বদনমণ্ডল) অপশ্যমানাঃ (দর্শন না করিয়া) কথং জীবেম (কি প্রকারে জীবনধারণ করিতে পারি?) ॥ ১০ ॥

ভক্তবৎসলঃ (ভক্তবৎসল শ্রীকৃষ্ণ) প্রজানাং (প্রজাগণের) ইতি (এই প্রকার) উদীরিতাঃ (কথিত) বাচঃ (বাক্যসকল) শৃণ্বানঃ (শ্রবণ করিতে করিতে) দৃষ্ট্যা (দৃষ্টিদ্বারা) অনুগ্রহং (কৃপা) বিতন্বন্ (বিস্তার করিয়া অর্থাৎ প্রকাশ করিয়া) পুরং (দ্বারকাপুরীতে) প্রাবিশৎ (প্রবেশ করিলেন) ॥ ১১ ॥

অনুবাদ

হে কমললোচন! হে কৃষ্ণ! যখন আপনি আত্মীয়গণের দর্শন মানসে হস্তিনাপুরে অথবা মথুরাপুরীতে গমন করেন, তখন সূর্য্যালোক অভাবে অন্ধকারবশতঃ চক্ষুর একক্ষণকেই বহুক্ষণ বলিয়া প্রতীতির ন্যায় আপনারই আশ্রিত এই আমাদের ক্ষণকাল সময়ও কোটি বৎসরের তুল্য হইয়া থাকে ॥ ৯ ॥

হে নাথ! আপনি বহুকাল প্রবাসী হইলে, আমরা কিরূপে আপনার সংসারদুঃখ-বিনাশক প্রসন্ন দৃষ্টি ও সুন্দর হাস্যে শোভিত মনোহর বদনমণ্ডল না দেখিয়া জীবনধারণ করিতে পারি ॥ ১০ ॥

ভক্তবৎসল ভগবান্ শ্রীকৃষ্ণ প্রজাগণের এই প্রকার বাক্য শ্রবণ করিতে করিতে দৃষ্টিনিক্ষেপের দ্বারা কৃপা বিস্তারপূর্ব্বক দ্বারকাপুরীতে প্রবেশ করিলেন ॥ ১১ ॥

টীকা

সৌভগং যস্মিন্ তৎ ॥৮॥ "কুরূন্ মধূন্ বা" দেশান্ "অপসসার" জগাম, "তব" তাবকানাং "নো"ঽস্মাকম্ ॥৯॥ কিঞ্চ "তে বদনমপশ্যমানাঃ কথং জীবেম" ॥ ১০। ১১ ॥ পুরীং বর্ণয়তি "মধ্বি"তি পঞ্চভিঃ। "গুপ্তাং"

মধুভোজদশার্হার্হ-কুকুরান্ধকবৃষ্ণিভিঃ।
আত্মতুল্যবলৈর্গুপ্তাং নাগৈর্ভোগবতীমিব ॥ ১২ ॥
সর্ব্বর্ত্তুসর্ব্ববিভব-পুণ্যবৃক্ষলতাশ্রমৈঃ।
উদ্যানোপবনারামৈর্বৃতপদ্মাকরশ্রিয়ম্ ॥ ১৩ ॥
গোপুরদ্বারমার্গেষু কৃতকৌতুকতোরণাম্।
চিত্রধ্বজপতাকাগ্রৈ-রন্তঃ প্রতিহতাতপাম্ ॥ ১৪ ॥

অন্বয়

[৫টি শ্লোকের দ্বারা দ্বারকাপুরীর বর্ণনা করিতেছেন] [ভগবান্ শ্রীকৃষ্ণ] নাগৈঃ (অনন্তাদি সর্পগণকর্ত্তৃক) [গুপ্তাং] (সুরক্ষিত) ভোগবতীম্ ইব (পাতালপুরীর ন্যায়) আত্মতুল্যবলৈঃ (নিজের মত বলশালী) মধুভোজদশার্হার্হকুকুরান্ধকবৃষ্ণিভিঃ (মধু, ভোজ, দশার্হ, অর্হ, কুকুর, অন্ধক ও বৃষ্ণিগণকর্ত্তৃক) গুপ্তাং (সুরক্ষিত) [দ্বারকাপুরীতে প্রবেশ করিলেন] ॥ ১২ ॥

[ভগবান্ শ্রীকৃষ্ণ] সর্ব্বর্ত্তুসর্ব্ববিভবপুণ্যবৃক্ষলতাশ্রমৈঃ (ঋতুসকলের বিভব অর্থাৎ ফল পুষ্পাদি এবং পবিত্র বৃক্ষ ও লতামণ্ডপযুক্ত) উদ্যানোপবনারামৈঃ (উদ্যান, উপবন ও ক্রীড়াবনের দ্বারা) বৃতপদ্মাকরশ্রিয়ং (পরিবেষ্টিত সরোবরসমূহে শোভিত) [দ্বারকাপুরীতে প্রবেশ করিলেন] ॥ ১৩ ॥

গোপুরদ্বারমার্গেষু (পুরদ্বার, গৃহদ্বার ও পথে) কৃতকৌতুকতোরণাং (অত্যন্ত আনন্দবশতঃ তোরণ সকল সংস্থাপিত হইয়াছিল) চিত্রধ্বজপতাকাগ্রৈঃ অন্তঃ (নানাবিধ বিচিত্র ধ্বজ ও পতাকার অগ্রভাগ দ্বারা মধ্যে) প্রতিহতাতপাং (সূর্য্যকিরণ প্রতিহত হইয়াছিল) [এমন দ্বারকাপুরীতে শ্রীকৃষ্ণ প্রবেশ করিলেন] ॥ ১৪ ॥

অনুবাদ

[কিরূপ দ্বারকাপুরীতে প্রবেশ করিলেন তাহাই বর্ণিত হইতেছে]—অনন্ত প্রভৃতি সর্পগণকর্ত্তৃক পাতালপুরী যেমন সুরক্ষিত, সেইরূপ ভগবান্ শ্রীকৃষ্ণ নিজের মত বলশালী মধু, ভোজ, দশার্হ, অর্হ, কুকুর, অন্ধক ও বৃষ্ণিগণকর্ত্তৃক সুরক্ষিত দ্বারকাপুরীতে প্রবেশ করিলেন ॥ ১২ ॥

সেই দ্বারকাপুরীতে ঋতু সকলের বিভব ফলপুষ্পাদি, পবিত্র বৃক্ষ ও লতামণ্ডপবিশিষ্ট উদ্যান, উপবন ও ক্রীড়াবনের দ্বারা সরোবর সমূহ পরিবেষ্টিত ছিল ॥ ১৩ ॥

সেই দ্বারকাপুরীতে পুরদ্বার, গৃহদ্বার ও পথসমূহে আনন্দবশতঃ তোরণসকল সংস্থাপিত হইয়াছিল এবং নানাবিধ বিচিত্র [অর্থাৎ গরুড়াদিচিহ্নযুক্ত] ধ্বজ ও পতাকার অগ্রভাগদ্বারা সেই পুরীর মধ্যে সূর্য্যকিরণ প্রতিহত হইয়াছিল ॥ ১৪ ॥

টীকা

পালিতাম্ ॥ ১২ ॥ সর্ব্বর্ত্তুসর্ব্ববিভবাঃ পুণ্যবৃক্ষলতাশ্রমাঃ যেষু তৈঃ, "উদ্যানোপবনারামৈঃ" বৃতাঃ যে পদ্মাকরাঃ তৈঃ শ্রীঃ শোভা যস্যাস্তাম্, তত্রোদ্যানং সর্ব্বসাধারণম্, উপবনং পৃথক্ পৃথক্ সংগৃহীতম্, আরামঃ ক্রীড়াবনম্ ॥ ১৩ ॥ গোপুরাণি পুরদ্বারাণি, দ্বারাণি বেশ্মদ্বারাণি, মার্গাঃ প্রসিদ্ধাঃ, তেষু যথাযোগ্যং কৃতানি কৌতুকেন হর্ষেণ পুষ্পপল্লববস্ত্রমৌক্তিকাদিময়ানি তোরণানি যস্যাং তাম্,

সম্মার্জ্জিতমহামার্গ-রথ্যাপণকচত্বরাম্।
সিক্তাং গন্ধজলৈরুপ্তাং ফলপুষ্পাক্ষতাঙ্কুরৈঃ ॥ ১৫ ॥
দ্বারি দ্বারি গৃহাণাঞ্চ দধ্যক্ষতফলেক্ষুভিঃ।
অলঙ্কৃতাং পূর্ণকুম্ভৈর্ব্বলিভির্ধূপদীপকৈঃ ॥ ১৬ ॥
নিশম্য প্রেষ্ঠমায়ান্তং বসুদেবো মহামনাঃ।
অক্রূরশ্চোগ্রসেনশ্চ রামশ্চাদ্ভুতবিক্রমঃ ॥ ১৭ ॥

অন্বয়

সম্মার্জ্জিতমহামার্গরথ্যাপণকচত্বরাং (যে পুরীর রাজপথ, ক্ষুদ্রপথ, পণ্যপথ এবং অঙ্গন সকল সম্মার্জ্জিত হইয়াছিল), গন্ধজলৈঃ সিক্তাং (যে পুরী সুগন্ধ জলের দ্বারা অভিষিক্ত হইয়াছিল), ফল-পুষ্পাক্ষতাঙ্কুরৈঃ (ও যে পুরীতে ফল, পুষ্প, তণ্ডুল ও শস্যাঙ্কুর) উপ্তাং (বিকীর্ণ হইয়াছিল) [সেই দ্বারকাপুরীতে শ্রীকৃষ্ণ প্রবেশ করিলেন] ॥১৫॥

গৃহাণাং ([যে পুরী] গৃহসমূহের) দ্বারি দ্বারি চ (প্রত্যেক দ্বারেই) দধ্যক্ষতফলেক্ষুভিঃ (দধি, অক্ষত, ফল, ইক্ষু) পূর্ণকুম্ভৈঃ (পূর্ণকুম্ভ) বলিভিঃ (পূজোপকরণসমূহ) ধূপদীপকৈঃ (ধূপ ও দীপদ্বারা সজ্জিত থাকায়) অলঙ্কৃতাং (অলঙ্কৃতা হইয়াছিল) [সেই দ্বারকাপুরীতে শ্রীকৃষ্ণ প্রবেশ করিলেন] ॥১৬॥

(অনন্তর) প্রেষ্ঠং (অতিশয় প্রিয়তম শ্রীকৃষ্ণ) আয়ান্তং নিশম্য (আসিয়াছেন শুনিয়া) মহামনাঃ বসুদেবঃ (মহাত্মা বসুদেব) অক্রূরঃ চ (অক্রূর) উগ্রসেনঃ চ (উগ্রসেন) অদ্ভুতবিক্রমঃ রামঃ চ (মহাপরাক্রমশালী বলরাম) প্রদ্যুম্নঃ চারুদেষ্ণঃ জাম্ববতীসুতঃ সাম্বঃ চ (এবং প্রদ্যুম্ন, চারুদেষ্ণ

অনুবাদ

যে পুরীর রাজপথ, ক্ষুদ্রপথ, পণ্যপথ এবং অঙ্গন সকল সম্মার্জ্জিত ও গন্ধজলে অভিষিক্ত হইয়াছিল এবং ফল, পুষ্প, তণ্ডুল ও শস্যাঙ্কুর বিকীর্ণ হওয়ায় সুশোভিত হইয়াছিল [সেই দ্বারকাপুরীতে শ্রীকৃষ্ণ প্রবেশ করিলেন] ॥ ১৫ ॥

গৃহসমূহের প্রত্যেক দ্বারেই দধি, অক্ষত, ফল, ইক্ষু, পূর্ণকুম্ভ, পূজোপকরণ এবং ধূপ ও দীপ সজ্জিত থাকায় যে পুরী অলঙ্কৃত হইয়াছিল [সেই দ্বারকাপুরীতে শ্রীকৃষ্ণ প্রবেশ করিলেন] ॥ ১৬ ॥

অনন্তর অতিশয় প্রিয়তম শ্রীকৃষ্ণ আসিতেছেন শুনিয়া মহাত্মা বসুদেব, অক্রূর, উগ্রসেন, মহাপরাক্রমশালী বলরাম, প্রদ্যুম্ন, চারুদেষ্ণ, জাম্ববতীপুত্র সাম্ব ইহারা সকলেই

টীকা

চিত্রাণাং ত্রিকোণাদ্যাকারাণাং গরুড়াদিচিহ্নাঙ্কিতানাং ধ্বজানাং দীর্ঘাকারাণাং পতাকানাঞ্চ অগ্রৈরন্তঃ প্রতিহত আতপো যস্যাং তাম্॥ ১৪ ॥ সম্যক্ মার্জ্জিতানি মহামার্গাদীনি যস্যাং তাম্, তত্র মহামার্গাঃ রাজবীথয়ঃ, রথ্যা উপবীথয়ঃ, আপণকাঃ পণ্যবীথয়ঃ, চত্বরাণি অঙ্গনানি, "গন্ধজলৈঃ সিক্তাং" ফলাদিভিরুপ্তাং বিকীর্ণাম্॥ ১৫ ॥

"বলিভিঃ" পূজার্থৈর্ব্বস্তুভিঃ ॥১৬॥ বন্ধূনাং পৌরাণাঞ্চ ভগবতি স্নেহাধিক্যমাহ—"নিশম্যে"তি সার্দ্ধৈঃ

প্রদ্যুম্নশ্চারুদেষ্ণশ্চ সাম্বো জাম্ববতীসুতঃ।
প্রহর্ষবেগোচ্ছশিত-শয়নাসনভোজনাঃ ॥ ১৮ ॥
বারণেন্দ্রং পুরস্কৃত্য ব্রাহ্মণৈঃ সস্ত্রমঙ্গলৈঃ।
শঙ্খতূর্য্যনিনাদেন ব্রহ্মঘোষেণ চাদৃতাঃ ॥ ১৯ ॥
প্রত্যুজ্জগ্মূ রথৈর্হৃষ্টাঃ প্রণয়াগতসাধ্বসাঃ।
বারমুখ্যাশ্চ শতশো যানৈস্তদ্দর্শনোৎসুকাঃ।
লসৎকুণ্ডলনির্ভাত-কপোলবদনশ্রিয়ঃ ॥ ২০ ॥
নটনর্ত্তকগন্ধর্ব্বাঃ সূতমাগধবন্দিনঃ।
গায়ন্তি চোত্তমঃশ্লোকচরিতান্যদ্ভুতানি চ ॥ ২১ ॥

অন্বয়

ও জাম্ববতীপুত্র সাম্ব) [ইঁহারা সকলেই] প্রহর্ষবেগোচ্ছশিতশয়নাসনভোজনাঃ (আনন্দাতিশয়বশতঃ শয়ন, উপবেশন ও ভোজন ব্যাপার পরিত্যাগ করিয়া) বারণেন্দ্রং পুরস্কৃত্য (গজরাজকে মঙ্গলার্থ অগ্রে লইয়া) সস্ত্রমঙ্গলৈঃ ব্রাহ্মণৈঃ সহ (মাঙ্গলিকদ্রব্যযুক্ত ব্রাহ্মণগণের সহিত) শঙ্খতূর্য্যনিনাদেন (শঙ্খধ্বনি তূর্য্যনিনাদ) ব্রহ্মঘোষেণ চ (ও বেদধ্বনিদ্বারা) আদৃতাঃ (আগ্রহান্বিত হইয়া) [রথৈঃ প্রত্যুজ্জগ্মুঃ] (রথে আরোহণ করিয়া শ্রীকৃষ্ণের প্রত্যুদ্গমন করিলেন)॥ ১৭—১৯॥

প্রণয়াগতসাধ্বসাঃ (যাহারা প্রণয়বশতঃ সম্ভ্রমযুক্ত) হৃষ্টাঃ (আনন্দিত) তদ্দর্শনোৎসুকাঃ (ও শ্রীকৃষ্ণদর্শনে সমুৎসুক) লসৎকুণ্ডলনির্ভাতকপোলবদনশ্রিয়ঃ (এবং যাঁহাদের বদনমণ্ডল কুণ্ডলকান্তিযুক্ত গণ্ডস্থলের দ্বারা শোভিত, সেইরূপ) শতশঃ (শত শত) বারমুখ্যাঃ চ (বারাঙ্গণাও) যানৈঃ (রথে আরোহণ করিয়া) প্রত্যুজ্জগ্মুঃ (শ্রীকৃষ্ণের প্রত্যুদ্গমন করিল)॥ ২০॥

নটনর্ত্তকগন্ধর্ব্বাঃ (নট—নববিধ রসাভিনয়চতুর, নর্ত্তক—তাল অনুসারে নৃত্যকারী, গন্ধর্ব্ব—গায়ক)

অনুবাদ

আনন্দাতিবশতঃ স্ব স্ব শয়ন, উপবেশন, ভোজন প্রভৃতি ব্যাপার পরিত্যাগ করিয়া রাজহস্তীকে অগ্রে লইয়া মাঙ্গলিক দ্রব্যযুক্ত ব্রাহ্মণগণের সহিত শঙ্খধ্বনি, তূর্য্য নিনাদ, ও বেদধ্বনি দ্বারা আগ্রহান্বিত হইয়া রথযোগে শ্রীকৃষ্ণের প্রত্যুদ্গমন করিলেন॥ ১৭-১৯॥

যাহারা প্রণয়বশতঃ সম্ভ্রমযুক্ত, আনন্দিত ও শ্রীকৃষ্ণদর্শনে সমুৎসুক এবং যাহাদের বদনমণ্ডল কুণ্ডলকান্তিযুক্ত গণ্ডস্থলের দ্বারা শোভিত, সেইরূপ শত শত বারবনিতাগণও রথে আরোহণ করিয়া শ্রীকৃষ্ণের প্রত্যুদ্গমন করিল॥ ২০॥

নট, নর্ত্তক, গায়ক, পৌরাণিক, বংশপাঠক ও স্তুতিপাঠক ইহারা সকলেই ভগবান্ শ্রীকৃষ্ণের অত্যাশ্চর্য্য লীলাসকল কীর্ত্তন করিতে লাগিল॥ ২১॥

টীকা

পঞ্চভিঃ॥ ১৭॥ প্রহর্ষবেগেন উচ্ছশিতানি উল্লঙ্ঘিতানি শয়নাদীনি যৈঃ তে, শশ প্লুতগতৌ ধাতুঃ॥ ১৮॥ "বারণেন্দ্রং" গজরাজং॥ ১৯॥ "প্রণয়াগতসাধ্বসাঃ" স্নেহাগতসম্ভ্রমাঃ লসদ্ভিঃ শোভিতৈঃ কুণ্ডলৈঃ নির্ভাতানি কপোলানি তৈর্বদনেষু শ্রীঃ শোভা যাসাং তাঃ॥ ২০॥ ২১॥

ভগবাংস্তত্রবন্ধূনাং পৌরাণামনুবর্ত্তিনাম্।
যথাবিধ্যুপসঙ্গম্য সর্ব্বেষাং মানমাদধে ॥ ২২ ॥
প্রহ্বাভিবাদনাশ্লেষকরস্পর্শস্মিতেক্ষণৈঃ।
আশ্বাস্য চাশ্বপাকেভ্যো বরৈশ্চাভিমতৈর্বিভুঃ ॥ ২৩ ॥
স্বয়ঞ্চ গুরুভির্বিপ্রৈঃ সদারৈঃ স্থবিরৈরপি।
আশীর্ভির্যুজ্যমানোঽন্যৈর্বন্দিভিশ্চাবিশৎ পুরীম্ ॥ ২৪ ॥

অন্বয়

সূতমাগধবন্দিনঃ (সূত—পৌরাণিক, মাগধ—বংশাবলীপাঠক, বন্দী—স্তুতিপাঠক) অদ্ভুতানি (অত্যাশ্চর্য্য) উত্তমঃশ্লোকচরিতানি (শ্রীকৃষ্ণের লীলাসকল) গায়ন্তি চ (কীর্ত্তন করিতে লাগিল) ॥২১॥

ভগবান্ বিভুঃ (ভগবান্ শ্রীকৃষ্ণ) তত্র (সেই পৌরজনসমাগমে) বন্ধূনাং (বসুদেব প্রভৃতি স্বজনগণের) আশ্বপাকেভ্যঃ (ও আচণ্ডাল) সর্ব্বেষাং পৌরাণাং চ (সকল পুরবাসিগণের) যথাবিধি উপসঙ্গম্য (যাহার সহিত যেমন উচিত, তাহার সহিত তেমন ভাবে মিলিত হইয়া) যথাবিধি আশ্বাস্য (যাহাকে যেমন উচিত, তাহাকে সেইরূপ আশ্বাস প্রদান করিয়া) প্রহ্বাভিবাদনাশ্লেষকরস্পর্শস্মিতেক্ষণৈঃ (প্রণাম, অভিবাদন, আলিঙ্গন, করস্পর্শ, ও সহাস্যাবলোকনের দ্বারা) অভিমতৈঃ বরৈঃ চ (এবং অভিমত বর প্রদানের দ্বারা) যথাবিধি (যাহার যেমন সম্মান প্রাপ্য, তাহাকে তেমন) মানম্ আদধে (সম্মান প্রদর্শন করিলেন) ॥ ২২-২৩ ॥

স্বয়ম্ অপি (নিজেও) সদারৈঃ (সস্ত্রীক) স্থবিরৈঃ (বৃদ্ধ) বিপ্রৈঃ (ব্রাহ্মণগণ) গুরুভিঃ (গুরুজনগণ) বন্দিভিঃ চ (ও স্তুতিপাঠকগণ) অন্যৈঃ চ (এবং অন্যান্য সমাগত ব্যক্তিগণকর্ত্তৃক) আশীর্ভিঃ যুজ্যমানঃ (আশীর্ব্বাদযুক্ত হইয়া) পুরীম্ আবিশৎ (পুরীতে প্রবেশ করিলেন) ॥ ২৪ ॥

অনুবাদ

ভগবান্ শ্রীকৃষ্ণ সেই পৌরজনসমাগমে বসুদেব প্রভৃতি স্বজনগণের এবং আচণ্ডাল সকল পুরবাসিগণের সহিত যথাযোগ্যভাবে মিলিত হইলেন এবং যাহাকে যেমন উচিত তাহাকে সেইরূপ আশ্বাস প্রদান পূর্ব্বক প্রণাম, অভিবাদন,আলিঙ্গন,করস্পর্শ ও সহাস্য-অবলোকনের দ্বারা এবং অভিমত বর প্রদানের দ্বারা সকলের যথাযোগ্যভাবে সম্মান প্রদর্শন করিলেন ॥ ২২-২৩॥

ভগবান্ শ্রীকৃষ্ণ নিজেও সস্ত্রীক বৃদ্ধব্রাহ্মণগণ, গুরুজনগণ, স্তুতিপাঠকগণ, এবং অপরাপর সমাগত ব্যক্তিগণকর্ত্তৃক আশীর্ব্বাদযুক্ত হইয়া পুরীতে প্রবেশ করিলেন ॥২৪॥

টীকা

তত্র ভগবচ্চেষ্টিতমাহ—"ভগবানি"তি ত্রিভিঃ। অত্র যথাবিধীতি পদং সর্ব্বত্র যোজনীয়ম্। "ভগবান্" প্রভুঃ "তত্র" তস্মিন্ সমাগমে "বন্ধূনাং" বসুদেবাদীনাং আশ্বপাকেভ্যঃ "সর্ব্বেষাং পৌরাণাং চ যথাবিধি" "সংগম্য" যেন যথোচিতং তেন তথা সমাগমং কৃত্বা "যথাবিধি আশ্বাস্য যথাবিধি প্রহ্বাদিভিরভিমতৈর্বরৈশ্চ মানমাদধে" সম্মানং চকার ইতি—দ্বয়োরন্বয়ঃ ॥ ২২ ॥ প্রহ্বং শিরসা অভিবাদনম্,

রাজমার্গং গতে কৃষ্ণে দ্বারকায়াঃ কুলস্ত্রিয়ঃ।
হর্ম্ম্যাণ্যারুরুহুর্ব্বিপ্র! তদীক্ষণমহোৎসবাঃ ॥ ২৫ ॥
নিত্যং নিরীক্ষমাণানাং যদপি দ্বারকৌকসাম্।
নৈব তৃপ্যন্তি হি দৃশঃ শ্রিয়ো ধামাঙ্গমচ্যুতম্ ॥ ২৬ ॥
শ্রিয়ো নিবাসো যস্যোরঃ পানপাত্রং মুখং দৃশাম্।
বাহবো লোকপালানাং সারঙ্গাণাং পদাম্বুজম্ ॥ ২৭ ॥

অন্বয়

বিপ্র! (হে শৌনক!) কৃষ্ণে (ভগবান্ শ্রীকৃষ্ণ) রাজমার্গং গতে (রাজপথে উপস্থিত হইলে) দ্বারকায়াঃ কুলস্ত্রিয়ঃ (দ্বারকার কুলরমণীগণ) তদীক্ষণমহোৎসবাঃ (শ্রীকৃষ্ণদর্শনের আনন্দে মত্ত হইয়া) হর্ম্ম্যাণি (প্রাসাদশিখরে) আরুরুহুঃ (আরোহণ করিলেন) ॥ ২৫ ॥

[কি জন্য তাঁহারা প্রাসাদে আরোহণ করিলেন, তাহাই বলিতেছেন] যৎ (যেহেতু) শ্রিয়ঃ (লক্ষ্মীর) ধামাঙ্গং (বাসস্থান যাঁহার অঙ্গ) তং অচ্যুতং (সেই শ্রীকৃষ্ণকে) নিত্যং নিরীক্ষমাণানাম্ অপি (সর্ব্বদাই দর্শন করিয়াও) দ্বারকৌকসাং (দ্বারকাবাসিগণের) দৃশঃ (নয়নসকল) নৈব তৃপ্যন্তি হি (পরিতৃপ্ত হইত না) ॥ ২৬ ॥

[সেই শ্রীকৃষ্ণ কেমন তাহাই বলিতেছেন] যস্য (যে শ্রীকৃষ্ণের) উরঃ (বক্ষঃস্থল) শ্রিয়ঃ নিবাসঃ (কমলার বাসস্থান), বাহবঃ লোকপালানাং [নিবাসঃ] (বাহুসকল লোকপালগণের আশ্রয়), পদাম্বুজং সারঙ্গাণাং [নিবাসঃ] (চরণকমল ভক্তগণের আশ্রয়), মুখং দৃশাং পানপাত্রম্ (এবং বদনমণ্ডল [সকল প্রাণিগণের] চক্ষুর সৌন্দর্য্যামৃতপানের পাত্রস্বরূপ) ॥ ২৭ ॥

অনুবাদ

হে বিপ্র! ভগবান্ শ্রীকৃষ্ণ রাজপথে উপস্থিত হইলে দ্বারকাবাসিনী কুলরমণীগণ তাঁহাকে দর্শন করিবার জন্য আনন্দিত হইয়া প্রাসাদশিখরে আরোহণ করিলেন ॥ ২৫ ॥

[শ্রীকৃষ্ণকে দেখিবার জন্য এত উৎকণ্ঠা কেন? কতই ত দেখিয়াছেন, এইজন্য বলিতেছেন] যেহেতু লক্ষ্মীর বাসস্থান যাঁহার অঙ্গ অর্থাৎ যিনি শ্রীনিবাস, সেই শ্রীকৃষ্ণকে সর্ব্বদাই দর্শন করিয়াও দ্বারকাবাসিগণের নয়ন পরিতৃপ্ত হইত না ॥ ২৬ ॥

যে শ্রীকৃষ্ণের বক্ষঃস্থল লক্ষ্মীদেবীর বাসস্থান, বাহুদ্বয় লোকপালগণের আশ্রয়, চরণ-কমল ভক্তগণের আশ্রয়, এবং বদনমণ্ডল সমস্ত প্রাণিগণের চক্ষুর সৌন্দর্য্যামৃতপানের পাত্রস্বরূপ, [সেই শ্রীকৃষ্ণকে দেখিয়া দ্বারকাবাসিগণ পরিতৃপ্ত হইত না] ॥ ২৭ ॥

টীকা

বাচাচমনম্, আশ্লেষঃ আলিঙ্গনম্ ॥ ২৩ ॥ "অন্যৈ"রন্যৈশ্চ ॥ ২৪ ॥ তস্য কৃষ্ণস্য ঈক্ষণে মহানুৎসবো-বিনোদো যাসাং তাঃ ॥ ২৫ ॥ কুলস্ত্রিয়োঽপি হর্ম্ম্যাণ্যারুরুহুরিত্যুক্তম্, তত্র হেতুমাহ—"নিত্যমি"তি দ্বাভ্যাম্। শ্রিয়ো রমায়াঃ ধাম বাসস্থানম্ অঙ্গং যস্য তম্ ॥ ২৬ ॥ "যস্যোরঃ শ্রিয়ঃ, বাহবো লোকপালানাং," "সারং গচ্ছতাং" সিদ্ধান্তগানাং "পদাম্বুজং বাসো, মুখং চ সর্ব্বদৃশাং পানপাত্রং" তম্ অচ্যুতমিতি

সিতাতপত্রব্যজনৈরুপস্কৃতঃ প্রসূনবর্ষৈরভিবর্ষিতঃ পথি।
পিশঙ্গবাসা বনমালয়া বভৌ ঘনো যথার্কোড়ুপচাপবৈদ্যুতৈঃ ॥২৮॥
প্রবিষ্টস্তু গৃহং পিত্রোঃ পরিষ্বক্তঃ স্বমাতৃভিঃ।
ববন্দে শিরসা সপ্ত দেবকীপ্রমুখাস্তদা ॥ ২৯ ॥

অন্বয়

(ভগবান্ শ্রীকৃষ্ণ) পথি (রাজমার্গে) সিতাতপত্রব্যজনৈঃ (শ্বেতবর্ণচ্ছত্র ও শ্বেতবর্ণ চামর-দ্বয়ের দ্বারা) উপস্কৃতঃ (ভূষিত) প্রসূনবর্ষৈঃ (পুষ্পবৃষ্টি দ্বারা) অভিবর্ষিতঃ (অভিবর্ষিত) পিশঙ্গবাসাঃ (ও পীতবসনে শোভিত হইয়া) বনমালয়া (বনমালা ধারণ করায়) অর্কোড়ুপচাপবৈদ্যুতৈঃ (সূর্য্য, নক্ষত্র, চন্দ্র, ইন্দ্রধনু, বিদ্যুৎতেজ এই সকলের দ্বারা) ঘনঃ যথা [বভৌ] (মেঘ যেমন শোভিত হয়), [তথা] বভৌ (সেইরূপ শোভা পাইতেছিলেন) ॥ ২৮ ॥

(এখানে সূর্য্য ছত্রের উপমান, নক্ষত্র পুষ্পবৃষ্টির উপমান, চন্দ্রদ্বয় চামরদ্বয়ের উপমান, ইন্দ্রধনু বনমালার উপমান, বিদ্যুৎতেজ পিঙ্গলবর্ণবস্ত্রদ্বয়ের উপমান।)

তদা তু (সেই সময়) পিত্রোঃ (পিতামাতার) গৃহং প্রবিষ্টঃ (গৃহে প্রবেশ করিয়া) স্বমাতৃভিঃ পরিষ্বক্তঃ (স্বীয় মাতৃগণকর্ত্তৃক আলিঙ্গিত হইয়া) দেবকীপ্রমুখাঃ সপ্ত ([মাতৃঃ] দেবকী প্রভৃতি সপ্তমাতাকে) শিরসা ববন্দে (অবনত মস্তকে প্রণাম করিলেন)।

অনুবাদ

গমনকালে শ্রীকৃষ্ণ রাজপথে মস্তকে শ্বেতচ্ছত্র ও উভয়পার্শ্বে শ্বেতচামরদ্বয়ে শোভিত হইলেন ও পুষ্পবর্ষণে অভিবর্ষিত হইলেন এবং পরিধানে পীতবসন ও গলদেশে বনমালায় শোভিত থাকায় তিনি অপূর্ব্ব শোভা ধারণ করিলেন। নবমেঘ উপরিভাগে সূর্য্য, উভয় পার্শ্বে চন্দ্রদ্বয়, সর্ব্বাঙ্গে নক্ষত্রসকল, মধ্যে ইন্দ্রধনু এবং স্থিরবিদ্যুৎ ধারণ করিলে যেমন শোভিত হয় তিনিও সেইরূপ শোভিত হইলেন। [অর্থাৎ শ্রীকৃষ্ণ যে শোভা ধারণ করিয়াছিলেন তাহার দৃষ্টান্ত দুর্লভ, তথাপি যদি পূর্ব্বোক্ত প্রকারে দৃষ্টান্তের কল্পনা করা যায়, তাহা হইলে এই অপূর্ব্ব শোভার তুলনা হইতে পারে] ॥ ২৮ ॥

তখন ভগবান্ শ্রীকৃষ্ণ পিতামাতার গৃহে প্রবেশ করিলেন এবং স্বীয় মাতৃগণকর্ত্তৃক আলিঙ্গিত হইয়া দেবকী প্রভৃতি সপ্ত মাতাকে অবনত মস্তকে প্রণাম করিলেন ॥ ২৯ ॥

টীকা

পূর্ব্বেণান্বয়ঃ ॥ ২৭ ॥ অথাভূতোপমানেন ধ্যানবিশেষার্থং ভগবন্তং বর্ণয়তি—"সিতাতপত্রে" তি। যথা শ্যামবর্ণো "ঘনো" যদি "অর্কোড়ুপচাপবৈদ্যুতৈঃ" শোভিতঃ স্যাৎ, উড়ুপশব্দেন সতারাগণং চন্দ্রদ্বয়ং গৃহ্যতে। বৈদ্যুত ইত্যত্র স্বার্থে অণ্। তথা সিতাতপত্রেণ অর্কোপমেন ব্যজনাভ্যাং চন্দ্রোপমাভ্যাং চ "উপস্কৃতো" মণ্ডিতঃ তারাগণোপমানাং "প্রসূনানাং বর্ষৈরভিবর্ষিতঃ," পিশঙ্গে বৈদ্যুতোপমে বাসসী যস্য, ভগবান্ ঘন ইব শ্যামঃ। ইন্দ্রচাপোপময়া "বনমালয়া চ বভৌ" ইত্যন্বয়ঃ ॥ ২৮ ॥ "সপ্ত"

তাঃ পুত্রমঙ্কমারোপ্য স্নেহস্নুতপয়োধরাঃ
হর্ষবিহ্বলিতাত্মানঃ সিষিচুর্নেত্রজৈর্জলৈঃ ॥ ৩০ ॥
অথাবিশৎ স্বভবনং সর্ব্বকামমনুত্তমম্।
প্রাসাদা যত্র পত্নীনাং সহস্রাণি চ ষোড়শ ॥ ৩১ ॥
পত্ন্যঃ পতিং প্রোষ্য গৃহানুপাগতং বিলোক্য সঞ্জাতমনোমহোৎসবাঃ।
উত্তস্থুরারাৎ সহসাসনাশয়াৎ সাকং ব্রতৈর্ব্রীড়িতলোচনাননাঃ ॥ ৩২ ॥

অন্বয়

স্নেহস্নুতপয়োধরাঃ (স্নেহবশতঃ যাঁহাদের স্তন্য ক্ষরিত হইতেছিল) তাঃ (সেই দেবকী প্রভৃতি মাতৃগণ) পুত্রং (পুত্র শ্রীকৃষ্ণকে) অঙ্কম্ আরোপ্য (ক্রোড়ে করিয়া) হর্ষবিহ্বলিতাত্মনঃ (আনন্দবিহ্বলান্তঃকরণে) নেত্রজৈঃ জলৈঃ (নেত্রজলে) [তং] সিষিচুঃ (শ্রীকৃষ্ণকে অভিষিক্ত করিলেন) ॥ ৩০ ॥

অথ (অনন্তর) [শ্রীকৃষ্ণ] যত্র (যে স্থানে) পত্নীনাং (পত্নীগণের) ষোড়শ সহস্রানি চ প্রাসাদাঃ [বর্ত্তন্তে] (ষোড়শ সহস্র অট্টালিকা বিদ্যমান আছে), [চকার সামর্থ্যে আরও একশত আটটি বুঝিতে হইবে] [তৎ] (সেই) সর্ব্বকামং (সর্ব্বকামপ্রদ) অনুত্তমং (সর্ব্বোৎকৃষ্ট) স্বভবনং (স্বীয়ভবনে) অবিশৎ (প্রবেশ করিলেন) ॥ ৩১ ॥

পত্ন্যঃ (শ্রীকৃষ্ণের পত্নীগণ) প্রোষ্য (প্রবাস করিয়া) গৃহান্ উপাগতং (স্বগৃহে প্রত্যাগত) পতিম্ (স্বামীকে) আরাৎ বিলোক্য (দূর হইতেই দেখিয়া) সঞ্জাতমনোমহোৎসবাঃ (আনন্দোৎফুল্লচিত্তে) ব্রীড়িতলোচনাননাঃ (লজ্জিতলোচনা ও লজ্জিতবদনা হইয়া) সহসা (তৎক্ষণাৎ) ব্রতৈঃ সাকং (ব্রতের সহিত) [অর্থাৎ প্রোষিতভর্ত্তৃকাগণের ক্রীড়া, শরীরসংস্কার, সমাজদর্শন, উৎসবদর্শন, হাস্য ও পরগৃহে গমন, এই সকল পরিত্যাগ করিবার বিধি আছে; সেই নিয়মসকল তাঁহারা পালন করিতেছিলেন, এক্ষণে কৃষ্ণদর্শনে ব্রতধারণ অবস্থায়ই] আসনাশয়াৎ (আসন ও অন্তঃকরণ হইতে) উত্তস্থুঃ (উত্থিতা হইলেন)। [অর্থাৎ আসন হইতে উঠিলেন ও গৃহকর্ম্মাদিতে যে অন্তঃকরণ আবদ্ধ ছিল, তাহা সেই সেই বিষয় হইতে নিবৃত্ত করিয়া শ্রীকৃষ্ণে স্থাপন করিলেন] ॥ ৩২ ॥

অনুবাদ

সেই দেবকী প্রভৃতি মাতৃগণ যখন পুত্র শ্রীকৃষ্ণকে ক্রোড়ে লইলেন, তখন পুত্রস্নেহবশতঃ তাঁহাদের স্তন্য ক্ষরিত হইতে লাগিল এবং তাঁহারা আনন্দবিহ্বলান্তঃকরণে আনন্দাশ্রুদ্বারা শ্রীকৃষ্ণকে অভিষিক্ত করিলেন ॥ ৩০ ॥

অনন্তর ভগবান্ শ্রীকৃষ্ণ যেখানে নিজপত্নীগণের ষোড়শ সহস্র ও অষ্টোত্তরশত অট্টালিকা বিদ্যমান আছে, সেই সর্ব্বকামপ্রদ ও সর্ব্বোৎকৃষ্ট স্বীয় ভবনে প্রবেশ করিলেন ॥৩১॥

শ্রীকৃষ্ণের পত্নীগণ প্রবাস হইতে স্বগৃহে প্রত্যাগত স্বামীকে দূর হইতেই অবলোকন

টীকা

ইত্যন্তাসামুপলক্ষণম্ ॥ ২৯ ॥ ৩০ ॥ অষ্টোত্তরশতসংখ্যকা অন্যে প্রাসাদাশ্চকারেণ গ্রাহ্যাঃ ॥ ৩১ ॥ "প্রোষ্য" প্রবাসং কৃত্বা "গৃহানুপাগতং পতিং আরাৎ" দূরাদেব "বিলোক্য সহসৈব" অতএব "ব্রতৈঃ সাকং" ধৃতব্রতা এব "আসনাৎ আশয়াদ"ন্তঃকরণাচ্চ দেহগেহস্মৃতিরূপাদন্তঃকরণধর্ম্মাদপি "উত্তস্থুঃ"। ব্রতানি যাজ্ঞবল্ক্যেন উক্তানি—"ক্রীড়াং শরীরসংস্কারং সমাজোৎসবদর্শনম্। হাস্যং পরগৃহে যানং ত্যজেৎ

তমাত্মজৈর্দৃষ্টিভিরন্তরাত্মনা দুরন্তভাবাঃ পরিরেভিরে পতিম্।
নিরুদ্ধমপ্যাস্রবদম্বু নেত্রয়ো-র্বিলজ্জতীনাং ভৃগুবর্য্য বৈক্লবাৎ ॥৩৩॥
যদ্যপ্যসৌ পার্শ্বগতো রহোগত-স্তথাপি তস্যাঙ্ঘ্রিযুগং নবং নবম্।
পদে পদে কা বিরমেত তৎপদা-চ্চলাপি যচ্ছ্রীর্ন জহাতি কর্হিচিৎ ॥৩৪॥

অন্বয়

হে ভৃগুবর্য্য! (হে ভৃগুনন্দন শৌনক!) দুরন্তভাবাঃ (অগাধ প্রেমযুক্তা) [শ্রীকৃষ্ণের পত্নীগণ] তং পতিং (সেই স্বামীকে) [পূর্ব্বং] অন্তরাত্মনা ([আগমন-বার্ত্তা শ্রবণ করিয়া] মনের দ্বারা) [ততঃ] দৃষ্টিভিঃ ([অনন্তর] চক্ষুর দ্বারা) [ততঃ] আত্মজৈঃ ([অনন্তর এক্ষণে] পুত্রদ্বারা) পরিরেভিরে ([আলিঙ্গন করিয়া স্বয়ংও] আলিঙ্গন করিলেন)। বৈক্লবাৎ (প্রেমে বিবশ হওয়ায়) বিলজ্জতীনাং (স্ত্রীজনসুলভলজ্জাশীলা তাঁহাদের) নেত্রয়োঃ নিরুদ্ধম্ অপি অম্বু (নিরুদ্ধ নয়নজলও) আস্রবৎ (পতিত হইল)॥ ৩৩॥

যদ্যপি অসৌ (যদিও সেই শ্রীকৃষ্ণ) [তাঁহাদের] পার্শ্বগতঃ (সমীপস্থ) রহোগতঃ (ও নির্জ্জনে অবস্থিত থাকিতেন), তথাপি (তাহা হইলেও) তস্য (শ্রীকৃষ্ণের) অঙ্ঘ্রিযুগং (পাদপদ্মদ্বয়) পদে পদে (প্রতিক্ষণ) নবং নবং ([তাঁহাদের নিকটে] নূতন নূতন বলিয়া মনে

অনুবাদ

করিয়া আনন্দোৎফুল্লচিত্তে লজ্জিতলোচনা ও লজ্জিতবদনা হইয়া ব্রতধারণ অবস্থায়ই আসন হইতে উঠিলেন এবং গৃহকর্ম্মাদিতে আবদ্ধ অন্তঃকরণ সেই সেই বিষয় হইতে নিবৃত্ত করিয়া আনিলেন। [অর্থাৎ যাঁহাদের পতি প্রবাসে আছেন, তাঁহাদের ক্রীড়া, শরীরসংস্কার, সমাজদর্শন, উৎসবদর্শন, হাস্য ও পরগৃহে গমন পরিত্যাগরূপ ব্রত ধারণ করিয়া থাকিতে হয়। এক্ষণে স্বামী সন্দর্শনে সেই কৃষ্ণপত্নীগণ ব্রতধারণ অবস্থায়ই আসন হইতে উঠিলেন ও অন্তঃকরণ অন্য বিষয় হইতে নিবৃত্ত করিয়া শ্রীকৃষ্ণে স্থাপন করিলেন]॥ ৩২॥

হে ভৃগুনন্দন! অগাধপ্রেমশীলা কৃষ্ণপত্নীগণ পতির আগমনবার্ত্তা শ্রবণ করিয়াই প্রথমে মনে মনে পতিকে আলিঙ্গন করিয়াছেন, অনন্তর দর্শন করামাত্র চক্ষু দ্বারা আলিঙ্গন করিয়াছেন, এক্ষণে পুত্রদ্বারা আলিঙ্গন করিয়া স্বয়ংও আলিঙ্গন করিলেন। তাঁহারা লজ্জাশীলা হইলেও আনন্দে বিবশ হওয়ায় তাঁহাদের নিরুদ্ধ নয়নজল নিপতিত হইল। [অর্থাৎ যদিও এতক্ষণ লজ্জাবশতঃ নয়নজল আবদ্ধ করিয়া রাখিয়াছিলেন, এক্ষণে আনন্দের প্লাবনে তাহা আর রাখিতে পারিলেন না]॥ ৩৩॥

যদিও সেই ভগবান্ শ্রীকৃষ্ণ স্বীয় পত্নীগণের নিকটে ও নির্জ্জনে একত্র অবস্থান করিতেন,

টীকা

প্রোষিতভর্ত্তৃকা" ইতি॥ ৩২॥ হে "ভৃগুবর্য্য! দুরন্তভাবাঃ" অগাধস্নেহাঃ পত্ন্যঃ "তমা"গতং "পতিং আত্মজৈ"স্তদ্দ্বারেণ "দৃষ্টিভিরন্তরাত্মনা চ পরিরেভিরে" আলিঙ্গিতবত্যঃ "বিলজ্জতীনাং" স্ত্রীণাং গুণবিশেষরূপাং লজ্জাং কুর্ব্বন্তীনাং "নিরুদ্ধমপি" "বিক্লবাৎ বৈক্লব্যাৎ নেত্রয়োরম্বু" বাষ্পম্ "আস্রবৎ" ঈষৎ সুস্রাব॥ ৩৩॥ তাসাং ভগবতি স্নেহাতিশয়মাহ—"যদ্যপী"তি। "যদ্যপ্যসৌ" শ্রীকৃষ্ণঃ "পার্শ্বগতঃ" রহোগতশ্চ,

এবং নৃপাণাং ক্ষিতিভারজন্মনা-মক্ষৌহিণীভিঃ পরিবৃত্ততেজসাম্।
বিধায় বৈরং শ্বসনো যথানলং মিথো বধেনোপরতো নিরায়ুধঃ ॥ ৩৫ ॥
স এষ নরলোকেঽস্মিন্নবতীর্ণঃ স্বমায়য়া।
রেমে স্ত্রীরত্নকূটস্থো ভগবান্ প্রাকৃতো যথা ॥ ৩৬ ॥

অন্বয়

হইত)। যৎ (যে শ্রীকৃষ্ণের পাদপদ্মকে) চলা অপি শ্রীঃ (চঞ্চলা হইয়াও লক্ষ্মী) কর্হিচিৎ ন জহাতি (কখনও পরিত্যাগ করেন না), তৎপদাৎ (সেই শ্রীকৃষ্ণের পাদপদ্ম দর্শন হইতে) কা বিরমেত (কোন্ রমণা বিরত হইতে পারে)॥ ৩৪ ॥

শ্বসনঃ (বায়ু) অনলং (ঘর্ষণজনিত অগ্নি) বিধায় (উৎপাদন করিয়া) মিথঃ বধেন (পরস্পর দগ্ধ হইলে) যথা উপরতঃ [ভবতি] (যেমন স্বয়ং উপশম প্রাপ্ত হইয়া থাকে), এবং (এই প্রকার) [যে শ্রীকৃষ্ণ] নিরায়ুধঃ (অস্ত্রশূন্য হইয়া) অক্ষৌহিণীভিঃ (অক্ষৌহিণী পরিমিতি সেনাদ্বারা) পরিবৃত্ততেজসাং (প্রবলপ্রভাবান্বিত) ক্ষিতিভারজন্মনাং (পৃথিবীর ভারভূত হওয়ার জন্য জন্ম পরিগ্রহণকারী) নৃপাণাং (রাজগণের) বৈরং বিধায় (শত্রুতা সম্পাদন করিয়া) মিথঃ বধেন (পরস্পর বিনাশের দ্বারা) উপরতঃ (উপশান্ত হইয়াছেন), [সঃ রেমে] (তিনি ক্রীড়া করিতে লাগিলেন) [পরের শ্লোকের সঙ্গে অন্বয় হইবে]॥ ৩৫ ॥

সঃ এষঃ ভগবান্ (সেই পূর্ব্বোক্তলীলাকারী এই ভগবান্ শ্রীকৃষ্ণই) স্বমায়য়া (স্বীয়

অনুবাদ

তথাপি শ্রীকৃষ্ণের পাদপদ্মদ্বয় প্রতিক্ষণে নূতন নূতন বলিয়া তাঁহাদের মনে হইত। চঞ্চলা হইয়াও লক্ষ্মীদেবী যে শ্রীকৃষ্ণের চরণদ্বয় কখনও পরিত্যাগ করেন না, সেই শ্রীকৃষ্ণের পাদপদ্ম দর্শন হইতে অন্য কোন্ নারী বিরতা থাকিতে পারে? অর্থাৎ কেহই পারে না॥ ৩৪ ॥

বায়ু যেমন বংশের পরস্পর ঘর্ষণের দ্বারা অগ্নির উৎপাদন করিয়া পরস্পরকে দগ্ধ করতঃ স্বয়ংই উপশম প্রাপ্ত হয়, সেই প্রকার ভগবান্ শ্রীকৃষ্ণও স্বয়ং অস্ত্রশূন্য হইয়া যাহারা ভূভারের নিমিত্তই জন্মগ্রহণ করিয়াছে এবং অক্ষৌহিণী পরিমিত সেনাদ্বারা প্রবল প্রভাবান্বিত, সেই সকল রাজগণের পরস্পর বিরোধ জন্মাইয়া বিনাশ করতঃ উপশম প্রাপ্ত হইয়াছেন॥ ৩৫ ॥

সেই পূর্ব্বোক্ত লীলাকারী এই ভগবান্ শ্রীকৃষ্ণই স্বীয় মায়া দ্বারা এই নরলোকে

টীকা

"তথাপি" তস্যোভয়ত্রসংশ্লিষ্টস্যাপি "পদে পদে" প্রতিক্ষণম্ "অঙ্ঘ্রিযুগং নবং নবং" তাসামভূৎ। "যৎ" যং শ্রীকৃষ্ণং "চলাপি" চঞ্চলাপি "শ্রীঃ কর্হিচিৎ ন বিজহাতি"। "দেবত্বে চ ভবেদ্দেবী মনুষ্যত্বে চ মানুষী। বিষ্ণোরেবানুরূপাং বৈ করোত্যেষাত্মনস্তনুং"মিতিস্মৃতেঃ। "তৎ" তস্য "পদাৎ কা বিরমেত" বিশ্লিষ্টতয়া স্থাতুমুৎসহেত॥ ৩৪ ॥ ভগবদ্গুণবিশেষবিবক্ষুরুক্তং ভগবচ্চেষ্টিতং সংক্ষিপ্য অনুবদতি—"এবমিতি।" "শ্বসনো" বায়ুঃ বেণুনাশহেতু"মগ্নিং বিধায় যথা উপরতো" ভবতি, তথা ক্ষিতিভারায় জন্ম যেষাং তেষাং অক্ষৌহিণীভিঃ পরিবৃত্তং পরিতো ব্যাপ্তং তেজঃ প্রভাবো যেষাং তেষাং "মিথো বৈরং বিধায় উপরতঃ," তেষাং কর্ম্মানুসারেণ তান্ হত্বা উপররাম যঃ স রেমে ইত্যুত্তরেণান্বয়ঃ॥ ৩৫ ॥ "স" এব

উদ্দামভাবপিশুনামলবল্গুহাস-
ব্রীড়াবলোকনিহতোঽমদনোঽপি যাসাম্।
সংমুহ্য চাপমজহাৎ প্রমদোত্তমাস্তা
যস্যেন্দ্রিয়ং বিমথিতুং কুহকৈর্ন শেকুঃ ॥ ৩৭ ॥
তময়ং মন্যতে লোকো হ্যসঙ্গমপি সঙ্গিনম্।
আত্মৌপম্যেন মনুজং ব্যাপৃথানং যতোঽবুধঃ ॥ ৩৮ ॥

অন্বয়

মায়াদ্বারা) অস্মিন্ নরলোকে (এই নরলোকে) অবতীর্ণঃ (আবির্ভূত হইয়া) স্ত্রীরত্নকূটস্থঃ (স্ত্রীরত্ন-সমূহে বর্ত্তমান থাকিয়া) প্রাকৃতঃ যথা (সাধারণ মানবের মত) রেমে (ক্রীড়া করিয়াছিলেন) ॥৩৬॥

যাসাং (যে সকল স্ত্রীগণের) উদ্দামভাবপিশুনামলবল্গুহাসব্রীড়াবলোকনিহতঃ (গভীর অভিপ্রায়-সূচক, মনোহর হাস্য ও কটাক্ষের দ্বারা পরাজিত) অমদনঃ (মহাদেবও) সংমুহ্য (সম্মোহিত হইয়া) চাপং (স্বীয় পিনাক) অজহাৎ (ত্যাগ করিয়াছিলেন), তাঃ প্রমদোত্তমাঃ (সেই সুন্দরী কামিনীগণ) কুহকৈঃ (কপটবিভ্রমাদির দ্বারা) যস্য ইন্দ্রিয়ং (যে শ্রীকৃষ্ণের মন) বিমথিতুং (ক্ষোভিত করিতে) ন শেকুঃ (সমর্থা হয় নাই [সেই শ্রীকৃষ্ণ পত্নীগণের সহিত ক্রীড়া করিয়াছিলেন]) ॥ ৩৭ ॥

অয়ং লোকঃ (এই মায়াচ্ছন্ন লোক) যতঃ (যেহেতু) অবুধঃ (ভগবদ্বিষয়ে অজ্ঞান) [অতঃ] (অতএব) অসঙ্গমপি তং (প্রাকৃতবিষয়ে অনাসক্ত সেই শ্রীকৃষ্ণকেও) আত্মৌপম্যেন (নিজেদের মতই) ব্যাপৃথানং (চেষ্টাশীল) সঙ্গিনং (আসক্ত) মনুজং (মানুষ) মন্যতে (মনে করিয়া থাকে) ॥ ৩৮ ॥

অনুবাদ

অবতীর্ণ হইয়া উত্তম স্ত্রীগণে পরিবেষ্টিত হইয়া সাধারণ মানবের মত তাঁহাদের সহিত ক্রীড়া করিয়াছিলেন ॥ ৩৬ ॥

যে রমণীগণের গভীর অভিপ্রায়সূচক মনোহর হাস্য ও নিরীক্ষণের দ্বারা মহাদেব পরাজিত ও সম্মোহিত হইয়া স্বীয় পিনাক ধনু পরিত্যাগ করিয়াছিলেন, সেই সুন্দরী কামিনীগণ কপট কটাক্ষবিক্ষেপাদি দ্বারা শ্রীকৃষ্ণের মন ক্ষোভিত করিতে সমর্থ হয় নাই ॥ ৩৭ ॥

এই মায়াবদ্ধ লোক ভগবত্তত্ত্ববিষয়ে অনভিজ্ঞ অর্থাৎ সদসদ্বিবেচনাশূন্য

টীকা

উক্তলীলঃ "স্বমায়য়া" স্বকীয়েষু নরলোকস্থভক্তেষু মায়া তয়া অস্মিন্ প্রাকৃতে "নরলোকে অবতীর্ণঃ, অতএব স্ত্রিয় এব রত্নানি তেষাং কূটঃ সমূহঃ তত্রস্থঃ স্বয়মপ্রাকৃত এব "প্রাকৃতবৎ" রেমে চিক্রীড়ে। প্রাকৃতজনস্য যথার্হঃ স্ত্র্যাদিবশ্যঃ, তথা অয়ং শ্রীকৃষ্ণ ইতি প্রতীতিবিষয়োঽভূদিতি ফলিতোঽর্থঃ ॥ ৩৬ ॥ ভগবতোঽসঙ্গস্য প্রাকৃতজনপ্রতীত্যাসঙ্গিত্বমাহ—"উদ্দামে"তি চতুর্ভিঃ। "যাসাং" উদ্দামভাবস্যাগাধাভি-প্রায়স্য সূচকেন অমলেন বল্গুনা সুন্দরেণ হাসেন লীলাবলোকেন চ "অমদনো ভবোঽপি নিহতোঽ"ভিভূতঃ "সংমুহ্য" মোহং প্রাপ্য "চাপমজহাৎ" পিনাকং তত্যাজ, "তাঃ প্রমদোত্তমাঃ কুহকৈ"র্বঞ্চনা প্রকারৈঃ "যস্য ইন্দ্রিয়ং বিমথিতুং ন শেকুঃ," তমিত্যুত্তরেণান্বয়ঃ ॥ ৩৭ ॥ "অয়ং" প্রাকৃতলোকঃ, "যতোঽবুধঃ" কৃষ্ণম্

এতদীশনমীশস্য প্রকৃতিস্থোঽপি তদ্‌গুণৈঃ।
ন যুজ্যতে স চাত্মস্থৈর্যথা বুদ্ধিস্তদাশ্রয়া ॥ ৩৯ ॥
তং মেনিরেঽবলা মৌঢ্যাৎ স্ত্রৈণঞ্চানুব্রতং রহঃ।
অপ্রমাণবিদো ভর্ত্তুরীশ্বরং মতয়ো যথা ॥ ৪০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথমস্কন্ধে পরীক্ষিতে শ্রীকৃষ্ণদ্বারকাসমাগমো নামৈকাদশোঽধ্যায়ঃ ॥ ১১ ॥

অন্বয়

যথা (যেমন) আত্মস্থৈঃ (পরমাত্মাতে অবস্থিত কর্ত্তৃত্বাদি ধর্ম্মদ্বারা) তদাশ্রয়া বুদ্ধিঃ (পরমাত্মস্থিত বুদ্ধি) ন যুজ্যতে (লিপ্ত হয় না), তথা প্রকৃতিস্থঃ অপি (সেইরূপ প্রকৃতি ব্যাপিয়া থাকিলেও) সঃ চ (ভগবান্ শ্রীকৃষ্ণ) তদ্‌গুণৈঃ (প্রকৃতির গুণের দ্বারা) ন যুজ্যতে (লিপ্ত হন না)। ঈশস্য (ঈশ্বরের) এতৎ ঈশনম্ (ইহাই ঈশ্বরত্ব) ॥ ৩৯ ॥

অবলাঃ (স্ত্রীগণ) ভর্ত্তুঃ (স্বামী ভগবান্ শ্রীকৃষ্ণের) অপ্রমাণবিদঃ (মহিমা জানিতে না পারিয়া) মৌঢ্যাৎ (মোহবশতঃ) যথা [তাসাং] মতয়ঃ (যেমন তাহাদের বুদ্ধি) [তদনুসারে] তং (সেই শ্রীকৃষ্ণকে) ঈশ্বরং (ঈশ্বর) রহঃ অনুব্রতং (নির্জ্জনে অনুরক্ত) স্ত্রৈণং চ (এবং স্ত্রীবশ্য) মেনিরে (মনে করিতেন) ॥ ৪০ ॥

অনুবাদ

হওয়ায় যিনি প্রাকৃতবিষয়ে অনাসক্ত সেই শ্রীকৃষ্ণকেও নিজেদের মতই কামাদিবিষয়ে চেষ্টাশীল, বিষয়াসক্ত ও মানুষ বলিয়া মনে করিয়া থাকে ॥ ৩৮ ॥

যেমন পরমাত্মাতে স্থিত বুদ্ধি পরমাত্মাতে অবস্থিত কর্ত্তৃত্বাদি ধর্ম্মে যুক্ত হয় না, সেইরূপ প্রকৃতি অর্থাৎ মায়াশক্তিযুক্ত হইয়া থাকিলেও ভগবান্ শ্রীকৃষ্ণ প্রকৃতির গুণে লিপ্ত হন না। ইহাই ঈশ্বরের ঈশ্বরত্ব ॥ ৩৯ ॥

সেই কৃষ্ণরমণীগণ স্বামী ভগবান্ শ্রীকৃষ্ণের মহিমা অর্থাৎ ঈশ্বরত্ব জানিতে না পারিয়া মোহবশতঃ নিজ নিজ বুদ্ধি অনুসারে সেই ভগবান্ শ্রীকৃষ্ণকে কেহ ঈশ্বর, কেহ স্বপত্নীতে একান্তে অনুরক্ত, কেহ বা স্ত্রৈণ অর্থাৎ স্ত্রীবশ্য বলিয়াই মনে করিতেন ॥ ৪০ ॥

একাদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল

টীকা

অনভিজ্ঞোঽতঃ "তমসঙ্গিনমপি" শ্রীকৃষ্ণং "ব্যাপৃণ্বানং" ব্যাপ্রিয়মাণং "সঙ্গিনং মনুজং" মনুষ্যং "চ আত্মৌপম্যেন মন্যতে" ॥ ৩৮ ॥ "প্রকৃতিস্থোঽপি" প্রকৃতৌ স্থিতোঽপি ব্যাপ্তোঽপি প্রাকৃতৈ"র্গুণৈর্ন যুজ্যতে" ন স্পৃষ্টো ভবতি। তৎকার্য্যভূতৈ রাগদ্বেষাদিভির্ন যুজ্যতে ইতি কিমু বক্তব্যম্। "এতদীশস্য ঈশনমী"শত্বম্। তত্র দৃষ্টান্তঃ—"যথা আত্মস্থৈঃ পরমাত্মস্থৈঃ কর্ত্তৃত্বাদিভির্বুদ্ধির্ন যুজ্যতে। অন্যথা বুদ্ধেঃ করণস্যৈব কর্ত্তৃত্বভোক্তৃত্বে বন্ধত্বে বন্ধমোক্ষার্হতা স্যাৎ ॥ ৩৯ ॥ "অবলা"স্তু যাসাং "যথা মতয়ো" বুদ্ধয়স্তদনুসারেণ তাঃ তাঃ "মেনিরে" ইত্যন্বয়ঃ। তত্র শ্রীরুক্মিণ্যাদ্যা "ঈশ্বরং," কাশ্চিদ্ "রহোঽনুব্রতং" একান্তে অনুস্থতং স্বপত্নীগামিনং ধার্ম্মিকং, কাশ্চিত্তু মূঢ়া "ভর্ত্তুঃ" প্রমাণমজানন্ত্যঃ "স্ত্রৈণমি"ত্যেবং দশমে স্কন্ধে স্ফুটীভবিষ্যতি ॥ ৪০ ॥

ইতি শ্রীভগবন্নিষ্বার্কপাদপদ্মচিন্তক শুকসুধীবিরচিতে শ্রীমদ্ভাগবত সিদ্ধান্ত প্রদীপে প্রথমস্কন্ধীয়ে একাদশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ১১ ॥

দ্বাদশোঽধ্যায়ঃ

শ্রীশৌনক উবাচ

অশ্বত্থাম্নোপসৃষ্টেন ব্রহ্মশীর্ষ্ণোরুতেজসা।
উত্তরায়া হতো গর্ভ ঈশেনাজীবিতঃ পুনঃ ॥ ১ ॥
তস্য জন্ম মহাবুদ্ধেঃ কর্ম্মাণি চ মহাত্মনঃ।
নিধনঞ্চ যথৈবাসীৎ স প্রেত্যগতবান্ যথা ॥ ২ ॥

অন্বয়

শ্রীশৌনকঃ উবাচ (শ্রীশৌনক বলিলেন)—অশ্বত্থাম্না (দ্রোণপুত্র অশ্বত্থামাকর্ত্তৃক) উপসৃষ্টেন (নিক্ষিপ্ত) উরুতেজসা (অতিশয় তেজোযুক্ত) ব্রহ্মশীর্ষ্ণা (ব্রহ্মাস্ত্রের দ্বারা) উত্তরায়াঃ (অভিমন্যু-পত্নী উত্তরার) গর্ভঃ হতঃ (গর্ভ নষ্ট হইয়াছিল), পুনঃ (পুনর্ব্বার) ঈশেন (পরমেশ্বর শ্রীকৃষ্ণ) আজীবিতঃ (জীবন দান করিয়াছিলেন) ॥ ১ ॥

মহাবুদ্ধেঃ (মহাবুদ্ধিমান্) মহাত্মনঃ (মহাত্মা) তস্য (সেই পরীক্ষিতের) জন্ম (জন্মবৃত্তান্ত) কর্ম্মাণি চ (কর্ম্মসকল) নিধনং চ যথা আসীৎ (এবং তাহার মৃত্যু যে প্রকারে হইয়াছিল), সঃ (সেই পরীক্ষিৎ) প্রেত্য (দেহত্যাগ করিয়া) যথা (যে প্রকার) গতবান্ (গতি-প্রাপ্ত হইয়াছেন), মুনিঃ শুকঃ (মুনি শুকদেব) যস্য (যাঁহাকে) জ্ঞানম্ অদাৎ (জ্ঞানোপদেশ করিয়াছিলেন), তস্য তদিদং সর্ব্বং [চরিতং] (তাঁহার এই সকল চরিত্র) শ্রোতুম্ ইচ্ছামঃ (আমরা শ্রবণ করিতে ইচ্ছা করি), যদি গদিতুং (যদি বলিতে) মন্যসে (মনে করেন [অর্থাৎ

অনুবাদ

শ্রীশৌনক কহিলেন—দ্রোণপুত্র অশ্বত্থামা অতিশয় তেজোযুক্ত ব্রহ্মাস্ত্র নিক্ষেপ করিয়া অভিমন্যুপত্নী উত্তরার গর্ভ নষ্ট করিয়াছেন এবং ভগবান্ শ্রীকৃষ্ণ পুনরায় তাহার জীবন প্রদান করেন। [ইহা বর্ণিত হইয়াছে। এক্ষণে পরবর্ত্তী প্রশ্নের উত্তর বলুন] ॥ ১ ॥

মুনি শুকদেব যাঁহাকে জ্ঞান উপদেশ করিয়াছিলেন, সেই মহাবুদ্ধিমান্, মহাত্মা পরীক্ষিতের জন্মবৃত্তান্ত, কর্ম্মবৃত্তান্ত ও মৃত্যুবৃত্তান্ত সকল এবং তিনি দেহত্যাগ করিয়া যে প্রকার গতি লাভ করিয়াছেন, সেই সকল চরিত্র আমরা শুনিতে ইচ্ছা করি। যদি

টীকা

"অভিমন্যুসুতং সূত! প্রাহুর্ভাগবতোত্তমম্। তস্য জন্ম মহাশ্চর্য্যং কর্ম্মাণি চ গৃণীহি নঃ" ইতি প্রশ্নপ্রতিবচনার্থং—"পরীক্ষিতোঽথ রাজর্ষেজন্মকর্ম্মবিলাপনম্। সংস্থং চ পাণ্ডুপুত্রাণাং বক্ষ্যে কৃষ্ণকথোদয়মি"তি সূতেন প্রতিজ্ঞাতং, তদুপোদ্ঘাতরূপাং তৎপিতামহরাজ্যস্থিতিং শ্রুত্যোক্তানুবাদ-পূর্ব্বকং তদেব পৃচ্ছতি—"অশ্বত্থাম্নে"তি। ব্রহ্মশিরোনামকেনাস্ত্রেণ উপসৃষ্টেন, "ঈশেন" শ্রীকৃষ্ণেন ॥ ১ ॥ মহতী বুদ্ধির্যস্য স তথা, তস্য মহাত্মনো জন্মইত্যাদের্ব্রূহি-ইত্যুত্তরেণান্বয়ঃ। "স" পরীক্ষিৎ প্রেত্য

তদিদং শ্রোতুমিচ্ছামো গদিতুং যদি মন্যসে।
ব্রূহি নঃ শ্রদ্দধানানাং যস্য জ্ঞানমদাচ্ছুকঃ ॥ ৩ ॥

সূত উবাচ

অপীপলদ্ধর্ম্মরাজঃ পিতৃবদ্রঞ্জয়ন্ প্রজাঃ।
নিস্পৃহঃ সর্ব্বকামেভ্যঃ কৃষ্ণপাদানুসেবয়া ॥ ৪ ॥
সম্পদঃ ক্রতবো লোকা মহিষী ভ্রাতরো মহী।
জম্বুদ্বীপাধিপত্যঞ্চ যশশ্চ ত্রিদিবং গতম্ ॥ ৫ ॥

অন্বয়

উপযুক্ত পাত্র বিবেচনায় বলিতে ইচ্ছা করেন]) তর্হি শ্রদ্দধানানাং নঃ (তবে শ্রদ্ধাশীল আমাদের নিকটে) ব্রূহি (বর্ণনা করুন) ॥ ২-৩ ॥

[শ্রীকৃষ্ণে ঐকান্তিক ভক্তিবশতঃই যুধিষ্ঠিরের পরম ভাগবত পৌত্র পরীক্ষিতের জন্ম হইয়াছে ইহা বলিতে ইচ্ছা করিয়া প্রথমতঃ শ্রীকৃষ্ণের প্রতি যুধিষ্ঠিরের ভক্তিভাব দেখাইতেছেন] সূতঃ উবাচ (সূত বলিলেন) ধর্ম্মরাজঃ (ধর্ম্মরাজ যুধিষ্ঠির) কৃষ্ণপাদানুসেবয়া (শ্রীকৃষ্ণের পাদপদ্মে অনুরাগবশতঃ) সর্ব্বকামেভ্যঃ নিস্পৃহঃ (ঐহিক, পারলৌকিক সকল প্রকার কামনা হইতে বিগতস্পৃহ হইয়া) পিতৃবৎ (পিতার ন্যায়) প্রজাঃ (অপত্যস্থানীয় প্রজাগণকে) রঞ্জয়ন্ (সন্তুষ্ট করিয়া) অপীপলৎ (পালন করিতে লাগিলেন) ॥ ৪ ॥

হে দ্বিজ! (হে শৌনক!) [তস্য] (যুধিষ্ঠিরের) সম্পদঃ (ঐশ্বর্য্য) ক্রতবঃ (অশ্বমেধাদিযজ্ঞসমূহ) লোকাঃ (যজ্ঞোপার্জ্জিত স্বর্গাদি লোকসমূহ) মহিষী (স্ত্রী) ভ্রাতরঃ (ভ্রাতৃগণ) মহী (এই পৃথিবী) জম্বুদ্বীপাধিপত্যং চ (এবং জম্বুদ্বীপের আধিপত্য) ত্রিদিবং গতং যশঃ চ (ও স্বর্গ পর্য্যন্ত বিস্তৃত কীর্ত্তি) [আসীৎ] (ছিল)। যথা (যেমন) ক্ষুধিতস্য

অনুবাদ

বলিতে ইচ্ছা করেন, অর্থাৎ আমাদিগকে উপযুক্ত পাত্র বলিয়া বিবেচনা করেন, তবে শ্রদ্ধাশীল আমাদের নিকটে সেই সকল বর্ণনা করুন ॥ ২-৩ ॥

সূত বলিলেন—ভগবান্ শ্রীকৃষ্ণের পাদপদ্মে অনুরাগ বশতঃই ধর্ম্মরাজ যুধিষ্ঠির ঐহিক ও পারলৌকিক সকল প্রকার কামনাতে বীতস্পৃহ হইলেন এবং অপত্যস্থানীয় প্রজাগণের মনোরঞ্জন পূর্ব্বক পিতার ন্যায় তাহাদিগকে পালন করিতে লাগিলেন ॥ ৪ ॥

হে শৌনক! ঐশ্বর্য্য, অশ্বমেধাদি যজ্ঞ সমূহ, সেই সেই যজ্ঞোপার্জ্জিত লোক সমূহ, স্ত্রী, ভ্রাতৃগণ, এই পৃথিবী, জম্বুদ্বীপের আধিপত্য ও স্বর্গ পর্য্যন্ত বিস্তৃত কীর্ত্তি এই সমস্তই

টীকা

শরীরং বিহায় "যথা গতবান্" ॥ ২ ॥ "তদিদং" পূর্ব্বোক্তম্ ॥ ৩ ॥ শ্রীকৃষ্ণে ভক্ত্যা এব কৃতার্থানাং পাণ্ডবানাং সর্ব্বত্র নিরপেক্ষাণাং কৃষ্ণেচ্ছয়া ভাগবতঃ পৌত্রো জাত ইতি বক্ষ্যন্ পূর্ব্বং শ্রীকৃষ্ণে রাজর্ষেঃ পাণ্ডবশ্রেষ্ঠস্য ভক্ত্যুদ্রেকমাহ—"অপীপলদি"তি ত্রিভিঃ। "কৃষ্ণপাদানুসেবয়া" কৃষ্ণপাদয়োরনুবৃত্ত্যা "সর্ব্বেভ্যঃ" ঐহিকামুষ্মিকেভ্যঃ "কামেভ্যো নিস্পৃহঃ" গতস্পৃহঃ "পিতৃবৎ" অপত্যস্থানীয়াঃ "প্রজাঃ অপীপলদ"পালয়ৎ ॥৪॥ "তে" সম্পদাদয়ো "মুদমধিজহ্রুঃ" সম্পাদিতবন্তঃ "কিং" ? নৈব। "ক্ষুধিতস্যেতরে" স্রক্-

কিং তে কামাঃ সুরস্পার্হা মুকুন্দমনসো দ্বিজ।
অধিজহ্রুর্মুদং রাজ্ঞঃ ক্ষুধিতস্য যথেতরে ॥ ৬ ॥
মাতুর্গর্ভগতো বীরঃ স তদা ভৃগুনন্দন!।
দদর্শ পুরুষং কঞ্চিদ্ দহ্যমানোঽস্ত্রতেজসা ॥ ৭ ॥
অঙ্গুষ্ঠমাত্রমমলং স্ফুরৎপুরটমৌলিনম্।
অপীব্যদর্শনং শ্যামং তড়িদ্বাসসমচ্যুতম্ ॥ ৮ ॥

অন্বয়

(ক্ষুধার্ত্ত ব্যক্তির) ইতরে (অন্ন ব্যতীত অপর মাল্যচন্দনাদি বস্তু) মুদং ন অধিজহ্রুঃ (প্রীতি উৎপাদন করিতে পারে না) [তথা] (সেইরূপ) মুকুন্দমনসঃ (কৃষ্ণৈকচিত্ত) রাজ্ঞঃ (রাজা যুধিষ্ঠিরের) তে সুরস্পার্হাঃ (সেই সকল দেববাঞ্ছিত) কামাঃ (ঐশ্বর্য্যাদি সম্পদ্) মুদম্ (আনন্দ) অধিজহ্রুঃ কিম্ (জন্মাইয়াছিল কি? [অর্থাৎ আনন্দ জন্মাইতে পারে নাই]) [শ্রীকৃষ্ণের অভাবে এই পার্থিব সম্পদ্ তাঁহার নিকটে অতি তুচ্ছ বোধ হইয়াছিল] ॥ ৫ ॥ ৬ ॥

ভৃগুনন্দন! (শৌনক!) তদা (সেই ব্রহ্মাস্ত্রনিক্ষেপের সময়) মাতুঃ (জননী উত্তরার) গর্ভগতঃ (উদরে অবস্থিত) সঃ বীরঃ (সেই মহাবীর পরীক্ষিৎ) অস্ত্রতেজসা (অশ্বত্থামার ব্রহ্মাস্ত্রের তেজের দ্বারা) দহ্যমানঃ (দগ্ধপ্রায় হইয়া) কঞ্চিৎ পুরুষং (কোনও এক পুরুষকে) দদর্শ (দেখিতে পাইলেন) ॥ ৭ ॥

[কি প্রকার পুরুষকে দেখিলেন তাহাই বর্ণনা করিতেছেন] [সেই পুরুষ] অঙ্গুষ্ঠমাত্রং (শ্রুত্যুক্ত অঙ্গুষ্ঠপরিমিত) অমলং (নির্ম্মলকান্তিযুক্ত) স্ফুরৎপুরটমৌলিনং (অত্যুজ্জ্বল স্বর্ণনির্ম্মিত কিরীটধারী) অপীব্যদর্শনং (সৌম্যদর্শন) শ্যামং (শ্যামবর্ণ) তড়িদ্বাসসম্ (বিদ্যুতের ন্যায় উজ্জ্বল পীতবসন পরিহিত) অচ্যুতম্ (ও নির্ব্বিকার)। [এইরূপ অপ্রাকৃত মঙ্গলময় বিগ্রহ শ্রীকৃষ্ণকে দেখিতে পাইলেন] ॥ ৮ ॥

অনুবাদ

ধর্ম্মরাজ যুধিষ্ঠিরের ছিল; কিন্তু যেমন ক্ষুধার্ত্ত ব্যক্তির ক্ষুন্নিবারক অন্নাদি ভিন্ন মাল্যচন্দনাদি বস্তু তাহার প্রীতি উৎপাদন করিতে পারে না, সেইরূপ রাজা যুধিষ্ঠিরেরও সেই সকল দেববাঞ্ছিত ঐশ্বর্য্যাদি সম্পদ্ প্রীতি উৎপাদন করিতে পারে নাই ॥ ৫-৬ ॥

[পরীক্ষিতের জন্ম বর্ণনা করিতেছেন]—হে ভৃগুনন্দন! যখন অশ্বত্থামা ব্রহ্মাস্ত্র প্রয়োগ করেন, তখন জননী উত্তরার গর্ভে অবস্থান করতঃ সেই মহাবীর পরীক্ষিৎ ব্রহ্মাস্ত্রের তেজে দগ্ধপ্রায় হইয়া কোনও এক পুরুষকে দেখিতে পাইলেন ॥ ৭ ॥

[ভগবানের রূপ বর্ণনা করিতেছেন]—সেই পুরুষ শ্রুত্যুক্ত অঙ্গুষ্ঠ পরিমিত, নির্ম্মল কান্তিযুক্ত, অত্যুজ্জ্বল সুবর্ণনির্ম্মিত কিরীটধারী, সৌম্যদর্শন, শ্যামবর্ণ, বিদ্যুতের ন্যায় উজ্জ্বল পীতবসন পরিহিত ও নির্ব্বিকার [এই অপ্রাকৃত মঙ্গলময় বিগ্রহ শ্রীকৃষ্ণকে পরীক্ষিৎ দেখিতে পাইলেন] ॥ ৮ ॥

টীকা

চন্দনাদয়ো "যথা" ॥ ৫ ॥ ৬ ॥ অথ ভগবদ্দর্শনপূর্ব্বকং পরীক্ষিজ্জন্ম আহ "মাতু"রিতি সার্দ্ধৈঃ ষড়্ভিঃ। "স" পরীক্ষিৎ ॥ ৭ ॥ "অঙ্গুষ্ঠমাত্রং পুরুষং মধ্যে আত্মনি সংস্থিতম্। তং জ্ঞাত্বা মৃত্যুমত্যেতি নান্যঃ পন্থা বিমুক্তয়ে" ইতি শ্রুত্যুক্তম্ অপ্রাকৃতং মঙ্গলবিগ্রহং শ্রীকৃষ্ণম্। এতেন বিগ্রহস্যৈব সর্ব্বত্র ব্যাপ্তির্গম্যতে।

শ্রীমদ্দীর্ঘচতুর্ব্বাহুং তপ্তকাঞ্চনকুণ্ডলম্ ।
ক্ষতজাক্ষং গদাপাণিমাত্মনঃ সর্ব্বতো দিশম্ ।
পরিভ্রমন্তমুল্কাভাং ভ্রাময়ন্তং গদাং মুহুঃ ॥ ৯ ॥
অস্ত্রতেজঃ স্বগদয়া নীহারমিব গোপতিঃ ।
বিধমন্তং সন্নিকর্ষে পর্য্যৈক্ষত ক ইত্যসৌ ॥ ১০ ॥
বিধূয় তদমেয়াত্মা ভগবান্ ধর্ম্মগুর্ব্বিভুঃ ।
মিষতো দশমাস্যস্য তত্রৈবান্তর্দ্দধে হরিঃ ॥ ১১ ॥

অন্বয়

[পুনর্ব্বার ভগবদ্রূপ বর্ণনা করিতেছেন] [সেই পুরুষ] শ্রীমদ্দীর্ঘচতুর্ব্বাহুং (দীর্ঘ বাহুচতুষ্টয়সমন্বিত) তপ্তকাঞ্চনকুণ্ডলম্ (উজ্জ্বল সুবর্ণময় কুণ্ডলধারী) ক্ষতজাক্ষং (আরক্তলোচন) গদাপাণিং (গদাধর) উল্কাভাং (জ্বলন্ত উল্কাদণ্ডের ন্যায় দীপ্তিসম্পন্ন) গদাং (গদা) আত্মনঃ (নিজের অর্থাৎ পরীক্ষিতের) সর্ব্বতো দিশং (চারিদিকে) মুহুঃ ভ্রাময়ন্তং (পুনঃ পুনঃ সঞ্চালনকারী) পরিভ্রমন্তং (নিজেও পরিভ্রমণকারী) । [এইরূপ শ্রীকৃষ্ণকে পরীক্ষিৎ দেখিতে পাইলেন] ॥ ৯ ॥

গোপতিঃ (সূর্য্যদেব) নীহারম্ ইব (যেমন স্বীয় কিরণ দ্বারা হিমকণা বিনাশ করিয়া থাকেন) [তথা] (সেইরূপ) সন্নিকর্ষে (নিকটেই) স্বগদয়া (স্বীয় গদা দ্বারা) অস্ত্রতেজঃ (ব্রহ্মাস্ত্রের তেজ) বিধমন্তং (বিনাশকারী) [পুরুষং দৃষ্ট্বা] (পুরুষকে দেখিয়া) [পরীক্ষিৎ] অসৌ কঃ ইতি (ইনি কে ইহা) পর্য্যৈক্ষত (আলোচনা করিয়াছিলেন) ॥ ১০ ॥

অমেয়াত্মা (অননুমেয়স্বরূপ [অর্থাৎ কোথা হইতে গর্ভে আসিলেন, কোথায় পুনরায় গেলেন, এবং তাঁহার স্বরূপই বা কি ? এই প্রকারে যাঁহার অনুমান করা যায় না]) ধর্ম্মগুঃ (ধর্ম্ম-রক্ষক) বিভুঃ (সর্ব্বব্যাপী) ভগবান্ হরিঃ (ষড়ৈশ্বর্য্যশালী শ্রীকৃষ্ণ) তৎ (সেই ব্রহ্মাস্ত্রতেজ) বিধূয় (নিবৃত্ত করিয়া) তত্র এব (সেই গর্ভেই) দশমাস্যস্য (দশমাস বয়স্ক) পরীক্ষিতঃ (পরীক্ষিতের) মিষতঃ এব (সমক্ষেই অর্থাৎ দর্শন করা অবস্থায়ই) অন্তর্দ্দধে (অন্তর্দ্ধান করিলেন) ॥ ১১ ॥

অনুবাদ

দীর্ঘ চতুর্ব্বাহু সমন্বিত, উজ্জ্বল সুবর্ণময় কুণ্ডলধারী, আরক্তলোচন, পরীক্ষিতের চতুর্দ্দিকে প্রজ্জ্বলিত উল্কাদণ্ডের ন্যায় দীপ্তিসম্পন্ন গদা বিঘূর্ণনকারী ও স্বয়ং পরিভ্রমণকারী শ্রীকৃষ্ণকে পরীক্ষিৎ দেখিতে পাইলেন ॥ ৯ ॥

সূর্য্যদেব যেমন স্বীয় কিরণদ্বারা হিমকণাসকল বিনাশ করিয়া থাকেন, সেইরূপ স্বীয় গদাদ্বারা ব্রহ্মাস্ত্রের তেজ বিনাশ করিতেছেন, এমন পুরুষকে নিকটে দেখিয়া পরীক্ষিৎ "ইনি কে ?" এই প্রকার আলোচনা করিয়াছিলেন ॥ ১০ ॥

অননুমেয়স্বরূপ [অর্থাৎ কোথা হইতে ইনি গর্ভে আসিলেন, কোথায় পুনরায় গেলেন,

টীকা

দর্শনন্তু তদনন্যভক্তানামেবেতি চ জ্ঞেয়ম্ ॥ ৮ ॥ "ক্ষতজাক্ষমি"ত্যনেন ভক্তক্লেশাসহিষ্ণুত্বং সূচিতম্ ॥ ৯ ॥ "বিধমন্তং" নাশয়ন্তং, "অসৌ ক ইতি পর্য্যৈক্ষত" আলোচিতবান্ ॥১০॥ "ভগবান্" শ্রীকৃষ্ণঃ "তদ"স্ত্রতেজো

ততঃ সর্ব্বগুণোদর্কে সানুকূলগ্রহোদয়ে।
জজ্ঞে বংশধরঃ পাণ্ডোর্ভূয়ঃ পাণ্ডুরিবৌজসা ॥ ১২ ॥
তস্য প্রীতমনা রাজা বিপ্রৈর্ধৌম্যকৃপাদিভিঃ।
জাতকং কারয়ামাস বাচয়িত্বা চ মঙ্গলম্ ॥ ১৩ ॥
হিরণ্যং গাং মহীংগ্রামান্ হস্ত্যশ্বান্ নৃপতির্ব্বরান্।
প্রাদাৎ স্বন্নঞ্চ বিপ্রেভ্যঃ প্রজাতীর্থে স তীর্থবিৎ ॥ ১৪ ॥

অন্বয়

ততঃ (শ্রীকৃষ্ণের অন্তর্দ্ধানের পরে) সানুকূলগ্রহোদয়ে (অন্যান্য অনুকূলগ্রহের সহিত শুভ গ্রহের উদয়যুক্ত) সর্ব্বগুণোদর্কে [লগ্নে] (সকল গুণের ক্রমান্বয় বৃদ্ধিসূচক শুভলগ্নে) ওজসা (তেজের দ্বারা) ভূয়ঃ পাণ্ডুঃ ইব (পাণ্ডুর ন্যায়) পাণ্ডোঃ বংশধরঃ (পাণ্ডুবংশধর) জজ্ঞে (জন্মগ্রহণ করিলেন) ॥ ১২ ॥

রাজা (যুধিষ্ঠির) প্রীতমনাঃ (হৃষ্টচিত্তে) ধৌম্যকৃপাদিভিঃ বিপ্রৈঃ (ধৌম্য, কৃপ প্রভৃতি ব্রাহ্মণগণের দ্বারা) মঙ্গলং বাচয়িত্বা (স্বস্তি, ঋদ্ধিবাচনাদি করাইয়া) তস্য (নবজাত পৌত্রের) জাতকং (জাতকর্ম্ম) কারয়ামাস (সম্পাদন করাইলেন) ॥ ১৩ ॥

প্রজাতীর্থে (পুত্রপৌত্রাদির জন্মকালে) তীর্থবিৎ (দানাদি বিষয়ে দেশ, কাল, পাত্র ও প্রদেয়

অনুবাদ

এবং তাঁহার স্বরূপই বা কি? এই প্রকারে যাঁহার অনুমান করা যায় না], ধর্ম্মরক্ষক এবং সর্ব্বব্যাপী ভগবান্ শ্রীকৃষ্ণ সেই ব্রহ্মাস্ত্রতেজ নিবৃত্ত করিয়া দশ মাস বয়স্ক পরীক্ষিতের সমক্ষেই অন্তর্হিত হইলেন ॥ ১১ ॥

শ্রীকৃষ্ণের অন্তর্দ্ধানের পরে অপরাপর অনুকূলগ্রহের সহিত শুভগ্রহের উদয় হইলে ও সকলগুণের উত্তরোত্তর বৃদ্ধিসূচক শুভলগ্নে, তেজে পাণ্ডুর ন্যায় পাণ্ডু বংশধর জন্মগ্রহণ করিলেন ॥ ১২ ॥

রাজা যুধিষ্ঠির হৃষ্টচিত্তে ধৌম্য ও কৃপ প্রভৃতি ব্রাহ্মণগণের দ্বারা স্বস্তিবাচন করাইয়া সেই নবজাত পরীক্ষিতের জাতকর্ম্ম সম্পাদন করাইলেন ॥ ১৩ ॥

পুত্র-পৌত্রাদির জন্মকালে দানাদিবিষয়ে দেশ, কাল, পাত্র ও প্রদেয় বস্তুতে

টীকা

"বিধূয়" নিরস্য "তত্রৈব" গর্ভে এব "দশমাস্থস্য পরীক্ষিতঃ পশ্যত এবান্তর্দধে" অন্তর্হিতবান্। এতেন ভগবতঃ তদীয়ানাং চ আয়ুধাদীনাং বিগ্রহস্যাপি স্বেচ্ছয়ৈব আবির্ভাবতিরোভাবসামর্থ্যং কাল-সম্বন্ধবর্জ্জিতত্বং চ প্রতিপাদিতম্। অপ্রমেয়ঃ গর্ভে কুতঃ আগতঃ, কুত্র পুনর্গতঃ, কিমাত্মকঃ ইত্যেবমনুমাতুম্ অশক্যঃ, কিন্তু বেদৈকবেদ্যঃ। বেদৈকবেদ্যত্বন্তু বেদান্তকৌস্তুভে প্রাণাধিকরণে পূর্ব্বৈঃ প্রপঞ্চিতম্ ॥ ১১ ॥ "ততঃ" কৃষ্ণান্তর্দ্ধানানন্তরং "সর্ব্বগুণোদর্কে সর্ব্বগুণানাম্ উত্তরোত্তরাধিক্যসূচকে লগ্নে অনুকূলৈরন্যৈর্গ্রহৈঃ সহিতাঃ সানুকূলাঃ তেষাং শুভগ্রহসমুদয়ো যস্মিন্ তস্মিন্, "বংশধরঃ" বংশকর্ত্তা "পাণ্ডুরিব" তৎ তুল্যো জজ্ঞে ॥ ১২ ॥

"সুমঙ্গলং" পুণ্যার্হং "বাচয়িত্বা জাতকং" জাতকর্ম্ম কারয়ামাস ॥ ১৩ ॥ "স" যুধিষ্ঠিরঃ, "প্রজাতীর্থে"

তমূচুর্ব্রাহ্মণাস্তুষ্টা রাজানং প্রশ্রয়ানতম্।
এষ হ্যস্মিন্ প্রজাতন্তৌ পুরূণাং পৌরবর্ষভ ॥ ১৫ ॥
দৈবেনাপ্রতিঘাতেন শুক্লে সংস্থামুপেয়ুষি।
রাতো বোঽনুগ্রহার্থায় বিষ্ণুনা প্রভবিষ্ণুনা ॥ ১৬ ॥
তস্মান্নাম্না বিষ্ণুরাত ইতি লোকে ভবিষ্যতি।
ন সন্দেহো মহাভাগ! মহাভাগবতো মহান্ ॥ ১৭ ॥

অন্বয়

বস্তুতে অভিজ্ঞ) সঃ নৃপতিঃ (সেই রাজা যুধিষ্ঠির) বিপ্রেভ্যঃ (ব্রাহ্মণগণকে) হিরণ্যং (সুবর্ণ) গাং (ধেনু) মহীং (ভূমি) গ্রামান্ (গ্রামসমূহ) বরান্ হস্ত্যশ্বান্ (শ্রেষ্ঠ শ্রেষ্ঠ হস্তী ও অশ্বসকল) অন্নং চ (এবং উৎকৃষ্ট ভক্ষ্য দ্রব্য) প্রাদাৎ (প্রদান করিলেন)॥ ১৪ ॥

ব্রাহ্মণাঃ (ব্রাহ্মণগণ) তুষ্টাঃ (সন্তুষ্ট হইয়া) প্রশ্রয়াবনতং (বিনয়াবনত) তং রাজানং (সেই রাজা যুধিষ্ঠিরকে) ঊচুঃ (বলিলেন) পৌরবর্ষভ! (হে পুরুকুলশ্রেষ্ঠ!) পুরূনাং (পুরুবংশের) অস্মিন্ প্রজাতন্তৌ (এই সন্তানসূত্রে অর্থাৎ সন্তানধারায়) শুক্লে (নির্দ্দোষ [গর্ভ]) অপ্রতিঘাতেন (দুর্ব্বার) দৈবেন (দৈববশে) সংস্থাং (বিনাশ) উপেয়ুষি (প্রাপ্ত হইলে) বঃ (আপনাদের) অনুগ্রহার্থায় (অনুগ্রহের নিমিত্ত) প্রভবিষ্ণুনা (মহাপ্রভাবশালী) বিষ্ণুনা (শ্রীকৃষ্ণকর্ত্তৃক) এষঃ (এই নবজাত শিশু) রাতঃ (প্রদত্ত হইয়াছে)॥ ১৫-১৬ ॥

তস্মাৎ (বিষ্ণু দান করিয়াছেন বলিয়া [এই বালক]) লোকে (জগতে) বিষ্ণুরাত ইতি নাম্না (বিষ্ণুরাত এই নামে) [প্রসিদ্ধঃ] ভবিষ্যতি (বিখ্যাত হইবে)। হে মহাভাগ! (হে মহাভাগ্যশালিন্) [এষঃ] মহাভাগবতঃ (এই শিশু পরমভগবদ্ভক্ত) মহান্ ভবিষ্যতি (এবং মহাগুণশালী হইবে) ন সন্দেহঃ (এ বিষয়ে সন্দেহ নাই)॥ ১৭ ॥

অনুবাদ

অভিজ্ঞ রাজা যুধিষ্ঠির ব্রাহ্মণগণকে সুবর্ণ, গো, ভূমি, গ্রাম, উৎকৃষ্ট হস্তী ও অশ্ব এবং উত্তম অন্ন প্রদান করিলেন॥ ১৪ ॥

ব্রাহ্মণগণ দানাদিলাভে সন্তুষ্ট হইয়া বিনয়াবনত রাজা যুধিষ্ঠিরকে বলিলেন—হে পুরুকুলশ্রেষ্ঠ! পুরুবংশের সন্তানধারায় এই নির্দ্দোষগর্ভ দুর্ব্বার দৈববশে বিনাশ প্রাপ্ত হইলে, আপনাদের প্রতি অনুগ্রহ করিয়াই মহাপ্রভাবশালী ভগবান্ শ্রীকৃষ্ণ, এই নবজাত শিশু আপনাদিগকে প্রদান করিয়াছেন, অর্থাৎ ইহার জীবন দান করিয়াছেন॥ ১৫-১৬ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ আপনাদের প্রতি কৃপা করিয়া ইহাকে দান করিয়াছেন বলিয়া এই

টীকা

পুত্রপৌত্রাদ্যুৎপত্তিকালে "তীর্থবিৎ" দানক্রিয়াবিষয়ে তীর্থানি দেশকালপাত্রদেয়বস্ত্বাদীনি জানাতীতি স তথা॥ ১৪ ॥ "প্রশ্রয়ানতং" বিনয়েন নম্রং "তং রাজানমূচুঃ"। হে "কৌরবর্ষভ! পুরূণাং" বংশ্যানাং ভবতাং "প্রজাতন্তৌ" বিষয়ে "এষঃ" রাত ইতি দ্বিতীয়েনান্বয়ঃ॥ ১৫ ॥

"শুক্লে" নির্দ্দোষে গর্ভে "সংস্থাং" নাশমুপেয়ুষি সতি "অপ্রতিঘাতেন" স্বেপ্সিতকর্ম্মসুপ্রতিভটরহিতেন "দৈবেন প্রভবিষ্ণুনা" ভক্তকার্য্যার্থং সর্ব্বত্র প্রভবনশীলেন "বিষ্ণুনা" শ্রীকৃষ্ণেন "বঃ অনুগ্রহার্থায় রাতো"

যুধিষ্ঠির উবাচ

অপ্যেষ বংশ্যান্ রাজর্ষীন্ পুণ্যশ্লোকান্ মহাত্মনঃ।
অনুবর্ত্তিতা স্বিদ্ যশসা সাধুবাদেন সত্তমাঃ ॥ ১৮ ॥

ব্রাহ্মণা ঊচুঃ

পার্থ প্রজাবিতা সাক্ষাদিক্ষ্বাকুরিব মানবঃ।
ব্রহ্মণ্যঃ সত্যসন্ধশ্চ রামো দাশরথির্যথা ॥ ১৯ ॥
এষদাতা শরণ্যশ্চ যথা হ্যৌশীনরঃ শিবিঃ।
যশো বিতনিতা স্বানাং দৌষ্মন্তিরিব যজ্বনাম্ ॥ ২০ ॥

অন্বয়

যুধিষ্ঠিরঃ উবাচ (যুধিষ্ঠির বলিলেন) সত্তমাঃ! (হে ব্রাহ্মণগণ!) এষঃ (এই বালক) সাধুবাদেন (সজ্জনপ্রশংসিত) যশসা (কীর্ত্তির দ্বারা) বংশ্যান্ (আমাদের বংশের) পুণ্যশ্লোকান্ (পবিত্রকীর্ত্তি) মহাত্মনঃ (উদারচরিত্র) রাজর্ষীন্ (রাজর্ষিগণের) অনুবর্ত্তিতা অপিস্বিৎ (অনুবর্ত্তন করিবে ত?) ॥১৮॥

ব্রাহ্মণাঃ ঊচুঃ (ব্রাহ্মণগণ বলিলেন) পার্থ! (হে পৃথাপুত্র যুধিষ্ঠির!) [এই বালক] সাক্ষাৎ মনবঃ (সাক্ষাৎ মনুপুত্র) ইক্ষ্বাকুঃ ইব (ইক্ষ্বাকুর ন্যায়) প্রজাবিতা (প্রজারক্ষক হইবে)। দাশরথিঃ (দশরথপুত্র) রামঃ যথা (রামচন্দ্রের ন্যায়) ব্রহ্মণ্যঃ (ব্রহ্মশব্দবাচ্য ব্রহ্ম, ব্রাহ্মণ ও বেদের হিতকারী) সত্যসন্ধঃ চ (এবং সত্যপ্রতিজ্ঞ হইবে)॥ ১৯ ॥

এষঃ হি (এই বালক) ঔশীনরঃ (উশীনরের পুত্র) শিবিঃ যথা (শিবির ন্যায়) দাতা শরণ্যঃ চ (দাতা ও শরণাগতপালক হইবে), দৌষ্মন্তিঃ ইব (এবং দুষ্মন্ত-পুত্র ভরতের ন্যায়) স্বানাং (জ্ঞাতিগণের) যজ্বনাং চ (ও যাজ্ঞিকগণের) যশঃ বিতনিতা (কীর্ত্তিবিস্তারকারী অর্থাৎ যশোবর্দ্ধক হইবে)॥ ২০ ॥

অনুবাদ

বালক জগতে বিষ্ণুরাত নামে বিখ্যাত হইবে। [বিষ্ণুকর্ত্তৃক প্রদত্ত বলিয়া বিষ্ণুরাত, রাধাতুর অর্থ দান] হে মহাভাগ! এই বালক পরমভগবদ্ভক্ত ও মহাগুণশালী হইবে, ইহাতে সন্দেহ নাই ॥ ১৭ ॥

যুধিষ্ঠির বলিলেন—হে বিপ্রগণ! এই বালক সজ্জনপ্রশংসিত কীর্ত্তি অর্জ্জন করিয়া আমাদের বংশের পবিত্রকীর্ত্তি ও উদারচরিত্র রাজর্ষিগণের অনুবর্ত্তন করিবে ত? অর্থাৎ এই বালক আমাদের পূর্ব্বপুরুষার্জ্জিত কীর্ত্তিকলাপ রক্ষা করিতে পারিবে ত? ॥ ১৮ ॥

ব্রাহ্মণগণ বলিলেন—হে পৃথাপুত্র যুধিষ্ঠির! এই বালক সাক্ষাৎ মনুপুত্র ইক্ষ্বাকুর ন্যায় প্রজাপালক হইবে এবং দশরথপুত্র রামচন্দ্রের ন্যায় ব্রহ্ম, ব্রাহ্মণ ও বেদের হিতকারী ও সত্যপ্রতিজ্ঞ হইবে ॥ ১৯ ॥

উশীনরের পুত্র শিবি যেমন নিজের দেহের মাংস শ্যেন পক্ষীকে দিয়া শরণাগত

টীকা

দত্তঃ ॥১৬॥১৭॥ হে "সত্তমাঃ! এষ" বিষ্ণুরাতঃ সাধূনাং বাদাঃ প্রশংসাশব্দা যস্মিন্, তেন "যশসা রাজর্ষীন্ অনুবর্ত্তিতা" অনুবর্ত্তিষ্যতি "স্বিৎ" ॥১৮॥ "মানবঃ" মনোঃ শ্রাদ্ধদেবস্য পুত্রঃ, "প্রজায়া অবিতা" রক্ষিতা ব্রহ্মণ্যঃ ব্রহ্মশব্দবাচ্যানাং ব্রহ্মব্রাহ্মণবেদানাং হিতকৃৎ সত্যে সন্ধা অভিসন্ধির্যস্য স তথা ॥ ১৯ ॥ উশীনরস্যা-

ধন্বিনামগ্রণীরেষ তুল্যশ্চার্জ্জুনয়োর্দ্বয়োঃ।
হুতাশ ইব দুর্দ্ধর্ষঃ সমুদ্র ইব দুস্তরঃ॥ ২১॥
মৃগেন্দ্র ইব বিক্রান্তো নিষেব্যো হিমবানিব।
তিতিক্ষুর্বসুধেবাসৌ সহিষ্ণুঃ পিতরাবিব॥ ২২॥
পিতামহসমঃ সাম্যে প্রসাদে গিরিশোপমঃ।
আশ্রয়ঃ সর্ব্বভূতানাং যথা দেবো রমাশ্রয়ঃ॥ ২৩॥
সর্ব্বসদ্‌গুণমাহাত্ম্য এষ কৃষ্ণমনুব্রতঃ।
রন্তিদেব ইবৌদার্য্যে যযাতিরিব ধার্ম্মিকঃ॥ ২৪॥

অন্বয়

এষঃ (এই বালক) দ্বয়োঃ অর্জ্জুনয়োঃ (কুন্তীপুত্র অর্জ্জুন ও কার্ত্তবীর্য্যার্জ্জুনের) তুল্যঃ (সমান) ধন্বিনাং (ধনুর্দ্ধারিগণের মধ্যে) অগ্রণীঃ (শ্রেষ্ঠ হইবে), হুতাশঃ ইব (এবং অগ্নির ন্যায়) দুর্দ্ধর্ষঃ (দুর্দ্দমনীয়) সমুদ্রঃ ইব (ও সমুদ্রের ন্যায়) দুস্তরঃ (দুস্তর হইবে)॥ ২১॥

অসৌ (এই বালক) মৃগেন্দ্রঃ ইব (সিংহের ন্যায়) বিক্রান্তঃ (পরাক্রমশালী), হিমবান্ ইব (হিমালয়ের ন্যায়) নিষেব্যঃ (সজ্জনসেব্য), বসুধা ইব (পৃথিবীর ন্যায়) তিতিক্ষুঃ (ক্ষমাশীল), পিতরৌ ইব (মাতাপিতার ন্যায়) সহিষ্ণুঃ (সহিষ্ণু), সাম্যে (সমদৃষ্টিতে) পিতামহ সমঃ (ব্রহ্মার তুল্য), প্রসাদে (প্রসন্নভাবে) গিরিশোপমঃ (মহাদেবের তুল্য), যথা রমাশ্রয়ঃ দেবঃ (যেমন লক্ষ্মীপতি নারায়ণ সকলের আশ্রয় হইয়া থাকেন) [তথা] সর্ব্বভূতানাং আশ্রয়ঃ (সেইরূপ সকল প্রাণিগণের আশ্রয় হইবে)॥ ২২-২৩॥

এষঃ (এই বালক) সর্ব্বসদ্‌গুণমাহাত্ম্যে (পূর্ব্বোক্ত সমস্ত সদ্‌গুণের দ্বারা প্রাপ্ত মাহাত্ম্যে) কৃষ্ণম্ অনুব্রতঃ (শ্রীকৃষ্ণের অনুবর্ত্তন করিবে), ঔদার্য্যে (উদারতায়) রন্তিদেবঃ ইব (রন্তিদেবের ন্যায় হইবে), যযাতিঃ ইব (যযাতির ন্যায়) ধার্ম্মিকঃ (ধার্ম্মিক হইবে)॥ ২৪॥

অনুবাদ

কপোতকে রক্ষা করিয়াছিলেন, এই বালকও সেইরূপ দাতা ও শরণাগত পালক হইবে; এবং দুষ্মন্তপুত্র ভরতের ন্যায় জ্ঞাতিগণের ও যাজ্ঞিকগণের যশোবর্দ্ধক হইবে॥ ২০॥

এই বালক, কুন্তীপুত্র অর্জ্জুন ও কার্ত্তবীর্য্যার্জ্জুনের মত ধনুর্দ্ধারিগণের মধ্যে শ্রেষ্ঠ হইবে এবং অগ্নির ন্যায় দুর্দ্দমনীয় ও সমুদ্রের ন্যায় দুস্তর হইবে॥ ২১॥

এই বালক সিংহের ন্যায় পরাক্রমশালী, হিমালয়ের ন্যায় সজ্জনসেব্য, পৃথিবীর ন্যায় ক্ষমাশীল, পিতামাতার ন্যায় সহিষ্ণু, সমদৃষ্টিতে ব্রহ্মার তুল্য, প্রসন্নভাবে মহাদেবতুল্য এবং লক্ষ্মীপতি নারায়ণের মত সকল প্রাণিগণের আশ্রয় হইবে॥ ২২-২৩॥

এই বালক পূর্ব্বোক্ত সমস্ত সদ্‌গুণের দ্বারা প্রাপ্ত মাহাত্ম্যে, ভগবান্ শ্রীকৃষ্ণের

টীকা

পত্যম্ "ঔশানরঃ", "স্বানাং" জ্ঞাতীনাং "যজ্ঞানাং" যষ্টৃনাং "যশো বিতনিতা" যশসো বিস্তারয়িতা, "দৌষ্মন্তিঃ" দুষ্মন্তপুত্রো ভরত ইতি॥ ২০॥ দ্বয়োঃ পার্থকার্ত্তবীর্য্যয়োঃ॥ ২১॥ ২২॥ "রমাশ্রয়ঃ" শ্রীপতিঃ॥ ২৩॥ সর্ব্বৈঃ পূর্ব্বোক্তৈঃ সদ্‌গুণৈর্যৎ মাহাত্ম্যং তস্মিন্। "কৃষ্ণং" ভগবন্তং অনুব্রতোঽনুবর্ত্তিতা॥ ২৪॥

ধৃত্যা বলিসমঃ কৃষ্ণে প্রহ্লাদ ইব সদ্‌গ্রহঃ।
আহর্ত্তৈষোঽশ্বমেধানাং বৃদ্ধানাং পর্য্যুপাসকঃ ॥ ২৫ ॥
রাজর্ষীণাং জনয়িতা শাস্তা চোৎপথগামিনাম্।
নিগ্রহীতা কলেরেষ ভুবো ধর্ম্মস্য কারণাৎ ॥ ২৬ ॥
তক্ষকাদাত্মনো মৃত্যুং দ্বিজপুত্রোপসর্পিতাৎ।
প্রপৎস্যত উপশ্রুত্য মুক্তসঙ্গঃ পদং হরেঃ ॥ ২৭ ॥

অন্বয়

এষঃ (এই বালক) [বিষ্ণুরাত] ধৃত্যা বলিসমঃ (ধৈর্য্যে বলিরাজতুল্য) প্রহ্লাদঃ ইব (প্রহ্লাদের ন্যায়) কৃষ্ণে (ভগবান্ শ্রীকৃষ্ণে) সদ্‌গ্রহঃ (সদভিনিবেশযুক্ত [অর্থাৎ কৃষ্ণৈকচিত্ত]) অশ্বমেধানাং (এবং অশ্বমেধ যজ্ঞসমূহের) আহর্ত্তা (অনুষ্ঠাতা) বৃদ্ধানাং (ও বৃদ্ধগণের) পর্য্যুপাসকঃ (সর্ব্বতোভাবে আজ্ঞানুবর্ত্তী হইবে) ॥ ২৫ ॥

এষঃ (এই বালক) রাজর্ষীণাং (জনমেজয় প্রভৃতি রাজর্ষিগণের) জনয়িতা (জনক), উৎপথগামিনাং (কুপথগামী জনগণের) শাস্তা (শাসক), ভুবঃ (পৃথিবী) ধর্ম্মস্য চ (ও ধর্ম্মের) কারণাৎ (রক্ষার নিমিত্ত) কলেঃ নিগ্রহীতা (কলির নিগ্রহকারক হইবে) ॥ ২৬ ॥

দ্বিজপুত্রোপসর্পিতাৎ (ব্রাহ্মণপুত্রকর্ত্তৃক শাপচ্ছলে প্রেরিত) তক্ষকাৎ (তক্ষক নাগ হইতে) আত্মনঃ (নিজের) মৃত্যুম্ উপশ্রুত্য (মৃত্যু শ্রবণ করিয়া) মুক্তসঙ্গঃ (বিষয়াসক্তি পরিত্যাগ করতঃ) [এই বালক শ্রীশুকদেবের উপদেশে] হরেঃ পদং (শ্রীহরির পাদপদ্ম) প্রপৎস্যতে (প্রাপ্ত হইবে) ॥ ২৭ ॥

অনুবাদ

অনুবর্ত্তন করিবে অর্থাৎ শ্রীকৃষ্ণের মত সদ্‌গুণশালী হইবে। উদারতায় রন্তিদেবের মত হইবে অর্থাৎ রন্তিদেবের মত উদারপ্রকৃতি হইবে ও যযাতির মত ধার্ম্মিক হইবে ॥ ২৪ ॥

এই বালক ধৈর্য্যে বলিরাজের তুল্য হইবে, প্রহ্লাদের মত ভগবান্ শ্রীকৃষ্ণে সদভিনিবেশযুক্ত অর্থাৎ কৃষ্ণাবিষ্টচিত্ত হইবে এবং অশ্বমেধ যজ্ঞসমূহের অনুষ্ঠাতা ও সর্ব্বতোভাবে বৃদ্ধগণের আজ্ঞানুবর্ত্তী হইবে ॥ ২৫ ॥

এই বালক, জনমেজয় প্রভৃতি রাজর্ষিগণের জনক, উৎপথগামী জনগণের শাসক এবং পৃথিবীর ও ধর্ম্মের রক্ষার নিমিত্ত কলির নিগ্রহকারক হইবে ॥ ২৬ ॥

ব্রাহ্মণপুত্রকর্ত্তৃক শাপচ্ছলে প্রেরিত তক্ষক নাগ হইতে নিজের মৃত্যু সংবাদ শ্রবণ করিয়া এই বালক বিষয়াসক্তি পরিত্যাগ পূর্ব্বক শ্রীশুকদেবের উপদেশে শ্রীহরির পাদপদ্ম প্রাপ্ত হইবে ॥ ২৭ ॥

টীকা

সৎ সমীচীনঃ গ্রহঃ অভিনিবেশো যস্য সঃ ॥ ২৫ ॥ ২৬ ॥ দ্বিজপুত্রেণ শাপদ্বারা প্রেরিতাৎ তক্ষকান্মৃত্যুং

জিজ্ঞাসিতাত্মযাথার্থ্যো মুনের্ব্যাসসুতাদসৌ।
হিত্বেদং নৃপ! গঙ্গায়াং যাস্যত্যদ্ধাকুতোভয়ম্ ॥ ২৮ ॥
ইতি রাজ্ঞ উপাদিশ্য বিপ্রা জাতককোবিদাঃ।
লব্ধাপচিতয়ঃ সর্ব্বে প্রতিজগ্মুঃ স্বকান্ গৃহান্ ॥ ২৯ ॥
স এষ লোকে বিখ্যাতঃ পরীক্ষিদিতি যৎ প্রভুঃ।
গর্ভে দৃষ্টমনুধ্যায়ন্ পরীক্ষেত নরেষ্বিহ ॥ ৩০ ॥

অন্বয়

নৃপ! (হে রাজন্!) অসৌ (এই বালক বিষ্ণুরাত) মুনেঃ ব্যাসসুতাৎ (ব্যাসদেবের পুত্র মুনি শুকদেব হইতে) জিজ্ঞাসিতাত্মযাথার্থ্যঃ (পরমাত্মা শ্রীকৃষ্ণের যথার্থ তত্ত্ব জিজ্ঞাসা করিয়া অর্থাৎ তত্ত্বজ্ঞান লাভ করিয়া) গঙ্গায়াং (গঙ্গাজলে) ইদং (এই শরীর) হিত্বা (ত্যাগ করিয়া) অদ্ধা (নিশ্চয়ই) অকুতোভয়ং (কিছু হইতেই ভয় নাই যে পদের, এমন অভয় পদ অর্থাৎ ব্রহ্মপদ) যাস্যতি (প্রাপ্ত হইবে)॥ ২৮ ॥

জাতককোবিদাঃ (জাতকবিষয়ক জ্যোতিঃশাস্ত্রে সুনিপুণ) সর্ব্বে বিপ্রাঃ (সেই সকল বিপ্রগণ) রাজ্ঞে ইতি উপাদিশ্য (রাজা যুধিষ্ঠিরকে এই প্রকারে সমস্ত বিষয় জানাইয়া) লব্ধাপচিতয়ঃ (পূজা ও দক্ষিণা লাভ করতঃ) স্বকান্ গৃহান্ প্রতি (নিজ নিজ গৃহাভিমুখে) জগ্মুঃ (গমন করিলেন)॥ ২৯ ॥

যৎ (যেহেতু) এষঃ (এই বিষ্ণুরাত) গর্ভে দৃষ্টং (গর্ভে অবস্থান কালে দৃষ্ট পুরুষ ভগবানকে) অনুধ্যায়ন্ (চিন্তা করতঃ) ইহ নরেষু (এই মানবগণের মধ্যে) পরীক্ষেত (ইনিই কি সেই পুরুষ? এই প্রকারে পরীক্ষা করিতেন), [অতঃ] সঃ প্রভুঃ (অতএব সেই বিষ্ণুরাত) লোকে (জগতে) পরীক্ষিৎ ইতি বিখ্যাতঃ (পরীক্ষিৎ এই নামে প্রসিদ্ধ হইলেন)॥ ৩০ ॥

অনুবাদ

হে রাজন্! এই বালক বিষ্ণুরাত, ব্যাসদেবের পুত্র মুনি শুকদেবের নিকট হইতে যথার্থ আত্মতত্ত্বজ্ঞান লাভ করিয়া অর্থাৎ ভগবত্তত্ত্ব জানিয়া গঙ্গাজলে এই পাঞ্চভৌতিক দেহ পরিত্যাগ করতঃ অভয় ব্রহ্মপদ প্রাপ্ত হইবে॥ ২৮ ॥

জাতকবিষয়ক জ্যোতিঃশাস্ত্রে সুনিপুণ সেই সকল ব্রাহ্মণগণ রাজা যুধিষ্ঠিরকে এই প্রকারে সমস্ত বিষয় জানাইয়া, পূজা ও দক্ষিণা গ্রহণ পূর্ব্বক নিজ নিজ গৃহাভিমুখে গমন করিলেন॥ ২৯ ॥

[পূর্ব্বোক্ত বিষয় বর্ণনা করিয়া সূত পুনরায় বলিতে লাগিলেন]—যেহেতু এই বিষ্ণুরাত মাতৃগর্ভে অবস্থান কালে যে পরমপুরুষকে দেখিয়াছিলেন, ভূমিষ্ঠ হইয়াও তাঁহাকে চিন্তা করতঃ

টীকা

শুকোপদেশদ্বারা "হরেঃ পদং প্রপৎস্যতে" প্রাপ্স্যতি॥ ২৭ ॥ এতদেবাহুঃ—জিজ্ঞাসিতাত্মযাথার্থ্য ইতি। জিজ্ঞাসিতং আত্মনঃ সর্ব্বাত্মনঃ কৃষ্ণস্য যাথার্থ্যং যেন সঃ॥ ২৮ ॥ "ইত্যেবমুপদিশ্য" নির্দ্দেশ্য নিবেদ্য লব্ধাপচিতয়ঃ লব্ধা উপচিতিঃ পূজাদক্ষিণা যৈস্তে॥ ২৯ ॥ "যৎ" যতো "গর্ভে দৃষ্টং" ভগবন্তম্ অনুধ্যায়ন্

স রাজপুত্রো ববৃধ আশু শুক্ল ইবোড়ুপঃ।
আপূর্য্যমাণঃ পিতৃভিঃ কাষ্ঠাভিরিব সোঽন্বহম্ ॥ ৩১ ॥
বাল এব স ধর্ম্মাত্মা কৃষ্ণভক্তো নিসর্গতঃ।
প্রীতিদঃ সর্ব্বভূতেষু মহাভাগবতঃ সুধীঃ ॥ ৩২ ॥
যক্ষ্যমাণোঽশ্বমেধেন জ্ঞাতিদ্রোহজিহাসয়া।
রাজা লব্ধধনো দধ্যৌ নান্যত্র করদণ্ডয়োঃ ॥ ৩৩ ॥

অন্বয়

সঃ রাজপুত্রঃ (সেই রাজকুমার বিষ্ণুরাত) শুক্লে (শুক্লপক্ষে) অন্বহং (প্রতিদিন) কাষ্ঠাভিঃ (কলাসমূহ দ্বারা) আপূর্য্যমাণঃ উড়ুপঃ ইব (বৃদ্ধিপ্রাপ্ত চন্দ্রের ন্যায়) অন্বহং (দিন দিন) পিতৃভিঃ (যুধিষ্ঠিরাদি কর্ত্তৃক [অর্থাৎ যুধিষ্ঠিরাদির ভরণ পোষণে]) আপূর্য্যমাণঃ আশু ববৃধে (পরিপুষ্ট হইয়া শীঘ্রই বৃদ্ধি পাইতে লাগিলেন) ॥ ৩১ ॥

সঃ (সেই পরীক্ষিৎ) বালঃ এব (বাল্যাবস্থায়ই) নিসর্গতঃ (স্বভাবতঃ) ধর্ম্মাত্মা (ধার্ম্মিক) কৃষ্ণভক্তঃ (কৃষ্ণসেবক) সুধীঃ (বুদ্ধিমান্) মহাভাগবতঃ (শ্রেষ্ঠ বৈষ্ণব হইয়া) সর্ব্বভূতেষু (সকল প্রাণিগণের) প্রীতিদঃ (প্রীতিপ্রদ হইয়াছিলেন) ॥ ৩২ ॥

করদণ্ডয়োঃ অন্যত্র (কর গ্রহণ ও দণ্ড গ্রহণ ব্যতীত) ন লব্ধধনঃ (অন্য প্রকারে ধনগ্রহণবিহীন) রাজা (রাজা যুধিষ্ঠির) জ্ঞাতিদ্রোহজিহাসয়া (ভীষ্ম প্রভৃতি জ্ঞাতিগণের বধরূপ পাপ অপনোদন ইচ্ছায়) অশ্বমেধেন (অশ্বমেধ নামক) যক্ষ্যমাণঃ (যজ্ঞ করিতে ইচ্ছা করিয়া) দধ্যৌ (চিন্তা করিতে লাগিলেন) [অর্থাৎ পর্য্যাপ্ত অর্থ নাই বলিয়া চিন্তা করিতে লাগিলেন] ॥ ৩৩ ॥

অনুবাদ

এই মানবগণের মধ্যে "ইনিই কি সেই পুরুষ?" এই ভাবে পরীক্ষা অর্থাৎ মনে মনে বিচার করিতেন। অতএব সেই বিষ্ণুরাত জগতে "পরীক্ষিৎ" এই নামে প্রসিদ্ধ হইলেন ॥ ৩০ ॥

শুক্লপক্ষে যেমন চন্দ্র প্রতিদিন কলাসংযোগে বৃদ্ধি পাইতে থাকে, সেইরূপ রাজা যুধিষ্ঠিরাদির ভরণ পোষণে পরিপুষ্ট হইয়া রাজকুমার পরীক্ষিৎ দিন দিন বর্দ্ধিত হইতে লাগিলেন ॥ ৩১ ॥

পরীক্ষিৎ বাল্যকালেই স্বভাবতঃ ধার্ম্মিক, কৃষ্ণভক্ত, বুদ্ধিমান্ ও শ্রেষ্ঠ বৈষ্ণব হইয়া সকল প্রাণিগণের প্রীতিপ্রদ হইয়াছিলেন ॥ ৩২ ॥

রাজা যুধিষ্ঠির কর ও দণ্ড ব্যতীত অন্য কোন উপায়ে প্রজাগণের নিকট হইতে অর্থ গ্রহণ করিতেন না, অতএব তিনি ভীষ্ম প্রভৃতি জ্ঞাতিগণের বধজনিত পাপ ক্ষয় করিবার ইচ্ছায় অশ্বমেধ নামক যজ্ঞ করিতে ইচ্ছুক হইয়া যজ্ঞোপযোগী পর্য্যাপ্ত ধনের অভাবে চিন্তা করিতে লাগিলেন ॥ ৩৩ ॥

টীকা

"নরেষু পরীক্ষেত" অতঃ "স এষঃ প্রভুঃ" প্রজাপালঃ "লোকে পরীক্ষিদিতি বিখ্যাতঃ"॥৩০॥ "অন্বহং কাষ্ঠাভিঃ" কলাভিঃ "উড়ুপ ইব পিতৃভি"র্যুধিষ্ঠিরাদিভি"রাপূর্য্যমাণো ববৃধে" ॥ ৩১ ॥ ৩২ ॥ "করদণ্ডয়োরন্যত্র বিনা

তদভিপ্রেতমালক্ষ্য ভ্রাতরোঽচ্যুতচোদিতাঃ।
ধনং প্রহীণমাজহ্রুরুদীচ্যাং দিশি ভূরিশঃ ॥ ৩৪ ॥
তেন সম্ভৃতসম্ভারো লব্ধকামো যুধিষ্ঠিরঃ।
বাজিমেধৈস্ত্রিভির্ভীতো যজ্ঞেশমযজদ্ধরিম্ ॥ ৩৫ ॥
আহূতো ভগবান্ রাজ্ঞা যাজয়িত্বা দ্বিজৈর্নৃপম্।
উবাস কতিচিন্মাসান্ সুহৃদাং প্রিয়কাম্যয়া ॥ ৩৬ ॥

অন্বয়

ভ্রাতরঃ (ভীমার্জ্জুন প্রভৃতি ভ্রাতৃগণ) তদভিপ্রেতং (যুধিষ্ঠিরের অভিপ্রায়) আলক্ষ্য (বুঝিতে পারিয়া) অচ্যুতচোদিতাঃ (ভগবান্ শ্রীকৃষ্ণকর্ত্তৃক প্রেরিত হইয়া) উদীচ্যাং দিশি প্রহীণং [সম্বর্ত্তমুনির কৃপায় মরুত্ত নামক রাজা বহুধনের দ্বারা যজ্ঞ করিয়াছিলেন, এবং অবশিষ্ট ধন উত্তরদিকে পরিত্যাগ করিয়াছিলেন] (সেই উত্তরদিকে পরিত্যক্ত) ভূরিশঃ ধনং (বহু ধন) আজহ্রুঃ (আহরণ করিলেন) ॥ ৩৪ ॥

ভীতঃ যুধিষ্ঠিরঃ (জ্ঞাতিবধজনিত পাপভয়ে ভীত রাজা যুধিষ্ঠির) তেন (সেই আহৃত ধনের দ্বারা) সম্ভৃতসম্ভারঃ (যজ্ঞোপকরণ সংগ্রহ করিয়া) লব্ধকামঃ চ (এবং পূর্ণমনোরথ হইয়া) ত্রিভিঃ বাজিমেধৈঃ (তিনটি অশ্বমেধ যজ্ঞের দ্বারা) যজ্ঞেশং হরিং (যজ্ঞেশ্বর শ্রীহরিকে) অযজৎ (অর্চ্চনা করিলেন) ॥ ৩৫ ॥

ভগবান্ (শ্রীকৃষ্ণ) রাজ্ঞা (রাজা যুধিষ্ঠিরকর্ত্তৃক) আহূতঃ (আহূত হইয়া) দ্বিজৈঃ (ব্রাহ্মণগণের দ্বারা) নৃপং যাজয়িত্বা (রাজা যুধিষ্ঠিরের যজ্ঞ সম্পাদন করাইয়া) সুহৃদাং (আত্মীয় পাণ্ডবগণের) প্রিয়কাম্যয়া (প্রীতি কামনায়) [তত্র] কতিচিৎ মাসান্ (সেখানে কয়েক মাস) উবাস (বাস করিলেন) ॥ ৩৬ ॥

অনুবাদ

রাজা যুধিষ্ঠিরের অভিপ্রায় বুঝিতে পারিয়া ভীমার্জ্জুন প্রভৃতি ভ্রাতৃগণ শ্রীকৃষ্ণ-কর্ত্তৃক প্রেরিত হইয়া, সম্বর্ত্ত মুনির কৃপায় মরুত্তনামক রাজা বহুধনের দ্বারা যজ্ঞ করতঃ অবশিষ্ট যে ধন উত্তর দিকে পরিত্যাগ করিয়াছিলেন, সেই পরিত্যক্ত বহু ধন আহরণ করিলেন ॥ ৩৪ ॥

স্বজনবধজনিত পাপ হইতে ভীত হইয়া রাজা যুধিষ্ঠির সেই আহৃত ধনের দ্বারা যজ্ঞোপকরণ সমূহ সংগ্রহ করতঃ এবং অভিলাষ সিদ্ধ হওয়ায় আনন্দিত হইয়া ক্রমশঃ তিনটি অশ্বমেধ যজ্ঞ করিয়া যজ্ঞেশ্বর শ্রীহরিকে অর্চ্চনা করিলেন ॥ ৩৫ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ রাজা যুধিষ্ঠিরকর্ত্তৃক আহূত হইয়া ব্রাহ্মণগণের দ্বারা তাঁহার যজ্ঞ সম্পাদন করাইয়া আত্মীয় পাণ্ডবগণের প্রীতিকামনায় সেই হস্তিনাপুরে কয়েক মাস বাস করিলেন ॥ ৩৬ ॥

টীকা

অলব্ধধনো" ধনার্থং "দধ্যৌ", করদণ্ডাভ্যাম্ আয়স্য ব্যয়পর্য্যাপ্তত্বাৎ ॥ ৩৩ ॥ আশ্বমেধিকে পর্ব্বণি প্রসিদ্ধেন সম্বর্ত্তমুনিকৃপালব্ধেন ভূরিধনেন মরুত্তো নাম রাজা যজ্ঞং কৃতবান্, উর্ব্বরিতং বহুধনং তেন "উদীচ্যাং প্রহীণং" ত্যক্তং, ততো বহুভির্গজাদিভি"রাজহ্রুঃ" আনীতবন্তঃ ॥ ৩৪ ॥ জ্ঞাতিদ্রোহাদ্"ভীতঃ," তেন ধনেন

ততো রাজ্ঞাভ্যনুজ্ঞাতঃ কৃষ্ণয়া সহ বন্ধুভিঃ।
যযৌ দ্বারবতীং কৃষ্ণঃ সার্জ্জুনো যদুভির্বৃতঃ ॥ ৩৭ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথমস্কন্ধে পরীক্ষিজ্জন্ম নাম দ্বাদশোঽধ্যায়ঃ ॥১২॥

অন্বয়

ততঃ (অনন্তর) বন্ধুভিঃ কৃষ্ণয়া চ সহ (আত্মীয় ও দ্রৌপদীর সহিত) রাজ্ঞা (রাজা যুধিষ্ঠির কর্ত্তৃক) অভ্যনুজ্ঞাতঃ (অনুমোদিত হইয়া) [অর্থাৎ গমন বিষয়ে সম্মতি পাইয়া] সার্জ্জুনঃ কৃষ্ণঃ (অর্জ্জুনের সহিত শ্রীকৃষ্ণ) যদুভিঃ বৃতঃ (যদুগণে পরিবেষ্টিত হইয়া) দ্বারবতীং (দ্বারকায়) যযৌ (গমন করিলেন) ॥ ৩৭ ॥

অনুবাদ

অনন্তর আত্মীয়গণ, দ্রৌপদী ও রাজা যুধিষ্ঠিরের সম্মতি লইয়া অর্জ্জুনের সহিত ভগবান্ শ্রীকৃষ্ণ যদুগণে পরিবেষ্টিত হইয়া দ্বারকায় গমন করিলেন ॥ ৩৭ ॥

দ্বাদশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ১২ ॥

টীকা

সংভৃতঃ সম্পাদিতঃ যজ্ঞোপকরণরূপঃ সম্ভারো যেন সঃ ॥ ৩৫ ॥ ৩৬ ॥ ৩৭ ॥

ইতি শ্রীমদ্ভাগবতসিদ্ধান্তপ্রদীপে প্রথমস্কন্ধীয়ে দ্বাদশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥

ত্রয়োদশোঽধ্যায়ঃ

সূত উবাচ

বিদুরস্তীর্থযাত্রায়াং মৈত্রেয়াদাত্মনো গতিম্।
জ্ঞাত্বাগাদ্ধাস্তিনপুরং তয়াবাপ্তবিবিৎসিতঃ ॥ ১ ॥

অন্বয়

[এই ত্রয়োদশ অধ্যায় হইতে পঞ্চদশ অধ্যায় পর্য্যন্ত ধৃতরাষ্ট্রের গৃহত্যাগ ও পাণ্ডবগণের মহাপ্রস্থান বর্ণিত হইবে] সূতঃ উবাচ (সূত বলিলেন) বিদুরঃ তীর্থযাত্রায়াং (বিদুর তীর্থযাত্রাক্রমে) মৈত্রেয়াৎ (মৈত্রেয় নামক ঋষি হইতে) আত্মনঃ গতিং (পরমাত্মবিদ্যা) জ্ঞাত্বা (জানিয়া) তয়া (সেই পরমাত্মজ্ঞানের দ্বারা) অবাপ্তবিবিৎসিতঃ (সর্ব্ববস্তুবিষয়ক জ্ঞানেচ্ছা সম্পূর্ণ করিয়া) হাস্তিনপুরম্ আগাৎ (হস্তিনাপুরে আগমন করিলেন) ॥ ১ ॥

অনুবাদ

সূত বলিলেন—বিদুর তীর্থযাত্রাক্রমে অর্থাৎ তীর্থভ্রমণকালে মৈত্রেয় নামক ঋষির নিকট হইতে আত্মজ্ঞান লাভ করিলেন এবং সেই জ্ঞান বলেই সর্ব্ববস্তুবিষয়ক জ্ঞানেচ্ছা সম্পূর্ণ করিয়া হস্তিনাপুরে আগমন করিলেন ॥ ১ ॥

টীকা

পরীক্ষিতঃ কলিনিগ্রহাদীনি কর্ম্মাণি কথয়িষ্যন্ ধৃতরাষ্ট্রপ্রস্থানকথনপূর্ব্বকং "সংস্থাং চ পাণ্ডুপুত্রাণাং বক্ষ্যে" ইতি প্রতিজ্ঞাতং পাণ্ডবপ্রস্থানং নিরূপয়তি—বিদুর ইত্যাদি ত্রিভিরধ্যায়ৈঃ। "আত্মনো

যাবতঃ কৃতবান্ প্রশ্নান্ ক্ষত্তা কৌশারবাগ্রতঃ।
জাতৈকভক্তির্গোবিন্দে তেভ্যশ্চোপররাম হ ॥ ২ ॥
তং বন্ধুমাগতং দৃষ্ট্বা ধর্ম্মপুত্রঃ সহানুজঃ।
ধৃতরাষ্ট্রো যুযুৎসুশ্চ সূতঃ শারদ্বতঃ পৃথা ॥ ৩ ॥
গান্ধারী দ্রৌপদী ব্রহ্মন্সুভদ্রা চোত্তরা কৃপী।
অন্যাশ্চ যাময়ঃ পাণ্ডোর্জ্ঞাতয়ঃ সসুতাঃ স্ত্রিয়ঃ ॥ ৪ ॥
প্রত্যুজ্জগ্মুঃ প্রহর্ষেণ প্রাণং তন্ব ইবাগতম্ ॥ ৫ ॥

অন্বয়

ক্ষত্তা (বিদুর) কৌশারবাগ্রতঃ (মৈত্রেয় ঋষির নিকটে) যাবতঃ (যতগুলি) প্রশ্নান্ কৃতবান্ (প্রশ্ন করিয়াছিলেন), [তাহাদের মধ্যে কয়েকটি প্রশ্নের উত্তরেই] গোবিন্দে (ভগবান্ শ্রীকৃষ্ণে) জাতৈকভক্তিঃ (ঐকান্তিক ভক্তি উৎপন্ন হওয়ায় তিনি) তেভ্যঃ চ (অবশিষ্ট প্রশ্নসমূহ হইতে) উপররাম হ (নিবৃত্ত হইয়াছিলেন) [হ-শব্দ পুরাকালদ্যোতক] ॥ ২ ॥

হে ব্রহ্মন্ (হে শৌনক!) বন্ধুং (পরমসুহৃৎ) তম্ (সেই বিদুরকে) আগতং দৃষ্ট্বা (সমাগত দেখিয়া) সহানুজঃ (অনুজগণের সহিত) ধর্ম্মপুত্রঃ (যুধিষ্ঠির) ধৃতরাষ্ট্রঃ, যুযুৎসুঃ (ধৃতরাষ্ট্রের ঔরসে বৈশ্যার গর্ভে জাত পুত্র) সূতঃ (সঞ্জয়) শারদ্বতঃ (কৃপাচার্য্য) পৃথা (কুন্তী) গান্ধারী, দ্রৌপদী, সুভদ্রা, উত্তরা, কৃপী চ (দ্রোণাচার্য্যের স্ত্রী গৌতমী) পাণ্ডোঃ জ্ঞাতয়ঃ (পাণ্ডুর জ্ঞাতিগণ) সসুতাঃ স্ত্রিয়ঃ (সন্তানগণের সহিত স্ত্রীগণ) অন্যাঃ চ যাময়ঃ (এবং অপরাপর অন্তঃপুররমণীগণ) প্রহর্ষেণ (অত্যন্ত আনন্দের সহিত) আগতং প্রাণং [প্রাপ্য] তন্ব ইব (মূর্চ্ছাদিভঙ্গে গতপ্রায় প্রাণকে পুনঃ প্রাপ্ত হইয়া কর-চরণাদি যেমন সচেষ্ট হয় সেইরূপ তাঁহারা সকলে) প্রত্যুজ্জগ্মুঃ (বিদুরের প্রত্যুদ্গমন করিলেন) ॥৩-৫॥

অনুবাদ

বিদুর মৈত্রেয় ঋষির নিকটে যতগুলি প্রশ্ন করিয়াছিলেন, সেই সকল প্রশ্নের মধ্যে কয়েকটি প্রশ্নের উত্তরেই ভগবান্ শ্রীকৃষ্ণে ঐকান্তিক ভক্তি উৎপন্ন হওয়ায় অবশিষ্ট প্রশ্ন সমূহ হইতে নিবৃত্ত হইয়াছিলেন, [অর্থাৎ কৃষ্ণৈকচিত্ত হওয়ায় আর বিদুরের জ্ঞাতব্য কিছুই ছিল না] ॥ ২ ॥

হে শৌনক! পরমসুহৃৎ বিদুরকে সমাগত দেখিয়া অনুজগণের সহিত রাজা যুধিষ্ঠির, ধৃতরাষ্ট্র, যুযুৎসু, সঞ্জয়, কৃপাচার্য্য, কুন্তী, গান্ধারী, দ্রৌপদী, সুভদ্রা, উত্তরা, কৃপী, পাণ্ডুর জ্ঞাতিগণ, তাঁহাদের সন্তানগণের সহিত স্ত্রীগণ এবং অন্যান্য অন্তঃপুররমণীগণ ইহারা সকলেই

টীকা

গতিং" পরমাত্মবিদ্যাং "জ্ঞাত্বা তয়া" অবাপ্তং বিবিৎসিতং বেত্তুমিষ্টং সর্ব্বং যেন সঃ। "যদ্বিজ্ঞানেন সর্ব্বং বিজ্ঞাতং ভবতী"তি শ্রুতেঃ ॥ ১ ॥ তয়াবাপ্তবিবিৎসিত ইতি যদুক্তং তদ্বিবৃণোতি—"ক্ষত্তা" বিদুরঃ "কৌশারবাগ্রতঃ" মৈত্রেয়পুরতঃ "প্রশ্নান্ কৃতবান্"। তেষু কতিপয়প্রশ্নপ্রত্যুত্তরৈঃ গোবিন্দে জাতৈকভক্তিঃ গোবিন্দস্বরূপগুণ-শক্ত্যাদিযাথাত্ম্যবোধেন জাতা একা অব্যভিচারিণী ভক্তির্যস্য সঃ, "তেভ্যো"ঽবশিষ্টেভ্যঃ প্রশ্নেভ্য "উপররাম" ॥২॥ "সূতঃ" সঞ্জয়ঃ ॥৩॥ "পাণ্ডোঃ জ্ঞাতয়ঃ, সসুতাঃ স্ত্রিয়ঃ, অন্যাশ্চ যাময়ো"ঽন্তঃপুরস্ত্রিয়ঃ ॥৪॥ কেনাপি

অভিসঙ্গম্য বিধিবৎ পরিষ্বঙ্গাভিবাদনৈঃ।
মুমুচুঃ প্রেমবাষ্পৌঘং বিরহৌৎকণ্ঠ্যকাতরাঃ।
রাজা তমর্হয়াঞ্চক্রে কৃতাসনপরিগ্রহম্ ॥ ৬ ॥
তং ভুক্তবন্তং বিশ্রান্তমাসীনং সুখমাসনে।
প্রশ্রয়াবনতো রাজা প্রাহ তেষাঞ্চ শৃণ্বতাম্ ॥ ৭ ॥

যুধিষ্ঠির উবাচ

অপি স্মরথ নো যুষ্মৎ পক্ষচ্ছায়াসমেধিতান্।
বিপদ্‌গণাদ্বিষাগ্ন্যাদের্মোচিতা যৎ সমাতৃকাঃ ॥ ৮ ॥

অন্বয়

বিরহৌৎকণ্ঠ্যকাতরাঃ (বিরহজনিত উৎকণ্ঠায় ব্যাকুল হইয়া তাঁহারা) পরিষ্বঙ্গাভিবাদনৈঃ (আলিঙ্গন ও অভিবাদনের দ্বারা) বিধিবৎ অভিসঙ্গম্য (যথাযোগ্যভাগে মিলিত হইয়া) প্রেমবাষ্পৌঘং (প্রেমাশ্রুধারা) মুমুচুঃ (বিসর্জ্জন করিতে লাগিলেন)। রাজা (যুধিষ্ঠির) কৃতাসনপরিগ্রহং (আসনে উপবেশনকারী) তং (সেই বিদুরকে) অর্হয়াঞ্চক্রে (পূজা করিলেন) ॥ ৬ ॥

(অনন্তর) রাজা (যুধিষ্ঠির) শৃণ্বতাং তেষাং (সেই ধৃতরাষ্ট্রাদির সমক্ষে) ভুক্তবন্তং (কৃতাহার) বিশ্রান্তং (কৃতবিশ্রাম) আসনে সুখম্ আসীনং চ (আসনে সুখে উপবিষ্ট) তং (সেই বিদুরকে) প্রশ্রয়াবনতঃ সন্ (বিনয়াবনত হইয়া) প্রাহ (বলিতে লাগিলেন) ॥ ৭ ॥

যুধিষ্ঠিরঃ উবাচ (যুধিষ্ঠির বলিলেন) যুষ্মৎপক্ষচ্ছায়াসমেধিতান্ (আপনার পক্ষপাতরূপ ছায়া-

অনুবাদ

অত্যন্ত আনন্দের সহিত বিদুরের প্রত্যুদ্‌গমন করিলেন। যেমন কোন কারণে মূর্চ্ছিত হইয়া পুনঃ সংজ্ঞা লাভ করিলে কর-চরণাদি সচেষ্ট হইয়া থাকে, সেইরূপ তাঁহারাও বিদুরকে পাইয়া উৎসাহে তাঁহার দিকে ধাবিত হইলেন ॥ ৩—৫ ॥

তাঁহারা সকলেই বিদুরের বিরহজনিত উৎকণ্ঠায় ব্যাকুল ছিলেন, এক্ষণে তাঁহাকে পাইয়া আলিঙ্গন ও অভিবাদনের দ্বারা তাঁহার সহিত যথাযোগ্যভাবে মিলিত হইয়া প্রেমাশ্রু-ধারা বিসর্জ্জন করিতে লাগিলেন। রাজা যুধিষ্ঠির বিদুর আসন গ্রহণ করিলে তাঁহাকে পূজা করিলেন ॥ ৬ ॥

অনন্তর তাঁহার আহার ও বিশ্রামের পর রাজা যুধিষ্ঠির ধৃতরাষ্ট্রাদির সমক্ষে আসনে সুখে উপবিষ্ট সেই বিদুরকে বিনয়াবনত হইয়া বলিতে লাগিলেন ॥ ৭ ॥

যুধিষ্ঠির বলিলেন—আপনার পক্ষপাতরূপ ছায়াদ্বারা যাহারা বর্দ্ধিত, সেই আমাদিগকে

টীকা

নিমিত্তেন প্রাণাবরোধে "তন্বঃ" শরীরাণি নিশ্চেষ্টানি ভবন্তি, তং পুনরাগতং তানি যথোত্তিষ্ঠন্তি তদ্বৎ ॥ ৫ ॥ বিরহজাতৌৎকণ্ঠ্যেন কাতরা ব্যাকুলাঃ "প্রেমবাষ্পৌঘং" স্নেহজন্যাশ্রুসমূহং "মুমুচুঃ"। রাজা "যুধিষ্ঠিরঃ" কৃতঃ আসনপরিগ্রহো যেন তম্, "অর্হয়াঞ্চক্রে" অর্হয়ামাস পূজয়ামাস ॥ ৬ ॥ "প্রশ্রয়াবনতঃ" বিনয়েন নম্রঃ, "তেষাং" ধৃতরাষ্ট্রাদীনাং "শৃণ্বতাং, তং" বিদুরং "প্রাহ" ॥ ৭ ॥ তদেবাহ "অপীতি" চতুর্ভিঃ। "যুষ্মৎপক্ষপাতচ্ছায়য়া সমেধিতান্" সম্বর্দ্ধিতান্ অণ্ডজোপমান্ "নো"ঽস্মা"নপি" কিং "স্মরথ, যৎ" যতঃ

কয়া বৃত্ত্যা বর্ত্তিতং বশ্চরদ্ভিঃ ক্ষিতিমণ্ডলম্।
তীর্থানি ক্ষেত্রমুখ্যানি সেবিতানীহ ভূতলে ॥ ৯ ॥
ভবদ্বিধা ভাগবতাস্তীর্থভূতাঃ স্বয়ং বিভো!
তীর্থীকুর্ব্বন্তি তীর্থানি স্বান্তঃস্থেন গদাভৃতা ॥ ১০ ॥

অন্বয়

দ্বারা বর্দ্ধিত) নঃ (আমাদিগকে) অপি স্মরথ (স্মরণ করেন কি ?) যৎ (যেহেতু) সমাতৃকাঃ [বয়ং] (আমাদের জননীর সহিত আমরা) বিষাগ্ন্যাদেঃ বিপদ্গণাৎ (বিষপান, জতুগৃহদাহ প্রভৃতি বিপৎসমূহ হইতে) [আপনা কর্ত্তৃকই] মোচিতাঃ (মুক্ত হইয়াছি) [অর্থাৎ পক্ষী যেমন পক্ষচ্ছায়াদ্বারা শাবককে রক্ষা করে, সেইরূপ আপনিও পক্ষপাতরূপ ছায়াদ্বারা শাবকতুল্য আমাদিগকে রক্ষা করিয়াছেন, সেই আমাদের কথা স্মরণ হয় কি ?] ॥ ৮ ॥

ক্ষিতিমণ্ডলং চরদ্ভিঃ (পৃথিবীমণ্ডলে বিচরণকারী) বঃ (আপনার) কয়া বৃত্ত্যা বর্ত্তিতং (কি উপায় অবলম্বনে দেহযাত্রা নির্ব্বাহ হইত ?) ইহ ভূতলে (এই পৃথিবীতে) তীর্থানি (পুণ্যজল প্রধান) ক্ষেত্রমুখ্যানি (শ্রেষ্ঠ তীর্থক্ষেত্র সমূহের) সেবিতানি (সেবা করিয়াছেন কি ?) [অর্থাৎ প্রধান প্রধান তীর্থক্ষেত্রে ভ্রমণ করিয়াছেন কি ?] ॥ ৯ ॥

হে বিভো! (হে প্রভো!) ভবদ্বিধাঃ (ভবাদৃশ ব্যক্তিগণ) [পাপশূন্য বলিয়া] স্বয়ং তীর্থভূতাঃ (স্বয়ংই তীর্থ স্বরূপ), [বিশেষতঃ] ভাগবতাঃ (বিশেষতঃ ভগবদ্ভক্ত), অতঃ (অতএব) স্বান্তঃস্থেন (স্বীয় হৃদয়স্থিত) গদাভৃতা চ (গদাধর শ্রীকৃষ্ণ দ্বারাও) [তীর্থভূতাঃ] (তীর্থস্বরূপ হইয়া) [আপনারা] তীর্থানি ([সংসারিগণের সংসর্গে মলিন] তীর্থসকল) তীর্থীকুর্ব্বন্তি (পবিত্র করিয়া থাকেন) ॥ ১০ ॥

অনুবাদ

স্মরণ করেন কি ? যেহেতু আমাদের জননীর সহিত আমরা বিষপান, জতুগৃহদাহ প্রভৃতি বিপদ্ সমূহ হইতে আপনা কর্ত্তৃকই মুক্ত হইয়াছি। [অর্থাৎ পক্ষী যেমন পক্ষচ্ছায়াদ্বারা শাবকদিগকে বিপদ্ হইতে রক্ষা করিয়া বর্দ্ধিত করিয়া থাকে, সেইরূপ আপনিও জননীর সহিত আমাদিগকে পক্ষপাতরূপ ছায়া দ্বারা বিষপান ও জতুগৃহদাহ প্রভৃতি বিপদ্ সমূহ হইতে রক্ষা করিয়া বর্দ্ধিত করিয়াছিলেন] ॥ ৮ ॥

হে পিতৃব্য! পৃথিবীমণ্ডলে বিচরণকারী আপনার কি কি উপায় অবলম্বনে জীবনযাত্রা নির্ব্বাহ হইত ? এবং এই পৃথিবীতে শ্রেষ্ঠ তীর্থক্ষেত্র সমূহের সেবা করিয়াছেন কি ? [অর্থাৎ কোন্ কোন্ শ্রেষ্ঠ তীর্থেই বা আপনি ভ্রমণ করিয়াছেন ?] ॥ ৯ ॥

হে বিভো! ভবাদৃশ ব্যক্তিগণ পাপশূন্য বলিয়া স্বয়ংই তীর্থস্বরূপ। বিশেষতঃ

টীকা

"সমাতৃকাঃ বিমোচিতা"স্তান্ ॥৮॥ "ক্ষিতিমণ্ডলং চরদ্ভির্বো"যুষ্মাভিঃ "কয়া বৃত্ত্যা বর্ত্তিতং" কেনোপায়েন দেহ-নির্হারঃ কৃতঃ। "ইহ" অস্মিন্ "ভূতলে তীর্থানি" পুণ্যজলপ্রধানানি "ক্ষেত্রমুখ্যানি" ভূমিপ্রদেশমুখ্যানি "সেবিতানি" কিম্ ? ॥ ৯ ॥ "ভবদ্বিধা" নিষ্পাপত্বাৎ "স্বয়ং তীর্থভূতাঃ" বিশেষতস্তু "ভাগবতাঃ স্বান্তঃস্থেন" স্বহৃদি ধ্যেয়ভূতেন "গদাভৃতা চ তীর্থভূতাঃ" তীর্থাটনেঽপি প্রয়োজনেঽপি প্রয়োজনমাহ সংসারিসংসর্গেণ

অপি নঃ সুহৃদস্তাত বান্ধবাঃ কৃষ্ণদৈবতাঃ।
দৃষ্টাঃ শ্রুতা বা যদবঃ স্বপুর্য্যাং সুখমাসতে ॥ ১১ ॥
ইত্যুক্তো ধর্ম্মরাজেন সর্ব্বং তৎ সমবর্ণয়ৎ।
যথানুভূতং ক্রমশো বিনা যদুকুলক্ষয়ম্ ॥ ১২ ॥

অন্বয়

তাত! (হে পিতৃব্য!) নঃ (আমাদের) সুহৃদঃ (আত্মীয়) বান্ধবাঃ (বন্ধু) কৃষ্ণদৈবতাঃ (কৃষ্ণোপাসক) যদবঃ (যদুগণ) স্বপুর্য্যাং (নিজপুরী দ্বারকাতে) সুখং আসতে অপি? (সুখে আছেন কি?) [ভবদ্ভিঃ] দৃষ্টাঃ শ্রুতাঃ বা ([আপনি তাঁহাদিগকে] দেখিয়াছেন? অথবা তাঁহাদের সংবাদ শুনিয়াছেন কি? ॥ ১১ ॥

[অনন্তর বিদুর] ধর্ম্মরাজেন (রাজা যুধিষ্ঠির কর্ত্তৃক) ইতি উক্তঃ (এই প্রকার জিজ্ঞাসিত হইয়া) যদুকুলক্ষয়ং বিনা (যদুকুলধ্বংস বৃত্তান্ত ব্যতীত) তৎ সর্ব্বং (অপর সকল দ্বারকাবৃত্তান্ত) যথা অনুভূতং (যেই প্রকার জানিয়াছিলেন) [অর্থাৎ কোন বিষয় নিজেই দেখিয়াছেন, কোনও বিষয় বা শুনিয়াছেন, যেই প্রকারে জানিয়াছিলেন,] [তথা] [সেই প্রকারে] ক্রমশঃ সমবর্ণয়ৎ (ক্রমশঃ বর্ণনা করিলেন) ॥ ১২ ॥

অনুবাদ

আপনারা ভগবদ্ভক্ত; অতএব স্বীয় হৃদয়ে গদাধর শ্রীকৃষ্ণ অবস্থান করায় আপনারা তীর্থস্বরূপই হইয়া থাকেন এবং তীর্থ সকলকে পবিত্রই করিয়া থাকেন [অর্থাৎ আপনাদের তীর্থ ভ্রমণে নিজেদের প্রয়োজন নাই, তথাপি যে তীর্থে ভ্রমণ করেন, তাহা কেবল সংসারিগণের সংসর্গে মলিন তীর্থকে পবিত্র করিবার জন্যই] ॥ ১০ ॥

হে তাত! আমাদের আত্মীয় ও বন্ধু, কৃষ্ণভক্ত যদুগণ তাঁহাদের নিজপুরী দ্বারকাতে সুখে অবস্থান করিতেছেন ত? আপনি কি তাঁহাদিগকে দেখিয়াছেন? অথবা তাঁহাদের কোন সংবাদ শুনিয়াছেন? ॥ ১১।

অনন্তর বিদুর ধর্ম্মরাজ যুধিষ্ঠিরের প্রশ্ন শ্রবণ করিয়া যদুকুলের ধ্বংসবৃত্তান্ত ব্যতীত অপর দ্বারকাবৃত্তান্ত সকল যেমন দেখিয়াছেন বা শুনিয়াছেন, তেমনই ক্রমশঃ বর্ণনা করিলেন। [যদুকুলের ক্ষয় জানিয়াও বলিলেন না, কেননা ইহাতে যুধিষ্ঠিরের সমধিক ক্লেশ হইবে। শাস্ত্রেও নিষেধ আছে যে,—"সত্যং ব্রূয়াৎ প্রিয়ং ব্রূয়াৎ ন ব্রূয়াৎ সত্যমপ্রিয়ম্" অর্থাৎ সত্য অথচ প্রিয় বাক্যই বলিবে, কিন্তু অপ্রিয় বাক্য সত্য হইলেও বলিবে না] ॥ ১২ ॥

টীকা

তীর্থান্যপি মলিনানি পুন"স্তীর্থীকুর্ব্বন্তি" ॥ ১০ ॥ "নো"ঽস্মাকং "সুহৃদো" বান্ধবাঃ কৃষ্ণো দেবতা যেষাং তে, ভবদ্ভির্যাদবাঃ দৃষ্টাঃ, কুতশ্চিৎ শ্রুতা বা দ্বারকাং সুখমাসতে কিম্ ॥ ১১ ॥ "যদুকুলক্ষয়ং" তু জানন্নপি ন বর্ণয়ামাস ॥ ১২ ॥

নন্বপ্রিয়ং দুর্ব্বিষহং নৃণাং স্বয়মুপস্থিতম্।
নাবেদয়ৎ সকরুণো দুঃখিতান্ দ্রষ্টুমক্ষমঃ ॥ ১৩ ॥
কঞ্চিৎ কালমথাবাৎসীৎ সৎকৃতো দেববৎ স্বকৈঃ।
ভ্রাতুর্জ্যেষ্ঠস্য শ্রেয়স্কৃৎ সর্ব্বেষাং প্রীতিমাবহন্ ॥ ১৪ ॥
অবিভ্রদর্য্যমা দণ্ডং যথাঘমঘকারিষু।
যাবদ্দধার শূদ্রত্বং শাপাদ্বর্ষশতং যমঃ ॥ ১৫ ॥

অন্বয়

[যদুকুলক্ষয় না বলার কারণ বলিতেছেন] নন্বু! [ইহা সম্বোধনে] (হে শৌনক!) দুঃখিতান্ (দুঃখিত ব্যক্তিকে) দ্রষ্টুম্ অক্ষমঃ (দেখিতে অসমর্থ) [অর্থাৎ পরদুঃখকাতর] সকরুণঃ (কারুণিক ব্যক্তি) স্বয়ম্ উপস্থিতং (আপনা হইতেই উপস্থিত অর্থাৎ দৈববশে উপস্থিত) দুর্ব্বিষহং (দুঃসহ) নৃণাম্ অপ্রিয়ং (মানবগণের অমঙ্গল সংবাদ) ন আবেদয়ৎ (বলিতে পারেন না) [অতএব কারুণিক বিদুরও সেই অপ্রিয় সংবাদ বলিলেন না) ॥ ১৩ ॥

অথ (অনন্তর) [বিদুর] জ্যেষ্ঠস্য ভ্রাতুঃ (জ্যেষ্ঠভ্রাতা ধৃতরাষ্ট্রের) শ্রেয়স্কৃৎ (মঙ্গলকামী হইয়া অর্থাৎ হিতবাক্য বলিতে অভিলাষী হইয়া) স্বকৈঃ (স্বজনগণকর্ত্তৃক) দেববৎ সৎকৃতঃ (দেবতার ন্যায় পূজিত হইয়া) সর্ব্বেষাং প্রীতিম্ (সকলের প্রীতি) আবহন্ (উৎপাদন করতঃ) কঞ্চিৎ কালং (কিছু কাল) [তত্র] অবাৎসীৎ (তথায় বাস করিতে লাগিলেন) ॥ ১৪ ॥

[বিদুর শূদ্র হইয়া কি করিয়া জ্যেষ্ঠভ্রাতাকে উপদেশ করিয়াছিলেন? ইহার উত্তরে বলিতেছেন] যমঃ শাপাৎ (কালরূপী যম মাণ্ডব্যমুনির শাপে) যাবৎ বর্ষশতং (যে শতবৎসর পর্য্যন্ত) শূদ্রত্বং দধার (শূদ্রত্ব প্রাপ্ত হইয়াছিলেন) [সেই যমই এই বিদুররূপে বর্ত্তমান ছিলেন], [তাবৎ] (ততকাল) অর্য্যমা (সূর্য্য) [যমাসনে উপবিষ্ট থাকিয়া] অঘকারিষু (পাপিগণের মধ্যে) যথাঘং (পাপানুসারে) দণ্ডম্ অবিভ্রৎ (দণ্ড বিধান করিয়াছিলেন) ॥ ১৫ ॥

অনুবাদ

[যদুকুলের ধ্বংসবৃত্তান্ত কেন বলিলেন না, তাহাই সূত শৌনককে বলিতেছেন]—হে শৌনক! পরদুঃখে কাতর কারুণিক ব্যক্তি মানবগণের দৈবাগত দুঃসহ অমঙ্গল সংবাদ বলিতে পারেন না, অতএব কারুণিক বিদুরও সেই অপ্রিয় সংবাদ যুধিষ্ঠিরকে বলিলেন না ॥ ১৩ ॥

অনন্তর মহামতি বিদুর জ্যেষ্ঠভ্রাতা ধৃতরাষ্ট্রের কল্যাণকামী হইয়া অর্থাৎ কল্যাণজনক পথ প্রদর্শন করিতে ইচ্ছা করিয়া স্বজনগণ কর্ত্তৃক দেবতার ন্যায় পূজিত হইয়া সকলের প্রীতি উৎপাদন করতঃ হস্তিনাপুরে কিছুকাল বাস করিতে লাগিলেন ॥ ১৪ ॥

[বিদুর শূদ্র হইয়া কিরূপে জ্যেষ্ঠভ্রাতাকে উপদেশ করিয়াছিলেন? এই আশঙ্কা

টীকা

তত্র কারণমাহ নন্বিতি ॥ ১৩ ॥ ভ্রাতুর্ধৃতরাষ্ট্রস্য শ্রেয়স্কৃৎ কল্যাণবিবক্ষুঃ ॥ ১৪ ॥ তাদৃশসামর্থ্যং তস্য সূর্য্যপুত্রত্বাদস্ত্যেব ইতি সূচয়তি অবিভ্রদিতি। মাণ্ডব্যশাপাৎ যাবৎ যমঃ শূদ্রত্বং

যুধিষ্ঠিরো লব্ধরাজ্যো দৃষ্ট্বা পৌত্রং কুলন্ধরম্।
ভ্রাতৃভির্লোকপালাভৈর্মুমুদে পরয়া শ্রিয়া ॥ ১৬ ॥
এবং গৃহেষু সক্তানাং প্রমত্তানাং তদীহয়া।
অত্যক্রামদবিজ্ঞাতঃ কালঃ পরমদুস্তরঃ ॥ ১৭ ॥
বিদুরস্তদভিপ্রেত্য ধৃতরাষ্ট্রমভাষত।
রাজন্! নির্গম্যতাং শীঘ্রং পশ্যৈদং ভয়মাগতম্ ॥ ১৮ ॥

অন্বয়

লব্ধরাজ্যঃ যুধিষ্ঠিরঃ (যুধিষ্ঠির রাজ্যাধিকার প্রাপ্ত হইয়া) কুলন্ধরং পৌত্রং (বংশধর পৌত্র পরীক্ষিতকে) দৃষ্ট্বা (দেখিয়া) লোকপালাভৈঃ (ইন্দ্রাদিলোকপালতুল্য) ভ্রাতৃভিঃ (ভীমার্জ্জুন প্রভৃতি ভ্রাতৃগণের সহিত) পরয়া শ্রিয়া (পরম সম্পদে) মুমুদে (আনন্দিত হইলেন, অর্থাৎ আনন্দে কাল কাটাইতে লাগিলেন)॥ ১৬ ॥

এবং গৃহেষু সক্তানাং (এই প্রকারে সাংসারিক ব্যাপারে আসক্ত) তদীহয়া (সেই সাংসারিক বস্তু লাভেচ্ছায়) প্রমত্তানাং (প্রমত্ত ধৃতরাষ্ট্রাদির) অবিজ্ঞাতঃ (দুর্লক্ষ্য) পরমদুস্তরঃ (ব্রহ্মাদিরও অনতিক্রমণীয় দুস্তর) কালঃ (জীবন কাল অর্থাৎ আয়ু) অত্যক্রামৎ (শেষ হইতে লাগিল)॥ ১৭ ॥

বিদুরঃ তৎ (বিদুর সকলের আয়ুঃক্ষয়কর কাল উপস্থিত হইয়াছে) অভিপ্রেত্য (লক্ষ্য করিয়া) ধৃতরাষ্ট্রম্ অভাষত (ধৃতরাষ্ট্রকে বলিলেন) রাজন্! শীঘ্রং নির্গম্যতাম্ (হে মহারাজ! শীঘ্র [এ স্থান হইতে] বহির্গত হউন) ইদং ভয়ম্ আগতং পশ্য (এই ভয়ঙ্কর কাল উপস্থিত হইয়াছে দেখুন)॥ ১৮ ॥

অনুবাদ

নিবারণের জন্য বলিতেছেন]—কালরূপী যম মাণ্ডব্য মুনির শাপে বিদুররূপে একশত বৎসর পর্য্যন্ত শূদ্রত্ব প্রাপ্ত হইয়াছিলেন, তৎকালে সূর্য্যদেব যমাসনে উপবিষ্ট হইয়া পাপিগণের মধ্যে তাহাদের স্ব স্ব পাপানুসারে দণ্ড বিধান করিয়াছিলেন, [অতএব শাপভ্রষ্ট যম দেবতা বলিয়া বিদুরের জ্যেষ্ঠ ভ্রাতাকে উপদেশ করা অসঙ্গত হইতেছে না]॥ ১৫ ॥

যুধিষ্ঠির রাজ্যাধিকার প্রাপ্ত হইয়া বংশধর পৌত্র পরীক্ষিতকে দেখিয়া ইন্দ্রাদিলোকপাল-তুল্য ভীমার্জ্জুন প্রভৃতি ভ্রাতৃগণের সহিত পরম সম্পদে আনন্দিত হইয়া কাল অতিবাহিত করিতে লাগিলেন॥ ১৬ ॥

এই প্রকারে সাংসারিক ব্যাপারে আসক্ত এবং সাংসারিক বিষয়লাভের ইচ্ছায় প্রমত্ত ধৃতরাষ্ট্রাদির অতিশয় দুর্লক্ষ্য ও দুস্তরণীয় অর্থাৎ ব্রহ্মাদিরও অনতিক্রমণীয় জীবনকাল শেষ হইতে লাগিল॥ ১৭ ॥

টীকা

দধার, তাবৎ বর্ষশতং অর্য্যমা সূর্য্যঃ অঘকারিষু দণ্ডং দধার। ॥ ১৫ ॥ ১৬ ॥ এবং গৃহেষু সক্তানাং ধৃতরাষ্ট্রাদীনাং তদীহয়া গৃহেহয়া প্রমত্তানাং কালঃ অত্যক্রামৎ, জীবনসময়ঃ সমাপ্তপ্রয়োজনো জাত ইত্যর্থঃ। কথম্ভূতঃ? অবিজ্ঞাতঃ দুর্লক্ষ্যঃ, পরমদুস্তরঃ পরমৈর্ব্রহ্মাদিভিরপি দুস্তরঃ॥ ১৭ ॥

প্রতিক্রিয়া ন যস্যেহ কুতশ্চিৎ কর্হিচিৎ প্রভো ! ।
স এষ ভগবান্ কালঃ সর্ব্বেষাং নঃ সমাগতঃ ॥ ১৯ ॥
যেন চৈবাভিপন্নোঽয়ং প্রাণৈঃ প্রিয়তমৈরপি ।
জনঃ সদ্যো বিযুজ্যেত কিমুতান্যৈর্ধনাদিভিঃ ॥ ২০ ॥
পিতৃভ্রাতৃসুহৃৎপুত্রা হতাস্তে বিগতং বয়ঃ ।
আত্মা চ জরয়া গ্রস্তঃ পরগেহমুপাসসে ॥ ২১ ॥

অন্বয়

হে প্রভো ! ইহ (এই সংসারে) কুতশ্চিৎ (কাহা হইতেও) কর্হিচিৎ (কখনও) যস্য প্রতিক্রিয়া ন (যাহার প্রতিকার হয় না), সঃ এষঃ ভগবান্ কালঃ (সেই এই ভগবচ্ছক্তি প্রবল পরাক্রান্ত কাল) সর্ব্বেষাং নঃ (আমাদের সকলের নিকটে) সমাগতঃ (সমুপস্থিত হইয়াছে) ॥ ১৯ ॥

যেন চ (যে কাল কর্ত্তৃক) অভিপন্নঃ (অভিভূত হইয়া) অয়ং জনঃ (এই লোকসকল) প্রিয়তমৈঃ প্রাণৈঃ অপি (প্রিয়তম প্রাণকর্ত্তৃকও) সদ্যঃ বিযুজ্যেত (সদ্যই পরিত্যক্ত হইয়া থাকে), অন্যৈঃ ধনাদিভিঃ (অন্য ধনাদির) কিমুত (কথা আর কি বলিব ?) ॥ ২০ ॥

(এখন ধৃতরাষ্ট্রের বৈরাগ্য উৎপাদনের নিমিত্ত বলিতেছেন) (হে রাজন্ !) তে (আপনার) পিতৃভ্রাতৃসুহৃৎপুত্রাঃ (পিতা, ভ্রাতা, বন্ধু ও পুত্রগণ) হতাঃ (কালগ্রস্ত অর্থাৎ বিনষ্ট হইয়াছে), বয়ঃ (আয়ু) বিগতং (শেষপ্রায়), আত্মা চ (এবং দেহও) জরয়া গ্রস্তঃ (জরাগ্রস্ত হইয়াছে), পরগেহম্ উপাসসে (ও আপনি পরগৃহে অবস্থান করিতেছেন) ॥ ২১ ॥

অনুবাদ

মহামতি বিদুর সকলের আয়ুঃক্ষয়কর কাল উপস্থিত হইয়াছে লক্ষ্য করিয়া ধৃতরাষ্ট্রকে বলিলেন—হে মহারাজ ! শীঘ্রই আপনি এস্থান হইতে বহির্গত হউন, সকলের আয়ুঃক্ষয়-কারক ভয়ঙ্কর কাল উপস্থিত হইয়াছে দেখুন ॥ ১৮ ॥

হে প্রভো ! এই জগতে কাহা হইতেও কখনও যাহার কোন প্রতিকার সম্ভব হয় না, সেই এই প্রবল পরাক্রান্ত কাল আমাদের নিকটে সমাগত হইয়াছে, অর্থাৎ আমাদের সকলের আয়ুষ্কাল শেষ হইয়া আসিয়াছে ॥ ১৯ ॥

যে প্রবল পরাক্রান্ত কালকর্ত্তৃক অভিভূত হইয়া জীব প্রিয়তম প্রাণ হইতেও সদ্যই বিযুক্ত হইয়া থাকে, অপর ধনাদি হইতে যে বিযুক্ত হইবে ইহাতে আর বক্তব্য কি ? [অর্থাৎ এই কাল সমাগত হইলে আর কাহারও সহিত কোন ঐহিক সম্বন্ধ রাখা যায় না] ॥ ২০ ॥

হে মহারাজ ! আপনার পিতা, ভ্রাতা, বন্ধু ও পুত্রগণ সকলেই কালগ্রাসে পতিত হইয়াছে, আয়ু শেষ হইয়া আসিয়াছে, দেহও জরাগ্রস্ত হইয়াছে, এবং আপনি পরগৃহে বাস করিতেছেন ॥ ২১ ॥

টীকা

অভিপ্রেত্য আলক্ষ্য ॥ ১৮ ॥ ভগবান্ ভগবচ্ছক্তিত্বাৎ ভগবচ্ছব্দবাচ্যঃ ॥ ১৯ ॥ অভিপন্নঃ অভি-

অন্ধঃ পুরৈব বধিরো মন্দপ্রজ্ঞশ্চ সাম্প্রতম্।
বিশীর্ণদন্তো মন্দাগ্নিঃ সরাগঃ কফমুদ্বহন্ ॥ ২২ ॥
অহো মহীয়সী জন্তোর্জীবিতাশা যয়া ভবান্।
ভীমাপবর্জ্জিতং পিণ্ডমাদত্তে গৃহপালবৎ ॥ ২৩ ॥
অগ্নির্নিসৃষ্টো দত্তশ্চ গরো দারাশ্চ দূষিতাঃ।
হৃতং ক্ষেত্রং ধনং যেষাং তদ্দত্তৈরসুভিঃ কিয়ৎ ॥ ২৪ ॥

অন্বয়

পুরা এব অন্ধঃ (আপনি জন্ম হইতেই অন্ধ) সাম্প্রতং (বর্ত্তমানে) বধিরঃ (শ্রবণশক্তিশূন্য) মন্দপ্রজ্ঞঃ চ (ও ক্ষীণবুদ্ধি হইয়াছেন), বিশার্ণদন্তঃ (এবং দন্তসকল পতিত হইয়াছে), মন্দাগ্নিঃ (জঠরাগ্নি মন্দ হইয়াছে), কফম্ (শ্লেষ্মা) উদ্বহন্ (অধিক হইয়াছে) [তথাপি ত্বং] সরাগঃ (তথাপি আপনি আসক্তিযুক্ত হইয়া অবস্থান করিতেছেন), অহো! (কি আশ্চর্য্য!) জন্তোঃ (জীবের) জীবিতাশা (বাঁচিয়া থাকার আশা) মহীয়সী! (কি বলবতী!) যয়া (বাঁচিয়া থাকার যে আকাঙ্ক্ষায়) [মোহিত হইয়া] ভবান্ (আপনি) ভীমাপবর্জ্জিতং (আপনার পুত্রহন্তা ভীমকর্ত্তৃক অবজ্ঞাপূর্ব্বক প্রদত্ত) পিণ্ডং (অন্ন) গৃহপালবৎ (কুকুরের ন্যায়) আদত্তে (গ্রহণ করিতেছেন)॥ ২২-২৩ ॥

যেষাং [বিনাশায়] (যাহাদিগের বিনাশের নিমিত্ত) ["যেষাং" পদটি পরেও সকলের সঙ্গে অন্বয় হইবে] অগ্নিঃ নিসৃষ্টঃ (অগ্নি প্রযুক্ত হইয়াছিল], গরঃ চ দত্তঃ (বিষও প্রদত্ত হইয়াছিল), দারাঃ (পত্নী দ্রৌপদী) দূষিতাঃ (সভাস্থলে আনয়ন, কেশাকর্ষণ ও বস্ত্রহরণাদিদ্বারা অপমানিতা হইয়াছিলেন), ক্ষেত্রং ধনং চ হৃতং (এবং রাজ্য ও ধন অপহৃত হইয়াছিল), তদ্দত্তৈঃ (তাহাদের প্রদত্ত অন্নাদিদ্বারা রক্ষিত) অসুভিঃ (প্রাণে) কিয়ৎ (প্রয়োজন কি?) ॥ ২৪ ॥

অনুবাদ

হে মহারাজ! আপনি জন্ম হইতেই অন্ধ, সম্প্রতি বধির হইয়াছেন, এবং বুদ্ধিও ক্ষীণ হইয়া আসিয়াছে, দন্ত সকল পতিত হইয়াছে, জঠরাগ্নি মন্দ হইয়াছে ও দেহের কফাধিক্য ঘটিয়াছে, তথাপি আপনি বিষয় সমূহে আসক্ত। কি আশ্চর্য্য! জীবগণের বাঁচিয়া থাকার আকাঙ্ক্ষা কি বলবতী! যে আকাঙ্ক্ষায় মোহিত হইয়া আপনি আপনার পুত্রহন্তা ভীমকর্ত্তৃক অবজ্ঞাপূর্ব্বক প্রদত্ত অন্ন কুকুরের ন্যায় গ্রহণ করিতেছেন, [অর্থাৎ যেই ভীম আপনার পুত্র দুঃশাসন প্রভৃতিকে বধ করিয়াছে, তাহারই অন্নে এখন আপনি শরীর পোষণ করিতেছেন]॥ ২২-২৩ ॥

যাহাদের বিনাশের নিমিত্ত জতুগৃহে অগ্নিসংযোগ করা হইয়াছিল, বিষমিশ্রিত মোদক প্রদত্ত হইয়াছিল, এবং যাহাদের পত্নী দ্রৌপদী সভাস্থলে আনয়ন, কেশাকর্ষণ ও

টীকা

পদ্যমানঃ ॥২০॥ বৈরাগ্যোৎপাদনায় আহ—পিত্রিতি সপ্তভিঃ। আত্মা দেহঃ ॥২১॥ ভীমেন ভবৎপুত্রঘ্নেন আবর্জ্জিতম্ অবজ্ঞাপূর্ব্বকং দত্তং গৃহপালবৎ গ্রামসিংহবৎ আদত্তে স্বীকরোতি ॥ ২২ ॥ ২৩ ॥ যেষাং বিনাশায় অগ্নির্নিসৃষ্টঃ প্রক্ষিপ্তঃ, দারা দূষিতাঃ কচগ্রহণাদিভিরবজ্ঞাতাঃ, তদ্দত্তৈরন্নাদিদ্বারা রক্ষিতৈরসুভিঃ

তস্যাপি তব দেহোঽয়ং কৃপণস্য জিজীবিষোঃ।
পরৈত্যনিচ্ছতো জীর্ণো জরয়া বাসসী ইব ॥ ২৫ ॥
গতস্বার্থমিমং দেহং বিরক্তো মুক্তবন্ধনঃ।
অবিজ্ঞাতগতির্জহ্যাৎ স বৈ ধীর উদাহৃতঃ ॥ ২৬ ॥
যঃ স্বকাৎ পরতো বেহ জাতনির্ব্বেদ আত্মবান্।
হৃদি কৃত্বা হরিং গেহাৎ প্রব্রজেৎ স নরোত্তমঃ ॥ ২৭ ॥

অন্বয়

জিজীবিষোঃ (বাঁচিয়া থাকিতে ইচ্ছুক) কৃপণস্য (দৈন্যযুক্ত) তস্য অপি (সেই প্রকারে দীনস্বভাবাপন্ন) অনিচ্ছতঃ তব (দেহক্ষয়ে অনিচ্ছুক হইলেও আপনার) অয়ং দেহঃ (এই শরীর) জরয়া জীর্ণঃ (জরাজীর্ণ হইয়া) বাসসী ইব (উত্তরীয় ও পরিধেয় বস্ত্রের ন্যায়) পরৈতি (ক্ষয়প্রাপ্ত হইবে) ॥ ২৫ ॥

[যঃ] বিরক্তঃ (বিষয়ানুরাগ পরিত্যাগ করিয়া যে ব্যক্তি) মুক্তবন্ধনঃ (সংসারবন্ধন ছেদন করতঃ) অবিজ্ঞাতগতিঃ (অন্যের অলক্ষ্যগামী হইয়া) গতস্বার্থং (যশ ও ধর্ম্মাদি অর্জ্জনে অসমর্থ) ইমং দেহং (এই শরীর) জহ্যাৎ (পরিত্যাগ করিয়া থাকেন), সঃ বৈ (তিনিই) ধীরঃ উদাহৃতঃ (ধীর বলিয়া কথিত হইয়া থাকেন) ॥ ২৬ ॥

ইহ (এই জগতে) যঃ আত্মবান্ (যে আত্মজ্ঞানী ব্যক্তি) স্বকাৎ পরতঃ বা (নিজ হইতে অথবা অপরের উপদেশে) জাতনির্ব্বেদঃ (বৈরাগ্য প্রাপ্ত হইয়া) হরিং হৃদি কৃত্বা (শ্রীহরিকে হৃদয়ে ধারণ করিয়া) গেহাৎ প্রব্রজেৎ (গৃহ হইতে বহির্গত হন) সঃ নরোত্তমঃ (তিনিই নরোত্তম) ॥ ২৭ ॥

অনুবাদ

বস্ত্রহরণাদিদ্বারা অপমানিতা হইয়াছিলেন ও যাহাদের রাজ্যধন সকলই অপহৃত হইয়াছিল, তাহাদেরই প্রদত্ত অন্নাদিদ্বারা রক্ষিত এই প্রাণে প্রয়োজন কি ? ॥ ২৪ ॥

এই প্রকারে হীনতা স্বীকার করিয়া বাঁচিয়া থাকিতে ইচ্ছুক এবং দেহক্ষয়ে অনিচ্ছুক হইলেও এইরূপ দৈন্যযুক্ত আপনার এই শরীর জরাজীর্ণ হইয়া উত্তরীয় ও পরিধেয় বস্ত্রের ন্যায় অবশ্যই ক্ষয় প্রাপ্ত হইবে। [অর্থাৎ দেহ চিরস্থায়ী নহে, অথচ এই ক্ষণস্থায়ী দেহের জন্য আপনি এই প্রকার হীনতা স্বীকার করিয়া বাঁচিয়া আছেন] ॥ ২৫ ॥

যে ব্যক্তি বিষয়ানুরাগ পরিত্যাগ করিয়া সংসারবন্ধন ছেদন পূর্ব্বক অন্যের অলক্ষিত ভাবে অর্থাৎ অরণ্যবাসী হইয়া যশ ও ধর্ম্ম প্রভৃতি অর্জ্জনে অসমর্থ অর্থাৎ অকর্ম্মণ্য এই শরীর পরিত্যাগ করিয়া থাকেন, তিনিই "ধীর" বলিয়া কথিত হইয়া থাকেন ॥ ২৬ ॥

এই জগতে যে আত্মজ্ঞানী ব্যক্তি নিজ হইতেই অথবা অপরের উপদেশে নির্ব্বেদ প্রাপ্ত হইয়া শ্রীহরিকে হৃদয়ে স্থাপন করতঃ গৃহ হইতে বহির্গত হন অর্থাৎ প্রব্রজ্যা গ্রহণ করেন, তিনিই নরোত্তম ॥ ২৭ ॥

টীকা

কিয়ৎ, ন কিয়দপীত্যর্থঃ ॥ ২৪ ॥ তস্যাপি এবং দৈন্যেন বর্ত্তমানস্যাপি তব দেহঃ পরৈতি অপগমিষ্যতি

অথোদীচীং দিশং যাতু স্বৈরজ্ঞাতগতির্ভবান্।
ইতোঽর্ব্বাক্ প্রায়শঃ কালঃ পুংসাং গুণবিকর্ষণঃ ॥ ২৮ ॥
এবং রাজা বিদুরেণানুজেন প্রজ্ঞাচক্ষুর্ব্বোধিতো হ্যাজমীঢ়ঃ।
ছিত্ত্বা স্বেষু স্নেহপাশান্ দ্রঢ়িম্নো নিশ্চক্রাম ভ্রাতৃসন্দর্শিতাধ্বা ॥ ২৯ ॥
পতিং প্রয়ান্তং সুবলস্য পুত্রী পতিব্রতা চানুজগাম সাধ্বী।
হিমালয়ং ন্যস্তদণ্ডপ্রহর্ষং মনস্বিনামিব সন্ সম্প্রহারঃ ॥ ৩০ ॥

অন্বয়

অথ (দেহ যখন জরাযুক্ত ও অকর্ম্মণ্য হইয়াছে, অতএব) ভবান্ (আপনি) স্বৈঃ অজ্ঞাতগতিঃ (জ্ঞাতিগণের অলক্ষিত ভাবে) উদীচীং দিশং (উত্তর দিকে) যাতু (গমন করুন)। ইতঃ অর্ব্বাক্ (ইহার পরবর্ত্তী) কালঃ (কাল) প্রায়শঃ (প্রায়ই) পুংসাং (মানবগণের) গুণবিকর্ষণঃ (সদ্‌গুণের বিলোপকারী হইবে) ॥ ২৮ ॥

এবং (পূর্ব্বোক্ত প্রকারে) অনুজেন বিদুরেণ (কনিষ্ঠ ভ্রাতা বিদুর কর্ত্তৃক) বোধিতঃ (উপদিষ্ট হইয়া) আজমীঢ়ঃ (অজমীঢ়বংশোদ্ভব) প্রজ্ঞাচক্ষুঃ (বুদ্ধি চক্ষু হইয়াছে যাহার, অর্থাৎ যথার্থ জ্ঞানসম্পন্ন) রাজা (ধৃতরাষ্ট্র) দ্রঢ়িম্নঃ (চিত্তের দৃঢ়তাবশতঃ) স্বেষু (আত্মীয়গণে [যে স্নেহ ছিল]) স্নেহপাশান্ (সেই স্নেহপাশ) ছিত্ত্বা (ছেদন করিয়া) ভ্রাতৃসন্দর্শিতাধ্বা (ভ্রাতার উপদিষ্ট পথে) নিশ্চক্রাম (গমন করিলেন) ॥ ২৯ ॥

(অনন্তর) পতিব্রতা সাধ্বী সুবলস্য পুত্রী চ (পতিপরায়ণা সাধ্বী সুবল নামক রাজার

অনুবাদ

হে মহারাজ! এই দেহ যখন জরাযুক্ত ও অকর্ম্মণ্য হইয়াছে, অতএব এক্ষণে আপনি আত্মীয়স্বজনগণের অলক্ষিত ভাবে উত্তরদিকে গমন করুন। ইহার পরে যে ভয়ঙ্কর কাল আসিতেছে, সেই কাল প্রায়ই মানবগণের দয়াদাক্ষিণ্যাদি সদ্‌গুণসমূহের বিনাশক হইবে ॥ ২৮ ॥

এইরূপে কনিষ্ঠভ্রাতা বিদুর কর্ত্তৃক উপদিষ্ট হইয়া অজমীঢ়বংশোদ্ভব রাজা ধৃতরাষ্ট্র বিবেক উৎপন্ন হওয়ায় দৃঢ়চিত্তে স্বীয় আত্মীয়গণের প্রতি যে স্নেহবন্ধন ছিল, তাহা ছেদন করিয়া ভ্রাতা বিদুরের উপদিষ্ট পথে (উত্তরদিকে) অর্থাৎ হিমালয় অভিমুখে প্রস্থান করিলেন ॥ ২৯ ॥

অনন্তর পতিব্রতা সাধ্বী সুবল রাজার কন্যা গান্ধারী বীরগণের যুদ্ধস্থলের ন্যায়

টীকা

॥ ২৫ ॥ ধীরলক্ষণমাহ গতস্বার্থমিতি ॥ ২৬ ॥ নরোত্তমলক্ষণমাহ য ইতি ॥ ২৭ ॥ তত্র তবানুরূপো ধীরত্বসম্পাদনাবসরো বর্ত্ততে, অতো ধীরত্বং সম্পাদয়েত্যাহ—অথেতি। অথ দেহস্য গতস্বার্থত্বনিশ্চয়ানন্তরমেবেতি যাবৎ। স্বৈঃ বৈরাগ্যবিরোধিভির্জ্ঞাতিভিরবিজ্ঞাতগতিঃ উদীচীম্ উত্তরাং দিশং যাতু। বিলম্বে দোষমাহ ইতোঽনন্তরম্ প্রায়শঃ অর্ব্বাক্ অপকৃষ্টঃ অতএব গুণান্ ধৈর্য্যাদীন্ বিকর্ষয়তি আচ্ছিনত্তীতি গুণবিকর্ষণঃ কালঃ ॥ ২৮ ॥ প্রজ্ঞাচক্ষুঃ বুদ্ধিনেত্রঃ। আজমীঢ়ঃ অজমীঢ়বংশ্যঃ ॥ ২৯ ॥ সুবলস্য পুত্রী গান্ধারী, ন্যস্তদণ্ডানাং পরিত্যক্তপ্রাণিদ্রোহাণাং প্রহর্ষো যস্মিন্ তৎ, নন্থ ন্যস্তদণ্ডানামপি হিমালয়ঃ প্রহর্ষকরঃ কেষাং ক ইব? তত্রাহ—মনস্বিনাং শূরাণাং সন্ সম্প্রহার ইব ॥ ৩০ ॥

অজাতশত্রুঃ কৃতমৈত্রো হুতাগ্নির্ব্বিপ্রান্ নত্বা তিলগোভূমিরুক্মৈঃ।
গৃহং প্রবিষ্টো গুরুবন্দনায় ন তাবপশ্যৎ পিতরৌ সৌবলীঞ্চ ॥ ৩১ ॥
তত্র সঞ্জয়মাসীনং পপ্রচ্ছোদ্বিগ্নমানসঃ।
গাবল্গণে! ক্ব নস্তাতো বৃদ্ধো হীনশ্চ নেত্রয়োঃ ॥
অম্বা বা হতপুত্রার্ত্তা পিতৃব্যঃ ক্ব গতঃ সুহৃৎ ॥ ৩২ ॥

অন্বয়

কন্যা গান্ধারীও) ন্যস্তদণ্ডপ্রহর্ষং (যাহারা প্রাণিহিংসা ত্যাগ করিয়াছেন, এমন যোগিগণের আনন্দপ্রদ) হিমালয়ং (হিমালয়ে) প্রয়ান্তং পতিং (গমনকারী পতির) অনুজগাম (অনুগমন করিলেন), ["হিমালয় যোগিগণের আনন্দপ্রদ"—ইহারই উপমা দিতেছেন] মনস্বিনাং সন্ সম্প্রহার ইব (বীরগণের যুদ্ধস্থলের ন্যায়) [অর্থাৎ বীরগণের যুদ্ধস্থল যেমন আনন্দপ্রদ, যোগিগণেরও হিমালয় তেমনই আনন্দপ্রদ] ॥ ৩০ ॥

কৃতমৈত্রঃ (শৌচাদি সন্ধ্যাবন্দনান্ত কর্ম্ম সমাপন করিয়া) হুতাগ্নিঃ (হোম সমাপনকরতঃ) অজাতশত্রুঃ (যুধিষ্ঠির) তিলগোভূমিরুক্মৈঃ (তিল, গো, ভূমি ও রত্নাদিদ্বারা অর্থাৎ প্রদান পূর্ব্বক) বিপ্রান্ নত্বা (ব্রাহ্মণগণকে প্রণাম করিয়া) গুরুবন্দনায় (গুরুজন ধৃতরাষ্ট্র প্রভৃতিকে প্রণাম করিবার জন্য) গৃহং প্রবিষ্টঃ (গৃহে প্রবিষ্ট হইয়া) পিতরৌ সৌবলীং চ ন অপশ্যৎ (ধৃতরাষ্ট্র, বিদুর ও গান্ধারীকে দেখিতে পাইলেন না) ॥ ৩১ ॥

(তখন) উদ্বিগ্নমনাঃ (উদ্বিগ্নচিত্ত যুধিষ্ঠির) তত্র আসীনং (সেখানে উপবিষ্ট) সঞ্জয়ং পপ্রচ্ছ (সঞ্জয়কে জিজ্ঞাসা করিলেন) গাবল্গণে! (হে গবল্গণতনয় সঞ্জয়!) বৃদ্ধঃ নেত্রয়োঃ হীনঃ চ (বৃদ্ধ ও চক্ষুবিহীন) নঃ তাতঃ (আমাদের পিতৃব্য ধৃতরাষ্ট্র) ক্ব? (কোথায় গিয়াছেন?) হতপুত্রা (পুত্রহীনা) আর্ত্তা (শোকসন্তপ্তা) অম্বা বা [ক্ব গতা?] (মাতা গান্ধারীই বা কোথায় গিয়াছেন?) সুহৃৎ (আত্মীয়) পিতৃব্যঃ ক্ব গতঃ? (পিতৃব্য বিদুর কোথায় গিয়াছেন?) ॥ ৩২ ॥

অনুবাদ

যোগিগণের আনন্দপ্রদ হিমালয়ে পতিকে গমন করিতে দেখিয়া তাঁহার অনুগমন করিলেন ॥ ৩০ ॥

অনন্তর শৌচাদি সন্ধ্যাবন্দনান্ত কর্ম্ম ও হোমাদিকার্য্য সম্পন্ন করিয়া রাজা যুধিষ্ঠির তিল, গো, ভূমি ও সুবর্ণপ্রদান পূর্ব্বক ব্রাহ্মণগণকে প্রণাম করিয়া গুরুজন ধৃতরাষ্ট্র, বিদুর ও গান্ধারীকে প্রণাম করিবার জন্য গৃহে প্রবিষ্ট হইয়া তাঁহাদিগকে দেখিতে পাইলেন না ॥ ৩১ ॥

তখন রাজা যুধিষ্ঠির উদ্বিগ্নচিত্তে তথায় উপবিষ্ট সঞ্জয়কে জিজ্ঞাসা করিলেন—হে গবল্গণতনয় সঞ্জয়! বৃদ্ধ ও নেত্রবিহীন আমাদের পিতৃব্য ধৃতরাষ্ট্র কোথায় গিয়াছেন? পুত্রশোকাতুরা মাতা গান্ধারী এবং পরমসুহৃৎ পিতৃব্য বিদুরই বা কোথায় গিয়াছেন? ॥ ৩২ ॥

টীকা

কৃতং মৈত্রং শৌচাদি সন্ধ্যাবন্দনান্তং কর্ম্ম যেন সঃ। পিতরৌ বিদুরধৃতরাষ্ট্রৌ ॥ ৩১ ॥

অপি ময্যকৃতপ্রজ্ঞে হতবন্ধুঃ স ভার্য্যয়া।
আশংসমানঃ শমলং গঙ্গায়াং দুঃখিতোঽপতৎ ॥ ৩৩ ॥
পিতর্য্যুপরতে পাণ্ডৌ সর্ব্বান্ নঃ সুহৃদঃ শিশূন্।
অরক্ষতাং ব্যসনতঃ পিতৃব্যৌ ক্ব গতাবিতঃ ॥ ৩৪ ॥

সূত উবাচ

কৃপয়া স্নেহবৈক্লব্যাৎ সূতো বিরহকর্ষিতঃ।
আত্মেশ্বরমচক্ষাণো ন প্রত্যাহাতিপীড়িতঃ ॥ ৩৫ ॥

অন্বয়

(হে সঞ্জয়!) হতবন্ধুঃ (যাঁহার পুত্রাদি সমস্ত স্বজন বিনষ্ট হইয়াছে) সঃ (সেই জ্যেষ্ঠ পিতৃব্য ধৃতরাষ্ট্র) অকৃতপ্রজ্ঞে ময়ি (মন্দমতি আমাতে) শমলম্ (অপরাধ) আশংসমানঃ (আশঙ্কা করিয়া) [অর্থাৎ আমিই তাঁহার পুত্রগণকে বিনষ্ট করিয়াছি এই অপরাধে আমাকে অপরাধী মনে করিয়া] দুঃখিতঃ (দুঃখিত হইয়া) ভার্য্যয়া (পত্নী গান্ধারীর সহিত) গঙ্গায়াম্ অপতৎ অপি (গঙ্গায় নিমজ্জিত হইয়াছেন কি?) ॥ ৩৩ ॥

পিতরি পাণ্ডৌ উপরতে (পিতৃদেব পাণ্ডু লোকান্তরে গমন করিলে) সুহৃদঃ শিশূন্ (আত্মীয় অর্থাৎ ভ্রাতৃপুত্র বালক) সর্ব্বান্ নঃ (আমাদের সকলকেই) ব্যসনতঃ (বিপদ্ হইতে) [যৌ] (যাঁহারা) অরক্ষতাং (রক্ষা করিয়াছিলেন) [তৌ] পিতৃব্যৌ (সেই পিতৃব্য ধৃতরাষ্ট্র ও বিদুর) ইতঃ (এইস্থান হইতে) ক্ব (কোথায়) গতৌ (গমন করিয়াছেন?) ॥ ৩৪ ॥

সূতঃ উবাচ (সূত বলিলেন) আত্মেশ্বরং (নিজপ্রভু অর্থাৎ অন্নাদিপ্রদাতা ধৃতরাষ্ট্রকে) অচক্ষাণঃ (না দেখিয়া) বিরহকর্ষিতঃ সূতঃ (বিরহাতুর সঞ্জয়) কৃপয়া স্নেহবৈক্লব্যাৎ (তাঁহার দয়া ও স্নেহ স্মরণ হওয়ায়) অতিপীড়িতঃ (অত্যন্ত কাতর হইয়া) ন প্রত্যাহ (প্রত্যুত্তর দিতে পারিলেন না) ॥৩৫॥

অনুবাদ

হে সঞ্জয়! আমিই তাঁহার পুত্রগণকে বিনাশ করিয়াছি, অতএব তিনি পুত্রাদি-বিহীন হইয়া মন্দমতি আমার অপরাধ চিন্তা করতঃ অত্যন্ত দুঃখিত হইয়া পত্নী গান্ধারীর সহিত গঙ্গায় নিমজ্জিত হইয়াছেন কি? ॥ ৩৩ ॥

হে সঞ্জয়! আমাদের পিতৃদেব পাণ্ডু যখন লোকান্তরে গমন করিলেন, তখন যাঁহারা ভ্রাতৃপুত্র ও বালক আমাদিগকে সকল বিপদ হইতে রক্ষা করিয়াছিলেন, সেই প্রতিপালক পিতৃব্য ধৃতরাষ্ট্র ও বিদুর এই স্থান হইতে কোথায় গিয়াছেন? ॥ ৩৪ ॥

সূত বলিলেন—যিনি অন্নবস্ত্রাদির দ্বারা প্রতিপালন করিয়াছেন, সেই নিজ প্রভু ধৃতরাষ্ট্রকে না দেখিয়া বিরহাতুর সঞ্জয় তাঁহার দয়া ও স্নেহ স্মরণ হওয়ায় অতিশয় কাতর হইয়া সহসা যুধিষ্ঠিরের প্রশ্নের কোনও উত্তর দিতে পারিলেন না ॥ ৩৫ ॥

টীকা

গাবল্গণে! সঞ্জয়! ॥ ৩২ ॥ ময়ি শমলং অপরাধং আশংসমানঃ স্বকীয়য়া ভার্য্যয়া সহ গঙ্গায়াং কিমপতদিত্যন্বয়ঃ ॥ ৩৩ ॥ ব্যসনতঃ আপদ্ভ্যঃ, যৌ অরক্ষতাং তৌ পিতৃব্যৌ পিতুর্ভ্রাতরৌ ইতঃ

বিমৃজ্যাশ্রূণি পাণিভ্যাং বিষ্টভ্যাত্মানমাত্মনা।
অজাতশত্রুং প্রত্যূচে প্রভোঃ পাদাবনুস্মরন্ ॥ ৩৬ ॥

সঞ্জয় উবাচ

নাহং বেদ্মি ব্যবসিতং পিত্রোর্বঃ কুলনন্দন !।
গান্ধার্য্যা বা মহাবাহো ! মুষিতোঽস্মি মহাত্মভিঃ ॥ ৩৭ ॥
অথাজগাম ভগবান্ নারদঃ সহতুম্বুরুঃ।
প্রত্যুত্থায়াভিবাদ্যাহ সানুজোঽভ্যর্চ্চয়ন্নিব ॥ ৩৮ ॥

অন্বয়

(অনন্তর সঞ্জয়) প্রভোঃ (সকল সংযোগ বিয়োগের কারণ পরমেশ্বরের) পাদৌ অনুস্মরন্ (শ্রীচরণ চিন্তা করিতে করিতে) আত্মনা (বুদ্ধিদ্বারা) আত্মানং (মনকে) বিষ্টভ্য (ধৈর্য্যশীল করিয়া) পাণিভ্যাং (হস্তদ্বারা) অশ্রূণি বিমৃজ্য (চক্ষুর জল মার্জ্জনাকরতঃ) অজাতশত্রুং (যুধিষ্ঠিরকে) প্রত্যুবাচ (প্রত্যুত্তর দিলেন) ॥ ৩৬ ॥

সঞ্জয়ঃ উবাচ (সঞ্জয় বলিলেন) হে কুলনন্দন ! (হে কুলতিলক যুধিষ্ঠির !) অহং (আমি) বঃ পিত্রোঃ (তোমাদের পিতৃব্য ধৃতরাষ্ট্র ও বিদুরের) গান্ধার্য্যাঃ বা (এবং গান্ধারীর) ব্যবসিতং (আচরণ অর্থাৎ গমনবিষয়) ন বেদ্মি (জানি না)। হে মহাবাহো ! মহাত্মভিঃ (মহাত্মাগণকর্ত্তৃক) মুষিতঃ অস্মি (আমি বঞ্চিত হইয়াছি) ॥ ৩৭ ॥

অথ (অনন্তর) সহতুম্বুরুঃ (বীণাপাণি) ভগবান্ নারদঃ (ভগবান্ নারদ) আজগাম (সেখানে উপস্থিত হইলেন), সানুজঃ (অনুজগণের সহিত যুধিষ্ঠির) মুনিং প্রতি উত্থায় (নারদের প্রত্যুদ্গমন করিয়া) অভিবাদ্য (প্রণাম) অভ্যর্চ্চয়ন্ (ও পূজা করতঃ) আহ (বলিতে লাগিলেন) ॥ ৩৮ ॥

অনুবাদ

যিনি সকল সংযোগ ও বিয়োগের একমাত্র কারণ, সেই প্রভু পরমেশ্বরের শ্রীচরণ চিন্তা করিতে করিতে বুদ্ধিদ্বারা মনকে ধৈর্য্যযুক্ত করিয়া হস্তদ্বারা নয়নজল মার্জ্জনা করতঃ সঞ্জয় যুধিষ্ঠিরকে প্রত্যুত্তর দিতে লাগিলেন ॥ ৩৬॥

হে কুলনন্দন যুধিষ্ঠির ! আমি তোমাদের পিতৃব্য ধৃতরাষ্ট্র, বিদুর ও গান্ধারীর গমন বিষয় কিছুই অবগত নহি। হে মহাবাহো ! সেই মহাত্মগণ কর্ত্তৃক আমি বঞ্চিত হইয়াছি, অর্থাৎ তাঁহারা আমাকে ফাঁকি দিয়া চলিয়া গিয়াছেন ॥ ৩৭॥

অনন্তর অর্থাৎ যুধিষ্ঠির ও সঞ্জয়ের কথোপকথন সময়ে বীণাপাণি ভগবান্ নারদ সহসা সেই স্থানে আসিয়া উপস্থিত হইলেন। তখন ভ্রাতৃগণের সহিত রাজা যুধিষ্ঠির দেবর্ষি নারদের প্রত্যুদ্গমন করিয়া প্রণাম করিলেন এবং পূজা করিয়া বলিতে লাগিলেন ॥ ৩৮ ॥

টীকা

স্থানাং ॥ ৩৪ ॥ আত্মনঃ ঈশ্বরম্ অন্নাদিনা রক্ষকং ধৃতরাষ্ট্রং অচক্ষাণঃ অপশ্যমানঃ ॥ ৩৫ ॥ প্রভোঃ সর্ব্বসংযোগবিয়োগহেতোঃ পরমেশ্বরস্য ॥ ৩৬ ॥ মুষিতোঽস্মি বঞ্চিতোঽস্মি ॥ ৩৭ ॥ মুনিমভ্যর্চ্চয়ন্নাহ

যুধিষ্ঠির উবাচ

নাহং বেদ গতিং পিত্রোর্ভগবন্ ক্ব গতাবিতঃ।
অম্বা বা হতপুত্রার্ত্তা ক্ব গতা চ তপস্বিনী ॥ ৩৯ ॥
কর্ণধার ইবাপারে ভগবান্ পারদর্শকঃ।
অথাবভাষে ভগবান্ নারদো মুনিসত্তমঃ ॥ ৪০ ॥

নারদ উবাচ

মা কঞ্চন শুচো রাজন্ যদীশ্বরবশং জগৎ।
লোকাঃ সপালা যস্যেমে বহন্তি বলিমীশিতুঃ।
স সংযুনক্তি ভূতানি স এব বিযুনক্তি চ ॥ ৪১ ॥

অন্বয়

যুধিষ্ঠিরঃ উবাচ (যুধিষ্ঠির বলিলেন) হে ভগবন্! অহং (আমি) পিত্রোঃ (পিতৃব্য ধৃতরাষ্ট্র ও বিদুরের) গতিঃ (গমন বৃত্তান্ত) ন বেদ (জানি না), ইতঃ (এই স্থান হইতে) ক্ব (কোথায়) গতৌ (গমন করিলেন?) হতপুত্রার্ত্তা (মৃতপুত্রগণের শোকে কাতরা) তপস্বিনী (দুঃখিতা) অম্বা বা (মাতা গান্ধারী বা) ক্ব গতা চ (কোথায় গেলেন?) (হে দেবর্ষে!) অপারে (দুস্তর সাগরে) কর্ণধার ইব (কর্ণধারের ন্যায়) ভগবান্ (ষড়ৈশ্বর্য্যশালী আপনিই) [এ বিপদে] পারদর্শকঃ (উপায় প্রদর্শক)। অথ (অনন্তর) মুনিসত্তমঃ ভগবান্ নারদঃ (মুনিশ্রেষ্ঠ ভগবান্ নারদ) আবভাষে (বলিতে লাগিলেন) ॥ ৩৯ ॥ ৪০ ॥

নারদঃ উবাচ (নারদ বলিলেন) হে রাজন্! কঞ্চন মা শুচঃ (কাহারও জন্য শোক করিও না), যৎ (যেহেতু) জগৎ ঈশ্বরবশং (সমস্ত জগৎ ঈশ্বরায়ত্ত)। ইমে সপালাঃ লোকাঃ (ইন্দ্রাদি লোকপালগণের সহিত সমস্ত লোক) যস্য ঈশিতুঃ (যে পরমেশ্বরের) বলিং (উপহার) বহন্তি (বহন করিয়া থাকে), [অর্থাৎ যে পরমেশ্বরের আজ্ঞাধীন হইয়া চালিত হইয়া থাকে] সঃ (সেই পরমেশ্বরই) ভূতানি সংযুনক্তি (প্রাণিগণকে মিলিত করেন), সঃ এব (এবং তিনিই) বিযুনক্তি চ (বিযুক্ত করিয়া থাকেন) ॥ ৪১ ॥

অনুবাদ

যুধিষ্ঠির বলিলেন—হে ভগবন্! আমি আমার পিতৃব্য ধৃতরাষ্ট্র ও বিদুরের গমন-বৃত্তান্ত কিছুই জানি না। তাঁহারা এই স্থান হইতে কোথায় গেলেন? মৃত পুত্রগণের শোকে কাতরা ও দুঃখিতা মাতা গান্ধারীই বা কোথায় গেলেন? হে দেবর্ষে! দুস্তর সাগরে কর্ণধারের ন্যায় ষড়ৈশ্বর্য্যশালী আপনিই [এ বিপদে] উপায় প্রদর্শক। [অর্থাৎ তাঁহাদের সংবাদ একমাত্র আপনিই বলিতে সমর্থ, অতএব বলুন] যুধিষ্ঠিরের কথা শুনিয়া ভগবান্ নারদ বলিতে লাগিলেন ॥ ৩৯-৪০ ॥

নারদ বলিলেন—হে রাজন্! কাহারও জন্য শোক করিও না, কারণ সমস্ত জগৎই ঈশ্বরায়ত্ত, [তাঁহাকে লঙ্ঘন করিবার কাহারও সামর্থ্য নাই]। ইন্দ্রাদিলোক-

টীকা

॥ ৩৮ ॥ বেদ বেদ্মি ॥ ৩৯ ॥ ৪০ ॥ তত্র সর্ব্বং ভগবদধীনমিতি বদন্ শোকং নিরাকরোতি—মা কঞ্চনেতি দশভিঃ। হে রাজন্! কঞ্চন মা শুচঃ কমপি প্রাকৃতমর্থমুদ্দিশ্য শোকং মা কৃথাঃ,

যথা গাবো নসি প্রোতাস্তন্ত্র্যাং বদ্ধাঃ স্বদামভিঃ।
বাক্‌তন্ত্র্যাং নামভির্বদ্ধা বহন্তি বলিমীশিতুঃ ॥ ৪২ ॥
যথা ক্রীড়োপস্করাণাং সংযোগবিগমাবিহ।
ইচ্ছয়া ক্রীড়িতুঃ স্যাতাং তথৈবেশেচ্ছয়া নৃণাম্ ॥ ৪৩ ॥

অন্বয়

যথা গাবঃ (যেমন গোসকল) নসি (নাসিকাতে) স্বদামভিঃ (ক্ষুদ্র রজ্জুদ্বারা) প্রোতাঃ (বদ্ধ হইয়া) [পুনঃ] তন্ত্র্যাং বদ্ধাঃ (পুনরায় দীর্ঘ রজ্জুতে আবদ্ধ হইয়া) ঈশিতুঃ বলিং বহন্তি (প্রভুর আজ্ঞা পালন করিয়া থাকে), [তথা] [সেইরূপ] [ভূতানি] (সমস্ত জীবগণ) নামভিঃ (দেবদত্ত যজ্ঞদত্ত প্রভৃতি নামরূপ ক্ষুদ্র রজ্জুদ্বারা গ্রথিত হইয়া) বাক্‌তন্ত্র্যাং (বেদবোধিত বিধিনিষেধরূপ দীর্ঘ রজ্জুতে) [বদ্ধানি] (বদ্ধ হইয়া) ঈশিতুঃ (পরমেশ্বরের) বলিং বহন্তি (আজ্ঞা পালন করিয়া থাকে) ॥ ৪২ ॥

যথা (যেমন) ইহ (এই জগতে) ক্রীড়িতুঃ (ক্রীড়াকারীর) ইচ্ছয়া (ইচ্ছানুসারে) ক্রীড়োপস্করাণাং (ক্রীড়ার সামগ্রীসমূহের) সংযোগবিগমৌ (সংযোগ ও বিয়োগ) স্যাতাং (হইয়া থাকে), তথা (সেইরূপ) ঈশেচ্ছয়া এব (ঈশ্বরের ইচ্ছায়ই) নৃণাং (মানবগণের) সংযোগবিগমৌ স্যাতাং (সংযোগ বিয়োগ হইয়া থাকে) ॥ ৪৩ ॥

অনুবাদ

পালগণের সহিত সমস্ত লোক যে পরমেশ্বরের পূজোপকরণ বহন করিতেছে, অর্থাৎ সমস্ত লোক যাঁহার আজ্ঞাধীন হইয়া চালিত হইতেছে, সেই পরমেশ্বরই মানবগণকে মিলিত করেন ও বিযুক্ত করিয়া থাকেন। [অর্থাৎ তোমার পিতৃব্যদ্বয় ও গান্ধারীর বিচ্ছেদও ঈশ্বরেচ্ছায়ই হইয়াছে, অতএব ইহাতে দুঃখ করিবার কিছুই নাই] ॥ ৪১ ॥

বলীবর্দ্দ সকল যেমন নাসিকাতে ক্ষুদ্র রজ্জুদ্বারা বদ্ধ ও পুনরায় দীর্ঘ রজ্জুতে আবদ্ধ হইয়া প্রভুর [অর্থাৎ পালকের] আজ্ঞা পালন করিয়া থাকে, সেইরূপ সমস্ত জীবগণ দেবদত্ত, যজ্ঞদত্ত প্রভৃতি নামরূপ ক্ষুদ্র রজ্জু দ্বারা বদ্ধ ও পুনরায় বেদবিহিত বিধিনিষেধ-রূপ দীর্ঘ রজ্জুতে আবদ্ধ হইয়া পরমেশ্বরের আজ্ঞা পালন করিয়া থাকে ॥ ৪২ ।

এই জগতে যেমন ক্রীড়াকারী ব্যক্তির ইচ্ছানুসারেই ক্রীড়ার উপকরণ সমূহের অর্থাৎ কাষ্ঠাদি নির্ম্মিত পুত্তলিকার অঙ্গবিশেষের সংযোগ ও বিয়োগ হইয়া থাকে, সেইরূপ পরমেশ্বরের ইচ্ছায়ই মানবগণের সংযোগ ও বিয়োগ হইয়া থাকে। [অতএব ঈশ্বরেচ্ছায়ই তোমার এই স্বজন-বিয়োগ ঘটিয়াছে, দুঃখ করিও না] ॥ ৪৩ ॥

টীকা

যং যতো জগদীশ্বরবশং, বলিং পূজাম্, ভূতানি দেবমনুষ্যাদীনি ॥ ৪১ ॥ যথা গাবো বলীবর্দ্দাঃ নসি নাসিকায়াং দামভিঃ ক্ষুদ্ররজ্জুভিঃ প্রোতাঃ পুনর্দীর্ঘতন্ত্র্যাং বদ্ধাঃ ঈশিতুঃ স্বনিয়ন্তুর্বলিং বহন্তি। তথা ভূতানি নামভিঃ ক্ষুদ্ররজ্জুস্থানীয়ৈর্দেবদত্তাদিভিঃ প্রোতানি বিধিনিষেধরূপায়াং বাক্‌তন্ত্র্যাং দীর্ঘতন্ত্রিস্থানীয়ায়াং বদ্ধানি পরমেশ্বরস্য বলিং বহন্তীত্যর্থঃ ॥ ৪২ ॥ ক্রীড়ায়া উপস্করাণামুপ-

যন্মন্যসে ধ্রুবং লোকমধ্রুবং বা ন বোভয়ম্।
সর্ব্বথা ন হি শোচ্যাস্তে স্নেহাদন্যত্র মোহজাৎ ॥ ৪৪ ॥
তস্মাজ্জহ্যঙ্গ বৈক্লব্যমজ্ঞানকৃতমাত্মনঃ।
কথন্ত্বনাথাঃ কৃপণা বর্ত্তেরংস্তে চ মাং বিনা ॥ ৪৫ ॥

অন্বয়

লোকং (মানবকে) যৎ (যদি) ধ্রুবং (নিত্য বলিয়া) মন্যসে (মনে কর) [অর্থাৎ উপাদান ব্রহ্মের অংশ বলিয়া নিত্য], বা (অথবা) অধ্রুবং মন্যসে (অনিত্য বলিয়া মনে কর) [অর্থাৎ উপাদেয় দেহের প্রতি লক্ষ্য করিয়া অনিত্য বলিয়া মনে কর], বা (অথবা) ন উভয়ঃ (নিত্যও নহে অনিত্যও নহে) [কিন্তু উভয়বিধং মন্যসে] (কিন্তু উভয় প্রকার বলিয়া মনে কর), সর্ব্বথা (সর্ব্বপ্রকারে অর্থাৎ পক্ষত্রয়েই) স্নেহজাৎ মোহাৎ অন্যত্র (স্নেহজনিত মোহ ব্যতীত) তে (সেই ধৃতরাষ্ট্র, বিদুর ও গান্ধারী) ন হি শোচ্যাঃ (শোকের বিষয়ীভূত হইতে পারেন না) [অর্থাৎ কোন প্রকারেই তাঁহাদের জন্য শোক করা উচিত নহে] ॥ ৪৪ ॥

তস্মাৎ (অতএব) অঙ্গ! (হে রাজন্!) অনাথাঃ (নিরাশ্রয়) কৃপণাঃ (কাতর) তে (ধৃতরাষ্ট্র, বিদুর ও গান্ধারী) মাং বিনা (আশ্রয়স্বরূপ আমাকে ব্যতীত) কথং তু (কি প্রকারে) বর্ত্তেরন্ (প্রাণধারণ করিবেন) ইতি আত্মনঃ (এইরূপ নিজের) অজ্ঞানকৃতং বৈক্লব্যং (মোহজনিত মনের ব্যাকুলতা) জহি (দূর কর) ॥ ৪৫ ॥

অনুবাদ

হে রাজন্! জীবকে ব্রহ্মের অংশ বলিয়া যদি নিত্য মনে কর, আবার দেহের প্রতি লক্ষ্য করিয়া যদি অনিত্য মনে কর, অথবা নিত্যও নহে, অনিত্যও নহে কিন্তু উভয় প্রকার এইরূপ যদি মনে কর, তাহা হইলেও অর্থাৎ এই তিন প্রকারেই স্নেহজনিত মোহ ভিন্ন তাঁহারা শোকের বিষয়ীভূত হইতে পারেন না। [অর্থাৎ তুমি যে শোক করিতেছ, তাহা কেবল স্নেহজনিত মোহ বশতঃই, বস্তুতঃ কোন প্রকারেই তাঁহাদের জন্য শোক করা উচিত নহে] ॥ ৪৪ ॥

অতএব হে রাজন্! "আমার পিতৃব্যদ্বয় ও গান্ধারী নিরাশ্রয়, শোকে ও বার্দ্ধক্যে কাতর, এ অবস্থায় আমাকে ব্যতীত কিরূপে তাঁহারা জীবনধারণ করিবেন" এই প্রকার নিজের মোহজনিত মনের ব্যাকুলতা পরিত্যাগ কর ॥ ৪৫ ॥

টীকা

করণানাং ॥ ৪৩ ॥ লোকং যদি উপাদানমাত্রানুসন্ধানেন ধ্রুবং মন্যসে, উপাদেয়মাত্রানুসন্ধানেনাধ্রুবমনিত্যং বা মন্যসে, কিম্বা ধ্রুবং বা অধ্রুবং বা চ ন মন্যসে একদেশিত্বপ্রসঙ্গাদপি তু উভয়বিধং মন্যসে, সর্ব্বথা পক্ষত্রয়েঽপি স্নেহজান্মোহাদন্যত্র তে লোকপ্রবাহপতিতা ধৃতরাষ্ট্রাদয়ো ন হি শোচ্যা ইত্যর্থঃ ॥ ৪৪ ॥ তস্মাৎ ত্রিষ্বপি পক্ষেষু তচ্ছোচ্যত্বাভাবাৎ অজ্ঞানকৃতং ভগবদায়ত্তজ্ঞানাভাবকৃতং মাং বিনা অনাথাঃ কথং বর্ত্তেরন্ জীবেরন্ ইতি মনসো বৈক্লব্যং জহি অপনয় ॥ ৪৫ ॥

কালকর্ম্মগুণাধীনো দেহোঽয়ং পাঞ্চভৌতিকঃ।
কথমন্যাংস্ত গোপায়েৎ সর্পগ্রস্তো যথাপরম্ ॥ ৪৬ ॥
অহস্তানি সহস্তানামপদানি চতুষ্পদাম্।
ফল্গূনি তত্র মহতাং জীবো জীবস্য জীবনম্ ॥ ৪৭ ॥
তদিদং ভগবান্ রাজন্নেক আত্মাত্মনাং স্বদৃক্।
অন্তরোঽনন্তরো ভাতি পশ্য তং মায়য়োরুধা ॥ ৪৮ ॥

অন্বয়

অয়ং পাঞ্চভৌতিকঃ (এই পাঞ্চভৌতিক) দেহঃ (শরীর) কালকর্ম্মগুণাধীনঃ (গুণক্ষোভক কাল, কর্ম্ম অর্থাৎ পূর্ব্ব পূর্ব্ব জন্মের সঞ্চিত কর্ম্ম, ও উপাদানরূপ গুণের অধীন), অতঃ (অতএব) সর্পগ্রস্তঃ (সর্পকবলে পতিত ব্যক্তির) অপরং যথা (অপরের উদ্ধারের ন্যায়) অন্যান্ (অপরকে) কথং (কি প্রকারে) [সেই অধীন দেহ] গোপায়েৎ (রক্ষা করিবে) ॥ ৪৬ ॥

[ভগবদিচ্ছায় সকলের বৃত্তি অর্থাৎ জীবনোপায় নির্দ্ধারিতই আছে ইহাই বলিতেছেন] অহস্তানি [ভূতানি] (হস্তবিহীন প্রাণিগণ) সহস্তানাং (মনুষ্য প্রভৃতি সহস্তগণের) অপদানি (পদরহিত তৃণাদি সকল) চতুষ্পদাং (চতুষ্পদ পশুগণের) [বৃত্তিঃ ভবতি] (জীবিকা হইয়া থাকে)। তত্র (তাহার মধ্যে) ফল্গূনি (অল্প অর্থাৎ ক্ষুদ্র) মহতাং (বৃহতের) [খাদ্য হইয়া থাকে] [এই প্রকারে] জীবঃ জীবস্য জীবনং (প্রাণিগণই প্রাণিগণের জীবিকা) ॥ ৪৭ ॥

[এই চিদচিদাত্মক সমস্ত জগৎই ভগবানের অধীন, ইহা প্রদর্শনপূর্ব্বক ভেদাভেদ সম্বন্ধ নিরূপণ

অনুবাদ

এই পাঞ্চভৌতিক দেহ কাল, কর্ম্ম ও গুণের অধীন [অর্থাৎ কাল, কর্ম্ম ও গুণানুসারে এই দেহের পরিণতি অবশ্যই হইবে]। অতএব সর্পগ্রস্ত ব্যক্তির যেমন অপরকে রক্ষা করা সম্ভব হয় না, সেইরূপ কাল, কর্ম্ম ও গুণের অধীন এই দেহই বা অপরকে কি প্রকারে রক্ষা করিবে? [অর্থাৎ তুমি এই দেহ দ্বারা কিরূপে তোমার পিতৃব্যদিগকে রক্ষা করিতে সমর্থ হইবে, কারণ তোমার দেহই পরাধীন] ॥ ৪৬ ॥

[ভগবদিচ্ছায় সকলের বৃত্তি নির্দ্ধারিতই আছে, ইহাই বলিতেছেন]—এই জগতে হস্তবিহীন প্রাণিগণ সহস্ত মনুষ্য প্রভৃতির খাদ্য হইয়া থাকে, এবং পদরহিত তৃণাদি চতুষ্পদ পশুগণের খাদ্য হইয়া থাকে, তবে ইহার মধ্যে ক্ষুদ্র বলবানের খাদ্য হইয়া থাকে, এইরূপে প্রাণিগণই প্রাণিগণের জীবিকা ॥ ৪৭ ॥

["এই চিদচিদাত্মক সমস্ত জগৎই ভগবানের অধীন" ইহা প্রদর্শন পূর্ব্বক ভেদাভেদ

টীকা

পিত্রাদেঃ পালনং তু দেহদ্বারৈব ভবতি, সোঽয়ং দেহঃ ভগবন্নিয়ম্যকালাদ্যধীনোঽন্যান্ কথং গোপায়েৎ ন কথমপি। তত্র দৃষ্টান্তঃ—সর্পগ্রস্ত ইতি ॥ ৪৬ ॥ বৃত্তিতোঽপি সর্ব্বে ভগবদধীনাঃ বৃত্তেঃ সর্ব্বত্র ভগবৎকৃতত্বাৎ, ইত্যাহ অহস্তানি ইতি। অহস্তানি ভূতানি সহস্তানাং মনুষ্যাদীনাং অপদানি চতুষ্পদাং গবাদীনাং, তত্র তেষু ফল্গূনি মহতাং, এবং জীবস্য জীবো জীবনম্ ॥ ৪৭ ॥ অথ চিদচিদাত্মকস্য সর্ব্বস্য বিশ্বস্য ভগবদধীনত্বং বক্তুং স্বাভাবিকং ভেদাভেদসম্বন্ধমাহ—হে রাজন্!

সোঽয়মদ্য মহারাজ! ভগবান্ ভূতভাবনঃ।
কালরূপোঽবতীর্ণোঽস্যামভবায় সুরদ্বিষাম্ ॥ ৪৯ ॥

অন্বয়

করিতেছেন]—হে রাজন্! ইদং (এই চিদচিদাত্মক জগৎ) স্বদৃক্ ভগবান্ [এব] (স্বপ্রকাশ ভগবান্ই) [অর্থাৎ ভগবান্ হইতে পৃথক্ নহে], [তিনি] আত্মনাং (জীবগণের) আত্মা (স্থিতি ও প্রবৃত্ত্যাদির হেতু) একঃ (অতএব তিনি এক); তৎ (সেই হেতু) [অর্থাৎ কার্য্যকারণাত্মক বলিয়া] [তিনি] অন্তরঃ অনন্তরঃ (অভ্যন্তরে ও বাহিরে) ভাতি (প্রকাশিত আছেন), তং (সেই কারণরূপী ভগবান্কে) মায়য়া (চিচ্ছক্তিবশে) উরুধা (নানা ব্রহ্মাণ্ডরূপে বহুপ্রকারে) পশ্য (অবলোকন কর) ॥ ৪৮ ॥

মহারাজ! সঃ অয়ং ভূতভাবনঃ (সেই এই জীবপালক) ভগবান্ অদ্য (ভগবান্ বর্ত্তমানে)

অনুবাদ

সম্বন্ধ নিরূপণ করিতেছেন]—হে রাজন্! এই চিদচিদাত্মক সমস্ত জগৎ স্বপ্রকাশ ভগবান্ই, অর্থাৎ ভগবান্ হইতে পৃথক্ নহে। [ভগবানের স্বরূপ কি তাহাই বলিতেছেন]—তিনি জীবগণের আত্মা, [কেবল জীব কেন? প্রকৃতি, কাল প্রভৃতিরও আত্মা] অর্থাৎ ইহাদের স্থিতি, প্রবৃত্তি প্রভৃতির কারণ। ইহারা তাঁহা হইতে পৃথক্ নহে বলিয়াই তিনি এক এবং কার্য্যকারণাত্মক বলিয়াই তিনি অন্তরে ও বাহিরে বিরাজিত আছেন। [যেমন কাঞ্চন কুণ্ডলাদিকার্য্যে কারণরূপে বর্ত্তমান থাকিয়া আবার সেই সেই কার্য্যরূপে বর্ত্তমান থাকে বলিয়া কুণ্ডল প্রভৃতি অস্বতন্ত্র ও কার্য্য, আর সুবর্ণ তদপেক্ষা স্বতন্ত্র, ব্যাপক ও কারণ এই হিসাবে দুইএর ভেদ সিদ্ধ হয়; আবার কিন্তু সুবর্ণ ব্যতীত কুণ্ডলের পৃথক্‌রূপে স্থিতি নাই, অতএব ইহাদের মধ্যে অভেদ সম্বন্ধও সিদ্ধ হয়, সেইরূপ চিদচিদাত্মক কার্য্যরূপ জগতের কারণরূপ ভগবানের সহিত স্বাভাবিক ভেদ ও অভেদ সম্বন্ধ।] অতএব সেই কারণরূপী ভগবান্ চিচ্ছক্তিবশে নানা ব্রহ্মাণ্ডরূপে বহু প্রকারে বিদ্যমান আছেন, ইহা অবলোকন কর। অর্থাৎ কারণাবস্থায় এক ও কার্য্যাবস্থায় অনেক ইহা দর্শন কর ॥ ৪৮ ॥

হে মহারাজ! সেই এই জগৎপালক ভগবান্ শ্রীকৃষ্ণ বর্ত্তমানে দেবতাগণের শত্রু অসুরগণের বিনাশের নিমিত্ত কালরূপে এই পৃথিবীতে অবতীর্ণ হইয়াছেন ॥ ৪৯ ॥

টীকা

ইদং চিদচিদাত্মকং বিশ্বং ভগবান্ ভগবদভিন্নং "সর্ব্বং খল্বিদং ব্রহ্মে"তি শ্রুতেঃ। কথম্ভূতো ভগবান্? আত্মনাং জীবানাং উপলক্ষণঞ্চৈতৎ প্রকৃতিকালাদেঃ, আত্মা স্থিতিপ্রবৃত্তিশাসনাদিহেতুঃ, যতঃ চিদচিচ্ছক্তের্জীবপ্রকৃতিকালাদয়ো ভাবাঃ পৃথক্ ন সন্তি, সঃ অতএব একঃ, তৎ তস্মাদেব কার্য্যস্য কারণাত্মকত্বাদেব হেতোঃ অন্তরোঽনন্তরঃ বাহ্যাভ্যন্তরঃ এক এব ভগবান্ ভাতি। যথা কাঞ্চনং কুণ্ডলাদৌ, পৃথ্বী গিরিবৃক্ষাদৌ, দ্রুমঃ শাখাপত্রাদৌ কার্য্যে কারণতয়া অন্তরোঽনন্তরো ভাতি, তদ্বৎ। অনেন পদেন স্বরূপতো ভেদোঽপি দর্শিতঃ, চিদচিৎপদার্থয়োঃ শক্তিভূতয়োঃ স্বরূপেণ

নিষ্পাদিতং দেবকৃত্যমবশেষং প্রতীক্ষতে।
তাবদ্‌যূয়ং প্রতীক্ষধ্বং ভবেদ্ যাবদিহেশ্বরঃ ॥ ৫০ ॥

অন্বয়

সুরদ্বিষাম্ (দেবতাগণের শত্রু অসুরগণের) অভবায় (বিনাশের নিমিত্ত) কালরূপঃ (কালরূপী হইয়া) অস্যাং পৃথিব্যাম্ (এই পৃথিবীতে) [অর্থাৎ দ্বারকাপুরীতে] অবতীর্ণঃ (আবির্ভূত হইয়াছেন) ॥ ৪৯ ॥

তেন (শ্রীকৃষ্ণকর্ত্তৃক) দেবকৃত্যং (দেবকার্য্য) নিষ্পাদিতং (নিষ্পাদিত হইয়াছে), ঈশ্বরঃ (শ্রীকৃষ্ণ) অবশেষং প্রতীক্ষতে ([নিজলোকে থাকিয়া] তোমাদের মহাপ্রস্থান প্রতীক্ষা করিতেছেন), ইহ (এই হস্তিনাপুরে) যাবৎ (যে পর্য্যন্ত) [সংবাদদাতা উপস্থিত] ভবেৎ (হয়), তাবৎ (সেই পর্য্যন্ত) যূয়ং (তোমরা) প্রতীক্ষধ্বং (প্রতীক্ষা কর) [অর্থাৎ যদুকুলের ক্ষয় ও ভগবানের প্রয়াণ-সংবাদ পাওয়া পর্য্যন্ত অপেক্ষা কর। যদিও সমস্তই শেষ হইয়াছে, তথাপি সেই সংবাদ এখনও আসে নাই, অতএব যুধিষ্ঠির ইহার এই গূঢ় অর্থ না বুঝিয়া এইরূপ বুঝিলেন] ঈশ্বরঃ যাবৎ ইহ ভবেৎ (শ্রীকৃষ্ণ যে পর্য্যন্ত পৃথিবীতে থাকিবেন), তাবৎ যূয়ং প্রতীক্ষধ্বং (সেই পর্য্যন্ত তোমরাও অপেক্ষা কর) ॥ ৫০ ॥

অনুবাদ

শ্রীকৃষ্ণ দেবকার্য্য সমস্তই সম্পন্ন করিয়াছেন। তিনি এখন নিজলোকে থাকিয়া তোমাদের মহাপ্রস্থান প্রতীক্ষা করিতেছেন। এই হস্তিনাপুরে যে পর্য্যন্ত অর্জ্জুন আসিয়া [যদুকুলের ক্ষয়] সংবাদ না দেয়, সে পর্য্যন্ত তোমরা অপেক্ষা কর। [যদুকুলের ক্ষয় ও ভগবান্ শ্রীকৃষ্ণের প্রয়াণসংবাদ এখনও যুধিষ্ঠিরের কর্ণগোচর হয় নাই, অতএব তিনি উপরের গূঢ় অর্থ গ্রহণ না করিয়া এই অর্থ বুঝিলেন]—ভগবান্ শ্রীকৃষ্ণ দেবকার্য্য সমাধা করিয়াছেন। অবশিষ্ট কার্য্যের জন্য প্রতীক্ষা করিতেছেন। অতএব তিনি যতকাল ইহলোকে অবস্থান করেন, ততকাল তোমরাও অপেক্ষা কর ॥ ৫০ ॥

টীকা

স্বাভাবিকো ভেদোঽপি, শক্তিমতঃ পৃথক্ স্থিতিপ্রবৃত্ত্যাদ্যভাবাৎ অভেদোঽপি স্বাভাবিকঃ। এবং ব্যষ্টিভেদাভেদঃ কারণাবস্থায়াং কার্য্যাবস্থায়াঞ্চ সর্ব্বত্র বোধ্যঃ। অথ কার্য্যকারণয়োরপি স্বাভাবিকৌ ভেদাভেদৌ দর্শয়তি—তং একবচননির্দ্দিষ্টং কারণমেকমেব মায়য়া চিচ্ছক্তিগর্ভয়া চিচ্ছক্ত্যোরুধা নানাব্রহ্মাণ্ডরূপেণ বহুধা পশ্য, কারণাবস্থমেকং কার্য্যাবস্থমনেকমিত্যর্থঃ। বিস্তরস্তু আকরে দ্রষ্টব্যঃ ॥ ৪৮ ॥ ভগবন্! এবম্ভূতো ভগবান্ ক ইত্যপেক্ষায়ামাহ—স ইতি। যস্য প্রভাবো বর্ণিতঃ, সোঽয়মস্যাং পৃথিব্যাং কালরূপঃ কালাত্মা অসুরদ্বিষামভবায় অবতীর্ণঃ শ্রীকৃষ্ণঃ ॥ ৪৯ ॥ তেন দেবকৃত্যং দেবদ্বিট্‌ক্ষয়রূপং নিষ্পাদিতম্। অবশেষম্ ঈশ্বরঃ প্রতীক্ষতে; নিজলোকে স্থিতঃ তব মহাপ্রস্থানং প্রতীক্ষতে, তাবৎ যূয়ং অবেক্ষধ্বং, যাবৎ ইহ হস্তিনাপুরে ভবেৎ প্রাপ্তো ভবেৎ তৎসন্দেশহর ইতি শেষঃ। অর্জ্জুন ইহাগত্য স্ফুটং যদুকুলক্ষয়ং ভগবৎ প্রয়াণঞ্চ প্রতিপাদয়িষ্যতি। তদা ভবদ্ভিরপি গন্তব্যমিতি গূঢ়োঽর্থঃ রাজ্ঞা নাবধারিতঃ অপি তু ঈশ্বরঃ যাবৎ ইহলোকে ভবেৎ,

ধৃতরাষ্ট্রঃ সহ ভ্রাত্রা গান্ধার্য্যা চ স্বভার্য্যয়া।
দক্ষিণেন হিমবত ঋষীণামাশ্রমং গতঃ ॥ ৫১ ॥
স্রোতোভিঃ সপ্তভির্যা বৈ স্বর্ধুনী সপ্তধা ব্যধাৎ।
সপ্তানাং প্রীতয়ে নানা সপ্তস্রোতঃ প্রচক্ষতে ॥ ৫২ ॥
স্নাত্বানুসবনং তস্মিন্ হুত্বা চাগ্নিং যথাবিধি।
অব্‌ভক্ষ উপশান্তাত্মা স আস্তে বিগতৈষণঃ ॥ ৫৩ ॥

অন্বয়

(হে রাজন্!) ধৃতরাষ্ট্রঃ ভ্রাত্রা স্বভার্য্যয়া গান্ধার্য্যা চ সহ (ধৃতরাষ্ট্র ভ্রাতা বিদুর ও স্বীয় পত্নী গান্ধারীর সহিত) হিমবতঃ (হিমালয়ের) দক্ষিণেন (দক্ষিণ পার্শ্বে) ঋষীণাম্ আশ্রমং গতঃ (ঋষিগণের আশ্রমে গমন করিয়াছেন) ॥ ৫১ ॥

যা স্বর্ধুনী (যেই প্রসিদ্ধ গঙ্গা) নানা (পৃথক্ পৃথক্) সপ্তভিঃ স্রোতোভিঃ (সপ্ত প্রবাহের দ্বারা) সপ্তানাং প্রীতয়ে (সপ্তর্ষিগণের প্রীতির নিমিত্ত) [যেখানে নিজকে] সপ্তধা ব্যধাৎ (সপ্ত ধারায় বিভক্ত করিয়াছেন)। [অতএব যেই আশ্রমকে] সপ্তস্রোতঃ প্রচক্ষতে (সপ্তস্রোতঃ নামে অভিহিত করিয়া থাকে) [সেই আশ্রমে ধৃতরাষ্ট্র গমন করিয়াছেন] ॥ ৫২ ॥

তস্মিন্ (সেই আশ্রমে) সঃ (ধৃতরাষ্ট্র) অনুসবনং (ত্রিসন্ধ্যায়) স্নাত্বা (স্নান করিয়া) যথাবিধি (শাস্ত্রানুসারে) অগ্নিং চ হুত্বা (অগ্নিতে হোম করিয়া) অব্‌ভক্ষ (কেবল জলপায়ী) উপশান্তাত্মা (রাগাদিমল দূরীভূত হওয়ায় প্রশান্তচিত্ত) বিগতৈষণঃ (পুত্র ধনাদির আকাঙ্ক্ষা

অনুবাদ

হে রাজন্! তোমার পিতৃব্য ধৃতরাষ্ট্র ভ্রাতা বিদুর ও স্বীয় পত্নী গান্ধারীর সহিত হিমালয়ের দক্ষিণ পার্শ্বে ঋষিদের আশ্রমে গমন করিয়াছেন ॥ ৫১ ॥

যেই প্রসিদ্ধ সুরধুনী গঙ্গা সপ্তর্ষিগণের প্রীতির নিমিত্ত যে স্থানে নিজকে পৃথক্ পৃথক্ সপ্তপ্রবাহে সপ্তপ্রকারে অর্থাৎ মরীচিগঙ্গা, অত্রিগঙ্গা, অঙ্গিরাগঙ্গা, পুলস্ত্যগঙ্গা, পুলহগঙ্গা, ক্রতুগঙ্গা ও বশিষ্ঠগঙ্গা এই সপ্ত প্রকারে বিভক্ত করিয়াছেন, অতএব যেই আশ্রম সপ্তস্রোতঃ নামে অভিহিত হইয়া থাকে [সেই আশ্রমে ধৃতরাষ্ট্র গমন করিয়াছেন] ॥ ৫২ ॥

সেই আশ্রমে রাজা ধৃতরাষ্ট্র ত্রিসন্ধ্যায় স্নান ও শাস্ত্রানুসারে অগ্নিতে হোমকার্য্য সম্পন্ন করতঃ কেবলমাত্র জল পান করিয়া অবস্থান করিতেছেন। তাঁহার রাগাদি মল সকল দূরীভূত হওয়ায় চিত্ত প্রশান্ত হইয়াছে, এবং পুত্রধনাদির আকাঙ্ক্ষাও নিবৃত্ত

টীকা

তাবৎ যূয়ং অবেক্ষধ্বমিতি এব বাক্যার্থো জ্ঞাতঃ ॥ ৫০ ॥ যদুক্তং "নাহং বেদ গতিং পিত্রোর্ভগবন্! ক্ব গতাবিতঃ" ইতি তত্রাহ—ধৃতরাষ্ট্র ইত্যাদি সার্দ্ধৈর্নবভিঃ। হিমবতো দক্ষিণেন তস্য দক্ষিণপার্শ্বে আশ্রমং গতঃ প্রাপ্তঃ ॥ ৫১ ॥ যত্র স্বর্ধুনী সপ্তভিঃ শ্রোতোভিঃ প্রবাহৈঃ সপ্তানাম্ ঋষীণাং প্রীতয়ে সপ্তধা ব্যধাৎ আত্মানমিতি শেষঃ। অতস্তমাশ্রমং নাম্না সপ্তস্রোতঃ ইতি প্রচক্ষতে ॥ ৫২ ॥ অনুসবনং ত্রিসন্ধ্যং স্নাত্বা, অনেন স্নানাদয়ো নিয়মাঃ উক্তাঃ। উপশান্তঃ রাগাদ্যনভিভূতঃ আত্মা

জিতাসনো জিতশ্বাসঃ প্রত্যাহৃতষড়িন্দ্রিয়ঃ।
হরিভাবনয়া ধ্বস্তরজঃসত্ত্বতমোমলঃ ॥ ৫৪ ॥
বিজ্ঞানাত্মনি সংযোজ্য ক্ষেত্রজ্ঞে প্রবিলাপ্য তম্।
ব্রহ্মণ্যাত্মানমাধারে ঘটাম্বরমিবাম্বরে ॥ ৫৫ ॥

অন্বয়

শূন্য) জিতাসনঃ (অভ্যাস দ্বারা আসন জয়কারী) জিতশ্বাসঃ (প্রাণায়ামের দ্বারা প্রাণবায়ু জয়কারী) প্রত্যাহৃতষড়িন্দ্রিয়ঃ (শব্দাদি বিষয় হইতে ইন্দ্রিয় সকল প্রত্যাহরণকারী) হরিভাবনয়া (শ্রীহরির ধ্যানের দ্বারা) ধ্বস্তরজঃসত্ত্বতমোমলঃ (সত্ত্ব, রজঃ ও তমোগুণের ক্ষোভরূপ মলশূন্য হইয়া) আস্তে (অবস্থান করিতেছেন) ॥ ৫৩ ॥ ৫৪ ॥

(সেই ধৃতরাষ্ট্র) আত্মানং (বুদ্ধীন্দ্রিয়াদি অচেতনবর্গের প্রকাশক বিজ্ঞানকে) [সেই অচেতন বর্গ অর্থাৎ স্থূল দেহ হইতে মুক্ত করিয়া] বিজ্ঞানাত্মনি ক্ষেত্রজ্ঞে সংযোজ্য (বিজ্ঞানের অধিষ্ঠাতা জীবাত্মাতে সংযোজিত করিয়া) অম্বরে ঘটাম্বরম্ ইব (মহাকাশে ঘটাকাশকে বিলীন করার ন্যায়) তং

অনুবাদ

হইয়াছে। তিনি অভ্যাসের দ্বারা আসন জয় ও প্রাণায়ামের দ্বারা প্রাণবায়ু জয় করিয়াছেন, এবং শব্দাদিবিষয় হইতে পঞ্চ জ্ঞানেন্দ্রিয় ও মনকে নিয়মিত করিয়া অন্তর্ম্মুখী করিয়াছেন ও শ্রীহরির ধ্যানের দ্বারা সত্ত্ব, রজঃ ও তমোগুণের ক্ষোভরূপ মল দূর করিয়াছেন। [এখানে—ধৃতরাষ্ট্রের অষ্টাঙ্গ যোগের কথাই বলা হইল, পরের শ্লোকে সমাধির কথা বলিবেন। যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধ্যান, ধারণা, সমাধি এই অষ্টাঙ্গ যোগ।] ॥ ৫৩। ৫৪ ॥

সেই রাজা ধৃতরাষ্ট্র বুদ্ধীন্দ্রিয়াদি অচেতনবর্গের প্রকাশক বিজ্ঞানকে অচেতন-বর্গ হইতে পৃথক্ করিয়া অধিষ্ঠাতা জীবাত্মাতে সংযুক্ত করিয়াছেন এবং অংশরূপ ঘটাকাশকে অংশীরূপ মহাকাশে বিলীন করার ন্যায় সেই অংশরূপ জীবাত্মাকেও অংশীরূপ সর্ব্বাশ্রয়

টীকা

মনো যস্য, বিগতা এষণাঃ পুত্রধনাদিপিপাসা যস্য ইতি যমোক্তিঃ ॥ ৫৩ ॥ জিতম্ আসনং যেন, ইত্যাসনোক্তিঃ, জিতঃ শ্বাসো যেন ইতি প্রাণায়ামোক্তিঃ। প্রত্যাহৃতানি নিয়মিতানি শব্দাদিভ্যঃ শ্রোত্রাদীনি ইন্দ্রিয়াণি যেন, ইতি প্রত্যাহারকথনম্। হরিভাবনয়েতি ধারণা দর্শিতা। ধ্বস্তা রজ আদয়ো মলা যস্যেতি ফলিতো ধ্যানং সূচিতম্ ॥ ৫৪ ॥ সমাধিমাহ—বিজ্ঞানাত্মনীতি, আত্মানং বুদ্ধীন্দ্রিয়াদ্যচেতনবর্গপ্রকাশকং ধর্ম্মভূতং বিজ্ঞানম্ অচেতনবর্গাৎ বিযোজ্য বিজ্ঞানম্ আত্মনি ধর্ম্মিণি ক্ষেত্রজ্ঞে সংযোজ্য তং ক্ষেত্রজ্ঞং দেহাদিভোক্তারম্ অংশভূতং ঘটাম্বরমিব নিত্যমাত্মস্বরূপং দেহাদের্বিলক্ষণং নির্ম্মলং সঞ্চিন্ত্য ব্রহ্মণি অংশিনি নিত্যনির্ম্মলে অম্বরস্থানীয়ে প্রবিলাপ্য সর্ব্বদা নির্ম্মলস্য ব্রহ্মণঃ অংশভূতঃ তদ্বদেব নির্ম্মলোঽস্মীতি সংচিন্ত্য আস্তে ইত্যুত্তরেণান্বয়ঃ। ন চ ঘটাম্বর-শুদ্ধাম্বরয়োঃ স্বরূপৈক্যবজ্জীবব্রহ্মণোরপি স্বরূপৈক্যমিতি বাচ্যম্, জীবব্রহ্মণোর্নৈর্ম্মল্যে জীবস্যাল্পত্বে ব্রহ্মণঃ অনল্পত্বে চ দৃষ্টান্ত সম্ভবাৎ। অন্যথা অম্বরবৎ ব্রহ্মণি জড়ত্বভৌতিকত্ব-প্রসঙ্গাপত্তেশ্চ। বস্তুতস্তু ঘটাম্বরশুদ্ধাম্বরয়োঃ পঞ্চীকৃতপদার্থত্বেন স্বরূপৈক্যমপি নাস্তীতি বিজ্ঞেয়ম ॥ ৫৫ ॥

ধ্বস্তমায়াগুণোদর্কো নিরুদ্ধকরণাশয়ঃ।
নিবর্ত্তিতাখিলাহার আস্তে স্থাণুরিবাধুনা ॥ ৫৬ ॥
তস্যান্তরায়ো মৈবাভূঃ সন্ন্যস্তাখিলকর্ম্মণঃ।
স বা অদ্যতনাদ্রাজন্! পরতঃ পঞ্চমেঽহনি।
কলেবরং হাস্যতি স্বং তচ্চ ভস্মীভবিষ্যতি ॥ ৫৭ ॥

অন্বয়

(সেই অংশরূপ জীবাত্মাকে) আধারে ব্রহ্মণি (সর্ব্বাশ্রয় অংশীরূপ পরমাত্মাতে) প্রবিলাপ্য (বিলীন করিয়া) ধ্বস্তমায়াগুণোদর্কঃ (প্রকৃতির গুণসমূহের উত্তরোত্তর বৃদ্ধিরূপ বাসনাপ্রবাহ বিরহিত হইয়া) নিরুদ্ধকরণাশয়ঃ (ইন্দ্রিয়সমূহ ও মনকে নিরোধ করিয়া) নিবর্ত্তিতাখিলাহারঃ (সমস্ত প্রকার আহার পরিত্যাগ করতঃ) অধুনা (বর্ত্তমানে) স্থাণুরিব আস্তে (স্থাণুর ন্যায় নিশ্চল হইয়া অবস্থান করিতেছেন) ॥ ৫৫ ॥ ৫৬ ॥

হে রাজন্! সন্ন্যস্তাখিলকর্ম্মণঃ (সমস্ত কর্ম্মপরিত্যাগী) তস্য (সেই ধৃতরাষ্ট্রের) অন্তরায়ঃ (অন্তরায়) মা এব অভূঃ (হইও না)। সঃ বা (সেই ধৃতরাষ্ট্রও) অদ্যতনাৎ পরতঃ (আজ হইতে আরম্ভ করিয়া পরে) পঞ্চমে অহনি (পঞ্চম দিবসে) স্বং কলেবরং (নিজের দেহ) হাস্যতি (ত্যাগ করিবেন), তচ্চ (সেই দেহও) ভস্মীভবিষ্যতি (ভস্মীভূত হইবে) ॥ ৫৭ ॥

অনুবাদ

পরমাত্মাতে বিলীন করিয়াছেন। "আমি নির্ম্মল পরমাত্মার অংশ, অতএব আমিও নির্ম্মল" এইরূপ মনে করিয়া তিনি স্থাণুর ন্যায় অর্থাৎ শাখাবিহীন বৃক্ষের ন্যায় নিশ্চলভাবে অবস্থান করিতেছেন। প্রকৃতির গুণসমূহের উত্তরোত্তর বৃদ্ধিরূপ বাসনাপ্রবাহ তাঁহার বিনষ্ট হইয়াছে, তিনি ইন্দ্রিয় সমূহ ও মনকে নিরোধ করিয়াছেন এবং সমস্ত প্রকার আহার পরিত্যাগ করিয়াছেন। [এই দুই শ্লোকে সমাধি অবস্থা প্রদর্শিত হইল] ॥ ৫৫-৫৬ ॥

হে রাজন্! তুমি সেই সর্ব্বকর্ম্ম-পরিত্যাগী সমাধিস্থ ধৃতরাষ্ট্রের অন্তরায় হইও না। সেই ধৃতরাষ্ট্রও আজ হইতে পঞ্চম দিবসে নিজের দেহ পরিত্যাগ করিবেন এবং তাঁহার দেহও ভস্মীভূত হইবে ॥ ৫৭ ॥

টীকা

নিত্যসমাধিতোঽস্ত্যসমাধের্বিশেষতামাহ—ধ্বস্তো মায়াগুণানাং রজআদীনাম্ উদর্কঃ উত্তরোত্তর-প্রসৃতো বাসনাপ্রবাহো যস্য, ইতি গুণতো ব্যুত্থানাভাব উক্তঃ। নিরুদ্ধকরণাশয় ইতি বাহ্যাভ্যন্তরেন্দ্রিয়-নিমিত্তকব্যুত্থানাভাব উক্তঃ। অতো নিবর্ত্তিতা অখিলা অবভক্ষণাদয়োঽপি আহারা যেন সঃ, অতঃ স্থাণুরিবাচল আস্তে ॥ ৫৬। কল্যাণবশাৎ তদানয়নং মা কুরু ইত্যাশয়েনাহ-তস্যেতি ॥ ৫৭ ॥

দহ্যমানেঽগ্নিভির্দেহে পত্যুঃ পত্নী সহোটজে।
বহিঃ স্থিতা পতিং সাধ্বী তমগ্নিমনুবেক্ষ্যতি ॥ ৫৮ ॥
বিদুরস্তু তদাশ্চর্য্যং নিশাম্য কুরুনন্দন!।
হর্ষশোকযুতস্তস্মাদ্ গন্তা তীর্থনিষেবকঃ ॥ ৫৯ ॥
ইত্যুক্ত্বাথারুহৎ স্বর্গং নারদঃ সহতুম্বুরুঃ।
যুধিষ্ঠিরো বচস্তস্য হৃদি কৃত্বাজহাচ্ছুচঃ ॥ ৬০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথমস্কন্ধে নারদবাক্যং নাম ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥ ১৩ ॥

অন্বয়

সহোটজে (পর্ণশালার সহিত) ভর্ত্তুঃ দেহে (পতির দেহ) অগ্নিভিঃ (অগ্নির দ্বারা) দহ্যমানে (দগ্ধ হইতে থাকিলে) বহিঃ স্থিতা ত্যপি (বাহিরে থাকিয়াও) সাধ্বী (পতিব্রতা) পত্নী (স্ত্রী গান্ধারী) তং পতিং (সেই পতি ধৃতরাষ্ট্রের) অনু (পশ্চাৎ) অগ্নিং বেক্ষ্যতি (অগ্নিতে প্রবেশ করিবেন) ॥৫৮॥

কুরুনন্দন! (হে যুধিষ্ঠির!) বিদুরঃ তু (বিদুরও) তৎ আশ্চর্য্যং (সেই আশ্চর্য্যজনক ব্যাপার) নিশাম্য (দেখিয়া) হর্ষশোকযুতঃ (সস্ত্রীক ভ্রাতার রহস্যজনক ভাবে দেহত্যাগ দর্শনে আনন্দিত ও তাঁহাদের বিচ্ছেদে শোকার্ত্ত হইয়া) তীর্থনিষেবকঃ (তীর্থপর্য্যটনেচ্ছু হইয়া) গন্তা (গমন করিবেন) ॥৫৯॥

অথ (অনন্তর) সহতুম্বুরুঃ (বীণাপাণি) নারদঃ ইতি (নারদ এই কথা) উক্ত্বা (বলিয়া) স্বর্গম্ আরুহৎ (স্বর্গে আরোহণ করিলেন)। যুধিষ্ঠিরঃ (যুধিষ্ঠিরও) তস্য বচঃ (নারদের বাক্য) হৃদি কৃত্বা (হৃদয়ে চিন্তা করিয়া) শুচঃ অজহাৎ (শোক পরিত্যাগ করিলেন) ॥ ৬০ ॥

অনুবাদ

পর্ণশালার সহিত পতির দেহ অগ্নিদ্বারা দগ্ধ হইতে থাকিলে সেই পতিব্রতা গান্ধারী বাহিরে অবস্থিতা হইয়াও [অর্থাৎ নিজে বাহিরে থাকায় দগ্ধ না হইলেও স্বেচ্ছায়] পতি ধৃতরাষ্ট্রের পশ্চাৎ অগ্নিতে প্রবেশ করিবেন অর্থাৎ পতির অনুগমন করিবেন ॥ ৫৮ ॥

হে কুরুনন্দন! বিদুরও সেই সময়ে সেই আশ্চর্য্যজনক ব্যাপার দর্শন করিয়া সস্ত্রীক ভ্রাতা রহস্যজনক ভাবে দেহ পরিত্যাগ করিয়াছেন বলিয়া আনন্দিত ও তাঁহাদের বিচ্ছেদে শোকার্ত্ত হইয়া তীর্থপর্য্যটন মানসে সেস্থান হইতে চলিয়া যাইবেন ॥ ৫৯ ॥

অনন্তর বীণাপাণি নারদ এই সকল কথা বলিয়া স্বর্গে গমন করিলেন। রাজা যুধিষ্ঠিরও নারদের বাক্য হৃদয়ে চিন্তা করিয়া শোক পরিত্যাগ করিলেন ॥ ৬০ ॥

ত্রয়োদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ১৩ ॥

টীকা

অগ্নিভিঃ সহোটজে পর্ণশালাসহিতে ভর্ত্তুর্দেহে দহ্যমানে বহিঃস্থিতাপি সাধ্বী পতিব্রতা পত্নী গান্ধারী পতিম্ অনু অগ্নিং বেক্ষ্যতি প্রবেক্ষ্যতি ॥ ৫৮ ॥ সভার্য্যস্য ভ্রাতুঃ সুরহস্যতো দেহত্যাগদর্শনাৎ হর্ষেণ কারুণ্যাৎ শোকেন চ যুতঃ ॥ ৫৯ ॥ ৬০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতসিদ্ধান্তপ্রদীপে প্রথমস্কন্ধীয়ে ত্রয়োদশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ১৩ ॥

চতুর্দ্দশোঽধ্যায়ঃ

সূত উবাচ

সম্প্রস্থিতে দ্বারকায়াং জিষ্ণৌ বন্ধুদিদৃক্ষয়া।
জ্ঞাতুঞ্চ পুণ্যশ্লোকস্য কৃষ্ণস্য চ বিচেষ্টিতম্ ॥ ১ ॥
ব্যতীতাঃ কতিচিন্মাসাস্তদা নায়াৎ ততোঽর্জ্জুনঃ।
দদর্শ ঘোররূপাণি নিমিত্তানি কুরূদ্বহঃ ॥ ২ ॥
কালস্য চ গতিং রৌদ্রাং বিপর্য্যস্তর্ত্তুধর্ম্মিণঃ।
পাপীয়সীং নৃণাং বার্ত্তাং ক্রোধলোভানৃতাত্মনাম্ ॥ ৩ ॥

অন্বয়

সূতঃ উবাচ (সূত বলিলেন) দ্বারকায়াং (দ্বারকাতে) বন্ধুদিদৃক্ষয়া (বন্ধুগণকে দেখিবার ইচ্ছায়) পুণ্যশ্লোকস্য (পবিত্রকীর্ত্তি) কৃষ্ণস্য চ (শ্রীকৃষ্ণের) বিচেষ্টিতং (আচরিত কার্য্য) জ্ঞাতুং চ (জানিবার নিমিত্ত) জিষ্ণৌ সম্প্রস্থিতে (অর্জ্জুন প্রস্থান করিলে) কতিচিৎ মাসাঃ (কয়েক মাস) ব্যতীতাঃ (অতীত হইয়া গেল), তদা (তখনও অর্থাৎ কয়েক মাস অতীত হইলেও) অর্জ্জুনঃ ততঃ ন আয়াৎ (অর্জ্জুন সেখান হইতে ফিরিয়া আসিলেন না)। [এদিকে] কুরূদ্বহঃ (কুরুবংশধর যুধিষ্ঠির) ঘোররূপাণি নিমিত্তানি (অপ্রিয়সূচক অমঙ্গল সকল) দদর্শ (দেখিতে লাগিলেন) ॥ ১ ॥ ২ ॥

নৃপঃ (রাজা যুধিষ্ঠির) বিপর্য্যস্তর্ত্তুধর্ম্মিণঃ (ঋতুসমূহের ধর্ম্মের বিপর্য্যয়কারক) কালস্য চ রৌদ্রাং গতিং (কালের ভয়ঙ্কর গতি), ক্রোধলোভানৃতাত্মনাং (ক্রোধ, লোভ ও মিথ্যাবাক্যদ্বারা দুষ্টচিত্ত) নৃণাং (মানবগণের) পাপীয়সীং বার্ত্তাং (অসদুপায়ে অর্জ্জিত জীবিকা), জিহ্মপ্রায়ং (কুটিল) ব্যবহৃতং

অনুবাদ

সূত বলিলেন—অর্জ্জুন আত্মীয়গণকে দর্শন করিবার ইচ্ছায় ও পবিত্রকীর্ত্তি ভগবান্ শ্রীকৃষ্ণের তৎকালীন কার্য্যকলাপ জানিবার নিমিত্ত দ্বারকায় গমন করিলে কয়েক মাস অতীত হইয়া গেল, তখনও অর্জ্জুন দ্বারকা হইতে ফিরিলেন না। এদিকে রাজা যুধিষ্ঠির অপ্রিয়সূচক অমঙ্গল সকল দর্শন করিতে লাগিলেন ॥ ১ ॥ ২ ॥

মহারাজ যুধিষ্ঠির দেখিলেন—বসন্তাদি ঋতুধর্ম্মের বিপর্য্যয় হইয়া কালের ভয়ঙ্কর পরিবর্ত্তন ঘটিয়াছে; মানবগণ ক্রোধ, লোভ ও মিথ্যার আশ্রয়

টীকা

দ্বারকায়াং বন্ধূনাং বসুদেবাদীনাং দিদৃক্ষয়া পুণ্যকীর্ত্তেঃ কৃষ্ণস্য চ বিচেষ্টিতং জ্ঞাতুং জিষ্ণৌ অর্জ্জুনে প্রস্থিতে ॥ ১ ॥ কতিচিন্মাসাঃ ব্যতীতাঃ ব্যতিক্রান্তাস্তদাপি কতিচিন্মাসেষু ব্যতিক্রান্তেষু অপি ততো দ্বারকাতোঽর্জ্জুনো নায়াৎ ন আগচ্ছৎ, তদানীং কুরূদ্বহো যুধিষ্ঠিরঃ ঘোররূপাণি অপ্রিয়করাণি নিমিত্তানি দদর্শ ॥ ২ ॥ বিপর্য্যস্তাঃ বিপরীতাঃ ঋতুধর্ম্মা যস্মিন্ তস্য রৌদ্রাং গতিং দৃষ্ট্বা অনুজমুবাচ ইত্যগ্রিমেনান্বয়ঃ। ক্রোধাদিভির্যুক্তঃ আত্মা মনো যেষাং তেষাং বার্ত্তাং বৃত্তিম্ ॥ ৩ ॥

জিহ্মপ্রায়ং ব্যবহৃতং শাঠ্যমিশ্রঞ্চ সৌহৃদম্ ।
পিতৃমাতৃসুহৃদ্‌ভ্রাতৃদম্পতীনাঞ্চ কল্কনম্ ॥ ৪ ॥
কন্যাবিক্রয়িণং তাতং সুতং পিত্রোরপোষকম্ ।
ব্রাহ্মণান্ বেদবিমুখান্ শূদ্রান্ বৈ ব্রহ্মবাদিনঃ ॥ ৫ ॥ *
নিমিত্তান্যত্যরিষ্টানি কালে ত্বনুগতে নৃণাম্ ।
লোভাদ্যধর্ম্মপ্রকৃতিং দৃষ্ট্বোবাচানুজং নৃপঃ ॥ ৬ ॥

যুধিষ্ঠির উবাচ

সম্প্রেষিতো দ্বারকায়াং জিষ্ণুর্ব্বন্ধুদিদৃক্ষয়া ।
জ্ঞাতুঞ্চ পুণ্যশ্লোকস্য কৃষ্ণস্য চ বিচেষ্টিতম্ ॥ ৭ ॥

অন্বয়

(ব্যবহার), শাঠ্যমিশ্রং (শঠতাপূর্ণ) সৌহৃদং (বন্ধুতা), পিতৃমাতৃসুহৃদ্‌ভ্রাতৃদম্পতীনাং কল্কনং (পিতা, মাতা, সুহৃৎ, ভ্রাতা, পতি, পত্নী, ইহাদের [পরস্পর] কলহ), কন্যাবিক্রয়িণং তাতং (কন্যাবিক্রয়ী পিতা), পিত্রোঃ অপোষকং (পিতামাতার অপোষণকারী) সুতং (পুত্র), বেদবিমুখান্ ব্রাহ্মণান্ (বেদবিমুখ ব্রাহ্মণসকল) ব্রহ্মবাদিনঃ শূদ্রান্ (বেদবাদী শূদ্রসকল), কালে অনুগতে তু (এবং ঘোরতর কাল উপস্থিত হইতে থাকিলে) অত্যরিষ্টানি নিমিত্তানি (অতিশয় অমঙ্গলসূচক লক্ষণ সকল) নৃণাং (ও মানবগণের) লোভাদ্যধর্ম্মপ্রকৃতিং (লোভাদি অধর্ম্ম স্বভাব) দৃষ্ট্বা (দেখিয়া) অনুজম্ উবাচ (অনুজ ভীমসেনকে বলিতে লাগিলেন) ॥ ৩-৬ ॥

যুধিষ্ঠিরঃ উবাচ (যুধিষ্ঠির বলিলেন) জিষ্ণুঃ (অর্জ্জুন) বন্ধুদিদৃক্ষয়া (বন্ধুগণকে দেখিবার ইচ্ছায়) পুণ্যশ্লোকস্য (পবিত্রকীর্ত্তি) কৃষ্ণস্য চ (শ্রীকৃষ্ণের) বিচেষ্টিতং (অনুষ্ঠিতকার্য্য) জ্ঞাতুং চ (জানিবার জন্য) [ময়া] (আমাকর্ত্তৃক) দ্বারকায়াং (দ্বারকাপুরীতে) সম্প্রেষিতঃ (প্রেরিত হইয়াছে) ॥ ৭ ॥

অনুবাদ

লইয়া অসদুপায়ে জীবিকা অর্জ্জন করিতেছে, এবং পরস্পর ব্যবহার কুটিল ও বন্ধুত্ব শঠতাপূর্ণ হইয়াছে; পিতা, মাতা, সুহৃৎ, ভ্রাতা, পতি, পত্নী ইহাদের পরস্পর কলহ চলিতেছে; পিতা কন্যা বিক্রয় করিতেছে; পুত্র পিতামাতার ভরণ-পোষণ করিতেছে না; ব্রাহ্মণগণ বেদবিমুখ হইয়াছে; শূদ্রগণ বেদ অধ্যয়ন করিতেছে; এইরূপে ঘোরতর কাল উপস্থিত হইতে থাকিলে অতিশয় অমঙ্গলসূচক লক্ষণ সকল ও মানবগণকে লোভ প্রভৃতি অধর্ম্ম স্বভাব দেখিয়া রাজা যুধিষ্ঠির অনুজ ভীমসেনকে বলিলেন ॥ ৩-৬ ॥

যুধিষ্ঠির বলিলেন—হে ভীম! বন্ধুগণকে দেখিবার জন্য ও পবিত্রকীর্ত্তি ভগবান্

টীকা

জিহ্মপ্রায়ং কপটবহুলং, ব্যবহৃতং ব্যবহারং, শাঠ্যমিশ্রং মৌঢ্যমিশ্রং, পিত্রাদীনাং কল্কনানর্হাণাং কল্কনং কলহাদি ॥ ৪ ॥ তাতং পিতরং কন্যাবিক্রয়িণম্ ॥ ৫ ॥ অনুজং ভীমম্ ॥ ৬ ॥ ৭ ॥ ন বেদ ন

* ক্বচিৎ পুস্তকে পাঠোঽয়ং নাস্তি।

গতাঃ সপ্তাধুনা মাসা ভীমসেন! তবানুজঃ।
নায়াতি কস্য বা হেতোর্নাহং বেদেদমঞ্জসা ॥ ৮ ॥
অপি দেবর্ষিণাদিষ্টঃ স কালোঽয়মুপস্থিতঃ।
যদাত্মনোঽঙ্গমাক্রীড়ং ভগবানুৎসিসৃক্ষতি ॥ ৯ ॥
যস্মান্নঃ সম্পদো রাজ্যং দারাঃ প্রাণাঃ কুলং প্রজাঃ।
আসন্ সপত্নবিজয়ো লোকাশ্চ যদনুগ্রহাৎ ॥ ১০ ॥

অন্বয়

[হে] ভীমসেন! অধুনা (বর্ত্তমানে) সপ্ত মাসাঃ গতাঃ (সাত মাস অতীত হইয়া গিয়াছে), তব (তোমার) অনুজঃ (কনিষ্ঠ ভ্রাতা অর্জ্জুন) কস্য বা হেতোঃ (কি কারণেই বা) ন আয়াতি (আসিতেছে না) অহং (আমি) ইদং (ইহা) অঞ্জসা ন বেদ (সম্যক্‌রূপে বুঝিতে পারিতেছি না) ॥ ৮ ॥

যদা (যে সময়ে) ভগবান্ (শ্রীকৃষ্ণ) অঙ্গং (স্নেহাস্পদ আমাদিগকে) আক্রীড়ং [চ] (এবং ক্রীড়াস্থান এই পৃথিবীকে) উৎসিসৃক্ষতি (ত্যাগ করিতে ইচ্ছা করিবেন), দেবর্ষিণা (দেবর্ষি নারদকর্ত্তৃক) আদিষ্টঃ (কথিত) সঃ অয়ং কালঃ (সেই সময়) উপস্থিতঃ অপি? (উপস্থিত হইয়াছে কি?) ॥ ৯ ॥

যস্মাৎ (যে ভগবান্ শ্রীকৃষ্ণ হইতে) নঃ (আমাদিগের) সম্পদঃ, রাজ্যং, দারাঃ (সম্পদ্, রাজ্য, স্ত্রী) প্রাণাঃ, কুলং, প্রজাঃ (জীবন, বংশ, সন্তান [অর্থাৎ পরীক্ষিৎ]) সপত্নবিজয়ঃ (ও শত্রু বিজয়) [লাভ হইয়াছে] যদনুগ্রহাৎ চ (এবং যাহার অনুগ্রহে) লোকাঃ (যজ্ঞোপার্জ্জিত লোক) [লাভ হইবে, সেই ভগবান্ শ্রীকৃষ্ণের লীলাভূমি পরিত্যাগের সময় হইয়াছে কি?] ॥ ১০ ॥

অনুবাদ

শ্রীকৃষ্ণের বর্ত্তমানে অনুষ্ঠিত কার্য্যকলাপ জানিবার জন্য আমি অর্জ্জুনকে দ্বারকাপুরীতে পাঠাইয়াছি ॥ ৭ ॥

হে ভীমসেন! এক্ষণে সাত মাস অতীত হইয়া গেল, তথাপি তোমার কনিষ্ঠ ভ্রাতা অর্জ্জুন কি কারণে এখনও ফিরিয়া আসিতেছে না, তাহা আমি সম্যক্‌রূপে বুঝিতে পারিতেছি না ॥ ৮ ॥

যে সময়ে ভগবান্ শ্রীকৃষ্ণ স্নেহাস্পদ আমাদিগকে ও তাঁহার লীলাভূমি এই পৃথিবীকে পরিত্যাগ করিতে ইচ্ছা করিবেন, দেবর্ষি নারদ কথিত সেই সময় উপস্থিত হইয়াছে কি? ॥ ৯ ॥

যে ভগবান্ শ্রীকৃষ্ণ হইতে আমাদের সম্পদ্, রাজ্য, স্ত্রী, জীবন, বংশ, বংশধর

টীকা

বেদ্মি ॥ ৮ ॥ যদ্ যস্মিন্ ভগবান্ অঙ্গং স্নেহাস্পদম্, অঙ্গং তাতাদিপদবাচ্যমস্মদাদিজনম্ আক্রীড়ম্ ক্রীড়াস্থানং লোকঞ্চ উৎসিসৃক্ষতি, স দেবর্ষিণা আদিষ্টঃ "নিষ্পাদিতং দেবকৃত্যমবশেষং প্রতীক্ষতে" ইত্যাদিনা সূচিতঃ কালঃ সমুপস্থিতঃ সম্প্রাপ্তোঽপি কিম্? ॥ ৯ ॥ যস্মাৎ ভগবতঃ ॥ ১০ ॥

পশ্যোৎপাতান্ নরব্যাঘ্র ! দিব্যান্ ভৌমান্ সদৈহিকান্।
দারুণান্ শংসতোঽদূরাদ্ভয়ং নো বুদ্ধিমোহনম্ ॥ ১১ ॥
ঊর্ব্বক্ষিবাহবো মহ্যং স্ফুরন্ত্যঙ্গ পুনঃ পুনঃ।
বেপথুশ্চাপি হৃদয় আরাদ্দাস্যন্তি বিপ্রিয়ম্ ॥ ১২ ॥
শিবৈষোদ্যন্তমাদিত্যমভিরৌত্যনলাননা।
মামঙ্গ ! সারমেয়োঽয়মভিরেভত্যভীরুবৎ ॥ ১৩ ॥

অন্বয়

নরব্যাঘ্র ! (হে নরশার্দ্দূল !) নঃ (আমাদিগের) বুদ্ধিমোহনং ভয়ং (বুদ্ধির মোহজনক ভয়) অদূরাৎ শংসতঃ (অচিরেই সূচনাকারী) সদৈহিকান্ (নেত্র, ঊরু ও বাহু স্ফুরণরূপ দৈহিক উৎপাতের সহিত) দিব্যান্ (আকাশগত), ভৌমান্ (ভূমিগত) দারুণান্ (ভয়ঙ্কর) উৎপাতান্ (উৎপাত সমূহ) পশ্য (অবলোকন কর) ॥ ১১ ॥

[দৈহিক উৎপাতের কথা বলিতেছেন]—হে অঙ্গ ! (হে বৎস ভীম !) [আমার] ঊর্ব্বক্ষিবাহবঃ (ঊরু, চক্ষু ও বাহু) পুনঃ পুনঃ (বারবার) স্ফুরন্তি (স্ফুরিত অর্থাৎ স্পন্দিত হইতেছে) হৃদয়ে অপি বেপথুঃ (এবং হৃদয়েও কম্প হইতেছে), [এতানি] (এই সকল) আরাৎ (শীঘ্রই) মহ্যং (আমাকে) বিপ্রিয়ং (বিপদ্) দাস্যন্তি (প্রদান করিবে) ॥ ১২ ॥

[ভূমিগত উৎপাত প্রদর্শন করিতেছেন]—অঙ্গ ! (হে বৎস !) অনলাননা (অগ্নির ন্যায় ভীষণ রবকারিণী) এষা শিবা (এই শৃগালী) উদ্যন্তম্ আদিত্যম্ (উদয়শীল সূর্য্যের) অভিরৌতি (অভিমুখে শব্দ করিতেছে), অয়ং সারমেয়ঃ (এই কুকুর) অভীরুবৎ (অভীরুর ন্যায়) মাং (আমাকে) অভিরেভতি (লক্ষ্য করিয়া চীৎকার করিতেছে) ॥ ১৩ ॥

অনুবাদ

পরীক্ষিৎ এবং শত্রুবিজয় লাভ হইয়াছে, এবং যাঁহার অনুগ্রহে ভবিষ্যতে যজ্ঞোপার্জ্জিত লোক লাভ হইবে [সেই ভগবান্ শ্রীকৃষ্ণের লীলাভূমি পরিত্যাগের সময় হইয়াছে কি ?] ॥ ১০ ॥

হে নরশার্দ্দূল ভীমসেন ! নেত্র, ঊরু ও বাহু স্পন্দনরূপ দৈহিক উৎপাতের সহিত আকাশগত উৎপাত ও ভূমিগত উৎপাত সকল অবলোকন কর। এই সকল উৎপাত অচিরেই আমাদের বুদ্ধির মোহজনক ভয়ের সূচনা করিতেছে। [অর্থাৎ এ সকল অশুভ লক্ষণ দেখিয়া মনে হইতেছে আমাদের ভয় নিকটবর্ত্তী] ॥ ১১ ॥

[দৈহিক উৎপাত দেখাইতেছেন]—হে বৎস ভীম ! আমার ঊরু, চক্ষু ও বাহু পুনঃ পুনঃ স্পন্দিত হইতেছে এবং হৃদয়েও কম্প হইতেছে। এই সকল অমঙ্গল আমাকে শীঘ্রই বিপদ্ প্রদান করিবে ॥ ১২ ॥

[ভৌম উৎপাত দেখাইতেছেন]—হে বৎস ভীম ! অগ্নির ন্যায় ভীষণ শব্দ-

টীকা

নোঽস্মাকং, অদূরাৎ অল্পকালেন ॥ ১১ ॥ তত্র দৈহিকান্ উৎপাতানাহ—ঊর্ব্বক্ষীতি। আরাৎ ত্বরিতম্ ॥ ১২ ॥ ভৌমান্ দর্শয়তি—শিবেতি সার্দ্ধৈস্ত্রিভিঃ। অনলবৎ রৌদ্রাঃ শব্দাঃ আননে যস্যাঃ

শস্তাঃ কুর্ব্বন্তি মাং সব্যং দক্ষিণং পশবোঽপরে।
বাহাংশ্চ পুরুষব্যাঘ্র! লক্ষয়ে রুদতো মম ॥ ১৪ ॥
মৃত্যুদূতঃ কপোতোঽয়মুলূকঃ কম্পয়ন্ মনঃ।
প্রত্যুলূকশ্চ কুহ্বানৈর্বিশ্বং বৈ শূন্যমিচ্ছতঃ ॥ ১৫ ॥
ধূম্রা দিশঃ পরিধয়ঃ কম্পতে ভূঃ সহাদ্রিভিঃ।
নির্ঘাতশ্চ মহাংস্তাত! সাকঞ্চ স্তনয়িত্নুভিঃ ॥ ১৬ ॥

অন্বয়

পুরুষব্যাঘ্র! (হে নরশার্দ্দূল!) শস্তাঃ পশবঃ (গবাদি পশুগণ) মাং (আমাকে) সব্যং কুর্ব্বন্তি (বামে রাখিয়া যাইতেছে), অপরে [পশবঃ] (অপর পশুগণ) দক্ষিণং কুর্ব্বন্তি (আমাকে দক্ষিণে রাখিয়া যাইতেছে), মম (আমার) বাহান্ চ (অশ্বগণকেও) রুদতঃ (রোদন করিতেছে বলিয়া) লক্ষয়ে (লক্ষ্য করিতেছি) ॥ ১৪ ॥

অয়ং কপোতঃ (এই ক্ষুদ্র কপোত) মৃত্যুদূতঃ (যমদূতের ন্যায়) [মম] মনঃ (আমার চিত্ত) কম্পয়ন্ [বর্ত্ততে] (কম্পিত করতঃ অবস্থান করিতেছে), উলূকঃ (পেচক) প্রত্যুলূকঃ চ (ও উহার প্রতিদ্বন্দ্বী ও অভিমুখী অপর পেচক) কুহ্বানৈঃ (কুৎসিত শব্দদ্বারা) বিশ্বং বৈ (বিশ্বকে যেন) শূন্যম্ ইচ্ছতঃ (শূন্য করিতে ইচ্ছা করিতেছে) ॥ ১৫ ॥

তাত! (হে বৎস ভীম!) ধূম্রাঃ (ধূম্রবর্ণ) পরিধয়ঃ (পরিধির আকারে) দিশঃ (দিক্

অনুবাদ

কারিণী এই শৃগালী উদীয়মান সূর্য্যের অভিমুখে শব্দ করিতেছে, আর এই কুকুর আমাকে লক্ষ্য করিয়াই চীৎকার করিতেছে ॥ ১৩ ॥

হে পুরুষব্যাঘ্র! গো প্রভৃতি পশুগণ আমাকে বামে রাখিয়া গমন করিতেছে ও অপরাপর পশুগণ আমাকে দক্ষিণে রাখিয়া গমন করিতেছে এবং আমার অশ্বসকলও রোদন করিতেছে বলিয়া আমি লক্ষ্য করিতেছি ॥ ১৪ ॥

এই সম্মুখস্থিত ক্ষুদ্র কপোতটি যেন যমদূতের মত আমার চিত্তকে কম্পিত করিয়া অবস্থান করিতেছে, এবং পেচকটিও উহার প্রতিদ্বন্দ্বী অপর পেচকের অভিমুখী হইয়া কুৎসিত শব্দ করতঃ এই জগৎকে যেন শূন্য করিতে ইচ্ছা করিতেছে ॥ ১৫ ॥

হে বৎস! ভীম! ধূসরবর্ণ পরিধির আকারে দিক্‌সকল দেখা যাইতেছে,

টীকা

এষা শিবা ফেরুঃ উদ্যন্তমাদিত্যং অভি উদ্যদাদিত্যাভিমুখং রৌতি। অঙ্গ! হে ভ্রাতঃ! সারমেয়ঃ শ্বা অভীরুবৎ অভীতবৎ মামভিমুখং রোদিতি রোদনং করোতি ॥ ১৩ ॥ হে পুরুষব্যাঘ্র! শস্তাঃ গবাদয়ঃ মাং সব্যং বামং কুর্ব্বন্তি, অপরে অশস্তাঃ খরাদয়ঃ ॥ ১৪ ॥ অয়ং সমীপে কপোতঃ ক্ষুদ্র-কপোতঃ মৃত্যুদূত ইতি মম মনঃ কম্পয়ন্ বর্ত্ততে। উলূকো ঘূকঃ প্রত্যুলূকস্তদভিমুখং প্রতিপক্ষো ঘূকশ্চ তৌ এতৌ অনিদ্রৌ নিদ্রারহিতৌ কুহ্বানৈঃ কুৎসিতৈঃ শব্দৈঃ বিশ্বং শূন্যমিচ্ছতঃ ॥ ১৫ ॥ ধূম্রাঃ ধূসরাঃ পরিধয়ঃ পরিধ্যাকারাঃ দিশো লক্ষ্যন্তে। দিব্যানাহ নির্ঘাত ইতি সার্দ্ধং দ্বাভ্যাম্।

বায়ুর্ব্বাতি খরস্পর্শো রজসা বিসৃজংস্তমঃ।
অসৃগ্‌বর্ষন্তি জলদা বীভৎসমিব সর্ব্বতঃ ॥ ১৭ ॥
সূর্য্যং হতপ্রভং পশ্য গ্রহমর্দ্দং মিথো দিবি।
স সঙ্কুলৈর্ভূতগণৈর্জ্বলিতে রোদসী ইব ॥ ১৮ ॥
নদ্যো নদাশ্চ ক্ষুভিতাঃ সরাংসি চ মনাংসি চ।
ন জ্বলত্যগ্নিরাজ্যেন কালোঽয়ং কিং বিধাস্যতি ॥ ১৯ ॥

অন্বয়

সকল দেখা যাইতেছে), ভূঃ (পৃথিবী) অদ্রিভিঃ সহ (পর্ব্বতসমূহের সহিত) কম্পতে (কম্পিত হইতেছে), [অতঃপর দিব্য উৎপাতের কথা বলা হইতেছে] চ (এবং) স্তনয়িত্নুভিঃ সাকং (অকালিক মেঘের সহিত) মহান্ নির্ঘাতঃ চ (ভীষণ বজ্রপাতও হইতেছে)॥ ১৬ ॥

খরস্পর্শঃ (কঠিনস্পর্শ) বায়ুঃ (অনিল) রজসা (ধূলিদ্বারা) তমঃ বিসৃজন্ (অন্ধকার সৃষ্টি করিয়া) বাতি (প্রবাহিত হইতেছে), জলদাঃ (মেঘসমূহ) সর্ব্বতঃ (সকলদিকে) বীভৎসমিব (বীভৎসের ন্যায়) অসৃক্ (রুধির) বর্ষন্তি (বর্ষণ করিতেছে)॥ ১৭ ॥

[হে ভীম!] সূর্য্যং হতপ্রভং (সূর্য্যদেব প্রভাহীন), দিবি মিথঃ (আকাশে পরস্পর) গ্রহমর্দ্দং (গ্রহগণের সঙ্ঘর্ষ), সসঙ্কুলৈঃ (নানাজাতি মিলিত) ভূতগণৈঃ (রুদ্রানুচর ভূতগণের দ্বারা) রোদসী (পৃথিবী ও অন্তরীক্ষ) জ্বলিতে ইব (যেন প্রজ্বলিত হইতেছে) পশ্য (অবলোকন কর)॥ ১৮ ॥

[পুনরায় ভৌম উৎপাতের কথা বলিতেছেন]—নদ্যঃ (গঙ্গা প্রভৃতি) নদাঃ চ (ও ব্রহ্মপুত্র প্রভৃতি) ক্ষুভিতাঃ (ক্ষুব্ধ হইতেছে), সরাংসি চ (ও সরোবর সকল) মনাংসি চ (ও প্রাণিগণের মন) ক্ষুভিতানি (ক্ষোভিত হইয়াছে), আজ্যেন (ঘৃতের দ্বারা) অগ্নিঃ ন জ্বলতি (অগ্নি প্রজ্বলিত হইতেছে না)। অয়ং কালঃ (এই ভীষণ কাল) কিং বিধাস্যতি (কি করিবে! [জানি না])॥ ১৯ ॥

অনুবাদ

পৃথিবী পর্ব্বত সমূহের সহিত কম্পিত হইতেছে, [দিব্য উৎপাতের কথা বলিতেছেন] এবং অকালিক মেঘের সহিত ভীষণ বজ্রপাতও হইতেছে॥ ১৬ ॥

[বায়ুর আর সেই কোমল স্পর্শ নাই] বায়ু এখন কঠিন স্পর্শ হইয়া অর্থাৎ প্রবলবেগশালী হইয়া ধূলিরাশি সঞ্চালিত করিয়া অন্ধকারের সৃষ্টি করতঃ প্রবাহিত হইতেছে। মেঘ সমূহ সকল দিকে বীভৎসের ন্যায় রুধির বর্ষণ করিতেছে ॥ ১৭ ॥

হে ভীম! দেখ, সূর্য্যদেব প্রভাহীন হইয়াছেন, আকাশে গ্রহগণের পরস্পর সঙ্ঘর্ষ হইতেছে এবং নানাজাতীয় রুদ্রানুচরগণের মিলনের দ্বারা পৃথিবী ও অন্তরীক্ষ যেন প্রজ্জ্বলিত হইতেছে॥ ১৮ ॥

[পুনরায় ভৌম উৎপাতের কথা বলিতেছেন]—হে ভীম! ঐ দেখ, নদ

টীকা

স্তনয়িত্নুভিঃ অকালিকৈঃ মেঘৈঃ সহ নির্ঘাতো বজ্রপাত আসীৎ॥ ১৬ ॥ খরস্পর্শঃ কঠিনস্পর্শঃ॥ ১৭ ॥ গ্রহমর্দ্দং গ্রহযুদ্ধং সসঙ্কুলৈঃ নানাজাতিতয়া ব্যামিশ্রৈঃ ভূতগণৈঃ রোদসীত্যব্যয়ম্ দ্যাবাপৃথিব্যৌ জ্বলিতে প্রদীপ্তে ইব পশ্য॥ ১৮ ॥

ন পিবন্তি স্তনং বৎসা ন দুহ্যন্তি চ মাতরঃ।
রুদন্ত্যশ্রুমুখা গাবো ন হৃষ্যন্ত্যৃষভা ব্রজে ॥ ২০ ॥
দৈবতানি রুদন্তীব স্বিদ্যন্তি প্রচলন্তি চ।
ইমে জনপদা গ্রামাঃ পুরোদ্যানাকরাশ্রমাঃ।
ভ্রষ্টশ্রিয়ো নিরানন্দাঃ কিমঘং দর্শয়ন্তি নঃ ॥ ২১ ॥
মন্য এতৈর্মহোৎপাতৈর্নূনং ভগবতঃ পদৈঃ।
অনন্যপুরুষশ্রীভির্হীনা ভূর্হতসৌভগা ॥ ২২ ॥

অন্বয়

[হে ভীম! আরও দেখ] বৎসাঃ (বৎসগণ) স্তনং ন পিবন্তি (স্তনপান করিতেছে না), [বলে প্রেরণ করিলেও] মাতরঃ চ (মাতৃগণও) [বৎসের প্রতি] [স্তন্যং] ন দুহ্যন্তি (স্তন্য ক্ষরণ করিতেছে না), ব্রজে (গোষ্ঠে) গাবঃ (গোসকল) অশ্রুমুখাঃ (অশ্রুমুখী হইয়া) রুদন্তি (রোদন করিতেছে), ঋষভাঃ (বৃষগণ) ন হৃষ্যন্তি (আনন্দ প্রকাশ করিতেছে না) ॥ ২০ ॥

দৈবতানি (দেবপ্রতিমাসকল) রুদন্তি ইব (যেন রোদন করিতেছেন), স্বিদ্যন্তি ইব (যেন ঘর্ম্ম মোচন করিতেছেন), প্রচলন্তি চ ইব (যেন স্থানান্তরে চলিয়া যাইতেছেন), ইমে জনপদাঃ (এই দেশসমূহ) গ্রামাঃ (গ্রামসমূহ) পুরোদ্যানাকরাশ্রমাঃ (নগর, উদ্যান, আকর ও আশ্রমসমূহ) ভ্রষ্টশ্রিয়ঃ (ভ্রষ্টশ্রী ও) নিরানন্দাঃ (আনন্দবিহীন দেখাইতেছে), [অতএব ইহারা] নঃ (আমাদিগের) কিম্ অঘং (কোনও দুঃখ) দর্শয়ন্তি (দেখাইবে কি?) ॥ ২১ ॥

এতৈঃ (এই পূর্ব্বোক্ত) মহোৎপাতৈঃ (মহোৎপাতসমূহের দ্বারা) হতসৌভগা (নষ্টসৌভাগ্যা

অনুবাদ

নদী, সরোবর ও প্রাণিগণের মন ক্ষুভিত হইয়াছে, এখন আর ঘৃতাহুতিদ্বারা অগ্নি প্রজ্বলিত হইতেছে না। এই ভীষণ কাল, জানি না কি করিবে! ॥ ১৯ ॥

হে ভীম! আরও দেখ, বৎসগণ স্তন্যপান করিতেছে না, বলে প্রেরণ করিলেও মাতৃগণ বৎসের প্রতি স্তন্য ক্ষরণ করিতেছে না, গোষ্ঠে গোসকল অশ্রুমুখী হইয়া রোদন করিতেছে, বৃষগণ এখন আর আনন্দ প্রকাশ করিতেছে না ॥ ২০ ॥

হে ভীম! দেবপ্রতিমা সকল যেন রোদন করিতেছেন, তাঁহারা যেন ঘর্ম্মাক্ত হইতেছেন এবং যেন স্থানান্তরে চলিয়া যাইতেছেন অর্থাৎ স্থানচ্যুত হইতেছেন। সমস্ত দেশ, সমস্ত গ্রাম, নগর, উদ্যান, আকর ও আশ্রমসমূহ ভ্রষ্টশ্রী ও নিরানন্দ দেখাইতেছে, অতএব ইহারা আমাদিগকে কোনও দুঃখ দেখাইবে কি? অর্থাৎ কোনও অমঙ্গল ঘটিবে কি? ॥ ২১ ॥

এই সকল ভয়াবহ অশুভ লক্ষণ দেখিয়া মনে হইতেছে, এই পৃথিবী সৌভাগ্য-

টীকা

পুনর্ভৌমানাহ—নন্থ ইতি সার্দ্ধৈস্ত্রিভিঃ। অগ্নিঃ আহবনীয়াদিঃ ॥ ১৯ ॥ বৎসাঃ স্তনং ন পিবন্তি, বলাৎ প্রের্য্যমাণান্ বৎসান্ প্রতি মাতরোঽপি ন দুহন্তি স্তন্যমিতি শেষঃ ॥ ২০ ॥ দৈবতানি প্রতিমারূপাণি স্বিদ্যন্তীব প্রস্বেদং মুঞ্চন্তীব দৃশ্যন্তে। জনপদাদয়ো নির্গত আনন্দো যেভ্যস্তে, অতঃ ভ্রষ্টশ্রিয়ঃ দৃশ্যন্তে। অতএব নোঽস্মাকং কিময়ং দুঃখং দর্শয়ন্তি দর্শয়িষ্যন্তি ॥ ২১ ॥ নাস্তি অন্য-

ইতি চিন্তয়তস্তস্য দৃষ্টারিষ্টেন চেতসা।
রাজ্ঞঃ প্রত্যাগমদ্ ব্রহ্মন্! যদুপুর্য্যাঃ কপিধ্বজঃ ॥ ২৩ ॥
তং পাদয়োর্নিপতিতমযথাপূর্ব্বমাতুরম্।
অধোবদনমব্বিন্দূন্ সৃজন্তং নয়নাব্জয়োঃ ॥ ২৪ ॥
বিলোক্যোদ্বিগ্নহৃদয়ো বিচ্ছায়মনুজং নৃপঃ।
পৃচ্ছতি স্ম সুহৃন্মধ্যে সংস্মরন্ নারদেরিতম্ ॥ ২৫ ॥

অন্বয়

অর্থাৎ সৌন্দর্য্যহীনা) ভূঃ (এই পৃথিবী) অনন্যপুরুষশ্রীভিঃ (অন্য পুরুষে দুর্লভ ধ্বজবজ্রাঙ্কুশ চিহ্নরূপ শ্রীসম্পন্ন) ভগবতঃ পদৈঃ (ভগবান্ শ্রীকৃষ্ণের পাদপদ্মে) নূনং হীনা (নিশ্চয়ই বঞ্চিতা হইয়াছে) মন্যে (আমি মনে করি) ॥ ২২ ॥

ব্রহ্মন্! (হে শৌনক!) দৃষ্টারিষ্টেন চেতসা (অরিষ্ট সমূহের দর্শন করায় উদ্বিগ্ন মনে) ইতি চিন্তয়তঃ (এই প্রকার চিন্তাশীল) তস্য রাজ্ঞঃ (সেই রাজা যুধিষ্ঠিরের) [সমীপে] কপিধ্বজঃ (অর্জ্জুন) যদুপুর্য্যাঃ (যদুপুরী দ্বারকা হইতে) প্রত্যাগমৎ (প্রত্যাগমন করিলেন) ॥ ২৩ ॥

পাদয়োঃ নিপতিতং (চরণে অবনত) অযথা পূর্ব্বম্ (পূর্ব্বে আর যেইরূপ কখনও হয় নাই সেইরূপ অর্থাৎ অভূতপূর্ব্ব) আতুরম্ (কাতর) অধোবদনং (অধোবদন) নয়নাব্জয়োঃ (নয়নকমলে) অব্বিন্দূন্ (জলবিন্দু) সৃজন্তং (সৃজনকারী) [অর্থাৎ রোদনকারী] বিচ্ছায়ং (বিগতকান্তি) তম্ অনুজং (সেই অনুজ অর্জ্জুনকে) বিলোক্য (দেখিয়া) উদ্বিগ্নহৃদয়ঃ (উৎকণ্ঠিতচিত্ত) নৃপঃ (রাজা যুধিষ্ঠির) নারদেরিতং (নারদকথিত বাক্য) সংস্মরন্ (স্মরণ করিতে করিতে) সুহৃন্মধ্যে (সমস্ত স্বজনগণের সমক্ষে) পৃচ্ছতি স্ম (জিজ্ঞাসা করিলেন) ॥ ২৪—২৫ ॥

অনুবাদ

বিহীনা হইয়াছে; অন্যপুরুষে যাহা দুর্লভ, এমন ধ্বজবজ্রাঙ্কুশাদিচিহ্নরূপ শোভাযুক্ত ভগবান্ শ্রীকৃষ্ণের পাদপদ্মকর্ত্তৃক নিশ্চয়ই এই পৃথিবী বঞ্চিতা হইয়াছে। [অর্থাৎ ভগবান্ পৃথিবী ত্যাগ করায় ভগবচ্চরণকমল এই পৃথিবীতে বুঝি আর ন্যস্ত হইবে না। ইহাই পৃথিবীর দুর্ভাগ্য] ॥ ২২ ॥

সূত বলিলেন—হে শৌনক! অমঙ্গলসমূহ দর্শন করিয়া মহারাজ যুধিষ্ঠির উদ্বিগ্ন মনে চিন্তা করিতেছিলেন, সেই সময়ে কপিধ্বজ অর্জ্জুন তাঁহার সমীপে যদুপুরী দ্বারকা হইতে প্রত্যাগমন করিলেন ॥ ২৩ ॥

অর্জ্জুন আসিয়াই যুধিষ্ঠিরের চরণে পতিত হইলেন। রাজা যুধিষ্ঠির দেখিলেন—অর্জ্জুন বড়ই কাতর হইয়া পড়িয়াছেন, এইরূপ কাতর তিনি পূর্ব্বে আর কখনও হন নাই। তিনি অবনত বদনে অবস্থান করিয়াছেন, তাঁহার নয়নকমল হইতে অশ্রুবিন্দু বিগলিত হইতেছে, তাঁহার আর পূর্ব্বের কান্তি নাই। তখন রাজা যুধিষ্ঠির উৎকণ্ঠিতচিত্তে

টীকা

পুরুষেষু শ্রীঃ শোভা যেষাং তৈঃ ভগবতঃ পদৈঃ ভূঃ হীনা অতএব হতসৌভাগ্যেতি এতৈর্মহোৎপাতৈরহং মন্যে ॥ ২২ ॥ দৃষ্টান্যরিষ্টানি যেন তেন চেতসা ॥ ২৩ ॥ ২৪ ॥ বিচ্ছায়ম্ বিগতকান্তিম্

যুধিষ্ঠির উবাচ

কচ্চিদানর্ত্তপুর্য্যাং নঃ স্বজনাঃ সুখমাসতে।
মধুভোজদশার্হার্হাঃ সত্বতান্ধকবৃষ্ণয়ঃ ॥ ২৬ ॥
শূরো মাতামহঃ কচ্চিৎ স্বস্ত্যাস্তে বাথ মারিষঃ।
মাতুলঃ সানুজঃ কচ্চিৎ কুশল্যানকদুন্দুভিঃ ॥ ২৭ ॥
সপ্ত স্বসারস্তৎপত্ন্যো মাতুলান্যঃ সহাত্মজাঃ।
আসতে সম্নুষাঃ ক্ষেমং দেবকীপ্রমুখাঃ স্বয়ম্ ॥ ২৮ ॥
কচ্চিদ্রাজাহুকো জীবত্যসৎপুত্রোঽস্য চানুজঃ।
হৃদীকঃ সসুতোঽক্রূরো জয়ন্তগদসারণাঃ ॥ ২৯ ॥

অন্বয়

যুধিষ্ঠির উবাচ—(যুধিষ্ঠির বলিলেন) [হে অর্জ্জুন !] নঃ (আমাদিগের) স্বজনাঃ (আত্মীয়) মধুভোজদশার্হার্হাঃ (মধু, ভোজ, দশার্হ, অর্হ) সত্বতান্ধকবৃষ্ণয়ঃ (সত্বত, অন্ধক ও বৃষ্ণিগণ) আনর্ত্ত-পুর্য্যাং (দ্বারকাপুরীতে) সুখম্ আসতে কচ্চিৎ (সুখে আছেন ত ?) ॥ ২৬ ॥

মারিষঃ (মাননীয়) মাতামহঃ শূরঃ (মাতামহ শূররাজ) স্বস্তি আস্তে কচ্চিৎ ? (কুশলে আছেন ত ?) [কচ্চিৎ এইটি—অভিলষিত প্রশ্নার্থক অব্যয়] অথবা (এবং) সানুজঃ (অনুজের সহিত) মাতুলঃ আনকদুন্দুভিঃ (মাতুল বসুদেব) কুশলী কচ্চিৎ (মঙ্গলে আছেন ত ?) ॥ ২৭ ॥

তৎপত্ন্যঃ (সেই বসুদেবের স্ত্রীগণ) স্বসারঃ (ভগিনীভাবাপন্না) দেবকীপ্রমুখাঃ (দেবকী প্রভৃতি) সপ্ত মাতুলান্যঃ (সপ্ত মাতুলানী) সহাত্মজাঃ (পুত্রগণের সহিত) সম্নুষাঃ (পুত্রবধূগণের সহিত) স্বয়ং (নিজেরা) ক্ষেমম্ (কুশলে) আসতে ? (আছেন ত ?) ॥ ২৮ ॥

অসৎপুত্রঃ রাজা আহুকঃ (যাহার পুত্র দুর্জ্জন অর্থাৎ কংসের পিতা রাজা উগ্রসেন) অস্য অনুজঃ চ (ও

অনুবাদ

নারদের বাক্যসকল স্মরণ করিয়া সেই কনিষ্ঠ ভ্রাতা অর্জ্জুনকে স্বজনগণের সমক্ষেই জিজ্ঞাসা করিলেন ॥ ২৪-২৫ ॥

যুধিষ্ঠির বলিলেন—হে অর্জ্জুন ! আমাদিগের আত্মীয় মধু, ভোজ, দশার্হ, অর্হ, সত্বত, অন্ধক ও বৃষ্ণিগণ ইহারা সকলেই দ্বারকাপুরীতে সুখে অবস্থান করিতেছেন ত ? ॥ ২৬ ॥

মাননীয় মাতামহ শূররাজ কুশলে আছেন ত ? এবং মাতুল বসুদেব অনুজগণের সহিত কুশলে আছেন ত ? ॥ ২৭ ॥

সেই বসুদেবের স্ত্রী পরস্পর ভগিনীভাবাপন্না আমাদিগের সপ্ত মাতুলানী দেবকী প্রভৃতি পুত্র ও পুত্রবধূগণের সহিত নিজেরা কুশলে আছেন ত ? ॥ ২৮ ॥

যাঁহার পুত্র দুষ্ট অর্থাৎ কংসের পিতা রাজা উগ্রসেন ও তাঁহার অনুজ দেবক

টীকা

২৫ ॥ কচ্চিদিত্যব্যয়মিষ্টপ্রশ্নদ্যোতকম্ ॥ ২৬ ॥ মারিষোঃ মান্যঃ ॥ ২৭ ॥ ২৮ ॥ অসৎ দুষ্টকংসঃ

আসতে কুশলং কচ্চিদ্ যে চ শত্রুজিদাদয়ঃ।
কচ্চিদাস্তে সুখং রামো ভগবান্ সাত্বতাং প্রভুঃ॥ ৩০॥
প্রদ্যুম্নঃ সর্ব্ববৃষ্ণীনাং সুখমাস্তে মহারথঃ।
গম্ভীররয়োঽনিরুদ্ধো বর্দ্ধতে ভগবানুত॥ ৩১॥
সুষেণশ্চারুদেষ্ণশ্চ সাম্বো জাম্ববতীসুতঃ।
অন্যে চ কার্ষ্ণিপ্রবরাঃ সপুত্রা ঋষভাদয়ঃ॥ ৩২॥

অন্বয়

ইহার কনিষ্ঠ ভ্রাতা দেবক) জীবতি কচ্চিৎ? (জীবিত আছেন কি?) সসুতঃ হৃদীকঃ (পুত্র কৃতবর্ম্মার সহিত হৃদীক), অক্রূরঃ জয়ন্তগদসারণাঃ (অক্রুর এবং শ্রীকৃষ্ণের ভ্রাতা জয়ন্ত, গদ, সারণ) [ইঁহারা কুশলে আছেন ত?] [পরের শ্লোকের "আসতে কুশলং কচ্চিৎ" ইহার সহিত অন্বয় হইবে]॥ ২৯॥

যে চ শত্রুজিদাদয়ঃ (এবং যে সকল শত্রুজিৎ প্রভৃতি শ্রীকৃষ্ণের ভ্রাতৃগণ, তাঁহারা) কুশলম্ আসতে কচ্চিৎ? (মঙ্গলে আছেন ত?), সাত্বতাং প্রভুঃ (ভক্তগণের প্রভু) ভগবান্ রামঃ (ভগবান্ বলরাম) সুখম্ আস্তে কচ্চিৎ? (সুখে আছেন ত?)॥ ৩০॥

[ভগবান্ শ্রীকৃষ্ণের পুত্রপৌত্রাদির কুশল জিজ্ঞাসা করিতেছেন] সর্ব্ববৃষ্ণীনাং (সকল যদু বংশীয়গণের মধ্যে) মহারথঃ (দশ সহস্র সেনার সহিত একাকী যুদ্ধ করিতে সক্ষম) [একো দশ-সহস্রাণি যোধয়েৎ যস্তু ধন্বিনাম্। শস্ত্রশাস্ত্রপ্রবীণশ্চ স মহারথ উচ্যতে।] প্রদ্যুম্নঃ (প্রদ্যুম্ন নামক শ্রীকৃষ্ণের পুত্র) সুখম্ আস্তে (সুখে আছেন ত?) উত (অপর) গম্ভীররয়ঃ (অতিশয় বেগশালী) ভগবান্ অনিরুদ্ধঃ (শ্রীকৃষ্ণের পুত্র ভগবান্ অনিরুদ্ধ) বর্দ্ধতে? (আনন্দিত আছেন ত?)॥ ৩১॥

সুষেণঃ, চারুদেষ্ণঃ, জাম্ববতীসুতঃ সাম্বঃ চ (জাম্ববতীর পুত্র সাম্ব), অন্যে চ কার্ষ্ণিপ্রবরাঃ (ও অপরাপর শ্রীকৃষ্ণের শ্রেষ্ঠ শ্রেষ্ঠ পুত্রগণ) সপুত্রাঃ ঋষভাদয়ঃ (পুত্রগণের সহিত ঋষভ প্রভৃতি) তথৈব (এবং)

অনুবাদ

জীবিত আছেন কি? পুত্র কৃতবর্ম্মার সহিত হৃদীক, অক্রূর এবং শ্রীকৃষ্ণের ভ্রাতা জয়ন্ত, গদ, সারণ ইহারা কুশলে আছেন ত?॥ ২৯॥

শত্রুজিৎ প্রভৃতি শ্রীকৃষ্ণের ভ্রাতৃগণ মঙ্গলে আছেন ত? ভক্তগণের প্রভু ভগবান্ বলরাম সুখে আছেন ত?॥ ৩০॥

সকল যদুবংশীয়গণের মধ্যে মহারথ প্রদ্যুম্ন সুখে আছেন ত? এবং অতিশয় বেগশালী ভগবান্ অনিরুদ্ধ আনন্দিত আছেন ত?॥ ৩১॥

সুষেণ, চারুদেষ্ণ, জাম্ববতীর পুত্র সাম্ব, এবং অপরাপর শ্রীকৃষ্ণের শ্রেষ্ঠ শ্রেষ্ঠ পুত্রগণ, পুত্রগণের সহিত ঋষভ প্রভৃতি এবং শ্রুতদেব, উদ্ধব প্রভৃতি শ্রীকৃষ্ণের অনুচরবর্গ, অপর যে সকল সুনন্দ ও নন্দ প্রমুখ যদুবংশীয় বীরগণ শ্রীবলরাম ও শ্রীকৃষ্ণের ভুজবল আশ্রয়

টীকা

পুত্রো যস্য সঃ, আহুক উগ্রসেনঃ, তদনুজো দেবকঃ, সুতেন কৃতবর্ম্মণা সহ হৃদীকঃ জয়ন্তাদয়ঃ শ্রীকৃষ্ণভ্রাতরঃ॥ ২৯॥ ৩০॥ ভগবৎপুত্রপৌত্রকুশলং পৃচ্ছতি—প্রদ্যুম্ন ইত্যাদিনা। গম্ভীররয়ঃ

তথৈবানুচরাঃ শৌরেঃ শ্রুতদেবোদ্ধবাদয়ঃ।
সুনন্দনন্দশীর্ষণ্যা যে চান্যে সাত্বতর্ষভাঃ ॥ ৩৩ ॥
অপি স্বস্ত্যাসতে সর্ব্বে রামকৃষ্ণভুজাশ্রয়াঃ।
অপি স্মরন্তি কুশলমস্মাকং বদ্ধসৌহৃদাঃ ॥ ৩৪ ॥
ভগবানপি গোবিন্দো ব্রহ্মণ্যো ভক্তবৎসলঃ।
কচ্চিৎ পুরে সুধর্ম্মায়াং সুখমাস্তে সুহৃদ্বৃতঃ ॥ ৩৫ ॥
মঙ্গলায় চ লোকানাং ক্ষেমায় চ ভবায় চ।
আস্তে যদুকুলাম্ভোধাবাদ্যোঽনন্তসখঃ পুমান্ ॥ ৩৬ ॥

অন্বয়

শ্রুতদেবোদ্ধবাদয়ঃ (শ্রুতদেব, উদ্ধব প্রভৃতি), শৌরেঃ (শ্রীকৃষ্ণের) অনুচরাঃ (অনুচরগণ), যে চ অন্যে (অপর যে সকল) সুনন্দনন্দশীর্ষণ্যাঃ (সুনন্দ ও নন্দ প্রমুখ) সাত্বতর্ষভাঃ (যদুবংশীয় বীরগণ) রামকৃষ্ণ-ভুজাশ্রয়াঃ [সন্তঃ] (শ্রীবলরাম ও শ্রীকৃষ্ণের ভুজবল আশ্রয় করিয়া আছেন), সর্ব্বে (তাঁহারা সকলে) স্বস্তি আসতে অপি? (কুশলে অবস্থান করিতেছেন ত?) বদ্ধসৌহৃদাঃ [তে] (আমাদের প্রতি অতিশয় সৌহার্দ্য-শীল তাঁহারা) অস্মাকং (আমাদিগকে) কুশলং স্মরন্তি অপি? (স্মরণ করেন ত?) ॥ ৩২—৩৪ ॥

[ভগবান্ শ্রীকৃষ্ণের কুশল জিজ্ঞাসা করিতেছেন]—ব্রহ্মণ্যঃ (ব্রাহ্মণগণের হিতকারী) ভক্তবৎসলঃ (ভক্তবৎসল) ভগবান্ গোবিন্দঃ অপি (ভগবান্ শ্রীকৃষ্ণও) সুহৃদ্বৃতঃ (স্বজনগণ পরিবেষ্টিত হইয়া) পুরে (দ্বারকাপুরীতে) সুধর্ম্মায়াং (সুধর্ম্মানাম্নী সভাতে) সুখম্ আস্তে কচ্চিৎ? (সুখে অবস্থান করিতেছেন ত?) ॥ ৩৫ ॥

আদ্যঃ পুমান্ (আদিপুরুষ ভগবান্ শ্রীকৃষ্ণ) অনন্তসখঃ [সন্] (বলরাম সহায় হইয়া) লোকানাং মঙ্গলায় চ (লোকসমূহের মঙ্গলের নিমিত্ত) [তাহাদের মধ্যে কাহারও] ক্ষেমায় চ (মোক্ষরূপ মঙ্গলের নিমিত্ত) [কাহারও বা] ভবায় চ (ভোগরূপ মঙ্গলের নিমিত্ত) যদুকুলাম্ভোধৌ (যদুবংশরূপ সমুদ্রে) আস্তে (অবস্থান করিতেছেন) ॥ ৩৬ ॥

অনুবাদ

করিয়া আছেন, তাঁহারা সকলেই কুশলে অবস্থান করিতেছেন ত? এবং আমাদের প্রতি অতিশয় সৌহার্দ্যসম্পন্ন ইঁহারা আমাদিগকে স্মরণ করেন ত? ॥ ৩২-৩৪ ॥

ব্রাহ্মণগণের হিতকারী ভক্তবৎসল ভগবান্ শ্রীকৃষ্ণ স্বজনগণে পরিবেষ্টিত হইয়া দ্বারকাপুরীতে সুধর্ম্মা নাম্নী সভায় সুখে অবস্থান করিতেছেন ত? ॥ ৩৫ ॥

আদিপুরুষ ভগবান্ শ্রীকৃষ্ণ বলরাম সহায় হইয়া লোক সমূহের মঙ্গলের নিমিত্ত যদুকুলরূপ সাগরে অবস্থান করিতেছেন। তাহাদের মধ্যে তিনি কাহারও মোক্ষরূপ মঙ্গল

টীকা

গম্ভীরবেগঃ, বর্দ্ধতে মোদতে ॥ ৩১ ॥ ৩২ ॥ সুনন্দনন্দৌ শীর্ষণ্যৌ শিরোমণী যেষাং তে তথা ॥ ৩৩ ॥ ৩৪ ॥ ৩৫ ॥ আদ্যঃ সর্ব্বেভ্যঃ পূর্ব্বো ভগবান্ শ্রীকৃষ্ণঃ মঙ্গলায় তত্র কেষাঞ্চিৎ ক্ষেমায় মোক্ষরূপায় মঙ্গলায়, কেষাঞ্চিৎ ভবায় ভোগরূপায় মঙ্গলায় যদুকুলাম্ভোধৌ আস্তে ॥ ৩৬ ॥

যদ্বাহুদণ্ডগুপ্তায়াং স্বপূর্য্যাং যদবোঽর্চ্চিতাঃ।
ক্রীড়ন্তি পরমানন্দং মহাপৌরুষিকা ইব ॥ ৩৭ ॥
যৎপাদশুশ্রূষণমুখ্যকর্ম্মণা সত্যাদয়ো দ্ব্যষ্টসহস্রযোষিতঃ।
নির্জ্জিত্য সঙ্খ্যে ত্রিদশাংস্তদাশিষো হরন্তি বজ্রায়ুধবল্লভোচিতাঃ ॥ ৩৮ ॥

অন্বয়

যদবঃ (যদুবংশীয়গণ) যদ্বাহুদণ্ডগুপ্তায়াং (যে ভগবান্ শ্রীকৃষ্ণের ভুজদণ্ড দ্বারা সুরক্ষিত) স্বপূর্য্যাং (দ্বারকাপুরীতে) অর্চ্চিতাঃ [সন্তঃ] (পূজিত হইয়া) মহাপৌরুষিকাঃ ইব (বৈকুণ্ঠনাথের অনুচরের ন্যায়) পরমানন্দং ক্রীড়ন্তি (পরমানন্দে বিহার করিতেছেন), [সেই শ্রীকৃষ্ণ যদুকুলরূপ সাগরে অবস্থান করিয়া সুখে আছেন ত ?] ॥ ৩৭ ॥

সত্যাদয়ঃ (সত্যভামা প্রভৃতি) দ্ব্যষ্টসহস্রযোষিতঃ (ষোড়শসহস্র মহিষীগণ) তৎ [তেন] (শ্রীকৃষ্ণের বাহুবলে) সঙ্খ্যে (যুদ্ধে) ত্রিদশান্ নির্জ্জিত্য (দেবতাগণকে পরাজিত করিয়া) বজ্রায়ুধ-বল্লভোচিতাঃ (বজ্রধারী ইন্দ্রপত্নী শচীদেবীর ভোগযোগ্য) আশিষঃ (পারিজাত প্রভৃতি অভিলষিত বস্তু) যৎপাদশুশ্রূষণমুখ্যকর্ম্মণা (যে শ্রীকৃষ্ণের পাদসেবারূপ মুখ্য কর্ম্মের দ্বারা) হরন্তি (স্বীকার করিয়া থাকেন) [অর্থাৎ ভোগ করিয়া থাকেন, সেই শ্রীকৃষ্ণ কুশলে আছেন ত ?] ॥ ৩৮ ॥

অনুবাদ

প্রদান করিবার নিমিত্ত কাহারও বা ভোগরূপ মঙ্গল প্রদান করিবার নিমিত্ত অবস্থান করিতেছেন ॥ ৩৬ ॥

যাদবগণ যাঁহার ভুজদণ্ডবলে সুরক্ষিত দ্বারকাপুরীতে পূজিত হইয়া অর্থাৎ ত্রিলোকের সম্মান প্রাপ্ত হইয়া বৈকুণ্ঠনাথের অনুচরবর্গ যেমন পরমানন্দে বিহার করেন, সেইরূপ পরমানন্দে বিহার করিতেছেন, সেই শ্রীকৃষ্ণ যদুকুলরূপ সাগরে অবস্থান করিয়া সুখে আছেন ত ? ॥ ৩৭ ॥

সত্যভামা প্রভৃতি শ্রীকৃষ্ণের ষোড়শ সহস্র মহিষীগণ, ভগবান্ শ্রীকৃষ্ণের বাহুবলে যুদ্ধে দেবতাগণকে পরাজিত করিয়া বজ্রধারী ইন্দ্রপত্নী শচীদেবীর ভোগযোগ্য পারিজাত প্রভৃতি অভিলষিত বস্তু সকল যে শ্রীকৃষ্ণের পাদসেবারূপ মুখ্যকর্ম্মের দ্বারা স্বীকার করিয়া থাকেন, [অর্থাৎ সেই সকল বস্তু শ্রীকৃষ্ণের চরণে অর্পণ পূর্ব্বক ভোগ করিয়া থাকেন] সেই শ্রীকৃষ্ণ কুশলে আছেন ত ? ॥ ৩৮ ॥

টীকা

পরমানন্দং যথা স্যাৎ তথা যদ্বাহুমূলদণ্ডগুপ্তায়াং ক্রীড়ন্তি, স যদুকুলাম্ভোধৌ আস্তে ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। এবমগ্রেঽপি মহাপৌরুষিকা ইব জয়বিজয়াদয় ইব যদ্বা অনন্বয়ালঙ্কারঃ ॥ ৩৭ ॥

সত্যাদয়ঃ সত্যভামাদয়ঃ তৎ তেন শ্রীকৃষ্ণেন ভর্ত্রা হেতুভূতেন সংখ্যে ত্রিদশান্ নির্জ্জিত্য ইন্দ্রপত্ন্যুচিতাঃ আশিষঃ পারিজাতাদীন্ ইষ্টার্থান্ যস্য কৃষ্ণস্য পাদশুশ্রূষণমুখ্যকর্ম্মণা হরন্তি কুর্ব্বন্তি ॥ ৩৮ ॥

যদ্বাহুদণ্ডাভ্যুদয়ানুজীবিনো যদুপ্রবীরা হ্যকুতোভয়া মুহুঃ।
অধিক্রমন্ত্যঙ্ঘ্রিভিরাহৃতাং বলাৎ সভাং সুধর্ম্মাং সুরসত্তমোচিতাম্ ॥ ৩৯ ॥

কচ্চিৎ তেঽনাময়ং তাত! ভ্রষ্টতেজা বিভাসি মে।
অলব্ধমানোঽবজ্ঞাতঃ কিম্বা তাত! চিরোষিতঃ ॥ ৪০ ॥

কচ্চিন্নাভিহতোঽভাবৈঃ শব্দাদিভিরমঙ্গলৈঃ।
মাদত্তমুক্তমর্থিভ্য আশয়া যৎ প্রতিশ্রুতম্ ॥ ৪১ ॥

অন্বয়

যদ্বাহুদণ্ডাভ্যুদয়ানুজীবিনঃ (যাঁহার ভুজদণ্ডের প্রভাবে প্রতিপালিত) যদুপ্রবীরাঃ (যদুবীরগণ) অকুতোভয়াঃ [সন্তঃ] (অপর হইতে ভয় রহিত হইয়া) সুরসত্তমোচিতাং (দেবশ্রেষ্ঠ ইন্দ্র প্রভৃতির যোগ্য) বলাৎ আহৃতাং (বলপূর্ব্বক অর্জ্জিত) সুধর্ম্মাং সভাং (সুধর্ম্মানাম্নী সভাকে) অঙ্ঘ্রিভিঃ (চরণদ্বারা) মুহুঃ (পুনঃ পুনঃ) অধিক্রমন্তি (আক্রমণ করিতেছেন), [সেই শ্রীকৃষ্ণ কুশলে আছেন ত?] ॥ ৩৯ ॥

তাত! (হে বৎস!) মে (আমার নিকটে) [ত্বং] ভ্রষ্টতেজাঃ বিভাসি (তুমি তেজোহীন বলিয়া প্রতীত হইতেছ)। তে (তোমার) অনাময়ং কচ্চিৎ (কুশল ত?) তাত! (হে বৎস!) [তত্র] চিরোষিতঃ ত্বং (সেখানে বহুকাল বাসকারী তুমি) অলব্ধমানঃ কিং (যথোচিত সম্মান পাও নাই কি?) বা (অথবা) অবজ্ঞাতঃ [অসি] কিং? (অবজ্ঞাত হইয়াছ কি?) ॥ ৪০ ॥

অভাবৈঃ (স্নেহাদি ভাবশূন্য) অমঙ্গলৈঃ (কঠোর) শব্দাদিভিঃ (বাক্যাদি দ্বারা) ন অভিহতঃ কচ্চিৎ? (তাড়িত হও নাই ত?) আশয়া (এই অর্জ্জুন প্রদান করিতে সমর্থ এই আশায়)

অনুবাদ

যাঁহার ভুজদণ্ড প্রভাবে প্রতিপালিত যদুবংশীয় বীরগণ অকুতোভয়ে ইন্দ্রাদি দেবগণের অধিকৃত সুধর্ম্মানাম্নী সভাকে বলে আহরণ করিয়া [অর্থাৎ স্বর্গ হইতে আনয়ন করিয়া] পুনঃ পুনঃ চরণবিক্ষেপে আক্রমণ করিতেছেন [অর্থাৎ অনায়াসে তথায় বিচরণ করিতেছেন সেই শ্রীকৃষ্ণ কুশলে আছেন ত?] ॥ ৩৯ ॥

[এখন অর্জ্জুনকে নিস্তেজস্ক দেখিয়া তাহার কথাই জিজ্ঞাসা করিতেছেন]—বৎস অর্জ্জুন! তুমি আমার নিকটে তোজোহীন বলিয়া প্রতীত হইতেছ, তোমার কুশল ত? বৎস! আত্মীয় ভবনে বহুদিন বাস করায় তাঁহাদের নিকটে কি যথোচিত সম্মান পাও নাই? অথবা কেহ তোমাকে অবজ্ঞা করিয়াছে কি? ॥ ৪০ ॥

[যে যে কার্য্যে পাপ হয় সেই সেই কার্য্য আশঙ্কা করিয়া জিজ্ঞাসা করিতেছেন]—

টীকা

যস্য বাহুদণ্ডয়োরভ্যুদয়ঃ প্রভাবস্তদনুজীবিনঃ ॥ ৩৯ ॥ তদানীং তং নিস্তেজস্কং দৃষ্ট্বা তমেব পৃচ্ছতি কচ্চিদিতি ষড়্ভিঃ। হে তাত! মে মম ত্বমপি তাবৎ ভ্রষ্টতেজা বিভাসি লক্ষ্যসে, ভ্রষ্টতেজস্কত্বে হেতুং পৃচ্ছতি—কচ্চিৎ তে অনাময়ম্ আরোগ্যং, বন্ধুভ্যোঽলব্ধমানঃ কিম্বা তৈঃ অবজ্ঞাতোঽসি কিম্বা যতশ্চিরোষিতস্তত্র ॥ ৪০ ॥ অভাবৈঃ ভাববর্জ্জিতৈঃ অতএবামঙ্গলৈঃ শব্দাদিভিঃ

কচ্চিত্ত্বং ব্রাহ্মণং বালং গাং বৃদ্ধং রোগিণং স্ত্রিয়ম্।
শরণোপসৃতং সত্ত্বং নাত্যাক্ষীঃ শরণপ্রদঃ ॥ ৪২ ॥
কচ্চিত্ত্বং নাগমোঽগম্যাং গম্যাং বাসৎকৃতাং স্ত্রিয়ম্।
পরাজিতো বাথ ভবান্ নোত্তমৈর্নাসমৈঃ পথি ॥ ৪৩ ॥

অন্বয়

উক্তং (যাচক কর্ত্তৃক প্রার্থিত বস্তু) ন দত্তং (তুমি দেও নাই কি?) [কখনও বা নিজে] প্রতিশ্রুতং যৎ ("দিব" এই প্রকারে প্রতিজ্ঞাত বস্তু) অর্থিভ্যঃ ন দত্তং কিং? (যাচককে দেও নাই কি?) ॥ ৪১ ॥

শরণপ্রদঃ ত্বং (আশ্রয়দাতা তুমি) শরণোপসৃতং (শরণাগত) ব্রাহ্মণং (দ্বিজ) বালং (বালক) গাং (গো) বৃদ্ধং (স্থবির) স্ত্রিয়ং (স্ত্রী) রোগিণং (রোগী) সত্ত্বং (এবং শরণাগত অপর কোনও প্রাণীকে) ন অত্যাক্ষীঃ কচ্চিৎ? (ত্যাগ কর নাই ত?) ॥ ৪২ ॥

ত্বং (তুমি) অগম্যাং (গমনাযোগ্য নারীতে) বা (অথবা) অসৎকৃতাং (দূষিতা অর্থাৎ রোগাদি-দোষযুক্তা) গম্যাং (গমনযোগ্যা) স্ত্রিয়ং (নারীতে) ন অগমঃ কচিৎ? (উপগত হও নাই ত?) অথবা ভবান্ (অথবা তুমি) পথি (পথে) নোত্তমৈঃ (নীচব্যক্তিকর্ত্তৃক) সমৈঃ (ও সমান ব্যক্তিকর্ত্তৃক) ন পরাজিতঃ? (পরাজিত হও নাই ত?) ॥ ৪৩ ॥

অনুবাদ

হে অর্জ্জুন! তুমি কাহারও স্নেহপ্রেমাদিভাবশূন্য কঠোর বাক্য ও কর্ম্মাদি ব্যবহারের দ্বারা তাড়িত অর্থাৎ দুঃখিত হও নাই ত? অথবা কোনও যাচক "এই অর্জ্জুন দিতে সমর্থ" এই আশায় তোমার নিকটে প্রার্থনা করিলে তুমি কি তাহাকে সেই বস্তু দাও নাই? অথবা কখনও তুমি নিজেই "দিব" বলিয়া স্বীকার করিয়া পরে আর দাও নাই কি? ॥ ৪১ ॥

হে অর্জ্জুন! তুমি শরণাগতের আশ্রয়, অতএব শরণাগত ব্রাহ্মণ, বালক, গো, বৃদ্ধ, রোগী, স্ত্রী কিংবা শরণাগত অপর কোনও প্রাণীকে তুমি ত্যাগ কর নাই ত? ॥ ৪২ ॥

হে অর্জ্জুন! তুমি কোনও অগম্যা নারী অথবা অপবিত্রা রোগাদিদোষযুক্তা গম্যা নারীতে উপগত হও নাই ত? অথবা পথিমধ্যে তুমি কোনও সমকক্ষ ব্যক্তি বা কোনও নিকৃষ্ট ব্যক্তিকর্ত্তৃক পরাজিত হও নাই ত? ॥ ৪৩ ॥

টীকা

বচনকর্ম্মপ্রেক্ষণাদিভিঃ নাভিহতো ন তাড়িতোঽসি কিম্? অসৌ দাতুং সমর্থঃ ইত্যাশয়া অর্থিভিরুক্তং প্রার্থিতং ভবতা ন দত্তং কিম্? কদাচিৎ স্বতএব প্রতিশ্রুতমিদং দাস্যামীতি প্রতিজ্ঞাতং ন দত্তং কিম্? ॥ ৪০ ॥ নাত্যাক্ষীঃ ন ত্যক্তবানসি কিম্? ॥ ৪১ ॥ ত্বম্ অগম্যাং স্ত্রিয়ং নাগমঃ ন গতবানসি কিম্? কচ্চিৎ গম্যাং বাপ্যসৎকৃতাং দূষিতাং নাগমঃ? কচ্চিত্তু ন উত্তমাঃ নোত্তমাঃ হীনা ইত্যর্থঃ তথাচ সমৈরসমৈর্ব্বা কিং ন পরাজিতো ভবান্? ॥ ৪২ ॥ সম্ভোজ্যান্ সহৈব ভোক্তুমর্হান্ ত্বম্ অপিস্বিৎ

অপিস্বিৎ পর্য্যভুঙ্‌ক্থাস্ত্বং সম্ভোজ্যান্ বৃদ্ধবালকান্।
জুগুপ্সিতং কর্ম্ম কিঞ্চিৎ কৃতবান্ ন যদক্ষমম্ ॥ ৪৪ ॥
কচ্চিৎ প্রেষ্ঠতমেনাথ হৃদয়েনাত্মবন্ধুনা।
শূন্যোঽস্মি রহিতো নিত্যং মন্যসে তেঽন্যথা ন রুক্ ॥ ৪৫ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথমস্কন্ধে যুধিষ্ঠিরবিতর্কো নাম চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥ ১৪ ॥

অন্বয়

ত্বং (তুমি) সম্ভোজ্যান্ (একত্র ভোজনযোগ্য) বৃদ্ধবালকান্ (বৃদ্ধ বা বালককে) পর্য্যভুঙ্‌ক্থাঃ অপিস্বিৎ? (পরিত্যাগ করিয়া ভোজন করিয়াছ কি?) অক্ষমং (অযোগ্য) যৎ কিঞ্চিৎ (যে কিছু) জুগুপ্সিতং কর্ম্ম (নিন্দিত কর্ম্ম) ন কৃতবান্? (কর নাই ত?) ॥ ৪৪ ॥

অথ (অথবা) নিত্যং প্রেষ্ঠতমেন (নিত্য প্রিয়তম) হৃদয়েন (অন্তরঙ্গ) আত্মবন্ধুনা (স্বীয় সখা শ্রীকৃষ্ণ) রহিতঃ (বিরহিত হইয়া) শূন্যঃ অস্মি (শূন্য হইয়াছি) [ইতি] মন্যসে কচ্চিৎ? (এই প্রকার মনে করিতেছ কি?) অন্যথা (অন্য প্রকারে) তে (তোমার) রুক্ (মনোদুঃখ) ন [সম্ভবতি] (সম্ভাবিত হইতে পারে না) ॥ ৪৫ ॥

অনুবাদ

হে অর্জ্জুন! একত্র ভোজনযোগ্য বৃদ্ধ বা বালককে পরিত্যাগ করিয়া তুমি ভোজন করিয়াছ কি? অথবা তোমার অযোগ্য কোনও নিন্দিত কর্ম্ম কর নাই ত? ॥ ৪৪ ॥

অথবা "আমার নিত্য প্রিয়তম অন্তরঙ্গ বন্ধু শ্রীকৃষ্ণবিরহিত হইয়া আমি শূন্য হইয়াছি" এই প্রকার তুমি মনে করিতেছ কি? অন্য কোনও প্রকারে তোমার এইরূপ মনঃপীড়া সম্ভাবিত হয় না অর্থাৎ আমি যে সকল কারণ উল্লেখ করিলাম এই সকল ব্যতীত আর অন্য কারণ নাই যাহাতে তোমার এইরূপ মনোদুঃখ হইতে পারে ॥ ৪৫ ॥

চতুর্দ্দশ অধ্যায়ের অনুবাদ শেষ হইল ॥ ১৪ ॥

টীকা

পর্য্যভুঙ্‌ক্থাঃ বর্জ্জয়িত্বা ভুক্তবানসি? পরিবর্জ্জনার্থমব্যয়ম্ ॥ ৪৩ ॥ অথবা নিত্যং প্রেষ্ঠতমেন হৃদয়েন হৃদয়ঙ্গমেন আত্মবন্ধুনা শ্রীকৃষ্ণেন রহিতঃ, তস্মাদেব শূন্যোঽস্মি নিরানন্দোঽস্মীতি ত্বং মন্যসে কচ্চিৎ? অন্যথোক্তহেত্বন্যতমাভাবে তে রুক্ মনঃপীড়া ন ভবেৎ ॥ ৪৪ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে সিদ্ধান্তপ্রদীপে প্রথমস্কন্ধীয়ে চতুর্দ্দশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ১৪ ॥

পঞ্চদশোঽধ্যায়ঃ

সূত উবাচ

এবং কৃষ্ণসখঃ কৃষ্ণো ভ্রাত্রা রাজ্ঞা বিকল্পিতঃ।
নানা শঙ্কাস্পদং রূপং কৃষ্ণবিশ্লেষকর্শিতঃ ॥ ১ ॥
শোকেন শুষ্যদ্বদন-হৃৎসরোজো হতপ্রভঃ।
বিভুং তমেবানুধ্যায়ন্ নাশক্নোৎ প্রতিভাষিতুম্ ॥ ২ ॥
কৃচ্ছ্রেণ সংস্তভ্য শুচঃ পাণিনামৃজ্য নেত্রয়োঃ।
পরোক্ষেণ সমুন্নদ্ধ-প্রণয়োৎকণ্ঠ্যকাতরঃ ॥ ৩ ॥

অন্বয়

সূতঃ উবাচ (সূত বলিলেন) কৃষ্ণসখঃ (শ্রীকৃষ্ণের সখা) কৃষ্ণঃ (অর্জ্জুন) ভ্রাত্রা রাজ্ঞা (জ্যেষ্ঠ সহোদর রাজা যুধিষ্ঠিরকর্ত্তৃক) নানা শঙ্কাস্পদং রূপং (বহুবিধ আশঙ্কার স্থল স্বীয় রূপের প্রতি) বিকল্পিতঃ (জিজ্ঞাসিত হইয়াও) কৃষ্ণবিশ্লেষকর্ষিতঃ (শ্রীকৃষ্ণের বিয়োগে কাতর হইয়া) শোকেন (শোকে) শুষ্যদ্বদনহৃৎসরোজঃ (শুষ্ক মুখ ও শুষ্ক হৃদয়ে) হতপ্রভঃ (ম্লানভাবে) তম্ এব বিভুং (সেই শ্রীকৃষ্ণকেই) অনুধ্যায়ন্ (চিন্তা করিতে করিতে) প্রতিভাষিতুং (প্রত্যুত্তর দিতে) ন অশক্নোৎ (সমর্থ হইলেন না)॥ ১—২ ॥

(অনন্তর) কৃচ্ছ্রেণ (অতিকষ্টে) [আত্মানং] সংস্তভ্য (নিজেকে সংযত করিয়া) নেত্রয়োঃ শুচঃ (চক্ষুর জল) পাণিনা আমৃজ্য (হস্ত দ্বারা মার্জ্জনা করতঃ) পরোক্ষেণ (শ্রীকৃষ্ণের অদর্শনে) সমুন্নদ্ধপ্রণয়োৎকণ্ঠ্যকাতরঃ (প্রণয় ও উৎকণ্ঠা বর্দ্ধিত হওয়ায় অতিশয় কাতর হইয়া অর্জ্জুন) সারথ্যাদিষু (সারথ্যাদিকার্য্যে) সখ্যং (সমানশীলতা) মৈত্রীং (উপকারিতা) সৌহৃদং চ

অনুবাদ

সূত বলিলেন—কৃষ্ণসখা ধনঞ্জয় জ্যেষ্ঠভ্রাতা যুধিষ্ঠিরকর্ত্তৃক নানাবিধ আশঙ্কার স্থল স্বকীয় দেহের সম্বন্ধে নানাভাবে জিজ্ঞাসিত হইলেন, কিন্তু তিনি শ্রীকৃষ্ণ-বিয়োগে কাতর এবং শোকে শুষ্ক মুখ ও শুষ্ক হৃদয়ে ম্লান হইয়া সেই প্রভু শ্রীকৃষ্ণকে চিন্তা করিতে করিতে সহসা প্রত্যুত্তর দিতে সমর্থ হইলেন না॥ ১-২ ॥

অনন্তর অর্জ্জুন অতিশয় কষ্টে নিজেকে সংযত করিয়া চক্ষুর জল হস্তদ্বারা মার্জ্জনা করিলেন, এবং শ্রীকৃষ্ণের অদর্শন হেতু প্রণয় ও উৎকণ্ঠা বর্দ্ধিত হওয়ায় অতিশয়

টীকা

এবং ভ্রাত্রা নানা শঙ্কাস্পদং নিস্তেজস্কং রূপং প্রতি বিকল্পিতোঽপি কৃষ্ণস্য বিয়োগে কর্শিতঃ কৃষ্ণসখোঽর্জ্জুনঃ তমেবানুধ্যায়ন্ প্রতিভাষিতুং নাশক্নোদিতি দ্বিতীয়েনান্বয়ঃ॥ ১ ॥ কৃষ্ণস্য বিশ্লেষ-জনিতেন শোকেন হেতুনা শুষ্যন্তী বদনহৃৎসরোজে যস্য সঃ, প্রতিভাষিতুং প্রতিবক্তুং নাশক্নোৎ ন শশাক॥ ২ ॥ কৃচ্ছ্রেণ সংস্তভ্য আত্মানমিতি শেষঃ, নেত্রয়োঃ শুচঃ শোকাশ্রূণি পাণিনা আমৃজ্য পরোক্ষেণ কৃষ্ণেন হেতুনা সমুন্নদ্ধাভ্যাং বৃদ্ধাভ্যাং প্রণয়োৎকণ্ঠ্যাভ্যাং স্নেহবৈক্লব্যাভ্যাং কাতরো

সখ্যং মৈত্রীং সৌহৃদঞ্চ সারথ্যাদিষু সংস্মরন্।
নৃপমগ্রজমিত্যাহ বাষ্পগদ্‌গদয়া গিরা ॥ ৪ ॥

অর্জ্জুন উবাচ

বঞ্চিতোঽহং মহারাজ! হরিণা বন্ধুরূপিণা।
যেন মেঽপহৃতং তেজো দেববিস্মাপনং মহৎ ॥ ৫ ॥
যস্য ক্ষণবিয়োগেন লোকো হ্যপ্রিয়দর্শনঃ।
উক্‌থেন রহিতো হ্যেষ মৃতকঃ প্রোচ্যতে যথা ॥ ৬ ॥

অন্বয়

(এবং হিতৈষিতা) সংস্মরন্ (স্মরণ করিতে করিতে) বাষ্পগদ্‌গদয়া গিরা (বাষ্পগদ্‌গদ বাক্যে) অগ্রজং নৃপং (জ্যেষ্ঠ ভ্রাতা যুধিষ্ঠিরকে) ইতি আহ (ইহা অর্থাৎ বক্ষ্যমাণ বাক্য বলিতে লাগিলেন)॥ ৩—৪ ॥

অর্জ্জুনঃ উবাচ (অর্জ্জুন বলিলেন) হে মহারাজ! (হে নরপতে!) অহং (আমি) বন্ধুরূপিণা (বন্ধুরূপী) হরিণা (শ্রীকৃষ্ণ কর্ত্তৃক) বঞ্চিতঃ (বঞ্চিত হইয়াছি)। যেন (যাঁহাকর্ত্তৃক) দেববিস্মাপনং (দেবতাদিগেরও বিস্ময়জনক) মে (আমার) মহৎ তেজঃ (মহৎ তেজ) অপহৃতং (অপহৃত হইয়াছে) [তেন মুষিতঃ] (সেই শ্রীকৃষ্ণ কর্ত্তৃক আমি বঞ্চিত হইয়াছি) [পরের সঙ্গে অন্বয় হইবে]॥ ৫ ॥

উক্‌থেন রহিতঃ (প্রাণবিহীন) এষঃ (দেহ) যথা মৃতকঃ প্রোচ্যতে (যেমন শব বলিয়া কথিত হয়) [অর্থাৎ মৃতদেহে যেমন পূর্ব্ব সৌন্দর্য্য থাকে না] [তথা] (সেইরূপ) যস্য (যে শ্রীকৃষ্ণের) ক্ষণবিয়োগেন (ক্ষণকালমাত্র বিচ্ছেদেই) লোকঃ (জগৎ) অপ্রিয়দর্শনঃ (সৌন্দর্য্য-বিহীন বলিয়া বোধ হইতেছে) [তেন মুষিতঃ] (সেই শ্রীকৃষ্ণ কর্ত্তৃক আমি বঞ্চিত হইয়াছি) [১০শ শ্লোকস্থ "তেন মুষিতঃ" ইহার সঙ্গে অন্বয় হইবে]॥ ৬ ॥

অনুবাদ

কাতর হইয়া সারথ্য, দৌত্য প্রভৃতি কার্য্যে শ্রীকৃষ্ণের সমানশীলতা, উপকারিতা ও হিতৈষিতা স্মরণ করিতে করিতে বাষ্পগদ্‌গদস্বরে অর্থাৎ স্খলিতবাক্যে জ্যেষ্ঠ ভ্রাতা যুধিষ্ঠিরকে [এই বক্ষ্যমাণ বাক্য] বলিতে লাগিলেন ॥ ৩-৪ ॥

অর্জ্জুন বলিলেন—হে মহারাজ! বন্ধুরূপী ভগবান্ শ্রীকৃষ্ণ আমাকে বঞ্চনা করিয়াছেন অর্থাৎ আমাকে পরিত্যাগ করিয়া চলিয়া গিয়াছেন। তিনি দেবতাদিগেরও বিস্ময়জনক আমার মহৎ তেজ অপহরণ করিয়াছেন ॥ ৫ ॥

প্রাণহীন দেহ যেমন শব বলিয়া কথিত হয় অর্থাৎ মৃতদেহে যেমন পূর্ব্ব

টীকা

বিহ্বলঃ অগ্রজমিত্যাহেত্যগ্রিমেণান্বয়ঃ ॥ ৩ ॥ সারথ্যাদিষু সারথ্যদৌত্যানুগমনাদিষু কর্ম্মসু সখ্যং সমানশীলত্বং মৈত্রীম্ উপকারিত্বে সতি প্রত্যুপকারানপেক্ষতাম্, সৌহৃদং হিতৈষিত্বং, বাষ্পেণ কণ্ঠাবরোধ-হেতুনা গদ্‌গদয়া স্খলিতাক্ষরয়া অগ্রজং যুধিষ্ঠিরমাহ ॥ ৪ ॥ তদেবাহ—বঞ্চিতোঽস্মীতি চতুর্ব্বিংশতি শ্লোকৈঃ। হরিণা বঞ্চিতোঽস্মি যেনেত্যাদি যচ্ছব্দানাং তেনাহং মুষিত ইত্যনেনান্বয়ঃ ॥ ৫ ॥ উক্‌থেন প্রাণেন ॥ ৬ ॥ স্বয়ম্বরস্য মুখে প্রারম্ভে উপাগতানাং রাজ্ঞাং যৎসংশ্রয়াৎ তেজো হৃতং

যৎসংশ্রয়াদ্দ্রুপদগেহমুপাগতানাং রাজ্ঞাং স্বয়ম্বরমুখে স্মরদুর্ম্মদানাম্।
তেজো হৃতং খলু ময়া নিহতশ্চ মৎস্যঃ সজ্জীকৃতেন ধনুষাধিগতা চ কৃষ্ণা॥৭॥
যৎসন্নিধাবহমু খাণ্ডবমগ্নয়েঽদামিন্দ্রঞ্চ সামরগণং তরসা বিজিত্য।
লব্ধা সভা ময়কৃতাদ্ভুতশিল্পমায়া দিগ্‌ভ্যোঽহরন্ নৃপতয়ো বলিমধ্বরে তে॥ ৮॥

অন্বয়

যৎ সংশ্রয়াৎ (যে শ্রীকৃষ্ণের বলে) ময়া খলু (আমিই) স্বয়ম্বর মুখে (স্বয়ম্বর সভায়) দ্রুপদগেহং (দ্রুপদরাজার গৃহে) উপাগতানাং (উপস্থিত) স্মরদুর্ম্মদানাং (কামোন্মত্ত) রাজ্ঞাং (রাজগণের) তেজঃ হৃতং (তেজ হরণ করিয়াছিলাম) চ (এবং) সজ্জীকৃতেন ধনুষা (সমারোপিত ধনু দ্বারা) মৎস্যঃ নিহতঃ (মৎস্য ভেদ করিয়াছিলাম), কৃষ্ণা চ অধিগতা (ও দ্রৌপদীকে প্রাপ্ত হইয়াছিলাম) [তিনি আমাকে বঞ্চনা করিয়াছেন]॥ ৭॥

উ ([বিস্ময়-সূচক অব্যয়] বড়ই আশ্চর্য্য!) যৎসন্নিধৌ (যাঁহার সন্নিধি মাত্রে) অহং (আমি) সামরগণং (দেবগণের সহিত) ইন্দ্রং চ (ইন্দ্রকেও) তরসা (বাহুবলে) বিজিত্য (জয় করিয়া) অগ্নয়ে (অগ্নিকে) খাণ্ডবং (খাণ্ডবনামক ইন্দ্রের বন) অদাম্ (প্রদান করিয়াছিলাম) [এবং খাণ্ডব দাহ হইতে রক্ষিত] ময়কৃতা (ময় নামক দানবকর্ত্তৃক) অদ্ভুতশিল্পমায়া সভা (অদ্ভুত শিল্পচাতুরীর দ্বারা নির্ম্মিত অত্যাশ্চর্য্য সভা) লব্ধা (লাভ করিয়াছিলাম) [এবং যাঁহার কৃপায়] তে (আপনার) অধ্বরে (রাজসূয় যজ্ঞে) নৃপতয়ঃ (রাজগণ) দিগ্‌ভ্যঃ (দিক্ সমূহ হইতে) [আগত্য] (আসিয়া) বলিম্ (উপহার) অহরন্ (প্রদান করিয়াছিলেন), [সেই শ্রীকৃষ্ণ আমাকে বঞ্চনা করিয়াছেন]॥ ৮॥

অনুবাদ

সৌন্দর্য্য থাকে না, সেইরূপ যে শ্রীকৃষ্ণের ক্ষণকালমাত্র বিচ্ছেদেই এই জগৎ সৌন্দর্য্যবিহীন বলিয়া মনে হইতেছে, সেই শ্রীকৃষ্ণকর্ত্তৃক আমি বঞ্চিত হইয়াছি॥ ৬॥

[এক্ষণে দশটি শ্লোকে শ্রীকৃষ্ণের উপকার স্মরণ করিয়া বলিতেছেন]—যে শ্রীকৃষ্ণের বলে বলীয়ান্ হইয়া আমি স্বয়ম্বর সভায় শরাসনে গুণ যোজনা করিয়া দ্রুপদ রাজার ভবনে সমবেত কামোন্মত্ত নৃপতিগণের প্রভাব হরণ করিয়াছিলাম এবং সমারোপিত ধনুদ্বারা মৎস্য ভেদ করিয়া দ্রৌপদীকে লাভ করিয়াছিলাম, [সেই শ্রীকৃষ্ণ আমাকে বঞ্চনা করিয়াছেন॥ ৭॥

বড়ই আশ্চর্য্য! যাঁহার সন্নিধিমাত্রে অর্থাৎ আশ্রয়ে আমি দেবতাগণের সহিত ইন্দ্রকেও বাহুবলে পরাজয় করিয়া খাণ্ডব নামক ইন্দ্রের বন অগ্নিকে প্রদান করিয়াছিলাম ও খাণ্ডবদাহ হইতে রক্ষিত ময় নামক দানবকর্ত্তৃক অদ্ভুত শিল্প-

টীকা

অপহৃতং, তথা সজ্জীকৃতেন ধনুষা ময়াভিহতঃ ছিন্নঃ তথা কৃষ্ণা দ্রৌপদী অধিগতা লব্ধা॥ ৭॥ যথা মণিবিশেষসন্নিধৌ অয়ো নৃত্যতি, তথা যস্য সন্নিধিমাত্রতো ময়েদং কৃতমিতি বিস্মিততয়াহ

যত্তেজসা নৃপশিরোঽঙ্ঘ্রি মহন্মখার্থমার্য্যোঽনুজস্তব গজাযুতসত্ত্ববীর্য্যঃ।
তেনাহৃতাঃ প্রমথনাথমখায় ভূপা যন্মোচিতাস্তদনয়ন্ বলিমধ্বরে তে ॥ ৯ ॥
পত্ন্যাস্তবাধিমখকৃৎপ্তমহাভিষেকশ্লাঘিষ্ঠচারু কবরং কিতবৈঃ সভায়াম্।
স্পৃষ্টং বিকীর্য্য পদয়োঃ পতিতাশ্রুমুখ্যা যস্তৎস্ত্রিয়োঽকৃত হতেশবিমুক্তকেশাঃ ॥ ১০ ॥

অন্বয়

যত্তেজসা (যে শ্রীকৃষ্ণের তেজের দ্বারা) গজাযুতসত্ত্ববীর্য্যঃ (অযুত হস্তি-তুল্য বলবীর্য্যসম্পন্ন) [মম] আর্য্যঃ (আমার অগ্রজ) তব অনুজঃ (আপনার অনুজ ভীমসেন) নৃপশিরোঽঙ্ঘ্রিং (নৃপতিগণের মস্তক যাহার চরণে নত হয়, তাঁহাকে অর্থাৎ জরাসন্ধকে) মখার্থং (রাজসূয়-যজ্ঞের নিমিত্ত) অহন্ (বধ করিয়াছিলেন), তেন (সেই জরাসন্ধকর্ত্তৃক) প্রমথনাথমখায় (মহাভৈরবযজ্ঞের নিমিত্ত) যে ভূপাঃ (যে সকল নৃপতিগণ) আহৃতাঃ (আনীত হইয়াছিল), যৎ (যেহেতু) মোচিতাঃ (তাঁহাদিগকে মুক্ত করিয়াছিলেন), তৎ (সেই কারণে) তে (সেই সকল রাজগণ) অধ্বরে (আপনার যজ্ঞে) বলিং (উপহার) অনয়ন্ (আনিয়াছিলেন) [সেই শ্রীকৃষ্ণ আমাকে বঞ্চনা করিয়াছেন] ॥ ৯ ॥

যঃ (যে শ্রীকৃষ্ণ) সভায়াং (সভায়) পদয়োঃ (স্বীয় চরণে) পতিতাশ্রুমুখ্যাঃ (যাহার

অনুবাদ

চাতুরীর দ্বারা নির্ম্মিত অত্যাশ্চর্য্য সভা লাভ করিয়াছিলাম, এবং যাঁহার কৃপায় আপনার রাজসূয়যজ্ঞে সমস্ত নৃপতিগণ চতুর্দ্দিক হইতে আসিয়া উপহার প্রদান করিয়াছিলেন, [সেই শ্রীকৃষ্ণ আমাকে বঞ্চনা করিয়াছেন] ॥ ৮ ॥

যে ভগবান্ শ্রীকৃষ্ণের তেজের দ্বারা অর্থাৎ তাঁহার তেজে তেজস্বী হইয়া অযুত হস্তিতুল্য বলবীর্য্যসম্পন্ন আমার অগ্রজ ও আপনার অনুজ ভীমসেন নৃপতিগণের মস্তক যাহার চরণে নত হয়, সেই জরাসন্ধকে রাজসূয়যজ্ঞোপলক্ষে বধ করিয়াছিলেন, এবং সেই জরাসন্ধকর্ত্তৃক মহাভৈরবযজ্ঞের বলিদানের নিমিত্ত আনীত রাজগণকে মুক্ত করিয়াছিলেন বলিয়া তাহারা আপনার রাজসূয়যজ্ঞে উপহার আনয়ন করিয়াছিলেন, [সেই ভগবান্ শ্রীকৃষ্ণ আমাকে বঞ্চনা করিয়াছেন] ॥ ৯ ॥

সভামধ্যে শ্রীকৃষ্ণের চরণে যাঁহার আনন হইতে অশ্রু নিপতিত হইতেছিল, সেই আপনার পত্নী দ্রৌপদীর রাজসূয়যজ্ঞীয় মহাভিষেকের দ্বারা অতিশয় প্রশংসনীয় ও

টীকা

যদিতি। যৎ যস্য সন্নিধৌ উ ইতি বিস্ময়ে অহমগ্নয়ে বিপ্ররূপেণ যাচমানায় খাণ্ডবম্ ইন্দ্রবনং অদাম্ দত্তবানস্মি। তত্রাগ্নিদাহভয়ত্রাতময়কৃতা অদ্ভুতশিল্পৈর্মায়া আশ্চর্য্যতা যস্যাং সা সভা চ লব্ধা ॥ ৮ ॥ যৎ যস্য শ্রীকৃষ্ণস্য তেজসা মম আর্য্যোঽগ্রজস্তবানুজো ভীমঃ নৃপশিরঃসু অঙ্ঘ্রির্যস্য তং জরাসন্ধং মখার্থং রাজসূয়ার্থম্ রাজসূয়াখ্যযজ্ঞার্থং অহন্ হতবান্, কিঞ্চ প্রমথনাথমখায় মহাভৈরবমখায় তেন জরাসন্ধেন যে ভূপা আহৃতাঃ যৎ যতো মোচিতাঃ, তৎ ততো হেতোস্তে ভূপাস্তবাধ্বরে রাজসূয়ে বলিম্ অনয়ন্ আনীতবন্তঃ ॥ ৯ ॥ তব পত্ন্যাঃ কৃষ্ণায়াঃ অধিমখং মখে

যো নো জুগোপ বনমেত্য দুরন্তকৃচ্ছ্রাদ্ দুর্ব্বাসসোঽরিরচিতাদযুতাগ্রভুগ্ যঃ।
শাকান্নশিষ্টমুপযুজ্য যতস্ত্রিলোকীং তৃপ্তামমংস্ত সলিলে বিনিমগ্নসঙ্ঘঃ ॥ ১১ ॥

অন্বয়

আনন হইতে অশ্রু নিপতিত হইতেছিল সেই) তব পত্ন্যাঃ (আপনার পত্নী দ্রৌপদীর) [দ্রৌপদী শ্রীকৃষ্ণের স্মরণ করিলে ভগবান্ অন্যের অলক্ষিতে সভায় উপস্থিত হইয়াছিলেন] অধিমখক্ষপ্তমহাভিষেকশ্লাঘিষ্ঠচারুকবরং (রাজসূয়যজ্ঞীয় মহাভিষেকের দ্বারা শ্লাঘ্যতম ও সুচারু কবরী) কিতবৈঃ (খল দুঃশাসন প্রভৃতি) বিকীর্য্য (বিক্ষিপ্ত করিয়া অর্থাৎ উন্মোচন করিয়া) স্পৃষ্টং (আকর্ষণ করিলে) তৎস্ত্রিয়ঃ (সেই দুঃশাসনাদি দুষ্টগণের পত্নীদিগকে) হতেশবিমুক্তকেশাঃ (পতিহীনা ও কেশবিহীনা) অকৃত (করিয়াছিলেন), [সেই শ্রীকৃষ্ণকর্ত্তৃক আমি বঞ্চিত হইয়াছি] ॥ ১০ ॥

যঃ (যিনি) অযুতাগ্রভুক্ (দশ সহস্র শিষ্যের অগ্রে ভোজন করেন), [তস্মাৎ] (সেই) অরিরচিতাৎ (শত্রু দুর্য্যোধনাদি কর্ত্তৃক প্রেরিত) দুর্ব্বাসসঃ (দুর্ব্বাসাকে নিমিত্ত করিয়া উপস্থিত) দুরন্তকৃচ্ছ্রাৎ (দুরন্ত সঙ্কট হইতে) যঃ (যে শ্রীকৃষ্ণ) বনম্ এত্য (বনে আসিয়া) শাকান্নশিষ্টং (পাত্রসংলগ্ন অবশিষ্ট শাকান্ন) উপযুজ্য (ভোজন করিয়া) নঃ (আমাদিগকে) জুগোপ (রক্ষা করিয়াছিলেন), যতঃ (যে শাকান্ন ভোজন হইতে) সলিলে (জলে) বিনিমগ্নসঙ্ঘঃ (নিমজ্জিত মুনিগণ) ত্রিলোকীং (ত্রিভুবনকে) তৃপ্তাম্ অমংস্ত (পরিতৃপ্ত মনে করিয়াছিলেন), [সেই ভগবান্ শ্রীকৃষ্ণ আমাকে বঞ্চনা করিয়াছেন] ॥ ১১ ॥

অনুবাদ

রমণীয় বেণী-বন্ধ দুঃশাসন প্রভৃতি দুষ্টগণ উন্মোচন ও আকর্ষণ করিলে যে ভগবান্ শ্রীকৃষ্ণ সেই দুঃশাসনাদি দুষ্টগণের পত্নীদিগকে পতিবিযুক্তা ও বৈধব্য-সূচক কেশবিহীনা করিয়াছিলেন, সেই ভগবান্ শ্রীকৃষ্ণকর্ত্তৃক আমি বঞ্চিত হইয়াছি ॥ ১০ ॥

যিনি দশ সহস্র শিষ্যের অগ্রে ভোজন করিয়া থাকেন, আমাদের শত্রুগণ দুর্য্যোধনাদি সেই দুর্ব্বাসা মুনিকে দশ সহস্র শিষ্যসহ আমাদের বধের নিমিত্ত বনে অতিথিরূপে প্রেরণ করিলে যে শ্রীকৃষ্ণ বনে আসিয়া পাত্র-সংলগ্ন অবশিষ্ট শাকান্ন ভোজন করতঃ অভিসম্পাতরূপ মহাসঙ্কট হইতে আমাদিগকে রক্ষা

টীকা

বিভক্ত্যর্থে অব্যয়ীভাবঃ, ক্ষপ্তেন মহাভিষেকেন হেতুনা শ্লাঘিষ্ঠচারু এবম্ভূতং কবরং যৈঃ কিতবৈঃ দুঃশাসনাদিভিঃ বিকীর্য্য বিক্ষিপ্য স্পৃষ্টম্, তৎ তেষাং হতেশবিমুক্তকেশাঃ হতা ঈশা বিমুক্তা বৈধব্যসূচনার্থং কেশা যাসাং তাঃ এবম্ভূতাঃ স্ত্রিয়ঃ যঃ শ্রীকৃষ্ণঃ অকৃত কৃতবান্। কথম্ভূতায়াঃ পত্ন্যাঃ তদা দ্রৌপদ্যাঃ স্মরণেন সভায়াং প্রাপ্তস্য অন্যৈরদৃষ্টস্য দ্রৌপদীসমীপে স্থিতস্য পদয়োঃ পতিতানি অশ্রূণি মুখাৎ যস্যাঃ, তদুক্তং কেশগ্রহণান্তরং বস্ত্রাপকর্ষণাবসরে সভাপর্ব্বণি—"আকৃষ্যমাণে বসনে দ্রৌপদ্যাশ্চিন্তিতো হরিঃ। গোবিন্দ! দ্বারিকাবাসিন্! কৃষ্ণ গোপীজনপ্রিয়! কৌরবৈরভিভূতাং মাং কিং ন জানাসি কেশব!॥ যাজ্ঞসেন্যা বচঃ শ্রুত্বা কৃষ্ণো গহ্বরিতোঽভবৎ। ত্যক্ত্বা শয্যাসনং পদ্ভ্যাং তত্রৈব কৃপয়াভ্যগাদি"ত্যাদি ॥ ১০ ॥

যো মুনিঃ শিষ্যাযুতস্য অগ্রে গুরুত্বাৎ ভুঙ্‌ক্তে, তস্মাৎ অরিভিঃ দুর্য্যোধনাদিভির্বিহিতাৎ

যত্তেজসাথ ভগবান্ যুধি শূলপাণির্বিস্মাপিতঃ সগিরিজোঽস্ত্রমদান্নিজং মে।
অন্যেঽপি চাহমমুনৈব কলেবরেণ প্রাপ্তো মহেন্দ্রভবনে মহদাসনার্দ্ধম্ ॥ ১২ ॥

অন্বয়

অথ (অপর) যত্তেজসা (যে ভগবান্ শ্রীকৃষ্ণের প্রভাবে) [কিরাতযুদ্ধে] বিস্মাপিতঃ (আমাকর্ত্তৃক বিস্ময়ান্বিত) সগিরিজঃ (গিরিজার সহিত) ভগবান্ শূলপাণিঃ (কিরাত-বেশধারী ভগবান্ শিব) মে (আমাকে) নিজম্ অস্ত্রং (স্বকীয় পাশুপতাস্ত্র) অদাৎ (প্রদান করিয়াছিলেন), অন্যে অপি চ (এবং অপরাপর লোকপালগণও অস্ত্র দান করিয়াছিলেন), অহম্ (আমি) অমুনা এব কলেবরেণ (এই শরীরেই) মহেন্দ্রভবনে (ইন্দ্রালয়ে) মহদাসনার্দ্ধং (স্বীয় পিতা ইন্দ্রের অর্দ্ধাসন) প্রাপ্তঃ (প্রাপ্ত হইয়াছিলাম) [সেই ভগবান্ শ্রীকৃষ্ণ আমাকে বঞ্চনা করিয়াছেন] ॥ ১২ ॥

অনুবাদ

করিয়াছিলেন, এবং যে ভগবানের শাকান্ন ভোজনের ফলেই স্নান ও সন্ধ্যাবন্দনাদির নিমিত্ত জলে নিমগ্ন মুনিগণ এই ত্রিভুবনকে পরিতৃপ্ত মনে করিয়াছিলেন, সেই ভগবান্ শ্রীকৃষ্ণ আমাকে বঞ্চনা করিয়াছেন ॥ ১১ ॥ *

যে ভগবান্ শ্রীকৃষ্ণের প্রভাবে (কিরাতার্জ্জুনযুদ্ধে) আমি গিরিজার সহিত

টীকা

দুর্ব্বাসসঃ হেতোরুপস্থিতাৎ দুরন্তাৎ অপারাৎ কৃচ্ছ্রাৎ সঙ্কটাৎ যঃ শ্রীকৃষ্ণঃ বনমেত্য শাকান্নশিষ্টং শাকমেব অন্নম্ অদনীয়ং তদেব শিষ্টম্ অবশিষ্টং স্থাল্যাং লগ্নং তদুপযুজ্য নোঽস্মান্ জুগোপ। যতঃ শাকলেশোপযুক্তবতঃ শ্রীকৃষ্ণাৎ সলিলে বিনিমগ্নো মুনিসঙ্ঘঃ ত্রিলোকীম্ অপি তৃপ্তাম্ অমংস্ত অমন্যত। অস্যার্থস্য বিস্তরো বনপর্ব্বণি দ্রষ্টব্যঃ ॥ ১১ ॥ ধৃতকিরাতবেশঃ সগিরিজঃ সোমঃ ভগবান্

---

* মহাভারতের বনপর্ব্বে এই শ্লোকোক্ত ঘটনা এইরূপ বর্ণিত আছে—কোনও একদিন দুর্ব্বাসা মুনি দুর্য্যোধনের অতিথি সেবায় সন্তুষ্ট হইয়া দুর্য্যোধনকে বর দিতে চাহিলে দুর্য্যোধন পাণ্ডবগণের বিনাশ ইচ্ছা করিয়া মনে মনে ভাবিলেন যদি এই ক্রোধী দুর্ব্বাসা মুনিকে শিষ্যগণের সহিত অতিথিরূপে পাণ্ডবগণের নিকটে প্রেরণ করা যায়, তাহা হইলে বনে পাণ্ডবগণের নিকটে যথোচিত আতিথ্য না পাইয়া এই মুনি অভিসম্পাতের দ্বারা তাহাদিগকে বিনষ্ট করিবেন, ফলে আমারও কার্য্যসিদ্ধি হইবে। এইরূপ স্থির করিয়া দুর্য্যোধন তাঁহাকে বলিলেন—যুধিষ্ঠির পরম ধার্ম্মিক ও আমাদের বংশের গৌরব, অতএব আপনি এই প্রকারে দশ সহস্র শিষ্যগণে পরিবেষ্টিত হইয়া তাঁহার আতিথ্য গ্রহণ করুন এই আমার প্রার্থনা। কিন্তু আপনাদের গমনে পাছে দ্রৌপদী ক্ষুধায় কষ্ট পান এজন্য প্রার্থনা করিতেছি যে—দ্রৌপদীর আহার হইয়া গেলে আপনারা অতিথি হইবেন। অনন্তর দুর্ব্বাসা মুনি শিষ্যগণের সহিত বনমধ্যে যুধিষ্ঠিরের আতিথ্য গ্রহণ করিলে—যুধিষ্ঠির বলিলেন আপনারা মাধ্যাহ্নিক স্নানাদি সমাপন করিয়া আসুন। তখন তাঁহারাও স্নানের জন্য জলাশয়ে গমন করিলেন। এদিকে চিন্তাকুলা দ্রৌপদী শ্রীকৃষ্ণের শরণাপন্না হইলেন, ভক্তবৎসল ভগবান্ও তখন আর থাকিতে পারিলেন না। স্বীয় পত্নী ক্রোড়স্থিতা রুক্মিণীদেবীকে পরিত্যাগ করিয়া তখনই সেখানে উপস্থিত হইলেন। তাঁহাকে দেখিয়া দ্রৌপদী তাঁহার নিকটে সমস্ত বৃত্তান্ত বর্ণনা করিলেন; তখন ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন—হে দ্রৌপদি! আমিও ক্ষুধার্ত্ত, আমাকে প্রথমে ভোজন করাও। ইহা শুনিয়া দ্রৌপদী অত্যন্ত লজ্জিতা হইয়া মনে মনে ভাবিলেন—হায় আমার কি দুর্ভাগ্য! স্বয়ং যজ্ঞেশ্বর ত্রৈলোক্যনাথ শ্রীহরি আমার গৃহে ভোজন প্রার্থনা করিতেছেন কিন্তু আমি বড়ই মন্দভাগ্যা, আমার কিছুই নাই। এইরূপ চিন্তা করিয়া দ্রৌপদী বলিলেন—হে ভগবন্! আমাকে সূর্য্যদেব যে অন্নপাত্র দিয়াছেন, তাহাতে আমার ভোজন পর্য্যন্তই অন্ন থাকে। এক্ষণে আমারও ভোজন শেষ হইয়াছে; কাজেই সেই ভাণ্ডেও এখন আর অন্ন নাই, এই বলিয়া দ্রৌপদী অশ্রুবিসর্জ্জন করিতে লাগিলেন। অনন্তর শ্রীকৃষ্ণের অতিশয় আগ্রহে দ্রৌপদী সেই শূন্যস্থালী আনিয়া যাহা কিছু সংলগ্ন অবস্থায় ছিল, সেই শাকান্নই ভক্তিসহকারে ভগবান্কে নিবেদন করিলেন। ভগবান্ উহা গ্রহণ করিলেন। এদিকে ভীম সেই মুনিদিগকে ভোজনের নিমিত্ত আহ্বান করিলেন, কিন্তু মুনিগণ পূর্ব্বে ক্ষুধার্ত্ত হইলেও ভগবানের পরিতৃপ্তিতে এক্ষণে সকলেই অত্যন্ত পরিতৃপ্ত হইলেন ও তাঁহাদের আর ভোজনেচ্ছা রহিল না। তাঁহারা মনে করিলেন—তাঁহাদের জন্য বৃথাই পাক হইয়াছে। অনন্তর তাঁহারা সে স্থান হইতে লজ্জিত হইয়া প্রস্থান করিলেন।

তত্রৈব মে বিহরতো ভুজদণ্ডযুগ্মং গাণ্ডীবলক্ষণমরাতিবধায় দেবাঃ।
সেন্দ্রাঃ শ্রিতা যদনুভাবিতমাজমীঢ়! তেনাহমদ্য মুষিতঃ পুরুষেণ ভূম্না ॥ ১৩ ॥
যদ্বান্ধবঃ কুরুবলাব্ধিমনন্তপার-মেকো রথেন ততরেঽহমতীর্য্যসত্ত্বম্।
প্রত্যাহৃতং পুরু ধনঞ্চ ময়া পরেষাং তেজস্পদং মণিময়ঞ্চ হৃতং শিরোভ্যঃ ॥ ১৪ ॥

অন্বয়

আজমীঢ়! (হে অজমীঢ়বংশোদ্ভব যুধিষ্ঠির!) সেন্দ্রাঃ দেবাঃ (ইন্দ্রের সহিত দেবতাগণ) তত্র এব বিহরতঃ (সেই স্বর্গে বিচরণকারী) মে (আমার) যদনুভাবিতং (যে শ্রীকৃষ্ণ প্রভাবে প্রভান্বিত) গাণ্ডীবলক্ষণং (গাণ্ডীবচিহ্নিত) ভুজদণ্ডযুগ্মং (বাহুযুগল) অরাতিবধায় (শত্রু বিনাশের নিমিত্ত) শ্রিতাঃ (আশ্রয় করিয়াছিলেন), তেন ভূম্না পুরুষেণ (সেই পরমপুরুষ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক) অহম্ অদ্য (আমি আজ) মুষিতঃ (বঞ্চিত হইয়াছি) ॥ ১৩ ॥

যদ্বান্ধবঃ (যে শ্রীকৃষ্ণ বন্ধু হওয়ায়) একঃ অহম্ (একাকী আমি) [উত্তর গোগৃহে] অতীর্য্যসত্ত্বং (দুর্ল্লঙ্ঘ্য ভীষ্মদ্রোণাদিরূপ জলজন্তুগণে পরিপূর্ণ) অনন্তপারং (বিপুল অর্থাৎ অসীম)

অনুবাদ

শূলপাণি ভগবান্ শঙ্করকে বিস্ময়ান্বিত করিয়াছিলাম, তিনি আমার প্রতি সন্তুষ্ট হইয়া আমাকে তাঁহার পাশুপত অস্ত্র প্রদান করিয়াছিলেন এবং অন্যান্য লোকপালগণও তাঁহাদের নিজ নিজ অস্ত্র আমাকে প্রদান করিয়াছিলেন, আমি সেই সকল অস্ত্র পাইয়া এই শরীরেই ইন্দ্রালয়ে স্বীয় পিতা ইন্দ্রের অর্দ্ধাসন লাভ করিয়াছিলাম, [সেই ভগবান্ শ্রীকৃষ্ণ আমাকে বঞ্চনা করিয়াছেন] ॥ ১২ ॥

হে মহারাজ! সেই স্বর্গপুরে বিচরণ সময়ে দেবরাজ ইন্দ্রের সহিত দেবগণ যে শ্রীকৃষ্ণের প্রভাবে প্রভাবান্বিত ও গাণ্ডীবচিহ্নিত আমার এই বাহুযুগল অসুরগণের বিনাশের নিমিত্ত আশ্রয় করিয়াছিলেন অর্থাৎ ভগবৎপ্রদত্ত শক্তিযুক্ত এই বাহুদ্বয়কে একমাত্র অসুরবিনাশে সমর্থ জানিয়া আশ্রয় গ্রহণ করিয়াছিলেন, সেই পরমপুরুষ ভগবান্ শ্রীকৃষ্ণকর্ত্তৃক আমি আজ বঞ্চিত হইয়াছি, অর্থাৎ আমাকে পরিত্যাগ করিয়া তিনি স্বধামে চলিয়া গিয়াছেন ॥ ১৩ ॥

যে ভগবান্ শ্রীকৃষ্ণকে বন্ধুরূপে পাইয়া অর্থাৎ যাঁহার বলে বলীয়ান্ হইয়া বিরাটভবনে থাকাকালীন আমি একাকী উত্তরগোগৃহে দুর্ল্লঙ্ঘ্য ভীষ্মদ্রোণাদিরূপ

টীকা

শূলপাণিঃ শিবঃ বনপর্ব্বণি প্রসিদ্ধে অর্জ্জুনকিরাতীয়ে যুদ্ধে যস্য শ্রীকৃষ্ণস্য তেজসা হেতুভূতেন ময়া বিস্মাপিতঃ নিজং পাশুপতমস্ত্রমদাৎ, তদনন্তরমেব অন্যে লোকপালা অপি নিজাস্ত্রাণ্যপি দদুঃ। কিঞ্চ অমুনৈব কলেবরেণ লোকপালাস্ত্রপ্রাপ্ত্যনন্তরং মহেন্দ্রভবনে মহতঃ স্বপিতুরিন্দ্রস্যাসনার্দ্ধং প্রাপ্তঃ প্রাপ্তবানস্মি, চকারাৎ ইন্দ্রদত্তাস্ত্রাদিকঞ্চ প্রাপ্তবানস্মীতি সূচিতম্ ॥ ১২ ॥ কিঞ্চ ইন্দ্রসহিতাঃ দেবাঃ তত্রৈব মহেন্দ্রভবনে বিহরতঃ মে মম যেন শ্রীকৃষ্ণেন অনুভাবিতং সর্ব্বপরাভবশক্তিযুক্তং কৃতং গাণ্ডীবধনুর্লক্ষণং চিহ্নং যস্য, তদ্ ভুজদণ্ডম্ অরাতয়ো হিরণ্যপুরাদিগতা অসুরাঃ তদ্বধায় শ্রিতাঃ আশ্রিত-

যো ভীষ্মকর্ণগুরুশল্যচমূষ্বদভ্র-রাজন্যবর্য্যরথমণ্ডলমণ্ডিতাসু।
অগ্রেচরো মম বিভো! রথযূথপানা-মায়ুর্মনাংসি চ দৃশা সহ ওজ আর্চ্ছৎ ॥ ১৫ ॥

অন্বয়

কুরুকুলাব্ধিং (কুরুসৈন্যরূপ সাগর) রথেন ততরে (রথে আরোহণ করিয়া উত্তীর্ণ হইয়াছিলাম), ময়া (আমি) পুরু ধনং চ (অপহৃত গোধনাদিও) প্রত্যাহৃতং (পুনরুদ্ধার করিয়াছিলাম), পরেষাং (শত্রুগণের) শিরোভ্যঃ (মস্তক হইতে) তেজস্পদং (প্রভাযুক্ত অর্থাৎ দীপ্তিশালী) মণিময়ং চ (মণিময় মুকুটাদিও আহরণ করিয়াছিলাম), [সেই শ্রীকৃষ্ণ আমাকে বঞ্চনা করিয়াছেন। পূর্ব্ব শ্লোকের সহিত অন্বয় হইবে] ॥ ১৪ ॥

হে বিভো! (হে মহারাজ!) যঃ (যে ভগবান্ শ্রীকৃষ্ণ) অদভ্ররাজন্যবর্য্যরথমণ্ডল-মণ্ডিতাসু (বহু ক্ষত্রিয়রাজগণের রথসমূহের দ্বারা বিভূষিত) ভীষ্মকর্ণগুরুশল্যচমূষু (ভীষ্ম, কর্ণ, দ্রোণ ও শল্য প্রভৃতি সেনাপতিগণের সৈন্যমধ্যে) মম (আমার) অগ্রেচরঃ (সারথি হইয়া) দৃশা (দৃষ্টিমাত্রেই) রথযূথপানাং (ভীষ্মকর্ণাদি মহারথিগণের) আয়ুঃ (জীবন) মনাংসি (মনের সামর্থ্য) সহঃ (বুদ্ধিসামর্থ্য) ওজঃ চ (ও ইন্দ্রিয়সামর্থ্য) আর্চ্ছৎ (হরণ করিয়াছিলেন), [সেই শ্রীকৃষ্ণ কর্ত্তৃক আমি বঞ্চিত হইয়াছি] ॥ ১৫ ॥

অনুবাদ

জলজন্তুগণে পরিপূর্ণ, অসীম কুরুসৈন্যরূপ সাগর রথে আরোহণ করিয়া উত্তীর্ণ হইয়াছিলাম, অপহৃত গোধনাদিও পুনরুদ্ধার করিয়াছিলাম এবং শত্রুগণের মস্তক হইতে অতিশয় দীপ্তিশালী মণিময় মুকুটাদিও আহরণ করিয়াছিলাম [সেই ভগবান্ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক আমি বঞ্চিত হইয়াছি] ॥ ১৪ ॥

হে মহারাজ! যে ভগবান্ শ্রীকৃষ্ণ বহু ক্ষত্রিয়রাজগণের রথসমূহে বিভূষিত ভীষ্ম, কর্ণ, দ্রোণ ও শল্য প্রভৃতি সেনাপতিগণের সৈন্যমধ্যে আমার সারথি হইয়া দৃষ্টিমাত্রেই ভীষ্মকর্ণাদি মহারথিগণের আয়ু, মন, বুদ্ধি ও ইন্দ্রিয়ের সামর্থ্য হরণ করিয়াছিলেন [সেই শ্রীকৃষ্ণকর্ত্তৃক আমি বঞ্চিত হইয়াছি] ॥ ১৫ ॥

টীকা

বন্তঃ, তেন মুষিতোঽস্মি অসংমন্ত্র্য ত্যক্তোঽস্মি ॥ ১৩ ॥ যদ্বান্ধব ইত্যাদিশ্লোকত্রয়গতানাং যচ্ছব্দানাং তেনাহমদ্য মুষিত ইতি পূর্ব্বেণৈব সম্বন্ধঃ। যঃ শ্রীকৃষ্ণঃ বান্ধবো যস্য সোঽহম্ একোঽসহায়ঃ উত্তর-গোগৃহে অতীর্য্যাণি দুর্লঙ্ঘ্যানি ভীষ্মদ্রোণাদিরূপাণি সত্ত্বানি তিমিঙ্গিলাদীনি যস্মিন্ তৎ, অনন্তপারং বিপুলং কুরুবলাব্ধিং রথেন ততরে তীর্ণবানস্মি। তন্নীতং বহুধনঞ্চ ময়া যদ্বান্ধবেন প্রত্যাহৃতম্, পরেষাং শিরোভ্যস্তেজস্পদং তেজসাং আশ্রয়ং মণিময়ং মুকুটাদিকং চ হৃতম্ ॥ ১৪ ॥ হে বিভো! যঃ শ্রীকৃষ্ণঃ অনল্পরাজন্যশ্রেষ্ঠরথসমূহৈঃ মণ্ডিতাসু ভীষ্মাদীনাং সেনাপতীনাং নিয়ম্যাসু চমূষু দশসু দ্বয়োঃ পঞ্চসু দিবসেষু দিনার্দ্ধে চ মমাগ্রেচরঃ সারথিঃ সন্ দৃশা দৃষ্টিমাত্রেণৈব রথযূথপানাং ভীষ্মকর্ণাদীনাং আয়ুর্মনাংসি জীবনানি মনোবীর্য্যাণি সহঃ বুদ্ধিসামর্থ্যং ওজ ইন্দ্রিয়সামর্থ্যঞ্চ আর্চ্ছৎ হৃতবান্ ॥ ১৫ ॥

যদ্দোঃষু মা প্রণিহিতং গুরুভীষ্মকর্ণ-নপ্তৃত্রিগর্ত্তশলসৈন্ধববাহ্লিকাদ্যৈঃ।
অস্ত্রাণ্যমোঘমহিমানি নিরূপিতানি নোপস্পৃশুর্নৃহরিদাসমিবাসুরাণি ॥ ১৬ ॥
সৌত্যে বৃতঃ কুমতিনাত্মদ ঈশ্বরো মে যৎপাদপদ্মমভবায় ভজন্তি ভব্যাঃ।
মাং শ্রান্তবাহমরয়ো রথিনো ভুবিষ্ঠং ন প্রাহরন্ যদনুভাবনিরস্তচিত্তাঃ ॥ ১৭ ॥

অন্বয়

যদ্দোঃষু (যাঁহার অর্থাৎ যে শ্রীকৃষ্ণের বাহুযুগলে) [ত্বয়া] (আপনা কর্ত্তৃক) প্রণিহিতং (সংস্থাপিত) মা (আমাকে) গুরুভীষ্মকর্ণনপ্তৃত্রিগর্ত্তশলসৈন্ধববাহ্লিকাদ্যৈঃ (দ্রোণাচার্য্য, ভীষ্ম, কর্ণ, ভূরিশ্রবা, সুশর্ম্মা, শল্য, জয়দ্রথ ও বাহ্লীক প্রভৃতি বীরগণ কর্ত্তৃক) নিরূপিতানি (নিক্ষিপ্ত) অমোঘ-মহিমানি (অব্যর্থ প্রভাবযুক্ত) অস্ত্রাণি (অস্ত্রসকল), আসুরাণি অস্ত্রাণি নৃহরিদাসম্ ইব (যেমন অসুরপ্রযুক্ত অস্ত্রসকল প্রহ্লাদকে স্পর্শ করিতে পারে নাই, সেইরূপ) ন উপস্পৃশুঃ (স্পর্শ করিতে পারে নাই) ॥ ১৬ ॥

[সূর্য্যাস্তের পূর্ব্বে জয়দ্রথ বধ করিব নতুবা রথের সহিত অগ্নিতে প্রবেশ করিব এইরূপ প্রতিজ্ঞা করিয়া যুদ্ধে প্রবৃত্ত হইলে মধ্যাহ্নকালে অশ্বগণের পরিশ্রম অপনোদনের নিমিত্ত দিব্যাস্ত্রের দ্বারা জল আহরণ করিব ভাবিয়া আমি যখন রথ হইতে অবতরণ করিলাম, সেই অবস্থায়] ভুবিষ্ঠং (ভূমিতে অবস্থিত) শ্রান্তবাহং (ক্লান্ত অশ্বযুক্ত) মাং (আমাকে) রথিনঃ অরয়ঃ (রথী

অনুবাদ

যেমন অসুরগণপ্রযুক্ত অস্ত্রসকল ভগবানের পদাশ্রিত প্রহ্লাদকে স্পর্শ করে নাই, সেইরূপ যে শ্রীকৃষ্ণের বাহুযুগলে আপনি আমাকে স্থাপন করিয়াছিলেন বলিয়া দ্রোণাচার্য্য, ভীষ্মদেব, কর্ণ, ভূরিশ্রবা, সুশর্ম্মা, শল্য, জয়দ্রথ ও বাহ্লীক প্রভৃতি বীরগণ কর্ত্তৃক নিক্ষিপ্ত অমোঘবীর্য্য অস্ত্রসকল আমাকে স্পর্শ করিতে পারে নাই, [সেই ভগবান্ শ্রীকৃষ্ণকর্ত্তৃক আমি বঞ্চিত হইয়াছি] ॥ ১৬ ॥

["সূর্য্যাস্তের পূর্ব্বে জয়দ্রথ বধ করিব এই প্রতিজ্ঞা করিয়া আমি যুদ্ধ করিতে আরম্ভ করিলে মধ্যাহ্ন সময়ে অশ্বগণ পরিশ্রান্ত হইয়া পড়িল। তখন আমি দিব্যাস্ত্রের দ্বারা জল আহরণ খনন করিয়া অশ্বগণের শ্রমাপনোদন করিব ভাবিয়া যখন রথ হইতে অবতরণ করিলাম, সেই অবস্থায়] ভূমিতে অবস্থিত, ক্লান্ত অশ্বযুক্ত আমাকে রথী শত্রুগণ যে শ্রীকৃষ্ণের প্রভাবে বিমোহিতচিত্ত হইয়া প্রহার করিতে সমর্থ হয় নাই, এবং সজ্জনগণ যাঁহার

টীকা

যৎ যস্য চতুর্ভুজস্য দোঃষু ভুজেষু যদ্ ভয়াৎ ত্বয়া প্রণিহিতম্ নিধিবৎ স্থাপিতং মাং তৈঃ গুর্ব্বাদিভিঃ নিরূপিতানি অমোঘমহিমানি অস্ত্রাণি আসুরাণি প্রহ্লাদমিব ন উপস্পৃশুঃ ন স্পৃশন্তি স্ম। ত্রিগর্ত্তঃ ত্রৈগর্ত্তঃ সুশর্ম্মা, সৈন্ধবো জয়দ্রথঃ ॥ ১৬ ॥ একাহসাধ্যে জয়দ্রথবধে আদিত্যাস্তমনাৎ পূর্ব্বকালে জয়দ্রথম্ অহত্বা সরথোঽগ্নৌ প্রবেশং করিষ্যামীতি প্রতিজ্ঞায় পরসৈন্যে প্রবিষ্টং মধ্যাহ্নে জলাদিনা অশ্বশ্রমাপনোদনার্থং দিব্যাস্ত্রাভিমন্ত্রিতৈর্ব্বাণৈর্জলাশয়ং কর্ত্তুং রথাদবতীর্ণম্ অতএব ভুবিষ্ঠং মাং যদনু-ভাবেন প্রভাবেন নিরস্তচিত্তা অরয়ো ন প্রাহরন্ ন প্রহৃতবন্তঃ, স ঈশ্বরঃ "য আত্মদো বলদ" ইতি

নর্ম্মাণ্যুদাররুচিরস্মিতশোভিতানি হে পার্থ! হেঽর্জ্জুন! সখে! কুরুনন্দনেতি।
সঞ্জল্পিতানি নরদেব! হৃদিস্পৃশানি স্মর্ত্তুর্লুঠন্তি হৃদয়ং মম মাধবস্য ॥ ১৮ ॥
শয্যাসনাটনবিকত্থনভোজনাদি-ষ্বৈক্যাদ্বয়স্য ঋতবানিতি বিপ্রলব্ধঃ।
সখ্যুঃ সখেব পিতৃবৎ তনয়স্য সর্ব্বং সেহে মহান্ মহিতয়া কুমতেরঘং মে ॥ ১৯ ॥

অন্বয়

শত্রুগণ) যদনুভাবনিরস্তচিন্তাঃ [সন্তঃ] (যে শ্রীকৃষ্ণের প্রভাবে বিমোহিতচিত্ত হইয়া) ন প্রাহরন্ (প্রহার করিতে পারে নাই), যৎপাদপদ্মং (যাঁহার চরণকমল) অভবায় (মুক্তির নিমিত্ত) ভব্যাঃ (সাধুগণ) ভজন্তি (ভজনা করিয়া থাকেন), সঃ আত্মদঃ (সেই মোক্ষপ্রদ) ঈশ্বরঃ (ভগবান্ শ্রীকৃষ্ণকে) মে! ময়া] (আমি) কুমতিনা (দুর্ব্বুদ্ধিবশতঃ) সৌত্যে বৃতঃ (সারথ্যকর্ম্মে নিযুক্ত করিয়াছিলাম) ॥ ১৭ ॥

নরদেব! (হে মহারাজ!) মাধবস্য (শ্রীকৃষ্ণের) উদাররুচিরস্মিতশোভিতানি (গম্ভীর মন্দহাস্যে শোভিত) নর্ম্মাণি (পরিহাস বাক্য সকল) [এবং] হে পার্থ! হে অর্জ্জুন! হে সখে! কুরুনন্দন! ইতি হৃদিস্পৃশানি (এই মনোহর) সঞ্জল্পিতানি (সম্বোধন সকল) স্মর্ত্তুঃ (স্মরণকারী) মম (আমার) হৃদয়ং লুঠন্তি (হৃদয় ক্ষোভিত হইতেছে) ॥ ১৮ ॥

শয্যাসনাটনবিকত্থনভোজনাদিষু (শয়ন, উপবেশন, ভ্রমণ, আত্মপ্রশংসা ও ভোজন প্রভৃতি কার্য্যে) ঐক্যাৎ (একতানিবন্ধন) বয়স্য! ঋতবান্ [ত্বং] (হে বয়স্য! তুমি সত্যবাদী) ইতি

অনুবাদ

শ্রীচরণকমল মুক্তিলাভের নিমিত্ত ভজনা করিয়া থাকেন, সেই মোক্ষপ্রদ ভগবান্ শ্রীকৃষ্ণকে আমি দুর্ব্বুদ্ধিবশতঃ সারথ্য কর্ম্মে নিযুক্ত করিয়াছিলাম ॥ ১৭ ॥

হে মহারাজ! ভগবান্ শ্রীকৃষ্ণের গভীর মন্দহাস্যে শোভিত পরিহাসবাক্য সকল এবং হে পার্থ! হে অর্জ্জুন! হে সখে! হে কুরুনন্দন! এই মনোহর সম্বোধন সকল স্মৃতিপথে উদিত হইয়া আমার হৃদয়কে ক্ষুব্ধ করিতেছে ॥ ১৮ ॥

শয়ন, উপবেশন, ভ্রমণ, আত্মপ্রশংসা ও ভোজন প্রভৃতি কার্য্যে একতা নিবন্ধন অর্থাৎ এ সকল কার্য্য একত্র করিতাম বলিয়া [কখনও কোনও বিষয়ে] "হে বয়স্য! তুমি সত্যবাদী" ইহা বলিয়া তাঁহাকে উপহাস করিতাম, কিন্তু বন্ধু যেমন বন্ধুর দোষ সহ্য করে, পিতা যেমন পুত্রের দোষ সহ্য করেন, সেইরূপ ভগবান্ শ্রীকৃষ্ণও মন্দবুদ্ধি আমার অপরাধ সকল সহ্য করিয়াছিলেন, কারণ তিনি মহত্ত্বগুণে মহীয়ান্ ॥ ১৯ ॥

টীকা

শ্রুতিসিদ্ধ আত্মদঃ মে ময়া কুমতিনা সৌত্যে সূতকর্ম্মণি বৃতঃ ॥ ১৭ ॥ হে নরদেব! মাধবস্য উদারেণ গম্ভীরেণ রুচিরেণ মন্দতরেণ চ স্মিতেন শোভিতানি নর্ম্মাণি পরিহাসবাক্যানি হে পার্থ! ইত্যাদীনি সংজল্পিতানি প্রতিকার্য্যম্ অভিমুখীকরণার্থকানি সম্বোধনানি চ হৃদিস্পৃশানি শ্রোতৃণাং হৃদয়ঙ্গমানি স্মর্ত্তুর্মম হৃদয়ং লুঠন্তি ক্ষোভয়ন্তি ॥ ১৮ ॥ শয্যাদিষু ঐক্যাৎ সাম্যাদ্ধেতোঃ হে বয়স্য! ঋতবান্ ত্বং সত্যবানসি ইতি বিপ্রলব্ধোঽপি উপহসিতোঽপি কুমতের্মে অঘম্ অপরাধং সর্ব্বং সেহে অসহত।

সোঽহং নৃপেন্দ্র ! রহিতঃ পুরুষোত্তমেন সখ্যা প্রিয়েণ সুহৃদা হৃদয়েন শূন্যঃ।
অধ্বন্যুরুক্রমপরিগ্রহমঙ্গ ! রক্ষন্ গোপৈরসদ্ভিরবলেব বিনির্জ্জিতোঽস্মি ॥ ২০ ॥
তদ্বৈ ধনুস্ত ইষবঃ স রথো হয়াস্তে সোঽহং রথী নৃপতয়ো যত আনমন্তি।
সর্ব্বং ক্ষণেন তদভূদসদীশরিক্তং ভস্মন্ হুতং কুহকরাদ্ধমিবোপ্তমূষ্যাম্ ॥ ২১ ॥

অন্বয়

বিপ্রলব্ধঃ (এই প্রকারে উপহসিত হইয়াও) সখ্যুঃ সখা ইব (বন্ধু যেমন বন্ধুর দোষ সহ্য করে), তনয়স্য পিতৃবৎ (পিতা যেমন পুত্রের দোষ সহ্য করে), [সেইরূপ] কুমতেঃ মে (মন্দবুদ্ধি আমার) সর্ব্বম্ অঘং (সকল অপরাধ) সেহে (সহ্য করিয়াছিলেন)। [যতঃ] (যেহেতু তিনি) মহিতয়া (মহত্ত্বগুণে) মহান্ (সর্ব্বশ্রেষ্ঠ) ॥ ১৯ ॥

নৃপেন্দ্র ! (হে রাজন্!) সঃ অহং (যে আমি মহারথ ও সর্ব্বগুণসম্পন্ন বলিয়া প্রসিদ্ধ ছিলাম, সেই আমি) [এক্ষণে] পুরুষোত্তমেন (পরমপুরুষ) সখ্যা (বন্ধু) হৃদয়েন (অন্তরঙ্গ) প্রিয়েণ সুহৃদা (প্রিয় আত্মীয় শ্রীকৃষ্ণকর্ত্তৃক) রহিতঃ (বিরহিত হইয়া) শূন্যঃ (তেজোবীর্য্যাদি শূন্য হইয়াছি)। অঙ্গ ! (হে রাজন্!) উরুক্রমপরিগ্রহং (শ্রীকৃষ্ণের পরিজনবর্গকে) রক্ষন্ (রক্ষা করিতে যাইয়া) অধ্বনি (পথিমধ্যে) [আমি] অসদ্ভিঃ গোপৈঃ (দুষ্ট গোপগণ কর্ত্তৃক) অবলা ইব (স্ত্রীলোকের ন্যায়) বিনির্জ্জিতঃ অস্মি (পরাভূত হইয়াছি) ॥ ২০ ॥

যতঃ (যাহা হইতে অর্থাৎ যাহাদের নিকটে) নৃপতয়ঃ আনমন্তি (নৃপতিগণ অবনত অর্থাৎ পরাজিত হইত) তৎ বৈ ধনুঃ (সেই গাণ্ডীবধনু) তে ইষবঃ (সেই বাণ সকল) স রথঃ (সেই রথ)

অনুবাদ

হে মহারাজ! যে আমি মহারথ ও সর্ব্বগুণসম্পন্ন বলিয়া প্রসিদ্ধ ছিলাম, সেই আমি এক্ষণে পুরুষোত্তম পরমবন্ধু প্রিয় আত্মীয় শ্রীকৃষ্ণ-বিরহিত হইয়া তেজোবীর্য্যাদিশূন্য হইয়াছি। হে রাজন্! শ্রীকৃষ্ণের পরিজনবর্গকে রক্ষা করিতে যাইয়া পথিমধ্যে আমি দুষ্ট গোপগণকর্ত্তৃক স্ত্রীলোকের ন্যায় পরাভূত হইয়াছি ॥ ২০ ॥

হে মহারাজ! যাহাদের নিকটে নৃপতিগণ অবনত হইত, আমার সেই গাণ্ডীব, সেই বাণ সমূহ, সেই রথ, সেই অশ্বসকল এবং সেই মহারথী আমি, এই সকলই বর্ত্তমান রহিয়াছে। এক্ষণে সেইসকল শ্রীকৃষ্ণবিরহিত হইয়া ভস্মে আহুতি প্রদান

টীকা

যতো মহিতয়া মাহাত্ম্যেন মহান্ অক্ষোভ্যঃ ॥ ১৯ ॥ হে নৃপেন্দ্র ! যো মহারথতয়া সর্ব্বগুণসম্পন্নতয়া লোকে প্রসিদ্ধঃ সোঽহং পুরুষোত্তমেন সখ্যা প্রিয়েণ সুহৃদা হৃদয়েন হৃদয়ঙ্গমেন রহিতঃ অতএব শূন্যঃ তেজোবীর্য্যাদিবর্জ্জিতোঽস্মি, অতএব হে অঙ্গ ! উরুক্রমপরিগ্রহং রক্ষন্ গোপৈঃ অসদ্ভিঃ অবলা ইব যোষিদিব অধ্বনি মার্গে বিনির্জ্জিতোঽস্মি ॥ ২০ ॥ ধনুরাদ্যাত্মপর্য্যন্তং তস্য সর্ব্ববস্তুনো নৈষ্ফল্যং তৎসন্নিধিং বিনা অভূদিতি আহ—তদ্বৈ ইতি। যতো যেভ্যো ধনুরাদিভ্যো নৃপতয় আনমন্তি তদিদং ধনুরাদ্যাত্মপর্য্যন্তং বস্তু ঈশেন শ্রীকৃষ্ণেন রিক্তং ক্ষণেনাসদভূৎ স্বস্বকার্য্যাক্ষমমভূৎ, যথা ভস্মনি বিধিবদপি হুতং অসদ্ ভবতি, যথা চ কুহকায় পুত্রং ধনং দাস্যামীতি জীবিকার্থং পরধনমাদাতুং প্রবৃত্তায়

রাজংস্ত্বয়ানুপৃষ্টানাং সুহৃদাং নঃ সুহৃৎপুরে।
বিপ্রশাপবিমূঢ়ানাং নিঘ্নতাং মুষ্টিভির্ম্মিথঃ ॥ ২২ ॥
বারুণীং মদিরাং পীত্বা মদোন্মথিতচেতসাম্।
অজানতামিবান্যোন্যং চতুঃপঞ্চাবশেষিতাঃ ॥ ২৩ ॥
প্রায়েণৈতদ্ভগবত ঈশ্বরস্য বিচেষ্টিতম্।
মিথো নিঘ্নন্তি ভূতানি ভাবয়ন্তি চ যন্মিথঃ ॥ ২৪ ॥

অন্বয়

তে হয়াঃ (সেই অশ্বসকল) সঃ রথী অহং (ও সেই মহারথী আমি বর্ত্তমান আছি) তৎ সর্ব্বং (সেই পূর্ব্বোক্ত সকল) ঈশরিক্তং (শ্রীকৃষ্ণরহিত হইয়া) ভস্মন্ (ভস্মেতে) হুতম্ ইব (আহুতির ন্যায়), কুহকরাদ্ধম্ ইব (মায়াবীর নিকট হইতে প্রাপ্ত ধনের ন্যায়), ঊষ্যাম্ উপ্তং ইব (ঊষরক্ষেত্রে উপ্ত বীজের ন্যায়) ক্ষণেন (ক্ষণকালমধ্যেই) অসৎ অভূৎ (নিষ্ফল হইয়াছে) ॥ ২১ ॥

রাজন্! ত্বয়া (আপনাকর্ত্তৃক) সুহৃৎপুরে (দ্বারকাপুরীতে) অনুপৃষ্টানাং (জিজ্ঞাসিত) বিপ্রশাপবিমূঢ়ানাং (ব্রাহ্মণের শাপে বিমোহিত) বারুণীং মদিরাং পীত্বা (বারুণী মদিরা পান করতঃ) মদোন্মথিতচেতসাং (মদোন্মত্তচিত্ত) অন্যোন্যং (পরস্পর) অজানতামিব (না জানিতে পারিয়াই যেন) মিথঃ (পরস্পর) মুষ্টিভিঃ (এরকানামক তৃণমুষ্টির দ্বারা) নিঘ্নতাং (প্রহারকারী) নঃ (আমাদের) সুহৃদাং (আত্মীয়গণের মধ্যে) চতুঃপঞ্চ অবশেষিতাঃ (চারি পাঁচজন মাত্র অবশিষ্ট আছেন) ॥ ২২—২৩ ॥

[ভগবদিচ্ছায়ই এইরূপ হইয়াছে ইহা বলিতেছেন] এতৎ (এই এরকানামক তৃণমুষ্টি নিক্ষেপের দ্বারা

অনুবাদ

করিলে যেমন নিষ্ফল হয়, মায়াবীর নিকট হইতে প্রাপ্ত ধন যেমন নিষ্ফল হয় এবং ঊষরক্ষেত্রে উপ্ত বীজ যেমন নিষ্ফল হয়, সেইরূপ ক্ষণকাল মধ্যেই একেবারে নিষ্ফল অর্থাৎ কার্য্যাক্ষম হইয়াছে ॥ ২১ ॥

হে মহারাজ! "আপনি দ্বারকাপুরীতে আত্মীয়গণ কেমন আছেন"? এইরূপে যাঁহাদের কথা জিজ্ঞাসা করিয়াছেন, তাঁহারা ব্রাহ্মণের শাপে বিমোহিত হইয়া বারুণী মদিরা পান করতঃ মদোন্মত্তচিত্তে পরস্পর পরস্পরকে না জানিতে পারিয়াই যেন এরকানামক তৃণমুষ্টি দ্বারা প্রহার করিয়া বিনাশপ্রাপ্ত হইয়াছেন। এক্ষণে সেই সকল আত্মীয়গণের মধ্যে চারি পাঁচজন মাত্র অবশিষ্ট আছেন ॥ ২২-২৩ ॥

এই যে এরকানামক তৃণমুষ্টিনিক্ষেপে পরস্পর বিনষ্ট হইয়াছে, ইহা কর্ম্মানুযায়ী হইলেও

টীকা

রাদ্ধং বিধিবৎ দত্তং অসদ্ভবতি। যথা চ ঊষরভূতায়াং উর্ব্ব্যাং সম্যক্ উপ্তং বীজমসদ্ভবতি তথা ॥ ২১ ॥ হে রাজন্ ত্বয়া সুহৃৎপুরে দ্বারকাখ্যে পৃষ্টানাং নঃ সুহৃদাং মধ্যে চত্বারঃ পঞ্চ বা অবশেষিতাঃ ভগবদিচ্ছয়া তেষু বিপ্রশাপো ন প্রাদুরভূদিত্যর্থঃ। তদিতরবিনাশে হেতুগর্ভং বিশেষণমাহ—বিপ্রশাপাভি-মূঢ়ানামিতি ॥ ২২ ॥ বিপ্রশাপজাং মূঢ়তামাহ—বারুণীমিতি। মুষ্টিভিঃ এরকামুষ্টিভিঃ ॥ ২৩ ॥ ভগবদিচ্ছয়া

জলৌকসাং জলে যদ্বন্মহান্তোঽদন্ত্যণীয়সঃ।
দুর্ব্বলান্ বলিনো রাজন্! মহান্তো বলিনো মিথঃ ॥ ২৫ ॥
এবং বলিষ্ঠৈর্যদুভির্মহদ্ভিরিতরান্ বিভুঃ।
যদূন্ যদুভিরন্যোন্যং ভূভারান্ সঞ্জহার হ ॥ ২৬ ॥
দেশকালার্থযুক্তানি হৃত্তাপোপশমানি চ।
হরন্তি স্মরতশ্চিত্তং গোবিন্দাভিহিতানি মে ॥ ২৭ ॥

অন্বয়

পরস্পরের বিনাশ) প্রায়েণ (প্রায়শঃ) [কর্ম্মফলের অপেক্ষা আছে বলিয়া প্রায় বলা হইল] ভগবতঃ ঈশ্বরস্য (ভগবান্ শ্রীকৃষ্ণের) বিচেষ্টিতং (অভিলষিত), যৎ (যেহেতু) [ভগবানের সেই সঙ্কল্প হইতেই] ভূতানি (প্রাণিগণ) মিথঃ (পরস্পর পরস্পরকে) ভাবয়ন্তি (পালন করিয়া থাকে) মিথঃ (পরস্পর পরস্পরকে) নিঘ্নন্তি চ (ও বিনাশ করিয়া থাকে) ॥ ২৪ ॥

হে রাজন্! যদ্বৎ (যেমন) জলে জলৌকসাং (জলে জলজন্তুগণের মধ্যে) মহান্তঃ (বৃহৎ) অণীয়সঃ (ক্ষুদ্রকে) অদন্তি (ভক্ষণ করিয়া থাকে), বলিনঃ (বলবানেরা) দুর্ব্বলান্ (দুর্ব্বলদিগকে) অদন্তি (ভক্ষণ করিয়া থাকে), মহান্তঃ বলিনঃ (মহাবলশালিগণও) মিথঃ (পরস্পর পরস্পরকে) অদন্তি (ভক্ষণ করিয়া থাকে) এবং (সেইরূপ) বিভুঃ (সর্ব্বব্যাপক শ্রীকৃষ্ণ) বলিষ্ঠৈঃ (বলিষ্ঠ) মহদ্ভিঃ যদুভিঃ (শ্রেষ্ঠ যাদবগণদ্বারা) ইতরান্ (দুর্ব্বল যাদবগণকে) হত্বা (বধ করিয়া) যদুভিঃ যদূন্ (যাদবগণের দ্বারা যাদবগণকে) অন্যোন্যং (পরস্পর) [বিনাশ করিয়া] ভূভারান্ (পৃথিবীর ভার সকল) সঞ্জহার হ (হরণ করিয়াছেন) ॥ ২৫—২৬ ॥

দেশকালার্থযুক্তানি (দেশ ও কালের অনুরূপ অর্থযুক্ত) হৃত্তাপোপশমানি চ (ও হৃদয়ের তাপ

অনুবাদ

ভগবানেরই ইচ্ছা। যেহেতু ভগবানের সঙ্কল্প হইতেই প্রাণিগণ পরস্পর পরস্পরকে পালন ও বিনাশ করিয়া থাকে ॥ ২৪ ॥

হে রাজন্! জলে যেমন জলজন্তুগণের মধ্যে বৃহৎ মৎস্যাদি ক্ষুদ্র মৎস্যাদিকে ভক্ষণ করিয়া থাকে, সাধারণতঃ বলবানেরা দুর্ব্বলদিগকে ভক্ষণ করিয়া থাকে এবং মহাবলশালিদের মধ্যেও অপেক্ষাকৃত বলবান্ অপেক্ষাকৃত দুর্ব্বলকে বিনাশ করিয়া থাকে, সেইরূপ সর্ব্বব্যাপক ভগবান্ শ্রীকৃষ্ণ মহাপরাক্রান্ত যাদবগণের দ্বারা দুর্ব্বল যাদবগণকে বধ করতঃ যাদবগণের দ্বারাই যাদবগণকে পরস্পর বিনাশ করিয়া পৃথিবীর ভার হরণ করিয়াছেন ॥২৫-২৬॥

দেশানুরূপ ও কালানুরূপ অর্থযুক্ত ও হৃদয়ের তাপ উপশমকারী ভগবান্

টীকা

এতদভূদিত্যাহ প্রায়েণেতি ত্রিভিঃ। এতন্মিথো মুষ্টিভির্নিহননম্ প্রায়েণ ভগবতঃ শ্রীকৃষ্ণস্য বিচেষ্টিতম্। কর্ম্মসাপেক্ষত্বাভিপ্রায়েণ প্রায়গ্রহণম্। যৎ যতো হেতুভূতাৎ ভগবতঃ তৎসঙ্কল্পাৎ ভূতানি মিথো ভাবয়ন্তি পালয়ন্তি চ অদন্তি ভক্ষয়ন্তি ॥ ২৪ ॥ বিভুর্ব্যাপকঃ শ্রীকৃষ্ণঃ সঞ্জহার সংহৃতবান্ দেশকালানুরূপার্থযুক্তানি গোবিন্দস্যাভিহিতানি ভাষণানি স্মরতো মে চিত্তং হরন্তি একাগ্রং কুর্ব্বন্তি ॥ ২৬ ॥ ২৭ ॥

এবং চিন্তয়তো জিষ্ণোঃ কৃষ্ণপাদসরোরুহম্।
সৌহার্দ্দেনাতিগাঢ়েন শান্তাসীদ্বিমলা মতিঃ ॥ ২৮ ॥
বাসুদেবাঙ্ঘ্র্যনুধ্যান-পরিবৃংহিতরংহসা।
ভক্ত্যা নির্ম্মথিতাশেষ-কষায়ধিষণোঽর্জ্জুনঃ ॥ ২৯ ॥
গীতং ভগবতা জ্ঞানং যত্তৎ সংগ্রামমূর্দ্ধনি।
কালকর্ম্মতমোরুদ্ধং পুনরধ্যগমদ্বিভুঃ ॥ ৩০ ॥

অন্বয়

উপশমকারী) গোবিন্দাভিহিতানি (গোবিন্দের বাক্য সকল) স্মরতঃ মে (স্মরণকারী আমার) চিত্তং হরন্তি (চিত্তকে হরণ করিতেছে অর্থাৎ চিত্ত তাঁহাতে বিলীন হইয়া যাইতেছে) ॥ ২৭ ॥

এবং কৃষ্ণপাদসরোরুহং (এইরূপে শ্রীকৃষ্ণের পাদপদ্ম) চিন্তয়তঃ (চিন্তাকারী) জিষ্ণোঃ (অর্জ্জুনের) অতিগাঢ়েন সৌহার্দ্দেন (অতিশয় প্রেমবশতঃ) বিমলা মতিঃ (নির্ম্মল বুদ্ধি অর্থাৎ রাগাদি মলশূন্য বুদ্ধি) শান্তা আসীৎ (শ্রীকৃষ্ণপাদপদ্মে স্থির হইল) ॥ ২৮ ॥

বাসুদেবাঙ্ঘ্র্যনুধ্যানপরিবৃংহিতরংহসা (বাসুদেবের চরণযুগল নিয়ত ধ্যান করায় অতিশয় বেগবতী) ভক্ত্যা (ভক্তির দ্বারা) নির্ম্মথিতাশেষকষায়ধিষণঃ (সমস্ত রাগাদি দোষ নির্ম্মূলিত হইয়াছে এইরূপ বুদ্ধিসম্পন্ন) বিভুঃ অর্জ্জুনঃ (তত্ত্বাবধারণে সমর্থ অর্জ্জুন) সংগ্রামমূর্দ্ধনি (যুদ্ধারম্ভে) ভগবতা যৎ গীতং (ভগবান্ শ্রীকৃষ্ণ যে জ্ঞান উপদেশ করিয়াছিলেন) কালকর্ম্ম-তমোরুদ্ধং (বহু বৎসর অশ্বমেধাদি কর্ম্মে মনোনিবেশ ও দিগ্‌বিজয়াদি কার্য্যের জন্য উৎপন্ন যে তমোগুণ, তাহা দ্বারা আবৃত) তৎ জ্ঞানং (সেই জ্ঞান) পুনঃ অধ্যগমৎ (পুনরায় লাভ করিলেন) ॥ ২৯—৩০ ॥

অনুবাদ

গোবিন্দের বাক্যসকল স্মরণ করায় আমার চিত্ত তাঁহাতেই বিলীন হইয়া যাইতেছে ॥ ২৭ ॥

এইরূপে ভগবান্ শ্রীকৃষ্ণের পাদপদ্ম চিন্তা করিতে করিতে অতিশয় প্রেম বশতঃ অর্জ্জুনের নির্ম্মলবুদ্ধি শ্রীকৃষ্ণের পাদপদ্মে স্থির হইল ॥ ২৮ ॥

শ্রীবাসুদেবের চরণযুগল ধ্যান করিতে করিতে অর্জ্জুনের ভক্তির বেগ ক্রমশঃ বর্দ্ধিত হইল এবং সেই ভক্তির দ্বারা রাগাদি দোষসমূহ নির্ম্মূলিত হওয়ায় অর্জ্জুনের বুদ্ধি নির্ম্মল হইল। তখন তত্ত্বাবধারণে সমর্থ অর্জ্জুন যুদ্ধের প্রারম্ভে ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহাকে যে জ্ঞান উপদেশ করিয়াছিলেন, বহুকাল অশ্বমেধাদিযজ্ঞীয় কর্ম্মে

টীকা

জিষ্ণোরর্জ্জুনস্য অতিগাঢ়েন অচলেন সৌহার্দ্দেন স্নেহেন শান্তা পাদসরোরুহৈকনিষ্ঠা অতএব বিমলা তদিতররাগমলরহিতা মতিঃ আসীৎ ॥ ২৮ ॥ পাদসরোরুহৈকনিষ্ঠায়াঃ ফলমাহ—বাসুদেবেতি দ্বাভ্যাম্। বাসুদেবাঙ্ঘ্র্যনুধ্যানেন পরিবৃংহিতং সম্বর্দ্ধিতং রয়ো গঙ্গাপ্রবাহবৎ বেগো যস্যাস্তয়া ভক্ত্যা অখণ্ডয়া নির্ম্মথিতাঃ নির্ম্মূলিতাঃ অশেষাঃ কষায়াঃ রাগাদয়ো যস্যাঃ সা ধিষণা বুদ্ধির্যস্য সঃ অর্জ্জুনঃ জ্ঞানম্ অধ্যগমদিত্যুত্তরেণান্বয়ঃ ॥ ২৯ ॥ সংগ্রামমূর্দ্ধনি তদারম্ভে ভগবতা যদ্‌গীতমুপদিষ্টম্, "ক্ষরঃ সর্ব্বাণি

বিশোকো ব্রহ্মসম্পত্ত্যা সংছিন্নদ্বৈতসংশয়ঃ।
লীনপ্রকৃতিনৈর্গুণ্যাদলিঙ্গত্বাদসম্ভবঃ ॥ ৩১ ॥

অন্বয়

[জ্ঞান ও ভক্তিবলে কৃতার্থ অর্জ্জুনের তাৎকালিক অবস্থা বর্ণনা করিতেছেন] [অর্জ্জুন] লীন-প্রকৃতিনৈর্গুণ্যাৎ (আমি কূটস্থ, এইরূপ অধ্যবসায়ের দ্বারা কার্য্যকারণরূপ প্রকৃতি হইতে নিজের স্বরূপ ভিন্ন বলিয়া অবগত হওয়ায় সত্ত্বাদিগুণশূন্য) অলিঙ্গত্বাচ্চ (ও সূক্ষ্মশরীর হইতে ভিন্ন বলিয়া) অসম্ভবঃ (পুনর্জ্জন্মশূন্য হইলেন) ব্রহ্মসম্পত্ত্যা (এবং ব্রহ্মজ্ঞানের দ্বারা] [অর্থাৎ জীবাত্মা ও পরমাত্মা স্বরূপতঃ ভিন্ন হইলেও জীবাত্মা পরমাত্মারই অংশ, পরমাত্মা অংশী, অতএব পৃথক্‌রূপে অবস্থান অসম্ভব বলিয়া তাঁহাদের অভেদও আছে, এইরূপ ভেদাভেদ জ্ঞানের দ্বারা) সংছিন্নদ্বৈতসংশয়ঃ (ব্রহ্ম হইতে পৃথক্ এই জ্ঞান নষ্ট হওয়ায় আমি ব্রহ্মাত্মক এই প্রকার জ্ঞানবান্ হইয়া) বিশোকঃ (শোক-বিরহিত হইলেন) ॥ ৩১ ॥

অনুবাদ

মনোনিবেশ ও দিগ্‌বিজয়াদির নিমিত্ত উৎপন্ন তমোগুণের দ্বারা তাহা আবৃত হইলেও এক্ষণে সেই তত্ত্বজ্ঞান পুনরায় লাভ করিলেন ॥ ২৯-৩০ ॥ *

[জ্ঞান ও ভক্তিবলে কৃতার্থ অর্জ্জুনের তাৎকালিক অবস্থা বর্ণনা করিতেছেন]—"আমি কূটস্থ" এইরূপ অধ্যবসায়ের দ্বারা প্রকৃতি হইতে স্বীয় স্বরূপ ভিন্ন বলিয়া অবগত হওয়ায় অর্জ্জুন সত্ত্বাদিগুণশূন্য ও সূক্ষ্মশরীর হইতে ভিন্ন বলিয়া পুনর্জ্জন্মশূন্য হইলেন অর্থাৎ আমার স্বরূপ কার্য্যকারণরূপ প্রকৃতি হইতে ভিন্ন, অতএব আমি প্রাকৃতদেহ ধারণ করিয়া পুনরায় আর জন্মিব না এইরূপ অধ্য-বসায়যুক্ত হইলেন এবং ব্রহ্মজ্ঞানের দ্বারা [অর্থাৎ জীবাত্মা ও পরমাত্মা স্বরূপতঃ

টীকা

ভূতানি কূটস্থোঽক্ষর উচ্যতে। উত্তমঃ পুরুষস্ত্বন্যঃ পরমাত্মেত্যুদাহৃত" ইতি তত্ত্বত্রয়বিষয়কং কালেন বহুসংবৎসরাত্মকেন অশ্বমেধাদিকর্ম্মাভিনিবেশেন তদর্থং দিগ্‌বিজয়াদিবশাদুৎপন্নেন তমসা ক্ষত্রিয়োচিত-তমোগুণেন রুদ্ধং জ্ঞানম্ তৎ পুনঃ বিভুস্তত্ত্ববধারণসমর্থঃ অধ্যগমৎ অধ্যবস্যৎ। তত্রক্ষরশব্দবাচ্যং অনাত্মভূতং প্রাকৃতং তত্ত্বম্, কূটস্থং প্রকৃতিভিন্নমাত্মতত্ত্বম্, উত্তমঃ পুরুষস্তু তদুভয়নিয়ন্তা চিদচিচ্ছক্তি-মান্। তত্র স্বাত্মপরমাত্মনোঃ স্বরূপতো ভিন্নত্বেঽপি সর্ব্বথা অংশাংশিনোঃ পৃথগবস্থানাভাবাৎ অভে-দোঽপীতি বিবেকঃ ॥ ৩০ ॥ উক্তজ্ঞানভক্তিভ্যাং কৃতার্থস্য স্থিতিমাহ বিশোক ইতি। লীনা তৎ-পৃথক্‌কূটস্থস্বরূপাধ্যবসায়েন বিস্মৃতা প্রকৃতিঃ শরীরাদিসকলক্ষরপদার্থমূলভূতা যস্য স লীনপ্রকৃতিঃ

* ভগবান্ অর্জ্জুনকে গীতাতে উপদেশ করিয়াছিলেন "ক্ষরঃ সর্ব্বাণি ভূতানি কূটস্থোঽক্ষর উচ্যতে" "উত্তমঃ পুরুষস্ত্বন্যঃ পরমাত্মেত্যুদাহৃতঃ" অর্থাৎ অনাত্মভূত প্রাকৃততত্ত্ব, কূটস্থ আত্মতত্ত্ব ও উভয়নিয়ন্তা পরমাত্মতত্ত্ব এই তত্ত্বত্রয় বিষয়ে অর্জ্জুন জ্ঞান লাভ করিলেন।

নিশম্য ভগবন্মার্গং সংস্থাং যদুকুলস্য চ।
স্বঃপথায় মতিং চক্রে নিভৃতাত্মা যুধিষ্ঠিরঃ ॥ ৩২ ॥
পৃথাপ্যুপশ্রুত্য ধনঞ্জয়োদিতং নাশং যদূনাং ভগবদ্গতিঞ্চ তাম্।
একান্তভক্ত্যা ভগবত্যধোক্ষজে নিবেশিতাত্মোপররাম সংসৃতেঃ ॥ ৩৩ ॥

অন্বয়

যুধিষ্ঠিরঃ (মহারাজ যুধিষ্ঠির) ভগবন্মার্গং (শ্রীকৃষ্ণের নিজ ধামে গমন) যদুকুলস্য সংস্থাং চ (ও যদুকুলের ধ্বংস) নিশম্য (শ্রবণ করিয়া) নিভৃতাত্মা [সন্] (নিশ্চলমতি হইয়া) স্বঃপথায় (স্বর্গারোহণের নিমিত্ত) মতিং চক্রে (সঙ্কল্প করিলেন)॥ ৩২ ॥

পৃথা অপি (কুন্তীও) ধনঞ্জয়োদিতং (অর্জ্জুনকথিত) যদূনাং নাশং (যদুবংশের ধ্বংস) তাং ভগবদ্গতিং চ (ও সেই শ্রীকৃষ্ণের গমন) উপশ্রুত্য (শ্রবণ করিয়া) ভগবতি অধোক্ষজে (ভগবান্ শ্রীকৃষ্ণে) একান্তভক্ত্যা (একান্ত ভক্তিদ্বারা) নিবেশিতাত্মা (চিত্ত প্রণিহিত করিয়া) সংসৃতেঃ (সংসার হইতে) উপররাম (বিরত হইলেন) [অর্থাৎ দেহত্যাগ করিলেন]॥ ৩৩ ॥

অনুবাদ

ভিন্ন হইলেও জীবাত্মা পরমাত্মার অংশ, পরমাত্মা অংশী, অতএব পৃথক্‌রূপে অবস্থান অসম্ভব বলিয়া তাঁহাদের অভেদও আছে এইরূপ ভেদাভেদ জ্ঞানের দ্বারা] দ্বৈতজ্ঞান অর্থাৎ ব্রহ্ম হইতে পৃথক্ এইরূপ জ্ঞান নষ্ট হওয়ায় আমি ব্রহ্মাত্মক এই প্রকার জ্ঞানবান্ হইয়া শোক বিরহিত হইলেন ॥ ৩১ ॥

মহারাজ যুধিষ্ঠির শ্রীকৃষ্ণের স্বীয়ধামে গমন ও যদুবংশের ধ্বংস-বৃত্তান্ত শ্রবণ করিয়া নিশ্চলমতি হইয়া স্বর্গারোহণ করিবার নিমিত্ত সঙ্কল্প করিলেন ॥ ৩২ ॥

কুন্তীদেবীও অর্জ্জুনকথিত যদুবংশের বিনাশ এবং ভগবান্ শ্রীকৃষ্ণের স্বধামে গমন-বৃত্তান্ত শ্রবণ করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণে একান্ত ভক্তি দ্বারা চিত্ত প্রণিহিত করিয়া সংসার হইতে বিরত হইলেন [অর্থাৎ দেহত্যাগ করিলেন]॥ ৩৩ ॥

টীকা

কার্য্যকারণরূপপ্রকৃতিভিন্নস্বরূপবিৎ, তস্য নৈর্গুণ্যং সত্ত্বাদিগুণশূন্যত্বং তস্মাৎ, অতএবালিঙ্গত্বাচ্চ সূক্ষ্ম-শরীরভিন্নত্বাচ্চ অসম্ভবঃ নাস্তি সম্ভবঃ পুনর্জন্ম যস্য সঃ, কার্য্যকারণরূপপ্রকৃতি ভিন্নস্বরূপোঽহং ন পুনঃ প্রাকৃতদেহবান্ ভবিষ্যামীত্যধ্যবসায়বান্ ব্রহ্মণি ভগবতি বাসুদেবে সম্পত্তির্জ্ঞানং তাদাত্ম্যলক্ষণং পূর্ব্বশ্লোকে সংক্ষেপতঃ প্রতিপাদিতং তয়া চ ছিন্নদ্বৈতসংশয়ঃ ব্রহ্মাত্মকোঽস্মীতি জ্ঞানসম্পন্নঃ ইত্থং বিশোকো জাত ইতি দিক্ ॥ ৩১ ॥ তথৈব যুধিষ্ঠিরনিশ্চয়মাহ নিশম্যেতি। ভগবতঃ শ্রীকৃষ্ণস্য মার্গং নিজধামগমনপ্রকারং যদুকুলস্য সংস্থাং সংহারঞ্চ নিশম্য শ্রুত্বা স্বঃপথায় স্বরিত্যব্যয়ং সুখবাচকং, পরম-সুখাত্মকধামপথায় মতিং চক্রে ॥ ৩২ ॥ কুন্ত্যা মুক্তিমাহ—পৃথাপীতি। সংসৃতেঃ সংসারাৎ ॥ ৩৩ ॥

যয়াহরদ্ভুবো ভারং তাং তনুং বিজহাবজঃ।
কণ্টকং কণ্টকেনেব দ্বয়ঞ্চাপীশিতুঃ সমম্ ॥ ৩৪ ॥

অন্বয়

অজঃ (ভগবান্ শ্রীকৃষ্ণ) যয়া (যেই যাদবরূপ তনু দ্বারা) কণ্টকেন কণ্টকমিব (কণ্টকের দ্বারা কণ্টকের ন্যায়) ভুবঃ ভারং (অসুরাদিরূপ পৃথিবীর ভার) অহরৎ (হরণ করিয়াছেন), তাং তনুং (সেই যাদবশরীরও) বিজহৌ (ত্যাগ করিলেন)। ঈশিতুঃ (সর্ব্বনিয়ন্তা ভগবানের) দ্বয়ং চ অপি (শান্ত যাদবরূপ শরীর ও অশান্ত ভূভাররূপ শরীর) [ভৌতিক দেহ বলিয়া সংহার বিষয়ে] সমম্ (সমান) [অর্থাৎ সকলই তাঁহার সংহরণীয়] ॥ ৩৪ ॥

অনুবাদ

[এই ভাগবত গ্রন্থেই বলা হইবে "ভগবানের দ্বিবিধ তনু, শান্ত ও অশান্ত। ভগবান্ ধর্ম্ম রক্ষা করিতে ইচ্ছা করিয়া শান্তগণের রক্ষক হইবেন"। এখানে আবার অর্জ্জুন বলিলেন—ভগবান্ যদুগণের পরস্পর সংহার পূর্ব্বক পৃথিবীর ভার হরণ করিয়াছেন। এক্ষণে ভগবানের শান্ততনুস্বরূপ যদুগণেরও সংহার কি করিয়া সম্ভব হয় তাহাই বলিতেছেন—] যেমন কণ্টকের সাহায্যে কণ্টক উত্তোলিত করিয়া সহায়ক কণ্টককেও পরিত্যাগ করা হয়, সেইরূপ ভগবান্ শ্রীকৃষ্ণ যে যাদবরূপ শান্ততনুর দ্বারা ভূভাররূপ অশান্ততনু হরণ করিয়াছেন, সেই যাদবতনুও এক্ষণে ত্যাগ করিলেন, কারণ সর্ব্বনিয়ন্তা ভগবানের শান্ত যাদবতনু ও অশান্ত ভূভাররূপ অসুরতনু উভয়ই ভৌতিক বলিয়া সমান সংহরণীয়॥ ৩৪ ॥

টীকা

নন্থ "ভূভাররাজপৃতনা যদুভির্হনিষ্যে" ইতি বচনাৎ ভূভারহরণৌপয়িকান্ "তস্যৈব তেঽমুষ্টনবস্ত্রিলোক্যাং শান্তা অশান্তা উত মূঢ়যোনয়ঃ। শান্তাঃ প্রিয়াস্তে হ্যধুনাবিতুং সতাং স্থাতুশ্চ তে ধর্ম্মপরীপ্সয়েহত" ইতি বক্ষ্যমাণাৎ স্বকীয়শান্ততনুভূতান্ "যদূন্ যদুভিরন্যোন্যং ভূভারান্ সঞ্জহার হে"তি যদুক্তং তৎ কথং সংহৃতবান্ তত্রাহ—যয়েতি। অজ ইতি নিত্যশরীরঃ, স্বরূপতস্তু ভূভাররূপা রাজন্যাঃ তদুপসংহারায় সম্বর্দ্ধিতাঃ যাদবাশ্চ সর্ব্বে অজা এব, দ্বিভুজচতুর্ভুর্জশতভুজসহস্রভুজাকারেণ স্থাতুং সমর্থেন গির্য্যাদ্যাকারেণ বালতরুণাদ্যাকারেণ একধা দশধা শতধা সহস্রধা বিশ্বরূপেণ চ দৃশ্যত্বেনাদৃশ্যত্বেন চ ভবিতুমর্হেণ শ্রীবিগ্রহেণ অপি অজ ইত্যর্থঃ। স চ বিগ্রহশ্চতুর্ভুজো দ্বিভুজো ভবতি, ন তত্র মুখ্যত্বকল্পনাবকাশঃ, এবম্ভূতঃ অজো নিত্যানন্দাচিন্ত্যস্বাভাবিকবিগ্রহঃ শ্রীকৃষ্ণঃ যয়া যাদবভূতয়া শান্তয়া ভুবো ভারমশান্তশরীরং কণ্টকং কণ্টকেনেবাহরৎ, তাং তনুং বিজহৌ, শান্তা যাদবতনুরশান্তাভূভারতনুশ্চেতি দ্বয়মপি ঈশিতুর্ভৌতিকতয়া সংহার্য্যত্বে সমম্। যাদবানামপি ভগবল্লীলাদর্শনব্যতিরিক্তং ভৌতিকদেহৈর্ন কিমপি কৃত্যম্। যথা মুনীনাং ভগবল্লীলাদর্শনাদৃতে "প্রায়ো বতাম্ব! মুনয়ো বিহগা বনেঽস্মিন্নি" ত্যাদি বক্ষ্যমাণেষু বিহগাদিরূপেষু ন কিমপি প্রয়োজনম্। তদ্বদিতিভাবঃ। শান্তাদ্যশান্তানি চ শরীরাণি কৃষ্ণস্যেত্যত্র প্রমাণম্—"স্বশান্তরূপেষ্বিতরৈঃ স্বরূপৈরভ্যর্দ্দমানেষ্বনুকম্পিতাত্মে"ত্যপি বক্ষ্যমাণে বোধ্যম ॥ ৩৪ ॥

যথা মৎস্যাদিরূপাণি ধত্তে জহ্যাদ্ যথা নটঃ।
ভূভারঃ ক্ষয়িতো যেন জহৌ তচ্চ কলেবরম্ ॥ ৩৫ ॥
যদা মুকুন্দো ভগবানিমাং মহীং জহৌ স্বতন্বা শ্রবণীয়সৎকথঃ।
তদাহরেবাপ্রতিবুদ্ধচেতসা-মভদ্রহেতুঃ কলিরন্ববর্ত্তত ॥ ৩৬ ॥

অন্বয়

যেন (ভগবান্ যে শরীরদ্বারা) ভূভারঃ (শান্ত ও অশান্ত উভয় প্রকার পৃথিবীর ভার) ক্ষয়িতঃ (ক্ষয় করিয়াছেন) তচ্চ কলেবরং (সেই দেহও) জহৌ (ত্যাগ করিয়াছেন অর্থাৎ দেহ ত্যাগ করিয়া অন্তর্হিত হইয়াছেন)। [ভগবন্মূর্ত্তির নিত্যতা দেখাইতেছেন] যথা নটঃ (নট যেমন একই দেহে বর্ত্তমান থাকিয়া) রূপাণি ধত্তে (নানা রূপ ধারণ করে এবং ত্যাগ করে), তথা (সেইরূপ) [ভগবান্ও এক নিত্যদেহেই বর্ত্তমান থাকিয়া] মৎস্যাদিরূপাণি (মৎস্যাদি অবতার রূপসকল) ধত্তে (ধারণ করেন) জহ্যাৎ চ (এবং ত্যাগ করেন) ॥ ৩৫ ॥

শ্রবণীয়সৎকথঃ (পবিত্র কীর্ত্তি) ভগবান্ মুকুন্দঃ (ভগবান্ শ্রীকৃষ্ণ) যদা স্বতন্বা (যে দিন

অনুবাদ

ভগবানের গমন কি বৃন্দাবন হইতে মথুরায় যাওয়ায় মত? অথবা রাসলীলায় অন্তর্দ্ধানের মত? ইহার উত্তরে বলিতেছেন—ভগবান্ যে দেহের দ্বারা শান্ত ও অশান্ত উভয় প্রকার পৃথিবীর ভার হরণ করিয়াছেন, এক্ষণে সেই দেহ ত্যাগ করিয়া অন্তর্হিত হইয়াছেন। ভগবন্মূর্ত্তির নিত্যতা দেখাইতেছেন—নট যেমন একই দেহে বর্ত্তমান থাকিয়া নানা রূপ ধারণ করে এবং ইচ্ছামত পরিত্যাগ করে, সেইরূপ ভগবান্ও এক নিত্য দেহেই বর্ত্তমান থাকিয়া মৎস্যাদি অবতাররূপ সকল ধারণ করেন এবং ইচ্ছামত ত্যাগ করেন ॥ ৩৫ ॥

পবিত্রকীর্ত্তি ভগবান্ শ্রীকৃষ্ণ যে দিন শ্রীমূর্ত্তিতে এই পৃথিবী হইতে অন্তর্হিত হইলেন, সেই দিনই বিবেক-বিজ্ঞান রহিত জীবগণের অমঙ্গল কারণ কলি আবির্ভূত হইল ॥ ৩৬ ॥

টীকা

নন্থ "নিশম্য ভগবন্মার্গং সংস্থাং যদুকুলস্য চ" "পৃথাপ্যুপশ্রুত্য ধনঞ্জয়োদিতং নাশং যদূনাং ভগবদ্গতিঞ্চ তাম্" ইত্যুক্তং ভগবদ্গমনং যথা বৃন্দাবনান্মথুরাং প্রতি প্রত্যক্ষমুত যথা রাসক্রীড়ায়া-মন্তর্দ্ধানপূর্ব্বকং তদ্বদিত্যত আহ তথেতি। যেন নিত্যেন শরীরেণ উভয়বিধো ভূভারঃ ক্ষয়িতঃ, তচ্চ "যদাত্মকো ভগবান্ তদাত্মিকা ব্যক্তিঃ। ন ভূতসঙ্ঘসংস্থানো দেহোঽস্য পরমাত্মন" ইত্যাদি শ্রুতিস্মৃতিপ্রতিপাদিতং স্বরূপবন্নিত্যানন্দাচিন্ত্যং কার্য্যকারণরূপপ্রকৃতিসম্বন্ধবর্জ্জিতম্ অপ্রাকৃতং কলেবরং স্বাভাবিকং শরীরং "তাসাং তৎ সৌভগমদং বীক্ষ্যমাণং চ কেশবঃ। প্রশমায় প্রসাদায় তত্রৈবান্তর্দ্দধে হরি"রিতিবৎ জহৌ প্রত্যক্ষতাং ত্যক্ত্বা অন্তর্হিতোঽভূদিত্যর্থঃ। প্রসঙ্গাৎ মৎস্যাদি-প্রাদুর্ভাবেষু যথাযথোপগমাবিষ্কৃতেষু শ্রীমূর্ত্তের্নিত্যতাং দর্শয়তি—যথা নটঃ একেনৈব দেহেন স্থিতো রূপং ধত্তে জহাচ্চ, তথৈকেন দেহেন এব ভগবান্ যথেচ্ছং মৎস্যাদিরূপাণি ধত্তে, জহাদন্তর্ধত্তে চ ॥ ৩৫ ॥ পাণ্ডবানাং গৃহান্নির্গমনং বক্তুং কলিপ্রবেশকালমাহ—যদেতি। শ্রবণীয়া শ্রবণার্হা সতী

যুধিষ্ঠিরস্তৎপরিসর্পণং বুধঃ পুরে চ রাষ্ট্রে চ গৃহে তথাত্মনি।
বিভাব্য লোভানৃতজিহ্মহিংসনা-দ্যধর্ম্মচক্রং গমনায় পর্য্যধাৎ ॥ ৩৭ ॥

সম্রাট্ পৌত্রং বিনিয়তমাত্মনঃ সুসমং গুণৈঃ।
তোয়নীব্যাঃ পতিং ভূমেরভ্যষিঞ্চদ্গজাহ্বয়ে ॥ ৩৮ ॥

মথুরায়াং তথা বজ্রং শূরসেনপতিং ততঃ।
প্রাজাপত্যাং নিরূপ্যেষ্টিমগ্নানপিবদীশ্বরঃ ॥ ৩৯ ॥

অন্বয়

শ্রীমূর্ত্তিতে) ইমাং মহীং (এই পৃথিবী) জহৌ (ত্যাগ করিলেন) তদা অহঃ এব (সেই দিবসেই) অপ্রতিবুদ্ধচেতসাং (বিবেক-জ্ঞানরহিত জীবগণের) অভদ্রহেতুঃ (অমঙ্গল কারণ) কলিঃ অন্ববর্ত্তত (কলি আবির্ভূত হইল) ॥ ৩৬ ॥

যুধিষ্ঠিরঃ পুরে রাষ্ট্রে গৃহে চ তথা আত্মনি (রাজা যুধিষ্ঠির নগরে, দেশে, গৃহে এবং অন্তঃকরণে) তৎ পরিসর্পণং (সেই কলির প্রসার) বুধঃ (বুঝিতে পারিয়া) [এবং কলিকৃত] লোভানৃত-জিহ্মহিংসনাদ্যধর্ম্মচক্রং (লোভ, মিথ্যা, কুটিলতা ও হিংসাদি অধর্ম্ম সমূহ) বিভাব্য (দেখিয়া) [গৃহ হইতে] গমনায় (নির্গত হওয়ার জন্য) পর্য্যধাৎ (তদনুরূপ বেশ ধারণ করিলেন) ॥ ৩৭ ॥

সম্রাট্ (সম্রাট্ যুধিষ্ঠির) গুণৈঃ আত্মনঃ সমং (গুণে নিজের মত) বিনিয়তং (বিনয়ী) পৌত্রং (পৌত্র পরীক্ষিৎকে) তোয়নীব্যাঃ (সমুদ্রবেষ্টিতা) ভূমেঃ (পৃথিবীর) পতিং (অধিপতি রূপে) গজাহ্বয়ে (হস্তিনাপুরে) অভ্যষিঞ্চৎ (অভিষিক্ত করিলেন) ॥ ৩৮ ॥

ঈশ্বরঃ (সম্রাট্ যুধিষ্ঠির) তথা (সেইরূপ) মথুরায়াং (মথুরাতে) বজ্রং শূরসেনপতিং

অনুবাদ

রাজা যুধিষ্ঠির নগরে, রাজ্যে, গৃহে ও প্রত্যেকের অন্তঃকরণে কলির প্রসার হইয়াছে বুঝিতে পারিয়া এবং কলিকৃত লোভ, মিথ্যা, কুটিলতা ও হিংসাদি অধর্ম্ম সমূহ দর্শন করিয়া গৃহ হইতে বহির্গত হওয়ার জন্য অর্থাৎ স্বর্গারোহণের নিমিত্ত তদনুযায়ী বেশ ধারণ করিলেন ॥ ৩৭ ॥

সম্রাট্ যুধিষ্ঠির গুণে নিজের মত বিনীত পৌত্র পরীক্ষিৎকে সসাগরা পৃথিবীর অধিপতিরূপে হস্তিনাপুরে অভিষিক্ত করিলেন ॥ ৩৮ ॥

মহারাজ যুধিষ্ঠির মথুরায় অনিরুদ্ধতনয় বজ্রকে শূরসেনাধিপতিরূপে অভিষিক্ত

টীকা

কথা যস্য সঃ, যথা চরণে পাদুকাং জহতঃ তদ্বৎ যদা স্বতন্ত্রা শ্রীমূর্ত্ত্যা ইমাং মহীং জহৌ তদৈব অহরহনি কলিরন্ববর্ত্তত ॥ ৩৬ ॥ যুধিষ্ঠিরঃ পুরাদৌ তস্য কলেঃ পরিসর্পণং প্রসরণং বুধঃ জানন্ তৎ-কৃতলোভানৃতজিহ্মহিংসনাদ্যধর্ম্মচক্রং চ বিভাব্য বিলোক্য গৃহান্নির্গমনায় পর্য্যধাৎ নির্গমনানুরূপং পরিধানমকরোৎ ॥ ৩৭ ॥ পৌত্রং পরীক্ষিতং তোয়নীব্যাঃ জলধিবস্ত্রাবৃতায়াঃ ভূমেঃ পতিং গজাহ্বয়ে অভ্যষিঞ্চৎ অভিষিক্তবান্ ॥ ৩৮ ॥

ঈশ্বরঃ সমর্থঃ, তথৈব মথুরায়াম্ অনিরুদ্ধাত্মজং শূরসেনানাং পতিং অভ্যষিঞ্চৎ। ততঃ

বিসৃজ্য তত্র তৎ সর্ব্বং দুকূলবলয়াদিকম্।
নির্ম্মমো নিরহঙ্কারঃ সংছিন্নাশেষবন্ধনঃ ॥ ৪০ ॥
বাচং জুহাব মনসি তৎ প্রাণ ইতরে চ তম্।
মৃত্যাবপানং সোৎসর্গং তং পঞ্চত্বে হ্যজোহবীৎ ॥৪১॥

অন্বয়

(অনিরুদ্ধ তনয় বজ্রকে শূরসেনাধিপতিরূপে) [অভ্যষিঞ্চৎ] (অভিষিক্ত করিলেন)। ততঃ (অনন্তর) প্রাজাপত্যাম্ ইষ্টিং (প্রাজাপত্য যজ্ঞ) নিরূপ্য (করিয়া) অগ্নীন্ অপিবৎ (গার্হপত্য, দক্ষিণাগ্নি ও আহবনীয় এই অগ্নিত্রয় আত্মাতে আরোপিত করিলেন) ॥ ৩৯ ॥

তত্র (সেই স্থানে) তৎসর্ব্বং (সেই সকল) দুকূলবলয়াদিকং (বস্ত্র ও বলয়াদি) বিসৃজ্য (ত্যাগ করিয়া) নির্ম্মমঃ (মমতাশূন্য) নিরহঙ্কারঃ (অভিমানশূন্য) সংছিন্নাশেষবন্ধনঃ (এবং দেহ-গেহাদিতে আমি আমার ইত্যাদিরূপ যে বন্ধন, তাহা ছেদন করিয়া) মনসি বাচং জুহাব (মনে বাগাদি উভয় ইন্দ্রিয়সকল আহুতি দিলেন) [অর্থাৎ ইন্দ্রিয় সকল মনের অধীন বলিয়া ভাবনা করিলেন], মনঃ প্রাণে (মনকে প্রাণে অর্থাৎ মনপ্রাণের অধীন বলিয়া ভাবনা করিলেন) [এইরূপ] তং চ (সেই প্রাণকেও) ইতরে (অপান বায়ুতে), সোৎসর্গম্ অপানং (স্বকীয় ব্যাপারের সহিত অপান বায়ুকে) মৃত্যৌ (মৃত্যুর অধিষ্ঠাতৃ দেবতাতে), তং (সেই দেহবিনাশক মৃত্যুকে) পঞ্চত্বে (পাঞ্চভৌতিক দেহে) অজোহবীৎ (আহুতি দিলেন অর্থাৎ ভাবনা করিলেন) ॥ ৪০-৪১ ॥

অনুবাদ

করিলেন। অনন্তর প্রাজাপত্য যজ্ঞ সমাপন করিয়া স্বয়ং সাগ্নিক বলিয়া গার্হস্থ্য, আহবনীয় ও দক্ষিণাগ্নি নামক অগ্নিত্রয় আত্মাতে আরোপিত করিলেন ॥ ৩৯ ॥

রাজা যুধিষ্ঠির সেই স্থানেই সমস্ত বস্ত্র ও বলয় প্রভৃতি ত্যাগ করিয়া মমতাশূন্য, অভিমানশূন্য ও দেহগেহ প্রভৃতিতে আমি আমার ইত্যাদি রূপ যে বন্ধন তাহা ছেদন করিয়া বাগাদি উভয় ইন্দ্রিয়সমূহ অর্থাৎ জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয়সমূহ মনেতে আহুতি প্রদান করিলেন অর্থাৎ মনের অধীন বলিয়া ভাবনা করিলেন। এইরূপে মনকে প্রাণে, প্রাণকে অপান বায়ুতে, স্বকীয় ব্যাপারের সহিত অপানবায়ুকে মৃত্যুর অধিষ্ঠাত্রী দেবতাতে এবং সেই দেহবিনাশক মৃত্যুকে পাঞ্চভৌতিক দেহে আহুতি দিলেন, অর্থাৎ সেই সেইরূপে ভাবনা করিলেন ॥ ৪০-৪১ ॥

টীকা

প্রজাপতিদেবতাকাম্ ইষ্টিং নিরূপ্য কৃত্বা অগ্নীন্ অপিবৎ আত্মন্যারোপয়ামাস ॥ ৩৯ ॥ সংছিন্নানি অশেষাণি দেহগেহাদিষু অহংমমেত্যাদিরূপাণি বন্ধনানি যেন সঃ, বাচং জুহাবেত্যুত্তরেণান্বয়ঃ ॥৪০॥ বন্ধনসংছেদনপ্রকারমাহ বাচমিতি দ্বাভ্যাম্। বাচং বাগুপলক্ষিতানি সবিষয়াণ্যুভয়েন্দ্রিয়ানি মনসি অজোহবীৎ জুহাব মনোঽধীনানি ভাবিতবান্, লয়ঃ তু ইন্দ্রিয়ানাং মনসি ন শক্ষ্যস্তেষাং তৎ-কার্য্যত্বাভাবাৎ। মনঃ প্রাণে, তমিতরে অপানে, সোৎসর্গেণ স্বকীয়েন ব্যাপারেণ সহিতং অপানং মৃত্যৌ অধিষ্ঠাতৃদেবতায়াং, তং দেহনাশকং মৃত্যুং পঞ্চত্বে পঞ্চভূতৈক্যে দেহে ভাবিতবান্ ॥ ৪১ ॥

ত্রিত্বে হুত্বা চ পঞ্চত্বং তচ্চৈকত্বেঽজুহোন্মুনিঃ।
সর্ব্বমাত্মন্যজুহবীদ্‌ব্রহ্মণ্যাত্মানমব্যয়ে ॥ ৪২ ॥
চীরবাসা নিরাহারো বদ্ধবাঙ্‌মুক্তমূর্দ্ধজঃ।
দর্শয়ন্নাত্মনো রূপং জড়োন্মত্তপিশাচবৎ।
অনবেক্ষমাণো নিরগাদশৃণ্বন্ বধিরো যথা ॥ ৪৩ ॥

অন্বয়

মুনিঃ (মননশীল যুধিষ্ঠির) পঞ্চত্বং (পাঞ্চভৌতিক দেহ) [পঞ্চতন্মাত্র ও অহঙ্কারাদি ক্রমে] ত্রিত্বে (গুণত্রয়ে) হুত্বা চ (আহুতি দিয়া অর্থাৎ ভাবনা করিয়া) তৎ চ (সেই গুণত্রয়ও) একত্বে (প্রকৃতিতত্ত্বে) অজুহোৎ (আহুতি দিলেন) [এবং] সর্ব্বং (সকল প্রাকৃত পদার্থ) [জীবভোগ্য বলিয়া] আত্মনি (জীবে) [আহুতি দিলেন], আত্মানং (সেই জীবাত্মাকেও) অব্যয়ে ব্রহ্মণি অজুহবীৎ (সর্ব্বনিয়ন্তা নিত্য পরব্রহ্মে আহুতি প্রদান করিলেন অর্থাৎ কারণাত্মকরূপে ভাবনা করিয়া অন্তে ব্রহ্মাত্মক বলিয়া ভাবনা করিলেন) ॥ ৪২ ॥

(অনন্তর) চীরবাসাঃ (কৌপীনধারী) নিরাহারঃ (নিরাহারী) বদ্ধবাক্ (মৌনী হইয়া) মুক্ত-মূর্দ্ধজঃ (কেশ বন্ধন পরিত্যাগপূর্ব্বক) [রাজা যুধিষ্ঠির] জড়োন্মত্তপিশাচবৎ (জড়, উন্মত্ত ও পিশাচের ন্যায়) আত্মনঃ রূপং (নিজের রূপ) দর্শয়ন্ (দেখাইয়া) বধিরঃ যথা (বধিরের ন্যায়) অশৃণ্বন্ (কাহারও কথা না শুনিয়া) অনবেক্ষমাণঃ (কাহারও অপেক্ষা না করিয়া) নিরগাৎ (গৃহ হইতে নির্গত হইলেন) ॥ ৪৩ ॥

অনুবাদ

মননশীল রাজা যুধিষ্ঠির পাঞ্চভৌতিক দেহকে পঞ্চতন্মাত্র ও অহঙ্কারাদিতে ক্রমে লয় করিয়া গুণত্রয়ে আহুতি দিলেন এবং সমস্ত প্রাকৃত পদার্থই জীবভোগ্য বলিয়া সকল বস্তু জীবাত্মাতে আহুতি দিলেন। সেই জীবাত্মাকেও আবার নিয়ম্য বলিয়া সর্ব্বনিয়ন্তা নিত্য পরব্রহ্মে আহুতি প্রদান করিলেন অর্থাৎ সেই সেই কারণাত্মকরূপে ভাবনা করিয়া পরিশেষে সমস্তই ব্রহ্মাত্মক বলিয়া ভাবনা করিলেন ॥ ৪২ ॥

অনন্তর রাজা যুধিষ্ঠির কৌপীনধারী, নিরাহারী ও মৌনী হইয়া কেশবন্ধন পরিত্যাগ পূর্ব্বক নিজের রূপ জড়, উন্মত্ত ও পিশাচের ন্যায় দেখাইয়া অর্থাৎ জড়, উন্মত্ত ও পিশাচের ন্যায় শরীরের প্রতি যত্নবিহীন হইয়া, বধিরের ন্যায় কাহারও নিষেধাদি না শুনিয়া এবং কাহারও অপেক্ষা না করিয়া গৃহ হইতে নির্গত হইলেন ॥ ৪৩ ॥

টীকা

পঞ্চত্বং পঞ্চভূতৈক্যং চ সৎ তন্মাত্রপঞ্চভূতাহঙ্কারাদিদ্বারা যথাক্রমং ত্রিত্বে গুণত্রয়ে কারণে হুত্বা প্রবিলাপ্য তচ্চ ত্রিত্বমেকত্বে প্রকৃতিতত্ত্বে জুহাব। সর্ব্বস্য প্রাকৃতপদার্থস্য জীবভোগ্যত্বভাবনয়া আত্মনি জীবে অজুহবীৎ অজোহবীৎ, অজুহবীদিত্যার্ষং পদম্। তং জীবাত্মানং নিয়ম্যভূতং নিয়ন্তরি অব্যয়ে ব্রহ্মণি অজোহবীৎ সমর্পয়ামাস ॥ ৪২ ॥ এবং চেতনাচেতনভূতং বস্তু ব্রহ্মাত্মকমিত্যনুসন্দধানস্য ভ্রাতৃভিঃ সহিতস্য ভগবৎস্থানপ্রাপ্তিমাহ—চীরবাসা ইতি সার্দ্ধৈশ্চতুর্ভিঃ। বদ্ধবাক্ মৌনী, নিরগাদিত্যুত্তরে-

উদীচীং প্রবিবেশাশাং গতপূর্ব্বাং মহাত্মভিঃ।
হৃদি ব্রহ্ম পরং ধ্যায়ন্ নাবর্ত্ততে যতো গতঃ ॥ ৪৪ ॥
সর্ব্বে তমনুনির্জ্জগ্মুর্ভ্রাতরঃ কৃতনিশ্চয়াঃ।
কলিনাধর্ম্মমিত্রেণ দৃষ্ট্বা স্পৃষ্টাঃ প্রজা ভুবি ॥ ৪৫ ॥
তে সাধুকৃতসর্ব্বার্থা জ্ঞাত্বাত্যন্তিকমাত্মনঃ।
মনসা ধারয়ামাসুর্বৈকুণ্ঠচরণাম্বুজম্ ॥ ৪৬ ॥

অন্বয়

হৃদি (হৃদয়ে) পরং ব্রহ্ম (পরব্রহ্ম শ্রীকৃষ্ণকে) ধ্যায়ন্ (ধ্যান করিতে করিতে) [রাজা যুধিষ্ঠির] যতঃ (যেদিকে) গতঃ (গমন করিয়া) ন আবর্ত্ততে (আর ফিরিয়া আসে না), মহাত্মভিঃ গতপূর্ব্বাং (মহাত্মা পূর্ব্বপুরুষগণের গম্য) [তাং] উদীচীম্ আশাং (সেই উত্তরদিকে) প্রবিবেশ (গমন করিলেন) ॥ ৪৪ ॥

ভুবি (পৃথিবীতে) অধর্ম্মমিত্রেণ কলিনা (অধর্ম্মসহায় কলিকর্ত্তৃক) স্পৃষ্টাঃ (আক্রান্ত) প্রজাঃ দৃষ্ট্বা (প্রজাগণকে দেখিয়া) কৃতনিশ্চয়াঃ (কৃতসঙ্কল্প হইয়া) সর্ব্বে ভ্রাতরঃ (ভীম প্রভৃতি সকল ভ্রাতৃগণ) তম্ অনুনির্জ্জগ্মুঃ (সেই যুধিষ্ঠিরের অনুগমন করিলেন) ॥ ৪৫ ॥

অসাধুকৃতসর্ব্বার্থাঃ (ঐহিক ও পারলৌকিক বিষয়সমূহ যাহাদিগকর্ত্তৃক অনাদৃত হইয়াছে) তে (সেই যুধিষ্ঠিরাদি) বৈকুণ্ঠচরণাম্বুজং (শ্রীকৃষ্ণের চরণকমল) আত্মনঃ আত্যন্তিকং (নিজেদের পরমপ্রাপ্য) জ্ঞাত্বা (ইহা জানিয়া) মনসা ধারয়ামাসুঃ (হৃদয়ে তাহা ধারণ করিলেন) ॥ ৪৬ ॥

অনুবাদ

রাজা যুধিষ্ঠির যেই দিকে গমন করিয়া লোক আর ফিরিয়া আসে না, মহাত্মা পূর্ব্বপুরুষগণ যেই পথে গমন করিয়াছেন, সেই উত্তরদিকে ভগবান্ শ্রীকৃষ্ণকে হৃদয়ে ধ্যান করিতে করিতে গমন করিলেন ॥ ৪৪ ॥

পৃথিবীতে অধর্ম্মসহায় কলিকর্ত্তৃক প্রজাগণকে আক্রান্ত দেখিয়া ভীম প্রভৃতি অনুজগণ কৃতসঙ্কল্প হইয়া জ্যেষ্ঠভ্রাতা যুধিষ্ঠিরের অনুগমন করিলেন ॥ ৪৫ ॥

ঐহিক ও পারলৌকিক বিষয় সমূহ যাঁহারা অনাদর করিয়াছেন, সেই যুধিষ্ঠিরাদি "শ্রীকৃষ্ণের চরণকমলই নিজেদের পরম প্রাপ্য" ইহা বুঝিতে পারিয়া উহা হৃদয়ে ধারণ করিলেন অর্থাৎ মনে মনে শ্রীকৃষ্ণকে চিন্তা করিতে লাগিলেন ॥ ৪৬ ॥

টীকা

ণান্বয়ঃ ॥ ৪৩ ॥ নাবেক্ষ্যমাণঃ ভগবদিতরপদার্থমাত্রাপেক্ষাশূন্যঃ নিরগাৎ গৃহাদিতি শেষঃ। মহাত্মভির্মহানুভাবৈঃ গতপূর্ব্বাং যতো যস্যাং দিশি গতো নাবর্ত্ততে তামুদীচীম্ আশাং পরং ব্রহ্ম শ্রীকৃষ্ণাখ্যং হৃদি ধ্যায়ন্ প্রবিবেশ ॥ ৪৪ ॥ অধর্ম্মমিত্রেণ কলিনা স্পৃষ্টাঃ প্রজাঃ দৃষ্ট্বা ॥ ৪৫ ॥ তে সর্ব্বে যুধিষ্ঠিরপ্রমুখাঃ অসাধুকৃতাঃ সর্ব্বে ঐহিকামুষ্মিকাঃ অর্থা যৈস্তে, আত্মনঃ আত্যন্তিকং পরং প্রাপ্য

তদ্ধ্যানোদ্রিক্তয়া ভক্ত্যা বিশুদ্ধধিষণাঃ পরে।
তস্মিন্ নারায়ণপদে একান্তমতয়ো গতিম্ ॥ ৪৭ ॥
অবাপুর্দুরবাপাং তে অসদ্ভির্বিষয়াত্মভিঃ।
বিধূতকল্মষা স্থানং বিরজেনাত্মনৈব হি ॥ ৪৮ ॥
বিদুরোঽপি পরিত্যজ্য প্রভাসে দেহমাত্মনঃ।
কৃষ্ণাবেশেন তচ্চিত্তঃ পিতৃভিঃ স্বক্ষয়ং যযৌ ॥ ৪৯ ॥

অন্বয়

পরে (সর্ব্বোৎকৃষ্ট) তস্মিন্ নারায়ণপদে (সেই পরমপুরুষ নারায়ণের শ্রীচরণে) একান্তমতয়ঃ (একান্তচিত্ত) বিশুদ্ধধিষণাঃ (বিশুদ্ধ বুদ্ধি) তে (তাঁহারা) তদ্ধ্যানোদ্রিক্তয়া ভক্ত্যা (শ্রীকৃষ্ণের ধ্যানে বৃদ্ধিপ্রাপ্ত ভক্তির দ্বারা) বিষয়াত্মভিঃ (বিষয়াসক্ত) অসদ্ভিঃ (অজ্ঞানিগণের) দুরবাপাং (দুষ্প্রাপ্য) গতিং (মুক্তি), বিধূতকল্মষা (ও পাপশূন্য হইয়া) বিরজেন (কার্য্যকারণ সম্বন্ধরহিত) আত্মনা (আত্মাদ্বারা) স্থানং চ (পরমব্যোমনামক স্বর্গস্থান) অবাপুঃ (প্রাপ্ত হইলেন) ॥ ৪৭-৪৮ ॥

বিদুরঃ অপি (বিদুরও) প্রভাসে (প্রভাস নামক তীর্থে) কৃষ্ণাবেশেন তচ্চিত্তঃ (শ্রীকৃষ্ণভাবে তদ্গতচিত্ত হইয়া) আত্মনঃ দেহং পরিত্যজ্য (নিজ দেহ ত্যাগ করতঃ) পিতৃভিঃ (পিতৃগণের সহিত) স্বক্ষয়ং (স্বীয় অভিষ্ট স্থানে) যযৌ (গমন করিলেন) [অর্থাৎ বিদুরকে সম্বর্দ্ধনা করিবার জন্য আগত পিতৃগণের সহিত বিদুর স্বস্থানে গমন করিলেন] ॥ ৪৯ ॥

অনুবাদ

সর্ব্বোৎকৃষ্ট সেই পরমপুরুষ নারায়ণের শ্রীচরণে একান্তচিত্ত ও বিশুদ্ধবুদ্ধি হইয়া যুধিষ্ঠিরাদি ভ্রাতৃগণ শ্রীকৃষ্ণের ধ্যানে বৃদ্ধিপ্রাপ্ত ভক্তির দ্বারা সংসারাসক্ত অজ্ঞানিগণের দুষ্প্রাপ্য গতি লাভ করিলেন এবং তাঁহারা পাপশূন্য হইয়া কার্য্যকারণসম্বন্ধ-রহিত অর্থাৎ নির্ম্মল আত্মাদ্বারা পরমব্যোমনামক স্বর্গস্থান প্রাপ্ত হইলেন ॥ ৪৭-৪৮ ॥

বিদুরও প্রভাস নামক তীর্থে শ্রীকৃষ্ণের ভাবে তদ্গতচিত্ত হইয়া নিজ দেহ পরিত্যাগ করতঃ সম্বর্দ্ধনা করিয়া নেওয়ার জন্য সমাগত পিতৃগণের সহিত স্বীয় অভীষ্ট স্থানে গমন করিলেন ॥ ৪৯ ॥

টীকা

বৈকুণ্ঠচরণাম্বুজং জ্ঞাত্বা মনসা ধারয়ামাসুঃ ॥ ৪৬ ॥ তস্মিন্ নারায়ণস্য পদে চরণাম্বুজে পরে সর্ব্বত উৎকৃষ্টে একান্তা তদৈকবিষয়া মতির্যেষাং তে, তস্য চরণাম্বুজস্য ধ্যানেন উদ্রিক্তয়া তীব্রয়া ভক্ত্যা অসদ্ভির্দুরবাপাং গতিং মুক্তিং "যোঽস্যাধ্যক্ষঃ স পরমে ব্যোমন্" ইতিশ্রুতিপ্রোক্তং পরমব্যোমাখ্যং স্থানঞ্চ বিরজেন কার্য্যকারণসম্বন্ধরহিতেনাত্মনা অবাপুরিতি দ্বয়োরন্বয়ঃ ॥ ৪৭ ॥ ৪৮ ॥ স্বক্ষয়ং স্বাভীষ্টস্থানম্ ॥ ৪৯ ॥

দ্রৌপদী চ তদাজ্ঞায় পতীনামনপেক্ষতাম্।
বাসুদেবে ভগবতি হ্যেকান্তমতিরাপ তম্ ॥ ৫০ ॥
যচ্ছ্রদ্ধয়ৈতদ্ভগবৎপ্রিয়াণাং পাণ্ডোঃ সুতানামিতি সম্প্রয়াণম্।
শৃণোত্যলং স্বস্ত্যয়নং পবিত্রং লব্ধ্বা হরৌ ভক্তিমুপৈতি সিদ্ধিম্ ॥ ৫১ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথমস্কন্ধে পারীক্ষিতে যুধিষ্ঠিরাদিস্বর্গারোহণং নাম পঞ্চদশোঽধ্যায়ঃ ॥ ১৫ ॥

অন্বয়

তদা দ্রৌপদী চ (তখন দ্রৌপদীও) [আত্মানং প্রতি] (নিজের প্রতি) পতীনাং (পতিগণের) অনপেক্ষতাম্ আজ্ঞায় (অপেক্ষা নাই জানিয়া) ভগবতি বাসুদেবে (ভগবান্ বাসুদেবে) একান্তমতিঃ (একান্তচিত্ত হইয়া) তং হি (সেই বাসুদেবকেই) আপ (প্রাপ্ত হইলেন) ॥ ৫০ ॥

[যঃ] (যে পুণ্যবান্ ব্যক্তি) এতৎ (পূর্ব্বোক্ত শ্রীকৃষ্ণের স্বলোকে গমন) ভগবৎপ্রিয়াণাং (শ্রীকৃষ্ণের প্রিয়) পাণ্ডোঃ সুতানাং (পাণ্ডুপুত্র যুধিষ্ঠিরাদির) অলং স্বস্ত্যয়নং (অতিশয় মঙ্গলাস্পদ) পবিত্রং যৎ সম্প্রয়াণং (পবিত্র এই মহাপ্রস্থান বৃত্তান্ত) শৃণোতি (শ্রবণ করেন), [সঃ] হরৌ ভক্তিং লব্ধ্বা (সে ব্যক্তি শ্রীহরিতে ভক্তি লাভ করিয়া) সিদ্ধিম্ উপৈতি (সিদ্ধিলাভ করেন) ॥ ৫১ ॥

অনুবাদ

তখন দ্রৌপদীও তাঁহার নিজের প্রতি পতিগণের অপেক্ষা নাই বুঝিতে পারিয়া ভগবান্ বাসুদেবে একান্তচিত্ত হইয়া সেই বাসুদেবকেই প্রাপ্ত হইলেন ॥ ৫০ ॥

যে পুণ্যবান্ ব্যক্তি পূর্ব্বকথিত ভগবান্ শ্রীকৃষ্ণের স্বলোকগমন এবং শ্রীকৃষ্ণের প্রিয় পাণ্ডুপুত্র যুধিষ্ঠিরাদির অতিশয় মঙ্গলাস্পদ পবিত্র মহাপ্রস্থান বৃত্তান্ত শ্রবণ করেন, তিনি শ্রীহরিতে ভক্তিলাভ করিয়া সিদ্ধিলাভ অর্থাৎ মুক্তিলাভ করিয়া থাকেন ॥ ৫১ ॥

পঞ্চদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ১৫ ॥

টীকা

দ্রৌপদী তদা পতীনাম্ আত্মানং প্রত্যনপেক্ষতামাজ্ঞায় জ্ঞাত্বা ভগবতি একান্তমতিঃ সতী তং ভগবন্তমাপ ॥ ৫০ ॥ যঃ সুকৃতিঃ এতৎ পূর্ব্বোক্তং শ্রীকৃষ্ণস্য ভগবতো নিজলোকগমনং তথা ভগবৎপ্রিয়াণাং পাণ্ডোঃ সুতানাং কুন্ত্যাদিসহিতানাম্ ইতি পূর্ব্বোক্তং প্রয়াণং অলমত্যর্থং স্বস্ত্যয়নং পবিত্রং শৃণোতি স হরৌ ভক্তিং লব্ধ্বা সিদ্ধিম্ উপৈতি ॥ ৫১ ॥

ইতি শ্রীমদ্ভাগবতসিদ্ধান্ত প্রদীপে প্রথমস্কন্ধীয়ে পঞ্চদশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ১৫ ॥

ষোড়শোঽধ্যায়ঃ

সূত উবাচ

ততঃ পরীক্ষিদ্দ্বিজবর্য্যশিক্ষয়া মহীং মহাভাগবতঃ শশাস হ।
যথা হি সূত্যামভিজাতকোবিদাঃ সমাদিশন্ বিপ্র! মহদ্‌গুণস্তথা ॥ ১ ॥
স উত্তরস্য তনয়ামুপযেমে ইরাবতীম্।
জনমেজয়াদীংশ্চত্বারস্তস্যামুৎপাদয়ৎ সুতান্ ॥ ২ ॥

অন্বয়

সূতঃ উবাচ (সূত বলিলেন) হে বিপ্র! (হে শৌনক!) ততঃ (রাজ্যাভিষেকের পরে) মহদ্‌গুণঃ (মহাগুণশালী) মহাভাগবতঃ পরীক্ষিৎ (পরমবৈষ্ণব পরীক্ষিৎ) সূত্যাং (জন্ম সময়ে) অভিজাতকোবিদাঃ (জাতকের ভাগ্য গণনায় পটু জ্যোতির্ব্বিদ্ বিপ্রগণ) যথা (যেমন) সমাদিশন্ (বলিয়াছিলেন), তথা হি (সেইরূপেই) দ্বিজবর্য্যশিক্ষয়া (ব্রাহ্মণগণের উপদেশানুসারে) মহীং শশাস হ (পৃথিবী পালন করিতে লাগিলেন) ॥ ১ ॥

সঃ (পরীক্ষিৎ) উত্তরস্য তনয়াং (মাতুল উত্তরের কন্যা) ইরাবতীম্ (ইরাবতীকে) উপযেমে (বিবাহ করিলেন), তস্যাং (সেই ইরাবতীর গর্ভে) জনমেজয়াদীন্ চতুরঃ সুতান্ (জনমেজয়াদি চারিটি পুত্র) উৎপাদয়ৎ (উৎপন্ন করিলেন) ॥ ২ ॥

অনুবাদ

[দ্বাদশাধ্যায়ে পরীক্ষিতের জন্ম, কর্ম্ম ও প্রয়াণ বিষয়ে প্রশ্ন করা হইয়াছে এবং দ্বাদশাধ্যায়েই পরীক্ষিতের জন্ম-বৃত্তান্তও বর্ণিত হইয়াছে। তাঁহার নিধন সংক্ষেপরূপে অষ্টাদশাধ্যায়েও বিস্তৃতরূপে দ্বাদশস্কন্ধে বলা হইবে। এক্ষণে পরীক্ষিতের কর্ম্ম-বৃত্তান্ত বর্ণিত হইতেছে] সূত বলিলেন—হে শৌনক! রাজ্যাভিষেকের পরে মহাগুণশালী মহাভাগবত পরীক্ষিৎ জ্যোতির্ব্বিদ্‌গণ জন্ম সময়ে যেমন যেমন বলিয়াছিলেন, ঠিক সেইরূপেই ব্রাহ্মণগণের উপদেশানুসারে পৃথিবী পালন করিতে লাগিলেন ॥ ১ ॥

সেই রাজা পরীক্ষিৎ মাতুলের কন্যা ইরাবতীকে বিবাহ করিলেন এবং সেই ইরাবতীর গর্ভে তাঁহার জনমেজয়াদি চারিটি পুত্র উৎপন্ন হইল ॥ ২ ॥

টীকা

"সংস্থাং চ পাণ্ডুপুত্রাণাং বক্ষ্যে কৃষ্ণকথোদয়মি"তি যৎ প্রতিজ্ঞাতং তৎ প্রতিপাদ্য "অভিমন্যু-সুতং সূতঃ প্রাহুর্ভাগবতোত্তমম্। তস্য জন্মমহাশ্চর্য্যং কর্ম্মাণি চ গৃণীহি নঃ" ইতি চতুর্থাধ্যায়ে প্রশ্নঃ কৃতঃ। পুনঃ "অশ্বত্থাম্নোপসৃষ্টেন ব্রহ্মশীর্ষ্ণোরুতেজসা। উত্তরায়া হতো গর্ভ ঈশেনাজীবিতঃ পুনঃ॥ তস্য জন্ম মহাবুদ্ধেঃ কর্ম্মাণি চ মহাত্মনঃ। নিধনঞ্চ যথৈবাসীৎ স প্রেত্য গতবান্ যথা॥ তদিদং শ্রোতুমিচ্ছামি গদিতুং যদি মন্যসে। ব্রূহি নঃ শ্রদ্দধানানাং যস্য জ্ঞানমদাচ্ছুক" ইতি দ্বাদশাধ্যায়ে প্রশ্নঃ কৃতঃ। তত্র দ্বাদশাধ্যায়ে পরীক্ষিতো জন্ম বর্ণিতম্। নিধনং সংক্ষেপতোঽষ্টাদশা-ধ্যায়ে বিস্তরতো দ্বাদশস্কন্ধে বক্ষ্যতি। ইদানীং তস্য কর্ম্মাণি বর্ণয়তি—তত ইতি চতুর্ভিরধ্যায়ৈঃ।

আজহারাশ্বমেধাংস্ত্রীন্ গঙ্গায়াং ভূরিদক্ষিণান্।
শারদ্বতং গুরুং কৃত্বা দেবা যত্রাক্ষিগোচরাঃ ॥ ৩ ॥
নিজগ্রাহৌজসা বীরঃ কলিং দিগ্বিজয়ে ক্বচিৎ।
নৃপলিঙ্গধরং শূদ্রং ঘ্নন্তং গোমিথুনং পদা ॥ ৪ ॥

শৌনক উবাচ

কস্য হেতোর্নিজগ্রাহ কলিং দিগ্বিজয়ে নৃপঃ।
নৃদেবচিহ্নধৃক্ শূদ্রঃ কোঽসৌ গাং যঃ পদা অহন্ ॥ ৫ ॥

অন্বয়

শারদ্বতং (শারদ্বতের অপত্য কৃপকে) গুরুং কৃত্বা (গুরুরূপে বরণ করিয়া) গঙ্গায়াং (গঙ্গাতীরে) ভূরিদক্ষিণান্ (বহুদক্ষিণাযুক্ত) ত্রীন্ অশ্বমেধান্ (তিনটি অশ্বমেধযজ্ঞ) আজহার (করিয়াছিলেন)। যত্র (যে অশ্বমেধযজ্ঞে) দেবাঃ (দেবতাগণ) অক্ষিগোচরাঃ (প্রত্যক্ষ হইয়াছিলেন) ॥ ৩ ॥

বীরঃ (বলবান্ পরীক্ষিৎ) ক্বচিৎ দিগ্বিজয়ে (কোনও স্থানে দিগ্বিজয়কালে) গোমিথুনং পদা ঘ্নন্তং (বৃষ ও ধেনুকে পদাঘাতকারী) শূদ্রম্ [অপি] (শূদ্র হইয়াও) নৃপলিঙ্গধরং (রাজচিহ্নধারী) কলিম্ (কলিকে) ওজসা (বলে) নিজগ্রাহ (নিগ্রহ করিয়াছিলেন) ॥ ৪ ॥

শৌনকঃ উবাচ (শৌনক বলিলেন) নৃপঃ (রাজা পরীক্ষিৎ) কস্য হেতোঃ (কি কারণে) দিগ্বিজয়ে (দিগ্বিজয়কালে) কলিং নিজগ্রাহ (কলিকে কেবল নিগ্রহ করিলেন) [অর্থাৎ বধ

অনুবাদ

শারদ্বতের অপত্য কৃপাচার্য্যকে গুরুপদে বরণ করিয়া রাজা পরীক্ষিৎ গঙ্গাতীরে বহুদক্ষিণাযুক্ত তিনটি অশ্বমেধ যজ্ঞ করিয়াছিলেন; সেই অশ্বমেধযজ্ঞে দেবতাগণ প্রত্যক্ষ হইয়াছিলেন অর্থাৎ মনুষ্যগণের দৃষ্টিগোচর হইয়াছিলেন ॥ ৩ ॥

মহাবলবান্ মহারাজ পরীক্ষিৎ দিগ্বিজয়কালে কোনও স্থানে শূদ্র হইয়াও রাজবেশধারী কলি গোমিথুনকে অর্থাৎ বৃষ ও ধেনুকে পদাঘাত করিতেছে দেখিয়া বলে তাহাকে নিগ্রহ করিয়াছিলেন ॥ ৪ ॥

শৌনক বলিলেন—মহারাজ পরীক্ষিৎ দিগ্বিজয়কালে কি কারণে কলিকে কেবল নিগ্রহ

টীকা

ততোঽভিষেকানন্তরং মহান্তো দ্বাদশাধ্যায়োক্তগুণা যস্মিন্ স পরীক্ষিৎ। হে বিপ্র! যথা স্ত্যাং জন্মবেলায়াং অভিজাতকোবিদাঃ জাতকর্ম্মবিদঃ সমাদিশন্, তথৈব দ্বিজবর্য্যাণাং শিক্ষয়া মহীং শশাস, পালয়ামাস ॥ ১ ॥ স উত্তরস্য বৈরাটেস্তনয়াং উপযেমে উবাহ। তস্যাং জনমেজয়াদীন্ উৎপাদয়ৎ। জনান্ শত্রূন্ এজয়তে ইতি জনমেজয়ঃ ॥ ২ ॥ শারদ্বতোঽপত্যং কৃপং গুরুং কৃত্বা গঙ্গায়াং গঙ্গাতটে যত্র যেষু দেবাঃ ইন্দ্রাদয়ঃ অক্ষিগোচরাঃ প্রত্যক্ষাঃ বভূবুঃ, তানশ্বমেধান্ আজহার কৃতবান্ ॥ ৩ ॥ ক্বচিৎ স্থলে গোমিথুনং স্ত্রীপুংরূপয়োর্গবোর্যুগলম্ ॥ ৪ ॥ কস্য হেতোঃ কস্মাদ্ধেতোঃ কলিং নিজগ্রাহ কেবলং, যো গাং পদা পাদেন অহন্ তাড়িতবান্। কিঞ্চ শূদ্রঃ সন্ নৃদেবচিহ্নধৃক্ অতো বিপরীত-

তৎ কথ্যতাং মহাভাগ ! যদি বিষ্ণুকথাশ্রয়ম্ ।
অথবাস্য পদাম্ভোজ-মকরন্দলিহাং সতাম্ ॥ ৬ ॥
কিমন্যৈরসদালাপৈরায়ুষো যদসদ্ব্যয়ঃ ।
ক্ষুদ্রায়ুষাং নৃণামঙ্গ ! মর্ত্ত্যানামৃতমিচ্ছতাম্ ॥ ৭ ॥

অন্বয়

করিলেন না কেন ?] যঃ গাং পদা (যে কলি গোমিথুনকে পদদ্বারা) অহন্ (তাড়না করিয়াছে) [এবং] শূদ্রঃ [সন্] (শূদ্র হইয়া) নৃদেবচিহ্নধৃক্ (রাজবেশ ধারণ করিয়াছে) অসৌ কঃ ? (সেই কলি কোন্ কারণে অবধ্য ?) ॥ ৫ ॥

মহাভাগ ! যদি তৎ (যদি সেই কলিনিগ্রহাদি) বিষ্ণুকথাশ্রয়ং (শ্রীকৃষ্ণকথাযুক্ত) অথবা অস্য (অথবা শ্রীকৃষ্ণের) পদাম্ভোজমকরন্দলিহাং (পাদপদ্মের সৌন্দর্য্যরস যাঁহারা আস্বাদন করেন, সেই) সতাং (সজ্জনগণের) [কথোপেতং] (কথাযুক্ত হয়), [তর্হি] কথ্যতাং (তাহা হইলে বলুন) ॥ ৬ ॥

অঙ্গ ! (হে সূত !) ক্ষুদ্রায়ুষাং মর্ত্ত্যানাং নৃণাং (মরণশীল অল্পায়ু মানবগণের মধ্যে) ঋতম্ (সত্য অর্থাৎ ভগবৎপদ লাভে) ইচ্ছতাং (ইচ্ছুক মুমুক্ষুগণের) অন্যৈঃ অসদালাপৈঃ (শ্রীকৃষ্ণ ও শ্রীকৃষ্ণভক্তগণের কথাবর্জ্জিত আলাপে) কিম্ ? (কি প্রয়োজন ?) যৎ (যে অসদালাপের দ্বারা কেবল) আয়ুষঃ অসদ্ব্যয়ঃ (আয়ুর বৃথা ক্ষয় হইয়া থাকে) [অতএব কৃষ্ণ ও তদ্ভক্ত প্রসঙ্গ থাকিলে তাহা বর্ণনা করুন, নচেৎ বলিবার আবশ্যকতা নাই] ॥ ৭ ॥

অনুবাদ

করিলেন ? যে কলি গোমিথুনকে পদদ্বারা তাড়না করিয়াছে এবং শূদ্র হইয়া রাজবেশ ধারণ করিয়াছে, সেই কলি কি কারণে বধ্য হইল না ? ॥ ৫ ॥

হে মহাভাগ ! যদি সেই কলি-নিগ্রহাদি বৃত্তান্ত শ্রীকৃষ্ণের কথাযুক্ত অথবা শ্রীকৃষ্ণের পাদপদ্মের সৌন্দর্য্যরস যাঁহারা আস্বাদন করেন, সেই ভগবদ্ভক্তগণের কথা-যুক্ত হয়, তাহা হইলে উহা আমাদের নিকটে বলুন ॥ ৬ ॥

হে সূত ! মরণশীল অল্পায়ু মানবগণের মধ্যে যাঁহারা ভগবানের পাদপদ্ম পাইতে ইচ্ছুক সেই মুমুক্ষুগণের শ্রীকৃষ্ণ ও শ্রীকৃষ্ণভক্তগণের কথাশূন্য আলাপে প্রয়োজন কি ? সেই অসদালাপের দ্বারা কেবল বৃথা আয়ুক্ষয়ই হইয়া থাকে। অতএব কৃষ্ণ ও কৃষ্ণভক্তগণের প্রসঙ্গ থাকিলে সেই কলি-নিগ্রহ আমাদের নিকটে বর্ণনা করুন ॥ ৭ ॥

টীকা

কারিতয়া বধ্যঃ, অতোঽসৌ কঃ কেন গুণবিশেষেণোপেক্ষিত ইতি ভাবঃ ॥ ৫ ॥ তৎ কলি-নিগ্রহাদি কৃষ্ণস্য কথাশ্রয়ং কথোপেতং অথবা অস্য কৃষ্ণস্য পদাম্বুজয়োর্মকরন্দঃ সৌন্দর্য্যরসঃ তং লিহন্ত্যাস্বাদয়ন্তি যে তেষাং সাধূনাং কথোপেতং স্যাৎ তর্হি কথ্যতাম্ ॥ ৬ ॥ অঙ্গ ! হে সূত ! ক্ষুদ্রায়ুষাম্ অল্পায়ুষাং মর্ত্ত্যানাং মরণধর্ম্মিণাং মধ্যে যে ঋতং সত্যং ভগবৎপদমিচ্ছন্তি, তেষাং ঋতমিচ্ছতাং মুমুক্ষূণাম্ অন্যৈঃ কৃষ্ণতদ্দাসকথাবর্জ্জিতৈরসদালাপৈঃ কিং ন কিমপীত্যর্থঃ। যৎ যৈরসদালাপৈঃ আয়ুষোঽসদ্ব্যয়ঃ অসাধুক্ষয়ঃ, তস্মাৎ কৃষ্ণতদ্দাসকথাশ্রয়ং চেৎ তর্হি কথ্যতাম্ ॥ ৭ ॥

ইহোপহূতো ভগবান্ মৃত্যুঃ শামিত্রকর্ম্মণি।
ন কশ্চিন্ম্রিয়তে তাবদ্ যাবদস্তি ইহান্তকঃ ॥ ৮ ॥
এতদর্থং হি ভগবানাহূতঃ পরমর্ষিভিঃ।
অহো নৃলোকে পীয়েত হরিলীলামৃতং বচঃ ॥ ৯ ॥
মন্দস্য মন্দপ্রজ্ঞস্য বয়ো মন্দায়ুষশ্চ বৈ।
নিদ্রয়া হ্রিয়তে নক্তং দিবা চ ব্যর্থকর্ম্মভিঃ ॥ ১০ ॥

অন্বয়

ইহ (এই সত্র নামক কর্ম্মে) শামিত্রকর্ম্মণি (পশুবধের জন্য) ভগবান্ মৃত্যুঃ (ভগবান্ যম) উপহূতঃ (আহূত হইয়াছেন), অন্তকঃ (অতএব যম) যাবৎ ইহ (যে পর্য্যন্ত এখানে) অস্তি (থাকিবেন), তাবৎ (সেই পর্য্যন্ত) কশ্চিৎ [অপি] ন ম্রিয়তে (কেহই মরিবে না) ॥ ৮ ॥

অহো! নৃলোকে (মানবলোকে) হরিলীলামৃতং বচঃ (শ্রীহরির লীলারূপ অমৃতযুক্ত বাক্য) পীয়েত (পান করুক অর্থাৎ শ্রবণ করুক) এতদর্থং হি (এই জন্যই) পরমর্ষিভিঃ (মহর্ষিগণকর্ত্তৃক) ভগবান্ (ভগবান্ যমদেব) আহূতঃ (আহূত হইয়াছেন) ॥ ৯ ॥

মন্দস্য (বুদ্ধিপ্রণিধানে যত্নহীন) মন্দপ্রজ্ঞস্য (শ্রোতব্যাশ্রোতব্যবিষয়ে বিবেকবুদ্ধিরহিত) মন্দায়ুষঃ চ (ও অল্পায়ু ব্যক্তিগণের) বয়ঃ (আয়ুঃ) নক্তং (রাত্রিতে) নিদ্রয়া (নিদ্রাদ্বারা) দিবা চ (ও দিনে) ব্যর্থকর্ম্মভিঃ (ব্যর্থ কর্ম্মের দ্বারা) হ্রিয়তে (ক্ষয়প্রাপ্ত হয়) ॥১০॥

অনুবাদ

এই সত্র নামক যজ্ঞে পশুবধ কর্ম্মের নিমিত্ত ভগবান্ যমদেব আহূত হইয়াছেন। অতএব যমদেব যে পর্য্যন্ত এখানে থাকিবেন, সেই পর্য্যন্ত কাহারও মৃত্যু হইবে না ॥ ৮ ॥

যাহাতে মনুষ্যলোকে মানবগণ শ্রীহরির লীলারূপ অমৃতযুক্ত বাক্য পান অর্থাৎ শ্রবণ করিতে পারে, সেই জন্যই মহর্ষিগণ ভগবান্ যমদেবকে যজ্ঞে আহ্বান করিয়াছেন অর্থাৎ যমের অবর্ত্তমানকালে মৃত্যু হইবে না ও সেই অবসরে মানবগণ হরিলীলামৃতপানে মৃত্যুকে অতিক্রম করুক ইহাই ঋষিগণের উদ্দেশ্য ॥ ৯ ॥

অলস, মন্দবুদ্ধি ও অল্পায়ু ব্যক্তিগণের পরমায়ুঃ রাত্রিতে নিদ্রা দ্বারা ও দিনে ব্যর্থ কার্য্যের দ্বারা ক্ষয় হইয়া থাকে ॥ ১০ ॥

টীকা

ইহ সত্রে শামিত্রকর্ম্মণি শমিতুরিদং শামিত্রং পশ্বালম্ভনম্ কর্ম্ম তদর্থং মৃত্যুর্ভগবান্ উপহূতঃ আহূতঃ, অতঃ অন্তকো যাবৎ ইহাস্তে, তাবৎ কশ্চিদপি ন ম্রিয়তে ॥ ৮ ॥ মৃত্যুপ্রতিকারপ্রয়োজনমাহ—এতদর্থমিতি। অর্থমাহ—হরিলীলৈবামৃতং যস্মিন্ তদ্বচঃ অহো নৃলোকে পীয়েতেতি ॥৯॥ অন্যথা তু জীবনং নিষ্ফলমিত্যাহ—মন্দস্যেতি। মন্দস্য প্রজ্ঞোৎপাদনে শিথিলপ্রযত্নস্য মন্দপ্রজ্ঞস্য মন্দা শ্রোতব্যাশ্রোতব্যবিবেকহীনা প্রজ্ঞা যস্য, মন্দায়ুষঃ অল্পায়ুষঃ তাদৃগ্বচঃ অশৃণ্বতঃ বয় আয়ুঃ

সূত উবাচ

যদা পরীক্ষিৎ কুরুজাঙ্গলে বসন্ কলিং প্রবিষ্টং নিজচক্রবর্ত্তিতে।
নিশম্য বার্ত্তামনতিপ্রিয়াং ততঃ শরাসনং সংযুগশৌণ্ড আদদে ॥ ১১॥
স্বলঙ্কৃতং শ্যামতুরঙ্গযোজিতং রথং মৃগেন্দ্রধ্বজমাস্থিতঃ পুরাৎ।
বৃতো রথাশ্বদ্বিপপত্তিযুক্তয়া স্বসেনয়া দিগ্বিজয়ায় নির্গতঃ ॥ ১২ ॥
ভদ্রাশ্বং কেতুমালঞ্চ ভারতঞ্চোত্তরান্ কুরূন্।
কিম্পুরুষাদীনি বর্ষাণি বিজিত্য জগৃহে বলিম্ ॥ ১৩ ॥

অন্বয়

সূতঃ উবাচ (সূত বলিলেন) যদা (যখন) পরীক্ষিৎ (রাজা পরীক্ষিৎ) কুরুজাঙ্গলে বসন্ (কুরুজাঙ্গলনামক দেশে বাস করিতে করিতে) নিজচক্রবর্ত্তিতে (নিজ সৈন্য দ্বারা পরিপালিত স্থানে) কলিং প্রবিষ্টম্ [অশৃণোৎ] (কলি প্রবিষ্ট হইয়াছে শুনিতে পাইলেন), তদা (তখন) অনতিপ্রিয়াং বার্ত্তাং নিশম্য (অত্যন্ত অপ্রিয় সংবাদ শ্রবণ করিয়া) ততঃ (প্রতিকারের নিমিত্ত) সংযুগশৌণ্ডঃ (যুদ্ধনিপুণ রাজা পরীক্ষিৎ) শরাসনম্ আদদে (ধনুর্ব্বাণ গ্রহণ করিলেন)॥ ১১ ॥

(রাজা পরীক্ষিৎ) স্বলঙ্কৃতং (সুন্দর অলঙ্কারে ভূষিত) শ্যামতুরঙ্গযোজিতং (শ্যামবর্ণ অশ্বযুক্ত) মৃগেন্দ্রধ্বজং (সিংহাঙ্কিতধ্বজাযুক্ত) রথম্ আস্থিতঃ (রথে আরোহণ করিয়া) রথাশ্বদ্বিপপত্তিযুক্তয়া (রথ, অশ্ব, হস্তী ও পদাতিযুক্ত) স্বসেনয়া বৃতঃ (নিজ সৈন্যগণে পরিবেষ্টিত হইয়া) দিগ্বিজয়ায় (দিগ্বিজয়ের নিমিত্ত) পুরাৎ নির্গতঃ (পুরী হইতে বহির্গত হইলেন)॥ ১২ ॥

(পরীক্ষিৎ) ভদ্রাশ্বং, কেতুমালং, ভারতম্ উত্তরান্ কুরূন্ চ (ভদ্রাশ্ব, কেতুমাল, ভারত ও উত্তরকুরু) কিম্পুরুষাদীনি বর্ষাণি (এবং কিম্পুরুষাদি বর্ষসকল) বিজিত্য (জয় করিয়া) বলিং জগৃহে (কর গ্রহণ করিলেন)॥ ১৩ ॥

অনুবাদ

সূত বলিলেন—যখন মহারাজ পরীক্ষিৎ কুরুজাঙ্গল নামক স্বদেশে বাস করতঃ স্বকীয় সৈন্যের দ্বারা পরিরক্ষিত রাজ্য মধ্যে কলি প্রবিষ্ট হইয়াছে শুনিতে পাইলেন, তখন এই অপ্রিয় সংবাদ শুনিবামাত্রই তাহার প্রতিকারের জন্য যুদ্ধনিপুণ রাজা পরীক্ষিৎ ধনুর্ব্বাণ গ্রহণ করিলেন॥ ১১ ॥

রাজা পরীক্ষিৎ সুন্দর অলঙ্কারে ভূষিত, শ্যামবর্ণ অশ্বযুক্ত ও সিংহাঙ্কিত ধ্বজাযুক্ত রথে আরোহণ করিয়া অশ্ব, রথ, হস্তী ও পদাতিযুক্ত স্বীয় সৈন্যগণে পরিবেষ্টিত হইয়া দিগ্বিজয়ের নিমিত্ত পুরী হইতে বহির্গত হইলেন॥ ১২ ॥

রাজা পরীক্ষিৎ ভদ্রাশ্ব, কেতুমাল, ভারত ও উত্তরকুরু এবং কিম্পুরুষাদি বর্ষসকল জয় করিয়া রাজগণের নিকট হইতে কর গ্রহণ করিলেন॥ ১৩ ॥

টীকা

নক্তং রাত্রৌ নিদ্রয়া, দিবা অহনি ব্যর্থকর্ম্মভিঃ হ্রিয়তে॥ ১০॥ নিজচক্রবর্ত্তিতে নিজচক্রেণ সেনাত্মকেন আজ্ঞাত্মকেন বা বর্ত্তিতে পালিতে যদা কলিং প্রবিষ্টমশৃণোৎ শুশ্রাব, তদা অনতিপ্রিয়াং বার্ত্তাং নিশম্য ততঃ হেতোঃ সংযুগশৌণ্ডঃ যুদ্ধে প্রগল্‌ভঃ শরাসনমাদদে॥ ১১॥ ততো দিগ্‌বিজয়ায়

তত্র তত্রোপশৃণ্বানঃ স্বপূর্ব্বেষাং মহাত্মনাম্।
প্রগীয়মাণঞ্চ যশঃ কৃষ্ণমাহাত্ম্যসূচকম্ ॥ ১৪ ॥
আত্মানঞ্চ পরিত্রাতমশ্বত্থাম্নোঽস্ত্রতেজসঃ।
স্নেহঞ্চ বৃষ্ণিপার্থানাং তেষাং ভক্তিং চ কেশবে ॥ ১৫ ॥
তেভ্যঃ পরমসংহৃষ্টঃ প্রীত্যুজ্জৃম্ভিতলোচনঃ।
মহাধনানি বাসাংসি দদৌ হারান্ মহামনাঃ ॥ ১৬ ॥
সারথ্যপারষদসেবনসখ্যদৌত্য-বীরাসনানুগমনস্তবনপ্রণামান্।
স্নিগ্ধেষু পাণ্ডুষু জগৎপ্রণতিঞ্চ বিষ্ণো-র্ভক্তিং করোতি নৃপতিশ্চরণারবিন্দে ॥ ১৭ ॥

অন্বয়

তত্র তত্র (সেই সেই দেশে [সেই সেই দেশবাসিগণকর্ত্তৃক]) প্রগীয়মানং (কীর্ত্তিত) কৃষ্ণমাহাত্ম্যসূচকং (শ্রীকৃষ্ণের মাহাত্ম্যসূচক) স্বপূর্ব্বেষাং মহাত্মনাং (নিজ পূর্ব্বপুরুষগণের) যশঃ চ (কীর্ত্তি), অশ্বত্থাম্নঃ (অশ্বত্থামার) অস্ত্রতেজসঃ (ব্রহ্মাস্ত্র তেজ হইতে) পরিত্রাতম্ আত্মানং চ (নিজের রক্ষণবৃত্তান্ত), বৃষ্ণিপার্থানাং (যাদব ও পাণ্ডবগণের) স্নেহং (পরস্পরের স্নেহ) তেষাং (ও তাঁহাদের) কেশবে ভক্তিং চ (শ্রীকৃষ্ণে ভক্তি) [এই সকল] উপশৃণ্বানঃ (শ্রবণ করিয়া) পরমসংহৃষ্টঃ (অত্যন্ত সন্তুষ্ট হইয়া) প্রীত্যুজ্জৃম্ভিতলোচনঃ (আনন্দোৎফুল্ল নেত্রে) মহামনাঃ (অতিশয় বদান্য পরীক্ষিৎ) তেভ্যঃ (তাহাদিগকে অর্থাৎ স্তুতিবাদকদিগকে) মহাধনানি (প্রচুর অর্থ) বাসাংসি (বহু বস্ত্র) হারান্ চ দদৌ (ও হারাদি অলঙ্কারসমূহ প্রদান করিলেন) ॥ ১৪-১৬ ॥

নৃপতিঃ (রাজা পরীক্ষিৎ) স্নিগ্ধেষু পাণ্ডুষু (স্নেহের পাত্র পাণ্ডবগণে) বিষ্ণোঃ (শ্রীকৃষ্ণের) সারথ্যপারষদসেবনসখ্যদৌত্যবীরাসনানুগমনস্তবনপ্রণামান্ (যুদ্ধে সারথ্য, সভাতে সভ্যত্ব, ভৃত্যকর্ম্ম,

অনুবাদ

সেই সেই দেশের অধিবাসিগণ শ্রীকৃষ্ণ-মাহাত্ম্যসূচক নিজ পূর্ব্বপুরুষগণের যশঃ, দ্রোণপুত্র অশ্বত্থামার ব্রহ্মাস্ত্রতেজ হইতে নিজের রক্ষণ বৃত্তান্ত, পাণ্ডব ও যাদবগণের পরস্পর স্নেহ এবং পাণ্ডব ও যাদবগণের শ্রীকৃষ্ণে ভক্তি এই সকল কীর্ত্তন করিতেছে শ্রবণ করিয়া অতিশয় বদান্য রাজা পরীক্ষিৎ অত্যন্ত সন্তুষ্ট হইলেন, এবং আনন্দোৎফুল্লনেত্রে সেই সেই স্তুতিগায়কদিগকে প্রচুর ধন, বহু বস্ত্র ও হারাদি নানাবিধ অলঙ্কার প্রদান করিলেন ॥ ১৪-১৬ ॥

সেই সকল লোকমুখে স্নেহের পাত্র পাণ্ডবগণের নিমিত্ত ভগবান্ শ্রীকৃষ্ণের যুদ্ধে সারথ্য গ্রহণ সভায় সভ্যত্ব গ্রহণ, পরিচর্য্যায় ভৃত্যকর্ম্ম, সৌহার্দ্দ, দূতকর্ম্ম, পাণ্ডবগণের রক্ষার্থ খড়্গহস্তে

টীকা

নির্গতঃ ॥ ১২ ॥ আদিনা হরিপ্রভৃতিবর্ষগ্রহণম্ ॥ ১৩ ॥ তত্র তত্র যশ আদি শৃণ্বানস্তেভ্যঃ দদৌ ইতি তৃতীয়েনান্বয়ঃ ॥ ১৪ ॥ ১৫ ॥ মহামনাঃ অতিবদান্যঃ ॥ ১৬ ॥ স্নিগ্ধেষু স্নেহবৎসু বিষ্ণোর্বাসুদেবস্য সারথ্যাদীনি কর্ম্মাণি শৃণ্বন্ তথা বিষ্ণোর্জগৎকর্ত্তৃকাং প্রণতিঞ্চ শৃণ্বন্ নৃপতির্বিষ্ণোশ্চরণারবিন্দে ভক্তিং করোতিস্ম চকার ইত্যর্থঃ। তত্র সারথ্যং সৌত্যং, পারিষদং সভ্যত্বং, দৌত্যং দূতকর্ম্ম ॥ ১৭ ॥

তস্যৈবং বর্ত্তমানস্য পূর্ব্বেষাং বৃত্তিমন্বহম্ ।
নাতিদূরে কিলাশ্চর্য্যং যদাসীৎ তন্নিবোধ মে ॥ ১৮ ॥
ধর্ম্মঃ পদৈকেন চরন্ বিচ্ছায়ামুপলভ্য গাম্ ।
পৃচ্ছতি স্মাশ্রুবদনাং বিবৎসামিব মাতরম্ ॥ ১৯ ॥

ধর্ম্ম উবাচ

কচ্চিদ্ভদ্রেঽনাময়মাত্মনস্তে বিচ্ছায়াসি ম্লায়তেষন্মুখেন ।
আলক্ষয়ে ভবতীমন্তরাধিং দূরে বন্ধুং শোচসি কঞ্চনাম্ব ! ॥ ২০ ॥

অন্বয়

সৌহার্দ্দ, দূতকর্ম্ম, বীরাসন অর্থাৎ খড়্গ হস্তে রাত্রিকালে জাগরণ, অনুগমন, স্তুতি ও প্রণতি) জগৎপ্রণতিং চ (এবং শ্রীকৃষ্ণের চরণে সমস্ত জগতের প্রণতি) [শৃণ্বন্] (শ্রবণ করিয়া) বিষ্ণোঃ চরণারবিন্দে ভক্তিং করোতি (শ্রীকৃষ্ণের চরণকমলে অনুরক্ত হইলেন) ॥ ১৭ ॥

(হে শৌনক !) এবং (এই প্রকারে) পূর্ব্বেষাং বৃত্তিং (পূর্ব্ব পূর্ব্ব রাজর্ষিগণের ব্যবহার) অন্বহং বর্ত্তমানস্য (প্রতিদিন অনুবর্ত্তনকারী) তস্য (সেই পরীক্ষিতের) [রাজ্যে] নাতিদূরে (শীঘ্রই) কিল আশ্চর্য্যং যদাসীৎ (আশ্চর্য্য যাহা ঘটিয়াছিল) তৎ (তাহা) মে (আমার নিকটে) নিবোধ (শ্রবণ কর) ॥ ১৮ ॥

ধর্ম্মঃ (বৃষরূপী ধর্ম্ম) একেন পদা চরন্ (একপদে বিচরণ করিতে করিতে) বিবৎসাং মাতরম্ ইব (বৎসহারা জননীর ন্যায়) বিচ্ছায়াং (প্রভাহীনা) গাং (গোরূপধারিণী পৃথিবীকে) অশ্রুবদনাং (অশ্রুমুখী) উপলভ্য (দেখিয়া) পৃচ্ছতি স্ম (জিজ্ঞাসা করিলেন) ॥ ১৯ ॥

ভদ্রে ! (হে কল্যাণি !) তে (তোমার) আত্মনঃ (দেহের) অনাময়ং কচ্চিৎ ? (মঙ্গল ত ?) বিচ্ছায়া অসি (তুমি প্রভাহীনা হইয়াছ), ঈষৎ ম্লায়তা মুখেন (ঈষৎ ম্লানবদনের

অনুবাদ

রাত্রি জাগরণ, তাঁহাদের অনুগমন, স্তুতি, প্রণতি এবং শ্রীকৃষ্ণের চরণে সমস্ত জগতের প্রণতি শ্রবণ করিয়া মহারাজ পরীক্ষিৎ শ্রীকৃষ্ণের চরণকমলে অনুরক্ত হইলেন ॥ ১৭ ॥

হে শৌনক ! এই প্রকারে মহারাজ পরীক্ষিৎ পূর্ব্ব পূর্ব্ব রাজর্ষিগণের ব্যবহার প্রতিদিন অনুসরণ করিতেছেন, এমন সময় তাঁহার রাজ্যে শীঘ্রই এক আশ্চর্য্যজনক ঘটনা যাহা ঘটিয়াছিল, তাহা আমার নিকটে শ্রবণ কর ॥ ১৮ ॥

বৃষরূপী ধর্ম্ম একপদে বিচরণ করিতে করিতে বৎসহারা জননীর ন্যায় প্রভাহীনা গোরূপধারিণী পৃথিবীকে রোদন করিতে দেখিয়া জিজ্ঞাসা করিলেন ॥ ১৯ ॥

হে কল্যাণি ! তোমার দেহের কুশল ত ? তুমি প্রভাহীনা হইয়াছ, আমি কিন্তু তোমার

টীকা

অন্বহং পূর্ব্বেষাং রাজর্ষীণাং বৃত্তিং বর্ত্তমানস্য অনুবর্ত্তমানস্য সতঃ নাতিদূরে শীঘ্রমেব যদাশ্চর্য্য-মাসীৎ তন্মে মত্তো নিবোধ শৃণু ॥ ১৮ ॥ ধর্ম্মো বৃষরূপঃ বিচ্ছায়াং বিগতপ্রভাং গোরূপধরাং পৃথ্বীং বৎসহীনাং মাতরমিব পৃচ্ছতিস্ম অপৃচ্ছদিত্যর্থঃ ॥ ১৯ ॥ তদেবাহ—কচ্চিদিতি ষড়্ভিঃ। হে ভদ্রে ! কচ্চিৎ তে তব আত্মনঃ দেহস্য অনাময়ং আরোগ্যমস্তি। অহং তু যতো বিচ্ছায়াসি, ততঃ ঈষৎম্লায়তা

পাদৈর্ন্যূনং শোচসি মৈকপাদমুতাত্মানং বৃষলৈর্ভোক্ষ্যমাণম্।
আহো সুরাদীন্ হৃতযজ্ঞভাগান্ প্রজা উতস্বিন্ন ঘবত্যবর্ষতি ॥ ২১ ॥
অরক্ষ্যমাণাঃ স্ত্রিয় উর্ব্বি বালান্ শোচস্যথো পুরুষাদৈরিবার্ত্তান্।
বাচং দেবীং ব্রহ্মকুলে কুকর্ম্মণ্যব্রহ্মণ্যে রাজকুলে কুলাগ্র্যান্ ॥২২॥

অন্বয়

দ্বারা) ভবতীং (তোমাকে) অন্তরাধিং (মানসিক দুঃখযুক্তা বলিয়া) আলক্ষয়ে (লক্ষ্য করিতেছি)। অম্ব! (হে মাতঃ!) দূরে [স্থিতং] কঞ্চন বন্ধুং (দূরস্থিত কোনও বন্ধুর জন্য) শোচসি? (শোক করিতেছ কি?) ॥ ২০ ॥

(অথবা) পাদৈঃ নূনং (ত্রিপাদবিহীন) একপদং মা (এক পদযুক্ত আমার জন্য) শোচসি (শোক করিতেছ?) উত (অথবা) বৃষলৈঃ (ভবিষ্যতে শূদ্ররাজগণকর্ত্তৃক) ভোক্ষ্যমাণম্ আত্মানং (উপভোগ্যা নিজের জন্য) [শোক করিতেছ?] আহো (অথবা) হৃতযজ্ঞভাগান্ (যজ্ঞ ভাগ হইতে বঞ্চিত) সুরাদীন্ (দেবতা প্রভৃতির জন্য) [শোক করিতেছ?] উতস্বিৎ (অথবা) ঘবতি অবর্ষতি [সতি] (ইন্দ্র বর্ষণ না করায়) প্রজাঃ (প্রজাগণ) [দুর্ভিক্ষপীড়িত বলিয়া তাহাদের জন্য] শোচসি (শোক করিতেছ?) ॥ ২১ ॥

উর্ব্বি! (হে পৃথিবি!) [ভর্ত্রাদিভিঃ] অরক্ষ্যমাণা স্ত্রিয়ঃ (স্বামীপ্রভৃতিকর্ত্তৃক অরক্ষিতা স্ত্রীগণের জন্য) শোচসি (শোক করিতেছ?) অথো (অথবা) পুরুষাদৈঃ ইব [পিত্রাদিভিঃ] (রাক্ষসের মত নিষ্ঠুর পিতৃপ্রভৃতি অভিভাবককর্ত্তৃক) আর্ত্তান্ বালান্ [শোচসি] (পীড়িত শিশুগণের জন্য

অনুবাদ

ম্লানমুখের দ্বারা তোমাকে মানসিক দুঃখযুক্তা বলিয়া মনে করিতেছি। হে মাতঃ! দূরস্থিত কোনও বন্ধুর জন্য তুমি শোক করিতেছ কি? ॥ ২০ ॥

অথবা ত্রিপাদবিহীন একপাদে বিচরণকারী আমার জন্য শোক করিতেছ? অথবা ভবিষ্যতে শূদ্ররাজগণকর্ত্তৃক তুমি উপভোগ্যা হইবে বলিয়া নিজের জন্য শোক করিতেছ? অথবা যাগযজ্ঞ নাই বলিয়া যজ্ঞভাগ হইতে বঞ্চিত দেবতাপ্রভৃতির জন্য শোক করিতেছ? অথবা দেবরাজ ইন্দ্র বর্ষণ না করায় দুর্ভিক্ষপীড়িত প্রজাগণের জন্য শোক করিতেছ? ॥ ২১ ॥

হে পৃথিবি! বর্ত্তমানে স্বামী স্ত্রীকে রক্ষা করিতেছে না, এই জন্যই কি তুমি শোক

টীকা

দৈন্যবতা মুখেন চ অন্তর্মধ্যে আধির্ব্যথা যস্যাস্তথাভূতাং ভবতীং আলক্ষয়ে। তত্র বহূন্ হেতূন্ তর্কয়ন্ পৃচ্ছতি। হে অম্ব! দূরেস্থিতং কঞ্চন বন্ধুং শোচসি? ॥ ২০ ॥ কিম্বা ত্রিভিঃ পাদৈ র্ন্যূনং একঃ পাদো যস্য, তথাভূতং মা মাং শোচসি? অথবা অতঃপরম্ আত্মানং বৃষলৈঃ শূদ্রপ্রায়ৈঃ রাজন্যৈ-র্ভোক্ষ্যমাণং শোচসি? আহোস্বিৎ হতা নষ্টাঃ ছিন্না যজ্ঞভাগা যেষাং তান্ সুরাদীন্ দেবর্ষিপিতৃন্ শোচসি? উত প্রজা দুর্ভিক্ষকর্ষিতাঃ? ॥ ২১ ॥ হে উর্ব্বি! বসুন্ধরে! অরক্ষ্যমাণা ভর্ত্রাদিভিরিতি শেষঃ। স্ত্রিয়ঃ শোচসি? অথো অথবা পুরুষাদৈরিবাতিনির্দ্দয়ৈঃ পিত্রাদিভিঃ বালান্ আর্ত্তান্ ক্লিষ্টান্ শোচসি? কুকর্ম্মণি কুৎসিতকর্ম্মপরে দেবীং দ্যোতমানাং বাচং সরস্বতীং কিংবা শোচসি? অব্রহ্মণ্যে

কিং ক্ষত্রবন্ধূন্ কলিনোপসৃষ্টান্ রাষ্ট্রাণি বা তৈরবরোপিতানি।
ইতস্ততো বাশনপানবাস-স্নানব্যবায়োন্মুখজীবলোকম্ ॥ ২৩ ॥
যদ্বাম্ব! তে ভূরিভরাবতার-কৃতাবতারস্য হরের্ধরিত্রি!।
অন্তর্হিতস্য স্মরতী বিসৃষ্টা কর্ম্মাণি নির্ব্বাণবিলম্বিতানি ॥ ২৪ ॥

অন্বয়

শোক করিতেছ?) কুকর্ম্মণি ব্রহ্মকুলে (অনাচার ব্রাহ্মণকুলে) [অবস্থিতা] দেবীং বাচং (অবস্থিতা বেদরূপা সরস্বতীর জন্য) [শোচসি] (শোক করিতেছ?) কিম্বা অব্রহ্মণ্যে রাজকুলে (অথবা ব্রাহ্মণগণের অহিতকারী রাজকুলে) কুলাগ্র্যান্ [জীবিকার জন্য অবস্থিত] (শ্রেষ্ঠ ব্রাহ্মণগণের জন্য) [শোচসি] (শোক করিতেছ?) ॥ ২২ ॥

কলিনা উপসৃষ্টান্ (কলিকর্ত্তৃক আক্রান্ত) ক্ষত্রবন্ধূন্ (ক্ষত্রিয়গণের জন্য) বা (অথবা) তৈঃ (সেই ক্ষত্রিয়গণ কর্ত্তৃক) অবরোপিতানি (অশাসিত) রাষ্ট্রাণি (রাজ্যের জন্য) বা (অথবা) ইতস্ততঃ (সর্ব্বত্র অর্থাৎ বিধিনিষেধের অপেক্ষা না করিয়াই) অশনপানবাসস্নান-ব্যবায়োন্মুখজীবলোকং (আহার, পান, অবস্থান, স্নান ও মৈথুন বিষয়ে উন্মুখ জীবলোকের জন্য) [শোচসি] (শোক করিতেছ?) ॥ ২৩ ॥

যদ্বা (অথবা) হে অম্ব! (হে মাতঃ ধরিত্রি!) তে (তোমার) ভূরিভরাবতারকৃতাবতারস্য (বহুভার অপনোদনের নিমিত্ত অবতার দেহধারী) অন্তর্হিতস্য (অন্তর্দ্ধানকারী) হরেঃ (শ্রীকৃষ্ণের) নির্ব্বাণবিলম্বিতানি (মোক্ষসাধক) কর্ম্মাণি (লীলাসকল) স্মরতী (ভাবনা করিয়া) [শোক করিতেছ?] [যতঃ] বিসৃষ্টা (যেহেতু শ্রীহরিকর্ত্তৃক পরিত্যক্তা হইয়াছ) ॥ ২৪ ॥

অনুবাদ

করিতেছ? অথবা রাক্ষসের ন্যায় নির্দ্দয় পিতা পুত্রকে পীড়া দিতেছে বলিয়া শোক করিতেছ? অথবা আচারবিহীন ব্রাহ্মণকুলে বেদরূপা সরস্বতী অবস্থান করিতেছেন বলিয়া শোক করিতেছ? কিংবা ব্রাহ্মণগণের অহিতকারী রাজকুলে শ্রেষ্ঠ ব্রাহ্মণগণ জীবিকার জন্য অবস্থান করিতেছেন বলিয়া শোক করিতেছ? ॥ ২২ ॥

কিম্বা কলিকর্ত্তৃক আক্রান্ত ক্ষত্রিয়গণের জন্য, অথবা সেই ক্ষত্রিয়কর্ত্তৃক অশাসিত রাজ্যের জন্য, অথবা যথেচ্ছভাবে কোন প্রকার বিধিনিষেধের অপেক্ষা না রাখিয়াই আহার, পান, অবস্থান, স্নান ও মৈথুন বিষয়ে জীবলোককে উন্মুখ দেখিয়া তুমি শোক করিতেছ কি? ॥ ২৩ ॥

অথবা হে মাতঃ ধরিত্রি! তোমার গুরুভার অপনোদনের নিমিত্ত ভগবান্ শ্রীকৃষ্ণ অবতীর্ণ হইয়া এক্ষণে অন্তর্দ্ধান করিয়াছেন, তুমি কি সেই শ্রীহরির মোক্ষসাধক লীলা সকল স্মরণ করিয়া শোক করিতেছ? যেহেতু তুমি শ্রীহরি কর্ত্তৃক এক্ষণে পরিত্যক্তা হইয়াছ ॥ ২৪ ॥

টীকা

ব্রাহ্মণানামহিতকারিণি কুলাগ্র্যান্ দ্বিজোত্তমান্ জীবিকার্থং স্থিতান্ শোচসি? ॥ ২২ ॥ কিংবা বলিনা উপসৃষ্টান্ ব্যাপ্তান্? আহোস্বিৎ তৈঃ কলিনা উপসৃষ্টৈঃ অবরোপিতানি উদ্বাসিতানি? কিম্বা ইতস্ততঃ

ইদং মমাচক্ষ্ব তবাধিমূলং বসুন্ধরে যেন বিকর্শিতাসি।
কালেন বা তে বলিনাং বলীয়সা সুরার্চ্চিতং কিং হৃতমম্ব! সৌভগম্ ॥ ২৫ ॥

ধরণ্যুবাচ

ভবান্ হি বেদ তৎ সর্ব্বং যন্মাং ধর্ম্মানুপৃচ্ছসি।
চতুর্ভির্বর্ত্তসে যেন পাদৈর্লোকসুখাবহৈঃ ॥ ২৬ ॥

অন্বয়

হে বসুন্ধরে! যেন (যে কারণে) বিকর্শিতা অসি (দুঃখিতা হইয়াছ), তব ইদম্ আধিমূলং (তোমার এই মনোদুঃখের কারণ) মম আচক্ষ্ব (আমার নিকটে বল)। হে অম্ব! (হে মাতঃ) বা (অথবা) বলিনাং বলীয়সা (অতিশয় বলবান্) কালেন (কালকর্ত্তৃক) তে (তোমার) সুরার্চ্চিতং (দেববাঞ্ছিত) সৌভগং (সৌভাগ্য) হৃতম্ কিম্? (অপহৃত হইয়াছে কি?) ॥ ২৫ ॥

ধরণী উবাচ (পৃথিবী বলিতে লাগিলেন) (হে) ধর্ম্ম! মাং (আমাকে) যৎ (যে মনোদুঃখের কারণ) অনুপৃচ্ছসি (জিজ্ঞাসা করিয়াছেন), ভবান্ হি তৎ সর্ব্বং বেদ (আপনি সেই সকলই জানেন)। [তথাপি শ্রবণ করুন] যেন (যে শ্রীকৃষ্ণ ছিলেন বলিয়া) লোকসুখাবহৈঃ (লোকের সুখাবহ) চতুর্ভিঃ পাদৈঃ [ত্বং] (চারিপাদে আপনি) বর্ত্তসে (বর্ত্তমান ছিলেন), [সেই শ্রীকৃষ্ণবিরহিত লোকের জন্য আমি শোক করিতেছি। ষষ্ঠ শ্লোকের সহিত অন্বয় হইবে] ॥ ২৬ ॥

অনুবাদ

হে বসুন্ধরে! তুমি যে কারণে দুঃখিতা হইয়াছ, তোমার সেই মনোদুঃখের কারণ আমার নিকটে বল। অথবা হে মাতঃ! অতিশয় বলবান্ কালকর্ত্তৃক তোমার দেববাঞ্ছিত সৌভাগ্য অপহৃত হইয়াছে কি? ॥ ২৫ ॥

পৃথিবী বলিতে লাগিলেন—হে ধর্ম্ম! আমাকে যে মনোদুঃখের কারণ জিজ্ঞাসা করিয়াছেন, আপনি সে সমস্তই অবগত আছেন; তথাপি বলিতেছি, শ্রবণ করুন। যে ভগবান্ ছিলেন বলিয়া আপনি লোকসুখাবহ চারিপাদে বর্ত্তমান ছিলেন, সেই শ্রীকৃষ্ণ বিরহিত লোকের জন্য আমি শোক করিতেছি ॥ ২৬ ॥

টীকা

যোগ্যতামনপেক্ষ্যৈব অশনাদ্যুন্মুখং জীবলোকং শোচসি? ॥ ২৩ ॥ যদ্বা হে অম্ব! মাতঃ ধরিত্রি! তে তব যো ভূরিভরস্তস্যাবতারায় কৃতোঽবতারো যেন তস্য হরেঃ প্রত্যন্তর্হিতস্য নির্ব্বাণং মোক্ষং বিলম্বিতমাশ্রিতং যেষু তানি কর্ম্মাণি স্মরতী সতী ত্বং শোচসি কিম্? যতো বিসৃষ্টা তেন ত্যক্তা অসি ॥ ২৪ ॥ হে বসুন্ধরে! যেন আধিমূলেন ত্বম্ আধিদ্বারা বিকর্শিতাসি, তদিদমাচক্ষ্ব আখ্যাহি। হে অম্ব! সুরার্চ্চিতং সুরৈরপি পূজিতং তব সৌভগং কালেন কিম্বা হৃতম্ ॥ ২৫ ॥ এবমুক্তা ধরণী উবাচ—ভবানিত্যেকাদশভিঃ। যৎ মাং আধিমূলং পৃচ্ছসি, তৎ সর্ব্বং ভবান্ বেদ জানাত্যেব, তথাপি শৃণু যেন ভগবতা হেতুভূতেন লোকসুখাবহৈশ্চতুর্ভিঃ পাদৈঃ ত্বং বর্ত্তসে, যত্র চ সত্যাদয়ো গুণা ন

সত্যং শৌচং দয়া ক্ষান্তিস্ত্যাগঃ সন্তোষ আর্জ্জবম্ ।
শমো দমস্তপঃ সাম্যং তিতিক্ষোপরতিঃ শ্রুতম্ ॥ ২৭ ॥
জ্ঞানং বিরক্তিরৈশ্বর্য্যং শৌর্য্যং তেজো বলং স্মৃতিঃ ।
স্বাতন্ত্র্যং কৌশলং কান্তির্ধৈর্য্যং মার্দ্দবমেব চ ॥ ২৮ ॥

অন্বয়

সত্যং (সত্য) শৌচং (দেহের বিশুদ্ধি) দয়া (পরদুঃখে কাতরতা) ক্ষান্তিঃ (ক্রোধ জয় করা) ত্যাগঃ (বদান্যতা) সন্তোষঃ (সর্ব্বদা পূর্ণকামতা) আর্জ্জব (সরলতা) শমঃ (মনের স্থিরতা) দমঃ (বাহ্যেন্দ্রিয়ের স্থিরতা) তপঃ (তপস্যা) সাম্যং (সর্ব্বত্র সমদর্শন) তিতিক্ষা (দ্বেষশূন্যতা) উপরতিঃ (অন্যায় হইতে বিরতি) শ্রুতং (সকল বেদশাস্ত্রের যথার্থজ্ঞান) জ্ঞানং (ভূত ভবিষ্যৎ বর্ত্তমান সর্ব্বপদার্থবিষয়ক জ্ঞান) বিরক্তিঃ (বিষয়বৈরাগ্য) ঐশ্বর্য্যং (ঐশ্বর্য্য) শৌর্য্যং (সর্ব্ববিজয়সামর্থ্য) তেজঃ (সকলের অজেয় হইয়া অন্যকে পরাভব করিবার সামর্থ্য) বলং (বিশ্বধারণসামর্থ্য) স্মৃতিঃ (পূর্ব্বকল্পানুযায়ী বিশ্বরচনানুসন্ধান) স্বাতন্ত্র্যং (স্বাধীনতা) [অর্থাৎ সকলের নিয়ন্তা হইয়া সকলকে আয়ত্তীকরণ] কৌশলং (জগতের সৃষ্টি ও পালনের ক্রিয়ানৈপুণ্য) কান্তিঃ (সৌন্দর্য্য) ধৈর্য্যং (অব্যাকুল হইয়া প্রতিজ্ঞা পালন করা) মার্দ্দবং (মন, বাক্য ও শরীরব্যাপারের ঐক্য) প্রাগল্‌ভ্যং (উজ্জ্বল প্রতিভা) প্রশ্রয়ঃ (বিনয়) শীলং (সুচরিত্র) সহঃ (মনের সামর্থ্য) ওজঃ (জ্ঞানেন্দ্রিয়ের সামর্থ্য) বলং (কর্ম্মেন্দ্রিয়ের সামর্থ্য)

অনুবাদ

সত্য, শৌচ, দয়া, অক্রোধ, বদান্যতা, সন্তোষ, সরলতা, মনের স্থিরতা, তপস্যা, সমদর্শন, দ্বেষশূন্যতা, অন্যায় হইতে বিরতি, সকল বেদশাস্ত্রের যথার্থজ্ঞান, আত্মজ্ঞান, বিষয়বৈরাগ্য, ঐশ্বর্য্য, সর্ব্ববিজয়সামর্থ্য, তেজঃ, বিশ্বধারণসামর্থ্য, বিশ্বরচনানুসন্ধান, স্বাধীনতা, জগতের সৃষ্টি ও পালনের ক্রিয়ানৈপুণ্য, সৌন্দর্য্য, ধৈর্য্য, মৃদুতা, উজ্জ্বল প্রতিভা, বিনয়, সুচরিত্র, মনের সামর্থ্য, জ্ঞানেন্দ্রিয়ের সামর্থ্য, কর্ম্মেন্দ্রিয়ের সামর্থ্য, নিরতিশয় ঐশ্বর্য্য,

টীকা

বিয়ন্তি তেন শ্রীনিবাসেন রহিতং লোকং শোচাগীতি ষষ্ঠেনান্বয়ঃ ॥২৬॥ সত্যমাপ্ততমত্বং যর্থার্থবোধক বেদপ্রবর্ত্তকত্বাৎ ॥ ১ ॥ শৌচং নিত্যশুদ্ধবিগ্রহাদিমত্ত্বম্ ॥ ২ ॥ দয়া পরদুঃখাসহিষ্ণুত্বম্ ॥ ৩ ॥ ক্ষান্তিঃ জিতক্রোধত্বম্ ॥ ৪ ॥ ত্যাগঃ বদান্যত্বম্ ॥ ৫ ॥ সন্তোষঃ নিত্যাপ্তকামত্বম্ ॥ ৬ ॥ আর্জবম্ অবক্রত্বম্ ॥ ৭ ॥ শমঃ স্থিরমনস্কত্বম্ ॥ ৮ ॥ দমঃ বাহ্যেন্দ্রিয়স্থৈর্য্যম্ ॥ ৯ ॥ তপঃ আলোচনম্ ॥ ১০ ॥ সাম্যম্ অরিমিত্রোদাসীনরাহিত্যম্ ॥ ১১ ॥ তিতিক্ষা দ্বেষশূন্যত্বং ॥ ১২ ॥ অযুক্তব্যাপারাদুপরতিঃ ॥ ১৩ ॥ সর্ব্ববেদশাস্ত্রার্থযাথাত্ম্যবিত্বম্ ॥ ১৪ ॥ ২৭ ॥

জ্ঞানং ভূতভবিষ্যদ্বর্ত্তমানসর্ব্বপদার্থবিষয়কম্ ॥ ১৫ ॥ বিরক্তিঃ বিষয়েষু বৈরাগ্যম্ ॥ ১৬ ॥ ঐশ্বর্য্যম্ সর্ব্বচেতননিয়ন্তৃত্বম্ ॥ ১৭ ॥ শৌর্য্যম্ সর্ব্ববিজয়সামর্থ্যং ॥ ১৮ ॥ তেজঃ সর্ব্বব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তৈঃ অজেয়ত্বে সতি পরাভিভবনসামর্থ্যম্ ॥ ১৯ ॥ বলং বিশ্বধারণসামর্থ্যম্ ॥ ২০ ॥ স্মৃতিঃ যথাপূর্ব্বং বিশ্বরচনানুসন্ধানম্ ॥ ২১ ॥ স্বাতন্ত্র্যম্ সর্ব্বনিয়ন্তৃত্বে সতি স্বায়ত্তত্বম্ ॥ ২২ ॥ কৌশল্যম্ বিশ্বসৃজনপালনাদিক্রিয়ানৈপুণ্যম্ ॥২৩॥ কান্তিঃ নিরতিশয় সৌন্দর্য্যম্ ॥২৪॥ ধৈর্য্যম্ অব্যাকুলত্বে সতি প্রতিজ্ঞা পালকত্বম্ ॥২৫॥

প্রাগল্‌ভ্যং প্রশ্রয়ঃ শীলং সহ ওজো বলং ভগঃ।
গাম্ভীর্য্যং স্থৈর্য্যমাস্তিক্যং কীর্ত্তির্মানোঽনহঙ্কৃতিঃ ॥ ২৯ ॥
এতে চান্যে চ ভগবন্ নিত্যা যত্র মহাগুণাঃ।
প্রার্থ্যা মহত্ত্বমিচ্ছদ্ভির্ন বিয়ন্তি স্ম কর্হিচিৎ ॥ ৩০ ॥
তেনাহং গুণপাত্রেণ শ্রীনিবাসেন সাম্প্রতম্।
শোচামি রহিতং লোকং পাপ্মনা কলিনেক্ষিতম্ ॥ ৩১ ॥

অন্বয়

ভগঃ (নিরতিশয় ঐশ্বর্য্য) গাম্ভীর্য্যং (অক্ষোভ্যতা) স্থৈর্য্যম্ (স্থিরতা) আস্তিক্যং (বেদোক্ততত্ত্ব কথন) কীর্ত্তিঃ (অতিশয় যশ) মানঃ (সর্ব্বপূজ্যত্ব) অনহঙ্কৃতিঃ (নিরহঙ্কারিতা) এতে চ (এই সকল) অন্যে চ (এবং আরও) মহত্ত্বম্ ইচ্ছদ্ভিঃ প্রার্থ্যাঃ (মহত্ত্বকামিগণের প্রার্থনীয়) নিত্যাঃ (সহজাত) মহাগুণাঃ (সৌন্দর্য্য, মাধুর্য্য, সৌকুমার্য্য প্রভৃতি মহাগুণ সকল) যত্র (যেই শ্রীকৃষ্ণে) কর্হিচিৎ ন বিয়ন্তি (কখনও ক্ষয় হইয়া যায় না অর্থাৎ অক্ষয়রূপে বর্ত্তমান আছে) [সেই শ্রীকৃষ্ণবিরহিত লোকের জন্য শোক করিতেছি] ॥ ২৭ ॥ ২৮ ॥ ২৯ ॥ ৩০ ॥

অহং (আমি) সাম্প্রতম্ (বর্ত্তমানে) তেন গুণপাত্রেণ (সেই পূর্ব্বোক্ত গুণের আশ্রয়) শ্রীনিবাসেন (শ্রীকৃষ্ণকর্ত্তৃক) রহিতং (বর্জ্জিত) পাপ্মনা (ও পাপিষ্ঠ কলিকর্ত্তৃক) ঈক্ষিতং (আক্রান্ত) লোকং শোচামি (জগতের নিমিত্ত শোক করিতেছি) ॥ ৩১ ॥

অনুবাদ

গাম্ভীর্য্য, স্থৈর্য্য, বেদোক্ততত্ত্ব কথন, কীর্ত্তি, মান, নিরহঙ্কারিতা, এই সকল ও অন্যান্য মহত্ত্বকামিগণের একান্ত প্রার্থনীয় সহজাত সৌন্দর্য্য, মাধুর্য্য, সৌকুমার্য্য, বাৎসল্য, শান্তত্ব প্রভৃতি মহাগুণ সকল যে শ্রীকৃষ্ণে কখনও ক্ষয় হইয়া যায় না অর্থাৎ সর্ব্বদা অক্ষয়রূপে বর্ত্তমান আছে [সেই শ্রীকৃষ্ণ বিরহিত লোকের জন্য আমি শোক করিতেছি] ॥ ২৭-৩০ ॥

আমি সম্প্রতি পূর্ব্বোক্ত গুণের আশ্রয় শ্রীকৃষ্ণকর্ত্তৃক পরিত্যক্ত ও পাপিষ্ঠ কলিকর্ত্তৃক আক্রান্ত এই জগতের নিমিত্ত শোক করিতেছি ॥ ৩১ ॥

টীকা

মার্দ্দবং মনোবাক্‌কায়ব্যাপারসাম্যম্ ॥ ২৬ ॥ ২৮ ॥ প্রাগল্‌ভ্যং প্রতিভাতিশয়ঃ ॥ ২৭ ॥ প্রশ্রয়ো বিনয়ঃ ॥ ২৮ ॥ শীলং সুস্বভাবঃ ॥ ২৯ ॥ সহঃ মনঃসামর্থ্যম্ ॥ ৩০ ॥ ওজঃ জ্ঞানেন্দ্রিয়ানাং সর্ব্বশ্রবণাদি সামর্থ্যম্ ॥ ৩১ ॥ বলং কর্ম্মেন্দ্রিয়ানাং সর্ব্ববক্তৃত্বাদিসামর্থ্যম্ ॥ ৩২ ॥ ভগঃ অত্রোক্তৈশ্বর্য্যোৎকর্ষঃ ॥ ৩৩ ॥ গাম্ভীর্য্যম্ অনবগাহ্যত্বম্ ॥ ৩৪ ॥ স্থৈর্য্যং যুদ্ধাদৌ স্থিরত্বম্ ॥ ৩৫ ॥ আস্তিক্যং বেদোক্ততত্ত্ববাদিত্বম্ ॥ ৩৬ ॥ কীর্ত্তির্যশসোঽতিশয়ঃ ॥ ৩৭ ॥ মানঃ সর্ব্বপূজ্যত্বম্ ॥ ৩৮ ॥ অনহংকৃতিঃ সর্ব্বেশ্বরত্বেঽপি গর্ব্বাভাবঃ ॥ ৩৯ ॥ ২৯ ॥ এতে একোনচত্বারিংশৎ অন্যে চ সৌন্দর্য্যমাধুর্য্য সৌকুমার্য্য-বাৎসল্যশান্তত্বশরণ্যত্বাদয়ো মহাগুণা নিত্যা যাবদাত্মবৃত্তয়ো মহত্ত্বং ভগবদ্ভাবমিচ্ছদ্ভিঃ প্রার্থ্যাঃ, তত্র কেচিৎ ভগবদসাধারণতয়া জ্ঞেয়াঃ, অন্যে যথাবস্থমাত্মনি সম্পাদনীয়ত্বেন প্রার্থ্যা ইতি বিবেকঃ। যত্র কর্হিচিৎ কদাচিদপি ন বিয়ন্তি ন চ্যবন্তি ॥ ৩০ ॥ তেন শ্রীকৃষ্ণেন গুণপাত্রেণ গুণাশ্রয়েণ

আত্মানঞ্চানুশোচামি ভবন্তঞ্চামরোত্তমম্।
দেবানৃষীন্ পিতৃন্ সাধূন্ সর্ব্বান্ বর্ণাংস্তথাশ্রমান্ ॥ ৩২ ॥
ব্রহ্মাদয়ো বহুতিথং যদপাঙ্গমোক্ষ কামাস্তপঃ সমচরন্ ভগবৎপ্রপন্নাঃ।
সা শ্রীঃ স্ববাস মরবিন্দবনং বিহায় যৎপাদসৌভগমলং ভজতেঽনুরক্তা ॥ ৩৩ ॥
তস্যাহমব্জকুলিশাঙ্কুশকেতুকেতৈঃ শ্রীমৎপদৈর্ভগবতঃ সমলঙ্কৃতাঙ্গী।
ত্রীনত্যরোচ উপলভ্য ততো বিভূতিং লোকান্ স মাং ব্যসৃজদুৎস্ময়তীং তদন্তে ॥৩৪॥

অন্বয়

আত্মানং চ (নিজের জন্য) অমরোত্তমং ভবন্তং চ (এবং সুরশ্রেষ্ঠ আপনার জন্য) তথা (সেইরূপ) দেবান্ (দেবতাগণ) ঋষীন্ (ঋষিগণ) পিতৃন্ (পিতৃগণ) সাধূন্ (সাধুগণ) সর্ব্বান্ বর্ণান্ (ব্রাহ্মণাদি বর্ণ সকল) আশ্রমান্ (গৃহস্থাদি আশ্রম সকলের জন্য) অনুশোচামি (আমি অনুশোচনা করিতেছি) ॥৩২॥

ব্রহ্মাদয়ঃ (ব্রহ্মাদি দেবগণ) যদপাঙ্গমোক্ষকামাঃ (যাঁহার কৃপাকটাক্ষপাতের অভিলাষী হইয়া) বহুতিথং (বহুকাল) তপঃ সমচরন্ (তপস্যা করিয়াছিলেন), সা শ্রীঃ (সেই লক্ষ্মী দেবী) ভগবৎ-প্রপন্না [সতী] (ভগবদাশ্রিতা হইয়া) স্ববাসং (স্বীয় বাসস্থান) অরবিন্দবনং বিহায় (পদ্মবন ত্যাগ করিয়া) যৎপাদসৌভগং (যে শ্রীকৃষ্ণের চরণ সৌন্দর্য্যে) অনুরক্তা (অনুরক্তা হইয়া) অলং ভজতে (সর্ব্বদাই সেবা করিয়া থাকেন) [পরের শ্লোকের সহিত অন্বয় হইবে] ॥ ৩৩ ॥

তস্য ভগবতঃ (সেই শ্রীকৃষ্ণের) অব্জকুলিশাঙ্কুশকেতুকেতৈঃ (পদ্ম, বজ্র ও অঙ্কুশ প্রভৃতি চিহ্নের আশ্রয়) শ্রীমৎপদৈঃ (সুন্দর চরণযুগলের দ্বারা) সমলঙ্কৃতাঙ্গী অহং (সম্যক্‌রূপে অলঙ্কৃতা হইয়া আমি) ততঃ (সেই ভগবান্ হইতেই) বিভূতিং (সম্পৎ) উপলভ্য (লাভ করিয়া) ত্রীন্ লোকান্ অত্যরোচে (সৌভাগ্যে ত্রিলোক অতিক্রম করিয়া শোভিতা হইয়াছিলাম)। তদন্তে (সমৃদ্ধি ক্ষয়কাল উপস্থিত হইলে) [এই প্রকারে] উৎস্ময়তীং মাং (গর্ব্বকারিণী আমাকে) সঃ (সেই ভগবান্ শ্রীকৃষ্ণ) ব্যসৃজৎ (পরিত্যাগ করিয়াছেন) ॥ ৩৪ ॥

অনুবাদ

কলিকর্ত্তৃক আক্রান্ত নিজের জন্য, সুরশ্রেষ্ঠ আপনার জন্য এবং দেবগণ, ঋষিগণ, পিতৃগণ, সাধুগণ, ব্রাহ্মণাদি বর্ণ সকল ও গৃহস্থাদি আশ্রম সকলের জন্য আমি অনুশোচনা করিতেছি ॥ ৩২ ॥

ব্রহ্মাদিদেবগণ যাঁহার কৃপাকটাক্ষপাতের অভিলাষী হইয়া বহুকাল তপস্যা করিয়াছিলেন, সেই লক্ষ্মীদেবী ভগবদাশ্রিতা হইয়া স্বীয় বাসস্থান পদ্মবন পরিত্যাগ করতঃ যেই শ্রীভগবানের চরণ-সৌন্দর্য্যে অনুরক্তা হইয়া সর্ব্বদাই সেবা করিয়া থাকেন [সেই ভগবান্ আমাকে পরিত্যাগ করিয়াছেন] ॥ ৩৩ ॥

সেই ভগবান্ শ্রীকৃষ্ণের পদ্ম, বজ্র, অঙ্কুশ প্রভৃতি চিহ্নে সুশোভিত সুন্দরচরণ-

টীকা

শ্রীর্নিবসতি যস্মিন্ তেন রহিতং অতএব পাপ্মনা পাপহেতুনা ঈক্ষিতং লোকং শোচামি ॥ ৩১ ॥ ৩২ ॥ তদ্বিরহস্য দুঃসহত্বমাহ—ব্রহ্মেতি চতুর্ভিঃ। ব্রহ্মাদয়ঃ যস্যাঃ অপাঙ্গমোক্ষঃ স্বেষু দৃষ্টিপাতস্তৎকামাঃ বহুতিথং বহুকালং তপঃ সমচরন্ সম্যক্ চক্রুঃ। সা শ্রীঃ ভগবৎপ্রপন্না সতী স্ববাসমরবিন্দবনং

যো বৈ মমাতিভরমাসুরবংশরাজ্ঞা-মক্ষৌহিণীশতমপানুদদাত্মতন্ত্রঃ।
ত্বাং দুঃস্থমূনপদমাত্মনি পৌরুষেণ সম্পাদয়ন্ যদুষু রম্যমবিভ্রদঙ্গম্ ॥ ৩৫ ॥
কা বা সহেত বিরহং পুরুষোত্তমস্য প্রেমাবলোকরুচিরস্মিতবল্গুজল্পৈঃ।
স্থৈর্য্যং সমানমহরন্মধুমানিনীনাং রোমোৎসবো মম যদঙ্ঘ্রিবিটঙ্কিতায়াঃ ॥ ৩৬ ॥

অন্বয়

যঃ বৈ (যে ভগবান্ শ্রীকৃষ্ণ) আত্মতন্ত্রঃ (স্বেচ্ছায়) আসুরবংশরাজ্ঞাং (অসুরবংশীয় রাজগণের) অক্ষৌহিণীশতং (শত অক্ষৌহিণীরূপ) মম অতিভরম্ (আমার অতিশয় ভার) অপানুদৎ (অপনোদন করিয়াছিলেন) [এবং] ঊনপদং (ত্রিপাদবিহীন) দুঃস্থং (দুঃখিত) ত্বাং (আপনাকে) পৌরুষেণ (বলে) আত্মনি সম্পাদয়ন্ (পূর্ণাঙ্গ করিবার জন্য) যদুষু (যদুকুলে) রম্যম্ অঙ্গম্ অবিভ্রৎ (রমণীয় শরীর ধারণ করিয়াছিলেন), [সেই শ্রীকৃষ্ণবিরহ কে সহ্য করিতে পারে? পরের শ্লোকের সহিত অন্বয় হইবে] ॥ ৩৫ ॥

প্রেমাবলোকরুচিরস্মিতবল্গুজল্পৈঃ ([যিনি] প্রেমকটাক্ষ, মধুর হাস্য ও মনোহর আলাপের দ্বারা) মধুমানিনীনাং (সত্যভামা প্রভৃতি মানিনীগণের) সমানং স্থৈর্য্যং (মানের সহিত ধৈর্য্য) অহরৎ (লোপ করিয়াছিলেন), যদঙ্ঘ্রিবিটঙ্কিতায়াঃ (যাঁহার শ্রীচরণযুগল দ্বারা অলঙ্কৃতা) মম (আমার)

অনুবাদ

যুগলের দ্বারা সম্যক্‌রূপে অলঙ্কৃতা হইয়া আমি সেই ভগবান্ হইতেই সম্পদ্ লাভ করিয়া সৌভাগ্যে ত্রিলোককে অতিক্রম করিয়া শোভিতা হইয়াছিলাম। সমৃদ্ধিক্ষয় কাল উপস্থিত হইলে এই প্রকারে গর্ব্বিতা আমাকে, ভগবান্ শ্রীকৃষ্ণ পরিত্যাগ করিয়াছেন ॥ ৩৪ ॥

যে ভগবান্ শ্রীকৃষ্ণ অসুরবংশীয় রাজগণের শতঅক্ষৌহিণীরূপ আমার অতিশয় ভার অপনোদন করিয়াছিলেন এবং ত্রিপাদবিহীন দুঃখিত আপনাকে স্বসামর্থ্যে নিজেই পূর্ণাঙ্গ করিবার জন্য যদুকুলে রমণীয় দেহ ধারণ করিয়াছেন অর্থাৎ আবির্ভূত হইয়াছিলেন, সেই শ্রীকৃষ্ণবিরহ কে সহ্য করিতে পারে? ॥ ৩৫ ॥

যিনি প্রেমকটাক্ষ, মধুরহাস্য ও মনোহর আলাপের দ্বারা সত্যভামা প্রভৃতি

টীকা

বিহায় তস্য ভগবতঃ পাদয়োঃ সৌভগং সৌন্দর্য্যম্ অনুরক্তা নিত্যোদ্‌যুক্তা অলমত্যর্থং ভজতে সেবতে ॥ ৩৩ ॥ তস্য শ্রীকৃষ্ণস্য যুক্তৈঃ পদৈঃ কথম্ভূতৈঃ? অব্জকুলিশাঙ্কুশোপলক্ষিতানাং যবধেনুধ্বজকুম্ভাদীনাং কেতূনাং চিহ্নানাং কেতৈঃ আশ্রয়ৈঃ অলঙ্কৃতম্ অঙ্গং যস্যাঃ সা অহং তত এব বিভূতিং সমৃদ্ধিম্ উপলভ্য প্রাপ্য ত্রীন্ লোকান্ অত্যরোচে তানতিক্রম্য শোভিতবত্যস্মি। তদিত্থং উৎস্মরতীং মাং সঃ শ্রীকৃষ্ণঃ তদন্তে সমৃদ্ধিক্ষয়কালে ব্যসৃজৎ তত্যাজ ॥ ৩৪ ॥ যঃ শ্রীকৃষ্ণঃ অসুরাণাময়ম্ আসুরঃ স বংশে যেষাং রাজ্ঞাং রাজচ্ছদ্মাসুরাণাং অক্ষৌহিণীশতরূপং মমাতিভরম্ অপানুদৎ অপনীতবান্, তথা ত্বাং চ ঊনপদম্ অতএব দুঃস্থং সন্তং পৌরুষেণ সামর্থ্যেন আত্মনি স্বস্মিন্ সম্পূর্ণপদং সম্পাদয়ন্ সম্পাদয়িতুং হেতৌ শতা, যদুষু রম্যং রমণীয়মঙ্গং শ্রীবিগ্রহম্ অবিভ্রৎ ধৃতবান্ আবিশ্চকার ইতি যাবৎ। তস্য পুরুষোত্তমস্য বিরহং কা বা সহেতেত্যুত্তরেণান্বয়ঃ ॥ ৩৫ ॥

তয়োরেবং কথয়তোঃ পৃথিবীধর্ম্ময়োস্তদা।
পরীক্ষিন্নাম রাজর্ষিঃ প্রাপ্তঃ প্রাচীং সরস্বতীম্ ॥ ৩৭ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথমস্কন্ধে পারীক্ষিতে ধর্ম্মপৃথ্বীসংবাদো নাম ষোড়শোঽধ্যায়ঃ ॥ ১৬ ॥

অন্বয়

রোমোৎসবঃ (রোমাঞ্চ হইত), [তস্য] পুরুষোত্তমস্য (সেই পুরুষোত্তম শ্রীকৃষ্ণের) বিরহং কা বা সহেত (বিরহ কোন্ রমণীই বা সহ্য করিতে পারে?) ॥ ৩৬ ॥

তয়োঃ পৃথিবীধর্ম্ময়োঃ (সেই পৃথিবী ও ধর্ম্মের) এবং কথয়তোঃ (এই প্রকারে পরস্পর কথোপকথন হইতে থাকিলে) তদা (সেই সময়ে) পরীক্ষিৎ নাম রাজর্ষিঃ (পরীক্ষিৎ নামক রাজর্ষি) প্রাচীং সরস্বতীং (পূর্ব্বদিক্‌বাহিনী সরস্বতীনদীর তীরে) প্রাপ্তঃ (সমুপস্থিত হইলেন) ॥ ৩৭ ॥

অনুবাদ

মানিনীগণের মানের সহিত ধৈর্য্য হরণ করিয়াছিলেন, এবং যাঁহার চরণযুগলের দ্বারা অঙ্গ অলঙ্কৃত হওয়ায় আমার রোমাঞ্চ হইয়াছিল, সেই পুরুষোত্তম শ্রীকৃষ্ণের বিরহ কোন্ রমণীই বা সহ্য করিতে পারে? ॥ ৩৬ ॥

এই প্রকারে পৃথিবী ও ধর্ম্মের পরস্পর কথোপকথন হইতে থাকিলে সেই সময়ে পরীক্ষিৎ নামক রাজর্ষি নদীর পূর্ব্ববাহিনী সরস্বতী তীরে আসিয়া উপস্থিত হইলেন ॥ ৩৭ ॥

ষোড়শ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ১৬ ॥

টীকা

প্রেমপূর্ব্বকেনাবলোকেনাবলোকনেন রুচিরেণ স্মিতেন বল্গুজল্পৈঃ মধুরসম্ভাষণৈশ্চ মধুমানিনীনাং মধুবংশরাজন্যভার্য্যাণাং মানেন সহিতং স্থৈর্য্যং স্তব্ধত্বম্ অহরৎ। যদঙ্ঘ্রিবিটঙ্কিতায়াঃ যস্য চরণাভ্যাং অলঙ্কৃতায়াঃ মম রোমোৎসবঃ রোমোদ্গমো বভূব, তস্য শ্রীপুরুষোত্তমস্য বিরহং মাদৃশী কা বা সহেত ন কাচিদপীত্যর্থঃ ॥ ৩৬ ॥ এবং তয়োঃ পৃথিবীধর্ম্ময়োঃ মিথঃ কথয়তোঃ সম্ভাষমানয়োঃ প্রাচীং পূর্ব্ববাহিনীং সরস্বতীং প্রাপ্তঃ ॥ ৩৭ ॥

ইতি শ্রীমদ্ভাগবত সিদ্ধান্তপ্রদীপে প্রথমস্কন্ধীয়ে ষোড়শাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ১৬ ॥

সপ্তদশোঽধ্যায়ঃ

সূত উবাচ

তত্র গোমিথুনং রাজা হন্যমানমনাথবৎ।
দণ্ডহস্তঞ্চ বৃষলং দদৃশে নৃপলাঞ্ছনম্ ॥ ১ ॥

অন্বয়

সূতঃ উবাচ (সূত বলিলেন) রাজা (পরীক্ষিৎ) তত্র (সেইখানে) [অর্থাৎ সরস্বতীর

অনুবাদ

সূত বলিলেন—মহারাজ পরীক্ষিৎ সেই সরস্বতী তীরে দেখিতে পাইলেন যে দণ্ডহস্তে

টীকা

ততঃ প্রাচীসরস্বতীতটে হন্যমানং তাড্যমানং গো-মিথুনং গবোঃ স্ত্রীপুংভূতয়োর্যুগলং দদৃশে

বৃষং মৃণালধবলং মেহন্তমিব বিভ্যতম্ ।
বেপমানং পদৈকেন সীদন্তং শূদ্রতাড়িতম্ ॥ ২ ॥
গাঞ্চ ধর্ম্মদুঘাং দীনাং ভৃশং শূদ্রপদাহতাম্ ।
বিবৎসামশ্রুবদনাং ক্ষামাং যবসমিচ্ছতীম্ ॥ ৩ ॥
পপ্রচ্ছ রথমারূঢ়ঃ কার্ত্তস্বরপরিচ্ছদম্ ।
মেঘগম্ভীরয়া বাচা সমারোপিতকার্ম্মুকঃ ॥ ৪ ॥

অন্বয়

তীরে] অনাথবৎ (রক্ষকবিহীনের ন্যায়) হন্যমানং (তাড়িত) গোমিথুনং (বৃষ ও ধেনুকে) দণ্ডহস্তং (এবং দণ্ডধারী) নৃপলাঞ্ছনং (রাজবেশধারী) বৃষলং চ (শূদ্রকে) দদৃশে (দেখিতে পাইলেন) ॥ ১ ॥

মৃণালধবলং (মৃণালের ন্যায় ধবলবর্ণ) শূদ্রতাড়িতং (শূদ্রকর্ত্তৃক তাড়িত) বিভ্যতং (ভীত) মেহন্তমিব (অতএব যেন মূত্রত্যাগ করিতেছে এইরূপ) বেপমানং (কম্পিত) একেন পদা সীদন্তং (একপদে অবস্থান করায় অবসাদগ্রস্ত) বৃষং (বৃষকে), যবসম্ ইচ্ছতীং (ও ক্ষুধাতুরা) ক্ষামাং (ক্ষীণদেহা) অশ্রুবদনাং (অশ্রুমুখী) বিবৎসাং (বৎসহীনা) ধর্ম্মদুঘাং (ধর্ম্মকার্য্যের জন্য ঘৃতাদি প্রদানকারিণী) শূদ্রপদাহতাং (শূদ্রকর্ত্তৃক পদাহতা) ভৃশং দীনাং (অত্যন্ত কাতরা) গাং চ (ধেনুকে), [এবং] কার্ত্তস্বরপরিচ্ছদং (সুবর্ণময় রাজযোগ্য মুকুটকুণ্ডলাদি পরিচ্ছদধারী) [বৃষলং] (শূদ্রকে) রথম্ আরূঢ়ঃ (রথে উপবিষ্ট থাকিয়া) [রাজা পরীক্ষিৎ] সমারোপিতকার্ম্মুকঃ (শরাসনে গুণ যোজনা করতঃ) মেঘগম্ভীরয়া বাচা (মেঘগর্জ্জনের ন্যায় গম্ভীর বাক্যে) পপ্রচ্ছ (জিজ্ঞাসা করিলেন) ॥ ২-৪ ॥

অনুবাদ

রাজবেশ ধারণ করিয়া এক শূদ্র রক্ষকবিহীন এক গোমিথুনকে অর্থাৎ বৃষ ও ধেনুকে তাড়না করিতেছে ॥ ১ ॥

ঐ বৃষ মৃণালের ন্যায় ধবলবর্ণ, এক্ষণে শূদ্রকর্ত্তৃক তাড়িত হইয়া অত্যন্ত ভীত হইয়াই যেন মূত্রত্যাগ করিতেছে ও কম্পান্বিতকলেবরে এক পদে অবস্থান করায় অবসাদগ্রস্ত হইয়াছে এবং ঐ ধেনু ক্ষুধাতুরা, ক্ষীণদেহা, অশ্রুমুখী, বৎসহীনা ও যজ্ঞাদিকার্য্যের জন্য ঘৃতাদিপ্রদানকারিণী হইলেও শূদ্রপদাহতা হইয়া এক্ষণে অত্যন্ত কাতরা হইয়াছে, আর ঐ শূদ্র সুবর্ণময় রাজযোগ্য মুকুটকুণ্ডলাদি পরিচ্ছদ ধারণ করিয়াছে ; ইহা দেখিয়া মহারাজ পরীক্ষিৎ স্বয়ং রথে উপবিষ্ট থাকিয়াই শরাসনে গুণযোজনাকরতঃ মেঘগর্জ্জনের ন্যায় গম্ভীর বাক্যে তাহাদিগকে জিজ্ঞাসা করিলেন ॥ ২-৪ ॥

টীকা

দদর্শ ॥ ১ ॥ তত্র পুমাংসং বিশিনষ্টি বৃষমিতি। মৃণালবৎ পদ্মকন্দবৎ ধবলং মেহন্তমিব মূত্রোৎসর্গস্যানুকরণং কুর্ব্বন্তং ন তু মূত্রয়ন্তমিতি অত্যন্তং দৈন্যং সূচিতম্। যতঃ শূদ্রেণ তাড়িতম্ অতএব বিভ্যন্তম্ উদ্‌বিজন্তং বেপমানং কম্পমানং একেন পদা সীদন্তং ক্লিশ্যন্তঞ্চ ॥ ২ ॥ স্ত্রিয়ং বিশিনষ্টি গামিতি। ধর্ম্মদুঘাং ধর্ম্মার্থং পয়োমৃতরূপং হবির্দোগ্ধ্রীং যবসং তৃণম্ ॥ ৩ ॥ দণ্ডহস্তং বৃষলঞ্চ বিশিনষ্টি—কার্ত্তস্বরপরিচ্ছদমিতি। কার্ত্তস্বরাঃ স্বর্ণময়াঃ নৃদেবার্হাঃ পরিচ্ছদা মুকুটকুণ্ডলাদয়ো যস্য তং বৃষলং বৃষং গাং চ পপ্রচ্ছেতি ত্রয়াণামন্বয়ঃ ॥ ৪ ॥

কস্ত্বং মচ্ছরণে লোকে বলাদ্ধংস্যবলান্ বলী।
নরদেবোঽসি বেশেন নটবৎ কর্ম্মণাদ্বিজঃ ॥ ৫ ॥
যস্ত্বং কৃষ্ণে গতে দূরং সহ গাণ্ডীবধন্বনা।
শোচ্যোঽস্যশোচ্যান্ রহসি প্রহরন্ বধমর্হসি ॥ ৬ ॥
ত্বং বা মৃণালধবলঃ পাদৈর্ন্যূনঃ পদা চরন্।
বৃষরূপেণ কিং কশ্চিদ্দেবো নঃ পরিখেদয়ন্ ॥ ৭ ॥

অন্বয়

(শূদ্রকে লক্ষ্য করিয়া বলিতেছেন) ত্বং (তুমি) কঃ অসি? (কে হও?) বেশেন (স্বর্ণময় মুকুটাদি পরিচ্ছদের দ্বারা) নটবৎ (নটের ন্যায়) নরদেবঃ (রাজা হইয়াছ?) বলী (তুমি বলী হইয়া) মচ্ছরণে লোকে (মৎপরিপালিত রাজ্যে) বলাৎ (অন্যায় মত) অবলান্ (দুর্ব্বলদিগকে) হংসি (বধ করিতেছ), কর্ম্মণা (এই গর্হিত কর্ম্মদ্বারা) অদ্বিজঃ (তোমাকে শূদ্র বলিয়া মনে হইতেছে) ॥ ৫ ॥

গাণ্ডীবধন্বনা সহ (অর্জ্জুনের সহিত) কৃষ্ণে দূরং গতে (শ্রীকৃষ্ণ স্বস্থানে প্রস্থান করিলে) যঃ ত্বং (যে তুমি) অশোচ্যান্ (নিরপরাধিগণকে) রহসি প্রহরন্ (নির্জ্জনে প্রহার করিয়া) শোচ্যঃ অসি (অপরাধী হইয়াছ), [সঃ ত্বং] বধম্ অর্হসি (সেই তুমি বধের যোগ্য) ॥ ৬ ॥

(অনন্তর বৃষকে লক্ষ্য করিয়া বলিতেছেন) মৃণালধবলঃ (মৃণালের মত শুভ্র) পাদৈঃ ন্যূনঃ (ত্রিপাদ-বিহীন) পদা চরন্ (একপদে বিচরণকরতঃ তুমি) বৃষরূপেণ (বৃষরূপ ধারণ করিয়া) নঃ (আমাদিগকে) পরিখেদয়ন্ (দুঃখ প্রদান করিতেছ), কিং কশ্চিৎ দেবঃ অসি? (তুমি কি কোনও দেবতা?) ॥ ৭ ॥

অনুবাদ

(শূদ্রকে লক্ষ্য করিয়া বলিতেছেন)—ওহে তুমি কে? সুবর্ণময়মুকুটাদি রাজবেশ ধারণ করিয়া নটের ন্যায় রাজা হইয়াছ? তুমি মৎপালিত রাজ্যমধ্যে বলদর্পে প্রমত্ত হইয়া অন্যায় মত দুর্ব্বলদিগকে বধ করিতেছ; এই গর্হিত কর্ম্মের দ্বারা তোমাকে শূদ্র বলিয়াই মনে হইতেছে ॥ ৫ ॥

অর্জ্জুনের সহিত ভগবান্ শ্রীকৃষ্ণ স্বস্থানে প্রস্থান করিলে তুমি নিরপরাধিগণকে নির্জ্জনে প্রহার করিয়া অপরাধী হইয়াছ, অতএব তোমার বধই যোগ্য দণ্ড অর্থাৎ তুমি আমার বধ্য ॥ ৬ ॥

[অনন্তর বৃষকে লক্ষ্য করিয়া বলিতেছেন]—তুমি মৃণালের ন্যায় শুভ্রবর্ণ, অথচ ত্রিপাদবিহীন হইয়া একপদে বিচরণ করতঃ বৃষরূপ ধারণ করিয়া আমাদিগকে দুঃখ প্রদান করিতেছ, তুমি কি কোনও দেবতা? ॥ ৭ ॥

টীকা

প্রশ্নপ্রকারমাহ—ক ইত্যাদি দ্বাদশভিঃ। অরে ত্বং কোঽসি? বেশেন স্বর্ণময়মুকুটাদিপরিচ্ছদেন নটবৎ নরদেবঃ, নতু বস্তুতঃ। তত্র হেতুমাহ যতঃ বলী সন্ অবলান্ হংসি ঘাতয়সি, অনেন কর্ম্মণা অদ্বিজঃ দ্বিজভিন্নঃ প্রতীয়সে ॥ ৫ ॥ দূরং প্রকৃতিমণ্ডলতো দূরতরং নিজলোকং দীনানুকম্পিনি কৃষ্ণে

ন জাতু কৌরবেন্দ্রাণাং দোর্দ্দণ্ডপরিরম্ভিতে।
ভূতলেঽনুপতন্ত্যস্মিন্ বিনা তে প্রাণিনাং শুচঃ ॥ ৮ ॥
মা সৌরভেয়াত্র শুচো ব্যেতু তে বৃষলাদ্ভয়ম্।
মা রোদীরম্ব ভদ্রং তে খলানাং ময়ি শাস্তরি ॥ ৯ ॥
যস্য রাষ্ট্রে প্রজাঃ সর্ব্বাস্ত্রস্যন্তে সাধ্ব্যসাধুভিঃ।
তস্য মত্তস্য নশ্যন্তি কীর্ত্তিরায়ুর্ভগো গতিঃ ॥ ১০ ॥

অন্বয়

(দুঃখের কারণ বলিতেছেন)—কৌরবেন্দ্রাণাং (কুরুবীরগণের) দোর্দ্দণ্ডপরিরম্ভিতে (ভুজদণ্ড-পরিরক্ষিত) অস্মিন্ ভূতলে (এই পৃথিবীতে) তে (তোমার) শুচঃ বিনা (শোকাশ্রু ব্যতীত) প্রাণিনাং (প্রাণিগণের) [শোকাশ্রু] জাতু (কখনও) ন অনুপতন্তি (পতিত হয় নাই)॥ ৮ ॥

(পুনরায় বৃষকে আশ্বাস দিয়া বলিতেছেন) সৌরভেয়! (হে সুরভিপুত্র!) অত্র মা শুচঃ (ইহাতে শোক করিও না), তে (তোমার) বৃষলাৎ ভয়ং (শূদ্র হইতে ভয়) ব্যেতু (অপগত হইবে)। [এক্ষণে ধেনুকে লক্ষ্য করিয়া বলিতেছেন] হে অম্ব! (হে মাতঃ!) খলানাং (দুর্ব্বৃত্তগণের) শাস্তরি ময়ি (শাসক আমি বর্ত্তমান থাকিলে) তে (তোমার) ভদ্রং এব [ভবিষ্যতি] (মঙ্গলই হইবে) [অতএব] মা রোদীঃ (রোদন করিও না)॥ ৯ ॥

সাধ্বি! (হে পূতচরিত্রে!) যস্য (যে রাজার) রাষ্ট্রে (রাজ্যে) সর্ব্বাঃ প্রজাঃ (প্রজাগণ) অসাধুভিঃ (দুষ্টকর্ত্তৃক) ত্রস্যন্তে (ত্রাসপ্রাপ্ত হয় অর্থাৎ নিপীড়িত হয়), তস্য মত্তস্য (সেই প্রমত্ত রাজার অর্থাৎ রাজ্য পালনে অনবহিত রাজার) কীর্ত্তিঃ (যশ) আয়ুঃ (জীবনকাল) ভগঃ (ঐশ্বর্য্য) গতিঃ (পুণ্যলোকপ্রাপ্তি) নশ্যন্তি (এইসকল বিনষ্ট হইয়া থাকে)॥ ১০ ॥

অনুবাদ

[দুঃখের কারণ কি তাহাই বলিতেছেন]—কুরুবীরগণের ভুজদণ্ডে পরিরক্ষিত এই পৃথিবীতে এক তোমার শোকাশ্রু ব্যতীত অন্য প্রাণিগণের শোকাশ্রু কখনও পতিত হয় নাই ॥ ৮ ॥

হে সৌরভেয়! ইহাতে শোক করিও না। শীঘ্রই তোমার এই শূদ্র হইতে ভয় দূর হইবে। [ধেনুকে লক্ষ্য করিয়া বলিতেছেন]—হে মাতঃ! দুর্বৃত্তগণের শাসক আমি বর্ত্তমান থাকিলে তোমার মঙ্গলই হইবে, অতএব রোদন করিও না ॥ ৯ ॥

হে সাধ্বি! যে রাজার রাজ্যে প্রজাগণ দুষ্টকর্ত্তৃক নিপীড়িত হয়, রাজ্যপালনে

টীকা

গাণ্ডীবধন্বনা প্রবলদুর্জ্জনদমনেন অর্জ্জুনেন সহ গতে সতি শোচ্যঃ সাপরাধস্ত্বং কোঽসি? অশোচ্যান্ নির্দ্দোষান্ রহসি প্রহরন্ বধমর্হসি ॥ ৬ ॥ মৃণালধবলঃ ত্বং বা ত্রিভিঃ পাদৈঃ ন্যূনঃ পদা একেন পাদেন চরন্ নোঽস্মান্ বৃষরূপেণ পরিখেদয়ন্ কিং কশ্চিৎ দেবোঽসি? ॥ ৭ ॥ খেদহেতুমাহ—কৌরবেন্দ্রাণাং দোর্দ্দণ্ডৈর্ভুজদণ্ডৈঃ পরিরম্ভিতে অস্মিন্ ভূতলে তব শুচোঽশ্রূণি বিনা অন্যেষাং প্রাণিনাং অশ্রূণি জাতু কদাচিদপি নানুপতন্তি ॥ ৮ ॥ পুনর্বৃষমাশ্বাসয়ন্নাহ—হে সৌরভেয়! মা শুচঃ শোকং মা

এষ রাজ্ঞঃ পরো ধর্ম্মো হ্যার্ত্তানামার্ত্তিনিগ্রহঃ।
অত এনং বধিষ্যামি ভূতদ্রুহমসত্তমম্ ॥ ১১ ॥
কোঽবৃশ্চৎ তব পাদাংস্ত্রীন্ সৌরভেয় ! চতুষ্পদঃ।
মা ভূবংস্ত্বাদৃশো রাষ্ট্রে রাজ্ঞাং কৃষ্ণানুবর্ত্তিনাম্ ॥ ১২ ॥
আখ্যাহি বৃষ ! ভদ্রং বঃ সাধূনামকৃতাগসাম্।
আত্মবৈরূপ্যকর্ত্তারং পার্থানাং কীর্ত্তিদূষণম্ ॥ ১৩ ॥

অন্বয়

আর্ত্তানাং (দুঃখিত প্রজাগণের) এষঃ আর্ত্তিনিগ্রহঃ হি (এই দুঃখ মোচনই) রাজ্ঞঃ (রাজার) পরঃ ধর্ম্মঃ (শ্রেষ্ঠ ধর্ম্ম)। অতঃ (অতএব অর্থাৎ রাজধর্ম্ম রক্ষার নিমিত্ত) ভূতদ্রোহং (জীবহিংসাকারী) অসত্তমম্ (অত্যন্ত দুষ্ট) এনং (এই শূদ্রকে) বধিষ্যামি (বধ করিব)॥ ১১॥

[পুনরায় বৃষকে জিজ্ঞাসা করিতেছেন] হে সৌরভেয়! (হে সুরভিতনয়!) চতুষ্পদঃ তব (চতুষ্পদ তোমার) ত্রীন্ পাদান্ (অপর পাদত্রয়) কঃ অবৃশ্চৎ? (কে ছেদন করিয়াছে?) কৃষ্ণানুবর্ত্তিনাং (শ্রীকৃষ্ণের অনুবর্ত্তী) রাজ্ঞাং (রাজগণের) রাষ্ট্রে (রাজ্যে) ত্বাদৃশঃ (তোমার মত দুঃখিত) [আর যেন কেহ] মা ভূবন্ (না হয়)॥ ১২॥

হে বৃষ! অকৃতাগসাং (নিরপরাধী) সাধূনাং (পুণ্যবান্ তোমার) আত্মবৈরূপ্যকর্ত্তারং

অনুবাদ

অনবহিত সেই রাজার কীর্ত্তি, আয়ুঃ, ঐশ্বর্য্য এবং পুণ্যলোকপ্রাপ্তি এই সকলই বিনষ্ট হইয়া যায়॥ ১০॥

দুঃখিত প্রজাগণের দুঃখ মোচন করাই রাজার শ্রেষ্ঠ ধর্ম্ম। অতএব আমি ধর্ম্মরক্ষার নিমিত্ত জীবহিংসাকারী অতিশয় দুষ্ট এই শূদ্রকে বধ করিব॥ ১১॥

[পুনর্ব্বার বৃষকে জিজ্ঞাসা করিতেছেন]—হে সৌরভেয়! তুমি চতুষ্পদবিশিষ্ট, তোমার অপর পাদত্রয় কোন ব্যক্তি ছেদন করিয়াছে? শ্রীকৃষ্ণের অনুবর্ত্তী রাজগণের রাজ্যে তোমার মত আর যেন কেহ দুঃখিত না হয়। অর্থাৎ তুমি তাহার নাম বল, আমি এখনই তাহাকে বিনাশ করিয়া সকলের ভয় নিবারণ করিব। তোমার মত আর কেহ যেন দুঃখী না হয়॥ ১২॥

হে বৃষ! তুমি নিরপরাধী ও পুণ্যবান্; তোমার পাদছেদনের দ্বারা কে দেহের বিকৃতি করিয়াছে? এবং পাণ্ডবগণের কীর্ত্তিদূষণকারীই বা কে? তাহা আমাকে বল, তোমার মঙ্গল হইবে॥ ১৩॥

টীকা

কার্ষীঃ। বৃষলাৎ শূদ্রাৎ তে ভয়ং ব্যেতু অপযাতু। গামাশ্বাসয়ন্নাহ—হে অম্ব! মাতঃ! খলানাং দুর্বৃত্তানাং শাস্তরি ময়ি সতি তে ভদ্রমেব ভবিষ্যতি, অতো মা রোদী রোদনং মা কার্ষীঃ॥ ৯॥ হে সাধ্বি! ভগো বৃদ্ধ্যাদিরৈশ্বর্য্যং পরলোকগতিশ্চ॥ ১০॥ আর্ত্তানাং ক্লেশাক্রান্তানাম্ আর্ত্তিনিগ্রহঃ ক্লেশপরিহারঃ॥ ১১॥ পুনর্বৃষং পৃচ্ছন্ স্বধর্ম্মমাহ—ক ইতি পঞ্চভিঃ। অবৃশ্চৎ অভিনৎ ত্বাদৃশাস্ত্বদ্বিধা দুঃখিতা মা ভুবন্ মা সন্তু॥ ১২॥ হে বৃষ! বো ভদ্রং ভবতু। অকৃতাগসাং নিরপরাধিনাং পাপবর্জ্জিতানাং

জনেঽনাগস্যঘং যুঞ্জন্ সর্ব্বতোঽস্য চ মদ্ভয়ম্।
সাধূনাং ভদ্রমেব স্যাদসাধুদমনে কৃতে ॥ ১৪ ॥
অনাগঃস্বিহ ভূতেষু য আগস্কৃন্নিরঙ্কুশঃ।
আহর্ত্তাস্মি ভুজং সাক্ষাদমর্ত্ত্যস্যাপি সাঙ্গদম্ ॥ ১৫ ॥

অন্বয়

(পাদছেদনের দ্বারা দেহের বিকৃতিকারী) পার্থানাং (ও পাণ্ডবগণের) কীর্ত্তিদূষণং (কীর্ত্তি লোপকারী কে? তাহা) আখ্যাহি (আমাকে বল) বঃ (তোমার) ভদ্রং (মঙ্গল হইবে)॥ ১৩॥

অনাগসি জনে (নিরপরাধী ব্যক্তিতে) [যে ব্যক্তি] অঘং (দুঃখ) যুঞ্জন্ (প্রদান করে), অস্য চ (সেই দুর্জ্জন ব্যক্তি ও তাহার পক্ষপাতী ব্যক্তির) মদ্ভয়ং (আমা হইতে ভয় হইয়া থাকে) সর্ব্বতঃ চ (এবং যমাদি হইতেও ভয় হইয়া থাকে)। অসাধুদমনে কৃতে [সতি] (দুষ্টজনকে দমন করিলে) সাধূনাং (সজ্জনগণের) ভদ্রম্ এব স্যাৎ (মঙ্গলই হইয়া থাকে)॥ ১৪॥

ইহ (এই পৃথিবীতে) নিরঙ্কুশঃ (স্বেচ্ছাচারী অর্থাৎ দুর্দ্দান্ত) যঃ (যে ব্যক্তি) অনাগঃসু ভূতেষু (নিরপরাধী প্রাণীকে) আগস্কৃৎ (দুঃখ প্রদান করিবে অর্থাৎ দুঃখ প্রদানকারী বলিয়া আমি জানিতে পারিব), সাক্ষাৎ অমর্ত্ত্যস্য অপি (সাক্ষাৎ দেবতা হইলেও) [তস্য] (তাহার) সাঙ্গদং ভুজং (বলয়ের সহিত বাহু) আহর্ত্তা অস্মি (ছেদন করিব)॥ ১৫॥

অনুবাদ

যে ব্যক্তি নিরপরাধী ব্যক্তিকে দুঃখ প্রদান করে, সেই দুর্জ্জন ব্যক্তি ও তাহার পক্ষপাতী ব্যক্তির আমা হইতে ভয় জানিবে এবং যমপ্রভৃতি হইতেও তাহাদের ভয় আছে। দুষ্টদমন করিলে সজ্জনগণের মঙ্গলই হইয়া থাকে, [সজ্জনগণ দুষ্ট দমনে অবহিত থাকেন বলিয়া সর্ব্বদাই দুর্জ্জনের ভয়। আমিও এক্ষণে সেই দুষ্ট দমন করিব]॥ ১৪॥

এই পৃথিবীতে স্বেচ্ছাচারী যে কোন ব্যক্তি নিরপরাধী প্রাণিগণকে দুঃখ প্রদান করিবে অর্থাৎ প্রাণিগণের দুঃখ জন্মাইতেছে বলিয়া আমি জানিতে পারিব, সে যদি সাক্ষাৎ দেবতাও হয়, তথাপি আমি তাহার বলয়ের সহিত বাহু ছেদন করিব॥ ১৫॥

টীকা

সাধূনাং পুণ্যবতাং যুষ্মাকং আত্মবৈরূপ্যকর্ত্তারং পাদচ্ছেদনেন শরীরবৈরূপ্যকর্ত্তারম্ অতএব পার্থানাং কীর্ত্তিং দূষয়তি তৎপৌত্রপাল্যপ্রাণিপীড়াজননদ্বারা লোপয়তীতি তমাখ্যাহি॥ ১৩॥ অনাগসি নিরপরাধে জনে যোঽঘং দুঃখং যুঞ্জন্ কুর্ব্বন্ বর্ত্তেত, অস্য চকারাৎ তৎপক্ষপাতিনো মত্তঃ সকাশাৎ ভয়ং ভবতি, সর্ব্বতঃ সর্ব্বেভ্যঃ যমাদিভ্যশ্চ ভয়ং ভবতি। নন্বু বিরোধিন্যপি জনে দণ্ড্যমানে সাধূনাং কো লাভ ইত্যত আহ—সাধূনামিতি॥ ১৪॥ যদি নিরপরাধেষু অপরাধকর্ত্তা কশ্চিৎ অমানুষোঽপি স্যাৎ তর্হি সোঽপি মে দণ্ড্য এব ইত্যাহ—অনাগঃসু ইতি। ভূতেষু প্রাণিমাত্রেষু

রাজ্ঞো হি পরমো ধর্ম্মঃ স্বধর্ম্মস্থানুপালনম্।
শাসতোঽন্যান্ যথাশাস্ত্রমনাপদ্যুৎপথানিহ ॥ ১৬ ॥

ধর্ম্মঃ উবাচ

এতদ্বঃ পাণ্ডবেয়ানাং যুক্তমার্ত্তাভয়ং বচঃ।
যেষাং গুণগণৈঃ কৃষ্ণো দৌত্যাদৌ ভগবান্ বৃতঃ ॥ ১৭ ॥

অন্বয়

ইহ (এই জগতে) অনাপদি (আপৎকাল না হইলেও) উৎপথান্ (ধর্ম্মপথ অতিক্রমণকারী অন্যান্ (অধার্ম্মিকগণকে) যথাশাস্ত্রং (শাস্ত্রানুযায়ী) শাসতঃ (শাসনকারী) রাজ্ঞঃ (রাজার) স্বধর্ম্মস্থানুপালনং হি (স্বধর্ম্মনিরত প্রজাগণের পরিপালনই) পরমঃ ধর্ম্মঃ (শ্রেষ্ঠ ধর্ম্ম)॥ ১৬ ॥

ধর্ম্মঃ উবাচ (বৃষরূপী ধর্ম্ম বলিতে লাগিলেন) যেষাং (যে পাণ্ডবগণের) গুণগণৈঃ (গুণসমূহে [বশীভূত হইয়া]) ভগবান্ (ষড়ৈশ্বর্য্যশালী) কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) দৌত্যাদৌ (দৌত্য, সারথ্য প্রভৃতি কর্ম্মে) বৃতঃ (বৃত হইয়াছিলেন), [তেষাং] পাণ্ডবেয়ানাং (সেই পাণ্ডুবংশধর) বঃ (আপনার) এতৎ আর্ত্তাভয়ং বচঃ (বিপন্নের প্রতি এই প্রকার অভয়বাণী) যুক্তং (সুসঙ্গতই হইয়াছে)॥ ১৭ ॥

অনুবাদ

এই জগতে আপৎকাল না হইলেও যে সকল অধার্ম্মিক ব্যক্তি ধর্ম্মপথ অতিক্রম করতঃ অন্যায় কার্য্য করিয়া থাকে, শাস্ত্রানুসারে তাহাদিগকে শাসন এবং স্বধর্ম্মনিরত প্রজাগণের পরিপালনই রাজার পরম ধর্ম্ম ॥ ১৬ ॥

বৃষরূপী ধর্ম্ম বলিতে লাগিলেন—যে পাণ্ডবগণের গুণগ্রামে বশীভূত হইয়া ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহাদের দৌত্য, সারথ্য প্রভৃতি কর্ম্মে নিযুক্ত হইয়াছিলেন, সেই পাণ্ডুবংশধর আপনার বিপন্নের প্রতি এই প্রকার অভয়বাণী সুসঙ্গতই হইয়াছে ॥ ১৭ ॥

টীকা

কিং পুনঃ শিষ্টেষু ইতি ভাবঃ। নিরঙ্কুশঃ শাসনাতিগঃ দণ্ডদানে আত্মনঃ কৌশলং সূচয়তি—যঃ সাক্ষাৎ আগস্কৃদিতি। আগস্কৃত্তয়া সাক্ষাৎ পরিজ্ঞাত ইত্যর্থঃ। তস্য ভুজেন সাঙ্গদেন অপরাধে কৃতে ভুজমেব তত্রাপি অঙ্গদমপি অপরিত্যজ্যৈবাহরিষ্যামি। তত্র মিত্রাদয়ঃ বর্জ্জ্যা ইতি তু কিং বক্তব্যম্। যজনার্হঃ সুরোঽপি ন বর্জ্জনীয়োঽপি তু দণ্ড্য এব ইত্যাহ—অমর্ত্ত্যস্যাপীতি ॥ ১৫ ॥ তাদৃশনির্ব্বন্ধে কারণমাহ—রাজ্ঞ ইতি। অন্যান্ অধার্ম্মিকান্ উৎপথান্ ধর্ম্মমার্গাতিগান্ অবিহিতকর্ত্তৃন্ বিহিতোপেক্ষকান্ যথা শাস্ত্রেণ শাসতো দণ্ড্যতো রাজ্ঞঃ স্বধর্ম্মস্থানুপালনং পরমো ধর্ম্মঃ আপদি তু বিহিতাবিহিতবৈপরীত্যকারিণাং ব্যতিক্রমঃ সোঢ়ব্য ইতি সূচয়ন্নাহ—অনাপদীতি ॥ ১৬ ॥ বৃষঃ রাজ্ঞা যৎ পৃষ্টং "কোঽবৃশ্চৎ তব পাদানি"—ইতি তদুত্তরং তদ্বচোঽভিনন্দনপূর্ব্বকমাহ—চতুর্ভিঃ। পাণ্ডবেয়ানাং পাণ্ডুবংশ্যানাং ভবতাম্ আর্ত্তানাম্ অভয়ং যস্মাৎ তদ্বচো যুক্তং যোগ্যমেব। আদিনা

ন বয়ং ক্লেশবীজানি যতঃ স্যুঃ পুরুষর্ষভ ! ।
পুরুষং তং বিজানীমো বাক্যভেদবিমোহিতাঃ ॥ ১৮ ॥
কেচিদ্বিকল্পবসনা আহুরাত্মানমাত্মনঃ ।
দৈবমন্যেঽপরে কর্ম্ম স্বভাবমপরে প্রভুম্ ॥ ১৯ ॥

অন্বয়

হে পুরুষর্ষভ ! (হে পুরুষশ্রেষ্ঠ !) যতঃ (যাহা হইতে) [প্রাণিগণের] ক্লেশবীজানি (দুঃখের কারণ সকল) স্যুঃ (হইয়া থাকে), বয়ং (আমরা) বাক্যভেদবিমোহিতাঃ ([নানাবিধ মতাবলম্বিগণের] নানাবিধ বাক্যে বিমোহিত হইয়া) তং পুরুষং (সেই পুরুষকে) ন বিজানীমঃ (জানিতে পারিতেছি না) ॥ ১৮ ॥

[নানামতাবলম্বিগণের মতভেদ প্রদর্শন করিতেছেন] কেচিৎ বিকল্পবসনাঃ (কোনও নানাকারণবাদ খণ্ডনকারী বৈদান্তিকগণ) আত্মানং (পরমাত্মাকেই) আত্মনঃ (জীবাত্মার) প্রভুম্ আহুঃ (সুখদুঃখপ্রদাতা বলিয়া থাকেন), অন্যে (অপর দৈবজ্ঞগণ) দৈবং [প্রভুম্ আহুঃ] (দৈবকেই সুখদুঃখপ্রদাতা বলিয়া থাকেন), অপরে (অপর মীমাংসকগণ) কর্ম্ম [প্রভুম্ আহুঃ]

অনুবাদ

হে নরশ্রেষ্ঠ ! আপনি যে জিজ্ঞাসা করিয়াছেন—আমাকে পাদবিহীন করিল কে ? কিন্তু যাহা হইতে প্রাণিগণের দুঃখের কারণসমূহ উৎপন্ন হইয়া থাকে, নানাবিধ মতাবলম্বিগণের নানাবিধ বাক্যে বিমোহিত হইয়া আমরা সেই পুরুষকে জানিতে পারিতেছি না ॥ ১৮ ॥

[নানামতাবলম্বিগণের মতভেদ প্রদর্শন করিতেছেন]—বৈদান্তিকগণ নানামত খণ্ডন করতঃ পরমাত্মাকেই জীবাত্মার সুখদুঃখপ্রদাতা বলিয়া থাকেন, দৈবজ্ঞগণ দৈবকেই সুখদুঃখপ্রদাতা বলিয়া থাকেন, মীমাংসকগণ কর্ম্মকেই সুখদুঃখপ্রদাতা বলিয়া থাকেন এবং সাংখ্যমতাবলম্বিগণ স্বভাবকেই সুখদুঃখপ্রদাতা বলিয়া থাকেন ॥ ১৯ ॥

টীকা

সাক্ষাত্বাদেগ্রহণম্ ॥ ১৭ ॥ হে পুরুষর্ষভ ! যতঃ প্রাণিনাং ক্লেশবীজানি দুঃখনিদানানি স্যুঃ তং পুরুষং বয়ং ন বিজানীমঃ। যতো বাক্যভেদৈর্নানাবাক্যৈর্বিমোহিতাঃ ॥ ১৮ ॥ "কালঃ স্বভাবো-নিয়তির্যদৃচ্ছা, ভূতানি যোনিঃ পুরুষ ইতি চিন্ত্যমি"তি বেদান্তবাক্যমুপবৃংহয়ন্ তানেব বাক্যভেদান্ দর্শয়তি কেচিদিতি। শ্রুতৌ তাবৎ "কিংকারণমি"তি কারণমুপক্রম্য ষট্ পক্ষাঃ দর্শিতাঃ, পঞ্চ পূর্ব্ব-পক্ষত্বেন হেয়তয়া, একঃ সিদ্ধান্তত্বেন উপাদেয়তয়া। তথাহি—কালঃ যোনিঃ কারণমিতি দৈবজ্ঞাঃ। স্বভাবঃ প্রকৃতেঃ পরিণামস্বভাবো যোনিরিত্যব্রহ্মাত্মকপ্রধানপরিণামবাদিনঃ সাংখ্যাঃ। নিয়তি-র্যোনিরিতি কর্ম্মবাদিনো মীমাংসকাঃ। যদৃচ্ছাযোনিরিতি অনিয়মবাদিন আর্হতাঃ। ভূতানি যোনিরিতি লোকায়তিকাঃ। সিদ্ধান্তপক্ষমাহ—পুরুষোঽচিন্ত্যানন্তশক্তিঃ পরব্রহ্মাদিশব্দাভিধেয়ঃ পরমাত্মৈব জগদ্যোনি-রিতি বেদান্তিন ইতি। অত্র তু ক্লেশপ্রদং পুরুষমুপক্রম্য তে পক্ষা উচ্যন্তে। তত্র সিদ্ধান্তপক্ষং প্রথমমাহ—কেচিদ্বিকল্পবসনাঃ বিকল্পং নানাকারণবাদং "নেহ নানাস্তি কিঞ্চন" "মৃত্যোঃ স মৃত্যুমাপ্নোতি য ইহ নানেব পশ্যতি" ইত্যেবং বসতে আচ্ছাদয়ন্তি যে বেদান্তাস্তদ্বিদো বা তে

অপ্রতর্ক্যাদনির্দ্দেশ্যাদিতি কেষ্বপি নিশ্চয়ঃ।
অত্রানুরূপং রাজর্ষে! বিমৃশ স্বমনীষয়া ॥ ২০ ॥
এবং ধর্ম্মে প্রবদতি স সম্রাড় দ্বিজসত্তমাঃ।
সমাহিতেন মনসা বিখেদঃ পর্য্যচষ্ট তম্ ॥ ২১ ॥

অন্বয়

(কর্ম্মকেই সুখদুঃখপ্রদাতা বলিয়া থাকেন), অপরে (অপর সাংখ্যমতাবলম্বিগণ) স্বভাবম্ এব [প্রভুম্ আহুঃ] (স্বভাবকেই সুখদুঃখপ্রদাতা বলিয়া থাকেন) ॥ ১৯ ॥ *

অপ্রতর্ক্যাৎ (মনের অগোচরে) অনির্দ্দেশ্যাৎ (এবং বাক্যের অগোচরে) [অর্থাৎ যদৃচ্ছা ও ভূতসকল হইতেই দুঃখাদি হইয়া থাকে] ইতি কেষু অপি নিশ্চয়ঃ (ইহা কোন কোনও পক্ষে সিদ্ধান্ত করা হইয়াছে), হে রাজর্ষে! অত্র (এই কয়টি পক্ষে) স্বমনীষয়া (নিজ বুদ্ধি দ্বারা) অনুরূপং বিমৃশ (যুক্তিযুক্ত পক্ষ বিচার করুন অর্থাৎ গ্রহণ করুন) ॥ ২০ ॥

(সূত বলিলেন) হে দ্বিজসত্তমাঃ! (হে শৌনকাদি ঋষিগণ!) ধর্ম্মে এবং (ধর্ম্ম এই প্রকার) প্রবদতি [সতি] (বলিলে) সঃ সম্রাট্ (সেই সম্রাট্ পরীক্ষিৎ) সমাহিতেন মনসা (সমাহিত চিত্তে) বিখেদঃ [সন্] (বিগতমোহ হইয়া) তং (সেই বৃষরূপী ধর্ম্মকে) পর্য্যচষ্ট (বলিলেন) ॥ ২১ ॥

অনুবাদ

মন ও বাক্যের অগোচরে সুখ দুঃখাদি হইয়া থাকে ইহা কোনও সিদ্ধান্তে স্থিরীকৃত হইয়াছে। হে রাজর্ষে! এক্ষণে এ কয়টি মতভেদের মধ্যে আপনার নিজ বুদ্ধিতে যাহা সমীচীন বলিয়া বোধ হয়, তাহাই বিবেচনা করুন অর্থাৎ গ্রহণ করুন ॥ ২০ ॥

সূত কহিলেন—হে বিপ্রগণ! ধর্ম্ম এই প্রকার বলিলে সেই সম্রাট্ পরীক্ষিৎ সমাহিতচিত্তে চিন্তাকরতঃ সংশয়রহিত হইয়া সেই বৃষরূপী ধর্ম্মকে বলিলেন ॥ ২১ ॥

টীকা

আত্মনস্বংপদার্থস্য আত্মানং তৎপদার্থং প্রভুং সুখদুঃখপ্রদম্ আহুঃ। তথাচ শ্রুতিঃ—"এষ এব সাধু কর্ম্ম কারয়তি তং যমেভ্যো লোকেভ্য উন্নিনীষতে, এষ এবাসাধু কর্ম্ম কারয়তি তং যমেভ্যো লোকেভ্যঃ অধো নিনীষতে" ইতি। অন্যে দৈবজ্ঞাঃ দৈবং প্রভুমাহুঃ, পরে মীমাংসকাঃ কর্ম্ম এব প্রভুমাহুঃ। অপরে সাংখ্যাঃ অব্রহ্মাত্মকপ্রধানস্য পরিণামিত্বরূপং স্বভাবং প্রভুমাহুঃ ॥ ১৯ ॥ বাহ্যপক্ষদ্বয়মেকীকৃত্যাহ—কেষু বাহ্যেষু যদৃচ্ছাস্তপরপর্য্যায়াদপ্রতর্ক্যাৎ অতএবানির্দ্দেশ্যাৎ সর্ব্বং ভবতীতি নিশ্চয়ঃ। অত্র এতেষু পক্ষেষু অনুরূপং পক্ষং বিমৃশ বিচারয়। স্বমনীষয়া স্ববুদ্ধ্যা ॥ ২০ ॥ তং বৃষং পর্য্যচষ্ট অভাষত। যদ্বা তং বৃষং ধর্ম্মোঽয়মিতি জ্ঞাতবান্ চক্ষিঙ্ দর্শনেঽপ্যস্তি ॥ ২১ ॥

---

* শ্বেতাশ্বতরোপনিষদে কারণ নির্দ্দেশ ইচ্ছায় শ্রুতি ছয়টি পক্ষ দেখাইয়াছেন—১। "কালই কারণ" ইহা দৈবজ্ঞগণ বলিয়া থাকেন। ২। প্রকৃতির পরিণাম "স্বভাবই কারণ" ইহা সাংখ্য মত। ৩। "নিয়তিই কারণ" ইহা মীমাংসকগণের মত। ৪। "যদৃচ্ছাই কারণ" ইহা জৈনমত। ৫। "ভূত সকলই কারণ" ইহা লোকায়তিক মত। ৬। পুরুষ পদবাচ্য অচিন্ত্যানন্ত শক্তি "পরমাত্মাই জগৎ কারণ" ইহাই বেদান্ত সিদ্ধান্ত।

শ্রীরাজোবাচ

ধর্ম্মং ব্রবীষি ধর্ম্মজ্ঞ ! ধর্ম্মোঽসি বৃষরূপধৃক্ ।
যদধর্ম্মকৃতঃ স্থানং সূচকস্যাপি তদ্ভবেৎ ॥ ২২ ॥
অথবা দেবমায়ায়া নূনং গতিরগোচরা ।
চেতসো বচসশ্চাপি ভূতানামিতি নিশ্চয়ঃ ॥ ২৩ ॥

অন্বয়

রাজা উবাচ (মহারাজ পরীক্ষিৎ বলিলেন) (হে) ধর্ম্মজ্ঞ! অধর্ম্মকৃতঃ (অধর্ম্মকারী ব্যক্তির) যৎ স্থানং (যেই নরকাদি স্থান) [নির্দ্দিষ্ট আছে], সূচকস্যাপি (অধর্ম্মকারীর নির্দ্দেশকেরও) তৎ (সেই স্থান) ভবেৎ (হইয়া থাকে), [এই জন্যই] ধর্ম্মং ব্রবীষি (স্বীয় অনিষ্টকারকের নাম না বলিয়া পরদোষবর্জ্জিত সত্যাত্মক ধর্ম্মকথা বলিয়াছেন), [অতঃ] ত্বং (অতএব আপনি) বৃষরূপধৃক্ ধর্ম্মঃ অসি (বৃষরূপধারী সাক্ষাৎ ধর্ম্ম) ॥ ২২ ॥

অথবা দেবমায়ায়াঃ (অথবা বিষ্ণুর মায়াশক্তির) গতিঃ (কার্য্য) নূনং (নিশ্চয়ই) ভূতানাং (প্রাণিগণের) বচসঃ (বাক্যের) চেতসঃ চ অপি (ও মনের) অগোচরা (অগোচর) ইতি নিশ্চয়ঃ (ইহাতে সংশয় নাই) [অতএব একার্য্য কাহার হয় ত তাহা আপনি জানেন না] ॥ ২৩ ॥

অনুবাদ

মহারাজ পরীক্ষিৎ বলিলেন, হে ধর্ম্মজ্ঞ! অধর্ম্মকারী ব্যক্তির যে নরকাদি স্থান নির্দ্দিষ্ট আছে, অধর্ম্মকারীকে যাহারা নির্দ্দেশ করিয়া দেয়, তাহাদেরও সেই নরকাদি স্থান হইয়া থাকে, এইজন্যই আপনি স্বীয় অনিষ্টকারকের নাম না বলিয়া পরদোষ-বর্জ্জিত সত্যাত্মক ধর্ম্মকথা বলিয়াছেন, অতএব [মনে হয়] নিশ্চয়ই আপনি বৃষরূপধারী সাক্ষাৎ ধর্ম্ম ॥ ২২ ॥

অথবা বিষ্ণুর মায়াশক্তির গতি প্রাণিগণের বাক্য ও মনের অগোচর, ইহাতে কোনও সন্দেহ নাই। সকলেই সকল বিষয় জানিতে পারে না অর্থাৎ এ কার্য্য কাহার হয় ত আপনি তাহা জানেন না ॥ ২৩ ॥

টীকা

হে ধর্ম্মজ্ঞ! প্রত্যক্ষপ্রমাণপ্রাপ্তে ঘাতকে সন্নিহিতেঽপি হেয়োপাদেয়পক্ষদ্বয়গর্ভং পরদোষরহিতং সত্যবচনাত্মকং ধর্ম্মং ব্রবীষি, অতঃ ধর্ম্মোঽসি ধর্ম্মাধিষ্ঠাতৃদেবতারূপোঽসি, সূচনে দোষমাহ—অধর্ম্মকৃতোঽধর্ম্মকারিণো যন্নরকাদিস্থানং তৎ সূচকস্যাপি ভবেৎ ॥ ২২ ॥ অথবেতি। দেবস্য বিষ্ণোর্মায়ায়াঃ প্রকৃতের্গতিঃ চেতসো বচসশ্চ অগোচরা অবিষয়া বিষ্ণুমায়ামোহিতাঃ সর্ব্বে সর্ব্বং ন জানন্তীতি ভাবঃ। তথোক্তং মহাভারতে "সর্ব্বে সর্ব্বং ন জানন্তি সর্ব্বজ্ঞো নাস্তি কশ্চনে"তি বৈষ্ণবে "ব্রহ্মাদ্যাঃ সকলা দেবা মনুষ্যাঃ পশবস্তথা। বিষ্ণুমায়ামহাবর্ত্তমোহান্ধতমসাবৃতাঃ" ইতি। যদ্বা ভগবদিচ্ছয়াপি অকথনং সম্ভবতীত্যাহ—অথবেতি। তস্য ভগবতঃ বয়ুনাত্মিকায়াঃ গতিঃ প্রবৃত্তিঃ সর্ব্বজ্ঞানামপি ক্বচিৎ মোহে হেতুভূতা, সা চ কেষু কেষু সর্ব্বজ্ঞেষু কস্মিন্ কস্মিন্ কার্য্যে অস্তীতি ভূতানাং জনানাং গোচরা গ্রাহ্যা ন ভবতীতি নিশ্চয়ঃ, ত্রিগুণাত্মিকয়া মায়য়া সর্ব্বে জগদ্‌গতা জীবা মোহিতাঃ। ভগবদীয়ানাং তু ক্বচিৎ মোহশ্চেৎ তত্র ভগবদিচ্ছৈব কারণমিতিভাবঃ ॥ ২৩ ॥

তপঃ শৌচং দয়া সত্যমিতি পাদাঃ কৃতে কৃতাঃ।
অধর্ম্মাংশৈস্ত্রয়ো ভগ্নাঃ স্ময়-সঙ্গ-মদৈস্তব ॥ ২৪ ॥
ইদানীং ধর্ম্ম! পাদস্তে সত্যং নির্ব্বর্ত্তয়েদ্ যতঃ।
তং জিঘৃক্ষত্যধর্ম্মোঽয়মনৃতেনৈধিতঃ কলিঃ ॥ ২৫ ॥
ইয়ং মির্ভগবতা ন্যাসিতোরুভরা সতী।
শ্রীমদ্ভিস্তৎপদন্যাসৈঃ সর্ব্বতঃ কৃতকৌতুকা ॥ ২৬ ॥

অন্বয়

কৃতে (সত্যযুগে) তপঃ, শৌচম্, দয়া, সত্যম্ ইতি কৃতাঃ (তপস্যা, শৌচ, দয়া ও সত্যরূপ চারিটি পাদ [আপনার] সম্পূর্ণ ছিল) [অনন্তর] অধর্ম্মাংশৈঃ (অধর্ম্মের অংশ স্বরূপ) স্ময়সঙ্গমদৈঃ (গর্ব্ব, কুসঙ্গ ও মদ্যপানাদি মত্ততার দ্বারা) [যথাক্রমে] তব ত্রয়ঃ [পাদাঃ] (আপনার তিনটি পাদ) ভগ্নাঃ (ভগ্ন হইয়াছে অর্থাৎ বিনষ্ট হইয়াছে) ॥ ২৪ ॥

(হে) ধর্ম্ম! ইদানীং (বর্ত্তমান কালে) তে (আপনার) সত্যং পাদঃ (সত্যরূপ এক পাদ মাত্র) [অস্তি] (অবশিষ্ট আছে), যতঃ (যে সত্য হইতে) নির্ব্বর্ত্তয়েৎ (নিজকে রক্ষা করিবেন ভাবিয়াছেন), তং (সেই সত্যরূপ পাদকেও) অধর্ম্মঃ অয়ং কলিঃ (অধর্ম্মরূপ এই কলি) অনৃতেন এধিতঃ (মিথ্যা দ্বারা বর্দ্ধিত হইয়া) জিঘৃক্ষতি (গ্রহণ করিতে ইচ্ছা করিতেছে) ॥ ২৫ ॥

ইয়ং ভূমিঃ (এই গোরূপধারিণী পৃথিবী) ভগবতা (ভগবান্ শ্রীকৃষ্ণকর্ত্তৃক) ন্যাসিতোরুভরা সতী (গুরুভার বিমুক্তা হইয়া) শ্রীমদ্ভিঃ তৎপদন্যাসৈঃ (অতীব রমণীয় ভগবানের পদচিহ্ন দ্বারা) সর্ব্বতঃ কৃতকৌতুকাঃ (সর্ব্বত্র উৎসবের শোভা ধারণ করিয়াছিলেন) ॥ ২৬ ॥

অনুবাদ

হে ধর্ম্ম! সত্যযুগে তপস্যা, শৌচ, দয়া ও সত্যরূপ আপনার চারিটি পাদ ছিল। এক্ষণে অধর্ম্মের অংশস্বরূপ গর্ব্বের দ্বারা তপস্যা, কুসঙ্গের দ্বারা শৌচ এবং মদ্যপানাদিজনিত মত্ততা দ্বারা দয়া এই তিনটি পাদ বিনষ্ট হইয়াছে ॥ ২৪ ॥

হে ধর্ম্ম! এই কলিকালে আপনার সত্যরূপ একটি মাত্র পাদ অবশিষ্ট আছে, আর তিনটি পাদই বিনষ্ট হইয়াছে। এক্ষণে আপনি যাঁহাকে অবলম্বন করিয়া নিজকে রক্ষা করিবেন মনে করিয়াছেন, সেই সত্যরূপ পাদকেও অধর্ম্মরূপী এই কলি মিথ্যা-দ্বারা বর্দ্ধিত হইয়া গ্রহণ করিতে ইচ্ছা করিতেছে ॥ ২৫ ॥

এই গোরূপধারিণী পৃথিবী ভারাক্রান্তা হইলে ভগবান্ শ্রীকৃষ্ণ ভারভূত রাজগণের ও যাদবগণের পরস্পর বিনাশ সাধন করিয়া ইহার গুরুভার হরণ করিয়াছিলেন,

টীকা

স্ময়েন বিস্ময়েন তপঃ সঙ্গেন শৌচং মদেন দয়া ইতি ক্রমেণ অধর্ম্মস্য অংশৈঃ পাদৈঃ ত্রয়ো ধর্ম্মপাদাঃ ভগ্নাঃ ॥ ২৪ ॥ হে ধর্ম্ম! ইদানীং কলৌ সত্যং তে পাদোঽস্তি, যতো ভবান্ আত্মানং নির্ব্বর্ত্তয়েৎ ধারয়েৎ তমপি অধর্ম্মোঽধর্ম্মহেতুঃ অয়ং কলিঃ অনৃতেনৈধিতো জিঘৃক্ষতি গ্রহীতুমিচ্ছতি ॥ ২৫ ॥ গোরূপধারিণী ভূরিয়মিতি জ্ঞাত্বা তাং প্রত্যাহ—ইয়মিতি দ্বাভ্যাম্ ইয়ং গোরূপধরা ভূঃ ভগবতা শ্রীকৃষ্ণেন ন্যাসিতঃ অবতারিতঃ উরুর্ভরো যস্যাঃ সা, শ্রীযুক্তৈস্তৎপদন্যাসৈঃ সর্ব্বত্র কৃতং কৌতুকং

শোচত্যশ্রুকলা সাধ্বী দুর্ভগেবোজ্‌ঝিতা সতী।
অব্রহ্মণ্যা নৃপব্যাজাঃ শূদ্রা ভোক্ষ্যন্তি মামিতি ॥ ২৭ ॥
ইতি ধর্ম্মং মহীঞ্চৈব সান্ত্বয়িত্বা মহারথঃ।
নিশাতমাদদে খড়্‌গং কলয়েঽধর্ম্মহেতবে ॥ ২৮ ॥
তং জিঘাংসুমভিপ্রেত্য বিহায় নৃপলাঞ্ছনম্।
তৎপাদমূলং শিরসা সমগাদ্ভয়বিহ্বলঃ ॥ ২৯ ॥

অন্বয়

(বর্ত্তমানে) দুর্ভগা ইব (দুর্ভগার ন্যায়) উজ্‌ঝিতা সতী (ভগবৎপরিত্যক্তা হইয়া) সাধ্বী (এই পৃথিবী) অব্রহ্মণ্যাঃ (ব্রাহ্মণে ভক্তিবিহীন) নৃপব্যাজাঃ (রাজবেশধারী) শূদ্রাঃ (শূদ্রগণ) মাং (আমাকে) ভোক্ষ্যন্তি (ভোগ করিবে) [ইহা ভাবিয়া] অশ্রুকলা (অশ্রুপূর্ণলোচনে শোচতি (শোক করিতেছেন) ॥ ২৭ ॥

মহারথঃ (মহারথ সম্রাট্ পরীক্ষিৎ) ইতি (এই প্রকারে) ধর্ম্মং (বৃষরূপী ধর্ম্মকে) মহীং চ এব (ও গোরূপধারিণী পৃথিবীকে) সান্ত্বয়িত্বা (সান্ত্বনা প্রদান করিয়া) অধর্ম্মহেতবে কলয়ে (অধর্ম্মের মূল কারণ কলিকে বিনাশ করিবার জন্য) নিশাতং (সুতীক্ষ্ণ) খড়্গম্ আদদে (খড়্গ গ্রহণ করিলেন) ॥ ২৮ ॥

(কলি) তং (সেই রাজা পরীক্ষিৎকে) জিঘাংসুং (বধ করিতে উদ্যত) অভিপ্রেত্য (বুঝিতে পারিয়া) নৃপলাঞ্ছনং (রাজবেশ) বিহায় (পরিত্যাগ করিয়া) ভয়বিহ্বলঃ (প্রাণভয়ে ব্যাকুল হইয়া) শিরসা (অবনত মস্তকে) তৎপাদমূলং (তাঁহার পাদমূলে) সমগাৎ (নিপতিত হইল) ॥ ২৯ ॥

অনুবাদ

এই পৃথিবী তখন ভারশূন্যা ও ভগবানের অতীব রমণীয় পদচিহ্নে অঙ্কিতা হইয়া সর্ব্বত্র উৎসবের শোভা ধারণ করিয়াছিলেন অর্থাৎ মঙ্গলময়ী হইয়াছিলেন ॥ ২৬ ॥

অধুনা এই পৃথিবী দুর্ভগার ন্যায় ভগবান্ শ্রীকৃষ্ণকর্ত্তৃক পরিত্যক্তা হইয়া "ব্রাহ্মণদ্বেষী রাজবেশধারী শূদ্রগণ আমাকে ভোগ করিবে" ইহা ভাবিয়া অশ্রুপূর্ণলোচনে শোক করিতেছেন ॥ ২৭ ॥

মহারথ সম্রাট্ পরীক্ষিৎ এই প্রকারে বৃষরূপী ধর্ম্মকে ও গোরূপধারিণী পৃথিবীকে সান্ত্বনা প্রদান করিয়া অধর্ম্মের মূল কারণ কলিকে বিনাশ করিবার জন্য সুতীক্ষ্ণ খড়্গ গ্রহণ করিলেন ॥ ২৮ ॥

কলি মহারাজ পরীক্ষিৎকে বধের নিমিত্ত উদ্যত দেখিয়া রাজবেশ পরিত্যাগ পূর্ব্বক প্রাণভয়ে ব্যাকুল হইয়া অবনতমস্তকে তাঁহার পদতলে নিপতিত হইল ॥ ২৯ ॥

টীকা

উৎসবো যস্যাঃ সা পূর্ব্বমেবম্ভূতাপি ॥ ২৬ ॥ অধুনা তু ভগবতা উজ্‌ঝিতা ত্যক্তা অতোঽশ্রুণাং কলাঃ বিন্দবো যস্যাঃ সা সাধ্বী সদাচারা দুর্ভগা ইব অব্রহ্মণ্যা অব্রহ্মবাদিনী হিতবর্জ্জিতাঃ নৃপব্যাজাঃ বৃত্ত্যর্থং নৃপবেশধরাঃ মাং ভোক্ষ্যন্তীতি শোচতি ॥ ২৭ ॥ অধর্ম্মহেতব ইতি, নিশাতং নিশিতম্ ॥ ২৮ ॥

পতিতং পাদয়োর্বীরঃ কৃপয়া দীনবৎসলঃ।
শরণ্যো নাবধীৎ শ্লোক্য আহ চেদং হসন্নিব ॥ ৩০ ॥

শ্রীরাজোবাচ

ন তে গুড়াকেশযশোধরাণাং বদ্ধাঞ্জলের্ব্বৈ ভয়মস্তি কিঞ্চিৎ।
ন বর্ত্তিতব্যং ভবতা কথঞ্চন ক্ষেত্রে মদীয়ে ত্বমধর্ম্মবন্ধুঃ ॥ ৩১ ॥
ত্বাং বর্ত্তমানং নরদেবদেহে-ষ্বনুপ্রবৃত্তোঽয়মধর্ম্মপূগঃ।
লোভোঽনৃতং চৌর্য্যমনার্য্যমংহো জ্যেষ্ঠা চ মায়া কলহশ্চ দম্ভঃ ॥ ৩২ ॥

অন্বয়

শরণ্যঃ (শরণাগতপালক) দীনবৎসলঃ (দীনবৎসল) শ্লোক্যঃ (যশস্বী) বীরঃ (মহাবীর পরীক্ষিৎ) পাদয়োঃ পতিতং (চরণযুগলে নিপতিত কলিকে) কৃপয়া (কৃপা করিয়া) ন অবধীৎ (বধ করিলেন না) হসন্ ইব (এবং হাসিয়াই যেন) ইদম্ আহ চ (ইহা বলিলেন)॥ ৩০ ॥

রাজা উবাচ (রাজা পরীক্ষিৎ বলিলেন) [হে কলে!] গুড়াকেশযশোধরাণাং (অর্জ্জুনের কীর্ত্তি রক্ষাকারী আমাদের) [নিকটে] বদ্ধাঞ্জলেঃ তে (কৃতাঞ্জলি হওয়ায় তোমার) ন বৈ কিঞ্চিৎ ভয়ম্ অস্তি (কিছুমাত্র ভয় নাই)। ভবতা (তুমি) মদীয়ে ক্ষেত্রে (আমার এ রাজ্যে) ন বর্ত্তিতব্যম্ (থাকিতে পারিবে না), [যতঃ] ত্বং অধর্ম্ম বন্ধুঃ (যেহেতু তুমি অধর্ম্মের বন্ধু)॥ ৩১ ॥

[কলি যে অধর্ম্মের সহায় তাহাই দেখাইতেছেন] নরদেবদেহেষু (রাজদেহে) বর্ত্তমানং ত্বাম্ অনু (তোমাকে বর্ত্তমান লক্ষ্য করিয়া) লোভঃ (অন্যায়ভাবে অর্থের আকাঙ্ক্ষা) অনৃতং (মিথ্যাভাষণ) চৌর্য্যং (চুরি করা) অনার্য্যং (শঠতা) অংহঃ (পাপাচরণ) জ্যেষ্ঠা (অলক্ষ্মী) মায়া (তোমার সম্বন্ধ বশতঃ আত্মাও পরমাত্মাদি বিষয়ে অজ্ঞানতা অথবা কপটতা) কলহঃ (বিবাদ) দম্ভঃ (গর্ব্ব) অয়ং অধর্ম্মপূগঃ (এই অধর্ম্ম সমূহ) প্রবৃত্তঃ (প্রবৃত্ত হইয়া থাকে)॥ ৩২ ॥

অনুবাদ

শরণাগতপালক দীনবৎসল যশস্বী মহাবীর পরীক্ষিৎ কলিকে স্বীয় চরণযুগলে নিপতিত দেখিয়া কৃপা করিয়া বধ করিলেন না এবং হাসিতে হাসিতেই যেন এই বক্ষ্যমাণ বাক্য বলিতে লাগিলেন ॥ ৩০ ॥

মহারাজ পরীক্ষিৎ বলিলেন—হে কলে! কীর্ত্তিমান্ মহাধনুর্দ্ধর অর্জ্জুনের বংশধর আমরা সর্ব্বদাই তাঁহার কীর্ত্তিকলাপ রক্ষা করিয়া থাকি। অতএব তুমি যখন আমাদের নিকটে হাত জোড় করিয়াছ, তখন তোমার কিছুমাত্র ভয় নাই, তোমাকে বধ করিব না; কিন্তু তুমি আমার এই রাজ্যে থাকিতে পারিবে না অর্থাৎ তোমার স্বীয় প্রভাব আমার রাজ্যে বিস্তার করিতে পারিবে না; কারণ তুমি অধর্ম্মের পরমবন্ধু ॥ ৩১ ॥

[কলি যে অধর্ম্মের সহায় তাহাই বলিতেছেন]—হে কলে! তুমি রাজগণের দেহে

টীকা

জিঘাংসুং হন্তুমিচ্ছুম্ অভিপ্রেত্য জ্ঞাত্বা পাদয়োর্মূলং সমগাৎ পপাত॥ ২৯॥ শরণ্যঃ শরণং আশ্রয়ঃ তদর্হঃ, শ্লোক্যঃ শ্লোকাঃ যশাংসি তদর্হঃ॥ ৩০॥ তদ্ যশোধরাণামস্মাকং বদ্ধাঞ্জলেস্তে তব কিঞ্চিদপি

ন বর্ত্তিতব্যং তদধর্ম্মবন্ধো ! ধর্ম্মেণ সত্যেন চ বর্ত্তিতব্যে ।
ব্রহ্মাবর্ত্তে যত্র যজন্তি যজ্ঞৈ-র্যজ্ঞেশ্বরং যজ্ঞবিতানবিজ্ঞাঃ ॥ ৩৩ ॥
যস্মিন্ হরির্ভগবানিজ্যমান ইজ্যাত্মমূর্ত্তির্যজতাং শং তনোতি ।
কামানমোঘান্ স্থিরজঙ্গমানা-মন্তর্ব্বহির্বায়ুরিবৈষ আত্মা ॥ ৩৪ ॥

অন্বয়

তৎ (সেই কারণে) অধর্ম্মবন্ধো ! (হে পাপাশ্রয় !) ধর্ম্মেণ সত্যেন চ (ধর্ম্ম ও সত্যের দ্বারা) বর্ত্তিতব্যে (বাসযোগ্য) যত্র ব্রহ্মাবর্ত্তে (যে ব্রহ্মাবর্ত্তে) যজ্ঞবিতানবিজ্ঞাঃ (যজ্ঞানুষ্ঠান-নিপুণ যাজ্ঞিকগণ) যজ্ঞৈঃ যজ্ঞেশ্বরং (যজ্ঞের দ্বারা যজ্ঞেশ্বর শ্রীহরির) যজন্তি (অর্চ্চনা করিয়া থাকেন), [তস্মিন্ ব্রহ্মাবর্ত্তে] (সেই ব্রহ্মাবর্ত্ত নামক স্থানে) [ত্বয়া] ন বর্ত্তিতব্যম্ (তোমার থাকা হইবে না) ॥ ৩৩ ॥

যস্মিন্ (এই ব্রহ্মাবর্ত্তে) ইজ্যাত্মমূর্ত্তিঃ (যজ্ঞমূর্ত্তি) ভগবান্ হরিঃ (ভগবান্ শ্রীহরি) ইজ্যমানঃ (যাজ্ঞিকগণ কর্ত্তৃক অর্চ্চিত হইয়া) যজতাং (যাজ্ঞিকগণের) শং (মোক্ষনামক সুখ) অমোঘান্ কামান্ (ও অমোঘ অভিলষিত বস্তু সকল) তনোতি (প্রদান করিয়া থাকেন)। [যজ্ঞে যে ইন্দ্রাদি দেবগণকে আহুতি দেওয়া হয়, তাহাও ভগবান্ সর্ব্বান্তর্যামীই পাইয়া থাকেন, তাহাই বলিতেছেন] এষঃ আত্মা (এই আত্মস্বরূপ ভগবান্ শ্রীহরি) বায়ুরিব (বায়ুর ন্যায়) স্থিরজঙ্গমানাং (স্থাবর ও জঙ্গম সকল বস্তুর) অন্তর্বহিঃ [বর্ত্ততে] (অন্তরে ও বাহিরে বর্ত্তমান আছেন) ॥ ৩৪ ॥

অনুবাদ

বর্ত্তমান থাকিলে তোমাকে লক্ষ্য করিয়া লোভ, মিথ্যা, চৌর্য্য, শঠতা, পাপাচরণ, অলক্ষ্মী, কপটতা, বিবাদ ও গর্ব্ব এই অধর্ম্ম সমূহ প্রবর্ত্তিত হইয়া থাকে অর্থাৎ বৃদ্ধিপ্রাপ্ত হইয়া থাকে ॥ ৩২ ॥

অতএব হে অধর্ম্মবন্ধো ! কলে ! সত্য ও ধর্ম্মানুষ্ঠানের দ্বারা বাসযোগ্য যে ব্রহ্মাবর্ত্তে যজ্ঞানুষ্ঠান-নিপুণ যাজ্ঞিকগণ যজ্ঞের দ্বারা যজ্ঞেশ্বর শ্রীহরির অর্চ্চনা করিয়া থাকেন, সেই ব্রহ্মাবর্ত্ত নামক আমাদের প্রতিপালিত ভূখণ্ডে তোমার থাকা হইবে না অর্থাৎ এস্থানে থাকিতে পারিবে না। [সরস্বতী ও দৃষদ্বতী নদীর মধ্যবর্ত্তী দেশকে ব্রহ্মাবর্ত্ত বলে] ॥ ৩৩ ॥

ব্রহ্মাবর্ত্তে যজ্ঞমূর্ত্তি ভগবান্ শ্রীহরি যাজ্ঞিকগণকর্ত্তৃক পূজিত হইয়া যাজ্ঞিকগণের

টীকা

ভয়ং নাস্তি। তথাপি ত্বমধর্ম্মস্য বন্ধুরনুকূলঃ অতো মদীয়ে ক্ষেত্রে কথঞ্চন কেনাপ্যংশেন ভবতা ন বর্ত্তিতব্যম্ ॥ ৩১ ॥ কলেরধর্ম্মবন্ধুত্বং দর্শয়তি—নরদেবদেহেষু বর্ত্তমানং ত্বামনু অধর্ম্মপূগোঽয়ং প্রবৃত্তঃ, কোঽসৌ ইত্যাকাঙ্ক্ষায়াম্ আহ লোভোঽন্যায়েন অর্থাভিলাষঃ, অনৃতম্ অযথার্থভাষণম্, অনার্য্যং শাঠ্যম্, অংহঃ পাপাচরণম্, জ্যেষ্ঠা অলক্ষ্মীঃ, মায়া তব সম্বন্ধনিবন্ধনাত্মপরমাত্মাত্মজনভিজ্ঞতা কাপট্যং বা, কলহঃ পিত্রাদিভির্বিবাদঃ, দম্ভঃ ধর্ম্মধ্বজিত্বম্ ॥ ৩২ ॥

তৎ তস্মাৎ ধর্ম্মেণ সত্যেন চ বর্ত্তিতব্যে বর্ত্তিতুমর্হে ব্রহ্মাবর্ত্তে ব্রহ্মাবর্ত্তোপলক্ষিতে অস্মৎপরিপাল্যে ভূতলে যত্র যজ্ঞেশ্বরম্ "অহং হি সর্ব্বযজ্ঞানাং ভোক্তা চ প্রভুরেব চ" ইতি নিজবাক্যোক্তং শ্রীকৃষ্ণং

সূত উবাচ

পরীক্ষিতৈবমাদিষ্টঃ স কলির্জাতবেপথুঃ।
তমুদ্যতাসিমাহেদং দণ্ডপাণিমিবোদ্যতম্ ॥ ৩৫ ॥

কলিরুবাচ

যত্র ক্ব বাথ বৎস্যামি সার্ব্বভৌম! তবাজ্ঞয়া।
লক্ষয়ে তত্র তত্রাপি ত্বামাত্তেষুশরাসনম্ ॥ ৩৬ ॥

অন্বয়

সূতঃ উবাচ (সূত বলিলেন) পরীক্ষিতা এবং (মহারাজ পরীক্ষিৎকর্ত্তৃক এই প্রকারে) আদিষ্টঃ (আদিষ্ট হইয়া) স কলিঃ জাতবেপথুঃ (সেই কলি কম্পান্বিত কলেবরে) দণ্ডপাণিম্ ইব (যমের ন্যায়) উদ্যতম্ (বধোদ্যত) উদ্যতাসিং (ও উত্তোলিত অসিধারী) তম্ (সেই পরীক্ষিৎকে) ইদম্ আহ (এই বক্ষ্যমাণ বাক্য বলিল) ॥ ৩৫ ॥

কলিঃ উবাচ (কলি বলিল) সার্ব্বভৌম! (হে সর্ব্বভূমিপতে!) অথ তব আজ্ঞয়া (আপনার আদেশে) যত্র ক্ব বা (যে কোনও স্থানে) বৎস্যামি (বাস করি না কেন), [কিন্তু] তত্র তত্র অপি (সেই সেই স্থানেও) আত্তেষুশরাসনং (ধনুর্ব্বাণধারী) ত্বাং (আপনাকে) লক্ষয়ে (দেখিতে পাইব) ॥ ৩৬ ॥

অনুবাদ

মোক্ষনামক সুখ ও নানাবিধ অমোঘ অভিলষিত বস্তু প্রদান করিয়া থাকেন। [যজ্ঞে ইন্দ্রাদি দেবতাগণকে যে আহুতি দেওয়া হয়, তাহাতেও ফলতঃ শ্রীহরিকেই পরিতুষ্ট করা হয়, তাহাই বলিতেছেন] এই আত্মস্বরূপ ভগবান্ শ্রীহরি বায়ুর ন্যায় স্থাবর জঙ্গমাত্মক সকল বস্তুর অন্তরে ও বাহিরে বর্ত্তমান আছেন। যেমন বায়ু প্রাণরূপে অন্তরে থাকিয়াও বাহিরে বর্ত্তমান আছে সেইরূপ তিনিও সকল বস্তুর অন্তরে ও বাহিরে বর্ত্তমান আছেন ॥ ৩৪ ॥

সূত বলিলেন—মহারাজ পরীক্ষিৎ কর্ত্তৃক এই প্রকারে আদিষ্ট হইয়া সেই কলি কম্পান্বিতকলেবরে যমরাজের ন্যায় বধোদ্যত ও খড়্গ উত্তোলনকারী সেই পরীক্ষিৎকে এই বক্ষ্যমাণ বাক্য বলিল ॥ ৩৫ ॥

কলি বলিল, হে সার্ব্বভৌম! আমি আপনার আদেশে আপনার নির্দ্ধারিত স্থান

টীকা

যজ্ঞবিতানস্য যজ্ঞেশ্বরযজনবিস্তারস্য বিজ্ঞা অভিজ্ঞাঃ যজ্ঞৈর্যজন্তি আরাধয়ন্তি তস্মিন্ ত্বয়া ন বর্ত্তিতব্যম্ ॥ ৩৩ ॥ যস্মিন্ ব্রহ্মাবর্ত্তোপলক্ষিতে ভূমণ্ডলে ইজ্যামূর্ত্তিঃ ইজ্যারূপা যাগরূপা মূর্ত্তির্যস্য সঃ, যথা বায়ুঃ প্রাণরূপেণান্তশ্চরোঽপি বহিরপি ধূয়মানে অস্তি, তথা স্থিরজঙ্গমানাং স্থাবরাণাং জঙ্গমানাঞ্চ অন্তরাত্মা বহিরপি বর্ত্তমান এষ হরিঃ যজতাং শং মোক্ষাখ্যং সুখম্ অমোঘান্ সত্যান্ ঈপ্সিতান্ কামাংশ্চ তনোতি ॥ ৩৪ ॥ দণ্ডপাণিং ধর্ম্মরাজমিব উদ্যতমুদ্যুক্তম্ উদ্যতাসিং উদ্ধৃতখড়্গম্ ইদং বক্ষ্যমাণমাহ ॥ ৩৫ ॥ তদেবাহ দ্বাভ্যাম্। হে সার্ব্বভৌম! সর্ব্বভূমিপতে! "ন বর্ত্তিতব্যং ভবতা কথঞ্চন ক্ষেত্রে মদীয়ে" ইতি যা তব সার্ব্বভৌমস্য আজ্ঞা তয়া যত্র ক্বচন বৎস্যামি আজ্ঞাবলাৎ কাংশ্চিন্মুখ্যান্ বিহায় স্থানং বিনা বাসাসম্ভবাৎ সার্ব্বভৌমস্য ভবতঃ এব যস্মিন্ কস্মিন্ ক্ষেত্রে অগত্যা বাসং করিষ্যামি এবঞ্চাজ্ঞা-চ্ছেদকারিণং মাং মত্বা প্রবৃত্তং ত্বাং আত্তো গৃহীত ইষুঃ শরাসনঞ্চ যেন তং লক্ষয়ে ॥ ৩৬ ॥

তন্মে ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠ! স্থানং নির্দ্দেষ্টুমর্হসি।
যত্রৈব নিয়তো বৎস্যে আতিষ্ঠংস্তেঽনুশাসনম্ ॥ ৩৭ ॥

সূত উবাচ

অভ্যর্থিতস্তদা তস্মৈ স্থানানি কলয়ে দদৌ।
দ্যূতং পানং স্ত্রিয়ঃ সূনা যত্রাধর্ম্মশ্চতুর্ব্বিধঃ ॥ ৩৮ ॥
পুনশ্চ যাচমানায় জাতরূপমদাৎ প্রভুঃ।
ততোঽনৃতং মদং কামং রজো বৈরঞ্চ পঞ্চমম্ ॥ ৩৯ ॥

অন্বয়

তৎ (অতএব) ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠ! (হে ধার্ম্মিকপ্রবর!) যত্র এব তে (যেখানে আপনার) অনুশাসনং (আদেশ) আতিষ্ঠন্ (পালন করিয়া) নিয়তঃ (স্থিরভাবে) বৎস্যে (বাস করিতে পারি) তৎ মে স্থানং (আমার সেই স্থান) নির্দ্দেষ্টুম্ অর্হসি (নির্দ্দেশ করুন)॥ ৩৭ ॥

সূতঃ উবাচ (সূত বলিলেন) অভ্যর্থিতঃ (কলিকর্ত্তৃক প্রার্থিত হইয়া) [রাজা পরীক্ষিৎ] তদা (সেই সময়ে) তস্মৈ কলয়ে (সেই কলিকে) যত্র (যেখানে) চতুর্ব্বিধঃ অধর্ম্মঃ [অস্তি] (চারিপ্রকার অধর্ম্ম আছে), দ্যূতং (পাশক্রীড়া) পানং (মদ্যপান) স্ত্রিয়ঃ (পরস্ত্রী) সূনা (প্রাণিহিংসা) [এতানি] স্থানানি (এই চতুর্ব্বিধ স্থান) দদৌ (প্রদান করিলেন)॥ ৩৮ ॥

প্রভুঃ (প্রদানে সমর্থ রাজা পরীক্ষিৎ) পুনশ্চ (পুনরায়) যাচমানায় (একস্থানে বাসস্থান প্রার্থনাকারী কলিকে) জাতরূপং (সুবর্ণ) অদাৎ (প্রদান করিলেন)। ততঃ (সেই সুবর্ণে) [পূর্ব্বোক্ত] অনৃতং (মিথ্যা) মদং (গর্ব্ব) কামং (সঙ্গ অর্থাৎ অশৌচ) রজঃ (নিষ্ঠুরতা) [এই চতুর্ব্বিধ অধর্ম্ম] বৈরং চ পঞ্চমং [(এবং চতুর্ব্বিধ অধর্ম্মের মূল] পঞ্চম শত্রুতা বর্ত্তমান আছে)॥ ৩৯ ॥

অনুবাদ

পরিত্যাগ করিয়া যে কোনও স্থানে বাস করি না কেন, আপনার সার্ব্বভৌমত্বনিবন্ধন সেই সেই স্থানেও ধনুর্ব্বাণধারী আপনাকে দেখিতে পাইব। অর্থাৎ সেখানেও ত আপনি পুনরায় আমাকে শাসন করিতে যাইবেন ॥ ৩৬ ॥

অতএব হে ধার্ম্মিকপ্রবর! যেখানে আমি আপনার আদেশ প্রতিপালন করতঃ স্থিরভাবে বাস করিতে পারি, সেইরূপ স্থান আপনি আমার জন্য নির্দ্দেশ করুন ॥ ৩৭ ॥

সূত বলিলেন—এই প্রকারে কলিকর্ত্তৃক প্রার্থিত হইয়া রাজা পরীক্ষিৎ যেখানে চতুর্ব্বিধ অধর্ম্ম আছে সেই পাশক্রীড়া, মদ্যপান, পরস্ত্রী উপভোগ ও প্রাণিহিংসা এই চতুর্ব্বিধ স্থান কলিকে প্রদান করিলেন। [চতুর্ব্বিধ অধর্ম্ম যথা—দ্যূতক্রীড়ায় মিথ্যা, মদ্যাদিপানে গর্ব্ব, স্ত্রীসঙ্গে অশৌচ, প্রাণিহিংসায় নিষ্ঠুরতা]॥ ৩৮ ॥

মহারাজ পরীক্ষিৎ পুনরায় এক স্থানে বাসস্থান প্রার্থনাকারী কলিকে সুবর্ণ প্রদান

টীকা

তৎ তস্মাৎ ধর্ম্মভৃতাং মধ্যে শ্রেষ্ঠ! শরণাগতপালক! যত্র নিয়তো নিশ্চলস্তবানুশাসন-মনুতিষ্ঠন্ পালয়ন্ বৎস্যামি, তৎ স্থানং ত্বং নির্দ্দেষ্টুমর্হসি॥ ৩৭ ॥ যত্র যেষু চতুর্ব্বিধোঽধর্ম্মস্তানি

অমূনি পঞ্চ স্থানানি হ্যধর্ম্মপ্রভবঃ কলিঃ।
ঔত্তরেয়েণ দত্তানি ন্যবসৎ তন্নিদেশকৃৎ ॥ ৪০ ॥
অথৈতানি ন সেবেত বুভূষুঃ পুরুষঃ ক্বচিৎ।
বিশেষতো ধর্ম্মশীলো রাজা লোকপতির্গুরুঃ ॥ ৪১ ॥

অন্বয়

অধর্ম্মপ্রভবঃ হি কলিঃ (অধর্ম্মের উৎপত্তি যাহাতে হয় সেই কলি) তন্নিদেশকৃৎ (পরীক্ষিতের আজ্ঞানুকারী হইয়া) ঔত্তরেয়েণ (উত্তরাতনয় পরীক্ষিৎ কর্ত্তৃক) দত্তানি (প্রদত্ত) অমূনি পঞ্চ স্থানানি (উক্ত পঞ্চবিধ স্থান অধিকার করিয়া তাহাতে) ন্যবসৎ (বাস করিতে লাগিল) ॥ ৪০ ॥

অথ (অথ শব্দ হেত্বর্থক, যেহেতু দ্যূতক্রীড়া প্রভৃতি কলির স্থান, অতএব) বুভূষুঃ পুরুষঃ (উন্নতিকামী পুরুষ) ক্বচিৎ (কখনও) এতানি (পূর্ব্বোক্ত দ্যূতক্রীড়া প্রভৃতিতে) ন সেবেত (আসক্ত হইবেন না), বিশেষতঃ ধর্ম্মশীলঃ রাজা (বিশেষতঃ ধর্ম্মশীল রাজা) লোকপতিঃ গুরুঃ (লোকপতি ও গুরু তাহাতে আসক্ত হইবেন না) ॥ ৪১ ॥

অনুবাদ

করিলেন, অর্থাৎ সুবর্ণকে তাহার বাসস্থানরূপে নির্দ্দেশ করিলেন। এই সুবর্ণে পূর্ব্বোক্ত মিথ্যা, গর্ব্ব, সঙ্গ অর্থাৎ অশৌচ ও নিষ্ঠুরতা এই চতুর্ব্বিধ অধর্ম্ম এবং এই চতুর্ব্বিধ অধর্ম্মের মূল শত্রুতা বর্ত্তমান আছে ॥ ৩৯ ॥

সকল অধর্ম্মের আকর সেই কলি মহারাজ পরীক্ষিতের আজ্ঞানুকারী হইয়া তাহার প্রদত্ত পাশক্রীড়া, মদ্যপান, স্ত্রী, প্রাণিহিংসা ও সুবর্ণ এই পঞ্চবিধ স্থান অধিকার করতঃ তাহাতে বাস করিতে লাগিল ॥ ৪০ ॥

যেহেতু পূর্ব্বোক্ত দ্যূতক্রীড়া প্রভৃতি পঞ্চাবধ স্থান কলিকর্ত্তৃক অধিকৃত, অতএব উন্নতিকামী পুরুষ কখনও এই সকল বস্তুতে আসক্ত হইবেন না। বিশেষতঃ ধর্ম্মশীল রাজা, লোকপতি ও গুরু ইঁহাদের কখনও আসক্ত হওয়া উচিত নহে ॥ ৪১ ॥

টীকা

দ্যূতাদীনি স্থানানি দদৌ। তত্র দ্যূতে অক্ষাদিভির্দেবনে সত্যনাশকমনৃতম্, মদ্যাদিপানে তপোনাশকো বিস্ময়ঃ। স্ত্রীষু শৌচনাশকঃ সঙ্গঃ, সূনায়াং প্রাণিপীড়নে দয়ানাশকো মদঃ ॥ ৩৮ ॥ চতুর্ব্বিধস্যাধর্ম্মস্য একত্র বাসং যাচমানায় জাতরূপং সুবর্ণম্ অদাৎ দত্তবান্, প্রভুঃ স্থানপঞ্চকদানে সমর্থঃ, ততঃ তস্মিন্ জাতরূপে তদ্দানদ্বারৈব অনৃতং, মদং, কামশব্দবাচ্যং সঙ্গং, রজঃশব্দেন বিস্ময়মেব চতুর্ব্বিধমধর্ম্মং চতুর্ব্বিধাধর্ম্মমূলং বৈরং চ স্থাপয়ামাসেতি শেষঃ ॥ ৩৯ ॥ ঔত্তরেয়েণ উত্তরাপুত্রেণ দত্তানি অমূনি দ্যূতাদিজাতরূপান্তানি পঞ্চ স্থানানি, অধর্ম্মপ্রভবঃ অধর্ম্মস্য প্রভবো যস্মিন্ সঃ, তস্য ঔত্তরেয়স্য যুগচক্রস্যেতি বা নিদেশকৃৎ কলির্ন্যবসৎ "কালচক্রং জগচ্চক্রং যুগচক্রঞ্চ কেশবঃ। অনাদিনিধনো দেবঃ পরিবর্ত্তয়তেঽনিশম্" ইতি স্মৃতেশ্চ ॥ ৪০ ॥ অথেতি অথশব্দো হেত্বর্থঃ, যতো দ্যূতাদীনি অধর্ম্মহেতোঃ কলেঃ বাসস্থানানি তস্মাদ্ধেতোঃ বুভূষুঃ উদ্ভবিতুমিচ্ছুঃ ন সেবেত। ধর্ম্মে শীলং ব্রতং যস্য স রাজা বিশেষতো ন সেবেত তং বিভ্রংসে প্রজাভ্রংসপ্রসঙ্গাৎ, তথা অন্যোঽপি লোকপতিঃ

বৃষস্য নষ্টাংস্ত্রীন্ পাদাংস্তপঃ শৌচং দয়ামিতি।
প্রতিসন্দধ আশ্বাস্য মহীঞ্চ সমবর্দ্ধয়ৎ ॥ ৪২ ॥
স এষ এতর্হ্যধ্যাস্তে আসনং পার্থিবোচিতম্।
পিতামহেনোপন্যস্তং রাজ্ঞারণ্যং বিবিক্ষতা ॥ ৪৩ ॥
আস্তেঽধুনা স রাজর্ষিঃ কৌরবেন্দ্রশ্রিয়োল্লসন্।
গজাহ্বয়ে মহাভাগশ্চক্রবর্ত্তী বৃহচ্ছ্রবাঃ ॥ ৪৪ ॥

অন্বয়

[এই প্রকারে কলিকে নিগ্রহ করিয়া সেই রাজা পরীক্ষিৎ] বৃষস্য (বৃষরূপী ধর্ম্মের) নষ্টান্ (বিনষ্ট) তপঃ (তপস্যা) শৌচং (পবিত্রতা) দয়া (পরদুঃখকাতরতা) ইতি ত্রীন্ পাদান্ (এই পাদত্রয়) প্রতিসন্দধে (সংযোজিত করিলেন অর্থাৎ ঐ সকল ধর্ম্ম পুনঃ সংস্থাপন করিলেন) মহীং চ আশ্বাস্য (এবং পৃথিবীকেও আশ্বাস প্রদান করিয়া) সমবর্দ্ধয়ৎ (সম্বর্দ্ধিত করিলেন)॥ ৪২ ॥

এতর্হি (এই সময়ে) সঃ এষঃ (পূর্ব্বোক্ত প্রভাবসম্পন্ন এই রাজা পরীক্ষিৎ) অরণ্যং বিবিক্ষতা (অরণ্যে প্রবেশেচ্ছু) পিতামহেন রাজ্ঞা (পিতামহ রাজা যুধিষ্ঠির কর্ত্তৃক) উপন্যস্তং (সমর্পিত) পার্থিবোচিতম্ আসনং (রাজোচিত সিংহাসনে) অধ্যাস্তে (উপবিষ্ট ছিলেন)॥ ৪৩ ॥

অধুনা (এই সময়েই) রাজর্ষিঃ (রাজশ্রেষ্ঠ) মহাভাগঃ চক্রবর্ত্তী (মহাভাগ্যশালী সার্ব্বভৌম) বৃহচ্ছ্রবাঃ (মহাযশস্বী) সঃ (সেই পরীক্ষিৎ) গজাহ্বয়ে (হস্তিনাপুরে) কৌরবেন্দ্রশ্রিয়া (কুরুকুলরাজ লক্ষ্মীর দ্বারা) উল্লসন্ (শোভিত হইয়া) আস্তে (অবস্থান করিতেছিলেন)॥ ৪৪ ॥

অনুবাদ

এই প্রকারে কলিকে নিগ্রহ করিয়া মহারাজ পরীক্ষিৎ বৃষরূপী ধর্ম্মের তপঃ শৌচ ও দয়া এই বিনষ্ট পাদত্রয় পুনরায় সংযোজিত করিলেন অর্থাৎ ঐ সকল ধর্ম্ম পুনঃ সংস্থাপন করিলেন এবং পৃথিবীকেও আশ্বাস প্রদান করতঃ সংবর্দ্ধিত করিলেন। [এখানে যে ধর্ম্মের পাদত্রয়ের বিনাশ ও পুনঃসংযোগের কথা বলা হইল, তাহা গল্পচ্ছলে বলিলে মনোহর হইবে বলিয়া এইরূপ বলা হইল। বস্তুতঃ সেই সেই বিনষ্ট ধর্ম্ম মহারাজ পরীক্ষিৎ পুনঃ সংস্থাপন করিলেন ইহাই এই প্রকরণের তাৎপর্য্য]॥ ৪২ ॥

এই সময়েই মহাপ্রভাবসম্পন্ন রাজা পরীক্ষিৎ মহাপ্রস্থানকালে অরণ্যে প্রবেশেচ্ছু পিতামহ রাজা যুধিষ্ঠির কর্ত্তৃক সমর্পিত রাজোচিত সিংহাসনে উপবিষ্ট ছিলেন॥ ৪৩ ॥

এই সময়েই মহাভাগ্যশালী মহাযশস্বী সার্ব্বভৌম রাজর্ষি পরীক্ষিৎ কুরুকুল-রাজলক্ষ্মী দ্বারা শোভিত হইয়া হস্তিনাপুরে অবস্থান করিতেছিলেন॥ ৪৪ ॥

টীকা

তথা গুরুশ্চ বিশেষতো ন সেবেত॥ ৪১ ॥ ইত্থং কলিং নিগৃহ্য তদনন্তরং বৃষস্য তপআদীন্ ত্রীন্ পাদান্ প্রতিসন্দধে সংযোজয়ামাস, তথা মহীং সমবর্দ্ধয়ৎ, অত্র পাদত্রয়স্য নষ্টত্বং সংযোজনঞ্চ কথাসৌন্দর্য্যার্থমুক্তং, বস্তুতস্তু ত্রেতাপ্রভৃতিষু ত্রিষু যুগেষু চতুর্ণাং পাদানাং প্রত্যেকং তুর্য্যাংশনাশাৎ ত্রয়স্ত্রয়োংশাঃ নষ্টাঃ তে এব রাজ্ঞা সংযোজিতা ইতি জ্ঞেয়ম্॥ ৪২ ॥ স এষ উক্তপ্রভাবঃ পরীক্ষিৎ

ইত্থম্ভূতানুভাবোঽয়মভিমন্যুসুতো নৃপঃ।
যস্য পালয়তঃ ক্ষৌণীং যূয়ং সত্রায় দীক্ষিতাঃ ॥ ৪৫ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথমস্কন্ধে পারীক্ষিতে কলিনিগ্রহো নাম সপ্তদশোঽধ্যায়ঃ ॥ ১৭ ॥

অন্বয়

অভিমন্যুসুতঃ অয়ং নৃপঃ (অভিমন্যুপুত্র এই রাজা পরীক্ষিৎ) ইত্থম্ভূতানুভাবঃ (এই প্রকার মহাপ্রভাবশালী ছিলেন), ক্ষৌণীং পালয়তঃ যস্য (পৃথিবী পালনকারী যাঁহার) [রাজ্যে] যূয়ং (আপনারা) সত্রায় (সত্র নামক যজ্ঞে) দীক্ষিতাঃ (দীক্ষিত হইতে পারিয়াছিলেন) ॥ ৪৫ ॥

অনুবাদ

অভিমন্যুপুত্র মহারাজ পরীক্ষিৎ এই প্রকার মহাপ্রভাবশালী ছিলেন। তিনি পৃথিবী পালন করিতেছিলেন বলিয়াই আপনারাও এই সত্র নামক যজ্ঞে দীক্ষিত হইতে পারিয়াছিলেন অর্থাৎ তাঁহার সুশাসনের ফলে আপনারা নিরুপদ্রবে এই দীর্ঘ সময় সাপেক্ষ সত্র নামক যজ্ঞে ব্রতী হইতে পারিয়াছিলেন ॥ ৪৫ ॥

সপ্তদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥ ১৭ ॥

টীকা

অরণ্যং প্রবেষ্টুমিচ্ছতা পিতামহেন যুধিষ্ঠিরেণ উপন্যস্তং সমর্পিতং পাথিবস্য পৃথিবীপতেঃ উচিতম্ আসনম্ এতর্হি ইদানীং অধ্যাস্তে বর্ত্তমানবদ্বেতি ভূতে লট্ ॥ ৪৩ ॥ রাজা চাসৌ ঋষিশ্চ রাজর্ষিঃ কৌরবেন্দ্রঃ কৌরবশ্রেষ্ঠঃ, শ্রিয়া মহারাজশ্রিয়া উল্লসং শোভমানঃ, চক্রমাজ্ঞাং বলং বর্ত্তয়তি প্রতিবর্ত্তয়তীতি চক্রবর্ত্তী, বৃহৎশ্রবাঃ বৃহতী কীর্ত্তির্যস্য স এবম্ভূতঃ যঃ পরীক্ষিৎ গজসাহ্বয়ে আসীৎ, স অধুনা আস্তে উক্তরূপেণেতি শেষঃ ॥ ৪৪ ॥ ইত্থম্ভূতানুভাবঃ অয়ং বুদ্ধিস্থো নৃপোঽভবদিতি শেষঃ। যস্য পালয়তঃ বর্ত্তমানসামীপ্যে লটঃ শত্রাদেশঃ, পালিতবতঃ সত্রায় সত্রং কর্ত্তুং যূয়ং দীক্ষিতাঃ দীক্ষাং কৃতবন্তঃ ॥ ৪৫ ॥

ইতি শ্রীমদ্ভাগবতসিদ্ধান্তপ্রদীপে প্রথমস্কন্ধীয়ে সপ্তদশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ১৭ ॥

অষ্টাদশোঽধ্যায়ঃ

সূত উবাচ

যো বৈ দ্রৌণ্যস্ত্রবিপ্লুষ্টো ন মাতুরুদরে মৃতঃ।
অনুগ্রহাদ্ভগবতঃ কৃষ্ণস্যাদ্ভুতকর্ম্মণঃ ॥ ১ ॥

অন্বয়

[পরীক্ষিতের অপরাপর বৃত্তান্ত এই অধ্যায়ে বর্ণিত হইবে] সূতঃ উবাচ (সূত বলিলেন)

অনুবাদ

সূত বলিলেন—যিনি অশ্বত্থামার ব্রহ্মাস্ত্র দ্বারা দগ্ধ হইয়াও অদ্ভুতকর্ম্মা ভগবান্ শ্রীকৃষ্ণের অনুগ্রহে মাতৃগর্ভে বিনষ্ট হন নাই ॥ ১ ॥

টীকা

অবশিষ্টং পরীক্ষিদ্বৃত্তান্তং আস্কন্ধসমাপ্তের্বক্তুং তদদ্ভুতজন্মরহস্যস্মরণপূর্ব্বকং তদুপাখ্যানং নিধন-

ব্রহ্মকোপোত্থিতাদ্ যস্তু তক্ষকাৎ প্রাণবিপ্লবাৎ।
ন সম্মুমোহোরুভয়াদ্ভগবত্যর্পিতাশয়ঃ ॥ ২ ॥
উৎসৃজ্য সর্ব্বতঃ সঙ্গং বিজ্ঞাতাজিতসংস্থিতিঃ।
বৈয়াসকের্জহৌ শিষ্যো গঙ্গায়াং স্বং কলেবরম্ ॥ ৩ ॥
নোত্তমঃশ্লোকবার্ত্তানাং জুষতাং তৎকথামৃতম্।
স্যাৎ সম্ভ্রমোঽন্তকালেঽপি স্মরতাং তৎপদাম্বুজম্ ॥ ৪ ॥

অন্বয়

যঃ বৈ (যে পরীক্ষিৎ) দ্রৌণ্যস্ত্রবিপ্লুষ্টঃ (অশ্বত্থামার অস্ত্রে দগ্ধ হইয়া) অদ্ভুতকর্ম্মণঃ (অদ্ভুতকর্ম্মা) ভগবতঃ কৃষ্ণস্য (ভগবান্ শ্রীকৃষ্ণের) অনুগ্রহাৎ (কৃপায়) মাতুঃ উদরে ন মৃতঃ (মাতার গর্ভে বিনষ্ট হন নাই) ॥ ১ ॥

যঃ তু (এবং যিনি) ভগবতি অর্পিতাশয়ঃ (ভগবানে অর্পিতচিত্ত হইয়া) ব্রহ্মকোপোত্থিতাৎ (ব্রাহ্মণের ক্রোধ হইতে উৎপন্ন) তক্ষকাৎ (তক্ষক হইতে) প্রাণবিপ্লবাৎ (যে প্রাণনাশরূপ) উরুভয়াৎ (গুরুতর ভয় তাহাতে) ন সম্মুমোহ (মোহপ্রাপ্ত হন নাই) ॥ ২ ॥

(সেই মহারাজ পরীক্ষিৎ) সর্ব্বতঃ সঙ্গম্ (সকল বিষয়ে আসক্তি) উৎসৃজ্য (পরিত্যাগ করিয়া) বৈয়াসকেঃ (ব্যাসদেবের পুত্র শুকদেবের) শিষ্যঃ [সন্] (শিষ্য হইয়া) বিজ্ঞাতাজিত-সংস্থিতিঃ (ভগবত্তত্ত্ব সম্যক্‌রূপে অবগত হইয়া) গঙ্গায়াং স্বং কলেবরং জহৌ (গঙ্গায় নিজের দেহ পরিত্যাগ করিয়াছিলেন) ॥ ৩ ॥

[মহারাজ পরীক্ষিতের সম্বন্ধে ইহা আশ্চর্য্যের বিষয় নহে, কারণ] উত্তমশ্লোকবার্ত্তানাং (পুণ্যশ্লোক ভগবানের লীলাগুণ যাঁহাদের অবলম্বনীয়), তৎকথামৃতং জুষতাং (নিরন্তর যাঁহারা সেই ভগবৎকথামৃত পান করিয়া থাকেন) তৎপদাম্বুজং স্মরতাং চ (এবং নিরন্তর যাঁহারা ভগবান্ শ্রীকৃষ্ণের পাদপদ্ম স্মরণ করিয়া থাকেন, তাঁহাদের) অন্তকালেঽপি (মৃত্যু সময়েও) সম্ভ্রমঃ ন স্যাৎ (মোহ হয় না) ॥ ৪ ॥

অনুবাদ

যিনি ভগবান্ শ্রীকৃষ্ণে চিত্ত অর্পণ করিয়া ব্রাহ্মণের ক্রোধ হইতে উৎপন্ন তক্ষক হইতে প্রাণনাশরূপ গুরুতর ভয় উপস্থিত হইলেও মোটেই মোহিত হন নাই ॥ ২ ॥

সেই মহারাজ পরীক্ষিৎ সর্ব্ববিষয়ে আসক্তি পরিত্যাগ পূর্ব্বক ব্যাসনন্দন শুকদেবের শিষ্যত্ব গ্রহণ করিয়া ভগবত্তত্ত্ব সম্যক্‌রূপে অবগত হইয়া গঙ্গায় স্বীয় কলেবর পরিত্যাগ করিয়াছিলেন ॥ ৩ ॥

মহারাজ পরীক্ষিতের সম্বন্ধে ইহা আশ্চর্য্যের বিষয় নহে, কারণ—পুণ্যশ্লোক

টীকা

পর্য্যন্তং সংক্ষিপ্য দর্শয়তি—য ইতি নবভিঃ। দ্রৌণ্যস্ত্রেণ বিপ্লুষ্টো নির্দ্দগ্ধোঽপি ন মৃতঃ ॥ ১ ॥ তুশব্দ ইতরেভ্যো জনেভ্যঃ পরীক্ষিতো বৈলক্ষণ্যং দ্যোতয়তি। যস্তু শৃঙ্গীমুনিকোপেন উত্থিতাৎ তক্ষকাৎ যঃ প্রাণবিপ্লবঃ প্রাণপ্রয়াণঃ ততো যদুরুভয়ং তস্মান্ন মুমোহ মোহং ন প্রাপ্তঃ, যতো ভগবতি অর্পিত আশয়ো যেন সঃ ॥ ২ ॥ এতদ্বিবৃণোতি—সর্ব্বতঃ সর্ব্বেষু দেহগেহাদিষু সঙ্গম্ উৎসৃজ্য

তাবৎ কলির্ন প্রভবেৎ প্রবিষ্টোঽপীহ সর্ব্বতঃ।
যাবদীশো মহানুর্ব্ব্যামাভিমন্যব একরাট্॥ ৫ ॥
যস্মিন্নহনি যর্হ্যেব ভগবানুৎসসর্জ্জ গাম্।
তদৈবেহানুবৃত্তোঽসাবধর্ম্মপ্রভবঃ কলিঃ॥ ৬ ॥

অন্বয়

ইহ (এই পৃথিবীতে) সর্ব্বতঃ (সর্ব্বত্র) প্রবিষ্টঃ অপি কলিঃ (প্রবিষ্ট হইয়াও কলি) যাবৎ (যে পর্য্যন্ত) মহান্ আভিমন্যবঃ (অভিমন্যু-পুত্র মহাত্মা পরীক্ষিৎ) উর্ব্যাং (পৃথিবীতে) একরাট্ ঈশঃ (একচ্ছত্রাধিপতি সম্রাট্) [আসীৎ] (ছিলেন), তাবৎ (সে পর্য্যন্ত) ন প্রভবেৎ (প্রভাব বিস্তার করিতে পারে নাই)॥ ৫ ॥

[পৃথিবীতে কলি প্রবেশের সময় নির্দ্দেশ করিতেছেন] যস্মিন্ অহনি (যেই দিবসে) যর্হি এব (যেইক্ষণে) ভগবান্ (ভগবান্ শ্রীকৃষ্ণ) গাম্ (পৃথিবী) উৎসসর্জ্জ (পরিত্যাগ করিয়াছিলেন), তদা এব (তখনই) অধর্ম্মপ্রভবঃ (অধর্ম্মের মূল কারণ) অসৌ কলিঃ (সেই কলি) ইহ (এই পৃথিবীতে) অনুবৃত্তঃ (প্রবিষ্ট হইয়াছিল)॥ ৬ ॥

অনুবাদ

ভগবান্ শ্রীকৃষ্ণের লীলাগুণ যাঁহাদের অবলম্বনীয়, নিরন্তর যাঁহারা ভগবৎকথামৃত পান করিয়া থাকেন এবং ভগবান্ শ্রীকৃষ্ণের পাদপদ্ম স্মরণ করিয়া থাকেন, মৃত্যুসময়েও তাঁহাদের মোহ হয় না অর্থাৎ মৃত্যুভয়ও তাঁহাদিগকে মোহিত করিতে পারে না॥ ৪ ॥

[ভগবান্ শ্রীকৃষ্ণের পৃথিবী পরিত্যাগের সঙ্গে সঙ্গে] কলি এই পৃথিবীতে সর্ব্বত্র প্রবিষ্ট হইয়াও যে পর্য্যন্ত অভিমন্যুপুত্র মহাত্মা পরীক্ষিৎ পৃথিবীতে একচ্ছত্রাধিপতি সম্রাট্ ছিলেন, সেই পর্য্যন্ত নিজ প্রভাব বিস্তার করিতে সমর্থ হয় নাই॥ ৫ ॥

যে দিবসে যে ক্ষণে ভগবান্ শ্রীকৃষ্ণ পৃথিবী পরিত্যাগ করিয়াছিলেন, সেদিন সেই ক্ষণেই অধর্ম্মের মূল কারণ কলি পৃথিবীতে প্রবিষ্ট হইয়াছিল॥ ৬ ॥

টীকা

বৈয়াসকেঃ শিষ্যঃ সন্ তদনুগ্রহাদ্ বিজ্ঞাতে গুণশক্ত্যাদিবিশেষবিবেকেন সুজ্ঞাতে অজিতে কালকর্ম্মাদ্যস্পৃষ্টস্বভাবে শ্রীকৃষ্ণে সম্যক্ আত্মভরন্যাসরূপা স্থিতিঃ যস্য সঃ, গঙ্গায়াং তত্তীরে স্বকলেবরং জহৌ তত্যাজ॥ ৩ ॥ যুক্তঞ্চৈতদিত্যাহ—উত্তমঃশ্লোকস্য বার্ত্তা যেষু তেষাং তস্য উত্তমঃশ্লোকস্য কথাত্মকমমৃতং জুষতাম্, ধ্যানমার্গেণ তস্যোত্তমঃশ্লোকস্য শ্রীকৃষ্ণস্য পদাম্বুজং স্মরতাং চ সম্ভ্রমঃ অন্তকালেঽপি ন স্যাৎ, অত্র উত্তরোত্তরং কৈমুতিকন্যায়োঽপি জ্ঞেয়ঃ॥ ৪ ॥ ইহাস্মিন্ লোকে সর্ব্বতঃ সর্ব্বত্র প্রবিষ্টোঽপি কলির্যাবৎ অভিমন্যুপুত্রঃ একরাট্ স্বসমনরেন্দ্রান্তরবর্জ্জিতঃ সন্ সম্রাট্ ঈশঃ প্রজানিয়ন্তা আসীৎ, তাবন্ন প্রভবেৎ সমর্থো ন বভূব॥ ৫ ॥ কলিপ্রবেশকালমাহ—যস্মিন্নহনি যর্হি যস্মিন্ ক্ষণে ভগবান্ গাং ভূমিম্ উৎসসর্জ্জ তত্যাজ, তস্মিন্নহনি তস্মিন্নেব ক্ষণে অসৌ অধর্ম্মপ্রভবঃ

নানুদ্বেষ্টি কলিং সম্রাট্ সারঙ্গ ইব সারভুক্।
কুশলান্যাশু সিধ্যন্তি নেতরাণি কৃতানি যৎ ॥ ৭ ॥
কিন্নু বালেষু শূরেণ কলিনা ধীরভীরুণা।
অপ্রমত্তঃ প্রমত্তেষু যো বৃকো নৃষু বর্ত্ততে ॥ ৮ ॥

অন্বয়

[এই প্রকার অনর্থের মূল কলিকে বিনাশ না করিয়া কেন পরিত্যাগ করিলেন? ইহার উত্তরেই বলিতেছেন] সম্রাট্ (মহারাজ পরীক্ষিৎ) কলিং ন অনুদ্বেষ্টি (কলিকে একেবারে বিনাশ করিলেন না), [যতঃ সঃ] (যেহেতু তিনি) সারঙ্গ ইব (ভ্রমরের ন্যায়) সারভুক্ (গুণগ্রাহী)। [কলির গুণ কি তাহাই বলিতেছেন] যৎ (যে কলিতে) কুশলানি (পুণ্যকর্ম্ম সকল) আশু সিধ্যন্তি (শীঘ্র ফলপ্রদ হয় অর্থাৎ পুণ্যকর্ম্মের সঙ্কল্প মাত্রই পুণ্য হইয়া থাকে), ইতরাণি ন সিধ্যন্তি (পাপকর্ম্মের সঙ্কল্পে পাপের ফল হয় না) কৃতানি সিধ্যন্তি (কিন্তু পাপকর্ম্ম করিলেই ফল হয়) ॥ ৭ ॥

যঃ (যে কলি) বৃকঃ ইব (ব্যাঘ্রের ন্যায়) অপ্রমত্তঃ (সাবধান হইয়া) প্রমত্তেষু নৃষু (অসাবধান ব্যক্তিগণে) বর্ত্ততে (প্রবর্ত্তিত হয়), ধীরভীরুণা (পরমপুরুষ ধ্যান করিয়া যাঁহারা স্থৈর্য্য লাভ করিয়াছেন তাঁহাদের নিকটে পরাভূত হয়) বালেষু (এবং অজ্ঞানিগণের নিকটেই) শূরেণ (যাহার পরাক্রম) কলিনা কিং নু? (সেই কলি কর্ত্তৃক আমার কি অনিষ্ট হইবে? অর্থাৎ কোন অনিষ্টেরই সম্ভাবনা নাই, ইহা ভাবিয়া মহারাজ পরীক্ষিৎ কলিকে বিনাশ করিলেন না) ॥ ৮ ॥

অনুবাদ

[সকল অনর্থের মূল কলিকে বিনাশ না করিয়া কেন পরিত্যাগ করিলেন? ইহার উত্তরে বলিতেছেন]—সম্রাট্ পরীক্ষিৎ কলিকে একেবারে বিনাশ করেন নাই; কারণ—মহারাজ পরীক্ষিৎ ভ্রমরের ন্যায় গুণগ্রাহী ছিলেন। কলি যদিও সকল অধর্ম্মের মূল, তথাপি তাহার একটি প্রধান গুণ এই যে—কলিতে পুণ্যকর্ম্মের সঙ্কল্প মাত্রই তাহা ফলপ্রদ হইয়া থাকে, কিন্তু পাপকর্ম্মের সঙ্কল্পমাত্রই পাপরূপ ফল হয় না। পাপকর্ম্ম কার্য্যে পরিণত হইলেই ফলপ্রসূ হইয়া থাকে [অর্থাৎ পাপসঙ্কল্পে পাপ নাই এই গুণ থাকায় কলিকে বিনাশ করিলেন না] ॥ ৭ ॥

যে কলি ব্যাঘ্রের ন্যায় স্বয়ং সাবধান হইয়া অসাবধান ব্যক্তিগণের উপরেই প্রবর্ত্তিত হয়, এবং যাঁহারা ধীর অর্থাৎ পরমপুরুষ ভগবানের ধ্যান করতঃ স্থৈর্য্যলাভ করিয়াছেন,

টীকা

কলিঃ অনুপ্রবৃত্তঃ প্রবিষ্টো বভূব ॥ ৬ ॥ নন্থ এবম্ভূতমনর্থহেতুং কলিং কুতো জীবন্তমেব উৎসসর্জ্জ ইত্যত্রাহ নেতি। সম্রাট্ কলিং নানুদ্বেষ্টি তস্মিন্ দ্বেষং ন কৃতবান্, প্রত্যুত স্থানপঞ্চকদানেন অনুগ্রহং কৃতবান্। বর্ত্তমানসামীপ্যে লট্, যতঃ সারঙ্গ ইব ভ্রমর ইব সারভুক্ গুণগ্রাহী, সারমেবদর্শয়তি—যৎ যস্মিন্ কলৌ আশুশব্দঃ অল্পকালপরঃ, তদুপলক্ষিতমনোনির্ব্বর্ত্ত্যানি কুশলানি পুণ্যানি সিধ্যন্তি মনসাপিকৃতানি ফলন্তীতি যাবৎ, ইতরাণি অপুণ্যানি আশু ন সিধ্যন্তি, মনো-

উপবর্ণিতমেতদ্বঃ পুণ্যং পারীক্ষিতং ময়া।
বাসুদেবকথোপেতমাখ্যানং যদপৃচ্ছত ॥ ৯ ॥
যা যাঃ কথা ভগবতঃ কথনীয়োরুকর্ম্মণঃ।
গুণকর্ম্মাশ্রয়াঃ পুংভিঃ সংসেব্যাস্তা বুভূষুভিঃ ॥ ১০ ॥

অন্বয়

(হে ঋষিগণ! আপনারা) যৎ (যাহা) অপৃচ্ছত (জিজ্ঞাসা করিয়াছিলেন), এতৎ পুণ্যং (এই পবিত্র) বাসুদেবকথোপেতং (শ্রীকৃষ্ণকথাযুক্ত) পরীক্ষিতম্ আখ্যানং (পরীক্ষিতের চরিত্র) ময়া (আমাকর্ত্তৃক) বঃ (আপনাদের সমীপে) উপবর্ণিতম্ (পরিকীর্ত্তিত হইল) ॥ ৯॥

[পূর্ব্বেই মুনিগণ বলিয়াছেন যদি কৃষ্ণকথাযুক্ত হয়, তবে বলুন, সূত সেই কথার সমর্থন করিয়া বলিতেছেন] কথনীয়োরুকর্ম্মণঃ (যিনি মহৎ কার্য্য সম্পাদন করিয়াছেন বলিয়া কীর্ত্তনীয়) ভগবতঃ (সেই ভগবান্ শ্রীকৃষ্ণের) গুণকর্ম্মাশ্রয়াঃ (গুণ ও কর্ম্মকে আশ্রয় করিয়া) যাঃ যাঃ কথাঃ [বর্ত্তন্তে] (যে যে কথা আছে), বুভূষুভিঃ (মঙ্গলকামী) পুংভিঃ (পুরুষগণের) তাঃ (সেই সকল কথা) সংসেব্যাঃ (একান্ত শ্রবণীয়) ॥ ১০ ॥

অনুবাদ

তাঁহাদের নিকটে পরাভূত হয় ও অজ্ঞান ব্যক্তিগণের নিকটে স্বীয় পরাক্রম বিস্তার করে, সেই কলিকর্ত্তৃক আমার কি অনিষ্ট হইবার সম্ভাবনা আছে? [অর্থাৎ কোন অনিষ্টেরই সম্ভাবনা নাই ইহা মনে করিয়া মহারাজ পরীক্ষিৎ তাহাকে বিনাশ করিলেন না] ॥ ৮ ॥

হে ঋষিগণ! আপনারা আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, ভগবান্ শ্রীকৃষ্ণের কথাপূর্ণ পরীক্ষিতের সেই পবিত্র চরিত্র আমি আপনাদের নিকটে কীর্ত্তন করিলাম ॥ ৯ ॥

[পূর্ব্বেই মুনিগণ বলিয়াছেন—যদি কৃষ্ণকথাযুক্ত হয়, তবে বলুন, এক্ষণে সূত সেই কথার সমর্থন করিয়া বলিতেছেন]—যিনি মহৎ কার্য্য সম্পাদন করিয়া সকলের কীর্ত্তনীয় হইয়াছেন, সেই ভগবান্ শ্রীকৃষ্ণের গুণ ও কর্ম্মকে আশ্রয় করিয়া যে যে কথা আছে, মঙ্গলকামী পুরুষগণের সেই সকল কথা একান্ত শ্রবণীয় ॥ ১০ ॥

টীকা

নির্বর্ত্ত্যানি তানি ন ফলন্তীতি, কিন্তু কৃতানি শরীরাদিভিঃ অনুষ্ঠিতান্যেব ফলন্তি ॥ ৭ ॥ কিঞ্চ ধীরেষু পরমপুরুষধ্যানে লব্ধস্থৈর্য্যেষু ভীরুণা বালেষু অতত্ত্বজ্ঞেষু শূরেণ কিন্নু অপকর্ত্তব্যং ন কিমপীত্যর্থঃ। এতদেব দৃষ্টান্তেনোপপাদয়তি—যঃ কলিঃ বৃক ইবাপ্রমত্তঃ সন্ প্রমত্তেষু অনবহিতেষু নৃষু বর্ত্ততে ॥ ৮ ॥ যূয়ং যদপৃচ্ছত পৃষ্টবন্তঃ তৎপারীক্ষিতং পরীক্ষিদুপাখ্যানং বো বুষ্মভ্যমুপবর্ণিতং ময়া ॥ ৯ ॥ "তৎ কথ্যতাং মহাভাগ! যদি কৃষ্ণকথাশ্রয়মি"ত্যাদিমুনিবাক্যেনৈব তেষাং শ্রীকৃষ্ণকথায়াং প্রীত্যতিশয়ং জ্ঞাত্বা স্বমতেনাপি তা এব বুভূষুভিঃ শ্রোতব্যা ইত্যাহ—যা যা ইতি। কথনীয়ানি উরূণি বহূনি কর্ম্মাণি যস্য তস্য ভগবতঃ যা যা গুণকর্ম্মবিষয়াঃ কথাস্তাস্তাঃ সর্ব্বাঃ বুভূষুভিরুদ্ভবিতুমিচ্ছুভিঃ পুংভিঃ সম্যক্ সেব্যাঃ ॥ ১০ ॥

ঋষয় ঊচুঃ

সূত ! জীব সমাঃ সৌম্য ! শাশ্বতীর্ব্বিশদং যশঃ।
যস্ত্বং শংসসি কৃষ্ণস্য মর্ত্ত্যানামমৃতং হি নঃ ॥ ১১ ॥
কর্ম্মণ্যস্মিন্ননাশ্বাসে ধূমধূম্রাত্মনাং ভবান্।
আপায়য়তি গোবিন্দ-পাদপদ্মাসবং মধু ॥ ১২ ॥
তুলয়াম লবেনাপি ন স্বর্গং নাপুনর্ভবম্।
ভগবৎসঙ্গিসঙ্গস্য মর্ত্ত্যানাং কিমুতাশিষঃ ॥ ১৩ ॥

অন্বয়

ঋষয়ঃ ঊচুঃ (মুনিগণ বলিলেন) হে সৌম্যসূত! ত্বং (আপনি) শাশ্বতীঃ সমাঃ (বহুকাল) জীব (বাঁচিয়া থাকুন), যঃ ত্বং হি (আপনিই) মর্ত্ত্যানাং নঃ (মরণশীল আমাদের নিকটে) অমৃতং (অমৃতস্বরূপ মোক্ষপ্রদ) কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) বিশদং (নির্ম্মল) যশঃ (কীর্ত্তি) শংসসি (কীর্ত্তন করিতেছেন) ॥ ১১ ॥

অনাশ্বাসে (বিঘ্নাশঙ্কা বা বৈগুণ্যাশঙ্কায় সমাপ্ত হইবে কি না ? অথবা ফল পাওয়া যাইবে কি না ? এই প্রকার সংশয়ান্বিত) অস্মিন্ কর্ম্মণি (এই সত্র নামক কর্ম্মে) ধূমধূম্রাত্মনাং (আমরা ধূমের দ্বারা বিবর্ণদেহ হইয়াছি ; এ অবস্থায় আমাদিগকে) ভবান্ (আপনি) মধু গোবিন্দপাদপদ্মাসবং (শ্রীকৃষ্ণের পাদপদ্মের সুমধুর মকরন্দ) আপায়য়তি (সম্যক্‌রূপে পান করাইতেছেন) ॥ ১২ ॥

(হে সূত !) ভগবৎসঙ্গিসঙ্গস্য (ভগবদ্ভক্তের যে সঙ্গলাভ, তাহার) লবেন অপি (লেশমাত্রের

অনুবাদ

মুনিগণ বলিলেন—হে সৌম্যসূত ! আপনি বহুকাল বাঁচিয়া থাকুন ; আপনিই মরণশীল আমাদের নিকটে অমৃতস্বরূপ মোক্ষপ্রদ শ্রীকৃষ্ণের নির্ম্মল যশঃ কীর্ত্তন করিতেছেন [অর্থাৎ মোক্ষপ্রদ শ্রীকৃষ্ণের গুণগান করিয়া আমাদিগকে উদ্ধার করিলেন। বাঁচিয়া থাকিয়া আরও উদ্ধার করুন] ॥ ১১ ॥

আমরা এই যে সত্রনামক কর্ম্ম আরম্ভ করিয়াছি, তাহা নানাপ্রকার বিঘ্ন ও বৈগুণ্য হওয়ার সম্ভাবনায় সমাপ্ত হইবে কিনা ? এবং সমাপ্ত হইলেও ফল পাওয়া যাইবে কিনা ? এইরূপে সংশয়ান্বিত এবং যজ্ঞধূমে আমাদের দেহ বিবর্ণ হইয়াছে, এ অবস্থায় আপনি আমাদিগকে শ্রীকৃষ্ণের পাদপদ্মের সুমধুর মকরন্দ সম্যক্‌রূপে পান করাইতেছেন ॥ ১২ ॥

হে সূত ! ভগবদ্ভক্তগণের সঙ্গ অতি অল্পমাত্র লাভ হইলেও তাহার সহিত স্বর্গ এবং

টীকা

এবং বাদিনং সূতং শৌনকো বিস্তরতঃ শ্রীকৃষ্ণকথাকীর্ত্তনং প্রার্থয়ন্নভিনন্দতি—সূতেতি সপ্তভিঃ। হে সূত ! ত্বং শাশ্বতীঃ সমাঃ অনন্তান্ সংবৎসরান্ জীবকালাধ্বনোরত্যন্তসংযোগে দ্বিতীয়া, হে সৌম্য ! যঃ ত্বং শ্রীকৃষ্ণস্য বিশদং বিপুলং মর্ত্ত্যানাং মরণধর্ম্মবতাম্ অমৃতম্ অমরত্বসম্পাদকং মোক্ষদং যশঃ নঃ অস্মভ্যং শংসসি কীর্ত্তয়সি ॥ ১১ ॥ অত্যন্তোপকর্ত্তৃত্বেনাভিনন্দতি—অনাশ্বাসে

কো নাম তৃপ্যেদ্রসবিৎ কথায়াং মহত্তমৈকান্তপরায়ণস্য।
নান্তং গুণানামগুণস্য জগ্মুর্যোগেশ্বরা যে ভবপাদ্মমুখ্যাঃ ॥ ১৪ ॥
তন্নো ভবান্ বৈ ভগবৎপ্রধানো মহত্তমৈকান্তপরায়ণস্য।
হরেরুদারং চরিতং বিশুদ্ধং শুশ্রূষতাং নো বিতনোতু বিদ্বন্! ॥ ১৫ ॥

অন্বয়

সহিতও) স্বর্গং ন তুলয়াম (স্বর্গের তুলনা করিতে পারিতেছি না), ন চ অপুনর্ভবং (মোক্ষেরও তুলনা করিতে পারিতেছি না), মর্ত্যানাং (মরণশীল মানবগণের) আশিষঃ (সাম্রাজ্য প্রভৃতি সম্পদের) কিম্ উত? (আর কি তুলনা করিব?) [অর্থাৎ সেই সকল বস্তুর তুলনা হইতেই পারে না]॥ ১৩॥

যে যোগেশ্বরাঃ ভবপাদ্মমুখ্যাঃ (যাঁহারা যোগেশ্বর; সেই মহাদেব, ব্রহ্মা প্রভৃতি দেবগণও) অগুণস্য (হেয়গুণরহিত ভগবানের) গুণানাং (অনন্ত কল্যাণ গুণসমূহের) অন্তং ন জগ্মুঃ (ইয়ত্তা করিতে পারেন নাই)। [অতএব] রসবিৎ (রসজ্ঞ) কঃ নাম (কোন্ ব্যক্তি) মহত্তমৈকান্তপরায়ণস্য (মহাত্মাগণের নিরতিশয় আশ্রয় ভগবানের) কথায়াং (কথাতে) তৃপ্যেৎ (তৃপ্তিলাভ করিতে পারে?) [অর্থাৎ ভগবৎকথা পুনঃ পুনঃ শ্রবণেও আকাঙ্ক্ষার নিবৃত্তি হয় না, বরং উত্তরোত্তর বর্দ্ধিতই হইতে থাকে]॥ ১৪॥

তৎ (অতএব) বিদ্বন্! (হে জ্ঞানিন্!) নঃ (আমাদের মধ্যে) ভগবৎপ্রধানঃ (ভগবদ্ভক্ত) ভবান্ (আপনি) শুশ্রূষতাং (শ্রবণাভিলাষী) নঃ (আমাদিগের নিকটে) মহত্তমৈকান্তপরায়ণস্য

অনুবাদ

মোক্ষের তুলনা করিতে পারিতেছি না; অতএব মরণশীল মানবগণের সাম্রাজ্য সম্পদাদির আর কি তুলনা করিব? অর্থাৎ সেই সঙ্গলাভের সহিত কাহারও তুলনা হইতে পারে না॥১৩॥

যাহারা যোগেশ্বর; সেই মহাদেব, ব্রহ্মা প্রভৃতি দেবগণও হেয়গুণরহিত ভগবানের অনন্ত কল্যাণপ্রদ গুণসমূহের সীমা করিতে পারেন নাই। অতএব কোন্ রসজ্ঞ ব্যক্তি মহাত্মাগণের নিরতিশয় আশ্রয় সেই ভগবানের কথায় তৃপ্তিলাভ করিতে পারে? অর্থাৎ রসজ্ঞব্যক্তি ভগবল্লীলামৃত পান করিয়া তৃপ্ত হন না, পরন্তু তাঁহাদের পানেচ্ছা উত্তরোত্তর বর্দ্ধিতই হইয়া থাকে॥ ১৪॥

হে বিদ্বন্! আপনি আমাদের মধ্যে শ্রেষ্ঠ ভগবদ্ভক্ত; আমরাও ভগবন্মাহাত্ম্য শ্রবণা-

টীকা

বিঘ্নশঙ্কয়া বৈগুণ্যশঙ্কয়া চ সমাপ্তৌ ফলে চাবিশ্বসনীয়ে, ধূমেন ধূম্রো বিবর্ণ আত্মা দেহো যেষাং তেষাং অস্মাকমস্মিন্ কর্ম্মণি সত্রে গোবিন্দপাদপদ্মাসবং মকরন্দং মধুরমাপায়য়তি। কর্ম্মণি ব্যগ্রং এতে হরি-চেষ্টিতশ্রবণানর্হা ইত্যেবমুপেক্ষাং ন করোষীতি ভাবঃ॥ ১২॥ ভগবৎ সঙ্গিনাং সঙ্গস্য লবেন লেশমাত্রেণ ন স্বর্গং ন চাপুনর্ভবং মোক্ষং তুলয়াম সম্ভাবনায়াং লোট্। কিং পুনর্মর্ত্ত্যানামাশিষঃ সাম্রাজ্যাদ্যাঃ ন তুলয়ামেতি ॥ ১৩॥ সৎসঙ্গমাহাত্ম্যমুক্ত্বা তৎফলভূতে ভগবৎ-কথাশ্রবণে আত্মনঃ শ্রদ্ধাতিশয়ং সূচয়তি—ক ইতি। "য আত্মা বিরজো বিমৃত্যুর্বিশোকোঽবিজিঘৎ-সোঽপিপাসঃ" ইত্যাদি শ্রুতিভ্যঃ অগুণস্য হেয়গুণরহিতস্য "অনন্তকল্যাণগুণাত্মকোঽসা"বিত্যাদিশ্রুতি-

স বৈ মহাভাগবতঃ পরীক্ষিদ্ যেনাপবর্গাখ্যমদভ্রবুদ্ধিঃ।
জ্ঞানেন বৈয়াসকিশব্দিতেন ভেজে খগেন্দ্রধ্বজপাদমূলম্ ॥ ১৬ ॥
তন্নঃ পরং পুণ্যমসংবৃতার্থ-মাখ্যানমত্যদ্ভুতযোগনিষ্ঠম্।
আখ্যাহ্যনন্তাচরিতোপপন্নং পারীক্ষিতং ভাগবতাভিরামম্ ॥ ১৭ ॥

অন্বয়

(মহাত্মাগণের নিরতিশয় আশ্রয়) হরেঃ (ভগবান্ শ্রীহরির) বিশুদ্ধম্ উদারং চরিতং (বিশুদ্ধ উদার চরিত্র) বিতনোতু (বিস্তারিতরূপে বর্ণনা করুন) ॥ ১৫ ॥

স বৈ মহাভাগবতঃ (সেই পরম ভগবদ্ভক্ত) অদভ্রবুদ্ধিঃ (মহামতি) পরীক্ষিৎ যেন বৈয়াসকিশব্দিতেন (মহারাজ পরীক্ষিৎ যেই শুকদেবোপদিষ্ট) জ্ঞানেন (জ্ঞানের দ্বারা) অপবর্গাখ্যং (মোক্ষ-নামক) খগেন্দ্রধ্বজপাদমূলং (গরুড়বাহন বিষ্ণুর চরণতল) ভেজে (প্রাপ্ত হইয়াছিলেন), [তাহা আমাদিগকে বলুন। পরের শ্লোকের সহিত অন্বয় হইবে] ॥ ১৬ ॥

অত্যদ্ভুতযোগনিষ্ঠং (বেদন, উপাসনা, ভজন ও ধ্যানরূপ সাধন প্রতিপাদনে তৎপর) অনন্তাচরিতোপ-পন্নং (ভগবানের লীলাগুণসমন্বিত) ভাগবতাভিরামং (ভগবদ্ভক্তগণের অতিশয় প্রিয়) পরং পুণ্যং (পরম পবিত্র) পারীক্ষিতং (পরীক্ষিতের নিকটে কথিত) তৎ আখ্যানম্ (শ্রীমদ্ভাগবত নামক আখ্যানটি) অসংবৃতার্থং (বিশদ্‌রূপে) নঃ (আমাদের নিকটে) আখ্যাহি (বলুন) ॥ ১৭ ॥

অনুবাদ

ভিলাষী হইয়াছি। অতএব আমাদের নিকটে মহাত্মাগণের নিরতিশয় আশ্রয় ভগবান্ শ্রীহরির নির্ম্মল ও উদার-চরিত্র সকল বিস্তারিতরূপে বর্ণনা করুন ॥ ১৫ ॥

সেই পরমবৈষ্ণব মহামতি পরীক্ষিৎ যেই শুকদেবোপদিষ্ট জ্ঞানের দ্বারা গরুড়বাহন ভগবান্ শ্রীবিষ্ণুর মোক্ষ নামক চরণমূল প্রাপ্ত হইয়াছিলেন, তাহা আমাদিগকে বলুন ॥ ১৬ ॥

যাহাতে অনুভূতি, উপাসনা, ভজন ও ধ্যানরূপ সাধনসমূহ নিবদ্ধ আছে এবং যাহা ভগবানের লীলাগুণসমন্বিত ও ভগবদ্ভক্তগণের অতিশয় প্রিয়, সেই পরীক্ষিতের নিকটে কথিত পরম পবিত্র শ্রীমদ্ভাগবত নামক আখ্যানটি বিশদ্‌রূপে আমাদের নিকটে বর্ণনা করুন ॥ ১৭ ॥

টীকা

প্রোক্তানাং গুণানাম্ অন্তমবধিং ভবপাদ্মমুখ্যাঃ রুদ্রপাদ্মপ্রধানা ন জগ্মুঃ যদ্যপি, তথাপি মহত্তমানাং একান্তং নিরতিশয়াবধিভূতং পরমুৎকৃষ্টমীয়তে ইত্যয়নং প্রাপ্যং ব্রহ্ম তস্য কথায়াং যথাশক্তি যথোপদেশং গুণৈকদেশবর্ণনরূপায়াং রসবিৎ চেৎ কো নাম তৃপ্যেত ন কোঽপীত্যর্থঃ ॥ ১৪ ॥ তৎ তস্মাৎ হে বিদ্বন্! নঃ অস্মাকং-মধ্যে ভগবৎপ্রধানঃ ভবান্ শুশ্রূষতাং শ্রোতুমিচ্ছতাং নঃ অস্মভ্যং হরেশ্চরিতং বিতনোতু বিস্তারয়তু ॥ ১৫ ॥ শুকপরীক্ষিৎসংবাদদ্বারা হরিচেষ্টিতং শ্রাবয় ইত্যাহ স ইতি দ্বাভ্যাম্। স উক্তভাবঃ পরীক্ষিৎ যেন বৈয়াসকিশব্দিতেন শুকোপদিষ্টেন জ্ঞানেন জ্ঞানধ্যানাদিসাধনপরেণ আখ্যানেন অপবর্গাখ্যং গরুড়ধ্বজপাদমূলং ভেজে প্রাপ্তঃ, তৎ নঃ আখ্যাহি ইত্যুত্তরেণান্বয়ঃ ॥ ১৬ ॥

তদাখ্যানম্ অত্যদ্ভুতে বেদনোপাসনভজনধ্যানাখ্যে যোগে ভগবদ্ভাবাপত্তিসাধনে নিষ্ঠা যস্য তৎ পরং সর্ব্বেভ্যঃ শাস্ত্রেভ্য উৎকৃষ্টং পুণ্যং পুণ্যাবহম্ অসংবৃতার্থম্ অসন্দিগ্ধসাধ্যসাধনবোধকম্

সূত উবাচ

অহো বয়ং জন্মভৃতোঽদ্য হাস্ম বৃদ্ধানুবৃত্ত্যাপি বিলোমজাতাঃ।
দৌষ্কুল্যমাধিং বিধুনোতি শীঘ্রং মহত্তমানামভিধানযোগঃ ॥ ১৮ ॥
কুতঃ পুনর্গৃণতো নাম তস্য মহত্তমৈকান্তপরায়ণস্য।
যেঽনন্তশক্তির্ভগবাননন্তো মহদ্‌গুণত্বাদ্ যমনন্তমাহুঃ ॥ ১৯ ॥

অন্বয়

সূতঃ উবাচ (সূত বলিলেন) বিলোমজাতাঃ অপি (হীনকুলে জন্মিয়াও) বয়ং (আমি) বৃদ্ধানুবৃত্ত্যা (জ্ঞানবৃদ্ধ আপনাদের সমাদরে) অদ্য (আজ) জন্মভৃতঃ আস্ম হ (সফলজন্মা হইলাম) [হ হর্ষসূচক অব্যয়]। অহো! (বড়ই আশ্চর্য্য!) মহত্তমানাং (মহাত্মাগণের) অভিধানযোগঃ (পরস্পর শ্রবণ কথনাদি নিবন্ধন যে সম্বন্ধ, তাহা) দৌষ্কুল্যং (নীচজাতিত্ব) আধিং (ও নীচজাতি বলিয়া যে মনোদুঃখ এই উভয়ই) শীঘ্রং বিধুনোতি (শীঘ্রই দূরীভূত করিয়া দেয়) ॥ ১৮ ॥

[ভগবদ্ভক্তগণের সঙ্গই যখন হীনকুলত্বের ও হীনকুলনিবন্ধন মনোদুঃখের বিনাশক হইয়া থাকে, তখন] যঃ (যিনি) অনন্তশক্তিঃ (অনন্তশক্তিযুক্ত) ভগবান্ (ষড়ৈশ্বর্য্যশালী) অনন্তঃ (নিজেও অনন্ত) মহদ্‌গুণত্বাৎ (অনন্তকল্যাণাদিগুণযুক্ত বলিয়া) যম্ (যাঁহাকে) অনন্তম্ আহুঃ (বেদ অনন্ত বলিয়া প্রতিপাদন করিয়াছেন), তস্য (সেই) মহত্তমৈকান্তপরায়ণস্য (মহাত্মাগণের নিরতিশয় আশ্রয় ভগবানের) নাম গৃণতঃ (নাম কীর্ত্তনকারী ব্যক্তির) কুতঃ পুনঃ (পুনরায় কোথা হইতে হীনকুল ও হীনকুলনিবন্ধন মনোদুঃখের সম্ভাবনা হইবে?) [অর্থাৎ কখনই তাঁহাদের দুঃখ হইবে না] ॥ ১৯ ॥

অনুবাদ

সূত বলিলেন—হীনকুলে জন্মিয়াও আজ আমি সফলজন্মা হইলাম, যেহেতু জ্ঞানবৃদ্ধ আপনাদের এত সমাদর লাভ করিতে পারিয়াছি। আহা! বড়ই আশ্চর্য্য যে মহাত্মাগণের সহিত শ্রবণ-কথনাদি নিবন্ধন সম্বন্ধ ঘটিলে তাহাতে নীচজাতিত্ব ও নীচজাতি বলিয়া যে মনোদুঃখ, এই উভয়ই শীঘ্র দূরীভূত হইয়া যায় ॥ ১৮ ॥

ভগবদ্ভক্তগণের সঙ্গই যখন হীনকুল ও তন্নিবন্ধন যে মনোদুঃখ তাহার বিনাশক, তখন মহাত্মাগণের নিরতিশয় আশ্রয় সেই ভগবানের নাম কীর্ত্তনকারী ব্যক্তিগণের আর

টীকা

অনন্তস্য অপরিচ্ছিন্নস্যাচরিতৈরুপপন্নং যুক্তম্ অতএব ভাগবতানাম্ অভিরামম্ অতিপ্রিয়ং পরীক্ষিতে প্রোক্তং পারীক্ষিতং শ্রীমদ্ভাগবতাভিধং মহাপুরাণম্ আখ্যাহি কথয় ॥ ১৭ ॥ এবং শ্রীমদ্ভাগবতাখ্যানে মহাতাদরেণ মহাত্মভিঃ প্রবর্ত্তিতস্য আত্মনঃ কৃতার্থতামাহ অহো ইতি দ্বাভ্যাং। "ব্রাহ্মণ্যাং ক্ষত্রিয়াজ্জাতঃ স বৈ সূত উদাহৃত" ইতি স্মৃতিপ্রসিদ্ধা বিলোমজা অপি বৃদ্ধানাং জ্ঞানাদিভিঃ স্থবিরাণাম্ অনুবৃত্ত্যা সেবয়া অদ্য জন্মভৃতঃ আস্ম হেতি হর্ষে, সফলজন্মানো ভবামঃ। অহো ইত্যাশ্চর্য্যে। অহো! মহত্তমানামভিধানযোগঃ, শ্রবণকথনাদিনিবন্ধনঃ সম্বন্ধঃ দৌষ্কুল্যং দুষ্কুলজত্বং তন্নিমিত্তম্ আধিং মনোব্যথাং চ শীঘ্রং বিধুনোতি অপনয়তি ॥ ১৮ ॥

এতাবতালং ননু সূচিতেন গুণৈরসাম্যানতিশায়নস্য।
হিত্বেতরান্ প্রার্থয়তো বিভূতির্যস্যাঙ্ঘ্রিরেণুং জুষতেঽনভীপ্সোঃ ॥ ২০ ॥
অথাপি যৎপাদনখাবসৃষ্টং জগদ্বিরিঞ্চোপহৃতার্হণাম্ভঃ।
সেশং পুনাত্যন্যতমো মুকুন্দাৎ কো নাম লোকে ভগবৎপদার্থঃ ॥ ২১ ॥

অন্বয়

প্রার্থয়তঃ (প্রার্থনাকারী) ইতরান্ (ব্রহ্মাদিদেবগণকে) হিত্বা (পরিত্যাগ করিয়া) বিভূতিঃ (লক্ষ্মী) অনভীপ্সোঃ (অপ্রার্থী) যস্য (যে ভগবানের) অঙ্ঘ্রিরেণুং (চরণধূলি) জুষতে (সেবা করিয়া থাকেন), গুণৈঃ (গুণে) অসাম্যানতিশায়নস্য (যাঁহার সমানও নাই, অধিকও নাই, সেই ভগবানের) এতাবতা ননু সূচিতেন অলং (প্রভাবের লেশমাত্র বর্ণনাই পর্য্যাপ্ত) ॥ ২০ ॥

[পুনরায় ভগবন্মাহাত্ম্য বর্ণনা করিতেছেন] অথ অপি (অপর) যৎপাদনখাবসৃষ্টং (যাঁহার পাদনখ হইতে নিঃসৃত) বিরিঞ্চোপহৃতার্হণাম্ভঃ (ব্রহ্মাকর্ত্তৃক সমর্পিত অর্ঘ্যজল) সেশং (মহাদেবের সহিত) জগৎ পুনাতি (জগৎকে পবিত্র করিয়া থাকে), লোকে (ত্রিলোকে) মুকুন্দাৎ অন্যতমঃ

অনুবাদ

কোথা হইতে সেই সেই দুঃখের সম্ভাবনা হইবে? অর্থাৎ কখনই তাঁহাদের কোনও দুঃখের সম্ভাবনা নাই। [সেই ভগবানের মত আর দ্বিতীয় কেহ নাই এবং অধিক গুণশালীও কেহ নাই ইহাই বলিতেছেন]—তিনি অনন্তশক্তিযুক্ত ও ষড়ৈশ্বর্য্যশালী, নিজেও অনন্ত এবং তিনি অনন্ত কল্যাণাদি গুণযুক্ত বলিয়া বেদ তাঁহাকে অনন্ত বলিয়া প্রতিপাদন করিয়াছেন ॥ ১৯ ॥

ব্রহ্মাদি দেবগণ প্রার্থনা করিলেও লক্ষ্মীদেবী তাঁহাদিগকে পরিত্যাগ করিয়া উপযাচিতভাবে যে ভগবানের শ্রীচরণসেবা করিয়া থাকেন, গুণে যাঁহার সমকক্ষ বা অধিক কেহ নাই, সেই ভগবানের প্রভাবের লেশমাত্র বর্ণনেই পর্য্যাপ্ত; কোন্ ব্যক্তি বিস্তারিতরূপে ভগবৎপ্রভাব বর্ণনে সমর্থ হইবে? ॥ ২০ ॥

ব্রহ্মাকর্ত্তৃক অর্ঘ্যরূপে সমর্পিত হইয়া যাঁহার পাদনখ হইতে নিঃসৃত সলিল

টীকা

যচ্চরণশরণজনাভিধানযোগো দৌষ্কুল্যমাধিং চ বিধুনোতি। কুতঃ পুনস্তস্য মহত্তমৈকান্তপরায়ণস্য নাম গৃণতঃ কীর্ত্তয়তঃ পুংসো দৌষ্কুল্যম্? তন্নিমিত্ত আধিশ্চ? ন কুতোঽপীত্যর্থঃ। ননু যন্নাম গৃণতো দৌষ্কুল্যাদি ন স্যাৎ, তাদৃশঃ অন্যোঽপি কশ্চিৎ অস্ত্যেব ইত্যতো নিঃসমানাতিশয়ত্বমাহ যোঽনন্তশক্তিঃ অনন্তাঃ শক্তয়ো যস্য সঃ "পরাস্য শক্তির্বিবিধৈব শ্রূয়তে স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়া" চেতি শ্রুতেঃ। যশ্চ স্বাভাবিকষড়ৈশ্বর্য্যসম্পন্নঃ ভগবান্ স্বতোঽপ্যনন্তঃ "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্মেতি শ্রুতেঃ, মহান্তঃ "অনন্তকল্যাণগুণাত্মকোঽসৌ তেজোবলৈশ্বর্য্যমহাববোধ" ইত্যাদি শ্রুতিপ্রোক্তাঃ গুণা যস্য স মহদ্‌গুণঃ তস্য ভাবস্তত্ত্বং তস্মাৎ মহদ্‌গুণবত্ত্বাৎ অপি যমনন্তমাহুর্মুনয়ো বেদাঃ বা তস্য সমানাতিশয়শূন্যস্য নাম গৃণত ইত্যন্বয়ঃ ॥ ১৯ ॥ নিঃসমানাতিশয়ত্বং প্রপঞ্চয়তি ত্রিভিঃ। গুণৈঃ অসাম্যানতিশায়নস্য গুণৈরিত্যুপলক্ষণং শক্তিস্বরূপয়োঃ গুণতঃ শক্তিতঃ স্বরূপতশ্চ যদসাম্যম্

যত্রানুরক্তাঃ সহসৈব ধীরা ব্যপোহ্য দেহাদিষু সঙ্গমূঢ়ম্ ।
ব্রজন্তি তৎ পারমহংস্যমন্ত্যং যস্মিন্নহিংসোপশমঃ স্বধর্ম্মঃ ॥ ২২ ॥
অহং হি পৃষ্টোঽর্য্যমণোভবদ্ভি-রাচক্ষ আত্মাবগমোঽত্র যাবান্ ।
নভঃ পতন্ত্যাত্মসমং পতত্রিণ-স্তথা সমং বিষ্ণুগতিং বিপশ্চিতঃ ॥ ২৩ ॥

অন্বয়

(সেই মুকুন্দ ভিন্ন অপর) কঃ নাম ভগবৎপদার্থঃ ? (কে আছেন যিনি ভগবৎপদবাচ্য হইতে পারেন ?) ॥২১॥

ধীরাঃ (ধীর ব্যক্তিগণ) যত্রানুরক্তাঃ (যেই শ্রীমুকুন্দে অনুরক্ত হইয়া) সহসা এব (তৎক্ষণাৎই) দেহাদিষু (দেহগেহাদিতে) ঊঢ়ং সঙ্গং (প্রগাঢ় আসক্তি) ব্যপোহ্য (পরিত্যাগ করিয়া) যস্মিন্ (যাহাতে) অহিংসোপশমঃ স্বধর্ম্মঃ (অহিংসা ও স্বধর্ম্মের পরিসমাপ্তি হয়) তৎ অন্ত্যং (সেই চরম) পারমহংস্যং (পরমহংসপদ) ব্রজন্তি (প্রাপ্ত হইয়া থাকেন) [সেই মুকুন্দ ব্যতীত কে আছেন যিনি ভগবৎশব্দের বাচ্য হইতে পারেন] ॥ ২২ ॥

হে অর্য্যমণঃ (হে সূর্য্যতুল্য অজ্ঞানান্ধকারবিনাশক মুনিগণ !) ভবদ্ভিঃ পৃষ্টঃ (আপনাদিগকর্ত্তৃক জিজ্ঞাসিত) অহং হি (আমি) যাবান্ (যতটুকু) আত্মাবগমঃ (নিজের জ্ঞান) তাবান্ আচক্ষে (ততটুকু বলিতেছি) । যথা পতত্রিণঃ (যেমন পক্ষিগণ) আত্মসমং নভঃ (নিজের সামর্থ্যানুরূপ আকাশে) পতন্তি (বিচরণ করে), তথা বিপশ্চিতঃ (সেই প্রকার জ্ঞানিগণও) বিষ্ণুগতিং (ভগবল্লীলা) [আত্মসমং বদন্তি] (নিজের সামর্থ্যানুসারে কীর্ত্তন করিয়া থাকেন) ॥ ২৩ ॥

অনুবাদ

মহাদেবের সহিত এই জগৎকে পবিত্র করিতেছে অর্থাৎ যাঁহার পাদপদ্মসমুদ্ভূতা গঙ্গা মহাদেবের সহিত জগৎকে পবিত্র করিতেছেন, সেই মুকুন্দ ব্যতীত অপর কে আছেন যিনি ভগবৎ শব্দের বাচ্য হইতে পারেন ? ॥ ২১ ॥

যে ভগবান্ মুকুন্দে অনুরক্ত হইয়া ধীর ব্যক্তিগণ দেহগৃহাদিতে প্রগাঢ় আসক্তিকে সহসাই পরিত্যাগ করিয়া থাকেন এবং যাহাতে অহিংসা ও স্বধর্ম্মের পরিসমাপ্তি হয়, সেই চরম পরমহংসপদ প্রাপ্ত হইয়া থাকেন, সেই মুকুন্দ ব্যতীত অপর কে আছেন যিনি ভগবৎ-শব্দের বাচ্য হইতে পারেন ? ॥ ২২ ॥

হে সূর্য্যতুল্য অজ্ঞানান্ধকারনাশক মুনিগণ ! আপনারা আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছেন, তাহা আমি আমার নিজের জ্ঞানানুসারে যথাসাধ্য বলিতেছি। পক্ষিগণ যেমন নিজের সামর্থ্যানুসারে আকাশে বিচরণ করিয়া থাকে, সেইরূপ পণ্ডিতগণও নিজের সামর্থ্যানু-সারে ভগবল্লীলা কীর্ত্তন করিয়া থাকেন ॥ ২৩ ॥

টীকা

অসমত্বং অনতিশায়নম্ অনতিশয়ত্বঞ্চ তস্য এতাবতা সূচিতেন মাহাত্ম্যলেশমাত্রেণ দর্শিতেন অলম্। তল্লেশমেব দর্শয়তি বিভূতিঃ শ্রীঃ ইতরান্ ব্রহ্মাদীন্ প্রার্থয়তোঽপি হিত্বা যস্য অনন্তগুণশক্তিমতঃ অনভীপ্সোঃ অকাময়মানস্যাপি ভগবতঃ অঙ্ঘ্রিরেণুং ভজতে সেবতে ॥ ২০ ॥ নিঃসমানাতিশয়ত্বলেশান্তরং দর্শয়তি—অথেতি। যস্য ভগবতঃ পাদনখাদবসৃষ্টং নিঃসৃতং বিরিঞ্চিনা ব্রহ্মণা উপহৃতং সমর্পিতং

একদা ধনুরুদ্যম্য বিচরন্ মৃগয়াং বনে।
মৃগানননুগতঃ শ্রান্তঃ ক্ষুধিতস্তৃষিতো ভৃশম্ ॥ ২৪ ॥
জলাশয়মচক্ষাণঃ প্রবিবেশ তমাশ্রমম্।
দদর্শ মুনিমাসীনং শান্তং মীলিতলোচনম্ ॥ ২৫ ॥
প্রতিরুদ্ধেন্দ্রিয়প্রাণ-মনোবুদ্ধিমুপারতম্।
স্থানত্রয়াৎ পরং প্রাপ্তং ব্রহ্মভূতমবিক্রিয়ম্ ॥ ২৬ ॥

অন্বয়

একদা (একদিন) ধনুঃ উদ্যম্য (ধনু গ্রহণ করিয়া) [রাজা পরীক্ষিৎ] বনে মৃগয়াং বিচরন্ (বনে মৃগয়ার্থ বিচরণ করিতে করিতে) মৃগান্ অনুগতঃ (মৃগের অনুসরণ করতঃ) ভৃশং শ্রান্তঃ (অত্যন্ত ক্লান্ত) ক্ষুধিতঃ (ক্ষুধার্ত্ত) তৃষিতঃ (ও তৃষ্ণার্ত্ত হইয়া) জলাশয়ম্ অচক্ষাণঃ (জলাশয় দেখিতে না পাইয়া) তম্ আশ্রমং প্রবিবেশ (নিকটবর্ত্তী আশ্রমে প্রবেশ করিলেন), [তত্র] (সেখানে) আসীনং (উপবিষ্ট) শান্তং মীলিতলোচনং (প্রশান্ত ও মুদ্রিত নয়ন) মুনিং দদর্শ (এক মুনিকে দেখিতে পাইলেন) ॥ ২৪-২৫ ॥

প্রতিরুদ্ধেন্দ্রিয়প্রাণমনোবুদ্ধিম্ (যাঁহার ইন্দ্রিয়, প্রাণ, মন ও বুদ্ধি বিষয় হইতে প্রতিনিবৃত্ত

অনুবাদ

একদিন ধনুর্ব্বাণ গ্রহণ করিয়া মহারাজ পরীক্ষিৎ মৃগয়ার্থ বনে বিচরণ করিতে করিতে মৃগের অনুসরণে অত্যন্ত ক্লান্ত, ক্ষুধার্ত্ত ও তৃষ্ণার্ত্ত হইয়া জলাশয় দেখিতে না পাইয়া নিকটস্থ আশ্রমে প্রবেশ করিলেন এবং তথায় উপবিষ্ট প্রশান্ত ও মুদ্রিতনয়ন শমীক মুনিকে দেখিতে পাইলেন ॥ ২৪। ২৫ ॥

যাঁহার ইন্দ্রিয়, প্রাণ, মন ও বুদ্ধি বিষয় হইতে প্রতিনিবৃত্ত হইয়াছে, যিনি

টীকা

অর্হণান্তঃ অর্ঘ্যজলং সেশং সশিবং জগৎপুনাতি অতো মুকুন্দাদ্ ভগবতোঽন্যতমো ভগবৎপদার্থঃ কো নাম ন কোঽপীত্যর্থঃ ॥ ২১ ॥ যত্র শ্রীমুকুন্দে অনুরক্তাঃ সন্তো ধীরাঃ স্থিরস্বভাবাদেহাদিষু উঢ়ং ধৃতং সঙ্গং সজ্যোঽর্থে সহসেতি যাদবঃ। সহসা সদ্য এবাপোহ্য যস্মিন্ অহিংসয়া সহিত উপরমঃ স্বধর্ম্মঃ সাধারণো ধর্ম্মঃ তদন্ত্যং সর্ব্বাশ্রমেভ্যঃ অন্তে ভবং পারমহংস্যং ব্রজন্তি ॥ ২২ ॥ শুক-পরীক্ষিৎসংবাদদ্বারা মুনিপ্রশ্নানুসারতো ভাগবতং বক্তুমাহ অহং হীতি। হে অর্য্যমণঃ! সূর্য্যাঃ অজ্ঞানতিমিরঘ্নাঃ! ভবদ্ভিঃ পৃষ্টোঽহং যাবদাত্মনঃ অবগমো জ্ঞানং তাবদাচক্ষে, যথা পতত্রিণঃ আত্মসমং স্ববলানুরূপং নভঃ পতন্তি, তথা বিপশ্চিতো বিবেকিনো বিষ্ণোর্গতিং লীলাং আত্মসমং বদন্তি এবমহমপি বর্ণয়ামীত্যর্থঃ ॥ ২৩ ॥ শুকপরীক্ষিৎসংবাদং বক্তুং তন্নিমিত্তভূতবৈরাগ্যোদয়-কারণং বিপ্রশাপং দর্শয়তি—একদেত্যাদিনা। ক্ষুৎ অস্য সঞ্জাতা ক্ষুধিতঃ, তৃষা অস্য সঞ্জাতা তৃষিতঃ আশ্রমং প্রবিবেশ ইত্যুত্তরেণ অন্বয়ঃ ॥ ২৪ ॥

জলাশয়ং অচক্ষাণঃ ক্বচিদপি অপশ্যমানঃ তং প্রসিদ্ধমাশ্রমং প্রবিবেশ, তত্র চ মুনিং শমীকং দদর্শ ॥ ২৫ ॥ প্রতিরুদ্ধাঃ বিষয়েভ্যঃ প্রত্যাহৃতাঃ ইন্দ্রিয়াদয়ো যেন স তথা তম্। অতএব

বিপ্রকীর্ণজটাচ্ছন্নং রৌরবেণাজিনেন চ।
বিশোষ্যত্তালুরুদকং তথাভূতমযাচত ॥ ২৭ ॥
অলব্ধতৃণভূম্যাদিরসম্প্রাপ্তার্ঘ্যসূনৃতঃ।
অবজ্ঞাতমিবাত্মানং মন্যমানশ্চুকোপ হ ॥ ২৮ ॥
অভূতপূর্ব্বঃ সহসা ক্ষুত্তৃড্‌ভ্যামর্দ্দিতাত্মনঃ।
ব্রাহ্মণং প্রত্যভূদ্ ব্রহ্মন্! মৎসরো মন্যুরেব চ ॥ ২৯ ॥

অন্বয়

হইয়াছে), উপারতং (যিনি ধ্যেয়বস্তুতে সমাধিপ্রাপ্ত), স্থানত্রয়াৎ (জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি অতিক্রম করিয়া) পরং প্রাপ্তং (তুরীয়স্থান অর্থাৎ পরব্রহ্মকে যিনি প্রাপ্ত হইয়াছেন), অবিক্রিয়ং ব্রহ্মভূতং (ও নির্ব্বিকার ব্রহ্মস্বরূপতা প্রাপ্ত হইয়াছেন), বিপ্রকীর্ণজটাচ্ছন্নং (এবং যিনি চারিদিকে লম্বমান জটাজালে ব্যাপ্ত) রৌরবেণ অজিনেন চ [ছন্নং] (ও রুরুনামক মৃগের চর্ম্মে বেষ্টিত) তথাভূতং [মুনিং] (সেই মুনির নিকটে) বিশুষ্যত্তালুঃ (তৃষ্ণায় শুষ্কতালু মহারাজ পরীক্ষিৎ) উদকম্ অযাচত (জল প্রার্থনা করিলেন) ॥ ২৬-২৭ ॥

অলব্ধতৃণভূম্যাদিঃ (আসন, উপবেশনস্থান, জল প্রভৃতি না পাইয়া) অসম্প্রাপ্তার্ঘ্যসূনৃতঃ (এবং অর্ঘ্য ও প্রিয়বাক্য না পাইয়া) [মহারাজ পরীক্ষিৎ] আত্মানং (নিজকে) অবজ্ঞাতম্ ইব (অপমানিত) মন্যমানঃ (মনে করিয়া) চুকোপ হ (ক্রুদ্ধ হইলেন) [শাস্ত্রানুসারে অতিথিমাত্রকেই উপবেশনস্থান, আসন, জল ও মধুরবাক্যের দ্বারা অভ্যর্থনা করিতে হয়] ॥ ২৮ ॥

হে ব্রহ্মন্! (হে শৌনক!) ক্ষুৎতৃড্‌ভ্যাং (ক্ষুধা ও তৃষ্ণায়) অর্দ্দিতাত্মনঃ (কাতর মহারাজ

অনুবাদ

ধ্যেয় বস্তুতে সমাধিপ্রাপ্ত হইয়া জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি এই তিন অবস্থাকে অতিক্রম করিয়া তুরীয়স্থান লাভ করতঃ নির্ব্বিকার ব্রহ্ম-স্বরূপতা প্রাপ্ত হইয়াছেন এবং যাঁহার শরীর লম্বমান জটাজালে ব্যাপ্ত ও রুরু নামক মৃগচর্ম্মে বেষ্টিত, তাদৃশ শমীক নামক মুনির নিকটে তৃষ্ণায় শুষ্কতালু মহারাজ পরীক্ষিৎ জল প্রার্থনা করিলেন ॥ ২৬-২৭ ॥

[এদিকে ধ্যানস্থ মুনি রাজার আগমন ও জল প্রার্থনা কিছুই জানিতে পারেন নাই। তখন] মহারাজ পরীক্ষিৎ আসন, উপবেশনস্থান, পাদ্য, অর্ঘ্য ও প্রিয় বাক্য ইহার কিছুই না পাইয়া নিজেকে অপমানিত মনে করিয়া অত্যন্ত ক্রুদ্ধ হইলেন। ॥ ২৮ ॥

হে শৌনক! ক্ষুধা ও তৃষ্ণায় কাতর মহারাজ পরীক্ষিতের সেই মুনির প্রতি

টীকা

উপারতম্, স্থানত্রয়াৎ জাগ্রদাদেঃ পরং তুরীয়ং স্থানং প্রাপ্তম্, তত্র ব্রহ্মভূতং প্রাপ্তং যেন তমিত্যর্থঃ। বিপ্রকীর্ণাভিঃ পরিতো লম্বমানাভির্জটাভিশ্ছন্নম্ অজিনেন রুরুসংজ্ঞকমৃগচর্ম্মণা চাচ্ছন্নম্, তথাভূতং মুনিং বিশুষ্যৎ তালু যস্য স নৃপঃ উদকমযাচত ॥ ২৬ ॥ ২৭ ॥ ন লব্ধং তৃণং তন্ময়মাসনং ভূমিরূপবেশনস্থানম্ আদিনা জলাদেগ্রহণম্। ন সংপ্রাপ্ত আগতে রাজ্ঞি দেয়ঃ অর্ঘ্যঃ সুনৃতং প্রিয়ং

স তু ব্রহ্মর্ষেরংসে গতাসুমুরগং রুষা।
বিনির্গচ্ছন্ ধনুষ্কোট্যা নিধায় পুরমাগতঃ ॥ ৩০ ॥
এষ কিং নিভৃতাশেষকরণো মীলিতেক্ষণঃ।
মৃষাসমাধিরাহোস্বিৎ কিং নু স্যাৎ ক্ষত্রবন্ধুভিঃ ॥ ৩১ ॥

অন্বয়

পরীক্ষিতের) সহসা ব্রাহ্মণং প্রতি (সহসা সেই মুনির প্রতি) অভূতপূর্ব্বঃ মৎসরঃ (আর কখনও হয় নাই এমন বিদ্বেষ) মন্যুঃ চ এব অভূৎ (এবং ক্রোধ উৎপন্ন হইল) ॥ ২৯ ॥

সঃ তু (সেই পরীক্ষিৎ) বিনির্গচ্ছন্ (আশ্রম হইতে বহির্গত হইবার সময়ে) রুষা (অত্যন্ত ক্রোধে) ব্রহ্মর্ষেঃ (ব্রহ্মর্ষি মুনির) অংসে (স্কন্ধদেশে) গতাসুম্ উরগং (মৃত সর্পকে) ধনুষ্কোট্যা (ধনুর অগ্রভাগদ্বারা) নিধায় (স্থাপন করিয়া) পুরম্ আগতঃ (স্বীয় পুরীতে প্রত্যাগত হইলেন) ॥ ৩০ ॥

এষঃ (এই মুনি) নিভৃতাশেষকরণঃ (বিষয় হইতে সমস্ত ইন্দ্রিয়গণকে নিবৃত্ত করিয়া অন্তর্মুখী হইয়া) মীলিতেক্ষণঃ কিং (মুদ্রিত নেত্রে সমাধিস্থ আছেন কি?) আহোস্বিৎ (অথবা) ক্ষত্রবন্ধুভিঃ কিং নু স্যাৎ (ক্ষত্রিয়ের আগমনে আর একটা বিশেষ কি?) [এই প্রকার অবজ্ঞাপূর্ব্বক] মৃষা-সমাধিঃ (কপট সমাধিস্থ হইয়াছেন), [এই প্রকার চিন্তা করিয়া তিনি মুনির গলদেশে মৃত সর্প অর্পণ করিলেন) ॥ ৩১ ॥

অনুবাদ

তখন এমন ক্রোধ ও বিদ্বেষ জন্মিল যে, পূর্ব্বে আর কখনও তাঁহার ঐরূপ ক্রোধ ও বিদ্বেষ হয় নাই ॥ ২৯ ॥

সেই মহারাজ পরীক্ষিৎ বিফলমনোরথ হইয়া আশ্রম হইতে বহির্গত হইবার সময়ে অত্যন্ত ক্রোধবশতঃ ধনুকের অগ্রভাগদ্বারা সেই শমীক মুনির স্কন্ধদেশে একটি মৃত সর্পকে স্থাপন করিয়া স্বীয় পুরীতে প্রত্যাগত হইলেন ॥ ৩০ ॥

"এই মুনি সমস্ত ইন্দ্রিয়গণকে বিষয় হইতে নিবৃত্তকরতঃ অন্তর্মুখী হইয়া মুদ্রিত-নেত্রে সমাধিস্থ আছেন কি? অথবা ক্ষত্রিয়ের আগমন আর একটা বিশেষ কি? এই প্রকার অবজ্ঞা পূর্ব্বক কপট সমাধিস্থ হইয়াছেন?" এইরূপ চিন্তা করিয়া পরীক্ষিৎ মুনির গলদেশে মৃতসর্প স্থাপন করিলেন ॥ ৩১ ॥

টীকা

বাক্যং চ যেন সঃ ॥ ২৮ ॥ অর্দ্দিতঃ পীড়িত আত্মা দেহো যস্য তস্য, পূর্ব্বং ভূতঃ ভূতপূর্ব্বস্তং বিপরীতঃ অভূতপূর্ব্বঃ মৎসরঃ তদুৎকর্ষাসহনাত্মকশ্চিত্তবিকারঃ, মন্যুঃ ক্রোধঃ সহসাভূৎ সদ্য এব বভূব ॥ ২৯ ॥ স তু মৎসরমন্যুভ্যাং যুক্তস্তু রুষা ক্রোধেন মৎসরেণ চ ব্রহ্মর্ষেঃ পূজ্যস্য নিরপরাধিনঃ গতাসুং গতপ্রাণমুরগং ধনুষোঽগ্রেণ নিধায় পুরমাগতঃ প্রাপ্তঃ অত্যাশ্চর্য্যরূপাৎ ক্রোধাদেরুৎপত্তিঃ প্রবৃত্তিশ্চেতি ভাবঃ ॥ ৩০ ॥ কিম্ এষ নিভৃতানি প্রত্যাহৃতানি অশেষাণি করণানি যেন, মীলিতে ঈক্ষণে যেন স তথাভূতঃ সন্ সত্য সমাধিঃ আহোস্বিৎক্ষত্রবন্ধুভিঃ

তস্য পুত্রোঽতিতেজস্বী বিহরন্ বালকোঽর্ভকৈঃ।
রাজ্ঞাঘং প্রাপিতং তাতং শ্রুত্বা তত্রেদমব্রবীৎ ॥ ৩২ ॥
অহো অধর্ম্মঃ পালানাং পীব্নাং বলিভুজামিব।
স্বামিন্যঘং যদ্দাসানাং দ্বারপাণাং শুনামিব ॥ ৩৩ ॥
ব্রাহ্মণৈঃ ক্ষত্রবন্ধুর্হি দ্বারপালো নিরূপিতঃ।
স কথং তদ্গৃহে দ্বাঃস্থঃ সভাণ্ডং ভোক্তুমর্হতি ॥ ৩৪ ॥

অন্বয়

বালকঃ অতিতেজস্বী তস্য পুত্রঃ (সেই শমীক মুনির অতিশয় ব্রহ্মতেজসম্পন্ন বালক পুত্র) অর্ভকৈঃ বিহরন্ (বালকগণের সহিত ক্রীড়া করিতে করিতে) তাতং (পিতা) রাজ্ঞা (রাজাকর্ত্তৃক) অঘং প্রাপিতং (দুঃখপ্রাপ্ত হইয়াছেন) শ্রুত্বা (শ্রবণ করিয়া) তত্র (সেই স্থানে) ইদম্ অব্রবীৎ (এই বক্ষ্যমাণ বাক্য বলিলেন) ॥ ৩২ ॥

অহো! (বড়ই আশ্চর্য্য!) বলিভুজাম্ ইব (কাকের ন্যায়) দ্বারপাণাং (ও দ্বাররক্ষক) শুনাম্ ইব (কুকুরের ন্যায়) পীব্নাং (ঐশ্বর্য্যপুষ্ট) পালানাং (রক্ষার নিমিত্ত নিযুক্ত) দাসানাং (ভৃত্যগণের) স্বামিনি যৎ অঘম্ (প্রভুতে যে পাপাচরণরূপ) অধর্ম্মঃ [পশ্যতাম্] (অধর্ম্ম তোমরা দেখ) ॥ ৩৩ ॥

হি (নিশ্চয়ই) ক্ষত্রবন্ধুঃ (ক্ষত্রিয়) ব্রাহ্মণৈঃ (ব্রাহ্মণগণকর্ত্তৃক) দ্বারপালঃ নিরূপিতঃ (দ্বারপালরূপে নিরূপিত হইয়াছে)। দ্বাঃস্থঃ (দ্বারপাল হইয়া) সঃ (সেই ক্ষত্রিয়) কথং (কিরূপে) [ব্রাহ্মণগৃহে প্রবেশ করিয়া] সভাণ্ডং [অন্নং] (পাত্রস্থিত অন্ন) ভোক্তুমর্হতি (ভোজন করিতে পারে?) ॥ ৩৪ ॥

অনুবাদ

সেই শমীকমুনির অতিতেজস্বী বালকপুত্র অন্যান্য বালকগণের সহিত খেলা করিতে করিতে স্বীয় পিতা রাজা পরীক্ষিৎকর্ত্তৃক দুঃখ প্রাপ্ত হইয়াছেন অর্থাৎ অপমানিত হইয়াছেন শ্রবণ করিয়া সেই স্থানেই বালকগণের সমক্ষে এই বক্ষ্যমাণ বাক্য বলিতে লাগিলেন ॥ ৩২ ॥

বড়ই আশ্চর্য্য! যাহারা কাকের ন্যায় এবং দ্বাররক্ষক কুকুরের ন্যায় ঐশ্বর্য্যপুষ্ট হইয়া প্রভুর রক্ষার নিমিত্ত নিযুক্ত হইয়াছে, তাদৃশ ভৃত্যস্থানীয় রাজগণের প্রভুস্থানীয় মুনিগণের প্রতি অনিষ্টাচরণরূপ অধর্ম্ম তোমরা দেখ ॥ ৩৩ ॥

ইহা নিশ্চয় যে, ব্রাহ্মণগণ ক্ষত্রিয়গণকে দ্বারপালরূপে নিযুক্ত করিয়াছেন। [ব্রাহ্মণগৃহে প্রবেশ করিয়া] সভাণ্ডং [অন্নং] (পাত্রস্থিত অন্ন) ভোক্তুমর্হতি (ভোজন করিতে পারে?) ॥ ৩৪ ॥

টীকা

কিংনু স্যাৎ। ইত্যেবম্ অস্মদুপেক্ষয়া মৃষা সমাধিঃ ইতি সর্পনিধানে তদাশয়ঃ ॥ ৩১ ॥ পুত্রঃ শৃঙ্গী অঘং দুঃখং প্রাপিতং তাতং পিতরং শ্রুত্বা ইদমব্রবীৎ ॥ ৩২ ॥ তদেবাহ অহো ইত্যাদি পঞ্চভিঃ। অহো বলিভুজাং কাকানামিব পীব্নাং দ্বারাপানাং শুনামিব পুষ্টানাং পালানাং রক্ষায়ৈ নিযুক্তানাং দাসানাং ভৃত্যভূতানাং স্বামিনি যদঘং পাপাচরণম্ তদেবম্ভূতঃ অধর্ম্মঃ পশ্যতাম্ ॥ ৩৩ ॥ দ্বারপালসাদৃশ্যং দর্শয়তি—ব্রাহ্মণৈরিতি। তদ্গৃহে যৈঃ নিরূপিতস্তেষাং গৃহে সঃ ক্ষত্রিয়ঃ দ্বাঃস্থঃ সন্ সভাণ্ডং ভোক্তুং কথম্ অর্হতি যোগ্যো ভবেৎ ॥ ৩৪ ॥

কৃষ্ণে গতে ভগবতি শান্তর্য্যুৎপথগামিনাম্।
তদ্ভিন্নসেতুমদ্যাহং শাস্মি পশ্যত মে বলম্॥ ৩৫॥
ইত্যুক্ত্বা রোষতাম্রাক্ষো বয়স্যানৃষিবালকঃ।
কৌশিক্যাপ উপস্পৃশ্য বাগ্‌বজ্রং বিসসর্জ্জ হ॥ ৩৬॥
ইতি লঙ্ঘিতমর্য্যাদং তক্ষকঃ সপ্তমেঽহনি।
ধক্ষ্যতি স্ম কুলাঙ্গারং চোদিতো মে ততদ্রুহম্॥ ৩৭॥

অন্বয়

উৎপথগামিনাং (উন্মার্গগামী ব্যক্তিগণের) শান্তরি (শাসক) ভগবতি কৃষ্ণে গতে (ভগবান্ শ্রীকৃষ্ণ প্রস্থান করিলে) তৎ (শ্রীকৃষ্ণের অভাবহেতু) ভিন্নসেতুং (যে ব্যক্তি ধর্ম্মলঙ্ঘন করিয়াছে, সেই কুপথগামীকে) অদ্য অহং শাস্মি (আজ আমি শাসন করিতেছি)। মে বলং পশ্যত (তোমরা আমার সামর্থ্য দর্শন কর)॥ ৩৫॥

রোষতাম্রাক্ষঃ (ক্রোধে আরক্তনেত্র) ঋষিবালকঃ (মুনিপুত্র শৃঙ্গী) বয়স্যান্ (সমবয়স্ক বালকদিগকে) ইতি উক্ত্বা (ইহা বলিয়া) কৌশিক্যাঃ অপঃ (কৌশিকী নদীর জলে) উপস্পৃশ্য (আচমন করিয়া) বাগ্‌বজ্রং (অভিশাপ বাক্য) বিসসর্জ্জ হ (প্রয়োগ করিলেন)॥ ৩৬॥

ইতি লঙ্ঘিতমর্য্যাদং (মুনির গলদেশে সর্প স্থাপনের দ্বারা মর্য্যাদা লঙ্ঘনকারী) কুলাঙ্গারং (কুলকলঙ্ক) ততদ্রুহং (পিতৃদ্রোহীকে) সপ্তমে অহনি (আজ হইতে সপ্তম দিবসে) মে চোদিতঃ তক্ষকঃ (আমাকর্ত্তৃক প্রেরিত তক্ষক) ধক্ষ্যতি স্ম (ভস্ম করিবে)॥ ৩৭॥

অনুবাদ

দ্বারপাল হইয়া সেই ক্ষত্রিয় কিরূপে ব্রাহ্মণ গৃহে প্রবেশ করিয়া পাত্রস্থ অন্ন ভক্ষণ করিতে পারে? অর্থাৎ আশ্রমে অন্যায় ভাবে প্রবেশ করিয়া মুনির অপমান করিয়া যাইতে পারে?॥৩৪॥

কুপথগামী ব্যক্তিগণের শাসক ভগবান্ শ্রীকৃষ্ণ স্বস্থানে প্রস্থান করিয়াছেন; তাঁহার অভাববশতঃ আজ যে ব্যক্তি ধর্ম্মলঙ্ঘন করিয়াছে, আমি সেই ধর্ম্ম মর্য্যাদালঙ্ঘনকারীকে শাসন করিতেছি; তোমরা আমার সামর্থ্য দেখ॥ ৩৫॥

ক্রোধে আরক্তলোচন শমীকপুত্র শৃঙ্গী সমবয়স্ক বালকদিগকে ইহা বলিয়া কৌশিকী নদীর জলে আচমন করতঃ অভিশাপবাক্য প্রয়োগ করিলেন॥ ৩৬॥

যে কুলাঙ্গার আমার পিতার গলদেশে সর্প স্থাপন করিয়া পিতার মর্য্যাদা লঙ্ঘন করিয়াছে, পিতৃদ্রোহী সেই কুলাঙ্গারকে অদ্য হইতে সপ্তমদিবসে আমাকর্ত্তৃক প্রেরিত তক্ষক নাগ ভস্ম করিবে॥ ৩৭॥

টীকা

তৎ তস্মাদুৎপথশাস্তঃ ইহাবিদ্যমানত্বাৎ অহমেব শাস্মি শিক্ষয়ে॥ ৩৫॥ কৌশিক্যা নদ্যঃ অপঃ সন্ধিরার্ষঃ। উপস্পৃশ্য আচম্য বাগ্‌বজ্রং শাপং বিসসর্জ্জ প্রাযুঙ্‌ক্ত॥ ৩৬॥ ইতীত্থং সর্পনিক্ষেপেণ লঙ্ঘিতা মর্য্যাদা যেন, ততদ্রুহং ততঃ তাতস্তদপকারিণম্ ইতঃ সপ্তমেঽহনি মে ময়া চোদিতঃ প্রেরিতঃ

ততোঽভ্যেত্যাশ্রমং বালো গলেসর্পকলেবরম্ ।
পিতরং বীক্ষ্য দুঃখার্ত্তো মুক্তকণ্ঠো রুরোদ হ ॥ ৩৮ ॥
স বা আঙ্গিরসো ব্রহ্মন্ ! শ্রুত্বা সুতবিলাপনম্ ।
উন্মীল্য শনকৈর্নেত্রে দৃষ্ট্বা চাংসে মৃতোরগম্ ॥ ৩৯ ॥
বিসৃজ্য তঞ্চ পপ্রচ্ছ বৎস ! কস্মাদ্ধি রোদিষি ।
কেন বা তেঽপ্যপকৃতমিত্যুক্তঃ স ন্যবেদয়ৎ ॥ ৪০ ॥

অন্বয়

ততঃ (অনন্তর) বালঃ (মুনিপুত্র শৃঙ্গী) আশ্রমম্ অভ্যেত্য (আশ্রমে প্রবেশ করিয়া) গলেসর্প-কলেবরং (গলদেশে সর্প আছে এমন) পিতরং (পিতাকে) বীক্ষ্য (দেখিয়া) দুঃখার্ত্তঃ মুক্তকণ্ঠঃ রুরোদ হ (দুঃখে কাতর হইয়া মুক্তকণ্ঠে রোদন করিতে লাগিলেন) ॥ ৩৮ ॥

হে ব্রহ্মন্ ! (হে শৌনক !) সঃ বা আঙ্গিরসঃ (সেই অঙ্গিরাবংশোদ্ভব শমীক মুনি) সুতবিলাপনং শ্রুত্বা (পুত্রের রোদনধ্বনি শ্রবণ করিয়া) শনকৈঃ নেত্রে উন্মীল্য (ধীরে ধীরে নয়ন উন্মীলন করতঃ) অংসে (স্কন্ধদেশে) মৃতোরগং দৃষ্ট্বা চ (মৃত সর্প দেখিয়া) তং বিসৃজ্য (সর্পটিকে দূরে নিক্ষেপ করিয়া) পপ্রচ্ছ (জিজ্ঞাসা করিলেন) বৎস ! কস্মাৎ হি (হে বৎস ! কি কারণে) রোদিষি (রোদন করিতেছ ?) কেন বা তে (কোন্ ব্যক্তি তোমার) অপকৃতং (অনিষ্ট করিয়াছে ?) ইতি উক্তঃ (এই প্রকারে পিতৃকর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া) সঃ (সেই শৃঙ্গী) ন্যবেদয়ৎ (সমস্ত নিবেদন করিলেন) ॥ ৩৯-৪০ ॥

অনুবাদ

অনন্তর মুনিপুত্র শৃঙ্গী আশ্রমে প্রবেশ করিয়া পিতার গলদেশে মৃত সর্প দেখিয়া দুঃখে কাতর হইয়া মুক্তকণ্ঠে রোদন করিতে লাগিলেন ॥ ৩৮ ॥

হে শৌনক ! সেই অঙ্গিরাগোত্রসম্ভূত শমীক মুনি পুত্রের রোদনধ্বনি শ্রবণ করিয়া ধীরে ধীরে নয়ন উন্মীলন করতঃ স্বীয় স্কন্ধদেশে মৃতসর্প দেখিতে পাইলেন। তখন তিনি সর্পটিকে দূরে নিক্ষেপ করিয়া জিজ্ঞাসা করিলেন—হে বৎস ! তুমি কি কারণে রোদন করিতেছ ? কোন্ ব্যক্তিই বা তোমার অনিষ্ট করিয়াছে ? এই প্রকারে পিতৃকর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া সেই শৃঙ্গী সমস্ত বৃত্তান্ত পিতার নিকটে নিবেদন করিলেন ॥ ৩৯ ॥ ৪০ ॥

টীকা

তক্ষকঃ ধক্ষ্যতিস্ম ॥ ৩৭ ॥ গলে সর্পো যস্য তৎ গলেসর্পং তৎকলেবরং যস্য. স গলেসর্পকলেবর ইত্যলুক্ সমাসঃ। তং বীক্ষ্য মুক্তঃ কণ্ঠো যেন স রুরোদ ॥ ৩৮ ॥ স শমীকঃ আঙ্গিরসঃ বিলাপনং শ্রুত্বা নেত্রে উন্মীল্য স্বাংসে মৃতোরগং দৃষ্ট্বা বিসৃজ্য পুত্রং পপ্রচ্ছ ইত্যুত্তরেণান্বয়ঃ ॥ ৩৯ ॥ স চ মৃতোরগং পরিহৃত্য পুত্রং পপ্রচ্ছ—হে বৎস ! তে কেন বিপ্রকৃতম্ অপকৃতং ভাবে ক্তঃ ॥ ৪০ ॥

নিশম্য শপ্তমতদর্হং নরেন্দ্রং স ব্রাহ্মণো নাত্মজমভ্যনন্দৎ।
অহো বতাংহো মহদদ্য তে কৃত-মল্পীয়সি দ্রোহ উরুর্দমো ধৃতঃ ॥ ৪১ ॥
ন বৈ নৃভির্নরদেবং পরাখ্যং সম্মাতুমর্হস্যবিপক্কবুদ্ধে।
যত্তেজসা দুর্ব্বিষহেণ গুপ্তা বিন্দন্তি ভদ্রাণ্যকুতোভয়াঃ প্রজাঃ ॥ ৪২ ॥
অলক্ষ্যমাণে নরদেবনাম্নি রথাঙ্গপাণাবয়মঙ্গ! লোকঃ।
তদা হি চৌরপ্রচুরো বিনঙ্ক্ষ্য-ত্যরক্ষ্যমাণোঽবিবরূথবৎ ক্ষণাৎ ॥ ৪৩ ॥

অন্বয়

সঃ ব্রাহ্মণঃ (সেই শমীক মুনি) অতদর্হং (শাপের অযোগ্য) নরেন্দ্রং (রাজাকে) শপ্তং (অভিশপ্ত) নিশম্য (শ্রবণ করিয়া) আত্মজং (নিজপুত্রকে) ন অভ্যনন্দৎ (প্রশংসা করিলেন না)। অহো বত! (আহা!) রে অজ্ঞ! (রে হিতাহিতজ্ঞানশূন্য!) তে (তোমাকর্ত্তৃক) অল্পীয়সি দ্রোহে (অত্যল্প অপরাধে) উরুঃ (গুরুতর) দমঃ (দণ্ড) ধৃতঃ (প্রদত্ত হইয়াছে)। [ইহাতে তুমি] অদ্য মহৎ অংহঃ কৃতম্ (আজ মহৎ পাপ করিয়াছ) ॥ ৪১ ॥

অবিপক্কবুদ্ধে! (হে অস্থিরমতে!) দুর্ব্বিষহেণ যত্তেজসা (যাঁহার দুর্দ্ধর্ষ পরাক্রমে) গুপ্তাঃ (সুরক্ষিত হইয়া) অকুতোভয়াঃ প্রজাঃ (নির্ভয়ে প্রজাগণ) ভদ্রাণি বিন্দন্তি (মঙ্গলপ্রাপ্ত হইতেছে), পরাখ্যং (বিষ্ণুতুল্য) নরদেবং (সেই রাজাকে) নৃভিঃ সম্মাতুং (সাধারণ মনুষ্যগণের সঙ্গে তুলনা করা) ন বৈ অর্হসি (তোমার উচিত হয় নাই) ॥ ৪২ ॥

অঙ্গ! (হে বৎস!) নরদেবনাম্নি রথাঙ্গপাণৌ (নরপতিনামধারী চক্রপাণি বিষ্ণু) অলক্ষ্যমাণে

অনুবাদ

সেই শমীক মুনি শাপের অযোগ্য মহারাজ পরীক্ষিৎ অভিশপ্ত হইয়াছেন ইহা শ্রবণ করিয়া নিজ পুত্রের প্রশংসা করিলেন না। বরং বলিলেন—আহা! তুমি হিতাহিত-জ্ঞানশূন্য; তুমি অল্প অপরাধে রাজাকে গুরুতর দণ্ড প্রদান করিয়াছ। অতএব তুমি আজ মহাপাপ করিয়াছ ॥ ৪১ ॥

হে অপরিপক্কবুদ্ধে! যাঁহার প্রবলপ্রতাপে সুরক্ষিত হইয়া প্রজাগণ নির্ভয়ে আপন আপন মঙ্গল প্রাপ্ত হইতেছে, সেই বিষ্ণুতুল্য নরপতিকে সাধারণ মনুষ্যের সঙ্গে তুলনা করা তোমার উচিত হয় নাই। [অর্থাৎ সাধারণের এতাদৃশ অপরাধে যে দণ্ড হইয়া থাকে, এই মহারাজ পরীক্ষিৎকেও তুমি সেই দণ্ড দিয়াছ। ইহা তোমার অন্যায় হইয়াছে] ॥ ৪২ ॥

হে বৎস! নরপতিনামধারী চক্রপাণি বিষ্ণু যদি দৃষ্টি না করেন, তবে তখনই

টীকা

তদনর্হং শাপাযোগ্যং নরেন্দ্রং শপ্তং নিশম্য আকর্ণ্য আত্মজং ন অভ্যনন্দৎ। অনভিনন্দনপ্রকারং দর্শয়তি—অহো ইতি করুণায়াং বতেতি কষ্টে, রে অজ্ঞ! তে ত্বয়া মহদংহঃ পাপং কৃতম্, অল্পীয়সি দ্রোহে অপরাধে উরুরনল্পঃ দমো দণ্ডঃ ধৃতঃ ॥ ৪১ ॥ হে অপক্কবুদ্ধে! পরো বাসুদেব

তদদ্য নঃ পাপমুপৈত্যনন্বয়ং যন্নষ্টনাথস্য বসোর্বিলুম্পকাৎ।
পরস্পরং ঘ্নন্তি শপন্তি বৃঞ্জতে পশূন্ স্ত্রিয়োঽর্থান্ পুরুদস্যবো জনাঃ ॥ ৪৪ ॥
তদার্য্যধর্ম্মঃ সুবিলীয়তে নৃণাং বর্ণাশ্রমাচারযুতস্ত্রয়ীময়ঃ।
ততোঽর্থকামাভিনিবেশিতাত্মনাং শুনাং কপীনামিব বর্ণসঙ্করঃ ॥ ৪৫ ॥

অন্বয়

(দৃষ্টি না করিলে) তদা হি (তখনই) চৌরপ্রচুরঃ (চোরবহুল) অয়ং লোকঃ (এই সংসার) অরক্ষ্যমাণঃ (অরক্ষিত হইয়া) অবিবরূথবৎ (মেষপালের ন্যায়) ক্ষণাৎ বিনঙ্ক্ষ্যতি (শীঘ্রই বিনাশ-প্রাপ্ত হইবে) ॥ ৪৩ ॥

নষ্টনাথস্য (রক্ষকরহিত ধনিকের) বসোঃ (ধনের) বিলুম্পকাৎ (অপহরণকারীর প্রাচুর্য্যহেতু) [যে পাপ এবং] পুরুদস্যবঃ জনাঃ (বহু দস্যুব্যক্তি) পরস্পরং ঘ্নন্তি (পরস্পর পরস্পরকে বিনাশ করিবে), শপন্তি (কটু বাক্য প্রয়োগ করিবে), পশূন্, স্ত্রিয়ঃ, অর্থান্ বৃঞ্জতে (পশু, স্ত্রী ও অর্থ অপহরণ করিবে) ; [এই সকল বিষয়ে] যৎ পাপং (যে পাপ), অনন্বয়ং তৎ পাপং (সম্বন্ধরহিত অর্থাৎ পরকৃত সেই পাপ) অদ্য নঃ উপৈতি (আজ আমাদিগকে আশ্রয় করিবে) ॥ ৪৪ ॥

তদা (নরপতিরূপ চক্রপাণি বিষ্ণুর অভাব হইলে) নৃণাং (মানবগণের) বর্ণাশ্রমাচারযুতঃ (বর্ণাশ্রমাচারযুক্ত) ত্রয়ীময়ঃ (বেদবিহিত) আর্য্যধর্ম্মঃ (সনাতনধর্ম্ম) সুবিলীয়তে (লয়প্রাপ্ত হইবে), ততঃ (ধর্ম্মবিলয়বশতঃ) অর্থকামাভিনিবেশিতাত্মনাং (অর্থ ও কামে আসক্তচিত্ত মানবগণের) শুনাং কপীনাম্ ইব (কুকুর ও বানরের ন্যায়) বর্ণসঙ্করঃ [ভবিষ্যতি] (বর্ণসঙ্কর হইবে) ॥ ৪৫ ॥

অনুবাদ

চৌরাদির বাহুল্যবশতঃ এই সংসারে লোক সকল অরক্ষিত হইয়া মেষপালের ন্যায় ক্ষণকালমধ্যে বিনাশ প্রাপ্ত হইবে ॥ ৪৩ ॥

অতএব এক্ষণে রক্ষকবিহীন হওয়ায় ধনিকের ধন অপহরণকারীর সংখ্যা বাড়িয়া যাইবে, বহু দস্যু পরস্পর পরস্পরকে বিনাশ করিবে, কটু বাক্য প্রয়োগ করিবে এবং পশু, স্ত্রী ও অর্থ অপহরণ করিবে। এ সকল বিষয়ে যে যে পাপ, সে সকল সাক্ষাৎ সম্বন্ধে আমরা না করিলেও অর্থাৎ পরকৃত হইলেও আজ হইতে আমাদিগকেই আশ্রয় করিবে ॥ ৪৪ ॥

নরপতিরূপ চক্রপাণি বিষ্ণুর অভাব হইলে মানবগণের বর্ণাশ্রমাচারসম্পন্ন বেদবিহিত সনাতনধর্ম্ম লোপ পাইবে এবং সনাতনধর্ম্ম লোপ হইলে অর্থ ও কামে আসক্তচিত্ত মানবগণের কুকুর ও বানরের ন্যায় বর্ণসঙ্কর হইবে ॥ ৪৫ ॥

টীকা

ইত্যাখ্যা খ্যাতির্যস্য তং নরদেবং নৃভিঃ সম্মাতুং সমং দ্রষ্টুং নার্হসি ॥ ৪২ ॥ অলক্ষ্যমাণে পরলোকং গতে অবিবরূথবৎ বিনঙ্ক্ষ্যতি নষ্টো ভবিষ্যতি ॥ ৪৩ ॥ তৎ পাপং অনন্বয়ং তব বাল্যেতরসম্বন্ধশূন্যম্, অদ্য অধুনা নঃ অস্মান্ উপৈতি। কিং তৎ পাপং ? যৎ নষ্টনাথস্য লোকস্য ধনিনঃ বসোর্ধনস্য

ধর্ম্মপালো নরপতিঃ স তু সম্রাড্ বৃহচ্ছ্রবাঃ।
সাক্ষান্মহাভাগবতো রাজর্ষির্হয়মেধযাট্।
ক্ষুত্তৃট্শ্রমযুতো দীনো নৈবাস্মচ্ছাপমর্হতি ॥ ৪৬ ॥
অপাপেষু স্বভৃত্যেষু বালেনাপক্কবুদ্ধিনা।
পাপং কৃতং তদ্ভগবান্ সর্ব্বাত্মা ক্ষন্তুমর্হতি ॥ ৪৭ ॥
তিরস্কৃতা বিপ্রলব্ধাঃ শপ্তাঃ ক্ষিপ্তা হতা অপি।
নাস্য তৎ প্রতিকুর্ব্বন্তি তদ্ভক্তাঃ প্রভবোঽপি হি ॥৪৮॥

অন্বয়

স তু (বিশেষতঃ সেই পরীক্ষিৎ) ধর্ম্মপালঃ (ধর্ম্মরক্ষক), সম্রাট্ (রাজচক্রবর্ত্তী), বৃহচ্ছ্রবাঃ (মহাযশস্বী), সাক্ষাৎ মহাভাগবতঃ (সাক্ষাৎ ভগবদ্ভক্ত), রাজর্ষিঃ (রাজশ্রেষ্ঠ), হয়মেধযাট্ (অশ্বমেধ যজ্ঞকারী), ক্ষুৎতৃট্শ্রমযুক্তঃ (ক্ষুধা ও তৃষ্ণায় কাতর), দীনঃ (বিপন্ন), নরপতিঃ এব (ও রাজা); [অতঃ] অস্মচ্ছাপং ন অর্হতি (অতএব তিনি আমাদের শাপের যোগ্যপাত্র নহেন) ॥ ৪৬ ॥

[এই পাপের প্রায়শ্চিত্তস্বরূপ ভগবানের নিকটে প্রার্থনা করিতেছেন] অপক্কবুদ্ধিনা বালেন (অপরিণতবুদ্ধি বালককর্ত্তৃক) অপাপেষু (অনপরাধী) স্বভৃত্যেষু (ভগবদ্ভক্তের প্রতি) যৎ পাপং কৃতং (যে পাপাচরণ করা হইয়াছে), সর্ব্বাত্মা ভগবান্ (সর্ব্বান্তর্য্যামী ভগবান্) তৎ ক্ষন্তুম্ অর্হসি (তাহা ক্ষমা করুন) ॥ ৪৭ ॥

[মহারাজ পরীক্ষিৎ প্রতিশাপ প্রদানে সমর্থ হইয়াও তাহা করিবেন না ইহাই বলিতেছেন]

অনুবাদ

বিশেষতঃ সেই পরীক্ষিৎ স্বয়ং ধর্ম্মরক্ষক, সম্রাট্, মহাযশস্বী, সাক্ষাৎ বিষ্ণুভক্ত, রাজর্ষি, অশ্বমেধযাজী, ক্ষুধা ও তৃষ্ণায় কাতর এবং বিপন্ন। এ অবস্থায় তিনি আমাদের অভিশাপের যোগ্য হইতে পারেন না অর্থাৎ এইরূপ ব্যক্তি শাপযোগ্য নহেন ॥ ৪৬ ॥

[মুনি পাপক্ষালনার্থ ভগবানের শরণাপন্ন হইতেছেন]—আমার অপরিণতবুদ্ধি বালকপুত্র নিরপরাধী ভগবদ্ভক্ত পরীক্ষিতের প্রতি যে পাপাচরণ অর্থাৎ শাপপ্রদানরূপ অনিষ্টাচরণ করিয়াছে, সর্ব্বান্তর্য্যামী ভগবান্ তাহা ক্ষমা করুন ॥ ৪৭ ॥

মহারাজ পরীক্ষিৎ ভগবদ্ভক্ত; অতএব তিনি ইহার প্রতিকারস্বরূপ আর শাপ প্রদান

টীকা

বিলুম্পকাৎ চোরাদের্হেতোর্ভবিষ্যতি পুরবো দস্যবো যেষু তে জনাঃ পরস্পরং ঘ্নন্তি হিংসন্তি, শপন্তি বাক্পারুষ্যং কুর্ব্বন্তি, পশ্বাদীন্ বৃঞ্জতে হরন্তি, তৎ সর্ব্বং পাপমস্মানুপৈতি ॥ ৪৪ ॥ বর্ণাশ্রমাচারযুতঃ ত্রয়ীময়ঃ ত্রয্যা আগতঃ "ততঃ আগত—ইত্যধিকারে ময়ট্ চ" ইতি ॥ ৪ ॥ ৩ ॥ ৮২ ॥ ময়ট্ প্রত্যয়ঃ। আর্য্যৈর্ম্মন্বাদিভিঃ নিবৃত্তিপ্রবৃত্তিভেদেন উপবৃংহিতত্বাৎ আর্য্যাণাং তেষাং ধর্ম্মঃ তদা নরদেবনাম্নি রথাঙ্গপাণৌ অলক্ষ্যমাণে সতি বিলীয়তে। ততো ধর্ম্মবিলয়াদ্ধেতোঃ অর্থকাময়োরেবাভিনিবেশিতচিত্তানাং শুনাং কপীনাম্ ইব বর্ণসঙ্করঃ ভবিষ্যতি ॥ ৪৫ ॥ হয়মেধযাট্ হয়মেধযাজী অস্ত

ইতি পুত্রকৃতাঘেন সোঽনুতপ্তো মহামুনিঃ।
স্বয়ং বিপ্রকৃতো রাজ্ঞা নৈবাঘং তদচিন্তয়ৎ ॥ ৪৯ ॥
প্রায়শঃ সাধবো লোকে পরৈর্দ্বন্দ্বেষু যোজিতাঃ।
ন ব্যথন্তি ন হৃষ্যন্তি যত আত্মাগুণাশ্রয়ঃ ॥ ৫০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথমস্কন্ধে পারীক্ষিতে বিপ্রশাপোপলম্ভো নামাষ্টাদশোঽধ্যায়ঃ ॥ ১৮ ॥

অন্বয়

প্রভবঃ অপি (সমর্থ হইলেও) তদ্ভক্তাঃ (ভগবদ্ভক্তগণ) তিরস্কৃতাঃ (অনাদৃত) বিপ্রলব্ধাঃ (বঞ্চিত) ক্ষিপ্তাঃ (নিন্দিত) শপ্তাঃ (অভিশপ্ত) হতাঃ অপি (এবং তাড়িত হইয়াও) অস্য (সেই তিরস্কারাদিকারীর) ন তৎপ্রতিকুর্ব্বন্তি হি (অনিষ্টের প্রতিকার করেন না) ॥ ৪৮ ॥

সঃ মহামুনিঃ (সেই মহামুনি শমীক) ইতি (এইরূপ) পুত্রকৃতাঘেন (পুত্রকৃত পাপে) অনুতপ্তঃ (দুঃখিত হইয়া) স্বয়ং রাজ্ঞা (স্বয়ং রাজা পরীক্ষিৎকর্ত্তৃক) বিপ্রকৃতঃ অপি (অপমানিত হইয়াও) তৎ অঘং (সেই অপরাধ) ন অচিন্তয়ৎ (চিন্তা করিলেন না) ॥ ৪৯ ॥

লোকে (জগতে) পরৈঃ (শত্রু দ্বারা) দ্বন্দ্বেষু (সুখদুঃখ) যোজিতাঃ (প্রাপ্ত হইয়াও) সাধবঃ (সাধুগণ) প্রায়শঃ ন ব্যথন্তি (প্রায়ই দুঃখিত হন না) ন হৃষ্যন্তি (এবং সুখীও হন না); যতঃ (যেহেতু) আত্মা অগুণাশ্রয়ঃ (তাহাদের চিত্ত রাগদ্বেষাদির বশবর্ত্তী নহে) ॥ ৫০ ॥

অনুবাদ

করিবেন না। কারণ প্রতিকারে সমর্থ হইলেও ভগবদ্ভক্তগণ অনাদৃত, বঞ্চিত, নিন্দিত, অভিশপ্ত বা তাড়িত হইয়াও সেই অপরাধীর আচরিত অনিষ্টের প্রতিকার করেন না ॥ ৪৮ ॥

সেই মহামুনি শমীক এইরূপে পুত্রকৃত অপরাধে অনুতপ্ত হইয়া রাজা পরীক্ষিৎ কর্ত্তৃক স্বয়ং অপমানিত হইয়াও সেই অপরাধের কথা চিন্তা করিলেন না ॥৪৯॥

এই জগতে সাধুগণ শত্রুদ্বারা সুখদুঃখ প্রাপ্ত হইয়াও প্রায়ই দুঃখিত হন না বা সুখীও হন না। যেহেতু তাঁহাদের চিত্ত রাগদ্বেষাদির বশবর্ত্তী নহে ॥৫০॥

অষ্টাদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ১৮ ॥

টীকা

মহাপাপস্য ভগবৎপ্রার্থনেতরপ্রায়শ্চিত্তমপশ্যমানঃ তং প্রার্থয়তে—ভগবান্ সর্ব্বাত্মা ক্ষন্তুমর্হতীতি ॥৪৬॥৪৭ ॥ প্রতিশাপরূপং প্রায়শ্চিত্তং তু ন প্রাপ্স্যামীত্যাহ—তিরস্কৃতা ইতি। তিরস্কৃতাঃ নিরাদৃতাঃ বিপ্রলব্ধাঃ বঞ্চিতাঃ ক্ষিপ্তাঃ নিন্দিতাঃ হতাঃ তাড়িতা অপি তস্য ভগবতো ভক্তাঃ প্রভবঃ প্রতিকর্ত্তুং সমর্থা অপি অস্য তিরস্কারাদিকর্ত্তুঃ ন তৎ প্রতিকুর্ব্বন্তি ॥ ৪৮ ॥ রাজা স্বয়ং বিপ্রকৃতঃ অপকৃতোঽপি তস্য অঘম্ অপরাধং নৈবাচিন্তয়ৎ ॥ ৪৯ ॥ অচিন্তনে হেতুমাহ—প্রায়শ ইতি, অগুণাশ্রয়ঃ রাগদ্বেষাদ্যাশ্রয়ো ন ভবতি ॥ ৫০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতসিদ্ধান্তপ্রদীপে প্রথমস্কন্ধীয়ে অষ্টাদশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ১৮ ॥

একোনবিংশোঽধ্যায়ঃ

সূত উবাচ

মহীপতিস্ত্বথ তৎ কর্ম্ম গর্হ্যং বিচিন্তয়ন্নাত্মকৃতং সুদুর্ম্মনাঃ।
অহো ! ময়া নীচমনার্য্যবৎ কৃতং নিরাগসি ব্রহ্মণি গূঢ়তেজসি ॥ ১ ॥
ধ্রুবং ততো মে কৃতদেবহেলনাদ্ দুরত্যয়ং ব্যসনং নাতিদীর্ঘাৎ।
তদস্তু কামং হ্যঘনিষ্কৃতায় মে যথা ন কুর্য্যাং পুনরেবমদ্ধা ॥ ২ ॥

অন্বয়

সূতঃ উবাচ (সূত বলিলেন) অথ (অনন্তর) মহীপতিঃ তু (মহারাজ পরীক্ষিৎ) অহো! (হায়!) ময়া (আমাকর্ত্তৃক) নিরাগসি (নিরপরাধী) গূঢ়তেজসি (প্রচ্ছন্নপ্রভাব) ব্রহ্মণি (ব্রাহ্মণে) অনার্য্যবৎ (অনার্য্যের ন্যায়) নীচং (নীচকার্য্য) কৃতং (অনুষ্ঠিত হইয়াছে) [ইতি] (এই প্রকারে) আত্মকৃতং (নিজের অনুষ্ঠিত) তৎ গর্হ্যং (নিন্দনীয়) কর্ম্ম (কার্য্য) বিচিন্তয়ন্ (চিন্তা করিতে করিতে) সুদুর্ম্মনাঃ [অভবৎ] (অত্যন্ত বিষাদগ্রস্ত হইলেন) ॥ ১ ॥

ততঃ কৃতদেবহেলনাৎ (সেই দেবতুল্য মুনির অবমাননাবশতঃ) মে (আমার) দুরত্যয়ং (দুর্নিবারণীয়) ব্যসনং (বিপদ) ধ্রুবং ভবিষ্যতি (নিশ্চয়ই হইবে), তৎ [ব্যসনং] (সেই বিপদ) মে অঘনিষ্কৃতায় (আমার পাপ বিমোচনের জন্য) নাতিদীর্ঘাৎ (অচিরেই) অস্তু (হউক), অদ্ধা (সাক্ষাৎ ভাবেই) [হউক] কামং (এবং যথেষ্ট হউক) যথা হি পুনঃ এবং ন কুর্য্যাম্ (আমি যেন পুনরায় এরূপ আর না করি) ॥ ২ ॥

অনুবাদ

সূত বলিলেন—অনন্তর মহারাজ পরীক্ষিৎ পুরে প্রবেশ করিয়া "হায়! আমি নিরপরাধী প্রচ্ছন্নপ্রভাব ব্রাহ্মণের প্রতি অনার্য্যের ন্যায় কি নীচ ব্যবহার করিয়াছি" এই প্রকারে নিজের অনুষ্ঠিত নিন্দিত কর্ম্মের কথা চিন্তা করিতে করিতে অত্যন্ত বিষাদগ্রস্ত হইলেন ॥ ১ ॥

সেই দেবতুল্য মুনির অবমাননা করিয়াছি বলিয়া আমার দুর্নিবারণীয় বিপদ্ নিশ্চয়ই হইবে। সেই বিপদ্ আমার পাপ বিমোচনের জন্য অচিরেই হউক এবং উহা আমার পুত্রাদির উপরে পতিত না হইয়া সাক্ষাৎভাবে সম্পূর্ণরূপে আমাকেই আক্রমণ করুক; আমি যেন পুনর্ব্বার এরূপ দুষ্কার্য্য আর না করি ॥ ২ ॥

টীকা

অথ পুরপ্রবেশানন্তরং মহীপতিস্তু আত্মকৃতং মুন্যংসে সর্পপ্রক্ষেপরূপং গর্হ্যং নিন্দ্যং কর্ম্ম বিচিন্তয়ন্ সুদুর্ম্মনা বভূব। চিন্তামাহ—অহো ইতি সার্দ্ধদ্বাভ্যাম্। অহো! আর্য্যেণ ময়া অনার্য্যবৎ ব্রহ্মণি ব্রাহ্মণে পাপং কৃতম্ ॥ ১ ॥ ততঃ তস্মান্নিমিত্তভূতাৎ কৃতাৎ দেবহেলনাৎ ধ্যাতৃদ্বারা ধ্যেয়ভূত-ভগবদবজ্ঞারূপাৎ পাপাৎ দুরত্যয়ং দুর্নিবার্য্যং ব্যসনং দুঃখং ধ্রুবং ভবিষ্যতি। তদ্দীর্ঘাৎ কালাৎ নৈবাস্তু কিন্তু সদ্যোঽস্তু, তত্রাপি অদ্ধা সাক্ষাদেবাস্তু ন তূপচারেণ, সাক্ষাৎ পক্ষেঽপি কামং যথেষ্টম্ অস্তু ন তু সঙ্কোচেন, তত্র প্রয়োজনমাহ—মে অঘনিষ্কৃতায় পাপপ্রক্ষালনায় ইতি যথা ন কুর্য্যাং

অদ্যৈব রাজ্যং বলমৃদ্ধকোষং প্রকোপিতব্রহ্মকুলানলো মে।
দহত্বভদ্রস্য পুনর্ন মেঽভূৎ পাপীয়সী ধীর্দ্বিজদেবগোভ্যঃ ॥ ৩ ॥
স চিন্তয়ন্নিত্থমথাশৃণোদ্ যথা মুনেঃ সুতোক্তো নির্ঋতিস্তক্ষকাখ্যঃ।
স সাধু মেনে ন চিরেণ তক্ষকা-নলং প্রসক্তস্য বিরক্তিকারণম্ ॥ ৪ ॥

অন্বয়

প্রকোপিতব্রহ্মকুলানলঃ (ব্রাহ্মণকুলের কোপরূপ প্রজ্বলিত বহ্নি) অদ্য এব (আজই) মে (আমার) রাজ্যং বলং (রাজ্য, সৈন্য) ঋদ্ধকোষং (সমৃদ্ধ ধনাগার) দহতু (দগ্ধ করুক)। পুনঃ (পুনর্ব্বার যেন) অভদ্রস্য মে (রাজর্ষিবংশের কলঙ্ক স্বরূপ আমার) দ্বিজদেবগোভ্যঃ (ব্রাহ্মণ, দেবতা ও গোজাতির প্রতি) পাপীয়সী ধীঃ (এইরূপ পাপীয়সী প্রবৃত্তি) ন অভূৎ (না হয়) ॥ ৩ ॥

সঃ (সেই পরীক্ষিৎ) ইত্থং চিন্তয়ন্ (এই প্রকার চিন্তা করিতে করিতে) মুনেঃ সুতোক্তঃ (মুনিপুত্র কথিত) তক্ষকাখ্যঃ নির্ঋতিঃ (তক্ষকদংশনরূপ মৃত্যু) যথা (যেরূপে ঘটিবে অর্থাৎ আজ হইতে সপ্তম দিবসে তক্ষক দংশন করিবে যে বলা হইয়াছে) তথা (সেইরূপে) অশৃণোৎ (শুনিতে পাইলেন) [অর্থাৎ শমীকমুনি প্রেরিত তাঁহার গৌরমুখ নামক শিষ্যের মুখে শুনিতে পাইলেন]। অথ (অনন্তর) সঃ (পরীক্ষিৎ) তক্ষকানলং (তক্ষকের বিষানলকে) প্রসক্তস্য আত্মনঃ (রাজ্যাদি বিষয়ে আসক্ত নিজের)

অনুবাদ

ব্রাহ্মণকুলের কোপরূপ প্রজ্বলিত বহ্নি আজই আমার রাজ্য, সৈন্য ও সমৃদ্ধ ধনাগার দগ্ধ করুক। পুনরায় যেন আমার ন্যায় রাজর্ষি কুলকলঙ্কের ব্রাহ্মণ, দেবতা ও গোজাতির প্রতি এরূপ পাপীয়সী প্রবৃত্তি না হয় ॥ ৩ ॥

মহারাজ পরীক্ষিৎ এই প্রকারে চিন্তা করিতেছেন এমন সময়ে শমীক মুনির পুত্র শৃঙ্গী যে তাঁহাকে শাপ দিয়াছেন "অদ্য হইতে সপ্তমদিবসে তোমাকে তক্ষক দংশন করিবে", তাহা শমীকমুনিপ্রেরিত গৌরমুখনামক শিষ্যের মুখে তিনি শুনিতে পাইলেন। ইহা শুনিয়া মহারাজ পরীক্ষিৎ তক্ষকের বিষানলকে রাজ্যাদি বিষয়ে আসক্ত নিজের মঙ্গলপ্রদ বৈরাগ্যের মূল কারণ বলিয়া মনে করিলেন। কিন্তু সপ্তম দিবসে দগ্ধ করিবে এই বিলম্বকে ভাল মনে করিলেন না। [অর্থাৎ তিনি এতই অনুতপ্ত হইয়াছিলেন

টীকা

পুনরিতি চ ॥২॥ বলং সৈন্যং, ঋদ্ধকোষং সমৃদ্ধং ধনাগারং, প্রকোপিতঃ ময়ৈব প্রজ্বালিতঃ ব্রহ্মকুল-মেবানলঃ অদ্যৈব দহতু পুনর্ভূয়ো মে অভদ্রস্য রাজর্ষিবংশে অশোভিতস্য দ্বিজাদিভ্যঃ পাপীয়সী পাপচিকীর্ষাবতী ধীঃ মা ভূৎ ॥ ৩ ॥

স পরীক্ষিৎ ইত্থং চিন্তয়ন্ মুনেঃ সুতেন তক্ষকাখ্যো নির্ঋতির্মৃত্যুঃ "তক্ষকঃ সপ্তমেঽহনি ধক্ষ্যতিস্ম কুলাঙ্গারমি"ত্যেবং যথোক্তস্তথা শমীকপ্রেষিতাৎ গৌরমুখাখ্যাৎ তৎশিষ্যাৎ অশৃণোৎ, অথ শ্রবণানন্তরং স পরীক্ষিৎ তক্ষকস্য বিষানলং প্রসক্তস্য রাজ্যাদ্যাসক্তস্য আত্মনো বিরক্তিকারণং সাধু মেনে স্বীকৃতবান্। নতু তৎপ্রতিকারং চিন্তিতবানিতি ভাবঃ। সপ্তমেঽহনি ধক্ষ্যতীতি চিরেণ তু

অথো বিহায়েমমমুঞ্চ লোকং বিমর্শিতৌ হেয়তয়া পুরস্তাৎ।
কৃষ্ণাঙ্ঘ্রিসেবামধিমন্যমান উপাবিশৎ প্রায়মমর্ত্ত্যনদ্যাম্ ॥৫॥
যা বৈ লসচ্ছ্রীতুলসীবিমিশ্র-কৃষ্ণাঙ্ঘ্রিরেণ্বভ্যধিকাম্বুনেত্রী।
পুনাতি সেশানুভয়ত্র লোকান্ কস্তাং ন সেবেত মরিষ্যমাণঃ ॥৬॥

অন্বয়

সাধু (মঙ্গলপ্রদ) বিরক্তিকারণং (বৈরাগ্যের মূল কারণ বলিয়া) মেনে (মনে করিলেন), চিরেণ তু ন মেনে (সপ্তম দিবসে দগ্ধ করিবে এই বিলম্বকে ভাল মনে করিলেন না) ॥ ৪ ॥

(মহারাজ পরীক্ষিৎ) পুরস্তাৎ (এই শাপ শ্রবণের পূর্ব্বেই) হেয়তয়া বিমর্শিতৌ (ঐহিকসুখ ও স্বর্গসুখ হেয় বলিয়া বিবেচনা করিয়াছিলেন), অথো (শাপশ্রবণানন্তর) ইমং (এই মর্ত্ত্যলোক) অমুং চ লোকং (ও স্বর্গলোক) বিহায় (পরিত্যাগ করিয়া) কৃষ্ণাঙ্ঘ্রিসেবাং (শ্রীকৃষ্ণের চরণ সেবাকে) অধিমন্যমানঃ (শ্রেষ্ঠ পুরুষার্থ মনে করিয়া) অমর্ত্ত্যনদ্যাং (দেবনদী গঙ্গাতীরে) প্রায়ম্ (অনশন ব্রত) উপাবিশৎ (অবলম্বন করিয়া থাকিলেন) ॥ ৫ ॥

লসচ্ছ্রীতুলসীবিমিশ্রকৃষ্ণাঙ্ঘ্রিরেণ্বভ্যধিকাম্বুনেত্রী (রমণীয় তুলসী বিমিশ্রিত যে শ্রীকৃষ্ণের চরণধূলি, তাহার দ্বারা সর্ব্বোৎকৃষ্ট হইয়াছে এমন সলিল বহনকারিণী) যা বৈ (যে গঙ্গা) সেশান্ (লোকপালগণের সহিত) লোকান্ (দেবমনুষ্যাদিকে) উভয়ত্র (অন্তরে ও বাহিরে) পুনাতি (পবিত্র করিতেছেন), তাং (সেই গঙ্গাকে) মরিষ্যমাণঃ (আসন্নমৃত্যু) কঃ (কোন্ ব্যক্তি) ন সেবেত (সেবা করিবেন না ?) ॥ ৬ ॥

অনুবাদ

যে "এই প্রায়শ্চিত্ত সদ্যঃই হউক এবং হইলে মঙ্গল হইত", এইরূপ চিন্তা করিতে লাগিলেন] ॥ ৪ ॥

মহারাজ পরীক্ষিৎ এই শাপবাক্য শ্রবণের পূর্ব্বেই ঐহিকসুখ ও স্বর্গসুখকে বিনশ্বর বলিয়া হেয় বিবেচনা করিয়াছিলেন। এক্ষণে শাপবাক্য শ্রবণ করিয়া ঐহিক সুখ ও স্বর্গসুখ পরিত্যাগ করতঃ ভগবান্ শ্রীকৃষ্ণের চরণসেবাকেই শ্রেষ্ঠ পুরুষার্থ মনে করিয়া দেবনদী গঙ্গাতীরে অনশনব্রত অবলম্বন করিয়া থাকিলেন ॥ ৫ ॥

রমণীয় তুলসীবিমিশ্রিত শ্রীকৃষ্ণের চরণধূলিদ্বারা সর্ব্বোৎকৃষ্ট হইয়াছে এমন সলিল বহনকারিণী যে গঙ্গা লোকপালগণের সহিত ত্রিলোককে অর্থাৎ দেবমনুষ্যাদিকে অন্তরে ও বাহিরে

টীকা

সাধু ন মেনে ॥ ৪ ॥ অথো বিরক্তিকারণাং তক্ষকানলস্বীকারানন্তরং পুরস্তাৎ পূর্ব্বত্রৈব হেয়তয়া বিমর্শিতৌ চিন্তিতৌ ইমম্ অমুঞ্চ লোকং ঐহিকামুষ্মিকভোগায়তনৌ বিহায় তদীয়-ভোগবাসনামপনীয় কৃষ্ণাঙ্ঘ্রিসেবামধীত্যধিকাং সর্ব্বোত্তমাং মন্যমানঃ অমর্ত্ত্যনদ্যাং দেবনদীতীরে প্রায়মনশনাখ্যং ব্রতমুপাবিশৎ ॥ ৫ ॥ দেবনদীতীরে উপাবিশদিত্যুক্তং তত্র হেতুমাহ—যা বৈ ইতি। লসচ্ছিয়া তুলস্যা বিমিশ্রৈঃ কৃষ্ণাঙ্ঘ্রিরেণুভিরভ্যধিকস্তাম্বুনো নেত্রী তদ্বাহিনী উভয়ত্র বাহ্যমভ্যন্তরঞ্চ স্নানপানাদিনা সেশান্ ঈশসহিতান্ লোকান্ দেবমনুষ্যাদীন্ পুনাতি যা তাং মরিষ্যমাণঃ আসন্ন-

ইতি ব্যবচ্ছিদ্য স পাণ্ডবেয়ঃ প্রায়োপবেশং প্রতি বিষ্ণুপদ্যাম্।
দধ্যৌ মুকুন্দাঙ্ঘ্রিমনন্যভাবো মুনিব্রতো মুক্তসমস্তসঙ্গঃ ॥ ৭ ॥
তত্রোপজগ্মুর্ভুবনং পুনানা মহানুভাবা মুনয়ঃ সশিষ্যাঃ।
প্রায়েণ তীর্থাভিগমাপদেশৈঃ স্বয়ং হি তীর্থানি পুনন্তি সন্তঃ ॥৮॥

অন্বয়

সঃ পাণ্ডবেয়ঃ (সেই পাণ্ডুবংশধর পরীক্ষিৎ) ইতি (এই প্রকারে) বিষ্ণুপদ্যাং (গঙ্গাতীরে) প্রায়োপবেশং প্রতি (অনাহারে থাকার অর্থাৎ অনশনে প্রাণ বিসর্জ্জনের) ব্যবচ্ছিদ্য (সঙ্কল্প করিয়া) অনন্যভাবঃ (কৃষ্ণৈকভক্তিযুক্ত) মুনিব্রতঃ (শমদমাদি ব্রতযুক্ত) মুক্তসমস্তসঙ্গঃ (সমস্ত বিষয়াসক্তি বিহীন হইয়া) মুকুন্দাঙ্ঘ্রিং দধ্যৌ (শ্রীহরির চরণকমল ধ্যান করিতে লাগিলেন) ॥৭॥

তত্র (সেই রাজর্ষি পরীক্ষিতের সমীপে) ভুবনং পুনানাঃ (জগৎ পবিত্রকারী) সশিষ্যাঃ (শিষ্যগণের সহিত) মহানুভাবাঃ মুনয়ঃ উপজগ্মুঃ (মহানুভব মুনিগণ সমাগত হইলেন)। [কারণ] সন্তঃ (সাধুগণ) প্রায়েণ তীর্থাভিগমাপদেশৈঃ (প্রায় তীর্থযাত্রাচ্ছলে) স্বয়ং হি (স্বয়ংই) তীর্থানি (তীর্থস্থান সকল) পুনন্তি (পবিত্র করিয়া থাকেন) ॥ ৮ ॥

অনুবাদ

পবিত্র করিতেছেন, সেই গঙ্গাকে আসন্নমৃত্যু কালে কোন্ ব্যক্তিই বা সেবা না করেন? [অর্থাৎ এ অবস্থায় উপনীত হইলে সকলেই গঙ্গাতীর আশ্রয় করিয়া থাকেন] ॥ ৬ ॥

পাণ্ডুবংশোদ্ভব সেই মহারাজ পরীক্ষিৎ এই প্রকারে গঙ্গাতীরে অনাহারে প্রাণ-বিসর্জ্জনের সঙ্কল্প করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণে ঐকান্তিক ভক্তিযুক্ত হইয়া শমদমাদি ব্রতধারণ পূর্ব্বক সমস্ত বিষয়াসক্তি পরিত্যাগ করতঃ শ্রীহরির চরণকমল ধ্যান করিতে লাগিলেন ॥ ৭ ॥

অনন্তর সেই রাজর্ষি পরীক্ষিতের নিকটে জগৎপাবন মহানুভব মুনিগণ শিষ্যগণের সহিত আগমন করিলেন। কারণ সাধুগণ প্রায় তীর্থযাত্রাচ্ছলে স্বয়ংই তীর্থস্থান সমূহকে পবিত্র করিয়া থাকেন। [অর্থাৎ গঙ্গাস্নানচ্ছলে তত্রত্য জনগণের পাপনাশ করিবার জন্য ও পরমভাগবত রাজর্ষি পরীক্ষিৎকে অনুগ্রহ করিবার জন্য তাঁহারা তথায় আগমন করিলেন] ॥ ৮ ॥

টীকা

মৃত্যুঃ কো ন সেবেত ॥ ৬ ॥ সঃ পাণ্ডবেয়ঃ মহাভাগবতকুলোৎপন্নঃ পরীক্ষিৎ ইত্যেবং বিষ্ণুপদ্যাং গঙ্গায়াং প্রায়োপবেশং প্রতি ব্যবচ্ছিদ্য বিনিশ্চিত্য অনন্যঃ কৃষ্ণৈকবিষয়ঃ ভাবো ভক্তিঃ যস্য, মুনীনাং শমদমাদীনি ব্রতানি যস্য, ত্যক্তঃ সমস্তঃ দেহতদনুবন্ধিবিষয়কঃ সংযোগো যেন সঃ মুকুন্দাঙ্ঘ্রিং দধ্যৌ ধ্যাতবান্ ॥ ৭ ॥ তত্র রাজর্ষিসন্নিধৌ মুনয় উপজগ্মুঃ। কথম্ভূতাঃ? ভুবনম্পুনানাঃ লোকং পবিত্রীকুর্ব্বন্তঃ, যতঃ সন্তঃ সাধবঃ প্রায়েণ তীর্থাভিগমাপদেশৈঃ তদ্‌যাত্রাব্যাজৈঃ স্বয় তীর্থানি পুনন্তি। শ্রীগঙ্গাস্নানব্যাজেন তদ্‌গতজনতাপাপানি নাশয়িতুং পরমভাগবতরাজর্ষ্যনুগ্রহার্থং

অত্রির্বশিষ্ঠশ্চ্যবনঃ শরদ্বা-নরিষ্টনেমির্ভৃগুরঙ্গিরাশ্চ।
পরাশরো গাধিসুতোঽথ রাম উতথ্য ইন্দ্রপ্রমদঃ সুবাহুঃ ॥৯॥
মেধাতিথির্দেবল আর্ষ্টিষেণো ভরদ্বাজো গৌতমঃ পিপ্পলাদঃ।
মৈত্রেয় ঔর্ব্বঃ কবষঃ কুম্ভযোনি-র্দ্বৈপায়নো ভগবান্ নারদশ্চ ॥১০॥
অন্যে চ দেবর্ষিমহর্ষিবর্য্যা রাজর্ষিবর্য্যা অরুণাদয়শ্চ।
নানার্ষেয়প্রবরান্ সমেতা-নভ্যর্চ্চ্য রাজা শিরসা ববন্দে ॥ ১১ ॥
সুখোপবিষ্টেষ্বথ তেষু ভূয়ঃ কৃতপ্রণামঃ স্বচিকীর্ষিতং যৎ।
বিজ্ঞাপয়ামাস বিবিক্তচেতা উপস্থিতোঽগ্রেঽভিগৃহীতপাণিঃ ॥১২॥

অন্বয়

(কে কে আসিলেন তাহা বলা হইতেছে) অত্রিঃ, বশিষ্ঠঃ, চ্যবনঃ, শরদ্বান্, অরিষ্টনেমিঃ, ভৃগুঃ, অঙ্গিরাঃ, পরাশরঃ, গাধিসুতঃ চ (ও বিশ্বামিত্র) অথ (এবং) রামঃ (পরশুরাম) উতথ্যঃ ইন্দ্রপ্রমদঃ সুবাহুঃ মেধাতিথিঃ, দেবলঃ, আর্ষ্টিষেণঃ, ভরদ্বাজঃ, গৌতমঃ, পিপ্পলাদঃ, মৈত্রেয়ঃ, ঔর্ব্বঃ, কবষঃ, কুম্ভযোনিঃ (অগস্ত্য), দ্বৈপায়নঃ (বেদব্যাস), ভগবান্ নারদশ্চ (ও ভগবান্ নারদ) [ইঁহারা] অন্যে চ (ও অন্যান্য) দেবর্ষিমহর্ষিবর্য্যাঃ (শ্রেষ্ঠ দেবর্ষি মহর্ষিগণ) রাজর্ষিবর্য্যাঃ (শ্রেষ্ঠ রাজর্ষিগণ) অরুণাদয়শ্চ (ও অরুণাদি ঋষিগণ) উপজগ্মুঃ (উপস্থিত হইলেন)। রাজা (পরীক্ষিৎ) সমেতান্ (মিলিত) নানার্ষেয়প্রবরান্ (বহু ঋষিগোত্রশ্রেষ্ঠ মুনিগণকে) অভ্যর্চ্চ্য (অর্চ্চনা করিয়া) শিরসা ববন্দে (অবনত মস্তকে প্রণাম করিলেন)॥ ৯—১১ ॥

অথ (অনন্তর) তেষু সুখোপবিষ্টেষু (সেই ঋষিগণ সুখে উপবিষ্ট হইলে) বিবিক্তচেতাঃ (নির্ম্মলান্তঃকরণ) [পরীক্ষিৎ] অভিগৃহীতপাণিঃ (কৃতাঞ্জলি হইয়া) অগ্রে উপস্থিতঃ

অনুবাদ

অত্রি, বশিষ্ঠ, চ্যবন, শরদ্বান্, অরিষ্টনেমি, ভৃগু, অঙ্গিরা, পরাশর, বিশ্বামিত্র, পরশুরাম, উতথ্য, ইন্দ্রপ্রমদ, সুবাহু, মেধাতিথি, দেবল, আর্ষ্টিষেণ, ভরদ্বাজ, গৌতম, পিপ্পলাদ, মৈত্রেয়, ঔর্ব্ব, কবষ, অগস্ত্য, বেদব্যাস ও ভগবান্ নারদ ইঁহারা এবং অন্যান্য শ্রেষ্ঠ দেবর্ষিগণ, মহর্ষিগণ, রাজর্ষিগণ ও অরুণাদি ঋষিগণ সেখানে উপস্থিত হইলেন। মহারাজ পরীক্ষিৎ সম্মিলিত সেই নানাবিধ ঋষিগোত্রশ্রেষ্ঠ মুনিগণকে অর্চ্চনা করিয়া অবনত মস্তকে প্রণাম করিলেন ॥৯-১১॥

অনন্তর ঋষিগণ সুখে উপবেশন করিলে নির্ম্মলচিত্ত রাজা পরীক্ষিৎ কৃতাঞ্জলিপুটে

টীকা

চ আগতা ইত্যর্থঃ॥ ৮॥ ৯॥ ১০॥ অন্যে চ দেবর্ষিষু ব্রহ্মর্ষিষু চ বর্য্যাঃ শ্রেষ্ঠাঃ রাজর্ষিশ্রেষ্ঠাশ্চ অরুণাদয়ো ঋষিবিশেষাশ্চ উপজগ্মুঃ, নানাবিধানি আর্ষেয়াণি ঋষীণাং গোত্রাণি তেষু প্রবরান্ মুখ্যান্ সমেতান্ সঙ্ঘীভূতান্ শিরসা ববন্দে॥ ১১॥ অথ সুখং যথা স্যাৎ তথা উপবিষ্টেষু সৎসু বিবিক্তং নির্ম্মলং চেতো যস্য সঃ, অভিগৃহীতৌ সংযোজিতৌ পাণী যেন সঃ, অগ্রে উপস্থিতঃ বিজ্ঞাপনার্থং ভূয়ঃ পুনঃ কৃতঃ প্রণামো যেন সঃ, যৎ স্বচিকীর্ষিতং প্রায়োপবেশনাদিক-

রাজোবাচ

অহো বয়ং ধন্যতমা নৃপাণাং মহত্তমানুগ্রহণীয়শীলাঃ।
রাজ্ঞাং কুলং ব্রাহ্মণপাদশৌচা-দারাদ্বিসৃষ্টং বত গর্হ্যকর্ম্ম ॥১৩॥
তস্যৈব মেঽঘস্য পরাবরেশো ব্যাসক্তচিত্তস্য গৃহেষ্বভীক্ষ্ণম্।
নির্ব্বেদমূলো দ্বিজশাপরূপো যত্র প্রসক্তোঽভয়মাশু ধত্তে ॥১৪॥

অন্বয়

(সম্মুখে অবস্থান করতঃ) ভূয়ঃ কৃতপ্রণামঃ (পুনঃ পুনঃ প্রণাম করিয়া) যৎ স্বচিকীর্ষিতং (নিজের যাহা অভিলষিত) [তৎ] বিজ্ঞাপয়ামাস (তাহা নিবেদন করিলেন)॥ ১২ ॥

রাজা উবাচ (রাজা বলিলেন) অহো! (বড়ই সৌভাগ্য!) মহত্তমানুগ্রহণীয়শীলাঃ (শ্রেষ্ঠ মহাত্মাগণের অনুগ্রহের পাত্র হইয়া) বয়ং (আমি) নৃপাণাং (রাজগণের মধ্যে) ধন্যতমাঃ (অতিশয় ধন্য হইলাম)। রাজ্ঞাং কুলং (রাজকুল) ব্রাহ্মণপাদশৌচাৎ (আপনাদের মত ব্রাহ্মণগণের পাদপ্রক্ষালন হইতে) আরাৎবিসৃষ্টং [চেৎ] (যদি দূরে থাকে অর্থাৎ বিমুখ হয়) বত (খেদে) [তর্হি] (তাহা হইলে [সেই কুল]) গর্হ্যকর্ম্ম ভবতি (নিন্দনীয় কর্ম্মচারী হইয়া থাকে)॥ ১৩ ॥

[পূর্ব্বশ্লোকে পরীক্ষিৎ নিজকে শ্রেষ্ঠ মহাত্মাগণের অনুগ্রহের পাত্র বলিলেন। এই শ্লোকে ব্রহ্মশাপও অনুগ্রহের নিমিত্তই হইয়াছে বলিয়া নিজকে ভগবানের অনুগ্রহের পাত্র বলিতেছেন]

অনুবাদ

তাঁহাদের সম্মুখে উপস্থিত হইয়া পুনঃ পুনঃ নমস্কার করিলেন ও নিজের যাহা অভিলষিত সেই অনশন ব্রত ও শ্রীকৃষ্ণের চরণকমলের ধ্যানের বিষয় নিবেদন করিলেন॥ ১২ ॥

রাজা বলিলেন—শ্রেষ্ঠ মহাত্মাগণের অনুগ্রহের পাত্র হইয়া আমি সমস্ত রাজগণের মধ্যে অতিশয় ধন্য হইলাম। আহা! আমার কি সৌভাগ্য! আপনাদের মত ব্রাহ্মণগণের পাদপ্রক্ষালন হইতে যদি রাজকুল দূরে থাকে অর্থাৎ বিমুখ হয়, তবে সেই রাজকুল নিন্দনীয় কর্ম্মকারী হইয়া থাকে॥ ১৩ ॥

কেবল আপনারাই যে অনুগ্রহ করিয়াছেন তাহা নহে; ভগবান্‌ও আমাকে অনুগ্রহ

টীকা

পূর্ব্বকমুকুন্দাঙ্ঘ্রিধ্যানাদি তৎ কথম্ অনুষ্ঠেয়ং কথং নেতি বিজ্ঞাপয়ামাস॥ ১২॥ সিদ্ধান্তে স্ববৃত্তত্বেন তদনুগ্রহভাজনম্ আত্মানং মত্বা আত্মভাগ্যং নিবেদয়ন্নাহ অহো ইতি। নৃপাণাং বয়ং ধন্যতমা অতিভাগ্যবন্তঃ। তত্র হেতুমাহ—মহত্তমৈঃ ভবদ্ভিঃ অনুগ্রহণীয়ম্ অনুগ্রহীতুং যোগ্যং শীলং বৃত্তং যেষাং তে, মহত্তমসম্বন্ধশূন্যং রাজকুলং তু অযুক্তমিত্যাহ—রাজ্ঞাং কুলং ব্রাহ্মণানাং ভবদ্বিধানাং পাদশৌচাৎ পাদপ্রক্ষালনতোয়াৎ আরাৎ দূরাৎ বিসৃষ্টং দৈবেনাপনীতং বিমুখীকৃতং চেৎ বত ইতি খেদে। তর্হি বিগর্হ্যকর্ম্ম ভবতি, বিগর্হ্যং নিন্দ্যং কর্ম্ম যস্য তথাভূতং ভবতি॥ ১৩॥ মহত্তমানুগ্রহপাত্রত্বমাত্মন উক্ত্বা দ্বিজশাপোঽপি অনুগ্রহায়ৈব জাত ইতি বদন্ ভগবদনুগ্রহপাত্রত্বং দর্শয়তি—তস্যেতি। তস্য তদ্ধ্যাননিষ্ঠমুনিস্কন্ধে মৃতোরগনিক্ষেপকর্ত্তুঃ অতএবাঘস্য পাপবুদ্ধেঃ অভীক্ষ্ণং পুনঃ পুনঃ গৃহেষু ব্যাসক্তং চিত্তং যস্য স্বাত্মভাবাপত্তয়ে পরাবরাণাং পরে অবরে যেভ্যস্তেষাং ব্রহ্মাদীনাং

তং মোপযাতং প্রতিযন্তু বিপ্রা গঙ্গা চ দেবী ধৃতচিত্তমীশে।
দ্বিজোপসৃষ্টঃ কুহকস্তক্ষকো বা দশত্বলং গায়ত বিষ্ণুগাথাঃ ॥১৫॥
পুনশ্চ ভূয়াদ্ভগবত্যনন্তে রতিঃ প্রসঙ্গশ্চ তদাশ্রয়েষু।
মহৎসু যাং যামুপযামি সৃষ্টিং মৈত্রস্তু সর্ব্বত্র নমো দ্বিজেভ্যঃ ॥১৬॥

অন্বয়

পরাবরেশঃ (ব্রহ্মাদি পিপীলিকা পর্য্যন্ত সকলের নিয়ন্তা শ্রীকৃষ্ণ) দ্বিজশাপরূপঃ (ব্রহ্মশাপের প্রবর্ত্তক হইয়া) তস্য এব (সেই ধ্যাননিষ্ঠ মুনির স্কন্ধদেশে মৃতসর্প নিক্ষেপকারী) অঘস্য (পাপবুদ্ধি) অভীক্ষ্ণং (পুনঃ পুনঃ) গৃহেষু ব্যাসক্তচিত্তস্য (গৃহেতে আসক্তচিত্ত) মে (আমার) নির্ব্বেদমূলঃ অভূৎ (বৈরাগ্যের হেতু হইয়াছেন), যত্র প্রসক্তঃ (মুমুক্ষুগণ যাঁহাতে অনুরক্ত হইয়া) আশু (শীঘ্রই) অভয়ং ধত্তে (নির্ব্বেদপ্রাপ্ত হইয়া থাকেন) ॥ ১৪ ॥

বিপ্রাঃ! (হে ব্রাহ্মণগণ!) [ভবন্তঃ] (আপনারা) গঙ্গাদেবী চ (ও গঙ্গাদেবী) ঈশে (ঈশ্বরে) ধৃতচিত্তং (অর্পিতচিত্ত) তং মাং (সেই আমাকে) উপযাতং (শরণাগত বলিয়া) প্রতিযন্তু (অবগত হউন)। দ্বিজোপসৃষ্টঃ (ব্রাহ্মণকর্ত্তৃক প্রেরিত) তক্ষকঃ (তক্ষকনাগ সাক্ষাৎরূপে) কুহকঃ (অথবা বঞ্চক হইয়া) [আমাকে] দশতু (দংশন করুক); [আপনারা] বিষ্ণুগাথাঃ অলং (শ্রীহরির লীলা পর্য্যাপ্তরূপে) গায়ত (কীর্ত্তন করুন) ॥ ১৫ ॥

পুনঃ চ (পুনরায়) [আমি] যাং যাং সৃষ্টিং (যে যে জন্ম) উপযামি (প্রাপ্ত হই), [তস্যাং

অনুবাদ

করিয়াছেন। ব্রহ্মাদি পিপীলিকা পর্য্যন্ত সকলের নিয়ন্তা শ্রীকৃষ্ণ ব্রহ্মশাপের প্রবর্ত্তক হইয়া সেই ধ্যাননিষ্ঠ মুনির স্কন্ধদেশে মৃতসর্প নিক্ষেপকারী, পাপবুদ্ধি ও গৃহে আসক্তচিত্ত আমার পরমবৈরাগ্যের কারণ হইয়াছেন। মুমুক্ষুগণ যাঁহাতে অর্থাৎ যে শ্রীকৃষ্ণে অনুরক্ত হইয়া শীঘ্রই নির্ব্বেদ প্রাপ্ত হইয়া থাকেন ॥ ১৪ ॥

হে ব্রাহ্মণগণ! আপনারা ও গঙ্গাদেবী সম্প্রতি ভগবান্ শ্রীকৃষ্ণে অর্পিতচিত্ত আমাকে আপনাদিগের শরণাগত বলিয়া অবগত হউন। ব্রাহ্মণ প্রেরিত তক্ষকনাগ সাক্ষাৎরূপে অথবা বঞ্চক হইয়া আমাকে দংশন করুক। ততক্ষণ আপনারা শ্রীহরির লীলা পর্য্যাপ্তরূপে কীর্ত্তন করুন ॥ ১৫ ॥

পুনরায় আমি যে যে জন্ম লাভ করি, সেই সেই জন্মে ভগবান্ শ্রীকৃষ্ণে

টীকা

যদ্বা পরে চ অবরে চেতি দ্বন্দ্বঃ। তেষাং ব্রহ্মাদিপিপীলিকান্তানাম্ ঈশো নিয়ন্তা শ্রীকৃষ্ণঃ দ্বিজশাপরূপঃ দ্বিজশাপপ্রবর্ত্তকোঽভূৎ। যত্র যস্মিন্ পরাবরেশে প্রসক্তোঽভয়ং তৎপ্রাপ্তিসাধনং নির্ব্বেদমাশু শীঘ্রং ধত্তে নির্ব্বিণ্ণো ভবতি। যতঃ স্বয়মপি নির্ব্বেদমূলঃ নির্ব্বেদো মূলং প্রাপ্তিসাধনং যত্র সঃ। স্বাত্মভাবপ্রাপ্তয়ে বৈরাগ্যার্থং শাপপ্রবর্ত্তকোঽভূৎ ॥ ১৪ ॥ মুনীন্ প্রার্থয়তে তমিতি দ্বাভ্যাম্। হে বিপ্রাঃ ভবন্তঃ মাম্ উক্তবিধম্ ঈশে শ্রীকৃষ্ণে ধৃতচিত্তং মামুপযাতং শরণাগতং প্রতিযন্তু জানন্তু, দেবী গঙ্গা চ প্রত্যেতু। দ্বিজেনোপসৃষ্টস্তক্ষকঃ সাক্ষাৎ কুহকঃ বঞ্চকঃ সন্ বা দশতু। যূয়ম্ অলম্ অত্যর্থং বিষ্ণোর্গাথাঃ কথা গায়ত কথয়ত ॥ ১৫ ॥ কিঞ্চ ভগবতি রতির্ভক্তিঃ তদাশ্রয়েষু ভগবান্

ইতি স্ম রাজাধ্যবসায়যুক্তঃ প্রাচীনমূলেষু কুশেষু ধীরঃ।
উদঙ্‌মুখো দক্ষিণকূল আস্তে সমুদ্রপত্ন্যাঃ স্বসুতন্যস্তভারঃ ॥১৭॥
এবঞ্চ তস্মিন্ নরদেবদেবে প্রায়োপবিষ্টে দিবি দেবসঙ্ঘাঃ।
প্রশস্য ভূমৌ ব্যকিরন্ প্রসূনৈর্মুদা মুহুর্দুন্দুভয়শ্চ নেদুঃ ॥১৮॥

অন্বয়

স্বষ্টৌ] (সেই সেই জন্মে) [আমার] ভগবতি অনন্তে (ভগবান্ শ্রীকৃষ্ণে) রতিঃ ভূয়াৎ (আসক্তি হউক), তদাশ্রয়েষু মহৎসু (ভগবদ্ভক্ত সাধুজনে) প্রসঙ্গঃ (উৎকৃষ্ট সঙ্গ লাভ হউক), সর্ব্বত্র মৈত্রী অস্তু (সর্ব্বত্র মিত্রতা হউক)। দ্বিজেভ্যঃ নমঃ (ব্রাহ্মণ আপনাদিগকে নমস্কার করিতেছি) ॥ ১৬ ॥

ইতি (এই প্রকারে) স্বসুতন্যস্তভারঃ (স্বীয় পুত্রের উপরে রাজ্যভার অর্পণ করিয়া) অধ্যবসায়যুক্তঃ (কৃতসঙ্কল্প) ধীরঃ রাজা (ধীর মহারাজ পরীক্ষিৎ) সমুদ্রপত্ন্যাঃ (গঙ্গার) দক্ষিণকুলে (দক্ষিণ তীরে) প্রাচীনমূলেষু (পূর্ব্বাগ্র কুশোপরি) উদঙ্‌মুখঃ (উত্তরাভিমুখী হইয়া) আস্তে স্ম (উপবেশন করিলেন) ॥ ১৭ ॥

এবং চ (এই প্রকারে) তস্মিন্ নরদেবদেবে (সেই মহারাজ পরীক্ষিৎ) প্রায়োপবিষ্টে (প্রায়োপবেশন করিলে) দিবি (স্বর্গে) দেবসঙ্ঘাঃ (দেবতাগণ) প্রশস্য (প্রশংসা করিয়া) মুদা (অত্যন্ত আনন্দে) ভূমৌ (পৃথিবীতে) প্রসূনৈঃ ব্যকিরন্ (পুষ্পবৃষ্টি করিলেন) দুন্দুভয়শ্চ (ও দুন্দুভি সকল) মুহুঃ (পুনঃ পুনঃ) নেদুঃ (শব্দ করিতে লাগিল) ॥ ১৮ ॥

অনুবাদ

আমার যেন আসক্তি থাকে; ভগবদ্ভক্ত সাধুজনের সঙ্গ যেন আমি লাভ করি এবং সর্ব্বত্র প্রীতিভাব যেন প্রাপ্ত হই। এই সকল সঙ্কল্প আমার সিদ্ধ হউক, হে ব্রাহ্মণগণ! আপনাদিগকে নমস্কার করিতেছি ॥ ১৬ ॥

এই প্রকারে কৃতসঙ্কল্প হইয়া ধীর মহারাজ পরীক্ষিৎ স্বীয় পুত্র জনমেজয়ের হস্তে রাজ্যভার অর্পণ পূর্ব্বক গঙ্গার দক্ষিণতীরে পূর্ব্বাগ্র কুশোপরি অর্থাৎ যে কুশের অগ্রভাগ পূর্ব্বদিকে রহিয়াছে এমন আসনে উত্তরাভিমুখী হইয়া উপবেশন করিলেন ॥ ১৭ ॥

এই প্রকারে মহারাজ পরীক্ষিৎ প্রায়োপবেশন আরম্ভ করিলে স্বর্গে দেবতাগণ প্রশংসা করতঃ অত্যন্ত আনন্দে পৃথিবীতে পুষ্পবৃষ্টি করিতে লাগিলেন এবং পুনঃ পুনঃ দুন্দুভিধ্বনি হইতে লাগিল ॥ ১৮ ॥

টীকা

আশ্রয়ো যেষাং তেষু প্রকৃষ্টঃ সঙ্গশ্চ ভূয়াৎ, পুনশ্চ যাং যাং সৃষ্টিমুপযামি তস্যাং স্বষ্টৌ জন্মনি মহৎসু মৈত্রী হিতানুবর্ত্তিত্বমস্তু। সঙ্কল্পসিদ্ধয়ে মুনীন্ প্রণমতি দ্বিজেভ্যো নমঃ ॥ ১৬ ॥ ইত্থম্ অধ্যবসায়যুক্তো নিশ্চয়যুক্তঃ স্বসুতে জনমেজয়ে ন্যস্তো রাজ্যভারো যেন সঃ, প্রাগগ্রেষু কুশেষু আস্তে স্ম ॥ ১৭ ॥ এবং তস্মিন্ রাজ্ঞি প্রায়োপবিষ্টে সতি দেবসঙ্ঘাঃ তং প্রশস্য প্রস্তুয় প্রসূনৈঃ

মহর্ষয়ো বৈ সমুপাগতা যে প্রশস্য সাধ্বিত্যনুমোদমানাঃ।
ঊচুঃ প্রজানুগ্রহশীলসারা যদুত্তমঃশ্লোকগুণাভিরূপম্ ॥ ১৯ ॥
ন বা ইদং রাজর্ষিবর্য্য! চিত্রং ভবৎসু কৃষ্ণং সমনুব্রতেষু।
যেঽধ্যাসনং রাজকিরীটজুষ্টং সদ্যো জহুর্ভগবৎপার্শ্বকামাঃ ॥২০॥
সর্ব্বে বয়ং তাবদিহাস্মহেঽথ কলেবরং যাবদসৌ বিহায়।
লোকং পরং বিরজস্কং বিশোকং যাস্যত্যয়ং ভাগবতপ্রধানঃ ॥২১॥

অন্বয়

প্রজানুগ্রহশীলসারাঃ (লোকের প্রতি অনুগ্রহ করাই স্বভাব এইরূপ) যে মহর্ষয়ঃ (যে সকল মহর্ষি) সমুপাগতাঃ (উপস্থিত হইয়াছেন) [তে] (তাঁহারা) তং (সেই মহারাজ পরীক্ষিৎকে) প্রশস্য (প্রশংসা করতঃ) সাধু ইতি অনুমোদমানাঃ ("উত্তম কার্য্য করিয়াছেন" এই প্রকারে অনুমোদন করিয়া) যৎ (যাহা) উত্তমঃশ্লোকগুণাভিরূপং (শ্রীকৃষ্ণের লীলাগুণে পরম রমণীয়) [তৎ বাক্যং] ঊচুঃ (সেইরূপ বাক্য বলিতে লাগিলেন) ॥ ১৯ ॥

রাজর্ষিবর্য্য! (হে রাজর্ষিশ্রেষ্ঠ!) যে ভগবৎপার্শ্বকামাঃ (যাঁহারা ভগবৎ সান্নিধ্য লাভ করিতে ইচ্ছুক), [তে ভক্তাঃ] (সেই সকল ভক্ত) রাজকিরীটজুষ্টং (রাজগণ সেবিত) অধ্যাসনং (সাম্রাজ্যও) সদ্যঃ (তৎক্ষণাৎ) জহুঃ (পরিত্যাগ করেন), [অতএব] কৃষ্ণং সমনুব্রতেষু (শ্রীকৃষ্ণানুরক্ত) ভবৎসু (আপনাতে) ইদং (এই রাজ্যভোগাদি পরিত্যাগরূপ বৈরাগ্য) ন বা চিত্রং (আশ্চর্য্য নহে) ॥ ২০ ॥

[মুনিগণ পরস্পর বলিতে লাগিলেন] অয়ং (এই পরীক্ষিৎ) ভাগবতপ্রধানঃ (পরম বৈষ্ণব);

অনুবাদ

লোকের প্রতি অনুগ্রহ করাই স্বভাব, এইরূপ যে সকল মহর্ষিগণ সেখানে সমুপস্থিত হইয়াছেন, তাঁহারা মহারাজ পরীক্ষিৎকে তাঁহার কার্য্যের জন্য প্রশংসা করতঃ "উত্তম কার্য্য করিয়াছেন" এই প্রকারে অনুমোদন করিয়া যাহা শ্রীকৃষ্ণের লীলা-গুণে পরম রমণীয়, সেইরূপ বাক্য বলিতে লাগিলেন ॥ ১৯ ॥

হে রাজর্ষিশ্রেষ্ঠ! যাঁহারা ভগবৎসান্নিধ্য লাভ করিতে ইচ্ছুক, সেই সকল ভক্ত-গণ রাজগণসেবিত সাম্রাজ্যাসনও সদ্যই পরিত্যাগ করিয়া থাকেন। [আপনার পিতামহ যুধিষ্ঠির ভগবানের সান্নিধ্যলাভেচ্ছু হইয়া সিংহাসন পরিত্যাগ করিয়াছিলেন] অতএব শ্রীকৃষ্ণানুরক্ত আপনাতে এই রাজ্যভোগাদি পরিত্যাগরূপ বৈরাগ্য কিছুমাত্র আশ্চর্য্য নহে ॥২০॥

মুনিগণ পরস্পর বলিতে লাগিলেন—এই পরীক্ষিৎ পরমবৈষ্ণব। অতএব

টীকা

ব্যকিরন্ দেবসঙ্ঘৈর্বাদিতাঃ দুন্দুভয়োঽভিনেদুঃ। ১৮ ॥ প্রজানুগ্রহে শীলং স্বভাবঃ স এব সারো যেষাং তে মহর্ষয়ঃ উত্তমঃ শ্লোকানাং যে গুণাঃ তৈ অভিরূপং সুন্দরং রাজানং প্রশস্য সাধু সাধু ইত্যনুমোদমানাঃ ঊচুঃ ॥ ১৯ ॥ ভগবৎপার্শ্বকামাঃ ভগবৎসামীপ্যকামাঃ জহুঃ তত্যজুঃ ॥ ২০ ॥ অন্যোন্যমাহুঃ—সর্ব্বে ইতি। অসৌ ভাগবতপ্রধানঃ যাবৎ পরং প্রাকৃতবিভূতিভিন্নম্ অপ্রাকৃতম্ অতএব বিরজস্কং বিশোকঞ্চ লোকং যাস্যতি, তাবদিহ আস্মহে আসীমহি ॥ ২১ ॥

আশ্রুত্যর্ষিগণবচঃ পরীক্ষিৎ সমং মধুচ্যুদ্ গুরু চাব্যলীকম্।
আভাষতৈনানভিবন্দ্য যুক্তঃ শুশ্রূষমাণশ্চরিতানি বিষ্ণোঃ ॥২২॥
সমাগতাঃ সর্ব্বত এব সর্ব্বে বেদা যথা মূর্ত্তিধরাস্ত্রিপৃষ্ঠে।
নেহাথবামুত্র চ কশ্চনার্থ ঋতে পরানুগ্রহমাত্মশীলম্ ॥২৩॥

অন্বয়

অথ অসৌ (অতএব ঐ পরীক্ষিৎ) যাবৎ কলেবরং বিহায় (যতক্ষণে এই দেহ পরিত্যাগ করতঃ) বিরজস্কং (মায়ারহিত) বিশোকং (শোকরহিত) পরং (অপ্রাকৃত) লোকং (পরম ধামে) যাস্যতি (গমন করিবেন), তাবৎ (সেই সময় পর্য্যন্ত) সর্ব্বে বয়ং (আমরা সকলে) ইহ আস্মহে (এই স্থানে অবস্থান করিব) ॥ ২১ ॥

(অনন্তর) যুক্তঃ (সমাহিতচিত্ত) পরীক্ষিৎ (মহারাজ পরীক্ষিৎ) সমং (পক্ষপাতরহিত) মধুচ্যুৎ (অমৃতস্রাবী) গুরু (গভীর ভাবপূর্ণ) অব্যলীকং চ (ও নিষ্কপট) ঋষিগণবচঃ (ঋষিগণের বাক্য) আশ্রুত্য (শ্রবণ করিয়া) বিষ্ণোঃ চরিতানি (শ্রীকৃষ্ণের লীলা সকল) শুশ্রূষমাণঃ (শ্রবণাভিলাষী হইয়া) এতান্ (এই সকল মুনিগণকে) অভিবন্দ্য (অভিবাদন করতঃ) অভাষত (বলিতে লাগিলেন) ॥ ২২ ॥

(হে মুনিগণ !) ত্রিপৃষ্ঠে (সত্যলোকে) বেদাঃ যথা (বেদ সকল যেমন) মূর্ত্তিধরাঃ [ভবন্তি] (মূর্ত্তিধারী হইয়া থাকে) [সেইরূপ বেদমূর্ত্তি সর্ব্বজ্ঞ আপনারা] সর্ব্বতঃ (সকল দিক্ হইতে) সর্ব্বে এব (সকলেই) সমাগতাঃ (উপস্থিত হইয়াছেন)। [আপনাদের] আত্মশীলং (স্বীয় স্বভাবে) পরানুগ্রহম্ ঋতে (পরের উপকার ব্যতীত) ইহ অথবা অমুত্র চ (ইহলোকে বা পরলোকে) ন কশ্চন অর্থঃ (অন্য কোনও প্রয়োজন নাই) ॥ ২৩ ॥

অনুবাদ

মহারাজ পরীক্ষিৎ যতক্ষণ এই দেহ পরিত্যাগ করতঃ মায়াশূন্য ও শোকশূন্য অপ্রাকৃত পরমধামে গমন করিবেন, ততক্ষণ আমরা সকলে এই স্থানে অবস্থান করিব ॥ ২১ ॥

অনন্তর শ্রীকৃষ্ণচরণে সমাহিতচিত্ত রাজা পরীক্ষিৎ মুনিগণের পক্ষপাতরহিত, অমৃতস্রাবী, গভীর ভাবপূর্ণ ও নিষ্কপট বাক্যসকল শ্রবণ করতঃ শ্রীকৃষ্ণের লীলা সকল শ্রবণ করিতে ইচ্ছা করিয়া তাঁহাদিগকে অভিবাদন পূর্ব্বক বলিতে লাগিলেন ॥ ২২ ॥

হে মুনিগণ! সত্যলোকে যেমন বেদ সকল মূর্ত্তি ধারণ করিয়া অবস্থান করিতেছে, সেইরূপ বেদমূর্ত্তি সর্ব্বজ্ঞ আপনারা আমাকে অনুগ্রহ করিবার নিমিত্ত সকল দিক হইতে সকলেই সমাগত হইয়াছেন। আপনাদের স্বভাব পরের উপকার করা; পরোপকার ব্যতীত আপনাদের ইহলোকে বা পরলোকে অন্য কোনও প্রয়োজন নাই ॥ ২৩ ॥

টীকা

পরীক্ষিৎ তেষাং মুনীনাং সমম্ অবিষমং মধুচ্যুৎ অমৃতস্রাবি গুরু গম্ভীরাশয়ম্ অব্যলীকং নিষ্কপটম্ বচনমাশ্রুত্যাকর্ণ্য যুক্তান্ সমাহিতান্ অভিবন্দ্য অভাষত ॥ ২২ ॥ ত্রয়াণাং লোকানাং পৃষ্ঠে সত্যলোকে যথা বেদা মূর্ত্তিধরা ভবন্তি, তথা সর্ব্বজ্ঞাঃ যূয়ং সর্ব্বতঃ সর্ব্বাভ্যো দিগ্‌ভ্যঃ মদনুগ্রহার্থং সর্ব্বে এব সমাগতাঃ। স্বার্থনিরপেক্ষপরার্থপরত্বং তেষাং দর্শয়তি—পরেষু অনুগ্রহরূপমাত্মশীলং স্ববৃত্তমৃতে ইহ লোকে অথবামুত্রলোকে ভবতাং কশ্চনার্থঃ কোঽপ্যর্থঃ প্রয়োজনং নাস্তি ॥ ২৩ ॥

ততশ্চ বঃ পৃচ্ছ্যমিদং বিপৃচ্ছে বিশ্রভ্য বিপ্রা ইতিকৃত্যতায়াম্ ।
সর্ব্বাত্মনা ম্রিয়মাণৈশ্চ কৃত্যং শুদ্ধঞ্চ তত্রায়ুশতাভিযুক্তাঃ ॥২৪॥
তত্রাভবদ্ভগবান্ ব্যাসপুত্রো যদৃচ্ছয়া গামটমানোঽনপেক্ষঃ ।
অলক্ষ্যলিঙ্গো নিজলাভতুষ্টো বৃতশ্চ বালৈরবধূতবেশঃ ॥ ২৫ ॥
তং দ্ব্যষ্টবর্ষং সুকুমারপাদ-করোরুবাহ্বংসকপোলগাত্রম্ ।
চার্ব্বায়তাক্ষোন্নসতুল্যকর্ণ-সুভ্রাননং কম্বুসুজাতকণ্ঠম্ ॥ ২৬ ॥

অন্বয়

বিপ্রাঃ ! (হে ব্রাহ্মণগণ !) ততশ্চ (যেহেতু আপনারা সর্ব্বজ্ঞ ও পরোপকারস্বভাব, অতএব) বঃ (আপনাদিগকে) বিশ্রভ্য (বিশ্বাস করিয়া) ইতিকৃত্যতায়াম্ (ইতিকর্ত্তব্যতা বিষয়ে) ইদং পৃচ্ছ্যং (এই জিজ্ঞাস্য বিষয়) বিপৃচ্ছে (জিজ্ঞাসা করিতেছি)—সর্ব্বাত্মনা (সর্ব্বাবস্থায়) [বিশেষতঃ] ম্রিয়মাণৈঃ (বিশেষতঃ মুমূর্ষু মনুষ্যগণের) শুদ্ধং (নির্দ্দোষ) [যৎ] কৃত্যং (যাহা কর্ত্তব্য), অভিযুক্তাঃ (বিচারকুশল আপনারা) তত্র (সেই বিষয়ে) অমৃশত (বিবেচনা করুন অর্থাৎ বিবেচনা করিয়া উপদেশ করুন) ॥ ২৪ ॥

তত্র (সেই সকল মুনিগণ নানা পক্ষ অনুসরণ করিলে) যদৃচ্ছয়া (যদৃচ্ছাক্রমে) গাম্ অটমানঃ (পৃথিবী ভ্রমণকারী) অনপেক্ষঃ (প্রাকৃত বস্তুতে অনাসক্ত) অলক্ষ্যলিঙ্গঃ (আশ্রমচিহ্নবিহীন) নিজলাভতুষ্টঃ (শ্রীকৃষ্ণধ্যানে পরিতুষ্ট) অবধূতবেশঃ (বেশশূন্য অর্থাৎ বস্ত্রাদিবিহীন) অতএব বালৈঃ বৃতঃ চ (অতএব বালকগণে পরিবেষ্টিত) ভগবান্ (ষড়ৈশ্বর্য্যশালী) ব্যাসপুত্রঃ (ব্যাসনন্দন শুকদেব) অভবৎ (তথায় উপস্থিত হইলেন) ॥ ২৫ ॥

তং দ্ব্যষ্টবর্ষং (তিনি ষোড়শবর্ষীয়) ; সুকুমারপাদকরোরুবাহ্বংসকপোলগাত্রং (তাঁহার কর,

অনুবাদ

হে দ্বিজগণ ! আপনারা সর্ব্বজ্ঞ ও পরোপকারস্বভাব ! অতএব আমি বিশ্বস্তচিত্তে আপনাদিগকে এই জ্ঞাতব্য বিষয় জিজ্ঞাসা করিতেছি—মানবগণের সর্ব্বাবস্থায় বিশেষতঃ মুমূর্ষু মানবের নির্দ্দোষ কর্ত্তব্য কি ? আপনারা বিচারে কুশল ; অতএব এই বিষয়ে বিবেচনা করিয়া আমাকে উপদেশ দিন ॥ ২৪ ॥

সেই সকল মুনিগণ স্ব স্ব অভিরুচি অনুসারে যজ্ঞ, তপস্যা ও দানাদি নানা পক্ষ উপদেশ করিলে, সেই সময়ে স্বেচ্ছায় পৃথিবী ভ্রমণকারী ভগবান্ ব্যাসনন্দন শ্রীশুকদেব তথায় উপস্থিত হইলেন। তিনি প্রাকৃতবস্তুতে অনাসক্ত, আশ্রম-চিহ্নবিহীন, শ্রীকৃষ্ণধ্যানে পরিতুষ্ট ও বস্ত্রাদি-বেশশূন্য হওয়ায় বালকগণে পরিবেষ্টিত ছিলেন ॥ ২৫ ॥

তিনি ষোড়শবর্ষীয় ; তাঁহার হস্ত, পদ, ঊরু, বাহু, স্কন্ধ, কপোল ও দেহ সুকোমল ;

টীকা

যতো ভবন্তঃ সর্ব্বজ্ঞাঃ পরানুগ্রহশীলাশ্চ ততো হেতোঃ হে বিপ্রাঃ ! বো যুষ্মান্ বিশ্রভ্য বিশ্বস্য ইদমিত্থং কর্ত্তব্যমিতি অস্য ভাব ইতিকর্ত্তব্যতা, তস্যাম্ ইদং বক্ষ্যমাণং পৃচ্ছ্যম্ প্রষ্টুমিচ্ছামি, সর্ব্বাত্মনা সর্ব্বাবস্থাসু বিশেষতশ্চ ম্রিয়মাণৈর্মুমূর্ষুভিঃ শুদ্ধং নির্দ্দোষং যৎ কৃত্যং তত্র কৃত্যবিচারে অভিযুক্তাঃ কুশলা যূয়ং বিমৃশত বিচারয়ত, বিচার্য্য তদুপদিশত ॥ ২৪ ॥ তত্র তেষু নানাপক্ষানুসারিষু সৎসু

নিগূঢ়জক্রুং পৃথুতুঙ্গবক্ষস-মাবর্ত্তনাভিং বলিবল্গূদরঞ্চ।
দিগম্বরং বক্রবিকীর্ণকেশং প্রলম্ববাহুং স্বমরোত্তমাভম্ ॥ ২৭ ॥
শ্যামং সদাপীব্যবয়োঽঙ্গলক্ষ্ম্যা স্ত্রীণাং মনোজ্ঞং রুচিরস্মিতেন।
প্রত্যুত্থিতাস্তে মুনয়ঃ স্বাসনেভ্য-স্তল্লক্ষণজ্ঞা অপি গূঢ়বর্চ্চসম্ ॥২৮॥

অন্বয়

চরণ, উরু, ভুজ, স্কন্ধ, কপোল ও দেহ সুকোমল), চার্ব্বায়তাক্ষোন্নসতুল্যকর্ণসুভ্রাননং (মনোহর আয়ত লোচন, উন্নত নাসিকা, সমান কর্ণদ্বয় ও সুচারু ভ্রূযুগলে মুখমণ্ডল সুশোভিত), কম্বুসুজাতকণ্ঠং (কণ্ঠ শঙ্খের ন্যায় রেখাত্রয়যুক্ত) [এইরূপ শুকদেবকে দেখিয়া মুনিগণ তাঁহার প্রত্যুদ্গমন করিলেন। ২৮শ শ্লোকের সঙ্গে অন্বয় হইবে] ॥ ২৬ ॥

নিগূঢ়জক্রুং (তাঁহার কণ্ঠদেশের নিম্নভাগস্থ অস্থি মাংসে আচ্ছাদিত) পৃথুতুঙ্গবক্ষসং (বক্ষ বিশাল ও উন্নত) আবর্ত্তনাভিং (নাভিমণ্ডল আবর্ত্তের ন্যায় গভীর) বলিবল্গূদরং চ (ও উদর বলিত্রয়ের দ্বারা রমণীয়) দিগম্বরং (তিনি বস্ত্রবিহীন) বক্রবিকীর্ণকেশং (তাঁহার কেশকলাপ বক্র ও বিক্ষিপ্ত) প্রলম্ববাহুং (এবং তিনি দীর্ঘবাহু) স্বমরোত্তমাভং (ও দেবশ্রেষ্ঠ বিষ্ণুর ন্যায় কান্তিযুক্ত) [মুনিগণ এইরূপ শুকদেবের প্রত্যুদ্গমন করিলেন। পরের শ্লোকের সহিত অন্বয় হইবে] ॥ ২৭ ॥

শ্যামং (তিনি শ্যামবর্ণ) সদা অপীব্যবয়োঽঙ্গলক্ষ্ম্যা (সর্ব্বদা কমনীয় যৌবন-সুলভ অঙ্গকান্তি

অনুবাদ

মনোহর আয়তলোচন, উন্নত নাসিকা, সমান কর্ণদ্বয় ও সুচারু ভ্রূযুগলে মুখমণ্ডল সুশোভিত এবং শঙ্খের ন্যায় কণ্ঠদেশে রেখাত্রয় বিদ্যমান ; এইরূপ শুকদেবকে দেখিয়া মুনিগণ তাঁহার প্রত্যুদ্গমন করিলেন অর্থাৎ তাঁহাকে দেখিয়া উত্থিত হইলেন ॥ ২৬ ॥

তাঁহার কণ্ঠদেশের নিম্নভাগস্থ অস্থি মাংসে আচ্ছাদিত, বক্ষ বিশাল ও উন্নত, নাভিমণ্ডল আবর্ত্তের ন্যায় গভীর, উদর বলিত্রয়ের দ্বারা রমণীয়, কেশকলাপ বক্র ও বিক্ষিপ্ত, তিনি উলঙ্গ, দীর্ঘবাহু ও দেবশ্রেষ্ঠ বিষ্ণুর ন্যায় কান্তিযুক্ত ; এইরূপ শুকদেবকে দেখিয়া মুনিগণ তাঁহার প্রত্যুদ্গমন করিলেন অর্থাৎ তাঁহাকে দেখিয়া উত্থিত হইলেন ॥ ২৭ ॥

তিনি শ্যামবর্ণ, সর্ব্বদা কমনীয় যৌবনসুলভ কান্তি ও মধুর হাস্যের দ্বারা

টীকা

ভগবান্ ব্যাসপুত্রোঽভবৎ প্রাপ্তঃ। যদৃচ্ছয়া গাং পৃথিবীমটমানঃ অনপেক্ষঃ প্রাকৃতবস্ত্বপেক্ষাশূন্যঃ ন লক্ষ্যম্ আশ্রমবিশেষসূচকং লিঙ্গং যস্য সঃ, নিজলাভেন কৃষ্ণধ্যানেনৈব তুষ্টঃ, অবধূতাঃ নিরস্তাঃ শিশ্নোদরপরাভিমতাঃ বেশা যস্মাৎ সঃ অতএব স্ত্রীবালৈর্বৃতঃ ॥ ২৫ ॥ তল্লক্ষণজ্ঞাঃ মুনয়ঃ স্বাসনেভ্যঃ তং শ্রীশুকং প্রত্যুত্থিতা ইতি তৃতীয়েনান্বয়ঃ। কথম্ভূতং? দ্বিগুণানি অষ্টৌ বর্ষাণি যস্য তম্, সুকুমারানি পাদাদীনি যস্য তম্, চারুণী শোভনে আয়তে বিশালে অক্ষিণী যস্মিন্, উন্নতা তিলপুষ্পাকারা নাসা যস্মিন্, তুল্যৌ সমৌ কর্ণৌ যস্মিন্, শোভনে ভ্রুবৌ যস্মিন্, তদাননং যস্যেতি বহুব্রীহিঃ। কম্বুবৎ শঙ্খবৎ রেখাত্রয়যুক্তঃ সুষ্ঠু জাতঃ কণ্ঠো যস্য ॥ ২৬ ॥ নিগূঢ়ে জক্রুণী যস্য, পৃথু বিশালং তুঙ্গম্ উন্নতং বক্ষো যস্য, আবর্ত্তবন্নাভির্যস্য, বলিভিস্ত্রিভির্বল্গু সুন্দরমুদরং যস্য, দিগেবাম্বরং বস্ত্রং যস্য, বক্রা বিকীর্ণাশ্চ কেশা যস্য, প্রলম্বৌ করিকরোপমৌ বাহূ যস্য, স্বমরঃ

স বিষ্ণুরাতোঽতিথয়ে আগতায় তস্মৈ সপর্য্যাং শিরসাজহার।
ততো নিবৃত্তা হ্যবুধাঃ স্ত্রিয়োঽর্ভকা মহাসনে সোপবিবেশ পূজিতঃ ॥ ২৯ ॥
স সংবৃতস্তত্র মহান্ মহীয়সাং ব্রহ্মর্ষিরাজর্ষিদেবর্ষিসঙ্ঘৈঃ।
ব্যরোচতালং ভগবান্ যথেন্দুর্গ্রহর্ক্ষতারানিকরৈঃ পরীতঃ ॥৩০॥
প্রশান্তমাসীনমকুণ্ঠমেধসং মুনিং নৃপো ভাগবতোঽভ্যুপেত্য।
প্রণম্য মূর্দ্ধাবহিতঃ কৃতাঞ্জলি-র্নত্বা গিরা সূনৃতয়ান্বপৃচ্ছৎ ॥৩১॥

অন্বয়

দ্বারা) রুচিরস্মিতেন চ (ও মধুর হাস্যের দ্বারা) স্ত্রীণাং মনোজ্ঞং (স্ত্রীজনের মনোহর) গূঢ়বর্চ্চসম্ অপি (এবং প্রচ্ছন্নতেজা হইলেও) তল্লক্ষণজ্ঞাঃ তে মুনয়ঃ (তাঁহার লক্ষণাভিজ্ঞ সেই সকল মুনিগণ তাঁহাকে চিনিতে পারিয়া) স্বাসনেভ্যঃ (নিজ নিজ আসন হইতে) প্রত্যুত্থিতাঃ (তাঁহার প্রতি উত্থিত হইলেন) [অর্থাৎ তাঁহাকে দেখিয়া প্রত্যুদ্গমন করিলেন] ॥ ২৮ ॥

স বিষ্ণুরাতঃ (সেই মহারাজ পরীক্ষিৎ) আগতায় তস্মৈ অতিথয়ে (সমাগত সেই অতিথিকে) শিরসা সপর্য্যাং জহার (নমস্কার পূর্ব্বক পূজা করিলেন)। ততঃ হি (সেই রাজকৃত পূজাদি দেখিয়াই) অবুধাঃ (অজ্ঞ) স্ত্রিয়ঃ অর্ভকাঃ (স্ত্রী ও বালকগণ) নিবৃত্তাঃ (প্রতিনিবৃত্ত হইল অর্থাৎ পলায়ন করিল) সঃ (সেই মুনি শুকদেব) পূজিতঃ (পূজিত হইয়া) মহাসনে (শ্রেষ্ঠ আসনে) উপবিবেশ (উপবেশন করিলেন) ॥২৯॥

তত্র (সেই মহাসনে) [উপবিষ্ট] মহীয়সাং মহান্ (মহৎ ব্যক্তিগণের শ্রেষ্ঠ) সঃ ভগবান্ (ভগবান্ শুকদেব) ব্রহ্মর্ষিরাজর্ষিদেবর্ষিসঙ্ঘৈঃ (ব্রহ্মর্ষি, রাজর্ষি ও দেবর্ষিগণকর্ত্তৃক) সংবৃতঃ (পরিবেষ্টিত হইয়া) গ্রহর্ক্ষতারানিকরৈঃ (শুক্রাদি গ্রহ, অশ্বিন্যাদি নক্ষত্র ও তারা সমূহে) পরীতঃ (পরিবেষ্টিত) ইন্দুঃ যথা (চন্দ্রের ন্যায়) অলং ব্যরোচত (অত্যন্ত শোভিত হইলেন) ॥ ৩০ ॥

অবহিতঃ (প্রণিহিতচিত্ত) ভাগবতঃ নৃপঃ (পরমবৈষ্ণব মহারাজ পরীক্ষিৎ) আসীনং প্রশান্তং

অনুবাদ

স্ত্রীজনের মনোহর এবং প্রচ্ছন্নতেজা হইলেও মুনিগণ তাঁহাকে শুকদেব বলিয়া চিনিতে পারিলেন। তখন তাঁহারা নিজ নিজ আসন হইতে উত্থিত হইয়া তাঁহার প্রত্যুদ্গমন করিলেন ॥ ২৮ ॥

মহারাজ পরীক্ষিৎ সমাগত সেই অতিথি শ্রীশুকদেবকে নমস্কারপূর্ব্বক পূজা করিলেন। মহারাজ পরীক্ষিৎ তাঁহাকে এরূপ সম্মান করিতেছেন দেখিয়া যে সকল বালক ও স্ত্রী তাঁহাকে বেষ্টন করিয়াছিল, তাহারা পলায়ন করিল। মুনি শুকদেবও রাজাকর্ত্তৃক পূজিত হইয়া রাজপ্রদত্ত শ্রেষ্ঠ আসনে উপবেশন করিলেন ॥ ২৯ ॥

মহাসনে উপবিষ্ট হইয়া সজ্জনশ্রেষ্ঠ ভগবান্ শুকদেব বশিষ্ঠ প্রভৃতি ব্রহ্মর্ষি, আষ্টিষেণ প্রভৃতি রাজর্ষি ও নারদ প্রভৃতি দেবর্ষিগণে পরিবেষ্টিত হইয়া শুক্রাদি গ্রহ, অশ্বিন্যাদি নক্ষত্র ও তারা সমূহে পরিবেষ্টিত চন্দ্রের ন্যায় অত্যন্ত শোভিত হইলেন ॥ ৩০ ॥

প্রণিহিতচিত্ত পরমবৈষ্ণব মহারাজ পরীক্ষিৎ আসনে উপবিষ্ট, প্রশান্ত ও সর্ব্ব বিষয়ে

টীকা

দেবমুখ্যাস্তেষু উত্তমো বিষ্ণুঃ "অগ্নির্বৈ দেবানামবমো বিষ্ণুঃ বৈ দেবানাং পরমঃ" ইত্যাদি শ্রুতেঃ, তদ্বদাভা যস্য ॥ ২৭ ॥ শ্যামং ঘনশ্যামং সদাপীব্যং কমনীয়ং যদ্বয়ো যৌবনং তেন অঙ্গেষু লক্ষ্মীঃ

পরীক্ষিদুবাচ

অহো অদ্য বয়ং ব্রহ্মন্ ! সৎসেব্যাঃ ক্ষত্রবন্ধবঃ।
কৃপয়াতিথিরূপেণ ভবদ্ভিস্তীর্থকাঃ কৃতাঃ ॥ ৩২ ॥
যেষাং সংস্মরণাৎ পুংসাং সদ্যঃ শুধ্যন্তি বৈ গৃহাঃ।
কিং পুনর্দ্দর্শনস্পর্শ-পাদশৌচাসনাদিভিঃ ॥ ৩৩ ॥

অন্বয়

(আসনে উপবিষ্ট ও স্থির) অকুণ্ঠমেধসং (সর্ব্বজ্ঞ) মুনিম্ অভ্যুপেত্য (মুনি শ্রীশুকদেব সমীপে গমন করিয়া) মূর্দ্ধা প্রণম্য (অবনত মস্তকে প্রণাম করতঃ) কৃতাঞ্জলিঃ (করপুটে) [প্রশ্ন করিবার মানসে] নত্বা (পুনরায় নমস্কার করিয়া) সুনৃতয়া গিরা (মধুরবাক্যে) অন্বপৃচ্ছৎ (জিজ্ঞাসা করিলেন) ॥ ৩১ ॥

পরীক্ষিৎ উবাচ (পরীক্ষিৎ বলিলেন) [হে] ব্রহ্মন্ ! ক্ষত্রবন্ধবঃ (ক্ষত্রিয়াধম) বয়ং (আমি) অদ্য (আজ) সৎসেব্যাঃ (সজ্জনগণের আদরণীয় হইয়াছি), [যতঃ] (কারণ) কৃপয়া (কৃপা করিয়া) অতিথিরূপেণ (অতিথিরূপে) ভবদ্ভিঃ (আপনি) [আমাকে] তীর্থকাঃ কৃতাঃ (পবিত্র করিয়াছেন)। অহো ! (আহা ! বড়ই সৌভাগ্য) ॥ ৩২ ॥

যেষাং (যে আপনার) সংস্মরণাৎ (স্মরণমাত্রই) পুংসাং (মানবগণের) গৃহাঃ সদ্যঃ শুধ্যন্তি বৈ (গৃহসকল সদ্যই পবিত্র হইয়া থাকে), [তেষাং] (সেই আপনার) দর্শনস্পর্শপাদ-শৌচাসনাদিভিঃ কিং পুনঃ (দর্শন, স্পর্শন, পাদপ্রক্ষালন ও উপবেশনাদি দ্বারা যে পবিত্র হইবে তাহাতে আর বক্তব্য কি ?) ॥ ৩৩ ॥

অনুবাদ

জ্ঞানবান্ মুনি শ্রীশুকদেবের সমীপে গমন করিয়া অবনতমস্তকে তাঁহাকে প্রণাম করিলেন এবং কৃতাঞ্জলিপুটে প্রশ্ন করিবার মানসে পুনরায় নমস্কার করিয়া মধুরবাক্যে জিজ্ঞাসা করিলেন ॥৩১॥

পরীক্ষিৎ বলিলেন—হে ব্রহ্মন্ ! ক্ষত্রিয়াধম আমি আজ সজ্জনগণের আদরণীয় হইলাম ; যেহেতু আপনি কৃপা করিয়া অতিথিরূপে এখানে আসিয়া আমাকে পবিত্র করিয়াছেন। আহা ! আমার বড়ই সৌভাগ্য ॥ ৩২ ॥

আপনার স্মরণ করা মাত্রই মানবগণের গৃহসকল পবিত্র হইয়া থাকে ; আপনার

টীকা

কান্তিঃ তয়া রুচিরেণ স্মিতেন চ স্ত্রীণাং মনোজ্ঞং স্পৃহনীয়ং গূঢ়ং বর্চ্চো যস্য তং তে পূর্ব্বোক্তা মুনয়ঃ স্বাসনেভ্যঃ উত্থিতাঃ বভূবুঃ ॥ ২৮ ॥ বিষ্ণুরাতঃ পরীক্ষিৎ শিরসা সপর্য্যামাজহার নতিপূর্ব্বিকাং পূজাং চকার, ততঃ স্ত্র্যাদয়ো নিবৃত্তা বভূবুঃ। স চ শুকো মহাসনে বিষ্ণুরাতেন পূজাঙ্গত্বেনার্পিতে উপবিবেশ সন্ধিরার্ষঃ ॥ ২৯ ॥ তত্র তস্মিন্ মহাসনে উপবিষ্টঃ মহীয়সামপি মহান্ স ভগবান্ শুকঃ ব্রহ্মর্ষ্যাদিভিঃ সংবৃতঃ যথা গ্রহাদিভিঃ পরীতঃ ইন্দুস্তদ্বৎ অলং ব্যরোচত। গ্রহাঃ শুক্রাদ্যাঃ, নক্ষত্রাণ্যশ্বিন্যাদানি, তারাঃ তদন্যাঃ, ব্রহ্মর্ষয়ো বশিষ্ঠাদয়ঃ, রাজর্ষয় আষ্টিষেণাদয়ঃ, দেবর্ষয়ো নারদাদয়ঃ ॥ ৩০ ॥ প্রশ্নার্থং পুনর্নত্বা সুনৃতয়া মধুরয়া গিরা অকুণ্ঠমেধসং ন কুণ্ঠা সর্ব্বার্থেষু মেধা যস্য তম্ অন্বপৃচ্ছৎ ॥ ৩১ ॥ তদেবাহ অহো ইতি অষ্টভিঃ। হে ব্রহ্মন্ ! ক্ষত্রবন্ধবো বয়ং সতাং সেব্যাঃ আদরণীয়া জাতাঃ। যতোঽতিথিরূপেণ ভবদ্ভিঃ তীর্থকাঃ কৃতাঃ পবিত্রীকৃতাঃ ॥ ৩২ ॥

সান্নিধ্যাৎ তে মহাযোগিন্! পাতকানি মহান্ত্যপি।
সদ্যো নশ্যন্তি বৈ পুংসাং বিষ্ণোরিব সুরেতরাঃ ॥৩৪॥
অপি মে ভগবান্ প্রীতঃ কৃষ্ণঃ পাণ্ডুসুতপ্রিয়ঃ।
পৈতৃষ্বস্রেয়প্রীত্যর্থং তদ্‌গোত্রস্যাত্তবান্ধবঃ ॥৩৫॥
অন্যথা তেঽব্যক্তগতের্দর্শনং নঃ কথং নৃণাম্।
নিতরাং ম্রিয়মাণানাং সংসিদ্ধস্য বনীয়সঃ ॥ ৩৬ ॥

অন্বয়

হে মহাযোগিন্! (হে যোগিশ্রেষ্ঠ!) তে সান্নিধ্যাৎ (আপনার সান্নিধ্যবশতঃ) বিষ্ণোঃ সুরেতরাঃ ইব (বিষ্ণুর নিকটে অসুরগণের ন্যায়) পুংসাং (মানবগণের) মহান্তি অপি পাতকানি (মহাপাতকসকলও) সদ্যঃ নশ্যন্তি বৈ (সদ্যই বিনষ্ট হইয়া যায়) ॥ ৩৪ ॥

পাণ্ডুসুতপ্রিয়ঃ (পাণ্ডবসখা) ভগবান্ কৃষ্ণঃ (ভগবান্ শ্রীকৃষ্ণ) পৈতৃষ্বস্রেয়প্রীত্যর্থং (পিতৃষ্বসা কুন্তীদেবীর পুত্র পাণ্ডবগণের প্রীতির নিমিত্ত) তদ্ গোত্রস্য মে (পাণ্ডবগণের বংশধর আমার প্রতি) আত্তবান্ধবঃ সন্ (বান্ধবোচিত অনুগ্রহান্বিত হইয়া) প্রীতঃ অপি (সন্তুষ্ট হইয়াছেন) ॥ ৩৫ ॥

অন্যথা (যদি তিনি সন্তুষ্ট না হইতেন) সংসিদ্ধস্য (যোগসিদ্ধ) অব্যক্তগতেঃ (দুর্লক্ষ্যগতি) বনীয়সঃ (বনবাসী) তে (আপনার) দর্শনং (দর্শন) ম্রিয়মাণানাং নৃণাং নঃ (মুমূর্ষু মানব আমার) নিতরাং কথং স্যাৎ (কি করিয়া সম্ভব হইত?) ॥ ৩৬ ॥

অনুবাদ

দর্শন, স্পর্শন, পাদপ্রক্ষালন ও উপবেশনাদি দ্বারা যে পবিত্র হইবে তাহাতে আর বক্তব্য কি? অর্থাৎ আমার গৃহ আজ পবিত্র হইল ॥ ৩৩ ॥

হে যোগিশ্রেষ্ঠ! ভগবান্ শ্রীবিষ্ণুর নিকটে যেমন অসুরগণ বিনষ্ট হয়, সেইরূপ আপনার সান্নিধ্যবশতঃ মানবগণের মহাপাতক সকলও তৎক্ষণাৎ বিনষ্ট হইয়া যায় ॥ ৩৪ ॥

পাণ্ডব-সখা ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহার পিতৃষ্বসা কুন্তীদেবীর পুত্র যুধিষ্ঠিরাদির প্রীতি সম্পাদনের নিমিত্ত সেই পাণ্ডবগণের বংশধর আমার প্রতি বান্ধবোচিত অনুগ্রহ প্রদর্শন করিয়া সন্তুষ্ট হইয়াছেন অর্থাৎ আপনার আগমনে ভগবান্ শ্রীকৃষ্ণের অনুগ্রহ লাভ করিয়াছি বলিয়া আমি মনে করি ॥ ৩৫ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ আমার প্রতি যদি সন্তুষ্ট না হইতেন, তবে যোগসিদ্ধ, দুর্লক্ষ্যগতি ও নিরন্তর বনবাসী আপনার দর্শন লাভ আমার মত মুমূর্ষু মানবের কি করিয়া

টীকা

যেষাং ভবতাং স্মরণাৎ স্মরণমাত্রতঃ পুংসাং গৃহাঃ সদ্যঃ শুধ্যন্তি, কিং পুনস্তে স্মর্ত্তারঃ, অথ কিং পুনর্ভবতাং দর্শনাদিভিঃ শুধ্যন্তীতি বাচ্যম্ ॥ ৩৩ ॥ বিষ্ণোঃ সান্নিধ্যাৎ সুরেতরাঃ অসুরাইব ॥ ৩৪ ॥ অত্র ভগবান্ শ্রীকৃষ্ণঃ মে প্রীতঃ অতিপ্রসন্নো জাতঃ পৈতৃষ্বস্রেয়াঃ পাণ্ডবাস্তেষাং প্রীত্যর্থং যতঃ পাণ্ডুসুতাঃ প্রিয়া যস্য সঃ। তেষাং পাণ্ডবানাং গোত্রস্য সন্তানস্য মে আত্তং বান্ধবং বন্ধুকৃত্যং যেন সঃ ॥ ৩৫ ॥ অন্যথা মদ্বিষয়ককৃষ্ণপ্রসন্নতাভাবে অব্যক্তগতের্দুর্লক্ষ্যগতেঃ বনীয়সঃ অতিশয়েন

অতঃ পৃচ্ছামি সংসিদ্ধিং যোগিনাং পরমং গুরুম্।
পুরুষস্যেহ যৎ কার্য্যং ম্রিয়মাণস্য সর্ব্বথা ॥ ৩৭ ॥
যচ্ছ্রোতব্যমথো জপ্যং যৎ কর্ত্তব্যং নৃভিঃ প্রভো!।
স্মর্ত্তব্যং ভজনীয়ং বা ব্রূহি যদ্বা বিপর্য্যয়ম্ ॥ ৩৮ ॥
নূনং ভগবতো ব্রহ্মন্! গৃহেষু গৃহমেধিনাম্।
ন লক্ষ্যতে হ্যবস্থানমপি গোদোহনং ক্বচিৎ ॥ ৩৯ ॥

অন্বয়

অতঃ (শ্রীকৃষ্ণানুগ্রহে আপনাকে পাইয়াছি বলিয়া) যোগিনাং পরমং গুরুং (যোগিগণের পরম গুরু আপনাকে) সংসিদ্ধিং (শ্রীকৃষ্ণপ্রাপ্তিরূপ সিদ্ধির উপায়) পৃচ্ছামি (জিজ্ঞাসা করিতেছি)—ইহ (এই সংসারে) ম্রিয়মাণস্য পুরুষস্য (মুমূর্ষু পুরুষের) যৎ সর্ব্বথা কার্য্যম্ (যাহা সর্ব্বপ্রকারে কর্ত্তব্য), [তাহা বলুন। পরের শ্লোকের সহিত অন্বয় হইবে]॥ ৩৭ ॥

নৃভিঃ (মানবগণের) যৎ শ্রোতব্যং (যাহা শ্রোতব্য) অথো (এবং) জপ্যং (যাহা জপনীয়), স্মর্ত্তব্যং ভজনীয়ং বা (স্মরণীয় ও ভজনীয়) যৎ কর্ত্তব্যং (ও যাহা কর্ত্তব্য) যদ্বা (অথবা) বিপর্য্যয়ং (উক্ত শ্রোতব্যাদির বিপরীত অর্থাৎ অশ্রোতব্য অজপ্যাদিরূপে নিষিদ্ধ) প্রভো! তদ্ ব্রূহি (হে প্রভো! তাহা আমাকে বলুন)॥ ৩৮ ॥

[শুকদেবের দর্শন দুর্ল্লভ, তিনি স্থির হইয়া উত্তর দিতে থাকুন এই ইচ্ছায় বলিতেছেন]

অনুবাদ

সম্ভব হইত? অতএব আপনার আগমনেই শ্রীহরি প্রসন্ন হইয়াছেন বলিয়া মনে করি॥ ৩৬ ॥

শ্রীকৃষ্ণের অনুগ্রহেই আপনাকে পাইয়াছি। অতএব যোগিগণের পরমগুরু আপনাকে শ্রীকৃষ্ণপ্রাপ্তিরূপ সিদ্ধির উপায় জিজ্ঞাসা করিতেছি। হে ব্রহ্মন্! এই সংসারে মুমূর্ষু-মানবের সর্ব্বপ্রকারে যাহা কর্ত্তব্য তাহা আমাকে বলুন॥ ৩৭ ॥

হে প্রভো! মানবগণের যাহা শ্রোতব্য, জপনীয়, স্মরণীয় ও ভজনীয় এবং এই সকল ভিন্ন অন্য যাহা কর্ত্তব্য, অথবা ইহাদের বিপরীত অর্থাৎ অশ্রোতব্য, অজপ্যাদিরূপে নিষিদ্ধ, সেই সকল আমাকে বলুন॥ ৩৮ ॥

হে ব্রহ্মন্! গোদোহন করিতে যত সময় লাগে, তত সময়ও আপনি গৃহস্থগণের

টীকা

বনবাসিনঃ তে নঃ অস্মাকং নৃণাং দর্শনং কথং ভবেৎ ন কথমপীত্যর্থঃ॥ ৩৬ ॥ যতঃ শ্রীকৃষ্ণকৃপয়া প্রাপ্তো ভবান্ অতঃ সম্যক্ শ্রীকৃষ্ণপ্রাপ্তিরূপা সিদ্ধিঃ যস্মাৎ তং ত্বাং পৃচ্ছামি। কিং পৃচ্ছসি? যৎ পুরুষস্য সদা কার্য্যং কর্ত্তুং যোগ্যং ম্রিয়মাণস্য বিশেষতশ্চ তৎ কৃষ্ণপ্রাপ্ত্যুপায়ং পৃচ্ছামি॥ ৩৭ ॥ কর্ত্তব্যমেব বিবিচ্য পৃচ্ছতি—যচ্ছ্রোতব্যমিতি পাদত্রয়েণ। হে প্রভো! নৃভিঃ মুমুক্ষুভিঃ যচ্ছ্রোতব্যম্ (১) অথ যৎ জপ্যং (২) যৎ স্মর্ত্তব্যং বা (৩) যৎ ভজনীয়ং বা (৪) অথবা শ্রোতব্যাদিভ্যশ্চতুর্ব্বিধ-কর্ত্তব্যভেদেভ্যঃ অন্যৎ কিঞ্চিৎ কর্ত্তব্যং তদ্ধ হীতি পঞ্চমঃ প্রশ্নঃ (৫)। যদ্বা বিপর্য্যয়মশ্রোতব্যাদি তদ্ ব্রূহীতি ষষ্ঠঃ॥ ৩৮ ॥ মমোপকারার্থং স্থিরো ভূত্বা প্রত্যুত্তরং দেহীত্যাশয়েন আহ—নূনমিতি।

সূত উবাচ

এবমাভাষিতঃ পৃষ্টঃ স রাজ্ঞা শ্লক্ষ্ণয়া গিরা।
প্রত্যভাষত ধর্ম্মজ্ঞো ভগবান্ বাদরায়ণিঃ ॥ ৪০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
প্রথমস্কন্ধে পারীক্ষিতে শ্রীশুকাগমনং নামৈকোনবিংশোঽধ্যায়ঃ ॥ ১৯ ॥

অন্বয়

[হে] ব্রহ্মন্! গোদোহনং (গো দোহন করিতে যত সময় লাগে, তত সময়ও) ভগবতঃ (আপনার) অবস্থানং (অবস্থান) গৃহমেধিনাং গৃহেষু (গৃহস্থগণের গৃহে) ক্বচিৎ নূনং ন লক্ষ্যতে (কোথাও দেখা যায় না); [অতএব আমাকে অনুগ্রহ করিয়া এখানে অবস্থান করতঃ স্থিরভাবে আমার প্রশ্নের উত্তর প্রদান করুন] ॥ ৩৯ ॥

সূতঃ উবাচ (সূত বলিলেন) রাজ্ঞা (মহারাজ পরীক্ষিৎ কর্ত্তৃক) এবং শ্লক্ষ্ণয়া গিরা আভাষিতঃ (এই প্রকারে মধুরবাক্যে সম্ভাষিত) পৃষ্টঃ চ (এবং পূর্ব্বোক্ত প্রকারে জিজ্ঞাসিত হইয়া) ধর্ম্মজ্ঞঃ (ধার্ম্মিক) সঃ ভগবান্ বাদরায়ণিঃ (সেই ভগবান্ ব্যাসনন্দন শুকদেব) প্রত্যভাষত (প্রত্যুত্তর দিতে লাগিলেন) ॥ ৪০ ॥

অনুবাদ

গৃহে কোথাও অবস্থান করেন না [অতএব আমার প্রার্থনা; এখানে স্থিরভাবে অবস্থান করতঃ আমার প্রশ্নের উত্তর প্রদান করুন] ॥ ৩৯ ॥

সূত বলিলেন—মহারাজ পরীক্ষিৎকর্ত্তৃক এইরূপে মধুর বাক্যে সম্ভাষিত ও জিজ্ঞাসিত হইয়া সেই ধর্ম্মজ্ঞ ভগবান্ ব্যাসনন্দন শুকদেব প্রত্যুত্তর দিতে লাগিলেন ॥ ৪০ ॥

একোনবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ১৯ ॥

টীকা

[হে] ব্রহ্মন্! যাবতা কালেন গৌর্দুহ্যতে তাবৎ কালমপি ভগবতস্তব গৃহমেধিনাং গৃহেষু অবস্থানং ক্বচিন্ন লক্ষ্যতে। অতঃ মদনুগ্রহার্থং স্থিরো ভব ॥ ৩৯ ॥

এবমনেন প্রকারেণ অহো অদ্য বয়ং "ব্রহ্মন্ সংসেব্য" ইত্যাদিকয়া শ্লক্ষ্ণয়া গিরা ভাষিতোঽভিমুখীকৃতঃ "অতঃ পৃচ্ছামি সংসিদ্ধিং যোগিনাং পরমং গুরুমি"ত্যাদিনা পৃষ্টশ্চ বাদরায়ণিঃ প্রত্যভাষত প্রশ্নোত্তরাণ্যুবাচ ॥ ৪০ ॥

ইতি শ্রীমদ্ভাগবত সিদ্ধান্তপ্রদীপে শ্রীসনৎকুমারসন্ততি-প্রবর্ত্তক-শ্রীমদ্ভগবন্নিম্বার্কচরণচিন্তক-
শুকসুধীপ্রণীতে প্রথমস্কন্ধীয়ে একোনবিংশতিতমাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ১৯ ॥

———

শ্রীমদ্ভাগবতম্

দ্বিতীয়ঃ স্কন্ধঃ

প্রথমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

বরীয়ানেষ তে প্রশ্নঃ কৃতো লোকহিতং নৃপ ! ।
আত্মবিৎসম্মতঃ পুংসাং শ্রোতব্যাদিষু যঃ পরঃ ॥ ১ ॥
শ্রোতব্যাদীনি রাজেন্দ্র ! নৃণাং সন্তি সহস্রশঃ ।
অপশ্যতামাত্মতত্ত্বং গৃহেষু গৃহমেধিনাম্ ॥ ২ ॥

অন্বয়

[ইতিপূর্ব্বে মহারাজা পরীক্ষিৎ যে প্রশ্ন করিয়াছেন, সেই প্রশ্নের প্রশংসা করিয়া বলিতেছেন] শ্রীশুকঃ উবাচ (শ্রীশুকদেব বলিলেন) নৃপ! (রাজন্) তে (তোমাকর্ত্তৃক) পুংসাং (মানবগণের) শ্রোতব্যাদিষু (শ্রোতব্যাদি বিষয় সমূহের মধ্যে) যঃ পরঃ (যাহা শ্রেষ্ঠ) [সঃ] প্রশ্নঃ কৃতঃ (সেই প্রশ্ন জিজ্ঞাসিত হইয়াছে); এষঃ (এই প্রশ্ন) বরীয়ান্ (অতিশয় শ্রেষ্ঠ) আত্মবিৎসম্মতঃ (ও আত্মতত্ত্বজ্ঞগণের অভিমত)। লোকহিতং [প্রতি] [কৃতঃ] (লোকের মঙ্গলের জন্য এইরূপ প্রশ্ন করা হইয়াছে) ॥ ১ ॥

রাজেন্দ্র! (হে রাজশ্রেষ্ঠ!) গৃহমেধিনাং (পঞ্চসূনাপরায়ণ গৃহস্থগণের) গৃহেষু (গৃহে)

অনুবাদ

শ্রীশুকদেব বলিলেন—হে রাজন্! আপনি মানবগণের শ্রোতব্যাদি বিষয়সমূহের মধ্যে যাহা শ্রেষ্ঠ, সেই প্রশ্নই আমাকে করিয়াছেন। এই প্রশ্ন অত্যুত্তম ও আত্মতত্ত্বজ্ঞ ব্যক্তিগণের অভিমত; লোকের মঙ্গলের নিমিত্তই এইরূপ প্রশ্ন করিয়াছেন ॥ ১ ॥

হে রাজেন্দ্র! পঞ্চসূনাপরায়ণ গৃহস্থগণের প্রাণিহিংসা অনিবার্য্য। সেই সকল গৃহস্থগণের গৃহে আত্মতত্ত্বজ্ঞানবিহীন মানবগণের সহস্র সহস্র শ্রোতব্যাদি বিষয় আছে ॥ ২ ॥

টীকা

শ্রীকৃষ্ণায় নমঃ ॥ শ্রীনিম্বার্কং নমস্কৃত্য বেদান্তার্থপ্রকাশকম্। দ্বিতীয়স্কন্ধ-সিদ্ধান্তপ্রদীপোঽয়ং বিরচ্যতে ॥ জন্মাদ্যস্য—ইত্যাদি শ্লোকত্রয়ী সর্ব্বস্য শ্রীমদ্ভাগবতস্য সূত্রম্। তদ্বিবরণভূতঃ প্রথমস্কন্ধঃ। তদ্বিস্তারঃ সর্ব্বোঽপ্যগ্রিমো গ্রন্থঃ। তত্রাপি মূলরূপো দ্বিতীয়স্কন্ধঃ; বিবরণভূতা অন্যে স্কন্ধাঃ। সোঽয়ং দ্বিতীয়স্কন্ধো যথামতি ব্যাখ্যায়তে। অতিক্রান্তস্কন্ধান্তে রাজ্ঞা কৃতং প্রশ্নং অভিনন্দতি ভগবান্ শুকঃ—বরীয়ানিতি। হে নৃপ! এষ তে প্রশ্নঃ বরীয়ান্। অতিশয়েন বরঃ শ্রেষ্ঠঃ, শ্রেষ্ঠত্বাদেব আত্মবিৎসম্মতঃ। নন্বু অনাত্মবিদা ময়া কৃতঃ কথমাত্মবিৎসম্মতো ভবেদিত্যত্র ন

নিদ্রয়া হ্রিয়তে নক্তং ব্যবায়েন চ বা বয়ঃ।
দিবা চার্থেহয়া রাজন্! কুটুম্বভরণেন বা ॥ ৩ ॥
দেহাপত্যকলত্রাদিষ্বাত্মসৈন্যেষ্বসৎস্বপি।
তেষাং প্রমত্তো নিধনং পশ্যন্নপি ন পশ্যতি ॥ ৪ ॥

অন্বয়

আত্মতত্ত্বম্ অপশ্যতাং নৃণাং (আত্মতত্ত্বজ্ঞানবিহীন মানবগণের) সহস্রশঃ শ্রোতব্যাদীনি সন্তি (অনেক শ্রোতব্যাদি বিষয় আছে)॥ ২ ॥

রাজন্! (হে নৃপ!) বয়ঃ (তাহাদের আয়ু) নক্তং (রাত্রিতে) নিদ্রয়া (নিদ্রাদ্বারা) বা (অথবা) ব্যবায়েন (মৈথুনের দ্বারা) চ (এবং অসৎ মনোরথের দ্বারা) হ্রিয়তে (ক্ষয় হইয়া থাকে) দিবা চ (ও দিনে) অর্থেহয়া (অর্থার্জ্জনের চেষ্টায়) বা (অথবা) কুটুম্বভরণেন (পরিবার পোষণে) হ্রিয়তে (আয়ু ক্ষয় হইয়া থাকে)॥ ৩ ॥

[তাহারা] দেহাপত্যকলত্রাদিষু (দেহ, পুত্র ও ভার্য্যা প্রভৃতি) আত্মসৈন্যেষু (স্বীয় পরিবার অর্থাৎ ভোগায়তন ও তদুপকরণ) অসৎসু অপি (অনিত্য হইলেও) প্রমত্তঃ (সেই সকল বস্তুতে নিত্যত্ববুদ্ধি রাখিয়া আসক্ত হইয়া থাকে) তেষাং (এবং সেই দেহাদি বস্তুর) নিধনং (বিনাশ) পশ্যন্ অপি (দেখিয়াও) ন পশ্যতি (দেখিতে পায় না)॥ ৪ ॥

অনুবাদ

হে রাজন্! আত্মতত্ত্বজ্ঞানবিহীন মানবগণের আয়ু রাত্রিতে নিদ্রা দ্বারা অথবা মৈথুন ও অসৎমনোরথাদির দ্বারা ক্ষয়প্রাপ্ত হইয়া থাকে এবং দিনে অর্থোপার্জ্জনের চেষ্টায় অথবা পরিবারপোষণেই তাহাদের আয়ু ক্ষয় হইয়া থাকে॥ ৩ ॥

তাহারা দেহ, পুত্র, ভার্য্যা প্রভৃতি ভোগায়তন ও ভোগের উপকরণ অনিত্য হইলেও সেই সকল বস্তুতে নিত্যত্ববুদ্ধি রাখিয়া আসক্ত হইয়া থাকে এবং সেই দেহাদি বস্তু সকলের বিনাশ দেখিয়াও দেখিতে পায় না॥ ৪ ॥

টীকা

ভবাননাত্মবিৎ কিন্তু আত্মবিদেব। ভবতা পরোপকারায় প্রশ্নঃ কৃত ইত্যাহ কৃতো লোকহিতমিতি। লোকহিতং প্রতীত্যর্থঃ, পুংসাং শ্রোতব্যাদিষু মধ্যে যঃ পরঃ উপাদেয়তয়া শ্রেষ্ঠঃ॥ ১॥ রাজ্ঞা যৎ পৃষ্টং "ব্রূহি যদ্বা বিপর্য্যয়মি"তি তত্তোত্তরমাহ—শ্রোতব্যাদীনি ইতি শ্লোকত্রয়েণ। হে রাজেন্দ্র! গৃহমেধিনাং "কণ্ডনী পেষণী চুল্লী উদকুম্ভী চ মার্জ্জনী। পঞ্চ সূনা গৃহস্থস্য তাভিঃ স্বর্গং ন গচ্ছতী"তি। ইত্যুক্তসূনাশব্দার্থো গৃহেষু মেধো মেধতের্হিংসার্থত্বাৎ হিংসারূপো ব্যাপারঃ এষাং অস্তীতি গৃহমেধিনঃ তেষাং গৃহেষু শ্রোতব্যাদীনি সহস্রশঃ সন্তি, অতএব বহির্দৃষ্টিত্বাৎ আত্মতত্ত্বম-পশ্যতাম্॥ ২॥ অতএব নক্তং রাত্রৌ যদ্ বয়ঃ আয়ুস্তৎ নিদ্রয়া অথবা ব্যবায়েন মৈথুনেন, চকারাদসন্মনোরথাদিনা দিবা অহ্নি চ অর্থেহয়া অর্থার্জ্জনচেষ্টয়া অসত্যর্থে কুটুম্বভরণেন বা হ্রিয়তে॥ ৩॥ নন্বু কুতঃ কুটুম্বাদেরনিত্যত্বমাজ্ঞায় নির্ব্বিণ্ণঃ সন্ হরিভজনপরো ন স্যাদত্রাহ—দেহেতি। আত্মনঃ সৈন্যেষু ভোগায়তনতদুপকরণেষু দেহতদনুবন্ধিষু অসৎস্বপি অনিত্যেষ্বপি প্রমত্তঃ তন্নিত্যত্ববুদ্ধ্যা

তস্মাদ্ ভারত ! সর্ব্বাত্মা ভগবানীশ্বরো হরিঃ।
শ্রোতব্যঃ কীর্ত্তিতব্যশ্চ স্মর্ত্তব্যশ্চেচ্ছতাভয়ম্ ॥ ৫ ॥
এতাবান্ সাঙ্খ্যযোগাভ্যাং স্বধর্ম্মপরিনিষ্ঠয়া।
জন্মলাভঃ পরঃ পুংসামন্তে নারায়ণস্মৃতিঃ ॥ ৬ ॥

অন্বয়

তস্মাৎ (অতএব) ভারত ! (হে ভরতবংশোদ্ভব পরীক্ষিৎ !) অভয়ম্ (হরিপদ) ইচ্ছতা (অভিলাষী মুমুক্ষুকর্ত্তৃক) সর্ব্বাত্মা (সকল কারণের কারণ) ভগবান্ (ষড়ৈশ্বর্য্যশালী) ঈশ্বরঃ (সর্ব্বনিয়ন্তা) হরিঃ (স্বভক্তগণের পাপহরণকারী হরি) শ্রোতব্যঃ (গুরুমুখ হইতে শ্রবণীয়) কীর্ত্তিতব্যঃ চ (ও কীর্ত্তনীয়) স্মর্ত্তব্যঃ চ (এবং স্মরণীয়) ॥ ৫ ॥

[জ্ঞানযোগ, নিষ্কাম কর্ম্মযোগ ও ভক্তিযোগই হরিস্মরণের সাধন, ইহাই বলিতেছেন]—সাংখ্য-

অনুবাদ

হে ভরতকুলতিলক পরীক্ষিৎ ! ভগবদ্‌ভিন্ন বস্তুতে আসক্ত হইলে বৃথাই আয়ুক্ষয় হয় বলিয়া শ্রীহরির পাদপদ্মাভিলাষী মুমুক্ষুগণের সর্ব্বদা সকল কারণের কারণ, ষড়ৈশ্বর্য্যশালী, সর্ব্বনিয়ন্তা, পাপাপহারী শ্রীহরির চরিত্র শ্রবণ, স্মরণ, ভজন ও সেবা করা একান্ত কর্ত্তব্য ॥৫॥

জ্ঞানযোগ, নিষ্কাম কর্ম্মযোগ ও ভক্তিযোগের দ্বারা মৃত্যুসময়েও যে শ্রীহরির স্মরণ, তাহাই মনুষ্যজন্মের পরম লাভ অর্থাৎ উক্ত যোগত্রয়ের দ্বারা যদি শ্রীহরি মৃত্যুসময়েও স্মৃতিপথে উদিত হন, তবে তাহাই এই মানবজন্মের উত্তম ফল ॥ ৬ ॥

টীকা

ভ্রান্তঃ তেষাং নিধনং লোকতঃ পশ্যন্নপি ন পশ্যতি নানুসন্ধত্তে ॥ ৪ ॥ অথ "যচ্ছ্রোতব্যমথো জপ্যং যৎ কর্ত্তব্যং নৃভিঃ প্রভো ! । স্মর্ত্তব্যং ভজনীয়ঞ্চে"তি প্রশ্নপঞ্চকস্যোত্তরমাহ—তস্মাদিতি। তস্মাদ্ভগবদিতর-পদার্থাভিনিবেশেন বৃথা বয়োবিনাশাদ্ধেতোঃ হে ভারত ! ভরতান্বয়োৎপন্ন ! অভয়ং হরিপদমিচ্ছতা মুমুক্ষুণা হরিঃ স্বপদপ্রাপ্তিপ্রতিবন্ধকস্বভক্তপাপহারিঃ "হরির্হরতি পাপানি দুষ্টচিত্তৈরপি স্মৃত" ইত্যাদি স্মৃতিপ্রসিদ্ধঃ শ্রোতব্যঃ গুরুমুখাৎ, কীর্ত্তিতব্যশ্চ শিষ্যাদিভ্যঃ, "হরয়ে নমঃ" ইত্যেবমুচ্চৈঃ কীর্ত্তিতব্যশ্চ, "মন্ত্রমূর্ত্তিস্তু উপাংসু মনসৈব কীর্ত্তিতব্যঃ" অনেন যজ্জপ্যম্ ইত্যস্যোত্তরমুক্তম্, স্মর্ত্তব্যঃ চকারাৎ ভজনীয়ঃ সেবনীয়ঃ, দ্বিতীয়াচ্চকারাৎ সর্ব্বকর্ত্তব্যতাবিষয়ঃ সর্ব্বক্রিয়াভিরারাধনীয় ইত্যন্বয়ঃ। তত্র হেতুপ্রদর্শনার্থং হরিং বিশিনষ্টি—সর্ব্বাত্মা "ন তদস্তি বিনা যৎ স্যান্ময়া ভূতং চরাচরমি"তি শ্রীমুখোক্তঃ সর্ব্বকারণকারণঃ নিঃসমানাতিশয়ঃ যদন্যো ভজনীয়ো নাস্তীত্যর্থঃ "মত্তঃ পরতরং নান্যৎ কিঞ্চিদস্তি ধনঞ্জয়" ইতি স্মৃতেঃ। "তমেবৈকং বিজানথ অন্যা বাচো বিমুঞ্চথে"তি শ্রুতেঃ। ভগবান্ স্বাভাবিকষড়ৈশ্বর্য্যসম্পন্নঃ ঈশ্বরঃ নিয়ন্তা সর্ব্বভক্তকামপরিপূরক ইতি পদদ্বয়ার্থঃ ॥ ৫ ॥ হরেরেব ভজনীয়ত্বং তদ্ভজনস্য পরমপুরুষার্থত্বং চোপপাদয়ন্ যোগত্রয়স্য ভগবৎস্মৃতিসাধনত্বমাহ—এতাবানিতি। "এষা তেঽভিহিতা সাংখ্যে বুদ্ধির্যোগে ত্বিমাং শৃণু," ইতি শ্রীমুখবচনাৎ। সাংখ্য-শব্দঃ জ্ঞানবাচকঃ, যোগশব্দশ্চ নিষ্কামকর্ম্মযোগবাচকঃ, জ্ঞানযোগেন নিষ্কামকর্ম্মযোগেন স্বধর্ম্মপরিনিষ্ঠয়া ভক্তিযোগনিষ্ঠয়া চ অন্তে প্রাণপ্রয়াণসময়েঽপি নারায়ণস্মৃতিঃ ইত্যেতাবানেব পুংসাং পরঃ উৎকৃষ্টঃ

প্রায়েণ মুনয়ো রাজন্ ! নিবৃত্তা বিধিসেধতঃ।
নৈর্গুণ্যস্থা রমন্তে স্ম গুণানুকথনে হরেঃ ॥ ৭ ॥
ইদং ভাগবতং নাম পুরাণং ব্রহ্মসম্মিতম্।
অধীতবান্ দ্বাপরাদৌ পিতুর্দ্বৈপায়নাদহম্ ॥ ৮ ॥

অন্বয়

যোগাভ্যাং (জ্ঞানযোগ ও নিষ্কাম কর্ম্মযোগের দ্বারা) স্বধর্ম্মপরিনিষ্ঠয়া চ (এবং ভক্তিযোগনিষ্ঠা দ্বারা) অন্তে [অপি] (মৃত্যু সময়েও যে) নারায়ণস্মৃতিঃ (শ্রীহরির স্মরণ), এতাবান্ (ইহাই) পুংসাং (মানবগণের) পরঃ জন্মলাভঃ (জন্মের পরম লাভ) ॥ ৬ ॥

রাজন্ (হে নৃপ!) নৈর্গুণ্যস্থাঃ (নির্গুণ ব্রহ্মনিষ্ঠ) মুনয়ঃ (মননশীল মুনিগণ) বিধিসেধতঃ (বেদবিহিত বিধিনিষেধাত্মক কর্ম্ম হইতে) নিবৃত্তাঃ (নিবৃত্ত হইয়া) প্রায়েণ (প্রায়ই) হরেঃ (শ্রীহরির) গুণানুকথনে (গুণকীর্ত্তনে) রমন্তে স্ম (আনন্দ অনুভব করিয়া থাকেন) ॥ ৭ ॥

অহং (আমি) দ্বাপরাদৌ (দ্বাপরযুগের অন্তকালে) পিতুঃ দ্বৈপায়নাৎ (জনক বেদব্যাসের নিকটে) ইদং ভাগবতং নাম (এই ভাগবত নামক) ব্রহ্মসম্মিতং (বেদতুল্য) পুরাণং (মহাপুরাণ) অধীতবান্ (অধ্যয়ন করিয়াছিলাম) ॥ ৮ ॥

অনুবাদ

হে রাজন্! নির্গুণ ব্রহ্মনিষ্ঠ মননশীল মুনিগণ বেদবিহিত বিধিনিষেধাত্মক কর্ম্মসকল হইতে নিবৃত্ত হইয়া প্রায়ই শ্রীহরির গুণকীর্ত্তনে আনন্দ অনুভব করিয়া থাকেন ॥ ৭ ॥

হে রাজন্! আমি দ্বাপরযুগের অন্তকালে আমার পিতা বেদব্যাসের নিকটে এই ভাগবত নামক বেদতুল্য মহাপুরাণ অধ্যয়ন করিয়াছিলাম ॥ ৮ ॥

টীকা

জন্মনো লাভঃ "ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম ব্যাহরন্ মামনুস্মরন্। যঃ প্রযাতি ত্যজন্ দেহং স যাতি পরমাং গতিমি"তি স্বস্মৃতিফলঞ্চ স্বমুখেনৈবোক্তম্ ॥ ৬ ॥ হরিভজনানন্দে নিমগ্নানামপ্রাপ্তিবিধিনিষেধাবসরাণাং মহামুনীনাং আচারঞ্চাত্র প্রমাণয়তি—প্রায়েণেতি। নৈর্গুণ্যস্থাঃ প্রাকৃতগুণাস্পৃষ্ট ব্রহ্মনিষ্ঠাঃ মুনয়ঃ তন্মননৈকস্বভাবাঃ হরিধ্যানৈকনিষ্ঠাঃ হরের্গুণানুকথনমুপলক্ষণমন্যেষাং ভজনপ্রকারাণাম্। অতো বিধিনিষেধতো বিধিনিষেধাভ্যাং নিবৃত্তাঃ যত্র চামৃততুল্যস্যাভিহিতস্যাবকাশো নাস্তি, তত্র কিমুত বিষয়বদ্ধেয়স্য নিষিদ্ধস্যাবকাশো নাস্তীতি বক্তব্যমিতি। অতএবোক্তং পুরাণান্তরে—"স্মর্ত্তব্যঃ সততং বিষ্ণুর্বিস্মর্ত্তব্যো ন জাতুচিৎ। সর্ব্বে বিধিনিষেধাঃ স্যুরেতয়োরেব কিঙ্করা" ইতি। প্রায়েণেতিবিধিনিষেধৌ লোকসংগ্রহায় হরিগুণানুকথনোপযোগিতয়া চ গৃহ্ণন্তীত্যর্থঃ ॥ ৭ ॥ এবং হরিব্যতিরিক্তশ্রবণাদিকমনুপাদেয়ং তচ্ছ্রবণাদিকঞ্চ উপাদেয়মিত্যুক্তং। অথ তচ্ছ্রবণাদিনিষ্ঠাপাদকং শাস্ত্রং শ্রাবয়িতুং প্রতিজানীতে ইদমিত্যাদি ত্রিভিঃ। ভগবতা বেদব্যাসেন প্রোক্তং ভাগবতং ব্রহ্মণা বেদেন সম্মিতং তুল্যম্। পিতুর্দ্বৈদব্যাসাৎ দ্বাপর আদির্যস্য দ্বাপরান্তস্য তস্মিন্ কালে

পরিনিষ্ঠিতোঽপি নৈর্গুণ্যে উত্তমঃশ্লোকলীলয়া।
গৃহীতচেতা রাজর্ষে! আখ্যানং যদধীতবান্ ॥ ৯ ॥
তদহং তেঽভিধাস্যামি মহাপৌরুষিকো ভবান্।
যস্য শ্রদ্দধতামাশু স্যান্মুকুন্দে মতিঃ সতী ॥ ১০ ॥
এতন্নির্ব্বিদ্যমানানামিচ্ছতামকুতোভয়ম্।
যোগিনাং নৃপ! নির্ণীতং হরের্নামানুকীর্ত্তনম্ ॥ ১১ ॥

অন্বয়

হে রাজর্ষে! নৈর্গুণ্যে (প্রাকৃতগুণসম্বন্ধরহিত অর্থাৎ নির্গুণ ব্রহ্মে) পরিনিষ্ঠিতঃ অপি (ধ্যাননিষ্ঠা প্রাপ্ত হইয়াও) উত্তমঃশ্লোকলীলয়া (শ্রীকৃষ্ণের লীলায়) গৃহীতচেতাঃ (আকৃষ্টচিত্ত হইয়া [আমি]) যৎ আখ্যানং অধীতবান্ (যে আখ্যান অধ্যয়ন করিয়াছিলাম), তৎ (সেই আখ্যান) তে (আপনাকে) অভিধাস্যামি (বলিব), [যেহেতু] ভবান্ (আপনি) মহাপৌরুষিকঃ (বিষ্ণুভক্ত)। শ্রদ্দধতাং (এই ভাগবতে শ্রদ্ধাসম্পন্ন মানবগণের) মুকুন্দে (মুক্তিপ্রদ শ্রীহরিতে) আশু সতী মতিঃ স্যাৎ (শীঘ্রই বিশুদ্ধা মতি হইয়া থাকে) ॥ ৯-১০ ॥

নৃপ! (হে রাজন্!) নির্ব্বিদ্যমানানাং (সংসারবিরাগী) যোগিনাং (যোগত্রয়-

অনুবাদ

হে রাজর্ষে! প্রাকৃতগুণসম্বন্ধরহিত অর্থাৎ নির্গুণ শ্রীহরির ধ্যাননিষ্ঠা প্রাপ্ত হইয়াও আমি শ্রীকৃষ্ণলীলায় আকৃষ্টচিত্ত হইয়া যে ভাগবত নামক আখ্যান অধ্যয়ন করিয়াছিলাম, সেই আখ্যান আপনাকে বলিব; কারণ আপনি পরম বৈষ্ণব। এই ভাগবত নামক আখ্যানে শ্রদ্ধাসম্পন্ন মানবগণের মুক্তিপ্রদ শ্রীহরিতে শীঘ্রই বিশুদ্ধা মতি হইয়া থাকে অর্থাৎ শ্রীকৃষ্ণগুণাবলী শ্রবণে শ্রীকৃষ্ণে ঐকান্তিকী ভক্তি জন্মিয়া থাকে ॥ ৯-১০ ॥

হে রাজন্! সংসার হইতে বিরক্ত জ্ঞানযোগ, নিষ্কাম-কর্ম্মযোগ ও ভক্তিযোগনিষ্ঠ মুমুক্ষুগণের এই শ্রীহরির নামকীর্ত্তনই মোক্ষের উপায়রূপে নিরূপিত হইয়াছে ॥ ১১ ॥

টীকা

অহম্ অধীতবান্ ॥ ৮ ॥ নৈর্গুণ্যে প্রাকৃতগুণসম্বন্ধরহিতে মঙ্গলগুণগণার্ণবে পরিনিষ্ঠিতোঽপি যদর্থঃ শাস্ত্রাধ্যয়নাদিব্যাপারস্তাং ধ্যাননিষ্ঠাং প্রাপ্তোঽপি উত্তমঃকীর্ত্তের্ভগবতো লীলয়া গৃহীতং চেতো যস্য সঃ যদাখ্যানমধীতবানস্মি তদভিধাস্যামীত্যুত্তরেণান্বয়ঃ ॥ ৯ ॥ তদাখ্যানং তে তুভ্যং অহম্ অভিধাস্যামি কথয়িষ্যামি। যতো ভবান্ "বেদাহমেতং পুরুষং মহান্তমি"তি শ্রুতিপ্রোক্তো মহাপুরুষো ভগবান্। তদীয়-আখ্যানশ্রবণকথনাদেঃ ফলং কৈমুতিকন্যায়েনাহ যস্যেতি। যস্মিন্ শ্রদ্দধতাং শ্রদ্ধাং কুর্ব্বতাং মুকুন্দে মুক্তিপ্রদে সতী অব্যভিচারিণী মতিঃ স্যাৎ, তদ্‌গুণশ্রবণাদিদ্বারা অনন্যবিষয়া ভক্তির্ভবেৎ ॥ ১০ ॥ কিঞ্চ হে নৃপ! সংসারান্নির্ব্বিণ্ণানাং যোগত্রয়নিষ্ঠানাম্ অকুতোভয়ং মোক্ষমিচ্ছতাম্ অভয়সাধনমেতদেব। কিং তৎ? হরেঃ নামানুকীর্ত্তনম্ ইদং গুণস্বরূপাদিশ্রবণ-মননাদেরপ্যুপলক্ষণম্ ॥ ১১ ॥

কিং প্রমত্তস্য বহুভিঃ পরোক্ষৈর্হায়নৈরিহ।
বরং মুহূর্ত্তং বিদিতং ঘটেত শ্রেয়সে যতঃ ॥ ১২ ॥
খট্বাঙ্গো নাম রাজর্ষির্জ্ঞাত্বেয়ত্তামিহায়ুষঃ।
মুহূর্ত্তাৎ সর্ব্বমুৎসৃজ্য গতবানভয়ং হরিম্ ॥ ১৩ ॥

অন্বয়

নিষ্ঠ) অকুতোভয়ম্ ইচ্ছতাম্ (মুমুক্ষুগণের) এতৎ হরেঃ নামানুকীর্ত্তনং (এই শ্রীহরির নাম কীর্ত্তনই) [মোক্ষ সাধনরূপে] নির্ণীতং (নিরূপিত হইয়াছে) ॥ ১১ ॥

[মহারাজ পরীক্ষিৎ নিজের আয়ুঃ আর অল্প সময়ই আছে ইহা মনে করিয়া বিমনা হইতে পারেন, এইজন্য বলিতেছেন] (হে রাজন্) ইহ (এই সংসারে) প্রমত্তস্য (দেহাদি বিষয়ে আসক্ত ব্যক্তির) পরোক্ষৈঃ (অবিদিতভাবে অর্থাৎ সময়ের মূল্য না বুঝিয়া) বহুভিঃ হায়নৈঃ (বহু বৎসর পরমায়ুলাভে) কিং (কি ফল?) [অর্থাৎ কোনই ফল নাই]। বিদিতং ("এইটুকুমাত্র অবশিষ্ট, ইহা যেন বৃথা না যায়" এই প্রকারে জ্ঞাত) মুহূর্ত্তং [অপি] বরং (মুহূর্ত্তকালও শ্রেষ্ঠ), যতঃ (যেহেতু) শ্রেয়সে ঘটেত [সেই জ্ঞাত মুহূর্ত্তের দ্বারাও শ্রেয়স্কামী] (মঙ্গললাভে যত্ন করিয়া থাকেন) ॥ ১২ ॥

খট্বাঙ্গো নাম রাজর্ষিঃ (খট্বাঙ্গ নামক এক রাজর্ষি) আয়ুষঃ (আয়ুর) ইয়ত্তাং জ্ঞাত্বা (পরিমাণ জানিতে পারিয়া) ইহ (এই সংসারে) সর্ব্বম্ উৎসৃজ্য (রাজ্যাদি বিষয়সমূহ পরিত্যাগ করিয়া) মুহূর্ত্তাৎ (মুহূর্ত্তকাল মধ্যেই) অভয়ং (অভয়স্বরূপ) হরিং (শ্রীহরিকে) গতবান্ (প্রাপ্ত হইয়াছিলেন) ॥ ১৩ ॥

অনুবাদ

হে রাজন্! এই সংসারে দেহাদিবিষয়ে আসক্ত ব্যক্তির অজ্ঞাতভাবে অর্থাৎ সময়ের মূল্য না বুঝিয়া বহুবৎসর পরমায়ুলাভে কি ফল? অর্থাৎ কোনই ফল নাই। পরন্তু "এইটুকু মাত্র অবশিষ্ট আছে, ইহা যেন বৃথা না যায়" এই প্রকারে জ্ঞাত মুহূর্ত্তকালও শ্রেষ্ঠ, কারণ সেই জ্ঞাত মুহূর্ত্তের দ্বারাও শ্রেয়স্কামী ব্যক্তি মঙ্গলের জন্য যত্ন করিয়া থাকেন ॥ ১২ ॥

খট্বাঙ্গ নামক এক রাজর্ষি দেবতাগণের মুখে নিজের পরমায়ু আর মুহূর্ত্ত-কাল অবশিষ্ট আছে জানিতে পারিয়া এই সংসারে যাহা সম্পৎ, সেই রাজ্যাদি বিষয়-সমূহ পরিত্যাগ করিয়া অর্থাৎ আসক্তি পরিত্যাগ করিয়া মুহূর্ত্তকালেই অভয়স্বরূপ শ্রীহরিকে প্রাপ্ত হইয়াছিলেন ॥ ১৩ ॥

টীকা

অল্পায়ুরধুনা কিং করিষ্যামীতি সংশয়ং মা কুরু ইত্যাহ কিমিতি ত্রিভিঃ। প্রমত্তস্য দেহাদ্যাসক্তস্য পরোক্ষৈরবিদিতৈর্বহুভিরপি হায়নৈঃ সম্বৎসরৈঃ কিং ফলং ভবেৎ? ন কিমপীত্যর্থঃ। বিদিতং তু "ইদমবশিষ্টং তদ্ বৃথা মা ভবতু" ইত্যেবং জ্ঞাতং তু মুহূর্ত্তমপি বরং শ্রেষ্ঠম্। যতো যেন বিদিতেন শ্রেয়স্কামঃ শ্রেয়সে ঘটেত যজেত ॥ ১২ ॥ খট্বাঙ্গো নাম রাজর্ষিঃ দেবমুখাৎ মুহূর্ত্তমাত্রং তবায়ুরস্তীতি আয়ুষঃ ইয়ত্তাম্ এতাবন্তাং জ্ঞাত্বা সর্ব্বং রাজ্যাদিকম্ উৎসৃজ্য তস্মাদেব বিদিতাৎ মুহূর্ত্তাৎ হরিভজনরূপ সাধন-

তবাপ্যেতর্হি কৌরব্য ! সপ্তাহং জীবিতাবধিঃ ।
উপকল্পয় তৎ সর্ব্বং তাবদ্ যৎ সাম্পরায়িকম্ ॥ ১৪ ॥
অন্তকালে তু পুরুষ আগতে গতসাধ্বসঃ ।
ছিন্দ্যাদসঙ্গশস্ত্রেণ স্পৃহাং দেহেঽনু যে চ তম্ ॥ ১৫ ॥
গৃহাৎ প্রব্রজিতো ধীরঃ পুণ্যতীর্থজলাপ্লুতঃ ।
শুচৌ বিবিক্ত আসীনো বিধিবৎ কল্পিতাসনে ॥ ১৬ ॥

অন্বয়

কৌরব্য ! (হে কুরুনন্দন !) তব (আপনার কিন্তু) এতর্হি অপি (এখনও) সপ্তাহং (সাত দিন) জীবিতাবধিঃ (জীবন সময় আছে) ; [অতএব আপনি] তাবৎ (এই সপ্তাহকাল মধ্যে) যৎ সাম্পরায়িকং (যাহা পরলোকের সাধন), তৎ সর্ব্বং (সেই সমুদায়) উপকল্পয় (সম্যক্‌রূপে অনুষ্ঠান করুন) ॥ ১৪ ॥

অন্তকালে (মরণসময়) আগতে তু (উপস্থিত হইলে) পুরুষঃ গতসাধ্বসঃ (পুরুষ ভয়শূন্য হইয়া) [অর্থাৎ মৃত্যুকে ভয় না করিয়া] অসঙ্গশস্ত্রেণ (বৈরাগ্যরূপ খড়্গের দ্বারা) দেহে (দেহ) তং অনু (ও সেই দেহকে লক্ষ্য করিয়া) যে চ (যে সকল দেহানুবন্ধী স্ত্রী পুত্রাদি, তাহাতে) স্পৃহাং (যে আসক্তি, তাহা) ছিন্দ্যাৎ (ছেদন করিবেন) ॥ ১৫ ॥

[অষ্টাঙ্গ যোগ উপদেশ করিতেছেন। যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধ্যান, ধারণা ও সমাধি এই আটটি যোগের অঙ্গ] গৃহাৎ (যোগের অন্তরায় স্বরূপ যে গৃহ, তাহা হইতে) প্রব্রজিতঃ

অনুবাদ

হে কুরুনন্দন ! আপনার কিন্তু এখনও সাত দিন জীবন কাল আছে। অতএব আপনি এই সপ্তাহকাল মধ্যে যাহা পরলোকে হিতকর, সেই সমুদয় সম্যক্‌রূপে অনুষ্ঠান করুন ॥১৪॥

মানবগণের দেহান্তকাল উপস্থিত হইলে মৃত্যুকে ভয় না করিয়া বৈরাগ্যরূপ খড়্গের দ্বারা এই দেহও দেহানুবন্ধী স্ত্রীপুত্রাদিতে যে আসক্তি, তাহা ছেদন করা কর্ত্তব্য অর্থাৎ সকল বিষয়ে আসক্তি পরিত্যাগ করা উচিত ॥ ১৫ ॥

[অষ্টাঙ্গ যোগ উপদেশ করিতেছেন]—যোগের অন্তরায় স্বরূপ যে গৃহ, তাহা হইতে বৈরাগ্যাবলম্বন পূর্ব্বক বহির্গত হইয়া জিতেন্দ্রিয় ব্যক্তি অর্থাৎ সংযমী ব্যক্তি পুণ্য তীর্থের জলে

টীকা

নিষ্পত্তিকালাদভয়ং হরিং গতবান্ প্রাপ্তঃ ॥ ১৩ ॥ হে কৌরব্য ! তব তু এতর্হি ইদানীমপি সপ্তাহং জীবিতাবধিরস্তি। তাবতা সপ্তাহেন যৎ সাম্পরায়িকং পরলোকসাধনং তৎ সর্ব্বমুপকল্পয় সমাচর ॥ ১৪ ॥ তৎ সর্ব্বপরিত্যাগপূর্ব্বকং সপরিকরমষ্টাঙ্গযোগং তাবদাহ অন্তকালে ইতি সার্দ্ধৈঃ সপ্তভিঃ। দেহান্তকালে আগতে আসন্নে গতসাধ্বসঃ নিরস্তমৃত্যুভয়ঃ অসঙ্গশস্ত্রেণ বৈরাগ্যখড়্গেন দেহং দেহমনু যে দেহানুবন্ধিনঃ তেষু চ স্পৃহামিচ্ছাম্ আসক্তিং ছিন্দ্যাৎ ॥ ১৫ ॥ গেহাৎ যোগবিরোধিজনালয়াৎ প্রব্রজিতো নির্গতঃ ধীরো বিজিতেন্দ্রিয়ঃ ব্রহ্মচর্য্যাদেঃ যমস্যোপলক্ষণমিদং, পুণ্যতীর্থজলাপ্লুতঃ ইত্যনেন স্নানাদি নিয়মো দর্শিতঃ। আসনাখ্যমঙ্গমাহ—শুচাবিতি ॥ ১৬ ॥

অভ্যসেন্মনসা শুদ্ধং ত্রিবৃদ্ ব্রহ্মাক্ষরং পরম্।
মনো যচ্ছেজ্জিতশ্বাসো ব্রহ্মবীজমবিস্মরন্ ॥ ১৭ ॥
নিযচ্ছেদ্ বিষয়েভ্যোঽক্ষান্মনসা বুদ্ধিসারথিঃ।
মনঃ কর্ম্মভিরাক্ষিপ্তং শুভার্থে ধারয়েদ্ধিয়া ॥ ১৮ ॥

অন্বয়

(বহির্গত হইয়া) ধীরঃ (জিতেন্দ্রিয় ব্যক্তি) পুণ্যতীর্থজলাপ্লুতঃ (পুণ্যতীর্থের জলে অবগাহন করতঃ) শুচৌ বিবিক্তে (পবিত্র ও নির্জ্জন স্থানে) বিধিবৎ কল্পিতাসনে (শাস্ত্রোক্ত কুশ, মৃগচর্ম্ম বা কম্বলাসন প্রভৃতিতে) আসীনঃ (উপবিষ্ট হইবেন)। [এই শ্লোকে "ধীরঃ" এই শব্দের দ্বারা অহিংসা, সত্য, অস্তেয়, ব্রহ্মচর্য্য ও অপরিগ্রহরূপ যমের কথা বলা হইল; "পুণ্যতীর্থজলাপ্লুতঃ" এই অংশের দ্বারা শৌচ, সন্তোষ, ও তপ প্রভৃতি নিয়ম বলা হইল এবং পরার্দ্ধের দ্বারা আসনের কথা বলা হইল] ॥ ১৬ ॥

[অনন্তর জপপূর্ব্বক প্রাণায়াম করিতে হইবে, ইহাই বলিতেছেন] (অনন্তর যোগী) পরং শুদ্ধং (পরম পবিত্র) ত্রিবৃদ্ ব্রহ্মাক্ষরং (অকার উকার ও মকার গ্রথিত চিদচিচ্ছক্তিযুক্ত ব্রহ্মবাচক প্রণব) মনসা অভ্যসেৎ (মনে মনে পুনঃ পুনঃ আবৃত্তি করিবেন)। ব্রহ্মবীজং অবিস্মরন্ (প্রণব ভাবনা করিতে করিতে) জিতশ্বাসঃ (প্রাণায়ামের দ্বারা শ্বাসজয় করিয়া) মনঃ যচ্ছেৎ (মনকে বশীভূত করিবেন) ॥ ১৭ ॥

[ইন্দ্রিয়ের প্রত্যাহারপ্রণালী দেখাইতেছেন] বুদ্ধিসারথিঃ (নিশ্চয়াত্মিকা বুদ্ধিযুক্ত হইয়া)

অনুবাদ

অবগাহনাদি নিয়ম পালন করতঃ পবিত্র ও নির্জ্জন স্থানে শাস্ত্রোক্ত কুশ, মৃগচর্ম্ম বা কম্বল প্রভৃতি আসনে উপবিষ্ট হইবেন ॥ ১৬ ॥

[অনন্তর জপ পূর্ব্বক প্রাণায়াম করিতে হইবে, তাহাই বলিতেছেন] অনন্তর যোগী "অ" "উ" "ম" এই অক্ষরত্রয় গ্রথিত চিদচিচ্ছক্তিযুক্ত ব্রহ্মবাচক পরম পবিত্র প্রণব মনে মনে পুনঃ পুনঃ আবৃত্তি করিবেন এবং প্রণব ভাবনা করিতে করিতে প্রাণায়ামের দ্বারা শ্বাসজয় করতঃ মনকে বশীভূত করিবেন ॥ ১৭ ॥

[ইন্দ্রিয়ের প্রত্যাহার প্রণালী দেখাইতেছেন]—যোগী নিশ্চয়াত্মিকা বুদ্ধিযুক্ত হইয়া

টীকা

জপগর্ভং প্রাণায়ামং দর্শয়িতুং তত্র জাপ্যং তাবদাহ অভ্যসেদিতি। ত্রিবৃৎ ত্রিভিরকারোকারমকারৈ বৃতং বর্ত্তিতং প্রবর্ত্তিতং ব্রহ্মাক্ষরং চিদচিচ্ছক্তিমদ্ব্রহ্মবাচকম্। তত্রাকারো বিশেষতঃ শক্তিমদ্ বাচকঃ। অক্ষরদ্বয়ং শক্তিদ্বয়বাচকম্। সমুদায়োঽভেদপরোঽবয়বা ভেদপরাঃ। তদেবং সর্ব্ববেদসূত্রং প্রণবং শুদ্ধং মনসা অভ্যসেৎ আবর্ত্তয়েৎ। জিতশ্বাসঃ জিতপ্রাণঃ ব্রহ্মবীজং বেদসূত্রম্ অবিস্মরন্ মনো নিযচ্ছেৎ। প্রণবজপাশক্ত্যা প্রাণায়ামেন মনোনিয়মনং কুর্য্যাৎ ইতি প্রাণায়াম উক্তঃ ॥ ১৭ ॥ ইন্দ্রিয়প্রত্যাহারপ্রকারং দর্শয়তি নিযচ্ছেদিতি। নিশ্চয়াত্মিকা বুদ্ধিঃ সারথিঃ সহায়কারিণী যস্য সঃ, প্রাণায়ামেন নিয়মিতং যন্মনঃ তেন বিষয়েভ্যঃ শব্দাদিভ্যোঽক্ষান্

তত্রৈকাবয়বং ধ্যায়েদব্যুচ্ছিন্নেন চেতসা।
মনো নির্ব্বিষয়ং যুক্ত্বা ততঃ কিঞ্চন ন স্মরেৎ ॥ ১৯ ॥
পদং তৎ পরমং বিষ্ণোর্মনো যত্র প্রসীদতি।
রজস্তমোভ্যামাক্ষিপ্তং বিমূঢ়ং মন আত্মনঃ ॥
যচ্ছেদ্ধারণয়া ধীরো হন্তি যা তৎকৃতং মলম্ ॥ ২০ ॥

অন্বয়

মনসা (নিয়মিত মনের দ্বারা) বিষয়েভ্যঃ (শব্দাদি বিষয় হইতে) অক্ষান্ (শ্রোত্রাদি ইন্দ্রিয় সমূহকে) নিযচ্ছেৎ (বশীভূত করিবেন)। [ধারণার বিষয় বলিতেছেন] কর্ম্মভিঃ (প্রণবজপ ও ইন্দ্রিয়নিয়মনরূপ ব্যাপারের দ্বারা) আক্ষিপ্তং মনঃ (আকৃষ্ট মনকে) ধিয়া (নিশ্চয়াত্মিকা বুদ্ধির দ্বারা) শুভার্থে (ভগবানের রূপে ধারণা করিবেন, অর্থাৎ স্থির করিবেন)॥ ১৮ ॥

[ধ্যান বলিতেছেন] (অনন্তর যোগী) অব্যুচ্ছিন্নেন চেতসা (ভগবানের সমগ্ররূপ হইতে অনিবৃত্ত চিত্তের দ্বারা) তত্র (সেই ধ্যেয়রূপে) একাবয়বং (পাদাদি এক এক অঙ্গ) ধ্যায়েৎ (ধ্যান করিবেন)। [সমাধি বলিতেছেন] ততঃ (ধ্যানানন্তর যোগী) মনঃ নির্ব্বিষয়ং যুক্ত্বা (মনকে নির্ব্বিষয় করিয়া অর্থাৎ ভগবদ্রূপ হইতে অপসারিত করতঃ কেবল জ্ঞাতারূপে অবস্থান করিয়া) কিঞ্চন ন স্মরেৎ (অপর কিছুই স্মরণ করিবেন না)॥ ১৯ ॥

[আশ্রয় নিরূপণ করিতেছেন] যত্র (যাহাতে) মনঃ প্রসীদতি (মন প্রসন্ন হয়), তৎ (সেই) বিষ্ণোঃ (ভগবান্ শ্রীবিষ্ণুর) পরমং (শ্রীসম্পন্ন) পদং (স্বরূপই আশ্রয়)। ধীরঃ (ধীর

অনুবাদ

পূর্ব্বোক্ত প্রাণায়ামে নিয়মিত যে মন, তাহার দ্বারা শব্দাদি বিষয় হইতে শ্রোত্রাদি ইন্দ্রিয় সমূহকে বশীভূত করিবেন। [ধারণার বিষয় বলিতেছেন]—অনন্তর যোগী প্রণবজপ ও ইন্দ্রিয়নিয়মনরূপ ব্যাপারের দ্বারা আকৃষ্ট মনকে নিশ্চয়াত্মিকা বুদ্ধিদ্বারা ভগবদ্রূপে ধারণা করিবেন অর্থাৎ স্থির করিবেন ॥ ১৮ ॥

[ধ্যান বলিতেছেন]—অনন্তর যোগী ভগবানের সমগ্ররূপ হইতে অনিবৃত্ত চিত্তের দ্বারা সেই ধ্যেয়রূপে পাদাদি এক এক অঙ্গ ধ্যান করিবেন। [সমাধি বলিতেছেন]—ধ্যানের পরে কারণরূপ মনকে নির্ব্বিষয় করিয়া কেবল জ্ঞাতারূপে অবস্থান করতঃ অপর কিছুই স্মরণ করিবেন না ॥ ১৯ ॥

[এখন আশ্রয় কে? তাহাই বলিতেছেন]—যাহাতে মন প্রসন্ন হইয়া থাকে,

টীকা

শ্রোত্রাদীনি ইন্দ্রিয়াণি নিযচ্ছেৎ বশবর্ত্তীনি কুর্য্যাৎ। ধারণামাহ মন ইতি। কর্ম্মভিঃ প্রণবজপাক্ষনিয়মনাদি-ব্যাপারৈঃ আকৃষ্টং মনঃ শুভে ভগবদ্রূপে অর্থে আশ্রয়ে সামান্যতঃ ধারয়েৎ স্থিরীকুর্য্যাৎ॥ ১৮ ॥ ধ্যানমাহ তত্রেতি। অব্যুচ্ছিন্নেন সমগ্ররূপাদবিনিবৃত্তেন চেতসা তত্র তস্মিন্ রূপে বিশেষতঃ একমবয়বং পাদাদিরূপমঙ্গং ধ্যায়েৎ। সমাধিমাহ মন ইতি। মনো নির্ব্বিষয়ং কৃত্বা করণরূপং মনঃ উপনেত্রোপমং ভগবদ্রূপাৎ অপসার্য্য জ্ঞাতৈব কেবলঃ পাদপদ্মালিঙ্গনং কুর্য্যাৎ। অতঃ কিঞ্চন করণাদিকম্ অপি ন স্মরেদিত্যর্থঃ॥ ১৯ ॥ আশ্রয়ং নিরূপয়তি পদমিতি। পরা তদসাধারণা যা শ্রীঃ যস্মিন্ তৎ, যত্র মনঃ

যতঃ সন্ধার্য্যমাণায়াং যোগিনো ভক্তিলক্ষণঃ।
আশু সম্পদ্যতে যোগ আশ্রয়ং ভদ্রমীক্ষতঃ ॥ ২১ ॥

রাজোবাচ

যথা সন্ধার্য্যতে ব্রহ্মন্! ধারণা যত্র সম্মতা।
যাদৃশী বা হরেদাশু পুরুষস্য মনোমলম্ ॥ ২২ ॥

অন্বয়

ব্যক্তি) রজস্তমোভ্যাং আক্ষিপ্তং বিমূঢ়ং (রজোগুণের দ্বারা বিক্ষিপ্ত ও তমোগুণের দ্বারা বিমূঢ়) আত্মনঃ মনঃ (নিজের মনকে) ধারণয়া যচ্ছেৎ (ধারণা দ্বারা সংযত করিবেন)। যা (ধারণা) তৎকৃতং (রজঃ ও তমোগুণকৃত) মলং (রাগাদি মলসমূহ) হন্তি (বিনাশ করিয়া থাকে) ॥ ২০ ॥

যতঃ সন্ধার্য্যমাণায়াং (এই ধারণা সম্যক্‌রূপে অনুষ্ঠিত হইলে) ভদ্রম্ আশ্রয়ং (আশ্রয়স্বরূপ মঙ্গলমূর্ত্তি ভগবানের) ঈক্ষতঃ (দর্শনকারী) যোগিনঃ (যোগিগণের) ভক্তি লক্ষণঃ যোগঃ (ভক্তিযোগ) আশু (শীঘ্রই) সম্পদ্যতে (সম্পন্ন হইয়া থাকে) ॥ ২১ ॥

রাজা উবাচ (মহারাজ পরীক্ষিৎ বলিলেন) [হে] ব্রহ্মন্! ধারণা যথা সন্ধার্য্যতে (যে প্রকারে ধারণ করা যায়) যত্র চ (ও যেই আশ্রয়ে) সম্মতা (ধারণা করা উচিত) যাদৃশী বা (এবং যে প্রকার ধারণা) পুরুষস্য মনোমলং (পুরুষের মনোমল) আশু (শীঘ্র) হরেৎ (বিনষ্ট করিয়া থাকে) [তাহা আমাকে বলুন] ॥ ২২ ॥

অনুবাদ

সেই শ্রীবিষ্ণুর পরম স্বরূপই আশ্রয়। ধীর ব্যক্তি রজোগুণের দ্বারা বিক্ষিপ্ত ও তমোগুণের দ্বারা বিমূঢ় মনকে ধারণাদ্বারা সংযত করিয়া থাকেন। ধারণা রজঃ ও তমোগুণকৃত রাগাদি মলসমূহ বিনাশ করিয়া থাকে ॥ ২০ ॥

এই ধারণা সম্যক্‌রূপে অনুষ্ঠিত হইলে আশ্রয় স্বরূপ মঙ্গলমূর্ত্তি ভগবানের দর্শনকারী যোগিগণের ভক্তিযোগ শীঘ্রই সম্পন্ন হইয়া থাকে ॥ ২১ ॥

[মহারাজ পরীক্ষিৎ এই প্রকারে সংক্ষেপে অষ্টাঙ্গযোগের বিষয় শ্রবণ করিয়া বিস্তৃতরূপে জানিবার মানসে শুকদেবকে বলিলেন]—হে ব্রহ্মন্! যে প্রকারে ধারণা করা যায় ও যাহা অবলম্বনে ধারণা করা কর্ত্তব্য এবং যেই ধারণা পুরুষের মনোমল শীঘ্রই বিনষ্ট করিতে পারে, তাহা আমাকে বিস্তার করিয়া বলুন ॥ ২২ ॥

টীকা

প্রসীদতি উপশাম্যতি তদ্বিষ্ণোঃ পদং স্বরূপং কদাচিৎ রজস্তমোভ্যাং ক্ষোভে সতি ধারণয়ৈব স্থিরীকুর্য্যাদিত্যাহ—রজস্তমোভ্যামিতি, রজসা আক্ষিপ্তং, তমসা বিমূঢ়ম্ আত্মনো মনঃ ধারণয়া যচ্ছেৎ স্থিরীকুর্য্যাৎ। ধারণমাহাত্ম্যং দর্শয়তি সপাদেন। রজস্তমোভ্যাং কৃতং মনোমলং রাগাদিকং হন্তি অপনয়তি ॥ ২০ ॥ যতো যস্যাং সন্ধার্য্যমাণায়াং অনুষ্ঠীয়মানায়াং ভদ্রং কল্যাণরূপং আশ্রয়মীক্ষতঃ ধ্যাতুঃ ভক্তিলক্ষণঃ যোগঃ শীঘ্রং সম্পদ্যতে ॥ ২১ ॥ এবং সংক্ষেপতঃ অষ্টাঙ্গযোগং শ্রুত্বা বিস্তরতঃ তং জিজ্ঞাসুঃ পৃচ্ছতি যথেতি। হে ব্রহ্মণ! ধারণা যথা সন্ধার্য্যতে, যত্র যস্মিন্ আশ্রয়ে সম্মতা চ, বেতি চার্থে। যাদৃশী পুরুষস্য ধ্যাতুঃ আশু মনোমলং হরেৎ, এতৎ সর্ব্বং ব্রূহীতি শেষঃ ॥ ২২ ॥

শ্রীশুক উবাচ

জিতাসনো জিতশ্বাসো জিতসঙ্গো জিতেন্দ্রিয়ঃ।
স্থূলে ভগবতো রূপে মনঃ সন্ধারয়েদ্ধিয়া ॥ ২৩ ॥
বিশেষস্তস্য দেহোঽয়ং স্থবিষ্ঠশ্চ স্থবীয়সাম্।
যত্রেদং দৃশ্যতে বিশ্বং ভূতং ভব্যং ভবচ্চ সৎ ॥ ২৪ ॥
অণ্ডকোষে শরীরেঽস্মিন্ সপ্তাবরণসংযুতে।
বৈরাজঃ পুরুষো যোঽসৌ ভগবান্ ধারণাশ্রয়ঃ ॥ ২৫ ॥

অন্বয়

শ্রীশুকঃ উবাচ (শ্রীশুকদেব বলিলেন) জিতাসনঃ (আসনাভ্যাস করিয়া) জিতশ্বাসঃ (প্রাণায়াম দ্বারা প্রাণবায়ু জয়) জিতসঙ্গঃ (ও বিষয়াসক্তি পরিত্যাগ করতঃ) জিতেন্দ্রিয়ঃ (ইন্দ্রিয় সমূহকে জয় করিয়া যোগী) ধিয়া (নিশ্চয়াত্মিকা বুদ্ধির দ্বারা) ভগবতঃ স্থূলে রূপে (ভগবানের স্থূল রূপে) মনঃ সন্ধারয়েৎ (মনের ধারণা করিবেন) ॥ ২৩ ॥

যত্র (যাহাতে) ভূতং (অতীত) ভব্যং (ভবিষ্যৎ) ভবৎ চ (ও বর্ত্তমান) ইদং (এই চিদচিদাত্মক) সৎ বিশ্বং দৃশ্যতে (স্থূল জগৎ অবস্থান করে), স্থবীয়সাং স্থবিষ্ঠং চ (স্থূলকার্য্য সমূহের অপেক্ষাও স্থূলতর) অয়ং বিশেষঃ (এই পৃথিব্যাদি সমষ্টিরূপ বিরাট্দেহ) তস্য (সেই ভগবানের) দেহঃ (শরীর) ॥ ২৪ ॥

সপ্তাবরণসংযুতে (ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ, ব্যোম, অহঙ্কার ও মহত্তত্ত্ব এই সাতটি

অনুবাদ

শ্রীশুকদেব বলিলেন—আসনাভ্যাস, প্রাণায়ামদ্বারা প্রাণবায়ুর জয় ও বিষয়াসক্তি পরিত্যাগকরতঃ ইন্দ্রিয়সমূহকে জয় করিয়া যোগী নিশ্চয়াত্মিকা বুদ্ধির দ্বারা শ্রীভগবানের স্থূল-রূপে মনের ধারণা করিবেন ॥ ২৩ ॥

যাহাতে ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান এই চিদচিদাত্মক সমস্ত জগৎ অবস্থান করে, স্থূলকার্য্যসমূহের অপেক্ষাও স্থূলতর এই পৃথিব্যাদি সমষ্টিরূপ বিরাট্দেহ ভগবানেরই দেহ অর্থাৎ যাহা কিছু হইয়াছে, হইতেছে বা হইবে, সেই সমস্তই ভগবানের বিরাট্ দেহে অবস্থান করে ॥ ২৪ ॥

ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ ও আকাশ এবং অহঙ্কারতত্ত্ব ও মহত্তত্ত্ব এই সাতটি

টীকা

উত্তরমাহ—জিতাসন ইত্যারভ্য তাবৎ স্থবীয়ঃ পুরুষস্য রূপং ক্রিয়াবসানে প্রযতঃ স্মরেত ইত্যন্তেন। তত্র যথা সন্ধার্য্যতে ইত্যস্যোত্তরং জিতাসন ইত্যাদি। যত্র সম্মতেত্যস্য স্থূলে ভগবতো রূপে ইতি মন্দাধিকারিবিষয়ত্বেন কেচিৎ স্বদেহান্তর্হৃদয়াবকাশে প্রাদেশমাত্রমিত্যুত্তমাধিকারিবিষয়ত্বেন চোত্তরম্। যাদৃশীত্যস্য তু মনঃ সন্ধার্য্যতে ধিয়া ইতি দৃঢ়তয়া কৃতা মনোমলম্ আশু হরিষ্যতীত্যুত্তরং বোধ্যম্। স্থূলে বিস্তরতো বক্ষ্যমাণে স্থবিষ্ঠে বিরাট্দেহে ॥ ২৩ ॥ যত্র ভূতমতীতং ভব্যমনাগতং ভবদ্বর্ত্তমানমিদং চিদচিদাত্মকং বিশ্বং সর্ব্বং দৃশ্যতে, স্থবীয়সাং স্থূলানামপি স্থূলতরঃ সৎ কার্য্যাকারঃ বিশেষঃ পৃথিব্যাদিসজ্ঘাতরূপস্তস্য ভগবতো দেহঃ ॥ ২৪ ॥ অণ্ডকোষে ব্রহ্মাণ্ডকোষে পৃথিব্যপ-

পাতালমেতস্য হি পাদমূলং
পঠন্তি পার্ষ্ণিপ্রপদে রসাতলম্।
মহাতলং বিশ্বসৃজোঽথ গুল্ফৌ
তলাতলং বৈ পুরুষস্য জঙ্ঘে ॥ ২৬ ॥
দ্বে জানুনী সুতলং বিশ্বমূর্ত্তেরূরুদ্বয়ং বিতলঞ্চাতলঞ্চ।
মহীতলং তজ্জঘনং মহীপতে! নভস্তলং নাভিসরো গৃণন্তি ॥ ২৭ ॥

অন্বয়

আবরণে আবৃত) অস্মিন্ অণ্ডকোষে (এই ব্রহ্মাণ্ডকোষরূপ) শরীরে (দেহে) যঃ অসৌ বৈরাজঃ পুরুষঃ (অন্তর্য্যামীরূপে যে ঐ বিরাট্‌পুরুষ) [সঃ] ভগবান্ (সেই ভগবান্‌ই) ধারণাশ্রয়ঃ (ধারণার বিষয়) ॥ ২৫ ॥

(মুনিগণ) বিশ্বসৃজঃ (বিশ্বস্রষ্টা) এতস্য (এই বিরাট্ পুরুষের) পাতালং হি পাদমূলং (পাতালই পাদমূল), রসাতলং পার্ষ্ণিপ্রপদে (রসাতলই পায়ের পশ্চাৎভাগ ও সম্মুখভাগ) অথ (এবং) মহাতলং গুল্ফৌ (মহাতলই গুল্ফদ্বয় অর্থাৎ গোড়ালি), তলাতলং বৈ (তলাতলই) জঙ্ঘে পঠন্তি (জঙ্ঘাদ্বয় বলিয়া থাকেন) ॥ ২৬ ॥

মহীপতে! (হে মহারাজ!) [মুনিগণ] সুতলং বিশ্বমূর্ত্তেঃ (সুতল বিরাট্ পুরুষের) দ্বে

অনুবাদ

আবরণে এই ব্রহ্মাণ্ডকোষরূপ শরীর আবৃত আছে, এই ব্রহ্মাণ্ডরূপ শরীরের মধ্যে অন্তর্য্যামীরূপে যে বিরাট্‌পুরুষ অবস্থান করিতেছেন, সেই ভগবান্‌ই ধারণার বিষয় ॥ ২৫ ॥

মুনিগণ পাতালকেই এই বিশ্বস্রষ্টা বিরাট্‌পুরুষের পাদমূল বলিয়া থাকেন অর্থাৎ পাতালকেই বিরাট্‌পুরুষের পাদতলরূপে উপাস্য বলিয়া বুঝাইয়া থাকেন। এইরূপ রসাতলই তাঁহার পায়ের সম্মুখভাগ ও পশ্চাৎভাগ এবং মহাতলই তাঁহার গুলফদ্বয় অর্থাৎ গোড়ালি ও তলাতলই তাঁহার জঙ্ঘাদ্বয় বা গোড়ালি হইতে জানু পর্য্যন্ত স্থান বলিয়া থাকেন অর্থাৎ সেই সেই স্থান বিরাট্‌পুরুষের সেই সেই অঙ্গরূপে উপাস্য বলিয়া উপদেশ দিয়া থাকেন ॥ ২৬ ॥

হে মহারাজ! মুনিগণ সুতলকে বিরাট্‌পুরুষের জানুদ্বয়, বিতল ও অতলকে

টীকা

তেজোবায্বাকাশাহংকারমহদাখ্যৈঃ সপ্তভিরাবরণৈঃ সংযুতে বাহ্যতঃ কপিত্থাকারেণ অন্তশ্চরাণ্ডবয়ববর্ত্তা কূর্ম্মোপমেন রূপেণ চতুর্ম্মুখাখ্যস্বাভিমানিক্ষেত্রজ্ঞভোগ্যতয়া চ বিশেষতো রাজতে ইতি বিরাট্, তত্রোপাস্যতয়া ভবো বৈরাজঃ পুরুষো ধারণাশ্রয়ঃ ধারণাবিষয়ঃ ॥ ২৫ ॥ এতস্য পুরুষস্য সাবরণপাতালাদিসত্যান্তচতুর্দ্দশভুবনশরীরিণঃ পাতালং পাদমূলং পাদস্যাধোভাগং মুনয়ঃ পঠন্তি। পাতালং পুরুষপাদতলত্বেন উপাস্যং বোধয়ন্তীত্যর্থঃ। এবমগ্রেঽপি বোধ্যম্। পার্ষ্ণিশ্চ প্রপদে পাদস্য পশ্চাৎপুরোভাগে রসাতলং পঠন্তি। বিশ্বসৃজঃ সর্ব্বস্রষ্টুঃ অথ দ্বৌ গুল্ফৌ মহাতলং, দ্বে জঙ্ঘে তলাতলং পঠন্তি ॥ ২৬ ॥ বিশ্বমূর্ত্তের্দ্বে জানুনী সুতলং, বিতলমতলঞ্চ ঊরুদ্বয়ং, মহীতলং ভূর্লোকং, জঘনং

উরঃস্থলং জ্যোতিরনীকমস্য গ্রীবা মহর্ব্বদনং বৈ জনোঽস্য।
তপো ররাটীং বিদুরাদিপুংসঃ সত্যন্তু শীর্ষাণি সহস্রশীর্ষ্ণঃ॥ ২৮॥
ইন্দ্রাদয়ো বাহব আহুরুস্রাঃ কর্ণৌ দিশঃ শ্রোত্রমমুষ্য শব্দঃ।
নাসত্যদস্রৌ পরমস্য নাসে ঘ্রাণোঽস্য গন্ধো মুখমগ্নিরিদ্ধঃ॥ ২৯॥

অন্বয়

জানুনী (দুইটি জানু), বিতলম্ অতলং চ (বিতল ও অতল তাঁহার) ঊরুদ্বয়ং (ঊরুদ্বয়), মহীতলং তজ্জঘনং (মহীতল তাঁহার জঘনদেশ), নভস্তলং (ভুবলোক) [তাঁহার] নাভিসরঃ (নাভিসরোবর বলিয়া) গৃণন্তি (কীর্ত্তন করিয়া থাকেন)॥ ২৭॥

অস্য (এই বিরাট্ পুরুষের) উরঃস্থলং (বক্ষঃস্থল) জ্যোতিরনীকং (স্বর্গলোক), গ্রীবা মহঃ (গ্রীবা মহলোক), অস্য (এই বিরাট্‌পুরুষের) বদনং বৈ (মুখই) জনঃ (জনলোক), আদিপুংসঃ (সেই আদিপুরুষের) ররাটীং (ললাটদেশ) তপঃ (তপোলোক), সহস্রশীর্ষ্ণঃ (সেই সহস্রশীর্ষা বিরাট্‌পুরুষের) শীর্ষাণি তু (মস্তকই) সত্যং (সত্যলোক) বিদুঃ (মুনিগণ বলিয়া থাকেন)॥ ২৮॥

ইন্দ্রাদয়ঃ উস্রাঃ (ইন্দ্র প্রভৃতি দেবতাগণ) বাহবঃ (তাঁহার বাহু), দিশঃ (শ্রবণেন্দ্রিয়ের অধিষ্ঠাতৃদেবতাগণ) কর্ণৌ (তাঁহার কর্ণবিবরদ্বয়), শব্দঃ অমুষ্য শ্রোত্রং (শব্দ এই বিরাট্ পুরুষের শ্রবণেন্দ্রিয়), নাসত্যদস্রৌ (অশ্বিনীকুমারদ্বয়) পরমস্য (সেই উপাস্য বিরাট্‌পুরুষের) নাসে (নাসাপুটদ্বয়), গন্ধঃ অস্য ঘ্রাণঃ (গন্ধ তাঁহার ঘ্রানেন্দ্রিয়), ইদ্ধঃ অগ্নিঃ (প্রদীপ্ত অগ্নি) মুখং (তাঁহার মুখ) [ইতি] আহুঃ (ইহা মুনিগণ বলিয়া থাকেন)॥ ২৯॥

অনুবাদ

তাঁহার ঊরুদ্বয়, মহীতলকে তাঁহার জঘন দেশ এবং ভুবলোককে তাঁহার নাভিসরোবর বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন॥ ২৭॥

এই বিরাট্‌পুরুষের বক্ষঃস্থলই স্বর্গলোক, গ্রীবাই মহলোক, মুখই জনলোক, ললাটদেশই তপোলোক এবং সেই সহস্রশীর্ষা বিরাট্‌পুরুষের মস্তকই সত্যলোক; ইহা পূর্ব্ব পূর্ব্ব উপাসকগণ কীর্ত্তন করিয়া থাকেন॥ ২৮॥

ইন্দ্র প্রভৃতি দেবতাগণ এই বিরাট্‌পুরুষের বাহু, শ্রবণেন্দ্রিয়ের অধিষ্ঠাত্রী দেবতা সকল তাঁহার কর্ণবিবর, শব্দ তাঁহার শ্রবণেন্দ্রিয়, অশ্বিনীকুমারদ্বয় তাঁহার নাসাপুট, গন্ধ তাঁহার ঘ্রাণেন্দ্রিয় এবং প্রজ্বলিত অগ্নিই তাঁহার মুখ; ইহা মুনিগণ বলিয়া থাকেন॥ ২৯॥

টীকা

নভস্তলং, ভুবর্লোকং নাভিসরো নাভিসরস্তং গৃণন্তি বদন্তি॥ ২৭॥ অস্য বৈরাজস্য পুরুষস্য উরঃস্থলম্ উরঃপ্রদেশং, জ্যোতিষাং সমূহং স্বর্গলোকং গৃণন্তি। মহর্লোকঃ অস্য গ্রীবা জ্ঞেয়া, জনলোকঃ বদনং জ্ঞেয়মুপাসকৈরিতি শেষঃ। তপঃ তপোলোকং ররাটীং ললাটং, সত্যং সত্যলোকং শীর্ষাণি শিরাংসি বিদুঃ পূর্ব্বে উপাসকাঃ॥ ২৮॥ ইন্দ্রাদয়ঃ অষ্টৌ উস্রা দেবাঃ বাহব ইত্যাহুঃ, দিশঃ শ্রোত্রাধিষ্ঠাত্র্যঃ দেবতাঃ কর্ণৌ শ্রোত্রাধিষ্ঠানছিদ্রে, অমুষ্য শ্রোত্রস্য শব্দঃ, এবমগ্রেঽপি অস্মদাদীন্দ্রিয়াধিষ্ঠাত্র্যো দেবতাঃ তদিন্দ্রিয়গাং চরাঃ তদিন্দ্রিয়াধিষ্ঠানানি অস্মদাদীন্দ্রিয়াণি ইতি বোধ্যম্। নাসত্যদস্রৌ অশ্বিনৌ

দ্যৌরক্ষিণী চক্ষুরভূৎ পতঙ্গঃ পক্ষ্মাণি বিষ্ণোরহনী উভে চ।
তদ্ভ্রূবিজৃম্ভঃ পরমেষ্ঠিধিষ্ণ্য-মাপোঽস্য তালু রস এব জিহ্বা ॥ ৩০ ॥
ছন্দাংস্যনন্তস্য শিরো গৃণন্তি দংষ্ট্রা যমঃ স্নেহকলা দ্বিজানি।
হাসো জনোন্মাদকরী চ মায়া দুরন্তসর্গো যদপাঙ্গমোক্ষঃ ॥ ৩১ ॥
ব্রীড়োত্তরৌষ্ঠোঽধরঃ এব লোভো ধর্ম্মস্তনোঽধর্ম্মপথোঽস্য পৃষ্ঠম্।
কস্তস্য মেঢ্রং বৃষণৌ চ মিত্রৌ কুক্ষিঃ সমুদ্রা গিরয়োঽস্থিসঙ্ঘাঃ ॥ ৩২ ॥

অন্বয়

দ্যৌঃ (দ্যুলোক) অক্ষিণী (তাঁহার নেত্রগোলকদ্বয়) পতঙ্গঃ (ও সূর্য্য) চক্ষুঃ অভূৎ (তাঁহার চক্ষুরিন্দ্রিয় হইয়া থাকে), উভে অহনী চ (রাত্রি ও দিন) বিষ্ণোঃ (সেই বিরাট্ পুরুষের) পক্ষ্মাণি (নেত্ররোম), পরমেষ্ঠিধিষ্ণ্যং (ব্রহ্মপদ) তদ্ভ্রূবিজৃম্ভঃ (সেই বিরাট্পুরুষের ভ্রূবিলাস), আপঃ (জলাধিষ্ঠাতা বরুণ) অস্য (তাঁহার) তালুঃ (তালুদেশ), রসঃ এব জিহ্বা (এবং রসই তাঁহার রসনেন্দ্রিয়) ॥ ৩০ ॥

ছন্দাংসি (বেদসকল) অনন্তস্য (সেই অনন্তদেবের) শিরঃ (ব্রহ্মরন্ধ্র), যমঃ দংষ্ট্রা (যম তাঁহার দংষ্ট্রা), স্নেহকলাঃ (দেহগৃহাদিতে স্নেহাসক্তি) দ্বিজানি (তাঁহার দন্ত-পঙ্‌ক্তি), জনোন্মাদকরী (লোকের মোহকরী) মায়া (প্রকৃতি) হাসঃ (তাঁহার হাস্য) দুরন্তসর্গঃ চ (ও প্রবাহরূপে নিত্য অপার সৃষ্টি) যৎ অপাঙ্গমোক্ষঃ (তাঁহার কটাক্ষ), ইতি গৃণন্তি (ইহা মুনিগণ কীর্ত্তন করিয়া থাকেন) ॥ ৩১ ॥

ব্রীড়া (লজ্জা) উত্তরৌষ্ঠঃ (তাঁহার উত্তরোষ্ঠ), লোভঃ এব অধরঃ (লোভই তাঁহার অধরোষ্ঠ)

অনুবাদ

দ্যুলোকই বিরাট্পুরুষের নেত্রের গোলকদ্বয়, সূর্য্যই তাঁহার চক্ষুরিন্দ্রিয় এবং রাত্রি ও দিন বিরাট্পুরুষের নেত্ররোম, ব্রহ্মপদই তাঁহার ভ্রূবিলাস, জলাধিষ্ঠাতা বরুণদেবই তাঁহার তালুদেশ এবং রসই তাঁহার রসনেন্দ্রিয় ॥ ৩০ ॥

বেদ সকল বিরাট্পুরুষের ব্রহ্মরন্ধ্র, যম তাঁহার দংষ্ট্রা, দেহগেহাদিতে যে স্নেহাসক্তি, তাহাই তাঁহার দন্তপংক্তি, লোকের মোহকরী প্রকৃতিই তাঁহার হাস্য এবং প্রবাহরূপে নিত্য এই অপার সৃষ্টিই তাঁহার কটাক্ষ; ইহা মুনিগণ বলিয়া থাকেন ॥ ৩১ ॥

লজ্জাই বিরাট্পুরুষের উত্তরোষ্ঠ, লোভ অধরোষ্ঠ, ধর্ম্ম তাঁহার স্তন, অধর্ম্মমার্গ ই

টীকা

পরমস্য উপাস্যস্য নাসে নাসাপুটে। ইদ্ধো দীপ্তঃ বচনং বাগিন্দ্রিয়মিত্যনুক্তং বোধ্যম্ ॥ ২৯ ॥ দ্যৌর্দ্যুলোকঃ, অক্ষিণী নেত্রগোলকে, পতঙ্গঃ সূর্য্যঃ চক্ষুরিন্দ্রিয়মভূৎ। অহনী রাত্র্যহনী বিষ্ণোঃ পক্ষ্মাণি পরমেষ্ঠিধিষ্ণ্যম্ ব্রহ্মপদম্ তস্য বিষ্ণোর্ভ্রূবিজৃম্ভঃ ভ্রূবিলাসঃ। আপঃ তদধিষ্ঠাতা বরুণঃ তালুরধিষ্ঠানম্, রসঃ জিহ্বা ইন্দ্রিয়ম্ ॥ ৩০ ॥ অনন্তস্য ইয়ত্তাশূন্যস্য ছন্দাংসি বেদান্ শিরো ব্রহ্মরন্ধ্রং গৃণন্তি। যমঃ তদ্দংষ্ট্রা, স্নেহকলাঃ দেহগেহাদৌ স্নেহলেশাঃ, দ্বিজানি দন্তাঃ, নপুংসকত্বমার্ষম্। জনানাম্ উন্মাদকরী মোহকরী মায়া কার্য্যোন্মুখা প্রকৃতির্হাসঃ, দুরন্তসর্গঃ অপার সর্গঃ যৎ যস্য অপাঙ্গমোক্ষঃ কটাক্ষঃ ॥ ৩১ ॥ ব্রীড়া লজ্জা

নদ্যোঽস্য নাড্যোঽথ তনূরুহাণি মহীরুহা বিশ্বতনোর্নৃপেন্দ্র ! ।
অনন্তবীর্য্যঃ শ্বসিতং মাতরিশ্বা গতির্ব্বয়ঃ কর্ম্ম গুণপ্রবাহঃ ॥ ৩৩ ॥
ঈশস্য কেশান্ বিদুরম্বুবাহান্ বাসস্তু সন্ধ্যাং কুরুবর্য্য ! ভূম্নঃ ।
অব্যক্তমাহুর্হৃদয়ং মনশ্চ স চন্দ্রমাঃ সর্ব্ববিকারকোষঃ ॥ ৩৪ ॥

অন্বয়

ধর্ম্মঃ স্তনঃ (ধর্ম্ম তাঁহার স্তন), অধর্ম্মপথঃ (অধর্ম্মমার্গই) অস্য (তাঁহার) পৃষ্ঠং (পৃষ্ঠদেশ), কঃ (প্রজাপতি) তস্য (সেই বিরাট্‌পুরুষের) মেঢ্রং (উপস্থ), মিত্রৌ চ (মিত্রাবরুণ) বৃষণৌ (তাঁহার অণ্ডকোষ), সমুদ্রাঃ কুক্ষিঃ (সমুদ্রসকল তাঁহার কুক্ষিদেশ), গিরয়ঃ (পর্ব্বতসকল) অস্থিসঙ্ঘাঃ (তাঁহার অস্থিসমূহ) ॥ ৩২ ॥

নৃপেন্দ্র ! (হে মহারাজ পরীক্ষিৎ !) অথ (এবং) নদ্যঃ (নদীসকল) অস্য বিশ্বতনোঃ (এই বিশ্বমূর্ত্তির) নাড্যঃ (নাড়ীসমূহ), মহীরুহাঃ (বৃক্ষসকল) তনূরুহাণি (তাঁহার রোমসমূহ), অনন্তবীর্য্যঃ (মহাপরাক্রান্ত) মাতরিশ্বা (পবন) শ্বসিতং (তাঁহার প্রাণবায়ু), বয়ঃ (কাল) গতিঃ (তাঁহার গমন), গুণপ্রবাহঃ (গুণসমূহের প্রবাহ অর্থাৎ সংসার) কর্ম্ম (তাঁহার ক্রীড়া) ॥ ৩৩ ॥

হে কুরুবর্য্য ! (হে কুরুকুলশ্রেষ্ঠ !) অম্বুবাহান্ (মেঘসমূহকে) ঈশস্য (বিরাট্‌পুরুষের) কেশান্ বিদুঃ (কেশ বলিয়া মুনিগণ কীর্ত্তন করেন), সন্ধ্যাং তু (সন্ধ্যাদ্বয়কেই) ভূম্নঃ (বিরাট্ পুরুষের) বাসঃ (বস্ত্র বলিয়া থাকেন), অব্যক্তং (প্রকৃতিকে) হৃদয়ং আহুঃ (হৃদয় বলিয়া

অনুবাদ

তাঁহার পৃষ্ঠদেশ, প্রজাপতিই তাঁহার উপস্থ, মিত্রাবরুণ তাঁহার অণ্ডকোষ, সমুদ্রসকল তাঁহার কুক্ষিদেশ ও পর্ব্বত সকল তাঁহার অস্থিসমূহ ॥ ৩২ ॥

হে মহারাজ পরীক্ষিৎ ! এইরূপ নদীসকল এই বিশ্বমূর্ত্তি ভগবানের নাড়ীসমূহ, বৃক্ষসকল তাঁহার রোমরাজি, মহাপরাক্রান্ত পবনদেব তাঁহার প্রাণবায়ু, কাল তাঁহার গতি এবং গুণপ্রবাহ অর্থাৎ যাহাতে দেব মনুষ্য প্রভৃতি তৃণের ন্যায় যাতায়াতচ্ছলে প্রবাহিত হয়, সেই সংসার এই বিরাট্‌পুরুষের ক্রীড়া ॥ ৩৩ ॥

হে কুরুকুলশ্রেষ্ঠ পরীক্ষিৎ ! মুনিগণ মেঘ সমূহকেই বিরাট্‌পুরুষের কেশকলাপ ও সন্ধ্যাদ্বয়কেই বিরাট্‌পুরুষের বস্ত্র বলিয়া থাকেন এবং প্রকৃতিকে হৃদয় ও সেই সর্ব্বৌষধি-বিকারের হেতু চন্দ্রকে তাঁহার মন বলিয়া থাকেন ॥ ৩৪ ॥

টীকা

অধর্ম্মপথঃ অধর্ম্মমার্গঃ অস্য পৃষ্ঠঃ পৃষ্ঠভাগঃ, কঃ প্রজাপতিঃ মিত্রৌ মিত্রাবরুণৌ কুক্ষিরুদরম্ ॥ ৩২ ॥ তনূরুহাণি রোমাণি, অনন্তবীর্য্যঃ মহাবলো মাতরিশ্বা বায়ুঃ শ্বসিতং প্রাণঃ, বয়ঃ কালঃ তস্য গতির্গমনম্। গুণানাং সত্যাদীনাং প্রবাহঃ যত্র সুরনরাদয়ঃ নদীপ্রবাহে তৃণানীব স্রবন্তি স তস্য কর্ম্ম ক্রীড়া ॥ ৩৩ ॥ ঈশস্য সর্ব্বনিয়ন্তুর্ভগবতঃ কেশান্ অম্বুবাহান্ ঘনান্ বিদুঃ, ভূম্নঃ বিভোঃ বাসঃ সন্ধ্যাং বাসসী সন্ধ্যে ইত্যর্থঃ। অব্যক্তং প্রধানং হৃদয়ং হৃদয়কমলমাহুঃ। স প্রসিদ্ধঃ সর্ব্ববিকারকোষঃ সর্ব্বৌষধিপ্রবৃত্তিহেতুঃ চন্দ্রমা

বিজ্ঞানশক্তিং মহিমামনন্তি সর্ব্বাত্মনোঽন্তঃকরণং গিরিত্রম্ ।
অশ্বাশ্বতর্য্যুষ্ট্রগজা নখানি সর্ব্বে মৃগাঃ পশবঃ শ্রোণিদেশে ॥ ৩৫ ॥
বয়াংসি তদ্ব্যাকরণং বিচিত্রং মনুর্মনীষা মনুজো নিবাসঃ ।
গন্ধর্ব্ববিদ্যাধরচারণাপ্সরঃ স্বরঃ স্মৃতিরসুরানীকবীর্য্যঃ ॥ ৩৬ ॥
ব্রহ্মাননং ক্ষত্রভুজো মহাত্মা বিড়ূরুরঙ্ঘ্রিশ্রিতকৃষ্ণবর্ণঃ ।
নানাভিধাভীজ্যগণোপপন্নো দ্রব্যাত্মকঃ কর্ম্ম বিতানযোগঃ ॥ ৩৭ ॥

অন্বয়

থাকেন), সঃ সর্ব্ববিকারকোষঃ (সেই সর্ব্বৌষধিবিকারের কারণ) চন্দ্রমাঃ চ (চন্দ্র) মনঃ [ইতি আহুঃ] (তাঁহার মন, ইহা বলিয়া থাকেন) ॥ ৩৪ ॥

[মুনিগণ] মহিং (মহত্তত্ত্বকে) সর্ব্বাত্মনঃ (সেই সর্ব্বাত্মা বিরাট্‌পুরুষের) বিজ্ঞানশক্তিং (চিত্তাত্মিকা বিজ্ঞানশক্তি) আমনন্তি (বলিয়া থাকেন), গিরিত্রং (রুদ্রদেবকে) অন্তঃকরণং (তাঁহার অন্তঃকরণ অর্থাৎ অহঙ্কার বলিয়া থাকেন), অশ্বাশ্বতর্য্যুষ্ট্রগজাঃ (অশ্ব, অশ্বতরী, উষ্ট্র ও গজগণকে) নখানি (তাঁহার নখ) সর্ব্বে মৃগাঃ পশবঃ চ (এবং সকল মৃগ ও পশুগণকে) শ্রোণিদেশে (তাঁহার নিতম্বদ্বয় বলিয়া থাকেন) ॥ ৩৫ ॥

বয়াংসি (পক্ষিগণ) তৎ (তাঁহার) বিচিত্রং ব্যাকরণং (বিচিত্র শিল্প-নৈপুণ্য), মনুঃ (স্বায়ম্ভুব মনু) মনীষা (তাঁহার বুদ্ধি), মনুজঃ (মানব) নিবাসঃ (তাঁহার নিবাস স্থান), গন্ধর্ব্ববিদ্যাধরচারণাপ্সরঃ (গন্ধর্ব্ব, বিদ্যাধর, চারণ ও অপ্সরোগণ) [তাঁহার] স্বরঃ (ষড়জাদি সপ্তস্বর), অসুরানীকবীর্য্যঃ (অসুরসমূহের শ্রেষ্ঠ প্রহ্লাদ) স্মৃতিঃ (তাঁহার স্মৃতি) ॥ ৩৬ ॥

ব্রহ্মা (ব্রাহ্মণ) আননং (তাঁহার মুখ), মহাত্মা (বিরাট্ পুরুষ) ক্ষত্রভুজঃ (ক্ষত্রিয়-

অনুবাদ

মুনিগণ মহত্তত্ত্বকেই সেই সর্ব্বাত্মা বিরাট্‌পুরুষের চিত্তাত্মিকা বিজ্ঞানশক্তি বলিয়া থাকেন, এবং রুদ্রদেবকে তাঁহার অহঙ্কার; অশ্ব, অশ্বতরী, উষ্ট্র ও গজগণকে তাঁহার নখ ও সকল মৃগাদি পশুগণকে তাঁহার নিতম্বদেশদ্বয় বলিয়া থাকেন ॥ ৩৫ ॥

পক্ষিগণ সেই বিরাট্‌পুরুষের বিচিত্র শিল্পনৈপুণ্য, স্বায়ম্ভুব মনু তাঁহার বুদ্ধি, মানব তাঁহার নিবাসস্থান; গন্ধর্ব্ব, বিদ্যাধর, চারণ ও অপ্সরোগণ তাঁহার ষড়জাদি সপ্তস্বর এবং অসুরসমূহের শ্রেষ্ঠ প্রহ্লাদ তাঁহার স্মৃতি ॥ ৩৬ ॥

ব্রাহ্মণ তাঁহার মুখ, ক্ষত্রিয় তাঁহার বাহু, বৈশ্য তাঁহার উরু, শূদ্র তাঁহার চরণ এবং

টীকা

মনো জ্ঞেয়ম্ ॥ ৩৪ ॥ সর্ব্বাত্মনঃ সর্ব্বস্য চতুর্দ্দশভুবনস্য আত্মনঃ বিজ্ঞানশক্তিং চিত্তাত্মিকাঃ মহত্তত্ত্বাখ্যং মহিমামনন্তি, তস্যান্তঃকরণম্ অহঙ্কারং গিরিত্রমামনন্তি, অশ্বাশ্বতর্য্যুষ্ট্রগজাঃ তস্য নখানি ধ্যাতৃভির্জ্ঞেয়ানি ইত্যর্থঃ। সর্ব্বে মৃগাঃ পশবস্তস্য শ্রোণিদেশে জ্ঞেয়াঃ ॥ ৩৫ ॥ বয়াংসি পক্ষিণস্তস্য ব্যাকরণং শিল্পনৈপুণ্যং, মনুঃ স্বায়ম্ভুবস্তস্য মনীষা বুদ্ধিঃ, মনুজো মনুষ্যস্তস্য নিবাসঃ নিবাসস্থানম্ গন্ধর্ব্বাদীনাং দ্বন্দ্বৈক্যং, গন্ধর্ব্ববিদ্যাধরচারণাপ্সরস্তস্য স্বরঃ ষড়্জাদি সপ্তস্বরসমূহঃ ধ্যাতৃভির্বোধ্যঃ। অসুরানীকবীর্য্যঃ প্রহ্লাদস্তস্য স্মৃতিঃ ॥ ৩৬ ॥ ব্রহ্মা ব্রাহ্মণস্তস্যাননং মুখং মহাত্মা বৈরাজঃ পুরুষঃ, ক্ষত্রং

ইয়ানসাবীশ্বরবিগ্রহস্য যঃ সন্নিবেশঃ কথিতো ময়া তে।
সন্ধার্য্যতেঽস্মিন্ বপুষি স্থবিষ্ঠে মনঃ স্ববুদ্ধ্যা ন যতোঽস্তি কিঞ্চিৎ ॥৩৮॥
স সর্ব্বধীবৃত্ত্যনুভূতসর্ব্ব আত্মা যথা স্বপ্নজনেক্ষিতৈকঃ।
তং সত্যমানন্দনিধিং ভজেত নান্যত্র সজ্জেদ্ যত আত্মপাতঃ ॥ ৩৯ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বিতীয়স্কন্ধে পুরুষসংস্থানুবর্ণনং নাম প্রথমোঽধ্যায়ঃ ॥ ১ ॥

অন্বয়

বাহু) [অর্থাৎ ক্ষত্রিয় তাঁহার বাহু], বিড়ূরুঃ (বৈশ্য তাঁহার উরু), অঙ্ঘ্রিশ্রিতকৃষ্ণবর্ণঃ (কৃষ্ণবর্ণ অর্থাৎ শূদ্র তাঁহার চরণ), নানাভিধাভীজ্যগণোপপন্নঃ (বহু নামধারী দেবতাগণসমন্বিত) দ্রব্যাত্মকঃ (দ্রব্যাত্মক অর্থাৎ ঘৃতাদিসাধ্য) বিতানযোগঃ (যজ্ঞানুষ্ঠান) কর্ম্ম (তাঁহার কার্য্য)॥ ৩৭ ॥

ময়া (আমাকর্ত্তৃক) তে (আপনার নিকটে) ঈশ্বরবিগ্রহস্য (বিরাট্‌পুরুষের) যঃ সন্নিবেশঃ (যে অবয়বসংস্থান) কথিতঃ (বলা হইল), অসৌ ইয়ান্ (ইহা এইরূপই); [মুমুক্ষুগণ] স্ববুদ্ধ্যা (স্বীয় বুদ্ধিদ্বারা) অস্মিন্ স্থবিষ্ঠে বপুষি (এই স্থূলতম পুরুষদেহে) মনঃ সন্ধার্য্যতে (মনের ধারণা করিয়া থাকেন); যতঃ (এই পুরুষশরীর ভিন্ন) কিঞ্চিৎ ন অস্তি (আর কিছুই নাই)॥ ৩৮ ॥

যথা স্বপ্নজনেক্ষিতা (স্বপ্নাবস্থায় একই জীব যেমন বহুদেহ অনুভব করিয়া থাকে, সেইরূপ)

অনুবাদ

বহুনামধারী দেবতাগণসমন্বিত ঘৃতাদিসাধ্য যজ্ঞানুষ্ঠানই তাঁহার কর্ম্ম॥ ৩৭॥

হে রাজেন্দ্র! আমি আপনার নিকটে যে ভাবে বিরাট্‌পুরুষের দেহের অবয়বসংস্থান বর্ণনা করিলাম, তাহা তদ্রূপই জানিবেন। মুমুক্ষু ব্যক্তিগণ স্বীয় বুদ্ধিদ্বারা এই স্থূলতম পুরুষদেহে মনের ধারণা করিয়া থাকেন, এই পুরুষশরীর ভিন্ন আর কিছুই নাই ॥ ৩৮ ॥

হে রাজন্! যিনি আমাকর্ত্তৃক এইরূপে স্থূলতম বিরাট্‌পুরুষরূপে বর্ণিত হইয়াছেন, সেই ভগবান্ এক হইয়াও সকলের বুদ্ধিবৃত্তিদ্বারা সকল বস্তুর অনুভবকারী হইয়া থাকেন; যেহেতু তিনি সকলেরই আত্মা অর্থাৎ সকলেরই অন্তর্যামী। স্বপ্নে জীবের ফলভোগের নিমিত্ত ভগবান্ নানাবিধ পুরুষ, রথ প্রভৃতি সৃষ্টি করিয়া থাকেন। সেই

টীকা

ক্ষত্রিয়ো ভুজা যস্য স, তস্য বিট্ বৈশ্যঃ উরূ যস্য স, তথা অঙ্ঘ্রিশ্রিতঃ কৃষ্ণবর্ণঃ শূদ্রো যস্য স তথা, নানাবিধাঃ বহুনামকা যে অভীজ্যাঃ দেবাস্তেষাং গণৈরুপপন্নো যো দ্রব্যাত্মকো হবিঃসাধ্যো বিতানযোগঃ যজ্ঞযোগঃ তস্যারাধনভূতং কর্ম্ম॥ ৩৭ ॥ ঈশ্বরবিগ্রহস্য পুরুষশরীরস্য যঃ সন্নিবেশঃ ময়া তে তুভ্যং কথিতঃ, অসৌ ইয়ান্ এতাবানেব; অস্মিন্ ঈশ্বরবিগ্রহে স্ববুদ্ধ্যা মুমুক্ষুভির্মনঃ সন্ধার্য্যতে স্থিরীক্রিয়তে। যতোঽন্যৎ কিঞ্চিন্নাস্তি॥ ৩৮ ॥ স ইতি। যঃ স্থূলদেহে ভজনীয়তয়া উক্তঃ স ভগবান্ সর্ব্বধীবৃত্তিভিরনুভূতং সর্ব্বং চরাচরং যেন স তথোক্তঃ। যতঃ স আত্মা সর্ব্বং যদাত্মকমেব

অন্বয়

সঃ (যিনি স্থূলতম বিরাট্‌পুরুষরূপে বর্ণিত হইয়াছেন, সেই ভগবান্) একঃ [সন্] সর্ব্বধীবৃত্ত্য-নুভূতসর্ব্বঃ (এক হইয়া সকলের বুদ্ধিবৃত্তিদ্বারা সকল বস্তুর অনুভবকারী হইয়া থাকেন), আত্মা (কারণ তিনি আত্মা অর্থাৎ সকলের অন্তর্য্যামী) [অতএব] তং সত্যং (সেই সত্যস্বরূপ) আনন্দনিধিং (আনন্দনিধি ভগবান্‌কে) ভজেত (ভজনা করা উচিত)। অন্যত্র (ব্রহ্ম ব্যতীত অন্য কিছু আছে মনে করিয়া তাহাতে) ন সজ্জেৎ (আসক্ত হওয়া উচিত নহে); যতঃ (আসক্তি হইতে) আত্মপাতঃ (অধঃপতন হইয়া থাকে) ॥ ৩৯ ॥

অনুবাদ

সমস্ত যেমন একই জীবাত্মা দর্শন করিয়া থাকে, তদ্রূপ ভগবান্‌ও এক হইয়াই সকল বস্তু অনুভব করিয়া থাকেন। অতএব সেই সত্যস্বরূপ আনন্দনিধি ভগবান্‌কে ভজনা করা উচিত। ব্রহ্ম ব্যতীত অন্য কিছু আছে মনে করিয়া তাহাতে আসক্ত হওয়া উচিত নহে। তাহাতে আত্মার অধোগতিই হইয়া থাকে ॥ ৩৯ ॥

প্রথমাধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ১ ॥

টীকা

অতঃ সর্ব্বং তদ্‌জ্ঞানগোচরম্। স্বপ্নে জীবস্য ফলবিশেষভোগায় পুরুষসুরথাদীন্ ভগবান্ করোতি। তান্ জীবাত্মা যথা এক এব পশ্যতি তদ্বৎ। স্বপ্নসৃষ্টির্ভগবৎকর্ত্তৃকেতি বেদান্তকৌস্তুভে স্থিতম্। এবম্ভূতং তং ভগবন্তং সত্যং আনন্দনিধিং ভজেত অন্যত্রাব্রহ্মাত্মকতয়া কস্মিংশ্চিৎ উপাসনাবুদ্ধ্যা ন সজ্জেৎ। যতঃ আসঙ্গাদাত্মপাতঃ ॥ ৩৯ ॥

ইতি শ্রীসনৎকুমারসন্ততিপ্রবর্ত্তক-ভগবন্নিম্বার্কচরণচিন্তক-শুকসুধী-প্রণীতে
শ্রীমদ্ভাগবতসিদ্ধান্তপ্রদীপে দ্বিতীয়স্কন্ধীয়ে প্রথমাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ১ ॥

দ্বিতীয়োঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

এবং পুরা ধারণয়াত্মযোনির্নষ্টাং স্মৃতিং প্রত্যবরুধ্য তুষ্টাৎ।
তথা সসর্জ্জেদমমোঘদৃষ্টির্যথাপ্যয়াৎ প্রাগ্ ব্যবসায়বুদ্ধিঃ ॥ ১ ॥
শাব্দস্য হি ব্রহ্মণ এষ পন্থা যন্নামভির্ধ্যায়তি ধীরপার্থৈঃ।
পরিভ্রমংস্তত্র ন বিন্দতেঽর্থান্ মায়াময়ে বাসনয়া শয়ানঃ ॥ ২ ॥

অন্বয়

শ্রীশুকঃ উবাচ (শ্রীশুকদেব বলিলেন) আত্মযোনিঃ (ব্রহ্মা) এবং ধারণয়া (এই পূর্ব্বোক্ত ধারণা দ্বারা) তুষ্টাৎ (পরিতুষ্ট বিরাট্‌পুরুষ হইতে) পুরা (প্রলয়কালে) নষ্টাং স্মৃতিং (বিনষ্ট সৃষ্টিস্মৃতি) প্রত্যবরুধ্য (পুনর্ব্বার লাভ করতঃ) ব্যবসায়বুদ্ধিঃ (জগৎসৃষ্টিবিষয়ে নিশ্চয়াত্মিকা বুদ্ধিসম্পন্ন) অমোঘদৃষ্টিঃ (ও অব্যর্থ জ্ঞানসম্পন্ন হইয়া) অপ্যয়াৎ প্রাক্ (প্রলয়ের পূর্ব্বে) ইদং যথা (এই দৃশ্যমান জগৎ যেমন) [আসীৎ] (ছিল), তথা সসর্জ্জ (সেই প্রকার সৃষ্টি করিয়াছিলেন) ॥ ১ ॥

শব্দস্য ব্রহ্মণঃ (বেদপ্রতিপাদ্য ব্রহ্মের) এষঃ হি পন্থাঃ (এই ধারণাই প্রাপ্তির উপায়)। যৎ (যাহার) ধীঃ (বুদ্ধি) অপার্থৈঃ (পুরুষার্থবর্জ্জিত) নামভিঃ (স্ত্রী পুত্রাদি নামরূপাত্মক বিষয়ে) ধ্যায়তি (আসক্ত হইয়া থাকে), [সেই ব্যক্তি] মায়াময়ে (এই প্রাকৃতলোকে) বাসনয়া শয়ানঃ (অনাদি কর্ম্মবাসনায় বর্ত্তমান থাকিয়া) পরিভ্রমন্ (বিচরণ করতঃ) তত্র (সেই প্রাকৃতলোকে) অর্থান্ (স্ত্রীপুত্রাদি বিষয়সমূহ) বিন্দতে (লাভ করিয়া থাকে) ন তু [অর্থান্ বিন্দতে] (কিন্তু পরমার্থ লাভ করিতে পারে না) ॥ ২ ॥

অনুবাদ

শ্রীশুকদেব বলিলেন—আত্মযোনি ব্রহ্মা এই পূর্ব্বোক্ত ধারণা দ্বারা শ্রীভগবান্‌কে পরিতুষ্ট করিয়া ভগবানের নিকট হইতে প্রলয়কালে বিনষ্ট সৃষ্টিস্মৃতি পুনরায় লাভ করিয়াছিলেন এবং জগৎ সৃষ্টিবিষয়ে নিশ্চয়াত্মিকা বুদ্ধি ও অব্যর্থজ্ঞানসম্পন্ন হইয়া প্রলয়ের পূর্ব্বে এই জগৎ যেমন ছিল, সেই প্রকার সৃষ্টি করিয়াছিলেন ॥ ১ ॥

এই ধারণাই বেদপ্রতিপাদ্য পরব্রহ্মের প্রাপ্তির উপায়। যাহার বুদ্ধি পুরুষার্থবর্জ্জিত স্ত্রীপুত্রাদিরূপ নামরূপাত্মক বিষয়ে আসক্ত হইয়া থাকে, সেই ব্যক্তি এই প্রাকৃতলোকে অনাদি কর্ম্মবাসনায় বর্ত্তমান থাকিয়া পুনঃ পুনঃ জন্মমরণাদিরূপ সংসারে বিচরণ করতঃ এই প্রাকৃত-লোকের ভোগ্য বিষয়সমূহ লাভ করিয়া থাকে, কিন্তু পরমপুরুষার্থ লাভ করিতে পারে না ॥ ২ ॥

টীকা

পূর্ব্বাধ্যায়ে সাধনরূপা স্থূলবিগ্রহবতো বৈরাজস্য ভগবতো ধারণা উক্তা। ইদানীং তৎ-সাধ্যরূপাং সর্ব্বান্তর্য্যামিণো ভক্তেচ্ছয়াবিষ্কৃতাপ্রাকৃতশরীরস্য ধারণাং বক্ষ্যন্ পূর্ব্বোক্তায়াঃ ধারণায়াঃ অবান্তরফলমাহ—এবমিতি। এবম্ উক্তলক্ষণয়া ধারণয়া তুষ্টাদ্ বৈরাজাৎ পুরা প্রলয়বেলায়াং নষ্টাং সৃষ্টিস্মৃতিং প্রত্যবরুধ্য পূর্ব্বপ্রজাতুল্যায়া উত্তরপ্রজায়া রচনার্হাং পুনঃ প্রাপ্য অতএবামোঘা দৃষ্টির্যস্য সঃ, অতএব ব্যবসায়বুদ্ধিঃ আত্মযোনিঃ ভগবৎপুত্রঃ ব্রহ্মা অপ্যয়াৎ প্রলয়াৎ প্রাক্ ইদং বিশ্বং যথা আসীৎ তথা তাদৃশমেব সসর্জ্জ। "সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথাপূর্ব্বমকল্পয়ৎ" ইতি শ্রুতেঃ। নন্থ পূর্ব্বসৃষ্টিকর্ত্তু-

অতঃ কবির্নামসু যাবদর্থঃ স্যাদপ্রমত্তো ব্যবসায়বুদ্ধিঃ।
সিদ্ধেঽন্যথার্থে ন যতেত তত্র পরিশ্রমং তত্র সমীক্ষমাণঃ ॥ ৩ ॥

অন্বয়

[পূর্ব্বশ্লোকে বদ্ধজীবের স্বভাব দেখান হইয়াছে। এক্ষণে ধারণার অধিকারী মুমুক্ষুর প্রতি বলিতেছেন] অতঃ (অবিবেকী বদ্ধজীবের নামরূপে আসক্তি থাকায় যোগে অধিকার নাই বলিয়া) কবিঃ (বিবেকী) ব্যবসায়বুদ্ধিঃ (হরিভজনই কর্ত্তব্য এইরূপ নিশ্চয়াত্মিকা বুদ্ধিযুক্ত হইয়া) নামসু (ভোগ্যবস্তু নামরূপে) যাবদর্থঃ (দেহ ধারণের নিমিত্ত যতটুকু প্রয়োজন) তত্র অপ্রমত্তঃ স্যাৎ (তাহাতেও অনাসক্ত হইবেন)। (অনন্তর) অর্থে (সেই দেহধারণ) অন্যথাসিদ্ধে (অন্য প্রকারে সিদ্ধ হইলে) তত্র পরিশ্রমং সমীক্ষমাণঃ (তাহাতে কেবল পরিশ্রমমাত্র জানিয়া) ন যতেত (আর যত্ন করিবেন না) ॥ ৩ ॥

অনুবাদ

[মুমুক্ষুর কর্ত্তব্য কি তাহাই বলিতেছেন]—অবিবেকী বদ্ধজীবের নামরূপাত্মক সংসারে আসক্তি আছে বলিয়া যোগে তাহার অধিকার নাই। অতএব যাঁহারা বিবেকী, তাঁহারা সাংসারিক সকল ভোগ্য বস্তু পরিত্যাগ পূর্ব্বক হরিভজনই কর্ত্তব্য এইরূপ নিশ্চয় করিয়া যতটুকু তাঁহার এই দেহধারণে প্রয়োজন, ততটুকু ভোগ্য বস্তু ভোগ করিবেন। দেহরক্ষা নিতান্ত প্রয়োজনীয়; যেহেতু এই দেহদ্বারাই শ্রীহরির সেবা করিতে হইবে; কিন্তু তাহাতে আসক্ত হইবেন না। অনন্তর এই দেহ ধারণ যদি অন্য প্রকারে সিদ্ধ হয়, তবে সেই ভোগেও কেবল পরিশ্রম মাত্র জানিয়া আর চেষ্টা করিবে না ॥ ৩ ॥

টীকা

ব্রহ্মণঃ "ব্রহ্মণা সহ তে সর্ব্বে সম্প্রাপ্তে প্রতিসঞ্চরে। পরস্যান্তে কৃতাত্মানঃ প্রবিশন্তি পরং পদমি"তি বচনাৎ আত্মযোনের্মুক্তত্বাৎ ইদং নোপপদ্যতে ইতি চেৎ—ন, সর্ব্বেষাং চতুর্ম্মুখানাম্ একৈকেন জন্মনা পুনরাবৃত্তিবাক্যাভাবাৎ। ন চ বাচ্যং প্রতিকল্পসৃষ্টিবিষয়কস্মৃতিং নৈবাপ্নোতীতি, তত্র স্মৃতিনাশা-সম্ভবাৎ ॥ ১ ॥ নন্বু নানোচ্চমেষু ক্লিশ্যমানোঽপি জনঃ কিঞ্চিদপি যথেষ্টং সুখং ন প্রাপ্নোতি, যদ্ধারণয়া বিশ্বসৃষ্টিসামর্থ্যং ভবতি, তস্য ভগবতঃ সুখসাধ্যে মহাফলে পথি কুতো ন প্রবর্ত্ততে? ইত্যত্রাহ—শাব্দস্যেতি। শাব্দস্য "বেদৈশ্চ সর্ব্বৈরহমেব বেদ্যঃ" ইতি স্মৃতেঃ "সর্ব্বে বেদা যৎপদমামনন্তী"তি শ্রুতেশ্চ। বেদৈকপ্রমাণকস্য ব্রহ্মণঃ এষ পন্থাঃ তস্য ন ভবতি। কস্য? যং যস্য বুদ্ধিঃ অপার্থৈঃ পুরুষার্থবর্জ্জিতৈঃ নামভিঃ নামেতি রূপস্যাপ্যুপলক্ষণম্। তথাস্য নামরূপৈরিত্যর্থঃ অধ্যয়নেন বসতীতিবৎ তৃতীয়া হেত্বর্থে। হেতুভূতৈঃ দারাপত্যাদিভিঃ ধ্যায়তি। অতএব মায়াময়ে প্রাকৃতে লোকে বাসনয়া শয়ানঃ পরিভ্রমন্ তত্র মায়াময়ে তানর্থান্ স্বকর্ম্মানুরূপান্ দারাপত্যাদীন্ বিন্দতে। ন তু যোগসিদ্ধিমিত্যর্থঃ ॥ ২ ॥ এবং বদ্ধজীবস্বভাবমুক্ত্বা বক্ষ্যমাণধারণায়াঃ অধিকারিণং মুমুক্ষুং প্রতি রহস্যমুপদিশতি ভগবান্ শুকঃ—অত ইতি পঞ্চভিঃ। অতো বদ্ধস্য অবিবেকিনো নামরূপাসক্ত্যা যোগে অধিকারাভাবাদ্ধেতোঃ কবিঃ ক্রান্তদর্শী হেয়োপাদেয়বিবেকবান্, ব্যবসায়বুদ্ধিঃ সর্ব্বপরিত্যাগ-পূর্ব্বকং হরিভজনকর্ত্তব্যমিতি নিশ্চয়বান্ মুমুক্ষুঃ নামসু নামরূপেষু ভগবদ্ধ্যানযোগে উক্তরীত্যা অনধিকারাপাদকেষু যাবদর্থে এব স্যাৎ ভোজনেচ্ছাদিরূপো হরিসেবার্থং দেহধারণার্থকোঽর্থঃ যস্য

সত্যাং ক্ষিতৌ কিং কশিপোঃ প্রয়াসৈ-র্বাহৌ স্বসিদ্ধে হ্যুপবর্হণৈঃ কিম্।
সত্যঞ্জলৌ কিং পুরুধান্নপাত্র্যা দিগ্বল্কলাদৌ সতি কিং দুকূলৈঃ ॥ ৪ ॥
চীরাণি কিং পথি ন সন্তি দিশন্তি ভিক্ষাং নৈবাঙ্ঘ্রিপাঃ পরভৃতঃ সরিতোঽপ্যশুষ্যন্।
রুদ্ধা গুহাঃ কিমজিতোঽবতি নোপসন্নান্ কস্মাদ্ভজন্তি কবয়ো ধনদুর্ম্মদান্ধান্ ॥ ৫ ॥

অন্বয়

[অন্য প্রকারে যে দেহ রক্ষা হইতে পারে, তাহাই দেখাইতেছেন] ক্ষিতৌ সত্যাং (ভূমি থাকিতে) কশিপোঃ (শয্যার নিমিত্ত) প্রয়াসৈঃ কিং (প্রয়াসের প্রয়োজন কি?) [অর্থাৎ কোনই প্রয়োজন নাই]। স্বসিদ্ধে হি বাহৌ (স্বতঃসিদ্ধ বাহু) [সতি] (থাকিতে) উপবর্হণৈঃ কিং? (উপাধানের প্রয়োজন কি?) অঞ্জলৌ সতি (হস্তাঞ্জলি থাকিতে) পুরুধান্নপাত্র্যা কিং? (বহুবিধ ভোজন পাত্রের প্রয়োজন কি?) দিগ্বল্কলাদৌ সতি (দিগ্বল্কল থাকিতে অর্থাৎ বল্কল ও বল্কলাভাবে দিক্ থাকিতে) দুকূলৈঃ কিং? (বস্ত্রের প্রয়োজন কি?) ॥ ৪ ॥

কবয়ঃ (বিবেকিগণ) কস্মাৎ (কি কারণে) ধনদুর্ম্মদান্ধান্ (ধনমদে অন্ধপ্রায় ধনিকগণের) ভজন্তি (ভজনা করিবেন) [অর্থাৎ বিবেকিগণের ধনীব্যক্তির তোষামদে প্রয়োজন নাই। আবশ্যকীয় বস্তু কোথা হইতে লাভ হইবে, তাহাই বলিতেছেন] চীরাণি (ছিন্ন বস্ত্রখণ্ড সকল) কিং পথি ন সন্তি? (পথে নাই কি?) [অর্থাৎ অবশ্যই আছে], পরভৃতঃ (পরপোষক) অঙ্ঘ্রিপাঃ (বৃক্ষ সকল) ভিক্ষাং ন এব দিশন্তি কিং (ভিক্ষাস্বরূপ ফল প্রদান করে না কি?) সরিতঃ (গঙ্গা-যমুনা প্রভৃতি নদী সকল) অশুষ্যন্ অপি? (শুষ্ক হইয়াছে কি?) গুহাঃ (পর্ব্বতগুহা) রুদ্ধাঃ কিং (অবরুদ্ধ হইয়াছে কি?) অজিতঃ (শ্রীকৃষ্ণ) উপসন্নান্ কিং ন অবতি (শরণাগতকে রক্ষা করেন না কি?) [অর্থাৎ রক্ষা করেনই] ॥৫॥

অনুবাদ

[অন্য প্রকারে যে দেহরক্ষা হইতে পারে, তাহাই দেখাইতেছেন] ভূমি থাকিতে শয্যার নিমিত্ত প্রয়াসের প্রয়োজন কি? অর্থাৎ কোনই প্রয়োজন নাই। সেইরূপ স্বতঃসিদ্ধ বাহু থাকিতে উপাধানের প্রয়োজন কি? হস্তাঞ্জলি থাকিতে বহুবিধ ভোজন পাত্রের প্রয়োজন কি? বল্কলাদি ও বল্কলাদির অভাবে দিক্‌সমূহ থাকিতে বস্ত্রের প্রয়োজন কি? ॥ ৪ ॥

বিবেকিগণ কি নিমিত্ত ধনমদে অন্ধ ধনিকগণের ভজনা করিবেন। [তাহাদের

টীকা

তথাভূতঃ স্যাৎ। ভোজনাচ্ছাদনাদিনির্ব্বাহকেষু নামরূপেষু অপি অপ্রমত্তোঽনাসক্তঃ তাবন্মাত্রেঽপি অর্থে অন্যথাসিদ্ধে ভূয়ো ন যতেত, তত্র যত্নে পরিশ্রমং সমীক্ষমাণঃ ॥ ৩ ॥ সিদ্ধে অন্যথার্থে ইত্যেতদ্বিবৃণোতি—সত্যামিতি দ্বয়েন। ক্ষিতৌ পৃথিব্যাং সত্যাং কশিপোঃ শয্যায়াঃ পর্য্যঙ্কাদেঃ প্রয়াসৈঃ প্রযত্নৈঃ কিং? ন কিমপি। স্বতঃ সিদ্ধে বাহৌ সতি উপবর্হণৈঃ শিরোপধানৈঃ কিম্? অঞ্জলৌ সতি পুরুধা বহুবিধয়া অন্নপাত্র্যা কিং? দিগ্‌বল্কলাদাবিতি—বল্কলাদৌ তদভাবে দিক্ষু সতীত্যর্থঃ। তচ্চাত্যন্তত্যাগিমুমুক্ষুবিষয়ম্। অতএবোক্তং শুকলক্ষণং দিগম্বরমিতি। "অপবিত্রকরোৎপন্ন" ইত্যাদি

এবং স্বচিত্তে স্বত এব সিদ্ধ আত্মা প্রিয়োঽর্থো ভগবাননন্তঃ।
তং নির্বৃতঃ সন্নিয়তার্থো ভজেত সংসারহেতূপরমশ্চ যত্র ॥ ৬ ॥

অন্বয়

এবং নিয়তার্থঃ (এই সমস্ত অনায়াসসিদ্ধ বস্তুদ্বারা দেহযাত্রা নির্ব্বাহকারী যোগী) নির্বৃতঃ সন্ (বৈরাগ্যসুখসম্পন্ন হইয়া) যত্র (যাহার প্রাপ্তিতে) সংসারহেতূপরমঃ (কার্য্য কারণরূপ প্রকৃতিসঙ্গ নিবৃত্ত হয়), [যঃ] ভগবান্ (এবং যিনি ষড়ৈশ্বর্য্যশালী), প্রিয়ঃ অর্থঃ (প্রিয়বস্তু), আত্মা (শ্রীকৃষ্ণরূপ-পরমাত্মপদার্থ) স্বচিত্তে (স্বীয় অন্তঃকরণে) স্বতঃ এব সিদ্ধঃ (স্বতঃপ্রকাশিত) অনন্তঃ চ (ও অপরিচ্ছিন্ন), তং ভজেত (তাঁহাকে ভজনা করিবেন) ॥ ৬ ॥

অনুবাদ

দেহ-ধারণোপযোগী বস্তু অনায়াসলভ্য।] ছিন্ন বস্ত্রখণ্ড কি পথিমধ্যে পাওয়া যায় না? অর্থাৎ অবশ্যই পাওয়া যায়, যাহাতে লজ্জা নিবারণ করা যাইতে পারে। সেইরূপ পরপোষক বৃক্ষগণ ফলরূপ ভিক্ষা কি প্রদান করে না? যাহাতে ক্ষুধা নিবৃত্তি হইতে পারে। গঙ্গা যমুনা প্রভৃতি নদী সকল কি শুকাইয়া গিয়াছে? যে পিপাসা নিবৃত্তি হয় না। পর্ব্বতগুহা সকল কি অবরুদ্ধ হইয়াছে? যে বাসস্থান পাওয়া যায় না। ভগবান্ শ্রীকৃষ্ণ কি শরণাগতকে রক্ষা করেন না? যে আশ্রয়ের জন্য অন্যত্র যাইতে হইবে। [অর্থাৎ ধনিকের নিকটে কোন প্রকারেই যাওয়ার প্রয়োজন নাই] ॥ ৫ ॥

এই সমস্ত অনায়াসসিদ্ধ বস্তুর দ্বারা দেহযাত্রা নির্ব্বাহকারী যোগী বৈরাগ্যসুখসম্পন্ন হইয়া যাহার প্রাপ্তিতে কার্য্যকারণরূপ প্রকৃতির সঙ্গ নিবৃত্ত হয়, যিনি ষড়ৈশ্বর্য্যশালী, প্রিয়বস্তু, শ্রীকৃষ্ণরূপ পরমাত্মপদার্থ এবং স্বীয় অন্তঃকরণে স্বতঃপ্রকাশিত ও অনন্ত, তাঁহাকে ভজনা করিবেন ॥ ৬ ॥

টীকা

বাক্যং তু কেবলকর্ম্মবিষয়ম্। আদিনা বস্ত্রখণ্ডাদিপরিগ্রহঃ। বহুযত্নসাধ্যৈর্দুর্কুলৈঃ কিম্? ॥ ৪ ॥ কবয়ো ধনদুর্ম্মদান্ধান্ কস্মাৎ হেতোর্ভজন্তি। কবিভিঃ তে ন ভজনীয়া ইত্যর্থঃ। নন্থ তর্হি বস্ত্র-খণ্ডাদিলাভঃ কুতো ভবেৎ? তত্রাহ—চীরাণি কিং পথি ন সন্তি? পরান্ পুষ্ণন্তি যে তেঽঙ্ঘ্রিপাঃ বৃক্ষাঃ দয়াদিধর্ম্মাঙ্ঘ্রিপালকাঃ বা ভিক্ষাং কিং নৈব দিশন্তি নৈব প্রযচ্ছন্তি? সরিতঃ গঙ্গাযমুনাদ্যাঃ নদ্যঃ শিবজলাঃ অশুষ্যন্ কিং? নির্জ্জলা জাতাঃ কিং? গুহাঃ গোবর্দ্ধনাদিগিরিদর্যঃ রুদ্ধা কিং? কিঞ্চ অজিতঃ শ্রীকৃষ্ণঃ উপসন্নান্ কিং ন অবতি? ন রক্ষতি? অপি তু রক্ষত্যেব ॥ ৫ ॥ এবং নিয়তঃ অনায়াসসিদ্ধঃ দেহনির্ব্বাহরূপোঽর্থঃ প্রয়োজনং যস্য সঃ, নির্বৃতঃ বৈরাগ্যসুখসম্পন্নঃ সন্ তং ভজেত, যত্র ভজনে সংসারহেতোঃ কার্য্যকারণরূপপ্রকৃতিসঙ্গস্য উপরমশ্চ ভবতি, চকারস্তৎপ্রাপ্তিং সমুচ্চিনোতি। "মদ্ভক্তা যান্তি মামপি" ইতি শ্রীমুখপ্রচনাৎ বিদ্যয়া অবিদ্যায়াং নিবৃত্তায়াং উপাস্যোপাসক-স্বরূপযাথাত্ম্যজ্ঞানবান্ শ্রবণমননিদিধ্যাসনাবৃত্ত্যা জন্মমরণাখ্যসংসারহেতোঃ প্রকৃতিসম্বন্ধাৎ মুক্তো ভবতীত্যর্থঃ। তদাবৃত্তিমাহ ভগবান্ সূত্রকারঃ "আবৃত্তিরসকৃদুপদেশাৎ" ৪।১।১। ইতি। ভজনীয়ং দর্শয়তি—ভগবান্ স্বাভাবিকষড়ৈশ্বর্য্যসম্পন্নঃ, অনেন তদ্দত্তৈশ্বর্য্যবন্তো ব্যাবৃত্তাঃ। প্রিয়োঽর্থঃ অনেন

কস্তাং ত্বনাদৃত্য পরানুচিন্তা-মৃতে পশূনসতীং নাম কুর্য্যাৎ।
পশ্যন্ জনং পতিতং বৈতরণ্যাং স্বকর্ম্মজান্ পরিতাপান্ জুষাণম্ ॥ ৭ ॥
কেচিৎ স্বদেহান্তর্হৃদয়াবকাশে প্রাদেশমাত্রং পুরুষং বসন্তম্।
চতুর্ভুজং কঞ্জরথাঙ্গশঙ্খ-গদাধরং ধারণয়া স্মরন্তি ॥ ৮ ॥

অন্বয়

বৈতরণ্যাং পতিতং (সংসাররূপ বৈতরণী নদীতে পতিত) স্বকর্ম্মজান্ (স্বীয় কর্ম্মজনিত) পরিতাপান্ জুষাণং (পরিতাপ সমূহ ভোগকারী) জনং পশ্যন্ (ব্যক্তিকে দেখিয়া) পশূন্ ঋতে (পশু ব্যতীত) কঃ তু নাম (কোন্ ব্যক্তিই বা) তাং (সেই ভজননিষ্ঠাকে) অনাদৃত্য (অনাদর করিয়া) অসতীং (নিন্দনীয়া) পরানুচিন্তাং (ভগবদ্‌ভিন্ন বস্তুবিষয়ক চিন্তা) কুর্য্যাৎ (করিতে পারেন?) ॥ ৭ ॥

[এই শ্লোক হইতে আরম্ভ করিয়া পাঁচটি শ্লোকে শ্রীহরিভজনে ধারণার বিষয় বলিতেছেন ও ষষ্ঠ শ্লোকে ধ্যান বলিবেন] কেচিৎ (কোন কোন ভগবদ্ভক্তগণ) স্বদেহান্তর্হৃদয়াবকাশে (স্বীয় দেহের অভ্যন্তরস্থিত হৃদয়াকাশে) বসন্তং (অন্তর্য্যামীরূপে অবস্থিত) প্রাদেশমাত্রং (প্রাদেশপরিমিত) চতুর্ভুজং (চতুর্ভুজ) কঞ্জরথাঙ্গশঙ্খগদাধরং (শঙ্খ, চক্র, গদা ও পদ্মধারী) পুরুষং (পরমপুরুষকে) ধারণয়া স্মরন্তি (ধারণাদ্বারা স্মরণ করিয়া থাকেন) ॥ ৮ ॥

অনুবাদ

সংসাররূপ বৈতরণী নদীতে পতিত হইয়া স্বীয় স্বীয় কর্ম্মজনিত পরিতাপ সকল ভোগ করিতেছে, এমন ব্যক্তিকে দেখিয়া পশু ব্যতীত কোন্ ব্যক্তি সেই শ্রীহরির ভজন-নিষ্ঠাকে অনাদর করিয়া নিন্দনীয় ভগবদ্‌ভিন্নবস্তুবিষয়ক চিন্তা করিতে পারেন? ॥ ৭ ॥

কোন কোন ভগবদ্ভক্তগণ স্বকীয় দেহের অভ্যন্তরস্থিত হৃদয়াকাশে অন্তর্য্যামীরূপে যিনি বাস করিতেছেন, সেই প্রাদেশপরিমিত চতুর্ভুজ, শঙ্খ, চক্র, গদা ও পদ্মধারী পরম-পুরুষকে ধারণাদ্বারা স্মরণ করিয়া থাকেন ॥ ৮ ॥

টীকা

প্রিয়পদার্থান্তরাভাব উক্তঃ, আত্মা "কৃষ্ণমেনমবেহি ত্বম্ আত্মানমখিলাত্মনাম্" ইতি বক্ষ্যমাণাং কৃষ্ণাখ্য আত্মপদার্থঃ ভজনীয়ো ন তু তদাত্মকঃ জীবাত্মা ইত্যর্থঃ। স্বচিত্তে স্বতঃ এব সিদ্ধঃ, অনেন সর্ব্বত্র স্বতঃসিদ্ধত্বেন তৎসন্নিহিততা দর্শিতা, অনন্ত ইত্যনেন তদপরিচ্ছিন্নতা উক্তা, যঃ এবম্ভূতস্তমিতি যোজনা ॥ ৬ ॥ ভগবদ্‌ভজনহীনকর্ম্মনিষ্ঠজননিন্দয়া ভজননিষ্ঠাং দ্রঢ়য়তি—ক ইতি। বৈতরণ্যাং পতিতং স্বকর্ম্মজান্ পরিতাপান্ জুষাণং সেবমানং জনং শাস্ত্রদ্বারা পশ্যন্ বৈতরণীতুল্যায়াং সংসৃতৌ বা পতিতং পশ্যন্ যত্র সংসারহেতূপরমঃ তাং ভজননিষ্ঠামনাদৃত্য অসতীম্ অশোভনাং পরানুচিন্তাং ভগবদিতরচিন্তাং "পশুরেব স দেবানাম্" ইতি শ্রুতিপ্রসিদ্ধং কর্ম্মজড়ং বিনা পশুতুল্যং বিবেকহীনং জনং বিনা বা কো নাম কুর্য্যাৎ, অনেন নিত্যবদ্ধো জীবঃ সূচিতঃ ॥ ৭ ॥ তামেব ভজননিষ্ঠামাহ—কেচিদিতি ষড়্‌ভিঃ। তত্র পঞ্চভির্ধারণাম্, একেন ধ্যানম্, কেচিদ্ ভাগবতাঃ স্বদেহস্যান্তর্মধ্যে যোঽবকাশঃ তত্র বসন্তং প্রাদেশমাত্রং প্রাদেশস্তর্জ্জন্যঙ্গুষ্ঠ-মাত্রা, সা মাত্রা পরিমাণং যস্য তং, শ্রুতৌ তু "অঙ্গুষ্ঠমাত্রং পুরুষং মধ্যে আত্মনি সংস্থিতম্। তং জ্ঞাত্বা মৃত্যুমত্যেতি নান্যঃ পন্থাঃ বিমুক্তয়ে" ইত্যুক্তম্। উভয়ত্র হৃদয়কমলাপেক্ষ্যং ব্যাপকত্বৈব সূক্ষ্মত্বং বিবক্ষিতং।

প্রসন্নবক্ত্রং নলিনায়তেক্ষণং কদম্বকিঞ্জল্কপিশঙ্গবাসসম্ ।
লসন্মহারত্নহিরণ্ময়াঙ্গদং স্ফুরন্মহারত্নকিরীটকুণ্ডলম্ ॥ ৯ ॥
উন্নিদ্রহৃৎপঙ্কজকর্ণিকালয়ে যোগেশ্বরাস্থাপিতপাদপল্লবম্ ।
শ্রীলক্ষণং কৌস্তুভরত্নকন্ধর-মম্লানলক্ষ্ম্যা বনমালয়াচিতম্ ॥ ১০ ॥

অন্বয়

প্রসন্নবক্ত্রং (উপাসকের আনন্দপ্রদ বদনমণ্ডলসমন্বিত) নলিনায়তেক্ষণং (পদ্মপলাশের ন্যায় আয়তলোচন) কদম্বকিঞ্জল্কপিশঙ্গবাসসং (কদম্ব পুষ্পের কেশরের ন্যায় পিঙ্গলবর্ণ বস্ত্রপরিহিত) লসন্মহারত্নহিরণ্ময়াঙ্গদং (মহারত্ন সকল যাহাতে শোভিত এইরূপ সুবর্ণনির্ম্মিত অঙ্গদনামক অলঙ্কারে ভূষিত) স্ফুরন্মহারত্নকিরীটকুণ্ডলং (উজ্জ্বল মহারত্ননির্ম্মিত মুকুট ও কুণ্ডলে সুশোভিত) [পরমপুরুষকে ভক্তগণ ধারণাদ্বারা স্মরণ করিয়া থাকেন। পূর্ব্বশ্লোকের সহিত অন্বয় হইবে] ॥ ৯ ॥

উন্নিদ্রহৃৎপঙ্কজকার্ণিকালয়ে (বিকসিত হৃদয়কমলের মধ্যস্থানরূপ আলয়ে) যোগেশ্বরাস্থাপিতপাদপল্লবং (যোগেশ্বরগণ ধ্যানে যাঁহার পাদপল্লব সাক্ষাৎ করিয়া থাকেন), শ্রীলক্ষণং (শ্রীবৎসচিহ্ন যাঁহার বক্ষে বিদ্যমান), কৌস্তুভরত্নকন্ধরং (গলদেশে যাঁহার কৌস্তুভরত্ন বিলম্বিত) অম্লানলক্ষ্ম্যা (ও অম্লান সৌন্দর্য্যযুক্ত) বনমালয়া (বনমালা দ্বারা) আচিতং (যিনি শোভিত), [সেই পরমপুরুষকে ভক্তগণ ধারণা দ্বারা স্মরণ করিয়া থাকেন] ॥ ১০ ॥

অনুবাদ

সেই পরমপুরুষের বদনমণ্ডল উপাসকের আনন্দপ্রদ, তিনি পদ্মপলাশের ন্যায় আয়তলোচনসমন্বিত, কদম্ব কুসুমের কেশরের ন্যায় পিঙ্গলবর্ণ বস্ত্রপরিহিত ও মহারত্ন সকল যাহাতে শোভিত এইরূপ সুবর্ণনির্ম্মিত অঙ্গদনামক অলঙ্কারে ভূষিত এবং উজ্জ্বল মহারত্ননির্ম্মিত মুকুট ও কুণ্ডলে সুশোভিত ॥ ৯ ॥

বিকসিত হৃদয়কমলের মধ্যস্থানরূপ আলয়ে যোগেশ্বরগণ ধ্যানে যাঁহার পাদপল্লব সাক্ষাৎ করিয়া থাকেন, যিনি শ্রীবৎসচিহ্ন ধারণ করিয়াছেন, যাঁহার গলদেশে কৌস্তুভ রত্ন বিদ্যমান, এবং যিনি অম্লান সৌন্দর্য্যযুক্ত বনমালার দ্বারা সুশোভিত, সেই পরমপুরুষকে ভক্তগণ ধারণা দ্বারা স্মরণ করিয়া থাকেন ॥ ১০ ॥

টীকা

চতুর্ভুজং কঞ্জরথাঙ্গশঙ্খগদাধরং পদ্মচক্রশঙ্খগদাধরং ধারণয়া স্মরন্তি ॥ ৮ ॥ প্রসন্নং ধ্যাত্রানন্দপ্রদং বক্ত্রং যস্য, নলিনং পদ্মং তদ্বদায়তে দীর্ঘে ঈক্ষণে যস্য, কদম্বকিঞ্জল্কবৎ কদম্বপুষ্পকেশরবৎ পিশঙ্গে বাসসী যস্য, লসন্তি মহারত্নানি যেষু তানি, হিরণ্ময়ানি অঙ্গদানি যস্য, স্ফুরন্তি চ তানি মহারত্নানি চ তন্ময়ানি কিরীটকুণ্ডলানি যস্য তম্ ॥ ৯ ॥ উন্নিদ্রহৃৎপঙ্কজস্য বিকসিতহৃদয়কমলস্য কর্ণিকৈব আলয়ঃ স্থানং, তত্র যোগেশ্বরৈরাস্থাপিতৌ ধ্যান গোচরীকৃতৌ পাদপল্লবৌ যস্য, শ্রীরূপং লক্ষ্মচিহ্নং বিদ্যতে যস্য শ্রীলক্ষণস্তং, পামাদিবিহিতো মত্বর্থীয়ো ন প্রত্যয়ঃ, তস্য আকৃতিগণত্বাৎ। কৌস্তুভরত্নং কন্ধরায়াং যস্য, অম্লানা বিস্ফূর্য্যমাণা লক্ষ্মীঃ শোভা যস্যাস্তয়া

বিভূষিতং মেখলয়াঙ্গুরীয়কৈ-র্মহাধনৈর্নূপুরকঙ্কণাদিভিঃ।
স্নিগ্ধামলাকুঞ্চিতনীল-কুন্তলৈ-র্বিরোচমানাননহাসপেশলম্ ॥ ১১ ॥
অদীনলীলাহসিতেক্ষণোল্লসদ্-ভ্রূভঙ্গসংসূচিতভূর্য্যনুগ্রহম্।
ঈক্ষেত চিন্তাময়মেতমীশ্বরং যাবন্মনো ধারণয়াবতিষ্ঠতে ॥ ১২ ॥
একৈকশোঽঙ্গানি ধিয়ানুভাবয়েৎ পাদাদি যাবদ্ধসিতং গদাভৃতঃ।
জিতং জিতং স্থানমপোহ্য ধারয়েৎ পরং পরং শুধ্যতি ধীর্যথা যথা ॥১৩॥

অন্বয়

মেখলয়া (কটিসূত্র) মহাধনৈঃ (মহামূল্য) অঙ্গুরীয়কৈঃ (অঙ্গুরীয়ক) নূপুরকঙ্কণাদিভিঃ বিভূষিতং (ও নূপুর, কঙ্কণ প্রভৃতি অলঙ্কারের দ্বারা যিনি বিভূষিত), স্নিগ্ধামলাকুঞ্চিতনীলকুন্তলৈঃ (এবং মনোহর অত্যুজ্জ্বল, বক্র ও নীলবর্ণ কেশসমূহের দ্বারা) বিরোচমাননহাসপেশলম্ (রমণীয় মুখমণ্ডল ও হাস্যের দ্বারা যিনি অতিশয় সুন্দর), [সেই পরমপুরুষকে ভক্তগণ ধারণা দ্বারা স্মরণ করিয়া থাকেন] ॥ ১১ ॥

অদীনলীলাহসিতেক্ষণোল্লসদ্ভ্রূভঙ্গসংসূচিতভূর্য্যনুগ্রহং (যাঁহার উদার লীলা ও হাস্যযুক্ত অবলোকনের দ্বারা প্রকটিত ভ্রূবিক্ষেপে সাতিশয় অনুগ্রহভাব সম্যক্‌রূপে সূচিত হয়), চিন্তাময়ং (ধ্যান প্রাপ্ত) এতং ঈশ্বরং (এইরূপ ঈশ্বরকে) [যোগী] যাবৎ মনঃ (যতক্ষণে মন) ধারণয়া অবতিষ্ঠতে (ধারণা দ্বারা স্থির হয়), তাবৎ ঈক্ষেত (ততক্ষণ দর্শন করিবেন) ॥ ১২ ॥

[ধ্যান বলিতেছেন] (যোগী) গদাভৃতঃ (ধ্যেয় গদাধরের) পাদাদি যাবৎ হসিতং (চরণ হইতে

অনুবাদ

কটিসূত্র, মহামূল্য অঙ্গুরীয়ক, নূপুর ও কঙ্কণ প্রভৃতি অলঙ্কারের দ্বারা যিনি বিভূষিত এবং যাঁহার মনোহর, অত্যুজ্জ্বল, বক্র ও নীলবর্ণ কেশ সমূহের দ্বারা বদনমণ্ডল রমণীয় ও হাস্যের দ্বারা যিনি অতিশয় সুন্দর, সেই পরমপুরুষকে ধারণা দ্বারা যোগিগণ স্মরণ করিয়া থাকেন ॥ ১১ ॥

যাঁহার উদার লীলা ও হাস্যযুক্ত অবলোকনের দ্বারা প্রকটিত ভ্রূবিক্ষেপে সাতিশয় অনুগ্রহভাব সম্যক্‌রূপে সূচিত হয়, যোগী ধ্যানপ্রাপ্ত সেই সর্ব্বান্তর্য্যামী ঈশ্বরকে যতক্ষণে ধারণা দ্বারা মন স্থির হয়, ততক্ষণ দর্শন করিবেন ॥ ১২ ॥

[ধ্যান বলিতেছেন] যোগী ধ্যেয় গদাধরের চরণ হইতে আরম্ভ করিয়া হাস্যযুক্ত মুখ

টীকা

আচিতং সর্ব্বতো বিস্ফূর্য্যমাণম্ ॥ ১০ ॥ মেখলয়া কটিসূত্রেণ অঙ্গুরীয়কাদিভিশ্চ বিভূষিতম্, স্নিগ্ধৈঃ সস্নেহৈরমলৈঃ উজ্জ্বলৈঃ কুঞ্চিতৈর্বক্রৈর্নীলবর্ণৈঃ এবম্বিধৈঃ—কুন্তলৈঃ বিরোচমানে আননে যো হাসঃ তেন পেশলং সুন্দরম্ ॥১১॥ অদীনেন উদারেণ লীলাহসিতেন যুক্তং যদীক্ষণং তেন উল্লসদ্ভিঃ ভ্রূভঙ্গৈঃ ভ্রূবিক্ষেপৈঃ সম্যক্ সূচিতো ভূর্য্যনুগ্রহো যেন তম্, চিন্তাময়ং চিন্তায়াঃ ধ্যানাৎ আবির্ভূতং "তত আগত" ইত্যধিকারে ময়ট্। এতং ধ্যেয়ম্ ঈশ্বরম্ অন্তর্য্যামিণং যাবন্মনো ধারণয়া অবতিষ্ঠেত, তাবৎ ঈক্ষেত ॥ ১৩ ॥ ধ্যানমাহ একৈকশ ইতি। গদাভৃতঃ ধ্যেয়স্য ধ্যাতুস্ত্রাণায় গৃহীতকৌমদকেঃ পাদাদি যাবদ্ধসিতং হসিতযুক্তমুখাবধি অঙ্গানি একৈকশঃ ধিয়া ভাবয়েৎ ধ্যায়েৎ। জিতং জিতং স্থানং সুজ্ঞাতং পাদগুল্ফাদ্যম্ অপোহ্য সুজ্ঞাতত্বেন হৃদি নিধায় পরং পরং জঙ্ঘাজানাদি ধীর্যথা যথা শুধ্যতি তত্র তত্র নিষ্ঠাং প্রাপ্নোতি তথা তথা ধারয়েৎ ধ্যায়েৎ ॥ ১৩॥

যাবন্ন জায়েত পরাবরেঽস্মিন্ বিশ্বেশ্বরে দ্রষ্টরি ভক্তিযোগঃ।
তাবৎ স্থবীয়ঃ পুরুষস্য রূপং ক্রিয়াবসানে প্রযতঃ স্মরেত ॥ ১৪ ॥
স্থিরং সুখঞ্চাসনমাস্থিতো যতি-র্যদা জিহাসুরিমমঙ্গ! লোকম্।
দেশে চ কালে চ মনো ন সজ্জয়েৎ প্রাণান্ নিযচ্ছেন্মনসা জিতাসুঃ ॥ ১৫ ॥

অন্বয়

আরম্ভ করিয়া হাস্যযুক্ত মুখ অবধি) অঙ্গানি (অঙ্গ সকল) একৈকশঃ (এক একটি করিয়া) ধিয়া (বুদ্ধিদ্বারা) অনুভাবয়েৎ (চিন্তা করিবেন), জিতং জিতং স্থানং (সুজ্ঞাত অর্থাৎ অনায়াসে প্রতিভাত সেই সেই স্থান) অপোহ্য (হৃদয়ে নিবেশিত করিয়া) ধীঃ (বুদ্ধি) যথা যথা শুধ্যতি (যেই যেই স্থানে স্থিতি লাভ করে,) [তথা তথা] পরং পরং ধারয়েৎ (সেই সেই জানু জঙ্ঘা প্রভৃতি স্থান ক্রমে ক্রমে ধ্যান করিবেন) ॥ ১৩ ॥

যাবৎ (যে পর্য্যন্ত) পরাবরে (ব্রহ্মাদিশ্রেষ্ঠ) দ্রষ্টরি (সর্ব্বান্তর্য্যামী) অস্মিন্ (পূর্ব্বোক্ত প্রাদেশ পরিমিত) বিশ্বেশ্বরে (সর্ব্বেশ্বর ভগবানে) ভক্তিযোগঃ ন জায়তে (ভক্তিযোগ উৎপন্ন না হয়), তাবৎ (ততক্ষণ পর্য্যন্ত) ক্রিয়াবসানে (আবশ্যকীয় কর্ম্মানুষ্ঠানের শেষে) প্রযতঃ (শুদ্ধচিত্ত হইয়া) পুরুষস্য (পরমপুরুষের) স্থবীয়ঃ রূপং (চতুর্দ্দশভুবনাত্মক স্থূলরূপ) স্মরেত (স্মরণ করিবেন) ॥ ১৪ ॥

অঙ্গ! (হে রাজন্) যতিঃ (ভগবদ্ধ্যানে নিমগ্ন ব্যক্তি) যদা (প্রারব্ধ কর্ম্মের ক্ষয়কালে যখন) ইমং লোকং (এই প্রাকৃত লোক) জিহাসুঃ (পরিত্যাগ করিতে অভিলাষী হইবেন), তদা (তখন) দেশে (পুণ্যক্ষেত্রে) কালে (উত্তরায়ণাদি কালে) মনঃ ন সজ্জয়েৎ (মনোনিবেশ করিবেন না)। স্থিরং সুখং আস্থিতঃ (স্থির ও সুখাবহ আসনে উপবিষ্ট হইয়া) জিতাসুঃ (প্রাণবায়ু জয় করতঃ) মনসা প্রাণান্ নিযচ্ছেৎ (মনের দ্বারা ইন্দ্রিয়সমূহকে অন্তর্মুখী করিবেন) ॥ ১৫ ॥

অনুবাদ

পর্য্যন্ত অঙ্গ সকল এক একটি করিয়া বুদ্ধির দ্বারা চিন্তা করিবেন এবং পরে অনায়াসে প্রতিভাত সেই সেই স্থান হৃদয়ে সন্নিবেশিত করিয়া বুদ্ধি যেই যেই স্থানে স্থিতিলাভ করে, সেই সেই জানু জঙ্ঘা প্রভৃতি স্থান ক্রমে ক্রমে চিন্তা করিবেন ॥ ১৩ ॥

যে পর্য্যন্ত ব্রহ্মাদি দেবগণের শ্রেষ্ঠ, সর্ব্বান্তর্য্যামী ভগবান্ বিশ্বেশ্বরে ভক্তিযোগ উৎপন্ন না হয়, সেই পর্য্যন্ত আবশ্যকীয় কর্ম্মানুষ্ঠানের শেষে শুদ্ধান্তঃকরণে পরমপুরুষ ভগবানের চতুর্দ্দশভুবনাত্মক স্থূলরূপ স্মরণ করিবেন ॥ ১৪ ॥

হে রাজন্! পূর্ব্বোক্ত প্রকারে যোগসম্পন্ন ব্যক্তি স্বীয় প্রারব্ধ কর্ম্মের ক্ষয়কালে যখন এই প্রাকৃতলোক পরিত্যাগ করিতে অভিলাষী হইবেন, তখন দেশ ও কালের অপেক্ষা না করিয়া অর্থাৎ পুণ্যক্ষেত্র বা উত্তরায়ণাদি কালের অপেক্ষা না করিয়া স্থির ও সুখাবহ আসনে উপবিষ্ট হইয়া প্রাণবায়ু জয় করতঃ মনের দ্বারা ইন্দ্রিয় সমূহকে অন্তর্মুখী করিবেন ॥ ১৫ ॥

টীকা

বৈরাজধারণা সাধনভূতা তাবদনুষ্ঠেয়ৈব যাবৎ সাধ্যধারণাশ্রয়ে ভক্তির্নভবেদিত্যাহ—যাবদিতি। অস্মিন্নুক্তশরীরিণি দ্রষ্টরি সর্ব্বান্তর্য্যামিণি পরেঽবরে যস্মাৎ তস্মিন্ বিশ্বেশ্বরে সর্ব্বেশ্বরে যাবৎ ভক্তি-যোগো ন জায়তে, তাবৎ ক্রিয়াবসানে আবশ্যককর্ম্মানুষ্ঠানাবসানে পুরুষস্য বৈরাজস্য স্থবীয়ঃ স্থূলং

মনঃ স্ববুদ্ধ্যামলয়া নিয়ম্য ক্ষেত্রজ্ঞ এতাং নিলয়েৎ তমাত্মনি।
আত্মানমাত্মন্যবরুধ্য ধীরো লব্ধোপশান্তির্বিরমেত কৃত্যাৎ ॥১৬॥
ন যত্র কালোঽনিমিষাং পরঃ প্রভুঃ কুতো নু দেবা জগতাং য ঈশিরে।
ন যত্র সত্ত্বং ন রজস্তমশ্চ ন বৈ বিকারো ন মহান্ প্রধানম্ ॥১৭॥

অন্বয়

(অনন্তর) ধীরঃ (যোগী) তথা (সেইরূপ) অমলয়া স্ববুদ্ধ্যা (স্বীয় নির্ম্মল বুদ্ধির দ্বারা) মনঃ নিয়ম্য (মনকে নিয়মিত করিয়া) এতাং (এই বুদ্ধিকে) ক্ষেত্রজ্ঞে আত্মনি (জীবাত্মাতে) নিলয়েৎ (লয় করিবেন)। [তং] আত্মানং (সেই জীবাত্মাকে) আত্মনি (ভগবানে) অবরুধ্য (সমর্পণ করিয়া) লব্ধোপশান্তিঃ (পরম শান্তি লাভ করতঃ) কৃত্যাৎ (কর্ত্তব্য কার্য্য হইতে) বিরমেত (বিরত হইবেন) ॥ ১৬ ॥

যত্র (আত্মসমর্পণপাত্র ভগবানে) অনিমিষাং (দেবতাগণের) পরঃ (ভয়প্রদ) কালঃ ন প্রভুঃ (কালও প্রভাবশালী হয় না); যে (যাঁহারা) জগতাং ঈশিরে (জগতের নিয়মকারী হইয়া থাকেন) দেবাঃ (সেই দেবতাগণ) তত্র (সেই ভগবানে) কুতঃ নু (কোথা হইতে প্রভাবশালী হইবেন ?)। যত্র (পরমাত্মাতে) সত্ত্বং ন, রজঃ ন, তমঃ চ [ন] (সত্ত্ব, রজঃ ও তমোগুণ প্রভাবশালী হয় না), [ন] বৈ বিকারঃ, ন মহান্, ন প্রধানং (অহঙ্কারতত্ত্ব, মহত্তত্ত্ব এবং প্রকৃতিও প্রভাবশালী হয় না) ॥ ১৭ ॥

অনুবাদ

অনন্তর যোগী স্বকীয় নির্ম্মল বুদ্ধির দ্বারা মনকে নিয়মিত করিয়া সেই বুদ্ধিকেও জীবাত্মাতে লয় করিবেন এবং সেই জীবাত্মাকে পরমাত্মা ভগবানে সমর্পণ করিয়া পরম শান্তি লাভ করতঃ কর্ত্তব্য কার্য্য হইতে বিরত হইবেন ॥ ১৬ ॥

আত্মসমর্পণযোগ্য পরমাত্মা ভগবানে দেবগণেরও ভয়প্রদ কাল প্রভাবশালী হয়

টীকা

চতুর্দ্দশভুবনাত্মকং প্রযতঃ স্মরেত ॥ ১৪ ॥ অথ ঈদৃগ্‌ভজননিষ্ঠাবতো দেহবিসর্জ্জনপ্রকারং বক্তুং ভগবত্যাত্মসমর্পণপ্রকারং ভগবংস্বরূপঞ্চাহ—স্থিরমিতি চতুর্ভিঃ। অঙ্গ! হে রাজন্! যতির্ভগবদ্ধ্যান-যোগী যদা প্রারব্ধকর্ম্মক্ষয়কালে ইমং লোকং প্রাকৃতং লোকং জিহাসুঃ হাতুমিচ্ছুঃ স্যাৎ, তদা দেশে পুণ্যক্ষেত্রে কালে উত্তরায়ণাদৌ চ মনো ন সজ্জয়েৎ ন প্রাপয়েৎ। কিন্তু স্থিরং সুখমাসনমাস্থিতঃ জিতাসুঃ জিতপ্রাণঃ মনসা প্রাণমিন্দ্রিয়গণং নিযচ্ছেৎ ভগবৎপরং কুর্য্যাৎ ॥ ১৫ ॥ তন্মনঃ স্ববুদ্ধ্যা নিয়ম্য এতাং বুদ্ধিং ক্ষেত্রজ্ঞে আত্মনি জীবে নিলয়েৎ নিযচ্ছেৎ। সর্ব্বং দেহেন্দ্রিয়রূপং জড়বর্গং স্বনিয়ম্যং স্বস্মাৎ পৃথক্‌চিন্তয়েদিত্যর্থঃ। তমাত্মানং জীবম্ আত্মনি ভগবতি নিরুধ্য সমর্প্য ধীরো লব্ধোপশান্তিঃ কৃত্যাদ্ বিরমেত। অনেন স্বাত্মসমর্পণাবধিসাধনাবৃত্তির্দর্শিতা ॥ ১৬ ॥ যত্র ভগবতি স্বাত্মসমর্পণপাত্রে অনিমিষাং দেবানাং পরঃ ভয়দঃ কালোঽপি প্রভুঃ কিঞ্চিৎকরো ন, তত্র দেবাঃ কালনিয়ম্যাঃ কুতঃ প্রভবঃ ? দেবনিয়ম্যানাং জগতাং প্রাণিনান্তু কা কথা ইত্যাহ—জগতাং য ঈশিরে ইতি। যে জগন্তি নিয়ময়ন্তি তে তত্র ন প্রভবঃ, তত্র জগতাং কা কথা ইত্যর্থঃ। যত্র প্রধানং তৎ কার্য্যভূতৌ মহদহঙ্কারৌ প্রধানগুণাশ্চ কিঞ্চিদপি কর্ত্তুং ন ক্ষমাঃ ॥ ১৭ ॥

পরং পদং বৈষ্ণবমামনন্তি তদ্-যন্নেতি নেতীত্যতদুৎসিসৃক্ষবঃ।
বিসৃজ্য দৌরাত্ম্যমনন্যসৌহৃদা হৃদোপগুহ্যার্হপদং পদে পদে ॥১৮॥
ইত্থং মুনিস্তূপরমেদ্ব্যবস্থিতো বিজ্ঞানদৃগ্‌বীর্য্যসুরন্ধিতাশয়ঃ।
স্বপার্ষ্ণিনাপীড্য গুদং ততোঽনিলং স্থানেষু ষট্‌সূন্নময়েজ্জিতক্লমঃ ॥১৯॥

অন্বয়

অতৎ (ব্রহ্মভিন্ন) ন ইতি ন ইতি (কিছু নাই বলিয়া) উৎসিসৃক্ষবঃ অনন্যসৌহৃদাঃ (একমাত্র ব্রহ্ম প্রতিপাদনপর উপনিষৎ শাস্ত্র অর্থাৎ বেদান্তশাস্ত্র) যৎ পরং (যে সর্ব্বোৎকৃষ্ট) বৈষ্ণবং পদং (বিষ্ণুর স্বরূপ) আমনন্তি (নির্ণয় করিয়া থাকে), তৎ অর্হপদং (সেই পূজনীয় বিষ্ণুর স্বরূপ) দৌরাত্ম্যং বিসৃজ্য (ব্রহ্ম হইতে আমি স্বতন্ত্র এই অব্রহ্মাত্মকতারূপ অজ্ঞান পরিত্যাগপূর্ব্বক) হৃদা পদে পদে (হৃদয়ে প্রতিক্ষণ) উপগুহ্য (অনুভব করিয়া) [কার্য্য হইতে বিরত হইবেন। পূর্ব্বের সহিত অন্বয় হইবে]॥ ১৮ ॥

ব্যবস্থিতঃ (পূর্ব্বোক্ত প্রকারে আত্মসমর্পণকারী) বিজ্ঞানদৃগ্‌বীর্য্যসুরন্ধিতাশয়ঃ মুনিঃ (শাস্ত্র ও আচার্য্যের অনুগ্রহলব্ধ তত্ত্বজ্ঞানের বলে যাঁহার বিষয়-বাসনা বিদূরিত হইয়াছে এমন মননশীল যোগী) ইত্থং (বক্ষ্যমাণরূপে) উপরমেৎ (দেহ পরিত্যাগ করিবেন)। জিতক্লমঃ (শ্রমজয়ী হইয়া) স্বপার্ষ্ণিনা (স্বীয় পাদমূলের দ্বারা) গুদম্ আপীড্য (মূলাধার অর্থাৎ গুহ্যদ্বার নিরোধ করিয়া) ততঃ (অনন্তর) অনিলং (প্রাণবায়ুকে) ষট্‌সু স্থানেষু (নাভি প্রভৃতি ছয়টি স্থানে) উন্নময়েৎ (ঊর্দ্ধে উন্নীত করিবেন)॥১৯॥

অনুবাদ

না। অতএব যাঁহারা জগতের নিয়মকারী, সেই দেবতাগণ পরমাত্মাতে কি করিয়া প্রভাবশালী হইবেন? দেবাধীন মনুষ্যাদি প্রাণিগণের কথা আর কি বলিব? [অর্থাৎ কালের অধীন দেবতা, দেবতার অধীন প্রাণিগণ। অতএব সেই কালেরই যখন পরমাত্মাতে প্রভাব নাই, তখন অন্যের বিষয়ে আর বক্তব্য কি?] পরমাত্মাতে সত্ত্ব, রজঃ ও তমোগুণ, অহঙ্কারতত্ত্ব মহৎ-তত্ত্ব এবং প্রকৃতিও প্রভাবশালী হয় না ॥ ১৭ ॥

"ব্রহ্ম ব্যতীত কিছু নাই" এই প্রকারে অদ্বিতীয় ব্রহ্ম প্রতিপাদনপর উপনিষৎশাস্ত্র যে সর্ব্বোৎকৃষ্ট বিষ্ণুর স্বরূপ জগৎকারণরূপে, সর্ব্বাত্মত্বরূপে, সর্ব্বশক্তিরূপে ও সত্যত্বাদিরূপে নির্ণয় করিয়াছেন, যোগী "ব্রহ্ম হইতে আমি পৃথক্" এই অব্রহ্মাত্মকতারূপ অজ্ঞান পরিত্যাগ পূর্ব্বক সেই বিষ্ণুর পূজনীয় স্বরূপ হৃদয়ে প্রতিক্ষণ অনুভব করতঃ অন্য কার্য্য হইতে বিরত হইবেন ॥ ১৮ ॥

পূর্ব্বোক্তরূপে আত্মসমর্পণকারী এবং শাস্ত্র ও আচার্য্যের অনুগ্রহলব্ধ তত্ত্বজ্ঞানবলে যাঁহার

টীকা

অতদ্ ব্রহ্মব্যতিরিক্তম্ নেতি নেতীতি উৎসিসৃক্ষবঃ উৎসৃষ্টুমিচ্ছবঃ অনন্যসৌহৃদাঃ অনন্যবিষয়াঃ বেদান্তাঃ যৎ পরং সর্ব্বোৎকৃষ্টং বৈষ্ণবং পদং বিষ্ণুস্বরূপমামনন্তি। জগৎকারণত্বেন সর্ব্বাত্মত্বেন সর্ব্বশক্তিমত্ত্বেন সত্যত্বাদিমত্ত্বেন চ প্রতিপাদয়ন্তি। তদর্হস্য পূজ্যস্য বিষ্ণোঃ পদং স্বরূপং স্বতন্ত্রোঽস্মীতি দৌরাত্ম্যমব্রহ্মাত্মকত্বং বিসৃজ্য হৃদা পদে পদে প্রতিক্ষণমুপগুহ্য সংপ্রাপ্য কৃত্যাদ্‌বিরমেত ইতি

নাভ্যাং স্থিতং হৃদ্যধিরোপ্য তস্মা-দুদানগত্যোরসি তং নয়েন্মুনিঃ।
ততোঽনুসন্ধায় ধিয়া মনস্বী স্বতালুমূলং শনকৈর্নয়েত ॥২০॥

অন্বয়

মনস্বী মুনিঃ (চিত্তজয়ী যোগী) [প্রথমে] নাভ্যাং (মণিপুরচক্রে) স্থিতং (অবস্থিত প্রাণবায়ুকে) হৃদি (অনাহতচক্রে) অধিরোপ্য (স্থাপন করিয়া) তস্মাৎ (সেই স্থান হইতে) উদানগত্যা (উদান বায়ুর গতি অনুসারে) তং (সেই বায়ুকে) উরসি (কণ্ঠের অধোদেশে বিশুদ্ধচক্রে) নয়েৎ (উন্নীত করিবেন)। ততঃ (অনন্তর) [সেই স্থান হইতে বহুভাবে যাইতে পারে বলিয়া সেই বায়ুকে] ধিয়া (বুদ্ধি দ্বারা) অনুসন্ধায় (অনুসন্ধান করিয়া) শনকৈঃ (ধীরে ধীরে) স্বতালুমূলং (নিজ বিশুদ্ধচক্রের উপরিভাগে) নয়েত (লইয়া যাইবেন) ॥ ২০ ॥

অনুবাদ

বিষয়বাসনা বিদূরিত হইয়াছে এমন মননশীল যোগী বক্ষ্যমাণরূপে দেহ পরিত্যাগ করিবেন। প্রথমতঃ শ্রমজয়ী হইয়া স্বীয় পাদমূলের দ্বারা গুহ্যদ্বারকে নিরোধ করিবেন ও পরে প্রাণবায়ুকে নাভি, হৃদয়, বক্ষঃস্থল, তালু, ভ্রূমধ্য ও ব্রহ্মরন্ধ্র এই ছয়টি স্থানে ক্রমশঃ উন্নীত করিবেন ॥ ১৯ ॥

চিত্তজয়ী যোগী প্রথমে নাভিতে অর্থাৎ মণিপুরচক্রে অবস্থিত প্রাণবায়ুকে হৃদয়ে অর্থাৎ অনাহতচক্রে উত্তোলন পূর্ব্বক স্থাপন করিয়া সেই স্থান হইতে উদান বায়ুর গতি অনুসারে সেই বায়ুকে কণ্ঠের অধোদেশে বিশুদ্ধচক্রে উন্নীত করিবেন। অনন্তর সেইস্থান হইতে বহু প্রকারে যাওয়ার সম্ভাবনা থাকায় সেই বায়ুকে বুদ্ধিদ্বারা অনুসন্ধানপূর্ব্বক ধীরে ধীরে বিশুদ্ধচক্রের উপরিভাগে লইয়া যাইবেন ॥ ২০ ॥

টীকা

সম্বন্ধঃ ॥ ১৮ ॥ এবং "ন তস্য প্রাণা উৎক্রামন্তি ব্রহ্মৈব সন্ ব্রহ্মাপ্যেতি" "যদা সর্ব্বে বিমুচ্যন্তে কামা যেঽস্য হৃদি স্থিতাঃ। অথ মর্ত্ত্যোঽমৃতো ভবত্যত্র ব্রহ্ম সমশ্নুতে" ইতি শ্রুতিপ্রোক্তায়াং বদ্ধাবস্থায়াং ব্রহ্মপ্রাপ্তিমুক্ত্বা অর্চ্চিরাদিমার্গেণ মুক্তাবস্থায়াং ব্রহ্মপ্রাপ্তিপ্রকারং বক্তুং তাবদ্ দেহাদ্যুৎক্রান্তিপ্রকারমাহ ইথমিতি ত্রিভিঃ। বিজ্ঞানদৃগ্‌বীর্য্যসুরন্ধিতাশয়ঃ বিজ্ঞানং শাস্ত্রাচার্য্যানুগ্রহাৎ লব্ধং বিশিষ্টং যত্তত্ত্বজ্ঞানং তদেব দৃক্ পরিপাকাবস্থাপন্নং সাক্ষাৎ তত্ত্বদর্শনং, তস্য বীর্য্যেণ প্রভাবেন সুরন্ধিতাঃ আশয়াঃ বিষয়বাসনা যস্য, তথা উক্তপ্রকারেণ ব্যবস্থিতঃ ভগবতি কৃতাত্মসমর্পণঃ ইত্থং বক্ষ্যমাণপ্রকারেণ মুনিস্তু উপরমেদ্ দেহাদিতি শেষঃ। অনিলোত্থাপনাদিক্রিয়ানভিজ্ঞস্য মুমুক্ষোর্নাড়ীবিশেষজ্ঞানং ভগবদনুগ্রহাদ্ ভবতীতি "হার্দ্দানুগৃহীতঃ শতাধিকয়েতি" সূত্রকারেণ সূচিতম্। তস্মাৎ মুনেরনিলোত্থাপনাদিক্রিয়াভিজ্ঞস্য বিশেষত্বদ্যোতকস্তুশব্দঃ। তমেব প্রকারমাহ স্বপার্ষ্ণিনেতি দ্বাভ্যাম্। স্বপার্ষ্ণিনা স্বপাদমূলেন গুদং মূলাধারং আপীড্য নিরুধ্য ততস্তদনন্তরং অনিলং প্রাণং ষট্সু স্থানেষু নাভ্যাদিষু উন্নময়েৎ ঊর্দ্ধং নয়েৎ। জিতক্লমঃ জিতশ্রমঃ ॥ ১৯ ॥ নাভ্যাং মণিপূরকে স্থিতম্ অনিলং হৃদি অনাহতচক্রে অধিরোপ্য ততোঽনাহতচক্রাদুদানস্য বায়োর্গত্যা তমনিলং উরসি কণ্ঠাদধোদেশে বিশুদ্ধচক্রে নয়েৎ। মনস্বী জিতচিত্তঃ ততো বহুধা গমনসম্ভবাৎ তমনিলং ধিয়া অনুসন্ধায় শনকৈস্তালুমূলং তস্যৈব বিশুদ্ধচক্রস্য অগ্রদেশং নয়েৎ ॥ ২০ ॥

তস্মাদ্ ভ্রুবোরন্তরমুন্নয়েত নিরুদ্ধসপ্তাস্বয়নোঽনপেক্ষঃ।
স্থিত্বা মুহূর্ত্তার্দ্ধমকুণ্ঠদৃষ্টি-র্নির্ভিদ্য মূর্দ্ধন্ বিসৃজেৎ পরং গতঃ ॥২১॥
যদি প্রযাস্যন্ নৃপ! পারমেষ্ঠ্যং বৈহায়সানামুত যদ্বিহারম্।
অষ্টাধিপত্যং গুণসন্নিবায়ে সহৈব গচ্ছেন্মনসেন্দ্রিয়ৈশ্চ ॥২২॥

অন্বয়

(অনন্তর যোগী) নিরুদ্ধসপ্তাস্বয়নঃ (চক্ষু, কর্ণ, নাসিকা ও মুখের সপ্ত ছিদ্র নিরোধ করিয়া) ভ্রুবোঃ অন্তরং (আজ্ঞাচক্রের প্রতি) [সেই বায়ুকে] উন্নয়েত (উন্নীত করিবেন অর্থাৎ লইয়া যাইবেন)। অনপেক্ষঃ (পরে বিষয়াপেক্ষারহিত হইয়া আজ্ঞাচক্রে বায়ুকে সংযম করতঃ) মুহূর্ত্তার্দ্ধং স্থিত্বা (কিছুকাল সেখানে রাখিয়া) অকুণ্ঠদৃষ্টিঃ (সমাহিতদৃষ্টিসম্পন্ন হইয়া) মূর্দ্ধন্ (ব্রহ্মরন্ধ্র) নির্ভিদ্য (ভেদ করতঃ) পরং গতঃ (পরব্রহ্মে মিলিত হইয়া) বিসৃজেৎ (এই স্থূল দেহ পরিত্যাগ করিবেন)॥ ২১॥

[এই প্রকারে দেহ হইতে উৎক্রান্তির ক্রম বলিয়া সেই মুমুক্ষুগণের অর্চ্চিরাদিমার্গ ক্রমে ব্রহ্মপ্রাপ্তি বলিতেছেন। তবে এ স্থলে কোন কোন স্থান বলা হইবে; সকল স্থান বলা হইবে না। যাহা বলা হইবে, তাহাতেই সমস্ত বুঝিতে হইবে। টীকা দ্রষ্টব্য] নৃপ! (হে পরীক্ষিৎ!) যদি (স্থূল শরীরবিয়োগকালে যদি যোগী) গুণসন্নিবায়ে (সর্ব্বগুণসম্পন্ন) পারমেষ্ঠ্যং (প্রজাপতি লোকে) উত (অথবা) বৈহায়সানাং (খেচরগণের) অষ্টাধিপত্যং (অণিমাদি অষ্টৈশ্বর্য্যসম্পন্ন) যদ্‌বিহারং (ক্রীড়া স্থানে) প্রযাস্যন্ [ভবতি] (গমনাভিলাষী হন), [তাহা হইলে] মনসা ইন্দ্রিয়ৈঃ চ সহ এব গচ্ছেৎ (মন ও ইন্দ্রিয়গণের সহিতই গমন করিবেন)॥ ২২॥

অনুবাদ

অনন্তর যোগী চক্ষু, কর্ণ, নাসিকা ও মুখের সপ্তছিদ্র নিরোধ করতঃ আজ্ঞাচক্রের প্রতি সেই বায়ুকে লইয়া যাইবেন এবং পরে বিষয়াপেক্ষারহিত হইয়া আজ্ঞাচক্রে বায়ুকে সংযম করিবেন এবং কিছুকাল বায়ুকে সেখানে রাখিয়া সমাহিত দৃষ্টিতে ব্রহ্মরন্ধ্র ভেদ করতঃ পরব্রহ্মে মিলিত হইয়া এই স্থূলদেহ পরিত্যাগ করিবেন॥ ২১॥

হে রাজন্! যোগী যদি স্থূলশরীর পরিত্যাগকালে সর্ব্বগুণসম্পন্ন প্রজাপতিলোকে অথবা অণিমাদি অষ্টৈশ্বর্য্যসম্পন্ন খেচরগণের বিহারস্থানে গমনাভিলাষী হন, তাহা হইলে মন ও ইন্দ্রিয়গণের সহিত গমন করিবেন [অর্থাৎ তাদৃশ মুমুক্ষু স্থূলশরীরের ন্যায় সূক্ষ্মশরীর পরিত্যাগ করিবেন না]॥ ২২॥

টীকা

তস্মাৎ স্থানাৎ ভ্রুবোরন্তরমাজ্ঞাচক্রং প্রতি অনিলমুন্নয়েত। কথম্ভূতঃ? নিরুদ্ধানি সপ্তাস্বয়নানি ছিদ্রাণি যেন স তথা। তানি চ শ্রোত্রে, নেত্রে, নাসিকে, মুখমিত্যেবং সপ্ত। বিষয়ান্তরানপেক্ষ আজ্ঞাচক্রে নিয়মিতানিলো মুহূর্ত্তার্দ্ধং স্থিত্বা অকুণ্ঠদৃষ্টিঃ প্রস্তুতে গমনে সমাহিতদৃষ্টিঃ পরং গতঃ উক্তপ্রকারেণ বদ্ধাবস্থায়াং ভগবন্তং প্রাপ্নোতি। মুক্তবন্ধনত্বেন ভগবৎপ্রেক্ষুঃ মূর্দ্ধন্ মূর্দ্ধনি নির্ভিদ্য স্থূলং দেহং বিসৃজেৎ॥ ২১॥

যোগেশ্বরাণাং গতিমাহুরন্ত-র্বহিস্ত্রিলোক্যাঃ পবনান্তরাত্মনাম্ ।
ন কর্ম্মভিস্তাং গতিমাপ্নুবন্তি বিদ্যাতপোযোগসমাধিভাজাম্ ॥২৩॥
বৈশ্বানরং যাতি বিহায়সা গতঃ সুষুম্নয়া ব্রহ্মপথেন শোচিষা ।
বিধূতকল্কোঽথ হরেরুদস্তাৎ প্রযাতি চক্রং নৃপ ! শৈশুমারম্ ॥২৪॥

অন্বয়

পবনান্তরাত্মনাং যোগেশ্বরাণাং (যাহাদের লিঙ্গশরীর প্রাণবায়ুর মধ্যেই অবস্থান করে, সেই শ্রেষ্ঠ যোগিগণের) ত্রিলোক্যাঃ (পাতালাদি লোকত্রয়ের) অন্তঃ (অন্তরে) বহিঃ (ও বাহিরে অর্থাৎ নিরাবরণ লোকে) গতিম্ আহুঃ (গতি হইয়া থাকে)। বিদ্যাতপোযোগসমাধিভাজাং (বিদ্যা—ব্রহ্মজিজ্ঞাসাজন্য জ্ঞান, তপঃ—সাধনাবৃত্তি, যোগ—চিত্তবৃত্তির নিরোধ, সমাধি—বিদ্যা ও তপস্যার পরিপাকাবস্থা; এই সকল যাঁহারা প্রাপ্ত হইয়াছেন, সেই শ্রেষ্ঠ যোগিগণের) তাং (সেই গতি) কর্ম্মভিঃ (কর্ম্ম দ্বারা) [কর্ম্মিগণ] ন আপ্নুবন্তি (লাভ করিতে পারে না) ॥ ২৩ ॥

নৃপ! (হে রাজন্) [যোগী] বিহায়সা (আকাশে অর্থাৎ মস্তকের সূক্ষ্ম ছিদ্রে) ব্রহ্মপথেন (ব্রহ্ম প্রাপ্তির পথস্বরূপ) শোচিষা সুষুম্নয়া (জ্যোতির্ম্ময় সুষুম্না নাড়ীর দ্বারা) গতঃ (নির্গত হইয়া)

অনুবাদ

যাঁহাদের লিঙ্গশরীর প্রাণবায়ুর মধ্যেই অবস্থান করে, সেই শ্রেষ্ঠ যোগিগণের পাতাল প্রভৃতি লোকত্রয়ের অন্তরে ও বাহিরে গতি হইয়া থাকে। এই যোগিগণ জ্ঞান, তপস্যা, যোগ ও সমাধিবলে যে সকল লোক লাভ করেন, তাহা কর্ম্মিগণ কর্ম্মের দ্বারা লাভ করিতে সমর্থ হয় না ॥ ২৩ ॥

হে রাজন্! যোগী মস্তকের সূক্ষ্মছিদ্রে ব্রহ্মপ্রাপ্তির পথস্বরূপ জ্যোতির্ম্ময় সুষুম্না নাড়ীর দ্বারা গমন করতঃ পুণ্যাপুণ্যবর্জ্জিত হইয়া প্রথমে অগ্ন্যভিমানিনী দেবতাকে

টীকা

এবং মূর্দ্ধনি নির্ভিন্ন উৎক্রান্তস্য মুমুক্ষোরর্চ্চিরাদিমার্গেন ব্রহ্মপ্রাপ্তিমাহ যদীতি দশভিঃ। তত্রেয়ং প্রক্রিয়া—বিদ্বান্ স্থূলশরীরাৎ মূর্দ্ধন্যনাড্যা নিষ্ক্রম্য স লিঙ্গশরীর এব সূর্য্যরশ্মীন্ আরুহ্য যদা পরং পদং গন্তুমিচ্ছতি—তদা অর্চ্চিষোঽভিমানিনা আতিবাহিকেন সুসংকৃত্য দিনাভিমানিনং নীতঃ। তথৈব তেন পক্ষাভিমানিনং, তেন সংবৎসরাভিমানিনং, তেন বায়ুং, তেন স্বস্মিন্ ছিদ্রং দত্ত্বা আদিত্যং, তথৈব তেন চন্দ্রমসং, তেন বিদ্যুদভিমানিনং দেবতাবিশেষং নীয়তে, তদনন্তরং বরুণং, ইন্দ্রং, প্রজাপতিঞ্চ প্রাপ্য ব্রহ্মাণ্ডং ভিত্ত্বা বিরজাং প্রাপ্নোতি। তদাকারেণ লিঙ্গ-শরীরং হিত্বা তান্ তীর্ত্বা ব্রহ্মলোকং প্রাপ্য ব্রহ্মসাধর্ম্ম্যলক্ষণং মোক্ষং প্রাপ্নোতি। বিস্তরস্তু আকরে দ্রষ্টব্যঃ। তত্র কানিচিৎ স্থানানি অত্র সন্তি। অন্যানি তদুপলক্ষণতয়া জ্ঞেয়ানি। যদি যস্মিন্কালে স্থূলশরীরবিয়োগকালে হে নৃপ! গুণসন্নিবায়ে গুণসমুদায়রূপে ব্রহ্মাণ্ডে পারমেষ্ঠ্যং প্রজাপতিলোকং বৈহায়সানাম্ উত যদ্বিহারং খেচরাণাং ক্রীড়াস্থানঞ্চ, অষ্টৌ-আধিপত্যানি অণিমাদ্যৈশ্বর্য্যাণি যস্মিন্ তৎ প্রযাস্যন্ ভবতি, তদা মনসা ইন্দ্রিয়ৈশ্চ সহৈব গচ্ছেৎ। স্থূলশরীরবৎ সূক্ষ্মশরীরত্যাগো নাস্তি, তেনৈব সহ বিরজাপর্য্যন্তং মুমুক্ষুর্গচ্ছতীত্যর্থঃ ॥ ২২ ॥ ন কেবলং ত্রিলোক্যন্তর্গতপারমেষ্ঠ্যাপ্তৌ

তদ্বিশ্বনাভিং ত্বতিবর্ত্ত্য বিষ্ণো-রণীয়সা বিরজেনাত্মনৈকঃ।
নমস্কৃতং ব্রহ্মবিদামুপৈতি কল্পায়ুষো যদ্বিবুধা রমন্তে ॥২৫॥

অন্বয়

বিধূতকল্কঃ (পুণ্যাপুণ্যবর্জ্জিত হইয়া) [প্রথমে] বৈশ্বানরং যাতি (অগ্ন্যভিমানিনী দেবতাকে প্রাপ্ত হন), অথ (অনন্তর) [দিনাদি অভিমানিনী দেবতাকে প্রাপ্ত হইয়া] উদস্তাৎ (উপরে বর্ত্তমান) হরেঃ (শ্রীবিষ্ণুর) শৈশুমারং চক্রং (শিশুমারাকার জ্যোতিশ্চক্রকে) প্রযাতি (প্রাপ্ত হইয়া থাকেন)॥ ২৪ ॥

বিশ্বনাভিং (সূর্য্যাদি গ্রহনক্ষত্রগণের আশ্রয়) বিষ্ণোঃ তৎ (সেই বিষ্ণুচক্র অর্থাৎ শিশুমারাকার জ্যোতিশ্চক্র) অতিবর্ত্ত্য (অতিক্রম করিয়া) একঃ (যোগী) বিরজেন (পুণ্যাপুণ্যরহিত) অণীয়সা (সূক্ষ্মতর) আত্মনা (লিঙ্গ শরীরের দ্বারা) যৎ (যেই স্থানে) কল্পায়ুষঃ (কল্পান্তকালস্থায়ী) বিবুধাঃ (ভৃগু প্রভৃতি যোগিগণ) রমন্তে (বিহার করিয়া থাকেন), নমস্কৃতং (সকলের নমনীয়) ব্রহ্মবিদাং তৎ [স্থানং] (ভৃগু প্রভৃতি ব্রহ্মজ্ঞানিগণের সেই স্থান অর্থাৎ মহলোক) উপৈতি (প্রাপ্ত হইয়া থাকেন)॥ ২৫ ॥

অনুবাদ

প্রাপ্ত হন। অনন্তর দিনাদি-অভিমানিনী দেবতাকে প্রাপ্ত হইয়া উপরে বর্ত্তমান ভগবান্ শ্রীহরির শিশুমারাকার জ্যোতিশ্চক্রকে প্রাপ্ত হইয়া থাকেন। [এখানে অগ্ন্যভিমানিনী দেবতাপ্রাপ্তির পরে অর্চ্চিরাদিমার্গক্রমে যে যে স্থান পঠিত আছে, সেই সমস্তের প্রাপ্তি-পূর্ব্বক জ্যোতিশ্চক্র প্রাপ্তি বুঝিতে হইবে। ২২শ শ্লোকের টীকা দ্রষ্টব্য]॥ ২৪ ॥

সূর্য্যাদি গ্রহনক্ষত্রের আশ্রয় সেই বিষ্ণুচক্র অতিক্রম করিয়া যোগী পুণ্যাপুণ্য-রহিত সূক্ষ্মতর লিঙ্গশরীরের দ্বারা যে স্থানে কল্পান্তকালস্থায়ী ভৃগু প্রভৃতি যোগিগণ বিহার করিয়া থাকেন, সকলের নমনীয় ভৃগু প্রভৃতি যোগিগণের সেই স্থান অর্থাৎ মহলোক প্রাপ্ত হইয়া থাকেন॥ ২৫ ॥

টীকা

এব যোগসিদ্ধানাং গতিঃ, অপিতু ব্রহ্মাণ্ডাদ্বহিরন্তীত্যাহ যোগ ইতি। পবনান্তরঃ প্রাণগর্ভঃ আত্মা লিঙ্গশরীরং যেষাং তেষাং যোগেশ্বরাণাং যোগসিদ্ধানাং ঊর্দ্ধাধোমধ্যভেদত্রয়ং পাতালাদিসত্যান্তাঃ লোকাঃ তেষাং সমাহারস্ত্রিলোকী, তস্যাঃ অন্তর্মধ্যে পাতালাদিসত্যান্তেষু লোকেষু বহির্নিরাবরণলোকে চ গতিমাহুঃ "তস্য সর্ব্বেষু লোকেষু কামচারো ভবতি" ইত্যাদয়ঃ শ্রুতয়ঃ। তত্র হেতুগর্ভ-বিশেষণম্ বিদ্যাতপোযোগসমাধিভাজামিতি; বিদ্যা ব্রহ্মজিজ্ঞাসাজন্যং জ্ঞানম্, তপঃ সাধনাবৃত্তিঃ, যোগঃ সমাধিঃ বিদ্যাতপসোঃ পরিপাকাবস্থা, তান্ যে ভজন্তি তেষাং, "এতেন মার্গেন ব্রহ্মপ্রতিপদ্যমানাঃ ইদং মানবম্ আবর্ত্তং নাবর্ত্তন্তে" ইত্যাদি শ্রুতিপ্রোক্তস্য উপাদেয়স্যাপুনরাবৃত্তিমার্গস্য প্রস্তুতস্য দার্ঢ্যার্থমনুপাদেয়ং পুনরাবৃত্তিমার্গং স্তৌতি—ন কর্ম্মভিস্তাং গতিমাপ্নুবন্তীতি। "যাবৎ সম্পাতমুষিত্বাথৈত-মেবাধ্বানং পুনর্নিবর্ত্তন্তে" ইত্যাদিশ্রুতিপ্রসিদ্ধমার্গসাধনৈঃ কর্ম্মভিঃ বিদ্যাতপোযোগসমাধিভাজাং তাং গতিং ন কর্ম্মঠাঃ প্রাপ্নুবন্তীত্যন্বয়ঃ॥ ২৩ ॥

অথো অনন্তস্য মুখানলেন দন্দহ্যমানং স নিরীক্ষ্য বিশ্বম্।
নির্য্যাতি সিদ্ধেশ্বরজুষ্টধিষ্ণ্যং যদ্দ্বৈপরার্দ্ধ্যং তদু পারমেষ্ঠ্যম্ ॥২৬॥
ন যত্র শোকো ন জরা ন মৃত্যুর্নার্ত্তির্ন চোদ্বেগ ঋতে কুতশ্চিৎ।
যচ্চিত্ততোঽদঃ কৃপয়ানিদম্বিদাং দুরন্তদুঃখপ্রভবানুদর্শনাৎ ॥২৭॥

অন্বয়

অথো (অনন্তর) [অর্থাৎ কল্পান্তে] সঃ (সেই ব্রহ্মবিদ্ যোগী) অনন্তস্য মুখানলেন (অনন্তের মুখাগ্নির দ্বারা) বিশ্বং (ত্রৈলোক্য) দন্দহ্যমানং (দগ্ধ হইতেছে) নিরীক্ষ্য (দেখিয়া) [বরুণলোক ও ইন্দ্রলোকক্রমে] সিদ্ধেশ্বরজুষ্টধিষ্ণ্যং (যাহা সিদ্ধেশ্বরগণের বিমানসমূহে সুশোভিত) যদ্দ্বৈপরার্দ্ধ্যং (ও যাহা দ্বিপরার্দ্ধকালস্থায়ী) তৎ উ (সেই শ্রেষ্ঠ) পারমেষ্ঠ্যং (ব্রহ্মলোকে) নির্যাতি (গমন করেন) ॥ ২৬ ॥

যত্র (ব্রহ্মলোকে) অনিদম্বিদাং (ব্রহ্মজ্ঞানী ভিন্ন অপর যোগিগণের) দুরন্তদুঃখপ্রভবানুদর্শনাৎ (অপার দুঃখের কারণস্বরূপ সংসার দর্শনহেতু) কৃপয়া চিত্ততঃ (দয়ার্দ্র চিত্তে) যৎ (যে দুঃখ উৎপন্ন হয়), অদঃ ঋতে (এই দুঃখ ব্যতীত) [তাহাদের] কুতশ্চিৎ (কাহা হইতেও) শোকঃ ন (শোক নাই), জরা ন (জরা নাই), মৃত্যুঃ ন (মৃত্যু নাই), আর্ত্তিঃ ন (দুঃখ নাই) উদ্বেগঃ চ ন (ও কোন প্রকার উদ্বেগও নাই) ॥ ২৭ ॥

অনুবাদ

অনন্তর কল্পান্ত সময় উপস্থিত হইলে সেই ব্রহ্মবিদ্ যোগী অনন্তদেবের মুখাগ্নির দ্বারা এই ত্রৈলোক্য দগ্ধ হইতেছে নিরীক্ষণ করিয়া ক্রমে বরুণলোক ও ইন্দ্রলোক প্রাপ্ত হইয়া যাহা সিদ্ধেশ্বরগণের বিমান সমূহে সুশোভিত এবং যাহা দ্বিপরার্দ্ধকালস্থায়ী, সেই শ্রেষ্ঠ ব্রহ্মলোকে গমন করেন ॥ ২৬ ॥

[যাঁহারা ব্রহ্মলোকে গমন করেন, তাঁহাদের গতি তিন প্রকার। পুণ্যবলে যাঁহারা ব্রহ্মলোকে গিয়াছেন, তাঁহারা কল্পান্তরে পুণ্যের তারতম্যানুসারে লোকলাভের

টীকা

এবমর্চ্চিরাদিমার্গপ্রাশস্ত্যং ধূমাদিমার্গস্যানুপাদেয়ত্বেন উক্ত্বা অর্চ্চিরাদিমার্গং দর্শয়তি—বৈশ্বানরমিতি। বিহায়সা আকাশেন মূর্দ্ধনি সূক্ষ্মেণ ছিদ্রেণ ব্রহ্মপ্রাপ্তিমার্গেন তত্র চ শোচিষা জ্যোতির্ম্ময্যা দেহাদপি বহির্ব্বিততয়া সুষুম্নয়া নাড্যা গতো নির্গতঃ বিধূতকল্কো নিষ্পাপঃ কল্কঃ পাপং, স চ পুণ্যস্যাপি উপলক্ষণম্। তথা সতি পুণ্যাপুণ্যবর্জ্জিতঃ "অশ্ব ইব রোমাণি বিধূয় পাপং চন্দ্র ইব রাহোর্মুখাদ্ বিমুচ্য ধূত্বা শরীরমকৃতং কৃতাত্মা ব্রহ্মলোকমভিসম্ভবামীতি" তাণ্ডিরহস্যে শ্রবণাৎ, "তদা বিদ্বান্ পুণ্যপাপে বিধূয় নিরঞ্জনঃ পরমং সাম্যমুপৈতি" ইত্যথর্ব্বণে শ্রবণাচ্চ। প্রথমং বৈশ্বানরং যাতি অগ্ন্যভিমানিনীং দেবতাং প্রাপ্নোতি। তদনন্তরং দিনাদ্যভিমান্যাতিবাহিকদ্বারা উদস্তাদুপরিষ্টাদ্বর্ত্তমানং হরেঃ বিষ্ণোঃ শৈশুমারং চক্রং শিশুমারাশ্রয়ং জ্যোতিশ্চক্রং হে নৃপঃ! প্রযাতি। অনেন আদিত্যাদ্যাতিবাহিকপ্রাপ্তিঃ উক্তা ॥ ২৪ ॥ তদ্বিষ্ণোশ্চক্রং শৈশুমারং বিশ্বনাভিং সূর্য্যাদিগ্রহনক্ষত্রাদেঃ সর্ব্বস্যাশ্রয়ং অতিবর্ত্ত্য অতিক্রম্য বিরজেন পুণ্যাপুণ্যরহিতেন অণীয়সা সূক্ষ্মতরেণ

ততো বিশেষং প্রতিপদ্য নির্ভয়-স্তেনাত্মনাপোঽনলমূর্ত্তিরত্বরন্।
জ্যোতির্ম্ময়ো বায়ুমুপেত্য কালে বায্বাত্মনা খং বৃহদাত্মলিঙ্গম্ ॥২৮॥

অন্বয়

[পূর্ব্বোক্ত যোগীর পৃথিব্যাদি আবরণভেদের কথা বলা হইতেছে] (অনন্তর) নির্ভয়ঃ (ভয়শূন্য হইয়া) তেন আত্মনা [উপলক্ষিতঃ] (লিঙ্গদেহবিশিষ্ট যোগী) ততঃ (সেই ব্রহ্মলোক হইতে) বিশেষং (পৃথিবীতত্ত্বের স্বরূপতা) প্রতিপদ্য (প্রাপ্ত হইয়া) ততঃ আপঃ [প্রতিপদ্য] (পরে সেই পৃথিবীতত্ত্ব হইতে জলতত্ত্বকে প্রাপ্ত হইয়া থাকেন), ততঃ অনলমূর্ত্তিঃ (অনন্তর সেই জলতত্ত্ব হইতে অগ্নিময় হইয়া) অত্বরন্ (ধীরে ধীরে) জ্যোতির্ম্ময়ঃ (জ্যোতিস্বরূপ হইয়া) বায়ুং উপেত্য (বায়ুভাব প্রাপ্ত হইয়া) বায্বাত্মনা (ব্রায়ুমূর্ত্তিতে) কালে (বায়ু অতিক্রমণকালে) বৃহদাত্মলিঙ্গং (পূর্ব্বাপেক্ষা বৃহৎ ও শব্দমূর্ত্তি) খং (আকাশকে) উপেত্য (প্রাপ্ত হইয়া থাকেন)। [পরের শ্লোকের সহিত অন্বয় হইবে] ॥ ২৮ ॥

অনুবাদ

অধিকারী হইবেন। যাঁহারা হিরণ্যগর্ভাদির উপাসনাবলে ব্রহ্মলোকে গিয়াছেন, তাঁহারা ব্রহ্মার সহিত মুক্তিলাভ করিবেন। আর যাঁহারা ব্রহ্মজ্ঞানী, তাঁহারা ব্রহ্মলোক-ভোগান্তে স্বেচ্ছায় ব্রহ্মাণ্ড ভেদ করিয়া বিষ্ণুপদ প্রাপ্ত হইবেন। এক্ষণে এই শ্লোকে বলা হইতেছে যে] যাঁহারা ব্রহ্মজ্ঞানী নহে অর্থাৎ পুণ্যবলে ও হিরণ্যগর্ভাদির উপাসনা বলে ব্রহ্মলোক প্রাপ্ত হইয়াছেন, তাঁহাদের অপার দুঃখের কারণস্বরূপ সংসার-দর্শনহেতু চিত্তে যে দুঃখ উৎপন্ন হয়, সেই দুঃখ ব্যতীত তাঁহাদের ব্রহ্মলোকে আর কোনও প্রকার শোক নাই, জরা নাই, মৃত্যু নাই, দুঃখ নাই এবং কোন প্রকার উদ্বেগও নাই ॥ ২৭ ॥

[পূর্ব্বোক্ত যোগীর পৃথিব্যাদি আবরণভেদের কথা বলা হইতেছে]—অনন্তর ভয়শূন্য হইয়া সেই লিঙ্গদেহবিশিষ্ট যোগী ব্রহ্মলোক হইতে পৃথিবীতত্ত্ব অর্থাৎ পৃথিবীভাব

টীকা

আত্মনা লিঙ্গশরীরেণ একঃ বিদ্বান্ যৎ যস্মিন্ কল্পায়ুষো বিবুধা রমন্তে, তদ্ব্রহ্মবিদাং ভৃগ্বাদীনাং স্থানং নমস্কৃতং নমনীয়ং মহর্লোকম্ উপৈতি প্রাপ্নোতি ॥ ২৫ ॥ অথো অনন্তরং কল্পান্তে অনন্তস্য মুখানলেন অধঃস্থস্য শেষস্য মুখোদ্ভূতাগ্নিনা বিশ্বং ত্রৈলোক্যং দন্দহ্যমানং স বিদ্বান্ নিরীক্ষ্য বরুণেন্দ্রদ্বারা যদ্দ্বৈপরার্দ্ধ্যস্থায়ি সিদ্ধেশ্বরৈর্জুষ্টানি যুক্তানি ধিষ্ণ্যানি বিমানানি যস্মিন্ তৎ উপারমেষ্ঠ্যং পরমেষ্টিপদং প্রতি নির্যাতি, ভোগার্থং মহর্লোকে স্থিরো ভূত্বা ত্রৈলোক্যং দহ্যমানং নিরীক্ষ্য ততঃ পলায়তে ইতি ন শঙ্ক্যম্, প্রাকৃতপদার্থভোগযোগাভাবাৎ ॥ ২৬ ॥ যত্র লোকে অনিদম্বিদাম্ ইদং প্রস্তুতং অপুনরাবৃত্তি বর্ত্ম ব্রহ্ম বা জানন্তীতি ইদম্বিদঃ, তদ্ভিন্নানাং প্রস্তুতবিদ্বদ্ব্যতিরিক্তানাং পুনরাবৃত্তিবর্ত্মনা তত্র গতানাং দুরন্তদুঃখো যঃ প্রভবঃ পুনরাবৃত্ত্যা জন্ম তস্যানুদর্শনাৎ কৃপয়া যৎ চিত্ততো ভবতি। অদঃ ঋতে শোকাদি কুতশ্চিৎ ন ভবতি। ততঃ পুনরাবৃত্তিস্তু "ঐশ্বর্য্যং পারমেষ্ঠ্যঞ্চ তে হি কর্ম্মবিনির্ম্মিতম্। নিষেব্য পুনরায়ান্তি গুণব্যতিকরে সতি" ইতি বক্ষ্যমাণাৎ, "আব্রহ্মভুবনাল্লোকাঃ পুনরাবর্ত্তিনোঽর্জ্জুন!" ইতি ভগবদ্বচনাচ্চ ॥ ২৭ ॥ অথাবরণভেদন-

ঘ্রাণেন গন্ধং রসনেন বৈ রসং রূপঞ্চ দৃষ্ট্যা শ্বসনং ত্বচৈব।
শ্রোত্রেণ চোপেত্য নভোগুণত্বং প্রাণেন চাকৃতিমুপৈতি যোগী ॥২৯॥
স ভূতসূক্ষ্মেন্দ্রিয়সন্নিকর্ষং মনোময়ং দেবময়ং বিকার্য্যম্।
সংসাদ্য গত্যা স হ তেন যাতি বিজ্ঞানতত্ত্বং গুণসন্নিরোধম্ ॥৩০॥

অন্বয়

[পৃথিবী প্রভৃতির অতিক্রমণকালে গন্ধাদিগুণসমূহের অতিক্রমণ বলিতেছেন] যোগী ঘ্রাণেন গন্ধং (যোগী ঘ্রাণেন্দ্রিয়ের দ্বারা গন্ধকে), রসনেন বৈ (রসনেন্দ্রিয়ের দ্বারা) রসং (রসকে), দৃষ্ট্যা (দর্শনেন্দ্রিয়ের দ্বারা) রূপং (রূপকে), ত্বচা এব (স্পর্শনেন্দ্রিয়ের দ্বারা) শ্বসনং (বায়ুগুণ স্পর্শকে) শ্রোত্রেণ (ও শ্রবণেন্দ্রিয়ের দ্বারা) নভোগুণত্বং চ (আকাশগুণ শব্দকে) উপেত্য (প্রাপ্ত হইয়া) প্রাণেন চ (কর্ম্মেন্দ্রিয়গণের দ্বারা) আকৃতিং (সেই সেই ক্রিয়া) উপৈতি (করিয়া থাকেন) ॥ ২৯ ॥

(অনন্তর) সঃ (সেই যোগী) ভূতসূক্ষ্মেন্দ্রিয়সন্নিকর্ষং (সূক্ষ্ম পঞ্চভূত ও ইন্দ্রিয়গণের কারণ), মনোময়ং (অন্তঃকরণের কারণ) দেবময়ং (ও ইন্দ্রিয়াধিষ্ঠাতৃ দেবতাগণের কারণ) বিকার্য্যং (বিবিধ কার্য্যরূপী অহঙ্কারকে) গত্যা (গতিক্রমে) সংসাদ্য (প্রাপ্ত হইয়া) তেন (সেই সাত্ত্বিক, রাজস ও তামস অহঙ্কারের সহিত) বিজ্ঞানতত্ত্বং যাতি (মহত্তত্ত্বকে প্রাপ্ত হইয়া থাকেন)। (অনন্তর) গুণসন্নিরোধং যাতি (গুণত্রয়ের সাম্যাবস্থারূপা প্রকৃতিকে প্রাপ্ত হইয়া থাকেন) ॥ ৩০ ॥

অনুবাদ

প্রাপ্ত হইয়া পুনরায় সেই পৃথিবীতত্ত্ব হইতে জলতত্ত্বকে প্রাপ্ত হইয়া থাকেন, আবার সেই জলতত্ত্ব হইতে অগ্নিময় হইয়া থাকেন। পরে ধীরে ধীরে তিনি জ্যোতিঃস্বরূপ হইয়া থাকেন। অনন্তর বায়ুভাব প্রাপ্ত হইয়া বায়ুভেদকাল উপস্থিত হইলে পূর্ব্ব পূর্ব্ব ভাব হইতে বৃহৎ ও শব্দমূর্ত্তি আকাশকে প্রাপ্ত হইয়া থাকেন ॥ ২৮ ॥

[যোগী পৃথিবী প্রভৃতি আবরণভেদকালে গন্ধ প্রভৃতি গুণও অতিক্রম করিয়া থাকেন, তাহাই বলিতেছেন]—যোগী ঘ্রাণেন্দ্রিয়ের দ্বারা গন্ধ, রসনেন্দ্রিয়ের দ্বারা রস, দর্শনেন্দ্রিয়ের দ্বারা রূপ, স্পর্শনেন্দ্রিয়ের দ্বারা স্পর্শ ও শ্রবণেন্দ্রিয়ের দ্বারা শব্দকে প্রাপ্ত হইয়া কর্ম্মেন্দ্রিয়গণের দ্বারা সেই সেই ক্রিয়া করিয়া থাকেন ॥ ২৯ ॥

অনন্তর সেই যোগী সূক্ষ্মপঞ্চভূত, ইন্দ্রিয়সমূহ, অন্তঃকরণ ও ইন্দ্রিয়াধিষ্ঠাত্রী

টীকা

প্রকারমাহ—তত ইতি, "দশোত্তরাণি শেষাণি মৈত্রেয়ৈতানি সপ্ত বৈ" ইতি পুরাণান্তরাৎ পৃথিব্যাদ্যাবরণানি দশগুণোত্তরাণি সপ্ত, তত্র কোটিযোজনমানদণ্ডকটাহসংজ্ঞকং প্রথমাবরণম্। "কোটিযোজনমানন্তু কটাহঃ সংব্যবস্থিতঃ" ইতিপুরাণান্তরাৎ। "মহান্তঞ্চ সমাবৃত্য প্রধানং সংব্যবস্থিতম্। অনন্তস্য ন তস্যান্তমি"তি বচনাৎ ব্যাপকমষ্টমং প্রকৃত্যাবরণম্। নির্ভয়ঃ আবরণভেদেন ভয়শূন্যঃ ততঃ পারমেষ্ঠ্যাৎ লোকাৎ তেনাত্মনা লিঙ্গদেহেন উপলক্ষিতঃ বিশেষং পৃথিবীময়মণ্ডকটাহং প্রতিপদ্য তদ্ভাবং প্রাপ্য প্রতিপদ্যেত্যাদীনাং প্রাণেনাকৃতিমুপৈতীত্যনেনান্বয়ঃ। তন্নিরন্তরা আপঃ প্রতিপদ্য ততোঽনলমূর্ত্তিঃ অনলভাবং প্রতিপদ্য ইত্যর্থঃ। অতএব অত্বরন্ ত্বরামকুর্ব্বন্ তত্তদ্ভাবং প্রাপ্তস্য তত্র তত্র

তেনাত্মনাত্মানমুপৈতি শান্ত-মানন্দমানন্দময়োঽবসানে।
এতাং গতিং ভাগবতীং গতো যঃ স বৈ পুনর্নেহ বিষজ্জতেঽঙ্গ! ॥৩১॥

অন্বয়

অবসানে (কার্য্যকারণরূপ প্রকৃতিমণ্ডল অতিক্রমণের পরে) [যোগী] তেন আত্মনা (স্বস্বরূপে) আনন্দময়ঃ (আনন্দপ্রচুর হইয়া অর্থাৎ পরমানন্দ লাভ করিয়া) শান্তং (পরম শান্তিপ্রদ) আনন্দং আত্মানং (নিরতিশয় আনন্দস্বরূপ পরমাত্মাকে) উপৈতি (প্রাপ্ত হইয়া থাকেন)। হে অঙ্গ! (হে রাজন্!) যঃ (যে ব্যক্তি) এতাং ভাগবতীং গতিং গতঃ (এই পূর্ব্বোক্ত প্রকারে ভাগবতী গতি লাভ করিয়াছেন), সঃ (সেই ব্যক্তি) পুনঃ ইহ (পুনরায় এই সংসারে) ন বিষজ্জতে বৈ (ফিরিয়া আসেন না) ॥৩১॥

অনুবাদ

দেবতাগণের কারণ, [অর্থাৎ তামস, রাজস ও সাত্ত্বিক] অহঙ্কারকে ক্রমে প্রাপ্ত হইয়া সেই ত্রিবিধ অহঙ্কারের সহিত মহত্তত্ত্বকে প্রাপ্ত হইয়া থাকেন। পরে গুণত্রয়ের সাম্যাবস্থারূপা প্রকৃতিকে প্রাপ্ত হইয়া থাকেন। [অহঙ্কার ত্রিবিধ—তামস অহঙ্কার হইতে ভূতসূক্ষ্ম পঞ্চতন্মাত্র, রাজস অহঙ্কার হইতে দশেন্দ্রিয় ও সাত্ত্বিক অহঙ্কার হইতে মন ও ইন্দ্রিয়াধিষ্ঠাত্রী দেবতাগণ উৎপন্ন হইয়া থাকেন] ॥ ৩০ ॥

সেই যোগী কার্য্যকারণরূপ প্রকৃতি-মণ্ডল অতিক্রম করিয়া স্বস্বরূপে পরমানন্দ লাভ করতঃ পরম শান্তিপ্রদ ও নিরতিশয় আনন্দস্বরূপ পরমাত্মাকে প্রাপ্ত হইয়া থাকেন। হে রাজন্! যে ব্যক্তি এই পূর্ব্বোক্ত প্রকারে ভাগবতী গতি লাভ করিয়াছেন, সেই ব্যক্তি পুনরায় এই সংসারে ফিরিয়া আসেন না ॥ ৩১ ॥

টীকা

ভয়াভাবাৎ ততো জ্যোতির্ময়ঃ অনলমূর্ত্তিঃ কালে অনলোত্তরবায়ুভেদকালে বায়ুমুপেত্য ততো বায্বাত্মনোপলক্ষিতঃ খমুপেত্য, কথম্ভূতং? বায্বপেক্ষয়া বৃহৎ, পুনঃ কথম্ভূতম্? আত্মলিঙ্গম্। আত্মা স্বগুণভূতঃ শব্দ এব লিঙ্গং জ্ঞাপকং যস্য, ন তু চক্ষুরাদিগ্রাহ্যত্বমিত্যর্থঃ ॥ ২৮ ॥ পৃথিব্যাদ্যতিক্রমণ-কালে গন্ধাদ্যতিক্রমণমাহ—ঘ্রাণেনেতি। দৃষ্ট্যা চক্ষুরিন্দ্রিয়েন, শ্বসনং শ্বসনগুণং স্পর্শং, নভোগুণত্বম্ আকাশগুণং শব্দম্, ত্বপ্রত্যয়ঃ স্বার্থকঃ। প্রাণেন কর্ম্মেন্দ্রিয়গণেন আকূতিং তত্তৎক্রিয়াম্ উপৈতি ॥ ২৯ ॥ স যোগী বিকার্য্যং বিবিধং কার্য্যং যস্য তমহঙ্কারং গত্যা আসাদ্য কথম্ভূতং? ভূতসূক্ষ্মে-ন্দ্রিয়সন্নিকর্ষং ভূতসূক্ষ্মাণাম্ ইন্দ্রিয়াণাঞ্চ সন্নিকর্ষং কারণম্। অনেন তামসো রাজসশ্চেতি দ্বিবিধোঽ-হঙ্কার উক্তঃ। মনোময়ম্ অন্তঃকরণকারণং, দেবময়ম্ ইন্দ্রিয়াধিষ্ঠাতৃদেবতাকারণম্, অনেন সাত্ত্বিকা-হঙ্কার উক্তঃ। এতৎ সর্ব্বমগ্রে স্ফুটীভবিষ্যতি। তেন সোপানভূতেন ত্রিবিধেন অহঙ্কারেণ স যোগী হ স্ফুটং বিজ্ঞানতত্ত্বং যাতি, তদনন্তরঞ্চ গুণসন্নিরোধং গুণসমুদায়ং প্রধানং ব্রহ্মাত্মকং যাতি ॥ ৩০ ॥ অবসানে কার্য্যকারণরূপপ্রকৃতিমণ্ডলান্তে লিঙ্গশরীরস্থাপি প্রবেশানর্হে দেশে শান্তং পরমশান্তিপ্রদং আত্মানং "আত্মনঃ আকাশঃ সম্ভূতঃ" "আত্মা বারে দ্রষ্টব্য" ইত্যাদিশ্রুতিপ্রতিপাদিতম্, আনন্দম্ "আনন্দাৎ খল্বিমানি ভূতানি জায়ন্তে" "এতস্যৈবানন্দস্যান্যানি ভূতানি মাত্রামুপজীবন্তি" ইত্যাদিশ্রুতিপ্রতি-পাদিতং তেন রূপেণ কার্য্যকারণরূপপ্রকৃতিবিযুক্তেন রূপেণ উপলক্ষিতঃ আনন্দময়ঃ আনন্দপ্রচুরঃ "মম সাধর্ম্ম্যমাগতা" ইতি শ্রীমুখবচনাৎ, "নিরঞ্জনঃ পরমং সাম্যমুপৈতি" ইত্যাদিশ্রুতেঃ লব্ধপরমানন্দসাধর্ম্ম্যঃ

এতে স্মৃতী তে নৃপ ! বেদগীতে ত্বয়াভিপৃষ্টে চ সনাতনে চ ।
যে বৈ পুরা ব্রহ্মণ আহ তুষ্ট আরাধিতো ভগবান্ বাসুদেবঃ ॥৩২॥
ন হ্যতোঽন্যঃ শিবঃ পন্থা বিশতঃ সংসৃতাবিহ ।
বাসুদেবে ভগবতি ভক্তিযোগো যতো ভবেৎ ॥৩৩॥

অন্বয়

নৃপ ! (হে রাজন্ !) ত্বয়া চ যে অভিপৃষ্টে (তোমাকর্ত্তৃক যাহা জিজ্ঞাসিত ও আমাকর্ত্তৃক যাহা কথিত হইয়াছে), বেদগীতে (বেদকীর্ত্তিত) সনাতনে চ (ও সনাতন) তে এতে স্মৃতী (সেই এই দেবযান ও পিতৃযান মার্গদ্বয়) পুরা (পূর্ব্বকালে) আরাধিতঃ ভগবান্ (ব্রহ্মাকর্ত্তৃক উপাসিত ভগবান্) বাসুদেবঃ তুষ্টঃ (বাসুদেব সন্তুষ্ট হইয়া) ব্রহ্মণে আহ বৈ (ব্রহ্মাকে উপদেশ করিয়াছিলেন) ॥ ৩২ ॥

ইহ সংসৃতৌ (এই সংসারে) বিশতঃ (প্রবিষ্ট জীবের) যতঃ (যাহা হইতে অর্থাৎ যাহার অনুষ্ঠানের ফলে) ভগবতি বাসুদেবে (ভগবান্ বাসুদেবে) ভক্তিযোগঃ ভবেৎ (ভক্তিযোগ উৎপন্ন হইয়া থাকে) অতঃ (তাহা হইতে) অন্যঃ শিবঃ পন্থা (অপর মঙ্গলময় পথ) ন হি (আর নাই) ॥৩৩॥

অনুবাদ

হে রাজন্ ! আপনি যে আমাকে অর্চ্চিরাদিমার্গ ও ধূমাদিমার্গের বিষয় জিজ্ঞাসা করিয়াছেন এবং আমিও উত্তর দিয়াছি, সেই মার্গদ্বয় বেদকীর্ত্তিত ও সনাতন ; উহা কল্পের আদিতে ব্রহ্মার আরাধনায় ভগবান্ বাসুদেব সন্তুষ্ট হইয়া ব্রহ্মাকে উপদেশ করিয়াছিলেন ॥৩২॥

যদনুষ্ঠানে এই সংসারে প্রবিষ্ট জীবের ভগবান্ বাসুদেবে ভক্তিযোগ উৎপন্ন হইয়া থাকে, তাহা হইতে অপর মঙ্গলময় পথ আর নাই ॥ ৩৩ ॥

টীকা

আবির্ভূতাপহতপাপ্মত্বাদিগুণঃ উপৈতি। বিস্তরস্তু বেদান্তকৌস্তুভে দ্রষ্টব্যঃ। হে অঙ্গ ! এতামপুনরাবৃত্তিলক্ষণাং ভাগবতীং প্রাপ্যভূতস্য ভগবতঃ সম্বন্ধিনীং গতিং যো গতঃ স ইহ সংসারে ন বিসজ্জতে নৈব সক্তো ভবতি ॥ ৩১ ॥ হে নৃপ ! ত্বয়া "যচ্ছ্রোতব্যমি"ত্যনেন উপাদেয়তয়া অর্থাৎ অর্চ্চিরাদি মার্গরূপা পৃষ্টা "ব্রূহি যদ্বা বিপর্য্যয়মি"ত্যনেন অর্থাদনুপাদেয়তয়া ধূমমার্গরূপা চ পৃষ্টা, এবং তে স্মৃতী ত্বয়া পৃষ্ঠে "যদি প্রযাস্যন্ নৃপে"ত্যাদিনা ময়া চোক্তম্ ইতি চকারাল্লভ্যতে। কথম্ভূতে ? "যে চেমেঽরণ্যে শ্রদ্ধা তপ ইত্যুপাসতে তেঽর্চ্চিষোঽভিসম্ভবন্তি" "অথ যে ইমে গ্রামে ইষ্টাপূর্ত্তে দত্তমিত্যুপাসতে তে ধূমমভিসম্ভবন্তি" ইতি বেদেন গীতে, অতএব সনাতনে ॥৩২॥ এবং "তস্মাদ্ ভারত ! সর্ব্বাত্মা ভগবান্ হরিরীশ্বর" ইত্যাদিনাপি ভক্তেঃ শ্রবণকীর্ত্তনস্বাশ্রমধর্ম্মাসনযমনিয়মাদীনি অঙ্গান্যুক্তানি, "প্রায়েণ মুনয়ো রাজন্ ! নিবৃত্তা বিধিসেধতঃ। নৈর্গুণ্যস্থা রমন্তে স্ম গুণানুকথনে হরে"রিতি হৃদোপগুহ্যার্হপদং পদে পদে ইত্যাদিনাত্র পরাভক্তিশ্চ দর্শিতা। তেনাত্মনাত্মানমুপৈতি—ইতি ভগবৎপ্রাপ্তিরূপং তৎফলঞ্চ দর্শিতম্। অথেদানীং চ ভক্ত্যঙ্গস্য পুরুষার্থত্বমাহ—নহীতি দ্বাভ্যাম্। যতো ভক্তিযোগো ভবেদতোঽন্যঃ সংসৃতৌ বিশতো জীবস্য শিবঃ ক্ষেমকরঃ পন্থা নৈব অস্তি। হি ইতি নিশ্চয়ে ॥৩৩॥

ভগবান্ ব্রহ্ম কার্ৎস্ন্যেন ত্রিরন্বীক্ষ্য মনীষয়া।
তদধ্যবস্যৎ কূটস্থো রতিরাত্মন্ যতো ভবেৎ ॥৩৪॥
ভগবান্ সর্ব্বভূতেষু লক্ষিতঃ স্বাত্মনা হরিঃ।
দৃশ্যৈর্বুদ্ধ্যাদিভির্দ্রষ্টা লক্ষণৈরনুমাপকৈঃ ॥৩৫॥

অন্বয়

ভগবান্ (ব্রহ্মা) কূটস্থঃ (স্থিরপ্রজ্ঞ হইয়া) মনীষয়া (স্বীয় বিচারবুদ্ধির দ্বারা) ত্রিঃ (তিনবার) কার্ৎস্ন্যেন (সমগ্র) ব্রহ্ম (বেদ) অন্বীক্ষ্য (বিচার করিয়া) যতঃ (যাহা হইতে) আত্মন্ (পরমাত্মাতে) রতিঃ ভবেৎ (আসক্তি হইয়া থাকে), তৎ (সেই মঙ্গলময় পথ) অধ্যবস্যৎ (নিশ্চয় করিয়াছিলেন) ॥৩৪॥

[অননুভূত বস্তুতে আসক্তি কি প্রকারে হইবে? এই আশঙ্কার পরিহার করিতেছেন]—সর্ব্বভূতেষু (পরতন্ত্র বলিয়া অনুভবসিদ্ধ সকল বস্তুতে) [জন্ম, বৃদ্ধি ও ক্ষয় প্রভৃতির কর্ত্তা স্বতন্ত্ররূপে] ভগবান্ লক্ষিতঃ (ভগবান্ পরিলক্ষিত হইয়া থাকেন)। অনুমাপকৈঃ দৃশ্যৈঃ (অনুমানের জনক দৃশ্যপদার্থের দ্বারা) [বুদ্ধ্যাদির অনুমান হয়], [তৈঃ] বুদ্ধ্যাদিভিঃ (সেই বুদ্ধ্যাদির দ্বারা) দ্রষ্টা (জীব) [অনুমিত হয়], স্বাত্মনা (সেই জীব দ্বারা) হরিঃ (সকল পুণ্যাপুণ্যের সাক্ষী সর্ব্বনিয়ন্তা হরি) [অনুমিত হইয়া থাকেন]। লক্ষণৈঃ [অপি ভগবান্ লক্ষিতঃ] (বস্তুতঃ বেদবাক্য ও স্মৃতি-বাক্য দ্বারাই "ভগবান্ আছেন" ইহা প্রমাণিত হয়) ॥ ৩৫ ॥

অনুবাদ

ভগবান্ ব্রহ্মা স্থিরপ্রজ্ঞ হইয়া স্বীয় বিচারবুদ্ধির দ্বারা তিনবার সমগ্র বেদ পর্য্যালোচনা করিয়া যাহা হইতে পরমাত্মাতে আসক্তি জন্মিয়া থাকে, সেই মঙ্গলময় পথ নিশ্চয় করিয়াছিলেন ॥ ৩৪ ॥

[ভগবান্ সর্ব্বতোভাবে অননুভূত; অতএব অননুভূত বস্তুতে আসক্তি কি প্রকারে হইবে? এই আশঙ্কা সমীচীন নহে; ইহাই বলিতেছেন] যে যে বস্তু পরতন্ত্র বলিয়া অনুভবসিদ্ধ, তাহাদের জন্ম, বৃদ্ধি ও ক্ষয় প্রভৃতির কর্ত্তা ভগবান্ স্বতন্ত্ররূপে পরিলক্ষিত হইয়া থাকেন। দৃশ্য পদার্থ ঘটপটাদির দ্বারা বুদ্ধ্যাদির অনুমান হয়, আবার সেই বুদ্ধ্যাদির দ্বারা জীবের অনুমান হয়, আবার সেই জীবের নিয়ন্তারূপে সকল পুণ্যাপুণ্যের সাক্ষী শ্রীহরির অনুভব হইয়া থাকে। বস্তুতঃ শব্দ-প্রমাণ বেদবাক্য ও স্মৃতিবাক্যের দ্বারাই ভগবান্ আছেন বলিয়া প্রমাণিত হয়। [অতএব ভগবান্ প্রত্যক্ষ, অনুমান ও শব্দাদিপ্রমাণবেদ্য] ॥ ৩৫ ॥

টীকা

ভগবান্ ব্রহ্মা কূটস্থঃ স্থিরপ্রজ্ঞঃ মনীষয়া ত্রীন্ বারান্ কার্ৎস্ন্যেন ব্রহ্ম বেদমন্বীক্ষ্য বিচার্য্য যতঃ আত্মন্ পরমাত্মনি রতিঃ ভবেৎ তদেবাধ্যবস্যৎ নিশ্চিতবান্ ॥ ৩৪ ॥ নন্ু অলক্ষ্যে কথং রতিঃ স্যাদিত্যত্রাহ —ভগবানিতি। সর্ব্বভূতেষু পরতন্ত্রতয়া উপলভ্যমানেষু জন্মবৃদ্ধ্যপক্ষয়মৃত্যুশীতোষ্ণবর্ষাদিকর্ত্তা স্বতন্ত্রো ভগবান্ হরিঃ লক্ষিতো দৃষ্টোঽস্তি, কিঞ্চ দৃশ্যৈর্ঘটাদিভিঃ বুদ্ধ্যাদীনি করণানি অনুমীয়তে। তৈশ্চ বুদ্ধ্যাদিভিঃ স্বাত্মা করণানাং নিয়ন্তা জীবোঽনুমীয়তে, তেন স্বাত্মনা সর্ব্বপুণ্যাপুণ্যসাক্ষী ইষ্টানিষ্টফলকেষু কর্ম্মসু বলান্নিযোজকতয়া লক্ষিতোঽস্তি। শিষ্যবুদ্ধিবৈচিত্র্যার্থমিদমুক্তম্, বস্তুতস্তু বেদৈকবেদ্যো ভগবানস্তীত্যাহ—লক্ষয়ন্তীতি লক্ষণানি বেদবাক্যানি তৈঃ তদর্থস্মারকৈঃ স্মৃতিবাক্যৈর্ভগবান্ লক্ষিতঃ,

তস্মাৎ সর্ব্বাত্মনা রাজন্ ! হরিঃ সর্ব্বত্র সর্ব্বদা।
শ্রোতব্যঃ কীর্ত্তিতব্যশ্চ স্মর্ত্তব্যো ভগবান্ নৃণাম্ ॥৩৬॥
পিবন্তি যে ভগবত আত্মনঃ সতাং কথামৃতং শ্রবণপুটেষু সম্ভৃতম্।
পুনন্তি তে বিষয়বিদূষিতাশয়ং ব্রজন্তি তচ্চরণসরোরুহান্তিকম্ ॥ ৩৭ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বিতীয়স্কন্ধে যোগস্থিতিদ্বয়বর্ণনং নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ ২ ॥

অন্বয়

রাজন্ ! (হে পরীক্ষিৎ !) [যেহেতু বাসুদেবে ভক্তিযোগ ব্যতীত আর মঙ্গলময় পথ নাই] তস্মাৎ (অতএব) ভগবান্ হরিঃ সর্ব্বত্র সর্ব্বদা (ভগবান্ শ্রীহরি সকল অবস্থাতে সর্ব্বদা) সর্ব্বাত্মনা (সর্ব্বান্তঃকরণে) নৃণাং শ্রোতব্যঃ (মানবগণের শ্রবণীয়) কীর্ত্তিতব্যঃ (কীর্ত্তনীয়) স্মর্ত্তব্যঃ চ (এবং স্মরণীয়) ॥ ৩৬ ॥

যে (যাঁহারা) সতাং (সজ্জনগণের) [ধনস্বরূপ] আত্মনঃ ভগবতঃ (পরমাত্মা ভগবানের) কথামৃতং (বাক্যামৃত) শ্রবণপুটেষু (কর্ণবিবরে) সম্ভৃতং (পরিপূরিত করিয়া) পিবন্তি (পান করেন অর্থাৎ শ্রবণ করেন), তে (তাহারা) বিষয়বিদূষিতাশয়ং (বিষয়ের দ্বারা অপবিত্র অন্তঃকরণকে) পুনন্তি (পবিত্র করিয়া থাকেন)। [অনন্তর তাহারা নির্ম্মল জ্ঞান ও জ্ঞান হইতে পরাভক্তি লাভ করিয়া সেই ভক্তি হইতে] তচ্চরণসরোরুহান্তিকং ব্রজন্তি (শ্রীভগবানের চরণকমলসমীপে গমন করিয়া থাকেন) ॥৩৭॥

অনুবাদ

হে রাজন্! ভগবান্ বাসুদেবে ভক্তিযোগ ব্যতীত আর মঙ্গলময় পথ নাই। অতএব ভগবান্ বাসুদেব সকল অবস্থাতে সকল সময়ে সর্ব্বান্তঃকরণে মানবগণের শ্রবণীয়, কীর্ত্তনীয় ও স্মরণীয় [অর্থাৎ বক্তা থাকিলে শ্রবণ করিবে, বক্তার অভাবে শ্রোতা থাকিলে কীর্ত্তন করিবে এবং বক্তা ও শ্রোতার অভাবে ধ্যান করিবে। ফলতঃ শ্রীহরির নাম ব্যতীত কখনও থাকিবে না] ॥ ৩৬ ॥

যাঁহারা সজ্জনগণের ধনস্বরূপ পরমাত্মা ভগবানের চরিতামৃত কর্ণবিবরে পরিপূরিত করিয়া পান করেন অর্থাৎ শ্রবণ করেন, তাঁহারা বিষয়দোষে অপবিত্র অর্থাৎ রাগাদিমলযুক্ত অন্তঃকরণকে পবিত্র করিয়া থাকেন। অনন্তর তাহারা নির্ম্মলজ্ঞান ও জ্ঞান হইতে পরাভক্তি লাভ করিয়া সেই ভক্তির ফলে শ্রীভগবানের চরণকমলসমীপে গমন করিয়া থাকেন ॥ ৩৭ ॥

দ্বিতীয় অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ২ ॥

টীকা

"সর্ব্বে বেদা যৎপদমামনন্তি", "বেদৈশ্চ সর্ব্বরহমেব বেদ্য" ইত্যাদিভিঃ ॥ ৩৫ ॥ যস্মাৎ বাসুদেবে ভক্তি-যোগো ভবেৎ, অতঃ অন্যঃ শিবঃ পন্থা নাস্তি, তস্মাদ্ধেতোঃ হে রাজন্! পরভক্তিলাভায় সর্ব্বত্র সর্ব্বাবস্থাসু সর্ব্বদা অহর্নিশং সতি বক্তরি শ্রোতব্যঃ, সতি শ্রোতরি কীর্ত্তিতব্যঃ, উভয়াভাবে স্মর্ত্তব্যঃ নৃভিঃ ॥ ৩৬ ॥ শ্রবণাদিফলমাহ—পিবন্তীতি। ভগবতঃ আত্মনঃ পরমাত্মনঃ, সতাং মহতাং ধনভূতং কথামৃতম্ অর্থাৎ তৈরেব সদ্ভিঃ শ্রবণপুটেষু সংভৃতং পূরিতং যে পিবন্তি, তে বিষয়ৈর্বিদূষিতম্ অপবিত্রীকৃতম্ আশয়ম্ অন্তঃকরণং পুনন্তি পবিত্রীকুর্ব্বন্তি। ততো নির্ম্মলং জ্ঞানং, ততঃ পরা ভক্তিঃ, তয়া তস্য ভগবতশ্চরণসরোরুহয়োঃ অন্তিকং নিকটং ব্রজন্তি গচ্ছন্তি ॥ ৩৭ ॥

ইতি শ্রীমদ্ভাগবতসিদ্ধান্তপ্রদীপে দ্বিতীয়স্কন্ধীয়ে দ্বিতীয়াধ্যায়ার্থপ্রকাশঃ ॥২॥

তৃতীয়োঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

এবমেতন্নিগদিতং পৃষ্টবান্ যদ্ ভবান্ মম।
নৃণাং যন্ম্রিয়মাণানাং মনুষ্যেষু মনীষিণাম্ ॥ ১ ॥
ব্রহ্মবর্চ্চসকামস্তু যজেত ব্রহ্মণঃ পতিম্।
ইন্দ্রমিন্দ্রিয়কামস্তু প্রজাকামঃ প্রজাপতীন্ ॥ ২ ॥

অন্বয়

[ভগবদ্ভজনই মোক্ষের হেতু বলিয়া মুমুক্ষুগণের উপাদেয়, ইহা পূর্ব্ব অধ্যায়ে বলা হইয়াছে। এক্ষণে এই অধ্যায়ে ভোগের হেতু বলিয়া অন্য দেবতাভজনই বুভুক্ষুগণের উপাদেয়, ইহা বলিবার মানসে এই শ্লোকে পূর্ব্ব কথার উত্থাপন করিতেছেন]—শ্রীশুকঃ উবাচ (শ্রীশুকদেব বলিলেন) [হে রাজন্!] মনুষ্যেষু (দৈবযোগে মনুষ্যত্ব-প্রাপ্ত জীবগণের মধ্যে) যে মনীষিণাম্ (যাঁহারা জ্ঞানী তাঁহাদিগের) [বিশেষতঃ] ম্রিয়মাণানাং (মুমূর্ষু) নৃণাং (মানবগণের) যৎ (কর্ত্তব্যবিষয়ে যাহা) ভবান্ (আপনি) মম (আমাকে) পৃষ্টবান্ (জিজ্ঞাসা করিয়াছেন), এবং এতৎ (পূর্ব্বোক্ত প্রকারে তাহা) নিগদিতং (আমা কর্ত্তৃক কথিত হইয়াছে) ॥ ১ ॥

[কামিগণের কথা বলা হইতেছে] তু (কিন্তু) ব্রহ্মবর্চ্চসকামঃ (যে ব্যক্তি ব্রহ্মতেজ কামনাকারী তিনি) ব্রহ্মণঃ পতিং (বেদের অধিপতি ব্রহ্মাকে) যজেত (পূজা করিবেন); ইন্দ্রিয়কামঃ তু (ইন্দ্রিয়ের সামর্থ্যকামী ব্যক্তি) ইন্দ্রং (ইন্দ্রকে পূজা করিবেন)। প্রজাকামঃ (সন্তানকামী ব্যক্তি) প্রজাপতীন্ (দক্ষ প্রভৃতি প্রজাপতিকে পূজা করিবেন) ॥ ২ ॥

অনুবাদ

শ্রীশুকদেব বলিলেন—হে রাজন্! জীবগণ দৈবযোগে মনুষ্যজন্ম লাভ করিয়া থাকে, সেই মনুষ্যগণের মধ্যে যাঁহারা জ্ঞানী, তাঁহাদিগের বিশেষতঃ মুমূর্ষু মানবগণের কর্ত্তব্য বিষয়ে যাহা আপনি আমাকে জিজ্ঞাসা করিয়াছেন, তাহা আমি পূর্ব্বোক্ত প্রকারে [অর্থাৎ শ্রীহরির কথা শ্রবণ, কীর্ত্তন ও স্মরণ করা কর্ত্তব্য বলিয়া] বলিলাম ॥ ১ ॥

[কামিগণের কথা বলা হইতেছে]—যিনি ব্রহ্মতেজ কামনা করেন, তিনি বেদের অধিপতি ব্রহ্মাকে পূজা করিবেন; যিনি ইন্দ্রিয়ের সামর্থ্যকামী, তিনি ইন্দ্রকে পূজা করিবেন; যিনি সন্তান কামনা করেন, তিনি দক্ষ প্রভৃতি প্রজাপতিকে পূজা করিবেন ॥ ২ ॥

টীকা

এবং ভগবদ্ভজনস্য মোক্ষহেতুতয়া মুমুক্ষূপাদেয়ত্বমুক্তম্। ইদানীং তদেব দ্রঢ়য়িতুম্ ইতরদেবভজনস্য বুভুক্ষূপাদেয়ত্বং বক্ষ্যন্ পূর্ব্বোক্তমনুবদতি—এবমিতি। মনুষ্যেষু কদাচিদ্দৈবযোগেন মনুষ্যত্বং প্রাপ্তেষু জীবেষু যে মনীষিণঃ তেষাং, তত্রাপি বিশেষতো ম্রিয়মাণানাং যৎ কর্ত্তব্যং প্রতি মম মাং পৃষ্টবান্। তদেব মে তদ্ধরিকথাশ্রবণাদিকং নিগদিতম্ উক্তম্ ॥ ১ ॥ ব্রহ্মবর্চ্চসং কাময়মানো জনঃ ব্রহ্মণঃ পতিং বেদপতিং যজেত পূজয়েৎ। ইন্দ্রিয়সামর্থ্যকামঃ প্রজাপতীন্ দক্ষপ্রভৃতীন্ ॥ ২ ॥ দেবীং মায়াং দেবস্য

দেবীং মায়ান্তু শ্রীকামস্তেজস্কামো বিভাবসুম্।
বসুকামো বসূন্ রুদ্রান্ বীর্য্যকামোঽথ বীর্য্যবান্ ॥৩॥
অন্নাদ্যকামস্ত্বদিতিং স্বর্গকামোঽদিতেঃ সুতান্।
বিশ্বান্ দেবান্ রাজ্যকামঃ সাধ্যান্ সংসাধকো বিশাম্ ॥৪॥
আয়ুষ্কামোঽশ্বিনৌ দেবৌ পুষ্টিকাম ইলাং যজেৎ।
প্রতিষ্ঠাকামঃ পুরুষো রোদসী লোকমাতরৌ ॥ ৫ ॥

অন্বয়

শ্রীকামঃ (ঐশ্বর্য্যকামী) দেবীং মায়াং (যোগমায়া দুর্গাকে), তেজস্কামঃ (তেজস্কামী) বিভাবসুম্ (অগ্নিকে), বসুকামঃ (ধনকামী) বসূন্ (বসুগণকে), বীর্য্যকামঃ (প্রভাবকামী) রুদ্রান্ (রুদ্রগণকে) [যজেত] (পূজা করিবেন) অথ বীর্য্যবান্ [স্যাৎ] (এবং পূজা করিয়া বীর্য্যশালী হইবেন) ॥ ৩ ॥

অন্নাদ্যকামঃ তু (ভোজ্য ও ভক্ষ্যকামী ব্যক্তি) অদিতিং (অদিতিকে), স্বর্গকামঃ (স্বর্গাভিলাষী ব্যক্তি) অদিতেঃ সুতান্ (দ্বাদশাদিত্যকে), রাজ্যকামঃ (রাজ্যকামী ব্যক্তি) বিশ্বান্ দেবান্ (বিশ্বদেবগণকে) বিশাং (ও দেশস্থ প্রজাগণের) সংসাধকঃ (স্বাধীনতাকামী ব্যক্তি) সাধ্যান্ (সাধ্যগণকে) [যজেত] (পূজা করিবেন) ॥ ৪ ॥

আয়ুষ্কামঃ (আয়ুষ্কামী) অশ্বিনৌ দেবৌ (অশ্বিনীকুমার নামক দেবতাদ্বয়কে), পুষ্টিকামঃ (দেহের বলকামী) ইলাং (পৃথিবীদেবীকে), প্রতিষ্ঠাকামঃ (প্রতিষ্ঠাকামী অর্থাৎ স্বস্থানে স্থিতিকামী) পুরুষঃ (মানব) লোকমাতরৌ (লোকজননী অর্থাৎ প্রাণিগণের আধারস্বরূপ) রোদসী (স্বর্গ ও পৃথিবীকে) যজেৎ (পূজা করিবেন) ॥ ৫ ॥

অনুবাদ

ঐশ্বর্য্যকামী ব্যক্তি যোগমায়া দুর্গাকে, তেজস্কামী ব্যক্তি অগ্নিকে, ধনকামী ব্যক্তি বসুগণকে ও বীর্য্যকামী ব্যক্তি রুদ্রগণকে পূজা করিয়া বীর্য্যশালী হইবেন ॥ ৩ ॥

যিনি ভোজ্য ও ভক্ষ্য বস্তু কামনা করিয়া থাকেন তিনি অদিতিকে, যিনি স্বর্গাভিলাষী তিনি দ্বাদশ আদিত্যকে, যিনি রাজ্যকামী তিনি বিশ্বদেবগণকে ও যিনি দেশস্থ প্রজাগণের স্বাধীনতাকামী তিনি সাধ্যগণকে পূজা করিবেন ॥ ৪ ॥

আয়ুষ্কামী ব্যক্তি অশ্বিনীকুমারদ্বয়কে, দেহের বলকামী ব্যক্তি পৃথিবীদেবীকে, প্রতিষ্ঠাকামী ব্যক্তি লোকমাতা স্বর্গ ও পৃথিবীকে পূজা করিবেন ॥ ৫ ॥

টীকা

ভগবতঃ সম্বন্ধিনীং যোগমায়াং শক্তিবিশেষরূপাং, বিভাবসুং অগ্নিং বসুকামো ধনকামঃ, বীর্য্যকামঃ প্রভাবকামঃ রুদ্রান্ যজেত। অথ যজনানন্তরং বীর্য্যবান্ স্যাৎ ॥ ৩ ॥ অন্নং ভোজ্যং সংশ্লিষ্টাবয়বম্ আদ্যং ভক্ষ্যং বিবিক্তাবয়বম্ তদুভয়কামঃ, অদিতেঃ সুতান্ দ্বাদশাদিত্যান্, বিশাং দেশস্থপ্রজানাং সংসাধকঃ স্বকীয়ত্বমিচ্ছন্ সাধ্যান্ যজেত ॥ ৪ ॥ পুষ্টিকামঃ দেহস্য বলং স্থৌল্যমিচ্ছন্ ইলাং পৃথ্বীং, প্রতিষ্ঠাকামঃ স্থানাদপ্রচ্যুতিকামঃ রোদসী দ্যাবাপৃথিব্যৌ লোকমাতরৌ লোকাধারভূতে ॥ ৫ ॥

রূপাভিকামো গন্ধর্ব্বান্ স্ত্রীকামোঽপ্সরউর্ব্বশীম্।
আধিপত্যকামঃ সর্ব্বেষাং যজেত পরমেষ্ঠিনম্ ॥ ৬ ॥
যজ্ঞং যজেদ্ যশস্কামঃ কোষকামঃ প্রচেতসম্।
বিদ্যাকামস্তু গিরিশং দাম্পত্যার্থ উমাং সতীম্ ॥ ৭ ॥
ধর্ম্মার্থ উত্তমঃশ্লোকং তন্তুং তন্বন্ পিতৃন্ যজেৎ।
রক্ষাকামঃ পুণ্যজনানোজস্কামো মরুদ্গণান্ ॥ ৮ ॥
রাজ্যকামো মনূন্ দেবান্ নির্ঋতিং ত্বভিচরন্ যজেৎ।
কামকামো যজেৎ সোমমকামঃ পুরুষং পরম্ ॥ ৯ ॥

অন্বয়

রূপাভিকামঃ (রূপকামনাকারী ব্যক্তি) গন্ধর্ব্বান্ (গন্ধর্ব্বগণকে), স্ত্রীকামঃ (স্ত্রীকামী ব্যক্তি) অপ্সর-উর্ব্বশীম্ (অপ্সরা ও উর্ব্বশীকে), সর্ব্বেষাম্ আধিপত্যকামঃ (সকলের উপরে প্রভুত্বকামনাকারী ব্যক্তি) পরমেষ্ঠিনং যজেত (ব্রহ্মাকে পূজা করিবেন) ॥ ৬ ॥

যশস্কামঃ (যশকামনাকারী) যজ্ঞং (যজ্ঞমূর্ত্তি বিষ্ণুকে), কোষকামঃ (বিপুল ধনভাণ্ডারকামী) প্রচেতসং (বরুণদেবতাকে), বিদ্যাকামঃ তু (বিদ্যাকামী) গিরিশং (শিবকে), দাম্পত্যার্থঃ (ও দম্পতির পরস্পর হিতকামনাকারী ব্যক্তি) সতীম্ উমাং (সতী উমাদেবীকে) যজেৎ (পূজা করিবেন) ॥ ৭ ॥

ধর্ম্মার্থঃ (ধর্ম্মকামী) উত্তমঃশ্লোকং (সর্ব্বোত্তমকীর্ত্তিশালী বিষ্ণুকে), তন্তুং তন্বন্ (সন্তান-বৃদ্ধিকামী) পিতৃন্ (পিতৃপুরুষগণকে), রক্ষাকামঃ (বিঘ্নবিনাশকামী) পুণ্যজনান্ (যক্ষগণকে), ওজস্কামঃ (বলকামী) মরুদ্গণান্ (দেবতাগণকে) যজেৎ (পূজা করিবেন) ॥ ৮ ॥

রাজ্যকামঃ (রাজ্যকামী) মনূন্ দেবান্ (মন্বন্তরাধিপতিগণকে), অভিচরন্ তু (শত্রুমারণেচ্ছু ব্যক্তি)

অনুবাদ

রূপকামনাকারী ব্যক্তি গন্ধর্ব্বগণকে, স্ত্রীকামনাকারী ব্যক্তি অপ্সরা ও উর্ব্বশীকে, সকলের উপরে প্রভুত্ব কামনাকারী ব্যক্তি ব্রহ্মাকে পূজা করিবেন ॥ ৬ ॥

কীর্ত্তিকামনাকারী ব্যক্তি যজ্ঞমূর্ত্তি বিষ্ণুকে, বিপুলধনভাণ্ডার কামনাকারী ব্যক্তি বরুণ দেবতাকে, বিদ্যাকামী ব্যক্তি মহাদেবকে এবং দম্পতির পরস্পর হিতকামনাকারী ব্যক্তি সতী উমাদেবীকে পূজা করিবেন ॥ ৭ ॥

ধর্ম্মকামী ব্যক্তি সর্ব্বোত্তমকীর্ত্তিশালী বিষ্ণুকে, সন্তানবৃদ্ধিকামী ব্যক্তি পিতৃপুরুষগণকে, বিঘ্নবিনাশকামী ব্যক্তি যক্ষগণকে এবং বলকামী ব্যক্তি দেবতাগণকে পূজা করিবেন ॥ ৮ ॥

রাজ্যকামী ব্যক্তি মন্বন্তরাধিপতিগণকে, শত্রুনিধনেচ্ছু ব্যক্তি রাক্ষসগণকে, ভোগকামী ব্যক্তি চন্দ্রদেবকে ও নিষ্কামী ব্যক্তি পুরুষোত্তমকে পূজা করিবেন ॥ ৯ ॥

টীকা

রূপাভিকামঃ রূপমভিকাময়মানঃ অপ্সরাশ্চাসৌ উর্ব্বশী চ তাম্, আধিপত্যকামঃ প্রভুত্বং কাময়মানঃ পরমেষ্ঠিনং ব্রহ্মাণম্ ॥ ৬ ॥ যজ্ঞং যজ্ঞমূর্ত্তিং বিষ্ণুম্, কোষকামঃ বিপুলধনালয়কামঃ প্রচেতসং বরুণং, দম্পত্যোরন্যোন্যহিতাচরণং দাম্পত্যং তদেবার্থঃ প্রয়োজনং যস্য সঃ ॥ ৭ ॥ ধর্ম্মার্থঃ ধর্ম্মকামঃ উত্তমঃ-

অকামঃ সর্ব্বকামো বা মোক্ষকাম উদারধীঃ।
তীব্রেণ ভক্তিযোগেন যজেত পুরুষং পরম্ ॥১০॥
এতাবানেব যজতামিহ নিঃশ্রেয়সোদয়ঃ।
ভগবত্যচলো ভাবো যদ্ভাগবতসঙ্গতঃ ॥ ১১ ॥
জ্ঞানং যদাপ্রতিনিবৃত্তগুণোর্ম্মিচক্র-
মাত্মপ্রসাদ উত যত্র গুণেষ্বসঙ্গঃ।
কৈবল্যসম্মতপথস্ত্বথ ভক্তিযোগঃ
কো নির্বৃতো হরিকথাসু রতিং ন কুর্য্যাৎ ॥১২॥

অন্বয়

নির্ঋতিং (রাক্ষসকে) যজেৎ (পূজা করিবেন)। কামকামঃ (ভোগকামী ব্যক্তি) সোমং (সোমদেবকে), অকামঃ (নিষ্কামী ব্যক্তি) পরং পুরুষং (পুরুষোত্তমকে) যজেৎ (পূজা করিবেন) ॥ ৯ ॥

অকামঃ (সর্ব্ববাসনাশূন্য) উদারধীঃ (মহাবুদ্ধিমান্ ব্যক্তি) বা সর্ব্বকামঃ (অথবা সকল কামনাবান্ ব্যক্তি) মোক্ষকামঃ বা (অথবা মোক্ষকামী ব্যক্তি) তীব্রেণ ভক্তিযোগেন (তীব্র ভক্তিযোগের দ্বারা) পরং পুরুষং (পুরুষোত্তমকে) যজেত (পূজা করিবেন) ॥ ১০ ॥

ইহ (এই সংসারে) যজতাং (ভগবৎপূজনকারী ব্যক্তিগণের) ভাগবতসঙ্গতঃ (ভগবদ্ভক্তগণের সঙ্গবশতঃ) ভগবতি (ভগবান্ শ্রীবিষ্ণুতে) যৎ অচলঃ ভাবঃ ভবতি (যে তীব্র ভক্তিযোগ হইয়া থাকে), এতাবান্ এব (ইহাই) নিঃশ্রেয়সোদয়ঃ (মোক্ষলাভের উপক্রম অর্থাৎ প্রারম্ভ) ॥ ১১ ॥

[ভগবদ্ভক্তগণের সঙ্গবশতঃ মোক্ষের অসাধারণ উপায় তীব্র ভক্তিযোগ উৎপন্ন হইয়া থাকে বলা হইয়াছে। এক্ষণে সেই তীব্র ভক্তিযোগের উৎপত্তিক্রম বর্ণনা করিতেছেন]—(ভগবদ্ভক্তগণের

অনুবাদ

সর্ব্ববাসনাশূন্য পরমবুদ্ধিমান্ ব্যক্তি অথবা সর্ব্বকামী ব্যক্তি অথবা মোক্ষকামী ব্যক্তি তীব্র ভক্তিযোগের দ্বারা পুরুষোত্তমকে পূজা করিবেন ॥ ১০ ॥

এই সংসারে ভগবৎপূজনকারী ব্যক্তিগণের ভগবদ্ভক্তগণের সঙ্গবশতঃ ভগবান্ শ্রীবিষ্ণুতে তীব্র ভক্তিযোগ উৎপন্ন হইয়া থাকে, ইহাই মোক্ষলাভের উপক্রম অর্থাৎ প্রারম্ভ ॥ ১১ ॥

[তীব্র ভক্তিযোগের উৎপত্তিক্রম বর্ণনা করিতেছেন]—ভগবদ্ভক্তগণের সঙ্গবশতঃ হরি-

টীকা

শ্লোকং সর্ব্বোত্তমকীর্ত্তিং বিষ্ণুম্ তন্তং তন্বন্ সন্তানং বিস্তারয়ন্ রক্ষাকামঃ বাধানিবৃত্তিকামঃ পুণ্যজনান্ যক্ষান্, ওজস্কামঃ বলকামঃ ॥ ৮ ॥ রাজ্যকামঃ মনূন্ দেবান্ বিশ্বান্ দেবান্, রাজ্যকাম ইতি দ্বিরুক্তিঃ গুণ-প্রধানবিবক্ষয়া বোধ্যা ; অভিচরন্ শত্রুমরণমিচ্ছন্ নির্ঋতিং রাক্ষসং, কামকামঃ ভোগকামঃ সোমম্, অকামঃ নিষ্কামঃ পরং পুরুষং পুরুষোত্তমম্ ॥ ৯ ॥ কিঞ্চ অকামঃ সর্ব্ববাসনাশূন্যঃ অতএব উদারধীঃ সর্ব্বকামো বা বিশেষতো মোক্ষকামো বা তীব্রেণ ভক্তিযোগেন পুরুষং পুরুষোত্তমং যজেত ॥ ১০ ॥ তীব্রেণ ভক্তিযোগেন মোক্ষকামো যজেতেতি যদুক্তং তদুপপাদয়তি—এতাবানিতি। ইহলোকে যজতাং সাধকানাং নিঃশ্রেয়সস্য মোক্ষস্য উদয়ঃ উপক্রমঃ এতাবানেব তমাহ—ভগবতি অচলো ভাবস্তীব্রো

শ্রীশৌনক উবাচ

ইত্যভিব্যাহৃতং রাজা নিশম্য ভরতর্ষভঃ।
কিমন্যৎ পৃষ্টবান্ ভূয়ো বৈয়াসকিমৃষিং কবিম্ ॥ ১৩ ॥

অন্বয়

সঙ্গবশতঃ হরিকথা লাভ হইয়া থাকে); যদা (হরিকথা শ্রবণে) আপ্রতিনিবৃত্তগুণোর্ম্মিচক্রং জ্ঞানং (গুণকার্য্য রাগদ্বেষাদি ও তাহার ফলস্থানীয় জন্ম, মরণ, শোক, মোহ, ক্ষুধা ও পিপাসাদি সর্ব্বতোভাবে বিনষ্ট হইয়া জ্ঞান উৎপন্ন হইয়া থাকে); [অনন্তর] উভয়ত্র গুণেষু (ঐহিক ও আমুষ্মিক বিষয়ে) **অসঙ্গঃ** (বৈরাগ্য লাভ হইয়া থাকে); অথ (অনন্তর) কৈবল্যসম্মতপথঃ (মোক্ষের অভিমত অসাধারণ উপায়) ভক্তিযোগঃ (ভক্তিযোগ লাভ হইয়া থাকে); [অনন্তর] আত্মপ্রসাদঃ (আত্মপ্রসাদ লাভ হইয়া থাকে)। নির্বৃতঃ কঃ (ভক্তিসুখে নিমগ্ন কোন্ ব্যক্তি) [তাসু] হরিকথাসু (সেই শ্রীহরির কথাতে) রতিং ন কুর্য্যাৎ (আসক্তিযুক্ত হইবেন না?) ॥ ১২ ॥

শ্রীশৌনকঃ উবাচ (শ্রীশৌনক বলিলেন) ভরতর্ষভঃ (ভরতবংশশ্রেষ্ঠ) রাজা (মহারাজ পরীক্ষিৎ) ইতি (পূর্ব্বোক্ত প্রকার) অভিব্যাহৃতং (শ্রীশুকদেবের বাক্য) নিশম্য (শ্রবণ করিয়া) ঋষিং (পরব্রহ্মদর্শী) কবিং (ও শব্দব্রহ্মদর্শী) বৈয়াসকিং (ব্যাসপুত্র শুকদেবকে) ভূয়ঃ (পুনরায়) অন্যৎ কিং পৃষ্টবান্ (অন্য কি জিজ্ঞাসা করিয়াছিলেন?) ॥ ১৩ ॥

অনুবাদ

কথা লাভ হইয়া থাকে; হরিকথা শ্রবণে গুণকার্য্য রাগাদি ও তাহার ফলস্থানীয় জন্ম, মরণ, শোক, মোহ, ক্ষুধা ও পিপাসাদি সর্ব্বতোভাবে বিনষ্ট হইয়া জ্ঞান উৎপন্ন হইয়া থাকে; অনন্তর ঐহিক ও আমুষ্মিক বিষয়ে বৈরাগ্য জন্মিয়া থাকে; তৎপরে মোক্ষপ্রাপ্তির শাস্ত্রসম্মত অসাধারণ উপায় ভক্তিযোগ উৎপন্ন হইয়া থাকে; অনন্তর আত্মপ্রসাদ লাভ হয়; অতএব ভক্তি-সুখে নিমগ্ন কোন্ ব্যক্তিই বা সেই শ্রীহরির কথাতে আসক্তিযুক্ত হইবেন না? অর্থাৎ সকলেই হরিকথাতে আসক্ত হইয়া থাকেন ॥ ১২ ॥

শ্রীশৌনক বলিলেন—হে সূত! ভরতবংশগৌরব মহারাজ পরীক্ষিৎ পূর্ব্বোক্ত প্রকারে শ্রীশুকদেবের বাক্য শ্রবণ করিয়া সেই পরব্রহ্মদর্শী ও শব্দব্রহ্মদর্শী ব্যাসপুত্র শুকদেবকে পুনরায় অন্য কি জিজ্ঞাসা করিয়াছিলেন? ॥ ১৩ ॥

টীকা

ভক্তিযোগ ইতি। নন্থ স কুতোঽবাপ্যতে? ইত্যত্রাহ—যদ্ভাগবতসঙ্গত ইতি। ভাগবতানাং সঙ্গাদবাপ্যতে ॥ ১১ ॥ ভাগবতানাং সঙ্গতঃ মোক্ষাসাধারণোপায়ঃ অচলো ভক্তিযোগো ভবতীত্যুক্তম্, তদুৎপত্তিক্রমমাহ—জ্ঞানমিতি। ভাগবতসঙ্গতো হরিকথাপ্রাপ্তিরিত্যর্থাল্লভ্যতে। যদা যাসু ভাগবতসঙ্গাৎ প্রাপ্তাসু জ্ঞানমুৎপদ্যতে, কথম্ভূতম্? আ সমন্ততঃ প্রতিনিবৃত্তম্ উপরতং গুণানাং গুণকার্য্যাণাং রাগাদীনাং জন্মমরণশোকমোহক্ষুধাপিপাসাখ্যানাম্ ঊর্ম্মীণাং চ চক্রং পুনঃ পুনরাপতনং যস্মাৎ তৎ, তদনন্তরমুভয়ত্র ইহামুত্র অসঙ্গো বৈরাগ্যং চ ভবতি। তদনন্তরং কৈবল্যে সাধ্যভূতে মোক্ষে সম্মতঃ তদসাধারণোপায়তয়াভিমতঃ ভক্তিযোগো ভবতি। ততঃ আত্মনঃ ভগবতঃ মোক্ষলক্ষণঃ প্রসাদঃ স্যাৎ। তাসু হরিকথাসু রতিং প্রীতিং কো ন কুর্য্যাৎ? ॥ ১২ ॥

এতচ্ছুশ্রূষতাং বিদ্বন্ সূত ! নোঽর্হসি ভাষিতুম্ ।
কথা হরিকথোদর্কাঃ সতাং স্যুঃ সদসি ধ্রুবম্ ॥ ১৪ ॥
স বৈ ভাগবতো রাজা পাণ্ডবেয়ো মহারথঃ ।
বালক্রীড়নকৈঃ ক্রীড়ন্ কৃষ্ণক্রীড়াং য আদদে ॥ ১৫ ॥
বৈয়াসকিশ্চ ভগবান্ বাসুদেবপরায়ণঃ ।
উরুগায়গুণোদারাঃ সতাং স্যুর্হি সমাগমে ॥ ১৬ ॥

অন্বয়

সতাং (সজ্জনগণের) সদসি (সভায়) ধ্রুবং (নিশ্চয়ই) হরিকথোদর্কাঃ (শ্রীহরির কথাতে পর্য্যবসিত হয় এমন) কথাঃ (কথা সকল) স্যুঃ (হইয়া থাকে)। [অতএব হে] বিদ্বন্! সূত! শুশ্রূষতাং নঃ (শ্রবণেচ্ছু আমাদের নিকটে) এতৎ ভাষিতুং (এই মহারাজ পরীক্ষিতের জিজ্ঞাসিত বিষয় সকল বলিতে) অর্হসি (আপনি যোগ্য হইয়া থাকেন) ॥ ১৪ ॥

যঃ (যিনি) বালক্রীড়নকৈঃ (বাল্যক্রীড়ার সামগ্রীসমূহের দ্বারা) ক্রীড়ন্ (ক্রীড়া করিতে করিতে) কৃষ্ণক্রীড়াং আদদে (শ্রীকৃষ্ণের সেবারূপ ক্রীড়াই করিতেন), সঃ মহারথঃ পাণ্ডবেয়ঃ (সেই মহারথ পাণ্ডুকুলতিলক) রাজা (মহারাজ পরীক্ষিৎ) ভাগবতঃ বৈ (পরম ভগবদ্ভক্ত) ।।১৫॥

ভগবান্ বৈয়াসকিঃ চ (ব্যাসপুত্র ভগবান্ শুকদেবও) বাসুদেবপরায়ণঃ (বাসুদেবের শরণাপন্ন) ; সতাং (ভগবদ্ভক্তগণের) সমাগমে (মিলনে) উরুগায়গুণোদারাঃ (পুণ্যশ্লোক ভগবানের সর্ব্বার্থসাধক কথা সকল) স্যুঃ হি (নিশ্চয়ই হইয়া থাকে) [অতএব আপনি তাহা আমাদের নিকটে বলুন] ॥ ১৬ ॥

অনুবাদ

ভগবদ্ভক্তগণের সভায় নিশ্চয়ই এমন কথা সকল হইয়া থাকে, যাহা শ্রীহরির কথাতেই পর্য্যবসিত হয়। অতএব হে বিদ্বন্ সূত! শ্রবণেচ্ছু আমাদিগের নিকটে সেই মহারাজ পরীক্ষিতের জিজ্ঞাসিত বিষয় বলিতে আপনিই যোগ্য; অতএব তাহা আমাদের নিকটে বলুন ॥ ১৪ ॥

যিনি বাল্যকালেই বাল্যক্রীড়ার সামগ্রীসমূহের দ্বারা ক্রীড়া করিতে করিতে শ্রীকৃষ্ণের সেবারূপ ক্রীড়াই করিতেন, সেই মহারথ পাণ্ডুকুলতিলক মহারাজ পরীক্ষিৎ পরম ভগবদ্ভক্ত, ইহাতে সংশয় নাই ॥ ১৫ ॥

ব্যাসপুত্র ভগবান্ শ্রীশুকদেবও বাসুদেবের শরণাপন্ন অর্থাৎ একান্ত ভগবদ্ভক্ত।

টীকা

এবং সংক্ষেপতঃ সর্ব্বশাস্ত্রার্থং শ্রুত্বা পুনর্বিস্তরতস্তদ্বুভুৎসয়া শুকপরীক্ষিৎসংবাদমবতারয়িতুং শৌনক আহ—ইতীতি। অভিব্যাহৃতং শ্রীশুকেনোক্তম্ নিশম্য শ্রুত্বা ভূয়ঃ পুনঃ ঋষিং পরব্রহ্মদর্শিনং কবিং শব্দ-ব্রহ্মদর্শিনং বৈয়াসকিং ব্যাসপুত্রং শুকং প্রতি অন্যৎ কিং পৃষ্টবান্ ॥ ১৩ ॥ হরিকথৈব উদর্কঃ উত্তর-ফলং যাসু তাঃ কথাঃ সতাং ভাগবতানাং সদসি সভায়াং ধ্রুবং স্যুঃ। অতো যদ্রাজ্ঞা পৃষ্টমেতৎ শুশ্রূষতাং নোঽস্মাকং ভাষিতুমর্হসি ॥১৪॥ উভয়োর্ভাগবতত্বং তয়োঃ সংবাদে হরিকথাপ্রবৃত্তিং চাহ—স ইতি দ্বাভ্যাম্। যো বালক্রীড়নকৈঃ বালক্রীড়াভিঃ ক্রীড়ন্ কৃষ্ণক্রীড়াং শ্রীকৃষ্ণসেবারূপাং ক্রীড়ামাদদে, অতঃ স স্বভাবত এব ভাগবতঃ ॥ ১৫ ॥

আয়ুর্হরতি বৈ পুংসামুদ্যন্নস্তঞ্চ যন্নসৌ।
তস্যর্ত্তে যৎক্ষণো নীত উত্তমঃশ্লোকবার্ত্তয়া ॥ ১৭ ॥
তরবঃ কিং ন জীবন্তি ভস্ত্রাঃ কিং ন শ্বসন্ত্যুত ?
ন খাদন্তি ন মেহন্তি কিং গ্রামপশবোঽপরে ? ॥১৮॥

অন্বয়

যৎ (যিনি) উত্তমঃশ্লোকবার্ত্তয়া (পুণ্যশ্লোক ভগবানের কথায়) ক্ষণঃ নীতঃ (সময় অতিবাহিত করেন), তস্য [আয়ুঃ] ঋতে (তাঁহার আয়ু ব্যতীত) অসৌ (সূর্য্যদেব) উদ্যন্ (উদিত হইয়া) অস্তং যন্ চ (ও অস্তাচলে গমন করিয়া) পুংসাং (অপর মানবগণের) আয়ুঃ হরতি বৈ (আয়ু বৃথাই হরণ করিয়া থাকেন)॥ ১৭॥

তরবঃ (বৃক্ষগণ) ন জীবন্তি কিং ? (বাঁচিয়া থাকে না কি ?) উত (অথবা) ভস্ত্রাঃ (চর্ম্মকোষ অর্থাৎ লৌহকে উত্তপ্ত করার জন্য চর্ম্মনির্ম্মিত বায়ু বহনকারী যন্ত্রবিশেষ) ন শ্বসন্তি কিং ? (বায়ু বহন করে না কি ?) অপরে গ্রামপশবঃ (গ্রাম্যপশুগণ) ন খাদন্তি ন মেহন্তি কিং (আহার করে না কি ? এবং রেতঃসেক করে না কি ?) ॥ ১৮ ॥

অনুবাদ

ভগবদ্ভক্তগণের মিলনে কেবলমাত্র পুণ্যশ্লোক ভগবানের সর্ব্বার্থসাধক কথা সকলই হইয়া থাকে, অতএব আপনি তাহা আমাদের নিকটে কীর্ত্তন করুন ॥ ১৬ ॥

যিনি পুণ্যশ্লোক ভগবানের কথাতেই সর্ব্বদা সময় অতিবাহিত করেন, তাঁহার আয়ুঃ ভিন্ন সূর্য্যদেব উদিত ও অস্তমিত হইয়া অন্য মানবগণের আয়ুঃ বৃথাই হরণ করিয়া থাকেন ॥ ১৭ ॥

মানবগণের যদি ভগবদ্ভক্তিই না রহিল, তবে মানবগণের বিশেষত্ব কি ? বৃক্ষগণ কি বাঁচিয়া থাকে না ? অর্থাৎ দেহধারণমাত্রই যদি আয়ুর ফল হয়, তবে বৃক্ষের দেহধারণ ও মানবগণের দেহধারণে পার্থক্য কি ? আর যদি নিঃশ্বাস-প্রশ্বাসরূপ বায়ুবহন করাই আয়ুর ফল হয়, তবে কর্ম্মকারদের চর্ম্মনির্ম্মিত বায়ুবহনযন্ত্র কি বায়ু বহন করে না ? অর্থাৎ উক্ত যন্ত্র হইতে এই দেহের বিশেষত্ব কি ? আর যদি আহার ও মৈথুনই আয়ুর ফল হয়, তবে গ্রাম্য পশুগণ কি আহার করে না বা রেতঃসেক করে না ? অর্থাৎ তাহা হইলে গ্রাম্য পশুগণ হইতে মানবগণের বিশেষত্ব কি ? অতএব মনুষ্যগণের ভগবদ্ভক্তিই মনুষ্যত্বের পরিচায়ক ॥ ১৮ ॥

টীকা

বাসুদেবঃ পরমুৎকৃষ্টময়নং প্রাপ্যো যস্য সঃ, সতাং সমাগমে সঙ্গতৌ উরুগায়স্য ভগবতো গুণৈরুদারাঃ শ্রোতৃণাং সর্ব্বার্থসাধকাঃ কথাঃ স্যুঃ প্রবৃত্তা ভবেয়ুঃ অতস্তাঃ ভাষিতুমর্হসি ইতি হি-শব্দাল্লভ্যতে ॥ ১৬ ॥ হরিভজনং বিনা বৃথৈব দেহধারণমিত্যাহ আয়ুরিত্যষ্টভিঃ যৎ যেন উত্তমকীর্ত্তেঃ ভগবতো বার্ত্তয়া ক্ষণো নীতস্তস্যায়ুঃ ঋতে বিনা অসৌ সূর্য্যঃ উদ্যন্ উদ্গচ্ছন্ অস্তমদর্শনঞ্চ যন্ গচ্ছন্

শ্ববিড়্‌বরাহোষ্ট্রখরৈঃ সংস্তুতঃ পুরুষঃ পশুঃ।
ন যৎকর্ণপথোপেতো জাতু নাম গদাগ্রজঃ ॥ ১৯ ॥
বিলে বতোরুক্রমবিক্রমান্ যে ন শৃন্বতঃ কর্ণপুটে নরস্য।
জিহ্বাসতী দার্দ্দুরিকেব সূত! ন চোপগায়ত্যুরুগায়গাথাঃ ॥২০॥
ভারঃ পরং পট্টকিরীটজুষ্ট-মপ্যুত্তমাঙ্গং ন নমেন্মুকুন্দম্।
শাবৌ করৌ নো কুরুতঃ সপর্য্যাং হরের্ল্লসৎকাঞ্চনকঙ্কণৌ বা ॥২১॥

অন্বয়

গদাগ্রজঃ (শ্রীকৃষ্ণ) জাতু নাম (কখনও) যৎকর্ণপথোপেতঃ (যাহার শ্রবণমার্গের গোচরীভূত) ন ভবতি (হন নাই), [সঃ] পুরুষঃ (সেই মানব) পশুঃ (পশুতুল্য হইয়া) শ্ববিড়্‌বরাহোষ্ট্রখরৈঃ সংস্তুতঃ (কুকুর, গ্রাম্য শূকর, উষ্ট্র ও গর্দ্দভ সদৃশ বলিয়া নিরূপিত হইয়া থাকে) ॥ ১৯ ॥

[হে] সূত! বত (অত্যন্ত দুঃখের বিষয়) উরুক্রমবিক্রমান্ (শ্রীহরির চরিত্র সকল) ন শৃণ্বতঃ (শ্রবণবিহীন) নরস্য (মানবের) যে কর্ণপুটে (যে কর্ণবিবরদ্বয়), [তে] (তাহা) বিলে (অনর্থক ছিদ্রমাত্র)। [আর যে নর] উরুগায়গাথাঃ (ভগবান্ শ্রীকৃষ্ণের কীর্ত্তি) ন উপগায়তি (কীর্ত্তন করে না), [তস্য] জিহ্বা (তাহার রসনা) অসতী (নিন্দনীয়) দার্দ্দুরিকা ইব (ভেকজিহ্বার তুল্য) ॥ ২০ ॥

পট্টকিরীটজুষ্টং (পট্টবস্ত্রনির্ম্মিত উষ্ণীষ ও কিরীটে শোভিত) অপি উত্তমাঙ্গং (হইয়াও মস্তক)

অনুবাদ

শ্রীকৃষ্ণ কখনও যাহার শ্রবণমার্গের গোচরীভূত হন না, সেই পুরুষ পশুর তুল্য হইয়া কুকুর, গ্রাম্য শূকর, উষ্ট্র ও গর্দ্দভসদৃশ বলিয়া নিরূপিত হইয়া থাকে; অর্থাৎ অবজ্ঞার আস্পদ বলিয়া কুকুর, অপবিত্র বিষয়ে আসক্ত বলিয়া গ্রাম্য শূকর, কণ্টকের ন্যায় দুঃখপ্রদ বিষয়ে আসক্ত বলিয়া উষ্ট্র এবং অনর্থক ভার বহন করে বলিয়া গর্দ্দভের তুল্য বলিয়া বিবেকিগণ কর্ত্তৃক বিবেচিত হইয়া থাকে ॥ ১৯ ॥

হে সূত! যে মানব শ্রীহরির চরিত্র শ্রবণ করে না, তাহার কর্ণপুট কেবল ছিদ্রমাত্র। আর যে নর ভগবান্ শ্রীকৃষ্ণের কীর্ত্তি কীর্ত্তন করে না, তাহার জিহ্বা নিন্দনীয় ভেকজিহ্বার তুল্য ॥ ২০ ॥

পট্টবস্ত্রনির্ম্মিত উষ্ণীষ ও কিরীটে শোভিত হইয়াও যদি মস্তক মুক্তিপ্রদ ভগবানের

টীকা

পুংসামায়ুঃ হরতি বৃথৈব নাশয়তি ॥ ১৭ ॥ ভস্ত্রাঃ চর্ম্মকোষাঃ অপরে প্রসিদ্ধপশুভ্যো নরাকারাঃ পশবঃ ন মেহন্তি ন রেতঃ সিঞ্চন্তি। দেহধারণমাত্রেণ বা বায়ুধারণমাত্রেণ ভোজনমৈথুনপরত্বেন বা যদি আয়ুঃ সফলং স্যাৎ, তর্হি তরু-আদিভ্যঃ পুংসাং কো বিশেষ ইতি ভাবঃ ॥ ১৮ ॥ অতএব নাম প্রসিদ্ধো যঃ গদাগ্রজঃ শ্রীকৃষ্ণঃ যস্য জনস্য জাতু কদাচিদপি কর্ণপথোপেতো ন ভবতি স শ্বাদিভিঃ সংস্তুতঃ সদৃশো নিরূপিতঃ ॥ ১৯ ॥ বতেতি খেদে। উরুক্রমস্য ত্রিবিক্রমস্য ভগবতঃ বিক্রমান্ ন শৃণ্বতঃ অশ্বণ্বতঃ নরস্য কর্ণপুটে বিলে নিরর্থকে ছিদ্রে যঃ উরুগায়স্য বহুধা গীয়মানস্য ভগবতঃ গাথাঃ কথা

বর্হায়িতে তে নয়নে নরাণাং লিঙ্গানি বিষ্ণোর্ন নিরীক্ষতো যে।
পাদৌ নৃণাং তৌ দ্রুমজন্মভাজৌ ক্ষেত্রাণি নানুব্রজতো হরের্যৌ ॥২২॥
জীবঞ্ছবো ভাগবতাঙ্ঘ্রিরেণুং ন জাতু মর্ত্যোঽভিলভেত যস্তু।
শ্রীবিষ্ণুপদ্যা মনুজস্তুলস্যাঃ শ্বসঞ্ছবো যস্তু ন বেদ গন্ধম্ ॥ ২৩ ॥

অন্বয়

[যদি] মুকুন্দং ন নমেৎ (মুক্তিপ্রদ ভগবানের পাদপদ্মে অবনত না হয়), [তর্হি] পরং ভারঃ এব (তাহা হইলে কেবল ভারবহনমাত্রই সার) বা লসৎকাঞ্চনকঙ্কণৌ [অপি] (এবং কাঞ্চন ও কঙ্কণে শোভিত হইয়াও) করৌ [যদি] (হস্তদ্বয় যদি) হরেঃ সপর্য্যাং (শ্রীহরির পূজা) নো কুরুতঃ (না করে), [তর্হি] করৌ শাবৌ (তাহা হইলে সেই হস্ত মৃতব্যক্তির হস্ততুল্য) ॥ ২১ ॥

নরাণাং যে নয়নে (মানবগণের যে নয়নযুগল) বিষ্ণোঃ লিঙ্গানি (ভগবানের মূর্ত্তি সকল) ন নিরীক্ষিতঃ (অবলোকন করে না), তে বর্হায়িতে (তাহারা ময়ূরের পুচ্ছাঙ্কিত নেত্রের তুল্য), নৃণাং যৌ পাদৌ (মানবগণের যে পাদদ্বয়) হরেঃ ক্ষেত্রাণি (শ্রীহরির পুণ্যস্থান সমূহে) ন অনুব্রজতঃ (বিচরণ করে না), তৌ (সেই পাদযুগল) দ্রুমজন্মভাজৌ (বৃক্ষমূলের তুল্য) ॥ ২২ ॥

যঃ তু মর্ত্ত্যঃ (যে মানব) জাতু (কখনও) ভাগবতাঙ্ঘ্রিরেণুং (ভগবদ্ভক্তগণের চরণধূলি) ন অভিলভেত (সর্ব্বাঙ্গে ধারণ করে না), [সঃ] জীবন্ শবঃ (সেই ব্যক্তি বাঁচিয়া থাকিয়াও মৃততুল্য); যঃ তু মনুজঃ (যে মানব) শ্রীবিষ্ণুপদ্যাঃ (শ্রীবিষ্ণুর পাদসংলগ্ন) তুলস্যাঃ (তুলসীর) গন্ধং ন বেদ (গন্ধ আঘ্রাণ করিয়া আনন্দিত হয় না), [সঃ] শ্বসন্ (সে ব্যক্তি নিশ্বাস প্রশ্বাস বহন করিয়াও) শবঃ (মৃততুল্য) ॥ ২৩ ॥

অনুবাদ

পাদপদ্মে অবনত না হয়, তাহা হইলে কেবল সেই মস্তকের ভারবহন মাত্রই সার। কাঞ্চন ও কঙ্কণে শোভিত হইয়াও যদি হস্তদ্বয় শ্রীহরির পূজা না করে, তবে সেই হস্ত মৃত ব্যক্তির হস্ততুল্য ॥ ২১ ॥

মানবগণের যে নয়নযুগল ভগবান্ শ্রীবিষ্ণুর মূর্ত্তিসকল নিরীক্ষণ করে না, সেই নয়ন ময়ূরপুচ্ছাঙ্কিত নয়নের তুল্য। মানবগণের যে পাদদ্বয় ভগবান্ শ্রীহরির পুণ্যক্ষেত্র সমূহে পরিভ্রমণ করে না, সেই পাদদ্বয় বৃক্ষমূলের তুল্য ॥ ২২ ॥

যে মানব কখনও ভগবদ্ভক্তগণের চরণধূলি সর্ব্বাঙ্গে ধারণ করে না, সেই ব্যক্তি বাঁচিয়াও মৃততুল্য এবং যে মানব শ্রীবিষ্ণুর পাদসংলগ্ন তুলসীর গন্ধ আঘ্রাণ করিয়া আনন্দিত হয় না, সেই ব্যক্তি নিশ্বাস প্রশ্বাস বহন করিলেও মৃততুল্য হইয়া থাকে ॥ ২৩ ॥

টীকা

ন চেদুপগায়তি তস্য জিহ্বা অসতী দুষ্টা দার্দ্দুরিকেব দর্দ্দুরস্যেয়ং দার্দ্দুরিকা তত্তুল্যা ॥ ২০ ॥ পট্টশব্দঃ পট্টোষ্ণীষবাচকঃ, পট্টোষ্ণীষেণ কিরীটেন চ জুষ্টমপি উত্তমাঙ্গং শিরো যদি মুক্তিপ্রদং ন নমেৎ, তর্হি পরং কেবলং ভার এব। লসন্তি কাঞ্চনং কঙ্কণঞ্চ যয়োঃ তাবপি, বাশব্দোঽপ্যর্থে, হরেঃ সপর্য্যাং পূজাং নো কুরুতঃ ন কুর্ব্বন্তৌ শাবৌ শবৌ মৃতকঃ তৎকরতুল্যৌ ॥ ২১ ॥ বিষ্ণোর্লিঙ্গানি মূর্ত্তিঃ নরাণাং যে নয়নে ন নিরীক্ষতঃ ন নিরীক্ষেতে চেৎ তর্হি তে বর্হায়িতে ময়ূরপিচ্ছনেত্রতুল্যে। হরেঃ ক্ষেত্রানি শ্রীমদ্বৃন্দাবনাদীনি

তদশ্মসারং হৃদয়ং বতেদং যদ্‌গৃহ্যমাণৈর্হরিনামধেয়ৈঃ।
ন বিক্রিয়েতাথ যদা বিকারো নেত্রে জলং গাত্ররুহেষু হর্ষঃ ॥ ২৪ ॥
অথাভিধেহ্যঙ্গ ! মনোঽনুকূলং প্রভাষসে ভাগবতপ্রধানঃ।
যদাহ বৈয়াসকিরাত্মবিদ্যা-বিশারদো নৃপতিং সাধু পৃষ্টঃ ॥ ২৫ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
দ্বিতীয়স্কন্ধে তৃতীয়োঽধ্যায়ঃ ।৩।

অন্বয়

যৎ হৃদয়ং (যে হৃদয়) গৃহ্যমাণৈঃ (দৈবাৎ ভগবদ্ভক্তগণকর্ত্তৃক নিকটে উচ্চারিত) হরিনামধেয়ৈঃ (শ্রীহরির নাম সমূহ শ্রবণে) ন বিক্রিয়েত (বিকার প্রাপ্ত হয় না) [অর্থাৎ বিগলিত হয় না], বত (খেদসূচক অব্যয়) তৎ ইদং (সেই হৃদয়) অশ্মসারং (লৌহতুল্য কঠিন)। অথ যদা বিকারঃ (পরন্তু যখন হৃদয় বিগলিত হয়), [তদা] (তখন) নেত্রে জলং (নয়নে জল) গাত্ররুহেষু হর্ষঃ (ও শরীরে রোমাঞ্চ) [হইয়া থাকে] ॥ ২৪ ॥

অঙ্গ ! (হে সূত !) অথ (প্রশ্নে) ভাগবতপ্রধানঃ (ভগবদ্ভক্তগণের শ্রেষ্ঠ) আত্মবিদ্যাবিশারদঃ (আত্মতত্ত্বজ্ঞানী) বৈয়াসকিঃ (ব্যাসনন্দন শুকদেব) সাধু পৃষ্টঃ (রাজা পরীক্ষিৎ কর্ত্তৃক উত্তমরূপে জিজ্ঞাসিত হইয়া) নৃপতিং যৎ আহ (তাঁহাকে যাহা বলিয়াছেন), [তৎ] অভিধেহি (তাহা আমাদিগকেবলুন)। [ত্বং] (আপনি) মনোঽনুকূলং (আমাদিগের মনের অনুকূল কথাই) প্রভাষসে (বলিতেছেন) ॥ ২৫ ॥

অনুবাদ

দৈবাৎ ভগবদ্ভক্তগণকর্ত্তৃক উচ্চারিত শ্রীহরির নামসমূহ শ্রবণ করিয়াও যে হৃদয় বিগলিত হয় না, সেই হৃদয় লৌহতুল্য কঠিন। পরন্তু শ্রীহরির নামশ্রবণে হৃদয় বিগলিত হইলে নয়নে জল ও শরীরে রোমাঞ্চ হইয়া থাকে অর্থাৎ যাহার ভগবন্নাম শ্রবণে অশ্রু ও পুলক হয় না, সে বড়ই কঠিন হৃদয় ॥ ২৪ ॥

হে সূত! ভগবদ্ভক্তগণের শ্রেষ্ঠ, আত্মতত্ত্বজ্ঞানী, ব্যাসনন্দন শ্রীশুকদেব মহারাজ পরীক্ষিৎকর্ত্তৃক উত্তমরূপে জিজ্ঞাসিত হইয়া তাঁহাকে যাহা উপদেশ করিয়াছিলেন, সেই সমুদায় আমাদের নিকট বলুন। যেহেতু আপনি আমাদিগের মনের অনুকূল কথাই বলিতেছেন ॥ ২৫ ॥

তৃতীয় অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ৩ ॥

টীকা

যৌ নানুব্রজতঃ চরতঃ, তৌ পাদৌ দ্রুমজন্মভাজৌ দ্রুমজন্ম ভজত ইতি তথা দ্রুমমূলতুল্যৌ ॥ ২২ ॥ যস্তু ভাগবতানাং অঙ্ঘ্রিরেণুং জাতু কদাচিদপি ন অভিলভেত অভিতো ন স্পৃশেৎ ধারয়েৎ, স জীবন্ অপি শবঃ মৃততুল্যঃ। যস্তু শ্রীবিষ্ণুপন্থাঃ শ্রীবিষ্ণুপাদলগ্নায়াঃ গন্ধং ন বেদ অবঘ্রায় নাভিনন্দেত স শ্বসন্ নিশ্বাসান্ মুঞ্চন্নপি শবঃ শবতুল্যঃ ॥ ২৩ ॥ গৃহ্যমাণৈঃ দৈবান্নিকটবর্ত্তিভির্ভাগবতৈঃ উচ্চার্য্যমাণৈঃ হরিনামধেয়ৈঃ যন্ন বিক্রিয়েত বিকারং ন প্রাপ্নুয়াৎ। তদ্ হৃদয়ং অশ্মসারম্ কার্ষ্ণায়সম্। বিক্রিয়া-লক্ষণমাহ অথেতি। নেত্রবিকারঃ আরুণ্যং জলঞ্চ গাত্ররুহেষু রোমসু হর্ষঃ উদ্গমঃ ॥ ২৪ ॥ হে অঙ্গ ! সূত ! যতোঽভক্তস্য সর্ব্বং ব্যর্থম্ অথ অতঃ রাজ্ঞা সাধু পৃষ্টঃ সন্ বৈয়াসকিঃ নৃপতিং প্রতি যদাহ তদভিধেহি। ত্বং চ মনোঽনুকূলং মনসঃ প্রিয়ং ভাষসে ব্রূষে, অতঃ অভিধেহি ॥ ২৫ ॥

ইতি শ্রীমদ্ভাগবতসিদ্ধান্ত-প্রদীপে দ্বিতীয় স্কন্ধে তৃতীয়াধ্যায়ার্থপ্রকাশঃ ॥৩॥

চতুর্থোঽধ্যায়ঃ

সূত উবাচ

বৈয়াসকেরিতি বচ-স্তত্ত্বনিশ্চয়মাত্মনঃ।
উপধার্য্য মতিং কৃষ্ণে ঔত্তরেয়ঃ সতীং ব্যধাৎ ॥ ১ ॥
আত্মজায়াসুতাগার-পশুদ্রবিণবন্ধুষু।
রাজ্যে চাবিকলে নিত্যং নিরূঢ়াং মমতাং জহৌ ॥২॥
পপ্রচ্ছ চেমমেবার্থং যন্মাং পৃচ্ছথ সত্তমাঃ।
কৃষ্ণানুভাবশ্রবণে শ্রদ্দধানো মহামনাঃ ॥ ৩ ॥

অন্বয়

সূতঃ উবাচ (সূত বলিলেন) ঔত্তরেয়ঃ (উত্তরাপুত্র পরীক্ষিৎ) বৈয়াসকেঃ (শ্রীশুকদেবের) ইতি (এই প্রকার) আত্মনঃ (নিজের) তত্ত্বনিশ্চয়ং বচঃ (পরমতত্ত্ব শ্রীকৃষ্ণে নিশ্চয়াত্মিকাবুদ্ধি যাহা হইতে হয়, সেইরূপ বাক্য) উপধার্য্য (শ্রবণ করিয়া) কৃষ্ণে (শ্রীহরিতে) সতীং মতিং (বিশুদ্ধা বুদ্ধি অর্থাৎ শ্রীকৃষ্ণই সেব্য এই প্রকার মতিস্থির) ব্যধাৎ (করিলেন) ॥ ১ ॥

আত্মজায়াসুতাগারপশুদ্রবিণবন্ধুষু (স্বীয়দেহ, পত্নী, পুত্র, গৃহ, পশু, ধন ও বন্ধু) অবিকলে রাজ্যে চ (এবং উপদ্রবরহিত রাজ্যে) নিত্যং নিরূঢ়াং (সুদৃঢ়) মমতাং (মমতা) জহৌ (পরিত্যাগ করিলেন) ॥ ২ ॥

সত্তমাঃ (হে মুনিগণ!) মহামনাঃ (উদারচেতা) কৃষ্ণানুভাবশ্রবণে (শ্রীকৃষ্ণলীলাশ্রবণে) শ্রদ্দধানঃ (শ্রদ্ধাশীল) [সেই পরীক্ষিৎ] যৎ মাং পৃচ্ছথ (আপনারা আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছেন), ইমম্ এব অর্থং (সেই শ্রীহরির লীলাবিষয়ই) পপ্রচ্ছ ([শুকদেবকে] জিজ্ঞাসা করিয়াছিলেন) ॥ ৩ ॥

অনুবাদ

সূত বলিলেন—যাহা হইতে পরমতত্ত্ব শ্রীকৃষ্ণে নিশ্চয়াত্মিকা বুদ্ধি হয়, উত্তরাপুত্র মহারাজ পরীক্ষিৎ শ্রীশুকদেবের মুখে সেইরূপ বাক্য শ্রবণ করিয়া ভগবান্ শ্রীহরিই একমাত্র সেব্য ইহা মনে করতঃ শ্রীহরিতে প্রাণমন সমর্পণ করিলেন ॥ ১ ॥

মহারাজ পরীক্ষিৎ স্বীয় দেহ, পত্নী, পুত্র, গৃহ, পশু, ধন, বন্ধু ও উপদ্রবশূন্য রাজ্যে যে সুদৃঢ় মমতা ছিল, তাহা পরিত্যাগ করিলেন অর্থাৎ সকলবিষয়ে আসক্তি পরিত্যাগ করিলেন ॥২॥

হে শৌনকাদি মুনিগণ! আপনারা আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছেন, উদারচেতা ও শ্রীকৃষ্ণলীলা শ্রবণে শ্রদ্ধাশীল মহারাজ পরীক্ষিৎ সেই শ্রীহরির লীলাবিষয়ই শুকদেবকে জিজ্ঞাসা করিয়াছিলেন ॥ ৩ ॥

টীকা

এবং মুনিনা পৃষ্টঃ সূতঃ পরীক্ষিৎনিশ্চয়নিরূপণপূর্ব্বকং তৎপ্রশ্নমাহ বৈয়াসকেরিতি সার্দ্ধৈর্দশভিঃ। ঔত্তরেয়ঃ পরীক্ষিৎ বৈয়াসকেঃ শ্রীশুকস্য ইত্যেবম্ভূতং পূর্ব্বোক্তম্ আত্মনঃ স্বস্য তত্ত্বে

সংস্থাং বিজ্ঞায় সন্ন্যস্য কর্ম্ম ত্রৈবর্গিকঞ্চ যৎ।
বাসুদেবে ভগবতি আত্মভাবং দৃঢ়ং গতঃ ॥ ৪ ॥

রাজোবাচ

সমীচীনং বচো ব্রহ্মন্! সর্ব্বজ্ঞস্য তবানঘ।
তমো বিশীর্য্যতে মহ্যং হরেঃ কথয়তঃ কথাম্ ॥ ৫ ॥
ভূয় এব বিবিৎসামি ভগবানাত্মমায়য়া।
যথেদং সৃজতে বিশ্বং দুর্ব্বিভাব্যমধীশ্বরৈঃ ॥ ৬ ॥

অন্বয়

(মহারাজ পরীক্ষিৎ) সংস্থাং বিজ্ঞায় (মৃত্যু নিকটবর্ত্তী জানিয়া) ত্রৈবর্গিকং (ত্রিবর্গসম্বন্ধীয় অর্থাৎ ধর্ম্ম, অর্থ ও কামের সাধন) যৎ কর্ম্ম (যে যে কর্ম্ম), [তৎ] সংন্যস্য চ (তাহা পরিত্যাগ করিয়া) ভগবতি বাসুদেবে (সর্ব্বেশ্বর ভগবান্ শ্রীকৃষ্ণে) [অর্থাৎ অংশীরূপ পরমাত্মাতে] আত্মভাবং (অংশরূপ নিজের অবস্থিতি) দৃঢ়ং গতঃ (দৃঢ়ভাবে জানিয়া অর্থাৎ ভগবদ্ভাবে ভাবিত হইয়া শ্রীশুকদেবকে জিজ্ঞাসা করিয়াছিলেন)। [পূর্ব্বের শ্লোকের সহিত অন্বয় হইবে] ॥ ৪ ॥

রাজা উবাচ (মহারাজ পরীক্ষিৎ বলিলেন) ব্রহ্মন্! অনঘ! (হে নিষ্পাপ!) মহ্যং (আমার নিকটে) হরেঃ কথাম্ (ভগবান্ শ্রীহরির লীলা) কথয়তঃ (কীর্ত্তনকারী) সর্ব্বজ্ঞস্য (সর্ব্বজ্ঞ) তব (আপনার) বচঃ (বাক্য) সমীচীনং (যুক্তিযুক্ত); [যেহেতু] তমঃ বিশীর্য্যতে [এই বাক্য শ্রবণে] (অজ্ঞান বিনষ্ট হইয়া যায়) ॥ ৫ ॥

(হে ব্রহ্মন্!) ভগবান্ (পরমপুরুষ) আত্মমায়য়া (স্বীয় মায়াশক্তির দ্বারা) অধীশ্বরৈঃ

অনুবাদ

মহারাজ পরীক্ষিৎ অচিরে দেহবিনাশ হইবে জানিয়া ধর্ম্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গ সম্বন্ধীয় সকল কর্ম্ম পরিত্যাগ করিয়া সর্ব্বেশ্বর অংশীরূপ ভগবান্ শ্রীকৃষ্ণে অংশরূপ নিজের অবস্থিতি দৃঢ়ভাবে বুঝিতে পারিয়া অর্থাৎ ভগবদ্ভাবে ভাবিত হইয়া শ্রীশুকদেবকে জিজ্ঞাসা করিয়াছিলেন ॥ ৪ ॥

মহারাজ পরীক্ষিৎ বলিলেন—হে ব্রহ্মন্! আপনি সর্ব্বজ্ঞ; আমার নিকটে আপনি যে শ্রীহরির লীলা কীর্ত্তন করিয়াছেন, উহা যুক্তিযুক্তই হইয়াছে; যেহেতু এই সকল বাক্য শ্রবণ করিলে অজ্ঞান বিনষ্ট হইয়া যায় ॥ ৫ ॥

হে ব্রহ্মন্! পরমপুরুষ ভগবান্ স্বকীয় মায়াশক্তির দ্বারা ব্রহ্মাদি লোকপালগণের

টীকা

শ্রীকৃষ্ণে ভজনীয়ে নিশ্চয়ো যস্মাত্তদ্বচ উপধার্য্য শ্রুত্বা কৃষ্ণে সতীং শ্রীকৃষ্ণ এব সেব্যো নেতর ইত্যেব-ম্ভূতাং মতিং ব্যধাৎ অকরোদিত্যর্থঃ ॥ ১ ॥ আত্মা দেহঃ অবিকলে নিরুপদ্রবে মমতাং স্বকীয়ত্ববুদ্ধিং জহৌ তত্যাজ ॥ ২ ॥ হে সত্তমাঃ! হে মুনয়ঃ! কৃষ্ণানুভাবশ্রবণে কৃষ্ণলীলাশ্রবণে শ্রদ্দধানঃ যদ্ যূয়ং মাং প্রতি পৃচ্ছথ, ইমমেবার্থং হরিলীলালক্ষণং পপ্রচ্ছ ॥ ৩ ॥ সংস্থাং দেহবিনাশং বিজ্ঞায় জ্ঞাত্বা যৎ ত্রৈবর্গিকং ধর্ম্মার্থকামসাধনং প্রবৃত্তং কর্ম্ম, তৎ তৎ সন্ন্যস্য ত্যক্ত্বা বাসুদেবে অংশিনি আত্মনোঽংশ-ভূতস্য ভাবং স্থিতিতাদাত্ম্যং দৃঢ়ং গতঃ প্রাপ্তঃ সন্ পপ্রচ্ছ ॥ ৪ ॥ অন্যং স্ববুভুৎসিতমবতারয়িতুং

যথা গোপায়তি বিভুর্যথা সংযচ্ছতে পুনঃ।
যাং যাং শক্তিমুপাশ্রিত্য পুরুশক্তিঃ পরঃ পুমান্ ॥
আত্মানং ক্রীড়য়ন্ ক্রীড়ন্ করোতি বিকরোতি চ ॥ ৭ ॥
নূনং ভগবতো ব্রহ্মন্! হরেরদ্ভুতকর্ম্মণঃ।
দুর্ব্বিভাব্যমিবাভাতি কবিভিশ্চাপি চেষ্টিতম্ ॥ ৮ ॥

অন্বয়

(ব্রহ্মাদি লোকপালগণের) দুর্ব্বিভাব্যম্ (অচিন্তনীয়) ইদং বিশ্বং (এই জগৎ) যথা সৃজতে (যে প্রকারে সৃষ্টি করিয়াছেন), ভূয়ঃ এব বিবিৎসামি (আমি পুনরায় তাহা জানিতে ইচ্ছা করি) ॥ ৬ ॥

বিভুঃ (সর্ব্বব্যাপক) পুরুশক্তিঃ (অনন্তশক্তি) পরঃ পুমান্ (পরমপুরুষ) যাং যাং শক্তিম্ উপাশ্রিত্য (যেই যেই শক্তিকে অবলম্বন করিয়া) যথা গোপায়তি (যেরূপে এই জগৎ রক্ষা করিয়া থাকেন), যথা পুনঃ সংযচ্ছতে (যেরূপে পুনরায় সংহার করেন) আত্মানং (এবং স্বীয় ভক্তজনকে) ক্রীড়য়ন্ (ক্রীড়া করাইয়া) [স্বয়ং] ক্রীড়ন্ (নিজেও ক্রীড়া করতঃ) [যথা] করোতি (যে প্রকারে সৃষ্টি করিয়া থাকেন) বিকরোতি চ (ও মুক্ত করিয়া থাকেন), [সেই সকল আমি জানিতে ইচ্ছা করি] ॥৭॥

ব্রহ্মন্! অদ্ভুতকর্ম্মণঃ (অদ্ভুতকর্ম্মা) ভগবতঃ হরেঃ (ভগবান্ শ্রীহরির) চেষ্টিতং (এই লীলাচরিত্র) নূনং (নিশ্চয়ই) কবিভিঃ চ অপি (পণ্ডিতগণেরও) দুর্ব্বিভাব্যম্ ইব আভাতি (দুর্ব্বিজ্ঞেয় বলিয়া আমার মনে হইতেছে) ॥ ৮ ॥

অনুবাদ

অচিন্তনীয় এই জগৎ যে প্রকারে সৃষ্টি করিয়াছেন, তাহা আমি পুনরায় জানিতে ইচ্ছা করি ॥ ৬ ॥

সর্ব্বব্যাপক অনন্তশক্তি পরমপুরুষ ভগবান্ যেই যেই শক্তিকে অবলম্বন করিয়া যে ভাবে এই জগৎকে রক্ষা করিয়া থাকেন, যেভাবে পুনরায় সংহার করেন এবং ভক্তজনকে ক্রীড়া করাইয়া নিজেও ক্রীড়া করতঃ যেভাবে সৃষ্টি করিয়া থাকেন ও মুক্ত করিয়া থাকেন, সেই সমস্ত আমি জানিতে ইচ্ছা করি ॥ ৭ ॥

হে ব্রহ্মন্! অদ্ভুতকর্ম্মা ভগবান্ শ্রীহরির এই লীলা-চরিত্র নিশ্চয়ই পণ্ডিত-গণেরও দুর্ব্বিজ্ঞেয় বলিয়া আমার মনে হইতেছে ॥ ৮ ॥

টীকা

শুকবচোঽভিনন্দতি সমীচীনমিতি। মহ্যং মম তমোঽজ্ঞানং বিশীর্য্যতে নশ্যতি ॥ ৫ ॥ বিবিৎসামি বেদিতুমিচ্ছামি। অধীশ্বরৈঃ ব্রহ্মাদিভিঃ দুর্ব্বিভাব্যম্ অবিতর্ক্যম্ যথেদং সৃজতি ॥ ৬ ॥ বিভুঃ ব্যাপকঃ পরঃ পুমান্ নিঃসমানাতিশয়ঃ পুরুশক্তিঃ যাং যাং শক্তিমুপাশ্রিত্য অধিষ্ঠায় যথা গোপায়তি রক্ষতি, যথা সংযচ্ছতে সংহরতে, আত্মানং ভক্তজনং ক্রীড়য়ন্ স্বয়ং ক্রীড়ন্ যথা করোতি, যথা বিকরোতি চ সৃষ্টিস্থিতিসংহারব্যাপারাদ্বিপরীতং করোতি মুক্তং করোতি চ ইত্যর্থঃ ॥ ৭ ॥ একঃ পুরুষরূপেণ যুগপৎ ভূরিশঃ সত্ত্বনিয়ন্তা স্বাবতারঃ, রজোনিয়ন্তা স্বানুগৃহীতঃ ক্ষেত্রজ্ঞো ব্রহ্মা দ্বিতীয়াবতারঃ, তমোনিয়ন্তা স্বানুগৃহীতঃ ক্ষেত্রজ্ঞঃ রুদ্রঃ তৃতীয়াবতারঃ। এবং জন্মভিঃ গুণাবতারৈঃ ক্রমশো বা যথা প্রকৃতের্গুণান্

যথা গুণাংস্তু প্রকৃতের্যুগপৎ ক্রমশোঽপি বা।
বিভর্ত্তি ভূরিশস্ত্বেকঃ কুর্ব্বন্ কর্ম্মাণি জন্মভিঃ ॥ ৯ ॥
বিচিকিৎসিতমেতন্মে ব্রবীতু ভগবান্ যথা।
শাব্দে ব্রহ্মণি নিষ্ণাতঃ পরস্মিংশ্চ ভবান্ খলু ॥ ১০ ॥

সূত উবাচ

ইত্যুপামন্ত্রিতো রাজ্ঞা গুণানুকথনে হরেঃ।
হৃষীকেশমনুস্মৃত্য প্রতিবক্তুং প্রচক্রমে ॥ ১১ ॥

অন্বয়

(সেই ভগবান্) কর্ম্মাণি কুর্ব্বন্ (সৃষ্ট্যাদি করিবার অভিপ্রায়ে) একঃ তু (এক হইয়াও) যুগপৎ (একসময়ে) ভূরিশঃ (বহুরূপ অর্থাৎ ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বররূপে) ক্রমশঃ অপি বা (ও ক্রমে) যথা তু (যে প্রকারে) জন্মভিঃ (অবতার সমূহের দ্বারা) প্রকৃতেঃ গুণান্ বিভর্ত্তি (প্রকৃতির গুণ সকল অবলম্বন করিয়া থাকেন), [তাহা আমি শুনিতে ইচ্ছা করি] ॥ ৯ ॥

মে (আমার) এতৎ (এই পূর্ব্বোক্ত) বিচিকিৎসিতং (সন্দিগ্ধ বিষয়) ভগবান্ (আপনি) যথা ব্রবীতু (আনুপূর্ব্বিক বর্ণনা করুন)। [যেহেতু] ভবান্ (আপনি) শাব্দে ব্রহ্মণি (শব্দব্রহ্মে) পরস্মিন্ চ (ও পরব্রহ্মে) নিষ্ণাতঃ খলু (নিষ্ঠালাভ করিয়াছেন) [অর্থাৎ শব্দব্রহ্ম ও পরব্রহ্মের তত্ত্ব অবগত হইয়াছেন] ॥ ১০ ॥

সূতঃ উবাচ—(সূত বলিলেন) ইতি (এই প্রকারে) হরেঃ গুণানুকথনে (শ্রীকৃষ্ণের লীলাগুণ

অনুবাদ

সেই ভগবান্ সৃষ্ট্যাদি করিবার অভিপ্রায়ে এক হইয়াও যুগপৎ ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বররূপে এবং অবতার সমূহের দ্বারা ক্রমশঃ যে প্রকারে প্রকৃতির গুণসকল অবলম্বন করিয়া থাকেন, সেই সকল আমি শুনিতে ইচ্ছা করি। [টীকা দেখুন] ॥ ৯ ॥

আমার এই পূর্ব্বোক্ত সন্দিগ্ধ বিষয় আপনি আনুপূর্ব্বিক বর্ণনা করুন। যেহেতু আপনি শব্দব্রহ্ম ও পরব্রহ্ম সম্যক্‌রূপে অবগত হইয়াছেন, [অতএব এবিষয়ে উপদেশ করিতে আপনিই সমর্থ] ॥ ১০ ॥

সূত বলিলেন—এই প্রকারে ভগবান্ শ্রীকৃষ্ণের গুণবর্ণনা করিবার জন্য মহারাজ

টীকা

বিভর্ত্তি গৃহ্লাতি। তে চ অবতারাঃ নারায়ণীয়োপাখ্যানে শ্রীকৃষ্ণেনোক্তাঃ, "তপো যজ্ঞশ্চ স্রষ্টা চ পুরাণঃ পুরুষো বিরাট্। অনিরুদ্ধ ইতি প্রোক্তো লোকানাং প্রভবাপ্যয়ঃ ॥ ব্রাহ্মে রাত্রিক্ষয়ে প্রাপ্তে তস্য হ্যমিততেজসঃ। প্রসাদাৎ প্রাদুরভবৎ পদ্মং পদ্মনিভেক্ষণঃ ॥ ততো ব্রহ্মা সমভবৎ স তস্যৈব প্রসাদজঃ। ঔহ্নঃ ক্ষয়ে ললাটাচ্চ সুতো দেবস্য বৈ তথা ॥ ক্রোধাবিষ্টস্য সংজজ্ঞে রুদ্রঃ সংহারকারকঃ। এতৌ দ্বৌ বিবুধশ্রেষ্ঠৌ প্রসাদক্রোধজাবুভৌ ॥ তদাদেশিতপন্থানৌ সৃষ্টিসংহারকারকৌ। নিমিত্তমাত্রং তাবত্র সর্ব্বপ্রাণিবরপ্রদা"বিতি ॥ ৮ ॥ ৯ ॥

শ্রীশুক উবাচ

নমঃ পরস্মৈ পুরুষায় ভূয়সে সদুদ্ভবস্থাননিরোধলীলয়া।
গৃহীতশক্তিত্রিতয়ায় দেহিনা-মন্তর্ভবায়ানুপলক্ষ্যবর্ত্মনে ॥ ১২ ॥
ভূয়ো নমঃ সদ্বৃজিনচ্ছিদেঽসতা-মসম্ভবায়াখিলসত্ত্বমূর্ত্তয়ে।
পুংসাং পুনঃ পারমহংস্য আশ্রমে ব্যবস্থিতানামনুমৃগ্যদাশুষে ॥ ১৩ ॥

অন্বয়

বর্ণনে) রাজ্ঞা (রাজাকর্ত্তৃক) উপামন্ত্রিতঃ (প্রার্থিত হইয়া) [শুকঃ] (শ্রীশুকদেব) হৃষীকেশং (ইন্দ্রিয়গণের নিয়ন্তা ভগবান্ শ্রীকৃষ্ণকে) অনুস্মৃত্য (স্মরণ করিয়া) প্রতিবক্তুং প্রচক্রমে (প্রত্যুত্তর প্রদান করিতে আরম্ভ করিলেন)॥ ১১ ॥

শ্রীশুকঃ উবাচ (শ্রীশুকদেব বলিলেন) ভূয়সে (যিনি অপরিমিতগুণস্বরূপ), সদুদ্ভবস্থাননিরোধলীলয়া (বিশ্বের উৎপত্তি, স্থিতি ও লয়রূপ লীলাপ্রকাশের নিমিত্ত) গৃহীতশক্তিত্রিতয়ায় (যিনি ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বররূপে রজঃ, সত্ত্ব ও তমোগুণ ধারণ করিয়া থাকেন), দেহিনাম্ অন্তর্ভবায় (প্রাণিগণের অন্তরাত্মা) অনুপলক্ষ্যবর্ত্মনে (ও অভক্তগণের দুষ্প্রাপ্য) পরস্মৈ পুরুষায় (সেই পরমপুরুষকে) নমঃ (নমস্কার করিতেছি)॥ ১২ ॥

সদ্বৃজিনচ্ছিদে (যিনি সাধুগণের দুঃখাপহারী), অসতাম্ অসম্ভবায় (পাপীদিগের বিনাশের কারণ), অখিলসত্ত্বমূর্ত্তয়ে (পূর্ণ সত্ত্বমূর্ত্তি) পারমহংস্যে আশ্রমে (এবং যিনি পরমহংসগণের আশ্রমে) ব্যবস্থিতানাং (অবস্থিত মুনিগণের) অনুমৃগ্যদাশুষে (অন্বেষণীয় স্বীয় পাদপদ্ম তাঁহাদিগকে প্রদান করিয়া থাকেন), [সেই পরমপুরুষকে] ভূয়ঃ পুনঃ (পুনঃ পুনঃ) নমঃ (নমস্কার করিতেছি)॥ ১৩ ॥

অনুবাদ

পরীক্ষিৎকর্ত্তৃক প্রার্থিত হইয়া শ্রীশুকদেব ভগবান্ শ্রীকৃষ্ণকে স্মরণ করিয়া প্রত্যুত্তর প্রদান করিতে আরম্ভ করিলেন॥ ১১॥

শ্রীশুকদেব বলিলেন—যিনি অপরিমিত গুণস্বরূপ, বিশ্বের উৎপত্তি, স্থিতি ও লয়রূপ লীলা প্রকাশের নিমিত্ত যিনি ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর এই তিন রূপে যথাক্রমে রজঃ, সত্ত্ব ও তমোগুণ ধারণ করিয়া থাকেন, যিনি প্রাণিগণের অন্তরাত্মা অর্থাৎ অন্তর্য্যামী এবং অভক্তগণের দুষ্প্রাপ্য, সেই পরমপুরুষকে নমস্কার করিতেছি॥ ১২॥

যিনি সাধুগণের দুঃখাপহরণ করেন, পাপীদিগকে বিনাশ করেন এবং যিনি পূর্ণ সত্ত্বমূর্ত্তি ও পরমহংসগণের আশ্রমে অবস্থিত মুনিগণের অন্বেষণীয় স্বীয় পাদপদ্ম তাঁহাদিগকে প্রদান করিয়া থাকেন, সেই পরমপুরুষকে পুনঃপুনঃ নমস্কার করিতেছি॥ ১৩॥

টীকা

এতৎ পূর্ব্বোক্তং বিচিকিৎসিতং সন্দিগ্ধং যথাবৎ ভগবান্ ব্রবীতু। তত্র যোগ্যতামাহ—শাব্দে ইত্যাদি॥ ১০॥ হরের্গুণানুকথনে উপামন্ত্রিতঃ হৃষীকেশং সর্ব্বেন্দ্রিয়নিয়ন্তারং শ্রোতৃণাং শ্রাবয়িতুশ্চ ইন্দ্রিয়নৈশ্চল্যহেতুত্বেন উপকর্ত্তারম্ অনুস্মৃত্য প্রচক্রমে হরিগুরুনত্যাদিরূপং উপক্রমং কৃতবান্॥১১॥ তদেবাহ নম ইতি ত্রয়োদশভিঃ। পরস্মৈ চিদচিদ্ভ্যাং ভিন্নরূপায় পুরুষায় নমঃ। তত্র হেতুঃ—

নমো নমস্তেঽস্ত্বৃষভায় সাত্বতাং বিদূরকাষ্ঠায় মুহুঃ কুযোগিনাম্।
নিরস্তসাম্যাতিশয়েন রাধসা স্বধামনি ব্রহ্মণি রংস্যতে নমঃ ॥ ১৪ ॥
যৎকীর্ত্তনং যৎস্মরণং যদীক্ষণং যদ্বন্দনং যচ্ছ্রবণং যদর্হণম্।
লোকস্য সদ্যো বিধুনোতি কল্মষং তস্মৈ সুভদ্রশ্রবসে নমো নমঃ ॥ ১৫ ॥
বিচক্ষণা যচ্চরণোপসাদনাৎ সঙ্গং ব্যুদস্যোভয়তোঽন্তরাত্মনঃ।
বিন্দন্তি হি ব্রহ্মগতিং গতক্লমা-স্তস্মৈ সুভদ্রশ্রবসে নমো নমঃ ॥ ১৬ ॥

অন্বয়

সাত্বতাং (যিনি স্বীয় ভক্তগণের) ঋষভায় (পালক), কুযোগিনাং (ভক্তিবিহীনগণের) বিদূর-কাষ্ঠায় (দুর্ব্বিজ্ঞেয়), তে (সেই পরমপুরুষকে) মুহুঃ (পুনঃ পুনঃ) নমো নমঃ অস্তু (নমস্কার করিতেছি) নিরস্তসাম্যাতিশয়েন (এবং যাহার সমান বা অধিক নাই এইরূপ) রাধসা (তেজের দ্বারা) স্বধামনি (স্বীয় মহিমায়) ব্রহ্মণি (যিনি নিজেতেই) রংসতে (রমণ করিতেছেন), [তস্মৈ] নমঃ (সেই পরমপুরুষকে নমস্কার করিতেছি) ॥ ১৪ ॥

যৎকীর্ত্তনং (যাঁহার কীর্ত্তন), যৎস্মরণং (যাঁহার স্মরণ), যদীক্ষণং (যাঁহার দর্শন) যদ্বন্দনং (যাঁহার বন্দন), যৎশ্রবণং (যাঁহার শ্রবণ) যদর্হণং (ও যাঁহার পূজা) লোকস্য (লোকের) কল্মষং (পাপ) সদ্যঃ বিধুনোতি (সদ্যই বিদূরিত করিয়া দেয়), তস্মৈ (সেই) সুভদ্রশ্রবসে (সুমঙ্গল-কীর্ত্তি পরমপুরুষকে) নমো নমঃ (পুনঃ পুনঃ নমস্কার করিতেছি) ॥ ১৫ ॥

বিচক্ষণাঃ (বিবেকিগণ) যচ্চরণোপসাদনাৎ (যাঁহার চরণোপাসনা করিয়া তাহার ফলে) অন্তরাত্মনঃ (চিত্তের) উভয়তঃ (ঐহিক ও আমুষ্মিক) সঙ্গং ব্যুদস্য (বিষয়াসক্তি দূর করতঃ) গতক্লমাঃ (ক্লেশরহিত হইয়া) ব্রহ্মগতিং বিন্দন্তি হি (ব্রহ্মগতি লাভ করেন), তস্মৈ সুভদ্রশ্রবসে (সেই সুমঙ্গল-কীর্ত্তি পরমপুরুষকে) নমো নমঃ (পুনঃ পুনঃ নমস্কার) ॥ ১৬ ॥

অনুবাদ

যিনি স্বভক্তগণকে পালন করেন, ভক্তিবিহীনগণের দুর্ব্বিজ্ঞেয় হইয়া থাকেন, এবং যাহা হইতে সমান ও অধিক আর নাই এমন তেজের দ্বারা যিনি স্বীয় মহিমায় নিজেতেই রমণ করিতেছেন, সেই পরমপুরুষকে পুনঃপুনঃ নমস্কার করিতেছি ॥ ১৪ ॥

যাঁহার কীর্ত্তন, স্মরণ, দর্শন, বন্দন, শ্রবণ ও পূজন লোকের পাপ সকল সদ্যই বিদূরিত করিয়া দেয়, সেই সুমঙ্গল-কীর্ত্তি পরমপুরুষকে পুনঃপুনঃ নমস্কার করিতেছি ॥ ১৫ ॥

বিবেকিগণ যাঁহার চরণ উপাসনা করিয়া তাহার ফলে চিত্তের ঐহিক ও আমুষ্মিক বিষয়াসক্তি দূর হওয়ায় ক্লেশরহিত হইয়া ব্রহ্মগতি লাভ করিয়া থাকেন, সেই সুমঙ্গল-কীর্ত্তি পরমপুরুষকে পুনঃপুনঃ নমস্কার করিতেছি ॥ ১৬ ॥

টীকা

ভূয়সে অপরিমিতগুণস্বরূপায়, সতঃ প্রপঞ্চস্য উদ্ভবস্থাননিরোধেষু উৎপত্তিপালনসংহারেষু নিমিত্তভূতয়া তয়া লীলয়া পাদ্মস্বাবতাররূদ্রদৈবৈর্গৃহীতং রজঃসত্ত্বতমোলক্ষণং শক্তিত্রিতয়ং যেন তস্মৈ অন্তরাত্মনে, অভক্তৈঃ নোপলক্ষ্যং বর্ত্ম প্রাপ্তিমার্গো যস্য তস্মৈ ॥ ১২ ॥ সতাং সাধূনাং বৃজিনচ্ছিদে পাপহন্ত্রে ভূয়ঃ পুনশ্চ নমঃ। অখিলং সম্পূর্ণং সত্ত্বমেব মূর্ত্তির্যস্য তস্মৈ, পারমহংস্যে পরমহংসানাং মুনীনাম্ আশ্রমে ব্যবস্থিতানাম্

তপস্বিনো দানপরা যশস্বিনো মনস্বিনো মন্ত্রবিদঃ সুমঙ্গলাঃ।
ক্ষেমং ন বিন্দন্তি বিনা যদর্পণং তস্মৈ সুভদ্রশ্রবসে নমো নমঃ ॥ ১৭ ॥
কিরাতহূণান্ধপুলিন্দপুক্কসা আভীরশুম্ভা যবনাঃ খশাদয়ঃ।
যেঽন্যে চ পাপা যদুপাশ্রয়াশ্রয়াঃ শুধ্যন্তি তস্মৈ প্রভবিষ্ণবে নমঃ ॥ ১৮ ॥

অন্বয়

তপস্বিনঃ (কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি ব্রতপরায়ণ ব্যক্তিগণ) দানপরাঃ (যজ্ঞাদিচ্ছলে সর্ব্বস্বত্যাগী ব্যক্তিগণ) যশস্বিনঃ (যশোলাভের জন্য শুভকর্ম্মের অনুষ্ঠানকারী ব্যক্তিগণ) মনস্বিনঃ (ইন্দ্রিয়জয়ী যোগিগণ) মন্ত্রবিদঃ (মন্ত্রার্থজ্ঞানী ব্যক্তিগণ) সুমঙ্গলাঃ (ও সদাচারনিষ্ঠ ব্যক্তিগণ) যদর্পণং বিনা (যাঁহাতে অর্পণ ব্যতীত) ক্ষেমং (সেই তপস্যা প্রভৃতির ফল) ন বিন্দন্তি (প্রাপ্ত হন না), তস্মৈ সুভদ্রশ্রবসে নমো নমঃ (সেই সুমঙ্গল-কীর্ত্তি পরমপুরুষকে পুনঃ পুনঃ নমস্কার করিতেছি) ॥ ১৭ ॥

কিরাতহূণান্ধপুলিন্দপুক্কসাঃ (কিরাত, হূণ, অন্ধ, পুলিন্দ, পুক্কস,) আভীরশুম্ভাঃ (আভীর, শুম্ভ) যবনাঃ (যবন) খশাদয়ঃ (ও খশ প্রভৃতি) অন্যে চ যে পাপাঃ (এবং অপর যে সকল পাপ-জাতি) যদুপাশ্রয়াশ্রয়াঃ (যাঁহার ভক্তগণের আশ্রিত হইয়া) শুধ্যন্তি (পবিত্রতা লাভ করে), তস্মৈ প্রভবিষ্ণবে (সেই প্রভাবশালী পরমপুরুষকে) নমঃ (নমস্কার করিতেছি) ॥ ১৮ ॥

অনুবাদ

যাঁহারা নিরন্তর কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি তপশ্চরণশীল, যাঁহারা যজ্ঞাদি কর্ম্মোপলক্ষে সর্ব্বস্ব ত্যাগ করিয়া থাকেন, যাঁহারা যশোলাভের নিমিত্ত শুভকর্ম্মের অনুষ্ঠান করিয়া থাকেন, যাঁহারা ইন্দ্রিয়সমূহ জয় করিয়া থাকেন, যাঁহারা মন্ত্রার্থজ্ঞানে পটু এবং যাঁহারা সদাচারনিষ্ঠ, সেই সকল ব্যক্তি তাঁহাদের আচরিত কর্ম্ম সকল যাঁহাতে অর্পণ না করিলে সেই সেই কর্ম্মের সুফল প্রাপ্ত হন না, সেই সুমঙ্গল-কীর্ত্তি পরমপুরুষকে পুনঃপুনঃ নমস্কার করিতেছি ॥ ১৭ ॥

কিরাত, হূণ, অন্ধ, পুলিন্দ, পুক্কস, আভীর, শুম্ভ, যবন ও খশ প্রভৃতি এবং অপরাপর যে সকল পাপজাতি আছে, তাহারা যাঁহার ভক্তগণের আশ্রিত হইয়া পবিত্রতা লাভ করে, সেই প্রভাবশালী পরমপুরুষকে নমস্কার করিতেছি ॥ ১৮ ॥

টীকা

অনুমৃগ্যং লব্ধুমিষ্টং নিজপাদপদ্মদ্বয়ং তদ্দাশুষে দাত্রে ॥ ১৩ ॥ সাত্বতাং নিজোপাসকানাম্ ঋষভায় পালকায়, কুযোগিনাং কুৎসিতযোগিনাং বিদূরা কাষ্ঠা দিক্ যস্য তস্মৈ, নিরস্তং সাম্যম্ অতিশয়শ্চ যস্য, তেন রাধসা তেজসা উপলক্ষিতে স্বধামনি স্বে মহিম্নি ব্রহ্মণি স্বস্মিন্ রংস্যতে রমমাণায় ॥ ১৪ ॥ অর্হণং পূজনম্। সুভদ্রং সুমঙ্গলং শ্রবো যস্য তস্মৈ ॥ ১৫ ॥ বিচক্ষণাঃ বিবেকিনঃ যস্য চরণয়োরুপসাদনাদুপসত্তেরুপাসনাৎ অন্তরাত্মনঃ মনসঃ উভয়তঃ ইহামুত্র চ সঙ্গং ব্যূদস্য নিরস্য গতক্লমাঃ নিবৃত্তক্লেশাঃ ব্রহ্মগতিং গম্যতে ইতি গতিঃ ব্রহ্মগতিঃ তাং বিন্দন্তি প্রাপ্নুবন্তি ॥ ১৬ ॥ তপস্বিনঃ কৃচ্ছ্রাদিতপোনিষ্ঠাঃ, দানপরাঃ যজ্ঞাদিমিষেণ সর্ব্বস্বত্যাগিনঃ, যশস্বিনঃ যশোঽর্থে শুভকারিণঃ, মনস্বিনঃ নির্জ্জিতকরণাঃ, মন্ত্রবিদঃ মন্ত্রার্থজ্ঞানপূর্ব্বকতজ্জপপরাঃ, সুমঙ্গলাঃ সদাচারপরাঃ, যদ্ যস্মিন্ তপ আত্মর্পণং বিনা ক্ষেমং তপআদেঃ ফলং ন বিন্দন্তি ন প্রাপ্নুবন্তি ॥ ১৭ ॥ যস্যোপাশ্রয়াঃ ভাগবতা-

স এষ আত্মাত্মবতামধীশ্বর-স্ত্রয়ীময়ো ধর্ম্মময়স্তপোময়ঃ।
গতব্যলীকৈরজশঙ্করাদিভি-র্বিতর্ক্যলিঙ্গো ভগবান্ প্রসীদতাম্ ॥ ১৯ ॥
শ্রিয়ঃ পতির্যজ্ঞপতিঃ প্রজাপতি-র্ধিয়াং পতির্লোকপতির্ধরাপতিঃ।
পতির্গতিশ্চান্ধকবৃষ্ণিসাত্বতাং প্রসীদতাং মে ভগবান্ সতাং পতিঃ ॥ ২০ ॥

অন্বয়

গতব্যলীকৈঃ (অকপট ভক্ত) অজশঙ্করাদিভিঃ (ব্রহ্মা, শিব প্রভৃতিকর্ত্তৃক) বিতর্ক্যলিঙ্গঃ (বিস্ময়ে যিনি দর্শনীয়), ত্রয়ীময়ঃ (বেদোক্ত অগ্নিহোত্রাদি গার্হস্থ্য ধর্ম্মে যিনি আরাধ্য), ধর্ম্মময়ঃ (ব্রহ্মচারি-ধর্ম্মে যিনি আরাধ্য) তপোময়ঃ (এবং বানপ্রস্থ ও সন্ন্যাস ধর্ম্মে যিনি আরাধ্য), আত্মবতাম্ (ভগবদুপাসক মহাত্মাগণের) আত্মা (আশ্রয়) স এষ অধীশ্বরঃ (সেই এই সর্ব্বেশ্বর) ভগবান্ প্রসীদতাম্ (ভগবান্ [আমার প্রতি] প্রসন্ন হউন) ॥ ১৯ ॥

শ্রিয়ঃ পতিঃ (যিনি সর্ব্বসম্পদের পালক), যজ্ঞপতিঃ (যজ্ঞাদি শুভকর্ম্মের পালক), প্রজাপতিঃ (প্রজাপালক), ধিয়াং পতিঃ (বুদ্ধির পরিচালক), লোকপতিঃ (ত্রিভুবনপালক), ধরাপতিঃ (পৃথিবী-পালক), অন্ধকবৃষ্ণিসাত্বতাং পতিঃ (অন্ধক, বৃষ্ণি ও যাদবগণের পালক), সতাং পতি (সাধুগণের পালক) গতিঃ চ (ও সমস্তেরই আশ্রয় অর্থাৎ আপৎকালে রক্ষক), [সঃ] ভগবান্ মে প্রসীদতাং (সেই ভগবান্ আমার প্রতি প্রসন্ন হউন) ॥ ২০ ॥

অনুবাদ

অকপট ভক্ত ব্রহ্মা, মহেশ্বর প্রভৃতিরও যিনি বিস্ময়ে দর্শনীয় হইয়া থাকেন, বেদোক্ত অগ্নিহোত্রাদি গৃহস্থধর্ম্মের দ্বারা যিনি পূজনীয় হইয়া থাকেন এবং ব্রহ্মচারিধর্ম্ম, বানপ্রস্থ ধর্ম্ম ও সন্ন্যাস ধর্ম্ম দ্বারা যিনি পূজনীয় হইয়া থাকেন, ভগবদুপাসকগণের পরম আশ্রয়, সেই এই সর্ব্বেশ্বর ভগবান্ আমার প্রতি প্রসন্ন হউন ॥ ১৯ ॥

যিনি সর্ব্বসম্পদের পালক, যজ্ঞাদি শুভকর্ম্মের পালক, প্রজাগণের পালক, বুদ্ধির পরিচালক, ত্রিভুবনের পালক, এই পৃথিবীর পালক, অন্ধক, বৃষ্ণি ও যাদবগণের পালক, সাধুগণের পালক এবং পূর্ব্বোক্ত সমস্তেরই আপৎকালে রক্ষক হইয়া থাকেন, সেই ভগবান্ আমার প্রতি প্রসন্ন হউন ॥ ২০ ॥

টীকা

স্তদাশ্রয়াঃ সন্তঃ কিরাতাদয়ো যে পাপাঃ পাপজাতয়ঃ অন্যে চ যে কর্ম্মতঃ পাপাস্তে শুধ্যন্তি। তস্মৈ প্রভবিষ্ণবে প্রভবনশীলায় নমঃ ॥ ১৮ ॥ স এষ অধীশ্বরঃ "এষ সর্ব্বেশ্বরঃ" "প্রধানক্ষেত্রজ্ঞপতিগুর্ণেশ" ইত্যাদিশ্রুতিপ্রসিদ্ধঃ ভগবান্ প্রসীদতাম্। কথম্ভূতঃ? গতব্যলীকৈঃ গতদোষৈঃ ব্রহ্মশিবাদিভিঃ বিতর্ক্যম্ উপাসনার্থং লিঙ্গং চিহ্নং যস্য সঃ। এতদগ্রে স্ফুটীভবিষ্যতি। পুনঃ কথম্ভূতঃ? ত্রয়ীময়ঃ তপোময়শ্চ ন কেবলাশ্রমধর্ম্মারাধ্যঃ, তৎতদাশ্রমধর্ম্মফলদ ইত্যর্থঃ। তত্র ত্রয়ীময় ইত্যনেন ত্রয়ীপ্রোক্তাগ্নিহোত্রাদিগৃহস্থ-ধর্ম্মেণ, ধর্ম্মময় ইত্যনেন ব্রহ্মচারিধর্ম্মেণ, তপোময় ইত্যনেনাশ্রমদ্বয়ধর্ম্মস্য তপঃপ্রধানত্বাৎ তেন চারাধ্যঃ। তেষু যে জ্ঞানভক্তিসম্পন্নাস্তান্ প্রতি বিশেষমাহ আত্মাত্মবতামিতি। আত্মা শ্রীভগবান্ উপাস্যতয়া বিদ্যতে যেষাং তেষাং মহতাম্ আত্মা আশ্রয়ঃ ॥ ১৯ ॥ পতিঃ পালকঃ, গতিঃ সর্ব্বাপৎসু রক্ষকঃ ॥ ২০ ॥

যদঙ্ঘ্র্যভিধ্যানসমাধিধৌতয়া ধিয়ানুপশ্যন্তি হি তত্ত্বমাত্মনঃ।
বদন্তি চৈতৎ কবয়ো যথারুচং স মে মুকুন্দো ভগবান্ প্রসীদতাম্ ॥ ২১ ॥
প্রচোদিতা যেন পুরা সরস্বতী বিতন্বতাজস্য সতীং স্মৃতিং হৃদি।
স্বলক্ষণা প্রাদুরভূৎ কিলাস্যতঃ স মে ঋষীণামৃষভঃ প্রসীদতাম্ ॥ ২২ ॥
ভূতৈর্মহদ্ভির্য ইমাঃ পুরো বিভু-র্নির্ম্মায় শেতে যদমূষু পূরুষঃ।
ভুঙ্‌ক্তে গুণান্ ষোড়শ ষোড়শাত্মকঃ সোঽলঙ্কৃষীষ্টাখিলবিদ্ বচাংসি মে ॥ ২৩ ॥

অন্বয়

[যোগিগণ] যদঙ্ঘ্র্যভিধ্যানসমাধিধৌতয়া ধিয়া (যাঁহার চরণযুগলধ্যানরূপ সমাধির দ্বারা নির্ম্মলান্তঃকরণে) আত্মনঃ তত্ত্বং (পরমাত্মতত্ত্ব) অনুপশ্যন্তি হি (অবলোকন করিয়া থাকেন) কবয়ঃ (এবং সেই যোগিগণ) এতৎ (এই আত্মতত্ত্ব) যথারুচং (শিষ্যগণের প্রতি প্রতিভানুসারে) বদন্তি উপদেশ করিয়া থাকেন), স মুকুন্দঃ ভগবান্ (সেই মুক্তিপ্রদ ভগবান্) মে প্রসীদতাম্ (আমার প্রতি প্রসন্ন হউন) ॥ ২১ ॥

পুরা (কল্পের আদিতে) অজস্য (ব্রহ্মার) হৃদি (হৃদয়ে) সতীং স্মৃতিং (পূর্ব্বকল্পের ন্যায় সৃষ্টি-বিষয়িনী স্মৃতি) বিতন্বতা (বিস্তার করিতে অভিলাষী) যেন (যাঁহাকর্ত্তৃক) প্রচোদিতা (প্রেরিতা হইয়া) স্বলক্ষণা (শিক্ষা, কল্পাদি অঙ্গের সহিত) সরস্বতী (বেদরূপা বাণী) আস্যতঃ (ব্রহ্মার মুখ হইতে) প্রাদুরভূৎ কিল (আবির্ভূতা হইয়াছিলেন), সঃ ঋষীণাং ঋষভঃ (সেই মন্ত্রদ্রষ্টা ঋষিগণের শ্রেষ্ঠ ভগবান্) মে প্রসীদতাম্ (আমার প্রতি প্রসন্ন হউন) ॥ ২২ ॥

যঃ (যিনি) মহদ্ভিঃ ভূতৈঃ (পঞ্চমহাভূতের দ্বারা) ইমাঃ পুরঃ (এই সকল শরীর) নির্ম্মায় (নির্ম্মাণ করিয়া) যৎ অমূষু শেতে (যেহেতু এই সকল শরীরে অন্তর্য্যামীরূপে অবস্থান করিতেছেন),

অনুবাদ

যোগিগণ যাঁহার শ্রীচরণধ্যানরূপ সমাধির দ্বারা নির্ম্মলান্তঃকরণে পরমাত্মতত্ত্ব অবলোকন করিয়া থাকেন এবং সেই আত্মতত্ত্ব শিষ্যগণের প্রতি প্রতিভানুসারে উপদেশ করিয়া থাকেন, সেই মুক্তিপ্রদ ভগবান্ আমার প্রতি প্রসন্ন হউন ॥ ২১ ॥

যিনি কল্পের আদিতে ব্রহ্মার হৃদয়ে পূর্ব্বকল্পের ন্যায় সৃষ্টিবিষয়িনী স্মৃতি বিস্তার করিতে অভিলাষ করেন এবং যাঁহাকর্ত্তৃক প্রেরিতা হইয়া শিক্ষা-কল্পাদি অঙ্গের সহিত বেদরূপা বাণী ব্রহ্মার মুখ হইতে আবির্ভূতা হইয়াছিলেন, সেই মন্ত্রদ্রষ্টা ঋষিগণের শ্রেষ্ঠ ভগবান্ শ্রীহরি আমার প্রতি প্রসন্ন হউন ॥ ২২ ॥

যিনি মহদাদি পঞ্চ মহাভূতের দ্বারা এই সকল শরীর নির্ম্মাণ করিয়া তাহাতে

টীকা

যস্য অঙ্ঘ্র্যনুধ্যানমেব সমাধিস্তেন নির্ম্মলয়া ধিয়া আত্মনঃ ভগবতঃ তত্ত্বং যাথাত্ম্যং কবয়ঃ ক্রান্তদর্শিনঃ স্বয়ং পশ্যন্তি। এতদেব স্বদৃষ্টমাত্মনস্তত্ত্বং শিষ্যেভ্যো যথারুচং রুক্ প্রতিভা তামনতিক্রম্য

নমস্তস্মৈ ভগবতে ব্যাসায়ামিততেজসে।
পপুর্জ্ঞানময়ং সৌম্যা যন্মুখাম্বুরুহাসবম্ ॥ ২৪ ॥

অন্বয়

[অতঃ] (অতএব) পুরুষঃ (যিনি পুরুষ বলিয়া বিখ্যাত), [কেবল যে অবস্থানই করেন তাহা নহে, কিন্তু শরীরে বর্ত্তমান থাকিয়া ভোগও করেন, তাহাই বলিতেছেন] ষোড়শ গুণান্ ভুঙ্‌ক্তে (এবং যিনি একাদশেন্দ্রিয় ও পঞ্চমহাভূতরূপ গুণসকল ভোগ করিয়া থাকেন) ষোড়শাত্মকঃ (ও যিনি এই ষোড়শ পদার্থের চৈতন্যপ্রদ অর্থাৎ অধীশ্বর) অখিলবিৎ (ও সর্ব্বজ্ঞ) সঃ বিভুঃ (সেই সর্ব্বব্যাপী ভগবান্) মে বচাংসি (আমার বাক্য সকল) অলঙ্কুর্ষীষ্ট (অলঙ্কৃত করুন) ॥ ২৩ ॥

সৌম্যাঃ (ভক্তগণ) জ্ঞানময়ং (জ্ঞানময়) যন্মুখাম্বুরুহাসবং (যাহার মুখপদ্ম বিনির্গত মকরন্দ) পপুঃ (পান করিয়া থাকেন), তস্মৈ অমিততেজসে (সেই মহাপ্রভাবশালী) ভগবতে ব্যাসায় (ভগবান্ ব্যাসদেবকে) নমঃ (নমস্কার করিতেছি) ॥ ২৪ ॥

অনুবাদ

অন্তর্য্যামীরূপে অবস্থান করিতেছেন, অতএব পুরুষ বলিয়া যিনি প্রসিদ্ধ এবং যিনি একাদশেন্দ্রিয় ও পঞ্চমহাভূতরূপ গুণ সকল ভোগ করিয়া থাকেন ও যিনি এই ষোড়শ পদার্থের চৈতন্যপ্রদ অর্থাৎ অধীশ্বর ; সর্ব্বজ্ঞ ও সর্ব্বব্যাপী সেই ভগবান্ আমার বাক্য সকল অলঙ্কৃত করুন ॥ ২৩ ॥

ভক্তগণ যাঁহার মুখপদ্মবিনির্গত জ্ঞানরূপ মকরন্দ পান করিয়া থাকেন, সেই শাস্ত্রকর্ত্তা ভগবান্ ব্যাসদেবকে নমস্কার করিতেছি ॥ ২৪ ॥

টীকা

বদন্তি, স মুকুন্দঃ মে মহ্যং প্রসীদতাম্ ॥ ২১ ॥ পুরা কল্পাদৌ যেন অজস্য বিরিঞ্চেঃ হৃদি সতীং পূর্ব্ববৎ সৃষ্টিবিষয়াং স্মৃতিং বিতন্বতা বিস্তারয়তা প্রচোদিতা সরস্বতী বেদরূপা বাণী স্বলক্ষণা স্বানি শিক্ষাদীনি লক্ষণানি যস্যাঃ সা, আস্যতো মুখতঃ প্রাদুরভূৎ। স ঋষীণাং মন্ত্রদ্রষ্টৃণাং ঋষভঃ শ্রেষ্ঠঃ প্রসীদতাম্ ॥ ২২ ॥ অথ স্বভাবত এব ভগবদ্‌গুণস্বরূপাদিপ্রতিপাদনরূপপরমগুণযুক্তানাং স্ববাচাং শৃঙ্গারকরুণাদিসৌন্দর্য্যং প্রার্থয়তে ভূতৈরিতি। স বিভুঃ সর্ব্বত্র সর্ব্বং কর্ত্তুং সমর্থঃ মে বচাংসি অলঙ্কুর্ষীষ্ট অলঙ্করোতু। বিভুত্বং প্রতিপাদয়তি—মহদ্ভির্ভূতৈঃ মহদাদিবিশেষান্তৈঃ ইমাঃ পুরঃ শরীরাণি নির্ম্মায় সৃষ্ট্বা অমূষু আসু পুরীষু অন্তর্য্যামিতয়া শেতে বসতি। অতএব পুরি শয়নাৎ পুরুষ ইতি। ন চ কেবলং শেতে; কিন্তু স্বানন্যভক্তার্পিতান্ একাদশেন্দ্রিয়পঞ্চভূতরূপান্ গুণান্ ভুঙ্‌ক্তে অনুভবতি। যতঃ ষোড়শানামাত্মা অন্তরাত্মা, স্বার্থে কঃ। অনেন ভগবতঃ কর্ম্মায়ত্তভোক্তৃত্বং নাস্তীতি সূচিতম্ ॥ ২৩ ॥ মুখাম্বুরুহে য আসবো মকরন্দস্তং সৌম্যাঃ স্নিগ্ধাঃ শিষ্যাঃ পপুঃ ॥ ২৪ ॥

এতদেবাত্মভূ রাজন্ নারদায় বিপৃচ্ছতে।
বেদগর্ভোঽভ্যধাৎ সাক্ষাদ্ যদাহ হরিরাত্মনঃ ॥ ২৫ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
দ্বিতীয়স্কন্ধে চতুর্থোঽধ্যায়ঃ ॥ ৪ ॥

অন্বয়

রাজন্! সাক্ষাৎ হরিঃ (হে পরীক্ষিৎ! স্বয়ং শ্রীহরি) আত্মনঃ (ব্রহ্মার প্রতি) যদাহ (যাহা বলিয়াছিলেন), এতদেব (ইহাই আপনিও জিজ্ঞাসা করিয়াছেন এবং ইহাই) বেদগর্ভঃ আত্মভূঃ (বেদগর্ভ ব্রহ্মা) বিপৃচ্ছতে নারদায় (জিজ্ঞাসু নারদকে) অভ্যধাৎ (বলিয়াছিলেন) ॥ ২৫ ॥

অনুবাদ

হে রাজন্! স্বয়ং শ্রীহরি ব্রহ্মাকে যাহা উপদেশ করিয়াছিলেন, তাহাই আপনি আমাকে জিজ্ঞাসা করিয়াছেন। পূর্ব্বে শ্রীহরির নিকট হইতে ইহা লাভ করিয়া বেদগর্ভ ব্রহ্মা জিজ্ঞাসু নারদকে ইহাই যথাযথরূপে উপদেশ করিয়াছিলেন ॥ ২৫ ॥

চতুর্থ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ৪ ॥

টীকা

হে রাজন্! ত্বয়া যৎ পৃষ্টমেতদেব বিপৃচ্ছতে নারদায় বেদা গর্ভে যস্য সঃ আত্মভূর্ব্রহ্মা অভ্যধাৎ। নন্থ তেন কুতো জ্ঞাতমিত্যত আহ—সাক্ষাদ্ যদাহ হরিরাত্মন ইতি। ব্রহ্মণে যদ্ হরিরভ্যধাৎ ব্রহ্মা নারদায়, তদহং তে অভিধাস্যামীতি ভাবঃ ॥ ২৫ ॥

ইতি শ্রীমদ্ভাগবত সিদ্ধান্তপ্রদীপে দ্বিতীয়স্কন্ধে চতুর্থাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ৪ ॥

পঞ্চমোঽধ্যায়ঃ

শ্রীনারদ উবাচ

দেবদেব! নমস্তেঽস্তু ভূতভাবন! পূর্ব্বজ!।
তদ্বিজানীহি যজ্‌জ্ঞানমাত্মতত্ত্বনিদর্শনম্ ॥ ১ ॥

অন্বয়

শ্রীনারদঃ উবাচ (নারদ বলিলেন) দেবদেব! (হে দেবেশ!) ভূতভাবন! (হে ভূতোৎপাদক!) [হে] পূর্ব্বজ! তে (আপনাকে) নমঃ অস্তু (নমস্কার)। আত্মতত্ত্বনিদর্শনম্ (আত্মতত্ত্বপ্রকাশক) যৎ জ্ঞানম্ (যে জ্ঞান), তৎ বিজানীহি (সেই জ্ঞান বিশেষরূপে উপদেশ করুন) ॥ ১ ॥

অনুবাদ

[নারদের প্রতি ব্রহ্মা কি উপদেশ করিয়াছিলেন, তাহাই বলিবার ইচ্ছায় প্রথমে নারদের প্রশ্ন সকল বর্ণনা করিতেছেন] নারদ বলিলেন—হে দেবদেব! হে পূর্ব্বজ! আপনাকে নমস্কার। যাহা আত্মতত্ত্বপ্রকাশক জ্ঞান, তাহা আপনি আমাকে বিস্তারিতরূপে উপদেশ করুন ॥ ১ ॥

টীকা

শ্রীনারদং প্রতি ব্রহ্মোপদেশং বক্তুং তাবৎ শ্রীনারদপ্রশ্নান্ আহ—দেবদেবেতি। আত্মনস্তত্ত্বস্য নিদর্শনং প্রকাশকং যজ্‌জ্ঞানং তদ্ বিজানীহি বিশেষতো জ্ঞাপয়, অন্তর্ভাবিত নিজার্থঃ ॥ ১ ॥

যদ্রূপং যদধিষ্ঠানং যতঃ সৃষ্টমিদং প্রভো !।
যৎসংস্থং যৎপরং যচ্চ তত্তত্ত্বং বদ তত্ত্বতঃ ॥ ২ ॥
সর্ব্বং হ্যেতদ্ভবান্ বেদ ভূতভব্যভবৎপ্রভুঃ।
করামলকবদ্‌বিশ্বং বিজ্ঞানাবসিতং তব ॥ ৩ ॥
যদ্বিজ্ঞানো যদাধারো যৎপরস্ত্বং যদাত্মকঃ।
একঃ সৃজসি ভূতানি ভূতৈরেবাত্মমায়য়া ॥ ৪ ॥

অন্বয়

হে প্রভো ! (হে ব্রহ্মন্ !) ইদং (এই বিশ্ব) যদ্রূপং (যাঁহাকর্ত্তৃক প্রকাশিত) যদধিষ্ঠানম্ (যিনি আধার), যতঃ সৃষ্টং (যাঁহা হইতে নির্ম্মিত), যৎসংস্থং (যাহাতে লয় হয়), যৎপরং (যাঁহার অধীন), যচ্চ তৎ তত্ত্বং (ও যদাত্মক সেই তত্ত্ব) [এই ছয়টি প্রশ্নের উত্তর] তত্ত্বতঃ বদ (যথার্থরূপে বর্ণনা করুন)॥ ২॥

ভবান্ (আপনি) এতৎ সর্ব্বং (আমার জিজ্ঞাসিত এই সমস্ত বিষয়) হি (নিশ্চয়ই) বেদ (জানেন); [যেহেতু আপনি] ভূতভব্যভবৎপ্রভুঃ (ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান সমস্ত বস্তুর তত্ত্ব নির্ণয়ে সমর্থ); বিশ্বং (এই জগৎ) করামলকবৎ (করতলগত আমলক ফলের ন্যায়) তব বিজ্ঞানাবসিতম্ (আপনার বিশেষভাবে সুপরিজ্ঞাত) ॥ ৩ ॥

ত্বং (আপনি) যদ্‌বিজ্ঞানঃ (যাহা হইতে জ্ঞানবান্ হইয়াছেন), যদাধারঃ (যাহা আপনার অধিষ্ঠান) যৎপরঃ (আপনি যাঁহার অধীন), যদাত্মকঃ (এবং আপনার স্বরূপ), [এই চারিটি প্রশ্নের উত্তরও

অনুবাদ

হে ব্রহ্মন্ ! এই জগৎ যাঁহাকর্ত্তৃক প্রকাশিত, যিনি এই জগতের অধিষ্ঠান, যাঁহা হইতে এই জগৎ নির্ম্মিত হয়, যাঁহাতে লয় হয় ও যাঁহার অধীন এবং সেই তত্ত্বের স্বরূপ, এই ছয়টি প্রশ্নের উত্তর যথার্থরূপে বর্ণনা করুন ॥ ২ ॥

আপনি আমার জিজ্ঞাসিত সকল প্রশ্নের উত্তর নিশ্চয়ই জানেন। যেহেতু আপনি ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানবিষয়ক সমস্ত বস্তুর তত্ত্ব নির্ণয়ে সমর্থ। যেমন করতলগত আমলক ফল স্পষ্টরূপে অনুভূত হয়, সেইরূপ এই জগৎ আপনার বিশেষভাবে সুপরিজ্ঞাত ॥ ৩ ॥

হে প্রভু ! আপনি কাঁহার নিকট হইতে জ্ঞানবান্ হইয়াছেন ? আপনার আশ্রয় কে ? আপনি কাঁহার অধীন ? এবং আপনার স্বরূপই বা কি ? [আমার এই চারিটি প্রশ্নের

টীকা

ইদং বিশ্বং যদ্রূপং যেন রূপ্যতে প্রকাশ্যতে যৎপ্রকাশ্যম্, যদধিষ্ঠানম্, যদাধারকম্, যৎসৃষ্টম্ যেন নির্ম্মিতম্, যস্মিন্ সংস্থা লয়ো যস্য তদ্ যৎসংস্থম্। যৎপরং যদধীনম্, যচ্চ যদাত্মকম্ তৎ তত্ত্বং তস্য তত্ত্বম্ উক্তষট্‌প্রশ্নপ্রত্যুত্তরদ্বারা যাথাত্ম্যং তত্ত্বতো বদেতি ষট্‌প্রশ্নাঃ॥ ২॥ তদ্বক্তুং ভবান্ ক্ষম ইত্যাহ—এতদস্মৎপৃষ্টং সর্ব্বং ভবান্ বেদ, যতো ভূতভবিষ্যদ্বর্ত্তমানানাং প্রভুঃ তন্নির্ণয়ে ক্ষমঃ। তত্র হেতুঃ—করস্থামলকবৎ বিশ্বং তব বিশিষ্টেন জ্ঞানেনাবসিতং নিশ্চিতম্॥ ৩॥ কিঞ্চ যতো বিজ্ঞানং যস্য সঃ যদ্বিজ্ঞানঃ কুতো বিজ্ঞানবানসীত্যর্থঃ। য আশ্রয়ো যস্য সঃ যদাশ্রয়ঃ, কস্তবাশ্রয় আধার

আত্মন্ ভাবয়সে তানি ন পরাভাবয়ন্ স্বয়ম্।
আত্মশক্তিমবষ্টভ্য ঊর্ণনাভিরিবাক্রমঃ ॥ ৫ ॥
নাহং বেদ পরং ত্বস্মিন্নাপরং ন সমং বিভো!।
নামরূপগুণৈর্ভাব্যং সদসৎ কিঞ্চিদন্যতঃ ॥ ৬ ॥

অন্বয়

আপনি দিবেন)। একঃ (একাকী আপনি) আত্মমায়য়া (স্বীয় মায়াশক্তি বলে) ভূতৈঃ (পঞ্চ মহাভূতের দ্বারা) ভূতানি (দেব, মনুষ্য, পশু প্রভৃতি প্রাণিগণ) সৃজসি (সৃষ্টি করিয়া থাকেন)॥ ৪ ॥

তানি (সেই প্রাণিগণকে) আত্মন্ (স্বীয় বিরাট্ শরীরে) ভাবয়সে (পালন করিতেছেন)। স্বয়ং (আপনি নিজেই) ন পরাভাবয়ন্ (অবলীলাক্রমে) অক্রমঃ (শ্রমরহিত হইয়া) ঊর্ণনাভিঃ ইব (ঊর্ণনাভের ন্যায়) আত্মশক্তিম্ অবষ্টভ্য (আত্মশক্তিকে অবলম্বন করিয়া) [সৃজসি] (সৃষ্টি করিয়া থাকেন)॥ ৫ ॥

বিভো! (হে সর্ব্বব্যাপিন্!) অহং তু (আমি) অস্মিন্ (এই জগতে) নামরূপগুণৈঃ (নাম—সংজ্ঞা, রূপ—আকৃতি, গুণ—ধর্ম্ম, এই সকলের দ্বারা) ভাব্যং (প্রকাশিত) পরং (উত্তম), অপরং (নিকৃষ্ট), সমং (মধ্যম), সৎ (স্থূল) অসৎ (ও সূক্ষ্ম) কিঞ্চিৎ [অপি] (কিছুই) অন্যতঃ (আপনাভিন্ন অন্য বস্তু হইতে হইয়াছে বলিয়া) ন বেদ (জানি না) [পরন্তু আপনা হইতেই হইয়াছে বলিয়া জানি]॥ ৬ ॥

অনুবাদ

উত্তরও আপনি দিবেন। আমার মনে হইতেছে আপনিই পরমেশ্বর; কারণ] একাকী আপনিই স্বীয় মায়াশক্তির প্রভাবে পঞ্চভূতের দ্বারা দেবতা, মনুষ্য, পশু প্রভৃতি প্রাণিগণকে সৃষ্টি করিয়া থাকেন॥ ৪ ॥

সেই প্রাণিগণকে আপনি স্বীয় বিরাট্ শরীরে পালন করিতেছেন। শ্রমশূন্য ঊর্ণনাভ (মাকড়সা) যেমন নিজশক্তি অবলম্বন করিয়া সূত্র সৃষ্টি করিয়া থাকে, সেইরূপ আপনিও নিজে স্বস্বরূপে থাকিয়াই শ্রমশূন্য হইয়া স্বীয়শক্তিকে অবলম্বন করিয়া এই জগৎ সৃষ্টি করিয়া থাকেন॥ ৫ ॥

হে বিভো! আমি এ জগতে নাম, রূপ ও ধর্ম্মের দ্বারা প্রকাশিত উত্তম, মধ্যম, অধম, স্থূল, সূক্ষ্ম যাহা কিছু আছে সমস্তই আপনার শক্তি ব্যতীত অপর বস্তু হইতে হইয়াছে বলিয়া মনে করি না; পরন্তু সকলই আপনা হইতে হইয়াছে বলিয়া মনে করি॥ ৬ ॥

টীকা

ইত্যর্থঃ। যৎপরঃ যদধীনঃ, যদাত্মকঃ য আত্মা যস্য স যদাত্মকঃ কস্ত্বাত্মেত্যর্থঃ ইতি চত্বার প্রশ্নাঃ। অহং তু ত্বামেব পরমেশ্বরং জানামি, যত একঃ অসহায়স্ত্বং আত্মমায়য়া স্বশক্ত্যা ভূতৈঃ পঞ্চভূতৈঃ ভূতানি দেবমনুষ্যাদীনি সৃজসি॥ ৪ ॥ তানি স্বসৃষ্টানি ভূতানি আত্মন্ আত্মনি বিরাট্-শরীরে ভাবয়সে পালয়সি, ন পরাভাবয়ন্ স্বাত্মানং পরিভবমপ্রাপয়ন্ অক্রমঃ শ্রমরহিতঃ যথোর্ণনাভিঃ আত্মন এব শক্তিমবষ্টভ্য সৃজতি তদ্বৎ॥ ৫ ॥ অতোঽহমস্মিন্ লোকে পরমুৎকৃষ্টম্ অপরং নিকৃষ্টং সমং মধ্যমঞ্চ সৎ স্থূলম্ অসন্নামরূপগুণৈঃ সংজ্ঞয়া আকৃত্যা ধর্ম্মেণ চ ভাব্যং নিষ্পাদ্যং কিঞ্চিদপ্যন্যতো

স ভবানচরদ্ ঘোরং যৎ তপঃ সুসমাহিতঃ।
তেন খেদয়সে নস্ত্বং পরাশঙ্কাঞ্চ যচ্ছসি ॥ ৭ ॥
এতন্মে পৃচ্ছতঃ সর্ব্বং সর্ব্বজ্ঞ ! সকলেশ্বর ! ।
বিজানীহি যথৈবেদমহং বুধ্যেঽনুশাসিতঃ ॥ ৮ ॥

শ্রীব্রহ্মোবাচ

সম্যক্ কারুণিকস্যেদং বৎস ! তে বিচিকিৎসিতম্।
যদহং চোদিতঃ সৌম্য ! ভগবদ্বীর্য্যদর্শনে ॥ ৯ ॥

অন্বয়

সঃ ভবান্ (সর্ব্বেশ্বর আপনি) সুসমাহিতঃ (সমাহিতচিত্ত হইয়া) যৎ (যেহেতু) ঘোরং তপঃ (কঠোর তপস্যা) অচরৎ (আচরণ করিতেছেন), তেন (সেই কারণে) ত্বং নঃ (আপনি আমাদিগকে) খেদয়সে (মোহিতই করিতেছেন) ; [কারণ] পরাশঙ্কাং (অপর ঈশ্বর আছে এইরূপ আশঙ্কা) প্রযচ্ছসি (আমাদের হৃদয়ে জন্মাইতেছেন) ॥ ৭ ॥

[হে] সর্ব্বজ্ঞঃ ! [হে] সকলেশ্বর ! যথা এব (যে প্রকারে) অহং অনুশাসিতঃ (আমি আপনা-কর্ত্তৃক উপদিষ্ট হইয়া) ইদং (এই সকল বিষয়) বুধ্যে (বুঝিতে পারি), [তথা এব] (সেই প্রকারে) পৃচ্ছতঃ মে (জিজ্ঞাসু আমার নিকটে) এতৎ সর্ব্বং (এই সকল) বিজানীহি (বিশেষরূপে উপদেশ করুন) ॥ ৮ ॥

ব্রহ্মা উবাচ (ব্রহ্মা বলিলেন) বৎস ! (হে পুত্র !) সৌম্য ! (হে শান্ত !) কারুণিকস্য তে

অনুবাদ

আপনি সর্ব্বেশ্বর ; সমাহিতচিত্তে ঘোরতর তপস্যার অনুষ্ঠান করিতেছেন দেখিয়া আমরা বিমুগ্ধ হইয়াছি। কারণ "আপনি ব্যতীত আপনারও আরাধ্য অপর ঈশ্বর আছেন" এইরূপ আশঙ্কা আমাদের হৃদয়ে জন্মিতেছে। অর্থাৎ আমরা আপনার তপশ্চরণ দর্শনে সংশয়ান্বিত হইতেছি ॥ ৭ ॥

হে সর্ব্বজ্ঞ ! হে সর্ব্বান্তর্য্যামিন্ ! আমি আপনাকর্ত্তৃক উপদিষ্ট হইয়া যে প্রকারে এই জিজ্ঞাসিত বিষয় সকল বুঝিতে পারি, সেই প্রকারে এই সকল বিষয় আমার নিকটে বিস্তারিতরূপে উপদেশ করুন ॥ ৮ ॥

ব্রহ্মা বলিলেন—হে বৎস ! হে সৌম্য ! তুমি দয়াশীল। তোমার এই সংশয়ান্বিত

টীকা

ন বেদ ন জানামি, কিন্তু ত্বত্তঃ এব সর্ব্বং ভবতীতি জানামি ॥ ৬ ॥ নন্থ তর্হি "যদ্বিজ্ঞানো যদাধার" ইত্যাদি তব প্রশ্নো নিরর্থক ইত্যত্রাহ—স ইতি। স উক্তপ্রকারোঽপি ভবান্ যৎ যতস্তপোঽচরৎ, তেন হেতুনা নোঽস্মান্ খেদয়সে মোহয়সি। অতঃ পরাশঙ্কাম্ ঈশ্বরান্তরশঙ্কাং প্রযচ্ছসি ॥ ৭ ॥ হে সর্ব্বজ্ঞ ! অহমনুশাসিতস্ত্বদনুশিষ্টঃ ইদং প্রস্তুতং যথৈব বুধ্যে জানে, তথৈব এতৎ সর্ব্বং পৃচ্ছতো মে মহ্যং বিজানীহি বিশেষেণ জ্ঞাপয় ॥ ৮ ॥

নানৃতং তব তচ্চাপি যথা মাং প্রব্রবীষি ভোঃ ! ।
অবিজ্ঞায় পরং মত্ত এতাবত্ত্বং যতো হি মে ॥ ১০ ॥
যেন স্বরোচিষা বিশ্বং রোচিতং রোচয়াম্যহম্ ।
যথার্কোঽগ্নির্যথা সোমো যথর্ক্ষগ্রহতারকাঃ ॥ ১১ ॥

অন্বয়

(দয়াবান্ তোমার) বিচিকিৎসিতং (এই সংশয়ান্বিত প্রশ্ন) সম্যক্ (সমীচীন হইয়াছে); যৎ (যেহেতু) অহং (আমি) ভগবদ্বীর্য্যদর্শনে (ভগবৎপ্রভাব বর্ণনে) চোদিতঃ (প্রবর্ত্তিত হইয়াছি) ॥৯॥

ভোঃ! (বৎস!) যতঃ হি (যে ভগবান্ হইতে) মে এতাবত্ত্বং (আমার এই সৃষ্ট্যাদি-কর্ত্তৃত্বরূপ প্রভাব), মত্তঃ পরং (আমা হইতেও শ্রেষ্ঠ) [সেই পরমেশ্বরকে] অবিজ্ঞায় (না জানিয়া) মাং যথা প্রব্রবীষি (আমাকে পরমেশ্বররূপে যে বলিয়াছ), তচ্চাপি তব (তাহাও তোমার) ন অনৃতম্ (মিথ্যা নহে) ॥ ১০ ॥

যথা অর্কঃ (যেমন সূর্য্যদেব), যথা অগ্নিঃ (যেমন অগ্নি), যথা সোমঃ যথা ঋক্ষগ্রহতারকাঃ (এবং যেমন চন্দ্র, নক্ষত্র, গ্রহ ও তারকা) [ভগবৎ-প্রকাশ্য বস্তুকে প্রকাশিত করিয়া থাকেন, সেইরূপ] যেন (পরমেশ্বরকর্ত্তৃক) স্বরোচিষা (স্বকীয় প্রকাশের দ্বারা) রোচিতং (প্রকটিত) [বিশ্বকে] অহম্ (আমি) রোচয়ামি (প্রকটিত করিয়া থাকি) ॥ ১১ ॥

অনুবাদ

প্রশ্ন সমীচীনই হইয়াছে। ভগবদ্বিষয় প্রশ্ন করিয়া আমার প্রতি অনুগ্রহ প্রকাশ করিলে; কারণ আজ আমি তোমাকর্ত্তৃক ভগবৎপ্রভাব বর্ণনে প্রবর্ত্তিত হইয়াছি ॥ ৯ ॥

হে পুত্র নারদ! যে ভগবান্ হইতে আমার এই সৃষ্ট্যাদিকর্ত্তৃত্বরূপ প্রভাব, আমা হইতেও শ্রেষ্ঠ সেই পরমেশ্বরকে না জানিয়া তুমি আমাকে যে প্রকার বলিয়াছ অর্থাৎ পরমাত্মরূপে আমার যে স্বরূপ বর্ণনা করিয়াছ, তাহাও তোমার মিথ্যা নহে ॥ ১০ ॥

সূর্য্য, অগ্নি, চন্দ্র, নক্ষত্র, গ্রহ ও তারকা যেমন ভগবৎপ্রকাশ্য বস্তুকেই প্রকাশিত করিয়া থাকেন, সেইরূপ পরমেশ্বর চৈতন্যস্বরূপদ্বারা নিখিল বিশ্বকে প্রকাশিত করিলে, আমি উহা সৃষ্টিদ্বারা ব্যক্ত করি মাত্র ॥ ১১ ॥

টীকা

উত্তরং বক্তুং প্রশ্নমভিনন্দতি—সম্যগিতি। হে বৎস! পুত্র! তে তব কারুণিকস্য সর্ব্বত্র করুণাবতঃ ইদং বিচিকিৎসিতং নিঃসন্দেহার্থং প্রশ্নরূপং চেষ্টিতং সম্যক্ যতোঽহং ভগবদ্বীর্য্যদর্শনে ভগবৎপ্রভাবজ্ঞাপনে চোদিতঃ প্রবর্ত্তিতঃ ॥ ৯ ॥ ভোঃ বৎস! তচ্চাপি "তব এবং সৃজতী"ত্যাদি-বচোঽপি নানৃতম্। তত্র হেতুঃ—অবিজ্ঞায়েতি। যতো ভগবতঃ মে মম এতাবত্ত্বং স্রষ্টৃত্বাদিযুক্তত্বং মত্তঃ পরমবিজ্ঞায় যথা যথেষ্টং পরমেশ্বরত্বেন মাং প্রব্রবীষি ॥ ১০ ॥ তমেব স্বস্মাৎ পরং কথয়তি—যেনেতি ত্রিভিঃ। অহং যেন পরমেশ্বরেণ স্বকীয়েন ধর্ম্মভূতেন রোচিষা প্রকাশেন রোচিতং প্রকাশিতম্ এব রোচয়ামি প্রকাশয়ামি। ন তু স্বাতন্ত্র্যেণ কিঞ্চিদপি কর্ত্তুং শক্নোমীত্যর্থঃ ॥ যথা অর্কাদয়ো ভগবৎপ্রকাশ্যমেব প্রকাশয়ন্তি। অনেন "যদ্রূপমি"ত্যস্যোত্তরমুক্তম্। "ন তত্র সূর্য্যো

তস্মৈ নমো ভগবতে বাসুদেবায় ধীমহি।
যন্মায়য়া দুর্জ্জয়য়া মাং বদন্তি জগদ্‌গুরুম্ ॥ ১২ ॥
বিলজ্জমানয়া যস্য স্থাতুমীক্ষাপথেঽমুয়া।
বিমোহিতা বিকত্থন্তে মমাহমিতি দুর্ধিয়ঃ ॥ ১৩ ॥
দ্রব্যং কর্ম্ম চ কালশ্চ স্বভাবো জীব এব চ।
বাসুদেবাৎ পরো ব্রহ্মন্ ন চান্যোঽর্থোঽস্তি তত্ত্বতঃ ॥১৪॥

অন্বয়

[যোগিগণও] দুর্জ্জয়য়া যন্মায়য়া (যাঁহার দুর্জ্জয় মায়া দ্বারা) [বিমোহিতাঃ] (বিমোহিত হইয়া) মাম্ (আমাকে) জগদ্‌গুরুং (জগৎকর্ত্তা) বদন্তি (বলিয়া থাকেন), তস্মৈ (সেই) ভগবতে বাসুদেবায় (ভগবান্ বাসুদেবকে) নমঃ (নমস্কার করি) ধীমহি (ও ধ্যান করি)॥ ১২ ॥

যস্য (যে পরমেশ্বরের) ঈক্ষাপথে (দৃষ্টিপথে) স্থাতুং (থাকিতে) বিলজ্জমানয়া অমুয়া (মায়া লজ্জা বোধ করে অর্থাৎ যাঁহার জ্ঞানে অজ্ঞান থাকিতে পারে না এবং ঐ মায়া দ্বারা) বিমোহিতাঃ (বিমুগ্ধ হইয়া) দুর্ধিয়ঃ (অবিবেকিগণ) মম অহম্ ইতি ("আমি" "আমার" এই প্রকার) বিকত্থন্তে (আত্মশ্লাঘা করিয়া থাকে), [আমি সেই বাসুদেবকে নমস্কার করি ও ধ্যান করি]॥ ১৩ ॥

[নারদের প্রশ্নের উত্তরে পরমেশ্বরের রূপ বর্ণনা করা হইল। এক্ষণে ভগবান্‌ই সকল বস্তুর অধিষ্ঠান ইহা বলিবার জন্য সকল বস্তু স্বরূপতঃ ভিন্ন হইলেও চিদচিৎশক্তিমান্ ভগবান্ হইতে

অনুবাদ

যাঁহার দুর্জ্জয় মায়াদ্বারা বিমোহিত হইয়া যোগিগণও আমাকে জগৎকর্ত্তা বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন, সেই ভগবান্ বাসুদেবকে নমস্কার করি ও ধ্যান করি॥ ১২ ॥

যেই পরমেশ্বরের দৃষ্টিপথে থাকিতে মায়া লজ্জা বোধ করে অর্থাৎ যাঁহার জ্ঞানে অজ্ঞান থাকিতে পারে না এবং ঐ মায়াদ্বারা বিমুগ্ধ অবিবেকিগণ "আমি" "আমার" এই প্রকার আত্মশ্লাঘা করিয়া থাকে, সেই পরমেশ্বর বাসুদেবকে আমি নমস্কার করি ও ধ্যান করি॥ ১৩ ॥

[নারদের প্রশ্নানুযায়ী ভগবৎস্বরূপ বর্ণনা করা হইয়াছে। এক্ষণে সকল বস্তুর অধিষ্ঠান কি? এই প্রশ্নের উত্তর বলিতে হইবে বলিয়া চিদচিৎ শক্তিমান্ ভগবান্ হইতে পৃথক্ কিছুই নাই, সকলই তাঁহার অংশ। অংশের অংশীকে ছাড়িয়া পৃথক্ স্থিতি-প্রবৃত্ত্যাদি নাই; অতএব স্বরূপতঃ ভিন্ন হইলেও এই হিসাবে যে অংশ ও অংশী অভিন্ন, ইহাই বলিতেছেন]—হে নারদ! প্রকৃতিজাত মহত্তত্ত্ব হইতে আরম্ভ করিয়া শরীর পর্য্যন্ত সমস্ত দ্রব্য, জন্মের কারণ কর্ম্ম, গুণের ক্ষোভকারী কাল, গুণপরিণামের হেতু স্বভাব, জীব এবং অপরাপর বিষয় সমূহ ও বেদরূপ শব্দ ইহারা সকলেই যথার্থতঃ বাসুদেব হইতে ভিন্ন নহে॥ ১৪ ॥

টীকা

ভাতি ন চন্দ্রতারকং নেমা বিদ্যুতো ভান্তি, কুতোঽয়মগ্নিস্তমেব ভান্তমনুভাতি সর্ব্বং তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতী"তি শ্রুতেঃ॥ ১১ ॥ তস্মৈ বাসুদেবায় নমঃ ধীমহি, যস্য মায়য়া যোগিভিরপি তৎ কৃপাং বিনা দুর্জ্জয়য়া মোহিতাঃ মাং জগদ্‌গুরুং বদন্তি। "ব্রহ্মাদ্যাঃ সকলা দেবা মনুষ্যাঃ পশবস্তথা।

নারায়ণপরা বেদা দেবা নারায়ণাঙ্গজাঃ।
নারায়ণপরা লোকা নারায়ণপরা মখাঃ ॥ ১৫ ॥
নারায়ণপরো যোগো নারায়ণপরং তপঃ।
নারায়ণপরং জ্ঞানং নারায়ণপরা গতিঃ ॥ ১৬ ॥

অন্বয়

পৃথক্ কিছুই নাই, সকলই তাঁহার অংশ; অতএব ভগবান্ হইতে পৃথক্ অবস্থান অসম্ভব বলিয়া সকল বস্তুর অভিন্নতা প্রতিপাদন করিতেছেন] ব্রহ্মন্! (হে নারদ!) দ্রব্যং (প্রকৃতি হইতে উৎপন্ন মহত্তত্ত্ব হইতে আরম্ভ করিয়া এই শরীর পর্য্যন্ত সমস্ত পদার্থ), কর্ম্ম চ (জন্মের কারণ কর্ম্ম), কালঃ চ (গুণের ক্ষোভকারী কাল), স্বভাবঃ (গুণের পরিণামহেতু স্বভাব), জীবঃ (ক্ষেত্রজ্ঞ) অর্থঃ (এবং অপরাপর বিষয়সমূহ) অন্যঃ চ (ও বেদরূপ শব্দ, এই সকল) তত্ত্বতঃ (বস্তুতঃ) বাসুদেবাৎ পরঃ (বাসুদেব হইতে ভিন্ন অর্থাৎ অবাসুদেবাত্মক) ন এব অস্তি (নহে) ॥ ১৪ ॥

বেদাঃ (বেদ সকল) নারায়ণপরাঃ (নারায়ণ হইতে উৎপন্ন); দেবাঃ (দেবতাগণ) নারায়ণাঙ্গজাঃ (নারায়ণের অঙ্গজাত); লোকাঃ (লোক সকল) নারায়ণপরাঃ (নারায়ণে আশ্রিত); মখাঃ (যজ্ঞ সকল) নারায়ণপরাঃ (নারায়ণপ্রাপ্তির সাধন) ॥ ১৫ ॥

যোগঃ (অষ্টাঙ্গযোগ) নারায়ণপরঃ (নারায়ণপ্রাপ্তি ফলক) [অর্থাৎ যোগের ফল নারায়ণ প্রাপ্তি] তপঃ (কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি তপশ্চরণ) নারায়ণপরং (নারায়ণেই পরিসমাপ্ত); জ্ঞানং (বেদাস্তজন্য জ্ঞান) নারায়ণপরং (নারায়ণপ্রতিপাদনপর); গতিঃ (অর্চ্চিরাদিমার্গে গমনও) নারায়ণপরা (নারায়ণ প্রাপ্তির দ্বারস্বরূপ) ॥ ১৬ ॥

অনুবাদ

বেদ সকল নারায়ণ হইতে উৎপন্ন, দেবতাগণ নারায়ণের অঙ্গ হইতেই জন্মিয়াছে; লোক সকল নারায়ণেই আশ্রিত; যজ্ঞ সকলও নারায়ণপর অর্থাৎ নারায়ণপ্রাপ্তির উপায় ॥১৫॥

অষ্টাঙ্গযোগের ফল নারায়ণপ্রাপ্তি; কৃচ্ছ্র-চান্দ্রায়ণাদি তপশ্চরণও নারায়ণেই

টীকা

বিষ্ণুমায়ামহাবর্ত্তমোহান্ধতমসাবৃতাঃ" ইতি স্মৃতেশ্চ ॥ ১২ ॥ ন কেবলং ভগবন্মায়য়া মোহিতা মামেব জগদ্গুরুং ব্রুবন্তি, অপি তু অহমীশ্বরোঽস্মি মমৈব ইদমিতি বিকত্থন্তে ইত্যাহুঃ—বিলজ্জমানয়েতি। যস্য "প্রধানক্ষেত্রজ্ঞপতিরি"ত্যাদি শ্রুতেঃ চেতনাচেতনস্বামিনঃ ঈক্ষাপথে স্থাতুং বিলজ্জমানয়া অমুয়া মায়য়া বিমোহিতাঃ অতএব দুর্ধিয়ঃ মমাহমিতি বিকত্থন্তে শ্লাঘন্তে ॥ ১৩ ॥ এবং স্বস্মাৎ পরং পরমেশ্বরং নিরূপ্য অথ যদধিষ্ঠানমিত্যাদিনবপ্রশ্নানাং বিশ্বস্য ভগবানেবাধিষ্ঠানাদিকম্ ইত্যুত্তরং বক্তুং সর্ব্বস্য স্বরূপতো ভিন্নত্বে অপি চিদচিচ্ছক্তিমতঃ কারণাদ্ ভগবতঃ সকাশাৎ পৃথগবস্থানাভাবেনাভিন্নত্বমাহ দ্রব্যমিতি। হে ব্রহ্মন্! দ্রব্যং প্রাকৃতং মহদাদিশরীরান্তং, কর্ম্ম জন্মনিমিত্তং, কালঃ ক্ষোভকঃ, স্বভাবঃ পরিণামহেতুঃ, জীবঃ ক্ষেত্রজ্ঞঃ, এবমুক্তানুক্তঃ অর্থঃ অন্যো বেদরূপঃ শব্দশ্চ বাসুদেবাৎ পরঃ অবাসুদেবাত্মকঃ তত্ত্বতো নৈবাস্তি। "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ "বাসুদেবঃ সর্ব্বমিতী"তি স্মৃতেশ্চ ॥ ১৪ ॥

তস্যাভিদ্রষ্টুরীশস্য কূটস্থস্যাখিলাত্মনঃ।
সৃজ্যং সৃজামি সৃষ্টোঽহমীক্ষয়ৈবাভিচোদিতঃ ॥ ১৭ ॥
সত্ত্বং রজস্তম ইতি নির্গুণস্য গুণাস্ত্রয়ঃ।
স্থিতিসর্গনিরোধেষু গৃহীতা মায়য়া বিভোঃ ॥ ১৮ ॥

অন্বয়

সৃষ্টঃ অহং (ঈশ্বরকর্ত্তৃক সৃষ্ট হইয়া আমি) অভিদ্রষ্টুঃ (সর্ব্বজ্ঞ) ঈশস্য (সর্ব্বনিয়ন্তা) কূটস্থস্য (সকলের কারণ হইয়াও নির্ব্বিকারস্বরূপ) অখিলাত্মনঃ (চিদচিৎ সমস্ত পদার্থের আত্মা) তস্য (সেই ভগবানের) ঈক্ষয়া এব (দৃষ্টিপাতের দ্বারাই) অভিচোদিতঃ (প্রেরিত হইয়া) সৃজ্যং (তাঁহাকর্ত্তৃক সৃষ্ট বস্তু) সৃজামি (সৃষ্টি করিয়া থাকি) ॥ ১৭ ॥

(নির্গুণস্য সত্ত্বাদিগুণত্রয় যাহার উপরে প্রভাব বিস্তার করিতে পারে না, সেই) বিভোঃ (সর্ব্বব্যাপক পরমেশ্বরের) সত্ত্বং রজঃ তমঃ ইতি ত্রয়ঃ গুণাঃ (সত্ত্ব, রজঃ ও তমো নামক তিনটি গুণ আছে), স্থিতিসর্গনিরোধেষু (পালন, সৃষ্টি ও লয় এই ত্রিবিধ কার্য্যের জন্য) মায়য়া (স্বীয় মায়া শক্তিদ্বারা) [সেই গুণত্রয়] গৃহীতাঃ (ভগবৎকর্ত্তৃক গৃহীত হইয়া থাকে) ॥ ১৮ ॥

অনুবাদ

পরিসমাপ্ত ; বেদান্তজন্য জ্ঞানও নারায়ণপ্রতিপাদনপর ; অর্চ্চিরাদি মার্গে গমনও নারায়ণপ্রাপ্তির দ্বারস্বরূপ ॥ ১৬ ॥

পরমেশ্বরই আমাকে সৃষ্টি করিয়াছেন। তিনি সর্ব্বজ্ঞ, সর্ব্বনিয়ন্তা, সকলের কারণ হইয়াও নির্ব্বিকারস্বরূপ এবং চিদচিৎ সমস্ত পদার্থের আত্মা ; সেই ভগবানের ঈক্ষণশক্তির দ্বারা প্রেরিত হইয়াই আমি তাঁহাকর্ত্তৃক সৃষ্ট বস্তু সৃষ্টি করিয়া থাকি। স্বতন্ত্রভাবে কোন বস্তুই সৃষ্টি করিবার সামর্থ্য আমার নাই ; তাঁহাকর্ত্তৃক সৃষ্ট বস্তু ব্যক্ত করিয়া থাকি মাত্র ॥ ১৭ ॥

সত্ত্বাদিগুণত্রয় যাহার উপরে প্রভাব বিস্তার করিতে পারে না, সেই সর্ব্বব্যাপক পরমেশ্বরের সত্ত্ব, রজ ও তমোনামক তিনটি গুণ আছে। [নির্গুণ বিভুর গুণ ইহা বিরুদ্ধ কথা, এজন্য বলিতেছেন]—সৃষ্টি, স্থিতি ও লয়রূপ কার্য্যের জন্য পরমেশ্বরকর্ত্তৃক অচেতনাত্মিকা স্বীয় মায়াশক্তির দ্বারা এই ত্রিবিধ গুণ পরিগৃহীত হইয়া থাকে অর্থাৎ ভগবান্ গুণত্রয়কে কার্য্যোন্মুখী করিয়া থাকেন। [অতএব স্বীয় অচেতন প্রকৃতির গুণ বলিয়া তাঁহারই গুণ বলা হইল] ॥১৮॥

টীকা

এতদেব প্রপঞ্চয়তি—নারায়ণপরা ইতি দ্বাভ্যাম্। নারায়ণঃ পরঃ কারণং যেষাং তে নারায়ণপরাঃ "তস্য বা মহতো ভূতস্য নিঃশ্বসিতমেতদৃগ্বেদ" ইতি শ্রুতেঃ। দেবা অস্মদাদয়ঃ নারায়ণাজ্জাতাঃ "নারায়ণাৎ ব্রহ্মা জায়তে নারায়ণাদ্রুদ্রো জায়তে, একো হ নারায়ণ" ইত্যাদি শ্রুতেঃ। নারায়ণঃ পরঃ আশ্রয়ো যেষাং তে তথোক্তাঃ। নারায়ণঃ পরঃ ফলং যেষাং তে মখাঃ ক্রতবঃ ॥ ১৫ ॥

যোগঃ পূর্ব্বোক্তঃ, তপঃ কৃচ্ছ্রাদি, জ্ঞানং বেদান্তজন্যম্, গতিঃ অর্চ্চিরাদিঃ ॥ ১৬ ॥ অহন্তু তেনৈব সৃষ্টঃ উৎপাদিতঃ তস্য ভগবতঃ অভিদ্রষ্টুঃ সর্ব্বজ্ঞস্য ঈশস্য সর্ব্বনিয়ন্তুঃ কূটস্থস্য সর্ব্বকারণত্বেঽপি

কার্য্যকারণকর্ত্তৃত্বে দ্রব্যজ্ঞানক্রিয়াশ্রয়াঃ।
বধ্নন্তি নিত্যদামুক্তং মায়িনং পুরুষং গুণাঃ ॥ ১৯ ॥
স এষ ভগবাঁল্লিঙ্গৈস্ত্রিভিরেতৈরধোক্ষজঃ।
স্বলক্ষিতগতির্ব্রহ্মন্ সর্ব্বেষাং মম চেশ্বরঃ ॥ ২০ ॥

অন্বয়

দ্রব্যজ্ঞানক্রিয়াশ্রয়াঃ (দ্রব্য—মহাভূত সকল, জ্ঞান—দেবতাগণ, ক্রিয়া—ইন্দ্রিয় সমূহ, ইহাদের কারণ) [তে] গুণাঃ (সেই গুণত্রয়) কার্য্যকারণকর্ত্তৃত্বে (কার্য্য—ভোগ্য ও ভোগায়তনাদিরূপ অধিভূত, কারণ—চক্ষুরাদিকরণরূপ অধ্যাত্ম, কর্ত্তৃত্ব—চক্ষুরাদির অধিষ্ঠাতা অধিদৈবত, এইসকল বিষয়ে) অমুক্তং (প্রকৃতির বশীভূত) মায়িনং (মায়ামোহিত) পুরুষং (জীবকে) নিত্যদা বধ্নন্তি (সর্ব্বদা জন্ম-মরণ প্রবাহরূপ বন্ধযুক্ত করিয়া থাকে) ॥ ১৯ ॥

ব্রহ্মন্! (হে নারদ!) সঃ এষঃ (সেই এই মায়াধিপতি) ভগবান্ অধোক্ষজঃ (ভগবান্ পরমেশ্বর) এতৈঃ ত্রিভিঃ লিঙ্গৈঃ (এই সত্ত্বাদিগুণত্রয়যুক্ত) সর্ব্বেষাং (জীবগণের) মম চ (ও আমার) ঈশ্বরঃ (নিয়ন্তা)। [তাঁহাকে সকলে জানিতে পারে না। একমাত্র ভক্তগণই জানিতে পারেন, এজন্য বলিতেছেন] স্বলক্ষিতগতিঃ (তিনি ভক্তগণকর্ত্তৃকই জ্ঞাত হইয়া থাকেন)] ॥ ২০ ॥

অনুবাদ

পঞ্চমহাভূত, দেবতাগণ ও ইন্দ্রিয় সমূহের কারণ সেই গুণত্রয় ভোগ্য ও ভোগায়তনাদিরূপ আধিভৌতিক, চক্ষুরাদিকরণরূপ আধ্যাত্মিক ও তাহাদের অধিষ্ঠাতা সূর্য্যাদিরূপ আধিদৈবিক বিষয়ে প্রকৃতির বশীভূত মায়ামোহিত জীবকে জন্মমরণপ্রবাহরূপ বন্ধযুক্ত করিয়া থাকে ॥ ১৯ ॥

হে নারদ! সেই মায়াধিপতি ভগবান্ বিষ্ণু সত্ত্বাদিগুণত্রয়যুক্ত জীবগণের ও আমার নিয়ন্তা, অর্থাৎ পরিচালক। তাঁহাকে সকলে জানিতে পারে না। ভক্তগণই তাঁহাকে জানিতে পারেন ॥ ২০ ॥

টীকা

নির্ব্বিকারস্বরূপস্য অখিলানাং চিদচিৎপদার্থানাং আত্মনঃ ঈক্ষয়া দৃষ্ট্যা অভিচোদিতঃ প্রবর্ত্তিতঃ সৃজ্যং সৃজামি তৎকৃতমেব করোমি, ন তু স্বাতন্ত্র্যেণ কিঞ্চিৎ কর্ত্তুং শক্নোমীত্যর্থঃ ॥ ১৭ ॥ ন কেবলং অস্মদাদীনাং তৎপ্রের্য্যত্বমাত্রমপি তু প্রকৃতেঃ তদ্‌গুণানাঞ্চ তন্নিয়ম্যত্বমিতি, তন্মায়াগুণৈঃ সর্ব্বে জীবা বদ্ধাঃ, তদ্বন্ধনিবৃত্তিপূর্ব্বকতৎপ্রাপ্তয়ে তদ্‌ভজনং কর্ত্তব্যমিতি চ আহ সত্ত্বমিতি ত্রিভিঃ। বিভোঃ চেতনাচেতনরূপস্য প্রকৃতিদ্বয়ব্যাপকস্বরূপস্য সত্ত্বং রজঃ তম ইতি ত্রয়ো গুণাঃ সন্তি। তে স্বরূপগুণাঃ নেতি জ্ঞাপয়িতুং বিভুং বিশিনষ্টি—নির্গুণস্যেতি। সত্ত্বাদ্যস্পৃষ্টস্বরূপস্যেত্যর্থঃ। নন্ু কথং তর্হি বিভোঃ গুণ ইত্যুক্তমিত্যত্র তদচেতনপ্রকৃতিগুণত্বেন তস্যৈব গুণা ইত্যাহ—মায়য়া অচেতনাত্মিকয়া গুণময্যা স্বপ্রকৃত্যা কার্য্যার্থং বিভুনা গৃহীতাঃ কার্য্যাভিমুখীকৃতা ইত্যর্থঃ। নন্ু কিং তৎ কার্য্যমত্রাহ স্থিতিসর্গনিরোধেষিতি। স্থিত্যাদ্যভিমুখীকৃতা ইত্যর্থঃ ॥ ১৮ ॥ ভগবতো মায়ানিয়ন্তৃত্ব-মুক্ত্বা জীবস্য পরাপ্রকৃতিলক্ষণস্য মায়াবশ্যত্বমাহ—কার্য্যেতি। পুরুষং জীবাত্মানং নিত্যদা তে গুণা

কালং কর্ম্ম স্বভাবঞ্চ মায়েশো মায়য়া স্বয়া।
আত্মন্ যদৃচ্ছয়া প্রাপ্তং বিবুভূষুরুপাদদে ॥ ২১ ॥
কালাদ্ গুণব্যতিকরঃ পরিণামঃ স্বভাবতঃ।
কর্ম্মণো জন্ম মহতঃ পুরুষাধিষ্ঠিতাদভূৎ ॥ ২২ ॥

অন্বয়

মায়েশঃ (প্রকৃতি ও ক্ষেত্রজ্ঞ প্রভৃতির নিয়ন্তা ভগবান্ পুরুষোত্তম) স্বয়া মায়য়া (স্বীয় মায়া-শক্তির দ্বারা) বিবুভূষুঃ (বহু অর্থাৎ বিবিধ হইতে ইচ্ছা করিয়া) আত্মন্ (নিজেতেই) যদৃচ্ছয়া (স্বেচ্ছায়) প্রাপ্তং কালং (প্রাপ্ত স্বীয় শক্তিভূত গুণক্ষোভের হেতু কাল), কর্ম্ম (জীবগণের অদৃষ্ট) স্বভাবং (ও পরিণামিত্বরূপ স্বভাব) উপাদদে (গ্রহণ করেন) [অর্থাৎ সেই সেই বস্তুতে অধিষ্ঠিত হন] ॥ ২১ ॥

পুরুষাধিষ্ঠিতাৎ কালাৎ (ভগবদধিষ্ঠিত কাল হইতে) গুণব্যতিকরঃ (গুণত্রয়ের ক্ষোভ অর্থাৎ বিষমভাব হয়), [পুরুষাধিষ্ঠিতাৎ] স্বভাবতঃ (ভগবদধিষ্ঠিত স্বভাব হইতে) পরিণামঃ (উক্ত গুণত্রয়ের রূপান্তর প্রাপ্তি), [পুরুষাধিষ্ঠিতাৎ] কর্ম্মণঃ (ভগবদধিষ্ঠিত জীবাদৃষ্ট হইতে) মহতঃ জন্ম (মহত্তত্ত্বের জন্ম) অভূৎ (হইয়া থাকে) ॥ ২২ ॥

অনুবাদ

প্রকৃতি ও ক্ষেত্রজ্ঞ প্রভৃতির নিয়ন্তা ভগবান্ পরমপুরুষ স্বীয় মায়াশক্তির দ্বারা বহু হইতে ইচ্ছা করিয়া নিজেতেই স্বেচ্ছায় অবস্থিত গুণক্ষোভের কারণ কাল, জীবগণের অদৃষ্ট ও পরিণামিত্বরূপ স্বভাব গ্রহণ করিয়া থাকেন [অর্থাৎ কালাদিতে অধিষ্ঠিত হন] ॥ ২১ ॥

[মহত্তত্ত্বের উৎপত্তি বলিতেছেন]—ভগবদধিষ্ঠিত কাল হইতে গুণত্রয়ের ক্ষোভ জন্মিয়া থাকে, ভগবদধিষ্ঠিত স্বভাব হইতে গুণত্রয়ের পরিণাম হইয়া থাকে এবং ভগবদধিষ্ঠিত জীবাদৃষ্ট হইতে মহত্তত্ত্বের জন্ম হইয়া থাকে ॥ ২২ ॥

টীকা

বধ্নন্তি জন্মমরণপ্রবাহবিষয়ং কুর্ব্বন্তি। কথম্ভূতম্? অমুক্তং "জহাত্যেনাং ভুক্তভোগামজোঽন্যঃ" ইতি ভগবত্যা শ্রুত্যা উক্তো যো মুক্তস্তদ্ভিন্নম্। কঃ তর্হি বদ্ধ ইত্যাকাঙ্ক্ষায়াম্ "অজো হ্যেকো জুষমাণোঽনুশেতে" ইত্যেবম্ভূতঃ। শ্রুতেঃ পূর্ব্বং ভাগং উপবৃংহয়ন্নাহ—মায়িনমিতি। মায়া ভোগ্যত্বেন প্রেষ্ঠতমা যস্যাস্তি, ন তু উপাস্যত্বাদিনা ভগবান্ স মায়ী তম্। কথম্ভূতাঃ? দ্রব্যজ্ঞানক্রিয়াশ্রয়াঃ, দ্রব্যং মহাভূতানি, জ্ঞানশব্দেন দেবতাঃ, ক্রিয়া ইন্দ্রিয়াণি, তেষাং হেতবঃ। অতএব স্বকার্য্যেষু অধিভূতাদিষু তং বধ্নন্তীত্যাহ—কার্য্যকারণকর্ত্তৃত্বে ইতি। কার্য্যং অধিভূতং ভোগ্যভোগায়তনাদিরূপং, কারণমধ্যাত্মং জীবস্য ভোক্তুঃ রূপাদিভোগে চক্ষুরাদিকরণম্, কর্ত্তা অধিদৈবতম্, জীবস্য চক্ষুরাদিনা রূপাদিভোগকর্ত্তুরূপকার্য্যস্য উপকর্ত্তৃভূতং চক্ষুরাদ্যধিষ্ঠাতৃদৈবতম্, তেষাং ভাবস্তত্ত্বং তস্মিন্ ॥ ১৯ ॥

স এষ মায়াধিপতিঃ ভগবান্ অধোক্ষজঃ ত্রিভিঃ সত্ত্বাদিভিঃ লিঙ্গৈঃ আবরকৈঃ উপলক্ষিতানাং তন্মায়াগুণাবৃত্তানাং সর্ব্বেষাং জীবানাং মম চকারাৎ মায়াগুণবিযুক্তানাঞ্চ ঈশ্বরো নিয়ন্তা স চ সর্ব্বৈ-

মহতস্তু বিকুর্ব্বাণাদ্ রজঃসত্ত্বোপবৃংহিতাৎ।
তমঃপ্রধানস্ত্বভবদ্ দ্রব্যজ্ঞানক্রিয়াত্মকঃ ॥ ২৩ ॥
সোঽহঙ্কার ইতি প্রোক্তো বিকুর্ব্বন্ সমভূৎ ত্রিধা।
বৈকারিকস্তৈজসশ্চ তামসশ্চেতি যদ্ভিদা।
দ্রব্যশক্তিঃ ক্রিয়াশক্তির্জ্ঞানশক্তিরিতি প্রভো! ॥ ২৪ ॥

অন্বয়

[অহঙ্কার তত্ত্বের উৎপত্তি বলিতেছেন]—পূর্ব্ব শ্লোকে পুরুষাধিষ্ঠিত পদ এই শ্লোকেও অন্বিত হইবে] রজঃসত্ত্বোপবৃংহিতাৎ (রজঃ ও সত্ত্বগুণবর্দ্ধিত) বিকুর্ব্বাণাৎ মহতঃ তু (বিকারপ্রাপ্ত মহত্তত্ত্ব হইতে) দ্রব্যজ্ঞানক্রিয়াত্মকঃ (দ্রব্য—মহাভূত, জ্ঞান—দেবতাগণ, ক্রিয়া—ইন্দ্রিয় সমূহ, ইহাদের মূল স্বরূপ) তমঃপ্রধানঃ অভবৎ (তমঃপ্রধান অহঙ্কার উৎপন্ন হইয়া থাকে) ॥ ২৩ ॥

প্রভো! (হে নারদ!) সঃ (সেই তমঃপ্রধান বস্তু) অহঙ্কার ইতি প্রোক্তঃ (অহঙ্কার নামে অভিহিত হইয়া থাকে)। বিকুর্ব্বন্ (সেই অহঙ্কারই বিকার প্রাপ্ত হইয়া) ত্রিধা সমভূৎ (তিন প্রকারে বিভক্ত হইয়া থাকে)। যৎ (যাহার) বৈকারিকঃ (সাত্ত্বিক) তৈজসঃ চ (ও রাজস) তামসঃ চ (ও তামস) ইতি ভিদা (এই তিন প্রকারে ভেদ হইয়া থাকে), [সেই অহঙ্কারের ভাগত্রয়কেই বিপরীতরূপে বলিতেছেন] দ্রব্যশক্তিঃ (মহাভূতরূপ দ্রব্যে উৎপাদনরূপ শক্তি তামস অহঙ্কার), ক্রিয়াশক্তিঃ (ইন্দ্রিয়াদিতে উৎপাদনরূপ শক্তি রাজস অহঙ্কার) জ্ঞানশক্তিঃ ইতি (ও দেবতা সমূহে উৎপাদনরূপ শক্তি সাত্ত্বিক অহঙ্কার) ॥ ২৪ ॥

অনুবাদ

[অহঙ্কারতত্ত্বের উৎপত্তি বলিতেছেন]—ভগবদধিষ্ঠিত রজঃ ও সত্ত্বগুণবর্দ্ধিত বিকারপ্রাপ্ত মহত্তত্ত্ব হইতে মহাভূত, দেবতাগণ ও ইন্দ্রিয় সমূহের মূলকারণ তমঃপ্রধান অহঙ্কার উৎপন্ন হইয়া থাকে ॥ ২৩ ॥

হে নারদ! সেই তমঃপ্রধান বস্তুই অহঙ্কার নামে অভিহিত হইয়া থাকে। সেই অহঙ্কারই বিকার প্রাপ্ত হইয়া সাত্ত্বিক, রাজসিক ও তামসিক এই তিন প্রকারে বিভক্ত হইয়া থাকে। মহাভূতরূপ দ্রব্যে উৎপাদনরূপ শক্তি তামস অহঙ্কার। ইন্দ্রিয়াদিতে উৎপাদনরূপ শক্তি রাজস অহঙ্কার ও দেবতাসমূহে উৎপাদনরূপ শক্তি সাত্ত্বিক অহঙ্কার ॥ ২৪ ॥

টীকা

র্ন জ্ঞাতগতির্ভবতি। অপি তু স্বানন্যশরণৈরিত্যাহ—স্বলক্ষিতগতিরিতি। স্বেন অনন্যভক্তেন লক্ষিতা গতির্যস্য ॥ ২০ ॥ অথ সৃষ্টিপ্রকারমাহ—কালমিতি। মায়েশ ইত্যুপলক্ষণং ক্ষেত্রজ্ঞাদীনাং। "প্রধান-ক্ষেত্রজ্ঞপতির্গুণেশঃ" "জ্ঞঃ কালকালঃ গুণিসর্ব্ববিদ্ যঃ" "একমেবাদ্বিতীয়ং ব্রহ্মে"ত্যাদি শ্রুতিবেদ্যো ভগবান্ পুরুষোত্তমোঽনন্তশক্তিঃ মায়য়া স্বশক্তিভূতয়া বিবুভূষুঃ বিবিধং ভবিতুমিচ্ছন্ আত্মন্ নানা-শক্তিমতি স্বস্মিন্ যদৃচ্ছয়া স্বেতরনিমিত্তং বিনা কালং স্বশক্তিভূতং গুণক্ষোভহেতুং, কর্ম্ম জীবাদৃষ্টম্, স্বভাবং মায়াদীনাং পরিণামিত্বাদিরূপম্ উপাদদে ॥ ২১ ॥ কালাদ্যুপাদানফলমাহ—কালাদিতি। পুরুষাধিষ্ঠিতাদিতি ত্রয়াণাং বিশেষণম্, কালাৎ গুণানাং ব্যতিকরঃ ক্ষোভঃ সাম্যত্যাগঃ, স্বভাবতঃ

তামসাদপি ভূতাদের্বিকুর্ব্বাণাদভুন্নভঃ।
অস্য মাত্রা গুণঃ শব্দো লিঙ্গং যদ্দ্রষ্টৃদৃশ্যয়োঃ ॥ ২৫ ॥
নভসোঽথ বিকুর্ব্বাণাদভূৎ স্পর্শগুণোঽনিলঃ।
পরান্বয়াচ্ছব্দবাংশ্চ প্রাণ ওজঃ সহো বলম্ ॥ ২৬ ॥

অন্বয়

[তামস অহঙ্কার হইতে শব্দতন্মাত্রাদিক্রমে আকাশাদির উৎপত্তি বলিতেছেন]—ভূতাদেঃ (ভূতগণের মূলকারণ) বিকুর্ব্বাণাৎ তামসাৎ অপি (বিকারপ্রাপ্ত তামস অহঙ্কার হইতে) নভঃ অভূৎ (আকাশ উৎপন্ন হইয়া থাকে), অস্য (সেই আকাশের) শব্দঃ মাত্রা (শব্দ সূক্ষ্মরূপ) গুণঃ (ও গুণ) [অর্থাৎ তামস অহঙ্কার হইতে শব্দ তন্মাত্র এবং শব্দ তন্মাত্র হইতে শব্দগুণ আকাশের উৎপত্তি হইয়া থাকে] যৎ (যাহা শব্দ) তৎ (তাহা) দ্রষ্টৃদৃশ্যয়োঃ লিঙ্গং (দ্রষ্টা ও দৃশ্যের জ্ঞাপক) ॥ ২৫ ॥

অথ (অনন্তর) বিকুর্ব্বাণাৎ নভসঃ (বিকার প্রাপ্ত আকাশ হইতে) [স্পর্শতন্মাত্রক্রমে] স্পর্শগুণঃ অনিলঃ (স্পর্শগুণ বায়ু) অভূৎ (হইয়া থাকে)। পরান্বয়াৎ (কারণরূপে বায়ুতে

অনুবাদ

[তামস অহঙ্কার হইতে শব্দতন্মাত্রাদিক্রমে আকাশাদির উৎপত্তি বলিতেছেন]—যাহা ভূতগণের মূলকারণ, সেই বিকারপ্রাপ্ত তামস অহঙ্কার হইতে আকাশ উৎপন্ন হইয়া থাকে। শব্দতন্মাত্র এই আকাশের সূক্ষ্মরূপ ও আকাশের গুণ শব্দ অর্থাৎ বিকার প্রাপ্ত তামস অহঙ্কার হইতে শব্দতন্মাত্র ও শব্দতন্মাত্র হইতে শব্দগুণ আকাশের উৎপত্তি হইয়া থাকে। যেমন অরুন্ধতী দেখিতেছি এই বাক্য দ্রষ্টা ও দৃশ্যের জ্ঞাপক হইয়া থাকে, সেইরূপ এই শব্দই দ্রষ্টা ও দৃশ্যের জ্ঞাপক ॥ ২৫ ॥

অনন্তর বিকার প্রাপ্ত আকাশ হইতে স্পর্শতন্মাত্রক্রমে স্পর্শগুণ বায়ুর উৎপত্তি হইয়া

টীকা

পরিণামঃ রূপান্তরাপত্তিঃ, কর্ম্মণো জীবাদৃষ্টাৎ, মহতো মহত্তত্ত্বস্য জন্মাভূৎ। এবং মায়য়া বিবুভূষোঃ জগৎকারণাৎ পুরুষোত্তমাৎ মহদুৎপত্তিরভূদিত্যর্থঃ ॥ ২২ ॥ অহঙ্কারোৎপত্তিমাহ—মহত ইতি। মহতঃ পুরুষাধিষ্ঠিতাদিতি বিশেষণমত্রাপি বোধ্যম্। কথম্ভূতাৎ? রজঃসত্ত্বোপবৃংহিতাৎ তস্য ত্রিগুণত্বেঽপি ক্রিয়াশক্তিজ্ঞানশক্তিপ্রধানত্বেন গুণদ্বয়োপবৃংহিতত্বম্। বিকুর্ব্বাণাৎ বিক্রিয়মানাৎ, দ্রব্যজ্ঞানক্রিয়াত্মকঃ মহাভূতদৈবতেন্দ্রিয়মূলভূতঃ তমঃপ্রধানঃ আবরকস্বভাবতয়া তমোবহুলঃ অভবৎ। অতএব তৎকার্য্যেষ্বপি তামসং বহু, রাজসং সাত্ত্বিকং চাল্পম্ ॥ ২৩ ॥ তস্য নামকথনপূর্ব্বকং ত্রৈবিধ্যমাহ—স ইতি সার্দ্ধেন। স তমঃপ্রধানঃ অহঙ্কার ইতি প্রোক্তঃ, স চ বিকুর্ব্বন্ রূপান্তরং গচ্ছন্ ত্রিধা সম্যগভূৎ। তদেবাহ—যদ্ যস্য বৈকারিকঃ সাত্ত্বিকঃ, তৈজসো রাজসঃ, তামসশ্চেতি ভিদা ভেদঃ। প্রাতিলোম্যেন তানেবাহ—দ্রব্যে উৎপাদ্যে মহাভূতাখ্যে শক্তিরুৎপাদনসামর্থ্যং যস্য স তথা। ক্রিয়াসু ইন্দ্রিয়েষু শক্তির্যস্য স তথা। জ্ঞানেষু দেবেষু শক্তির্যস্য স তথা, হে প্রভো! উপদিষ্টার্থাবধারণসমর্থঃ ॥ ২৪ ॥

বায়োরপি বিকুর্ব্বাণাৎ কালকর্ম্মস্বভাবতঃ।
উদপদ্যত বৈ তেজো রূপবৎ স্পর্শশব্দবৎ ॥ ২৭ ॥
তেজসস্তু বিকুর্ব্বাণাদাসীদম্ভো রসাত্মকম্।
রূপবৎ স্পর্শবচ্চাম্ভো ঘোষচ্চ পরান্বয়াৎ ॥ ২৮ ॥

অন্বয়

আকাশের সম্বন্ধ থাকে বলিয়া) শব্দবাংশ্চ (সেই বায়ু শব্দগুণ বিশিষ্টও হইয়া থাকে)। [সেই অবস্থান্তর বিশিষ্ট বায়ুই] প্রাণঃ (দেহধারণের হেতু প্রাণ) ওজঃ (ইন্দ্রিয়শক্তির হেতু ওজঃ) সহঃ (মনঃশক্তির হেতু সহঃ) বলং (ও শারীরিক শক্তির হেতু বল নামে কথিত হইয়া থাকে) ॥ ২৬ ॥

কালকর্ম্মস্বভাবতঃ (কাল, কর্ম্ম ও স্বভাবানুসারে) বিকুর্ব্বাণাৎ বায়োঃ অপি (বিকার-প্রাপ্ত বায়ু হইতে) [রূপতন্মাত্রক্রমে] রূপবৎ (রূপগুণযুক্ত) [তেজে আকাশ ও বায়ুর সম্বন্ধ আছে বলিয়া] স্পর্শশব্দবৎ (স্পর্শ ও শব্দগুণযুক্ত) তেজঃ বৈ (তেজ) উদপদ্যতে (উৎপন্ন হইয়া থাকে) ॥ ২৭ ॥

বিকুর্ব্বাণাৎ তেজসঃ (বিকার প্রাপ্ত তেজ হইতে) [রসতন্মাত্র ক্রমে] রসাত্মকং (রসগুণযুক্ত) অম্ভঃ আসীৎ (জল হইয়া থাকে), তু (কিন্তু) পরান্বয়াৎ (কারণ গুণ সম্বন্ধ হয় বলিয়া) [ঐ জল] রূপবৎ (রূপগুণযুক্ত) স্পর্শবৎ (স্পর্শগুণযুক্ত) ঘোষবৎ চ (এবং শব্দগুণযুক্ত হইয়া থাকে) ॥ ২৮ ॥

অনুবাদ

থাকে। কারণরূপে বায়ুতে আকাশের সম্বন্ধ থাকে বলিয়া সেই বায়ু শব্দগুণবিশিষ্টও হইয়া থাকে। সেই বায়ুই অবস্থান্তরবিশিষ্ট হইলে দেহ ধারণের হেতু প্রাণ, ইন্দ্রিয়শক্তির হেতু ওজঃ, মনঃশক্তির হেতু সহঃ এবং শারীরিক শক্তির হেতু বল নামে কথিত হইয়া থাকে ॥ ২৬ ॥

কাল, কর্ম্ম ও স্বভাবানুসারে বিকারপ্রাপ্ত বায়ু হইতে রূপতন্মাত্রক্রমে রূপগুণযুক্ত তেজ উৎপন্ন হইয়া থাকে। কারণরূপে তেজে আকাশ ও বায়ুর সম্বন্ধ আছে বলিয়া সেই তেজ স্পর্শ ও শব্দগুণযুক্ত হইয়া থাকে ॥ ২৭ ॥

বিকার প্রাপ্ত তেজ হইতে রসতন্মাত্রক্রমে রসগুণযুক্ত জল উৎপন্ন হইয়া থাকে। কিন্তু কারণরূপে জলে তেজ, বায়ু ও আকাশের সম্বন্ধ আছে বলিয়া সেই জল রূপ, স্পর্শ ও শব্দগুণযুক্ত হইয়া থাকে ॥ ২৮ ॥

টীকা

অথ তামসাহঙ্কারাৎ শব্দতন্মাত্রাদিক্রমেণ আকাশাদ্যুৎপত্তিমাহ তামসাৎ, তস্য নামান্তরমাহ ভূতাদেরিতি। বিকুর্ব্বাণাদ্ বিক্রিয়মাণাৎ নভঃ অভূৎ। তস্য নভসঃ শব্দঃ মাত্রা সূক্ষ্মং রূপম্। গুণশ্চাসাধারণো ব্যাবর্ত্তকো ধর্ম্মঃ। তামসাৎ অহঙ্কারাৎ শব্দতন্মাত্রং, ততঃ শব্দগুণং নভঃ, ততঃ স্পর্শগুণো বায়ুঃ, ইত্যেবং ক্রমোঽগ্রেঽপি দ্রষ্টব্যঃ। শব্দস্য লক্ষণমাহ লিঙ্গং যদ্ দ্রষ্টৃদৃশ্যয়োরিতি। অরুন্ধতীং পশ্যামীতি যদ্বচনং তদ্দ্রষ্টৃদৃশ্যয়োর্লিঙ্গং জ্ঞাপকম্ ॥ ২৫ ॥ স্পর্শতন্মাত্রদ্বারা নভসোঽনিলঃ বায়ুরভূৎ। স্পর্শঃ গুণো যস্য সঃ। ইত্যসাধারণগুণোক্তিঃ। সাধারণং গুণং দর্শয়তি—পরান্বয়াদিতি। পরস্য নভসঃ কারণত্বেনান্বয়াৎ শব্দবাংশ্চানিলঃ। এবং গুণভেদোঽগ্রেঽপি বোধ্যঃ। স এবাবস্থাপন্নোঽনিলঃ প্রাণঃ, তচ্চ ভূতং ওজঃ সহো বলানি ইন্দ্রিয়মনঃশরীরপাটবাণি যস্মাৎ তৎ ॥ ২৬ ॥ স্বরূপবৎকারণভূতয়োর্ব্বায্বাকাশয়োরন্বয়াৎ স্পর্শবৎ শব্দবচ্চ ॥ ২৭ ॥

বিশেষস্তু বিকুর্ব্বাণাদম্ভসো গন্ধবানভূৎ।
পরান্বয়াদ্রসস্পর্শশব্দরূপগুণান্বিতঃ ॥ ২৯ ॥
বৈকারিকান্মনো জজ্ঞে দেবা বৈকারিকা দশ।
দিগ্বাতার্কপ্রচেতোঽশ্বিবহ্নীন্দ্রোপেন্দ্রমিত্রকাঃ ॥ ৩০ ॥
তৈজসাৎ তু বিকুর্ব্বাণাদিন্দ্রিয়াণি দশাভবন্।
জ্ঞানশক্তিঃ ক্রিয়াশক্তির্বুদ্ধিঃ প্রাণশ্চ তৈজসৌ।
শ্রোত্রং ত্বগ্ঘ্রাণদৃগ্জিহ্বাবাগ্দোর্ম্মেঢ্রাঙ্ঘ্রি পায়বঃ ॥৩১॥

অন্বয়

বিকুর্ব্বাণাৎ অম্ভসঃ (বিকারপ্রাপ্ত জল হইতে) [গন্ধতন্মাত্রক্রমে] গন্ধবান্ বিশেষঃ (গন্ধগুণযুক্ত পৃথিবী) অভূৎ (উৎপন্ন হইয়া থাকে)। তু (কিন্তু) পরান্বয়াৎ (কারণগুণ সম্বন্ধ হয় বলিয়া পৃথিবী) রসস্পর্শশব্দরূপগুণান্বিতঃ (রস, রূপ, স্পর্শ ও শব্দগুণযুক্ত হইয়া থাকে) ॥ ২৯ ॥

বৈকারিকাৎ (সাত্ত্বিক অহঙ্কার হইতে) মনঃ জজ্ঞে (মন উৎপন্ন হইয়া থাকে), [এখানে মনের অধিষ্ঠাতা চন্দ্রকেও বুঝিতে হইবে]। দিগ্বাতার্কপ্রচেতোঽশ্বিবহ্নীন্দ্রোপেন্দ্রমিত্রকাঃ (পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের অধিষ্ঠাতা—দিক্, বায়ু, সূর্য্য, বরুণ ও অশ্বিনীকুমারদ্বয়, পঞ্চকর্ম্মেন্দ্রিয়ের অধিষ্ঠাতা—অগ্নি, ইন্দ্র, উপেন্দ্র, মিত্র ও প্রজাপতি) [এতে] দশ দেবাঃ (এই দশটি দেবতা) বৈকারিকাঃ (সাত্ত্বিক অহঙ্কারের কার্য্য অর্থাৎ সাত্ত্বিক অহঙ্কার হইতে উৎপন্ন হইয়া থাকে) ॥ ৩০ ॥

জ্ঞানশক্তিঃ বুদ্ধিঃ (জ্ঞানেন্দ্রিয়বর্গ) ক্রিয়াশক্তিঃ প্রাণঃ (কর্ম্মেন্দ্রিয়বর্গ) তৈজসৌ (রাজস অহঙ্কারের কার্য্য অর্থাৎ রাজস অহঙ্কার হইতে জ্ঞানেন্দ্রিয়বর্গ ও কর্ম্মেন্দ্রিয়বর্গ উৎপন্ন হইয়া থাকে); [তাহাই দেখাইতেছেন] বিকুর্ব্বাণাৎ তৈজসাৎ তু (বিকার প্রাপ্ত রাজস অহঙ্কার হইতে) শ্রোত্রং ত্বগ্-ঘ্রাণদৃগ্জিহ্বাবাগ্দোর্ম্মেঢ্রাঙ্ঘ্রিপায়বঃ (শ্রোত্র, ত্বক্, নাসিকা, চক্ষু ও জিহ্বা এবং বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ) [এতানি] দশ ইন্দ্রিয়াণি অভবন্ (এই দশটি ইন্দ্রিয় উৎপন্ন হইয়া থাকে) ॥ ৩১ ॥

অনুবাদ

বিকারপ্রাপ্ত জল হইতে গন্ধতন্মাত্রক্রমে গন্ধগুণযুক্ত পৃথিবী উৎপন্ন হইয়া থাকে। কিন্তু কারণরূপে পৃথিবীতে জল, তেজ, বায়ু ও আকাশের সম্বন্ধ আছে বলিয়া সেই পৃথিবী রস, রূপ, স্পর্শ ও শব্দগুণযুক্ত হইয়া থাকে ॥ ২৯ ॥

সাত্ত্বিক অহঙ্কার হইতে মন ও মনের অধিষ্ঠাত্রী দেবতা চন্দ্র উৎপন্ন হইয়া থাকে। জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয় সমূহের অধিষ্ঠাত্রী দেবতাগণ—দিক্, বায়ু, সূর্য্য, বরুণ, অশ্বিনীকুমারদ্বয়, অগ্নি, ইন্দ্র, উপেন্দ্র, মিত্র ও প্রজাপতি ইহারাও সাত্ত্বিক অহঙ্কার হইতেই উৎপন্ন হইয়া থাকে ॥ ৩০ ॥

জ্ঞানশক্তি বুদ্ধি ও কর্ম্মশক্তি প্রাণ অর্থাৎ জ্ঞানেন্দ্রিয়বর্গ ও কর্ম্মেন্দ্রিয়বর্গ রাজস অহঙ্কারের

টীকা

[illegible]তঃ রসাত্মকং রসবৎ পরান্বয়াৎ কারণানুবৃত্তেস্তু রূপবৎ স্পর্শবৎ শব্দবচ্চ ॥ ২৮ ॥ স্বতো গন্ধবান্ পরান্বয়াৎ রসাদ্যন্বিতো বিশেষঃ পৃথিব্যভবৎ ॥ ২৯ ॥ মনোঽন্তঃকরণচতুষ্টয়ম্, দেবাঃ দিগাদয়ঃ,

যদৈতেঽসঙ্গতা ভাবা ভূতেন্দ্রিয়মনোগুণাঃ।
যদায়তননির্ম্মাণে ন শেকুর্ব্রহ্মবিত্তম ! ॥ ৩২ ॥
তদা সংহত্য চান্যোন্যং ভগবচ্ছক্তিচোদিতাঃ।
সদসত্ত্বমুপাদায় চোভয়ং সৃসৃজুর্হ্যদঃ ॥ ৩৩ ॥

অন্বয়

[ব্রহ্মাণ্ডের উপাদান মহদাদি তত্ত্বের উৎপত্তি বলা হইয়াছে। এক্ষণে ব্রহ্মাণ্ডের উৎপত্তি বলিতেছেন] 'ব্রহ্মবিত্তম! (হে ব্রহ্মজ্ঞশ্রেষ্ঠ নারদ!) যদা (যখন) ভূতেন্দ্রিয়মনোগুণাঃ (আকাশাদি মহাভূত, জ্ঞানেন্দ্রিয়, কর্ম্মেন্দ্রিয়, মন ও তন্মাত্ররূপ গুণ সমূহ) এতে ভাবাঃ (এই সকল পদার্থ) অসঙ্গতাঃ (অসংযুক্ত ছিল) যদা চ (ও উহারা যখন) আয়তননির্ম্মাণে ন শেকুঃ (ব্রহ্মাণ্ড নির্ম্মাণ করিতে সমর্থ হইল না) ॥ ৩২ ॥

তদা (তখন) ভগবচ্ছক্তিচোদিতাঃ (ভগবৎশক্তিকর্ত্তৃক প্রেরিত হইয়া) [তাহারা] অন্যোন্যং সংহত্য (পঞ্চীকরণপ্রণালীতে পরস্পর মিলিত হইয়া) সদসত্ত্বং চ উপাদায় (স্থূল ও সূক্ষ্মভাব ধারণ করিয়া) উভয়ং (স্থূল ও সূক্ষ্মরূপ) অদঃ (এই ব্রহ্মাণ্ড) সসৃজুঃ হি (সৃষ্টি করিলেন) ॥ ৩৩ ॥

অনুবাদ

কার্য্য। [তাহাই বলিতেছেন]—বিকার প্রাপ্ত রাজস অহঙ্কার হইতে পঞ্চ জ্ঞানেন্দ্রিয় শ্রোত্র, ত্বক্, নাসিকা, চক্ষু ও জিহ্বা এবং পঞ্চ কর্ম্মেন্দ্রিয় বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ এই দশটি ইন্দ্রিয় উৎপন্ন হইয়া থাকে ॥ ৩১ ॥

[তত্ত্ব সমূহের উৎপত্তি বলা হইয়াছে; এক্ষণে ব্রহ্মাণ্ডের উৎপত্তি বলিতেছেন]—হে নারদ! যখন আকাশাদি মহাভূত, জ্ঞানেন্দ্রিয়, কর্ম্মেন্দ্রিয়, মন ও তন্মাত্ররূপ গুণসমূহ এই সকল পদার্থ উৎপন্ন হইয়া পরস্পর অসংযুক্ত ছিল এবং যখন উহারা ব্রহ্মাণ্ডনির্ম্মাণবিষয়ে অসমর্থ হইল ॥ ৩২ ॥

তখন এই সকল পদার্থ ভগবচ্ছক্তিকর্ত্তৃক প্রেরিত হইয়া পঞ্চীকরণ প্রণালীতে পরস্পর মিলিত হইল এবং স্থূল ও সূক্ষ্ম ভাব ধারণ করতঃ এই স্থূল ও সূক্ষ্ম ব্রহ্মাণ্ড সৃষ্টি করিল ॥৩৩॥

টীকা

শ্রোত্রত্বক্চক্ষুর্জিহ্বাঘ্রাণানাং বহ্ন্যাদয়ো বাক্পাণিপাদপায়ূপস্থানামধিষ্ঠাতারঃ বৈকারিকাঃ সাত্ত্বিকাহঙ্কারাদুৎপন্নাঃ ॥ ৩০ ॥ জ্ঞানশক্তিঃ বুদ্ধিঃ জ্ঞানেন্দ্রিয়বর্গঃ, ক্রিয়াশক্তিঃ প্রাণঃ কর্ম্মেন্দ্রিয়গণঃ তৌ বুদ্ধিপ্রাণৌ তৈজসৌ। এতদেব বিবৃণোতি—তৈজসাত্তু বিকুর্ব্বাণাদিন্দ্রিয়াণি দশাভবন্নিতি, শ্রোত্রং ত্বগ্ঘ্রাণদৃগ্জিহ্বাবাগ্দোর্ম্মেঢ্রাঙ্ঘ্রিপায়ব ইতি চ ॥ ৩১ ॥ ব্রহ্মাণ্ডোপাদানভূতমহদাদ্যুৎপত্তিমুক্ত্বা অথ ব্রহ্মাণ্ডোৎপত্তিমাহ যদেতি দ্বাভ্যাম্। হে ব্রহ্মবিত্তম! ভূতানি আকাশাদিমহাভূতানি উভয়েন্দ্রিয়াণি চ মনশ্চ গুণাঃ তন্মাত্ররূপাঃ এতে ভাবাঃ পদার্থাঃ যদা অসংহতাঃ অসংযুতাঃ আসন্, অতএব যদা আয়তনস্য ব্রহ্মাণ্ডস্য নির্ম্মাণে ন শেকুঃ ॥ ৩২ ॥ তদা ভগবচ্ছক্ত্যা চোদিতঃ প্রেরিতঃ সংহত্য পঞ্চীকরণ-প্রকারেণ মিলিত্বা সদসত্ত্বং স্থূলসূক্ষ্মভাবমুপাদায় অতএবোভয়ং স্থূলসূক্ষ্মরূপম্ অদঃ আয়তনং ব্রহ্মাণ্ডং সসৃজুঃ ॥ ৩৩ ॥

বর্ষপূগসহস্রান্তে তদণ্ডমুদকেশয়ম্ ।
কালকর্ম্মস্বভাবস্থো জীবোঽজীবমজীবয়ৎ ॥৩৪॥
স এব পুরুষস্তস্মাদণ্ডং নির্ভিদ্য নির্গতঃ ।
সহস্রোর্ব্বঙ্ঘ্রিবাহ্বক্ষঃ সহস্রাননশীর্ষবান্ ॥ ৩৫ ॥
যস্যেহাবয়বৈর্লোকান্ কল্পয়ন্তি মনীষিণঃ ।
কট্যাদিভিরধঃ সপ্ত সপ্তোর্দ্ধং জঘনাদিভিঃ ॥ ৩৬ ॥

অন্বয়

(অনন্তর) কালকর্ম্মস্বভাবস্থঃ (পূর্ব্বোক্ত কাল, কর্ম্ম ও স্বভাবে অধিষ্ঠিত) জীবঃ (পরমাত্মা) বর্ষপূগসহস্রান্তে (সহস্র বৎসর পরে) উদকেশয়ম্ (জলশায়ী) অজীবং (অচেতন) তৎ অণ্ডং (সেই ব্রহ্মাণ্ডকে) অজীবয়ৎ (জীবিত করেন) ॥ ৩৪ ॥

স এব পুরুষঃ (সেই ব্রহ্মাণ্ডের চৈতন্য সম্পাদনকারী পুরুষই) অণ্ডং নির্ভিদ্য (অণ্ডকে ভেদ করিয়া) সহস্রোর্ব্বঙ্ঘ্রিবাহ্বক্ষঃ (সহস্র উরু, সহস্র পদ, সহস্র বাহু, সহস্র চক্ষুযুক্ত) [এবং] সহস্রাননশীর্ষবান্ (সহস্র মুখ, সহস্র মস্তক যুক্ত হইয়া) তস্মাৎ নির্গতঃ (তাহা হইতে নির্গত হইলেন) ॥ ৩৫ ॥

ইহ (এই জগতে) মনীষিণঃ (বিবেকিগণ) যস্য (এই ভগবানের) কট্যাদিভিঃ অবয়বৈঃ (কটি প্রভৃতি বিরাট্‌শরীরের অবয়বের দ্বারা) অধঃ সপ্ত লোকান্ (অধঃস্থিত অতল প্রভৃতি সপ্তলোক) জঘনাদিভিঃ [অবয়বৈঃ] (জঘন প্রভৃতি অবয়বের দ্বারা) ঊর্দ্ধং সপ্ত লোকান্ (ঊর্দ্ধস্থিত ভূ প্রভৃতি সপ্তলোক) কল্পয়ন্তি (কল্পনা করিয়া থাকেন) ॥ ৩৬ ॥

অনুবাদ

অনন্তর কাল, কর্ম্ম ও স্বভাবে অবস্থিত পরমাত্মা সহস্র বৎসর পরে জলশায়ী অচেতন সেই ব্রহ্মাণ্ডকে জীবিত করেন ॥ ৩৪ ॥

সেই ব্রহ্মাণ্ডের চৈতন্যসম্পাদক পুরুষই অণ্ডকে ভেদ করিয়া সহস্র ঊরু, সহস্র পদ, সহস্র বাহু, সহস্র চক্ষু ও সহস্র মস্তকযুক্ত হইয়া তাহা হইতে নির্গত হইলেন ॥ ৩৫ ॥

এই জগতে বিবেকিগণ এই ভগবানের বিরাট্‌শরীরের কটি প্রভৃতি সপ্ত অবয়বের দ্বারা অধঃস্থিত অতল প্রভৃতি সপ্তলোক এবং বিরাট্‌শরীরের জঘন প্রভৃতি সপ্ত অবয়বের দ্বারা ঊর্দ্ধস্থিত ভূপ্রভৃতি সপ্তলোক কল্পনা করিয়া থাকেন ॥ ৩৬ ॥

টীকা

জীবয়তীতি জীবঃ পরমাত্মা কালাদীনধিষ্ঠায় স্থিতঃ অজীবমচেতনং অজীবয়ৎ চেতয়তি স্ম ॥ ৩৪ ॥ স এব ব্রহ্মাণ্ডচৈতয়িতা পুরুষঃ অণ্ডং নির্ভিদ্য তস্মাৎ নির্গতঃ পৃথক্ স্থিতঃ। অপ্রাকৃতং তচ্ছরীরং দর্শয়তি—সহস্রোর্ব্বঙ্ঘ্রিবাহ্বক্ষঃ স সহস্রাননশীর্ষবানিতি। তথাচ শ্রুতিঃ—"সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাদিতি" ॥ ৩৫ ॥ যস্য ভগবতঃ অবয়বৈঃ বিরাট্‌শরীরাবয়বৈঃ মনীষিণো বুদ্ধিমন্তঃ ! লোকান্ কল্পয়ন্তি। তদেবাহ কট্যাদিভিরিতি। কটিরূরুমূলয়োঃ পশ্চাদ্‌ভাগঃ, জঘনং পুরোভাগঃ। কট্যাদিভিরধঃ সপ্ত লোকান-

পুরুষস্য মুখং ব্রহ্ম ক্ষত্রমেতস্য বাহবঃ।
ঊর্ব্বোর্বৈশ্যো ভগবতঃ পদ্ভ্যাং শূদ্রো ব্যজায়ত ॥৩৭॥
ভূর্লোকঃ কল্পিতঃ পদ্ভ্যাং ভুবর্লোকোঽস্য নাভিতঃ।
হৃদা স্বর্লোক উরসা মহর্লোকো মহাত্মনঃ ॥ ৩৮ ॥
গ্রীবায়াং জনলোকোঽস্য তপোলোকঃ স্তনদ্বয়াৎ।
মূর্দ্ধভিঃ সত্যলোকস্তু ব্রহ্মলোকঃ সনাতনঃ ॥ ৩৯ ॥

অন্বয়

[বর্ণের উৎপত্তি বলিতেছেন] ব্রহ্ম (ব্রাহ্মণ) পুরুষস্য (বিরাট্‌পুরুষের) মুখং (মুখ হইতে জন্মিয়াছে), ক্ষত্রং (ক্ষত্রিয়) এতস্য (এই বিরাট্‌পুরুষের) বাহবঃ (বাহু হইতে জন্মিয়াছে) ভগবতঃ ঊর্ব্বোঃ (এবং বিরাট্ পুরুষের ঊরুদ্বয় হইতে) বৈশ্যঃ (বৈশ্য) পদ্ভ্যাং (ও পদ হইতে) শূদ্রঃ অব্যজায়ত (শূদ্র জন্মিয়াছে) ॥ ৩৭ ॥

অস্য মহাত্মনঃ (এই মহাপুরুষের) পদ্ভ্যাং (পাদদেশে) ভূর্লোকঃ (ভূলোক), নাভিতঃ (নাভিদেশে) ভুবর্লোকঃ (ভুবলোক), হৃদা (হৃদয়ে) স্বর্লোকঃ (স্বর্গলোক), উরসা (বক্ষঃস্থলে) মহর্লোকঃ (মহলোক) কল্পিতঃ (কল্পিত হইয়া থাকে) ॥ ৩৮ ॥

অস্য (এই বিরাট্‌পুরুষের) গ্রীবায়াং (গ্রীবাদেশে) জনলোকঃ (জনলোক), স্তনদ্বয়াৎ (স্তনদ্বয়ে) তপোলোকঃ (তপোলোক), মূর্দ্ধভিঃ (মস্তকে) সত্যলোকঃ (সত্যলোক) [কল্পিত হইয়া থাকে] ব্রহ্মলোকঃ তু সনাতনঃ (ঐ ব্রহ্মলোক অর্থাৎ সত্যলোক নিত্য) ॥ ৩৯ ॥

অনুবাদ

বিরাট্‌পুরুষের মুখ হইতে ব্রাহ্মণ, বাহু হইতে ক্ষত্রিয়, ঊরু হইতে বৈশ্য ও পদ হইতে শূদ্র জন্মিয়াছে ॥ ৩৭ ॥

এই বিরাট্‌পুরুষের পাদদেশে ভূলোক, নাভিদেশে ভুবলোক, হৃদয়ে স্বর্গলোক, বক্ষঃস্থলে মহলোক কল্পিত হইয়া থাকে ॥ ৩৮ ॥

এই বিরাট্‌পুরুষের গ্রীবাদেশে জনলোক, স্তনদ্বয়ে তপোলোক, মস্তকে সত্যলোক বলিয়া কল্পিত হইয়া থাকে ; ঐ ব্রহ্মলোক অর্থাৎ সত্যলোক নিত্য ; [এখানে লোক সকলের তুলনায় ব্রহ্মলোককে নিত্য বলা হইয়াছে। টীকা দেখুন] ॥ ৩৯ ॥

টীকা

তলাদীন্ জঘনাদিভিরূর্দ্ধং সপ্তলোকান্ ভূরাদীন্ ॥ ৩৬ ॥ অথ বর্ণানামুৎপত্তিমাহ পুরুষস্যেতি। ব্রহ্ম ব্রাহ্মণঃ পুরুষস্য মুখম্ মুখজম্। ক্ষত্রং ক্ষত্রিয়ং বাহবঃ বাহুজম্। কার্য্যকারণয়োর্ভেদাভেদসম্বন্ধাৎ মুখং ব্রহ্মেত্যাদি বাক্যদ্বয়ং সুপপন্নম্। তথাচ শ্রুতিঃ "ব্রাহ্মণোঽস্য মুখ মাসীদি"ত্যাদিঃ ॥ ৩৭ ॥ অথোপাসনার্থং লোককল্পনাভেদং দর্শয়ন্ সপ্তলোকপক্ষমাহ ভূর্লোক ইতি দ্বাভ্যাম্। ভূর্লোকঃ পাতালমারভ্য পদ্ভ্যাং কটিপর্য্যন্তাভ্যাং কল্পিতঃ সম্পাদিতঃ ॥ ৩৮ ॥ জনলোকশ্চ স্তনদ্বয়াৎ, গ্রীবায়াং তপলোকঃ, পাঠক্রমাদর্থক্রমো বলীয়ান্। সত্যলোকস্য সনাতনত্বং ভূরাদ্যপেক্ষয়া বোধ্যম্। ভূরাদয়ঃ অল্পকাল-

তৎকট্যাঞ্চাতলং কৃপ্তমূরুভ্যাং বিতলং বিভোঃ।
জানুভ্যাং সুতলং শুদ্ধং জঙ্ঘাভ্যান্তু তলাতলম্ ॥৪০॥
মহাতলন্তু গুল্‌ফাভ্যাং প্রপদাভ্যাং রসাতলম্।
পাতালং পাদতলত ইতি লোকময়ঃ পুমান্ ॥ ৪১ ॥
ভূর্লোকঃ কল্পিতঃ পদ্ভ্যাং ভুবর্লোকোঽস্য নাভিতঃ।
স্বর্লোকঃ কল্পিতো মূর্দ্ধ্না ইতি বা লোককল্পনা ॥৪২॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বিতীয়স্কন্ধে ব্রহ্মনারদসংবাদে সৃষ্ট্যাদিবিভূতি বর্ণনং নাম পঞ্চমোঽধ্যায়ঃ ॥ ৫ ॥

অন্বয়

[সপ্তলোক বলা হইয়াছে; এক্ষণে যে পক্ষে চতুর্দ্দশ লোক, সেই পক্ষের অপর সপ্তলোক বলা হইতেছে] তৎকট্যাং (তাঁহার কটিদেশে) অতলম্ (অতল), বিভোঃ (সেই বিরাট্‌পুরুষের) উরুভ্যাং চ বিতলম্ (উরুদেশে বিতল), জানুভ্যাং শুদ্ধং সুতলং (জানুদেশে পবিত্র সুতল) জঙ্ঘাভ্যাং তু তলাতলম্ (ও জঙ্ঘাদেশে তলাতল), কৃপ্তং (বলিয়া কথিত হইয়া থাকে) ॥ ৪০ ॥

গুল্‌ফাভ্যাং মহাতলং (গুল্‌ফদেশে মহাতল), প্রপদাভ্যাং রসাতলম্ (পাদদ্বয়ের অগ্রভাগে রসাতল) পাদতলতঃ পাতালং (এবং পাদতলে পাতাল) ; ইতি (এই প্রকারে) লোকময়ঃ (চতুর্দ্দশ ভুবনময়) পুমান্ (এই বিরাট্‌পুরুষ) ॥ ৪১ ॥

[ত্রিলোক পক্ষে বলা হইতেছে] অস্য (এই পুরুষের) পদ্ভ্যাং (চরণে) ভূর্লোকঃ (ভূলোক), নাভিতঃ (নাভিদেশে) ভুবর্লোকঃ কল্পিতঃ (ভুবলোক কল্পিত হইয়া থাকে) মূর্দ্ধ্না (মস্তকে) স্বর্লোকঃ কল্পিতঃ (স্বর্গলোক কল্পিত হইয়া থাকে) ইতি বা লোককল্পনা (এই প্রকারেও লোক কল্পনা হইয়া থাকে) ॥ ৪২ ॥

অনুবাদ

সেই বিরাট্‌পুরুষের কটিদেশে অতল, উরুদেশে বিতল, জানুদেশে পবিত্র সুতল ও জঙ্ঘাদেশে তলাতল কথিত হইয়া থাকে ॥ ৪০ ॥

সেই বিরাটপুরুষের গুল্‌ফদেশে মহাতল, পাদদ্বয়ের অগ্রভাগে রসাতল ও পাদতলে পাতাল কথিত হইয়া থাকে। এই প্রকারে চতুর্দ্দশ ভুবনময় এই বিরাট্‌পুরুষ ॥ ৪১ ॥

[যাহারা তিনটি লোকই নির্দ্ধারণ করেন, তাহাদের পক্ষে বলা হইতেছে] এই পুরুষের পাদদেশে ভূলোক, নাভিদেশে ভুবলোক, মস্তকে স্বর্গলোক কল্পিত হইয়া থাকে। এই প্রকারেও লোক কল্পনা হয় ॥ ৪২ ॥

পঞ্চম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ৫ ॥

টীকা

স্থায়িনঃ, সত্যলোকশ্চিরকালস্থায়ীতি বিবেকঃ। যদ্যপি বৈকুণ্ঠলোকঃ সনাতনস্তথাপি প্রাকৃতলোক-গণনায়াং তদন্বয়াসম্ভবাৎ স নেহ গৃহ্যতে ॥ ৩৯ ॥ অথ চতুর্দ্দশলোকপক্ষমাহ—তত্র জঘনাদিভির্ভূরাদয়ঃ প্রাক্‌দর্শিতাঃ এব, সপ্ত কট্যাদিভিঃ অধঃ সপ্ত লোকান্ দর্শয়তি তদিতি দ্বাভ্যাম্। শুদ্ধং হরিভক্ত-নিবাসত্বাৎ ॥ ৪০ ॥ ইতি ইত্থং লোকময়ঃ চতুর্দ্দশভুবনময়ঃ পুমান্ পুরুষঃ দেহদেহিনোরভেদবিবক্ষয়া পুংসো লোকময়ত্বোক্তির্যুক্তৈব ॥ ৪১ ॥ অথ লোকত্রয়পক্ষমাহ—ভূর্লোকঃ পাতালাদিসহিতঃ পদ্ভ্যাং কল্পিতঃ, ভুবর্লোকঃ নাভিতঃ, স্বর্লোকঃ সত্যলোকান্তঃ মূর্দ্ধ্না কল্পিতঃ ॥ ৪২ ॥

ইতি শ্রীমদ্ভাগবতসিদ্ধান্তপ্রদীপে দ্বিতীয়স্কন্ধীয়ে পঞ্চমাধ্যায়ার্থ প্রকাশঃ ॥৫॥

ষষ্ঠোঽধ্যায়ঃ

শ্রীব্রহ্মোবাচ

বাচাং বহ্নের্মুখং ক্ষেত্রং ছন্দসাং সপ্ত ধাতবঃ।
হব্যকব্যামৃতান্নানাং জিহ্বা সর্ব্বরসস্য চ ॥ ১ ॥
সর্ব্বাসূনাঞ্চ বায়োশ্চ তন্নাসে পরমায়ণে।
অশ্বিনোরোষধীনাঞ্চ ঘ্রাণো মোদপ্রমোদয়োঃ ॥ ২ ॥

অন্বয়

[সেই বিরাট্‌পুরুষের বাগাদি বিভূতি বর্ণনা করা হইতেছে] ব্রহ্মা উবাচ (ব্রহ্মা বলিলেন) (বিরাট্‌পুরুষের) মুখং (মুখ) বাচাং (আমাদের বাগিন্দ্রিয়) বহ্নেঃ (ও বাগিন্দ্রিয়ের অধিষ্ঠাতা অগ্নির) ক্ষেত্রম্ (উৎপত্তি স্থান); সপ্তধাতবঃ (সেই বিরাট্‌পুরুষের ত্বক্, মাংস, রুধির, অস্থি, মেদ, মজ্জা ও শুক্র এই সপ্ত ধাতু) ছন্দসাং [ক্ষেত্রম্] (গায়ত্রী, উষ্ণিক্, বৃহতী, পঙ্‌ক্তি, জগতী, ত্রিষ্টুপ্, অনুষ্টুপ্ এই সপ্ত ছন্দের উৎপত্তি স্থান); জিহ্বা (বিরাট্‌পুরুষের রসনেন্দ্রিয়) হব্য-কব্যামৃতান্নানাং (দেবগণের হব্যান্ন, পিতৃগণের কব্যান্ন, মনুষ্যগণের অমৃতান্নের) সর্ব্বরসস্য চ (ও মধুরাদি ষড়্‌বিধ রসের এবং আমাদের রসনেন্দ্রিয় ও তাহার অধিষ্ঠাতা বরুণের) [ক্ষেত্রম্] (উৎপত্তি স্থান) ॥ ১ ॥

তন্নাসে (সেই বিরাট্‌পুরুষের নাসারন্ধ্রদ্বয়) সর্ব্বাসূনাং (সকল প্রাণিগণের পঞ্চবৃত্ত্যাত্মক প্রাণের) বায়োঃ চ (এবং সেই প্রাণাপানাদির অধিষ্ঠাতা বায়ুর) পরমায়ণে (উৎপত্তি স্থান); ঘ্রাণঃ (সেই বিরাট্‌পুরুষের ঘ্রাণেন্দ্রিয়) অশ্বিনোঃ (অশ্বিনীকুমারদ্বয়ের), ওষধীনাং (ওষধি সমূহের) মোদপ্রমোদয়োঃ চ (এবং সামান্য গন্ধ ও বিশেষ গন্ধের) [ক্ষেত্রম্] (উৎপত্তি স্থান) ॥ ২ ॥

অনুবাদ

[সেই বিরাট্‌পুরুষের বাগাদি বিভূতি বর্ণনা করিতেছেন] ব্রহ্মা বলিলেন—হে নারদ! বিরাট্‌পুরুষের মুখ আমাদের বাগিন্দ্রিয় ও বাগিন্দ্রিয়ের অধিষ্ঠাতা অগ্নির উৎপত্তি স্থান; সেই বিরাট্‌পুরুষের ত্বক্, মাংস, রুধির, অস্থি, মেদ, মজ্জা ও শুক্র এই সপ্ত ধাতু যথাক্রমে গায়ত্রী, উষ্ণিক্, বৃহতী, পঙ্‌ক্তি, জগতী, ত্রিষ্টুপ্ ও অনুষ্টুপ্ এই সপ্ত ছন্দের উৎপত্তি স্থান; সেই বিরাট্‌পুরুষের জিহ্বা দেবগণের হব্যান্ন, পিতৃগণের কব্যান্ন, মনুষ্যগণের অমৃতান্ন ও মধুরাদি ষড়্‌বিধ রস, এবং আমাদের রসনেন্দ্রিয়ের ও তাহার অধিষ্ঠাতা বরুণদেবের উৎপত্তি স্থান ॥ ১ ॥

সেই বিরাট্‌পুরুষের নাসারন্ধ্রদ্বয় সকল প্রাণিগণের পঞ্চবৃত্ত্যাত্মক প্রাণের ও তাহাদের অধিষ্ঠাতা বায়ুর উৎপত্তি স্থান। সেই বিরাট্‌পুরুষের ঘ্রাণেন্দ্রিয় অশ্বিনীকুমারদ্বয়, ওষধিসমূহ, সামান্য গন্ধ ও বিশেষ গন্ধের উৎপত্তি স্থান ॥ ২ ॥

টীকা

এবং সাবর্ণচতুর্দ্দশভুবনাত্মকবিরাট্‌শরীরস্যোৎপত্তিঃ প্রাক্ দর্শিতা। তদেব সমষ্টিশরীরং তন্মুখাদ্যুৎপত্তিপ্রকারো দশমেঽধ্যায়ে বক্ষ্যতে। অত্র তু তন্মুখাদিতো ব্যষ্টিবাগাদিরূপাং বিভূতি-মাহ—বাচামিতি। বাচাং অস্মদাদিবাগাদীন্দ্রিয়াণাং বহ্নের্বাগধিষ্ঠাতুর্বৈরাজস্য মুখং ক্ষেত্রমুৎপত্তি-স্থানং গায়ত্র্যুষ্ণিগ্‌বৃহতীপংক্তিজগতীত্রিষ্টুবনুষ্টুভাং সপ্তছন্দসাং তস্য সপ্তধাতবস্ত্বগাদয়ঃ ক্ষেত্রং,

রূপাণাং তেজসাং চক্ষুর্দ্দিবঃ সূর্য্যস্য চাক্ষিণী।
কর্ণৌ দিশাঞ্চ তীর্থানাং শ্রোত্রমাকাশশব্দয়োঃ ॥ ৩ ॥
তদ্‌গাত্রং বস্তুসারাণাং সৌভগস্য চ ভাজনম্।
ত্বগস্য স্পর্শবায়োশ্চ সর্ব্বমেধস্য চৈব হি।
রোমাণ্যুদ্ভিজ্জজাতীনাং যৈর্ব্বা যজ্ঞস্তু সম্ভৃতঃ ॥ ৪ ॥

অন্বয়

চক্ষুঃ (সেই বিরাট্‌পুরুষের চক্ষুরিন্দ্রিয়) রূপাণাং (শুক্লাদিরূপের) তেজসাং (ও সেই রূপ-প্রকাশক তেজের) [ক্ষেত্রম্] (উৎপত্তি স্থান); অক্ষিণী (বিরাট্‌পুরুষের চক্ষুর গোলকদ্বয়) দিবঃ সূর্য্যস্য চ [ক্ষেত্রম্] (স্বর্গ ও সূর্য্যের উৎপত্তি স্থান); কর্ণৌ (সেই বিরাট্‌পুরুষের কর্ণদ্বয়) দিশাং তীর্থানাং চ [ক্ষেত্রম্] (দিক্‌সমূহ ও তীর্থ সকলের উৎপত্তি স্থান); শ্রোত্রম্ (বিরাট্‌পুরুষের শ্রবণেন্দ্রিয়) আকাশশব্দয়োঃ [ক্ষেত্রম্] (আকাশ ও শব্দের উৎপত্তি স্থান)॥ ৩ ॥

তদ্‌গাত্রং (সেই বিরাট্‌পুরুষের শরীর) বস্তুসারাণাং (বস্তুর সারাংশের) সৌভগস্য চ (ও সৌন্দর্য্যের) ভাজনং (উৎপত্তি স্থান); অস্য (ইঁহার) ত্বক্ স্পর্শবায়োঃ চ (ত্বক্ স্পর্শ ও বায়ু) সর্ব্বমেধস্য চ এব হি [ক্ষেত্রম্] (এবং সকল যজ্ঞের উৎপত্তি স্থান); রোমাণি (ইঁহার রোম সকল) উদ্ভিজ্জজাতীনাং [ক্ষেত্রম্] (উদ্ভিদ্ জাতির উৎপত্তি স্থান) বা (অথবা) যৈঃ (যে সকল বৃক্ষের দ্বারা) যজ্ঞঃ সম্ভৃতঃ (যজ্ঞকর্ম্ম সম্যক্ সাধিত হয়), [তেষাং ক্ষেত্রম্] (তাহাদের উৎপত্তি স্থান)॥ ৪ ॥

অনুবাদ

বিরাট্‌পুরুষের চক্ষুরিন্দ্রিয় শুক্লাদিরূপ ও রূপপ্রকাশক তেজের উৎপত্তি স্থান; সেই বিরাট্‌পুরুষের নয়নগোলকদ্বয় স্বর্গ ও সূর্য্যের উৎপত্তি স্থান; তাঁহার কর্ণদ্বয় দিক্‌সমূহ ও তীর্থ সকলের উৎপত্তি স্থান; তাঁহার শ্রবণেন্দ্রিয় আকাশ ও শব্দের উৎপত্তি স্থান॥ ৩ ॥

সেই বিরাট্‌পুরুষের শরীর সমস্ত বস্তুর সারাংশ ও সৌন্দর্য্যের উৎপত্তি স্থান; ইঁহার ত্বক্ স্পর্শ, বায়ু ও যজ্ঞ সকলের উৎপত্তি স্থান; ইঁহার রোমসকল উদ্ভিদ্‌জাতির উৎপত্তি স্থান অথবা যে সকল বৃক্ষের দ্বারা যজ্ঞকর্ম্ম সম্যক্‌রূপে সাধিত হয়, তাহাদের উৎপত্তি স্থান॥ ৪ ॥

টীকা

হব্যং দেবানাং, কব্যং পিতৃণাং উভয়শেষভূতমমৃতং মনুষ্যাণাঞ্চ ক্ষুন্নিবারকং বস্তু, তানি এব অন্নানি তেষাং হব্যকব্যামৃতান্নানাম্ সর্ব্বরসস্য ষড়্‌বিধস্য মধুরাদেঃ চকারাৎ অম্লাদিরসনেন্দ্রিয়স্য তদধিষ্ঠাতুর্বরুণস্য চ তস্য জিহ্বা ক্ষেত্রম্ এবং সর্ব্বত্রানুক্তমূহ্যম্॥ ১॥ সর্ব্বাসূনাং অস্মদাদিপ্রাণাপানাদীনাং বায়োশ্চ তস্য নাসে নাসারন্ধ্রে পরমায়ণে উৎকৃষ্টক্ষেত্রে অশ্বিনোঃ নাসত্যদস্রয়োঃ ঔষধীনাং মোদ-প্রমোদয়োঃ সামান্যবিশেষগন্ধয়োশ্চ তস্য ঘ্রাণঃ ঘ্রাণেন্দ্রিয়ং ক্ষেত্রম্॥ ২॥ রূপাণাং শুক্লাদীনাং প্রকাশ্যানাং তেজসাং তৎপ্রকাশকানাং চক্ষুঃ তচ্চক্ষুরিন্দ্রিয়ম্ ক্ষেত্রম্, অক্ষিণী চক্ষুর্গোলকে দিবঃ সূর্য্যস্য চ ক্ষেত্রম্, দিশাং তীর্থানাং কর্ণচ্ছিদ্রে ক্ষেত্রম্, শ্রোত্রমিন্দ্রিয়ম্ আকাশশব্দয়োঃ ক্ষেত্রম্॥ ৩॥ তস্য গাত্রং শরীরং বস্তুনাং যে সারাংশাস্তেষাং সৌভগস্য স্পৃহনীয়তায়াশ্চ ভাজনং স্থানম্। অস্য বৈরাজস্য

কেশশ্মশ্রুনখান্যস্য শিলালোহাভ্রবিদ্যুতাম্।
বাহবো লোকপালানাং প্রায়শঃ ক্ষেমকর্ম্মণাম্ ॥ ৫ ॥
বিক্রমো ভূর্ভুবঃ স্বশ্চ ক্ষেমস্য শরণস্য চ।
সর্ব্বকামবরস্যাপি হরেশ্চরণ আস্পদম্ ॥ ৬ ॥
অপাং বীর্য্যস্য সর্গস্য পর্জ্জন্যস্য প্রজাপতেঃ।
পুংসঃ শিশ্ন উপস্থস্তু প্রজাত্যানন্দনির্বৃতেঃ ॥ ৭ ॥

অন্বয়

অস্য (এই বিরাট্‌পুরুষের) কেশশ্মশ্রুনখানি (কেশ, শ্মশ্রু ও নখ) শিলালোহাভ্রবিদ্যুতাম্ [ক্ষেত্রম্] (শিলা, লোহা, অভ্র ও বিদ্যুতের উৎপত্তি স্থান), বাহবঃ (ইঁহার বাহু সকল) প্রায়শঃ (প্রায়ই) ক্ষেমকর্ম্মণাং (প্রজাপালনকারী) লোকপালানাং [ক্ষেত্রম্] (ইন্দ্রাদিলোকপালগণের উৎপত্তি স্থান) ॥ ৫ ॥

হরেঃ বিক্রমঃ (শ্রীহরির পাদন্যাস) ভূঃ ভুবঃ স্বঃ চ [অব্যয় বলিয়া ষষ্ঠী বিভক্তির লোপ] (ভূলোক, ভুবলোক ও স্বর্গলোকের) আস্পদম্ (আশ্রয়); হরেঃ চরণঃ (শ্রীহরির চরণ) ক্ষেমস্য (প্রাপ্ত বস্তুর রক্ষণ) শরণস্য চ (অনিষ্ট হইতে রক্ষণ) সর্ব্বকামবরস্য অপি (এবং সকল ঐহিক আমুষ্মিক কামনা হইতে শ্রেষ্ঠ যে মোক্ষ, তাহার) আস্পদম্ (আস্পদ) ॥ ৬ ॥

পুংসঃ (বিরাট্‌পুরুষের) শিশ্নঃ (উপস্থেন্দ্রিয়স্থান) অপাং (জলের), বীর্য্যস্য (শুক্রের), সর্গস্য (সৃষ্টির), পর্জ্জন্যস্য (মেঘের) প্রজাপতেঃ (ও প্রজাপতির) [আস্পদম্] (আশ্রয়); উপস্থঃ তু (বিরাট্‌পুরুষের উপস্থেন্দ্রিয়) প্রজাত্যানন্দনির্বৃতেঃ (সন্তানার্থীর স্ত্রী সম্ভোগে যে সুখ, তাহার) [আস্পদম্] (আস্পদ) ॥ ৭ ॥

অনুবাদ

এই বিরাট্‌পুরুষের কেশ মেঘের, শ্মশ্রু বিদ্যুতের, এবং নখ সকল শিলা ও লোহার উৎপত্তি স্থান। ইঁহার বাহু সকল প্রায়ই প্রজাপালনকারী ইন্দ্রাদিলোকপালগণের উৎপত্তি স্থান। [কদাচিৎ পালন না করিতেও পারেন, এজন্য প্রায়শঃ বলা হইল] ॥ ৫ ॥

এই শ্রীহরির পাদন্যাস ভূলোক, ভুবলোক ও স্বর্গলোকের আশ্রয় এবং ইঁহার চরণ প্রাপ্তবস্তুর রক্ষণ, অনিষ্ট হইতে রক্ষণ এবং সকল প্রকার ঐহিক ও আমুষ্মিক কামনা হইতে শ্রেষ্ঠ যে মোক্ষ তাহার আস্পদ ॥ ৬ ॥

বিরাট্‌পুরুষের উপস্থেন্দ্রিয়স্থান জল, শুক্র, সৃষ্টি, মেঘ ও প্রজাপতির আশ্রয় এবং উপস্থেন্দ্রিয় সন্তানার্থীর স্ত্রীসম্ভোগে যে তাপশান্তি,তাহার আশ্রয়,অর্থাৎ সেই সুখের আস্পদ ॥৭॥

টীকা

ত্বক্ স্পর্শবায়োঃ স্পর্শস্য বায়োশ্চ সর্ব্বমেধস্য সমস্তযজ্ঞস্য ক্ষেত্রম্। তস্য রোমাণি উদ্ভিজ্জজাতীনাং সর্ব্ববৃক্ষাণাং যৈর্বৃক্ষৈর্যজ্ঞঃ সম্ভৃতঃ সম্যক্ সাধিতস্তেষামেব বা ক্ষেত্রম্ ॥ ৪ ॥ অস্য কেশশ্মশ্রুনখানি শিলালোহাভ্রবিদ্যুতাং ক্ষেত্রম্। তত্র কেশা অভ্রাণাং মেঘানাং, শ্মশ্রূণি বিদ্যুতাং, পাদকরনখানি শিলালোহানামিতি বিবেকঃ। তস্য বাহবঃ প্রায়শঃ ক্ষেমঃ প্রজা-

পায়ুর্যমস্য মিত্রস্য পরিমোক্ষস্য নারদ ! ।
হিংসায়া নির্ঋতের্মৃত্যোর্নিরয়স্য গুদং স্মৃতম্ ॥ ৮ ॥
পরাভূতেরধর্ম্মস্য তমসশ্চাপি পশ্চিমঃ ।
নাড্যো নদনদীনাঞ্চ গোত্রাণামস্থিসংহতিঃ ॥ ৯ ॥
অব্যক্ত রসসিন্ধূনাং ভূতানাং নিধনস্য চ ।
উদরং বিদিতং পুংসো হৃদয়ং মনসঃ পদম্ ॥ ১০ ॥

অন্বয়

[হে] নারদ ! (বিরাট্‌পুরুষের) পায়ুঃ (পায়ু-ইন্দ্রিয়) যমস্য মিত্রস্য (যম ও মিত্র দেবতার) পরিমোক্ষস্য (এবং মলত্যাগের) [আস্পদ] ; গুদং (সেই বিরাট্‌পুরুষের গুহ্যদ্বার) হিংসায়াঃ নির্ঋতেঃ (হিংসা, অলক্ষ্মী) মৃত্যোঃ নিরয়স্য (মৃত্যু ও নরকের) [আস্পদং] স্মৃতম্ (আস্পদ বলিয়া কথিত হইয়া থাকে) ॥ ৮ ॥

পশ্চিমঃ (সেই বিরাট্‌পুরুষের পৃষ্ঠদেশ) পরাভূতেঃ (পরাভব), অধর্ম্মস্য (অধর্ম্ম) তমসঃ চ অপি [আস্পদম্] (ও অজ্ঞানের উৎপত্তিস্থান) ; নাড্যঃ চ (ও তাঁহার নাড়ীসমূহ) নদনদীনাং [আস্পদম্] (নদ ও নদী সমূহের উৎপত্তিস্থান) ; অস্থিসংহতিঃ (তাঁহার অস্থিসমূহ) গোত্রাণাং [আস্পদম্] (পর্ব্বত সমূহের উৎপত্তিস্থান) ॥ ৯ ॥

পুংসঃ (বিরাট্‌পুরুষের) উদরং (জঠর) অব্যক্তরসসিন্ধূনাং (প্রকৃতি, অন্নাদির সার, সমুদ্র সকল) ভূতানাং (ও প্রাণিগণের) নিধনস্য চ (লয়ের) পদম্ (উৎপত্তি স্থান) বিদিতং (কথিত হইয়া থাকে) ; হৃদয়ং (বিরাট্‌পুরুষের হৃদয়) মনসঃ পদম্ (আমাদের মনের আশ্রয়) ॥ ১০ ॥

অনুবাদ

বিরাট্‌পুরুষের পায়ু-ইন্দ্রিয় যম, মিত্র ও মলত্যাগের উৎপত্তিস্থান এবং ইঁহার গুহ্যদ্বার হিংসা, অলক্ষ্মী, মৃত্যু ও নরকের আশ্রয় বলিয়া কথিত হইয়া থাকে ॥ ৮ ॥

সেই বিরাট্‌পুরুষের পৃষ্ঠদেশ পরাভব, অধর্ম্ম ও অজ্ঞানের উৎপত্তিস্থান ; তাঁহার নাড়ীসমূহ নদ ও নদী সমূহের উৎপত্তিস্থান ; তাঁহার অস্থিসমূহ পর্ব্বতসমূহের উৎপত্তিস্থান ॥ ৯ ॥

বিরাট্‌পুরুষের উদর প্রকৃতি, অন্নাদির সার, সমুদ্রসকল ও প্রাণিগণের লয়ের আস্পদ বলিয়া কথিত হইয়া থাকে ; বিরাট্‌পুরুষের হৃদয় আমাদের মনের আশ্রয় ॥ ১০ ॥

টীকা

পালনমেব কর্ম্ম যেষাং তেষাং লোকপালানামিন্দ্রাদীনাং ক্ষেত্রম্। ক্বচিদাপদি পালনং ন কুর্ব্বন্তি "ইন্দ্রারিব্যাকুলং লোকমি"ত্যুক্তেঃ অতঃ প্রায়শ ইত্যুক্তম্ ॥ ৫ ॥ হরের্বিক্রমঃ পাদন্যাসঃ ভূরাদি-লোকানামাস্পদমাশ্রয়ঃ। ভূরাদীনি অব্যয়ানি অতঃ ষষ্ঠ্যা লুক্। ক্ষেমস্য প্রাপ্তরক্ষণস্য শরণস্যানিষ্টা-দ্রক্ষণস্য কিং বহুনা সর্ব্বেভ্যঃ কামেভ্যঃ ঐহিকামুষ্মিকেভ্যঃ বরস্য শ্রেষ্ঠস্য মোক্ষস্যাপি হরেশ্চরণমাস্পদম্ ॥ ৬ ॥ পুংসঃ বৈরাজস্য শিশ্ন উপস্থেন্দ্রিয়াধিষ্ঠানং অপাং, বীর্য্যস্য শুক্রস্য, সর্গস্য সৃষ্টেঃ, পর্জ্জন্যস্য প্রজাপতেশ্চ আস্পদম্। পুংস উপস্থস্য প্রজাত্যানন্দেন সন্তানহেতুকভোগেন যা নির্বৃতিঃ তাপহানিঃ

ধর্ম্মস্য মম তুভ্যঞ্চ কুমারাণাং ভবস্য চ।
বিজ্ঞানস্য চ সত্ত্বস্য পরস্যাত্মা পরায়ণম্ ॥ ১১ ॥
অহং ভবান্ ভবশ্চৈব ত ইমে মুনয়োঽগ্রজাঃ।
সুরাসুরনরা নাগাঃ খগা মৃগসরীসৃপাঃ ॥ ১২ ॥

অন্বয়

পরস্য (সেই পরমপুরুষের) আত্মা (চিত্ত) ধর্ম্মস্য (ধর্ম্মের), মম (আমার), তুভ্যং চ (তোমার), কুমারাণাং (সনকাদি কুমারগণের) ভবস্য চ (ও শিবের) বিজ্ঞানস্য (জীবমাত্রের) সত্ত্বস্য চ (এবং প্রাণিমাত্রের) পরায়ণম্ (উৎকৃষ্ট আশ্রয়) ॥ ১১ ॥

[ভগবান্ হইতে উৎপন্ন এই জগৎ কার্য্যরূপে ভগবান্ হইতে ভিন্ন হইলেও কারণকে ছাড়িয়া কার্য্যের স্থিতি-প্রবৃত্ত্যাদি নাই বলিয়া অভিন্নই বটে; অতএব জগৎ ভিন্ন হইয়াও অভিন্নই। এই বিষয়ই পুরুষসূক্তার্থ কথনচ্ছলে পূর্ব্ব অধ্যায়েও বর্ণিত হইয়াছে; এই অধ্যায়েও বর্ণিত হইতেছে। তন্মধ্যে "সহস্রশীর্ষা" "ব্রাহ্মণোঽস্য" ইত্যাদি পুরুষসূক্তের অর্থ পূর্ব্বাধ্যায়ে বর্ণিত হইয়াছে। এক্ষণে "পুরুষ এবেদং সর্ব্বং" এই মন্ত্রের অর্থ প্রকাশ করা হইতেছে।] অহং (আমি), ভবান্ (তুমি), ভবঃ চ এব (শিব ও) তে (তোমার) অগ্রজাঃ (জ্যেষ্ঠ) ইমে মুনয়ঃ (ই সনকাদি মুনিগণ), সুরাসুরনরাঃ (দেবতা, অসুর ও মনুষ্য সমূহ), নাগাঃ (সর্পগণ), খগাঃ

অনুবাদ

সেই পরমপুরুষের চিত্ত ধর্ম্মের, আমার, তোমার, সনকাদিকুমারগণের, শিবের, জীবমাত্রের ও প্রাণিমাত্রের উৎকৃষ্ট আশ্রয় ॥ ১১ ॥

হে নারদ! আমি, তুমি, শিব, তোমার জ্যেষ্ঠ সনক প্রভৃতি মুনিগণ, দেবগণ, অসুরগণ, মনুষ্যগণ, নাগগণ, পক্ষিগণ, মৃগগণ, বৃশ্চিক্‌প্রভৃতি, গন্ধর্ব্ব ও অপ্সরোগণ, যক্ষগণ, রাক্ষসগণ, ভূতগণ, সর্পগণ, পশুগণ, পিতৃগণ, সিদ্ধগণ, বিদ্যাধরগণ, চারণগণ, বৃক্ষগণ, এবং অপরাপর জল, স্থল ও আকাশচারী বিবিধ প্রাণিগণ, গ্রহ, নক্ষত্র ও কেতুগণ, তারাগণ, বিদ্যুৎসমূহ, মেঘসমূহ

টীকা

তস্যা আস্পদম্ ॥ ৭ ॥ পুংসঃ পায়ুরিন্দ্রিয়ং যমস্য মিত্রস্য পরিমোক্ষস্য মলত্যাগস্য চ আস্পদম্। তস্য গুদং পায়ুরিন্দ্রিয়স্থানম্ হিংসাদীনামাস্পদম্ ॥ ৮ ॥ পরাভূতেঃ পরাভবস্য অধর্ম্মস্য অনৃতাদেঃ তমসঃ অজ্ঞানস্য চ পশ্চিমঃ পৃষ্ঠভাগঃ আস্পদম্। নদনদীনাং নাড্যঃ, গোত্রাণাং গিরীণাং চ তস্য অস্থ্নাং সংহতিঃ সংঘাতঃ আস্পদম্ ॥ ৯ ॥ অব্যক্তস্য প্রধানস্য, রসস্য অন্নাদিসারস্য, সিন্ধূনাং সমুদ্রানাং, ভূতানাং নিধনস্য লয়স্য চ পুংসঃ উদরং পদং স্থানং বিদিতম্। পুংসঃ হৃদয়ং মনসঃ পদম্ ॥ ১০ ॥ পরস্য পরমাত্মনঃ আত্মা চিত্তং ধর্ম্মস্য, মম, চতুরাননস্য, তুভ্যং নারদস্য, কুমারাণাং সনকাদীনাং, ভবস্য শিবস্য, বিজ্ঞানস্য জীবমাত্রস্য, সত্ত্বস্য প্রাণিমাত্রস্য পরায়ণম্ উৎকৃষ্টময়নম্ ॥ ১১ ॥ এবং তাবদ্ভগবতঃ উৎপন্নং বিশ্বং কার্য্যত্বেন ভিন্নমপি কারণনিরপেক্ষস্থিতিপ্রবৃত্ত্যাদ্যভাবাৎ তদভিন্নম্। যথা পৃথিব্যাঃ ওষধয়ঃ ভিন্নস্বরূপা অপ্যভিন্নাঃ এতদেব পুরুষসূক্তার্থকথনদ্বারা দ্রঢ়য়তি। তত্র "সহস্রশীর্ষে"ত্যর্দ্ধর্চস্য "ব্রাহ্মণোঽস্য মুখমাসীদি"ত্যাদেশ্চার্থঃ পূর্ব্বাধ্যায়ে প্রকাশিতঃ। ইদানীং "পুরুষ এবেদং সর্ব্বং যদ্ভূতং যচ্চ ভব্য-

গন্ধর্ব্বাপ্সরসঃ যক্ষা রক্ষোভূতগণোরগাঃ।
পশবঃ পিতরঃ সিদ্ধা বিদ্যাধ্রাশ্চারণা দ্রুমাঃ ॥ ১৩ ॥
অন্যে চ বিবিধা জীবা জলস্থলনভৌকসঃ।
গ্রহর্ক্ষকেতবস্তারাস্তড়িতঃ স্তনয়িত্নবঃ ॥ ১৪ ॥
সর্ব্বং পুরুষ এবেদং ভূতং ভব্যং ভবচ্চ যৎ।
তেনেদমাবৃতং বিশ্বং বিতস্তিমধিতিষ্ঠতি ॥ ১৫ ॥
স্বধিষ্ণ্যং প্রতপন্ প্রাণো বহিশ্চ প্রতপত্যসৌ।
এবং বিরাজং প্রতপংস্তপত্যন্তর্ব্বহিঃ পুমান্ ॥ ১৬ ॥

অন্বয়

(পক্ষিগণ), মৃগসরীসৃপাঃ (মৃগ ও বৃশ্চিক প্রভৃতি), গন্ধর্ব্বাপ্সরসঃ (গন্ধর্ব্ব ও অপ্সরাগণ), যক্ষাঃ (যক্ষগণ), রক্ষোভূতগণোরগাঃ (রাক্ষসগণ, ভূতগণ ও বিষধর সর্পগণ), পশবঃ (পশুগণ), পিতরঃ (পিতৃগণ), সিদ্ধাঃ (সিদ্ধগণ), বিদ্যাধ্রাঃ (বিদ্যাধরগণ), চারণাঃ (চারণগণ), দ্রুমাঃ (বৃক্ষ সকল) অন্যে চ জলস্থলনভৌকসঃ (এবং অপরাপর জল, স্থল ও আকাশবাসী) বিবিধাঃ জীবাঃ (বিবিধ প্রাণিগণ), গ্রহর্ক্ষকেতবঃ (গ্রহ, নক্ষত্র ও কেতুসকল), তারাঃ (তারাগণ), তড়িতঃ (বিদ্যুৎসমূহ), স্তনয়িত্নবঃ (মেঘসমূহ) ভূতং ভব্যং ভবচ্চ যৎ (ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান যাহা কিছু) ইদং সর্ব্বং পুরুষঃ এব (এই সমস্তই সেই বিরাট্‌পুরুষের শরীর) ; তেন ইদং বিশ্বম্ আবৃতম্ (তাঁহা কর্ত্তৃক এই জগৎ ব্যাপ্ত)। বিতস্তিং অধিতিষ্ঠতি (তিনি এই বিশ্ব অপেক্ষাও অত্যধিক ব্যাপিয়া অবস্থান করিতেছেন) [টীকা দেখুন] ॥ ১২-১৫ ॥

[ইহাই স্পষ্ট করিয়া বলিতেছেন]—অসৌ প্রাণঃ (ঐ আদিত্য) [যেমন] স্বধিষ্ণ্যং (স্বীয়মণ্ডলকে)

অনুবাদ

এবং ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান যাহা কিছু এই সমস্তই সেই বিরাট্‌পুরুষের শরীর। [অর্থাৎ শক্তি ও শক্তিমানের এবং কার্য্য ও কারণের ভেদাভেদ সম্বন্ধ নিবন্ধন এই চিদচিদাত্মক সমস্ত জগৎ বিরাট্‌পুরুষের শরীর]। তিনি এই চিদচিদাত্মক সমস্ত জগৎ ব্যাপিয়া বর্ত্তমান আছেন এবং এই বিশ্ব অপেক্ষা অত্যধিক ব্যাপিয়াও অবস্থান করিতেছেন ॥ ১২-১৫ ॥

ঐ আদিত্য যেমন স্বীয় মণ্ডলকে প্রকাশিত করিয়া বহির্ভাগ জগৎকেও প্রকাশিত

টীকা

মি"ত্যস্যার্থমাহ অহমিতি সার্দ্ধৈস্ত্রিভিঃ। তে অগ্রজাঃ মুনয়ঃ সনকাদয়ঃ॥ ১২ ॥ বিদ্যাধ্রা বিদ্যাধরাঃ॥ ১৩ ॥ জলাদীনি ওকাংসি স্থানানি যেষাং তে তথা ; নভৌকস ইতি সন্ধিরার্ষঃ॥ ১৪ ॥ ভূতং ভবিষ্যৎ বর্ত্তমানঞ্চেদং সর্ব্বং চিদচিদাত্মকং শক্তিশক্তিমতোঃ কার্য্যকারণয়োর্ভেদাভেদসম্বন্ধস্য সর্ব্বশাস্ত্রসম্মতত্বাৎ "পুরুষ এব" "ঐতদাত্ম্যমিদং সর্ব্বমি"ত্যাদি শ্রুতেঃ "তদনন্যত্বমারম্ভণশব্দাদিভ্য" ইতি ন্যায়াচ্চ। বিশ্বেন তস্যাপরিচ্ছেদং দর্শয়িতুং "স ভূমিং সর্ব্বতো বৃত্বাত্যতিষ্ঠদ্দশাঙ্গুলমি"ত্যস্যার্থমাহ তেনেদমিতি। তেন পুরুষেণ ইদং বিশ্বম্ আবৃতং ব্যাপ্তং, স চ পুরুষো বিতস্তিমধি অধিকং ব্যাপ্য তিষ্ঠতি। বিতস্তিশব্দেন আধিক্যমাত্রং বিবক্ষিতং, ন তু পরিমাণং। স ইতি কর্ত্তৃপদং তেনেত্যনেন ব্যাখ্যাতম্,

সোঽমৃতস্যাভয়স্যেশো মর্ত্ত্যমন্নং যদত্যগাৎ।
মহিমৈষ ততো ব্রহ্মন্! পুরুষস্য দুরত্যয়ঃ ॥ ১৭ ॥
পাদেষু সর্ব্বভূতানি পুংসঃ স্থিতিপদো বিদুঃ।
অমৃতং ক্ষেমমভয়ং ত্রিমূর্দ্ধ্নোঽধায়ি মূর্দ্ধসু ॥ ১৮ ॥

অন্বয়

প্রতপন্ (প্রকাশিত করিয়া) বহিঃ চ (বহির্ভাগ জগৎকেও প্রকাশিত করিয়া থাকেন), এবং (এইরূপ) পুমান্ (পরম পুরুষ) অন্তঃ বিরাজং (বিরাট্‌শরীর ব্রহ্মাণ্ডকে) প্রতপন্ (প্রকাশিত করিয়া) বহিঃ চ তপতি (বহির্ভাগকেও প্রকাশিত করিয়া থাকেন)॥ ১৬ ॥

["উতামৃতত্বস্যেশানো যদন্নেনাতিরোহতি" এই পুরুষসূক্তের অংশের অর্থ এই শ্লোকে বলা হইতেছে] সঃ (সেই পরমপুরুষ) অভয়স্য অমৃতস্য ঈশঃ (অভয়স্বরূপ মোক্ষ প্রদানে সমর্থ); যৎ (যেহেতু তিনি) মর্ত্ত্যং (জীবের অনিত্য) অন্নং (ভোগ্য কর্ম্মফল) অত্যগাৎ (অতিক্রম করিয়াছেন)। ["এতাবানস্য মহিমা"—ইত্যাদি পুরুষসূক্তের অর্থ প্রকাশ করিতেছেন]—হে ব্রহ্মন্! (হে নারদ!) পুরুষস্য (পুরুষের) এষঃ (এই মোক্ষপ্রদান সামর্থ্য ও কর্ম্মফলের অনধীনত্বই) মহিমা (মাহাত্ম্য); ততঃ (অতএব) দুরত্যয়ঃ (এই মহিমা অপার, অর্থাৎ শ্রেষ্ঠ মহিমা)॥ ১৭ ॥

[পুরুষসূক্তের "পাদোঽস্য বিশ্বা ভূতানি" এই অংশের অর্থ কথিত হইতেছে] স্থিতিপদঃ পুংসঃ (ভূরাদিলোক যাঁহার পাদস্থানীয় সেই পরমপুরুষের) পাদেষু (ভূরাদিলোকে) সর্ব্বভূতানি (সকল প্রাণিগণ) [বর্ত্তমান আছে]; [ইতি] বিদুঃ (ইহা পণ্ডিতগণ বলিয়া থাকেন)। [আশ্রম ধর্ম্ম দুইপ্রকার—পুনরাবৃত্তিলোকপ্রাপক ও পরমপদপ্রাপক। পুনরাবৃত্তিলোকপ্রাপক আশ্রম ধর্ম্মের ফল প্রদর্শন করিয়া

অনুবাদ

করিয়া থাকেন, সেইরূপ পরমপুরুষ বিরাট্‌শরীর ব্রহ্মাণ্ডকে প্রকাশিত করিয়া বহির্ভাগকেও প্রকাশিত করিয়া থাকেন॥ ১৬ ॥

সেই পরমপুরুষ অভয়স্বরূপ মোক্ষ প্রদানে সমর্থ; যেহেতু তিনি জীবের অনিত্য ভোগ্য কর্ম্মফল অতিক্রম করিয়া অবস্থান করিতেছেন। হে নারদ! পরমপুরুষের ইহাই মহিমা অর্থাৎ মোক্ষপ্রদানসামর্থ্য ও কর্ম্মফলের অনধীনত্বই তাঁহার মাহাত্ম্য। অতএব তাঁহার মহিমা অপার॥ ১৭ ॥

[এই শ্লোকে পূর্ব্বার্দ্ধ দ্বারা পুরুষসূক্তের "পাদোঽস্য বিশ্বা ভূতানি" এই অংশের ও উত্তরার্দ্ধের দ্বারা "ত্রিপাদস্যামৃতং দিবি" এই অংশের অর্থ প্রকাশ করা হইতেছে] সেই পরমপুরুষের পাদস্থানীয় ভূরাদিলোকে প্রাণিগণ অবস্থান করিতেছে ইহা

টীকা

বিশ্বমিতি ভূমিপদস্যার্থঃ, বিতস্তিমিতি দশাঙ্গুলপদস্যার্থঃ, অধি ইতি অতিশব্দস্যার্থঃ॥ ১৫ ॥ এতদেব সদৃষ্টান্তমাহ—স্বধিষ্ণ্যমিতি। "অসৌ বা আদিত্যঃ প্রাণ" ইতি শ্রুতিপ্রসিদ্ধঃ অসৌ প্রাণ আদিত্যঃ স্বধিষ্ণ্যং স্বকীয়ং মণ্ডলং প্রতপন্ প্রকাশয়ন্ বহিঃ প্রতপতি প্রকাশয়তি যথা এবং পুমান্ বিরাজং বিরাট্‌শরীরং প্রকাশয়ন্ বহিশ্চ প্রকাশয়তি॥ ১৬ ॥

পাদাস্ত্রয়ো বহিশ্চাসন্নপ্রজানাং য আশ্রমাঃ।
অন্তস্ত্রিলোক্যাস্ত্বপরো গৃহমেধোঽবৃহদ্‌ব্রতঃ ॥ ১৯ ॥

অন্বয়

"ত্রিপাদস্যামৃতং দিবি" এই পুরুষসূক্তাংশের অর্থ প্রদর্শন করিতেছেন] ত্রিমূর্দ্ধঃ (ভূপ্রভৃতি ত্রিলোকের উপরিতন মহলোকের) মূর্দ্ধসু (উপরিতন জন, তপঃ ও সত্যলোকে) [যথাক্রমে] অমৃতং ক্ষেমং অভয়ং (অমৃত, ক্ষেম ও অভয়) অধায়ি (নিহিত আছে)॥ ১৮ ॥

["ত্রিপাদূর্দ্ধ উদৈৎ" এই পুরুষসূক্তাংশের অর্থ প্রকাশ করিতেছেন] অপ্রজানাং (প্রজারূপে যাঁহারা জন্মগ্রহণ করেন না, তাদৃশ ঊর্দ্ধরেতা নৈষ্ঠিক ব্রহ্মচারী, বানপ্রস্থ ও সন্ন্যাসিগণের) যে আশ্রমাঃ ত্রয়ঃ পাদাঃ (যে স্বীয় স্বীয় আশ্রমধর্ম্মের ফলভোগভূমিরূপ লোকত্রয়), [তে] (সেই লোকত্রয়) ত্রিলোক্যাঃ বহিঃ আসন্ (ভূরাদি লোকত্রয়ের বাহিরে বর্ত্তমান আছে)। ["পাদোঽস্যেহাভবৎ পুনঃ" এই পুরুষসূক্তাংশের অর্থ বলিতেছেন] অপরঃ (সন্তান উৎপাদনকারী) অবৃহদ্ব্রতঃ (ব্রহ্মচর্য্যব্রতরহিত) গৃহমেধঃ (গৃহী) অন্তঃ তু (ত্রিলোকের মধ্যেই অবস্থান করে)॥ ১৯ ॥

অনুবাদ

পণ্ডিতগণ বলিয়া থাকেন। ভূরাদিলোকের উপরিতন যে মহলোক তাহারও উপরিতন জন, তপঃ ও সত্যলোকে যথাক্রমে অমৃত, ক্ষেম ও অভয় নিহিত আছে। অর্থাৎ জনলোকে অমৃত, তপোলোকে ক্ষেম ও সত্যলোকে অভয় নিহিত আছে। ইহাদের সকলেরই পুনরাবৃত্তি হইয়া থাকে। সত্যলোকবাসীরও পুনরাবৃত্তি হইয়া থাকে। [বিস্তৃত বিবরণ টীকায় দেখুন]॥ ১৮ ॥

["ত্রিপাদূর্দ্ধ উদৈৎ পুরুষঃ পাদোঽস্যেহাভবৎ পুনঃ" এই পুরুষসূক্তাংশের অর্থ প্রকাশ করা হইতেছে] প্রজারূপে যাঁহারা জন্মগ্রহণ করেন না, তাদৃশ ঊর্দ্ধরেতা নৈষ্ঠিক ব্রহ্মচারী, বানপ্রস্থ ও সন্ন্যাসিগণের যে স্ব স্ব আশ্রমধর্ম্মের ফলভোগভূমিরূপ লোকত্রয় আছে, সেই লোকত্রয় ভূরাদি লোকত্রয়ের বাহিরে অবস্থিত আছে। আর যাহারা সন্তান উৎপাদন করে, তাদৃশ ব্রহ্মচর্য্যব্রতরহিত গৃহী এই ত্রিলোকের মধ্যেই অবস্থান করে॥ ১৯ ॥

টীকা

মোক্ষপ্রদত্বং কর্ম্মফলানপেক্ষত্বঞ্চ ভগবতো দর্শয়ন্ "উতামৃতত্বস্যেশানো যদন্নেনাতিরোহতী"ত্যস্যার্থমাহ—সোঽমৃতস্যেতি। সঃ পুমান্ ন বিদ্যতে ভয়ং যতস্তস্যাভয়স্যামৃতস্য মোক্ষস্য ঈশঃ মোক্ষদানে স এব সমর্থঃ ইত্যর্থঃ; "মুক্তিপ্রদাতা সর্ব্বেষাং বিষ্ণুরেব ন সংশয়" ইতি স্মৃত্যন্তরাচ্চ। যৎ যস্মাৎ মর্ত্ত্যং জীবানুরূপমনিত্যং অন্নং ভোগ্যং কর্ম্মফলং অত্যগাৎ অতিক্রান্তবান্ কর্ম্মফলভোক্তারো জীবাঃ, তন্নিয়ন্তা পরমাত্মা কর্ম্মফলানপেক্ষ ইত্যর্থঃ। "দ্বা সুপর্ণা সযুজা সখায়া সমানং বৃক্ষং পরিষস্বজাতে তয়োরন্যঃ পিপ্পলং স্বদ্বত্ত্যনশ্নন্নোঽভিচাকশীতি" শ্রুতেঃ। "তেনেদমাবৃতং বিশ্বং বিতস্তিমধিতিষ্ঠতী"ত্যনেনোক্তস্য বিশ্বান্তর্বহিরবস্থিতস্য "সোঽমৃতস্যাভয়স্যেশ" ইত্যাদিনোক্তং মোক্ষপ্রদত্বং কর্ম্মফলানপেক্ষত্বং চ কুতঃ স্যাদিত্যাশঙ্ক্য তদ্দার্ঢ্যায় "এতাবানস্য মহিমা ততো জ্যায়াংশ্চ পুরুষ" ইত্যস্যার্থমাহ মহিমেতি। হে ব্রহ্মন্ নারদ! বন্ধবিমোচকত্বং কর্ম্মফলাস্পৃষ্টত্বাদি ইত্যেব পুরুষস্য মহিমা। ততঃ

স্মৃতী বিচক্রমে বিষ্বঙ্ সাশনানশনে উভে।
যদবিদ্যা চ বিদ্যা চ পুরুষস্তূভয়াশ্রয়ঃ ॥ ২০ ॥

অন্বয়

["ততো বিষ্বঙ্" এই পুরুষসূক্তাংশের অর্থ প্রকাশ করিতেছেন]—বিষ্বঙ্ (ক্ষেত্রজ্ঞ অর্থাৎ জীব) সাশনানশনে (ভোগপ্রাপ্তি ও মোক্ষপ্রাপ্তির সাধনরূপ) উভে স্মৃতী (উভয় মার্গে অর্থাৎ ধূমাদিমার্গ ও অর্চ্চিরাদিমার্গে) বিচক্রমে (বিচরণ করিয়া থাকেন)। [মার্গদ্বয়প্রাপ্তির সাধন বলিতেছেন]—যৎ (যেই মার্গদ্বয়ের) অবিদ্যা চ বিদ্যা চ (অবিদ্যা—কর্ম্ম, বিদ্যা—ভগবদুপাসনাদি, এই দুইটি যথাক্রমে ধূমাদি ও অর্চ্চিরাদি মার্গের সাধন হইয়া থাকে); [একই পুরুষ, অবস্থা ভেদে মার্গদ্বয়ের অধিকারী হইয়া থাকেন, ইহাই বলিতেছেন]—পুরুষঃ তু উভয়াশ্রয়ঃ (এক ক্ষেত্রজ্ঞ জীবই উভয় পথ আশ্রয় করেন) ॥ ২০ ॥

অনুবাদ

জীব ভোগ ও মোক্ষপ্রাপ্তির সাধনরূপ উভয় মার্গে অর্থাৎ ধূমাদিমার্গে ও অর্চ্চিরাদিমার্গে বিচরণ করিয়া থাকেন। সেই ধূমাদিমার্গের সাধন অবিদ্যা অর্থাৎ কর্ম্ম, অর্চ্চিরাদিমার্গের সাধন বিদ্যা অর্থাৎ উপাসনাদি ; একই পুরুষ অবস্থা বিশেষে মার্গদ্বয়ের অধিকারী হইয়া থাকেন ॥ ২০ ॥

টীকা

তস্মাদ্ধেতো দুরত্যয়ঃ অপারঃ জ্যায়ানিত্যর্থঃ পুরুষ ইতি শেষঃ। "অসে।"তি মন্ত্রস্য পদস্য পুরুষস্যেতি ব্যাখ্যা জ্যায়ানিতি। পদস্য দুরত্যয় ইতি ব্যাখ্যা ; পুরুষ ইতি বিশেষ্যপদন্তু মন্ত্রাদেবাধ্যাহৃত্য যোজ্যম্ ॥ ১৭ ॥ জ্যায়স্ত্বমেব দর্শয়ন্ "পাদোঽস্য বিশ্বা ভূতানী"ত্যস্যার্থমাহ পদেষি্তি। তিষ্ঠন্ত্যত্রেতি স্থিতয়ো ভূরাদয়ো লোকাঃ তে পাদা ইব পাদাঃ অংশাঃ যস্য সঃ স্থিতিপাৎ, তস্য স্থিতিপদঃ ভূরাদিলোকপদঃ পুংসঃ পাদেষু ভূরাদিলোকেষু সর্ব্বভূতানি বিদুঃ। মন্ত্রে তু পাদ ইতি জাতাবেক-বচনম্। "পাদোঽস্য বিশ্বাভূতানি" ইতি সামানাধিকরণ্যঞ্চ ভগবৎপাদাভিন্নতয়া মন্ত্রেণোক্তেষু ভূতেষু স্পর্দ্ধারূপাদিকং ন কর্ত্তব্যমিত্যভিপ্রায়েণ বোধ্যম্। আশ্রমধর্ম্মাঃ দ্বিবিধাঃ, পুনরাবৃত্তিলোকপ্রাপকাঃ পরমপদপ্রাপকাশ্চ, তে চ শ্রীপরাশরেণ "প্রাজাপত্যং ব্রাহ্মণানা"মিত্যারভ্য "ব্রাহ্মং সন্ন্যাসিনাং স্মৃতমি"ত্যন্তেন পুনরাবৃত্তিলোকপ্রাপকাঃ, "একান্তিনঃ সদা ব্রহ্মধ্যায়িনো যোগিনো হি যে। তেষাং তৎ পরমং স্থানং যদ্বৈ পশ্যন্তি সূরয়ঃ" ॥ ইত্যনেন পরমপদপ্রাপকাশ্চ প্রদর্শিতাঃ। ততঃ পুনরাবৃত্তি-লোকপ্রাপকানামাশ্রমধর্ম্মানাং ফলং দর্শয়ন্ "ত্রিপাদস্যামৃতং দিবী"ত্যস্যার্থং দর্শয়তি—অস্য পুরুষ-সূক্তোদিতস্য পুরুষস্য সম্বন্ধি ত্রিপাৎ ত্রিবিধং অমৃতং স্বর্গসুখাপেক্ষয়া নিত্যং সুখং দিবি জনাদিত্রিকে অস্তীতি শ্রুত্যর্থঃ। এতদেবাহ—ত্রয়াণাং ভূরাদীনাং মূর্দ্ধা মহর্লোকঃ তন্মূর্দ্ধানো জনাদয়ো লোকাঃ। তেষু একৈকক্রমেণামৃতং ক্ষেমমভয়মধায়ি নিহিতম্। তথাহি—জনলোকে অমৃতং নৈষ্ঠিকব্রহ্মচারি-ধর্ম্মসাধ্যং সুখম্। ত্রিলোক্যপেক্ষয়া স্থিরত্বাচ্চিরজীবিভোগ্যম্। শ্রীকুমারাস্তু তত্র মুমুক্ষুজনানুগ্রহায় স্থিতাঃ যথা শ্বেতদ্বীপে অনিরুদ্ধঃ। নতু কর্ম্মফলভোগায় ইত্যন্যত্র বিস্তরঃ। তপোলোকে ক্ষেমং নিহিতং "ত্রিলোক্যাং দহ্যমানায়াং শক্ত্যা সঙ্কর্ষণাগ্নিনা। যান্ত্যমূনা মহর্লোকাজ্জনং ভৃগ্বাদয়োঽর্দ্দিতা" ইতি বক্ষ্যমাণরীত্যা ভৃগ্বাদিগমনেন জনলোকে অক্ষেমদর্শনমস্তি, তপোলোকে তস্যাপ্যভাবাৎ, সত্যেঽভয়ং

যস্মাদণ্ডং বিরাড্‌জজ্ঞে ভূতেন্দ্রিয়গুণাত্মকঃ।
তদ্দ্রব্যমত্যগাদ্বিশ্বং গোভিঃ সূর্য্য ইবাতপন্‌ ॥ ২১ ॥

অন্বয়

["তস্মাদ্বিরাড়জায়ত" এই পুরুষসূক্তাংশের অর্থ প্রকাশ করিতেছেন]—যস্মাৎ (যেই পরমেশ্বর হইতে) অণ্ডং (ব্রহ্মাণ্ড) জজ্ঞে (জন্মিয়াছে), [সেই ব্রহ্মাণ্ডই] ভূতেন্দ্রিয়গুণাত্মকঃ বিরাট্‌ (ভূত, ইন্দ্রিয় ও গুণাত্মক সেই বিরাট্‌পুরুষের দেহ)। গোভিঃ (স্বীয় কিরণের দ্বারা) [জগৎকে] আতপন্‌ (উদ্ভাসিত করিয়া) সূর্য্যঃ ইব (সূর্য্য যেমন স্বমণ্ডলকে প্রকাশিত করিয়া অবস্থান করেন), [সেই রূপ পরমেশ্বর] তৎ বিশ্বং দ্রব্যং (সেই সকল দ্রব্যই) [স্বীয় তেজে উদ্ভাসিত করিয়া] অত্যগাৎ (ব্রহ্মাণ্ডের অতীত অবস্থায়ও প্রকাশিত হইয়া অবস্থান করিতেছেন) ॥ ২১ ॥

অনুবাদ

পরমেশ্বর হইতে ব্রহ্মাণ্ড উৎপন্ন হইয়াছে; সেই ব্রহ্মাণ্ডই ভূত, ইন্দ্রিয় ও গুণাত্মক বিরাট্‌পুরুষের দেহ। সূর্য্য যেমন কিরণের দ্বারা জগৎকে উদ্ভাসিত করিয়া স্বমণ্ডলকেও প্রকাশিত করিয়া অবস্থান করেন, সেইরূপ পরমেশ্বর স্বীয় তেজের দ্বারা ব্রহ্মাণ্ডকে উদ্ভাসিত করিয়া সেই ব্রহ্মাণ্ডের অতীত অবস্থায়ও প্রকাশিত হইয়া অবস্থান করিতেছেন ॥ ২১ ॥

টীকা

ত্রয়োদশলোকসুখাভিমানিকৃতপরাভবাভাবঃ। তপোলোকে তু অভয়ং ন, সত্যস্থভূতকৃতভয়সম্ভবাৎ সত্যস্থানামপি পুনরাবৃত্তিঃ। "আব্রহ্মভুবনাল্লোকা পুনরাবৃত্তিনোঽর্জ্জুন" ইতি ভগবতোক্তো ব্রহ্মা চ তত্র লোকহিতায়ৈবাস্তে। তস্য ভগবৎপুত্রত্বেন পাতানর্হত্বাদিত্যলং বিস্তরেণ ॥ ১৮ ॥ এতদেব ত্রৈবিধ্যমুপপাদয়ন্‌ "ত্রিপাদূর্দ্ধ উদৈৎ পুরুষ" ইত্যস্যার্থমাহ ত্রয়ো জনতপঃসত্যাখ্যাঃ পাদা ইব পাদা অংশাঃ যস্য সঃ, ত্রিপাৎপুরুষঃ নৈষ্ঠিকবানপ্রস্থসন্ন্যাসিধর্ম্মফলদঃ স ঊর্দ্ধলোকত্রয়ে তেন পাদত্রয়াখ্যেনাংশেনোদৈৎ উপস্থিতঃ ইতি শ্রুত্যর্থঃ। এতদেবাহ ন প্রজায়তে পুত্রাদিরূপেণ ইত্যপ্রজা ঊর্দ্ধরেতসঃ নৈষ্ঠিকবানপ্রস্থসন্ন্যাসিনঃ, তেষাং যে আশ্রমা বাসস্থানানি স্বাশ্রমধর্ম্মফলভোগভূময়ঃ তে ত্রিলোক্যা বহিঃ আসন্‌। চতুর্থং পাদং গৃহস্থাশ্রমধর্ম্মফলভোগায়তনভূতং দর্শয়ন্‌ "পাদোঽস্যেহাভবৎ পুনঃ" ইত্যস্যার্থমাহ অন্ত ইতি। অস্য পুরুষস্য ইহ ভূরাদিরূপঃ পাদঃ অংশঃ অভবদিতি শ্রুত্যর্থঃ। অপরঃ অপ্রজেভ্যঃ অন্যঃ সপ্রজঃ, কথম্ভূতঃ? অবৃহদ্ব্রতঃ ব্রহ্মচর্য্যব্রতরহিতঃ। গৃহমেধঃ গৃহে এব মেধো যজ্ঞো যস্য সঃ ত্রিলোক্যাঃ চতুর্থপাদভূতায়াঃ অন্তর্মধ্যে এব গৃহস্থঃ ত্রিলোক্যামেব স্বাশ্রমধর্ম্মফলং অল্পকালস্থায়ি স্বর্গ্যং সুখং প্রাপ্নোতীত্যর্থঃ। বর্ণধর্ম্মাণামপি এষা এব গতিরিতি বোধ্যম্‌ ॥ ১৯ ॥

এবং দ্বিতীয়স্কন্ধস্য প্রথমাধ্যায়মারভ্য অবৃহদ্ব্রত ইত্যন্তে গ্রন্থে উপাদেয়ত্বেন মুমুক্ষ্বধিকারঃ "তস্মাদ্ভারত সর্ব্বাত্মা ভগবান্‌ হরিরীশ্বরঃ। শ্রোতব্য" ইত্যাদিনা বিস্তরতঃ প্রতিপাদিতঃ। হেয়ত্বেন বুভুক্ষ্বধিকারশ্চ "শ্রোতব্যাদীনি রাজেন্দ্র! নৃণাং সন্তি সহস্রশঃ" ইত্যাদিনা বিস্তরতঃ প্রতিপাদিতঃ। স্বতী চ উভয়াধিকারিবিষয়ে "এতে স্বতী তে নৃপ! বেদগীতে" ইত্যনেনোপপাদিতে ফলে চোভয়াধিকারিযোগ্যে "তেনাত্মনাত্মানমুপৈতি শান্তমানন্দমানন্দময়োঽবসানে" "পাদেষু সর্ব্বভূতানী"তি শ্লোকদ্বয়েন চ বর্ণিতে, তত্র আনন্দপ্রাপ্তিরূপমর্চ্চিরাদিমার্গেণ গতস্য মুমুক্ষোঃ ভূরাদিসত্যান্তলোকেষু স্বর্গ্যামৃতক্ষেমাভয়াখ্যানি ফলানি ধূমমার্গেণ গতানাং বুভুক্ষূণাম্‌ ইতি বিবেকঃ। স চাধিকারভেদঃ একস্যৈবাবস্থা-

যদাস্য নাভ্যান্নলিনাদহমাসং মহাত্মনঃ।
নাবিদং যজ্ঞসম্ভারান্ পুরুষাবয়বান্‌তে ॥ ২২ ॥
তেষু যজ্ঞস্য পশবঃ সবনস্পতয়ঃ কুশাঃ।
ইদঞ্চ দেবযজনং কালশ্চোরুগুণান্বিতঃ ॥ ২৩ ॥

অন্বয়

[সেই ভগবান্ আমারও পিতা এবং আমাদের সেব্য, ইহাই বলিবার জন্য "যৎপুরুষেণ হবিষে"ত্যাদি পুরুষসূক্তাংশের অর্থ প্রকাশ করিতেছেন]—যদা (যখন) অহং (আমি) অস্য মহাত্মনঃ (এই বিরাট্‌পুরুষের) নাভ্যাৎ নলিনাৎ (নাভিকমল হইতে) আসম্ (হইয়াছিলাম) [এবং যখন] পুরুষাবয়বাৎ ঋতে (মহাপুরুষের অবয়বভিন্ন) যজ্ঞসম্ভারান্ (যজ্ঞসাধন দ্রব্যসমূহ) ন অবিদম্ (দেখিতে পাইলাম না) ॥ ২২ ॥

সত্তম! (হে সজ্জনশ্রেষ্ঠ! নারদ!) (তখন) তেষু (সেই পুরুষাবয়ব সমূহ আমার দৃষ্টিগোচর হইলে) পুরুষাবয়বৈঃ (সেই পুরুষাবয়ব সমূহ হইতে) ময়া (আমাকর্ত্তৃক) যজ্ঞস্য (যজ্ঞের) পশবঃ (পশু), সবনস্পতয়ঃ কুশাঃ (যূপবৃক্ষের সহিত কুশ) ইদং দেবযজনং চ (ও এই যজ্ঞস্থান), উরুগুণান্বিতঃ (এবং বহুগুণযুক্ত) কালঃ চ (বসন্তাদি কাল), বস্তূনি (যজ্ঞপাত্র), ওষধয়ঃ (ব্রীহিপ্রভৃতি), স্নেহাঃ (ঘৃত প্রভৃতি), রসলোহমৃদঃ (সোমাদিরস, সুবর্ণ, মৃত্তিকা), জলম্ (জল), ঋচঃ, যজুংষি, সামানি (ঋক্, যজুঃ ও সামমন্ত্রসমূহ), চাতুর্হোত্রং (চতুর্ব্বেদোক্ত হোতৃসাধ্য কর্ম্ম),

অনুবাদ

ব্রহ্মা বলিলেন—হে নারদ! যখন আমি এই বিরাট্‌পুরুষের নাভিকমল হইতে জন্মিয়াছিলাম এবং যখন এই মহাপুরুষের অবয়ব ব্যতীত যজ্ঞসাধন দ্রব্যসমূহ আমি আর দেখিতে পাইলাম না ॥ ২২ ॥

হে সজ্জনশ্রেষ্ঠ নারদ! তখন কেবল মাত্র পুরুষাবয়ব সমূহই আমার দৃষ্টিগোচর হইলে সেই পুরুষাবয়ব সমূহ হইতেই আমি যজ্ঞের পশু, যূপবৃক্ষ, কুশ, এই যজ্ঞভূমি, বহু গুণসমন্বিত বসন্তাদি কাল, যজ্ঞপাত্র, ব্রীহিপ্রভৃতি, ঘৃতপ্রভৃতি, সোমাদিরস, সুবর্ণ, মৃত্তিকা, জল, ঋক্, যজুঃ ও সামমন্ত্রসমূহ, চতুর্ব্বেদীয় হোতৃসাধ্য কর্ম্ম,

টীকা

ভেদেন জ্ঞেয়ঃ। তথা চ শ্রুতিঃ "তং বিদ্যাকর্ম্মণী সমন্বারভেতে" ইতি। তং পুরুষং বিদ্যাকর্ম্মণী ভুক্তিমুক্তিসাধনে অবস্থাভেদেন সম্যক্ অন্বারভেতে সঙ্গতে ভবতঃ, জাতায়াং মুমুক্ষায়াং বিদ্যা সঙ্গতা ভবতি, বুভুক্ষায়াং তু জাতায়াং কর্ম্মসঙ্গতং ভবতীতি শ্রুত্যর্থঃ। এতদেব দর্শয়ন্ "ততো বিশ্বগি"ত্যস্যার্থমাহ স্মৃতীতি। বিবিধং স্রষ্টুং অঞ্চতীতি বিষ্বঙ্ ক্ষেত্রজ্ঞঃ সৃতী ধূমাদ্যর্চ্চিরাদিমার্গৌ, কথম্ভূতে সৃতী? সাশনানশনে ভোগমোক্ষপ্রাপ্তিসাধনভূতে বিচক্রমে চলতিস্ম। মার্গদ্বয়প্রাপ্তৌ সাধনদ্বয়মাহ—যদবিদ্যা চ বিদ্যা চেতি। যং যয়োঃ সৃত্যোঃ ক্রমেণ অবিদ্যা কর্ম্মলক্ষণা "অবিদ্যাকর্ম্মসংজ্ঞান্যে"তি বাক্যাৎ বিদ্যা সম্বেদনোপাসনাদ্যপরপর্য্যায়রূপা চ ক্রমেণ সাধন ইত্যর্থঃ। অধিকারী তু অবস্থাভেদেন এক এব ইত্যাহ পুরুষস্তু ভয়াশ্রয় ইতি ॥ ২০ ॥

বস্তূন্যোষধয়ঃ স্নেহা রসলোহমৃদো জলম্।
ঋচো যজূংষি সামানি চাতুর্হোত্রঞ্চ সত্তম ! ॥ ২৪ ॥
নামধেয়ানি মন্ত্রাশ্চ দক্ষিণাশ্চ ব্রতানি চ।
দেবতানুক্রমঃ কল্পঃ সঙ্কল্পস্তন্ত্রমেব বা ॥ ২৫ ॥
গতয়ো মতয়শ্চৈব প্রায়শ্চিত্তং সমর্পণম্।
পুরুষাবয়বৈরেতে সম্ভারা সম্ভৃতা ময়া ॥ ২৬ ॥

অন্বয়

নামধেয়ানি (জ্যোতিষ্টোম প্রভৃতি নাম), মন্ত্রাঃ চ (স্বাহা প্রভৃতি মন্ত্র), দক্ষিণাঃ চ (দক্ষিণা), ব্রতানি চ (জলভক্ষণাদিরূপ ব্রতসমূহ), দেবতানুক্রমঃ (দেবতাগণের উদ্দেশ), কল্পঃ (প্রয়োগবিধি), সঙ্কল্পঃ (কর্ত্তব্যতাবিষয়ক মানসিকব্যাপার), তন্ত্রং এব চ (অনুষ্ঠানপ্রকার), গতয়ঃ (বিষ্ণুপরিক্রমাদি), মতয়ঃ (ধ্যানাদি), প্রায়শ্চিত্তং সমর্পণম্ এব চ (প্রায়শ্চিত্ত ও কৃতকর্ম্মের ভগবানে সমর্পণ) এতে সম্ভারাঃ (এই সকল যজ্ঞোপকরণ) সম্ভৃতাঃ (সংগৃহীত হইয়াছে)॥ ২৩—২৬ ॥

অনুবাদ

জ্যোতিষ্টোম প্রভৃতি নাম, স্বাহা প্রভৃতি মন্ত্র, দক্ষিণা, ব্রতসমূহ, দেবতাগণের উদ্দেশ, প্রয়োগ-বিধি, সঙ্কল্প, অনুষ্ঠানপ্রকার, বিষ্ণুপরিক্রমাদি, ধ্যানাদি, প্রায়শ্চিত্ত ও কৃতকর্ম্মের ভগবানে সমর্পণ, এই সকল যজ্ঞোপকরণ সংগ্রহ করিয়াছি ॥ ২৩—২৬ ॥

টীকা

জীবস্য বিদ্যাবিদ্যাশ্রয়স্য ভোগাপবর্গার্হত্বেন উপাসকত্বং দ্যোতিতম্। ভগবতঃ সর্ব্বকারণত্বাদিগুণনিধে-র্ভুক্তিমুক্তিপ্রদত্তেন উপাস্যত্বং দ্যোতয়ন্ "তস্মাদ্বিরাড়জায়ত" ইত্যস্যার্থমাহ—যস্মাৎ পরমেশ্বরাৎ অণ্ডং ব্রহ্মাণ্ডং জজ্ঞে, তদেব ভূতেন্দ্রিয়গুণাত্মকঃ বিরাট্‌পুরুষদেহঃ স পরমেশ্বরঃ তদ্বিশ্বং সর্ব্বং দ্রব্যমত্যগাৎ অতিক্রান্তবান্। তত্র দৃষ্টান্তমাহ গোভিঃ সূর্য্যঃ স্বধিষ্ণ্যং প্রতপন্ যথা বহিশ্চ প্রতপতি তদ্বৎ ॥ ২১ ॥ স এব মমাপি জনকঃ অস্মদাদিভিঃ সেব্য ইতি দর্শয়ন্ "যৎ পুরুষেণ হবিষে"ত্যাদি মন্ত্রার্থং সংগৃহ্য দর্শয়তি যদেত্যাদিনা। অস্য মহাত্মনঃ বিরাড্‌দেহাভিমানিনঃ আত্মনঃ ক্ষেত্রজ্ঞস্য মম স্বামিত্বান্মহাত্মা পুরুষাবতারঃ প্রস্তুতস্তস্য নাভৌ ভবং নাভ্যং, তস্মান্নলিনাৎ কমলাদহং চতুরাননঃ যদা আসম্ অভবম্, যদা চ পুরুষাবয়বাদৃতে যজ্ঞস্য সম্ভারান্ সাধনানি নাবিদম্ নাপশ্যম্ ॥ ২২ ॥ তদা তেষু এব পুরুষাবয়বেষু দৃশ্যমানেষু সৎসু তৈরেব পুরুষাবয়বৈরেতে সম্ভারাঃ সম্ভৃতা ময়েতি চতুর্থেনান্বয়ঃ। বনস্পতয়ো যূপাদ্যাঃ ইদম্ অক্ষিগোচরম্, দেবাঃ ইজ্যন্তে অস্মিন্নিতি দেবযজনং যজ্ঞস্থলম্, কালো যজ্ঞার্হবসন্তাদিঃ ॥ ২৩ ॥ বস্তূনি পাত্রাদীনি, ওষধয়ঃ পুরোডাশাদ্যর্থা ব্রীহ্যাদ্যাঃ, স্নেহঃ আজ্যাদিঃ, রসঃ সোমাদিরসঃ, লোহঃ সুবর্ণাদিঃ, মৃদঃ, চাতুর্হোত্রং চতুর্হোতৃসংস্কৃতৈর্মন্ত্রৈঃ প্রকাশ্যং কর্ম্ম ॥ ২৪ ॥ নামধেয়ানি জ্যোতিষ্টোমাদীনি, ঋগাদিনামুক্তত্বাৎ মন্ত্রা ইতি স্বাহাকারাদয়ঃ, দক্ষিণাশ্চ, ব্রতানি পয়োভক্ষণাদীনি, দেবতানামনুক্রমঃ উদ্দেশঃ, কল্পঃ প্রয়োগবিধিঃ, সঙ্কল্পঃ কর্ত্তব্যতাসঙ্কল্পঃ, তন্ত্রং ক্রিয়াপ্রকারঃ ॥ ২৫ ॥ গতয়ো বিষ্ণুক্রমাদ্যাঃ, মতয়ো দেবতাধ্যানানি, প্রায়শ্চিত্তং কৈবল্যসমাধানম্, সমর্পণং কৃতস্য ভগবতি সমর্পণম্,

ইতি সম্ভৃতসম্ভারঃ পুরুষাবয়বৈরহম্।
তমেব পুরুষং যজ্ঞং তেনৈবাযজমীশ্বরম্ ॥ ২৭ ॥
ততস্তে ভ্রাতর ইমে প্রজানাং পতয়ো নব।
অযজন্ ব্যক্তমব্যক্তং পুরুষং সুসমাহিতাঃ ॥২৮॥
ততশ্চ মনবঃ কালে ঈজিরে ঋষয়োঽপরে।
পিতরো বিবুধা দৈত্যা মনুষ্যাঃ ক্রতুভির্বিভুম্ ॥ ২৯ ॥

অন্বয়

ইতি (এই প্রকার) পুরুষাবয়বৈঃ (পুরুষাবয়বের দ্বারা) সম্ভৃতসম্ভারঃ অহং (যজ্ঞোপকরণ সংগ্রহ করিয়া আমি) তং এব (সেই) ঈশ্বরং পুরুষং (পরমেশ্বর পদ্মনাভ) যজ্ঞং (বিষ্ণুকে) তেনৈব (সেই যজ্ঞের দ্বারাই) অযজম্ (পূজা করিয়াছিলাম) ॥ ২৭ ॥

["তেন দেবা অযজন্ত" ইত্যাদি পুরুষসূক্তের অর্থ প্রকাশ করিতেছেন]—ততঃ (অনন্তর) প্রজানাং পতয়ঃ (প্রজাদিগের পতি) তে (তোমার) ইমে নব ভ্রাতরঃ (এই মরীচ্যাদি নব ভ্রাতৃগণ) সুসমাহিতাঃ (একাগ্রচিত্ত হইয়া) ব্যক্তং (ইন্দ্রাদিরূপে প্রকটিত) অব্যক্তং (স্বয়ং অপ্রকটিত) পুরুষং (পরমপুরুষকে) অযজন্ (পূজা করিয়াছিলেন) ॥ ২৮ ॥

ততঃ (অনন্তর) মনবঃ (চতুর্দ্দশ মনু), অপরে ঋষয়ঃ (অপরাপর মুনিগণ), পিতরঃ (অর্য্যমাদি পিতৃগণ), বিবুধাঃ (ইন্দ্রাদি দেবতাগণ), দৈত্যাঃ (দানবগণ) মনুষ্যাশ্চ (ও মনুষ্যগণ) কালে (স্ব স্ব অধিকারকালে) ক্রতুভিঃ (যজ্ঞের দ্বারা) বিভুং (সর্ব্বব্যাপী সেই বিষ্ণুকে) ঈজিরে (পূজা করিয়াছিলেন) ॥ ২৯ ॥

অনুবাদ

এই প্রকারে বিরাট্‌পুরুষের অবয়বের দ্বারা যজ্ঞোপকরণ সংগ্রহ করিয়া আমি সর্ব্ব-নিয়ন্তা পদ্মনাভ বিষ্ণুকে সেই যজ্ঞের দ্বারাই পূজা করিয়াছিলাম ॥ ২৭ ॥

অনন্তর প্রজাগণের পতি তোমার মরীচ্যাদি নব ভ্রাতৃগণ একাগ্রচিত্ত হইয়া ইন্দ্রাদিরূপে প্রকটিত এবং কখনও বা স্বয়ং অপ্রকটিত সেই পরমপুরুষকে পূজা করিয়াছিলেন ॥ ২৮ ॥

অনন্তর চতুর্দ্দশ মনু এবং অপরাপর মুনিগণ, পিতৃগণ, দেবগণ, দৈত্যগণ ও মনুষ্যগণ স্ব স্ব অধিকারকালে যজ্ঞের দ্বারা সেই সর্ব্বব্যাপী বিষ্ণুকে পূজা করিয়াছিলেন ॥২৯॥

টীকা

সম্ভৃতাঃ সম্পাদিতাঃ ॥ ২৬ ॥ ইত্যেবং সম্ভৃতাঃ সম্পাদিতাঃ সম্ভারা যেন সোঽহং তমেব পুরুষং পদ্মনাভং যজ্ঞং বিষ্ণুং তেনৈব যজ্ঞেনৈব অযজম্ পূজিতবানস্মি। অনেন "যজ্ঞেন যজ্ঞময়জন্তে"তি মন্ত্র উপবৃংহিতঃ ॥২৭॥ "তেন দেবা অযজন্ত সাধ্যা যে ঋষয়শ্চ যে" ইত্যস্যার্থমাহ—তত ইতি দ্বাভ্যাম্। নব মরীচ্যাদয়ঃ, ব্যক্তমিন্দ্রাদিরূপেণ, অব্যক্তং স্বতঃ, অযজন্ পূজিতবন্তঃ ॥ ২৮ ॥ মনবশ্চতুর্দ্দশ, কালে স্বস্বাবসরে,

নারায়ণে ভগবতি তদিদং বিশ্বমাহিতম্।
গৃহীতমায়োরুগুণঃ সর্গাদাবগুণঃ স্বতঃ ॥ ৩০ ॥
সৃজামি তন্নিযুক্তোঽহং হরো হরতি তদ্বশঃ।
বিশ্বং পুরুষরূপেণ পরিপাতি ত্রিশক্তিধৃক্ ॥ ৩১ ॥

অন্বয়

[জগতের অধিষ্ঠান কি? এই প্রশ্নের উত্তর দিতেছেন]—স্বতঃ [যঃ] অগুণঃ (স্বভাবতঃ যিনি নির্গুণ অর্থাৎ প্রাকৃতগুণশূন্য হইয়া) সর্গাদৌ (সৃষ্টি প্রভৃতি বিষয়ে) গৃহীতমায়োরুগুণঃ (স্বশক্তি-ভূতা মায়ার গুণসমূহ ধারণ করিয়া থাকেন), তৎ [তস্মিন্] ভগবতি নারায়ণে (সেই ভগবান্ নারায়ণে) ইদং বিশ্বং (এই জগৎ) আহিতম্ (সম্যক্‌রূপে অবস্থিত আছে) ॥ ৩০ ॥

অহং (রজোগুণাবলম্বী আমি) তন্নিযুক্তঃ (সেই নারায়ণকর্ত্তৃক নিযুক্ত হইয়া) বিশ্বং সৃজামি (জগৎ সৃষ্টি করিয়া থাকি); হরঃ (তমোগুণাবলম্বী মহাদেব) তদ্বশঃ (তাঁহার বশবর্ত্তী হইয়া) বিশ্বং হরতি (জগৎ সংহার করিয়া থাকেন); ত্রিশক্তিধৃক্ (এবং ত্রিগুণা স্বশক্তিভূতা প্রকৃতিকে অবলম্বন করিয়া) [সেই পরমপুরুষ] পুরুষরূপেণ (বিষ্ণুরূপে) বিশ্বং পরিপাতি চ (জগৎ পালন করিয়া থাকেন) ॥ ৩১ ॥

অনুবাদ

স্বভাবতঃ যিনি প্রাকৃতগুণরহিত হইয়া সৃষ্টি প্রভৃতি কার্য্যবিষয়ে স্বশক্তি-ভূতা মায়ার গুণসমূহ ধারণ করিয়া থাকেন, সেই ভগবান্ নারায়ণে এই জগৎ সম্যক্‌রূপে অবস্থিত আছে ॥ ৩০ ॥

রজোগুণাবলম্বী আমি সেই নারায়ণকর্ত্তৃক নিযুক্ত হইয়াই জগৎ সৃষ্টি করিয়া থাকি ও তমোগুণাবলম্বী মহাদেব তাঁহার বশবর্ত্তী হইয়া জগৎ সংহার করিয়া থাকেন এবং তিনি স্বয়ং স্বশক্তিভূতা ত্রিগুণা প্রকৃতিকে অবলম্বন করিয়া বিষ্ণুরূপে জগৎ পালন করিয়া থাকেন ॥ ৩১ ॥

টীকা

বিভুং বিষ্ণুম্ ॥ ২৯ ॥ যদধিষ্ঠানমিত্যেতৎপ্রশ্নস্যোত্তরার্থমুপসংহরতি—নারায়ণ ইতি। স্বতো যোঽগুণঃ প্রাকৃতগুণশূন্যঃ সর্গাদৌ গৃহীতাঃ মায়ায়াঃ স্বশক্তিভূতায়াঃ গুণা যেন তস্মিন্, ইদং বিশ্বমাহিতং সংস্থিতম্ ॥৩০॥ এতদেব বিবৃণোতি—রজসা যুক্তঃ তেন নারায়ণেন নিযুক্তঃ অহং সৃজামি, তমসা যুক্তঃ তদ্বশঃ হরঃ হরতি সংহারং করোতি। স তু পুরুষরূপেণ পরিপাতি, ন চ কেবলং রজস্তমোঽধিষ্ঠাতৃভূতব্রহ্মহরনিয়ন্তৃত্বেনৈব তস্য শ্রেষ্ঠত্বম্, অপি তু নিখিলপ্রকৃতিস্বামিত্বেনাপীত্যাহ—ত্রিশক্তিধৃগিতি। ত্রিশক্তিঃ ত্রিগুণাপ্রকৃতি তদ্বক্, অতএবোক্তং প্রথমে স্কন্ধে "সত্ত্বং রজস্তম ইতি প্রকৃতের্গুণাস্তৈর্যুক্তঃ পরঃ পুরুষঃ এক ইহাস্য ধত্তে। স্থিত্যা-দয়ে হরিবিরিঞ্চিহরেতি সংজ্ঞাঃ শ্রেয়াংসি তত্র খলু সত্ত্বতনোর্নৃণাং স্যু"রিতি ॥৩১॥ "যদধিষ্ঠানমি"ত্যাদি-প্রশ্নানাং"যদাত্মকস্ত্বমি"ত্যাদিসর্ব্বপ্রশ্নানাং চ সামান্যতো যদুত্তরমুক্তং"বাসুদেবাৎ পরো ব্রহ্মন্ নচান্যোঽর্থোঽস্তি তত্ত্বতঃ" ইতি, "পুরুষ এবেদং সর্ব্বমি"তি শ্রুত্যা চ তদ্ দৃঢ়ীকৃতম্, তদুপসংহরতি—ইতীতি। ইদং সদসদাত্মকং স্থূলসূক্ষ্মাত্মকং ভগবতঃ সকাশাদন্যৎ পৃথক্ ন ভাব্যং নানুসন্ধেয়ম্। তৎকার্য্যত্বাৎ তদাধেয়ত্বাৎ তদধীন-

ইতি তেঽভিহিতং তাত ! যথেদমনুপৃচ্ছসি।
নান্যদ্ভগবতঃ কিঞ্চিদ্ভাব্যং সদসদাত্মকম্ ॥ ৩২ ॥
ন ভারতী মেঽঙ্গ ! মৃষোপলক্ষ্যতে ন বৈ ক্বচিন্মে মনসো মৃষা গতিঃ।
ন মে হৃষীকাণি পতন্ত্যসৎপথে যন্মে হৃদৌৎকণ্ঠ্যবতা ধৃতো হরিঃ ॥ ৩৩ ॥
সোঽহং সমাম্নায়ময়স্তপোময়ঃ প্রজাপতীনামভিবন্দিতঃ পতিঃ।
আস্থায় যোগং নিপুণং সমাহিত-স্তং নাধ্যগচ্ছং যত আত্মসম্ভবঃ ॥ ৩৪ ॥

অন্বয়

ইদং সদসদাত্মকং (এই স্থূলসূক্ষ্মাত্মক) কিঞ্চিৎ (যাহা কিছু সমস্তই) ভগবতঃ (ভগবান্ হইতে) অন্যৎ (পৃথক্‌রূপে) ন ভাব্যম্ (চিন্তা করিবে না)। তাত! (হে বৎস নারদ!) যথা অনুপৃচ্ছসি (যেমন তুমি জিজ্ঞাসা করিয়াছ), তে (তোমাকে) ইতি (সেই প্রকারে) অভিহিতম্ (সমস্তই আমি বলিলাম) ॥ ৩২ ॥

অঙ্গ! (হে বৎস নারদ!) যৎ (যেহেতু) মে (আমাকর্ত্তৃক) ঔৎকণ্ঠ্যবতা (উৎকণ্ঠিত) হৃদা (চিত্তে) হরিঃ ধৃতঃ (শ্রীহরি আরাধিত হইয়াছেন), [অতঃ] (অতএব) মে (আমার) ভারতী (বাক্য) মৃষা (মিথ্যা অর্থাৎ নিরর্থক) ন উপলক্ষ্যতে (হয় না); মে মনসঃ গতিঃ (আমার সঙ্কল্প) ক্বচিদ্ বৈ (কখনও) ন মৃষা (নিরর্থক হয় না); মে হৃষীকাণি (আমার ইন্দ্রিয় সকল) অসৎপথে ন পতন্তি (নিন্দিতবিষয়ে আকৃষ্ট হয় না) ॥ ৩৩ ॥

সঃ অহং (সেই সৃষ্টিকর্ত্তা আমি) সমাম্নায়ময়ঃ (বেদময়), তপোময়ঃ (তপোময়), প্রজাপতীনাং অভিবন্দিতঃ (প্রজাপতিগণ কর্ত্তৃক পূজিত) পতিঃ অপি (এবং সকলের প্রভু হইয়াও) সমাহিতঃ (সমাহিত

অনুবাদ

এই স্থূলসূক্ষ্মাত্মক যাহা কিছু সমস্তই ভগবান্ হইতে পৃথক্‌রূপে আছে বলিয়া কখনও চিন্তা করিবে না অর্থাৎ ভগবান্‌ই জগৎকারণ, ভগবানেই সমস্ত জগৎ অবস্থিত এবং ভগবদধীনই এই জগতের স্থিতি ও প্রবৃত্ত্যাদি; অতএব ভগবান্ হইতে জগৎ অভিন্নই জানিবে। তুমি আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলে, আমি তাহা তোমার নিকটে বর্ণনা করিলাম ॥ ৩২ ॥

হে বৎস নারদ! যেহেতু আমি উৎকণ্ঠিত চিত্তে ভগবান্ শ্রীহরিকে ধ্যান করিয়াছি; অতএব আমার বাক্য কখনও মিথ্যা হয় না, আমার সঙ্কল্প কখনও নিরর্থক হয় না এবং আমার ইন্দ্রিয় সকলও নিন্দিত বিষয়ে প্রবর্ত্তিত হয় না ॥ ৩৩ ॥

সেই প্রসিদ্ধ সৃষ্টিকর্ত্তা আমি বেদময়, তপোময়, প্রজাপতিগণকর্ত্তৃক পূজিত

টীকা

স্থিতিপ্রবৃত্তিমত্ত্বাচ্চ তদপৃথক্ত্বেনানুসন্ধেয়ম্ ইতি তে তুভ্যং যথা ত্বমনুপৃচ্ছসি তথাভিহিতং ময়া কথিতম্। অনেন সর্ব্বাত্মতয়া ভগবান্ ধ্যেয় ইত্যুপদিষ্টম্ ॥ ৩২ ॥ তদ্ধ্যানং তস্য স্বানুভবেন ফলঞ্চ দর্শয়তি—হে অঙ্গ! পুত্র! যৎ যতঃ মে ময়া ঔৎকণ্ঠ্যং ভক্ত্যুদ্রেকঃ তদ্‌যুক্তেন হৃদা হরিঃ ধৃতো ধ্যাতঃ। অতঃ মে মম ভারতী ভাষা মৃষা নিরর্থিকা ন লক্ষ্যতে ন দৃশ্যতে। মে মনসো গতিঃ বৃত্তিঃ মৃষা ক্বচিৎ কস্যাঞ্চিৎ অপি অবস্থায়াং ন ভবতি। হৃষীকাণি ইন্দ্রিয়াণি অসৎপথে নিন্দিতে বিষয়ে ন পতন্তি ॥ ৩৩ ॥ ধৃত

নতোঽস্ম্যহং তচ্চরণং সমীয়ুষাং ভবচ্ছিদং স্বস্ত্যয়নং সুমঙ্গলম্।
যো হ্যাত্মমায়াবিভবঞ্চ পর্য্যগাদ্-যথা নভঃ স্বান্তমথাপরে কুতঃ ? ॥৩৫॥

অন্বয়

চিত্তে) নিপুণং যোগম্ আস্থায় (কঠোর ধ্যানযোগ অবলম্বন করিয়া) যতঃ (যে ভগবান্ হইতে) আত্মসম্ভবঃ (আমার উৎপত্তি), তং (তাঁহাকে) ন অধ্যগচ্ছম্ (জানিতে পারি নাই)॥ ৩৪ ॥

[ভগবান্ই ভোগ ও মোক্ষ প্রদাতা, সর্ব্বজ্ঞ এবং মায়াধিপতি; অপর সকলেই সেই ভগবানের মায়ায় মোহিত, ইহাই নমস্কার পূর্ব্বক বলিতেছেন] অহং (আমি) সমীয়ুষাং (শরণাগত মুমুক্ষুগণের) ভবচ্ছিদং (সংসার-নিবর্ত্তক), [ভোগার্থিগণের] স্বস্ত্যয়নং (পরমমঙ্গল) সুমঙ্গলম্ (ও সুসেব্য) তচ্চরণং (সেই ভগবচ্চরণে) নতঃ অস্মি (প্রণত হইতেছি)। যথা নভঃ (যেমন আকাশাধিষ্ঠাত্রী দেবতা) স্বান্তং (নিজের বিপুলতা) [জানিয়া থাকে], [সেইরূপ] যঃ হি (এই ভগবান্) আত্মমায়াবিভবঞ্চ (স্বশক্তিভূতা প্রকৃতির বিভব) পর্য্যগাৎ (সর্ব্বতোভাবে অবগত আছেন)। অথ অপরে (অপর সকলে) কুতঃ (সেই সমস্ত কোথা হইতে জানিবে?) [অর্থাৎ জানিতে পারে না]॥ ৩৫ ॥

অনুবাদ

এবং সকলের প্রভু হইয়াও সমাহিতচিত্তে কঠোর ধ্যানযোগ অবলম্বন করিয়া যে ভগবান্ হইতে আমার উৎপত্তি হইয়াছে, তাঁহাকে জানিতে পারি নাই। অর্থাৎ "তিনি এইরূপ মহিমশালী" "এতটুকু তাঁহার ক্ষমতা" ইত্যাদি বিষয় কিছুই অনুভব করিতে পারি নাই॥ ৩৪ ॥

আমি শরণাগত মুমুক্ষুগণের সংসার-নিবর্ত্তক এবং ভোগার্থিগণের পরম মঙ্গলস্বরূপ ও সুসেব্য সেই ভগবচ্চরণে প্রণত হইতেছি। যেমন আকাশাধিষ্ঠাত্রী দেবতা নিজের অর্থাৎ আকাশের বিপুলতা সর্ব্বতোভাবে অবগত আছেন, সেইরূপ এই ভগবান্ স্বশক্তিভূতা প্রকৃতির বিভব সমস্তই সর্ব্বতোভাবে অবগত আছেন। অপর সকলে সেই সমস্ত কি করিয়া জানিবে? অর্থাৎ জানিতেই পারে না॥ ৩৫ ॥

টীকা

ইত্যনেনৈতাবত্ত্বং প্রতীয়মানং নিরাকরোতি—সোঽহমিতি। সোঽহং প্রসিদ্ধঃ সমাম্নায়ময়ঃ বেদপ্রচুরঃ তপোময়শ্চ বিদ্যাতপোভ্যাং সর্ব্বশ্রেষ্ঠোঽপি প্রজাপতীনাং উভয়প্রজাপতীনাং "মহর্ষয়ঃ সপ্ত পূর্ব্বে চত্বারো মনবস্তথা। মদ্ভাবা মানসা জাতা যেষাং লোক ইমাঃ প্রজা" ইতি শ্রীমুখোক্তানাং সনকাদীনাং চতুর্ণাং, মরীচ্যাদীনাং সপ্তানাং, চতুর্দ্দশমনূনাং চ শিষ্যরূপাশ্চ প্রজায়াঃ পতীনামভিবন্দিতঃ তৈরভিবাদিতঃ স্তুতো বা যোগং ধ্যানযোগমাস্থায় আশ্রিত্যাপি যতঃ ভগবতঃ আত্মনো মম সম্ভবঃ উৎপত্তিঃ তং তং নাধ্যগচ্ছম্ এতাবানিতি ন জ্ঞাতবান্॥ ৩৪ ॥ এতদেব দ্রঢ়য়িতুং ভগবতো ভুক্তিমুক্তিপ্রদত্বং সর্ব্বজ্ঞত্বং মায়াধিপতিত্বং, অন্যেষান্তু তন্মায়ামোহিতত্বং চ তচ্চরণনতিপূর্ব্বকমাহ নতোঽস্মীতি দ্বাভ্যাম্। তস্য ভগবতঃ চরণং সুমঙ্গলং নতোঽস্মি। কথম্ভূতম্? সমীয়ুষাং শরণাগতানাং মুমুক্ষূণাং ভবচ্ছিদং সংসারনিবর্ত্তকম্, বুভুক্ষূণাং স্বস্ত্যয়নম্, যথা নভঃ নভোঽধিষ্ঠাত্রী দেবতা স্বান্তং নভোবৈপুল্যং জানাতি, তথা আত্মনঃ শক্তিভূতায়াঃ

নাহং ন যূয়ং যদৃতাং গতিং বিদু-র্ন বামদেবঃ কিমুতাপরে সুরাঃ।
তন্মায়য়া মোহিতবুদ্ধয়স্ত্বিদং বিনির্ম্মিতঞ্চাত্মসমং বিচক্ষ্মহে ॥ ৩৬ ॥
যস্যাবতারকর্ম্মাণি গায়ন্তি হ্যস্মদাদয়ঃ।
ন যং বিদন্তি তত্ত্বেন তস্মৈ ভগবতে নমঃ ॥ ৩৭ ॥

অন্বয়

অহং (আমি) যদৃতাং গতিং (যাঁহার সত্য গতি) ন [বেদ্মি] (জানি না), বামদেবঃ (শিব) ন [বেদ] (জানেন না), যূয়ং ন বিদুঃ (তোমরাও জান না); অপরে সুরাঃ (অপরাপর দেবতাগণ) [ন বিদুঃ ইতি] কিমুত? (যে জানেন না এই বিষয়ে আর বক্তব্য কি?) তু (কিন্তু) তন্মায়য়া (সেই ভগবানের স্বশক্তিভূতা প্রকৃতির দ্বারা) মোহিতবুদ্ধয়ঃ (মোহিতবুদ্ধি হইয়া আমরা) [তেন] বিনির্ম্মিতং চ ইদং (সেই ভগবৎকর্ত্তৃক সৃষ্ট দেহ-গেহাদিকেই) আত্মসমং (স্ব স্ব বুদ্ধি অনুসারে) বিচক্ষ্মহে (জানিয়া থাকি) ॥ ৩৬ ॥

যস্য (যে ভগবানের) অবতারকর্ম্মাণি (অবতার লীলা সকল) অস্মদাদয়ঃ (মাদৃশ দেবগণ) [মোক্ষসিদ্ধির জন্য] গায়ন্তি (কীর্ত্তন করিয়া থাকে) তত্ত্বেন (এবং সম্পূর্ণরূপে) যং (যাঁহাকে) ন বিদন্তি (জানিতে পারে না), তস্মৈ ভগবতে নমঃ (গুণতঃ ও স্বরূপতঃ ইয়ত্তাশূন্য, অনন্তগুণস্বরূপ সেই ভগবান্‌কে নমস্কার করিতেছি) ॥ ৩৭ ॥

অনুবাদ

যাঁহার সত্যগতি অর্থাৎ যথার্থ স্বরূপ আমি জানি না, মহাদেব জানেন না, তোমরাও জান না; অপরাপর দেবতাগণ যে জানেন না, এ বিষয়ে আর বক্তব্য কি? কিন্তু সেই ভগবানের স্বশক্তিভূতা প্রকৃতিদ্বারা মোহিতবুদ্ধি হইয়া আমরা কেবল ভগবৎসৃষ্ট দেহগেহাদিকেই নিজ নিজ বুদ্ধি অনুসারে জানিয়া থাকি ॥ ৩৬ ॥

যে ভগবানের অবতার লীলা সকল মাদৃশ দেবগণ সর্ব্বদা কীর্ত্তন করিয়া থাকে এবং যাঁহাকে সম্পূর্ণরূপে জানিতে পারে না, গুণতঃ ও স্বরূপতঃ ইয়ত্তাশূন্য, অনন্তগুণস্বরূপ সেই পরমেশ্বরকে নমস্কার করিতেছি ॥ ৩৭ ॥

টীকা

মায়ায়াঃ প্রকৃতেঃ বিভবং হি শক্তাৎ চেতনানাং স্বভাবঞ্চ পর্য্যগাৎ পরিতঃ সর্ব্বতঃ জ্ঞাতবান্। অথ অপরে জীবাঃ সাকল্যেন তং তন্মায়াবিভবাদিকং চ কুতো জানীয়ুঃ ন কুতোঽপীত্যর্থঃ ॥ ৩৫ ॥ অহং ব্রহ্মা যস্য ভগবতঃ ঋতাং সত্যাং গতিং এতাবত্ত্বং ন বেদ্মি, বামদেবঃ শিবঃ ন বেদ, যূয়ং মম পুত্রাঃ ত্বৎপ্রভৃতয়ঃ ন বিদুঃ, অপরে সুরাশ্চ ন বিদুরিতি কিমুত? অত্র হেতুঃ তদিতি। তস্য ভগবতঃ মায়য়া প্রকৃত্যা মোহিতা বুদ্ধির্যেষাং তে বয়ং তেন বিনির্ম্মিতমিদং স্বস্বানুরূপং দেহগেহাদিকং আত্মসমং স্ববুদ্ধ্যনুরূপমেব বিচক্ষ্মহে বিদ্মঃ ॥ ৩৬ ॥ মুক্ত্যর্থং তু তদবতারকর্ম্মাণি শাস্ত্রদ্বারা বিদ্ম ইত্যাহ অন্যেঽপি। যস্য পরমেশ্বরস্য অবতারাণাং কর্ম্মাণি মোক্ষসিদ্ধয়ে অস্মদাদয়ঃ গায়ন্তি, তত্ত্বেন সাকল্যেন তু যং ন বিদন্তি ন জানন্তি গুণতঃ স্বরূপতশ্চ ইয়ত্তাভাবাৎ তস্মৈ অনন্তগুণস্বরূপায় কার্ৎস্ন্যেন জ্ঞাতুমশক্যায় ভগবতে

স এষ আদ্যঃ পুরুষঃ কল্পে কল্পে সৃজত্যজঃ।
আত্মাত্মন্যাত্মনাত্মানং স সংযচ্ছতি পাতি চ ॥ ৩৮ ॥
বিশুদ্ধং কেবলং জ্ঞানং প্রত্যক্ সম্যগবস্থিতম্।
সত্যং পূর্ণমনাদ্যন্তং নির্গুণং নিত্যমদ্বয়ম্ ॥ ৩৯ ॥
ঋষে! বিদন্তি মুনয়ঃ প্রশান্তাত্মেন্দ্রিয়াশয়াঃ।
যদা তদেবাসত্তর্কৈ-স্তিরোধীয়েত বিপ্লুতম্ ॥ ৪০ ॥

অন্বয়

সঃ এষঃ (সেই এই আমার হৃদয়স্থিত ভগবান্) আদ্যঃ পুরুষঃ (জগৎকারণ) অজঃ (ও জন্মরহিত)। সঃ (তিনি) কল্পে কল্পে (প্রতিসৃষ্টিতে) আত্মা (স্বয়ং) আত্মনি (আত্মাতে অর্থাৎ নিজেতে) আত্মনা (নিজের দ্বারা) আত্মানং (নিজকে) সৃজতি (সৃষ্টি করিয়া থাকেন), সংযচ্ছতি (সংহার করিয়া থাকেন) পাতি চ (ও পালন করিয়া থাকেন) ॥ ৩৮ ॥

[ভগবান্ সৃষ্টিস্থিত্যাদির কারণ হইয়াও বিশুদ্ধ অর্থাৎ প্রাকৃতদোষরহিত, ইহাই বলিতেছেন] নির্গুণম্ (তিনি সত্ত্বাদিগুণরহিত), বিশুদ্ধং (বিশুদ্ধ), সত্যং (সত্যস্বরূপ), কেবলং জ্ঞানং (কেবল জ্ঞানস্বরূপ), প্রত্যক্‌সম্যগবস্থিতম্ (জীবে অবস্থিত), পূর্ণং (ব্যাপ্ত), অনাদ্যন্তং (উৎপত্তি-বিনাশরহিত), নিত্যং (নিত্য) অদ্বয়ম্ (ও অদ্বিতীয়) ॥ ৩৯ ॥

ঋষে! (হে নারদ!) তদেব (সেই পূর্ব্বোক্ত ভগবানের স্বরূপকেই) প্রশান্তাত্মেন্দ্রিয়াশয়াঃ (প্রশান্ত দেহ, ইন্দ্রিয় ও অন্তঃকরণযুক্ত) মুনয়ঃ (বেদান্তার্থ মননশীল মুনিগণ) বিদন্তি (জানিয়া থাকেন)। [এই ভগবৎস্বরূপই] যদা (যখন) অসত্তর্কৈঃ (অসজ্জনের তর্কের দ্বারা) বিপ্লুতং (আচ্ছন্ন হয়), [তখন] তিরোধীয়েত (তিরোহিত হয় অর্থাৎ জানা যায় না) ॥ ৪০ ॥

অনুবাদ

সেই এই আমার হৃদয়স্থিত ভগবান্ জগৎকারণ ও জন্মরহিত। প্রত্যেক সৃষ্টিতে তিনি স্বয়ং নিজেতেই নিজের দ্বারা নিজকে সৃষ্টি, সংহার ও পালন করিয়া থাকেন ॥ ৩৮ ॥

ভগবান্ নির্গুণ, সত্যস্বরূপ, কেবল বিশুদ্ধ জ্ঞানস্বরূপ, জীবে অবস্থিত ও পূর্ণ এবং উৎপত্তি-বিনাশ রহিত, নিত্য ও অদ্বিতীয় ॥ ৩৯ ॥

হে দেবর্ষে নারদ! যাঁহাদের দেহ, ইন্দ্রিয় ও অন্তঃকরণ প্রশান্ত হইয়াছে, তাদৃশ

টীকা

নিরতিশয়ৈশ্বর্য্যবতে কেবলং নমঃ ॥ ৩৭ ॥ যস্য অবতারকর্ম্মাণি গায়ন্তীত্যুক্তম্। তত্র তস্য বিশ্বসৃষ্টাদিলীলাং স্বরূপং অবতারাদিকং চ সংক্ষিপ্য দর্শয়তি যাবদধ্যায়সমাপ্তি—স ইতি। স ভগবান্ এবং মম হৃদি ধ্যেয়তয়া প্রকাশমানঃ আদ্যঃ জগৎকারণভূতঃ, পুরুষঃ প্রকৃতিপ্রেরকঃ, অজঃ জন্মশূন্যঃ, কল্পে কল্পে সৃষ্ট্যাদ্যবসরে আত্মা কর্ত্তা আত্মনি অধিকরণে আত্মনা সাধনভূতেন আত্মানং কর্ম্মভূতং সৃজতি "স্বয়মাত্মানমকুরুতে"তি শ্রুতেঃ, পাতি রক্ষাং করোতি, সংযচ্ছতি সংহরতি চ ॥৩৮॥ জগজ্জন্মাদিহেতুত্বেঽপি বিশুদ্ধম্ বৈষম্যনৈর্ঘৃণ্যাদিদোষরহিতম্ তথাহ ভগবান্ সূত্রকারঃ "বৈষম্যনৈর্ঘৃণ্যে ন কর্ম্মসাপেক্ষত্বাদিতি।" তৎ প্রধানং কিং? নেত্যাহ নির্গুণমিতি। সত্ত্বাদিগুণরহিতম্, যতঃ জ্ঞানমিতি। ক্ষণিকবিজ্ঞানপক্ষং বারয়তি সত্যমিতি। নন্ন পুরুষাধিষ্ঠিতং প্রধানং ভবতু জ্ঞানশব্দবাচ্যমিত্যত্রাহ কেবলমিতি। তর্হি জীবত্বং কিং?

আদ্যোঽবতারঃ পুরুষঃ পরস্য কালঃ স্বভাবঃ সদসন্মনশ্চ।
দ্রব্যং বিকারো গুণ ইন্দ্রিয়াণি বিরাট্ স্বরাট্ স্থাস্নু চরিষ্ণু ভূম্নঃ ॥ ৪১ ॥
অহং ভবো যজ্ঞ ইমে প্রজেশা দক্ষাদয়ো যে ভবদাদয়শ্চ।
স্বর্লোকপালাঃ খগলোকপালা নৃলোকপালাস্তললোকপালাঃ ॥ ৪২ ॥

অন্বয়

পরস্য ভূম্নঃ (পরমপুরুষের) পুরুষঃ আদ্যঃ অবতারঃ (প্রকৃতিপ্রবর্ত্তক প্রথমাবতার পুরুষ), কালঃ (ভগবানের শক্তিভূত পদার্থবিশেষ কাল), স্বভাবঃ (ভগবচ্ছক্তিভূতা প্রকৃতির পরিণামিত্বরূপ স্বভাব) সদসৎ (কারণাত্মিকা প্রকৃতি), মনঃ (মহত্তত্ত্ব), দ্রব্যং (মহাভূত সকল), বিকারঃ (অহঙ্কার), গুণঃ (সত্ত্বাদি গুণত্রয়), ইন্দ্রিয়াণি (জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয়), বিরাট্ (সমষ্টিশরীর), স্বরাট্ (বৈরাজপুরুষ), স্থাস্নু (স্থাবর) চরিষ্ণু (ও জঙ্গম) [এই সকলই পরম তত্ত্ব। এই শ্লোক হইতে ৫ম শ্লোকে অন্বয় হইবে] ॥৪১॥

অহং (সৃষ্টিকর্ত্তা আমি), ভবঃ (সংহারকর্ত্তা রুদ্র), যজ্ঞঃ (পালনকর্ত্তা বিষ্ণু), দক্ষাদয়ঃ ইমে যে প্রজেশাঃ (দক্ষ প্রভৃতি প্রজাপতিগণ), ভবদাদয়ঃ চ (আপনারা অর্থাৎ নারদ প্রভৃতি মুনিগণ), স্বর্লোকপালাঃ (ইন্দ্রাদি লোকপালগণ), খগলোকপালাঃ (ভুবলোকপতিগণ), নৃলোকপালাঃ (নৃপতিগণ), তললোকপালাঃ (পাতালপতিগণ) [এই সকলেই সেই পরম তত্ত্ব] ॥ ৪২ ॥

অনুবাদ

মননশীল মুনিগণ সেই পূর্ব্বোক্ত ভগবৎস্বরূপকেই জানিয়া থাকেন। আবার যখন সেই ভগবৎস্বরূপ অসজ্জনগণের তর্কে সমাচ্ছন্ন হয়, তখন তাঁহাকে জানা যায় না ॥ ৪০ ॥

পরমপুরুষের প্রথমাবতার প্রকৃতিপ্রবর্ত্তক পুরুষ, কাল, স্বভাব, প্রকৃতি, মহত্তত্ত্ব, মহাভূত, অহঙ্কার সত্ত্বাদিগুণত্রয়, জ্ঞানেন্দ্রিয়, কর্ম্মেন্দ্রিয়, সমষ্টিশরীর, বৈরাজপুরুষ, স্থাবর ও জঙ্গম ইহারা সকলেই পরম তত্ত্ব ॥ ৪১ ॥

সৃষ্টিকর্ত্তা আমি, সংহারকর্ত্তা রুদ্র, পালনকর্ত্তা বিষ্ণু, দক্ষ প্রভৃতি প্রজাপতিগণ, নারদ প্রভৃতি মুনিগণ, ইন্দ্রাদি লোকপালগণ, ভুবলোকপতিগণ, নৃপতিগণ, পাতালপতিগণ, ইহারা সকলেই পরমতত্ত্বস্বরূপ অর্থাৎ তাঁহারই অংশস্বরূপ বিভূতি ॥ ৪২ ॥

টীকা

নেত্যাহ প্রত্যক্সম্যগবস্থিতমিতি। প্রত্যঞ্চি জীবে সম্যগবস্থিতম্ "যো বিজ্ঞানে তিষ্ঠন্" ইতি শ্রুতেঃ। একস্য সর্ব্বজীবেষু বাসঃ কথমত্রাহ পূর্ণমিতি কালতঃ পূর্ণত্বমাহ—অনাদ্যন্তমিতি। কালত্রয়েঽপি তস্য নিঃসমানাধিকত্বমাহ নিত্যমদ্বয়মিতি ॥৩৯॥ হে ঋষে! দেবর্ষে! তদেবোক্তলক্ষণং ভগবৎস্বরূপং প্রশান্তা যথোক্তসাধনভাবিতাঃ আত্মেন্দ্রিয়াশয়াঃ দেহেন্দ্রিয়ান্তঃকরণানি যেষাং তে মুনয়ঃ বেদান্তার্থমননশীলাঃ বিদন্তি জানন্তি, অসতাং তর্কৈঃ যদা তু বিপ্লুতং আচ্ছন্নং স্যাৎ, তদা তিরোধীয়েত অবিদিতং ভবেৎ ॥ ৪০ ॥ পরস্য ভূম্নঃ পরমপুরুষস্য বিভোঃ পুরুষঃ প্রকৃতিপ্রবর্ত্তকঃ যস্য সহস্রশীর্ষেত্যুক্তো লীলাবিগ্রহঃ স আদ্যাবতারঃ। স এব সমষ্টিশরীরগ্রহণানন্তরং বৈরাজ ইত্যুচ্যতে। "ভূতৈর্যদা পঞ্চভিরাত্মসৃষ্টৈঃ পুরং বিরাজং বিরচয্য তস্মিন্। স্বাংশেন বিষ্টঃ পুরুষাভিধানমবাপ নারায়ণ আদিদেব" ইতি বক্ষ্যমাণাৎ। পুরুষাদীনাং "তত্ত্বং পরমিত্য"নেনান্বয়ঃ; কালঃ ভগবচ্ছক্তিভূতঃ অচেতনপদার্থবিশেষঃ, স্বভাবঃ ভগবচ্ছক্তিভূতায়াঃ প্রকৃতেঃ পরিণামিত্বলক্ষণো ধর্ম্মঃ, সদসৎ কারণাত্মিকা প্রকৃতিঃ, গুণঃ সত্ত্বাদিঃ

গন্ধর্ব্ববিদ্যাধরচারণেশা যে যক্ষরক্ষোরগনাগনাথাঃ।
যে বা ঋষীণামৃষভাঃ পিতৃণাং দৈত্যেন্দ্রসিদ্ধেশ্বরদানবেন্দ্রাঃ ॥ ৪৩ ॥
অন্যে চ যে প্রেতপিশাচভূত-কুষ্মাণ্ডযাদোমৃগপক্ষ্যধীশাঃ ॥ ৪৪ ॥
যৎ কিঞ্চিল্লোকে ভগবন্মহস্ব-দোজঃসহস্বদ্বলবৎ ক্ষমাবৎ।
শ্রীহ্রীবিভূত্যাত্মবদদ্ভুতার্ণং তত্ত্বং পরং রূপবদস্বরূপম্ ॥ ৪৫ ॥

অন্বয়

যে গন্ধর্ব্ববিদ্যাধরচারণেশাঃ (যে সকল গন্ধর্ব্বপতি, বিদ্যাধরপতি, চারণপতি), যক্ষরক্ষোরগনাগনাথাঃ (যক্ষপতি, রাক্ষসপতি, উরগপতি, নাগপতি), যে বা ঋষীণাং পিতৃণাং চ ঋষভাঃ (আর যে সকল ঋষিগণশ্রেষ্ঠ, পিতৃগণশ্রেষ্ঠ), দৈত্যেন্দ্রসিদ্ধেশ্বরদানবেন্দ্রাঃ (দৈত্যপতি, সিদ্ধপতি ও দানবপতি) [এই সকলেই পরম তত্ত্বস্বরূপ] ॥ ৪৩ ॥

অন্যে চ যে প্রেতপিশাচভূতকুষ্মাণ্ডযাদোমৃগপক্ষ্যধীশাঃ (আর অন্য যে সকল প্রেত, পিশাচ, ভূত, কুষ্মাণ্ড, জলজন্তু, মৃগ ও পক্ষিগণের অধিপতি) [ইহারা সকলেই পরম তত্ত্বস্বরূপ] ॥ ৪৪ ॥

লোকে যৎ কিঞ্চিৎ (সংসারে যাহা কিছু) ভগবৎ (ঐশ্বর্য্যযুক্ত), মহস্বৎ (তেজোযুক্ত), ওজঃসহস্বৎ (ইন্দ্রিয়শক্তি ও মনঃশক্তিযুক্ত) বলবৎ (এবং শারীরিকশক্তিযুক্ত), ক্ষমাবৎ (অপরাধ সহনশীল), শ্রীহ্রী-বিভূত্যাত্মবৎ (শ্রীযুক্ত, লজ্জাযুক্ত, বিভূতিযুক্ত, বুদ্ধিযুক্ত), অদ্ভুতার্ণং (আশ্চর্য্যবর্ণ), রূপবৎ (রূপযুক্ত) অস্বরূপং (ও রূপহীন) [সর্ব্বং] পরং তত্ত্বম্ (ইহারা সকলেই পরম তত্ত্বস্বরূপ) [অর্থাৎ তাঁহার অংশস্বরূপ বিভূতি] ॥ ৪৫ ॥

অনুবাদ

আর যে সকল গন্ধর্ব্বপতি, বিদ্যাধরপতি, চারণপতি, যক্ষপতি, রাক্ষসপতি, উরগপতি, নাগপতি, ঋষিগণশ্রেষ্ঠ, পিতৃগণশ্রেষ্ঠ, দৈত্যপতি, সিদ্ধপতি ও দানবপতি, ইহারা সকলেই পরম তত্ত্বস্বরূপ অর্থাৎ তাঁহারই অংশস্বরূপ বিভূতি ॥ ৪৩ ॥

আর অন্য যে সকল প্রেত, পিশাচ, ভূত, কুষ্মাণ্ড, জলজন্তু, মৃগ ও পক্ষিগণের অধিপতি, ইহারা সকলেই পরম তত্ত্বস্বরূপ অর্থাৎ তাঁহারই অংশস্বরূপ বিভূতি ॥ ৪৪ ॥

এই সংসারে যাহা কিছু ঐশ্বর্য্যযুক্ত, তেজোযুক্ত, ইন্দ্রিয়শক্তি ও মনঃশক্তিযুক্ত, শারীরিক শক্তিযুক্ত, অপরাধসহনশীল, শ্রীযুক্ত, লজ্জাযুক্ত, বিভূতিযুক্ত, বুদ্ধিযুক্ত, আশ্চর্য্য-বর্ণযুক্ত, রূপযুক্ত ও রূপহীন, এই সমস্তই পরমতত্ত্বস্বরূপ, অর্থাৎ তাঁহার অংশস্বরূপ বিভূতি ॥ ৪৫ ॥

টীকা

ইন্দ্রিয়াণি জ্ঞানেন্দ্রিয়াণি কর্ম্মেন্দ্রিয়াণি চ, বিরাট্, সমষ্টিশরীরম্, স্বরাট্ বৈরাজঃ পুরুষঃ স্বাবতারঃ, স্থাস্নু স্থাবরম্, চরিষ্ণু জঙ্গমঞ্চেতি ব্যষ্টিশরীরম্ ॥ ৪১ ॥ সৃষ্টৌ অহং ব্রহ্মা, সংহারে ভবো রুদ্রশ্চ গুণাবতারঃ, পালনে যজ্ঞো বিষ্ণুঃ স্বাবতারঃ, দক্ষাদয়ো যে ইমে প্রজেশাঃ রজোগুণবিশিষ্টবিভূতি-ভূতা, ভবদাদয়ো নারদাদয়ঃ অবতারবিশেষাঃ, স্বর্লোকপালা ইন্দ্রাদয়ঃ সত্ত্বগুণবিশিষ্টবিভূতিভূতাঃ "যৎ সত্ত্বতঃ সুরগণাঃ, রজসঃ প্রজেশা" ইতি বক্ষ্যমাণাৎ। খগলোকপালাঃ খচরলোকাধীশাঃ, নৃলোকপালাঃ নৃপতয়ঃ, তললোকপালাঃ পাতালপতয়ঃ ॥ ৪২ ॥ যে গন্ধর্ব্বাদীনামীশাঃ, যে চ যক্ষাদীনাং নাথাঃ,

প্রাধান্যতো যানৃষ আমনন্তি লীলাবতারান্ পুরুষস্য ভূম্নঃ।
আপীয়তাং কর্ণকষায়শোষা-ননুক্রমিষ্যে ত ইমান্ সুপেশান্ ॥ ৪৬ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বিতীয়স্কন্ধে ব্রহ্মনারদসংবাদে পুরুষবিভূতি-বর্ণনং নাম ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ ৬ ॥

অন্বয়

ঋষে! (হে দেবর্ষে নারদ!) ভূম্নঃ পুরুষস্য (পরমপুরুষের) আপীয়তাং (নামামৃত কর্ণবিবর-দ্বারা পানকারী ভক্তগণের) কর্ণকষায়শোষান্ (কর্ণের অসৎকথা শ্রবণ জনিত যে মালিন্য, তাহার অপনোদনকারী) সুপেশান্ (সুন্দর) যান্ লীলাবতারান্ (যে সকল লীলাবতার কথা) [মুনিগণ] প্রাধান্যতঃ আমনন্তি (উত্তমরূপে কীর্ত্তন করিয়া থাকেন), ইমান্ (এই সকল) তে (তোমার নিকটে) অনুক্রমিষ্যে (ক্রমশঃ বর্ণনা করিব) ॥ ৪৬ ॥

অনুবাদ

হে দেবর্ষে নারদ! পরমপুরুষের যে নামামৃত কর্ণবিবরে পান করিলে ভক্তগণের কর্ণের অসৎকথা শ্রবণজনিত মালিন্য দূর হইয়া যায় ও অতিশয় মনোহারিণী যে সকল লীলাবতার কথা মুনিগণ উত্তমরূপে কীর্ত্তন করিয়া থাকেন, সেই সকল কথা আমি তোমার নিকটে ক্রমশঃ বর্ণনা করিব ॥ ৪৬ ॥

তৃতীয় অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ৩ ॥

টীকা

উরগনাগৌ সর্পভেদৌ, রক্ষোরগেতি সন্ধিরার্ষঃ। যে চ ঋষীণাং পিতৃণাঞ্চ ঋষভাঃ শ্রেষ্ঠাঃ, দৈত্যেন্দ্রাঃ, সিদ্ধেশ্বরাঃ দানবেন্দ্রাশ্চ ॥ ৪৩ ॥ যে চান্যে প্রেতাদীনামধীশাঃ ॥ ৪৪ ॥ লোকে যৎ কিঞ্চিৎ ইতি সর্ব্বত্র যোজনীয়ম্। ভগবৎ ঐশ্বর্য্যযুক্তম্, মহস্বৎ তেজোযুক্তম্, ওজঃসহসী ইন্দ্রিয়-মনঃশক্তী তদ্‌যুক্তম্, বলবৎ দাক্ষ্যসংযুক্তম্, ক্ষমাবৎ অপরাধসহনশীলম্, শ্রীহ্রীবিভূত্যাত্মবৎ শ্রীযুক্তং, হ্রীযুক্তং, বিভূতিঃ সম্পত্তিঃ তদ্‌যুক্তম্, আত্মা বুদ্ধিস্তদ্‌যুক্তম্, অদ্ভুতার্ণং আশ্চর্য্যবর্ণম্, কিং বহুনা রূপবৎ রূপযুক্তম্, অস্বরূপং নীরূপম্, সর্ব্বং পরং তত্ত্বমেব, "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম তজ্জলানিতী"তি শ্রুতেঃ। তত্র পুরুষাদীনাং স্বরূপতোঽভেদঃ, অন্যেষাং চেতনাচেতনপদার্থানাং ভগবতঃ সকাশাৎ তত্তৎস্বরূপ-ভেদেন ভিন্নত্বেঽপি তৎপৃথক্‌স্থিতিপ্রবৃত্ত্যাদ্যভাবাৎ তজ্জত্বাদিনা চাভেদ ইতি বিবেকঃ ॥ ৪৫ ॥ যদুক্তম্ "আদ্যোঽবতারঃ পুরুষস্যে"তি, তত্র যেষামপেক্ষয়া স আদ্যঃ তান্, কিঞ্চ ভবদাদয়শ্চ ইত্যত্র আদি-শব্দেন উদ্দিষ্টান্ তান্ সর্ব্বান্ ব্রহীত্যাকাঙ্ক্ষায়াম্ অবতারান্ বক্তুমাহ—প্রাধান্যত ইতি। হে ঋষে! নারদ! পুরুষস্য ভূম্নঃ আপীয়তামিতি শত্রম্, তমাপিবতাং ভক্তানাং কর্ণয়োঃ অসৎকথা শ্রবণৈর্যে কষায়াঃ তান্ শোষয়ন্তীত্যেবম্ভূতান্ সুপেশান্ সুন্দরান্ যান্ লীলাবতারান্ অনন্তানাং সাকল্যেন নিরূপণাসম্ভবাৎ প্রাধান্যতঃ আমনন্তি মুনয় ইতি শেষঃ, তান্ তে তুভ্যং অনুক্রমেণ বর্ণয়িষ্যা-মীত্যন্বয়ঃ ॥ ৪৬ ॥

ইতি শ্রীমদ্ভাগবতসিদ্ধান্তপ্রদীপে দ্বিতীয়স্কন্ধীয়ে ষষ্ঠাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ৬ ॥

সপ্তমোঽধ্যায়ঃ

শ্রীব্রহ্মোবাচ

যত্রোদ্যতঃ ক্ষিতিতলোদ্ধরণায় বিভ্রৎ ক্রৌড়ীং তনুং সকলযজ্ঞময়ীমনন্তঃ।
অন্তর্মহার্ণব উপাগতমাদিদৈত্যং তং দংষ্ট্রয়াদ্রিমিব বজ্রধরো দদার ॥ ১ ॥
জাতো রুচেরজনয়ৎ সুযমান্ সুযজ্ঞ আকূতিসূনুরমরানথ দক্ষিণায়াম্।
লোকত্রয়স্য মহতীমহরদ্ যদার্ত্তিং স্বায়ম্ভুবেন মনুনা হরিরিত্যনুক্তঃ ॥ ২ ॥

অন্বয়

[বরাহ অবতারের কথা বলিতেছেন] ব্রহ্মা উবাচ (ব্রহ্মা বলিলেন) যত্র (যে সময়ে ভগবান্) সকল-যজ্ঞময়ীং (যজ্ঞাকার) ক্রৌড়ীং তনুং (বরাহশরীর) বিভ্রৎ (ধারণ করতঃ) দংষ্ট্রয়া (দন্তদ্বারা) ক্ষিতিতলোদ্ধরণায় (পৃথিবী উদ্ধারের নিমিত্ত) উদ্যতঃ (উদ্যত হইয়াছিলেন), [তখন] অন্তর্মহার্ণবে (মহাসমুদ্র মধ্যে) উপাগতং তম্ (সমুপস্থিত সুপ্রসিদ্ধ) আদিদৈত্যং (আদিদৈত্য হিরণ্যাক্ষকে) বজ্রধরঃ অদ্রিমিব (বজ্রধর ইন্দ্র পর্ব্বতকে যেমন বিদীর্ণ করেন, সেইরূপ) দদার (বিদীর্ণ করিয়াছিলেন) ॥ ১ ॥

[সুযজ্ঞ অবতারের কথা বলিতেছেন] রুচেঃ আকূতিসূনুঃ (রুচি নামক প্রজাপতির ঔরসে আকূতির পুত্র) সুযজ্ঞঃ জাতঃ (সুযজ্ঞ জন্মগ্রহণ করেন) ; অথ (অনন্তর) [সঃ সুযজ্ঞঃ] (সেই সুযজ্ঞ) দক্ষিণায়াং (নিজপত্নী দক্ষিণার গর্ভে) সুযমান্ অমরান্ অজনয়ৎ (সুষম নামক দেবগণকে উৎপাদন করিয়াছিলেন)। [সেই সুযজ্ঞই ইন্দ্র হইয়া] যৎ (যখন) লোকত্রয়স্য (ত্রিভুবনের) মহতীম্ আর্ত্তিং (ঘোরতর দুঃখ) অহরৎ (হরণ করিয়াছিলেন), অনু (তখন) স্বায়ম্ভুবেন মনুনা (মাতামহ স্বায়ম্ভুব মনুকর্ত্তৃক) হরিঃ ইতি উক্তঃ ("হরি" এই নামে কথিত হইয়াছিলেন) ॥ ২ ॥

অনুবাদ

[বরাহ অবতারের কথা বলিতেছেন]—ব্রহ্মা বলিলেন—হে নারদ! যে সময়ে ভগবান্ যজ্ঞময় বরাহশরীর ধারণ করতঃ দন্তদ্বারা পৃথিবীকে উদ্ধার করিবার জন্য উদ্যত হইয়াছিলেন, তখনই মহাসমুদ্রমধ্যে সমুপস্থিত সুপ্রসিদ্ধ সেই আদিদৈত্য হিরণ্যাক্ষকে তিনি বজ্রধর ইন্দ্র যেমন পর্ব্বতকে বিদীর্ণ করেন, সেইরূপ বিদীর্ণ করিয়াছিলেন ॥ ১

[সুযজ্ঞ অবতারের কথা বলিতেছেন]—রুচি নামক প্রজাপতির ঔরসে ও আকূতির

টীকা

পূর্ব্বাধ্যায়ান্তে লীলাবতারান্ তুভ্যং বর্ণয়িষ্যামীত্যুক্তম্। তানেবাবতারান্ তেষাং গুণকর্ম্মাণি প্রয়োজনানি চাহ শ্রীব্রহ্মা শ্রীনারদং প্রতি যত্রেত্যাদিনা। যত্র যস্মিন্ কালে দংষ্ট্রয়া ক্ষিতিতলোদ্ধরণায় সকলযজ্ঞময়ীং সমস্তাধ্বরাকারাং ক্রৌড়ীং বারাহীং তনুং বিভ্রৎ সন্ অনন্তোঽপরিমিতগুণস্বরূপো ভগবান্ উদ্যতঃ, তদা অন্তর্মহার্ণবে মহার্ণবমধ্যে উপাগতং প্রাপ্তং তং প্রসিদ্ধং আদিদৈত্যং হিরণ্যাক্ষং দদার দারিতবান্। তত্র দৃষ্টান্তঃ—বজ্রধরঃ অদ্রিমিব, বরাহাবতারস্যাদিদৈত্যং দদারেতি কর্ম্মদর্শিতম্, ক্ষিতিতলোদ্ধরণায়েতি প্রয়োজনমুক্তম্, উপকর্ত্তৃত্বলক্ষণো গুণোঽর্থাদুক্তঃ। এবমগ্রেঽপি যথাসম্ভবং জ্ঞেয়ম্ ॥ ১ ॥ যজ্ঞাবতারমাহ—জাত ইতি। রুচেঃ প্রজাপতেঃ সকাশাৎ আকূতিসূনুঃ রুচেঃ

জজ্ঞে চ কর্দ্দমগৃহে দ্বিজ ! দেবহূত্যাং স্ত্রীভিঃ সমং নবভিরাত্মগতিং স্বমাত্রে।
ঊচে যয়াত্মশমলং গুণসঙ্গপঙ্ক-মস্মিন্ বিধূয় কপিলস্য গতিং প্রপেদে ॥ ৩ ॥
অত্রেরপত্যমভিকাঙ্ক্ষত আহ তুষ্টো দত্তো ময়াহমিতি যদ্ভগবান্ স দত্তঃ।
যৎপাদপঙ্কজপরাগপবিত্রদেহা যোগর্দ্ধিমাপুরুভয়ীং যদুহৈহয়াদ্যাঃ ॥ ৪ ॥

অন্বয়

[কপিল অবতারের কথা বলিতেছেন] দ্বিজ ! (হে নারদ !) কর্দ্দমগৃহে (কর্দ্দম নামক প্রজাপতির গৃহে) দেবহূত্যাং (তাঁহার পত্নী দেবহূতির গর্ভে) নবভিঃ স্ত্রীভিঃ সমং (নয়টি ভগিনীর সহিত) জজ্ঞে (কপিলদেব জন্মিয়াছিলেন); [সেই কপিল] স্বমাত্রে (স্বীয় মাতা দেবহূতিকে) আত্মগতিং (আত্মজ্ঞান) ঊচে (উপদেশ করিয়াছিলেন); যয়া (সেই আত্মজ্ঞানের দ্বারা) [তাঁহার মাতা] অস্মিন্ (এই জন্মেই) আত্মশমলং (অন্তঃকরণের মালিন্যসম্পাদক) গুণসঙ্গপঙ্কং (গুণসঙ্গরূপ পঙ্ক) বিধূয় (বিধৌত করিয়া) কপিলস্য গতিং (ভগবদ্গতি অর্থাৎ ভগবদ্ভাব) প্রপেদে (প্রাপ্ত হইয়াছিলেন) ॥ ৩ ॥

[দত্তাত্রেয় অবতারের কথা বলিতেছেন] যৎ (যেহেতু) তুষ্টঃ (আরাধনায় সন্তুষ্ট হইয়া) ভগবান্ (শ্রীহরি) "ময়া অহং [তুভ্যং] দত্তঃ" (আমি নিজকে তোমায় প্রদান করিলাম) ইতি আহ (ইহা

অনুবাদ

গর্ভে সুযজ্ঞ নামে তাঁহাদের পুত্র জন্মগ্রহণ করেন। অনন্তর সেই সুযজ্ঞ নিজ পত্নী দক্ষিণার গর্ভে সুযম নামক দেবগণকে জন্মাইয়াছিলেন। সেই সুযজ্ঞই যখন ইন্দ্র হইয়া ত্রিভুবনের ঘোরতর দুঃখ হরণ করিয়াছিলেন, তখন মাতামহ স্বায়ম্ভুব মনু তাঁহাকে "হরি" এই নাম প্রদান করিয়াছিলেন ॥ ২ ॥

[কপিল অবতারের কথা বলিতেছেন]—হে নারদ ! কর্দ্দমনামক প্রজাপতির গৃহে তাঁহার পত্নী দেবহূতির গর্ভে নয়টি ভগিনীর সহিত শ্রীকপিলদেব জন্মিয়াছিলেন। সেই কপিলদেবই স্বীয় মাতা দেবহূতিকে আত্মজ্ঞান উপদেশ করিয়াছিলেন। সেই আত্মজ্ঞানের দ্বারা তাঁহার মাতা এই জন্মেই অন্তঃকরণের মলিনতা সম্পাদক গুণসঙ্গরূপ পঙ্ক বিধৌত করিয়া ভগবদ্ভাব লাভ করিয়াছিলেন ॥ ৩ ॥

[দত্তাত্রেয় অবতারের কথা বলিতেছেন]—যেহেতু আরাধনায় সন্তুষ্ট হইয়া ভগবান্ শ্রীহরি

টীকা

ভার্য্যায়া আকূতেঃ সুতঃ জাতঃ। অথানন্তরং সঃ সুযজ্ঞঃ স্বপত্ন্যাং দক্ষিণায়াং সুষমান্ অমরান্ অজনয়ৎ। স এব ইন্দ্রঃ সন্ যদা লোকত্রয়স্য মহতীং অন্যৈর্দুর্নিবার্য্যাং আর্ত্তিমহরৎ, তদা পূর্ব্বং সুযজ্ঞ ইত্যুক্তোঽপি অনু পশ্চাৎ মাতামহেন মনুনা হরিরিত্যুক্তঃ ॥ ২ ॥ কপিলাবতারমাহ—জজ্ঞে ইতি। হে দ্বিজ ! নারদ ! কর্দ্দমস্য প্রজাপতের্গৃহে তৎপত্ন্যাং দেবহূত্যাং নবভিঃ স্ত্রীভিঃ ভগিনীভিঃ সমং সহ জজ্ঞে জাতঃ, স চ স্বমাত্রে আত্মগতিং আত্মনঃ স্বস্য ভগবতঃ বিদ্যাম্ ঊচে উক্তবান্। যয়া আত্মগত্যা তন্মাতা আত্মনঃ শমলং মলিনীকরণং গুণসঙ্গরূপং পঙ্কং অস্মিন্নেব জন্মনি বিধূয় কপিলস্য ভগবতো গতিং তদ্ভাবপ্রাপ্তিং প্রপেদে প্রাপ্তবতী ॥ ৩ ॥ দত্তাত্রেয়াবতারমাহ—অত্রেরিতি। যতস্তদা-রাধনেন তুষ্টঃ সন্ ময়াহমেব তুভ্যং দত্ত ইত্যাহ তস্মাদ্ধেতোঃ অপত্যমভিকাঙ্ক্ষতঃ অভিকাঙ্ক্ষমাণাৎ

তপ্তং তপো বিবিধলোকসিসৃক্ষয়া মে আদৌ সনাৎ স্বতপসঃ স চতুঃসনোঽভূৎ।
প্রাক্‌কল্পসংপ্লববিনষ্টমিহাত্মতত্ত্বং সম্যগ্ জগাদ মুনয়ো যদচক্ষতাত্মন্ ॥ ৫ ॥

অন্বয়

বলিয়াছিলেন), [অতএব] অপত্যং অভিকাঙ্ক্ষতঃ (পুত্রলাভেচ্ছু) অত্রেঃ (অত্রি মুনির ঔরসে) সঃ (সেই ভগবান্) দত্তঃ (দত্তাত্রেয় নামে জন্মিয়াছিলেন)। [সেই দত্তাত্রেয় অবতার স্বভক্তগণকে ভোগ ও মোক্ষ প্রদান করিয়াছিলেন, ইহাই বলিতেছেন] যৎপাদপঙ্কজপরাগপবিত্রদেহাঃ (তাঁহার পাদপদ্মের ধূলিরূপ পরাগের দ্বারা পবিত্রদেহ হইয়া) যদুহৈহয়াদ্যাঃ (যদু ও কার্ত্তবীর্য্যার্জ্জুন প্রভৃতি) যোগর্দ্ধিং (ধ্যানসিদ্ধি) উভয়ীং চ (এবং ঐহিক ও আমুষ্মিক ভোগ ও মোক্ষরূপ সিদ্ধি) আপুঃ (প্রাপ্ত হইয়াছিলেন) ॥ ৪ ॥

[চতুঃসন অবতারের কথা বলিতেছেন]—বিবিধ লোক সৃষ্টি করিবার ইচ্ছা করিয়া) মে (আমি) [যৎ] তপঃ তপ্তং (যে তপস্যার অনুষ্ঠান করিয়াছিলাম), [তস্য] স্বতপসঃ (সেই তপস্যা) সনাৎ (ভগবানে অর্পণ করিয়াছিলাম বলিয়া) সঃ (সেই ভগবান্) আদৌ (কল্পের আদিতে) চতুঃসনঃ অভূৎ (সনৎকুমার, সনক, সনন্দন ও সনাতন এই চারি নামে অবতীর্ণ হন)। [সেই চতুঃসন অবতার ভগবান্] প্রাক্‌কল্পসংপ্লববিনষ্টং (পূর্ব্ব কল্পের প্রলয়ে বিনষ্ট) আত্মতত্ত্বং (ভগবদ্‌গুণাদি যাথাত্ম্যতত্ত্ব) ইহ (এই কল্পে) সম্যগ্ জগাদ (সম্যক্‌রূপে [শিষ্যগণকে] উপদেশ করিয়াছিলেন); মুনয়ঃ (নারদ প্রভৃতি মুনিগণ) যৎ (এই আত্মজ্ঞান শুনিবামাত্রই) আত্মন্ (হৃদয়ে) অচক্ষতঃ (তত্ত্বসাক্ষাৎকার করিয়াছিলেন) ॥ ৫ ॥

অনুবাদ

"আমি নিজকে তোমায় প্রদান করিলাম" ইহা বলিয়াছিলেন, অতএব পুত্রলাভেচ্ছু অত্রি মুনির ঔরসে সেই ভগবান্ দত্তাত্রেয় নামে জন্মগ্রহণ করিয়াছিলেন। তাঁহার পাদপদ্মের ধূলিরূপ পরাগের দ্বারা পবিত্রদেহ হইয়া যদু ও কার্ত্তবীর্য্যার্জ্জুন প্রভৃতি ধ্যানসিদ্ধি এবং ঐহিক ও আমুষ্মিক ভোগ ও মোক্ষরূপ সিদ্ধি প্রাপ্ত হইয়াছিলেন ॥ ৪ ॥

[চতুঃসন অবতারের কথা বলিতেছেন]—বিবিধ লোক সৃষ্টি করিবার মানসে আমি যে তপস্যা করিয়াছিলাম, সেই তপস্যা ভগবানে অর্পণ করিয়াছিলাম বলিয়া ভগবান্ সন্তুষ্ট হইয়া কল্পের আদিতে সনৎকুমার, সনক, সনন্দন ও সনাতন এই চারি নামে অবতীর্ণ হন। সেই চতুঃসনাবতার ভগবান্ পূর্ব্বকল্পের প্রলয়ে বিনষ্ট আত্মতত্ত্ব এই কল্পে সম্যক্‌রূপে শিষ্যগণকে উপদেশ করিয়াছিলেন; নারদ প্রভৃতি মুনিগণ এই আত্মজ্ঞান শুনিবামাত্রই হৃদয়ে তত্ত্বসাক্ষাৎকার করিয়াছিলেন ॥ ৫ ॥

টীকা

অত্রেঃ সকাশাৎ স ভগবান্ নাম্না দত্ত ইতি জাতঃ। স্বচরণচিন্তকেভ্যো ভুক্তিমুক্তিদানং তচ্চরিত্রং দর্শয়তি—যস্য পাদপঙ্কজয়োঃ পরাগেণ পবিত্রাঃ পবিত্রিতাঃ দেহাঃ যেষাং তে যদুকার্ত্তবীর্য্যপ্রভৃতয়ঃ যোগর্দ্ধিং ধ্যানসিদ্ধিং উভয়ীং ঐহিকীমামুষ্মিকীঞ্চ ভুক্তিমুক্তিরূপামাপুঃ ॥ ৪ ॥ চতুঃসনাবতারমাহ—তপ্তমিতি। বিবিধলোকসিসৃক্ষয়া মে ময়া যৎ তপস্তপ্তম্, তস্য স্বতপসঃ সনাৎ ষণ্ণুদানে, ভগবতি দানাৎ সমর্পণাদ্ধেতোঃ স ভগবানেব আদৌ চতুঃসনঃ সনৎকুমারঃ, সনকঃ, সনন্দনঃ, সনাতন ইতি

ধর্ম্মস্য দক্ষদুহিতর্য্যজনিষ্ট মূর্ত্ত্যাং নারায়ণো নর ইতি স্বতপঃপ্রভাবঃ।
দৃষ্ট্বাত্মনো ভগবতো নিয়মাবলোপং দেব্যস্ত্বনঙ্গপৃতনা ঘটিতুং ন শেকুঃ ॥ ৬ ॥

অন্বয়

[নর ও নারায়ণ অবতারের কথা বলিতেছেন] [সেই ভগবান্] ধর্ম্মস্য (ধর্ম্মের পত্নী) দক্ষদুহিতরি (দক্ষের কন্যা) মূর্ত্ত্যাং (মূর্ত্তির গর্ভে) স্বতপঃপ্রভাবঃ (স্বীয় তপস্যা কর্ম্মে প্রভাবান্বিত) নরঃ নারায়ণঃ ইতি অজনিষ্ট (নর ও নারায়ণরূপে জন্মগ্রহণ করিয়াছিলেন)। অনঙ্গপৃতনাঃ (কামদেবের সেনা) দেব্যঃ তু (তপোভঙ্গকারিণী অপ্সরাগণ) আত্মনঃ (নিজেদের) নিয়মাবলোপং দৃষ্ট্বা (তপোবিনাশরূপ কার্য্যের নিষ্ফলতা দেখিয়া) [অর্থাৎ তপস্যায় নিয়মের কোনরূপ ব্যতিক্রম না দেখিয়া] ভগবতঃ (তাঁহাদের) নিয়মাবলোপং (ব্রতভঙ্গ) ঘটিতুং ন শেকুঃ (ঘটাইতে সমর্থ হয় নাই) ॥ ৬ ॥

অনুবাদ

[নর ও নারায়ণ অবতারের কথা বলিতেছেন]—সেই ভগবান্‌ই ধর্ম্মের পত্নী ও প্রজাপতি দক্ষের কন্যা মূর্ত্তিদেবীর গর্ভে তপস্যায় প্রভাবান্বিত নর ও নারায়ণ রূপে জন্মগ্রহণ করিয়াছিলেন। কামদেবের সেনা তপোভঙ্গকারিণী অপ্সরাগণ, নিজেদের তপোবিনাশরূপ কার্য্যের নিষ্ফলতা দেখিয়া অর্থাৎ তাঁহাদের তপস্যায় নিয়মের কোনও প্রকার ব্যতিক্রম না পাইয়া তাঁহাদের ব্রতভঙ্গ ঘটাইতে সমর্থ হয় নাই ॥ ৬ ॥

টীকা

চত্বারঃ সনশব্দা নাম্নি যস্য স অভূৎ। নানালোকাচার্য্যেভ্যঃ প্রাক্ তপোঽর্পণতুষ্টো ভগবান্ এব মোক্ষশাস্ত্রাচার্য্যতয়া জাত ইত্যর্থঃ। মোক্ষধর্ম্মে—"মরীচিরঙ্গিরাত্রিশ্চ পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুঃ। বশিষ্ঠ ইতি সপ্তৈতে মানসা নির্ম্মিতা হি তে॥ এতে বেদবিদো মুখ্যা লোকাচার্য্যাশ্চ কল্পিতা" ইতি প্রবৃত্তি-মার্গাচার্য্যানভিধায় "সনঃ সনৎসুজাতশ্চ সনকঃ স সনন্দনঃ। সনৎকুমারঃ কপিলঃ সপ্তমশ্চ সনাতনঃ॥ সপ্তৈতে মানসা প্রোক্তা ঋষয়ো ব্রহ্মণঃ সুতাঃ। স্বয়মাগতবিজ্ঞানা নিবৃত্তিধর্ম্মমাস্থিতাঃ। এতে যোগবিদো মুখ্যাঃ সাংখ্যজ্ঞানা বিশারদাঃ। আচার্য্যা মোক্ষশাস্ত্রেষু মোক্ষধর্ম্মপ্রবর্ত্তকা" ইতি মোক্ষধর্ম্মপ্রবর্ত্তকা আচার্য্যা দর্শিতাঃ। যদ্যপি তে স্বয়মাগতবিজ্ঞানাস্তথাপি স্বসম্প্রদায়স্য পরমাভ্যর্হিতত্বসিদ্ধয়ে ভগবতঃ পুরুষোত্তমস্য "এতাবান্ যোগ আদিষ্টো মচ্ছিষ্যৈঃ সনকাদিভি"রিত্যাদিবচনাৎ শিষ্যা ভূত্বা ছান্দোগ্যাদিপ্রসিদ্ধদেবর্ষ্যাদিশিষ্যদ্বারা জ্ঞানভক্তিপ্রধানং নিবৃত্তিধর্ম্মসম্প্রদায়ং প্রবর্ত্তয়ামাসুঃ। এতদেব সম্প্রদায়প্রবর্ত্তনরূপং তৎকর্ম্ম দর্শয়তি প্রাগিতি। স চতুঃসনঃ ভগবান্ প্রাক্‌কল্পস্য সংপ্লবে প্রলয়ে বিনষ্টমুচ্ছিন্নসম্প্রদায়ং ইহ অস্মিন্ কল্পে আত্মনো ভগবতঃ তত্ত্বং গুণস্বরূপযাথাত্ম্যং সম্যক্ জগাদ স্বশিষ্যেভ্য উক্তবান্। তে অপি মুনয়ঃ "শ্রুতং হ্যেব ভগবদৃশেভ্যস্তরতি শোক-মাত্মবিদিতি, সোঽহং ভগবঃ শোচামি তং মা ভগবান্ শোকস্য পরং পারং তারয়তু" ইত্যাদি শ্রুতিপ্রসিদ্ধাঃ তচ্ছিষ্যাঃ শ্রীনারদাদয়ঃ যদ্গদিতমাত্রমেব আত্মন্ আত্মনি মনসি অচক্ষত সাক্ষাদপশ্যন্ ॥ ৫ ॥ নরনারায়ণাবতারমাহ—ধর্ম্মস্যেতি। ধর্ম্মস্য পত্ন্যাং দক্ষদুহিতরি মূর্ত্ত্যাম্ স ভগবান্ নারায়ণো নর ইতি যুগলস্বরূপোঽজনিষ্ট প্রাদুরভূৎ। কীদৃশঃ? স্বতপঃপ্রভাবঃ স্বকীয়যজনতপসি প্রকৃষ্টো ভাবঃ তপআচরণা-ভিপ্রায়ো যস্য সঃ, স্বকীয়ান্ এবং তপঃ কর্ত্তব্যমিতি বোধয়িতুং তপোনিষ্ঠমূর্ত্তিদ্বয়ম্ আবিষ্কৃত-বানিত্যর্থঃ। স্বকীয়জনশিক্ষার্থং তস্য তপোনিষ্ঠাং দর্শয়তি অনঙ্গস্য কামস্য পৃতনাঃ সেনা দেব্যোঽ-

কামং দহন্তি কৃতিনো নন্বু রোষদৃষ্ট্যা রোষং দহন্তমুত তে ন দহন্ত্যসহ্যম্ ।
সোঽয়ং যদন্তরমলং প্রবিশন্ বিভেতি কামঃ কথং নু পুনরস্য মনঃ শ্রয়েত ॥ ৭ ॥
বিদ্ধঃ সপত্ন্যুদিতপত্রিভিরন্তি রাজ্ঞো বালোঽপি সন্নুপগতস্তপসে বনানি ।
তস্মা অদাদ্ ধ্রুবগতিং গৃণতে প্রসন্নো দিব্যাঃ স্তবন্তি মুনয়ো যদুপর্য্যধস্তাৎ ॥ ৮ ॥

অন্বয়

[কামদেবের বিনাশক যে ক্রোধ, সেই ক্রোধের যেখানে স্পর্শলেশও নাই, সেখানে কামের স্পর্শলেশ যে থাকিবে না, এ বিষয়ে আর বক্তব্য কি ? তাহাই বলিতেছেন] কৃতিনঃ (রুদ্র প্রভৃতি) রোষদৃষ্ট্যা (কোপদৃষ্টিদ্বারা) কামং দহন্তি (কামদেবকে ভস্ম করিয়াছিলেন) ; [কিন্তু] তে (তাঁহারা) [আত্মানং] দহন্তম্ উত (ক্রোধকর্ত্তৃক দগ্ধ হইলেও) অসহ্যং রোষং (অসহ্য ক্রোধকে) ন দহন্তি (দগ্ধ করিতে পারেন নাই) ; নন্বু (আহা !) সঃ অয়ং (সেই এই কামজয়িগণেরও জয়কারী ক্রোধ) যদন্তরং নিবিশন্ (যাঁহাদের অন্তরে প্রবেশ করিতে যাইয়া) অলং বিভেতি (অতিশয় ভীত হইয়া থাকে), কামঃ (মদন) কথং নু (কি প্রকারে) অস্য (সেই নরনারায়ণ ঋষিযুগলের) মনঃ শ্রয়েত (মন অধিকার করিবে) ॥ ৭ ॥

[ধ্রুবের বরপ্রদানকারী ভগবদবতারের কথা বলিতেছেন] রাজ্ঞঃ (স্বীয় পিতা রাজা উত্তানপাদের) অন্তি (সমীপে) সপত্ন্যুদিতপত্রিভিঃ (বিমাতার বাক্যবাণে) বিদ্ধঃ (তাড়িত হইয়া) বালঃ

অনুবাদ

রুদ্র প্রভৃতি দেবগণ ক্রোধদৃষ্টিদ্বারা কামদেবকে ভস্ম করিয়াছিলেন ; কিন্তু সেই ক্রোধ রুদ্রগণকে বশীভূত করিলেও তাঁহারা সেই অসহ্য ক্রোধকে দগ্ধ করিতে সমর্থ হন নাই অর্থাৎ ক্রোধ দমন করিতে পারেন নাই ; সেই কামজয়িগণেরও জয়কারী ক্রোধ যাঁহাদের অন্তরে প্রবেশ করিতে যাইয়া অতিশয় ভয় পাইয়া থাকে, সেই নরনারায়ণ ঋষিদ্বয়ের অন্তঃকরণে কামদেব কি প্রকারে স্থান পাইতে পারে ? [অর্থাৎ কখনই সম্ভব নহে] ॥৭॥

[ধ্রুবের বরপ্রদানকারী ভগবদবতারের কথা বলিতেছেন]—স্বীয় পিতা রাজা উত্তানপাদের নিকটে বিমাতার বাক্য-বাণে বিদ্ধ হইয়া বালক হইয়াও ধ্রুব তপস্যা করিবার জন্য

টীকা

পরসঃ আত্মনো নিয়মস্য তপোনাশনরূপস্যাবলোপং দৃষ্ট্বা ভগবতঃ নিয়মাবলোপং ব্রতভঙ্গং ঘটয়িতুং ন শেকুঃ ন শক্তা বভূবুঃ। তচ্চ একাদশে স্কন্ধে স্ফুটীভবিষ্যতি ॥ ৬ ॥ কামবিনাশকস্য ক্রোধস্যাপি যত্র স্পর্শলেশো নাস্তি, তত্র কামস্পর্শলেশস্য কা কথা ইত্যাহ—কামমিতি। কৃতিনঃ "কামস্তু বাসুদেবাংশো দগ্ধঃ প্রাগ্ রুদ্রমন্যুনা" ইতি বক্ষ্যমাণাৎ রুদ্রপ্রমুখাঃ রোষদৃষ্ট্যা কামং দহন্তি। অসহ্যং সোঢ়ুমশক্যং রোষং তু আত্মানং দহন্তমপি ন দহন্তি। নন্বু অহো সোঽয়ং কামজয়িনামপি বিজেতা রোষঃ যস্য ভগবতঃ অন্তরং মনঃ প্রতি প্রবিশন্ অলমধিকং বিভেতি বিভ্যতি। অস্য ভগবতো মনঃ কামঃ পুনঃ কথং নু শ্রয়েত প্রবেষ্টুং শক্নুয়াৎ ? ন কথমপীত্যর্থঃ ॥ ৭ ॥ ধ্রুববরদাবতারমাহ রাজ্ঞঃ স্বপিতুঃ অন্তি সমীপে এব তত্রাপি বাল এবেতি স্ত্রীণাং স্ত্রৈণানাং চ দৌরাত্ম্যদ্যোতনেন মুমুক্ষুভিঃ তৎসঙ্গো হেয় এবেতি সূচয়তি—মাতুঃ স্বপত্ন্যাঃ সুরুচ্যা উদিতানি বাক্যান্যেব পত্রিণো

যদ্বেণমুৎপথগতং দ্বিজবাক্যবজ্র-নিষ্প্লুষ্টপৌরুষভগং নিরয়ে পতন্তম্।
ত্রাত্বার্থিতো জগতি পুত্রপদঞ্চ লেভে দুগ্ধা বসূনি বসুধা সকলানি যেন ॥ ৯ ॥

অন্বয়

অপি সন্ (বালক হইয়াও ধ্রুব) তপসে (তপস্যা করিবার জন্য) বনানি উপগতঃ (বনে গমন করিয়াছিলেন)। গৃণতে (স্তবকারী) তস্মৈ (সেই ধ্রুবকে) প্রসন্নঃ (সন্তুষ্ট হইয়া ভগবান্) ধ্রুবগতিং অদাৎ (ধ্রুবগতি অর্থাৎ স্থায়ী পদ প্রদান করিয়াছিলেন); যৎ (এই ধ্রুব গতিকে) দিব্যাঃ (স্বর্গবাসী), উপরি মুনয়ঃ (উপরিস্থিত ভৃগু প্রভৃতি মুনিগণ) অধস্তাৎ (ও অধঃস্থিত সপ্তর্ষিগণ) স্তবন্তি (স্তব করিয়া থাকেন) ॥ ৮ ॥

[পৃথু অবতারের কথা বলিতেছেন] যৎ (যে সময়ে) [ভগবান্] অর্থিতঃ (ঋষিগণ কর্তৃক প্রার্থিত হইয়াছিলেন, তখন) উৎপথগতং (উন্মার্গগামী), দ্বিজবাক্যবজ্রনিষ্প্লুষ্টপৌরুষভগং (মুনিগণের অভিশাপরূপ বজ্রে পৌরুষ ও ঐশ্বর্য্যবিহীন), নিরয়ে পতন্তং (নরকে পতিত) বেণং ত্রাত্বা (বেণ রাজাকে উদ্ধার করিয়া) পুত্রপদঞ্চ লেভে (পুত্রপদের অন্বর্থ লাভ করিয়াছিলেন) [অর্থাৎ নরক হইতে পিতাকে ত্রাণ করিয়া পুত্র নামের সার্থকতা রক্ষা করিয়াছিলেন]; যেন (এই পৃথুরাজ) জগতি (জগতের নিমিত্ত) সকলানি বসূনি (সমস্ত রত্নাদি) বসুধা (পৃথিবী হইতে) দুগ্ধা (দোহন করিয়াছিলেন) ॥ ৯ ॥

অনুবাদ

বনে গমন করিয়াছিলেন। ধ্রুবের স্তবে সন্তুষ্ট হইয়া ভগবান্ সেই ধ্রুবকে ধ্রুবগতি প্রদান করিয়াছিলেন। এই ধ্রুবলোককে স্বর্গবাসী উপরিস্থিত ভৃগু প্রভৃতি মুনিগণ ও অধঃস্থিত সপ্তর্ষিগণ স্তব করিয়া থাকেন ॥ ৮ ॥

[পৃথু অবতারের কথা বলিতেছেন]--যে সময়ে ভগবান্ শ্রীহরি ঋষিগণকর্তৃক প্রার্থিত হইয়াছিলেন, তখন উন্মার্গগামী হওয়ায় মুনিগণের অভিশাপরূপ বজ্রে যাহার পৌরুষ ও ঐশ্বর্য্য বিনষ্ট হইয়াছিল, নরকে পতিত সেই বেণ রাজাকে তিনি উদ্ধার করিয়া পুত্রপদের সার্থকতা রক্ষাকরিয়া ছিলেন অর্থাৎ পৃথুনামে তাহার পুত্ররূপে জন্মগ্রহণ করিয়া নরক হইতে পিতাকে ত্রাণ করতঃ পুত্রনামের সার্থকতা রক্ষা করিয়াছিলেন। এই পৃথু অবতারেই তিনি জগতের নিমিত্ত পৃথিবী হইতে রত্নরাজি দোহন করিয়াছিলেন ॥ ৯ ॥

টীকা

বাণাঃ, তৈর্বিদ্ধঃ তাড়িতঃ বালোঽপি সন্ ধ্রুবঃ তপসে তপশ্চরিতুং বনানি উপগতঃ, তস্মৈ গৃণতে স্তবতে প্রসন্নঃ ভগবান্ ধ্রুবগতিং স্থায়িপদম্ অদাৎ। যৎ যাং দিব্যাঃ দিবি ভবাঃ উপরিস্থিতাঃ ভৃগ্বাদয়ঃ অধস্থিতাঃ সপ্তর্ষয়ঃ স্তবন্তি ॥ ৮ ॥ পৃথ্ববতারমাহ—য দিতি। যদা ঋষিভিঃ প্রার্থিতস্তদা উৎপথগতম্ অসন্মার্গবর্ত্তিনম্ অসন্মার্গবর্ত্তিত্বাদেব দ্বিজানাং মুনীনাং শাপবাক্যমেব বজ্রং তেন নিষ্প্লুষ্টং বিশেষেণ দগ্ধং পৌরুষং ভগং ঐশ্বর্য্যং চ যস্য তম্, অতএব নিরয়ে নরকে পতন্তং বেণং ত্রাত্বা অন্বর্থং তৎপুত্র ইদং পদং নাম লেভে, "পুন্নাম্নো নরকাৎ যস্ত পিতরং ত্রায়তে সুতঃ। তস্মাৎ পুত্র ইতি প্রোক্তঃ স্বয়মেব স্বয়ম্ভুবা" ইতি ব্যুৎপত্তিস্মরণাৎ। চরিত্রান্তরমাহ যেন পৃথুনা জগতি জগদর্থে বসুধা সকলানি দ্রব্যাণি

নাভেরসাবৃষভ আস সুদেবিসূনু-র্যো বৈ চচার সমদৃগ্‌জড়যোগচর্য্যাম্‌।
যৎ পারমহংস্যমৃষয়ঃ পদমামনন্তি স্বস্থঃ প্রশান্তকরণঃ পরিমুক্তসঙ্গঃ ॥১০॥
সত্রে মমাস ভগবান্‌ হয়শীরষাথো সাক্ষাৎ স যজ্ঞপুরুষস্তপনীয়বর্ণঃ।
ছন্দোময়ো মখময়োঽখিলদেবতাত্মা বাচো বভূবুরুশতীঃ শ্বসতোঽস্য নস্তঃ ॥ ১১ ॥

অন্বয়

[ঋষভ অবতারের কথা বলিতেছেন] অসৌ (ভগবান্‌) নাভেঃ (অগ্নীধ্রপুত্র নাভির ঔরসে) সুদেবি-সূনুঃ (মেরুদেবীর গর্ভে পুত্ররূপে) ঋষভঃ আস (ঋষভ নামে জন্মিয়াছিলেন)। সমদৃক্‌ (সমদর্শী) স্বস্থঃ (স্বরূপে অবস্থিত) প্রশান্তকরণঃ (জিতেন্দ্রিয়) পরিমুক্তসঙ্গঃ (শব্দাদি বিষয়ে আসক্তিশূন্য) যঃ বৈ (এই ঋষভ) জড়যোগচর্য্যাং চচার (জড়ের ন্যায় নিত্যসমাধিযোগ আচরণ করিয়াছিলেন), যৎ (এই জড়যোগচর্য্যাকে) ঋষয়ঃ (মুনিগণ) পারমহংস্যং পদং (ভগবৎপ্রাপ্তিমার্গ) আমনন্তি (বলিয়া থাকেন) ॥ ১০ ॥

[হয়গ্রীব অবতারের কথা বলিতেছেন] অথ (এবং) সঃ যজ্ঞপুরুষঃ (সেই যজ্ঞমূর্ত্তি ভগবান্‌) মম সত্রে (আমার যজ্ঞে) তপনীয়বর্ণঃ (সুবর্ণবর্ণ), ছন্দোময়ঃ (বেদময়), মখময়ঃ (যজ্ঞময়) অখিল-দেবতাত্মা (ও সমস্ত দেবগণের আত্মস্বরূপ হইয়া) হয়শীরষা (হয়গ্রীবরূপে) আস (আবির্ভূত হইয়া-ছিলেন) ; শ্বসতঃ অস্য (শ্বাস পরিত্যাগকালে এই হয়গ্রীবের) নস্তঃ (নাসাপুট হইতে) উশতীঃ (কমনীয়) বাচঃ (বেদরূপা বাণী) বভূবুঃ (আবির্ভূত হইয়াছিল) ॥ ১১ ॥

অনুবাদ

[ঋষভ অবতারের কথা বলিতেছেন]—সেই ভগবান্‌ অগ্নীধ্রপুত্র নাভির ঔরসে মেরুদেবীর গর্ভে পুত্ররূপে ঋষভ নাভে জন্মগ্রহণ করিয়াছিলেন। তিনি সমদর্শী, স্বরূপে অবস্থিত, জিতেন্দ্রিয় ও শব্দাদিবিষয়ে আসক্তিশূন্য হইয়া জড়ের ন্যায় নিত্যসমাধিযোগ আচরণ করিয়াছিলেন। এই জড়যোগচর্য্যাকে মুনিগণ ভগবৎপ্রাপ্তির দ্বারস্বরূপ বলিয়া থাকেন ॥ ১০ ॥

[হয়গ্রীব অবতারের কথা বলিতেছেন]—আবার সেই যজ্ঞমূর্ত্তি ভগবান্‌ আমার যজ্ঞে সুবর্ণবর্ণ, বেদময়, যজ্ঞময় ও দেবতাগণের আত্মস্বরূপ হইয়া হয়গ্রীবরূপে আবির্ভূত হইয়াছিলেন। এই হয়গ্রীবের শ্বাস পরিত্যাগকালে নাসাপুট হইতে কমনীয় বেদবাক্য সকল আবির্ভূত হইয়াছিল ॥ ১১ ॥

টীকা

দুগ্ধা অদুহ্যত ॥ ৯ ॥ ঋষভাবতারমাহ—নাভেরিতি। অসৌ ভগবান্‌ নাভেঃ সকাশাৎ সুদেব্যাঃ মেরুদেব্যপরপর্য্যায়ায়াঃ সূনুর্নামতঃ ঋষভঃ আস যঃ ঋষভঃ জড়বদ্‌ যোগেন নিত্যসমাধিনা চর্য্যাং চাচর, যৎ যাং জড়যোগচর্য্যাং ঋষয়ঃ পারমহংস্যং পদং ভগবৎপ্রাপ্তিমার্গং আমনন্তি "যৎ পারমহংস্যেন পথাধিগম্যত" ইত্যাদিনা অগ্রে নিরূপ্যমানঃ, স চ পারমহংস্যমার্গঃ নিত্যধ্যানাদিবশাদলব্ধাশ্রমকৃত্যাবসরস্য শ্রেষ্ঠাধিকারিণঃ। ব্রহ্মচারিপ্রভৃতিষু একতমস্যৈব "ব্রহ্মচারী গৃহস্থশ্চ বানপ্রস্থস্তথাশ্রমী। পরিব্রাট্‌ চ চতুর্থোঽত্র পঞ্চমো নোপপদ্যতে॥ বর্ণাশ্রমাচারবতা পুরুষেণ পরঃ পুমান্‌। বিষ্ণুরারাধ্যতে পন্থা নান্যৎ তত্তোষকারণমি"তি বৈষ্ণবে চতুর্ণামেবাশ্রমানাং স্বীকারাৎ নিত্যধ্যানাদিতি স্পষ্টং শ্রৈষ্ঠ্যমপি

মৎস্যো যুগান্তসময়ে মনুনোপলব্ধঃ ক্ষৌণীময়ো নিখিলজীবনিকায়কেতঃ।
বিস্রংসিতানুরুভয়ে সলিলে মুখান্ম আদায় তত্র বিজহার হ বেদমার্গান্ ॥ ১২ ॥
ক্ষীরোদধাবমরদানবযূথপানা-মুন্মথ্নতামমৃতলব্ধয় আদিদেবঃ।
পৃষ্ঠেন কচ্ছপবপুর্বিদধার গোত্রং নিদ্রাক্ষণোঽদ্রিপরিবর্ত্তকষাণকণ্ডূঃ ॥ ১৩ ॥

অন্বয়

[মৎস্য অবতারের কথা বলিতেছেন] যুগান্তসময়ে (প্রলয়কালে) মনুনা (বৈবস্বত মনু সত্যব্রত নামক রাজাকর্ত্তৃক) ক্ষৌণীময়ঃ (আগামী সৃষ্টির উপযোগী পার্থিবদ্রব্যময়) নিখিলজীবনিকায়কেতঃ (ও জীবসমূহের আশ্রয়) মৎস্যঃ (মৎস্যরূপী ভগবান্) উপলব্ধঃ (দৃষ্ট হইয়াছিলেন)। [তিনি] মে (আমার) মুখাৎ বিস্রংসিতান্ (মুখ হইতে বিগলিত) বেদমার্গান্ (বেদোক্ত ধর্ম্ম সকল) আদায় (গ্রহণ করিয়া) তত্র উরুভয়ে সলিলে (সেই যুগান্তসলিলে) বিজহার হ (অত্যন্ত আনন্দে বিচরণ করিয়াছিলেন) ॥ ১২ ॥

[কূর্ম্ম অবতারের কথা বলা হইতেছে] আদিদেবঃ (আদিদেব ভগবান্) কচ্ছপবপুঃ [সন্] (কূর্ম্মশরীর

অনুবাদ

[মৎস্য অবতারের কথা বলিতেছেন]—প্রলয় কালে বৈবস্বতমনু সত্যব্রত নামক রাজা পরবর্ত্তী সৃষ্টির উপযোগী পার্থিবদ্রব্যময় ও প্রাণিগণের আশ্রয়স্বরূপ মৎস্যরূপী ভগবান্‌কে দেখিয়াছিলেন। সেই মৎস্যরূপী ভগবান্ আমার মুখ হইতে বিগলিত বেদোক্ত ধর্ম্মসকল গ্রহণ করিয়া সেই যুগান্ত সলিলে অত্যন্ত হর্ষের সহিত বিচরণ করিয়াছিলেন ॥ ১২ ॥

[কূর্ম্ম অবতারের কথা বলিতেছেন]—আদিদেব ভগবান্ কূর্ম্মশরীরী হইয়া দুগ্ধসমুদ্রে

টীকা

তত্রৈবোক্তং। "ন চলতি ভগবৎপদারবিন্দাৎ পলনিমেষার্দ্ধমপি স বৈষ্ণবাগ্র্য" ইত্যাদিনা জড়-যোগচর্য্যাচরণহেতুঃ সমদৃক্- সর্ব্বস্য ভগবদাত্মকত্বাৎ সমদর্শনঃ অতএব স্বস্থঃ স্বস্মিন্ রূপে সর্ব্বাত্মভূতে স্বাবতারিণি বাসুদেবে স্থিতঃ, অতএব প্রশান্তকরণঃ অবিচলেন্দ্রিয়ঃ, অতএব পরিমুক্তসঙ্গঃ ॥ ১০ ॥ হয়গ্রীবাবতারমাহ—সত্র ইতি। অথো ইত্যর্থান্তরে। সাক্ষাদ্ ভগবান্ মম সত্রে যজ্ঞে হয়শীর্ষা আস। কীদৃশঃ? তপনীয়ং সুবর্ণং তদ্বদ্ বর্ণো যস্য সঃ। ছন্দোময়ঃ বেদময়ঃ, মখময়ঃ অধ্বরাকারঃ তদারাধ্যো বা, অখিলানাং দেবতানামাত্মা "স আত্মা অঙ্গান্যন্যা দেবতা" ইতি শ্রুতেঃ। অস্য হয়গ্রীবস্য শ্বসতঃ নিঃশ্বসতঃ নস্তঃ নাসাপুটাৎ উশতীঃ উশত্যঃ কমনীয়াঃ বাচঃ বেদরূপাঃ বভূবুঃ ॥ ১১ ॥ মৎস্যাবতারমাহ—মৎস্য ইতি। মনুনা বৈবস্বতেন পূর্ব্বজন্মনি যুগান্তসময়ে সত্যব্রতাখ্যেন রাজ্ঞা মৎস্য উপলব্ধঃ দৃষ্টঃ, কীদৃশঃ? ক্ষৌণীপ্রধানঃ আগামিসৃষ্ট্যুপযোগিপার্থিবদ্রব্যাশ্রয়ঃ ইতি যাবৎ, অতএব নিখিলজীবানাং যো নিকায়ঃ সমূহস্তস্য কেতো নিলয়ঃ,স চ মে মম মুখাদ্বিস্রংসিতান্ বিগলিতান্ বেদমার্গান্ বেদোক্তধর্ম্মান্ যদ্বা বেদরূপান্ মার্গান্ সর্ব্বপুরুষার্থোপায়ান্ আদায় উরুভয়ে যুগান্তকালে হেতি হর্ষেণ, বিজহার বিহৃতবান্ ॥ ১২ ॥

কূর্ম্মাবতারমাহ—ক্ষীরোদধাবিতি। আদিদেবঃ ভগবান্ কচ্ছপবপুঃ সন্ ক্ষীরোদধৌ ক্ষীরার্ণবে অমৃতলব্ধয়ে অমরদানবযূথপানাম্ উন্মথ্নতাং মন্থনং কুর্ব্বতাং সতাং পৃষ্ঠেন গোত্রং মন্দরগিরিং বিদধার বিধৃতবান্। কথম্ভূতঃ? নিদ্রাক্ষণঃ নিদ্রায়াঃ ক্ষণঃ অবসরঃ উৎসবো বা যস্য স তথোক্তঃ। তত্র

ত্রৈপিষ্টপোরুভয়হা স নৃসিংহরূপং কৃত্বা ভ্রমদ্ভ্রুকুটিদংষ্ট্রকরালবক্ত্রম্।
দৈত্যেন্দ্রমাশু গদয়াভিপতন্তমারা-দূরৌ নিপাত্য বিদদার নখৈঃ স্ফুরন্তম্ ॥ ১৪ ॥
অন্তঃসরস্যুরুবলেন পদে গৃহীতো গ্রাহেণ যূথপতিরম্বুজহস্ত আর্ত্তঃ।
আহেদমাদিপুরুষাখিললোকনাথ ! তীর্থশ্রবঃ ! শ্রবণমঙ্গলনামধেয় ! ॥ ১৫

অন্বয়

ধারণ করিয়া) ক্ষীরোদধৌ (দুগ্ধসমুদ্রে) অমৃতলব্ধয়ে (অমৃতলাভের নিমিত্ত) উন্মথ্নতাং (মন্থনকারী) অমরদানবযূথপানাং (দেবশ্রেষ্ঠ ও অসুরশ্রেষ্ঠগণের) [মঙ্গলের জন্য] পৃষ্ঠেন গোত্রং (পৃষ্ঠদেশে মন্দর পর্ব্বত) বিদধার (ধারণ করিয়াছিলেন)। অদ্রিপরিবর্ত্তকষাণকণ্ডূঃ ([তিনি] মন্দর পর্ব্বতের ঘর্ষণরূপ কণ্ডূয়নে) নিদ্রাক্ষণঃ (নিদ্রাসুখ) [অনুভব করিয়াছিলেন] ॥ ১৩ ॥

[নৃসিংহ অবতারের কথা বলিতেছেন]—ত্রৈপিষ্টপোরুভয়হা (দেবতাগণের মহদ্ভয়হারী) সঃ (ভগবান্) ভ্রমদ্ভ্রুকুটিদংষ্ট্রকরালবক্ত্রং (কুটিলভ্রুকুটি, ঘোরদংষ্ট্রা ও করালবদনযুক্ত) নৃসিংহরূপং কৃত্বা (নৃসিংহরূপ ধারণ করিয়া) আরাৎ (অদূরেই) স্ফুরন্তং (ক্রোধে কম্পমান) গদয়া অভিপতন্তং (গদাহস্তে অভিমুখে আগমনকারী) দৈত্যেন্দ্রং (দৈত্যরাজ হিরণ্যকশিপুকে) ঊরৌ নিপাত্য (স্বীয় ঊরুদেশে স্থাপন করিয়া) আশু (সত্বর) নখৈঃ বিদদার (নখের দ্বারা বিদীর্ণ করিয়াছিলেন)॥ ১৪ ॥

[হরি অবতারের কথা বলিতেছেন] অন্তঃসরসি (সরোবরমধ্যে) উরুবলেন গ্রাহেণ (মহাবলশালী জলজন্তুকর্ত্তৃক) পদে গৃহীতঃ (পদে ধৃত হইয়া) আর্ত্তঃ যূথপতিঃ (কাতর গজেন্দ্র) অম্বুজহস্তঃ (শুণ্ডদ্বারা পদ্ম উত্তোলন করিয়া) ইদম্ আহ (ইহা বলিয়াছিল অর্থাৎ স্তব করিয়াছিল);

অনুবাদ

অমৃতলাভের নিমিত্ত মন্থনকারী দেবশ্রেষ্ঠ ও অসুরশ্রেষ্ঠগণের মঙ্গলের জন্য পৃষ্ঠদেশে মন্দর পর্ব্বত ধারণ করিয়াছিলেন। সেই মন্দর পর্ব্বতের ঘর্ষণরূপ কণ্ডূয়নে তিনি নিদ্রাসুখ অনুভব করিয়াছিলেন ॥ ১৩ ॥

[নৃসিংহ অবতারের কথা বলিতেছেন]—দেবতাগণের মহদ্ভয় বিনাশকারী সেই ভগবান্ কুটিলভ্রুকুটি, ঘোরদংষ্ট্রা ও করালবদনযুক্ত নৃসিংহরূপ ধারণ করিয়া ক্রোধে কম্পমান ও গদাহস্তে অভিমুখে আগমনকারী দৈত্যরাজ হিরণ্যকশিপুকে ঊরুদেশে স্থাপন করিয়া নখদ্বারা বিদীর্ণ করিয়াছিলেন ॥ ১৪ ॥

[হরি অবতারের কথা বলিতেছেন]—সরোবরমধ্যে মহাবলশালী ভীষণ জলজন্তুকর্ত্তৃক

টীকা

হেতুগর্ভং বিশেষণম্—অদ্রিপরিবর্ত্তকষাণকণ্ডূরিতি। অদ্রেঃ পরিবর্ত্তঃ পরিভ্রমঃ স এব কষঃ কষণং তেন অনিতি অপযাতীতি অদ্রিপরিবর্ত্তকষণা এবম্বিধা কণ্ডূর্যস্য স তথোক্তঃ ॥ ১৩ ॥ নৃসিংহাবতারমাহ—ত্রৈপিষ্টপোরুভয়হেতি। স এব ভগবান্ ত্রিপিষ্টপে স্বর্গে ভবাঃ ত্রৈপিষ্টপাঃ সুরাঃ, তেষাম্ উরুভয়মপহন্তীতি তথা। ভ্রমন্তৌ ভ্রুকুট্যৌ দংষ্ট্রাশ্চ যস্মিন্ তৎ, করালং বক্ত্রং যস্মিন্ তৎ, তথাবিধং নৃসিংহরূপং কৃত্বা স্ফুরন্তং ক্রোধবশাৎ কম্পমানং আরাদন্তিকে গদয়োপলক্ষিতম্ অভিপতন্তম্ অভিমুখমাপতন্তং দৈত্যেন্দ্রং হিরণ্যকশিপুম্ ঊরৌ স্বোরৌ নিপাত্য নখৈর্ব্বিদদার ॥ ১৪ ॥ হরিসংজ্ঞকাবতারমাহ—অন্তরিতি

শ্রুত্বা হরিস্তমরণার্থিনমপ্রমেয়-শ্চক্রায়ুধঃ পতগরাজভুজাধিরূঢ়ঃ।
চক্রেণ নক্রবদনং বিনিপাট্য তস্মা-দ্ধস্তে প্রগৃহ্য ভগবান্ কৃপয়োজ্জহার ॥ ১৬ ॥
জ্যায়ান্ গুণৈরবরজোঽপ্যদিতেঃ সুতানাং লোকান্ বিচক্রম ইমান্ যদথাধিযজ্ঞঃ।
ক্ষ্মাং বামনেন জগৃহে ত্রিপদচ্ছলেন যাচ্ঞামৃতে পথি চরন্ প্রভুভির্ন চাল্যঃ ॥১৭॥

অন্বয়

আদিপুরুষ! (হে সর্ব্বকারণকারণ!) অখিললোকনাথ! (হে জগদীশ্বর!) তীর্থশ্রবঃ! (হে পবিত্র-কীর্ত্তিমন্!) শ্রবণমঙ্গলনামধেয়! (হে শ্রবণমাত্র মঙ্গলাবহ নামধারিন্!) [তুমি আমাকে এ বিপদ হইতে উদ্ধার কর] ॥ ১৫ ॥

অপ্রমেয়ঃ (বিভু) ভগবান্ হরিঃ (ভগবান্ শ্রীহরি) শ্রুত্বা (সেই গজেন্দ্রের স্তব শ্রবণ করিয়া) পতগরাজভুজাধিরূঢ়ঃ চক্রায়ুধঃ (গরুড়ে আরোহণ করতঃ চক্র হস্তে লইয়া) তম্ অরণার্থিনং (সেই শরণার্থী হস্তীকে) হস্তে (শুণ্ডে) প্রগৃহ্য (ধারণ করিয়া) চক্রেণ (সুদর্শন চক্রের দ্বারা) নক্রবদনং বিনিপাট্য (কুম্ভীরের বদন ছেদন করতঃ) তস্মাৎ (সেই কুম্ভীরের মুখ হইতে) কৃপয়া উজ্জহার (কৃপা করিয়া উদ্ধার করিয়াছিলেন) ॥ ১৬ ॥

[বামন অবতারের কথা বলিতেছেন]—প্রভুভিঃ [অপি] (নিগ্রহানুগ্রহে সমর্থ হইয়াও)

অনুবাদ

পদে আক্রান্ত হইয়া অতিশয় কাতর গজেন্দ্র স্বীয় শুণ্ডদ্বারা পদ্ম গ্রহণ করতঃ ভগবান্‌কে এই রূপে স্তব করিয়াছিল—হে সর্ব্বকারণকারণ! হে জগদীশ্বর! হে পবিত্রকীর্ত্তিমন্! হে শ্রবণমাত্র মঙ্গলাবহ নামধারিন্! [তুমি আমাকে এবিপদ্ হইতে উদ্ধার কর] ॥ ১৫ ॥

সর্ব্বেশ্বর ভগবান্ শ্রীহরি সেই গজেন্দ্রের স্তব শ্রবণ করিবামাত্র গরুড়ে আরোহণ করতঃ চক্র হস্তে লইয়া সেই শরণাগত হস্তীর শুণ্ডে ধারণ করিয়া সুদর্শন চক্রের দ্বারা কুম্ভীরের বদন ছেদন করতঃ কুম্ভীরের মুখ হইতে তাহাকে কৃপা করিয়া উদ্ধার করিয়াছিলেন ॥১৬॥

[বামন অবতারের কথা বলিতেছেন] নিগ্রহানুগ্রহে সমর্থ হইয়াও ধর্ম্মপথে অবস্থিত

টীকা

দ্বাভ্যাম্। অন্তঃসরসি সরোমধ্যে উরুবলেন বহুবলেন গ্রাহেণ পদে গৃহীতঃ অতএব আর্ত্তঃ যূথপতিঃ গজযূথনাথঃ অম্বুজমুপায়নভূতং হস্তে যস্য স গৃহীতাম্বুজঃ সন্ ইদমাহ—হে আদিপুরুষ! সর্ব্বজনক! হে অখিললোকনাথ! সর্ব্বপ্রাণিযাচ্য! তীর্থরূপাণি শ্রবাংসি যশাংসি যস্য স তীর্থশ্রবাঃ তস্য সম্বোধনে হে তীর্থশ্রব ইতি। শ্রবণমাত্রেণাপি মঙ্গলানি মঙ্গলাবহানি নামধেয়ানি যস্য স তথা, তস্য সম্বোধনে হে শ্রবণমঙ্গলনামধেয়! ॥ ১৫ ॥ হরিঃ স্বানন্যভক্তক্লেশহরণস্বভাবঃ তদ্বচনং শ্রুত্বা তমরণার্থিনং হস্তে শুণ্ডায়াং প্রগৃহ্য চক্রেণ শ্রীসুদর্শনেন নক্রস্য বদনং বিনিপাট্য বিদার্য্য তস্মাৎ নক্রবদনাৎ কৃপয়া উজ্জহার উদ্ধৃতবান্ ॥ ১৬ ॥ বামনাবতারমাহ জ্যায়ানিতি। অদিতেঃ সুতানাং মধ্যে অধিযজ্ঞঃ যজ্ঞাধিষ্ঠাতা ভগবদবতারঃ অবরজোঽপি পশ্চাজ্জাতোঽপি দ্বাদশানাং অদিতিপুত্রাণাং মধ্যে কনিষ্ঠভ্রাতাপীত্যর্থঃ। গুণৈস্তু দানকৃতপ্রতিগৃহীত্রোর্বলিবামনয়োর্যশোবৈহৈঃ, আদিত্যানাং সুখাবহৈশ্চ জ্যায়ানেব জ্যেষ্ঠ এব। তান্ দর্শয়তি—যৎ যতঃ ইমান্ লোকান্ বিচক্রমে ক্রান্তবান্, অথ প্রতিশ্রুতানন্তরমেব, তত্র হেতুঃ—বলেঃ

নার্থো বলেরয়মুরুক্রমপাদশৌচ-মাপঃ শিখাধৃতবতো বিবুধাধিপত্যম্ ।
যো বৈ প্রতিশ্রুতমৃতে ন চিকীর্ষদন্য-দাত্মানমঙ্গ ! মনসা হরয়েঽভিমেনে ॥ ১৮ ॥

অন্বয়

পথি চরন্ (ধর্ম্মপথে অবস্থিত ব্যক্তিকে) যাচ্ঞাম্ ঋতে (প্রার্থনা ব্যতীত) ন চাল্যঃ (বৃথা উদ্বেগ দেওয়া উচিত নহে), [এই জন্যই সেই ভগবান্] অথ বামনেন ত্রিপদচ্ছলেন (বামন অবতাররূপে ত্রিপদ পরিমিত ভূমি যাচ্ঞাচ্ছলে) ক্ষ্মাং জগৃহে (বলিরাজের রাজ্য ত্রিভুবন গ্রহণ করিয়াছিলেন)। যৎ (যেহেতু) [ভগবান্] ইমান্ লোকান্ (এই ত্রিভুবন) বিচক্রমে (ত্রিপদের দ্বারা আক্রমণ করিয়াছিলেন), [অতএব] অদিতেঃ সুতানাং [মধ্যে] (অদিতির পুত্র দ্বাদশাদিত্যের মধ্যে) অধিযজ্ঞঃ (যজ্ঞাধিষ্ঠাতা ভগবদবতার) অবরজোঽপি (কনিষ্ঠ হইলেও) গুণৈঃ জ্যায়ান্ (গুণে শ্রেষ্ঠ) ॥১৭॥

[ভক্তবৎসল ভগবান্ স্বভক্ত বলির নিকটে প্রার্থনা করিয়া ও তাঁহার অধিকৃত ভূমি হরণ করিয়া বলির কীর্ত্তিই বিস্তার করিয়াছিলেন বটে, কিন্তু দেবাধিপত্য অপহরণ করিয়া ত অনুপকারই করিয়াছেন ? এই আশঙ্কা নিবারণ করিতেছেন]—উরুক্রমপাদশৌচম্ অপঃ (শ্রীহরির পাদপ্রক্ষালিত জল) আ শিখা (সর্ব্বতোভাবে মস্তকে) ধৃতবতঃ (ধারণকারী) বলেঃ (বলিরাজের) বিবুধাধিপত্যম্ (দেবাধিপত্যই) অয়ম্ অর্থঃ ন (পুরুষার্থ নহে); অঙ্গ ! (হে নারদ !) যঃ (এই বলিরাজ) প্রতিশ্রুতম্ ঋতে (প্রতিজ্ঞাপালন ব্যতীত) অন্যৎ বৈ ন চিকীর্ষৎ (অন্য কিছুই করিতে ইচ্ছা করেন না); [তিনি তৃতীয় পাদ স্থাপনের নিমিত্ত] মনসা আত্মানং (সর্ব্বান্তঃকরণে স্বীয় দেহ) হরয়ে অভিমেনে (শ্রীহরিকে সমর্পণ করিয়াছিলেন); [অতএব ভগবান্ ভক্তের প্রতিজ্ঞাপালনরূপ মনোবাসনা পূর্ণ করিবার জন্য দেবাধিপত্য হরণ করেন] ॥ ১৮ ॥

অনুবাদ

ব্যক্তিকে প্রার্থনা ব্যতীত বৃথা উদ্বেগ দেওয়া উচিত নহে ; এই জন্যই ভগবান্ শ্রীহরি বামন অবতাররূপে বলির নিকটে প্রার্থনা করেন। অনন্তর বলি প্রতিশ্রুত হইলে ত্রিপাদ পরিমিত ভূমি গ্রহণচ্ছলে বলিরাজের রাজ্য গ্রহণ করিয়াছিলেন। যেহেতু ভগবান্ এই ত্রিভুবন ত্রিপাদদ্বারা আক্রমণ করিয়াছিলেন, অতএব অদিতির পুত্রগণের মধ্যে যজ্ঞাধিষ্ঠাতা ভগবদবতার বয়সে কনিষ্ঠ হইলেও গুণে জ্যেষ্ঠ ॥ ১৭ ॥

[ভক্তবৎসল ভগবান্ বামনরূপে বলিরাজের নিকটে প্রার্থনা করিয়া যদিও বলির কীর্ত্তিই বিস্তার করিয়াছেন, তথাপি দেবাধিপত্য অপহরণ করা সঙ্গত হয় নাই, এই আশঙ্কা নিবারণ করিতেছেন]—শ্রীহরির পাদপ্রক্ষালিত জল যিনি সর্ব্বদা মস্তকে ধারণ করিয়া থাকেন সেই বলিরাজের দেবাধিপত্যও পুরুষার্থ নহে অর্থাৎ অভিলষিত নহে। হে নারদ ! সেই বলিরাজ প্রতিজ্ঞাপালন ব্যতীত আর অন্য কিছুই করিতে ইচ্ছা করিতেন না। তিনি

টীকা

ক্ষ্মাং ত্রিপদচ্ছলেন ত্রিপদপ্রমিতভূমিযাচ্ঞামিষেণ বামনেন রূপেণ জগৃহে গৃহীতবান্। যাচ্ঞামিষেণ ক্ষ্মাদানে হেতুমাহ—পথি চরন্ ধর্ম্মবর্ত্মনি বর্ত্তমানঃ প্রভুরীশ্বরৈরপি যাচ্ঞাং বিনা ন চাল্য ন বৃথোদ্বেজনীয় ইত্যর্থঃ ॥ ১৭ ॥ এবং স্বভক্তানাং দেবানামৈশ্বর্য্যসাধকেন ভক্তবৎসলেন ভগবতা বলেঃ স্বভক্তস্য যাচ্ঞাক্ষ্মাপহারেণ যশোমাত্রমেব স্থাপিতং যদ্যপি, তথাপি তস্য বিবুধাধিপত্যাপহারেণ অনুপকার এব কৃত ইত্যাশঙ্কাং

তুভ্যঞ্চ নারদ! ভৃশং ভগবান্ বিবৃদ্ধভাবেন সাধু পরিতুষ্ট উবাচ যোগম্।
জ্ঞানঞ্চ ভাগবতমাত্মসতত্ত্বদীপং যদ্বাসুদেবশরণা বিদুরঞ্জসৈব ॥ ১৯ ॥

অন্বয়

[হংস অবতারের কথা বলিতেছেন]—নারদ! (হে দেবর্ষে!) ভগবান্ (সেই ভগবান্) আত্ম (সর্ব্বান্তর্য্যামী) বিবৃদ্ধভাবেন (অতিশয় ভক্তিভাবে) পরিতুষ্টঃ (সন্তুষ্ট হইয়া) তুভ্যং চ (তোমাকে ও সনৎকুমার প্রভৃতিকে) যোগং (ভক্তিযোগ), জ্ঞানং চ (আত্মপরমাত্মবিষয়ে যথার্থ জ্ঞান ও তাহার সাধন কর্ম্মযোগ) সতত্ত্বদীপং ভাগবতং (এবং দীপের ন্যায় সকলতত্ত্বপ্রকাশক ভাগবত) সাধু উবাচ (যথাযথরূপে উপদেশ করিয়াছিলেন)। যৎ এব (এই হংসাবতারকর্ত্তৃক উপদিষ্ট ভক্তিযোগাদিকেই) বাসুদেবশরণাঃ (বাসুদেবের শরণাগত ব্যক্তিগণ) অঞ্জসা বিদুঃ (সুখে জানিয়া থাকেন) ॥ ১৯ ॥

অনুবাদ

ভগবানের তৃতীয় চরণ স্থাপনের নিমিত্ত সর্ব্বান্তঃকরণে স্বীয় দেহ শ্রীহরিকে সমর্পণ করিয়াছিলেন [অতএব ভগবান্ ভক্তের প্রতিজ্ঞাপালনরূপ মনোবাসনা পূর্ণ করিবার জন্য দেবাধিপত্য হরণ করেন] ॥ ১৮ ॥

[হংস অবতারের কথা বলিতেছেন]—হে নারদ! সর্ব্বান্তর্য্যামী সেই ভগবান্ তোমাদের ভক্তিভাবে অতিশয় সন্তুষ্ট হইয়া হংসাবতারে তোমাকে ও সনৎকুমার প্রভৃতিকে ভক্তিযোগ, জ্ঞানযোগ, কর্ম্মযোগ এবং দীপের ন্যায় সকলতত্ত্বপ্রকাশক ভাগবত যথাযথরূপে উপদেশ করিয়াছিলেন। এই হংসাবতারকর্ত্তৃক উপদিষ্ট ভক্তিযোগাদিকেই বাসুদেবাশ্রিত ব্যক্তিগণ সুখে জানিয়া থাকেন ॥ ১৯ ॥

টীকা

নিবারয়িতুমাহ—নার্থ ইতি। যদ্ বিবুধাধিপত্যম্ অয়ং বলেঃ পুরুষার্থো ন ভবতি। কুতঃ? ইত্যত আহ—উরুক্রমপাদশৌচমাপঃ শিখাধৃতবত ইতি। আ অপ ইতি ছেদঃ শিখা ইত্যত্র সপ্তম্যা আর্ষো লুক্। উরুক্রমস্য বিপুলচরণবিন্যাসস্য ভগবতঃ পাদশৌচং চরণক্ষালনরূপা অপঃ আ সর্ব্বতঃ শিখায়াং মূর্দ্ধ্নি ধৃতবতঃ। কিঞ্চ অঙ্গ! হে নারদ! ভার্গবেন "সর্ব্বস্বং বিষ্ণবে দত্ত্বা মূঢ় বর্ত্তিষ্যতে কথমি"ত্যাদিনা বারিতোঽপি প্রতিশ্রুতম্ ঋতে অন্যৎ ন চিকীর্ষং, কর্ত্তুমৈচ্ছং। অড়ভাব আর্ষঃ। কিন্তু যঃ তৃতীয়পাদপূর্ত্ত্যর্থং হৃদয়ে আত্মানমপি অভিমেনে সমর্পিতবান্ এবং চরণশৌচেন মূর্দ্ধ্যধিকৃতেন আত্মসমর্পণেন স কৃতার্থ আসীদিত্যর্থঃ ॥ ১৮ ॥

হংসাবতারমাহ—তুভ্যমিতি। হে নারদ! স ভগবান্ আত্ম আত্মা সর্ব্বান্তরাত্মা দীর্ঘাভাব আর্ষঃ। ভৃশং বিবৃদ্ধভাবেন অতিপ্রেম্না পরিতুষ্টঃ তুভ্যং চ তব পূর্ব্বেভ্যঃ সনৎকুমারেভ্যঃ যোগং ভক্তিযোগং জ্ঞানম্ আত্মপরমাত্মগুণস্বরূপযাথাত্ম্যং চকারাৎ তৎসাধনং কর্ম্মযোগং তত্ত্বদীপম্ উক্তানুক্তানাং ভক্তভজনীয়-জ্ঞানজ্ঞেয়াদীনাং সর্ব্বেষাং তত্ত্বানাং দীপবৎ প্রকাশকং ভাগবতং চ সাধু যথা তথা উবাচ। যদেব শ্রীহংসোক্তং যোগাদিকং বাসুদেবশরণা অঞ্জসা সুখেন বিদুঃ ॥ ১৯ ॥ মন্বন্তরেষু যে অবতারাস্তানাহ—চক্রমিতি। স এব ভগবান্ মনুবংশধরঃ মনুবংশপালকঃ সন্ দশসু দিক্ষু অবিহতম্ অপ্রতিহতং স্বতেজঃ নিজং প্রভাবমেব চক্রমাজ্ঞারূপং বিভর্ত্তি, কিঞ্চ ত্রিপৃষ্ঠে ত্রয়াণাং লোকানামুপরিস্থিতে

চক্রঞ্চ দিক্ষ্ববিহতং দশসু স্বতেজো মন্বন্তরেষু মনুবংশধরো বিভর্ত্তি।
দুষ্টেষু রাজসু দমং ব্যদধাৎ স্বকীর্ত্তিং সত্যে ত্রিপৃষ্ঠ উশতীং প্রথয়ংশ্চরিত্রৈঃ॥ ২০॥
ধন্বন্তরিশ্চ ভগবান্ স্বয়মেব কীর্ত্তি-র্নাম্না নৃণাং পুরুরুজাং রুজ আশু হন্তি।
যজ্ঞে চ ভাগমমৃতায়ুরবাবরুন্ধে আয়ুশ্চ বেদমনুশাস্ত্যবতীর্য্য লোকে॥ ২১॥

অন্বয়

[মন্বন্তর অবতারের কথা বলিতেছেন]—(সেই ভগবান্) মন্বন্তরেষু (মন্বন্তরে) মনুবংশধরঃ (মনুবংশপালক হইয়া) দশসু দিক্ষু (দশদিকে) অবিহতং চক্রং (অপ্রতিহত আজ্ঞারূপ) স্বতেজঃ স্বকীয় প্রভাব) বিভর্ত্তি (বিস্তার করিয়া থাকেন)। ত্রিপৃষ্ঠে (ত্রিলোকের উপরে) সত্যে (সত্য-লোকেও) উশতীং (কমনীয়) স্বকীর্ত্তিং (নিজকীর্ত্তি) প্রথয়ন্ (বিস্তার করিয়া) দুষ্টেষু রাজসু (দুষ্ট রাজগণের) দমং (দণ্ড) ব্যদধাৎ (বিধান করিয়া থাকেন)॥ ২০॥

[ধন্বন্তরি অবতারের কথা বলিতেছেন]—ভগবান্ লোকে (সেই ভগবান্ জগতে) স্বয়ং কীর্ত্তিঃ এব (স্বয়ং কীর্ত্তিস্বরূপ) অমৃতায়ুঃ (ও চিরায়ু প্রদাতা) ধন্বন্তরিঃ সন্ (ধন্বন্তরিরূপে) অবতীর্য্য (অবতীর্ণ হইয়া) পুরুরুজাং নৃণাং (বহুরোগাক্রান্ত মনুষ্যগণের) রুজঃ (রোগ সকল) নাম্না এব (নামের দ্বারাই) আশু হন্তি (শীঘ্র বিনাশ করিয়া থাকেন)। অব (তিনি পূর্ব্বে দৈত্যকর্ত্তৃক অবরুদ্ধ) যজ্ঞে ভাগঞ্চ অবরুন্ধে (যজ্ঞভাগ গ্রহণ করিয়াছিলেন) আয়ুঃ বেদং চ অনুশাস্তি (ও আয়ুর্ব্বেদশাস্ত্র প্রবর্ত্তন করিয়াছিলেন)॥ ২১॥

অনুবাদ

[মন্বন্তর অবতারের কথা বলিতেছেন]—সেই ভগবান্‌ই মন্বন্তরে মনুবংশ পালক হইয়া দশদিকে অপ্রতিহত আজ্ঞারূপ স্বীয় প্রভাব বিস্তার করিয়া থাকেন এবং ত্রিলোকের উপরিস্থিত সত্যলোকেও স্বীয় কমনীয় কীর্ত্তি বিস্তার করিয়া দুষ্ট রাজগণের দণ্ড বিধান করিয়া থাকেন॥ ২০॥

[ধন্বন্তরি অবতারের কথা বলিতেছেন]—সেই ভগবান্ জগতে স্বয়ং মূর্ত্তিমান্ কীর্ত্তিস্বরূপ ও চিরায়ুপ্রদাতা ধন্বন্তরিরূপে অবতীর্ণ হইয়া বহুরোগাক্রান্ত মানবগণের রোগসকল স্বীয় নামের দ্বারাই সত্বর বিনাশ করিয়া থাকেন। তিনি পূর্ব্বে দৈত্যগণ কর্ত্তৃক অবরুদ্ধ যজ্ঞভাগ গ্রহণ করিয়াছিলেন ও আয়ুর্ব্বেদশাস্ত্র প্রবর্ত্তন করিয়াছিলেন॥ ২১॥

টীকা

সত্যলোকেঽপি উশতীং কমনীয়াং কীর্ত্তিং প্রথয়ন্ বিস্তারয়ন্ দুষ্টেষু দুর্বৃত্তেষু রাজসু দমং দণ্ডং ব্যদধাৎ ব্যধত্ত॥ ২০॥ ধন্বন্তর্য্যবতারমাহ—ধন্বন্তরিরিতি। ভগবান্ লোকে অবতীর্য্য ধন্বন্তরিঃ সন্ পুরুরুজাং ভূরিরোগিণাং রুজঃ রোগান্ নাম্নৈব আশু হন্তি। কথম্ভূতঃ? স্বয়মেব কীর্ত্তিঃ স্বরূপেণৈব কীর্ত্তিভূতঃ, অমৃতায়ুঃ অমৃতং মরণবিপরীতমায়ুর্যস্মাৎ সঃ, রুদ্ধং পূর্ব্বং দৈত্যৈঃ প্রতিরুদ্ধং যজ্ঞে ভাগঞ্চ অবাপ লেভে। যদ্বা সমুদ্রজেন ধন্বন্তরিণা যজ্ঞে ভাগো ন লব্ধঃ। স তং রুদ্ধং ভাগং বিষ্ণুবরেণ সোমবংশে অবতীর্য্য দেবত্বং প্রাপ্যাবাপেতি হরিবংশে স্থিতম্। আয়ুশ্চ বেদং আয়ুর্ব্বেদং চানুশাস্তি প্রবর্ত্তয়তি॥ ২১॥ পরশুরামাবতারমাহ—ক্ষত্রমিতি। ক্ষয়ায় মৃত্যবে বিধিনা দৈবেন উপভৃতং সমর্পিতং, ব্রাহ্মণেভ্যো দ্রুহ্যতীতি ব্রহ্মধ্রুক্, উজ্‌ঝিতঃ পন্থা বেদমার্গো যেন ইত্যুজ্‌ঝিতপথম্,

ক্ষত্রং ক্ষয়ায় বিধিনোপভৃতং মহাত্মা ব্রহ্মধ্রুগুজ্ঝিতপথং নরকার্ত্তিলিপ্সু।
উদ্ধন্ত্যসাববনিকণ্টকমুগ্রবীর্য্য-স্ত্রিঃ সপ্তকৃত্ব উরুধারপরশ্বধেন ॥ ২২ ॥
অস্মৎপ্রসাদসুমুখঃ কলয়া কলেশ ইক্ষ্বাকুবংশ অবতীর্য্য গুরোর্নিদেশে।
তিষ্ঠন্ বনং সদয়িতানুজ আবিবেশ যস্মিন্ বিরুধ্য দশকন্ধর আর্ত্তিমার্চ্ছৎ ॥ ২৩ ॥

অন্বয়

[পরশুরাম অবতারের কথা বলিতেছেন] অসৌ (সেই ভগবান্) মহাত্মা উগ্রবীর্য্যঃ (মহাত্মা প্রবল পরাক্রান্ত পরশুরামরূপে অবতীর্ণ হইয়া) ক্ষয়ায় (যমের উদ্দেশ্যে) বিধিনা উপভৃতং (দৈবকর্ত্তৃক সমর্পিত), ব্রহ্মধ্রুক্ (ব্রাহ্মণবিদ্বেষী), উজ্ঝিতপথং (বেদমার্গত্যাগী), নরকার্ত্তিলিপ্সু (নরকদুঃখলাভেচ্ছু) অবনিকণ্টকং (ও পৃথিবীর পীড়াকর) ক্ষত্রং (ক্ষত্রিয়কুলকে) উরুধারপরশ্বধেন (অত্যন্ত তীক্ষ্ণ পরশুদ্বারা) ত্রিঃ সপ্তকৃত্বঃ (একবিংশতিবার) উদ্ধন্তি (উৎপাটিত করিয়াছিলেন) ॥ ২২ ॥

[রাম অবতারের কথা বলিতেছেন]—অস্মৎ প্রসাদসুমুখঃ (আমাদিগকে অনুগ্রহ করিবার নিমিত্ত প্রসন্ন হইয়া) কলেশঃ (প্রকৃতি, পুরুষ ও কালাদির নিয়ন্তা ভগবান্) কলয়া (ভরতাদি অংশের সহিত) ইক্ষ্বাকুবংশে অবতীর্য্য (ইক্ষ্বাকুবংশে রামরূপে অবতীর্ণ হইয়া) গুরোঃ নিদেশে তিষ্ঠন্ (পিতা দশরথের আজ্ঞায়) সদয়িতানুজঃ (সীতা ও লক্ষ্মণের সহিত) বনং (দণ্ডকারণ্যে) আবিবেশ (প্রবেশ করিবেন)। যস্মিন্ (এই রামের সহিত) বিরুধ্য (বিরোধ করিয়া) দশকন্ধরঃ (দশানন) আর্ত্তিং (মরণান্তদুঃখ) আর্চ্ছৎ (প্রাপ্ত হইবেন) ॥ ২৩ ॥

অনুবাদ

[পরশুরাম অবতারের কথা বলিয়াছেন]—সেই ভগবান্ মহাত্মা প্রবলপরাক্রান্ত পরশুরামরূপে অবতীর্ণ হইয়া যমের উদ্দেশ্যে দৈবকর্ত্তৃক সমর্পিত, ব্রাহ্মণদ্রোহী, বেদমার্গত্যাগী, নরকদুঃখলাভেচ্ছু ও পৃথিবীর দুঃখদায়ক ক্ষত্রিয়কুলকে অত্যন্ত তীক্ষ্ণ পরশুদ্বারা একবিংশতি বার উৎপাটিত করিয়াছিলেন অর্থাৎ বিনাশ করিয়াছিলেন ॥ ২২ ॥

[রাম অবতারের কথা বলিতেছেন]—আমাদিগকে অনুগ্রহ করিবার জন্য প্রসন্ন হইয়া প্রকৃতি, পুরুষ ও কালাদির নিয়ন্তা ভগবান্ ভরতাদি অংশের সহিত ইক্ষ্বাকুবংশে রামরূপে অবতীর্ণ হইবেন এবং পিতা দশরথের আজ্ঞায় সীতা ও লক্ষ্মণের সহিত বনে গমন করিবেন। এই রামের সহিত বিরোধ করিয়া দশানন রাবণ মরণান্তদুঃখ প্রাপ্ত হইবেন ॥ ২৩ ॥

টীকা

অতএব নরকার্ত্তিলিপ্সু নরকদুঃখং লব্ধুমিচ্ছুঃ ঈদৃগ্‌বিধম্ অবনেঃ কণ্টকং পীড়াকরং ক্ষত্রং ক্ষত্রিয়-কুলম্ অসৌ মহাত্মা হরিঃ উগ্রবীর্য্যঃ অসহ্যবীর্য্যঃ সন্ উরুধারপরশ্বধেন বহুতীক্ষ্ণাগ্রপরশুনা উদ্ধন্তি উৎপাটয়তি ॥ ২২ ॥ শ্রীরামাবতারমাহ—অস্মদিতি ত্রিভিঃ। অস্মাকং ব্রহ্মাদীনাং প্রসাদে অনুগ্রহে সুমুখঃ, কলানাং প্রকৃতিপুরুষকালাদীনাম্ ঈশঃ "এষ সর্ব্বেশ্বর" ইতি শ্রুতেঃ কলয়া ভরতাদিরূপয়া সহ ঈক্ষ্বাকুবংশে অবতীর্য্য গুরোঃ পিতুঃ শ্রীদশরথস্য নিদেশে আজ্ঞায়াং তিষ্ঠন্ সদয়িতানুজঃ সীতালক্ষ্মণাভ্যাং সহিতঃ বনং দণ্ডকারণ্যম্ আবিবেশ। যস্মিন্ রামে দশকন্ধরো

যস্মা অদাদুদধিরূঢ়ভয়াঙ্গবেপো মার্গং সপদ্যরিপুরং হরবদ্দিধক্ষোঃ।
দূরে সুহৃন্মথিতরোষসুশোণদৃষ্ট্যা তাতপ্যমানমকরোরগনক্রচক্রঃ ॥ ২৪ ॥
বক্ষঃস্থলস্পর্শরুগ্নমহেন্দ্রবাহ-দন্তৈর্ব্বিড়ম্বিতককুব্জুষ উঢ়হাসম্।
সদ্যোঽসুভিঃ সহ বিনেষ্যতি দারহর্ত্তু-র্ব্বিস্ফূর্জ্জিতৈর্ধনুষ উচ্চরতোঽধিসৈন্যে ॥২৫॥

অন্বয়

হরবৎ (ত্রিপুরদগ্ধকারী হরের ন্যায়) সপদি (তখনই) অরিপুরং দিধক্ষোঃ (লঙ্কাপুরী দগ্ধেচ্ছু) দূরে সুহৃন্মথিতরোষসুশোণদৃষ্ট্যা (রামের পত্নী সীতাদেবী দূরে থাকায় প্রবল ক্রোধবশতঃ তাঁহার লোচনদ্বয় আরক্ত হইলে তাহাতে) উঢ়ভয়াঙ্গবেপঃ (ভীত ও কম্পান্বিত কলেবর হইয়া) তাতপ্যমান-মকরোরগনক্রচক্রঃ (অত্যন্ত সন্তাপিত মকর, সর্প ও কুম্ভীরসমূহের সহিত) উদধিঃ (সমুদ্র) যস্মৈ (তাঁহাকে) মার্গম্ অদাৎ (পথ প্রদান করিবেন) ॥ ২৪ ॥

বক্ষঃস্থলস্পর্শরুগ্নমহেন্দ্রবাহদন্তৈঃ (যে রাবণের বক্ষঃস্থলস্পর্শে ইন্দ্রবাহন ঐরাবতের দন্ত ভগ্ন হইয়া) বিড়ম্বিতককুব্জুষঃ (দিক্‌সমূহ ধবলিত হইবে, ঐ দিকসমূহের পালক), অধিসৈন্যে উচ্চরতঃ (শত্রু সৈন্যমধ্যে বিচরণকারী) দারহর্ত্তুঃ (ও পরস্ত্রী অপহরণকারী রাবণের) অসুভিঃ সহ (প্রাণের সহিত) উঢ়হাসং (সগর্ব্ব হাস্য) (সেই রাম) ধনুষঃ বিস্ফূর্জ্জিতৈঃ (ধনুষ্টঙ্কার রবে) সদ্যঃ বিনেষ্যতি (সদ্যই হরণ করিবেন)॥ ২৫ ॥

অনুবাদ

পত্নী সীতাদেবী দূরে অর্থাৎ লঙ্কায় আছেন বলিয়া ত্রিপুর দগ্ধকারী হরের ন্যায় তখনই লঙ্কাদাহেচ্ছু রামের প্রবল ক্রোধ সঞ্জাত হইলে তাঁহার আরক্ত দৃষ্টিদ্বারা ভীত ও কম্পান্বিত কলেবর হইয়া অত্যন্ত সন্তাপযুক্ত মকর, সর্প ও কুম্ভীরসমূহে পরিপূর্ণ সমুদ্র সেই রামকে পথ প্রদান করিবেন॥ ২৪ ॥

যে রাবণের বক্ষঃস্থলস্পর্শে ইন্দ্রবাহন ঐরাবতের দন্ত ভগ্ন হইয়া দিক্‌সমূহ ধবলিত হইবে, ঐ দিকসমূহের পালক ও শত্রুসৈন্যমধ্যে নির্ভয়ে বিচরণকারী সেই পরস্ত্রী-অপহরণকারী রাবণের প্রাণের সহিত সগর্ব্ব হাস্য সেই রামচন্দ্র ধনুষ্টঙ্কাররবে সদ্যই হরণ করিবেন॥ ২৫ ॥

টীকা

রাবণঃ বিরুধ্য বিরোধং কৃত্বা আর্ত্তিং মরণান্তং দুঃখমার্চ্ছং প্রাপ্তঃ ॥ ২৩ ॥ তস্মৈ শ্রীরামায় উদধিঃ মার্গং দদৌ। কথম্ভূতঃ? সপদি শীঘ্রং হরো যথা ত্রিপুরং দিধক্ষুঃ, তদ্বদ্ দূরে রাবণস্য পুরং লঙ্কাং দগ্ধুমিচ্ছোঃ শ্রীরামস্য দূরে সুহৃন্মথিতরোষসুশোণদৃষ্ট্যা উরুভয়াঙ্গবেপঃ পরোক্ষভূতেন সীতারূপেণ সুহৃদা নিমিত্তভূতেন মথিতো বিকৃতো যো রোষস্তেন সুশোণা অত্যরুণা দৃষ্টিস্তয়া উঢ়ং প্রাপ্তং যদ্‌ভয়ং তেনাঙ্গেষু বেপঃ কম্পো যস্য সঃ, পুনঃ কথম্ভূতঃ? শ্রীরামস্য উক্তপ্রকারয়া দৃষ্ট্যা তাতপ্যমানানি মকরাণাং উরগাণাং নক্রাণাং চ চক্রাণি সমূহাঃ যস্মিন্ সঃ ॥ ২৪ ॥

স চ ইন্দ্রাবণয়োর্যুদ্ধে রাবণস্য বক্ষঃস্থলস্পর্শেন রুগ্না ভগ্না যে মহেন্দ্রবাহস্য ঐরাবতস্য দন্তাঃ তৈর্বিড়ম্বিতাঃ স্বধবলিম্না ধবলীকৃতাঃ যা ককুভঃ দিশঃ তাঃ জুষতে সেবতে পালয়তীতি তথা তস্য দারহর্ত্তুঃ রাবণস্য অধিসৈন্যে স্বপরসৈন্যমধ্যে উচ্চরতঃ উৎকর্ষেণ বিচরতঃ অহো মৎসমঃ কোঽন্যোঽস্তীতি

ভূমেঃ সুরেতরবরূথবিমর্দ্দিতায়াঃ ক্লেশব্যয়ায় কলয়া সিতকৃষ্ণকেশঃ।
জাতঃ করিষ্যতি জনানুপলক্ষ্যমার্গঃ কর্ম্মাণি চাত্মমহিমোপনিবন্ধনানি ॥ ২৬ ॥
তোকেন জীবহরণং যদুলূকিকায়া-স্ত্রৈমাসিকস্য চ পদা শকটোঽপবৃত্তঃ।
যদ্রিঙ্গতান্তরগতেন দিবিস্পৃশোর্ব্বা উন্মূলনস্ত্বিতরথার্জ্জুনয়োর্ন ভাব্যম্ ॥ ২৭ ॥

অন্বয়

[শ্রীকৃষ্ণ অবতারের কথা বলিতেছেন]—জনানুপলক্ষ্যমার্গঃ (দুর্জ্ঞেয়গতি) সিতকৃষ্ণকেশঃ (ব্রহ্মাদিদেবগণের ও অসুরগণের উৎপত্তি স্থিত্যাদির কারণ ভগবান্) [টীকা দেখুন] সুরেতরবরূথবিমর্দ্দিতায়াঃ ভূমেঃ (ক্ষত্রিয়রূপী অসুররাজগণের সৈন্যের দ্বারা প্রপীড়িতা এই পৃথিবীর) ক্লেশব্যয়ায় (ভারাপনয়নের নিমিত্ত) কলয়া (স্বীয় অংশস্বরূপ বলরামের সহিত) জাতঃ (শ্রীকৃষ্ণরূপে অবতীর্ণ হইয়া) আত্মমহিমোপনিবন্ধনানি (নিজের মহিমা প্রকাশক) কর্ম্মাণি (কর্ম্মসকল) করিষ্যতি (করিবেন) ॥ ২৬ ॥

তোকেন (বালককর্ত্তৃক) উলূকিকায়াঃ (পূতনা রাক্ষসীর) যৎ জীবহরণং (যে জীবনবিনাশ), ত্রৈমাসিকস্য চ (তিনমাস বয়স্ক বালকের) পদা শকটঃ অপবৃত্তঃ (চরণের দ্বারা যে শকটভঞ্জন), বা (এবং) রিঙ্গতা (জানুদ্বারা গমনশীল) অন্তরগতেন (অর্জ্জুনবৃক্ষদ্বয়ের মধ্যভাগে প্রবিষ্ট বালককর্ত্তৃক) দিবিস্পৃ শাঃ (স্বর্গস্পর্শী) অর্জ্জুনয়োঃ (ঐ অর্জ্জুনবৃক্ষদ্বয়ের) উন্মূলনং তু (যে উৎপাটন), ইতরথা ন ভাব্যম্ (এই কল ভগবদবতার ব্যতীত অন্য প্রকারে সম্ভাবিত হয় না) ॥ ২৭ ॥

অনুবাদ

[শ্রীকৃষ্ণ অবতারের কথা বলিতেছেন]—যিনি দুর্জ্ঞেয়গতি এবং সুরাসুরগণের উৎপত্তি, স্থিতি ও লয়ের কারণ, সেই ভগবান্ রাজনামধারী অসুরগণের সৈন্যদ্বারা প্রপীড়িতা পৃথিবীর ভার অপনয়নের নিমিত্ত স্বীয় অংশ বলরামের সহিত শ্রীকৃষ্ণরূপে অবতীর্ণ হইয়া স্বীয় মাহাত্ম্যপ্রকাশক কর্ম্ম সকল করিবেন ॥ ২৬ ॥

বালককর্ত্তৃক পুতনা রাক্ষসীর প্রাণহরণ, তিনমাস বয়স্ক বালকের পদাঘাতে শকট ভঞ্জন এবং জানুদ্বারা গমনশীল বালককর্ত্তৃক স্বর্গস্পর্শী অর্জ্জুনবৃক্ষদ্বয়ের উৎপাটন, এই সকল ভগবদবতার ব্যতীত অন্যের পক্ষে সম্ভাবিত হইতে পারে না ॥ ২৭ ॥

টীকা

গর্ব্বেণ দৃঢ়মুৎপন্নং হাসম্ অসুভিঃ প্রাণৈঃ সহ ধনুষো বিস্ফূর্জ্জিতৈঃ টঙ্কারঘোষৈরেব সদ্যঃ শীঘ্রং বিনেষ্যতি ॥ ২৫ ॥ শ্রীকৃষ্ণাবতারমাহ—ভূমেরিতি দশভিঃ ॥ সিতাঃ শুভাচারাঃ ব্রহ্মাদয়ঃ, কৃষ্ণকাঃ অশুভকর্ম্মাণঃ অসুরাঃ তেষামীশঃ উৎপত্তিস্থিত্যাদিহেতুঃ তথাচ মহাভারতে—"ঋষয় ঊচুঃ—পিনাকিন্! ভবনেত্রঘ্ন! সর্ব্বলোকনমস্কৃতম্। মাহাত্ম্যং বাসুদেবস্য শ্রোতুমিচ্ছামঃ শঙ্কর!॥ শিব উবাচ—পিতামহাদপি বরঃ শাশ্বতঃ পুরুষো হরিঃ। হিরণ্যকেশঃ শ্রীকৃষ্ণঃ ব্যভ্রে সূর্য্য ইবোদিতঃ॥ শ্রীবৎসাঙ্কো হৃষীকেশঃ সর্ব্বদৈবতপূজিতঃ। ব্রহ্মা তস্যোদরভবস্তথাহঞ্চ ললাটজঃ॥ শিরোরুহেভ্যো জ্যোতীংষি রোমভ্যশ্চ সুরাসুরাঃ। ঋষয়ো দেহসম্ভূতাস্তথালোকাশ্চ শাশ্বতাঃ॥ পিতামহগৃহং সাক্ষাৎ সর্ব্বদেবগৃহং চ সঃ। সোঽস্যাঃ পৃথিব্যাঃ রুৎস্নায়াঃ স্রষ্টা ত্রিভুবনেশ্বরঃ॥ সংহর্ত্তা সর্ব্বভূতানাং স্থাবরস্য চরস্য চ। স দেবরিপুজিৎ সাক্ষাৎ দেবনাথঃ পরন্তপঃ॥ সর্ব্বজ্ঞঃ সর্ব্বসংশ্লিষ্টঃ সর্ব্বগঃ

যদ্বৈ ব্রজে ব্রজপশূন্ বিষতোয়পীতান্ পালানজীবয়দনুগ্রহদৃষ্টিবৃষ্ট্যা।
তচ্ছুদ্ধয়েঽতিবিষবীর্য্যবিলোলজিহ্ব-মুচ্চাটয়িষ্যদুরগং বিহরন্ হ্রদিন্যাম্ ॥ ২৮ ॥

অন্বয়

যৎ বৈ ব্রজে (আর যে ব্রজে) বিষতোয়পীতান্ (বিষজল পানকারী) ব্রজপশূন্ (ব্রজবাসী পশুগণ) পালান্ (ও গোপবালকগণকে) অনুগ্রহদৃষ্টিবৃষ্ট্যা (অনুগ্রহদৃষ্টিবর্ষণে) অজীবয়ৎ (জীবিত করিবেন), [আর যে] হ্রদিন্যাং (যমুনাতে) বিহরন্ (বিচরণ করিতে করিতে) তচ্ছুদ্ধয়ে (সেই যমুনার বিষদুষ্ট জল বিশুদ্ধ করিবার নিমিত্ত) অতিবিষবীর্য্যবিলোলজিহ্বং (অতিশয় বিষযুক্ত ও লোলজিহ্ব) উরগং (কালিয়নাগকে) উচ্চাটয়িষ্যৎ (সেই যমুনা হইতে অপসারিত করিবেন); [ইহাও ভগবদবতার ব্যতীত অপর হইতে সম্ভাবিত হইতে পারে না] ॥ ২৮ ॥

অনুবাদ

আর যে ব্রজে যমুনার বিষজলপানকারী অচেতন ব্রজবাসী পশুগণ ও গোপবালকগণকে অনুগ্রহদৃষ্টিরূপ সুধাবর্ষণে পুনর্জ্জীবিত করিবেন এবং যমুনাতে বিচরণ করিতে করিতে সেই যমুনার বিষদুষ্ট জল বিশুদ্ধ করিবার নিমিত্ত অতিশয় বিষান্বিত ও লোলজিহ্ব কালিয়নাগকে সেই যমুনা হইতে অপসারিত করিবেন; এই সকলও ভগবদবতার ব্যতীত অপর হইতে সম্ভাবিত হইতে পারে না ॥ ২৮ ॥

টীকা

সর্ব্বতোমুখঃ। পরমাত্মা হৃষীকেশঃ সর্ব্বব্যাপী মহেশ্বরঃ॥ ন তস্মাৎ পরমং ভূতং বেদে লোকে চ কিঞ্চন" ইত্যাদি। যদ্বা সিতা "হিরণ্যকেশ" ইতি শ্রুতিপ্রোক্তাঃ প্রকাশরূপাঃ কৃষ্ণাঃ কেশা যস্য সঃ সাক্ষাৎ ভগবান্ সুরেতরবরূথৈঃ রাজন্যরূপাসুরসৈন্যৈঃ বিমর্দ্দিতায়াঃ ভূমেঃ ক্লেশব্যয়ায় ভারাপনয়নায় কলয়া সংকলয়া সঙ্কর্ষণেন সহ জাতঃ সন্ কর্ম্মাণি করিষ্যতি। অনেন তাদৃশকেশোপলক্ষিত-স্বাসাধারণশ্রীবিগ্রহবানাবির্ভূত ইতি সূচিতম্। যদ্বা সিতকৃষ্ণৌ গৌরশ্যামৌ কানাং সহস্রসংখ্যাক-শিরসামীশঃ সঙ্কর্ষণশ্চ কস্য ব্রহ্মণ ঈশঃ ব্রহ্মোপলক্ষিতসর্ব্বজগজ্জনকশ্চ, কেশৌ সঙ্কর্ষণপরবাসুদেবাখ্য-মূর্ত্তিভেদৌ যস্য সঃ কলয়া স্বসঙ্কল্পেন জাত ইত্যর্থঃ। অনেন "স চাপি কেশৌ হরিরুদ্ধবর্হ শুক্লমেক-মপরং চাপি কৃষ্ণম্। তৌ চাপি কেশৌ নির্ব্বিশেতাং যদূনাং কুলে স্ত্রিয়ৌ দেবকীং রোহিণীঞ্চে"তি মহাভারতস্থং জনব্যামোহকরং কূটবাক্যং ব্যাখ্যাতম্। হরিঃ কেশৌ উক্তবুৎপত্ত্যা সঙ্কর্ষণব্রহ্মোপলক্ষিত-সর্ব্বজগৎকারণাত্মকমূর্ত্তিভেদৌ উদ্ধবর্হ আবিশ্চকার। সসঙ্কর্ষণ আবির্ভবিতুং উদ্যত ইতি ফলিতোঽর্থঃ, অন্যৎ স্পষ্টমিতি কূটবাক্যার্থঃ। তস্য সর্ব্বাবিষয়ত্বং সূচয়ন্ তং বিশিনষ্টি—জনানুপলক্ষ্য-মার্গ ইতি। স্বানন্যভক্তবিজ্ঞেয়ত্বং সূচয়ন্ তৎকর্ম্মাণি বিশিনষ্টি—আত্মমহিমোপনিবন্ধনানীতি। আত্মনঃ ভগবতঃ মহিমা গুণস্বরূপাদি যাথাত্ম্যং উপনিবধ্যতে ব্যক্তীক্রিয়তে যেষু তানি॥ ২৬ ॥ নন্ু ভূমিক্লেশ-ব্যয়মন্যঃ কশ্চিৎ করিষ্যতি, কিং ভগবৎপ্রাদুর্ভাবেনেতি শঙ্কাং নিবারয়ন্ তৎকর্ম্মণাং তন্মহিমোপ-নিবন্ধনত্বং প্রপঞ্চয়তি—তোকেনেত্যাদিনা। তোকেন বালেন উলূকিকায়াঃ পূতনায়াঃ জীবহরণং যৎ ত্রৈমাসিকস্য ত্রিমাসাবস্থস্য চ পদা পাদেন যৎ শকটঃ অপবৃত্তঃ। যচ্চ দিবিস্পৃশোরত্যুচ্চয়োরর্জ্জুনয়ো-র্বৃক্ষবিশেষয়োঃ রিঙ্গতা জানুভ্যাং গচ্ছতা অন্তরগতেন মধ্যং প্রাপ্তেন ভগবতা উন্মূলনং উৎপাটনং ইতরথা ভগবদবতারং বিনা তৎ সর্ব্বং ন ভাব্যং ন ভবিতব্যম্॥ ২৭ ॥

তৎ কর্ম্ম দিব্যমিব যন্নিশি নিঃশয়ানং দাবাগ্নিনা শুচিবনে পরিদহ্যমানে।
উন্নেষ্যতি ব্রজমতোঽবসিতান্তকালং নেত্রে পিধাপ্য সবলোঽনধিগম্যবীর্য্যঃ ॥ ২৯ ॥
গৃহ্ণীত যদ্‌যদুপবন্ধনমস্য মাতা শুল্বং সুতস্য ন তু তত্তদমুষ্য মাতি।
যজ্জৃম্ভতোঽস্য বদনে ভুবনানি গোপী সংবীক্ষ্য শঙ্কিতমনাঃ প্রতিবোধিতাসীৎ ॥ ৩০ ॥

অন্বয়

অনধিগম্যবীর্য্যঃ (দুর্জ্ঞেয়প্রভাব শ্রীকৃষ্ণ) সবলঃ (বলরামের সহিত) যৎ শুচিবনে (আর যে গ্রীষ্মসন্তপ্ত শুষ্ক মুঞ্জাটবী বনে) নিশি নিঃশয়ানং (রাত্রিকালে নিদ্রিত) ব্রজং (ব্রজবাসিগণকে) দাবাগ্নিনা (দাবাগ্নিদ্বারা) [বন] পরিদহ্যমানে (দগ্ধ হইতে থাকিলে) অবসিতান্তকালং (মরণোন্মুখ তাহাদিগকে) নেত্রে পিধাপ্য (চক্ষু মুদ্রিত করাইয়া) [সেই মুঞ্জাটবী হইতে] উন্নেষ্যতি (উদ্ধার করিবেন), তৎকর্ম্ম দিব্যম্ ইব (সেই শ্রীকৃষ্ণের কার্য্য অলৌকিক) [অন্যে ইহা সম্ভাবিত হইতে পারে না] ॥ ২৯ ॥

অমুষ্য মাতা (এই ভগবান্ শ্রীকৃষ্ণের মাতা যশোদা) যৎ যৎ উপবন্ধং শুল্বং ([শ্রীকৃষ্ণকে বন্ধন করিবার জন্য] যেই যেই বন্ধনরজ্জু) গৃহ্ণীত (গ্রহণ করিবেন), তৎ তৎ তু (সেই সেই রজ্জু) অমুষ্য সুতস্য ন মাতি (সেই যশোদার পুত্ররূপী ভগবানের পরিমিত হইবে না অর্থাৎ বন্ধনে পর্য্যাপ্ত হইবে না), যৎ গোপী (আর যে যশোদা) জৃম্ভতঃ (জৃম্ভণকারী) [হাইতোলা চলিত ভাষা] অস্য (শ্রীকৃষ্ণের) বদনে ভুবনানি সংবীক্ষ্য (মুখবিবরে চতুর্দ্দশ ভুবন সম্যক্‌রূপে দর্শন করিয়া) শঙ্কিতমনাঃ [সতী] (ভীতা হইয়া) প্রতিবোধিতা আসীৎ (ভগবদৈশ্বর্য্য জ্ঞাত হইবেন) [ইহাও ভগবদবতার ব্যতীত অন্যে সম্ভাবিত হইতে পারে না] ॥ ৩০ ॥

অনুবাদ

যাঁহার প্রভাব দুর্জ্ঞেয় সেই শ্রীকৃষ্ণ বলরামের সহিত গ্রীষ্ম-কালীন রৌদ্রে বিশুষ্ক মুঞ্জাটবী বন দাবানলে দগ্ধ হইতে থাকিলে নিদ্রিত ব্রজবাসিগণের আসন্নমৃত্যু জানিয়া তাহাদের চক্ষু মুদ্রিত করাইয়া সেই মুঞ্জাটবী হইতে তাহাদিগকে উদ্ধার করিবেন। সেই শ্রীকৃষ্ণের কার্য্য অলৌকিক; ইহা অন্যে সম্ভাবিত হইতে পারে না ॥ ২৯ ॥

এই ভগবান্ শ্রীকৃষ্ণের মাতা যশোদা শ্রীকৃষ্ণকে বন্ধন করিবার নিমিত্ত যত রজ্জু

টীকা

কিঞ্চ যদ্ ব্রজে বিষতোয়স্য পীতং যেষাং তান্ ব্রজপশূন্ পালাংশ্চ অনুগ্রহদৃষ্টেঃ কৃপাদৃষ্টেঃ বৃষ্ট্যা সুধাবৃষ্ট্যা অজীবয়ৎ। যচ্চ হ্রদিন্যাং শ্রীযমুনায়াং বিহরন্ তৎশুদ্ধয়ে হ্রদিনীনির্বিষত্বায় অতি-বিষবীর্য্যেণ বিলোলা চপলা জিহ্বা যস্য তমুরগং কালিয়সংজ্ঞং সর্পং উচ্চাটয়িষ্যৎ, তদপীতরধা ন ভাব্যমিত্যন্বয়ঃ ॥ ২৮ ॥ কিঞ্চ অনধিগম্যং কার্ৎস্ন্যেন দুর্জ্ঞেয়ং বীর্য্যং যস্য সঃ সবলঃ সরামঃ শুচিবনে গ্রীষ্মকালিকে বনে শুষ্কে বনে দাবাগ্নিনা পরিদহ্যমানে সতি অতো দাবাগ্নের্হেতোঃ অবসিতঃ নিশ্চিতঃ অন্তকালো যস্য তং নিশি নিঃশয়ানমিতি কালিয়দমনে রাত্র্যাং যমুনাতীরে নেত্রে পিধাপ্য পিহিতে কারয়ত্বেতি, মুঞ্জাটব্যাঃ ব্রজমুন্নেষ্যতি উদ্ধরিষ্যতীতি যৎ তদপি কর্ম্ম দিব্যমমানুষং ভগবন্মাহাত্ম্যস্যোতকমিত্যর্থঃ। ইবেতি পাদপূরণার্থকমব্যয়ম্ ॥ ২৯ ॥ কিঞ্চ অমুষ্য ভগবতঃ মাতা

নন্দঞ্চ মোক্ষ্যতি ভয়াদ্বরুণস্য পাশাদ্ গোপান্ বিলেষু পিহিতান্ ময়সূনুনা চ।
অহ্ন্যাপৃতং নিশি শয়ানমতিশ্রমেণ লোকং বিকুণ্ঠমুপনেষ্যতি গোকুলং স্ম ॥ ৩১ ॥
গোপৈর্মখে প্রতিহতে ব্রজবিপ্লবায় দেবেঽভিবর্ষতি পশূন্ কৃপয়া রিরক্ষুঃ।
ধর্ত্তোচ্ছিলীন্ধ্রমিব সপ্ত দিনানি সপ্ত-বর্ষো মহীধ্রমনঘৈককরে সলীলম্ ॥৩২॥

অন্বয়

বরুণস্য পাশাৎ (বরুণের পাশ হইতে) ভয়াৎ (যে ভয়, তাহা হইতে) [ভগবান্ শ্রীকৃষ্ণ] নন্দং (স্বীয় পিতা নন্দকে) মোক্ষ্যতি (মুক্ত করিবেন) ময়সূনুনা (ও ময়দানবপুত্র ব্যোমকর্ত্তৃক) বিলেষু পিহিতান্ (পর্ব্বতকন্দরে অবরুদ্ধ) গোপান্ চ মোক্ষ্যতি (গোপদিগকে মুক্ত করিবেন) চ (এবং) অহ্নি (দিবসে) আপৃতং (স্ব স্ব কর্ম্মে ব্যস্ত) অতিশ্রমেণ নিশি শয়ানং (ও দিবসের পরিশ্রমে ক্লান্তিবশতঃ রাত্রিতে নিদ্রাসক্ত) গোকুলং (গোকুলবাসীকে) বিকুণ্ঠং লোকং (বৈকুণ্ঠলোক) উপনেষ্যতি (প্রাপ্তি করাইবেন); স্ম (এ আশ্চর্য্য ক্ষমতা আর অন্যে সম্ভাবিত হইতে পারে না) ॥ ৩১ ॥

অনঘ! (হে নিষ্পাপ নারদ!) গোপৈঃ (গোপগণকর্ত্তৃক) মখে প্রতিহতে (ইন্দ্রযজ্ঞ

অনুবাদ

গ্রহণ করিবেন, সেই সকল রজ্জু এই যশোদার পুত্ররূপী শ্রীকৃষ্ণের বন্ধনে পর্য্যাপ্ত হইবে না এবং শ্রীকৃষ্ণ জৃম্ভণচ্ছলে মুখব্যাদান করিলে যশোদা তাঁহার বদনবিবরে চতুর্দ্দশভুবন সম্যক্‌রূপে দর্শন করিয়া ভীতা হইয়া ভগবদৈশ্বর্য্য বুঝিতে সমর্থা হইবেন। [এই সকল অলৌকিক কার্য্যও ভগবদবতার ব্যতীত অন্যে সম্ভাবিত হইতে পারে না] ॥ ৩০ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ বরুণের পাশভয় হইতে স্বপিতা নন্দরাজকে মুক্ত করিবেন; ব্যোম নামক ময়দানবপুত্রকর্ত্তৃক পর্ব্বতকন্দরে অবরুদ্ধ গোপদিগকে মুক্ত করিবেন এবং দিবসে স্ব স্ব কার্য্যে ব্যস্ত ও দিবসের শ্রমে ক্লান্তিবশতঃ রাত্রিতে নিদ্রাযুক্ত স্বভক্ত গোকুল-বাসিগণকে বৈকুণ্ঠলোক প্রাপ্তি করাইবেন। এই অলৌকিক ক্ষমতা আর অন্যে সম্ভাবিত হইতে পারে না॥ ৩১ ॥

হে নারদ! শ্রীকৃষ্ণের উপদেশে গোপগণকর্ত্তৃক ইন্দ্রযজ্ঞ নিবারিত হইলে অর্থাৎ গোপগণ

টীকা

শ্রীযশোদা যদ্ যদুপবধ্যতে অনেনেতি উপবন্ধং শুল্বং দাম গৃহ্লীত গ্রহীষ্যতি তৎ তৎ অমুষ্য ভগবতঃ ন মাতি বন্ধসম্মিতং ন ভবতি ন পূর্য্যতে ইত্যর্থঃ। কিঞ্চ গোপী শ্রীযশোদা অস্য ভগবতঃ জৃম্ভতঃ বদনে মুখে ভুবনানি চতুর্দ্দশলোকান্ সম্যক্ বীক্ষ্য দৃষ্ট্বা শঙ্কিতমনাঃ সতী প্রতিবোধিতা আসীৎ। নির্জ্জৈশ্বর্য্যং জ্ঞাপিতা আসীদিতি যৎ তদপি কর্ম্ম দিব্যমিতি সর্ব্বত্র পূর্ব্বেণান্বয়ঃ ॥ ৩০ ॥ কিঞ্চ বরুণস্য পাশাৎ যদ্ভয়ং তস্মান্নন্দং স্বপিতরং মোক্ষ্যতি মোচয়িষ্যতি। ময়স্য সূনুনা ব্যোমাখ্যেন বিলেষু পিহিতান্ গোপাংশ্চ মোক্ষ্যতি। কিঞ্চাহ্নি দিবসে আপৃতং ব্যাপারযুক্তং শ্রমেণ নিশি শয়ানং গোকুলং স্বানন্যশরণং গোকুলবাসিনং জনং বিকুণ্ঠং নিজলোকমুপনেষ্যতি প্রাপয়িষ্যতি স্মেত্যাশ্চর্য্যে ॥৩১॥

ক্রীড়ন্ বনে নিশি নিশাকররশ্মিগৌর্য্যাং রাসোন্মুখঃ কলপদায়তমূর্চ্ছিতেন।
উদ্দীপিতস্মররুজাং ব্রজভৃদ্ধধূনাং হর্ত্তুর্হরিষ্যতি শিরো ধনদানুগস্য ॥ ৩৩ ॥

অন্বয়

নিবারিত হইলে) ব্রজবিপ্লবায় (ব্রজের অমঙ্গল ঘটাইবার জন্য) দেবে অভিবর্ষতি (ইন্দ্র বর্ষণ করিতে থাকিলে) কৃপয়া (কৃপা করিয়া) পশূন্ রিরক্ষুঃ (গো ও গোপসমূহকে রক্ষা করিতে ইচ্ছুক) সপ্তবর্ষঃ (সপ্তমবর্ষীয় শ্রীকৃষ্ণ) এককরে (এক হস্তেই) সলীলং (অনায়াসে) সপ্ত দিনানি (সপ্ত-দিবস ব্যাপিয়া) মহীধ্রং (গোবর্দ্ধন পর্ব্বত) উচ্ছিলীন্ধ্রম্ ইব (ছত্রের ন্যায়) ধর্ত্তা (ধারণ করিবেন) ॥৩২॥

নিশাকররশ্মিগৌর্য্যাং নিশি (চন্দ্রকিরণশুভ্র রজনীতে) বনে (অরণ্যে) রাসোন্মুখঃ (রাসলীলা করিতে প্রবৃত্ত হইয়া শ্রীকৃষ্ণ) কলপদায়তমূর্চ্ছিতেন (মধুর পদ ও মূর্চ্ছালাপযুক্ত গীতধ্বনি দ্বারা) উদ্দীপিতস্মররুজাং (বর্দ্ধিত কামভাবরূপ রোগাক্রান্ত) ব্রজভৃদ্বধূনাং (ব্রজগোপাঙ্গনাগণের) হর্ত্তুঃ (হরণকারী) ধনদানুগস্য (কুবেরের অনুচর শঙ্খচূড়ের) শিরঃ (মস্তক) ক্রীড়ন্ (ক্রীড়া করিতে করিতেই যেন) হরিষ্যতি (হরণ করিবেন) ॥ ৩৩ ॥

অনুবাদ

ইন্দ্রের যজ্ঞ না করিলে দেবরাজ ইন্দ্র ব্রজের অমঙ্গল ঘটাইবার জন্য বর্ষণ করিতে লাগিবেন। তখন গোপসমূহকে রক্ষা করিতে ইচ্ছুক সপ্তমবর্ষীয় বালক শ্রীকৃষ্ণ কৃপা করিয়া অনায়াসে এক হস্তেই সাত দিন ব্যাপিয়া গোবর্দ্ধন পর্ব্বতকে ছাতার ন্যায় ধারণ করিবেন। এই অলৌকিক কার্য্য অপরে সম্ভাবিত হইতে পারে না ॥ ৩২ ॥

চন্দ্রের কিরণজালে শুভ্র রজনীতে বনে রাসলীলা করিতে প্রবৃত্ত হইয়া শ্রীকৃষ্ণ মধুর পদ ও মূর্চ্ছালাপযুক্ত গীতধ্বনি করিলে এবং সেই ধ্বনি শ্রবণে উদ্দীপিত কামভাব-রূপ রোগাক্রান্তা গোপাঙ্গনাগণ সেই দিকে আসিতে থাকিলে ও পথে কুবেরানুচর শঙ্খচূড় তাহাদিগকে হরণ করিবার অভিলাষে আক্রমণ করিলে শ্রীকৃষ্ণ ক্রীড়া করিতে করিতে তাহার মস্তক ছেদন করিবেন ॥ ৩৩ ॥

টীকা

হে অনঘ! নারদ! গোপৈঃ মখে ইন্দ্রযজ্ঞে প্রতিহতে নিবারিতে সতি ব্রজবিপ্লবায় দেবে ইন্দ্রে অভিবর্ষতি সতি পশূন্ কৃপয়া রিরক্ষুঃ রক্ষিতুমিচ্ছুঃ সপ্ত বর্ষাণি বয়ো যস্য সঃ, এককরে একস্মিন্নেব করে সলীলং যথা তথা উচ্ছিলীন্ধ্রমিব উদ্গতং ছত্রাকমিব মহীধ্রং গোবর্দ্ধনাখ্যং গিরিং ধর্ত্তা ধরিষ্যতি। মখে প্রতিহতে ব্রজবিপ্লবায় দেবে অভিবর্ষতীত্যনেন সকামানাং ক্রৌর্য্যম্, অনঘেত্যনেন নিষ্কামানাং মহতাং নিষ্পাপত্বম্, একস্মিন্নিত্যনেন যস্মিন্ করে গিরির্ধৃতঃ তস্য শ্রমরাহিত্যং সপ্ত দিনানি সপ্ত বর্ষ ইত্যনেন ভগবতঃ সর্ব্বত্র কালানভিভূতৈশ্বর্য্যবত্ত্বং চ দর্শিতম্ ॥ ৩২ ॥ কিঞ্চ নিশাকরস্য চন্দ্রস্য রশ্মিভিঃ গৌর্য্যাং ধবলায়াং নিশি রাত্রৌ বনে রাসোন্মুখঃ রাসোৎসবং কর্ত্তুং প্রবৃত্তঃ সন্ কলানি মধুরাণি পদানি যস্মিন্, তচ্চ আয়তং দীর্ঘং মূর্চ্ছিতমালাপবিশেষযুক্তং গীতং তেন উদ্দীপিতঃ স্মরো মন্মথ এব রুক্ রোগ ইব ক্ষোভকঃ যাসাং ব্রজভৃদ্বধূনাং গোপাঙ্গনানাং হর্ত্তুঃ শঙ্খচূড়স্য শিরঃ ক্রীড়ন্নিব হরিষ্যতি ॥ ৩৩ ॥ কিঞ্চ হরিনা হেতুভূতেন যে চ প্রলম্বাদয়স্তে অদর্শনং

যে চ প্রলম্বখরদর্দ্দুরকেশ্যরিষ্ট-মল্লেভকংসযবনাঃ কপিপৌণ্ড্রকাদ্যাঃ।
অন্যে চ সাল্বকুজবল্কলদন্তবক্র-সপ্তোক্ষশম্বরবিদূরথরুক্মিমুখ্যাঃ ॥ ৩৪ ॥
যে বা মৃধে সমিতিশালিন আত্তচাপাঃ কাম্বোজমৎস্যকুরুকৈকয়সৃঞ্জয়াদ্যাঃ।
যাস্যন্ত্যদর্শনমলং বলভীমপার্থ-ব্যাজাহ্বয়েন হরিণা নিলয়ং তদীয়ম্ ॥৩৫॥

অন্বয়

যে চ প্রলম্বখরদর্দ্দুরকেশ্যরিষ্টমল্লেভকংসযবনাঃ (আর যে প্রলম্ব, ধেনুক, বক, কেশী, বৃষভাসুর প্রভৃতি মল্ল, কুবলয়াপীড়, কংস, কালযবন) কপিপৌণ্ড্রকাদ্যাঃ (দ্বিবিদ, পৌণ্ড্রক প্রভৃতি) অন্যে চ সাল্বকুজবল্কলদন্তবক্রসপ্তোক্ষশম্বরবিদূরথরুক্মিমুখ্যাঃ (এবং সাল্ব, ভৌমাসুর, বল্কল, দন্তবক্র, সপ্তবৃষ, শম্বর, বিদূরথ, রুক্মী প্রভৃতি), যে বা আত্তচাপাঃ (আর যে সকল ধনুর্দ্ধারী) মৃধে সমিতিশালিনঃ (সংগ্রামে আত্মশ্লাঘাকারী) কাম্বোজমৎস্যকুরুকৈকয়সৃঞ্জয়াদ্যাঃ (কাম্বোজ, মৎস্য, কুরু, কৈকয় ও সৃঞ্জয় প্রভৃতি ইহারা সকলেই) বলভীমপার্থব্যাজাহ্বয়েন (বলরাম, ভীম ও অর্জ্জুননামধারী) হরিনা (শ্রীকৃষ্ণ কর্ত্তৃক নিহত হইয়া) অদর্শনং (প্রাকৃত ইন্দ্রিয়ের অবিষয়ীভূত) তদীয়ং নিলয়ং (বৈকুণ্ঠলোকে) অলং যাস্যন্তি (নিশ্চয়ই গমন করিবে) ॥ ৩৪-৩৫ ॥

অনুবাদ

প্রলম্ব, ধেনুক, বক, কেশী, বৃষভাসুর প্রভৃতি মল্ল, কুবলয়াপীড়, কংস, কালযবন, দ্বিবিদ, পৌণ্ড্রক প্রভৃতি এবং অন্যান্য সাল্ব, ভৌমাসুর, বল্কল, দন্তবক্র, সপ্তবৃষ, শম্বর, বিদূরথ, রুক্মী প্রভৃতি, আর যে সকল ধনুর্দ্ধারী সংগ্রামে আত্মশ্লাঘাকারী কাম্বোজ, মৎস্য, কুরু, কৈকেয়, সৃঞ্জয় প্রভৃতি ইহারা সকলেই বলরাম, ভীম ও অর্জ্জুনরূপ নামধারী শ্রীকৃষ্ণকর্ত্তৃক নিহত হইয়া প্রাকৃত ইন্দ্রিয়ের অবিষয়ীভূত বৈকুণ্ঠধামে নিশ্চয়ই গমন করিবে। এই সকলও অলৌকিক; অতএব অন্যে ইহা সম্ভাবিত হইতে পারে না অর্থাৎ শ্রীকৃষ্ণ বলরামরূপে প্রলম্ব প্রভৃতিকে, ভীমার্জ্জুনাদিরূপে কাম্বোজপ্রভৃতিকে, প্রদ্যুম্নরূপে শম্বরকে, মুচুকুন্দরূপে যবনকে ও স্বয়ং অপরাপরকে বিনাশ করিয়া বৈকুণ্ঠে প্রেরণ করিবেন ॥ ৩৪—৩৫ ॥

টীকা

প্রাকৃতেন্দ্রিয়াবিষয়ং তদীয়ং হরিসম্বন্ধি নিলয়ং স্থানং বৈকুণ্ঠং যাস্যন্তীত্যুত্তরেণান্বয়ঃ। খরো ধেনুকঃ, দর্দ্দুর ইব দর্দ্দুরো বকঃ, অরিষ্টো বৃষভাসুরঃ, ইভঃ কুলয়াপীড়ঃ, কুজঃ ভৌমাসুরঃ, কপির্দ্বিবিদঃ, সপ্তোক্ষানঃ সপ্তবৃষাঃ ॥ ৩৪ ॥ যে বা যে চ মৃধে যুদ্ধে সমিতৌ সংগ্রামে শালন্তে শ্লাঘন্তে ইতি সমিতিশালিনঃ, আত্তচাপাঃ ধৃতকার্ম্মুকাঃ, নন্থ প্রলম্বখরকপিপ্রমুখা বলেন, কাম্বোজাদয়শ্চ ভীমাদিভির্নিহতাঃ, শম্বরঃ প্রদ্যুম্নেন, যবনশ্চ মুচুকুন্দেন নিহতঃ। ন তু হরিণা? তত্রাহ—বলভীমপার্থব্যাজাহ্বয়েনেতি। বলো, ভীমঃ, পার্থ ইত্যাদয়ঃ ব্যাজাহ্বয়াঃ নিমিত্তনামানি যস্য তেন, সপ্তোক্ষানস্তু হরিণা ন নিহতাঃ, কিন্তু তদ্দর্শনাদিকলাভেন স্বমৃত্যুকালে প্রাণান্ ত্যক্ত্বা তদীয়ং নিলয়ং যাস্যন্তীতি ভাবঃ। অলমিতি শ্রীকৃষ্ণচরিত্রবর্ণনেনালম্ এতাবতৈব কৃতার্থোঽস্মীতি সাকল্যেন বর্ণনাসম্ভবাদিতি ভাবঃ। এতচ্চ সর্ব্বমপি দিব্যমেব তচ্চেতরথা ন ভাব্যমিতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ৩৫ ॥

কালেন মীলিতধিয়ামবমৃশ্য নৃণাং স্তোকায়ুষাং স্বনিগমো বত দূরপারঃ।
আবির্হিতস্তনুযুগং স হি সত্যবত্যাং বেদদ্রুমং বিটপশো বিভজিষ্যতি স্ম ॥ ৩৬ ॥
দেবদ্বিষাং নিগমবর্ত্মনি নিষ্ঠিতানাং পূর্ভির্ময়েন বিহিতাভিরদৃশ্যতুর্ভিঃ।
লোকান্ ঘ্নতাং মতিবিমোহমতিপ্রলোভং বেষং বিধায় বহু ভাষ্যত ঔপধর্ম্ম্যম্ ॥ ৩৭ ॥

অন্বয়

[ব্যাস অবতারের কথা বলিতেছেন]—কালেন মীলিতধিয়াং (কালপ্রভাবে সঙ্কুচিতবুদ্ধি) স্তোকায়ুষাং (অল্পায়ু) নৃণাং (মানবগণের) স্বনিগমঃ (বেদ) বত [খেদসূচক অব্যয়] দূরপারঃ (অবোধ্য হইবে) ইতি অবমৃশ্য (ইহা বিচার করিয়া) সঃ হি (সেই ভগবান্‌ই) সত্যবত্যাং (সত্যবতীর গর্ভে) [পরাশরের ঔরসে] আবির্ভূতঃ সন্ (আবির্ভূত হইয়া) অনুযুগং (যুগানুরূপ) বেদদ্রুমং (বেদরূপ বৃক্ষকে) বিটপশঃ (শাখারূপে) বিভজিষ্যতি স্ম (বিভাগ করিবেন) ॥ ৩৬ ॥

[বুদ্ধ অবতারের কথা বলিতেছেন] নিগমবর্ত্মনি (যাহারা বেদমার্গে) নিষ্ঠিতানাং (অবস্থান করিয়া) ময়েন বিহিতাভিঃ (ময়নামক দৈত্যকর্ত্তৃক রচিত) অদৃশ্যতুর্ভিঃ (অলক্ষ্যগতি) পূর্ভিঃ (পুরীর সাহায্যে) লোকান্ ঘ্নতাং (লোক সকল বিনাশ করিতেছে এইরূপ) দেবদ্বিষাং (অসুরগণের) মতিবিমোহমতিলোভং (বুদ্ধির মোহজনক) বেষং বিধায় (পাষণ্ডবেশ ধারণ করিয়া) [ভগবান্] ঔপধর্ম্ম্যম্ (উপধর্ম্ম অর্থাৎ পাষণ্ডধর্ম্ম) বহু ভাষ্যতে (বহু উপদেশ করিবেন) ॥ ৩৭ ॥

অনুবাদ

[ব্যাসাবতারের কথা বলিতেছেন] কাল প্রভাবে মানবগণ অল্পায়ু ও স্থূলবুদ্ধি হইবে ইহা জানিয়া এবং বেদ তাহাদের দুর্ব্বোধ্য হইবে ইহা বিবেচনা করিয়া সেই ভগবান্ সত্যবতীর গর্ভে পরাশরের ঔরসে আবির্ভূত হইয়া যুগানুরূপ বেদরূপবৃক্ষকে শাখা প্রশাখারূপে বিভাগ করিবেন ॥ ৩৬ ॥

[বুদ্ধ অবতারের কথা বলিতেছেন]—আবার যাহারা বেদমার্গে অবস্থান করিয়া ময় নামক দানবকর্ত্তৃক রচিত অলক্ষ্যগতি পুরীর সাহায্যে লোক সকলের বিনাশ করিতেছে, সেই অসুরগণের বুদ্ধিভ্রষ্ট করিবার নিমিত্ত ভগবান্ বুদ্ধির মোহজনক পাষণ্ডবেশ ধারণ করিয়া উপধর্ম্ম অর্থাৎ বহু পাষণ্ডধর্ম্ম উপদেশ করিবেন ॥ ৩৭ ॥

টীকা

শ্রীব্যাসাবতারমাহ—কালেনেতি। কালেন মীলিতা কুণ্ঠিতা ধীর্যেষাং, তোকমল্পমায়ুর্যেষাং তেষাং নৃণাং ত্রৈবর্ণিকানাং স্বনিগমঃ স্বকীয়ো বেদঃ, বত ইতি খেদে। দূরে পারং যস্যেতি দূরপারঃ বুদ্ধ্যগোচরঃ ইত্যবমৃশ্য বিচার্য্য স ভগবান্ সত্যবত্যাং পরাশরাদাবির্হিতঃ আবির্ভূতঃ সন্ অনুযুগং যুগানুরূপং বেদদ্রুমং বিটপশঃ শাখাভেদেন বিভজিষ্যতি বিভক্তং করিষ্যতি ॥ ৩৬ ॥ বুদ্ধাবতারমাহ—দেবদ্বিষামিতি। নিগমবর্ত্মনি বেদোক্তমার্গে নিষ্ঠিতানাং নিতরাং স্থিতানাং ময়েন বিহিতাভিঃ রচিতাভিঃ অদৃশ্যতুর্ভিঃ অলক্ষ্যবেগাভিঃ পূর্ভিঃ পুরীভিঃ লোকান্ ঘ্নতাং দেবদ্বিষাম্ অসুরাণাং মতেবিমোহো যুক্তত্যাগো যস্মাৎ তং মতেঃ প্রলোভোঽযুক্তস্বীকারো যস্মাত্তং পাষণ্ডবেষং বিধায়

যর্হ্যালয়েষ্বপি সতাং ন কথা হরেঃ স্যুঃ পাষণ্ডিনো দ্বিজজনা বৃষলা নৃদেবাঃ।
স্বাহা স্বধা বষড়িতি স্ম গিরো ন যত্র শাস্তা ভবিষ্যতি কলের্ভগবান্ যুগান্তে ॥৩৮॥
সর্গে তপোঽহমৃষয়ো নব যে প্রজেশাঃ স্থানেঽথ ধর্ম্মমখমন্বমরাবনীশাঃ।
অন্তে ত্বধর্ম্মহরমন্যুবশাসুরাদ্যা মায়াবিভূতয় ইমাঃ পুরুশক্তিভাজঃ ॥ ৩৯ ॥

অন্বয়

[কল্কি অবতারের কথা বলিতেছেন]—যর্হি (যখন) সতাম্ অপি আলয়েষু (সজ্জনগণের গৃহেও) হরেঃ কথাঃ ন স্যুঃ (শ্রীহরির কথা হইবে না), দ্বিজজনাঃ (ত্রৈবর্ণিকগণ) পাষণ্ডিনঃ [স্যুঃ] (পাষণ্ড হইবে), বৃষলাঃ (শূদ্রগণ) নৃদেবাঃ [স্যুঃ] (রাজা হইবে) যত্র (এবং যে সময়ে) স্বাহা স্বধা বষড়িতি স্ম গিরঃ ন [স্যুঃ] (স্বাহা, স্বধা ও বষট্ এই সকল বাক্য উচ্চারিত হইবে না), [তদা যুগান্তে] (তখন কলিকালের অবসানে) ভগবান্ (কল্কিরূপে ভগবান্) কলেঃ শাস্তা ভবিষ্যতি (কলির শাসক হইয়া অবতীর্ণ হইবেন) ॥ ৩৮ ॥

[সৃষ্টি, স্থিতি ও সংহারবিষয়ে অবতারসমূহের কথা বলিতেছেন]—সর্গে (জগৎসৃষ্টিবিষয়ে) তপঃ (তপস্যা), অহং (আমি), ঋষয়ঃ নব (মরীচি প্রভৃতি নয়জন ঋষি), যে প্রজেশাঃ (দক্ষ প্রভৃতি প্রজাপতিগণ) অথ স্থানে (এবং পালন বিষয়ে) ধর্ম্মমখমন্বমরাবনীশাঃ (ধর্ম্ম, বিষ্ণু, মনুগণ, দেবগণ ও নরপতিগণ) অন্তে তু (ও সংহারবিষয়ে) অধর্ম্মহরমন্যুবশাসুরাদ্যাঃ (অধর্ম্ম, রুদ্র, সর্প ও অসুর প্রভৃতি), ইমাঃ (এই সকল) পুরুশক্তিভাজঃ (অনন্তশক্তি ভগবানের) মায়াবিভূতয়ঃ (বিভূতি প্রকৃতিমণ্ডলে আবির্ভূত হইয়া থাকে) ॥ ৩৯ ॥

অনুবাদ

[কল্কি অবতারের কথা বলিতেছেন]—যখন সজ্জনগণের গৃহেও আর শ্রীহরির নাম উচ্চারিত হইবে না, ত্রৈবর্ণিক অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যগণ পাষণ্ডভাবাপন্ন হইবে, শূদ্রগণ রাজা হইবে এবং স্বাহা, স্বধা ও বষট্ এই সকল বাক্য আর উচ্চারিত হইবে না, তখন কলিকালের অবসানে ভগবান্ কল্কিরূপে কলির শাসক হইয়া অবতীর্ণ হইবেন ॥ ৩৮ ॥

[সৃষ্টি, স্থিতি ও সংহারবিষয়ে অবতারসমূহের কথা বলিতেছেন]—হে নারদ! সৃষ্টি-বিষয়ে—আমি, তপস্যা, মরীচ্যাদি ঋষিগণ ও দক্ষ প্রভৃতি প্রজাপতিগণ, পালনবিষয়ে—ধর্ম্ম, বিষ্ণু, মনুগণ, দেবগণ ও নরপতিগণ এবং সংহারবিষয়ে—অধর্ম্ম, রুদ্র, সর্প ও অসুর প্রভৃতি, এই সকল অনন্তশক্তি ভগবান্ শ্রীকৃষ্ণের বিভূতি প্রকৃতিমণ্ডলে আবির্ভূত হইয়া থাকে ॥ ৩৯ ॥

টীকা

ঔপধর্ম্ম্যং স্বার্থে ষ্যঙ্, উপধর্ম্মং পাষণ্ডধর্ম্মং বহু অধিকং ভাবিষ্যত ইত্যর্থঃ ॥ ৩৭ ॥ কল্ক্যবতারমাহ —যর্হীতি। যর্হি যদা সতামপ্যালয়েষু হরেঃ কথা ন স্যুঃ, দ্বিজজনাঃ ত্রৈবর্ণিকাঃ পাষণ্ডিনঃ স্যুঃ, বৃষলাঃ শূদ্রাঃ নৃদেবা রাজানঃ স্যুঃ, যত্র স্বাহা স্বধা বষড়িতি গিরো ন স্যুঃ, তদা যুগান্তে ভগবান্ কল্কিরূপেণ কলেঃ শাস্তা ভবিষ্যতি। অত্র চ ব্রহ্মনারদসংবাদাৎ প্রাঞ্চো বরাহাদয়োঽবতারাঃ, মন্বন্তরাবতারাস্তু ভূতাঃ ভাবিনশ্চ, ধন্বন্তরিপরশুরামৌ তদানীন্তনৌ, শ্রীরামাদয়স্তু ভাবিনঃ। তত্র তু ক্বচিৎ ভূতাদিনির্দ্দেশঃ ছান্দস ইতি দ্রষ্টব্যম্ ॥ ৩৮ ॥ কিঞ্চ পুরুশক্তিভাজঃ বহুশক্তিধারিণঃ ভগবতঃ

বিষ্ণোর্নু বীর্য্যগণনাং কতমোঽর্হতীহ যঃ পার্থিবান্যপি কবির্বিমমে রজাংসি।
চস্কম্ভ যঃ স্বরহসাস্খলতা ত্রিপৃষ্ঠং যস্মাৎ ত্রিসাম্যসদনাদুরুকম্পয়ানম্ ॥ ৪০ ॥
নান্তং বিদাম্যহমমী মুনয়োঽগ্রজাস্তে মায়াবলস্য পুরুষস্য কুতোঽপরে যে।
গায়ন্ গুণান্ দশশতানন আদিদেবঃ শেষোঽধুনাপি সমবস্যতি নাস্য পারম্ ॥ ৪১ ॥

অন্বয়

ইহ (এই জগতে) যঃ কবিঃ (যেই পণ্ডিত) পার্থিবানি রজাংসি অপি (পার্থিব বালুকারাশিও) বিমমে (গণনা করিতে পারেন), কতমঃ নু (তাদৃশ কেহ কি) বিষ্ণোঃ বীর্য্যগণনাং (বিষ্ণুর প্রভাববর্ণনা) [কর্ত্তুং] অর্হতি (করিতে সমর্থ হয়?) যঃ (এই বিষ্ণু) অস্খলতা (স্বীয় অপ্রতিহত) স্বরহসা (চরণবেগে) ত্রিসাম্যসদনাৎ (সকল বদ্ধজীবের বাসস্থান প্রকৃতি হইতে আরম্ভ করিয়া) উরু কম্পয়ানং (অত্যধিক কম্পমান) ত্রিপৃষ্ঠং (সত্যলোক) [পর্য্যন্ত] চস্কম্ভ (ধারণ করিয়াছিলেন) ॥ ৪০ ॥

মায়াবলস্য পুরুষস্য (প্রকৃতির সামর্থ্য যাঁহা হইতে, সেই ভগবানের) অন্তং অহং ন বিদামি

অনুবাদ

এই জগতে যদি কোনও বিদ্বান্ পার্থিব বালুকারাশিও গণনা করিতে সমর্থ হন, তথাপি তিনি কি শ্রীকৃষ্ণের প্রভাব বর্ণনা করিতে সমর্থ হইবেন? অর্থাৎ কখনই সমর্থ হইবেন না। এই শ্রীকৃষ্ণ স্বীয় অপ্রতিহত চরণবেগে অত্যধিক কম্পান্বিত সকল বদ্ধজীবের বাসস্থান প্রকৃতি হইতে আরম্ভ করিয়া সত্যলোক পর্য্যন্ত ধারণ করিয়াছিলেন অর্থাৎ শ্রীহরি যখন ত্রিবিক্রম হইয়াছিলেন, তখন তাঁহার চরণবেগে কম্পান্বিত লোক সকলকে তিনি ধারণ করিয়াছিলেন ॥ ৪০ ॥

যাঁহা হইতে প্রকৃতি সামর্থ্য লাভ করেন, সেই ভগবানের অন্ত আমি জানিতে

টীকা

ইমাঃ মায়ায়াং প্রকৃতিমণ্ডলে বিভূতয়ঃ তত্র সর্গে সৃষ্টৌ তপ আদ্যাঃ, স্থানে স্থিতৌ চ ধর্ম্মাদ্যাঃ মখোঽবতাররূপো বিষ্ণুঃ, অন্তে সংহারে চ অধর্ম্মাদ্যাঃ অধর্ম্মশ্চ হরশ্চ মন্যুবশাঃ সর্পাশ্চ অসুরাশ্চ তে আদ্যা যেষাং তে ॥ ৩৯ ॥ ভগবচ্চেষ্টিতং যথাসংক্ষেপতঃ অভিহিতম্। বিস্তরতস্তু অভিধাতুং কোঽপি ন শক্ত ইত্যাহ বিষ্ণোরিতি। যঃ কবিঃ ক্রান্তদর্শী পার্থিবানি পৃথিবীসম্বন্ধীনি রজাংসি বিমমে গণিতবান্ সোঽপি ইহ কবিসমূহেষু কতমো নু বিষ্ণোর্বীর্য্যগণনাং কর্ত্তুমর্হতি? ন কতমোঽপ্যর্হতি ইত্যর্থঃ। যো বিষ্ণুঃ অস্খলতা প্রতিঘাতশূন্যেন স্বরহসা স্বচরণবেগাত্মকব্যাপারেণ ত্রিসাম্যরূপাৎ সদনাৎ সকলবদ্ধ-জীবনিকেতনভূতাৎ প্রধানাদারভ্য ত্রিপৃষ্ঠং সত্যলোকম্ উর্দ্ধধিকং যস্মাৎ কম্পয়ানং তস্মাৎ চস্কম্ভ স্তম্ভয়া-মাস। তথা চ মন্ত্রঃ "বিষ্ণোর্নু কং বীর্য্যাণি প্রবোচং যঃ পার্থিবানি বিমমে রজাংসি। যোঽস্কম্ভয়দুত্তরং সধস্থং বিচংক্রমাণস্ত্রেধোরুগায় ত্বা বিষ্ণবে" ইতি। মন্ত্রার্থস্তু—যঃ পার্থিবানি রজাংস্যপি বিমমে গণিতবান্, সোঽপি বিষ্ণোঃ বীর্য্যাণি কং প্রবোচম্ কঃ প্রাবোচৎ, য উরুগায়ো বিষ্ণুঃ ত্রেধা ত্রিঃ প্রকারেণ বিচংক্রমাণঃ চরণবিন্যাসং কুর্ব্বাণঃ সধস্থং সহস্থ সধাদ্দেশঃ, তিষ্ঠন্তীতি স্থাঃ দেবাস্তৈঃ সহ বর্ত্তমানং উত্তরমূর্দ্ধলোকং হি অস্কম্ভয়ৎ অবষ্টব্ধবানিতি ॥ ৪০ ॥ তত্র কৈমুত্যন্যায়েনাহ—মায়া প্রকৃতিঃ শক্তিভূতা সৃষ্ট্যাদ্যুপযোগিত্বেন বলং যস্য, যদ্বা মায়ায়াঃ প্রকৃতেঃ বলং সামর্থ্যং যস্মাৎ

যেষাং স এব ভগবান্ দয়য়েদনন্তঃ সর্ব্বাত্মনাশ্রিতপদো যদি নির্ব্ব্যলীকম্।
তে দুস্তরামতিতরন্তি চ দেবমায়াং নৈষাং মমাহমিতি ধীঃ শ্বশৃগালভক্ষ্যে ॥ ৪২ ॥

অন্বয়

(অস্য আমি জানিতে পারি নাই), তে (তোমার) অগ্রজাঃ (অগ্রজ) অমী মুনয়ঃ (ঐ সনকাদি মুনিগণ) [জানিতে পারে নাই], যে অপরে (আর অন্য যাহারা), [তে] কুতঃ (তাহারা কি করিয়া জানিতে পারিবে?) আদিদেবঃ দশশতাননঃ শেষঃ (অনন্তদেব সহস্রাননে) অস্য (এই শ্রীহরির) গুণান্ গায়ন্ (গুণসমূহ কীর্ত্তন করিতে করিতে) অধুনা অপি পারং ন সমবস্যতি (এখনও সীমা নির্ণয় করিতে সমর্থ হন নাই) ॥ ৪১ ॥

অনন্তঃ (ইয়ত্তারহিত) স এব ভগবান্ (সেই ভগবান্ শ্রীকৃষ্ণই) যেষাং দয়য়েৎ (যাহাদিগের প্রতি দয়া করেন), [সেই দয়ার ফলে] তে যদি (তাহারা যদি) সর্ব্বাত্মনা (সর্ব্বপ্রকারে) নির্ব্ব্যলীকং (নিষ্কপটভাবে) আশ্রিতপদঃ [ভবন্তি] (ভগবৎপদাশ্রিত হয় অর্থাৎ নৈষ্ঠিকী ভক্তিযুক্ত হয়), [তবে তাহারা] দুস্তরাং দেবমায়াং (দুস্তরণীয়া বিষ্ণুর মায়াশক্তিকে) অতিতরন্তি (অতিক্রম করিয়া থাকেন)। এষাং (এইরূপ ভগবদাশ্রিত ভক্তগণের) শ্বশৃগালভক্ষ্যে [অস্মিন্ দেহে] (কুকুরশৃগালভক্ষ্য এই দেহে) মম অহম্ ইতি ধীঃ ন [ভবতি] ("আমি আমার" এই প্রকার বুদ্ধি হয় না) ॥ ৪২ ॥

অনুবাদ

পারি নাই, তোমার অগ্রজ ঐ সনকাদি মুনিগণও জানিতে পারে নাই, আর অপরেরা কোথা হইতে জানিবে? অধিক কি—অনন্তদেব সহস্রাননে এই শ্রীহরির গুণসমূহ কীর্ত্তন করিয়া আজও সীমা নির্ণয় করিতে সমর্থ হন নাই ॥ ৪১ ॥

যাঁহার ইয়ত্তা করা যায় না, সেই ভগবান্ শ্রীকৃষ্ণই আবার যাঁহাদিগের প্রতি দয়া করেন, সেই দয়ার ফলে তাঁহারা যদি নিষ্কপটভাবে সর্ব্বপ্রকারে ভগবৎপদাশ্রিত হয়, তবে তাঁহারা বিষ্ণুর দুস্তরণীয়া মায়াশক্তিকে অতিক্রম করিতে পারেন। এইরূপ ভগবদাশ্রিত ভক্তগণের শৃগালকুকুরভক্ষ্য এই দেহে "আমি আমার" ইত্যাকার বুদ্ধি আর হয় না ॥৪২॥

টীকা

তস্য পুরুষস্য ভগবতঃ অন্তং গুণস্বরূপাদীনামেতাবত্ত্বম্ অহং চতুর্ম্মুখঃ ন বিদামি ন বেদ্মি, তে তব অগ্রজাঃ সনকাদয়ঃ ন বিদন্তি, অপরে অন্যে কুতো জানীয়ুঃ। দশশতাননঃ সহস্রবদনঃ শেষঃ অস্য হরের্গুণান্ গায়ন্ অধুনাপি পারম্ অন্তং ন সমবস্যতি নাধ্যবস্যতি ॥ ৪১ ॥ নন্বু জ্ঞানাভাবে কথং মুক্তিঃ স্যাৎ? ইত্যত্রাহ—যেষামিতি। অনন্তঃ ইয়ত্তানবচ্ছিন্নঃ স এব ভগবান্ যদি যেষাং দয়য়েৎ দয়াং কুর্য্যাৎ তয়া তে নির্ব্ব্যলীকং নিরপরাধং যথা তথা সর্ব্বাত্মনা আশ্রিতপদঃ ভবন্তি। প্রেমবিশেষলক্ষণাং ভক্তিং প্রাপ্নুবন্তি, তথাহ ভগবান্ পূর্ব্বাচার্য্যঃ—"কৃপাস্য দৈন্যাদিযুজি প্রজাপতে, যয়া ভবেৎ প্রেমবিশেষলক্ষণা। ভক্তির্হ্যনন্যাধিপতের্মহাত্মনঃ, সা চোত্তমা সাধনরূপিকা পরা ॥" ইতি। তে দুস্তরাং দেবস্য বিষ্ণোর্মায়াং কার্য্যকারণস্বরূপিণীং প্রকৃতিং তরন্তি, চকারাদ্দেবং প্রাপ্নুবন্তি। তচ্চরণৈকশরণানাং লক্ষণমাহ এষাং শ্বশৃগালভক্ষ্যে দেহে মমাহমিতি ধীর্ন ভবতি। ভগবৎসঙ্কল্পাধীনভূতায়াঃ কার্য্যভূতং শরীরং মায়াত্মকতয়া যৈর্জ্ঞাতং তেষাং মদীয়মিদং শরীরং শরীররূপোঽহমিতি চ বুদ্ধির্ন ভবতীত্যর্থঃ ॥ ৪২ ॥

বেদাহমঙ্গ ! পরমস্য হি যোগমায়াং যূয়ং ভবশ্চ ভগবানথ দৈত্যবর্য্যঃ।
পত্নী মনোঃ স চ মনুশ্চ তদাত্মজাশ্চ প্রাচীনবর্হি ঋভুরঙ্গ উত ধ্রুবশ্চ ॥ ৪৩ ॥
ইক্ষ্বাকুরৈলমুচুকুন্দবিদেহগাধি-রঘ্বম্বরীষসগরা গয়নাহুষাদ্যাঃ।
মান্ধাত্রলর্কশতধন্বনুরন্তিদেবা দেবব্রতো বলিরমূর্ত্তরয়ো দিলীপঃ ॥ ৪৪ ॥

অন্বয়

[মায়াকার্য্য এই শরীরে কাহাদের "আমি আমার" এইরূপ অভিমান নাই এবং মায়াকে পরমাত্মা হইতে বিপরীত স্বভাব জানিয়া কাহারা তাহাকে অতিক্রম করিতে পারে, তাহাই বলিতেছেন] হে অঙ্গ! (হে নারদ!) অহং (আমি) পরমস্য (ভগবানের) যোগমায়াং হি বেদ (শক্তিভূতা প্রকৃতিকে ও তাঁহাকে জানিয়াছি) ; যূয়ং (তোমরাও জানিয়াছ), ভগবান্ ভবঃ চ (এবং ভগবান্ মহাদেব) দৈত্যবর্য্যঃ (প্রহ্লাদ), মনোঃ পত্নী (মনুর পত্নী শতরূপা) স মনুঃ চ (ও সেই মনু), তদাত্মজাঃ চ (তাঁহার পুত্রকন্যাগণ), প্রাচীনবর্হিঃ ঋভুঃ (প্রাচীনবর্হিঃ, ঋভু), অঙ্গঃ (বেণপিতা অঙ্গ) উত, (এবং) ধ্রুবঃ চ (ধ্রুব) [ইহারা সকলেই দেবমায়াকে জানিয়াছেন ও অতিক্রম করিয়াছেন। চতুর্থ শ্লোকের সহিত অন্বয় হইবে]॥ ৪৩ ॥

ইক্ষ্বাকুঃ (ইক্ষ্বাকু), ঐলমুচুকুন্দবিদেহগাধিরঘ্বম্বরীষসগরাঃ (ঐল, মুচুকুন্দ, বিদেহপতি জনক, গাধি, রঘু, অম্বরীষ, সগর), গয়নাহুষাদ্যাঃ (গয়, যথাতি প্রভৃতি), মান্ধাত্রলর্কশতধন্বনুরন্তিদেবাঃ (মান্ধাতা, অলর্ক, শতধনু, অনু, রন্তিদেব), দেবব্রতঃ (ভীষ্ম), বলিঃ অমূর্ত্তরয়ঃ দিলীপঃ (বলি, অমূর্ত্তরয় ও দিলীপ) [ইঁহারা সকলেই দেবমায়াকে জানিয়াছেন ও অতিক্রম করিয়াছেন]॥ ৪৪ ॥

অনুবাদ

হে নারদ ! আমি পরমপুরুষ ভগবানের মায়াশক্তিকে ও তাঁহাকে জানিতে পারিয়াছি এবং তোমরাও জানিয়াছ ; ভগবান্ শঙ্কর, প্রহ্লাদ, মনুপত্নী শতরূপা, স্বয়ং মনু, তাঁহার পুত্রকন্যাগণ, প্রাচীনবর্হি, ঋভু, অঙ্গ ও ধ্রুব ইহারা সকলেই দেবমায়াকে জানিয়াছেন ও অতিক্রম করিয়াছেন ॥ ৪৩ ॥

ইক্ষ্বাকু, ঐল, মুচুকুন্দ, বিদেহপতি জনক, গাধি, রঘু, অম্বরীষ, সগর, গয়, যযাতি প্রভৃতি, মান্ধাতা, অলর্ক, শতধনু, অনু, রন্তিদেব, ভীষ্ম, বলি, অমূর্ত্তরয় ও দিলীপ ইঁহারা সকলেই দেবমায়াকে জানিয়াছেন ও অতিক্রম করিয়াছেন ॥ ৪৪ ॥

টীকা

নন্থ মায়াকার্য্যে শরীরে যেষাং মমাহমিতি ধীর্ন ভবতি, মায়াম্ অর্থাৎ পরসম্বন্ধিনীং আত্মবিলক্ষণাং বিদন্তি, তাং তরন্তি চ, তে কে ? ইত্যত্রাহ—বেদেতি চতুর্ভিঃ। হে অঙ্গ! নারদ! পরমস্য পরা মায়া যস্য তস্য মাধবস্য যোগমায়াং যোগঃ সঙ্কল্পঃ তদধীনাং মায়াং প্রকৃতিং হি শব্দেন পরমং চ বেদ জানামি। যূয়ং মমপুত্রাঃ, যূয়মিত্যাদীনাং বিদন্তি তরন্তি চ দেবমায়ামিতি চতুর্থেনান্বয়ঃ। দৈত্যবর্য্যঃ প্রহ্লাদঃ মনোঃ স্বায়ম্ভুবস্য পত্নী শতরূপা, স চ মনুশ্চ, তদাত্মজাঃ পুত্রৌ কন্যাশ্চ প্রাচীনবর্হিষো বিসর্গলোপশ্ছান্দসঃ ॥ ৪৩ ॥ নাহুষঃ যযাতিঃ, শতধনুশ্চ অনুশ্চ সন্ধিরার্ষঃ ॥ ৪৪ ॥ উপেন্দ্রদত্তঃ শুকঃ, বিভীষণাদয়ো বর্য্যা মুখ্যা যেষাং তে ॥ ৪৫ ॥ তে সর্ব্বে দেবস্য বিষ্ণোর্মায়াং বিদন্তি অতিতরন্তি চ।

সৌভর্য্যুতঙ্কশিবিদেবলপিপ্পলাদ-সারস্বতোদ্ধবপরাশরভূরিষেণাঃ।
যেঽন্যে বিভীষণহনূমদুপেন্দ্রদত্ত-পার্থার্ষ্টিষেণবিদুরশ্রুতদেববর্য্যাঃ ॥ ৪৫ ॥
তে বৈ বিদন্ত্যতিতরন্তি চ দেবমায়াং স্ত্রীশূদ্রহূণশবরা অপি পাপজীবাঃ।
যদ্যদ্ভুতক্রমপরায়ণশীলশিক্ষা-স্তির্য্যগ্‌জনা অপি কিমু শ্রুতধারণা যে ॥ ৪৬ ॥

অন্বয়

সৌভর্য্যুতঙ্কশিবিদেবলপিপ্পলাদসারস্বতোদ্ধবপরাশরভূরিষেণাঃ (সৌভরি, উতঙ্ক, শিবি, দেবল, পিপ্পলাদ, সারস্বত, উদ্ধব, পরাশর, ভূরিষেণ) অন্যে চ যে (এবং অপর যে সকল) বিভীষণহনূমদুপেন্দ্রদত্ত-পার্থার্ষ্টিষেণবিদুরশ্রুতদেববর্য্যাঃ (বিভীষণ, হনূমান্, শুক, অর্জ্জুন, আর্ষ্টিষেণ, বিদুর ও শ্রুতদেব প্রমুখ) তে বৈ (তাঁহারা সকলেই) দেবমায়াং (দেবমায়াকে) বিদন্তি অতিতরন্তি চ (জানিয়াছেন ও অতিক্রম করিয়াছেন)। [ভগবদ্ভক্তের সঙ্গলাভে সকলেই জানিতে পারেন ও অতিক্রম করিতে পারেন, ইহাই বলিতেছেন]—স্ত্রীশূদ্রহূণশবরাঃ তির্য্যক্‌জনাঃ পাপজীবাঃ অপি (স্ত্রী, শূদ্র, হূণ ও শবর এবং পক্ষী প্রভৃতি পাপজীবগণও) যদি অদ্ভুতক্রমপরায়ণশীলশিক্ষাঃ [ভবন্তি] (যদি অদ্ভুত পাদবিন্যাস যাঁহার, সেই ভগবৎপরায়ণ ভক্তগণের চরিত্র অনুকরণ করে), [তবে তাহারাও দেবমায়াকে জানিতে ও অতিক্রম করিতে পারে]; যে শ্রুতধারণাঃ (আর যাঁহারা গুরুমুখ হইতে পরমতত্ত্ব শ্রবণ করিয়া তাঁহাতে চিত্তৈকাগ্রতা সম্পাদন করিয়াছেন), তে (তাঁহারা) [যে দেবমায়াকে জানিয়াছেন ও অতিক্রম করিয়াছেন], কিমু (এবিষয়ে আর বক্তব্য কি?) ॥ ৪৫।৪৬ ॥

অনুবাদ

সৌভরি, উতঙ্ক, শিবি, দেবল, পিপ্পলাদ, সারস্বত, উদ্ধব, পরাশর ও ভূরিষেণ এবং বিভীষণ, হনূমান্, শুক, অর্জ্জুন, আর্ষ্টিষেণ, বিদুর ও শ্রুতদেব প্রভৃতি সকলেই দেবমায়াকে জানিয়াছেন ও অতিক্রম করিয়াছেন। এমন কি—স্ত্রী, শূদ্র, হূণ, শবর এবং তির্য্যক্‌জাতি পক্ষী প্রভৃতি পাপজীবগণও যদি ত্রিবিক্রম ভগবানের ভক্তগণের চরিত্র অনুকরণ করে, তবে তাহারাও দেবমায়াকে জানিতে ও অতিক্রম করিতে সমর্থ হয়। আর যাঁহারা গুরুমুখ হইতে পরমতত্ত্ব শ্রবণ করিয়া তাঁহাতে চিত্তৈকাগ্রতা সম্পাদন করিয়াছেন, তাঁহারাও যে দেবমায়াকে জানিয়াছেন ও অতিক্রম করিয়াছেন, এ বিষয়ে আর বক্তব্য কি? ॥ ৪৫—৪৬ ॥

টীকা

চকারেণ দেবং বিদন্তি। যে তু বিষ্ণোর্মায়াং শরীরপর্য্যন্তাং ন বিদন্তি, তেষাং শ্বশৃগালভক্ষ্যে মমাহমিতি ধীর্ভবতীতি ভাবঃ। কিঞ্চ ভাগবতসঙ্গেন সর্ব্বেঽপি বিদন্তি তরন্তি চেত্যাহ—স্ত্রীত্যাদিনা স্ত্র্যাদয়ঃ তির্য্যঞ্চশ্চ অদ্ভুতাঃ ক্রমাঃ পাদবিন্যাসাঃ যস্য ভগবতঃ তৎপরায়ণা ভাগবতাঃ, তচ্ছীলে শিক্ষা যেষাং তে তথা যদি ভবন্তি, তর্হি তেঽপি বিদন্তি অতিতরন্তি চ ইত্যর্থঃ। যে শ্রুতধারণাঃ শ্রীগুরুমুখাৎ শ্রুতে পরমাত্মতত্ত্বে ধারণা চিত্তৈকাগ্র্যং যেষাং তে তথাভূতাঃ বিদন্তি তরন্তি চেতি কিমুত বক্তব্যম্ ॥ ৪৬ ॥ নন্থ "তে বৈ বিদন্তী"ত্যাদিশব্দৈঃ উক্তাঃ ক্ষেত্রজ্ঞাঃ অহংপ্রত্যয়েন ভোক্তৃত্বাদিনা চ

শশ্বৎ প্রশান্তমভয়ং প্রতিবোধমাত্রং শুদ্ধং সমং সদসতঃ পরমাত্মতত্ত্বম্।
শব্দো ন যত্র পুরুকারকবান্ ক্রিয়ার্থো মায়া পরৈত্যভিমুখে চ বিলজ্জমানা ॥ ৪৭ ॥

অন্বয়

[সাংখ্যমত ও মীমাংসকমত নিরাকরণপূর্ব্বক লক্ষণ ও প্রমাণের দ্বারা পরমাত্মবস্তু নিরূপণ করিতেছেন]—অভিমুখে (যে পরমতত্ত্বাভিমুখে) [পৃথক্‌রূপে থাকিতে] বিলজ্জমানা সতী (লজ্জিতা হইয়া) মায়া পরৈতি (প্রকৃতি স্বতন্ত্রভাবে স্বীয়ব্যাপারে নিবৃত্ত হইয়া থাকে) যত্র চ (এবং যে পরমতত্ত্ব প্রতিপাদনে) পুরুকারকবান্ (ক্রিয়াঙ্গনিষ্পাদক কারকের বাচক হইয়াও) শব্দঃ (বেদ) ক্রিয়ার্থঃ ন (ক্রিয়াপ্রতিপাদক হয় না), তৎ আত্মতত্ত্বম্ (সেই আত্মতত্ত্ব) সমং (সকলের আত্মভূত), সদসতঃ পরং (স্থূল ও সূক্ষ্ম হইতে উৎকৃষ্ট), [অতএব] প্রতিবোধমাত্রম্ (অতএব জ্ঞানস্বরূপ), অভয়ং (সংসারভয়রহিত), শুদ্ধং (প্রাকৃতদোষরহিত) শশ্বৎ প্রশান্তম্ (ও সর্ব্বদা আনন্দস্বরূপ) ॥ ৪৭ ॥

অনুবাদ

প্রকৃতি যে পরমতত্ত্বাভিমুখে থাকিতে লজ্জিতা হইয়া স্বতন্ত্রভাবে স্বীয় ব্যাপার করিতে পারে না, এবং যে পরমতত্ত্ব প্রতিপাদনে অর্থাৎ বেদান্ত সিদ্ধান্তে ক্রিয়াঙ্গভূত কারকের প্রতিপাদক হইয়াও বেদ ক্রিয়াপ্রতিপাদক হয় না, সেই আত্মতত্ত্ব সকলের আত্মভূত এবং স্থূল ও সূক্ষ্ম হইতে উৎকৃষ্ট, অতএব জ্ঞানস্বরূপ, সংসারভয়রহিত ও সর্ব্বদা আনন্দস্বরূপ ॥ ৪৭ ॥

টীকা

বেদিতব্যাঃ, দেবমায়া চ ভোগ্যত্বাদিনা উপলভ্যতে, দেবাদিশব্দৈরুদাহৃতে পরমাত্মতত্ত্বে কিং প্রমাণম্? কীদৃশঞ্চ তৎ? ইত্যতঃ পরমাত্মনি প্রমাণং চিদচিদ্বিলক্ষণং পরমাত্মস্বরূপং চ বদন্ প্রধানকারণবাদং আম্নায়স্য ক্রিয়ার্থত্বমিতি জৈমিনিমতং চ নিরাকরোতি—শশ্বদিতি দ্বয়েন। যত্রাভিমুখে পৃথক্ স্থাতুং বিলজ্জমানা মায়া প্রকৃতিঃ পরৈতি পরাঙ্মুখী ভবতি শক্তেস্তদ্বতঃ পৃথক্ স্থিত্যভাবাৎ, প্রকৃতের্জগৎকারণত্বস্য তু কা কথেতি ভাবঃ। যত্র যস্মিন্ প্রতিপাদ্যে সতি পুরুকারকবান্ ক্রিয়াঙ্গভূতবহুযজমানাদিকারকবাচকোঽপি শব্দঃ বেদঃ ক্রিয়ার্থো ন ভবতি, বিবিৎসোপযোগিতয়া পরমাত্মপরত্বাৎ। তদা কারকগন্ধস্পর্শবর্জ্জিতঃ উপনিষদ্রূপঃ শব্দঃ ক্রিয়ার্থো ন ইতি কিং পুনর্ব্বক্তব্যম্, তস্য সাক্ষাৎ পরমাত্মগুণস্বরূপপরত্বাৎ। "সর্ব্বে বেদা যৎ পদমামনন্তি" "তং ত্বৌপনিষদং পুরুষং পৃচ্ছামি" "বেদৈশ্চ সর্ব্বৈরহমেব বেদ্যঃ" "তত্তু সমন্বয়াৎ" ইত্যাদিশ্রুতিস্মৃতিসূত্রেভ্যঃ তদ্বেদপ্রমাণকম্ আত্মতত্ত্বম্ "আত্মা বা অরে দ্রষ্টব্য" ইত্যাদি শ্রুতিপ্রোক্তং পরমাত্মতত্ত্বম্। সর্ব্ববেদবেদ্যত্বে হেতুমাহ সমমিতি। সর্ব্বাত্মভূতমিত্যর্থঃ। সদসতঃ স্থূলসূক্ষ্মরূপাদচেতনবর্গাৎ পরমুৎকৃষ্টং বোধ্যম্॥ তত্র হেতুমাহ—প্রতিবোধমাত্রমিতি। প্রতিবোধঃ জ্ঞানং মাত্রা গুণো যস্মিন্ তদ্ জ্ঞানগুণকমিত্যর্থঃ। স্বরূপতোঽপি জ্ঞানং "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্মে"তি শ্রুতেঃ। অচিদ্বৈলক্ষণ্যমুক্ত্বা চিদ্বৈলক্ষণ্যং তস্যাহ—ন বিদ্যতে সংসারভয়ং যস্মাৎ তদভয়ং মুক্তোপসৃপ্যমিত্যর্থঃ, শুদ্ধং প্রাকৃতদোষাস্পৃষ্টম্, যতঃ শশ্বৎ সদা প্রশান্তং স্বানন্দৈকরাশিভূতম্॥ ৪৭ ॥

তদ্বৈ পদং ভগবতঃ পরমস্য পুংসো ব্রহ্মেতি যদ্বিদুরজস্রসুখং বিশোকম্।
সধ্র্যঙ্ নিয়ম্য যতয়ো যমকর্ত্তহেতিং জহ্যুঃ স্বরাড়িব নিপানখনিত্রমিন্দ্রঃ ॥ ৪৮ ॥
স শ্রেয়সামপি বিভুর্ভগবান্ যতোঽস্য ভাবস্বভাববিহিতস্য সতঃ প্রসিদ্ধিঃ।
দেহে স্বধাতুবিগমেঽনুবিশীর্য্যমাণে ব্যোমেব তত্র পুরুষো ন বিশীর্য্যতেঽজঃ ॥ ৪৯ ॥

অন্বয়

অজস্রসুখং (নিত্যসুখস্বরূপ) বিশোকম্ ব্রহ্ম (ও শোকরহিত ব্রহ্ম) ইতি যং বিদুঃ (ইহা যে মুনিগণ বলিয়া থাকেন), তদ্ বৈ (তাহাই) ভগবতঃ পরমস্য পুংসঃ (ভগবান্ পরমপুরুষের) পদম্ (স্বরূপ)। যতয়ঃ (যতিগণ) যং (যাঁহার প্রতি) সধ্র্যঙ্ নিয়ম্য (সহচর মনকে নিয়মিত করিয়া) স্বরাট্ ইন্দ্রঃ (বারিবর্ষণে সমর্থ স্বয়ং ইন্দ্র) নিপানখনিত্রং ইব (যেমন কূপখনন যন্ত্র পরিত্যাগ করে, সেইরূপ) অকর্ত্তহেতিং (স্বর্গাদিসুখের সাধন কর্ম্ম) জহ্যুঃ (পরিত্যাগ করিয়া থাকেন) ॥ ৪৮ ॥

সঃ ভগবান্ (সেই ভগবান্) শ্রেয়সাম্ অপি (মোক্ষ ও ভোগরূপ মঙ্গলের) বিভুঃ (প্রদানকর্ত্তা) ; যতঃ (এই ভগবানের নিকট হইতেই) অস্য ভাবস্বভাববিহিতস্য (মুমুক্ষু ও বুভুক্ষুগণের নিবৃত্তি ও প্রবৃত্তি

অনুবাদ

মুনিগণ যাঁহাকে নিত্যসুখস্বরূপ ও শোকরহিত ব্রহ্ম বলিয়া থাকেন, তাহাই পরমপুরুষের স্বরূপ। যতিগণ ইঁহার প্রতি মনকে নিয়মিত করিয়া বারিবর্ষণে সমর্থ স্বয়ং ইন্দ্রের কূপখননযন্ত্র পরিত্যাগের ন্যায় স্বর্গাদি সুখের সাধন কর্ম্মকে পরিত্যাগ করিয়া থাকেন অর্থাৎ ইন্দ্র যেমন বারিবর্ষণে সমর্থ বলিয়া কূপসাধন যন্ত্র গ্রহণ করেন না, সেইরূপ যতিগণ ভগবানে চিত্ত সমর্পণ করিয়া থাকেন বলিয়া স্বর্গাদি সুখসাধন কর্ম্মকে পরিত্যাগ করিয়া থাকেন ॥৪৮॥

ভগবান্ মোক্ষ ও ভোগরূপ মঙ্গলের প্রদানকর্ত্তা। এই ভগবানের নিকট হইতেই

টীকা

কথম্ভূতম্ ? অজস্রসুখং নিত্যসুখং বিশোকং "বিশোকো বিরজ" ইত্যাদিশ্রুতেঃ। ইত্যেবম্ভূতমাত্মতত্ত্বম্, "বৃহতি বৃংহয়তি তস্মাদুচ্যতে পরং ব্রহ্ম" ইত্যাদ্যাঃ শ্রুতয়ঃ ব্রহ্মেতি যদ্বিদুস্তদ্বৈ নিশ্চয়েন পরমস্য পুংসঃ বিশ্বকারণস্য ভগবতঃ ষড়ৈশ্বর্য্যসম্পন্নস্য পদং স্বরূপম্ যতয়ঃ "আবৃত্তিরসকৃদুপদেশাদি"তি সূত্রকারাজ্ঞয়া মোক্ষসাধনাবৃত্তিপরাঃ যং পরমং পুমাংসং প্রতি সহ অঞ্চতীতি সধ্র্যক্ সহস্য সধ্র্যাদেশঃ, জীবসহচরং মনঃ নিয়ম্য পরমানন্দলক্ষণভগবৎসাক্ষাৎকারহেতুভূতাং ধ্যাননিষ্ঠাং প্রাপ্য অকর্ত্তহেতিং জহ্যুঃ কৃত্যন্তে ছিদ্যন্তে সুখানি অনেনেতি কর্ত্তঃ, ক্লেশপ্রতিচ্ছেদনে, তদ্বিপরীতঃ স্বর্গাদিসুখলেশঃ অকর্ত্তঃ তত্র হেতিং সাধনং কর্ম্ম ত্যজেয়ুরিত্যর্থঃ। মুখ্যপদার্থাধিকারে প্রাপ্তে সতি পদার্থলেশসাধনানাদরে দৃষ্টান্তঃ—স্বরাট্ স্বয়মেব রাজমানোঽতিদরিদ্রঃ ইন্দ্রঃ সন্ নিপীয়তেঽস্মিন্নিতি নিপানং কূপঃ তস্য খনিত্রং খননসাধনমিব ॥ ৪৮ ॥

পরমানন্দসাধনং ক্ষুদ্রানন্দসাধনং কর্ম্ম ইত্যুক্তম্, তদুভয়োঃ ফলপ্রদঃ প্রবর্ত্তকশ্চ ভগবানেবেতি বদন্ পুনর্জীবাদ্ ভগবতো বৈলক্ষণ্যমাহ—স ইত্যর্দ্ধেন। স এব উক্তপ্রকারঃ ভগবান্ শ্রেয়সাং মুক্তিভুক্তিলক্ষণানাং বিভুঃ দাতাপি যতঃ ভগবতঃ সকাশাদেবম্ভাবানাং মুমুক্ষূণাং বুভুক্ষূণাঞ্চ স্বভাবেন নিবৃত্তিলক্ষণেন প্রবৃত্তি-

সোঽয়ং তেঽভিহিতস্তাত ! ভগবান্ বিশ্বভাবনঃ।
সমাসেন হরের্নান্য-দন্যস্মাৎ সদসচ্চ যৎ ॥ ৫০ ॥
ইদং ভাগবতং নাম যন্মে ভগবতোদিতম্।
সংগ্রহোঽয়ং বিভূতীনাং ত্বমেতদ্বিপুলীকুরু ॥ ৫১ ॥

অন্বয়

স্বভাবে অনুষ্ঠিত) সতঃ (শুভধ্যান ও শুভকর্ম্মের) প্রসিদ্ধিঃ (উত্তমরূপে সিদ্ধিলাভ হইয়া থাকে)। [মৃত জীবের পরমানন্দলাভ ও স্বর্গাদিলাভ অসম্ভব নহে, তাহাই বলিতেছেন] অজঃ (জন্মাদিরহিত) পুরুষঃ (দেহস্থ জীবাত্মা) স্বধাতুবিগমে (দেহের উপাদান পৃথিব্যাদি পঞ্চভূতের বিকৃতি হইয়া) তত্র দেহে অনুবিশীর্য্যমাণে (সেই দেহ বিনষ্ট হইলেও) ব্যোম ইব (আকাশের ন্যায়) ন বিশীর্য্যতে (বিশীর্ণ হয় না)॥ ৪৯ ॥

তাত! (হে নারদ!) তে (তোমার নিকটে) সমাসেন (সংক্ষেপে) সঃ অয়ং বিশ্বভাবনঃ (সেই এই বিশ্বকারণ) ভগবান্ (বাসুদেবের স্বরূপ) অভিহিতঃ (আমাকর্ত্তৃক কথিত হইল)। অন্যস্মাৎ (স্বরূপতঃ ভিন্ন হইলেও) যৎ হরেঃ (এই বিশ্বকারণ শ্রীহরি হইতে) সদসৎ চ (স্থূল ও সূক্ষ্মরূপ জগৎ) অন্যৎ ন (ভিন্ন নহে) [অর্থাৎ ভিন্নাভিন্ন]॥ ৫০ ॥

যৎ (যাহাতে) বিভূতীনাং অয়ং সংগ্রহঃ (ভগবদ্বিভূতিসমূহের এইরূপ সংক্ষেপতঃ বর্ণনা আছে) তৎ ইদং ভাগবতং নাম (সেই এই ভাগবত) মে (আমাকে) ভগবতা উদিতম্ (ভগবান্ উপদেশ করিয়াছিলেন), ত্বং (তুমি) এতৎ (এই ভাগবত) বিপুলীকুরু (বিস্তার কর)॥ ৫১ ॥

অনুবাদ

মুমুক্ষু ও বুভুক্ষুগণের নিবৃত্তি ও প্রবৃত্তিস্বভাবে অনুষ্ঠিত শুভ ধ্যান ও শুভ কর্ম্মের সিদ্ধিলাভ হইয়া থাকে। মৃত্যু হইলে আর মোক্ষ ও ভোগরূপ মঙ্গল প্রাপ্তির সম্ভাবনা কোথায় এইরূপ আশঙ্কাও সমীচীন নহে, কারণ—দেহের উপাদান পৃথিব্যাদি পঞ্চভূতের লয়ক্রমে দেহ বিনষ্ট হইলেও জন্মাদিরহিত দেহস্থ জীবাত্মা আকাশের ন্যায় দেহের সহিত বিশীর্ণ হয় না॥ ৪৯ ॥

হে নারদ! আমি তোমার নিকটে সংক্ষেপে সেই বিশ্বকারণ ভগবান্ বাসুদেবের স্বরূপ বর্ণনা করিলাম। স্বরূপতঃ ভিন্ন হইলেও এই বিশ্বকারণ শ্রীহরি হইতে স্থূল ও সূক্ষ্ম জগৎ বস্তুতঃ ভিন্ন নহে অর্থাৎ ভিন্নাভিন্ন॥ ৫০ ॥

যাহাতে ভগবদ্বিভূতির এই রূপ সংক্ষেপে বর্ণনা আছে, সেই ভাগবত আমাকে ভগবান্ উপদেশ করিয়াছিলেন; [আমিও তোমাকে বলিলাম]; এক্ষণে তুমি ইহা বিস্তার কর॥ ৫১ ॥

টীকা

লক্ষণেন চ বিহিতস্য অনুষ্ঠিতস্য ধ্যানস্য কর্ম্মণশ্চ সতঃ প্রসিদ্ধিঃ। নন্ু ধ্যাতুঃ কর্ম্মকর্ত্তুশ্চ মৃতস্য কথং পরমানন্দলাভঃ স্বর্গাদিলাভশ্চ স্যাৎ? অত আহ—দেহে ইতি। পুরুষঃ দেহস্থঃ অজো জন্মাদিরহিতঃ জীবঃ দেহে স্বধাতূনাং স্বকারণরূপাণাং পৃথিব্যাদিভূতানাং বিগমে বিয়োগে সতি বিশীর্য্যমাণে অপি তত্রস্থঃ ব্যোমবৎ ন বিশীর্য্যতে ন বিনশ্যতি॥ ৪৯ ॥

যথা হরৌ ভগবতি নৃণাং ভক্তির্ভবিষ্যতি।
সর্ব্বাত্মন্যখিলাধার ইতি সঙ্কল্প্য বর্ণয় ॥ ৫২ ॥
মায়াং বর্ণয়তোঽমুষ্য ঈশ্বরস্যানুমোদতঃ।
শৃণ্বতঃ শ্রদ্ধয়া নিত্যং মায়য়াত্মা ন মুহ্যতি ॥ ৫৩ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বিতীয়স্কন্ধে ব্রহ্মনারদসংবাদো নাম সপ্তমোঽধ্যায়ঃ ॥ ৭ ॥

অন্বয়

সর্ব্বাত্মনি (সকল জগতের অন্তর্য্যামী) অখিলাধারে (জগদাধার) ভগবতি হরৌ (ভগবান্ শ্রীহরিতে) যথা (যে প্রকারে) নৃণাং (মানবগণের) ভক্তিঃ ভবিষ্যতি (ভক্তি উৎপন্ন হয়), ইতি সঙ্কল্প্য (এই প্রকারে সঙ্কল্প করিয়া) [এই ভাগবত বিস্তৃতরূপে] বর্ণয় (বর্ণনা কর) ॥ ৫২ ॥

অমুষ্য ঈশ্বরস্য (এই ভাগবতপ্রতিপাদ্য অনন্তগুণশক্ত্যাদির আশ্রয় ভগবানের) মায়াং (শক্তিভূতা প্রকৃতিকেও) শ্রদ্ধয়া নিত্যং বর্ণয়তঃ (যিনি শ্রদ্ধার সহিত নিত্য বর্ণনা করেন), শৃণ্বতঃ (শ্রবণ করেন) অনুমোদতঃ (ও অনুমোদন করেন, তাহার) আত্মা (মন) মায়য়া ন মুহ্যতি (মায়াদ্বারা মুগ্ধ হয় না); [পরমাত্মার লীলাবর্ণন করিলে আত্মা যে মুগ্ধ হইবে না এবিষয়ে আর বক্তব্য কি?] ॥ ৫৩ ॥

অনুবাদ

সর্ব্বান্তর্য্যামী জগদাধার ভগবান্ শ্রীহরিতে যেরূপে মানবগণের ভক্তি উৎপন্ন হয়, সেই প্রকারে সঙ্কল্প করিয়া এই ভাগবত বিস্তৃতরূপে বর্ণনা কর ॥ ৫২ ॥

এই ভাগবত প্রতিপাদ্য অনন্তগুণশক্ত্যাদির আশ্রয় ভগবানের শক্তিভূতা প্রকৃতির বিষয়ও শ্রদ্ধার সহিত বর্ণনাকারীর এবং তদ্বিষয় শ্রবণ ও অনুমোদনকারীর মন মায়াদ্বারা মুগ্ধ হয় না; পরমাত্মার লীলা কীর্ত্তন, শ্রবণ ও অনুমোদন করিলে মন যে মুগ্ধ হইবে না এ বিষয়ে আর বক্তব্য কি? ॥ ৫৩ ॥

সপ্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ৭ ॥

টীকা

অধ্যায়ত্রয়স্যার্থমুপসংহরতি—স ইতি। হে তাত! নারদ! তে তুভ্যং সমাসেন সংক্ষেপেণ সোঽয়ং বিশ্বভাবনো বিশ্বহেতুঃ ভগবান্ জ্ঞানশক্ত্যাদিসম্পন্নঃ বাসুদেবঃ অভিহিতঃ প্রতিপাদিতঃ। যৎ যস্মাৎ হরেঃ বিশ্বহেতোঃ সদসৎ স্থূলসূক্ষ্মরূপং বিশ্বং অন্যৎ ভিন্নং ন ভবতি। কথম্ভূতাৎ অন্যস্মাৎ স্বরূপতো ভিন্নাদপি যস্মাৎ সর্ব্বং সদসদ্ভিন্নাভিন্নমিত্যর্থঃ, "উভয়ব্যপদেশাত্ত্বহিকুণ্ডলবদি"তি সূত্রাৎ ॥ ৫০ ॥ যৎ যস্মিন্ বিভূতীনাং সংগ্রহঃ সংক্ষেপতো নির্দ্দেশঃ তদিদং ভাগবতং মে মহ্যং ভগবতোদিতম্ এতৎ ত্বমপি বিপুলীকুরু বিস্তরতঃ প্রবর্ত্তয় ॥ ৫১ ॥ বিপুলীকরণপ্রকারমাহ—যথেতি। সর্ব্বাত্মনি সর্ব্বস্য বিশ্বস্য অন্তর্য্যামিনি অখিলস্যাধারে ভগবতি হরৌ যথা নৃণাং ভক্তির্ভবিষ্যতি ইতি সঙ্কল্প্য সঞ্চিন্ত্য ভাগবতং বর্ণয় ॥ ৫২ ॥ ভগবদ্গুণস্বরূপাদিবোধকভাগবতবর্ণনফলং কৈমুত্যন্যায়েনাহ—মায়ামিতি। অমুষ্য ভাগবতবিষয়ভূতস্যানন্তগুণশক্ত্যাদ্যাশ্রয়স্য ভগবতঃ শক্তিভূতাং সৃষ্ট্যাদাবুপযোগিনীং মায়াং প্রকৃতিমপি বর্ণয়তঃ অনুমোদতশ্চ শ্রদ্ধয়া নিত্যং শৃণ্বতশ্চ আত্মা মনঃ মায়য়া ন মুহ্যতি। কিমুত অমুমেব বর্ণয়ত আত্মা ন মুহ্যতীতি বক্তব্যম্ ॥ ৫৩ ॥

ইতি শ্রীমদ্ভাগবতসিদ্ধান্তপ্রদীপে দ্বিতীয়স্কন্ধীয়ে সপ্তমাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ৭ ॥

অষ্টমোঽধ্যায়ঃ

রাজোবাচ

ব্রহ্মণা চোদিতো ব্রহ্মন্! গুণাখ্যানেঽগুণস্য চ।
যস্মৈ যস্মৈ যথা প্রাহ নারদো দেবদর্শনঃ ॥ ১ ॥
এতদ্বেদিতুমিচ্ছামি তত্ত্বং তত্ত্ববিদাং বর!।
হরেরদ্ভুতবীর্য্যস্য কথা লোকসুমঙ্গলাঃ ॥ ২ ॥
কথয়স্ব মহাভাগ! যথাহমখিলাত্মনি।
কৃষ্ণে নিবেশ্য নিঃসঙ্গং মনস্ত্যক্ষ্যে কলেবরম্ ॥ ৩ ॥

অন্বয়

রাজা উবাচ (মহারাজ পরীক্ষিৎ বলিলেন) ব্রহ্মন্! (হে শুকদেব!) অগুণস্য চ (প্রাকৃতগুণরহিত অনন্তগুণনিধি ভগবানের) গুণাখ্যানে (গুণবর্ণনে অর্থাৎ ভাগবতবর্ণনে) ব্রহ্মণা (ব্রহ্মাকর্ত্তৃক) চোদিতঃ (প্রবর্ত্তিত হইয়া) দেবদর্শনঃ নারদঃ (দেবতার ন্যায় সৌম্যমূর্ত্তি নারদ) যস্মৈ যস্মৈ যথা প্রাহ (যাঁহাকে যাঁহাকে যেমন যেমন উপদেশ করিয়াছেন), এতৎ তত্ত্বং (এই ভগবদ্‌গুণবর্ণন) বেদিতুম্ ইচ্ছামি (জানিতে ইচ্ছা করি)। তত্ত্ববিদাং বর! (হে বেদবিদ্‌-গণশ্রেষ্ঠ!) মহাভাগ! (হে মহাত্মন্!) অহং (আমি) অখিলাত্মনি (সর্ব্বান্তর্য্যামী) কৃষ্ণে (ভগবান্ শ্রীকৃষ্ণে) নিঃসঙ্গং মনঃ নিবেশ্য (বিষয়সঙ্গরহিত মনকে নিবেশিত করিয়া) যথা (যে প্রকারে) কলেবরং তক্ষ্যে (দেহত্যাগ করিতে পারি), (সেই প্রকারে) অদ্ভুতবীর্য্যস্য হরেঃ (অদ্ভুতপ্রভাব শ্রীকৃষ্ণের) লোকসুমঙ্গলাঃ কথাঃ (জগৎকল্যাণবহ চরিত্র) কথয়স্ব (কীর্ত্তন করুন) ॥ ১—৩ ॥

অনুবাদ

মহারাজ পরীক্ষিৎ বলিলেন—হে ব্রহ্মন্! প্রাকৃতগুণরহিত অনন্ত গুণনিধি ভগবানের গুণকীর্ত্তনে অর্থাৎ ভগবদ্‌গুণপ্রধান ভাগবত বর্ণনে ব্রহ্মাকর্ত্তৃক প্রবর্ত্তিত হইয়া দেবদর্শন নারদ যাঁহাকে যাঁহাকে যেমন যেমন উপদেশ করিয়াছেন, সেই সকল ভগবল্লীলা আমি শুনিতে ইচ্ছা করি। হে তত্ত্বজ্ঞ! হে মহাভাগ! আমি যে প্রকারে সর্ব্বান্তর্য্যামী ভগবান্ শ্রীকৃষ্ণে বিষয়সঙ্গরহিত মনকে নিবেশিত করিয়া এই দেহ ত্যাগ করিতে পারি, সেইরূপে অদ্ভুতপ্রভাব শ্রীকৃষ্ণের জগৎকল্যাণবহ চরিত্র আমার নিকটে কীর্ত্তন করুন ॥ ১—৩ ॥

টীকা

অষ্টমে অধ্যায়ে রাজ্ঞা বহবঃ প্রশ্নাঃ কৃতাঃ। তত্র তাবৎ "ত্বমেতদ্ বিপুলীকুরু" ইতি পূর্ব্বাধ্যায়ান্তে নারদং প্রতি ব্রহ্মণা উক্তং। তদেব চ বিপুলীকরণং পৃচ্ছতি ব্রহ্মণেতি ত্রিভিঃ। হে ব্রহ্মন্! শুক! অগুণস্য প্রাকৃতগুণরহিতস্য চ অস্বাভাবিকগুণনিষেধঃ গুণাখ্যানে তদ্‌গুণপ্রধানভাগবত-বিপুলীকরণে ব্রহ্মণা চোদিতঃ প্রবর্ত্তিতঃ দেবদর্শনঃ শ্রীনারদঃ যস্মৈ যস্মৈ যথা প্রাহ এতদ্ বেদিতুমিচ্ছামীতি দ্বিতীয়েনান্বয়ঃ ॥ ১ ॥ বেদবিদাং মধ্যে বর শ্রেষ্ঠ! যথা অখিলাত্মনি কৃষ্ণে নিঃসঙ্গং মনঃ নিবেশ্য

শৃণ্বতঃ শ্রদ্ধয়া নিত্যং গৃণতশ্চ স্বচেষ্টিতম্।
নাতিদীর্ঘেণ কালেন ভগবান্ বিশতে হৃদি ॥ ৪ ॥
প্রবিষ্টঃ কর্ণরন্ধ্রেণ স্বানাং ভাবসরোরুহম্।
ধুনোতি শমলং কৃষ্ণঃ সলিলস্য যথা শরৎ ॥ ৫ ॥
ধৌতাত্মা পুরুষঃ কৃষ্ণ-পাদমূলং ন মুঞ্চতি।
মুক্তসর্ব্বপরিক্লেশঃ পান্থঃ স্বশরণং যথা ॥ ৬ ॥

অন্বয়

ভগবান্ (শ্রীকৃষ্ণ) স্বচেষ্টিতং (স্বীয় লীলাদি) নিত্যং (প্রত্যহ) শ্রদ্ধয়া (শ্রদ্ধার সহিত) শৃণ্বতঃ গৃণতঃ চ (শ্রবণকারী ও কীর্ত্তনকারীর) হৃদি (হৃদয়ে) নাতিদীর্ঘেণ কালেন (অল্পকালের মধ্যেই) বিশতে (প্রবেশ করেন) ॥ ৪ ॥

শরৎ (শরৎঋতু) যথা (যেমন) সলিলস্য শমলং (জলের মলিনতা) ধুনোতি (দূর করিয়া দেয়), [সেইরূপ] কৃষ্ণঃ (ভগবান্ শ্রীকৃষ্ণ) কর্ণরন্ধ্রেণ (কর্ণচ্ছিদ্রপথে) স্বানাং (ভক্তগণের) ভাব-সরোরুহম্ (হৃদয়কমলে) প্রবিষ্টঃ (প্রবিষ্ট হইয়া) [শমলং (সংসারজনক রাগাদিমলসমূহ) ধুনোতি (দূর করিয়া দেন)] ॥ ৫ ॥

ধৌতাত্মা (শ্রীকৃষ্ণধ্যানে যাঁহার অন্তঃকরণ পরিশোধিত হইয়াছে) মুক্তসর্ব্বপরিক্লেশঃ (ও রাগদ্বেষাদি দোষ তিরোহিত হইয়াছে), পুরুষঃ (সেই ভক্ত) পান্থঃ যথা (দূরদেশগত পথিক যেমন) স্বশরণং [ন মুঞ্চতি] (নিজ গৃহ প্রাপ্ত হইয়া ত্যাগ করে না), [তথা] (সেইরূপ) কৃষ্ণপাদমূলং (শ্রীহরির পাদযুগল) ন মুঞ্চতি (ত্যাগ করেন না)] ॥ ৬ ॥

অনুবাদ

ভগবান্ শ্রীকৃষ্ণের লীলাদি যিনি নিত্য শ্রদ্ধাসহকারে শ্রবণ ও কীর্ত্তন করেন, ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহার হৃদয়ে অল্পকালের মধ্যেই আবির্ভূত হইয়া থাকেন ॥ ৪ ॥

শরৎ ঋতু যেমন জলের মালিন্য দূর করে, সেইরূপ ভগবান্ শ্রীকৃষ্ণ ভক্তগণের কর্ণচ্ছিদ্র-পথে হৃদয়কমলে প্রবিষ্ট হইয়া সংসারজনক রাগাদিমলসমূহ দূর করিয়া দেন ॥ ৫ ॥

যেমন দূরদেশগত পথিক স্বগৃহ প্রাপ্ত হইয়া গৃহ ত্যাগ করিতে ইচ্ছা করে না, সেইরূপ

টীকা

কলেবরং ত্যক্ষ্যে, তথা তৎ তাঃ হরেঃ কথাঃ নারদপ্রোক্তাঃ ত্বং কথয়স্বেতি দ্বয়োরন্বয়ঃ ॥ ২ ॥ ৩ ॥ কৃষ্ণে নিবেশ্য নিঃসঙ্গং মনঃ ইতি স্বপ্রযত্নো দর্শিতঃ। সোঽপি কৃষ্ণবিচেষ্টিতশ্রবণাদিপরস্য নাবশ্যক ইতি আহ শৃণ্বত ইতি। ভগবান্ স্বচেষ্টিতং নিত্যং শ্রদ্ধয়া শৃণ্বতঃ গৃণতঃ কথয়তশ্চ স্বভক্তস্য হৃদি নাতিদীর্ঘেণ স্বল্পেনৈব কালেন বিশতে ॥ ৪ ॥ হৃদি প্রবিশ্য কিং করোতীত্যপেক্ষায়ামাহ—প্রবিষ্ট ইতি। শ্রীকৃষ্ণঃ কর্ণরন্ধ্রেণ স্বচেষ্টিতশ্রবণদ্বারা স্বানাং ভাবসরোরুহং হৃদয়কমলং প্রবিষ্টঃ শমলং বন্ধ-হেতুভূতরাগাদিরূপং মলং ধুনোতি, সলিলস্য যথা শরদিতি দৃষ্টান্তঃ, শরদ্ব্যতিরিক্তানাং জলমলনাশ-কানাম্ ওষধীনামিব কৃষ্ণসম্বন্ধহীনানাং তপোব্রতদানধ্যানাদীনাং মলনাশকাভাসত্বং সূচয়তি ॥ ৫ ॥ শ্রীকৃষ্ণনির্ম্মূলিতশমলস্য শ্রীকৃষ্ণভক্তস্য কৃতার্থতামাহ—ধৌতাত্মেতি। ধৌতাত্মা শ্রীকৃষ্ণশোধিতমনাঃ

যদধাতুমতো ব্রহ্মন্ ! দেহারম্ভোঽস্য ধাতুভিঃ।
যদৃচ্ছয়া হেতুনা বা ভবন্তো জানতে যথা ॥ ৭ ॥
আসীদ্ যদুদরাৎ পদ্মং লোকসংস্থানলক্ষণম্।
যাবানয়ং বৈ পুরুষ ইয়ত্তাবয়বৈঃ পৃথক্।
তাবানসাবিতি প্রোক্তঃ সংস্থাবয়ববানিব ॥ ৮ ॥

অন্বয়

ব্রহ্মন্ ! (হে শুকদেব !) অধাতুমতঃ (অপাঞ্চভৌতিক) অস্য (এই আত্মার) ধাতুভিঃ (পঞ্চভূতের দ্বারা) যৎ দেহারম্ভঃ (দেহ যে আরব্ধ হইয়া থাকে), [তাহা কি] যদৃচ্ছয়া (কারণব্যতীত) বা (অথবা) হেতুনা (কোনও কারণ আছে ?) ভবন্তঃ (ইহা আপনি) যথা (যে প্রকার) জানতে (জানেন), [তাহা আমাকে বলুন] ॥ ৭ ॥

পৃথক্ ইয়ত্তাবয়বৈঃ (ভিন্ন ভিন্ন যতগুলি অবয়বের দ্বারা) অয়ং পুরুষঃ (এই লৌকিক পুরুষ) যাবান্ (যতগুলি অবয়বযুক্ত), লোকসংস্থানলক্ষণং (জগতের আধাররূপ) পদ্মং (কমল) যদুদরাৎ (যাঁহার উদর হইতে) আসীৎ (উৎপন্ন হইয়াছে), অসৌ (সেই পরমাত্মা) তাবান্ সংস্থাবয়ববান্ ইব (ততগুলি অবয়বযুক্ত বলিয়া) প্রোক্তঃ (কথিত হইয়াছে) ; ইতি (অতএব) [জীব ও পরমেশ্বরে প্রভেদ কি, তাহা বলুন] ॥ ৮ ॥

অনুবাদ

শ্রীকৃষ্ণধ্যানে যাঁহার অন্তঃকরণ বিশুদ্ধ হইয়াছে ও সকল রাগদ্বেষাদি দোষ তিরোহিত হইয়াছে, সেই ভগবদ্ভক্ত শ্রীকৃষ্ণের পাদযুগল ত্যাগ করেন না ॥ ৬ ॥

হে ব্রহ্মন্ ! অপাঞ্চভৌতিক এই আত্মার পঞ্চভূতের দ্বারা দেহ যে আরব্ধ হইয়া থাকে, তাহা কি কারণ-ভিন্ন যদৃচ্ছাক্রমে হইয়া থাকে অথবা কোনও কারণ আছে ? উহা আমি জানিতে ইচ্ছা করি, আপনি যেমন জানেন, তাহা আমাকে বলুন ॥ ৭ ॥

এই লৌকিক পুরুষ ভিন্ন ভিন্ন অবয়বের দ্বারা যতগুলি অবয়বযুক্ত, জগদাধার পদ্ম যাঁহার নাভি হইতে উদ্ভূত হইয়াছে, সেই পরমাত্মাও ততগুলি অবয়বযুক্ত বলিয়া কথিত হইয়াছে ; অতএব জীব ও পরমেশ্বরে কি প্রভেদ আছে, তাহা বিস্তার করিয়া বলুন ॥ ৮ ॥

টীকা

শ্রীকৃষ্ণপাদমূলং ধ্যেয়ং ন মুঞ্চতি। মুক্তাঃ সর্ব্বে রাগদ্বেষাদয়ঃ পরিক্লেশাঃ যেন সঃ, পান্থঃ প্রবাসাদাগতঃ যথা স্বশরণং গৃহং ন মুঞ্চতি তথা ॥ ৬ ॥ এবং শ্রবণৌৎসুক্যমাবিষ্কৃত্য নিঃসন্দিগ্ধানর্থান্ পৃচ্ছতি—যদিত্যাদিনা। "দেহে স্বধাতুবিগমেঽন্যবিশীর্য্যমাণে ব্যোমেব তত্র পুরুষো ন বিশীর্য্যতেঽজঃ" ইত্যত্র অধাতুমতঃ ধাতবো ভূতানি তদ্বিলক্ষণস্যাজস্য জীবাত্মনঃ যৎ যঃ ধাতুভির্দেহারম্ভঃ সূচিতঃ, স কিং যদৃচ্ছয়া নির্হেতুকতয়া হেতুনা বাস্তি এতদ্ভবন্তঃ যথাবজ্জানন্তি, অতঃ কথয়ন্তু ইতি শেষঃ ॥ ৭ ॥ যদপ্যুক্তং স শ্রেয়সামপি বিভূরিতি ভগবতো ভুক্তিমুক্তিপ্রদত্বং, তদপি বদ্ধজীবদেহসদৃশদেহবতো দুর্ঘটমিবাভাতীত্যাশয়েন পৃচ্ছতি—আসীদিতি সার্দ্ধেন। যস্যোদরাৎ লোকানাং সংস্থানং বিন্যাসো যত্র তৎ পদ্মমাসীৎ, অসৌ পরমাত্মা পৃথক্ ইয়ত্তাযুক্তৈঃ স্বপরিমিতৈরবয়বৈঃ অয়ং লৌকিকঃ পুরুষো যাবান্ যৎসংখ্যকাবয়ববান্, তাবান্ প্রোক্তঃ, ইতি শব্দঃ হেতুবাচকঃ। অতো হেতোঃ

অজঃ সৃজতি ভূতানি ভূতাত্মা যদনুগ্রহাৎ।
দদৃশে যেন তদ্রূপং নাভিপদ্মসমুদ্ভবঃ ॥ ৯ ॥
স চাপি যত্র পুরুষো বিশ্বস্থিত্যুদ্ভবাপ্যয়ঃ।
মুক্ত্বাত্মমায়াং মায়েশঃ শেতে সর্ব্বগুহাশয়ঃ ॥ ১০ ॥
পুরুষাবয়বৈর্লোকাঃ সপালাঃ পূর্ব্বকল্পিতাঃ।
লোকৈরমুষ্যাবয়বাঃ স পালৈরিতি শুশ্রুম ॥ ১১ ॥

অন্বয়

ভূতাত্মা (ব্যষ্টি ভূতগণের আশ্রয়) অজঃ (ব্রহ্মা) যদনুগ্রহাৎ (যে ভগবানের অনুগ্রহে) ভূতানি সৃজতি (ভূতগণকে সৃষ্টি করিয়া থাকেন), যেন (যাঁহার অনুগ্রহে) নাভিপদ্মসমুদ্ভবঃ (নাভিপদ্ম হইতে উদ্ভূত হইয়া ব্রহ্মা) তদ্রূপং (সেই ভগবানের রূপ) দদৃশে (দেখিয়াছিলেন), [সেই ভগবান্ জীব হইতে নিশ্চয়ই পৃথক্ হইবেন ; অতএব তাহা আমাকে বলুন] ॥ ৯ ॥

বিশ্বস্থিত্যুদ্ভবাপ্যয়ঃ (জগতের উৎপত্তি, স্থিতি ও লয় যাঁহা হইতে হইয়া থাকে), সর্ব্বগুহাশয়ঃ (সর্ব্বান্তর্য্যামী) স চ পুরুষঃ (সেই পরমপুরুষ) মায়েশঃ অপি (প্রকৃতিনিয়ন্তা হইয়াও) আত্মমায়াং (স্বশক্তিভূতা মায়াকে) মুক্ত্বা (অতিক্রম করিয়া) যত্র লোকে শেতে (যেই লোকে অবস্থান করেন), [তাহা আমাকে বলুন। পরের শ্লোকের সহিত অন্বয় হইবে] ॥ ১০ ॥

পুরুষাবয়বৈঃ (বিরাট্পুরুষের অঙ্গসমূহের দ্বারা) সপালাঃ (ইন্দ্রাদি লোকপালগণের সহিত)

অনুবাদ

ভূতগণের আশ্রয় ব্রহ্মা যে ভগবানের অনুগ্রহে ভূতগণকে সৃষ্টি করিয়া থাকেন, এবং যাঁহার অনুগ্রহে সেই নাভিপদ্ম হইতে উদ্ভূত হইয়া ব্রহ্মা ভগবানের রূপ দেখিয়াছিলেন, সেই ভগবান্ জীব হইতে নিশ্চয়ই পৃথক্ হইবেন ; অতএব তাহা আমাকে বলুন ॥ ৯ ॥

জগতের উৎপত্তি, স্থিতি ও লয় যাঁহা হইতে হইয়া থাকে, সর্ব্বান্তর্য্যামী সেই পরমপুরুষ প্রকৃতির নিয়ন্তা হইয়াও স্বশক্তিভূতা প্রকৃতিকে অতিক্রম করিয়া যে লোকে অবস্থান করেন, তাহা আমাকে বলুন ॥ ১০ ॥

বিরাট্পুরুষের অঙ্গসমূহের দ্বারা ইন্দ্রাদি লোকপালগণের সহিত লোকসমূহ

টীকা

সোঽপি সংস্থাবয়ববান্ ইব লৌকিকঃ পুরুষ ইব, অতো জীবাৎ পরমেশ্বরস্য বৈলক্ষণ্যং বিস্তরতঃ কথনীয়মিতি ভাবঃ ॥ ৮ ॥ জীবপরমাত্মনো বিশেষাভাবে "সৃজামি তন্নিযুক্তোঽহ"মিত্যাদি পূর্ব্বোক্তঞ্চ ন ঘটতে। অতোঽবশ্যং বিশেষো বাচ্যঃ, ইত্যাহ—অজ ইতি। ভূতানাং ব্যষ্টিভূতানাং আত্মা আশ্রয়ঃ অজো ব্রহ্মা যস্য ভগবতোঽনুগ্রহাৎ ভূতানি ব্যষ্টিভূতানি সৃজতি, যেন চ ভগবতানুগৃহ্যতা নাভিপদ্মসমুদ্ভবঃ ব্রহ্মা তস্য ভগবতো রূপং দদৃশে দৃষ্টবান্ ॥ ৯ ॥ স চেতি প্রশ্নান্তরম্, বিশ্বস্য স্থিত্যুদ্ভবাপ্যয়াঃ যস্মাৎ স মায়েশঃ প্রকৃতিনিয়ন্তা মায়াং জগদাকারেণ স্থিতাং মুক্ত্বা প্রাকৃতং বিহায় ইত্যর্থঃ, যত্র লোকে শেতে বসতি, তৎ তত্ত্বতোঽর্হসি উদাহর্ত্তুমিতি বক্ষ্যমাণেন সম্বন্ধঃ ॥ ১০ ॥ "যস্যেহাবয়বৈর্লোকান্ কল্পয়ন্তী"ত্যাদি "পাতালমেতস্য হি পাদমূলমি"ত্যাদি চ শ্রুত্বা শঙ্কতে—

যাবান্ কল্পো বিকল্পো বা যথা কালোঽনুমীয়তে।
ভূতভব্যভবচ্ছব্দ আয়ুর্ম্মানঞ্চ যৎ সতঃ ॥ ১২ ॥
কালস্যানুগতির্যা তু লক্ষ্যতেঽণ্বী বৃহত্যপি।
যাবত্যঃ কর্ম্মগতয়ো যাদৃশীর্দ্বিজসত্তম ! ॥ ১৩ ॥

অন্বয়

লোকাঃ (লোকসমূহ) পূর্ব্বকল্পিতাঃ (পূর্ব্বে কল্পিত হইয়াছে) সপালৈঃ লোকৈঃ (এবং লোকপালগণের সহিত লোকসমূহের দ্বারা) অমুষ্য (এই বিরাট্‌পুরুষের) অবয়বাঃ [কল্পিতাঃ] (অবয়বসমূহ কল্পিত হইয়াছে) ইতি শুশ্রুম (ইহা আপনার মুখে শুনিলাম); [এই সকল বিস্তৃতরূপে বর্ণনা করিতে আপনিই যোগ্য] ॥ ১১ ॥

কল্পঃ (মহাকল্প) বিকল্পঃ বা (এবং অবান্তরকল্প) যাবান্ (যে পরিমাণ), ভূতভব্যভবচ্ছব্দঃ (ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানরূপ শব্দের বিষয়ীভূত) কালঃ (কাল), সতঃ (দেবগণ, পিতৃগণ ও মনুষ্যগণের) যৎ আয়ুর্ম্মানং চ (যাহা আয়ুর পরিমাণকাল বলিয়া) যথা অনুমীয়তে (যেমন অনুমিত হইয়া থাকে), [এসকলও আপনিই বলিতে সমর্থ] ॥ ১২ ॥

দ্বিজসত্তম! (হে ব্রাহ্মণশ্রেষ্ঠ!) কালস্য তু (কালের) যা অণ্বী (যে পরমাণুরূপা) বৃহতী অপি (ও সংবৎসরাদি স্থূলরূপা) অনুগতিঃ (প্রবাহ) লক্ষ্যতে (পরিলক্ষিত হয়), কর্ম্মগতয়ঃ (কর্ম্মফলপ্রাপ্য স্থানসমূহ) যাবত্যঃ (যে পরিমাণ) যাদৃশীঃ (ও যত প্রকার,) [সেই সকল আমাকে বলুন] ॥ ১৩ ॥

অনুবাদ

পূর্ব্বে কল্পিত হইয়াছে, এবং লোকপালগণের সহিত লোকসমূহের দ্বারা এই বিরাট্‌-পুরুষের অবয়বসমূহ কল্পিত হইয়াছে ইহা আপনার মুখে শুনিলাম; এই সকল বিস্তৃতরূপে বর্ণনা করিতে আপনিই সমর্থ ॥ ১১ ॥

মহাকল্প ও অবান্তরকল্পের পরিমাণকাল, ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানশব্দের বিষয়ীভূত কাল এবং দেবগণ, মনুষ্যগণ ও পিতৃগণের যাহা আয়ুর পরিমাণকাল বলিয়া অনুমিত হইয়া থাকে, সেই সমস্তই আমার নিকটে বলুন ॥ ১২ ॥

হে দ্বিজশ্রেষ্ঠ! কালের যে পরমাণুরূপা ও সংবৎসরাদি স্থূলরূপা প্রবাহ পরিলক্ষিত হইয়া থাকে এবং কর্ম্মফলপ্রাপ্য স্থানসমূহ যে পরিমাণ ও যত প্রকার, এই সকল আমাকে বিস্তার করিয়া বলুন ॥ ১৩ ॥

টীকা

পুরুষাবয়বৈরিতি। সপালাঃ লোকপালৈঃ সহিতাঃ পুরুষাবয়বৈঃ পূর্ব্বং কল্পিতাঃ ইতি সপালৈর্লোকৈরমুষ্য পুরুষস্য অবয়বাঃ কল্পিতাঃ ইতি চ শুশ্রুম শ্রুতবন্তো বয়ম্। তদবিরোধং তত্ত্বতোঽর্হসি উদাহর্ত্তুম্। কিঞ্চ পুরুষমুখাদিরূপেণ জনলোকাদিরূপমিদং বিশ্বং যথা পূর্ব্বকল্পিতং তদ্বদাহর্ত্তুমর্হসীত্যপি পৃষ্টামত্যগ্রে স্ফুটীভবিষ্যতি ॥ ১১ ॥ অথ অজ্ঞাতান্ বহূনর্থান্ পৃচ্ছতি—যাবানিত্যাদিনা। যাবান্ যাবৎপরিমাণকঃ কল্পো মহাকল্পো বিকল্পোঽবান্তরকল্পঃ ভূতাদিশব্দা যস্য স তথা। কার্য্যস্য দেবপিতৃমনুষ্যাদেঃ আয়ুষঃ পরিমাণমেবম্ভূতঃ কালঃ যথানুমীয়তে এতদর্হসি উদাহর্ত্তুম্ ॥ ১২ ॥

যস্মিন্ কর্ম্মসমাবায়ো যথা যেন প্রগৃহ্যতে।
গুণানাং গুণিনাঞ্চৈব পরিণামমভীপ্সতাম্ ॥ ১৪ ॥
ভূঃপাতালককুব্ব্যোম-গ্রহনক্ষত্রভূভৃতাম্।
সরিৎসমুদ্রদ্বীপানাং সম্ভবশ্চৈতদোকসাম্ ॥ ১৫ ॥
প্রমাণমণ্ডকোষস্য বাহ্যাভ্যন্তরভেদতঃ।
মহতাঞ্চানুচরিতং বর্ণাশ্রমবিনিশ্চয়ঃ ॥ ১৬ ॥

অন্বয়

গুণানাং (সত্ত্ব, রজঃ ও তমোগুণের) পরিণামম্ (দেব, মনুষ্য, পশু প্রভৃতি পরিণাম অবস্থা) অভীপ্সতাম্ (অভিলাষী) গুণিনাং চ এব (সত্ত্বাদিগুণযুক্ত জীবগণের মধ্যে) যেন (যে জীব) যস্মিন্ (যে পরিমাণে) কর্ম্মসমাবায়ঃ (কর্ম্মের সমুদায় ফল) যথা প্রগৃহ্যতে (যে প্রকারে গ্রহণ করে), [তথা] (সেই সমুদায় আমার নিকটে বলুন) ॥ ১৪ ॥

ভূঃপাতালককুব্ব্যোমগ্রহনক্ষত্রভূভৃতাম্ (ভূলোক, পাতাললোক, দিকসকল, আকাশ, গ্রহ, নক্ষত্র ও পর্ব্বত) সরিৎসমুদ্রদ্বীপানাং (এবং নদী, সমুদ্র, দ্বীপ সমূহের) এতদোকসাং চ (ও তৎতৎদেশ বাসিগণের) সম্ভবঃ (উৎপত্তি) [আপনিই বলিতে সমর্থ] ॥ ১৫ ॥

বাহ্যাভ্যন্তরভেদতঃ (বাহ্য ও অভ্যন্তরভেদে) অণ্ডকোষস্য [যৎ] প্রমাণং (অণ্ডকোষের যে পরিমাণ) মহতাং অনুচরিতং চ (এবং ভগবদ্ভক্তগণের চরিত্র), বর্ণাশ্রমবিনিশ্চয়ঃ (বর্ণসকলের ও আশ্রম সকলের নির্দ্ধারণ) [এই সকল আমাকে বলুন] ॥ ১৬ ॥

অনুবাদ

সত্ত্ব, রজঃ ও তমোগুণের পরিণাম দেব, মনুষ্য ও পশ্বাদি দেহ ধারণে অভিলাষী সত্ত্বাদিগুণযুক্ত জীবগণের মধ্যে যে জীব যে পরিমাণে ও যে প্রকারে সমুদায় কর্ম্মফল ভোগ করিয়া থাকে, তাহা আমাকে বিস্তার করিয়া বলুন ॥ ১৪ ॥

ভূলোক, পাতাললোক, দিকসকল, আকাশ, গ্রহ, নক্ষত্র, পর্ব্বত, নদী, সমুদ্র ও দ্বীপ সমূহের এবং সেই সেই দেশবাসিগণের উৎপত্তি বিবরণ আপনিই বলিতে সমর্থ; অতএব সেই সকল আমাকে বলুন ॥ ১৫ ॥

অণ্ডকোষের অভ্যন্তরভাগ ও বহির্ভাগের পরিমাণ এবং ভগবদ্ভক্তগণের চরিত্র, বর্ণ-সকল ও আশ্রম সকলের নির্দ্ধারণ এই সমস্ত আপনিই বলিতে সমর্থ; অতএব সেই সকল আমাকে বলুন ॥ ১৬ ॥

টীকা

কালস্য যা অধ্বী পরমাণুরূপা বৃহতী সংবৎসরাদিরূপা অনুগতিঃ প্রবৃত্তির্লক্ষ্যতে, তামুদাহর্ত্তুমর্হসি। কর্ম্মণা গম্যতে ইতি গতয়ঃ ফলভূময়ঃ যাবন্ত্যঃ যাবৎসংখ্যাকাঃ, যাদৃশীর্যাদৃশ্যঃ যৎপ্রকারাঃ তা উদাহর্ত্তুমর্হসি ॥ ১৩ ॥ গুণানাং সত্ত্বরজস্তমসাং পরিণামং দেবমনুষ্যপশ্বাদিভাবমভীপ্সতামিচ্ছতাং গুণিনাং সত্ত্বাদিগুণপরিযুক্তানাং জীবানাং মধ্যে যেন গুণিনা যস্মিন্ দেবাদিভাবে কর্ম্মণাং সমাবায়ঃ ফলসমুদায়ঃ যথা গৃহ্যতে তথা হে ব্রহ্মন্! উদাহর্ত্তুমর্হসি ॥ ১৪ ॥ ভূরাদীনামেতদোকসাং প্রাণিনাং চ যঃ সম্ভবস্তমুদাহর্ত্তুমর্হসি। যচ্ছব্দঃ সর্ব্বত্র সংযোজ্যতে ॥ ১৫ ॥ বাহ্যাভ্যন্তরভেদতঃ অণ্ডকোষস্য যৎ

যুগানি যুগমানঞ্চ ধর্ম্মো যশ্চ যুগে যুগে।
অবতারানুচরিতং যদাশ্চর্য্যতমং হরেঃ ॥ ১৭ ॥
নৃণাং সাধারণো ধর্ম্মঃ সবিশেষশ্চ যাদৃশঃ।
শ্রেণীনাং রাজর্ষীণাঞ্চ ধর্ম্মঃ কৃচ্ছ্রেষু জীবতাম্ ॥ ১৮ ॥
তত্ত্বানাং পরিসংখ্যানং লক্ষণং হেতুলক্ষণম্।
পুরুষারাধনবিধির্যোগস্যাধ্যাত্মিকস্য চ ॥ ১৯ ॥

অন্বয়

যুগানি (যুগ সকল), যুগমানং চ (যুগপরিমাণ) যুগে যুগে যঃ চ ধর্ম্মঃ (ও প্রতিযুগে যাহা ধর্ম্ম) হরেঃ (এবং শ্রীহরির) যৎ আশ্চর্য্যতমম্ অবতারানুচরিতং (যে অত্যাশ্চর্য্য অবতার লীলাদি), [এই সকল আমাকে বলুন] ॥ ১৭ ॥

নৃণাং (মানবগণের) সাধারণঃ ধর্ম্মঃ (সামান্যধর্ম্ম), যাদৃশঃ সবিশেষঃ চ (বর্ণাশ্রমাদি নিবন্ধন যে বিশেষ বিশেষ ধর্ম্ম) শ্রেণীনাং ধর্ম্মঃ (এবং সেই সেই ব্যবসায়িগণের ধর্ম্ম), রাজর্ষীণাং চ ধর্ম্মঃ (রাজর্ষিগণের ধর্ম্ম) কৃচ্ছ্রেষু জীবতাং [ধর্ম্মঃ] (ও বিপদে পড়িয়া যাহারা জীবনধারণ করে, তাহাদের ধর্ম্ম), [এই সকল আপনি আমাকে বলুন] ॥ ১৮ ॥

তত্ত্বানাং (প্রকৃত্যাদি তত্ত্বসমূহের) পরিসংখ্যানং (যাহা পরিমাণ), লক্ষণং (যাহা স্বরূপ), হেতু-লক্ষণম্ (সেই সেই তত্ত্ব সমূহের কারণের লক্ষণ), [আর যাহা] পুরুষারাধনবিধিঃ (পরমাত্মার আরাধনা-বিধি) আধ্যাত্মিকস্য যোগস্য চ [যো বিধিঃ] (এবং আধ্যাত্মিক যোগের অর্থাৎ অষ্টাঙ্গযোগের যাহা বিধি), [এই সকল আমাকে বলুন] ॥ ১৯ ॥

অনুবাদ

যুগ সকল, যুগের পরিমাণ, প্রতিযুগের যাহা ধর্ম্ম এবং শ্রীহরির অত্যাশ্চর্য্য অবতারলীলাদি আমার নিকটে কীর্ত্তন করুন ॥ ১৭ ॥

মানবগণের যাহা সাধারণ ধর্ম্ম ও বর্ণাশ্রমাদি হেতু যাহা বিশেষ বিশেষ ধর্ম্ম এবং সেই সেই মানবগণের ব্যবসায়নিবন্ধন যাহা যাহা ধর্ম্ম, রাজর্ষিগণের যাহা ধর্ম্ম ও বিপদে পড়িয়া যাহারা জীবনধারণ করে, তাহাদের যাহা ধর্ম্ম, এই সকল আপনিই বলিতে সমর্থ; অতএব আমাকে বলুন ॥ ১৮ ॥

প্রকৃত্যাদিতত্ত্ব সমূহের সংখ্যা, লক্ষণ, তাহাদের কারণের লক্ষণ এবং পরমাত্মার

টীকা

পরিমাণং তৎ, মহতাং ভাগবতানাং যদনুচরিতং তচ্চ, বর্ণানামাশ্রমাণাং চ যো বিনিশ্চয়ো নির্দ্ধারণ-স্তং চ উদাহর্ত্তুমর্হসি ॥ ১৬ ॥ যুগানি যুগমানং চ যুগে যুগে প্রতিযুগং যো ধর্ম্মস্তং চ যদাশ্চর্য্যতমং হরে-রবতারানুচরিতং তচ্চ উদাহর্ত্তুমর্হসি ॥ ১৭ ॥ যঃ নৃণাং সর্ব্বেষাং সাধারণঃ ধর্ম্মস্তং যাদৃশঃ সবিশেষঃ বর্ণাশ্রমনিবন্ধনো ধর্ম্মস্তাদৃশং চ শ্রেণীনাং তত্তদ্ব্যবসায়োপজীবিনাং ব্যবহারনিয়মলক্ষণো যো ধর্ম্মস্তং রাজর্ষীণাং প্রজাপালনাধিকারিণাং যো ধর্ম্মস্তং চ কৃচ্ছ্রেষু আপৎসু জীবতাং সর্ব্বেষাং যো ধর্ম্মস্তং চ উদাহর্ত্তুমর্হসি ॥ ১৮ ॥ তত্ত্বানাং প্রকৃত্যাদীনাং যৎ পরিসঙ্খ্যানং তৎ, যচ্চ লক্ষণং স্বরূপং হেতুলক্ষণং

যোগেশ্বরৈশ্বর্য্যগতির্লিঙ্গভঙ্গস্ত যোগিনাম্ ।
বেদোপবেদধর্ম্মাণামিতিহাসপুরাণয়োঃ ॥ ২০ ॥
সংপ্লবঃ সর্ব্বভূতানাং বিক্রমঃ প্রতিসংক্রমঃ ।
ইষ্টাপূর্ত্তস্য কাম্যানাং ত্রিবর্গস্য চ যো বিধিঃ ॥ ২১ ॥

অন্বয়

যোগেশ্বরৈশ্বর্য্যগতিঃ (জ্ঞান ও ভক্ত্যাদিরূপ ঐশ্বর্য্যের দ্বারা যে অর্চ্চিরাদিমার্গে গমন), যোগিনাং তু (যোগিগণের) লিঙ্গভঙ্গঃ (লিঙ্গশরীরের যে কারণে লয়), বেদোপবেদধর্ম্মাণাং (ঋগাদি বেদ ও আয়ুর্ব্বেদাদি উপবেদসমূহের ও ধর্ম্মের) পুরাণয়োঃ [চ] (এবং ইতিহাস ও পুরাণের) [যৎলক্ষণং] (যাহা লক্ষণ), [সেই সকল আমাকে বলুন] ॥ ২০ ॥

সর্ব্বভূতানাং সংপ্লবঃ (সকল প্রাণিগণের উৎপত্তি), বিক্রমঃ (স্থিতি) প্রতিসংক্রমঃ (ও সংহার বিষয়) [আমাকে বলুন] ; ইষ্টাপূর্ত্তস্য (ইষ্ট—বৈদিক যজ্ঞাদি, আপূর্ত্ত—স্মৃত্যুক্ত বাপী, কূপাদি নির্ম্মাণ, এই সকল কর্ম্মের), কাম্যানাং (অগ্নিহোত্রাদি কর্ম্মের) ত্রিবর্গস্য চ (এবং ধর্ম্ম, অর্থ ও কামরূপ ত্রিবর্গের) যো বিধিঃ (যাহা বিধি), [তাহা আমাকে বলুন] ॥ ২১ ॥

অনুবাদ

আরাধনাবিধি ও আধ্যাত্মিক যোগের অর্থাৎ অষ্টাঙ্গযোগের বিধি ; এই সকল বলিতে আপনিই সমর্থ ; অতএব সেই সকল আমাকে বলুন ॥ ১৯ ॥

জ্ঞানভক্ত্যাদিরূপ ঐশ্বর্য্যের দ্বারা যে প্রকারে অর্চ্চিরাদিমার্গে গমন করা যায়, তাহা আমাকে বলুন। যোগিগণের লিঙ্গশরীরের যে কারণে লয় হয়, তাহাও আমাকে বলুন এবং ঋগাদি বেদসমূহ, আয়ুর্ব্বেদাদি উপবেদ সমূহ ও ধর্ম্মের এবং ইতিহাস ও পুরাণের যাহা লক্ষণ, সেই সকল আমাকে বলুন ॥ ২০ ॥

সকল প্রাণিগণের উৎপত্তি, স্থিতি ও লয় আমার নিকটে বলুন এবং বৈদিক যাগযজ্ঞাদি কর্ম্ম, স্মৃত্যুক্ত বাপী, কূপ ও তড়াগাদিখনন কর্ম্ম, কাম্যাগ্নিহোত্রাদি কর্ম্মের বিধি ও ধর্ম্ম, অর্থ ও কামরূপ ত্রিবর্গের যাহা বিধি, তাহা আমাকে বলুন ॥ ২১ ॥

টীকা

তত্তৎকারণলক্ষণং, যশ্চ পুরুষস্য পরমাত্মনঃ আরাধনপ্রকারস্তং, আধ্যাত্মিকযোগস্য আধ্যাত্মিকবিদ্যায়াঃ যো বিধিঃ তং চ উদাহর্ত্তুমর্হসি ॥ ১৯ ॥ যোগেশ্বরাণাং জ্ঞানভক্ত্যাদিরূপেণ ঐশ্বর্য্যেণ যা অর্চ্চিরাদিগতিঃ তাং যোগিনাং লিঙ্গশরীরস্য ভঙ্গঃ কারণে যো লয়স্তম্, ঋগাদিবেদানাম্ উপবেদানামায়ুর্ব্বেদাদীনাং ধর্ম্মস্য ধর্ম্মশাস্ত্রস্য ইতিহাসপুরাণয়োশ্চ যল্লক্ষণং তদুদাহর্ত্তুমর্হসি ॥ ২০ ॥ সর্ব্বভূতানাং যঃ সংপ্লবঃ সম্যক্ প্লবনমুৎপত্তিঃ, বিক্রমঃ স্থিতিঃ, প্রতিসংক্রমঃ সংহারঃ, ইষ্টস্য বৈদিকস্য কর্ম্মণঃ পূর্ত্তস্য স্মার্ত্তস্য বাপীকূপাদিনির্ম্মাণস্য চ তমুদাহর্ত্তুমর্হসি। তত্র চ কাম্যানামগ্নিহোত্রাদীনাং ত্রিবর্গস্য চ ধর্ম্মার্থ-কামানাং যো বিধিস্তমুদাহর্ত্তুমর্হসি ॥ ২১ ॥ অনুশায়িনাং কর্ম্মফলভোগায় স্বর্গে লীনানাং যশ্চ সর্গঃ ভুক্তশেষেণ কর্ম্মণা পুনরিহোদ্ভবস্তং, যশ্চ পাষণ্ডস্য সম্ভবস্তং আত্মনো জীবস্য বন্ধমোক্ষৌ যৌ তৌ

যশ্চানুশায়িনাং সর্গঃ পাষণ্ডস্য চ সম্ভবঃ।
আত্মনো বন্ধমোক্ষৌ চ ব্যবস্থানং স্বরূপতঃ ॥ ২২ ॥
যথাত্মতন্ত্রো ভগবান্ বিক্রীড়ত্যাত্মমায়য়া।
বিসৃজ্য বা যথা মায়ামুদাস্তে সাক্ষিবদ্বিভুঃ ॥ ২৩ ॥
সর্ব্বমেতচ্চ ভগবন্! পৃচ্ছতে মেঽনুপূর্ব্বশঃ।
তত্ত্বতোঽর্হস্যুদাহর্ত্তুং প্রপন্নায় মহামুনে ॥ ২৪ ॥

অন্বয়

অনুশায়িনাং (কর্ম্মফল অবশ্য ভোগ করিতে হইবে অথচ প্রকৃতিতে দেহ লীন হইয়াছে এইরূপ জীবগণের) যঃ সর্গঃ (যে পুনরুৎপত্তি) পাষণ্ডস্য চ সম্ভবঃ (এবং পাষণ্ড অর্থাৎ মূঢ়ের যে উৎপত্তি), আত্মনঃ (জীবের) বন্ধমোক্ষৌ (যে বন্ধ ও মোক্ষ) স্বরূপতঃ ব্যবস্থানং চ (এবং ভোগাবস্থায় যেরূপে অবস্থান হয়), [এই সকল আমাকে বলুন] ॥ ২২ ॥

আত্মতন্ত্রঃ (স্বাধীন) বিভুঃ ভগবান্ (সর্ব্বব্যাপী ভগবান্) যথা আত্মমায়য়া (সৃষ্টি বিষয়ে যে প্রকারে স্বশক্তিভূতা মায়াদ্বারা) বিক্রীড়তি (লীলা প্রকাশ করেন) যথা বা (এবং প্রলয়ে যে প্রকারে) মায়াং বিসৃজ্য (মায়াকে পরিত্যাগ করিয়া) সাক্ষিবৎ উদাস্তে (সাক্ষীর ন্যায় উদাসীন থাকেন), [তাহা আমাকে বিস্তার করিয়া বলুন] ॥ ২৩ ॥

ভগবন্! মহামুনে! (হে মুনিবর!) এতৎ সর্ব্বং চ (এই সকলই) প্রপন্নায় (শরণাগত) পৃচ্ছতে (জিজ্ঞাসাকারী) মে (আমাকে) অনুপূর্ব্বশঃ (আনুপূর্ব্বিক) তত্ত্বতঃ (যথার্থরূপে) উদাহর্ত্তুম্ অর্হসি (উত্তর দিতে আপনিই সমর্থ হইবেন) ॥ ২৪ ॥

অনুবাদ

কর্ম্মফল ভোগের নিমিত্ত দেহ প্রকৃতিতে লীন আছে এইরূপ জীবগণের পুনরুৎপত্তি, পাষণ্ডের উৎপত্তি, জীবের বন্ধ ও মোক্ষ এবং ভোগাবস্থায় যেরূপ অবস্থান, এই সকল আমাকে বিস্তারিত করিয়া বলুন ॥ ২২ ॥

স্বাধীন সর্ব্বব্যাপী ভগবান্ সৃষ্টিসময়ে যে প্রকারে স্বশক্তিভূতা মায়াদ্বারা লীলা প্রকাশ করিয়া থাকেন এবং প্রলয় কালে যে প্রকারে সেই মায়াকে পরিত্যাগ করিয়া সাক্ষীর ন্যায় উদাসীন থাকেন, তাহা আমাকে বিস্তার করিয়া বলুন ॥ ২৩ ॥

হে ভগবন্ মহামুনে! আমার জিজ্ঞাসিত এই বিষয় সমস্তই শরণাগত আমাকে আনুপূর্ব্বিক যথার্থরূপে বলিতে আপনিই সমর্থ হইবেন; অতএব বিস্তার করিয়া বলুন ॥২৪॥

টীকা

স্বরূপতঃ ভুক্তৌ যদ্ যদ্ ব্যবস্থানং তচ্চ উদাহর্ত্তুমর্হসি ॥ ২২ ॥ আত্মতন্ত্রঃ স্বাধীনঃ বিভুঃ সর্ব্বগঃ ভগবান্ যথা সৃষ্টৌ আত্মমায়য়া স্বশক্তিভূতয়া বিক্রীড়তি, যথা বা প্রলয়ে মায়াং বিসৃজ্য সাক্ষিবদুদাস্তে উদাসীন আস্তে ॥ ২৩ ॥ এতৎ সর্ব্বং পৃষ্টং চকারাদপৃষ্টমপি পৃচ্ছতে প্রপন্নায় মে মহ্যং তত্ত্বতঃ উদাহর্ত্তুমুত্তরং বক্তুমর্হসি, অর্হত্বদ্যোতকং সম্বোধনদ্বয়ম্ ॥ ২৪ ॥ অর্হত্বমেব উপপাদয়তি—অত্রেতি। অত্র পৃষ্টেষু অর্থেষু ভবান্ যথা আত্মভূঃ পরমাত্মপুত্রঃ পরমেষ্ঠী ব্রহ্মা তথা প্রমাণং সম্যক্ জ্ঞাপকঃ,

অত্র প্রমাণং হি ভবান্ পরমেষ্ঠী যথাত্মভূঃ।
অপরে চানুতিষ্ঠন্তি পূর্ব্বেষাং পূর্ব্বজৈঃ কৃতম্ ॥ ২৫ ॥
ন মেঽসবঃ পরায়ন্তি ব্রহ্মন্নশনাদমী।
পিবতোঽচ্যুতপীযূষং ত্বদ্বাক্যাব্ধিবিনিঃসৃতম্ ॥ ২৬ ॥

শ্রীসূত উবাচ

স উপামন্ত্রিতো রাজ্ঞা কথায়ামিতি সৎপতেঃ।
ব্রহ্মরাতো ভৃশং প্রীতো বিষ্ণুরাতেন সংসদি ॥ ২৭ ॥

অন্বয়

অত্র (এই জিজ্ঞাসিত বিষয়ে) পরমেষ্ঠী আত্মভূঃ যথা [প্রমাণং] (আত্মযোনি ব্রহ্মা যেমন জ্ঞাত আছেন), [তথা] ভবান্ প্রমাণং হি (সেইরূপ আপনিও জ্ঞাত আছেন); [যেহেতু] পূর্ব্বেষাং (ব্যাসনারদাদির) পূর্ব্বজৈঃ (পূর্ব্বজ ব্রহ্মাদিকর্ত্তৃক) কৃতম্ (যে যে বিষয় আচরিত হইয়াছে), [সেই সেই বিষয়ের] অপরে চ (আপনারাও) অনুতিষ্ঠন্তি (অনুষ্ঠান করিয়া থাকেন) ॥ ২৫ ॥

ব্রহ্মন্ (হে শুকদেব!) ত্বদ্বাক্যাব্ধিবিনিঃসৃতং (আপনার বাক্যরূপ সাগর হইতে নিঃসৃত) অচ্যুতপীযূষং (ভগবৎকথামৃত) পিবতঃ (পানকারী) মে অমী অসবঃ (আমার প্রাণ) অনশনাৎ (অনাহারবশতঃ) ন পরায়ন্তি (ব্যাকুলিত হয় না অর্থাৎ মরণপ্রতিকারবিষয়ে চেষ্টা করে না) ॥২৬॥

শ্রীসূতঃ উবাচ (শ্রীসূত বলিলেন) সংসদি (সভামধ্যে) সৎপতেঃ (শ্রীভগবানের) কথায়াং

অনুবাদ

আমার এই জিজ্ঞাসিত বিষয়ে আত্মযোনি ব্রহ্মা যেমন জ্ঞাত আছেন, আপনিও সেইরূপ জ্ঞাত আছেন; যেহেতু ব্যাসনারদাদির পূর্ব্বজ ব্রহ্মাদিকর্ত্তৃক যে যে বিষয় অনুষ্ঠিত হইয়াছে, আপনারাও সেই সেই বিষয়ের অনুষ্ঠান করিয়া থাকেন ॥ ২৫ ॥

হে ব্রহ্মন্! আপনার বাক্যরূপ জলধি হইতে বিনিঃসৃত ভগবৎকথামৃত পান করায় আমার প্রাণ অনাহারক্লিষ্ট হইয়াও ব্যাকুলিত হইতেছে না; ভগবৎকথামৃত পানেই পরিতৃপ্ত আছে অর্থাৎ আমি অনাহারে থাকিলেও আমার কোনই কষ্ট হইতেছে না, আপনি বলুন ॥ ২৬ ॥

শ্রীসূত বলিলেন—হে শৌনক! সেই রাজসভায় শ্রীভগবানের লীলাদি গুণবর্ণনে

টীকা

যতঃ পূর্ব্বেষাং ব্যাসনারদাদীনাং পূর্ব্বজৈঃ ব্রহ্মাদিভিঃ কৃতমাচরিতং অপরে অর্ব্বাঞ্চঃ ভবদাদয়ঃ অনুতিষ্ঠন্তি স্বেচ্ছকমতো মাদৃশৈঃ ভবদ্বিধাঃ সদনুশিষ্টাঃ প্রষ্টব্যা ইতি ফলিতোঽর্থঃ ॥ ২৫ ॥ করণনৈশ্চল্যাভাবহেতৌ সত্যপি ভগবৎকথাশ্রবণে তন্নৈশ্চল্যং দর্শয়তি—ন মে ইতি। হে ব্রহ্মন্! অচ্যুতপীযূষং ভগবৎকথামৃতং পিবতো মে অমী অসবঃ প্রাণাঃ "তমুৎক্রামন্তং সর্ব্বে প্রাণাঃ উৎক্রামন্তী"তি শ্রুত্যুক্তানি ইন্দ্রিয়লক্ষণানি করণানি অচ্যুতপীযূষব্যতিরিক্তে বিষয়ে অনশনাদ্ধেতোঃ ভোজনাদৌ, কুপিতাদ্দিজাদ্ধেতোঃ মরণপ্রতিকারে ধনকলত্রাদৌ চ ন পারয়ন্তি ন গচ্ছন্তি। অচ্যুতকথামৃতপানে

প্রাহ ভাগবতং নাম পুরাণং ব্রহ্মসম্মিতম্।
ব্রহ্মণে ভগবৎপ্রোক্তং ব্রহ্মকল্প উপাগতে ॥ ২৮ ॥
যদ্ যৎ পরীক্ষিদৃষভঃ পাণ্ডূনামনুপৃচ্ছতি।
আনুপূর্ব্ব্যেণ তৎ সর্ব্বমাখ্যাতুমুপচক্রমে ॥ ২৯ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বিতীয়স্কন্ধে পরীক্ষিৎপ্রশ্নো নামাষ্টমোঽধ্যায়ঃ ॥ ৮ ॥

অন্বয়

(লীলাদি গুণবর্ণনে) ইতি (এই প্রকারে) বিষ্ণুরাতেন রাজ্ঞা (রাজা পরীক্ষিৎকর্ত্তৃক) উপামন্ত্রিতঃ (প্রবর্ত্তিত হইয়া) সঃ ব্রহ্মরাতঃ (সেই শুকদেব) ভৃশং প্রীতঃ সন্ (অত্যন্ত সন্তুষ্ট হইয়া) [ভাগবত নামক পুরাণ কীর্ত্তন করিয়াছিলেন] ॥ ২৭ ॥

ব্রহ্মকল্পে উপাগতে (সৃষ্টির প্রারম্ভে) ব্রহ্মণে (ব্রহ্মার নিকটে) ভগবৎপ্রোক্তং (সাক্ষাৎ ভগবৎকর্ত্তৃক কথিত) ব্রহ্মসম্মিতং (সেই বেদতুল্য) ভাগবতং নাম পুরাণং প্রাহ (ভাগবত নামক পুরাণ শুকদেব মহারাজ পরীক্ষিৎকে বলিয়াছিলেন) ॥ ২৮ ॥

পাণ্ডূনাম্ ঋষভঃ (পাণ্ডুবংশশ্রেষ্ঠ) পরীক্ষিৎ (মহারাজ পরীক্ষিৎ) যৎ যৎ অনুপৃচ্ছতি (যাহা যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন), [শুকদেব] তৎ সর্ব্বং (সেই সকল) আনুপূর্ব্ব্যেণ আখ্যাতুম্ (আনুপূর্ব্বিক বলিতে) উপচক্রমে (আরম্ভ করিলেন) ॥ ২৯ ॥

অনুবাদ

মহারাজ পরীক্ষিৎকর্ত্তৃক এই প্রকারে প্রবর্ত্তিত হইয়া সেই শুকদেব অত্যন্ত সন্তুষ্ট হইয়াছিলেন এবং ভাগবত নামক মহাপুরাণ বর্ণনা করিয়াছিলেন ॥ ২৭ ॥

সৃষ্টির আদিতে ভগবান্ ব্রহ্মাকে যে ভাগবত উপদেশ করিয়াছিলেন, শুকদেব সেই বেদতুল্য ভাগবত নামক মহাপুরাণ মহারাজ পরীক্ষিৎকে উপদেশ করিয়াছিলেন ॥ ২৮ ॥

পাণ্ডুকুলতিলক মহারাজ পরীক্ষিৎ যাহা যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, শুকদেব সেই সকল প্রস্তাবক্রমে আনুপূর্ব্বিক বলিতে আরম্ভ করিলেন ॥ ২৯ ॥

অষ্টম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ৮ ॥

টীকা

নিশ্চলাঃ ভবন্তীতি ভাবঃ ॥ ২৬ ॥ সতাং পতেঃ শ্রীভগবতঃ কথায়াং বিষ্ণুনা ভগবতা রাতেন রক্ষিতেন রাজ্ঞা উপামন্ত্রিতঃ প্রবর্ত্তিতঃ ব্রহ্ম ভগবন্তং রাতি দদাতীতি ব্রহ্মরাতঃ সঃ শ্রীশুকঃ ভৃশমত্যর্থং প্রীতঃ সন্ ভাগবতং নাম পুরাণমাহেতি দ্বিতীয়েনান্বয়ঃ ॥ ২৭ ॥ ভাগবতমাহ—ভাগবতাখ্যানেনৈব প্রশ্নানামুত্তরং দাতুং উপক্রান্তবানিত্যর্থঃ। কথম্ভূতম্? ব্রহ্মসম্মিতং বেদতুল্যং পরব্রহ্মগুণস্বরূপাদিবোধকং ব্রহ্ম সম্যক্ মীয়তে যস্মিন্নিতি ব্যুৎপত্তেঃ ব্রহ্মকল্পে সৃষ্ট্যুপক্রমকল্পে উপগতে প্রাপ্তে সতি ব্রহ্মণে স্বয়ম্ভুবে ভগবতা প্রোক্তম্ ॥ ২৮ ॥ পাণ্ডূনাং ঋষভঃ শ্রেষ্ঠঃ পরীক্ষিৎ যৎ অনুপৃচ্ছতি তৎ সর্ব্বং শুকঃ আনুপূর্ব্ব্যেণ ব্যাখ্যাতুমুপক্রমে, আনুপূর্ব্ব্যেণেতি প্রস্তাবক্রমোঽত্রবিবক্ষিতো ন তু প্রশ্নক্রমঃ ॥ ২৯ ॥

ইতি শ্রীমদ্ভাগবতসিদ্ধান্তপ্রদীপে দ্বিতীয়স্কন্ধীয়ে অষ্টমাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ৮ ॥

নবমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

আত্মমায়ামৃতে রাজন্ ! পরস্যানুভবাত্মনঃ।
ন ঘটেতার্থসম্বন্ধঃ স্বপ্নদ্রষ্টুরিবাঞ্জসা ॥ ১ ॥
বহুরূপ ইবাভাতি মায়য়া বহুরূপয়া।
রমমাণো গুণেষ্বস্যা মমাহমিতি মন্যতে ॥ ২ ॥

অন্বয়

[মহারাজ পরীক্ষিতের জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর দিতেছেন] শ্রীশুকঃ উবাচ (শ্রীশুকদেব বলিলেন) রাজন্ (হে নৃপ !) অনুভবাত্মনঃ (জ্ঞানস্বরূপ) পরস্য (দেহেন্দ্রিয়াদিবিলক্ষণ জীবের) অর্থ-সম্বন্ধঃ (দেহাদিসম্বন্ধ) স্বপ্নদ্রষ্টুঃ ইব (স্বপ্নদ্রষ্টার দেহসম্বন্ধের ন্যায়) আত্মমায়াম্ ঋতে (পরমাত্মার শক্তিভূতা প্রকৃতি ব্যতীত) অঞ্জসা ন ঘটতে (সাক্ষাৎ সম্ভাবিত হইতে পারে না) ॥ ১ ॥

বহুরূপয়া মায়য়া (দেব, মনুষ্য, দেহ, ইন্দ্রিয়, মন ও বুদ্ধি প্রভৃতি ভেদে অনেক প্রকার

অনুবাদ

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ ! যেমন স্বপ্নদ্রষ্টার দেহাদিপ্রাপ্তি পরমাত্মার শক্তিভূতা মায়া ব্যতীত সম্ভাবিত হয় না, সেইরূপ জ্ঞানস্বরূপ ও দেহেন্দ্রিয়াদির বিপরীত স্বভাব জীবের দেহাদিপ্রাপ্তি পরমাত্মার শক্তিভূতা মায়া ব্যতীত সাক্ষাৎ সম্ভাবিত হইতে পারে না অর্থাৎ যেমন পরমাত্মাই স্বপ্নদ্রষ্টার শুভ বা অশুভ দেহপ্রাপ্তি মায়াদ্বারা করাইয়া থাকেন, সেইরূপ পরমাত্মাই জীবের দেহাদি সম্বন্ধ মায়াদ্বারা করিয়া থাকেন ॥ ১ ॥

জীব স্বরূপতঃ দেহাদির বিপরীত স্বভাব ও জ্ঞানস্বরূপ হইলেও দেব, মনুষ্য, দেহ, ইন্দ্রিয়,

টীকা

অধুনা রাজপ্রশ্নোত্তরং শ্রীমদ্ভাগবতাখ্যানেনৈব বক্তুং তন্মূলভূতং ব্রহ্মণে ভগবৎপ্রোক্তং সূক্ষ্মং ভাগবতং বিবক্ষুরাদৌ "যদধাতুমতো ব্রহ্মন্ দেহারম্ভোঽস্য ধাতুভিঃ। যদৃচ্ছয়া হেতুনা বা" ইত্যস্য, "আত্মনো বন্ধমোক্ষৌ চে"ত্যস্য "ব্যবস্থানং স্বরূপত"ইত্যস্য, পরমেশ্বরস্যাপি বদ্ধজীবদেহসম্বন্ধাবিশেষাদ্ভুক্তি-মুক্তিপ্রদত্বং দুর্ঘটমিব ইত্যস্য, স চাপি পুরুষঃ যস্মিন্ লোকে শেতে, তং লোকমুদাহর্ত্তুমর্হসীত্যস্য চ প্রশ্নস্যোত্তরমাহ আত্মমায়েত্যাদিনা। তত্র জীবস্য দেহারম্ভো যদৃচ্ছয়া নাস্তি, কিন্তু সহেতুক ইত্যাহ—অনুভবাত্মনঃ জ্ঞানস্বরূপস্য পরস্য দেহেন্দ্রিয়মনোবুদ্ধিপ্রাণাদিভ্যো বিলক্ষণস্য জীবস্য অর্থসম্বন্ধঃ দেহাদিনা সম্বন্ধঃ সংযোগঃ আত্মনঃ পরমাত্মনঃ মায়াং প্রকৃতিং ঋতে অঞ্জসা ন ঘটেত ন সঙ্গচ্ছেৎ। ভগবন্মায়য়ৈব দেহাদি-সংযোগঃ, ন নির্হেতুকঃ, সর্ব্বত্র সম্বন্ধপ্রসঙ্গাদসম্ভবাচ্চ। তত্র দৃষ্টান্তঃ—স্বপ্নদ্রষ্টুরিবেতি। যথা স্বপ্নদ্রষ্টুঃ দেহসম্বন্ধঃ পরমাত্মনঃ মায়াং ঋতে ন ঘটেত, তদ্বৎ স্বপ্নদ্রষ্টুঃ শুভমশুভং বা দেহাদিকং স্বশক্তিভূতয়া মায়য়া পরমাত্মৈব করোতি, ন তু স্বপ্নপদার্থো নির্হেতুকঃ, সর্ব্বত্র সর্ব্বোৎপত্তিপ্রসঙ্গাৎ, ন চ তৎকর্ত্তা তদ্দ্রষ্টা অনিষ্টদেহাদিসম্বন্ধদর্শনাৎ। বিস্তরস্তু বেদান্তকৌস্তভে দ্রষ্টব্যঃ ॥ ১ ॥ বন্ধং দর্শয়তি—বহুরূপ ইবেতি। দেবমনুষ্যাদিদেহেন্দ্রিয়মনোবুদ্ধ্যাদিভেদেন অনেক-

যর্হি বাব মহিন্নি স্বে পরস্মিন্ কালমায়য়োঃ।
রমেত গতসম্মোহস্ত্যক্ত্বোদাস্তে তদোভয়ম্ ॥ ৩ ॥
আত্মতত্ত্ববিশুদ্ধ্যর্থং যদাহ ভগবানৃতম্।
ব্রহ্মণে দর্শয়ন্ রূপমব্যলীকব্রতাদৃতঃ ॥ ৪ ॥

অন্বয়

মায়াদ্বারা) [আত্মবস্তু দেহাদিবিলক্ষণ ও জ্ঞানস্বরূপ হইলেও] বহুরূপঃ ইব আভাতি (আমি দেবতা, আমি মনুষ্য, আমি বালক ইত্যাদি নানারূপে প্রতীত হইয়া থাকে); অস্যাঃ (জীব এই মায়াশক্তির) গুণেষু রমমাণঃ (সত্ত্বাদি গুণকার্য্য শব্দাদি বিষয় ভোগ করতঃ) মমাহম্ ইতি মন্যতে (দেহে অহংবুদ্ধি ও দেহানুবন্ধী বিষয়ে মমত্ববুদ্ধি করিয়া বদ্ধ হইয়া থাকে) ॥ ২ ॥

যর্হি (যে সময়ে) গতসম্মোহঃ (ব্রহ্মনিষ্ঠ গুরুর চরণোপাসনার ফলে বিগতমোহ হইয়া জীব) কালমায়য়োঃ (কাল ও প্রকৃতির) পরস্মিন্ (অতীতে বর্ত্তমান) স্বে মহিম্নি (জগৎকারণ ভগবান্ পরমাত্মাতে) রমেত (ধ্যানাদি দ্বারা রত হইয়া থাকেন), তদা (তখন) উভয়ং ত্যক্ত্বা (অহঙ্কার ও মমকার পরিত্যাগ করিয়া) [অর্চ্চিরাদিমার্গক্রমে পরমপদ প্রাপ্ত হইয়া] উদাস্তে (অবস্থান করেন) ॥৩॥

অব্যলীকব্রতাদৃতঃ (নিষ্কপটভাবে তপস্যা প্রভৃতি ভজনের দ্বারা আরাধিত হইয়া) ভগবান্

অনুবাদ

মন, বুদ্ধি প্রভৃতি বহুরূপিণী মায়াদ্বারা নানারূপে প্রতীত হইয়া থাকে। জীব এই মায়াশক্তির সত্ত্বাদিগুণের কার্য্য শব্দাদি বিষয়সমূহ ভোগ করতঃ দেহে "অহং" বুদ্ধি ও দেহের আনুষঙ্গিক বিষয়ে "মম" বুদ্ধি করিয়া বদ্ধ হইয়া থাকে ॥ ২ ॥

যে সময়ে শ্রোত্রিয় ব্রহ্মনিষ্ঠ গুরুর চরণোপাসনার ফলে বিগতমোহ হইয়া জীব কাল ও প্রকৃতির অতীতে অবস্থিত জগৎকারণ ভগবান্ পরমাত্মাতে ধ্যানাদিদ্বারা রত থাকেন, তখন "অহঙ্কার", "মমকার" পরিত্যাগ করিয়া পরমপদ প্রাপ্ত হইয়া অবস্থান করেন ॥ ৩ ॥

ব্রহ্মা কর্ত্তৃক নিষ্কপটভাবে তপস্যা প্রভৃতি ভজনের দ্বারা আরাধিত হইয়া ভগবান্

টীকা

প্রকারয়া মায়য়া হেতুভূতয়া দেহাদিভ্যো বিলক্ষণোঽপি জ্ঞানস্বরূপোঽপি বহুরূপ ইব আভাতি। দেবোঽহং মনুষ্যোঽহং বালোঽহং স্থবিরোঽহমিত্যেবং নানারূপ ইব প্রতীয়তে অস্যাঃ মায়ায়াঃ গুণেষু রমমাণঃ মমাহমিতি মন্যতে, দেহে অহং-বুদ্ধ্যা তদনুবন্ধিষু মদীয়বুদ্ধ্যা চ বদ্ধো ভবতি ॥ ২ ॥ মোক্ষমাহ—যর্হীতি। যর্হি যদা শ্রোত্রিয়স্য ব্রহ্মনিষ্ঠস্য গুরোঃ চরণোপাসনেন গতসম্মোহঃ আত্মানাত্মপরমাত্মস্বরূপাদিবিবেকবান্ কালমায়য়োঃ কালপ্রকৃত্যোঃ পরস্মিন্ স্বে মহিম্নি ব্রহ্মণি ভগবতি জগৎকারণে রমেত, ধ্যানাদিনা ক্রীড়েত, তদোভয়ং অহং মমেতি চ ত্যক্ত্বা অর্চ্চিরাদিমার্গেণ পরং পদং প্রাপ্য উদাস্তে, আবির্ভূতাপহতপাপ্মত্বাদিধর্ম্মিত্বেন অবতিষ্ঠতে। অনেনৈব স্বরূপতো মুক্তাবস্থানমপ্যুক্তম্ ॥ ৩ ॥ অথ পরমেশ্বরস্যাপি বদ্ধজীববদ্দেহসম্বন্ধাবিশেষাদ্ ভুক্তিমুক্তিপ্রদত্তং দুর্ঘটমিবেত্যস্যোত্তরং—বদ্ধজীবস্য প্রাকৃতমনিত্যং শরীরং পরমেশ্বরস্য অপ্রাকৃতং নিত্যং বপুরিতি দর্শনাৎ তপ আদি

শ্রীশুক উবাচ

স আদিদেবো জগতাং পরো গুরুঃ স্বধিষ্ণ্যমাস্থায় সিসৃক্ষয়ৈক্ষত।
তাং নাধ্যগচ্ছদ্দৃশমত্র সম্মতাং প্রপঞ্চনির্ম্মাণবিধির্যয়া ভবেৎ ॥ ৫ ॥

অন্বয়

(পরমপুরুষ) ব্রহ্মণে (ব্রহ্মাকে) ঋতং রূপং দর্শয়ন্ (সত্যস্বরূপ দেখাইয়া) যৎ আহ (যে তপস্যা প্রভৃতি ভজনপ্রকার বলিয়াছিলেন), [তাহা] আত্মতত্ত্ববিশুদ্ধ্যর্থং (মুমুক্ষুজীবের মুক্তির জন্য) [অবগত হওয়া একান্ত আবশ্যক] ॥ ৪ ॥

জগতাম্ আদিদেবঃ (জগতের আদিদেব) পরঃ গুরুঃ (ভক্তিরহস্যের উপদেষ্টা) সঃ (ব্রহ্মা) স্বধিষ্ণ্যং (স্বীয় বাসস্থান পদ্মে) আস্থায় (অবস্থান করিয়া) সিসৃক্ষয়া (জগৎ নির্ম্মাণ ইচ্ছায়) ঐক্ষত (কি করিয়া জগৎ রচনা করিবেন তাহা আলোচনা করিলেন); [এই প্রকার অলোচনা করিয়াও] যয়া (যেই প্রজ্ঞাদ্বারা) প্রপঞ্চনির্ম্মাণবিধিঃ (জগৎরচনা) ভবেৎ (হইতে পারে), তাং দৃশং (সেই বুদ্ধি) অত্র (এই জগন্নির্ম্মাণ ব্যাপারে) ন অধ্যগচ্ছৎ (প্রাপ্ত হইলেন না) ॥ ৫ ॥

অনুবাদ

ব্রহ্মাকে সত্য স্বরূপ দেখাইয়া যে তপস্যা প্রভৃতি ভজন প্রকার বলিয়াছিলেন, তাহা মুমুক্ষু জীবের আত্মতত্ত্ব শুদ্ধির অর্থাৎ মুক্তির নিমিত্তই হইয়া থাকে ॥ ৪ ॥

জগতের আদিদেব ভক্তিরহস্যের উপদেষ্টা ব্রহ্মা স্বীয় বাসস্থানপদ্মে অবস্থান করিয়া জগৎনির্ম্মাণেচ্ছায় কি বুদ্ধিকে অবলম্বন করিয়া জগৎনির্ম্মাণ করিবেন এই আলোচনা করিলেন; এই প্রকার আলোচনা করিয়াও যেই প্রজ্ঞাদ্বারা জগৎ রচনা হইবে, সেই প্রজ্ঞা প্রাপ্ত হইলেন না ॥ ৫ ॥

টীকা

ভগবদ্ভজনমেব মুক্তিসাধনমিত্যাহ—আত্মতত্ত্ববিশুদ্ধ্যর্থমিতি। অব্যলীকেন তপ আদি ভজনেন আদৃতঃ আরাধিতঃ সন্ ব্রহ্মণে চতুর্মুখায় ঋতং সত্যং রূপং দর্শয়ন্ যৎ তপ আদি ভজনমাহ আত্মনঃ মুমুক্ষোঃ জীবস্য তত্ত্ববিশুদ্ধ্যর্থং আবির্ভূতাপহতপাপ্মত্বাদ্যর্থং মুক্ত্যর্থমিত্যর্থঃ ॥ ৪ ॥ এতদেব প্রপঞ্চয়িতুং যস্মিন্ লোকে ভগবান্ শেতে তং লোকং চ দর্শয়িতুমিতিহাসমাহ—স ইত্যাদিনা। জগতাং ব্যষ্টিরূপাণাং প্রাণিনাং আদিদেবঃ পরো গুরুর্ভক্তিরহস্যোপদেষ্টা চ স ব্রহ্মা স্বধিষ্ণ্যং পদ্মমাস্থায় অধিষ্ঠায় জগতাং সিসৃক্ষয়া স্রষ্টুমিচ্ছয়া ঐক্ষত। সৃষ্টিপ্রকারমজানন্ কয়া বুদ্ধ্যা সৃষ্টিং করিষ্যামীত্যালোচিতবান্। এবমীক্ষমানোঽপি যয়া প্রপঞ্চনির্ম্মাণবিধিঃ জগদ্রচনাপ্রকারো ভবেৎ, তামত্র জগন্নির্ম্মাণে সম্মতাং বুদ্ধিং নাধ্যগচ্ছৎ ॥ ৫ ॥ বিভুঃ সমষ্টিশরীরাভিমানী স ব্রহ্মা সৃষ্টিং চিন্তয়ন্ একদা দ্ব্যক্ষরং বচঃ অন্তসি উপাশৃণোৎ উপ সমীপে শ্রুতবান্। তে অক্ষরে দর্শয়তি—স্পর্শেষু কাদিমান্তেষু যৎ ষোড়শমক্ষরং তকারঃ, যদেকবিংশমক্ষরং পকারঃ, বচসোর্নির্দ্দেশার্থং তদর্থমাহ—হে নৃপ! নিষ্কিঞ্চনানাং নাস্তি কিঞ্চন যেষাং তেষাং ত্যাগিনাং যদেব ধনং বিদুঃ। তচ্চ দ্বির্গদিতং তপ তপেতি লোট্‌মধ্যমপুরুষস্যৈকবচনম্, তস্য দ্বিরুক্তিং সাদরবিধিরূপাং অশৃণোদিত্যর্থঃ ॥ ৬ ॥ সঃ তপ তপেতি বচো নিশম্য শ্রুত্বা তদ্বক্তৃদিদৃক্ষয়া তস্য বচসো যো বক্তা, তদ্দ্রষ্টুমিচ্ছয়া ততঃ প্রচলিতঃ সন্ দিশো

স চিন্তয়ন্ দ্ব্যক্ষরমেকদাম্ভ-স্ত্যুপাশৃণোদ্ দ্বির্গদিতং বচো বিভুঃ।
স্পর্শেষু যৎ ষোড়শমেকবিংশং নিষ্কিঞ্চনানাং নৃপ! যদ্ধনং বিদুঃ ॥ ৬ ॥
নিশম্য তদ্বক্তৃদিদৃক্ষয়া দিশো বিলোক্য তত্রান্যদপশ্যমানঃ।
স্বধিষ্ণ্যমাস্থায় বিমৃশ্য তদ্ধিতং তপস্ত্যুপাদিষ্ট ইবাদধে মনঃ ॥ ৭ ॥

অন্বয়

[অনন্তর] সঃ বিভুঃ (সেই বিভু ব্রহ্মা) চিন্তয়ন্ (সৃষ্টিবিষয় চিন্তা করিতে করিতে) একদা (এক সময়ে) নিষ্কিঞ্চনানাং (যাহাদের কিছুই নাই অর্থাৎ ত্যাগিগণের) ধনং যৎ বিদুঃ (যাহা ধন বলিয়া কথিত হইয়া থাকে) যৎ (এবং যাহা) স্পর্শেষু (ক হইতে ম পর্য্যন্ত স্পর্শবর্ণের মধ্যে) ষোড়শং (ষোড়শসংখ্যক) একবিংশং (ও একবিংশতি সংখ্যক), দ্ব্যক্ষরং (সেই দুইটি বর্ণ অর্থাৎ তকার ও পকার যুক্ত)) বচঃ (বাক্য) অম্ভসি (জলে) দ্বির্গদিতং (দুইবার উচ্চারিত হইল) উপাশৃণোৎ (নিকটে এইরূপ শুনিতে পাইলেন) ॥ ৬ ॥

[ব্রহ্মা] নিশম্য ("তপ" "তপ" এই বাক্য শ্রবণ করিয়া) তদ্বক্তৃদিদৃক্ষয়া (সেই বাক্যের বক্তাকে দেখিবার ইচ্ছায়) দিশঃ বিলোক্য (চারিদিক্ অবলোকন করিয়া) তত্র (সেই সকল দিকে) অন্যৎ অপশ্যমানঃ (অন্য কিছু দেখিতে না পাইয়া) স্বধিষ্ণ্যম্ আস্থায় (স্বীয় বাসস্থানপদ্মেই অবস্থান করতঃ) তপসি উপাদিষ্টঃ ইব (তপশ্চরণে উপদিষ্ট হইয়াই যেন) তৎ হিতং বিমৃশ্য (তাহা মঙ্গল বিবেচনা করিয়া) তপসি মনঃ আদদে (তপস্যাতে মনোনিবেশ করিলেন) ॥ ৭ ॥

অনুবাদ

সেই বিভু ব্রহ্মা, সৃষ্টিবিষয় চিন্তা করিতে করিতে এক সময়ে যাহা ত্যাগিগণের পরম ধন বলিয়া কথিত হইয়া থাকে এবং যাহা স্পর্শবর্ণের মধ্যে ষোড়শ সংখ্যক ও একবিংশতি সংখ্যক, সেই দুইটি বর্ণ অর্থাৎ তকার ও পকার যুক্ত দুইবার উচ্চারিত "তপ" এই বাক্য জলের মধ্যে নিকটেই শুনিতে পাইলেন ॥ ৬ ॥

ব্রহ্মা "তপ" "তপ" এই বাক্য শ্রবণ করিয়া সেইবাক্যের বক্তাকে দেখিবার ইচ্ছায় চারিদিক অবলোকন করিলেন এবং সকল দিকে অন্য কাহাকে দেখিতে না পাইয়া স্বীয় বাসস্থানপদ্মে অবস্থান করতঃ তপশ্চরণে উপদিষ্ট হইয়াই যেন তপস্যাকে মঙ্গলজনক মনে করিয়া উহাতে মনোনিবেশ করিলেন ॥ ৭ ॥

টীকা

বিলোক্য তত্র দিক্ষু অন্যৎ পুরুষান্তরমপশ্যমানঃ পুনঃ স্বধিষ্ণ্যমাস্থায় তপস্ত্যুপাদিষ্ট ইব স্ববন্ধুনা কেনচিৎ সাক্ষাদাজ্ঞপ্ত ইব তচ্চ স্বহিতং বিমৃশ্য তপসি মনঃ আদদে ধৃতবান্ ॥ ৭ ॥ তদনন্তরং সঃ অমোঘদর্শনঃ অনুষ্ঠীয়মানে তপসি অমোঘং সফলং দর্শনং সঙ্কল্পাত্মকং জ্ঞানং যস্য সঃ, তত্র হেতুগর্ভাণি বিশেষণানি—জিতানিলাত্মা জিতঃ অনিলঃ প্রাণঃ আত্মা মনশ্চ যেন সঃ, বিজিতানি উভয়েন্দ্রিয়াণি জ্ঞানকর্ম্মাত্মকানি যেন সঃ, তপতাং তপশ্চরতাং মধ্যে তপীয়ান্ অতিশয়েন তপস্বী ইত্থং সমাহিতো

দিব্যং সহস্রাব্দমমোঘদর্শনো জিতানিলাত্মা বিজিতোভয়েন্দ্রিয়ঃ।
অতপ্যত স্মাখিললোকতাপনং তপস্তপীয়াংস্তপতাং সমাহিতঃ ॥ ৮ ॥
তস্মৈ স্বলোকং ভগবান্ সভাজিতঃ সন্দর্শয়ামাস পরং ন যৎপরম্।
ব্যপেতসংক্লেশবিমোহসাধ্বসং স্বদৃষ্টবদ্ভির্বিবুধৈরভিষ্টুতম্ ॥ ৯ ॥

অন্বয়

[অনন্তর] অমোঘদর্শনঃ (সেই অব্যর্থ সঙ্কল্পবান্) জিতানিলাত্মা (প্রাণমনোজয়ী) বিজিতোভয়েন্দ্রিয়ঃ (জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয়জয়ী) তপতাং (তপশ্চরণশীল তপস্বিগণের মধ্যে) তপীয়ান্ (শ্রেষ্ঠ তপস্বী ব্রহ্মা) সমাহিতঃ (এই প্রকারে একাগ্রমনা হইয়া) দিব্যং সহস্রাব্দং (দেবমানে সহস্রবৎসর পর্য্যন্ত) অখিললোকতাপনং (অখিললোক প্রকাশক) তপঃ অতপ্যত স্ম (তপস্যা করিয়াছিলেন) ॥ ৮ ॥

[অনন্তর] ভগবান্ (পরমেশ্বর) সভাজিতঃ (তপস্যা প্রভৃতি দ্বারা সম্যক্ আরাধিত হইয়া) তস্মৈ (সেই ব্রহ্মাকে) যৎপরং ন (যাহা হইতে অন্য আর উপরিস্থিত লোকান্তর নাই), ব্যপেত-সংক্লেশবিমোহসাধ্বসং (যাহা হইতে ক্লেশ, মোহ ও ভয় দূরে আছে) স্বদৃষ্টবদ্ভিঃ বিবুধৈঃ (এবং ভগবানের সাক্ষাৎকার যাহাদের আছে, সেই নিত্যমুক্ত জ্ঞানিগণকর্ত্তৃক) অভিষ্টুতং (যাহা বন্দিত), পরং স্বলোকং (সেই শ্রেষ্ঠ নিজলোক অর্থাৎ সৃষ্টিস্থিত্যাদিবর্জ্জিত নিজ বাসস্থান) সন্দর্শয়ামাস (সম্যক্‌রূপে দর্শন করাইলেন) ॥ ৯ ॥

অনুবাদ

অব্যর্থ সঙ্কল্পবান্, প্রাণমনোজয়ী, উভয়েন্দ্রিয়জয়ী তপশ্চরণশীল তপস্বিগণের মধ্যে শ্রেষ্ঠ তপস্বী সেই আদিদেব ব্রহ্মা পূর্ব্বোক্ত প্রকারে একাগ্রমনা হইয়া দেবতাগণের কাল পরিমাণে সহস্রবৎসর পর্য্যন্ত অখিল লোক-প্রকাশক তপস্যা করিয়াছিলেন ॥ ৮ ॥

অনন্তর ভগবান্ সেই ব্রহ্মা কর্ত্তৃক তপস্যা প্রভৃতির দ্বারা সম্যক্‌রূপে আরাধিত হইয়া সেই ব্রহ্মাকে—যাহা হইতে আর উপরিস্থিত লোকান্তর নাই, যাহা হইতে ক্লেশ, মোহ ও ভয় দূরে অবস্থান করে, এবং ভগবদ্দর্শনকারী নিত্যমুক্ত জ্ঞানিগণ কর্ত্তৃক যাহা সর্ব্বদা বন্দিত হইয়া থাকে, সেই শ্রেষ্ঠ নিজলোক দর্শন করাইলেন ॥ ৯ ॥

টীকা

দিব্যং সহস্রাব্দং দিব্যমানেন সহস্রবৎসরপর্য্যন্তং তপ অতপ্যত কৃতবান্, স্মেতি প্রসিদ্ধৌ। কথম্ভূতং তপঃ? অখিললোকানাং তাপনং প্রকাশকম্ ॥ ৮ ॥ ভগবানপি সভাজিতঃ তপ আদিভিঃ আরাধিতঃ তস্মৈ ব্রহ্মণে স্বলোকং স্বস্য সর্ব্বেশ্বরস্য বিশ্বসৃষ্ট্যাদিহেতোঃ লোকং সৃষ্টিসংহার-বর্জ্জিতং নিবাসস্থানং সন্দর্শয়ামাস সম্যক্ তদ্‌জ্ঞানবিষয়ং কারয়ামাস। কথম্ভূতং? সর্ব্বেভ্যো লোকেভ্যঃ উপরিস্থিতম্, ন যৎপরং যতঃ পরং অন্যদুপরিস্থিতং লোকান্তরং নাস্তি, প্রকৃতিমণ্ডলাদ্‌বহিস্থিতমিত্যর্থঃ। "দর্শয়ামাস লোকং স্বং গোপানাং তমসঃ পরমিতি বক্ষ্যমাণাৎ"। আদিত্যবর্ণং তমসঃ পরস্তাদিতি শ্রুতেশ্চ। তমেবাপ্রাকৃতং লোকং বর্ণয়তি পঞ্চভিঃ।

প্রবর্ত্ততে যত্র রজস্তমস্তয়োঃ সত্ত্বঞ্চ মিশ্রং ন চ কালবিক্রমঃ।
ন যত্র মায়া কিমুতাপরে হরে-রনুব্রতা যত্র সুরাসুরার্চ্চিতাঃ ॥ ১০ ॥
শ্যামাবদাতাঃ শতপত্রলোচনাঃ পিশঙ্গবস্ত্রাঃ সুরুচঃ সুপেশসঃ।
সর্ব্বে চতুর্ব্বাহব উন্মিষন্মণি-প্রবেকনিষ্কাভরণাঃ সুবর্চ্চসঃ।
প্রবালবৈদূর্য্যমৃণালবর্চ্চসঃ পরিরৎস্ফুকুণ্ডলমৌলিমালিনঃ ॥ ১১ ॥

অন্বয়

যত্র (যেই ভগবৎধামে) রজঃ তমঃ ন প্রবর্ত্ততে (রজঃ ও তমোগুণ প্রবর্ত্তিত হয় না), তয়োঃ মিশ্রং সত্ত্বং চ ন [প্রবর্ত্ততে] (রজঃ ও তমোগুণমিশ্র সত্ত্বগুণও প্রবর্ত্তিত হয় না), কালবিক্রমঃ ন (যেখানে কালের প্রভাবও নাই) যত্র মায়া ন (এবং যেখানে ত্রিগুণা প্রকৃতি প্রবর্ত্তিত হয় না), অপরে কিমুত (অন্য লোভাদি যে সেখানে প্রবর্ত্তিত হইবে না ইহাতে আর বক্তব্য কি?) যত্র সুরাসুরার্চ্চিতাঃ (এবং যেখানে দেবাসুরবন্দিত) হরেঃ অনুব্রতাঃ (শ্রীহরির উপাসকগণ) [অবস্থান করেন, ভগবান্ ব্রহ্মাকে সেই স্বীয় লোক দেখাইলেন] ॥ ১০ ॥

[ভগবল্লোকবাসী উপাসকগণের স্বরূপবর্ণনা করিতেছেন]—সর্ব্বে (তাঁহারা সকলেই) শ্যামাবদাতাঃ (শ্যামবর্ণ ও উজ্জ্বল), শতপত্রলোচনাঃ (কমললোচন), পিশঙ্গবস্ত্রাঃ (পীতবসন পরিধানকারী) সুরুচঃ (মনোহর কান্তিযুক্ত), সুপেশসঃ (অতি সুকুমার), চতুর্ব্বাহবঃ (চতুর্ভুজ), উন্মিষন্মণিপ্রবেক-নিষ্কাভরণাঃ (অতি প্রদীপ্ত ও উত্তম মণিময় পদকালঙ্কারে ভূষিত), সুবর্চ্চসঃ (অত্যন্ত তেজস্বী), প্রবাল

অনুবাদ

যে ভগবদ্ধামে রজঃ ও তমোগুণের প্রভাব নাই, রজঃ ও তমোগুণমিশ্র সত্ত্ব-গুণও যেখানে কার্য্যকরী হয় না, কালের প্রভাব যেখানে প্রবর্ত্তিত হয় না, মায়া অর্থাৎ ত্রিগুণা প্রকৃতি যেখানে থাকিতে পারে না, লোভাদি যে সেখানে প্রবর্ত্তিত হইবে না এ বিষয়ে আর বক্তব্য কি? এবং যেখানে দেবাসুর বন্দিত শ্রীহরির উপাসকগণ অবস্থান করেন, ভগবান্ সেই নিজলোক ব্রহ্মাকে দেখাইলেন ॥ ১০ ॥

ভগবল্লোকবাসী তাঁহারা সকলেই অত্যুজ্জ্বল শ্যামবর্ণ, কমললোচন, পীতবসন-

টীকা

ব্যপেতাঃ স্বভাবত এবাপাস্তাঃ সংক্লেশাদয়ো যস্মাৎ তম্, স্বস্য "আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যঃ নিদিধ্যাসিতব্য" ইত্যাদিশ্রুতিপ্রতিপাদিতস্য ভগবতো দৃষ্টং সাক্ষাৎকারলক্ষণং দর্শনং বিদ্যতে যেষাং তে তথা তৈঃ প্রকৃতিবন্ধবিনির্ম্মুক্তৈঃ "নিরঞ্জনঃ পরমং সাম্যমুপৈতি" ইত্যাদিশ্রুতিপ্রোক্তৈঃ, বিশেষেণ বুধ্যন্তে যে তে বিবুধাঃ নিত্যমুক্তাস্তৈশ্চ "সদা পশ্যন্তি সূরয়" ইত্যাদিশ্রুতিপ্রোক্তৈঃ অভিষ্টুতম্, যত্র রজস্তমশ্চ তমোমিশ্রং সত্ত্বঞ্চ কালবিক্রমঃ সৃষ্ট্যাদিনির্ম্মিতস্য বিক্রমঃ প্রভাবশ্চ ন প্রবর্ত্ততে ॥ ৯ ॥ মায়া পূর্ব্বোক্তগুণত্রয়বতী প্রকৃতিশ্চ যত্র ন প্রবর্ত্ততে, অপরে অন্যে লোভাদয়শ্চ ন প্রবর্ত্তন্তে ইতি কিমু বক্তব্যম্। পূর্ব্বোক্তান্ মুক্তান্ নিত্যমুক্তাংশ্চ গুণসামান্যেন নিরূপয়তি—যত্র যস্মিন্ লোকে হরেঃ অনুব্রতাঃ উপাসকাঃ সুরাসুরার্চ্চিতাঃ সর্ব্বলোকৈঃ পূজ্যা সন্তি ॥ ১০ ॥ কথম্ভূতাঃ? শ্যামাশ্চ

ভ্রাজিষ্ণুভির্যঃ পরিতো বিরাজতে লসদ্বিমানাবলিভির্মহাত্মনাম্।
বিদ্যোতমানঃ প্রমদোত্তমাদ্যুভিঃ সবিদ্যুদভ্রাবলিভির্যথা নভঃ ॥ ১২ ॥
শ্রীর্যত্র রূপিণ্যুরুগায়পাদয়োঃ করোতি মানং বহুধা বিভূতিভিঃ।
প্রেঙ্খং শ্রিতা যা কুসুমাকরানুগৈ-র্বিগীয়মানা প্রিয়কর্ম্ম গায়তী ॥ ১৩ ॥

অন্বয়

বৈদূর্য্যমৃণালবর্চ্চসঃ (এবং প্রবাল, বৈদূর্য্য ও মৃণালসদৃশ দীপ্তিবিশিষ্ট) পরিস্ফুরৎকুণ্ডলমৌলিমালিনঃ (ও অত্যুজ্জ্বল কুণ্ডল, মুকুট ও মালাবিশিষ্ট ছিলেন) ॥ ১১ ॥

পরিতঃ (সকলদিকে) সবিদ্যুদভ্রাবলিভিঃ (বিদ্যুতের সহিত মেঘপঙ্‌ক্তি দ্বারা) নভঃ যথা [বিরাজতে] (আকাশ যেমন শোভিত হয়), তথা (সেইরূপ) যঃ (যে ভগবল্লোক) ভ্রাজিষ্ণুভিঃ (দেদীপ্যমান) প্রমদোত্তমাদ্যুভিঃ (বরাঙ্গনাগণের কান্তির দ্বারা) বিদ্যোতমানঃ (শোভিত হইয়া) মহাত্মনাং (নিত্যমুক্ত মহাত্মাদিগের) লসদ্‌বিমানাবলিভিঃ (রমণীয় বিমানপঙক্তিদ্বারা) বিরাজতে (শোভিত হইয়াছিল) [ভগবান্ সেই স্বীয় লোক ব্রহ্মাকে দেখাইলেন] ॥ ১২ ॥

যত্র (যে ভগবল্লোকে) রূপিণী (রূপবতী) শ্রীঃ (লক্ষ্মীদেবী) বহুধা বিভূতিভিঃ (বিবিধ ঐশ্বর্য্যের দ্বারা) উরুগায়পাদয়োঃ (উত্তমঃশ্লোক ভগবানের চরণদ্বয়ের) মানং করোতি (পূজা

অনুবাদ

পরিধায়ী, মনোহরকান্তিযুক্ত, অতি সুকুমার, চতুর্ভুজ, অতি প্রদীপ্ত ও উত্তম মণিময় পদকালঙ্কারে ভূষিত, অত্যন্ত তেজস্বী, প্রবাল, বৈদূর্য্য ও মৃণালসদৃশ দীপ্তিবিশিষ্ট এবং অত্যুজ্জ্বল কুণ্ডল, মুকুট ও মালাধারী ছিলেন ॥ ১১ ॥

সকল দিকে বিদ্যুৎসমন্বিত মেঘপঙ্‌ক্তিদ্বারা আকাশ যেমন শোভিত হয়, সেইরূপ যে ভগবল্লোক দেদীপ্যমান বরাঙ্গনাগণের কান্তির দ্বারা শোভিত হইয়া নিত্যমুক্ত মহাত্মাগণের রমণীয় বিমানপঙ্‌ক্তিদ্বারা শোভিত হইতেছিল, ভগবান্ সেই স্বীয় লোক ব্রহ্মাকে দেখাইলেন ॥ ১২ ॥

যে ভগবল্লোকে মূর্ত্তিমতী লক্ষ্মীদেবী বিবিধ ঐশ্বর্য্যের দ্বারা বিপুলকীর্ত্তি ভগবান্ শ্রীহরির চরণদ্বয়ের পূজা করিয়া থাকেন এবং যেখানে লক্ষ্মীদেবী স্বয়ং হেলিয়া দুলিয়া বসন্তানুচর

টীকা

অবদাতাঃ, শতপত্রলোচনাঃ পদ্মদলেক্ষণাঃ, পিশঙ্গবস্ত্রাঃ পীতবসনাঃ, সুরুচঃ সুকান্তয়ঃ, সুপেশসঃ অতিসুকুমারাঃ উন্মিষন্তঃ দীপ্তিমন্তঃ মণিপ্রবেকাঃ মণিশ্রেষ্ঠাঃ যেষু তানি নিষ্কান পদকানি আভরণানি যেষাং তে, সুবর্চ্চসঃ অতিতেজস্বিনঃ প্রবালাদিবৎ বর্চ্চো বর্ণো যেষাং তে, পরিস্ফুরন্তি কুণ্ডলানি মৌলয়ো মুকুটানি মালাশ্চ সন্তি যেষাং তে ॥ ১১ ॥ যঃ লোকঃ ভ্রাজিষ্ণুভিঃ দেদীপ্যমানাভিঃ প্রমদোত্তমাদ্যুভিঃ বিমানস্থানাং প্রমদোত্তমানাং দিবঃ কান্তয়স্তাভি দ্যোতমানঃ সন্ মহাত্মনাং নিত্যমুক্তাদীনাং লসদ্বিমানাবলিভিঃ শোভমানাভিঃ বিমানপঙ্‌ক্তিভিঃ পরিতঃ অভ্রানাং মেঘানাং বলিভিঃ পঙক্তিভিঃ নভো যথা পরিতো বিরাজতে তদ্বদিত্যর্থঃ। তং লোকং দর্শয়ামাসেতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ১২ ॥ যত্র লোকে শ্রীঃ ভগবৎপ্রিয়া রূপিণী রূপবতী বিভূতিভিঃ বিবিধা ভূতয়ঃ ঐশ্বর্য্যাণি যাসাং তাভিঃ

দদর্শ তত্রাখিলসাত্বতাং পতিং শ্রিয়ঃ পতিং যজ্ঞপতিং জগৎপতিম্।
সুনন্দনন্দপ্রবলার্হণাদিভিঃ স্বপার্ষদাগ্র্যৈঃ পরিষেবিতং বিভুম্ ॥ ১৪ ॥
ভৃত্যপ্রসাদাভিমুখং দৃগাসবং প্রসন্নহাসারুণলোচনাননম্।
কিরীটিনং কুণ্ডলিনং চতুর্ভুজং পীতাংশুকং বক্ষসি লক্ষিতং শ্রিয়া ॥ ১৫ ॥

অন্বয়

করিয়া থাকেন) যা চ প্রেঙ্খং শ্রিতা (এবং যেখানে লক্ষ্মীদেবী হেলিয়া দুলিয়া) কুসুমাকরানুগৈঃ (বসন্তানুচর ভ্রমর, কোকিল প্রভৃতি কর্ত্তৃক) বিগীয়মানা (বিবিধরূপে বন্দিতা হইয়া) প্রিয়কর্ম্ম গায়তী (শ্রীহরির লীলাদি গান করিয়া থাকেন), [ভগবান্ সেই স্বীয় লোক ব্রহ্মাকে দেখাইলেন] ॥ ১৩ ॥

[ব্রহ্মা] তত্র (সেই বৈকুণ্ঠলোকে) অখিলসাত্বতাং পতিং (সমস্ত ভগবদ্ভক্তগণের প্রভু) শ্রিয়ঃ পতিং (লক্ষ্মীপতি), যজ্ঞপতিং (যজ্ঞেশ্বর), জগৎপতিং (জগতের প্রভু) সুনন্দনন্দপ্রবলার্হণাদিভিঃ (এবং সুনন্দ, নন্দ, প্রবল, অর্হণ প্রভৃতি) স্বপার্ষদাগ্র্যৈঃ (স্বীয় শ্রেষ্ঠ পার্ষদগণকর্ত্তৃক) পরিষেবিতং (পরিষেবিত) বিভুং (প্রভু ভগবান্‌কে) দদর্শ (দেখিতে পাইলেন) ॥ ১৪ ॥

ভৃত্যপ্রসাদাভিমুখং (স্বভক্তগণের প্রতি অনুগ্রহে উন্মুখ), দৃগাসবং (অমৃততুল্য দৃষ্টিসম্পন্ন), প্রসন্নহাসারুণলোচনাননং (সুপ্রসন্নহাস্য ও আরক্তনয়নে পরিশোভিত মুখমণ্ডলযুক্ত), কিরীটিনং (কিরীটযুক্ত), কুণ্ডলিনং (কুণ্ডলযুক্ত), চতুর্ভুজং (চতুর্ভুজ), পীতাংশুকং (পীতাম্বর) বক্ষসি (ও বক্ষঃস্থলে) [অবস্থিতা] শ্রিয়া (লক্ষ্মীদেবীদ্বারা) লক্ষিতং (অলঙ্কৃত) [ভগবান্‌কে ব্রহ্মা দেখিতে পাইলেন] [পূর্ব্বের সহিত অন্বয়] ॥ ১৫ ॥

অনুবাদ

ভ্রমর, কোকিল প্রভৃতি কর্ত্তৃক বিবিধরূপে বন্দিতা হইয়া শ্রীহরির লীলাদি গুণগান করিয়া থাকেন, [ভগবান্ সেই স্বীয় লোক ব্রহ্মাকে দেখাইলেন] ॥ ১৩ ॥

ব্রহ্মা সেই বৈকুণ্ঠলোকে সমস্ত ভগবদ্ভক্তগণের প্রভু, লক্ষ্মীদেবীর স্বামী, যজ্ঞেশ্বর, জগতের প্রভু এবং সুনন্দ, নন্দ, প্রবল, অর্হণ প্রভৃতি স্বীয় শ্রেষ্ঠ পার্ষদগণকর্ত্তৃক পরিষেবিত সর্ব্বব্যাপক ভগবান্‌কে দেখিতে পাইলেন ॥ ১৪ ॥

ভগবান্ স্বীয় ভক্তগণের প্রতি অনুগ্রহ করিবার নিমিত্ত সর্ব্বদা উন্মুখ, তাঁহার

টীকা

ভূলীলাদিভিঃ ভগবৎপ্রিয়াভিঃ সহ উরুগায়পাদয়োঃ বহুমানং পূজাং করোতি, যা চ প্রেঙ্খম্ আন্দোলনং সংশ্রিতা কুসুমাকরানুগৈঃ ভ্রমরকোকিলাদিভিঃ বিবিধং গীয়মানা প্রিয়স্য উরুগায়স্য কর্ম্ম গায়তী ভবতীতি তং লোকং দর্শয়ামাসেতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ১৩ ॥ তত্রোক্তপ্রকারে লোকে ঈশ্বরং দদর্শেত্যন্বয়ঃ, সর্ব্বেষাং সাত্বতাং ভাগবতানাং পতিং স্বামিনং, শ্রিয়ঃ পতিং শ্রিয়ো ভর্ত্তারং যজ্ঞপতিং, যজ্ঞানাং ভোক্তারং তেষাং প্রবর্ত্তনাদৌ ফলপ্রদানে চ সমর্থং "অহং হি সর্ব্বযজ্ঞানাং ভোক্তা চ প্রভুরেব চে"তি শ্রীমুখবচনাচ্চ, চিদচিচ্ছক্তিময়স্য জগতঃ পতিং পরমাংশিত্বেন স্বামিনং, সুনন্দাদিভিঃ স্বপার্ষদশ্রেষ্ঠৈঃ পরিতঃ সর্ব্বতঃ সেবিতং, বিভুং ব্যাপকম্ ॥ ১৪ ॥ ভৃত্যপ্রসাদাভিমুখং স্বানন্যজনবিষয়কানুগ্রহে অনুকূলং, দৃগাসবমিব যস্য দৃশি আসবঃ অমৃতং যস্য বা তম্, প্রসন্নহাসারুণলোচনং চ আননে যস্য তম্, বক্ষসি তদ্দক্ষিণভাগে

অধ্যর্হণীয়াসনমাস্থিতং পরং বৃতং চতুঃষোড়শপঞ্চশক্তিভিঃ।
যুতং ভগৈঃ স্বৈরিতরত্র চাঞ্জবৈঃ স্ব এব ধামন্ রমমাণমীশ্বরম্ ॥ ১৬ ॥
তদ্দর্শনাহ্লাদপরিপ্লুতান্তরো হৃষ্যত্তনুঃ প্রেমভরাশ্রুলোচনঃ।
ননাম পাদাম্বুজমস্য বিশ্বসৃগ্-যৎ পারমহংস্যেন পথাধিগম্যতে ॥ ১৭ ॥

অন্বয়

অধ্যর্হণীয়াসনং (পরমার্চ্চনীয় সিংহাসনে) আস্থিতং (অধিষ্ঠিত), পরং (পরিপূর্ণস্বরূপ) চতুঃষোড়শপঞ্চশক্তিভিঃ (কালের সহিত প্রকৃতি, মহৎ ও অহঙ্কার প্রভৃতি চতুর্ব্বিংশতি প্রাকৃততত্ত্বের অধিষ্ঠাত্রী শক্তিসমূহের দ্বারা) বৃতং (পরিবেষ্টিত), ইতরত্র (অপর যোগিগণে) অঞ্জবৈঃ (যে অস্থায়ী ঐশ্বর্য্য তাহা এবং) স্বৈঃ (স্বকীয়) ভগৈঃ যুক্তং (অসাধারণ ঐশ্বর্য্যযুক্ত) স্বে এব ধামন্ (ও স্বস্বরূপেই) রমমাণং (ক্রীড়াশীল) ঈশ্বরং (সর্ব্বনিয়ন্তা পরমেশ্বরকে) [ব্রহ্মা দেখিতে পাইলেন] ॥ ১৬ ॥

তদ্দর্শনাহ্লাদপরিপ্লুতান্তরঃ (সেই ভগবদ্দর্শনজনিত আহ্লাদে আপ্লুতান্তঃকরণ), হৃষ্যত্তনুঃ (হর্ষান্বিত কলেবর) প্রেমভরাশ্রুলোচনঃ (ও প্রেমাবেগে অশ্রুপূর্ণনয়নবিশিষ্ট হইয়া) বিশ্বসৃক্ (জগৎস্রষ্টা ব্রহ্মা) যৎ (যাহা) পারমহংস্যেন পথা (পরমহংসগণের অনুষ্ঠিত মার্গ দ্বারা অর্থাৎ ভগবদ্ভক্তিমার্গদ্বারা) অধিগম্যতে (প্রাপ্ত হওয়া যায়) [তৎ] অস্য পাদাম্বুজং (সেই ভগবচ্চরণকমলে) ননাম (প্রণত হইলেন) ॥ ১৭ ॥

অনুবাদ

দৃষ্টি অমৃততুল্য হর্ষোৎপাদক। তিনি সুপ্রসন্ন হাস্য ও আরক্তনয়নে পরিশোভিত মুখমণ্ডলযুক্ত; তিনি কিরীটধারী, কুণ্ডলধারী, চতুর্ভুজ, পীতবসনধারী এবং তিনি বক্ষঃস্থলে অবস্থিতা লক্ষ্মীদেবীদ্বারা অলঙ্কৃত হইয়া বিরাজ করিতেছেন। ব্রহ্মা এতাদৃশ ভগবান্‌কে দেখিতে পাইলেন ॥ ১৫ ॥

পরমার্চ্চনীয় সিংহাসনে অধিষ্ঠিত, পরিপূর্ণস্বরূপ, কাল, প্রকৃতি, মহৎ ও অহঙ্কার প্রভৃতি চতুর্ব্বিংশতি প্রাকৃততত্ত্বাধিষ্ঠাত্রী শক্তিসমূহের দ্বারা পরিবেষ্টিত এবং অপর যোগিগণে যাহা অস্থায়ী, এতাদৃশ ঐশ্বর্য্য ও স্বকীয় ঐশ্বর্য্যযুক্ত ও স্বীয় স্বরূপেই ক্রীড়াশীল সর্ব্বনিয়ন্তা পরমেশ্বরকে ব্রহ্মা দেখিতে পাইলেন ॥ ১৬ ॥

সেই ভগবদ্দর্শনজনিত আহ্লাদে আপ্লুতান্তঃকরণ, হর্ষান্বিতকলেবর ও প্রেমাবেগে অশ্রুপূর্ণনয়ন বিশিষ্ট হইয়া জগৎস্রষ্টা ব্রহ্মা পরমহংসগণের অনুষ্ঠিত মার্গের দ্বারা অর্থাৎ ভগবদ্ভক্তিযোগের দ্বারা যাহা প্রাপ্ত হওয়া যায়, সেই ভগবানের চরণকমলে প্রণত হইলেন ॥ ১৭ ॥

টীকা

রোমরাজ্যা লক্ষ্মভূতয়া শ্রিয়া লক্ষিতমলঙ্কৃতম্ ॥ ১৫ ॥ (ওঁ নমো ভগবতে বাসুদেবায়) অধ্যর্হণীয়ম্ অভ্যর্চ্চনীয়মাসনং সিংহাসনমাস্থিতমধিষ্ঠিতং পরং পূর্ণং সকালচতুর্ব্বিংশতিপ্রাকৃততত্ত্বাধিষ্ঠাতৃশক্তিভির্বৃতং, স্বৈঃ স্বাসাধারণৈঃ ঞ্জবৈঃ ভগৈঃ ঐশ্বর্য্যাদিভির্যুক্তং, কথম্ভূতৈঃ? ইতরত্র ভগবদিতরেষু অঞ্জবৈঃ অস্থিরৈঃ স্বে স্বৈকপ্রধানে ধামন্ ধাম্নি লোকে রমমাণম্ ॥ ১৬ ॥ ততশ্চ তস্য ভগবতো দর্শনেন

তং প্রীয়মাণং সমুপস্থিতং কবিং প্রজাবিসর্গে নিজশাসনার্হণম্।
বভাষ ঈষৎস্মিতরোচিষা গিরা প্রিয়ঃ প্রিয়ং প্রীতমনাঃ করে স্পৃশন্ ॥ ১৮ ॥

শ্রীভগবানুবাচ

ত্বয়াহং তোষিতঃ সম্যগ্-বেদগর্ভ ! সিসৃক্ষয়া।
চিরং ভৃতেন তপসা দুস্তোষঃ কূটযোগিনাম্ ॥ ১৯ ॥

অন্বয়

প্রিয়ঃ প্রীতিমনাঃ (ব্রহ্মার উপরে সন্তুষ্ট হইয়া প্রিয় ভগবান্) প্রীয়মাণং (ভগবদ্দর্শনে হৃষ্টচিত্ত) প্রজাবিসর্গে (প্রজাসৃষ্টিকার্য্যে) সমুপস্থিতং (সমুদ্যত) নিজশাসনার্হণং (স্বীয় আদেশ প্রতিপালনে যোগ্যপাত্র) তং কবিং (সেই ব্রহ্মাকে) করে স্পৃশন্ (হস্তধারণ করতঃ) ঈষৎস্মিতরোচিষা গিরা (ঈষৎ হাস্যযুক্ত বাক্যে) প্রিয়ং বভাষে (মধুরভাবে বলিতে লাগিলেন) ॥ ১৮ ॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন) বেদগর্ভ! (হে ব্রহ্মন্!) অহং (আমি) কূটযোগিনাং (কপট যোগিগণের) দুস্তোষঃ (তপস্যায় পরিতুষ্ট হই না)। ত্বয়া (তোমা কর্ত্তৃক) সিসৃক্ষয়া (সৃষ্টি করিবার ইচ্ছায়) চিরং ভৃতেন তপসা (বহুকালাচরিত তপস্যা দ্বারা) সম্যক্ তোষিতঃ [অস্মি] (সম্যক্‌রূপে পরিতুষ্ট হইয়াছি) ॥ ১৯ ॥

অনুবাদ

ব্রহ্মার তপস্যা প্রভৃতি আরাধনায় অতিশয় সন্তুষ্ট হইয়া ভগবান্ ভগবদ্দর্শনে হৃষ্টচিত্ত, প্রজাসৃষ্টি কার্য্যে সমুদ্যত, ও আদেশ প্রতিপালনে যোগ্যপাত্র সেই ব্রহ্মাকে হস্তধারণ পূর্ব্বক ঈষৎ হাস্যযুক্ত বাক্যে সুমধুরভাবে বলিতে লাগিলেন ॥ ১৮ ॥

শ্রীভগবান্ বলিলেন—হে ব্রহ্মন্! আমি কপট যোগিগণের তপস্যায় সন্তুষ্ট হই না। তুমি যে সৃষ্টি করিবার মানসে বহুকাল যাবৎ তপস্যা করিয়াছ, তাহাতে আমি সম্যক্‌রূপে পরিতুষ্ট হইয়াছি ॥ ১৯ ॥

টীকা

য আহ্লাদস্তেন পরিপ্লুতং সমন্ততো ব্যাপ্তং অন্তরমন্তঃকরণং যস্য সঃ, হৃষ্যন্তী জাতহর্ষা তনুর্যস্য সঃ, প্রেম্নো যো ভরঃ পূরঃ তেনাশ্রূণি লোচনেষু যস্য সঃ, বিশ্বসৃক্ ব্যষ্টিজগৎস্রষ্টা চতুর্ম্মুখ যং পারমহংস্যেন পরমহংসৈঃ ভগবদ্ধ্যানপ্রধানৈঃ অনুষ্ঠিতেন যথা ভগবদ্ভক্তিমার্গেনাধিগম্যতে প্রাপ্যতে, তদস্য ভগবতঃ পদাম্বুজং ননাম ॥ ১৭ ॥ ততশ্চ তপ আদি আরাধনেন প্রীতমনাঃ তস্মিন্ প্রীতিযুক্তমানসঃ ভগবান্ প্রীয়মাণং ভগবদ্দর্শনেন ভগবতি অতিশয়প্রীতিমন্তং প্রজাবিসর্গে কার্য্যে সমুপস্থিতং সমুদ্যতং নিজশাসনার্হণং নিজনিয়োগযোগ্যং তং চতুর্ম্মুখং করে হস্তে স্পৃশন্ ঈষৎ স্মিতেন মন্দহাসেন রোচির্দীপ্তিঃ শোভা যস্যাঃ তয়া গিরা প্রিয়ং যথা বভাষে ভাষিতবান্ ॥ ১৮ ॥ ভাষণমেবাহ—ত্বয়েতি। অহং কূটযোগিনাং কপটযোগিনাং দুস্তোষস্তোষয়িতুমশক্যোঽপি হে বেদগর্ভ! ত্বয়া সিসৃক্ষয়া প্রজাবিসর্গেচ্ছয়া হেতুনা চিরং ভৃতেন বহুকালং চীর্ণেন তপসা সম্যক্ তোষিতোঽস্মি ॥১৯॥ হে ব্রহ্মন্! তে ভদ্রং মঙ্গলং ভবতু, বরেশং বরদং মা মাং অভিবাঞ্ছিতং অভীষ্টং বরং বরয়, পুংসাং

বরং বরয় ভদ্রং তে বরেশং মাভিবাঞ্ছিতম্ ।
ব্রহ্মন্ ! শ্রেয়ঃ পরিশ্রামঃ পুংসাং মদ্দর্শনাবধিঃ ॥ ২০ ॥
মনীষিতানুভাবোঽয়ং মম লোকাবলোকনম্ ।
যদুপশ্রুত্য রহসি চকর্থ পরমং তপঃ ॥ ২১ ॥
প্রত্যাদিষ্টং ময়া তত্র ত্বয়ি কর্ম্মবিমোহিতে ।
তপো মে হৃদয়ং সাক্ষাদাত্মাহং তপসোঽনঘ ! ॥ ২২ ॥

অন্বয়

হে ব্রহ্মন্ ! তে (তোমার) ভদ্রং (মঙ্গল হউক) ; বরেশং (বরপ্রদ) মা (আমার নিকটে) অভিবাঞ্ছিতং (অভিলষিত) বরং (বর) বরয় (প্রার্থনা কর) । পুংসাং (সাধকগণের) শ্রেয়ঃ পরিশ্রামঃ (মঙ্গললাভের জন্য যে প্রয়াস), মদ্দর্শনাবধিঃ (তাহা আমার দর্শনলাভেই পরিসমাপ্ত হয়) ॥ ২০ ॥

[তুমি যে] মম (আমার) লোকাবলোকনম্ (লোক অর্থাৎ বৈকুণ্ঠধাম দর্শন করিয়াছ) [ইতি] অয়ং (ইহা) মনীষিতানুভাবঃ (আমার ইচ্ছার প্রভাবে হইয়াছে বলিয়া জানিবে) । [তপস্যাবলে বৈকুণ্ঠলোক দর্শন হইয়াছে ইহাও মনে করিও না, কারণ আমিই তোমাকে তপস্যায় প্রবর্ত্তিত করিয়াছি ইহাই বলিতেছেন] যৎ (কারণ তপ তপ এই বাক্য) রহসি (নির্জ্জনে) উপশ্রুত্য (শ্রবণ করিয়াই) পরমং তপঃ চকর্থ (তুমি কঠোর তপস্যা করিয়াছ) ॥ ২১ ॥

[তুমি] তত্র কর্ম্মবিমোহিতে (সৃষ্টিকার্য্যে বিমোহিত হইলে) [সেই বাক্য] ময়া প্রত্যাদিষ্টং

অনুবাদ

হে ব্রহ্মন্ ! তোমার মঙ্গল হউক ; তুমি বরদাতা আমার নিকটে অভিলষিত বর প্রার্থনা কর । সাধকগণের মঙ্গললাভের জন্য যে পরিশ্রম তাহা আমার দর্শনলাভেই পরিসমাপ্ত হয় ॥ ২০ ॥

হে ব্রহ্মন্ ! তুমি যে আমার বৈকুণ্ঠধাম দর্শন করিলে, ইহা আমারই ইচ্ছার প্রভাবে হইয়াছে বলিয়া জানিবে । তুমি তপস্যাবলে বৈকুণ্ঠলোক দর্শন করিয়াছ ইহাও মনে করিও না ; কারণ আমিই তোমাকে তপস্যায় প্রবর্ত্তিত করিয়াছি ; সেই তপ তপ বাক্য নির্জ্জনে শ্রবণ করিয়াই তুমি কঠোর তপস্যা করিয়াছ ॥ ২১ ॥

তুমি সৃষ্টিকার্য্যে বিমোহিত হইলে সেই তপ তপ বাক্য আমিই উপদেশ করিয়াছিলাম ; তপস্যা আমার অতিশয় প্রিয় । হে অনঘ ! আমি তপস্যার আশ্রয় স্বরূপ ॥ ২২ ॥

টীকা

সাধকানাং শ্রেয়সাং ফলানাং পরিশ্রামঃ পরিশ্রমঃ সাধনপ্রয়াসঃ মদ্দর্শনাবধিঃ মম দর্শনমবধির্যস্য সঃ ॥ ২০ ॥ মম লোকস্য দর্শনং ত্বয়া মম প্রসাদাদেব কৃতমিত্যাহ—মনীষিতেতি মম লোকস্যাবলোকনমিত্যয়ং মনীষিতানুভাবঃ মমেচ্ছায়াঃ প্রভাবঃ । নন্থ ময়ৈব তপোবলেনৈতৎ ময়া প্রাপ্তমিত্যত্র তপসি ময়ৈব ভবান্ প্রবর্ত্তিতো ন তত্রাপি তব স্বাতন্ত্র্যমিত্যাহ—যদিতি । যৎ তপ তপোতি বচঃ রহসি উপশ্রুত্য পরমং তপঃ চকর্থ কৃতবান্ ॥ ২১ ॥ তথাপি তত্র অবান্তরসৃষ্ট্যারম্ভে ত্বয়ি কর্ম্মণি কার্য্যে অর্থে বিমোহিতে সতি প্রত্যাদিষ্টং, ময়ৈব ত্বাং প্রত্যুপদিষ্টম্ ।

সৃজামি তপসৈবেদং গ্রসামি তপসা পুনঃ।
বিভর্ম্মি তপসা বিশ্বং বীর্য্যং মে দুশ্চরং তপঃ ॥ ২৩ ॥

শ্রীব্রহ্মোবাচ

ভগবন্! সর্ব্বভূতানামধ্যক্ষোঽবস্থিতো গুহাম্।
বেদ হ্যপ্রতিরুদ্ধেন প্রজ্ঞানেন চিকীর্ষিতম্ ॥ ২৪ ॥
তথাপি নাথমানস্য নাথ! নাথয় নাথিতম্।
পরাবরে যথা রূপে জানীয়াং তে স্বরূপিণঃ ॥ ২৫ ॥

অন্বয়

(আমিই আদেশ করিয়াছিলাম); তপঃ (তপস্যা) মে (আমার) হৃদয়ং (অতিশয় প্রিয়)। অনঘ! (হে নিষ্পাপ!) অহং (আমি) তপসঃ (তপস্যার) সাক্ষাদাত্মা (আশ্রয়স্বরূপ)॥ ২২॥

[আমি] ইদং বিশ্বং (এই জগৎ) তপসা এব (আলোচনাত্মিকা তপস্যা দ্বারাই) সৃজামি (সৃষ্টি করিয়া থাকি), পুনঃ তপসা গ্রসামি (পুনরায় তপস্যাদ্বারাই নাশ করিয়া থাকি) তপসা বিভর্ম্মি (এবং তপস্যাদ্বারাই পালন করিয়া থাকি)। [তচ্চ] তপঃ (সেই তপস্যাই) মে (আমার) দুস্তরং বীর্য্যং (দুর্লঙ্ঘ্য বীর্য্য) [অর্থাৎ আলোচনাত্মিকা শক্তি]॥ ২৩ ॥

শ্রীব্রহ্মা উবাচ (শ্রীব্রহ্মা বলিলেন) ভগবন্! (আপনি) অধ্যক্ষঃ (সকল করণবর্গের অধিষ্ঠাতা); সর্ব্বভূতানাং (আপনি সকল প্রাণিগণের) গুহাং (হৃদয়াকাশে) অবস্থিতঃ সন্ (অবস্থিত থাকিয়া) অপ্রতিরুদ্ধেন (অপ্রতিহত) প্রজ্ঞানেন (প্রজ্ঞাদ্বারা) চিকীর্ষিতং (সকলের অভিলষিত বিষয়) হি (নিশ্চয়ই) বেদ (জানেন)॥ ২৪ ॥

তথাপি (তাহা হইলেও) নাথ! (হে প্রভো!) নাথমানস্য (প্রার্থনাকারীর) নাথিতং

অনুবাদ

আলোচনাত্মিকা তপস্যাদ্বারাই আমি এই জগৎ সৃষ্টি করি, পালন করি ও বিনাশ করি। সেই তপস্যাই আমার দুর্লঙ্ঘ্যা আলোচনাত্মিকা শক্তি॥ ২৩ ॥

ব্রহ্মা বলিলেন—হে ভগবন্! আপনি সকল ইন্দ্রিয়বর্গের অধিষ্ঠাতা; আপনি সকল প্রাণিগণের হৃদয়াকাশে অবস্থিত থাকিয়া অপ্রতিহত প্রজ্ঞাবলে সকলের অভিলষিত বিষয় নিশ্চয়ই জানিয়া থাকেন॥ ২৪ ॥

তাহা হইলেও হে প্রভো! প্রার্থনাকারী আমার অভিলষিত প্রার্থনা পূর্ণ করুন। কর্ম্ম-

টীকা

তপো মমাতিপ্রিয়মিত্যাহ তপ ইতি। হৃদয়ম্ অতিপ্রিয়মিত্যর্থঃ। হে অনঘ! তপসঃ অহং সাক্ষাদাত্মা আশ্রয়ঃ, স্থিতিপ্রবৃত্ত্যাদিহেতুরিত্যর্থঃ॥ ২২ ॥ ইদং বিশ্বং তপসৈবালোচনাত্মকেন সৃজামি, গ্রসামি সংহরামি, বিভর্ম্মি পালয়ামি চ। তচ্চ তপঃ মে দুস্তরং দুর্লঙ্ঘ্যং বীর্য্যং, আলোচনাত্মিকা শক্তি "র্যস্য জ্ঞানময়ং তপ" ইতি শ্রুতেঃ॥ ২৩॥ অধ্যক্ষঃ সর্ব্বকরণাধিষ্ঠাতা গুহাং হৃদয়াকাশমবস্থিতঃ সন্ অপ্রতিরুদ্ধেন অনর্গলেন প্রজ্ঞানেন চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টং হি নিশ্চয়েন ভবান্ যদ্যপি বেদ বেত্তি॥ ২৪॥ তথাপি হে নাথ! হে যাচ্য! নাথমানস্য যাচ্যমানস্য নাথিতং যাচিতং নাথয় প্রযচ্ছ। যাচিতমেবাহ—পরাবরে ইতি। তে তব অপ্রাকৃতনিত্যানন্দানন্দবিগ্রহবিশিষ্টস্য মমাগ্রে স্থিতস্য

যথাত্মমায়াযোগেন নানাশক্ত্যুপবৃংহিতম্ ।
বিলুম্পন্ বিসৃজন্ গৃহ্ণন্ বিভ্রদাত্মানমাত্মনা ॥ ২৬ ॥
ক্রীড়স্যমোঘসঙ্কল্প ঊর্ণনাভির্যথোর্ণুতে ।
তথা তদ্বিষয়াং ধেহি মনীষাং ময়ি মাধব ! ॥ ২৭ ॥

অন্বয়

(প্রার্থিত মনোরথ) নাথয় (প্রদান করুন) ; অরূপিণঃ (কর্ম্মজন্যরূপরহিত) তে (আপনার) পরাবরে রূপে (স্থূল ও সূক্ষ্মরূপ) যথা জানীয়াং (যে প্রকারে জানিতে পারি), [সেই প্রকার বুদ্ধি আমাতে অর্পণ করুন] ॥ ২৫ ॥

যথা (যেরূপ) ঊর্ণনাভিঃ (মাকড়সা) ঊর্ণুতে (নিজ হইতেই তন্তু সৃষ্টি করিয়া সেই তন্তু দ্বারা বাসস্থান নির্ম্মাণ করতঃ তাহাতে ক্রীড়া করিয়া থাকে), [তথা] (সেইরূপ) অমোঘসঙ্কল্পঃ (সত্য-সঙ্কল্প আপনি) নানাশক্ত্যুপবৃংহিতং (অনন্তশক্তিযুক্ত) আত্মানং (উপাদানভূত নিজকে) আত্মনা (নিমিত্তভূত নিজের দ্বারা) আত্মমায়াযোগেন (স্বশক্তি ত্রিগুণাত্মিকা প্রকৃতিযোগে) বিসৃজন্ (বিবিধ জগদাকারে পরিণত করিয়া) বিভ্রৎ (পালন পূর্ব্বক) গৃহ্ণন্ (নানাবিধ রূপ গ্রহণ করতঃ) বিলুম্পন্ (সংহার করিয়া) যথা (যে প্রকারে) ক্রীড়সি (ক্রীড়া করিয়া থাকেন), মাধব ! (হে লক্ষ্মীপতে !) তথা (সেইরূপ) তদ্বিষয়াং (ভগবল্লীলাবিষয়িনী) মনীষাং (বুদ্ধি) ময়ি (আমাতে) ধেহি (অর্পণ করুন) ॥ ২৬ । ২৭ ।

অনুবাদ

জনিত রূপরহিত আপনার স্থূল ও সূক্ষ্মরূপ আমি যে প্রকারে জানিতে পারি, সেই প্রকার বুদ্ধি আমাতে অর্পণ করুন ॥ ২৫ ॥

যেমন মাকড়সা নিজ হইতেই তন্তু সৃষ্টি করিয়া সেই তন্তুদ্বারা বাসস্থান নির্ম্মাণ করতঃ তাহাতে ক্রীড়া করিয়া থাকে, সেইরূপ সত্যসঙ্কল্প আপনি অনন্তশক্তিযুক্ত উপাদানকারণস্বরূপ নিজকে নিমিত্তকারণস্বরূপ নিজের দ্বারা ত্রিগুণাত্মিকা প্রকৃতিযোগে যে প্রকারে বিবিধ জগদাকারে পরিণত করিয়া থাকেন এবং পালনপূর্ব্বক নানাবিধ রূপ গ্রহণ করতঃ সংহার করিয়া যে প্রকারে ক্রীড়া করিয়া থাকেন, হে মাধব ! সেইরূপ ভগবল্লীলাবিষয়িনী বুদ্ধি আমাতে অর্পণ করুন অর্থাৎ যে জ্ঞানের দ্বারা বুঝিতে পারি, সেই প্রকার জ্ঞান আমাকে প্রদান করুন ॥ ২৬ । ২৭ ॥

টীকা

অরূপিণঃ কর্ম্মজন্যরূপরহিতস্য পরাবরে বিশ্বস্য নির্গমপ্রবেশস্থানভূতে রূপে যথা জানীয়াং তথা ময়ি মনীষাং ধেহীত্যনেনান্বয়ঃ ॥ ২৫ ॥ যথা চ "পরাস্য শক্তির্বিবিধৈব শ্রূয়তে, স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়া চেতি" শ্রুতিপ্রোক্তং নানাশক্ত্যুপবৃংহিতমাত্মানমুপাদানরূপং আত্মনা নিমিত্তরূপেণ "তদাত্মানং স্বয়মকুরুতেতি" শ্রুত্যৈব আত্মানমিত্যুপাদানত্বস্য কুরুতেতি নিমিত্তস্য চ দর্শিতত্বাৎ, আত্মমায়াযোগেন স্বশক্তিবিশেষত্রিগুণাত্মকপ্রকৃতিযোগেন প্রকৃতিমহদহঙ্কারাদিক্রমযোগেন ইত্যর্থঃ । অর্থাৎ মায়ামপি ক্রহীতি প্রশ্নঃ । বিসৃজন্ বিবিধং কুর্ব্বন্ চিদচিচ্ছক্তিমন্তমাত্মানং বিশ্বাকারং কুর্ব্বন্নিত্যর্থঃ । বিভ্রৎ পালয়ন্ যথোপযোগং নানাবিধানি রূপাণি গৃহ্ণন্ বিলুম্পন্ সংহারং কুর্ব্বন্ যথা চ ক্রীড়সি, তথা

ভগবচ্ছিক্ষিতমহং করবাণি হ্যতন্দ্রিতঃ।
নেহমানঃ প্রজাসর্গং বধ্যেয়ং যদনুগ্রহাৎ ॥ ২৮ ॥
যাবৎ সখা সখ্যুরিবেশ! তে কৃতঃ প্রজাবিসর্গে বিভজামি ভো জনম্।
অবিক্লবস্তে পরিকর্ম্মণি স্থিতো মা মে সমুন্নদ্ধমদোঽজমানিনঃ ॥ ২৯ ॥

অন্বয়

[হে ভগবন্!] অহম্ অতন্দ্রিতঃ (আমি আলস্যশূন্য হইয়া) ভগবচ্ছিক্ষিতং (আপনাকর্ত্তৃক উপদিষ্ট) প্রজাসর্গং (প্রজাসৃষ্টি) করবাণি (করিব)। ঈহমানঃ (প্রজাসৃষ্টি করিতে প্রবৃত্ত হইয়া আমি) যদনুগ্রহাৎ হি (যে অনুগ্রহের ফলে) ন বধ্যেয়ং (বদ্ধ হইব না), [সেই প্রকার অনুগ্রহ আমাকে করুন] ॥ ২৮ ॥

ভো ঈশ! (হে ঈশ্বর!) তে (আপনাকর্ত্তৃক) [আমি] সখ্যুঃ সখা ইব (বন্ধু যেমন বন্ধুকে আদর করে সেইরূপ) কৃতঃ (আদৃত হইলাম); প্রজাবিসর্গে (লোকসৃষ্টিরূপ) তে (আপনার) পরিকর্ম্মণি (পরিচর্য্যায়) [আমি] অবিক্লবঃ স্থিতঃ [সন্] (অব্যাকুলচিত্তে অবস্থিত হইয়া) যাবৎ (যে পর্য্যন্ত) জনং বিভজামি (লোকসকল সৃষ্টি করি), [তাবৎ] (তত সময়) অজমানিনঃ মে ("আমি স্বাধীন" এই অভিমান করিয়া আমার) সমুন্নদ্ধমদঃ (অত্যধিক মত্ততা) মা [অভূৎ] (যেন না হয়) ॥ ২৯ ॥

অনুবাদ

হে ভগবন্! আমি আলস্যরহিত হইয়া আপনাকর্ত্তৃক উপদিষ্ট প্রজাসৃষ্টিকার্য্য সম্পন্ন করিব। প্রজা সৃষ্টি করিতে প্রবৃত্ত হইয়া আমি যে অনুগ্রহের ফলে অহঙ্কারাদি দ্বারা বদ্ধ হইব না, আমাকে সেইরূপ অনুগ্রহ করুন ॥ ২৮ ॥

হে প্রভো! বন্ধু যেমন বন্ধুকে আদর করে, সেইরূপ আপনি আমাকে আদর করিলেন। লোকসৃষ্টিরূপ আপনার আদেশে অব্যাকুল চিত্তে অবস্থান করিয়া যে পর্য্যন্ত আমি লোকসকল সৃষ্টি করি, তত সময় যেন "আমিই স্বাধীন" এই অভিমান করিয়া আমার অত্যধিক মত্ততা না জন্মে ॥ ২৯ ॥

টীকা

তদ্বিষয়াং ময়ি ধেহীত্যনেনৈবান্বয়ঃ ॥ ২৬ ॥ যথোর্ণনাভিঃ উর্ণুতে তন্তূন্ আচ্ছাদয়তি সৃজতি। স্বসৃষ্টৈস্তন্তুভির্গৃহং নির্ম্মায় ক্রীড়তীতি যাবৎ তদ্বৎ অমোঘসঙ্কল্পঃ সত্যসঙ্কল্পস্ত্বং ক্রীড়সি, তথা তদ্বিষয়াং ভগবদ্গুণস্বরূপসৃষ্ট্যাদিলীলাবিষয়াং বুদ্ধিং জ্ঞানং ময়ি ধেহি অর্পয় ॥ ২৭ ॥ ভগবতা ত্বয়া শিক্ষিতমুপদিষ্টং প্রজাসর্গং অতন্দ্রিতঃ অনলসঃ অহং করবাণি করিষ্যামি। ভগবচ্ছিক্ষানুরূপং ঈহমানঃ প্রজাসর্গে চেষ্টাং কুর্ব্বাণঃ যস্মাদনুগ্রহাৎ হি হেতৌ, তত্র জ্ঞায়মানেনাহঙ্কারাদিনা ন বধ্যেয়ং বদ্ধো ন ভবেয়ম্ তমনুগ্রহং কুরু ইতি শেষঃ ॥ ২৮ ॥ প্রজাস্রষ্টুরবশ্যং মদো ভবিতা, স কঞ্চিৎ কালং মা ভূদিতি প্রার্থয়তে—যাবদিতি। ভো ঈশ! তে ত্বয়া লৌকিকস্য সখ্যুঃ সখা ইবাহং কৃতঃ অত্যাদরবিষয়ঃ কৃতঃ, প্রজাসর্গরূপে তব পরিকর্ম্মণি পরিচর্য্যায়াং স্থিতঃ, অবিক্লবঃ অব্যাকুলঃ যাবজ্জনং বিভজামি উত্তমমধ্যমাদিভেদেন সৃজামি, তাবৎ ত্বৎপরিচর্য্যাবধিত্বাৎ সম্মানাদহমপি অজঃ স্বাধীন ইতি মানিনো

শ্রীভগবান্ উবাচ

জ্ঞানং পরমগুহ্যং মে যদ্বিজ্ঞানসমন্বিতম্।
সরহস্যং তদঙ্গঞ্চ গৃহাণ গদিতং ময়া ॥ ৩০ ॥
যাবানহং যথাভাবো যদ্রূপগুণকর্ম্মকঃ।
তথৈব তত্ত্ববিজ্ঞানমস্তু তে মদনুগ্রহাৎ ॥ ৩১ ॥
অহমেবাসমেবাগ্রে নান্যদ্ যৎ সদসৎপরম্।
পশ্চাদহং যদেতচ্চ যোঽবশিষ্যেত সোঽস্ম্যহম্ ॥ ৩২ ॥

অন্বয়

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন) [হে ব্রহ্মন্!] বিজ্ঞানসমন্বিতং সরহস্যং (নানাবিধ জ্ঞান ও ভক্তিযোগের সহিত) যৎ (যাহা) মে (আমার) পরমগুহ্যং (পরম গোপনীয়) জ্ঞানং (জ্ঞান) তদঙ্গং চ (ও সেই জ্ঞানের উপায়) ময়া গদিতং (আমাকর্ত্তৃক কথিত হইয়াছে), [তাহা] গৃহাণ (শ্রবণ কর) ॥ ৩০ ॥

অহং (আমি) যাবান্ (স্বরূপতঃ যাদৃশ), যথাভাবঃ (যেমন সত্তাযুক্ত) যদ্রূপগুণকর্ম্মকঃ (এবং যেমন রূপ, গুণ ও কর্ম্মসম্পন্ন), তথা এব (সেইরূপ) তত্ত্ববিজ্ঞানং (তত্ত্বজ্ঞান) মদনুগ্রহাৎ (আমার অনুগ্রহে) তে (তোমার) অস্তু (হউক) ॥ ৩১ ॥

(হে ব্রহ্মন্!) অগ্রে (সৃষ্টির পূর্ব্বে) সদসৎপরং (স্থূল ও সূক্ষ্মের বীজস্বরূপ) যৎ (যে বস্তু ছিল) [তৎ] অহং এব (তাহা আমিই) আসম্ (ছিলাম); ন অন্যৎ (অন্য কিছুই ছিল না)। পশ্চাৎ

অনুবাদ

শ্রীভগবান্ বলিলেন—হে ব্রহ্মন্! বিবিধ জ্ঞান ও ভক্তিযোগের সহিত যাহা আমার পরম গোপনীয় জ্ঞান ও জ্ঞানের সাধন বলিয়া আমি পূর্ব্বে বলিয়াছি, তাহা এক্ষণে বলিতেছি শ্রবণ কর ॥ ৩০ ॥

আমি স্বরূপতঃ যাদৃশ, যেমন সত্তাযুক্ত এবং যেমন রূপ, গুণ ও কর্ম্মসম্পন্ন, সেই সমুদয় তত্ত্বজ্ঞান আমার অনুগ্রহে তোমার হউক ॥ ৩১ ॥

হে ব্রহ্মন্! সৃষ্টির পূর্ব্বে সমস্ত স্থূল ও সূক্ষ্ম পদার্থের মূল কারণ যে বস্তু ছিল, তাহা

টীকা

মে সমুন্নদ্ধঃ উৎকটো মদো মাভূৎ ॥২৯॥ এবং ব্রহ্মণা প্রার্থিতঃ আহ ভগবান্—জ্ঞানমিতি। যৎ পরমগুহ্যং পরমগোপ্যং সরহস্যং রহস্যেন ভক্তিযোগেন সহিতং যস্মিন্ জাতে ভক্তিযোগো দৃঢ়ো ভবেদেবম্ভূতমিত্যর্থঃ। সবিজ্ঞানং বিজ্ঞানেন বিবিধগুণশক্তিবিষয়কেনাবান্তরজ্ঞানেন সহিতম্। এবম্ভূতমস্মদ্‌বিষয়কং জ্ঞানং তস্যাঙ্গং তৎপ্রাপকচতুঃশ্লোক্যাত্মকং শাস্ত্রং, যদ্বা তস্যাঙ্গং উপায়ং চ ময়া গদিতং মে মত্তঃ গৃহাণ ॥ ৩০ ॥ ভক্তিযোগসমন্বিতস্য জ্ঞানস্য মুখ্যোপায়ঃ মমানুগ্রহ এব ইত্যাহ—যাবানিতি। অহং যাবান্ যৎপরিমাণকঃ, যথাভাবঃ যাদৃক্ সত্তাবান্ যানি রূপাণি গুণাঃ কর্ম্মাণি চ যস্য স যদ্রূপগুণকর্ম্মকঃ তথৈব তৎ তত্ত্ববিজ্ঞানং মদনুগ্রহাৎ তেঽস্তু ॥ ৩১ ॥ অথ সংক্ষেপতঃ তদেব জ্ঞানং জ্ঞেয়বস্তূপদেশদ্বারা উপদিশন্ পরাবরে রূপে দর্শয়তি—অহমিতি।

ঋতেঽর্থং যৎ প্রতীয়েত ন প্রতীয়েত চাত্মনি।
তদ্বিদ্যাদাত্মনো মায়াং যথাভাসো যথা তমঃ ॥ ৩৩ ॥
যথা মহান্তি ভূতানি ভূতেষূচ্চাবচেষ্বনু।
প্রবিষ্টান্যপ্রবিষ্টানি তথা তেষু ন তেষ্বহম্ ॥ ৩৪ ॥

অন্বয়

(সৃষ্টির পরে) [যাহা] অবশিষ্যেত (অবশিষ্ট থাকে), সঃ [অপি] (তাহাও) অহম্ অস্মি (আমিই); যৎ এতৎ চ (আর যে এই চিদচিদাত্মক জগৎ তাহাও) [অহং এব অস্মি] (আমিই)॥ ৩২॥

যথা আভাসঃ (যেমন প্রকাশ জ্ঞাতা থাকিলেই প্রতীত হয়) যথা তমঃ (অথবা যেমন অপ্রকাশ জ্ঞাতা থাকিলেই প্রতীত হইয়া থাকে, জ্ঞাতা না থাকিলে কিছুই প্রতীত হয় না, সেইরূপ) যৎ (যে অচেতন বস্তু) আত্মনি (জ্ঞানস্বরূপ জ্ঞাতা থাকিলেই) প্রতীয়েত (প্রতীত হইয়া থাকে), অর্থং (জ্ঞাতৃপদার্থ অর্থাৎ জ্ঞাতা) ঋতে (ব্যতীত) ন প্রতীয়েত (প্রতীত হয় না), তৎ (সেই অচেতন দ্রব্য) আত্মনঃ (পরমাত্মা আমার) মায়াং (মায়া বলিয়া) বিদ্যাৎ (জানিবে)॥ ৩৩॥

যথা (যেরূপ) মহান্তি ভূতানি (ক্ষিতি, অপ্ প্রভৃতি পঞ্চমহাভূত) উচ্চাবচেষু ভূতেষু (ভৌতিক ঘটপটাদিতে) অনু (সৃষ্টির পরে) প্রবিষ্টানি অপ্রবিষ্টানি চ (প্রবিষ্ট এবং অপ্রবিষ্ট উভয়ভাবে থাকে), তথা (সেইরূপ) অহং (আমি) তেষু (সেই ভূত ও ভৌতিক পদার্থে) [প্রবিষ্টঃ] (প্রবিষ্ট হইয়া থাকি), ন তেষু (আবার তাহাতে অপ্রবিষ্টও থাকি)॥ ৩৪॥

অনুবাদ

আমিই ছিলাম; অন্য কিছুই ছিল না। সৃষ্টির পরেও যাহা অবশিষ্ট থাকে, তাহাও আমিই। আর যে এই চিদচিদাত্মক জগৎ তাহাও আমিই॥ ৩২॥

হে ব্রহ্মন্! যেমন প্রকাশ অথবা অপ্রকাশ জ্ঞাতা থাকিলেই প্রতীত হইয়া থাকে, জ্ঞাতার অভাবে প্রতীত হয় না, সেইরূপ যে অচেতন বস্তু জ্ঞাতা থাকিলে প্রতীত হইয়া থাকে, জ্ঞাতার অভাবে প্রতীত হয় না, সেই অচেতন দ্রব্য আমার মায়া বলিয়া জানিবে॥ ৩৩॥

ক্ষিতি, অপ্, তেজ প্রভৃতি মহাভূত যেমন ভৌতিক ঘটপটাদিতে অনুপ্রবিষ্ট থাকে,

টীকা

সদসতোঃ স্থূলসূক্ষ্ময়োঃ পরং বীজভূতং কারণং যদগ্রে সৃষ্টেঃ পূর্ব্বং বস্তু তদহমেবাসম্ নান্যৎ কিঞ্চিদাসীৎ। যশ্চ পশ্চাদবশিষ্যতে সোঽপ্যহমস্মি, এবং পরাবররূপো জগদায়ত্তরূপোঽহমেবাস্মি ইত্যর্থঃ। যদেতচ্চিদচিদাত্মকং বিশ্বং তদপি অহমেবাস্মি। বিশ্বভিন্নাভিন্নস্বরূপোঽস্মীত্যর্থঃ। অনেন পরিমাণতঃ অপরিচ্ছিন্নঃ ত্রৈকালিকসত্তাবান্ জগদ্ভিন্নাভিন্নস্বরূপঃ বিশ্বসৃষ্ট্যাদ্যনুরূপসর্ব্বজ্ঞত্বাদি-গুণবান্ বিশ্বকর্ম্মা চ অহমস্মি, তদ্বিষয়কজ্ঞানবান্ মমানুগ্রহাৎ ভূত্বা দৃঢ়বিশ্বাসেন মাং ভজেত্যুপ-দিষ্টম্॥ ৩২॥ মায়ামাহ—ঋতেঽর্থমিতি। যদ্বস্তু আত্মনি জ্ঞানস্বরূপে জ্ঞাতরি সতি জ্ঞেয়তয়া প্রতীয়েত, অর্থং জ্ঞাতৃপদার্থং ঋতে তু ন প্রতীয়েত, তদচেতনং দ্রব্যং আত্মনঃ পরমাত্মনঃ মম মায়াং বিদ্যাৎ, অচেতনস্য চেতনজ্ঞেয়তয়া স্বরূপনিশ্চয়ে দৃষ্টান্তঃ—যথা আভাসঃ প্রকাশঃ যথা বা তমোঽপ্রকাশঃ জ্ঞাতরি সত্যেব প্রতীয়তে, ন তু তদভাবে তদ্বদিত্যর্থঃ॥ ৩॥ যথাত্মমায়া-

এতাবদেব জিজ্ঞাস্যং তত্ত্বজিজ্ঞাসুনাত্মনঃ।
অন্বয়ব্যতিরেকাভ্যাং যৎ স্যাৎ সর্ব্বত্র সর্ব্বদা ॥ ৩৫ ॥ *
এতন্মতং সমাতিষ্ঠ পরমেণ সমাধিনা।
ভবান্ কল্পবিকল্পেষু ন বিমুহ্যতি কর্হিচিৎ ॥ ৩৬ ॥

অন্বয়

অন্বয়ব্যতিরেকাভ্যাং (সকল কার্য্যে উপাদানকারণরূপে অনুবৃত্তি—অন্বয়, সকল কার্য্যে নিমিত্ত-কারণরূপে অননুবৃত্তি—ব্যতিরেক, এই অন্বয় ও ব্যতিরেকদ্বারা) যৎ (যাহা) সর্ব্বত্র সর্ব্বদা (সকল স্থানে সকল সময়ে) স্যাৎ (আছেন), আত্মনঃ (পরমাত্মস্বরূপ আমার) তত্ত্বজিজ্ঞাসুনা (তত্ত্বজ্ঞানেচ্ছু ব্যক্তির) এতাবদেব (ইহাই) জিজ্ঞাস্যং (বিচার্য্য) ॥ ৩৫ ॥

পরমেণ সমাধিনা (চিত্তের একাগ্রতা দ্বারা) এতন্মতং সমাতিষ্ঠ (এই মতের অনুষ্ঠান কর)। ভবান্ (তাহা হইলেই তুমি) কল্প-বিকল্পেষু (কল্পে কল্পে যে বিবিধ সৃষ্টি, সেই সৃষ্টি কার্য্যে) কর্হিচিৎ (কখনও) ন বিমুহ্যতি (বিমুগ্ধ হইবে না) ॥ ৩৬ ॥

অনুবাদ

আবার অপ্রবিষ্টও থাকে বলা যায়, সেইরূপ সৃষ্টির পরে আমি (পরমাত্মা) সেই ভূত ও ভৌতিক যাবতীয় পদার্থে প্রবিষ্ট থাকি, আবার তাহাতে অপ্রবিষ্টও আছি অর্থাৎ সকল ভূত ও ভৌতিক পদার্থে আমি আছি; কিন্তু আমার এই থাকা তাহাতেই পর্য্যাপ্ত নহে ॥ ৩৪ ॥

সকল কার্য্যে উপাদান কারণরূপে অনুবর্ত্তন (সহ-স্থিতি) ও সকল কার্য্যে নিমিত্ত কারণরূপে অননুবর্ত্তন (অনবস্থিতি), এই অন্বয় ও ব্যতিরেক দ্বারা যাহা সকল কার্য্যে সকল সময়ে অবস্থান করিতেছে, তাহাই তত্ত্বজ্ঞানেচ্ছু ব্যক্তির বিচার্য্য ॥ ৩৫ ॥

হে ব্রহ্মন্! তুমি চিত্তের একাগ্রতাদ্বারা আমার এই মতের সম্যক্ অনুষ্ঠান কর। তাহা হইলেই তুমি কল্পে কল্পে যে বিবিধ সৃষ্টিকার্য্য, তাহাতে কখনও বিমোহিত হইবে না অর্থাৎ কর্ত্তৃত্বাদিজনিত অভিমান উপস্থিত হইবে না ॥ ৩৬ ॥

টীকা

যোগেন বিশ্বং বিসৃজন্ বিলুম্পন্ ভগবান্ ক্রীড়তি, তদ্বিষয়া মনীষা সংক্ষেপতঃ চতুরাননে অর্পিতা, ময়া চ দর্শিতা। অথ বিশ্বসৃষ্ট্যাদিহেতোঃ আত্মনো বিশ্বগতদোষাস্পৃষ্টত্বং পরিচ্ছিন্নেষু অনুপ্রবিষ্টস্যাপি অপরিচ্ছিন্নত্বং চাহ যথেতি—যথা মহান্তি ভূতানি খবাতাদীনি উচ্চাবচেষু ভৌতিকেষু ঘটপটাদিষু ভেদক্লেদাদর্হেষু পরিচ্ছিন্নেষু অনুসৃষ্টেরনন্তরং প্রবিষ্টান্যপি অপ্রবিষ্টানি ঘটপটাদিবৎ ভেদক্লেদদোষাস্পৃষ্টত্বাৎ ঘটপটাদিভিরনাবৃতত্বাচ্চ, তথা তেষু মহাভূতেষু ব্রহ্মাণ্ডরূপেণ স্থিতেষু "তৎসৃষ্ট্বা তদেবানুপ্রাবিশদি"তি শ্রুত্যুক্তরীত্যা অনুপ্রবিষ্টোঽস্মি তদ্গতদোষাস্পৃষ্টত্বাৎ তৈরনাবৃতত্বাচ্চ। এবং চিদচিদাত্মকং জগৎকারণং মাং জ্ঞাত্বা জ্ঞানবিজ্ঞানবান্ ভবতি। জ্ঞানে জাতে পরমমঙ্গলগুণশক্ত্যাদ্যাশ্রয়ে জ্ঞেয়ে ভক্তিযোগেন কৃতার্থো ভবতীতি সূক্ষ্মভাগবতসিদ্ধান্তঃ ॥ ৩৪ ॥ অথ স্বানুগ্রহসাধ্যমুপায়মাহ—এতাবদেবেতি। সর্ব্বকার্য্যোপাদানতয়ান্বয়ঃ অনুবৃত্তিঃ, আধারত্বকর্ত্তৃত্বাদিনা নিমিত্তকারণতয়া ব্যতিরেকোঽননুবৃত্তিঃ; এবম্বিধাভ্যাং "তদাত্মানং স্বয়মকুরুতে"তি শ্রুতিপ্রোক্তাভ্যাং অন্বয়-

* ৩২ শ্লোক হইতে ৩৫ শ্লোক পর্য্যন্ত চতুঃশ্লোকী ভাগবত বলা হইল।

শ্রীশুক উবাচ

সম্প্রদিশ্যৈবমজনো জনানাং পরমেষ্ঠিনম্।
পশ্যতস্তস্য তদ্রূপমাত্মনো ন্যরুণদ্ধরিঃ ॥ ৩৭ ॥
অন্তর্হিতেন্দ্রিয়ার্থায় হরয়ে বিহিতাঞ্জলিঃ।
সর্ব্বভূতময়ো বিশ্বং সসর্জ্জেদং স পূর্ব্ববৎ ॥ ৩৮ ॥
প্রজাপতির্দ্ধর্ম্মপতিরেকদা নিয়মান্ যমান্।
ভদ্রং প্রজানামন্বিচ্ছন্নাতিষ্ঠৎ স্বার্থকাম্যয়া ॥ ৩৯ ॥

অন্বয়

শ্রীশুকঃ উবাচ (শ্রীশুকদেব বলিলেন) অজনঃ (জন্মরহিত অর্থাৎ নিত্যশরীরধারী) জনানাং হরিঃ (জীবগণের ক্লেশহরণকারী শ্রীহরি) পরমেষ্ঠিনং (ব্রহ্মার প্রতি) এবং (এই প্রকার) সম্প্রদিশ্য (সম্যক্‌রূপে উপদেশ করিয়া) তস্য (সেই ব্রহ্মার) পশ্যতঃ (সমক্ষে) আত্মনঃ (নিজের) তৎ রূপং (সেইরূপ) ন্যরুণৎ (অন্তর্হিত করিলেন) ॥ ৩৭ ॥

সর্ব্বভূতময়ঃ (বিরাট্‌দেহাভিমানী) সঃ (সেই ব্রহ্মা) অন্তর্হিতেন্দ্রিয়ার্থায় (ইন্দ্রিয়ের অবিষয়ীভূত) হরয়ে (শ্রীহরির উদ্দেশ্যে) বিহিতাঞ্জলিঃ (কৃতাঞ্জলি হইয়া) ইদং বিশ্বং (এই জগৎ) পূর্ব্ববৎ (পূর্ব্বকল্পের ন্যায়) সসর্জ্জ (সৃষ্টি করিলেন) ॥ ৩৮ ॥

(অনন্তর) একদা (এক সময়ে) ধর্ম্মপতিঃ প্রজাপতিঃ (ব্রহ্মা) প্রজানাং (প্রজাগণের) ভদ্রং

অনুবাদ

শ্রীশুকদেব বলিলেন—জন্মরহিত ক্লেশাপহারী শ্রীহরি ব্রহ্মার প্রতি এই প্রকারে উপদেশ করিয়া ব্রহ্মার সমক্ষে নিজের সেই রূপ অন্তর্হিত করিলেন ॥ ৩৭ ॥

বিরাট্‌দেহাভিমানী ব্রহ্মা ইন্দ্রিয়ের অবিষয়ীভূত শ্রীহরির উদ্দেশ্যে কৃতাঞ্জলি হইয়া এই জগৎ পূর্ব্ব কল্পের ন্যায় সৃষ্টি করিলেন ॥ ৩৮ ॥

অনন্তর এক সময়ে ধর্ম্মপতি প্রজাপতি ব্রহ্মা প্রজাগণের কল্যাণ কামনা করিয়া স্বীয় উদ্দেশ্য সফল করিবার জন্য যমনিয়মাদির অনুষ্ঠান করিতে লাগিলেন ॥ ৩৯ ॥

টীকা

ব্যতিরেকাভ্যাং যৎ সর্ব্বত্র সর্ব্বদা চ স্যাৎ, এতাবদেবাত্মনঃ পরমাত্মনঃ মম তত্ত্বজিজ্ঞাসুনা মম তত্ত্বং জ্ঞাতুমিচ্ছুনা জিজ্ঞাস্যং মম জ্ঞানার্থং বিচার্য্যমিত্যর্থঃ। অন্যস্য স্বাতন্ত্র্যেণ জিজ্ঞাস্যত্বাভাবাৎ, "যদ্বিজ্ঞানেন সর্ব্বং বিজ্ঞাতং ভবতী"তি শ্রুতেঃ ॥ ৩৫ ॥ অথেহমানঃ ন বধ্যেয়মিতি যৎ প্রার্থিতং তত্রাহ এতন্মত মতি। পরমেণ সমাধিনা চিত্তৈকাগ্র্যেণ এতন্মতং সম্যগাতিষ্ঠ, অনেনৈব বলেন ভবান্ কল্পেষু তেষু যে বিকল্পাঃ বিবিধাঃ সৃষ্টয়ঃ তেষু চ কর্হিচিৎ ন বিমুহ্যতি কর্ত্তৃত্বাভিনিবেশং ন যাস্যতি ॥ ৩৬ ॥ অজনো নিত্যশরীরী জনানাং হরিঃ নানাবতারৈঃ ক্লেশহরণস্বভাবঃ পরমেষ্ঠিনং ব্রহ্মাণং প্রতি এবমুক্তরীত্যা সন্দিশ্য উপদিশ্য তস্য পরমেষ্ঠিনঃ পশ্যতঃ যৎ পরমেষ্ঠিনে দর্শিতং তৎ আত্মনঃ রূপং ন্যরুণৎ অন্তর্হিতবান্ ॥ ৩৭ ॥ সর্ব্বভূতময়ঃ বিরাড্‌দেহাভিমানী সঃ পরমেষ্ঠিনঃ অন্তর্হিতঃ ইন্দ্রিয়ার্থঃ ইন্দ্রিয়সর্ব্বস্বভূতং রূপং যেন তস্মৈ হরয়ে বিহিতাঞ্জলিঃ সন্ ইদং ব্যষ্টিরূপং জগৎ পূর্ব্ববৎ সসর্জ্জ "সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথা পূর্ব্বমকল্পয়দি"তি শ্রুতেঃ ॥ ৩৮ ॥ ততঃ পশ্চাৎ

তং নারদঃ প্রিয়তমো রিক্‌থাদানামনুব্রতঃ।
শুশ্রূষমাণঃ শীলেন প্রশ্রয়ে দমেন চ ॥ ৪০ ॥
মায়াং বিবিদিষন্ বিষ্ণোর্মায়েশস্য মহামুনিঃ।
মহাভাগবতো রাজন্! পিতরং পর্য্যতোষয়ৎ ॥ ৪১ ॥
তুষ্টং নিশাম্য পিতরং লোকানাং প্রপিতামহম্।
দেবর্ষিঃ পরিপপ্রচ্ছ ভবান্ যন্মানুপৃচ্ছতি ॥ ৪২ ॥

অন্বয়

(মঙ্গল) অন্বিচ্ছন্ (অভিলাষ করিয়া) স্বার্থকাম্যয়া (স্বীয় উদ্দেশ্য সফল করিবার নিমিত্ত) যমান্ নিয়মান্ আতিষ্ঠৎ (যম ও নিয়মাদির অনুষ্ঠান করিতে লাগিলেন) ॥ ৩৯ ॥

রিক্‌থাদানাং (ব্রহ্মার দায়ভাগী মরীচ্যাদি পুত্রগণের মধ্যে) প্রিয়তমঃ অনুব্রতঃ (প্রিয়তম বিনয়াবনত) মহাভাগবতঃ (পরম বৈষ্ণব) মহামুনিঃ নারদঃ (মহামুনি নারদ) তং পিতরং (সেই যমনিয়মাদি অনুষ্ঠানকারী পিতার) শুশ্রূষমাণঃ (সেবা করতঃ) বিষ্ণোঃ (ভগবান্ বিষ্ণুর) মায়াং (প্রকৃতি নাম্নী শক্তিকে) বিবিদিষন্ (জানিতে ইচ্ছা করিয়া) শীলেন প্রশ্রয়েণ (চরিত্র, বিনয়) দমেন চ (ও দমগুণের দ্বারা) পর্য্যতোষয়ৎ (পরিতুষ্ট করিলেন) ॥ ৪০-৪১ ॥

দেবর্ষিঃ (নারদ) লোকানাং প্রপিতামহং (সকলের প্রপিতামহ) পিতরং (স্বীয় পিতাকে) তুষ্টং নিশাম্য (পরিতুষ্ট হইয়াছেন বুঝিতে পারিয়া) যৎ (যাহা) ভবান্ (আপনি) মা (আমাকে) অনুপৃচ্ছতি (জিজ্ঞাসা করিয়াছেন), [তৎ] পরিপপ্রচ্ছ (তাহাই জিজ্ঞাসা করিয়াছিলেন) ॥ ৪২ ॥

অনুবাদ

পিতৃধনাধিকারী মরিচ্যাদি পুত্রগণের মধ্যে প্রিয়তম বিনয়াবনত পরমবৈষ্ণব মহামুনি নারদ সেই যমনিয়মাদি অনুষ্ঠানকারী পিতা ব্রহ্মার সেবা করতঃ ভগবান্ বিষ্ণুর প্রকৃতিনাম্নী শক্তিকে জানিতে ইচ্ছা করিয়া চরিত্র, বিনয় ও দমগুণের দ্বারা তাঁহাকে পরিতুষ্ট করিলেন ॥ ৪০ ॥ ৪১ ॥

দেবর্ষি নারদ সকলের প্রপিতামহ স্বীয় পিতা ব্রহ্মাকে পরিতুষ্ট হইয়াছেন জানিতে পারিয়া যাহা আপনি আমাকে জিজ্ঞাসা করিয়াছেন তাহাই জিজ্ঞাসা করিয়াছিলেন ॥ ৪২ ॥

টীকা

পূর্ব্বোদাহৃতো ব্রহ্মনারদসংবাদো জাত ইত্যাহ প্রজাপতিরিতি পঞ্চভিঃ। প্রবৃত্তিনিবৃত্তিভেদেন উভয়বিধস্য ধর্ম্মস্য পতিঃ, যতঃ উভয়বিধায়াঃ প্রজায়াঃ পতিঃ পরমেষ্ঠিনঃ প্রজানাং উভয়বিধানাং ভদ্রং কল্যাণং অন্বিচ্ছন্ স্বার্থকাম্যা প্রয়োজনেচ্ছা, তয়া উভয়প্রকারানেব যমানিয়মাংশ্চান্বতিষ্ঠৎ অনুষ্ঠিতবান্ ॥ ৩৯ ॥ রিক্‌থাদানাং দায়ভাজাং মরীচ্যাদীনাং পুত্রাণাং মধ্যে প্রিয়তমঃ নারদঃ তমনুতিষ্ঠন্তং পিতরং পরমেষ্ঠিনং শুশ্রূষমানঃ সেবমানঃ বিষ্ণোর্মায়াং প্রকৃত্যাখ্যাং শক্তিং যদ্বা "মায়া চ বয়ুনং জ্ঞানমি"তি কোষাৎ মায়াং জ্ঞানং চেষ্টাং বিবিদিষন্ শীলাদিভিঃ পর্য্যতোষয়ৎ পরিতোষয়ামাসেতি দ্বয়োরন্বয়ঃ ॥৪০। ৪১॥ দেবর্ষিঃ নারদঃ পিতরং তুষ্টং স্বপরিচর্য্যয়া সন্তুষ্টং নিশাম্য জ্ঞাত্বা যদ্ ভবান্ মা মাং প্রতি অনুপৃচ্ছতি পূর্ব্বং পৃষ্টবান্ তৎ পরিপপ্রচ্ছ ॥ ৪২ ॥ তদনন্তরং ভূতরুৎ ব্যষ্টিভূতস্রষ্টা প্রীতঃ সন্ তস্মৈ পৃচ্ছতে পুত্রায় নারদায় সম্প্রতি চতুঃশ্লোক্যাত্মনা প্রোক্তং দশলক্ষণানি

তস্মা ইদং ভাগবতং পুরাণং দশলক্ষণম্।
প্রোক্তং ভগবতা প্রাহ প্রীতঃ পুত্রায় ভূতকৃৎ ॥ ৪৩ ॥
নারদঃ প্রাহ মুনয়ে সরস্বত্যাস্তটে নৃপ!।
ধ্যায়তে ব্রহ্ম পরমং ব্যাসায়ামিততেজসে ॥ ৪৪ ॥
যদুতাহং ত্বয়া পৃষ্টো বৈরাজাৎ পুরুষাদিদম্।
যথাসীৎ তদুপাখ্যাস্যে প্রশ্নান্যাংশ্চ কৃৎস্নশঃ ॥ ৪৫ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বিতীয়স্কন্ধে শ্রীমদ্ভাগবতপ্রবৃত্তির্নাম নবমোঽধ্যায়ঃ ॥ ৯ ॥

অন্বয়

[অনন্তর] ভূতকৃৎ (ভূতস্রষ্টা ব্রহ্মা) প্রীতঃ সন্ (পরিতুষ্ট হইয়া) তস্মৈ পুত্রায় (সেই জিজ্ঞাসু পুত্র নারদের প্রতি) ভগবতা প্রোক্তং (ভগবদুক্ত) ইদং (এই) দশলক্ষণং (দশলক্ষণযুক্ত) ভাগবতং পুরাণং (ভাগবত নামক মহাপুরাণ) প্রাহ (উপদেশ করিয়াছিলেন) ॥ ৪৩ ॥

নৃপ! (হে রাজন্!) নারদঃ (দেবর্ষি নারদ) সরস্বত্যাঃ তটে (সরস্বতী নামক নদীর তীরে) পরমং ব্রহ্ম (শ্রীকৃষ্ণ) ধ্যায়তে (ধ্যানকারী) অমিততেজসে (অতিশয় তেজস্বী) মুনয়ে ব্যাসায় (মুনি ব্যাসদেবকে) [ভাগবত] প্রাহ (উপদেশ করিয়াছিলেন) ॥ ৪৪ ॥

উত! (হে নৃপ!) বৈরাজাৎ পুরুষাৎ (বিরাট্‌পুরুষ হইতে) ইদং (এই বিশ্ব কিরূপে হইয়াছে) [ইতি] যৎ ত্বয়া অহং পৃষ্টঃ (এই যে আপনাকর্ত্তৃক আমি জিজ্ঞাসিত হইয়াছি), যথা আসীৎ (যে প্রকারে হইয়াছে), তৎ (তাহা) কৃৎস্নশঃ (সম্পূর্ণরূপে) উপাখ্যাস্যে (আমি বলিব) অন্যান্ প্রশ্নান্ চ [উপাখ্যাস্যে] (এবং অন্যান্য প্রশ্নেরও উত্তর দিব) ॥ ৪৫ ॥

অনুবাদ

অনন্তর ভূতস্রষ্টা ব্রহ্মা পরিতুষ্ট হইয়া সেই জিজ্ঞাসু পুত্র নারদের প্রতি ভগবদুক্ত দশলক্ষণযুক্ত এই ভাগবত নামক মহাপুরাণ উপদেশ করিয়াছিলেন ॥ ৪৩ ॥

হে রাজন্! দেবর্ষি নারদও সরস্বতী নামক নদীর তীরে শ্রীকৃষ্ণধ্যানে নিমগ্ন ও অতিশয় তেজস্বী মুনি ব্যাসদেবকে সেই ভাগবত উপদেশ করিয়াছিলেন ॥ ৪৪ ॥

হে রাজন্! আপনি আমাকে যে জিজ্ঞাসা করিয়াছেন—বিরাট পুরুষ হইতে এই জগৎ কি প্রকারে হইয়াছে? এক্ষণে তাহার উত্তর সম্পূর্ণরূপে বলিব ও অন্যান্য প্রশ্নেরও উত্তর দিব ॥ ৪৫ ॥

নবম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ৯ ॥

টীকা

প্রতিপাদ্যা অর্থা যস্মিন্ তৎ পুরাণং কিঞ্চিৎ বিস্তরেণাহ ॥ ৪৩ ॥ স চ নারদঃ সরস্বত্যাস্তটে পরং ব্রহ্ম শ্রীকৃষ্ণং ধ্যায়তে ব্যাসায় প্রাহ ॥ ৪৪ ॥ স চ মহ্যং প্রোক্তবান্, অহমপি ভাগবতব্যাখ্যাদ্বারৈব ত্বৎপ্রশ্নানামুত্তরং দাস্যামীত্যাহ যদুতেতি। "পুরুষাবয়বৈর্লোকাঃ সপালাঃ পূর্ব্বকল্পিতা" ইত্যাদিনা বৈরাজাৎ পুরুষাদিদং কথমাসীদিতি যদহং ত্বয়া পৃষ্টঃ, তদ্ বৈরাজাৎ পুরুষাদিদং জলমুখাদিরূপেণাবর্ণ্যমানং বিশ্বং যথা আসীৎ তথা কৃৎস্নশঃ উপাখ্যাস্যে অবশিষ্টান্ প্রশ্নান্ চ উপাখ্যাস্যে ॥ ৪৫ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে সিদ্ধান্তপদীপে দ্বিতীয়স্কন্ধে নবমাধ্যায়ার্থপ্রকাশঃ ॥৯॥

দশমোঽধ্যায়ঃ

শ্রীবাদরায়ণিরুবাচ

অত্র সর্গো বিসর্গশ্চ স্থানং পোষণমূতয়ঃ।
মন্বন্তরেশানুকথা নিরোধো মুক্তিরাশ্রয়ঃ ॥ ১ ॥
দশমস্য বিশুদ্ধ্যর্থং নবানামিহ লক্ষণম্।
বর্ণয়ন্তি মহাত্মানঃ শ্রুতেনার্থেন চাঞ্জসা ॥ ২ ॥
ভূতমাত্রেন্দ্রিয়ধিয়াং জন্ম সর্গ উদাহৃতঃ।
ব্রহ্মণো গুণবৈষম্যাদ্বিসর্গঃ পৌরুষঃ স্মৃতঃ ॥ ৩ ॥

অন্বয়

শ্রীবাদরায়ণিঃ উবাচ (শ্রীশুকদেব বলিলেন) অত্র (এই শ্রীমদ্ভাগবত নামক মহাপুরাণে) সর্গঃ, বিসর্গঃ, স্থানং, পোষণম্, ঊতয়ঃ, মন্বন্তরেশানুকথা (মন্বন্তর, ঈশ্বরলীলা) নিরোধঃ, মুক্তিঃ, আশ্রয়ঃ চ (এই দশটি বিষয় নিরূপিত হইয়াছে) ॥ ১ ॥

ইহ (এই শ্রীমদ্ভাগবতে) দশমস্য (পূর্ব্বোক্ত বিষয়সমূহের মধ্যে দশম আশ্রয়ের অর্থাৎ পরব্রহ্মের) বিশুদ্ধ্যর্থং (নিঃসংশয়রূপে জ্ঞানের নিমিত্ত) নবানাং লক্ষণং (সর্গ প্রভৃতি পূর্ব্ব নয়টির স্বরূপ) মহাত্মানঃ (বিবেকিগণ) শ্রুতেন (শ্রুতিদ্বারা অর্থাৎ স্তুতিস্থলে সর্গাদি কথনদ্বারা) অর্থেন চ (ও তাৎপর্য্যদ্বারা) অঞ্জসা (সাক্ষাৎ) বর্ণয়ন্তি (বর্ণনা করিয়া থাকেন) ॥ ২ ॥

[প্রত্যেকের লক্ষণ নিরূপণ করিতেছেন] গুণবৈষম্যাৎ (গুণত্রয়ের পরিণাম হেতু) ব্রহ্মণঃ (পরব্রহ্ম হইতে) ভূতমাত্রেন্দ্রিয়ধিয়াং (আকাশাদি পঞ্চভূত, পঞ্চতন্মাত্র, একাদশেন্দ্রিয়, মহৎ ও

অনুবাদ

শ্রীশুকদেব বলিলেন—হে রাজন্! এই শ্রীমদ্ভাগবত নামক মহাপুরাণে সর্গ, বিসর্গ, স্থান, পোষণ, ঊতি, মন্বন্তর, ঈশানুকথা, নিরোধ, মুক্তি ও আশ্রয় এই দশটি বিষয় নিরূপিত হইয়াছে ॥ ১ ॥

এই শ্রীমদ্ভাগবতে পূর্ব্বোক্ত বিষয়সমূহের মধ্যে দশম আশ্রয়ের অর্থাৎ পরমাত্মতত্ত্বের নিঃসংশয়রূপে জ্ঞানের নিমিত্ত সর্গ প্রভৃতি পূর্ব্ব নয়টির স্বরূপ বিবেকিগণ শ্রুতিদ্বারা সাক্ষাৎ বর্ণনা করিয়া থাকেন; কোথাও বা তাৎপর্য্যের অর্থাৎ ভাবার্থের দ্বারা বর্ণনা করেন ॥২॥

[সর্গাদির প্রত্যেকের লক্ষণ নিরূপণ করিতেছেন] গুণত্রয়ের পরিণাম হেতু পরব্রহ্ম

টীকা

নন্বু অর্থভেদাচ্ছাস্ত্রভেদঃ স্যাদত্রাহ দশমস্যেতি ইহ শ্রীমদ্ভাগবতে দশমস্য আশ্রয়স্য পরব্রহ্মণো ভগবতঃ বিশুদ্ধ্যর্থং নিঃসংশয়তয়া সম্যক্ প্রতিপত্ত্যর্থং নবানাং সর্গাদীনাং লক্ষণং স্বরূপং মহাত্মানস্তৎতৎপ্রকরণে শ্রুতেন শ্রুত্যৈব অনেন সর্গাদিনা ইত্থং ভগবান্ বোদ্ধব্যঃ ইত্যেবং নিরপেক্ষরবেনৈব অঞ্জসা সাক্ষাদেব বর্ণয়ন্তি ক্বচিৎ ক্বচিচ্চ অর্থেনানেন সর্গাদিনা অর্থাৎ ভগবদ্-গ্রহণং ভবিষ্যতীতি তাৎপর্য্যেণ চ বর্ণয়ন্তি, অতঃ একস্যৈবাশ্রয়স্য প্রাধান্যাৎ ন শাস্ত্রভেদঃ ॥ ২ ॥

স্থিতির্বৈকুণ্ঠবিজয়ঃ পোষণং তদনুগ্রহঃ।
মন্বন্তরাণি সদ্ধর্ম্ম ঊতয়ঃ কর্ম্মবাসনাঃ ॥ ৪ ॥
অবতারানুচরিতং হরেশ্চাস্যানুবর্ত্তিনাম্।
পুংসামীশকথাঃ প্রোক্তা নানাখ্যানোপবৃংহিতাঃ ॥ ৫ ॥

অন্বয়

অহঙ্কারতত্ত্বের) যং জন্ম (বিরাট্‌রূপে ও স্বস্বরূপে যে জন্ম), [সঃ] সর্গঃ উদাহৃতঃ (তাহাই সর্গ বলিয়া কথিত হইয়া থাকে); পৌরুষঃ (ব্রহ্মাকর্ত্তৃক কৃত সৃষ্টি) বিসর্গঃ স্মৃতঃ (বিসর্গ নামে কথিত হইয়া থাকে) ॥ ৩ ॥

বৈকুণ্ঠবিজয়ঃ (দুষ্ট নিগ্রহের দ্বারা জগৎপালনের নিমিত্ত যে শ্রীহরির উৎকর্ষ, তাহাই) স্থিতিঃ (স্থিতি); তদনুগ্রহঃ (সেই শ্রীহরির সাধুজনের প্রতি যে অনুগ্রহ, তাহাই) পোষণং (পোষণ); সদ্ধর্ম্মঃ (ভগবদনুগৃহীত মন্বন্তরাধিপতিগণের রক্ষণীয় ধর্ম্মই) মন্বন্তরাণি (মন্বন্তর); কর্ম্মবাসনাঃ (কর্ম্মের যে বাসনা, তাহাই) ঊতয়ঃ (ঊতি) ॥ ৪ ॥

হরেঃ (শ্রীহরির) অবতারানুচরিতং (মৎস্যাদি অবতারের লীলানুবর্ণন) অস্য (ও এই শ্রীহরির) অনুবর্ত্তিনাং পুংসাং চ (অনুবর্ত্তী মহাত্মাগণের) নানাখ্যানোপবৃংহিতাঃ কথাঃ (নানা উপাখ্যানযুক্ত কথাই) ঈশকথাঃ প্রোক্তাঃ (ঈশকথা বলিয়া কথিত হয়) ॥ ৫ ॥

অনুবাদ

হইতে যে আকাশাদি পঞ্চভূত, পঞ্চতন্মাত্র, একাদশেন্দ্রিয়, মহৎ ও অহঙ্কারাদির বিরাট্‌রূপে ও স্বস্বরূপে জন্ম হয়, তাহাই "সর্গ" বলিয়া কথিত হইয়া থাকে। ব্রহ্মাকর্ত্তৃক কৃত সৃষ্টি "বিসর্গ" নামে অভিহিত হইয়া থাকে ॥ ৩ ॥

দুষ্ট নিগ্রহের দ্বারা জগৎপালনের নিমিত্ত যে শ্রীহরির উৎকর্ষ, তাহাই "স্থিতি"; সেই শ্রীহরির সাধুজনের প্রতি যে অনুগ্রহ, তাহাই "পোষণ"; ভগবদনুগৃহীত মন্বন্তরাধিপতিগণের রক্ষণীয় যে ধর্ম্ম, তাহাই "মন্বন্তর"; কর্ম্মের যে বাসনা, তাহাই "ঊতি" ॥ ৪ ॥

শ্রীহরির মৎস্যাদি অবতারের লীলা-বর্ণন ও শ্রীহরির অনুবর্ত্তী মহাত্মাগণের নানাবিধ উপাখ্যানযুক্ত কথাই "ঈশকথা" বলিয়া কথিত হইয়া থাকে ॥ ৫ ॥

টীকা

প্রত্যেকং তল্লক্ষণমাহ—ভূতেতি। ভূতানি আকাশাদীনি তন্মাত্রাণি একাদশেন্দ্রিয়ানি চ ধীশব্দেন মহদহঙ্কারৌ চ এতেষামর্থানাং গুণবৈষম্যাৎ প্রোক্তগুণপরিণামাৎ ব্রহ্মণঃ পরব্রহ্মণঃ সকাশাৎ যৎ স্বরূপতো বিরাড়্‌রূপেণ চ জন্ম উৎসর্গ উদাহৃতঃ, পুরুষো বৈরাজঃ বিরাট্‌শরীরে উপাস্যঃ প্রযোজককর্ত্তা তচ্ছরীরাভিমানী চতুর্ম্মুখশ্চ প্রযোজ্যকর্ত্তা তৎকৃতঃ পৌরুষঃ চরাচরসর্গঃ বিসর্গঃ ॥ ৩ ॥

বৈকুণ্ঠস্য হরেঃ অসাধূনাং নিগ্রহেণ জগৎপালনার্থো বিজয়ঃ উৎকর্ষঃ স্থিতিঃ স্থানং, তস্য বৈকুণ্ঠস্য সাধুষু অনুগ্রহঃ পোষণম্, সতাং বৈকুণ্ঠানুগৃহীতানাং মন্বন্তরাধিপতীনাং রক্ষণীয়ো ধর্ম্মঃ মন্বন্তরাণি, কর্ম্মণাং বাসনা ঊয়ন্তে কর্ম্মভির্বর্দ্ধ্যন্তে, সংশ্লিষ্যন্তে ইতি বা ঊতয়ঃ বৃদ্ধ্যর্থাৎ সংশ্লেষার্থাদ্বা

নিরোধোঽস্যানুশয়নমাত্মনঃ সহ শক্তিভিঃ।
মুক্তির্হিত্বান্যথারূপং স্বরূপেণ ব্যবস্থিতিঃ ॥ ৬ ॥
আভাসশ্চ নিরোধশ্চ যতোঽস্ত্যধ্যবসীয়তে।
স আশ্রয়ঃ পরং ব্রহ্ম পরমাত্মেতি শব্দ্যতে ॥ ৭ ॥
যোঽধ্যাত্মিকোঽয়ং পুরুষঃ সোঽসাবেবাধিদৈবিকঃ।
যস্তত্রোভয়বিচ্ছেদঃ পুরুষো হ্যাধিভৌতিকঃ ॥ ৮ ॥

অন্বয়

অস্য আত্মনঃ (দেহগত জীবের) শক্তিভিঃ সহ (কর্ম্মনামক শক্তির সহিত) অনুশয়নং (যে লয়), নিরোধঃ (তাহাই নিরোধ বলিয়া কথিত হয়)। অন্যথারূপং (জীবের দেহাদি কার্য্যকারণরূপ প্রকৃতি-সম্বন্ধ) হিত্বা (ত্যাগপূর্ব্বক) স্বরূপেণ (ভগবদ্ভাবে) ব্যবস্থিতিঃ (যে অবস্থান), মুক্তিঃ (তাহাই মুক্তি বলিয়া কথিত হইয়া থাকে) ॥ ৬ ॥

যতঃ (যাহা হইতে) আভাসঃ (উৎপত্তি), নিরোধঃ চ (লয়) [স্থিতিঃ] চ (ও স্থিতি) অস্তি (হইয়া থাকে) [ইতি] অধ্যবসীয়তে (ইহা শাস্ত্র হইতে জানা যায়), সঃ আশ্রয়ঃ (তাহাই আশ্রয়); পরং (সেই বস্তু সর্ব্বোৎকৃষ্ট বলিয়া শ্রেষ্ঠ), ব্রহ্ম (বৃহৎ গুণশক্ত্যাদির আশ্রয় বলিয়া ব্রহ্ম), পরমাত্মা (সকলের আত্মস্বরূপ বলিয়া পরমাত্মা) ইতি শব্দ্যতে (ইহা অনাদিসিদ্ধ বেদকর্ত্তৃক প্রতিপাদিত হইয়া থাকে) ॥ ৭ ॥

যঃ অয়ং (দেহে এই যে প্রসিদ্ধ চক্ষুরাদি করণসমূহ) সঃ আধ্যাত্মিকঃ পুরুষঃ (তাহা

অনুবাদ

দেহগত জীবের কর্ম্মনামক শক্তির সহিত যে লয়, তাহাই "নিরোধ" ; জীবের দেহাদি কার্য্যকারণরূপ প্রকৃতিসম্বন্ধ ত্যাগপূর্ব্বক ভগবদ্ভাবে যে অবস্থান, তাহাই "মুক্তি" ॥ ৬ ॥

যাহা হইতে জগতের উৎপত্তি, লয় ও স্থিতি হয় বলিয়া শাস্ত্র হইতে জানা যায়, তাহাই "আশ্রয়"। এই আশ্রয় সর্ব্বোৎকৃষ্ট বলিয়া শ্রেষ্ঠ, বৃহৎ গুণশক্ত্যাদির আশ্রয় বলিয়া ব্রহ্ম, সকলের আত্মস্বরূপ বলিয়া পরমাত্মা ইহা অনাদিসিদ্ধ বেদকর্ত্তৃক প্রতি-পাদিত হইয়া থাকে ॥ ৭ ॥

দেহে এই যে প্রসিদ্ধ চক্ষুরাদিকরণ সমূহ, তাহাই আধ্যাত্মিক পুরুষ ও ঐ সকল

টীকা

বয়তেধর্ণাতোরিদং রূপম্। ক্রমস্তু অবিবক্ষিতঃ ॥ ৪ ॥ হরেঃ অবতারানুচরিতম্ অস্য হরেঃ অনুবর্ত্তিনাং পুংসাং চ চরিতম্ ঈশানুকথাঃ প্রোক্তাঃ, কথম্ভূতাঃ ? নানাখ্যানোপবৃংহিতাঃ ॥ ৫ ॥ অস্য দেহগতস্য আত্মনঃ জীবস্য "অবিদ্যা কর্ম্মসংজ্ঞান্যা তৃতীয়া শক্তিরিষ্যতে" ইতি বাক্যোক্তাভিঃ কর্ম্মসংজ্ঞাভিঃ শক্তিভিঃ সহ অনুশয়নং লয়ো নিরোধঃ, অন্যথারূপমাত্মত্বেন গৃহীতং দেহাদিরূপং কার্য্যকারণরূপ-প্রকৃতিসম্বন্ধং হিত্বা ভগবদ্ভাবাপন্নেন স্বরূপেণ ব্যবস্থিতির্মুক্তিঃ ॥ ৬ ॥ আভাসঃ আ সমন্তাৎ ভাসন-মাবির্ভবনমুৎপত্তিঃ নিরোধো লয়ঃ, চকারাৎ স্থিত্যাদিসংগ্রহঃ যতঃ অধ্যবসীয়তে শাস্ত্রদ্বারা জ্ঞায়তে স

একমেকতরাভাবে যদা নোপলভামহে।
ত্রিতয়ং তত্র যো বেদ স আত্মা স্বাশ্রয়াশ্রয়ঃ ॥ ৯ ॥

অন্বয়

আধ্যাত্মিক পুরুষ), [যঃ] অসৌ (ঐ চক্ষুরাদি ইন্দ্রিয়ের অধিষ্ঠাতা যে সূর্য্যাদি দেবতা) [সঃ] এব আধিদৈবিকঃ [পুরুষঃ] (তাহাই আধিদৈবিক পুরুষ), তত্র (তাহাদের মধ্যে) যঃ উভয়বিচ্ছেদঃ (যাহা আধ্যাত্মিক ও আধিদৈবিক এই উভয় ভিন্ন পাঞ্চভৌতিক দেহ) [সঃ] হি আধিভৌতিকঃ পুরুষঃ তাহাই আধিভৌতিক পুরুষ বলিয়া কথিত হইয়া থাকে) ॥ ৮ ॥

যদা একতরাভাবে (যখন [ইহাদের মধ্যে] একের অভাবে) একং ন উপলভামহে (অন্যের উপলব্ধি করিতে পারি না), তত্র (তখন) যঃ (যিনি) ত্রিতয়ং বেদ (আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিককে জানেন), সঃ আত্মা (তিনিই দেহেন্দ্রিয়াদির দ্রষ্টা জীব) ; [সেই জীব] স্বাশ্রয়াশ্রয়ঃ (ভগবদাশ্রয়) ॥ ৯ ॥

অনুবাদ

চক্ষুরাদি ইন্দ্রিয়ের অধিষ্ঠাতা সূর্য্যাদিই আধিদৈবিক পুরুষ এবং এই উভয় ভিন্ন পাঞ্চভৌতিক দেহই আধিভৌতিক পুরুষ বলিয়া অভিহিত হইয়া থাকে ॥ ৮ ॥

আধিভৌতিকদেহ ব্যতীত আধ্যাত্মিক চক্ষুরাদি করণসমূহ কার্য্যকারী হয় না ; আবার আধ্যাত্মিক করণসমূহ ব্যতীত তদধিষ্ঠাতা সূর্য্যাদি দেবগণও কার্য্যকারী হয় না এবং অধিষ্ঠাতা দেবগণ ব্যতীত করণাদিও প্রবর্ত্তিত হয় না ; করণবর্গ ব্যতীত আধিভৌতিক দেহেরও উপলব্ধি হয় না ; এই প্রকারে যখন ইহাদের একের অভাবে অন্যের উপলব্ধি হয় না, তখন যিনি আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক এই তিনটিকে জানেন, তিনিই দেহেন্দ্রিয়াদির দ্রষ্টা জীব ; এই জীবের আশ্রয় ভগবান্ ॥ ৯ ॥

টীকা

আশ্রয়ঃ, নন্বু তস্মিন্নাশ্রয়ে কিং প্রমাণমিত্যত আহ পরমিতি সর্ব্বোৎকৃষ্টত্বেন, ব্রহ্মেতি বৃহদ্‌গুণশক্ত্যাদ্যাশ্রয়ত্বেন, পরমাত্মেতি সর্ব্বাত্মত্বেন চ শব্দ্যতে অনাদিসিদ্ধেন শব্দেন বেদেন প্রতিপাদ্যতে ইত্যর্থঃ ॥ ৭ ॥ দেহাদ্যাত্মত্বস্য দেহাদিবিলক্ষণাত্মস্বরূপপ্রতিপাদনেনান্যথারূপত্বং দর্শয়ন্ স্বরূপেণাশ্রয়ে ব্যবস্থিতিং দর্শয়তি য ইতি দ্বাভ্যাম্। যোঽয়ং আত্মনি দেহে প্রসিদ্ধঃ চক্ষুরাদিকরণসমূহঃ স আধ্যাত্মিকঃ। যশ্চাসৌ চক্ষুরাদ্যধিষ্ঠাতৃভূতঃ সূর্য্যাদিসমূহঃ, স এব আধিদৈবিকঃ। যশ্চ উভয়বিচ্ছেদঃ উভয়ভিন্নঃ দেহঃ স আধিভৌতিকঃ পুরুষঃ স্মৃতঃ ॥ ৮ ॥ ন হি আধিভৌতিকং বিনা প্রতীত্যনুমেয় আধ্যাত্মিকঃ চক্ষুরাদিকরণসমূহঃ সিধ্যতি, নাপি তং বিনা তৎপ্রবৃত্তনুমেয়স্তদধিষ্ঠাতৃসমূহঃ, নাপি তং বিনা করণবর্গঃ প্রবর্ত্ততে, নাপি করণবর্গং বিনা দেহাদেরূপাত্ত্যুপলব্ধিঃ, এবং যদা একমেকতরাভাবে ন উপলভামহে ন সাক্ষাৎ কুর্ব্বামহে, তত্র তদা তৎ ত্রিতয়ং যো বেদ, স আত্মা দেহেন্দ্রিয়াদিদ্রষ্টা জীবঃ, তস্য স্বাতন্ত্র্যং বারয়িতুং হর্য্যধীনতামাহ—স্বাশ্রয়াশ্রয় ইতি। স্বাশ্রয়ো ভগবান্ আশ্রয়ো যস্য সঃ ॥ ৯ ॥

পুরুষোঽণ্ডং বিনির্ভিদ্য যদাসৌ স বিনির্গতঃ।
আত্মনোঽয়নমন্বিচ্ছন্নপোঽস্রাক্ষীচ্ছুচিঃ শুচীঃ ॥ ১০ ॥
তাস্ববাৎসীৎ স্বসৃষ্টাসু সহস্রং পরিবৎসরান্।
তেন নারায়ণো নাম যদাপঃ পুরুষোদ্ভবাঃ ॥ ১১ ॥

অন্বয়

[এক্ষণে প্রশ্নান্তরের উত্তরে সৃষ্টি বলিতেছেন] অসৌ সঃ পুরুষঃ (সেই বিরাট্ পুরুষ) যদা (যখন) অণ্ডং বিনির্ভিদ্য (অণ্ড ভেদ করিয়া) বিনির্গতঃ (বিনির্গত হইলেন), [তখন] আত্মনঃ (নিজের) অয়নং (স্থান) অন্বিচ্ছন্ (চিন্তা করিয়া) [যতঃ স্বয়ং] শুচিঃ (স্বয়ং বিশুদ্ধ বলিয়া) শুচীঃ অপঃ (পবিত্র জল) অস্রাক্ষীৎ (সৃষ্টি করিলেন) ॥ ১০ ॥

[ভগবান্] স্বসৃষ্টাসু (নিজসৃষ্ট) তাসু (সেই জলে) সহস্রং পরিবৎসরান্ (সহস্রবৎসর) অবাৎসীৎ (বাস করিয়াছিলেন)। তেন (সেই জলে বাস করিয়াছেন বলিয়া) নারায়ণঃ নাম [অভূৎ] (প্রসিদ্ধ নারায়ণ নামে অভিহিত হইয়াছেন), যৎ (যেহেতু) আপঃ (জল) পুরুষোদ্ভবাঃ (নর হইতে অর্থাৎ ভগবান্ হইতে উদ্ভূত বলিয়া নার) [সেই নারনামক জল ভগবানের আশ্রয় বলিয়া ভগবান্ নারায়ণ নামে অভিহিত হইয়াছেন] ॥ ১১ ॥

অনুবাদ

সেই বিরাট্ পুরুষ যখন অণ্ড ভেদ করিয়া বিনির্গত হইলেন, তখন আপনার আশ্রয়-স্থান চিন্তা করিয়া নিজে পবিত্র বলিয়া পবিত্র জল সৃষ্টি করিলেন ॥ ১০ ॥

সেই ভগবান্ স্বসৃষ্ট জলে সহস্রবৎসর বাস করিয়াছিলেন বলিয়া প্রসিদ্ধ নারায়ণ নামে অভিহিত হইয়াছেন। নর শব্দে সাক্ষাৎ ভগবান্‌কে বুঝায়, সেই নর হইতে উদ্ভূত বলিয়া জলকে নার বলা হয়, সেই নার নামক জল আশ্রয় বলিয়া ভগবান্ নারায়ণ নামে অভিহিত হইয়াছেন ॥ ১১ ॥

টীকা

এবং সর্গাদ্যর্থাৎ জীবস্য দেহাদিবিলক্ষণত্বং, ভগবতঃ আশ্রয়স্য স্বাশ্রয়ত্বং, জীবস্য হর্য্যধীনত্বং চ অভিধায় ইদানীং "যদুতাহং ত্বয়া পৃষ্টো বৈরাজাৎ পুরুষাদিদং। যথাসীত্তদুপাখ্যাস্যে" ইতি যদুক্তং তদুৎপত্তিপ্রকারমাহ—পুরুষ ইতি। অসৌ পুরুষঃ বৈরাজঃ অণ্ডং বিনির্ভিদ্য পৃথক্কৃত্য বিনির্গতঃ পৃথক্ স্থিত ইত্যর্থঃ। আত্মনোঽয়নং স্থানম্ অন্বিচ্ছন্ বিমৃশন্ যতঃ স্বয়ং শুচিঃ, অতঃ শুচীঃ শুদ্ধাঃ অপঃ গর্ভোদকসংজ্ঞা অস্রাক্ষীৎ সৃষ্টবান্ ॥ ১০ ॥ তাসু স্বসৃষ্টাসু অপ্সু সহস্রং পরিবৎসরান্ অবাৎসীৎ উবাস। তেন অপ্সু বাসেন নামেতি প্রসিদ্ধৌ নারায়ণশব্দবাচ্যোঽভূৎ। যদপি অস্মাদাপঃ পুরুষোদ্ভবাঃ পুরুষো নরঃ স্বয়ং ভগবান্ তদুদ্ভবা "নয়তীতি নরঃ প্রোক্তঃ পরমাত্মা সনাতন" ইতি শ্রীব্যাসবচনাৎ। তাঃ নারাঃ আপোঽয়নং যস্য স তথোক্তঃ, "আপো নারা ইতি প্রোক্তা আপো বৈ নরসূনবঃ। অয়নং তস্য তাঃ পূর্ব্বং তেন নারায়ণঃ স্মৃত" ইতি স্মৃতেশ্চ ॥ ১১ ॥

দ্রব্যং কর্ম্ম চ কালশ্চ স্বভাবো জীব এব চ।
যদনুগ্রহতঃ সন্তি ন সন্তি যদুপেক্ষয়া ॥ ১২ ॥
একো নানাত্বমন্বিচ্ছন্ যোগতল্পাৎ সমুত্থিতঃ।
বীর্য্যং হিরণ্ময়ং দেবো মায়য়া ব্যসৃজত্ত্রিধা।
অধিদৈবমথাধ্যাত্মমধিভূতমিতি প্রভুঃ ॥ ১৩ ॥

অন্বয়

দ্রব্যং (মহদাদি), কর্ম্ম চ (জীবাদৃষ্ট), কালঃ চ (গুণবৈষম্যহেতু), স্বভাবঃ (প্রকৃতির পরিণামিত্ব) জীবঃ চ (ও চেতন ভোক্তা) [ইহারা সকলে] যদনুগ্রহতঃ এব (নারায়ণের অনুগ্রহেই) সন্তি (কার্য্যকারী হইয়া থাকে), যদুপেক্ষয়া (নারায়ণের উপেক্ষায়) ন সন্তি (ইহারা কার্য্যকারী হয় না) ॥ ১২ ॥

অথ (অনন্তর) প্রভুঃ (সৃজনসমর্থ) একঃ (অবিভক্ত শরীর) দেবঃ (প্রকাশস্বভাব ভগবান্) নানাত্বং (অধিদৈবাদি বিভাগ) অন্বিচ্ছন্ (অভিলাষ করিয়া) যোগতল্পাৎ (স্বাত্মানুভবরূপ যোগশয্যা হইতে) সমুত্থিতঃ (সমুত্থিত হইয়া) মায়য়া (সংকল্পাত্মক জ্ঞানের দ্বারা) হিরণ্ময়ং বীর্য্যং (সৃজ্যমান পদার্থের মূলভূত প্রকাশস্বরূপ নিজ শরীর) অধিদৈবম্ অধ্যাত্মম্ অধিভূতম্ ইতি ত্রিধা (অধিদৈব, অধ্যাত্ম ও অধিভূত এই তিন প্রকারে) ব্যসৃজৎ (সৃষ্টি করিলেন) ॥ ১৩ ॥

অনুবাদ

[সেই নারায়ণের প্রভাব বর্ণিত হইতেছে] দ্রব্য—মহদাদিতত্ত্ব, কর্ম্ম—জীবাদৃষ্ট, কাল—গুণত্রয়ের বৈষম্যের কারণ, স্বভাব—প্রকৃতির পরিণামিত্ব, জীব—চেতন, ইহারা নারায়ণের অনুগ্রহে কার্য্যকারী হইয়া থাকে এবং নারায়ণের উপেক্ষায় ইহাদের কিছুই সামর্থ্য থাকে না ॥ ১২ ॥

অনন্তর একমাত্র সর্ব্বশক্তিশালী ভগবান্ অধিদৈবাদি বিভাগ অভিলাষ করিয়া স্বাত্মানুভবরূপ যোগশয্যা হইতে উত্থিত হইয়া সংকল্পাত্মক জ্ঞানের দ্বারা সৃজ্যমান পদার্থের মূলভূত প্রকাশস্বরূপ নিজ শরীর, অধিদৈব, অধ্যাত্ম ও অধিভূত এই তিন ভাগে সৃষ্টি করিলেন ॥ ১৩ ॥

টীকা

তৎপ্রভাবমাহ—দ্রব্যমিতি। দ্রব্যং মহদাদি, কর্ম্ম জীবাদৃষ্টং, কালঃ গুণবৈষম্যহেতুঃ, স্বভাবঃ প্রধানস্য পরিণামিত্বম্, জীবশ্চেতনঃ যস্য ভগবতঃ অনুগ্রহতঃ সন্তি কার্য্যকারিণো ভবন্তি, যদুপেক্ষয়া তু ন সন্তি কিমপি কর্ত্তুং নোৎসহন্তে, "যদৈতে সংহতা ভাবাঃ ভূতেন্দ্রিয়মনোগুণাঃ। যদায়তননির্ম্মাণে ন শেকুর্ব্রহ্মবিত্তমাঃ ॥ তদা সংহত্য চান্যোন্যং ভগবচ্ছক্তিচোদিতাঃ। সদসত্ত্বমুপাদায় চোভয়ং সসৃজুর্হ্যদ" ইতি পূর্ব্বোক্তেশ্চ ॥ ১২ ॥ দেবো দীপ্তিমান্, প্রভুঃ সমর্থঃ, একঃ অবিভক্তশরীরাবয়ব নানাত্বং আধিদৈবাদিবিভাগম্ অন্বিচ্ছন্ যোগঃ স্বাত্মানুভবরূপঃ এব তল্পঃ তস্মাদুত্থিতঃ বীর্য্যং বক্ষ্যমাণসৃজ্যপদার্থমূলভূতং হিরণ্ময়ং প্রকাশবহুবলম্ অবিভক্তাবয়বং শরীরং মায়য়া বয়ুনেন সঙ্কল্পমাত্রেণ

অথৈকং পৌরুষং বীর্য্যং ত্রিধাভিদ্যত তচ্ছৃণু ॥ ১৪ ॥
অন্তঃশরীর আকাশাৎ পুরুষস্য বিচেষ্টতঃ।
ওজঃ সহো বলং জজ্ঞে ততঃ প্রাণো মহানসুঃ ॥ ১৫ ॥
অনু প্রাণন্তি যং প্রাণাঃ প্রাণন্তং সর্ব্বজন্তুষু।
অপানন্তমপানন্তি নরদেবমিবানুগাঃ ॥ ১৬ ॥

অন্বয়

(পূর্ব্বশ্লোকার্থই পুনরায় বলিতেছেন) অথ (অনন্তর) [ভগবান্] পৌরুষং একং (সমষ্টিরূপ পুরুষাধিষ্ঠিত এক) বীর্য্যং (কারণশরীর) ত্রিধা (তিন প্রকারে) অভিদ্যত (বিভাগ করিলেন); তৎ শৃণু (তাহা তুমি শ্রবণ কর) ॥ ১৪ ॥

বিচেষ্টতঃ (শ্বাসপ্রশ্বাস বহনে চেষ্টাকারী) পুরুষস্য (বিরাট্‌পুরুষের) অন্তঃশরীরে (শরীরাভ্যন্তরে) আকাশাৎ (যে আকাশ, তাহা হইতে) ওজঃ (ইন্দ্রিয়শক্তি) সহঃ (মনঃশক্তি) বলং (ও দেহশক্তিরূপ-) প্রাণঃ [অভবৎ] (প্রাণ আবির্ভূত হইল); ততঃ (অনন্তর) মহান্ অসুঃ জজ্ঞে (মুখ্যপ্রাণ উৎপন্ন হইল) ॥ ১৫ ॥

নরদেবং অনু (রাজার পশ্চাৎ পশ্চাৎ) অনুগাঃ ইব (অনুগমনকারী ভৃত্যের ন্যায়) সর্ব্ব-জন্তুষু (সকল প্রাণীতে অবস্থিত) প্রাণাঃ (ইন্দ্রিয়সকল) যং প্রাণন্তম্ অনু (মুখ্য প্রাণ চেষ্টাকারী হইলে) প্রাণন্তি (স্বস্ব কার্য্যে প্রবৃত্ত হয় অর্থাৎ চেষ্টা করিয়া থাকে); অপানন্তম্ অনু (মুখ্যপ্রাণ চেষ্টাবিহীন হইলে) অপানন্তি (চেষ্টাবিহীন হইয়া থাকে) ॥ ১৬ ॥

অনুবাদ

ভগবান্ সমষ্টিরূপ পুরুষাধিষ্ঠিত এক কারণশরীর তিন ভাগে সৃষ্টি করিলেন; তাহা তুমি আমার নিকটে শ্রবণ কর ॥ ১৪ ॥

শ্বাসপ্রশ্বাস বহনে চেষ্টাকারী বিরাট্‌পুরুষের শরীরাভ্যন্তরে যে আকাশ, তাহা হইতে ইন্দ্রিয়শক্তি, মনঃশক্তি ও দেহশক্তিরূপ প্রাণ আবির্ভূত হইল। অনন্তর মুখ্যপ্রাণ উৎপন্ন হইল ॥১৫॥

রাজার পশ্চাৎ পশ্চাৎ অনুগমনকারী ভৃত্যগণ যেমন রাজা গমন করিলে অনু-গমন করে, বিরত হইলে বিরত হয়, সেইরূপ মুখ্য প্রাণ কার্য্যে প্রবৃত্ত হইলে সকল প্রাণিসমূহে অবস্থিত ইন্দ্রিয়গণও স্বস্ব কার্য্যে প্রবৃত্ত হইয়া থাকে এবং মুখ্য প্রাণ চেষ্টা-বিহীন হইলে তাহারাও চেষ্টাবিহীন হইয়া থাকে ॥ ১৬ ॥

টীকা

"অধিদৈবমধ্যাত্মমধিভূতমিতি ত্রিধা ব্যসৃজদি"তি সার্দ্ধশ্লোকো বাক্যম্ ॥ ১৩ ॥ অস্যৈব প্রপঞ্চঃ অথেত্যাদি। পৌরুষং পুরুষাধিষ্ঠিতম্ একং সমষ্টিরূপং, বীর্য্যং ব্যষ্টিকারণং ত্রিধা ভিদ্যত নিরভিদ্যত উদপদ্যত তচ্ছৃণু ॥ ১৪ ॥ পুরুষস্য বিচেষ্টতঃ প্রাণচেষ্টাং কুর্ব্বতঃ অন্তঃশরীরে যঃ আকাশঃ তস্মাৎ ওজঃ ইন্দ্রিয়শক্তিঃ, সহঃ মনঃশক্তি, বলং দেহশক্তিঃ, প্রাণঃ জজ্ঞে শক্তিত্রয়যুক্তঃ সমষ্টিপ্রাণোঽভব-দিত্যর্থঃ। ততো মহান্ মুখ্যঃ অসুঃ সর্ব্বেষাং প্রাণঃ জজ্ঞে জাতাবেকবচনম্ ॥ ১৫ ॥ তস্য মুখ্যতাং

প্রাণেনাক্ষিপতা ক্ষুত্তৃড়ন্তরা জায়তে বিভোঃ।
পিপাসতো জক্ষতশ্চ প্রাঙ্‌মুখং নিরভিদ্যত ॥ ১৭ ॥
মুখতস্তালু নির্ভিন্নং জিহ্বা তত্রোপজায়তে।
ততো নানারসো জজ্ঞে জিহ্বয়া যোঽধিগম্যতে ॥ ১৮ ॥
বিবক্ষোর্মুখতো ভূম্নো বহ্নির্বাগ্‌ব্যাহৃতং তয়োঃ।
জলে বৈ তস্য সুচিরং নিরোধঃ সমজায়ত ॥ ১৯ ॥

অন্বয়

অন্তরা (দেহমধ্যে) ক্ষিপতা প্রাণেন (প্রাণ সঞ্চালিত হওয়ায়) বিভোঃ (বিরাট্‌পুরুষের) ক্ষুৎ তৃট্ (ক্ষুধা তৃষ্ণা) জায়তে (জন্মিল)। [অনন্তর] পিপাসতঃ (পানেচ্ছু) জক্ষতঃ চ (ও ভোজনেচ্ছু বিরাট্‌পুরুষের) প্রাক্ (প্রথমে) মুখং নিরভিদ্যত (মুখ উৎপন্ন হইল) ॥ ১৭ ॥

মুখতঃ (মুখে) তালু (জিহ্বার অধিষ্ঠান) নির্ভিন্নম্ (উৎপন্ন হইল); তত্র (সেই তালুদেশে) জিহ্বা উপজায়তে (রসনেন্দ্রিয় উৎপন্ন হইল); ততঃ (অনন্তর) নানারসঃ জজ্ঞে (কটু, অম্ল প্রভৃতি নানা রস [এবং তদধিষ্ঠাত্রী দেবতা বরুণ] উৎপন্ন হইল)। যঃ (রস) জিহ্বয়া (রসনেন্দ্রিয়দ্বারা) অধিগম্যতে (উপলব্ধ হইয়া থাকে) ॥ ১৮ ॥

বিবক্ষোঃ (বাক্যোচ্চারণাভিলাষী) ভূম্নঃ (বিরাট্‌পুরুষের) মুখতঃ (মুখ হইতে) বহ্নিঃ

অনুবাদ

সেই বিরাট্‌পুরুষের দেহমধ্যে প্রাণ সঞ্চালিত হওয়ায় ক্ষুধা তৃষ্ণা জন্মিল। অনন্তর পানেচ্ছু ও ভোজনেচ্ছু বিরাট্‌পুরুষের প্রথমে মুখ উৎপন্ন হইল ॥ ১৭ ॥

অনন্তর সেই বিরাট্‌পুরুষের মুখে জিহ্বার অধিষ্ঠান তালু উৎপন্ন হইল এবং সেই তালুদেশে রসনেন্দ্রিয় জিহ্বা উৎপন্ন হইল। অনন্তর জিহ্বার উপভোগ্য নানাবিধ রস ও অধিষ্ঠাত্রী দেবতা বরুণ উৎপন্ন হইল। রসনেন্দ্রিয় দ্বারা রসের উপলব্ধি হইয়া থাকে ॥১৮॥

বাক্যোচ্চারণাভিলাষী সেই বিরাট্‌পুরুষের মুখ হইতে বাগভিমানিনী দেবতা অগ্নি,

টীকা

দর্শয়তি—নরদেবং রাজানং অনু অনুগা ইব সর্ব্বজন্তুষু যং মুখ্যং প্রাণং প্রাণন্তং চেষ্টাং কুর্ব্বন্তম্ অনু পশ্চাৎ প্রাণাঃ ইন্দ্রিয়াণি প্রাণন্তি চেষ্টাং কুর্ব্বন্তি। অপানন্তং চেষ্টাং ত্যজন্তম্ অনু অপানন্তি চেষ্টাং ত্যজন্তি ॥ ১৬ ॥ ক্ষিপতা ব্যাপ্রিয়মানেন প্রাণেন নিমিত্তেন বিভোঃ অন্তরা দেহমধ্যে ক্ষুৎ তৃট্ জায়তেস্ম। ততঃ পিপাসতঃ পাতুমিচ্ছতঃ জক্ষতঃ ভক্ষয়িতুমিচ্ছতঃ প্রাক্ প্রথমং মুখং নিরভিদ্যত বিভক্তমভূৎ; পুরুষস্য উৎপন্নৈর্মুখাদিভিঃ অবয়বৈঃ জনাদিকান্ জনাদিভ্যশ্চ পুরুষস্য মুখাদ্যবয়বান্ বিজানীহীতি অষ্টমে পৃষ্টোঽবিরোধপ্রকারোঽপি সূচিতঃ ॥ ১৭ ॥ মুখতঃ মুখে তালু অধিষ্ঠানং নির্ভিন্নং বিভক্তং, তত্র তালুনি জিহ্বা ইন্দ্রিয়মুপজায়তে স্ম। ততঃ নানাকট্বম্লমধুরাদিভেদবান্ রসো বিষয়ঃ বরুণশ্চ দেবতা জ্ঞেয়া। এবং সর্ব্বত্রাধিষ্ঠানমিন্দ্রিয়ং, দেবতা, বিষয়ঃ ইত্যেতৎ চতুষ্টয়মনুক্তমপ্যূহ্যম্ ॥ ১৮ ॥ ভূম্নো বিবক্ষোর্বক্তুমিচ্ছোর্মুখতো মুখাদেব বহ্নিঃ বাগভিমানিনী দেবতা বাগিন্দ্রিয়ং তয়োর্বাগ্‌বহ্নোর্ব্যাপাররূপং ব্যাহৃতং ভাষণং চাভূদিত্যর্থঃ। তস্য ব্যাহৃতস্য জলে নিরোধঃ সমজায়ত ॥ ১৯ ॥

নাসিকে নিরভিদ্যেতাং দোধূয়তি নভস্বতি।
তত্র বায়োর্গন্ধবহো ঘ্রাণো নসি জিঘৃক্ষতঃ ॥ ২০ ॥
যদাত্মনি নিরালোকমাত্মানঞ্চ দিদৃক্ষতঃ।
নির্ভিন্নে অক্ষিণী তস্য জ্যোতিশ্চক্ষুর্গুণগ্রহঃ ॥ ২১ ॥

অন্বয়

(বাগভিমানিনী দেবতা), বাক্ (বাগিন্দ্রিয়) তয়োঃ (এবং বহ্নি ও বাগিন্দ্রিয়ের) ব্যাহৃতং (ব্যাপাররূপ বাক্য) [উৎপন্ন হইল]। তস্য বৈ (সেই বাক্যের) সুচিরং (সুদীর্ঘকাল) জলে নিরোধঃ সমজায়ত (জলে নিরোধ হইল) ॥ ১৯ ॥

[বিরাট্‌পুরুষের] নভস্বতি (প্রাণবায়ু) দোধূয়তি (পুনঃ পুনঃ স্পন্দনযুক্ত হইলে) নাসিকে (নাসাপুট-দ্বয়) নিরভিদ্যেতাম্ (উৎপন্ন হইল); [অনন্তর] জিঘৃক্ষতঃ (গন্ধগ্রহণেচ্ছু বিরাট্‌পুরুষের) তত্র নসি (সেই নাসাপুটে) বায়ুঃ (বায়ুদেবতা), গন্ধবহঃ (গন্ধবিষয় বায়ু) ঘ্রাণঃ (ও ঘ্রাণেন্দ্রিয়) [উৎপন্ন হইল] ॥ ২০ ॥

যদা (যে সময়ে) আত্মনি (বিরাট্‌পুরুষের দেহে) নিরালোকং (আলোকের অভাব হইয়াছিল), [তখন] আত্মানং দিদৃক্ষতঃ (নিজকে দেখিতে অভিলাষী) তস্য (সেই বিরাট্‌পুরুষের) অক্ষিণী (অধিষ্ঠান-স্থান চক্ষুদ্বয়) নির্ভিন্নে (উৎপন্ন হইল)। [অনন্তর সেই স্থানে] জ্যোতিঃ (অধিষ্ঠাত্রী দেবতা সূর্য্য), চক্ষুঃ (চক্ষুরিন্দ্রিয়) গুণগ্রহঃ চ (ও বিষয়স্থানীয় রূপ-দর্শন উৎপন্ন হইল) ॥ ২১ ॥

অনুবাদ

বাগিন্দ্রিয় ও তাহাদের ব্যাপারভূত বাক্য উৎপন্ন হইল। সেই বাগ্‌ব্যাপার সুদীর্ঘকাল জলে অবরুদ্ধ রহিল ॥ ১৯ ॥

অনন্তর বিরাট্‌পুরুষের প্রাণবায়ু স্পন্দনযুক্ত হইলে নাসাপুটদ্বয় উৎপন্ন হইল। পরে গন্ধগ্রহণেচ্ছু বিরাট্‌পুরুষের সেই নাসাপুটে বিষয়স্থানীয় গন্ধবহ বায়ু, ঘ্রাণেন্দ্রিয় ও তদধিষ্ঠাত্রী বায়ুদেবতা উৎপন্ন হইল ॥ ২০ ॥

যে সময়ে বিরাট্‌পুরুষের দেহে আলোকের অভাব হইয়াছিল তখন নিজকে দেখিতে অভিলাষী সেই বিরাট্‌পুরুষের চক্ষুদ্বয়ের অধিষ্ঠানস্থান উৎপন্ন হইল। অনন্তর সেই স্থানে অধিষ্ঠাত্রী দেবতা সূর্য্য, চক্ষুরিন্দ্রিয় ও বিষয়স্থানীয় রূপ-দর্শন জন্মিল ॥২১॥

টীকা

নভস্বতি প্রাণে দোধূয়তি অত্যন্তং স্বব্যাপারং কুর্ব্বতি সতি নাসিকে নাসাপুটে নিরভিদ্যেতাম্। তত্র নসি নাসিকায়াং বায়ুর্দেবতা গন্ধং বহতীতি গন্ধবহঃ, অনেন গন্ধবিষয়ো দর্শিতঃ। জিঘৃক্ষতঃ গন্ধং গ্রহীতুমিচ্ছতঃ ঘ্রাণেন্দ্রিয়মভূৎ ॥ ২০ ॥ যদা আত্মনি দেহে নিরালোকম্ আলোকাভাব আসীৎ, অর্থাভাবে অব্যয়ীভাবঃ। তদা আত্মানং দেহং দিদৃক্ষতঃ পুরুষস্য অক্ষিণী অধিষ্ঠানভূতে নির্ভিন্নে, তত্র জ্যোতিরাদিত্যো দেবতা চ চক্ষুরিন্দ্রিয়মভূৎ। গুণগ্রহঃ রূপগ্রহণহেতুঃ, অনেন রূপং বিষয়ো দর্শিতঃ ॥ ২১ ॥ ঋষিভির্বৈদৈ-

বোধ্যমানস্য ঋষিভিরাত্মনস্তজ্জিঘৃক্ষতঃ।
কর্ণৌ চ নিরভিদ্যেতাং দিশঃ শ্রোত্রং গুণগ্রহঃ ॥ ২২ ॥
বস্তনো মৃদুকাঠিন্য-লঘুগুর্ব্বোষ্ণশীততাম্।
জিঘৃক্ষতস্ত্বঙ্ নির্ভিন্না তস্যাং রোমমহীরুহাঃ।
তত্র চান্তর্ব্বহির্ব্বাতস্ত্বচা লব্ধগুণো বৃতঃ ॥ ২৩ ॥

অন্বয়

ঋষিভিঃ (বেদকর্ত্তৃক) বোধ্যমানস্য (প্রবোধ্যমান বিরাট্‌পুরুষের) আত্মনঃ তৎ (নিজের সেই প্রবোধন অর্থাৎ স্তুতি) জিঘৃক্ষতঃ (শ্রবণ করিতে ইচ্ছা হইলে তাঁহার) কর্ণৌ নিরভিদ্যেতাম্ (অধিষ্ঠানস্থান কর্ণদ্বয় উৎপন্ন হইল)। [অনন্তর] দিশঃ (অধিষ্ঠাত্রী দেবতা দিক্‌সমূহ), শ্রোত্রং (শ্রবণেন্দ্রিয়) গুণগ্রহঃ চ (ও বিষয় শব্দশ্রবণ জন্মিল)॥ ২২ ॥

বস্তনঃ (দ্রব্যের) মৃদুকাঠিন্যলঘুগুর্ব্বোষ্ণশীততাম্ (মৃদুতা, কাঠিন্য, লঘুত্ব, গুরুত্ব, ঈষদুষ্ণতা ও শৈত্যধর্ম্ম) জিঘৃক্ষতঃ (গ্রহণেচ্ছু বিরাট্‌পুরুষের) ত্বক্ নির্ভিন্না (অধিষ্ঠানস্থান চর্ম্ম উৎপন্ন হইল); তস্যাং (সেই ত্বগিন্দ্রিয়াধিষ্ঠান চর্ম্মে) রোম (ত্বগিন্দ্রিয় ও কণ্ডূতির সহিত স্পর্শ) মহীরুহাঃ (এবং অধিষ্ঠাত্রী দেবতা বৃক্ষ সকল) [উৎপন্ন হইল]। তত্র (সেই ত্বগিন্দ্রিয়াধিষ্ঠান চর্ম্মে) অন্তর্ব্বহিঃ চ (অন্তরে ও বাহিরে) ত্বচা (ত্বগিন্দ্রিয়কর্ত্তৃক) লব্ধগুণঃ বাতঃ (গৃহীত স্পর্শগুণযুক্ত বায়ুদেবতা) বৃতঃ (আবরণ করিয়া রহিয়াছে)॥ ২৩ ॥

অনুবাদ

বেদকর্ত্তৃক প্রবোধ্যমান অর্থাৎ স্তুত বিরাট্‌পুরুষের সেই স্তব শ্রবণ করিতে ইচ্ছা হইলে তাঁহার অধিষ্ঠানস্থান কর্ণদ্বয় উৎপন্ন হইল। অনন্তর অধিষ্ঠাত্রী দেবতা দিক্‌সমূহ, শ্রবণেন্দ্রিয় ও বিষয় শব্দশ্রবণ উৎপন্ন হইল ॥ ২২ ॥

দ্রব্যের মৃদুতা, কাঠিন্য, লঘুত্ব, গুরুত্ব, ঈষদুষ্ণতা ও শৈত্যধর্ম্ম গ্রহণেচ্ছু বিরাট্‌পুরুষের ত্বগিন্দ্রিয়ের অধিষ্ঠান চর্ম্ম উৎপন্ন হইল। অনন্তর তাহাতে ত্বগিন্দ্রিয় এবং ত্বগিন্দ্রিয়ের বিষয়-স্থানীয় কণ্ডূতির সহিত স্পর্শ ও অধিষ্ঠাত্রী দেবতা বৃক্ষসকল উৎপন্ন হইল। [এক্ষণে সেই ত্বগিন্দ্রিয়েরই বিষয়ভেদে দেবতা ভেদ বলিতেছেন] ত্বগিন্দ্রিয়কর্ত্তৃক গৃহীত স্পর্শ-গুণযুক্ত বায়ুদেবতা সেই ত্বগিন্দ্রিয়াধিষ্ঠান চর্ম্মে অন্তরে ও বাহিরে আবৃত রহিয়াছে। অর্থাৎ পূর্ব্বপক্ষে কণ্ডূতির সহিত স্পর্শগুণ বিষয় ও বৃক্ষসকল দেবতা; পরপক্ষে কেবল স্পর্শগুণ বিষয় ও বায়ু দেবতা॥ ২৩ ॥ *

টীকা

বোধ্যমানস্য তৎ আত্মনঃ প্রবোধনং গ্রহীতুমিচ্ছতঃ কর্ণৌ অধিষ্ঠানভূতে নিরভিদ্যেতাম্। দিশঃ দেবতা, গুণগ্রহঃ শব্দগ্রহণহেতুঃ, শ্রোত্রমিন্দ্রিয়ং নিরভিদ্যত ॥ ২২ ॥ বস্তনঃ ধর্ম্মিণঃ মৃদুত্বং কাঠিন্যং চ

* এই শ্লোকে "রোম" শব্দের লক্ষণার আশ্রয় লইয়া শ্রীশুকদেব (টীকায়) "অধিষ্ঠান চর্ম্ম" অর্থ গ্রহণ করিয়াছেন ও "ত্বক্" শব্দে "ত্বগিন্দ্রিয়" অর্থ করিয়াছেন। কিন্তু শ্রীধরস্বামী "রোম" শব্দের অর্থ ত্বগিন্দ্রিয় করিয়াছেন ও "ত্বক্" শব্দে "অধিষ্ঠান চর্ম্ম" এই অর্থ করিয়াছেন। আমরা সিদ্ধান্তের কোন হানি নাই বলিয়া পূর্ব্বাপর সামঞ্জস্য রক্ষার নিমিত্ত শ্রীধরস্বামীর মতে অন্বয় ও অনুবাদ করিলাম।

হস্তৌ রুরুহতুস্তস্য নানাকর্ম্মচিকীর্ষয়া।
তয়োস্তু বলবানিন্দ্র আদানমুভয়াশ্রয়ম্॥ ২৪ ॥
গতিং জিগীষতঃ পাদৌ রুরুহাতেঽভিকামিকাম্।
পদ্ভ্যাং যজ্ঞঃ স্বয়ং হব্যং কর্ম্মভিঃ ক্রিয়তে নৃভিঃ ॥ ২৫ ॥

অন্বয়

তস্য (সেই বিরাট্‌পুরুষের) নানাকর্ম্মচিকীর্ষয়া (বহুবিধ কর্ম্ম করিবার ইচ্ছায়) হস্তৌ (হস্তদ্বয়) রুরুহতুঃ (উৎপন্ন হইল)। তয়োঃ তু (সেই হস্তদ্বয়ে) বলবান্ (হস্তেন্দ্রিয়যুক্ত) ইন্দ্রঃ (অধিষ্ঠাত্রী দেবতা ইন্দ্র) উভয়াশ্রয়ম্ আদানং (এবং ইন্দ্রিয় ও ইন্দ্রিয়াধিষ্ঠাত্রী দেবতার অধীন বিষয়স্থানীয় গ্রহণ) [উৎপন্ন হইল] ॥ ২৪ ॥

অভিকামিকাম্ (ইচ্ছানুরূপ) গতিং (গমন) জিগীষতঃ (করিতে অভিলাষী বিরাট্‌পুরুষের) পাদৌ রুরুহাতে (অধিষ্ঠানভূত পাদদ্বয় উৎপন্ন হইল)। স্বয়ং যজ্ঞঃ (অধিষ্ঠাত্রী দেবতা বিষ্ণু) পদ্ভ্যাং (পাদেন্দ্রিয়ের সহিত) [উহাতে অবস্থান করিলেন ; যজ্ঞার্থ দ্রব্য তাহার বিষয়। জীবেও এই প্রকার তাহাই বলিতেছেন] নৃভিঃ (জীবগণকর্ত্তৃক) কর্ম্মভিঃ (পাদেন্দ্রিয়ব্যাপারের দ্বারা গমন করিয়া) হব্যং (যজ্ঞার্থ দ্রব্য) ক্রিয়তে (আহৃত হইয়া থাকে) ॥ ২৫ ॥

অনুবাদ

সেই বিরাট্‌পুরুষের বহুবিধ কর্ম্ম করিবার ইচ্ছা হওয়ায় অধিষ্ঠানভূত হস্তদ্বয় উৎপন্ন হইল। সেই হস্তদ্বয়ে গ্রহণেন্দ্রিয়, অধিষ্ঠাত্রী দেবতা ইন্দ্র ও তাহাদের আশ্রয় বিষয়স্থানীয় গ্রহণ উৎপন্ন হইল ॥ ২৪ ॥

ইচ্ছানুরূপ গমনাভিলাষী বিরাট্‌পুরুষের অধিষ্ঠানভূত পাদদ্বয় উৎপন্ন হইল। তাহাতে পাদেন্দ্রিয় ও অধিষ্ঠাত্রী দেবতা বিষ্ণু অবস্থান করিলেন ; যজ্ঞার্থ দ্রব্য তাঁহার বিষয়। জীবগণও পাদেন্দ্রিয়ের ব্যাপারের দ্বারা গমন করিয়া যজ্ঞার্থ দ্রব্য আহরণ করিয়া থাকে ॥ ২৫ ॥

টীকা

লঘুত্বং গুরুত্বং ঔষ্ণ্যং ঈষদুষ্ণত্বং চ শীতত্বঞ্চ ইত্যেতান্ ধর্ম্মান্ জিঘৃক্ষতঃ গ্রহীতুমিচ্ছতঃ ত্বগিন্দ্রিয়ং নির্ভিন্না। তস্যাং ত্বচি ত্বগিন্দ্রিয়ে নির্ভিন্নে তদধিষ্ঠানভূতানি রোমাণি, কার্য্যকারণয়োরভেদবিবক্ষয়া চর্ম্মাণি, তত্র বহিঃ কণ্ডূতি সহিতে স্পর্শে ত্বগিন্দ্রিয়েন গৃহ্যমানে সহায়ভূতাঃ দেবতাঃ মহীরুহাশ্চোৎপন্নাঃ, অন্তর্বহিশ্চ স্পর্শগ্রহণে বা তদ্দেবতামাহ তত্রেতি। তত্র তেষু শব্দোদিতেষু চর্ম্মসু অন্তর্বহিশ্চ বাতঃ আবৃত্যা স্থিতঃ, কর্ত্তরি নিষ্ঠা। কথম্ভূতঃ? ত্বচা লব্ধো গুণঃ স্পর্শো যেন স তথোক্তঃ। "ত্বচমস্য বিনির্ভিন্নাং বিবিশুর্ধিষ্ণ্যমোষধীঃ। অংশেন রোমভিঃ কণ্ডুং যৈরসৌ প্রতিপদ্যতে॥ নির্ভিন্নান্যস্য চর্ম্মাণি লোকপালোঽনিলোঽবিশৎ। প্রাণেনাংশেন সংস্পর্শং যেনাসৌ প্রতিপদ্যতে" ইতি বক্ষ্যমাণাচ্চ। বহ্বৃচশ্রুতৌ ত্বেক এবাংশো নির্দ্দিষ্টঃ, ত্বঙ নিরভিদ্যত, ত্বচো লোমানি, লোমভ্য ওষধিবনস্পতয় ইতি ॥ ২৩ ॥ তস্য পুরুষস্য নানাকর্ম্মচিকীর্ষয়া হস্তৌ স্থানভূতৌ রুরুহতুর্নির্ভিন্নৌ। তয়োর্হস্তয়োঃ বলবান্ আদানহেতুঃ পাণিসংজ্ঞকমিন্দ্রিয়মিত্যর্থঃ। ইন্দ্রঃ দেবতা তদুভয়াশ্রয়ম্ আদানং কর্ম্ম ॥ ২৪ ॥ অভিকামিকাম্ ইচ্ছানুরূপাং গতিং জিগীষতঃ পুরুষস্য পাদৌ রুরুহাতে নির্ভিন্নৌ "যজ্ঞো বৈ বিষ্ণুরি"তি শ্রুতেঃ, যজ্ঞো বিষ্ণুঃ স্বয়মধিষ্ঠাতা

নিরভিদ্যত শিশ্নো বৈ প্রজানন্দামৃতার্থিনঃ।
উপস্থ আসীৎ কামানাং প্রিয়ং তদুভয়াশ্রয়ম্ ॥ ২৬ ॥
উৎসিস্নক্ষোর্ধাতুমলং নিরভিদ্যত বৈ গুদম্।
ততঃ পায়ুস্ততো মিত্র উৎসর্গ উভয়াশ্রয়ঃ ॥ ২৭ ॥
আসিস্নপ্সোঃ পুরঃ পুর্য্যা নাভিদ্বারমপানতঃ।
তত্রাপানস্ততো মৃত্যুঃ পৃথক্ত্বমুভয়াশ্রয়ম্ ॥ ২৮ ॥

অন্বয়

প্রজানন্দামৃতার্থিনঃ (সন্তানের নিমিত্ত রতি ও তাহার ফলে পুত্রাদিদ্বারা স্বর্গাদি লোকাভিলাষী বিরাট্‌পুরুষের) শিশ্নঃ (উপস্থেন্দ্রিয়াধিষ্ঠান) নিরভিদ্যত বৈ (উৎপন্ন হইল)। উপস্থঃ [প্রজাপতিশ্চ] আসীৎ (তাহাতে উপস্থেন্দ্রিয় ও তদধিষ্ঠাত্রী দেবতা প্রজাপতি উৎপন্ন হইল) তদুভয়াশ্রয়ম্ (এবং উপস্থেন্দ্রিয় ও তদধিষ্ঠাত্রী দেবতার আশ্রয়) কামানাং প্রিয়ং (স্ত্রীসম্ভোগসুখ) [উৎপন্ন হইল]॥ ২৬ ॥

ধাতুমলং (ভুক্তান্নের অসারাংশ) উৎসিস্নক্ষোঃ (পরিত্যাগ করিতে অভিলাষী বিরাট্‌পুরুষের) গুদম্ (পায়ু-ইন্দ্রিয়াধিষ্ঠান গুহ্য) নিরভিদ্যত বৈ (উৎপন্ন হইল), ততঃ (তাহাতে) পায়ুঃ (পায়ু ইন্দ্রিয়), ততঃ (তাহার) মিত্রঃ (অধিষ্ঠাত্রী দেবতা মিত্র) উভয়াশ্রয়ঃ (ও উভয়াধীন বিষয়) উৎসর্গঃ (মলত্যাগ) [উৎপন্ন হইল]॥ ২৭ ॥

পুর্য্যাঃ (শরীর হইতে) পুরঃ (শরীরান্তরে) আসিস্নপ্সোঃ (সম্যক্‌রূপে গমনেচ্ছু বিরাট্‌পুরুষের) নাভিদ্বারম্ (নাভিদ্বার উৎপন্ন হইল)। তত্র অপানতঃ (নির্গমনকারী তাহাতে) অপানঃ (অপানেন্দ্রিয়

অনুবাদ

সন্তানের নিমিত্ত রতি ও তাহার ফলে পুত্রাদি দ্বারা স্বর্গাদি লোকলাভেচ্ছু বিরাট্‌-পুরুষের উপস্থেন্দ্রিয়াধিষ্ঠান উৎপন্ন হইল এবং তাহাতে উপস্থেন্দ্রিয় ও অধিষ্ঠাত্রী দেবতা প্রজাপতি উৎপন্ন হইল। অনন্তর উভয়ের বিষয় স্ত্রীসম্ভোগসুখও উৎপন্ন হইল ॥ ২৬ ॥

ভুক্তান্নের অসারাংশ পরিত্যাগ করিতে অভিলাষী বিরাট্‌পুরুষের পায়ু-ইন্দ্রিয়ের অধিষ্ঠান গুহ্য উৎপন্ন হইল। তাহাতে পায়ু-ইন্দ্রিয়, তাহার অধিষ্ঠাত্রী দেবতা মিত্র এবং ইহাদের আশ্রয় বিষয়স্থানীয় মলত্যাগ উৎপন্ন হইল ॥ ২৭ ॥

শরীর হইতে শরীরান্তরে সম্যক্‌রূপে গমনেচ্ছু বিরাট্‌পুরুষের নাভিদ্বার উৎপন্ন

টীকা

পদ্ভ্যাং পাদেন্দ্রিয়েণ সহ অবস্থিতঃ। পদ্ভ্যামিতি দ্বিবচনং পাদেন্দ্রিয়স্য পাদদ্বয়গতত্বাৎ। ব্যষ্টিজীবেষ্বপি ইয়মেব গতিরিতি দর্শয়তি—নৃভিঃ ব্যষ্টিজীবৈঃ কর্ম্মভিঃ পাদেন্দ্রিয়ব্যাপারৈঃ হব্যার্থং যজ্ঞার্থং দ্রব্যং ক্রিয়তে ॥ ২৫ ॥ প্রজানন্দামৃতার্থিন ইতি প্রজায়ৈ সদপত্যায় আনন্দো রতিঃ, তেনামৃতময়ত্বহেতুকলোকাদি তদর্থিনঃ শিশ্নঃ অধিষ্ঠানং নিরভিদ্যত। উপস্থঃ ইন্দ্রিয়ং প্রজাপতিরধিষ্ঠাতা চ আসীদিত্যনুক্তমপ্যূহ্যম্। কামানাং স্ত্রীসম্ভোগানাং সম্বন্ধি যৎ প্রিয়ং সুখং তৎ উভয়াশ্রয়ম্ উপস্থপ্রজাপত্যাশ্রয়ম্, শিশ্নোপস্থাশ্রয়ং বা ॥ ২৬ ॥ ধাতুমলং ভুক্তান্নানামসারাংশম্ উৎসিস্নক্ষোঃ ত্যক্তুমিচ্ছোঃ গুদমধিষ্ঠানং নিরভিদ্যত। ততো গুদতঃ পায়ু ইন্দ্রিয়ং, মিত্রঃ অধিষ্ঠাতা, উভয়াশ্রয়ঃ গুদপায্বাশ্রয়ঃ উৎসর্গঃ ত্যাগঃ ॥ ২৭ ॥ পুর্য্যাঃ শরীরাৎ পরঃ

আদিৎসোরন্নপানানামাসন্ কুক্ষ্যন্ত্রনাড়য়ঃ।
নদ্যঃ সমুদ্রাশ্চ তয়োস্তুষ্টিঃ পুষ্টিস্তদাশ্রয়ে ॥ ২৯ ॥
নিদিধ্যাসোরাত্মমায়াং হৃদয়ং নিরভিদ্যত।
ততো মনশ্চন্দ্র ইতি সঙ্কল্পঃ কাম এব চ ॥ ৩০ ॥

অন্বয়

বায়ু উৎপন্ন হইল)। ততঃ (অনন্তর তাহার) মৃত্যুঃ (অধিষ্ঠাত্রী দেবতা মৃত্যু) উভয়াশ্রয়ং পৃথক্ত্বম্ (এবং উভয়ের অধীন বিষয় শরীরত্যাগ উৎপন্ন হইল) ॥ ২৮ ॥

অন্নপানানাম্ আদিৎসোঃ (অন্ন ও পানীয় গ্রহণেচ্ছু বিরাট্পুরুষের) কুক্ষ্যন্ত্রনাড়য়ঃ আসন্ (কুক্ষি, অন্ত্র ও নাড়ীসমূহ উৎপন্ন হইল), [ইহাদের মধ্যে কুক্ষি অধিষ্ঠান এবং অন্ত্র অন্নসংগ্রহে ইন্দ্রিয়স্থানীয় করণ ও নাড়ীপানসংগ্রহে ইন্দ্রিয়স্থানীয় করণ] তয়োঃ (ইন্দ্রিয়স্থানীয় অন্ত্র ও নাড়ীর) নদ্যঃ সমুদ্রাঃ চ (অধিষ্ঠাত্রী দেবতা নদী ও সমুদ্র সকল) তদাশ্রয়ে (ও উভয়াধীন) তুষ্টিঃ পুষ্টিঃ (উদরপূরণ ও স্থূলতারূপ বিষয়) [উৎপন্ন হইল] ॥ ২৯ ॥

আত্মমায়াং নিদিধ্যাসোঃ (প্রকৃতিকে চিন্তা করিতে অভিলাষী বিরাট্পুরুষের) হৃদয়ং নিরভিদ্যত (অধিষ্ঠানস্থান হৃদয় উৎপন্ন হইল)। ততঃ (তাহাতে) মনঃ (মন) চন্দ্রঃ ইতি (ও অধিষ্ঠাত্রী দেবতা চন্দ্র) [উৎপন্ন হইল]। [অনন্তর] সঙ্কল্পঃ কামঃ চ এব (বিষয় স্থানীয় সঙ্কল্প ও অভিলাষ উৎপন্ন হইল) ॥ ৩০ ॥

অনুবাদ

হইল এবং তাহাতে অপানেন্দ্রিয় বায়ু, অধিষ্ঠাত্রী দেবতা মৃত্যু ও উভয়াধীন বিষয় শরীরত্যাগ উৎপন্ন হইল ॥ ২৮ ॥

অন্ন ও পানীয় গ্রহণেচ্ছু বিরাট্পুরুষের অধিষ্ঠানভূত কুক্ষি এবং ইন্দ্রিয়স্থানীয় অন্ত্র ও নাড়ীসমূহ উৎপন্ন হইল। (অন্ত্র অন্নসংগ্রহে ও নাড়ী পানসংগ্রহে ইন্দ্রিয়স্থানীয় করণ)। অনন্তর উভয়ের অধিষ্ঠাত্রী দেবতা যথাক্রমে নদী ও সমুদ্র সকল এবং বিষয়স্থানীয় উদরপূর্ত্তি ও স্থূলতা উৎপন্ন হইল ॥ ২৯ ॥

শরীরাদিরূপে ভোগ্যা প্রকৃতিকে চিন্তা করিতে অভিলাষী বিরাট্পুরুষের অধিষ্ঠান হৃদয় উৎপন্ন হইল। তাহাতে মন, অধিষ্ঠাত্রী দেবতা চন্দ্র এবং বিষয়স্থানীয় সঙ্কল্প ও অভিলাষ উৎপন্ন হইল ॥ ৩০ ॥

টীকা

শরীরান্তরাণি আসিস্থপ্সোঃ সর্ব্বতঃ অপসর্পিতুমিচ্ছোঃ নাভিদ্বারং নিরভিদ্যত। তত্র অপানাৎ অপসর্পতঃ প্রাণসংযোগং হিত্বা অপগচ্ছতঃ উভয়াশ্রয়ম্ অন্যোন্যবিযুক্তপ্রাণাপানাশ্রয়ম্, শরীরাৎ শরীরিণঃ পৃথক্ত্বং তদেব মৃত্যুরিত্যুচ্যতে, নাভ্যাদীন্যধিষ্ঠানাদীনি ॥ ২৮ ॥ অন্নাদ্যাদিৎসোঃ সংগ্রহেচ্ছোঃ কুক্ষাদ্যাসন্ অভুবন্, তত্র কুক্ষিরধিষ্ঠানং, অন্ত্রাণি অন্নসংগ্রহে করণমিন্দ্রিয়স্থানীয়ং, নাড্যস্তু পানসংগ্রহে। তয়োর্নাড্যন্ত্রবর্গয়োঃ ক্রমেণ নদ্যঃ সমুদ্রাশ্চ দেবতে। তুষ্টিঃ উদরভরণানন্তরমলংবুদ্ধিঃ, পুষ্টিস্তু রসপরিণামতঃ স্থৌল্যম্, তদাশ্রয়ে নদীসমুদ্রাশ্রয়ে, তত্রায়াং বিবেকঃ—অন্নাদিৎসোঃ কুক্ষ্যন্ত্রসমুদ্রপুষ্টয়ঃ স্থানকরণাধিষ্ঠাতৃবিষয়াঃ, পানাদিৎসোঃ কুক্ষিনাড়ীনদীতুষ্টয়ঃ স্থানকরণাধিষ্ঠাতৃবিষয়াঃ ॥ ২৯ ॥ আত্মমায়াং প্রকৃতিশরীরাদিরূপেণ ভোগ্যাং

ত্বক্‌চর্ম্মমাংসরুধির-মেদোমজ্জাস্থিধাতবঃ।
ভূম্যপ্‌তেজোময়াঃ সপ্ত প্রাণো ব্যোমাম্বুবায়ুভিঃ ॥ ৩১ ॥
গুণাত্মকানীন্দ্রিয়াণি ভূতাদিপ্রভবা গুণাঃ।
মনঃ সর্ব্ববিকারাত্মা বুদ্ধির্ব্বিজ্ঞানরূপিণী ॥ ৩২ ॥

অন্বয়

[বিরাট্‌পুরুষের] ত্বক্‌চর্ম্মমাংসরুধিরমেদোমজ্জাস্থিধাতবঃ সপ্ত (ত্বক্, চর্ম্ম, মাংস, রুধির, মেদ, মজ্জা ও অস্থি এই সপ্ত ধাতু) ভূম্যপ্‌তেজোময়াঃ (ক্ষিতি, অপ্ ও তেজ হইতে উৎপন্ন হইয়াছে) প্রাণঃ ব্যোমাম্বুবায়ুভিঃ [সম্পন্নঃ] (এবং প্রাণ আকাশ, জল ও বায়ুদ্বারা উৎপন্ন হইয়াছে) ॥ ৩১ ॥

ইন্দ্রিয়াণি (ইন্দ্রিয় সকল) গুণাত্মকানি (শব্দাদিগুণাভিমুখী); গুণাঃ (শব্দাদিগুণ সকল) ভূতাদিপ্রভবাঃ (তামসাহঙ্কার হইতে সমুৎপন্ন হইয়াছে); মনঃ (মন) সর্ব্ববিকারাত্মা (সকল বিকারের কারণ) বুদ্ধিঃ বিজ্ঞানরূপিণী (ও বুদ্ধি বিজ্ঞানস্বরূপা) ॥ ৩২ ॥

অনুবাদ

[বিরাট্‌পুরুষের] ত্বক্, চর্ম্ম, মাংস, রুধির, মেদ, মজ্জা ও অস্থি এই সপ্ত ধাতু ক্ষিতি, অপ্, ও তেজ হইতে উৎপন্ন হইয়াছে এবং প্রাণ আকাশ, জল ও বায়ু হইতে উৎপন্ন হইয়াছে ॥ ৩১ ॥

শব্দাদিবিষয়ের অভিমুখে ধাবিত হওয়াই ইন্দ্রিয়সকলের স্বভাব। শব্দাদিগুণ সকল তামস অহঙ্কার হইতে সমুৎপন্ন হইয়াছে। মন সকল বিকারের কারণ ও বুদ্ধি বিজ্ঞানরূপিণী ॥৩২॥

টীকা

নিদিধ্যাসোঃ নিতরাং চিন্তয়িতুমিচ্ছোঃ হৃদয়মধিষ্ঠানং নিরভিদ্যত, ততো মনঃ ইন্দ্রিয়ং, চন্দ্রো দেবতা, সঙ্কল্পো বিষয়ঃ, কামোঽভিলাষঃ ॥ ৩০ ॥

এবং সমষ্টিশরীরাবয়বহৃদয়স্থানেন্দ্রিয়াদিভেদং বিভজ্য উক্ত্বা তদংশভূতানাং ধাত্বাদীনাং স্বরূপমাহ ত্বগিতি দ্বাভ্যাম্। ত্বক্ স্থূলং,চর্ম্ম তদুপরি সূক্ষ্মম্। ত্বগাদয়োঽস্থ্যন্তাঃ দ্বন্দ্বৈকবদ্‌ভাবেন নির্দ্দিষ্টাঃ তে সপ্ত ধাতবঃ, কথম্ভূতাঃ? ভূম্যপ্‌তেজোময়াঃ তেষাং পাঞ্চভৌতিকত্বেঽপি ভূম্যাদীনাং ভূয়স্ত্বোপলব্ধের্বায্বাকাশয়োরাহারাদিরূপেণ সম্বর্দ্ধকত্বাভাবাচ্চ। প্রাণস্তু ব্যোমাম্বুবায়ুভিঃ সম্পন্নো বায়োরবস্থাবিশেষঃ ব্যোমকার্য্যভূতঃ, দেহে অন্বভাবে স্থাতুমক্ষম ইতি ভাবঃ ॥ ৩১ ॥ গুণাত্মকানি গুণেষু আত্মা যেষাং তানি গুণাত্মকানি গুণাভিমুখস্বভাবানি উৎপন্নানি তু রাজসাহঙ্কারাৎ, এবম্ভূতানি ইন্দ্রিয়াণি যদ্যপি শব্দাদিগুণাভিমুখানি জ্ঞানেন্দ্রিয়াণি সন্তি, তথাপি কর্ম্মেন্দ্রিয়াণামপি ভগবন্মূর্ত্তিরূপাদিগ্রহণে গমনাদিক্রিয়াদ্বারোপযোগাদ্ গুণাত্মকত্বম্। গুণাঃ শব্দাদয়ঃ, ভূতাদিস্তামসাহঙ্কারঃ, ততঃ প্রকর্ষেণ ভবন্তীতি তথা। মনঃ বৈকারিকপ্রভবং সর্ব্ববিকারাত্মা সর্ব্বেষাং বিকারাণাং বন্ধমোক্ষহেতূনাং আত্মা কারণম, "মন এব মনুষ্যানাং কারণং বন্ধমোক্ষয়োঃ। বন্ধায় বিষয়াসক্তং মুক্তয়ে পুংসি বা রতম্"ইতি বচনাৎ। বুদ্ধিঃ বিজ্ঞানরূপিণী, বিশেষেণ জ্ঞায়তে অনেন ইতি বিজ্ঞানম্ "জ্ঞানবান্ মাং প্রপদ্যতে" ইতি শ্রীমুখোক্তং জ্ঞানং তদ্রূপিণী তৎকারণভূতেত্যর্থঃ ॥ ৩২ ॥ উক্তং সমষ্টিরূপমুপসংহরতি—এতদিতি। এতৎপূর্ব্বোক্তং ভগবতঃ ধারণাশ্রয়স্ত

এতদ্‌ভগবতো রূপং স্থূলং তে ব্যাহৃতং ময়া।
মহ্যাদিভিশ্চাবরণৈরষ্টভির্ব্বহিরাবৃতম্ ॥ ৩৩ ॥
অতঃ পরং সূক্ষ্মতমমব্যক্তং নির্ব্বিশেষণম্।
অনাদিমধ্যনিধনং নিত্যং বাঙ্‌মনসঃ পরম্ ॥ ৩৪ ॥
অমুনী ভগবদ্রূপে ময়া তে হ্যনুবর্ণিতে।
উভে অপি ন গৃহ্ণন্তি মায়াসৃষ্টে বিপশ্চিতঃ ॥ ৩৫ ॥

অন্বয়

মহ্যাদিভিঃ অষ্টভিঃ আবরণৈঃ চ (ক্ষিতি, অপ্, তেজ, বায়ু আকাশ, অহঙ্কার, মহৎ ও প্রকৃতি এই আটটি আবরণের দ্বারা) বহিঃ আবৃতং (বহির্ভাগ আবৃত) ভগবতঃ এতৎ স্থূলং রূপং (ভগবানের এই বিরাট্‌রূপ) ময়া তে ব্যাহৃতম্ (আমি তোমার নিকটে বর্ণনা করিলাম) ॥ ৩৩ ॥

[স্থূল সমষ্টিশরীর বলা হইয়াছে, এক্ষণে সূক্ষ্ম সমষ্টিশরীর বলা হইতেছে] অতঃ পরং (এই স্থূলরূপ হইতে ভিন্ন) নির্ব্বিশেষণম্ (মহদাদি বিশেষণরহিত) অনাদিমধ্যনিধনং (আদি, মধ্য ও অন্তরহিত) নিত্যং (ত্রৈকালিক) বাঙ্‌মনসঃ পরং (বাক্য ও মনের কারণ) অব্যক্তং (ভগবচ্ছক্তি-রূপ প্রকৃত্যাত্মক) [ভগবানের] সূক্ষ্মতমং [রূপম্ অস্তি] (সূক্ষ্মতম আর একটি রূপ আছে) ॥ ৩৪ ॥

ময়া (আমাকর্ত্তৃক) অমুনী (ঐ স্থূল ও সূক্ষ্ম) ভগবদ্রূপে (ভগবানের রূপ) তে (তোমার নিকটে)

অনুবাদ

হে রাজন্! ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ, ব্যোম, অহঙ্কার, মহৎ ও প্রকৃতি এই আটটি আবরণের দ্বারা বহির্ভাগ আবৃত ভগবানের বিরাট্‌রূপ আমি তোমার নিকটে বর্ণনা করিলাম ॥ ৩৩ ॥

এই স্থূলরূপ হইতে ভিন্ন প্রকৃত্যাত্মক সূক্ষ্মতম ভগবানের আর একটি রূপ আছে; উহা মহদাদি বিশেষণরহিত, আদি, মধ্য ও অন্তশূন্য, ত্রৈকালিক এবং বাক্য ও মনের কারণ ॥ ৩৪ ॥

হে রাজন্! আমি ভগবানের ঐ স্থূল ও সূক্ষ্মরূপ তোমার নিকটে বর্ণনা করিলাম।

টীকা

পৃথিব্যপ্‌তেজোবায়ুব্যোমাহঙ্কারমহৎপ্রকৃতিময়ৈরষ্টভিঃ আবরণৈঃ বহিরাবৃতং স্থূলং রূপং তে তুভ্যং ময়া ব্যাহৃতম্। অয়মর্থঃ—পুরুষনারায়ণাদিপদৈঃ পূর্ব্বত্রোক্তস্য ভগবত এব ইদং শরীরম্, তত্র "প্রাণেন ক্ষিপতা ক্ষুৎতৃড়ন্তরা জায়তে" ইত্যাদয়ো জীবধর্ম্মাঃ তদভিমানিচতুর্ম্মুখবিষয়াঃ। সমষ্টিশরীরনিরূপণে "অনুপ্রাণন্তি যং প্রাণাঃ প্রাণন্তং সর্ব্বজন্তুষু" ইত্যাদিষু ব্যষ্টিস্মরণং "হস্তৌ রুরুহতুরি"ত্যাদি ব্যষ্টিদেহাবয়বস্মরণঞ্চ ব্যষ্টিজীব-শরীরেঽপি ইয়মেব গতিরিতি সূচনার্থমিত্যলং বিস্তরেণ ॥ ৩৩ ॥ স্থূলং সমষ্টিশরীরমুক্ত্বা সূক্ষ্মসমষ্টিশরীরমাহ অতঃ স্থূলরূপাৎ পরং অন্যৎ সূক্ষ্মতমং রূপমস্তি। যতো নির্ব্বিশেষণং মহদাদিপৃথিব্যন্তবিশেষণরহিতম্, অনাদিমধ্যনিধনম্ অবস্থাত্রয়শূন্যম্, যতো নিত্যং ত্রৈকালিকং বাঙ্‌মনসঃ পরং তয়োঃ কারণম্ অব্যক্তং ভগবচ্ছক্তিরূপপ্রধানাত্মকম্ ॥৩৪॥ এবং বিরাট্‌শরীরাবয়বেষু দেবমনুষ্যাদিষু মোক্ষপ্রতিবন্ধকভূতরাগদ্বেষাদি-নিবৃত্তয়ে রূপদ্বয়বিলক্ষণস্বরূপনিবিষ্টোপপাদনায় চ অমুনী স্থূলসূক্ষ্মে ভগবতো রূপে তে তুভ্যং ময়ানুবর্ণিতে প্রতিপাদিতে, তে উভয়েঽপি বিপশ্চিতঃ মায়াময়রূপদ্বয়াদ্বিলক্ষণে ভগবতি নিষ্ঠাবন্তঃ ন গৃহ্ণন্তি উপাস্যত্বেন

স বাচ্যবাচকতয়া ভগবান্ ব্রহ্মরূপধৃক্।
নামরূপক্রিয়া ধত্তে সকর্ম্মাকর্ম্মকঃ পরঃ ॥ ৩৬ ॥
প্রজাপতীন্ মনূন্ দেবানৃষীন্ পিতৃগণান্ পৃথক্।
সিদ্ধচারণগন্ধর্ব্বান্ বিদ্যাধ্রাসুরগুহ্যকান্ ॥ ৩৭ ॥
কিন্নরাপ্সরসো নাগান্ সর্পান্ কিম্পুরুষান্ নরান্।
মাতৃরক্ষঃপিশাচাংশ্চ প্রেতভূতবিনায়কান্ ॥ ৩৮ ॥

অন্বয়

অনুবর্ণিতে (বর্ণিত হইয়াছে)। বিপশ্চিতঃ (বিবেকিগণ) উভে অপি (উক্ত রূপদ্বয়ই) ন গৃহ্ণন্তি (উপাস্যরূপে স্বীকার করেন না); [যতঃ] মায়াসৃষ্টে হি [তে] (যেহেতু ঐ রূপদ্বয়ই মায়ার কার্য্য) ॥ ৩৫ ॥

[প্রশ্নান্তরের উত্তর বলিবার নিমিত্ত ভগবানের কর্ম্ম নিরূপণ করিতেছেন] সঃ ভগবান্ (সেই ভগবান্) পরঃ (সর্ব্বাতীত) অকর্ম্মকঃ (এবং প্রাকৃত ক্রিয়াবিবর্জ্জিত হইয়াও) ব্রহ্মরূপধৃক্ (চতুর্ম্মুখরূপ ধারণ করতঃ) সকর্ম্মা (কর্ম্মান্বিত হইয়া) বাচ্যবাচকতয়া নামরূপক্রিয়া ধত্তে (বাচকরূপে নামসকল ও বাচ্যরূপে রূপ ও ক্রিয়া সৃষ্টি করিয়া থাকেন) ॥ ৩৬ ।

[সেই চতুর্ম্মুখরূপী ভগবান্] প্রজাপতীন্, মনূন্, দেবান্, ঋষীন্, পিতৃগণান্, সিদ্ধচারণগন্ধর্ব্বান্ (সিদ্ধগণ, চারণগণ, গন্ধর্ব্বগণ), বিদ্যাধ্রাসুরগুহ্যকান্ (বিদ্যাধর, অসুর ও গুহ্যকগণ), কিন্নরাপ্সরসঃ (কিন্নরগণ, অপ্সরোগণ), নাগান্, সর্পান্, কিম্পুরুষান্, নরান্, মাতৃরক্ষঃপিশাচান্ (মাতৃগণ, রক্ষোগণ,

অনুবাদ

বিবেকিগণ এই উভয়রূপই উপাস্যরূপে স্বীকার করেন না। যেহেতু উভয়ই ভগবানের মায়াশক্তির কার্য্য ॥ ৩৫ ॥

সেই ভগবান্ সর্ব্বাতীত এবং প্রাকৃতক্রিয়া বিবর্জ্জিত হইয়াও চতুর্ম্মুখরূপ ধারণকরতঃ সকর্ম্মা হইয়া বাচকরূপে নাম এবং বাচ্যরূপে রূপ ও ক্রিয়া সৃষ্টি করিয়া থাকেন ॥ ৩৬ ॥

সেই চতুর্ম্মুখরূপী ভগবান্—প্রজাপতি, মনু, দেবতা, ঋষি, পিতৃগণ, সিদ্ধ, চারণ, গন্ধর্ব্ব, বিদ্যাধর, অসুর, গুহ্যক, কিন্নর, অপ্সরা, নাগ, সর্প, কিম্পুরুষ, নর, মাতৃগণ, রাক্ষসবিশেষ,

টীকা

ন স্বীকুর্ব্বন্তি। মায়াসৃষ্টে প্রকৃতিমূলে "যাবন্ন জায়েত পরাবরে অস্মিন্, বিশ্বেশ্বরে দ্রষ্টরি ভক্তিযোগঃ। তাবৎ স্থবীরঃ পুরুষস্য রূপং, ক্রিয়াবসানে প্রযতঃ স্মরেদি"তি স্থূলরূপধ্যানস্য তদবধেশ্চ পূর্ব্বত্র দর্শিতত্বাচ্চ ॥ ৩৫ ॥ "যাবত্যঃ কর্ম্মগতয়ো যাদৃশী দ্বিজসত্তমে"তি রাজপ্রশ্নস্যোত্তরং বদন্ স্বাংশাভ্যাং ব্রহ্মরুদ্রাভ্যাং স্বাবতারৈশ্চ ভগবতো গন্তব্যভূতনামরূপস্রষ্টৃত্বাদিকং দর্শয়তি স ইত্যাদিনা সংনিযচ্ছতি তৎ কালে ঘনানীকমিবানিল ইত্যন্তেন। স ভগবান্ ব্রহ্মরূপধৃক্ সন্ বাচ্যবাচকতয়া নামরূপক্রিয়া ধত্তে। বাচকতয়া নামানি, বাচ্যতয়া রূপাণি, ক্রিয়াশ্চ ধত্তে সৃজতীত্যর্থঃ। সকর্ম্মা সব্যাপারঃ। নন্থ তর্হি জীববৎ কর্ম্মবশ্যঃ সঃ? নেত্যাহ অকর্ম্মক ইতি। কর্ম্মবশ্যো নেত্যর্থঃ। তত্র হেতুঃ পর ইতি পূর্ণ ইত্যর্থঃ ॥ ৩৬ ॥

কুষ্মাণ্ডোন্মাদবেতালান্ যাতুধানান্ গ্রহানপি।
মৃগান্ খগান্ পশূন্ বৃক্ষান্ গিরীন্ নৃপসরীসৃপান্॥ ৩৯॥
দ্বিবিধাশ্চতুর্ব্বিধা যেঽন্যে জলস্থলনভৌকসঃ।
কুশলাকুশলামিশ্রাঃ কর্ম্মণাং গতয়স্ত্বিমাঃ॥ ৪০॥
সত্ত্বং রজস্তম ইতি তিস্রঃ সুরনৃনারকাঃ।
তত্রাপ্যেকৈকশো রাজন্ ভিদ্যন্তে গতয়স্ত্রিধা।
যদৈকৈকতরোঽন্যাভ্যাং স্বভাব উপহন্যতে॥ ৪১॥

অন্বয়

পিশাচগণ), প্রেতভূতবিনায়কান্ (প্রেতগণ, ভূতগণ, বিনায়কগণ), কুষ্মাণ্ডোন্মাদবেতালান্ (কুষ্মাণ্ড, উন্মাদ ও বেতালগণ), যাতুধানান্ (রাক্ষসগণ), গ্রহান্, মৃগান্, খগান্ (পক্ষিগণ), পশূন্, বৃক্ষান্, গিরীন্ (পর্ব্বতসকল), নৃপসরীসৃপান্ (নৃপগণ, সরীসৃপগণ) [ধত্তে] (সৃষ্টি করিয়া থাকেন) [পূর্ব্ব শ্লোকের সহিত অন্বয়]॥ ৩৭—৩৯॥

যে অন্যে (অপর যে) দ্বিবিধাঃ (স্থাবর ও জঙ্গমরূপে দুই প্রকার), চতুর্ব্বিধাঃ (জড়ায়ুজ, অণ্ডজ, স্বেদজ ও উদ্ভিজ্জরূপে চারিপ্রকার), জলস্থলনভৌকসঃ (জলচর, ভূচর ও খেচররূপে তিন প্রকার) [ইহাদিগকেও তিনি সৃষ্টি করিয়া থাকেন]। ইমাঃ (প্রজাপতি হইতে আরম্ভ করিয়া এই সমস্তই) কর্ম্মণাং (জীবকৃত কর্ম্মের) কুশলাকুশলামিশ্রাঃ (পুণ্য, পাপ ও উভয়মিশ্রিত) গতয়ঃ (ফল) [অর্থাৎ উত্তম, অধম ও মধ্যম ফল]॥ ৪০॥

রাজন্! (হে নৃপ!) সত্ত্বং রজঃ তমঃ ইতি (সত্ত্ব, রজঃ ও তমোগুণভেদে) সুরনৃনারকাঃ তিস্রঃ

অনুবাদ

পিশাচ, প্রেত, ভূত, বিনায়ক, কুষ্মাণ্ড, উন্মাদ, বেতাল, রাক্ষস, গ্রহ, মৃগ, পক্ষী, পশু, বৃক্ষ, পর্ব্বত, নৃপ ও সরীসৃপ এই সকলের সৃষ্টি করিয়া থাকেন॥ ৩৭—৩৯॥

অপর যে সকল দ্বিবিধ স্থাবর ও জঙ্গম, চতুর্ব্বিধ জড়ায়ুজ, অণ্ডজ, স্বেদজ ও উদ্ভিজ্জ এবং ত্রিবিধ জলচর, ভূচর ও খেচর ইহাদিগকেও তিনিই সৃষ্টি করিয়া থাকেন। প্রজাপতি হইতে আরম্ভ করিয়া এই সমস্তই পুণ্য, পাপ ও উভয়মিশ্রিত জীবকৃতকর্ম্মের ফল॥ ৪০॥

হে রাজন্! সত্ত্ব, রজঃ ও তমোগুণভেদে দেব, মনুষ্য, নারকীয় এই তিন প্রকার

টীকা

নামরূপসৃষ্টিং প্রপঞ্চয়তি—প্রজাপতীনিত্যাদিনা। দ্বিতীয়ান্তানাং ধত্তে ইত্যনেনান্বয়ঃ। তত্র চ প্রজাপত্যাদীনি নামানি তদ্বাচ্যানি রূপাণি তৎকর্ম্মাণি চ বোধ্যানি পৃথক্তত্তদবান্তরভেদেন॥৩৭।৩৮।৩৯॥ যে অন্যে দ্বিবিধাঃ স্থাবরাঃ জঙ্গমাশ্চেতি বিখ্যাতাঃ চতুর্ব্বিধা জড়ায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জাঃ জলস্থলনভাংস্যোকাংসি যেষাং তে ত্রিবিধাঃ জলচরাঃ ভূচরাঃ খেচরাঃ তানপি ধত্তে ইতি পূর্ব্বেণান্বয়ঃ। ইমাঃ প্রজাপত্যাদিনামরূপলক্ষণাঃ কর্ম্মণাং জীবকর্ত্তৃকানাং পুণ্যমিশ্রানাং কুশলাঃ উত্তমাঃ অকুশলাঃ নীচা মিশ্রাঃ মধ্যমাঃ গতয়ঃ ফলানি॥ ৪০॥ নন্থ গতিত্রৈবিধ্যে কো হেতুরিত্যতঃ সত্ত্বাদিভিস্তাস্ত্রিধামিশ্রিতৈঃ সত্ত্বাদিভিঃ প্রত্যেকং পুনস্ত্রিধা বোধ্যা ইত্যাহ সত্ত্বমিতি সার্দ্ধেন। হে রাজন্! সত্ত্বং রজস্তম ইতি সুরনৃনারকাস্তিস্রঃ

স এবেদং জগদ্ভর্ত্তা ভগবান্ ধর্ম্মরূপধৃক্।
পুষ্ণাতি স্থাপয়ন্ বিশ্বং তির্য্যঙ্নরসুরাদিভিঃ ॥ ৪২ ॥
ততঃ কালাগ্নিরুদ্রাত্মা যৎ সৃষ্টমিদমাত্মনঃ।
সংনিযচ্ছতি তৎ কালে ঘনানীকমিবানিলঃ ॥ ৪৩ ॥

অন্বয়

গতয়ঃ [সন্তি] (দেব, মনুষ্য ও নারকীয় এই তিন প্রকার গতি হইয়া থাকে) ; তত্রাপি (তাহাদের মধ্যেও) যদা (যখন) একৈকতরঃ স্বভাবঃ (এক একটি গুণ) অন্যাভ্যাম্ উপহন্যতে (অন্যগুণকর্ত্তৃক অভিভূত হয়), তদা (তখন) একৈকশঃ (প্রত্যেক গতি) ত্রিধা (তিন প্রকারে) ভিদ্যন্তে (বিভক্ত হইয়া থাকে) ॥ ৪১ ॥

[এই প্রকারে ভগবান্ স্বীয় অংশাবতার ব্রহ্মাদ্বারা জগৎ সৃষ্টি করেন, ইহা দেখান হইয়াছে। এক্ষণে তিনি স্বীয় অংশাবতারের দ্বারা যে পালন করেন, তাহাই দেখান হইতেছে] সঃ এব ভগবান্ জগদ্ভর্ত্তা (সেই ভগবান্ জগৎপোষণকারী হইয়া) তির্য্যঙ্নরসুরাদিভিঃ (তির্য্যক্, নর ও দেবাদি অবতার দ্বারা অর্থাৎ তৎ তৎরূপে অবতীর্ণ হইয়া) ইদং বিশ্বং স্থাপয়ন্ (এই বিশ্বকে পালন করতঃ) ধর্ম্মরূপধৃক্ (ধর্ম্মরূপে) পুষ্ণাতি (পোষণ করিয়া থাকেন) ॥ ৪২ ॥

[স্বাংশাবতার রুদ্ররূপে যে সংহার করেন, তাহাই বলিতেছেন] ততঃ (অনন্তর) [সেই ভগবান্] কালাগ্নিরুদ্রাত্মা (কালাগ্নি রুদ্ররূপী হইয়া) আত্মনঃ (নিজ হইতে) সৃষ্টং যৎ ইদং (নির্ম্মিত এই যে জগৎ), তৎ (তাহা) অনিলঃ ঘনানীকম্ ইব (বায়ুর মেঘসমূহকে বিনষ্ট করার ন্যায়) কালে (কল্পান্ত-কালে) সংনিযচ্ছতি (সংহার করিয়া থাকেন) ॥ ৪৩ ॥

অনুবাদ

গতি হইয়া থাকে ; তাহাদের মধ্যেও আবার যখন এক গুণ অপর গুণদ্বয়কর্ত্তৃক অভিভূত হয়, তখন প্রত্যেক গতিই তিন প্রকারে বিভক্ত হইয়া থাকে ; ইহাই গতি বৈচিত্র্যের কারণ ॥৪১॥

সেই ভগবানই আবার জগৎ পোষণাভিলাষী হইয়া তির্য্যক্, নর ও দেবাদিদেহে অবতীর্ণ হইয়া এই জগৎ পালন করতঃ ধর্ম্মরূপে পোষণ করিয়া থাকেন ॥ ৪২ ॥

অনন্তর সেই ভগবানই কল্পান্তকাল উপস্থিত হইলে কালাগ্নিরুদ্ররূপী হইয়া নিজ হইতে নির্ম্মিত যে জগৎ, তাহাকে বায়ু যেমন মেঘশ্রেণীকে সংহার করে, সেইরূপ সংহার করিয়া থাকেন ॥ ৪৩ ॥

টীকা

গতয়ঃ সন্তি। তত্রাপি তাস্বপি একৈকশঃ প্রত্যেকং ত্রিধা ভিদ্যন্তে। যদা একৈকতরঃ স্বভাবঃ গুণঃ অন্যাভ্যাং গুণাভ্যাং উপহন্যতে অভিভূয়তে তদেত্যর্থঃ ॥ ৪১ ॥ এবং ব্রহ্মাখ্যস্বাংশাত্মনা সৃষ্টৃত্বমভিধায় স্বাবতারৈঃ পালয়িতৃত্বমাহ স এবেতি। স এব ভগবান্ জগদ্ভর্ত্তা জগৎপোষকঃ তির্য্যঙ্নরসুরাত্মভিঃ তির্য্যঞ্চো বরাহাদয়ঃ, নরাঃ পৃথিব্যাদয়ঃ, সুরা যজ্ঞাদয়ঃ, এতৈঃ স্বাবতারৈঃ ইদং বিশ্বং স্থাপয়ন্ পালয়ন্ ধর্ম্মরূপধৃক্ সন্ পুষ্ণাতি ভোগৈঃ সম্বর্দ্ধয়তি ॥৪২॥ রুদ্রাখ্যস্বাংশাত্মনা সংহর্ত্তৃত্বমাহ তত ইতি। কালাগ্নিরুদ্রানামাত্মা আশ্রয়ঃ অংশী নিযোজক ইত্যর্থঃ। আত্মনঃ উপাদানভূতাৎ যদিদং বিশ্বং সৃষ্টং, তন্নিমিত্তভূতেন সংহারকালেন

ইত্থম্ভাবেন কথিতো ভগবান্ ভগবত্তমঃ।
নেত্থম্ভাবেন হি পরং দ্রষ্টুমর্হন্তি সূরয়ঃ ॥ ৪৪ ॥
নাস্য কর্ম্মণি জন্মাদৌ পরস্যানুবিধীয়তে।
কর্ত্তৃত্বপ্রতিষেধার্থং মায়য়ারোপিতং হি তৎ ॥ ৪৫ ॥
অয়ন্তু ব্রহ্মণঃ কল্পঃ সবিকল্প উদাহৃতঃ।
বিধিঃ সাধারণো যত্র সর্গাঃ প্রাকৃতবৈকৃতাঃ ॥ ৪৬ ॥

অন্বয়

ভগবান্ (ষড়ৈশ্বর্য্যশালী ভগবান্) ভগবত্তমঃ (ভগবৎপ্রদত্ত ঐশ্বর্য্যসম্পন্ন মহাত্মগণ হইতে শ্রেষ্ঠ) ইত্থম্ভাবেন (এবং এই বিশ্বের সৃজন, পালন ও সংহারের কর্ত্তারূপে) কথিতঃ (বর্ণিত হইয়াছেন)। [অতএব] সূরয়ঃ (বিবেকিগণ) পরং (ভগবদ্ভিন্ন অপর কাল ও কর্ম্মাদিকে) ইত্থম্ভাবেন(বিশ্বকারণরূপে) দ্রষ্টুং ন অর্হন্তি হি (দর্শন করিতে সমর্থ হন না অর্থাৎ ইচ্ছা করেন না) ॥ ৪৪ ॥

[বেদে] অস্য (এই বিশ্বের) জন্মাদৌ কর্ম্মণি (সৃষ্টি, স্থিতি ও সংহাররূপ কার্য্যে) পরস্য (কাল ও কর্ম্মাদির) [কর্ত্তৃত্ব] ন অনুবিধীয়তে (প্রতিপাদিত হয় নাই)। ["কালঃ স্বভাবো নিয়তির্যদৃচ্ছা ভূতানি যোনিঃ" এই যে বলা হইয়াছে] তৎ (তাহা) কর্ত্তৃত্বপ্রতিষেধার্থং (তাহাদের কর্ত্তৃত্ব নিবারণের জন্য) মায়য়া হি (কৃপা পূর্ব্বক) আরোপিতম্ (আরোপিত হইয়াছে) ॥ ৪৫ ॥

[হে রাজন্!] অয়ং (এই সৃষ্ট্যাদি নিরূপণ করিয়া) ব্রহ্মণঃ কল্পঃ (ব্রহ্মার মহাকল্প) সবিকল্পঃ (ও অবান্তর

অনুবাদ

ষড়ৈশ্বর্য্যশালী ভগবান্ ঐশ্বর্য্যশালিগণের মধ্যে শ্রেষ্ঠ এবং এই বিশ্বের সৃজন, পালন ও সংহারের কর্ত্তা, ইহা আমি বর্ণনা করিলাম। অতএব বিবেকিগণ ভগবদ্ভিন্ন অপর কাল ও কর্ম্মাদিকে বিশ্বকারণরূপে দর্শন করেন না ॥ ৪৪ ॥

এই বিশ্বের সৃষ্টি, স্থিতি ও সংহাররূপ কার্য্যে কাল ও কর্ম্মাদির কর্ত্তৃত্ব বেদে প্রতিপাদিত হয় নাই। আর যে "কালঃ স্বভাবো ইত্যাদি" শ্বেতাশ্বতর শ্রুতিতে কাল কর্ম্মাদির কর্ত্তৃত্ব বলা হইয়াছে, তাহা তাহাদের কর্ত্তৃত্ব নিবারণের জন্য প্রশ্নরূপে আরোপিত হইয়াছে। বস্তুতঃ সিদ্ধান্তরূপে প্রতিপাদিত হয় নাই। ফলতঃ প্রশ্নচ্ছলে কালাদির উল্লেখ করিয়া সিদ্ধান্ত প্রতিপাদিত হওয়ায় মুমুক্ষজনকে অনুগ্রহই করা হইয়াছে ॥ ৪৫ ॥

হে রাজন্! এই সৃষ্ট্যাদি নিরূপণ করিয়া ব্রহ্মার মহাকল্প ও অবান্তরকল্প প্রদর্শিত

টীকা

সংনিযচ্ছতি সংহরতি, বায়ুর্মেঘসমূহমিব ॥ ৪৩ ॥ এবং "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে" ইত্যাদিবেদান্ত-বাক্যোপবৃংহণায় বিশ্বকর্ত্তৃত্বেন ভগবান্ বর্ণিতঃ। ইদানীং পরপক্ষং নিরাকুর্ব্বন্ তদেবাহ ইত্থমিতি দ্বাভ্যাম্। "ঐশ্বর্য্যস্য সমস্তস্য ধর্ম্মস্য যশসঃ শ্রিয়ঃ। জ্ঞানবৈরাগ্যয়োশ্চাপি ষণ্ণাং ভগ ইতীঙ্গনে"তি স্মৃত্যুক্তষড়ৈশ্বর্য্যসম্পন্নঃ ভগবত্তমঃ সর্ব্বেভ্যঃ তদ্দত্তৈশ্বর্য্যবদ্ভ্যোঽত্যুৎকৃষ্টঃ ইত্থম্ভাবেন বিশ্বাত্মকত্বেন কথিতোঽতঃ সূরয়ঃ বিবেকিনঃ পরং ভগবদিতরং কালকর্ম্মাদিকং ইত্থম্ভাবেন বিশ্বকারণত্বেন দ্রষ্টুং নার্হন্তি ॥৪৪॥ যতঃ অস্য বিশ্বস্য জন্মাদৌ কর্ম্মণি পরস্য ভগবদিতরস্য তদ্বিশ্বকর্ত্তৃত্বং নানুবিধীয়তে বিধিবাক্যেন ন প্রতিপদ্যতে, তথাহ ভগবান্ সূত্রকারঃ—

পরিমাণঞ্চ কালস্য কল্পলক্ষণবিগ্রহম্।
যথা পুরস্তাদ্ব্যাখ্যাস্যে পাদ্মং কল্পমথো শৃণু ॥ ৪৭ ॥

শ্রীশৌনক উবাচ

যদাহ নো ভবান্ সূত! ক্ষত্তা ভাগবতোত্তমঃ।
চচার তীর্থানি ভুবস্ত্যক্ত্বা বন্ধূন্ সুদুস্ত্যজান্ ॥ ৪৮ ॥

অন্বয়

কল্প) উদাহৃতঃ (প্রদর্শিত হইল)। যত্র (মহাকল্প ও অবান্তরকল্পে) প্রাকৃতবৈকৃতাঃ সর্গাঃ (যথাক্রমে প্রাকৃত মহদাদিসৃষ্টি ও বৈকৃত স্থাবরাদিসৃষ্টি) [হইয়া থাকে]। অয়ং তু বিধিঃ (এই বিধি) সাধারণঃ (অন্য মহাকল্প ও অবান্তরকল্পের সহিত সমান) ॥ ৪৬ ॥

কালস্য পরিমাণং (কালের স্থূল ও সূক্ষ্মপরিমাণ) কল্পলক্ষণবিগ্রহং চ (কল্পের লক্ষণ ও বিভাগ) পুরস্তাৎ (তৃতীয় স্কন্ধে) যথা (যথাযথরূপে) ব্যাখ্যাস্যে (ব্যাখ্যা করিব)। পাদ্মং কল্পম্ (পাদ্ম কল্প) অথো (বিস্তারিতভাবে) শৃণু (শ্রবণ কর) ॥ ৪৭ ॥

শ্রীশৌনকঃ উবাচ (শৌনক ঋষি বলিলেন) সূত! ভাগবতোত্তমঃ (ভগবদ্ভক্তগণের শ্রেষ্ঠ)

অনুবাদ

হইল। মহাকল্পে প্রাকৃতমহদাদিসৃষ্টি ও অবান্তরকল্পে বৈকৃত স্থাবরাদিসৃষ্টি হইয়া থাকে। এই বিধি অন্যান্য মহাকল্প ও অবান্তর কল্পের সহিত সমান ॥ ৪৬ ॥

হে রাজন্! কালের স্থূল ও সূক্ষ্মপরিমাণ এবং কল্পের লক্ষণ ও বিভাগ তৃতীয় স্কন্ধে যথাযথরূপে বর্ণনা করিব। প্রথমতঃ পাদ্মকল্পের বিষয় সবিস্তারে শ্রবণ কর ॥ ৪৭ ॥

শৌনক ঋষি বলিলেন—হে সূত! "পরম বৈষ্ণব, বিদুর দুস্ত্যাজ্য বন্ধুজন পরিত্যাগ করিয়া পৃথিবীর তীর্থ সকল পরিভ্রমণ করিয়াছেন", এই কথা আপনি আমা-

টীকা

"ঈক্ষতের্নাশব্দম্" "রচনানুপপত্তে" রিত্যাদি। কথং তর্হি "কালঃ স্বভাবো নিয়তির্যদৃচ্ছা ভূতানি যোনি-রিতি" শ্রুত্যা কালাদের্জগৎকর্তৃত্বমুচ্যতে? কর্তৃত্বপ্রতিষেধার্থং তেষাং জগৎকর্তৃত্বাপবাদার্থং মায়য়া কৃপয়া মুমুক্ষূনুগ্রহায় আরোপিতম্, নতু সিদ্ধান্ততয়া প্রতিপাদিতম্ "পুরুষ ইতি চিন্ত্য"মিতি বাক্যশেষে পুরুষস্য সিদ্ধান্ততয়া উক্তত্বাৎ। বিস্তরস্তু বেদান্তকৌস্তুভে দ্রষ্টব্যঃ ॥ ৪৫ ॥ সংক্ষেপতঃ প্রতিপাদিতং বিশ্বরচনাদিক-মুপসংহরতি অয়ম্বিতি। অয়ং সৃষ্ট্যাদিনিরূপণেন সূচিতঃ ব্রহ্মণঃ সম্বন্ধী কল্পো মহাকল্পঃ সবিকল্পঃ বিকল্পেনাবান্তরকল্পেন সহিতঃ উদাহৃতঃ উদাহরণমাত্রেণ দর্শিতঃ,যত্র যস্মিন্ সবিকল্পে ব্রহ্মকল্পে প্রাকৃতবৈকৃতাঃ সর্গাঃ, মহাকল্পে প্রাকৃতাঃ মহদাদিসর্গাঃ, অবান্তরকল্পে চ বৈকৃতাঃ স্থাবরাদিসর্গাঃ। অয়ং বিধিঃ অন্যৈঃ সবিকল্পৈঃ মহাকল্পৈঃ সাধারণঃ সমানঃ ॥ ৪৬ ॥ বক্ষ্যমাণং বিস্তরং প্রতিজানীতে পরিমাণমিতি। কালস্য পরিমাণং স্থূলং সূক্ষ্মং চ কল্পস্য লক্ষণং স্বরূপং তদ্বিগ্রহং বিভাগং মন্বন্তরাদিরূপং চ যথা যাথাতথ্যেন পুরস্তাদ-গ্রিমে স্কন্ধে ব্যাখ্যাস্যে কথয়িষ্যে। পাদ্মং কল্পম্ অথো ইতি কার্ৎস্ন্যেন ব্যাখ্যায়মানং শৃণু ॥ ৪৭ ॥ এবং সংক্ষেপেণোক্তং শাস্ত্রার্থং শ্রুত্বা অথ পরীক্ষিৎপ্রশ্নানাং শুকোক্তানি প্রত্যুত্তরাণি মৈত্রেয়বিদুরাখ্যায়িকয়া শুশ্রূষুঃ শৌনকঃ পৃচ্ছতি যদিতি ত্রিভিঃ। হে সূত! দুস্ত্যজান্ ত্যক্তুমশক্যান্ বন্ধূন্ ত্যক্ত্বা ভুবঃ সম্বন্ধীনি

ক্ষত্তুঃ কৌশারবেস্তস্য সংবাদোঽধ্যাত্মসংশ্রিতঃ।
যদ্বা স ভগবাংস্তস্মৈ পৃষ্টস্তত্ত্বমুবাচ হ ॥ ৪৯ ॥
ব্রূহি নস্তদিদং সৌম্য! বিদুরস্য বিচেষ্টিতম্।
বন্ধুত্যাগনিমিত্তঞ্চ যথৈবাগতবান্ পুনঃ ॥ ৫০ ॥

অন্বয়

ক্ষত্তা (বিদুর) সুদুস্ত্যজান্ (দুস্ত্যাজ্য) বন্ধুন্ ত্যক্ত্বা (বান্ধবগণকে ত্যাগ করিয়া) ভুবঃ তীর্থানি (পৃথিবীর তীর্থ সকল) চচার (ভ্রমণ করিয়াছেন) ইতি যৎ (এই যে) নঃ (আমাদিগকে) ভবান্ আহ (আপনি বলিয়াছেন) [এক্ষণে জিজ্ঞাসা করিতেছি কাহার সহিত তাঁহার কথোপকথন হইয়াছিল? পরের শ্লোকের সহিত অন্বয়] ॥ ৪৮ ॥

তস্য ক্ষত্তুঃ (সেই বিদুরের) কৌশারবেঃ [চ] (ও মৈত্রেয় ঋষির) অধ্যাত্মসংশ্রিতঃ সংবাদঃ (আধ্যাত্মিক কথোপকথন) কুত্র (কোন্ স্থানে) [হইয়াছিল?] বা (এবং) সঃ ভগবান্ (সেই ভগবান্ মৈত্রেয় ঋষি) পৃষ্টঃ (বিদুর কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া) তস্মৈ (বিদুরকে) যৎ তত্ত্বং (যে তত্ত্ব) উবাচ হ (উপদেশ করিয়াছিলেন) [তাহা বলুন। পরবর্ত্তী শ্লোকস্থ "ব্রূহি" পদের সঙ্গে অন্বয় হইবে] ॥৪৯॥

সৌম্য! (হে সাধো!) তৎ নঃ ব্রূহি (আপনি সেই সমুদয় আমাদিগকে বলুন) বন্ধুত্যাগনিমিত্তং (ও বন্ধুত্যাগের কারণ) যথৈব পুনঃ আগতবান্ [তত্র নিমিত্তং] চ (ও যে অকারণে পুনরায় ফিরিয়া আসিয়াছিলেন তাহার উদ্দেশ্য) বিদুরস্য ইদং [সর্ব্বং] বিচেষ্টিতং (বিদুরের এই সকল আচরণ) [ব্রূহি] (বলুন) ॥ ৫০ ॥

অনুবাদ

দিগকে বলিয়াছেন, এক্ষণে জিজ্ঞাসা করিতেছি সেই মহাত্মা বিদুরের তীর্থভ্রমণকালে কাহার সহিত তাঁহার কথোপকথন হইয়াছিল? ॥ ৪৮ ॥

হে সূত! সেই বিদুর ও মৈত্রেয় ঋষির আধ্যাত্মিক কথোপকথন কোন্ স্থানে হইয়াছিল? এবং সেই ভগবান্ মৈত্রেয় ঋষি বিদুরকর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া বিদুরকে যে তত্ত্ব উপদেশ করিয়াছিলেন, তাহা আমাদিগকে বলুন ॥ ৪৯ ॥

হে সৌম্য! আপনি সেই সমুদয় আমাদিগকে বলুন এবং বিদুরের বন্ধুজনত্যাগের কারণ ও পুনরায় ফিরিয়া আসিবার উদ্দেশ্য কি, তাহা আমাদিগকে বলুন ॥ ৫০ ॥

টীকা

তীর্থানি ক্ষত্তা বিদুরঃ চচার ইতি যৎ যং প্রতি নোঽস্মভ্যং ভবানাহ প্রথমস্কন্ধে, তস্য কুত্র সংবাদঃ ইত্যগ্রিমেণান্বয়ঃ ॥ ৪৮ ॥ তস্য ক্ষত্তুঃ কৌশারবেঃ মৈত্রেয়স্য চ সংবাদঃ কুত্র স্থানে অভূৎ। স মৈত্রেয়ঃ বিদুরেণ পৃষ্টঃ তস্মৈ যৎ তত্ত্বমুবাচ হ তদ্ব্রূহীত্যুত্তরেণান্বয়ঃ। ভগবানিতি"উৎপত্তিং প্রলয়ঞ্চৈব ভূতানামাগতিং গতিং। বেত্তি বিদ্যামবিদ্যাঞ্চ স বাচ্যো ভগবানিতি" ইত্যেবং গুণসম্পন্নঃ ॥ ৪৯ ॥ হে সৌম্য! তৎ ত্বং ব্রূহি। তথা বন্ধুত্যাগনিমিত্তং পুনরাগতবান্, তত্র নিমিত্তং ইদং সর্ব্বং বিদুরস্য বিচেষ্টিতঞ্চ ব্রূহীত্যর্থঃ ॥ ৫০ ॥

শ্রীসূত উবাচ

রাজ্ঞা পরীক্ষিতা পৃষ্টো যদবোচন্মহামুনিঃ।
তদ্বোঽভিধাস্যে শৃণুত রাজ্ঞঃ প্রশ্নানুসারতঃ ॥ ৫১ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
দ্বিতীয়স্কন্ধে দশলক্ষণকথনং নাম দশমোঽধ্যায়ঃ ॥ ১০ ॥

অন্বয়

শ্রীসূতঃ উবাচ (সূত বলিলেন) [হে শৌনক!] রাজ্ঞা পরীক্ষিতা (রাজা পরীক্ষিৎ কর্ত্তৃক) পৃষ্টঃ (জিজ্ঞাসিত হইয়া) মহামুনিঃ (শ্রীশুকদেব) রাজ্ঞঃ প্রশ্নানুসারতঃ (রাজার প্রশ্নানুসারে) যৎ অবোচৎ (যাহা বলিয়াছিলেন), তৎ বঃ (তাহা তোমাদিগকে) অভিধাস্যে (বলিতেছি); শৃণুত (তোমরা শ্রবণ কর) ॥ ৫১ ॥

অনুবাদ

সূত বলিলেন—হে শৌনক! মহারাজ পরীক্ষিৎকর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া মহামুনি শ্রীশুকদেব রাজার প্রশ্নানুসারে মৈত্রেয়বিদুরসংবাদ অবলম্বনপূর্ব্বক যাহা বলিয়াছিলেন, তাহা আমি তোমাদিগকে বলিতেছি শ্রবণ কর ॥ ৫১ ॥

দশম অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ১০ ॥

টীকা

রাজ্ঞেতি। মাং যূয়ং যৎ পৃচ্ছথ, তজ্জিজ্ঞাসুনা রাজ্ঞা পরীক্ষিতাপি পৃষ্টঃ শুকঃ বিদুরমৈত্রেয়সংবাদদ্বারা রাজ্ঞঃ পূর্ব্বত্র প্রদর্শিতাঃ যে প্রশ্নাঃ তেষামনুসারেণ যৎ সর্ব্বং পুরাণার্থমবোচৎ, তদেবাহং বঃ অভিধাস্যামি, তথৈব যূয়ং শৃণুত ॥ ৫১ ॥

ইতি শ্রীমদ্ভাগবতসিদ্ধান্তপ্রদীপে শ্রীমৎসনৎকুমারসন্ততিপ্রবর্ত্তক
ভগবন্নিম্বার্কচরণচিন্তক শ্রীশুকসুধীপ্রণীতে দ্বিতীয়স্কন্ধীয়ে
দশমাধ্যায়ার্থ প্রকাশঃ ॥ ১০ ॥

শ্রীমদ্ভাগবতম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

শ্রীমচ্ছুকদেবকৃতসিদ্ধান্তপ্রদীপটীকয়া সহিতম্

দ্বিতীয়ঃ স্কন্ধঃ

শ্রীবৃন্দাবনস্থ ব্রজবিদেহি মহন্ত-

অষ্টোত্তরশতশ্রীক স্বামি ধনঞ্জয়দাস তর্ক-তর্ক-ব্যাকরণতীর্থেন

শিবপুরস্থ নিম্বার্কাশ্রম-সম্পাদক

শ্রীমতা নৃসিংহদাস বসুনা চ

সম্পাদিতম্

পণ্ডিতপ্রবরেণ শ্রীমতা বিনোদবিহারি কাব্য-ব্যাকরণ-

সাংখ্য-বেদান্তোপনিষত্তীর্থেন

অনূদিতম্

কলিকাতা, কলেজস্কোয়ারস্থ পঞ্চদশসংখ্যক-ভবনে

চক্রবর্ত্তী, চাটার্জ্জি এণ্ড কোং লিমিটেড্ নামধেয়-

পুস্তকবিপণ্যাং প্রাপ্তব্যম্

১৩৪৪ বঙ্গাব্দে

শিবপুরস্থনিম্বার্কাশ্রমসভ্যেন শ্রীমতা রমেশচন্দ্র চক্রবর্ত্তিনা
প্রকাশিতম্

কলিকাতা, কর্ণওয়ালিশবর্ত্মস্থ-ত্রিংশৎসংখ্যকভবনে তাপসী মুদ্রাযন্ত্রাধ্যক্ষেণ
শ্রীমতা গঙ্গানারায়ণ ভট্টাচার্য্যেণ মুদ্রিতম্

সূচীপত্র

দ্বিতীয় স্কন্ধ

	শ্লোকসংখ্যা	পত্রাঙ্ক
প্রথম অধ্যায়—বিরাট্‌পুরুষের অবয়বসংস্থান-বর্ণন ...	৩৯ ...	১
দ্বিতীয় অধ্যায়—যোগী পুরুষের ক্রমিক উৎকর্ষ-বর্ণন ...	৩৭ ...	১৯
তৃতীয় অধ্যায়—অভীষ্ট ফললাভের উপায়-বর্ণন ...	২৫ ...	৪০
চতুর্থ অধ্যায়—শুকদেবের মঙ্গলাচরণ ...	২৫ ...	৫০
পঞ্চম অধ্যায়—সৃষ্টি-বর্ণন ...	৪২ ...	৬০
ষষ্ঠ অধ্যায়—বিরাট্‌পুরুষের বিভূতি-বর্ণন ...	৪৬ ...	৭৮
সপ্তম অধ্যায়—ভগবানের লীলাবতার-বর্ণন ...	৫৩ ...	৯৯
অষ্টম অধ্যায়—শুকদেবের নিকটে পরীক্ষিতের প্রশ্ন ...	২৯ ...	১৩০
নবম অধ্যায়—পরীক্ষিতের নিকটে শুকদেবের ভাগবত-বর্ণন	৪৫ ...	১৪১
দশম অধ্যায়—দশ লক্ষণ-কথন ...	৫১ ...	১৬১

দ্বিতীয় স্কন্ধের মোট শ্লোক সংখ্যা—৩৯২

শ্রীমদ্ভাগবতম্

তৃতীয়ঃ স্কন্ধঃ

প্রথমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

এবমেতৎ পুরা পৃষ্টো মৈত্রেয়ো ভগবান্ কিল।
ক্ষত্রা বনং প্রবিষ্টেন ত্যক্ত্বা স্বগৃহমৃদ্ধিমৎ ॥ ১ ॥
যদ্বা অয়ং মন্ত্রকৃদ্বো ভগবানখিলেশ্বরঃ।
পৌরবেন্দ্রগৃহং হিত্বা প্রবিবেশাত্মসাৎকৃতম্ ॥২॥

অন্বয়

শ্রীশুকঃ উবাচ (শুকদেব বলিলেন) পুরা কিল (পূর্ব্বকালে) ঋদ্ধিমৎ (সর্ব্বসম্পত্তিপূর্ণ) স্বগৃহং ত্যক্ত্বা (নিজগৃহ পরিত্যাগপূর্ব্বক) বনং প্রবিষ্টেন (অরণ্যে প্রবিষ্ট) ক্ষত্রা (বিদুরকর্ত্তৃক) ভগবান্ (ষড়ৈশ্বর্য্যশালী) মৈত্রেয়ঃ (মৈত্রেয় ঋষি) এবম্ (আপনার প্রশ্নানুরূপ) এতৎ (ইহাই) পৃষ্টঃ (জিজ্ঞাসিত হইয়াছিলেন) ॥১॥

অয়ং অখিলেশ্বরঃ ভগবান্ (এই সর্ব্বেশ্বর শ্রীকৃষ্ণ) বঃ (আপনাদের অর্থাৎ পাণ্ডবগণের) মন্ত্রকৃৎ (দৌত্যকর্ম্মে নিযুক্ত হইয়া) পৌরবেন্দ্রগৃহং হিত্বা (দুর্য্যোধনের গৃহ পরিত্যাগ করিয়া) আত্মসাৎকৃতং (আপন গৃহ মনে করিয়া) যৎ বৈ (বিদুরের গৃহেই) প্রবিবেশ (প্রবেশ করিয়াছিলেন) ॥ ২ ॥

অনুবাদ

শুকদেব বলিলেন—হে মহারাজ! পুরাকালে সর্ব্বসম্পদ্‌যুক্ত নিজগৃহ পরিত্যাগ করতঃ বিদুর অরণ্যে প্রবিষ্ট হইয়া ভগবান্ মৈত্রেয় ঋষিকে আপনার প্রশ্নানুরূপ ইহাই জিজ্ঞাসা করিয়াছিলেন ॥ ১ ॥

[বিদুরের গৃহে যে কেবল সর্ব্বসম্পদ্ বর্ত্তমান ছিল তাহাই নহে, কিন্তু তীর্থস্বরূপও ছিল ইহাই বলিতেছেন] সর্ব্বেশ্বর শ্রীকৃষ্ণ পাণ্ডবগণের দৌত্যকর্ম্মে নিযুক্ত হইয়া দুর্য্যোধনের নিকটে পঞ্চ গ্রাম প্রার্থনা করিবার নিমিত্ত হস্তিনাপুরে গমন করিয়াছিলেন, পরে দুর্য্যোধনের গৃহ পরিত্যাগপূর্ব্বক আপন গৃহ মনে করিয়া বিদুরের গৃহেই প্রবেশ করিয়াছিলেন ॥ ২ ॥

টীকা

শ্রীমতে মঙ্গলমূর্ত্তয়ে ভগবন্নিম্বার্কায় নমঃ॥ শ্রীনিম্বার্কং নমস্কৃত্য প্রদীপোঽয়ং বিরচ্যতে। অধিক-ত্রিংশদধ্যায়সংযুক্তে তু তৃতীয়কে॥ সর্গাদয়স্তু সন্ত্যেব হ্যেকত্রাপি হ্যনেকশঃ। প্রাধান্যতস্তু বর্ণ্যন্তে তৃতীয়াদিষু তে ক্রমাৎ॥ অতিক্রান্তস্কন্ধান্তে—"পরিমাণঞ্চ কালস্য কল্পলক্ষণবিগ্রহম্। যথা পুরস্তা-দ্ব্যাখ্যাস্যে পাদ্মং কল্পমথো শৃণু" ইতি প্রতিজ্ঞাতমর্থং বিস্তরতো বর্ণয়িতুম্ ইতিহাসং প্রস্তৌতি শ্রীশুকঃ—এবমিতি দ্বয়েন। মৈত্রেয়ঃ মিত্রায়াঃ পুত্রঃ। ক্ষত্রা ভুজিষ্যাপুত্রেণ বিদুরেণ "ক্ষত্তা শূদ্রাৎ ক্ষত্রিয়াজ্জে প্রতিহারে চ সারথৌ। ভুজিষ্যাতনয়ে ক্ষত্তা নিযুক্তে চ প্রজাসৃজী"তি বিশ্বঃ। ঋদ্ধয়ঃ সম্পদো বিদ্যন্তে যস্মিন্ তৎ॥ ১॥ ন কেবলং ঋদ্ধিমদপি তু তীর্থরূপমিত্যাহ—**যদিতি। বৈ** প্রসিদ্ধং

শ্রীরাজোবাচ

কুত্র ক্ষত্তুর্ভগবতা মৈত্রেয়েণাস সঙ্গমঃ।
কদা বা সহ সংবাদ এতদ্বর্ণয় নঃ প্রভো ! ॥ ৩ ॥
নহ্যল্পার্থোদয়স্তস্য বিদুরস্যামলাত্মনঃ।
তস্মিন্ বরীয়সি প্রশ্নঃ সাধুবাদোপবৃংহিতঃ ॥৪॥

শ্রীসূত উবাচ

স এবমৃষিবর্য্যোঽয়ং পৃষ্টো রাজ্ঞা পরীক্ষিতা।
প্রত্যাহ তং সুবহুবিৎ প্রীতাত্মা শ্রূয়তামিতি ॥ ৫ ॥

অন্বয়

শ্রীরাজা উবাচ (মহারাজ পরীক্ষিৎ বলিলেন) প্রভো ! (হে ব্রহ্মন্ !) ক্ষত্তুঃ (বিদুরের) কুত্র (কোথায়) ভগবতা মৈত্রেয়েণ সহ (ভগবান্ মৈত্রেয় ঋষির সহিত) সঙ্গমঃ (মিলন) কদা বা (এবং কোন সময়েই বা) সংবাদঃ (কথোপকথন) আস (হইয়াছিল ?) নঃ (আমার নিকটে) এতৎ (ইহা) বর্ণয় (বর্ণনা করুন) ॥৩॥

বরীয়সি তস্মিন্ (সজ্জনশ্রেষ্ঠ ভগবান্ মৈত্রেয় ঋষির নিকটে) অমলাত্মনঃ তস্য বিদুরস্য (নির্ম্মলান্তঃকরণ সেই বিদুরের) সাধুবাদোপবৃংহিতঃ প্রশ্নঃ (সজ্জনানুমোদিত প্রশ্ন) অল্পার্থোদয়ঃ ন (অল্পফলক নহে) [অর্থাৎ অধিক ফলপ্রদ] ॥ ৪ ॥

শ্রীসূতঃ উবাচ (সূত বলিলেন) সঃ অয়ং সুবহুবিৎ (সেই সর্ব্বজ্ঞ) ঋষিবর্য্যঃ (ঋষিশ্রেষ্ঠ শুকদেব) রাজ্ঞা পরীক্ষিতা (মহারাজ পরীক্ষিৎকর্ত্তৃক) এবং পৃষ্টঃ (এইরূপে জিজ্ঞাসিত হইয়া) প্রীতাত্মা (সন্তুষ্টচিত্তে) শ্রূয়তাম্ ইতি ("শ্রবণ করুন" ইহা) তং (সেই পরীক্ষিৎকে) প্রত্যাহ (প্রত্যুত্তর দিলেন) ॥৫॥

অনুবাদ

মহারাজ পরীক্ষিৎ বলিলেন—হে প্রভো ! ভগবান্ মৈত্রেয় ঋষির সহিত মহামতি বিদুরের কোন্ দেশে মিলন হইয়াছিল ? এবং কোন্ সময়েই বা তাঁহাদের পরস্পর কথোপকথন হইয়াছিল ? এই সকল আমার নিকটে বর্ণনা করুন ॥৩॥

সজ্জনশ্রেষ্ঠ ভগবান্ মৈত্রেয় ঋষির নিকটে নির্ম্মলান্তঃকরণ সেই বিদুরের সজ্জনানুমোদিত প্রশ্ন অল্পফলক নহে অর্থাৎ অত্যধিক ফলপ্রদ হইবে ॥ ৪ ॥

সূত বলিলেন—সেই সর্ব্বজ্ঞ ঋষিশ্রেষ্ঠ শুকদেব মহারাজ পরীক্ষিৎকর্ত্তৃক এইরূপে জিজ্ঞাসিত হইয়া অতিশয় সন্তুষ্টচিত্তে "শ্রবণ করুন" ইহা পরীক্ষিৎকে বলিলেন ॥ ৫ ॥

টীকা

যৎ অয়ং শ্রীকৃষ্ণঃ অখিলেশ্বরঃ সর্ব্বেশ্বরোঽপি বঃ যুষ্মাকং পাণ্ডবানাং মন্ত্রকৃৎ দৌত্যকর্ত্তা পঞ্চগ্রাম-যাচনার্থং হস্তিনাপুরং গতঃ পৌরবেন্দ্রস্য সুযোধনস্য গৃহং হিত্বা বৈ প্রসিদ্ধং যৎ বিদুরগৃহম্ আত্মসাৎকৃতম্ আত্মীয়ত্বেন গৃহীতম্ অনাহুত এব প্রবিবেশ। এতৎ উদ্যোগপর্ব্বণি দ্রষ্টব্যম্ ॥ ২ ॥ আস বভূব ॥ ৩ ॥ বরীয়সি শ্রেষ্ঠে অল্পার্থোদয়ঃ অল্পফলো ন ॥৪॥৫॥ তাদৃশমপি গৃহং দুর্য্যোধনোপদ্রবাৎ

শ্রীশুক উবাচ

যদা তু রাজা স্বসুতানসাধূন্ পুষ্ণন্নধর্ম্মেণ বিনষ্টদৃষ্টিঃ।
ভ্রাতুর্যবিষ্ঠস্য সুতান্ বিবন্ধূন্ প্রবেশ্য লাক্ষাভবনে দদাহ ॥৬॥
যদা সভায়াং কুরুদেবদেব্যাঃ কেশাভিমর্ষং সুতকর্ম্ম গর্হ্যম্।
ন বারয়ামাস নৃপঃ স্নুষায়াঃ স্বাস্রৈর্হরন্ত্যাঃ কুচকুঙ্কুমানি ॥ ৭ ॥
দ্যূতে ত্বধর্ম্মেণ জিতস্য সাধোঃ সত্যাবলম্বস্য বনং গতস্য।
ন যাচতোঽদাৎ সময়েন দায়ং তমো জুষাণো যদজাতশত্রোঃ ॥৮॥

অন্বয়

শ্রীশুকঃ উবাচ (শুকদেব বলিলেন) বিনষ্টদৃষ্টিঃ (অন্ধ) রাজা তু (রাজা ধৃতরাষ্ট্র) যদা (যে সময়ে) অসাধূন্ (দুষ্ট) স্বসুতান্ (নিজপুত্রদিগকে) অধর্ম্মেণ পুষ্ণন্ (অসদুপায়ে পরিপোষণ করতঃ) যবিষ্ঠস্য ভ্রাতুঃ (কনিষ্ঠ ভ্রাতা পাণ্ডুর) বিবন্ধূন্ সুতান্ (পিতৃহীন পুত্রগণকে) লাক্ষাভবনে প্রবেশ্য (জতুগৃহে প্রবেশ করাইয়া) দদাহ (দগ্ধ করিয়াছিলেন), [তখন বিদুর গৃহ হইতে বহির্গত হইলেন] [১৬শ সংখ্যক শ্লোকে অন্বয় হইবে] ॥ ৬ ॥

নৃপঃ (রাজা ধৃতরাষ্ট্র) যদা (যখন) সভায়াং (সভামধ্যে) স্বাস্রৈঃ (স্বীয় নয়নজলে) কুচকুঙ্কুমানি (স্তনলিপ্ত কুঙ্কুম) হরন্ত্যাঃ (প্রক্ষালন করিতেছেন এমন) স্নুষায়াঃ (পুত্রবধূ) কুরুদেবদেব্যাঃ (যুধিষ্ঠিরমহিষী দ্রৌপদীর) কেশাভিমর্ষং (কেশাকর্ষণরূপ) গর্হ্যং (নিন্দিত) সুতকর্ম্ম (পুত্রকার্য্য) ন বারয়ামাস (নিবারণ করিলেন না), [তখন বিদুর গৃহত্যাগ করিলেন] ॥ ৭ ॥

যৎ (যখন) তমো জুষাণঃ (মূর্ত্তিমান্ মোহরূপী দুর্য্যোধনের পোষণকারী ধৃতরাষ্ট্র) দ্যূতে (দ্যূতক্রীড়ায়)

অনুবাদ

শুকদেব বলিলেন—অন্ধরাজ ধৃতরাষ্ট্র যে সময়ে দুষ্ট নিজপুত্র দুর্য্যোধন প্রভৃতিকে অসদুপায় অবলম্বনে পরিপোষণ করতঃ কনিষ্ঠ ভ্রাতা পাণ্ডুর পিতৃহীন পুত্র যুধিষ্ঠিরাদিকে জতুগৃহে প্রবেশ করাইয়া গৃহ দগ্ধ করিয়াছিলেন, তখন বিদুর গৃহত্যাগ করিলেন ॥ ৬ ॥

সভামধ্যে দুঃশাসনের কেশাকর্ষণে দ্রৌপদীর অশ্রুধারায় স্তনলিপ্ত কুঙ্কুম প্রক্ষালিত হইতে থাকিলে রাজা ধৃতরাষ্ট্র যখন পুত্রবধূ যুধিষ্ঠিরমহিষী দ্রৌপদীর কেশাকর্ষণরূপ পুত্রকৃত নিন্দিতকর্ম্মের নিবারণ করিলেন না, [তখন বিদুর গৃহত্যাগ করিলেন] ॥ ৭ ॥

সভামধ্যে দ্যূতক্রীড়ায় অন্যায়ভাবে পরাজিত যুধিষ্ঠির সত্যপালনপূর্ব্বক বনবাস হইতে

টীকা

ত্যক্তবানিত্যাহ—যদেত্যেকাদশভিঃ। বিনষ্টা দৃষ্টির্যস্য সঃ রাজা ধৃতরাষ্ট্রঃ অসাধূন্ দুষ্টান্ দুর্য্যোধনাদীন্ অধর্ম্মেণ পুষ্ণন্ যবিষ্ঠস্য কনীয়সো ভ্রাতুঃ পাণ্ডোঃ সুতান্ যুধিষ্ঠিরাদীন্ বিবন্ধূন্ মৃতপিতৃকান্ লাক্ষাভবনে প্রবেশ্য যদা দদাহ, তদা স বিদুরঃ অযাদিত্যেকাদশে ক্রিয়াসম্বন্ধঃ। লাক্ষাভবনদাহে মনসা অযাৎ দুর্য্যোধনাসৎকারে তু স্বয়মিতিবিবেকঃ। এবমগ্রেঽপি ॥ ৬ ॥ নৃপঃ ধৃতরাষ্ট্রঃ আত্মনঃ স্নুষায়াঃ কুরুদেবস্য যুধিষ্ঠিরস্য দেব্যাঃ দ্রৌপদ্যাঃ কেশাভিমর্ষরূপং গর্হ্যং নিন্দ্যং সুতস্য দুঃশাসনস্য কর্ম্ম ন বারয়ামাস তদা অযাৎ ॥ ৭ ॥ দ্যূতে অধর্ম্মেণ অন্যায়েন জিতস্য বনাৎ প্রত্যাগতস্য সাধোঃ

যদা চ পার্থপ্রহিতঃ সভায়াং জগদ্‌গুরুর্যানি জগাদ কৃষ্ণঃ।
ন তানি পুংসামমৃতায়নানি রাজোরু মেনে ক্ষতপুণ্যলেশঃ ॥ ৯ ॥
যদোপহূতো ভবনং প্রবিষ্টো মন্ত্রায় পৃষ্টঃ কিল পূর্ব্বজেন।
অথাহ তন্মন্ত্রদৃশাং বরীয়ান্ যন্মন্ত্রিণো বৈদুরিকং বদন্তি ॥ ১০ ॥

অন্বয়

অধর্ম্মেণ তু জিতস্য (অন্যায়ভাবে পরাজিত), সত্যাবলম্বস্য (সত্যপালনপূর্ব্বক) বনং গতস্য (বন হইতে প্রত্যাগত) সময়েন (এবং পূর্ব্ব প্রতিজ্ঞানুসারে) দায়ং যাচতঃ সাধোঃ অজাতশত্রোঃ (পৈত্রিক রাজ্য প্রার্থনাকারী যুধিষ্ঠিরের) দায়ং ন অদাৎ (প্রাপ্য রাজ্য প্রদান করিলেন না), [তখন বিদুর গৃহত্যাগ করিলেন] ॥ ৮ ॥

পার্থপ্রহিতঃ (যুধিষ্ঠিরকর্ত্তৃক প্রেরিত) জগদ্‌গুরুঃ (জগতের ধর্ম্মোপদেষ্টা) কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) সভায়াং (ধৃতরাষ্ট্র সভায়) পুংসাম্ (উভয়পক্ষীয়গণের) অমৃতায়নানি (মঙ্গলসূচক) যানি (যে সকল বাক্য) জগাদ (বলিয়াছিলেন), ক্ষতপুণ্যলেশঃ রাজা (যাহার পুণ্যলেশও ক্ষয়প্রাপ্ত হইয়াছে সেই রাজা ধৃতরাষ্ট্র) যদা চ (যখন) তানি (সে সকল বাক্য) ন উরু মেনে (কল্যাণকর বলিয়া মনে করিতে পারেন নাই), [তখন বিদুর গৃহত্যাগ করিলেন] ॥ ৯ ॥

যদা (যখন) মন্ত্রায় উপহূতঃ (মন্ত্রণার নিমিত্ত আমন্ত্রিত বিদুর) ভবনং প্রবিষ্টঃ (মন্ত্রণাগৃহে প্রবিষ্ট হইয়া) পূর্ব্বজেন (অগ্রজ ধৃতরাষ্ট্রকর্ত্তৃক) পৃষ্টঃ কিল (জিজ্ঞাসিত হইয়াছিলেন), অথ (তখন) মন্ত্রদৃশাং বরীয়ান্ (মন্ত্রীশ্রেষ্ঠ বিদুর) যৎ (যাহাকে) মন্ত্রিণঃ (মন্ত্রিগণ) বৈদুরিকং (বিদুরবাক্য) বদন্তি (বলিয়া থাকেন), তৎ আহ (সেই বাক্য বলিয়াছিলেন) ॥ ১০ ॥

অনুবাদ

প্রত্যাগত হইয়া পূর্ব্বপ্রতিজ্ঞানুসারে পৈত্রিক রাজ্য প্রার্থনা করিলেন কিন্তু মূর্ত্তিমান্ মোহরূপী দুর্য্যোধনের পোষণকারী ধৃতরাষ্ট্র যখন সেই সাধু অজাতশত্রু যুধিষ্ঠিরের প্রাপ্য রাজ্য প্রদান করিলেন না, তখন বিদুর গৃহত্যাগ করিলেন ॥ ৮ ॥

সুখ, কীর্ত্তি ও ধর্ম্মাদি প্রাপ্তির মূল কারণ পুণ্য যাহার নাই, কেবল যে রাজ্যপ্রাপ্তির কারণ কিঞ্চিৎ পুণ্য ছিল, তাহাও যাহার বিনষ্ট হইয়াছে, সেই রাজা ধৃতরাষ্ট্র যখন যুধিষ্ঠিরকর্ত্তৃক প্রেরিত জগতের ধর্ম্মোপদেষ্টা শ্রীকৃষ্ণ সভাতে উভয়পক্ষীয়গণের মঙ্গলসূচক যে সকল বাক্য বলিয়াছিলেন, তাহা কল্যাণকর বলিয়া মনে করিতে পারেন নাই, [তখন বিদুর গৃহত্যাগ করিলেন] ॥ ৯ ॥

যখন মন্ত্রণার নিমিত্ত আমন্ত্রিত বিদুর মন্ত্রণাগৃহে প্রবিষ্ট হইয়া অগ্রজ ধৃতরাষ্ট্র-

টীকা

শিষ্টস্য যুধিষ্ঠিরস্য পরাজিতং "দ্বাদশ বর্ষাণি বনে, একং বর্ষং অলক্ষিতঃ পুর্য্যামুষিত্বা পুনরাবৃত্য স্বরিক্থভাক্ ভবতু" ইত্যেবং পূর্ব্বকৃতেন সময়েন দায়ং রিক্থং যাচমানস্য তমো জুষাণঃ তামসকল্পঃ দুর্য্যোধনং সেবমানঃ ধৃতরাষ্ট্রঃ যৎ যদা ন অদাৎ, তদা অযাৎ ॥ ৮ ॥ রাজা ধৃতরাষ্ট্রঃ, অমৃতায়নানি শ্রেয়োমূলানি ॥ ৯ ॥ পূর্ব্বজেন ধৃতরাষ্ট্রেণ, মন্ত্রিণো যৎ বৈদুরিকং বিদুরবাক্যং বদন্তি তদাহ ॥ ১০ ॥

অজাতশত্রোঃ প্রতিযচ্ছ দায়ং তিতিক্ষতো দুর্ব্বিষহং তবাগঃ।
সহানুজো যত্র বৃকোদরাহিঃ শ্বসন্ রুষা যৎ ত্বমলং বিভেষি ॥ ১১ ॥
পার্থাংস্তু দেবো ভগবান্ মুকুন্দো গৃহীতবান্ সক্ষিতিদেবদেবঃ।
আস্তে স্বপুর্য্যাং যদুদেবদেবো বিনির্জ্জিতাশেষনৃদেবদেবঃ ॥ ১২ ॥

অন্বয়

[বিদুরের উপদেশ প্রদর্শন করিতেছেন] ত্বং (হে অগ্রজ ! আপনি) যৎ (যে মহাবল হইতে) অলং বিভেষি (অতিশয় ভয় প্রাপ্ত হইয়া থাকেন), সহানুজঃ (কনিষ্ঠ অর্জ্জুনাদির সহিত) [সঃ] বৃকোদরাহিঃ (সেই ভীমসেনরূপ সর্প) যত্র (রাজ্যপ্রত্যর্পণ না করার অপরাধে) রুষা (ক্রোধে) শ্বসন্ [আস্তে] (দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করতঃ অবস্থান করিতেছেন) ; তব (আপনার) দুর্ব্বিষহং (অসহনীয়) [তৎ] আগঃ (সেই অপরাধ) তিতিক্ষতঃ (সহনশীল) অজাতশত্রোঃ (যুধিষ্ঠিরের) দায়ং (পৈত্রিক রাজ্য) প্রতিযচ্ছ (প্রত্যর্পণ করুন) ॥ ১১ ॥

[পাণ্ডবগণ শ্রীকৃষ্ণের অতিশয় প্রিয় বলিয়া তাঁহারা সর্ব্বসহায়যুক্ত ও কৃতার্থ। তাঁহাদিগকে রাজ্য প্রদান করিলে যশই বিস্তারিত হইবে ইহাই ধৃতরাষ্ট্রকে বলিতেছেন] মুকুন্দঃ তু (শ্রীকৃষ্ণ) পার্থান্ (কুন্তীপুত্রগণকে) [আত্মীয়রূপে] গৃহীতবান্ (গ্রহণ করিয়াছেন), [সঃ] দেবঃ ভগবান্ (সেই শ্রীকৃষ্ণ পরম দেবতা এবং ষড়ৈশ্বর্য্যশালী) ; সক্ষিতিদেবদেবঃ (তিনি ব্রাহ্মণ ও দেবগণের সহিত) স্বপুর্য্যাং আস্তে (নিজপুরী দ্বারকাতে অবস্থান করিতেছেন) [কিঞ্চ সঃ] যদুদেবদেবঃ (এবং তিনি যদুশ্রেষ্ঠগণের পূজনীয় হইয়া) বিনির্জ্জিতাশেষনৃদেবদেবঃ (ও মণ্ডলেশ্বরবিজয়ী রাজগণকে বশীভূত করিয়া অবস্থান করিতেছেন) ॥ ১২ ॥

অনুবাদ

কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়াছিলেন, তখন যে বাক্যকে মন্ত্রিগণ "বিদুর বাক্য" বলিয়া প্রশংসা করিয়া থাকেন, মন্ত্রীশ্রেষ্ঠ বিদুর সেই বাক্য বলিয়াছিলেন ॥ ১০ ॥

[বিদুরের উপদেশ প্রদর্শন করিতেছেন]—হে অগ্রজ ! আপনি যে মহাবল ভীম হইতে অতিশয় ভয় পাইয়া থাকেন, কনিষ্ঠ অর্জ্জুনাদির সহিত সেই ভীমসেনরূপ সর্প রাজ্য প্রত্যর্পণ না করার অপরাধে ক্রোধে দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করতঃ অবস্থান করিতেছেন ; অতএব আপনার অসহনীয় অপরাধ যিনি সহ্য করিয়াছেন সেই যুধিষ্ঠিরের পৈত্রিক সম্পত্তি (রাজ্য) প্রত্যর্পণ করুন ॥ ১১ ॥

হে মহারাজ ! শ্রীকৃষ্ণ কুন্তীপুত্র পাণ্ডবগণকে আত্মীয়রূপে গ্রহণ করিয়াছেন। শ্রীকৃষ্ণ যে কেবল দেবতা তাহাই নহেন, কিন্তু ভগবান্ অর্থাৎ ষড়ৈশ্বর্য্যশালী ; তিনি ব্রাহ্মণগণ ও দেবগণের সহিত নিজপুরী দ্বারকাতেই অবস্থান করিতেছেন

টীকা

যদ্ যস্মান্মহাবলাৎ ত্বম্ অত্যর্থং বিভেষি স বৃকোদরাখ্যঃ অহিঃ সহানুজঃ অর্জ্জুনাদিসহিতঃ যত্র আগসি ক্রোধেন শ্বসন্ আস্তে, তৎ তবাগঃ অপরাধং তিতিক্ষতঃ সহমানস্য অজাতশত্রোঃ যুধিষ্ঠিরস্য দায়ং প্রতিযচ্ছ প্রত্যর্পয় ॥ ১১ ॥ তদ্দায়প্রত্যর্পণং তব যশোঽর্থং, পাণ্ডবাস্তু শ্রীকৃষ্ণপ্রিয়াঃ, অতঃ

স এষ দোষঃ পুরুষদ্বিড়াস্তে গৃহান্ প্রবিষ্টো যমপত্যমত্যা।
পুষ্ণাসি কৃষ্ণাদ্বিমুখো গতশ্রী-স্ত্যজাশ্বশৈব্যং কুলকৌশলায় ॥১৩॥
ইত্যূচিবাংস্তত্র সুযোধনেন প্রবৃদ্ধকোপস্ফুরিতাধরেণ।
অসৎকৃতঃ সৎস্পৃহণীয়শীলঃ ক্ষত্তা সকর্ণানুজসৌবলেন ॥ ১৪ ॥

অন্বয়

[জন্মকালে কুলবিনাশসূচক অশুভ শব্দ করায় আমি যাহাকে পরিত্যাগ করিতে বলিয়াছিলাম, তথাপি] যং (যাহাকে) অপত্যমত্যা (পুত্রবুদ্ধিতে) [আপনি] পুষ্ণাসি (পালন করিয়াছেন), সঃ এষঃ (সেই এই) পুরুষদ্বিট্ (যুধিষ্ঠিরাদিদ্বেষী) কৃষ্ণাৎ বিমুখঃ (শ্রীকৃষ্ণপরাঙ্মুখী) গতশ্রীঃ (হতশ্রী) দোষঃ (মূর্ত্তিমান্ দুর্য্যোধনরূপী দোষ) গৃহান্ প্রবিষ্টঃ আস্তে (আপনার গৃহে প্রবেশ করিয়া অবস্থান করিতেছে)। কুলকৌশলায় (কুলের মঙ্গলের নিমিত্ত) অশৈব্যং (অমঙ্গল স্বরূপ দুর্য্যোধনকে) আশু ত্যজ (শীঘ্র পরিত্যাগ করুন) ॥ ১৩ ॥

সৎস্পৃহনীয়শীলঃ (সজ্জনাকাঙ্ক্ষিত চরিত্রবান্) ক্ষত্তা (বিদুর) ইত্যূচিবান্ (যখন এই প্রকার বলিলেন, তখন) [তিনি] তত্র (সেই সভাতেই) সকর্ণানুজসৌবলেন (কর্ণ, দুঃশাসন ও শকুনির সহিত) প্রবৃদ্ধকোপ-স্ফুরিতাধরেণ (প্রচণ্ডক্রোধে কম্পিতাধর) সুযোধনেন (দুর্য্যোধনকর্ত্তৃক) অসৎকৃতঃ (তিরস্কৃত হইলেন) ॥ ১৪ ॥

অনুবাদ

[অর্থাৎ যেখানে শ্রীকৃষ্ণ সেখানেই দেবগণ ও দ্বিজগণ বর্ত্তমান থাকেন] এবং তিনি যদুকুলশ্রেষ্ঠগণের পূজনীয় হইয়া ও মণ্ডলেশ্বরবিজয়ী ভূপতিগণকে পরাজিত করিয়া অবস্থান করিতেছেন; অতএব কৃষ্ণসহায় সেই পাণ্ডবগণের রাজ্য প্রত্যর্পণ করুন ॥ ১২ ॥

জন্মকালে কুলনাশক অশুভ শব্দ করায় আমি যাহাকে পরিত্যাগ করিতে বলিয়াছিলাম, তথাপি পুত্রবুদ্ধিতে আপনি যাহাকে পরিপোষণ করিয়াছেন, সেই এই পাণ্ডববিদ্বেষী শ্রীকৃষ্ণে পরাঙ্মুখী হতশ্রী (লক্ষ্মীছাড়া) মূর্ত্তিমান্ দুর্য্যোধনরূপী দোষ আপনার গৃহে প্রবেশ করিয়া অবস্থান করিতেছে। কুলের মঙ্গলের নিমিত্ত আপনি অমঙ্গলস্বরূপ দুর্য্যোধনকে শীঘ্র পরিত্যাগ করুন ॥ ১৩ ॥

সজ্জনাকাঙ্ক্ষিত চরিত্রবান্ বিদুর ধৃতরাষ্ট্রকে যখন এই প্রকার বলিলেন, তখন সেই সভাতেই কর্ণ, দুঃশাসন ও শকুনির সহিত দুর্য্যোধনের প্রচণ্ড ক্রোধে অধর কম্পিত হইতে লাগিল ও তাহারা বিদুরকে তিরস্কার করিতে লাগিলেন ॥ ১৪ ॥

টীকা

কৃতার্থা এব, ইত্যাশয়েনাহ পার্থাংস্ত্বিতি ॥ ১২ ॥ দুর্য্যোধনস্তদ্দায়প্রদানং ন অঙ্গীকরোত্যত আহ স ইতি। যো জন্মকালে কুৎসিতান্ শব্দান্ কুলনাশসূচকান্ অকরোৎ তদৈব ময়া প্রার্থিতো ভবান্ পুত্রং দোষরূপং ত্যজেতি। এবং ময়া বার্য্যমানোঽপি যমপত্যবুদ্ধ্যা পুষ্ণাসি, স এষ মূর্ত্তো দোষ এব গৃহান্ প্রবিষ্ট আস্তে। দোষত্বে হেতুমাহ—পুরুষান্ যুধিষ্ঠিরাদীন্ শ্রীকৃষ্ণপ্রিয়ান্ দ্বেষ্টীতি স তথা, কৃষ্ণাদ্ বিমুখশ্চেতি, তস্মাৎ অশৈব্যম্ অমঙ্গলং দুর্য্যোধনমাশু ত্যজ। কথং পুত্রস্ত্যাজ্যঃ? ইত্যত্রাহ—কুলকৌশলায়েতি। "ত্যজেদেকং কুলস্যার্থে গ্রামস্যার্থে কুলং ত্যজেৎ। গ্রামং জনপদস্যার্থে আত্মার্থে পৃথিবীং ত্যজে"দিতি ন্যায়াৎ ॥ ১৩ ॥ ক্ষত্তা বিদুরঃ, ইতীত্থম্ উচিবান্। তত্র সভায়ামেব কর্ণদুঃশাসন-

ক এনমত্রোপজুহাব জিহ্মং দাস্যাঃ সুতং যদ্বলিনৈব পুষ্টঃ।
তস্মিন্ প্রতীপঃ পরকৃত্য আস্তে নির্ব্বাস্যতামাশু পুরাচ্ছ্বসানঃ ॥১৫॥
স ইত্থমত্যুল্বণকর্ণবাণৈ-র্ভ্রাতুঃ পুরো মর্ম্মসু তাড়িতোঽপি।
স্বয়ং ধনুর্দ্বারি নিধায় মায়াং গতব্যথোঽযাদুরু মানয়ানঃ ॥ ১৬ ॥

অন্বয়

জিহ্মং (কুটিল) দাস্যাঃ সুতং (দাসীপুত্র) এনং (এই বিদুরকে) কঃ (কোন্ ব্যক্তি) অত্র (এখানে) উপজুহাব (ডাকিয়া আনিল)। [এই খল স্বভাব বিদুর] যদ্বলিনা (যাহার অন্নদ্বারা) পুষ্টঃ (পরিপুষ্ট), তস্মিন্ এব (তাহাতেই অর্থাৎ আমাদেরই) প্রতীপঃ (প্রতিকূল হইয়া) পরকৃত্যে (আমাদের শত্রু পাণ্ডবগণের শুভকার্য্যে) আস্তে (অবস্থান করিতেছে) ; [অতএব] শ্বসানঃ (প্রাণমাত্রাবশেষ করিয়া) [ইহাকে] পুরাৎ (নগর হইতে) আশু (শীঘ্র) নির্ব্বাস্যতাম্ (বাহির করিয়া দাও) ॥ ১৫ ॥

সঃ [সেই বিদুর] ইত্থং (এই প্রকারে) ভ্রাতুঃ (জ্যেষ্ঠভ্রাতার) পুরঃ (সমীপে) অত্যুল্বণকর্ণবাণৈঃ (কর্ণদ্বয়ে বাণের ন্যায় প্রবিষ্ট কটুবাক্যদ্বারা) মর্ম্মসু তাড়িতঃ অপি (মর্ম্মাহত হইয়াও) মায়াং (বিশ্বমোহিনী ভগবন্মায়াকে) উরু মানয়ানঃ (প্রবল মনে করিয়া) গতব্যথঃ [সন্] (ব্যথিত না হইয়া) দ্বারি (দ্বারদেশে) ধনুঃ নিধায় (ধনুক প্রভৃতি অস্ত্রশস্ত্র রাখিয়া) স্বয়ম্ অযাৎ (নিজেই চলিয়া গেলেন) ॥ ১৬ ॥

অনুবাদ

দুর্য্যোধন প্রভৃতি বলিতে লাগিলেন—দাসীপুত্র এই বিদুরকে কোন্ ব্যক্তি এখানে ডাকিয়া আনিল? এই খলস্বভাব বিদুর যাহাদের অন্নে পরিপুষ্ট, তাহাদেরই প্রতিকূলাচরণ করতঃ আমাদের শত্রু পাণ্ডবগণের শুভকার্য্যে ব্যাপৃত রহিয়াছে; অতএব ইহাকে প্রাণমাত্রাবশেষ করিয়া নগর হইতে শীঘ্র বাহির করিয়া দাও ॥ ১৫ ॥

বিদুর এই প্রকারে জ্যেষ্ঠভ্রাতা ধৃতরাষ্ট্রের সম্মুখে কর্ণদ্বয়ে বাণবৎবিদ্ধ

টীকা

শকুনিসহিতেন সুযোধনেন দুর্য্যোধনেন অসৎকৃতঃ তিরস্কৃতঃ ॥ ১৪ ॥ তদেবাহ—ক ইতি। জিহ্মং কুটিলম্, যস্য বলিনা অন্নেন পুষ্টস্তস্মিন্নেব প্রতীপঃ প্রতিকূলঃ পরকৃত্যে আস্তে শত্রুকার্য্যে বর্ত্ততে ব্যাপ্রিয়তে, অতঃ শ্বসানঃ শ্বসন্ জীবনমাত্রশেষঃ পুরাৎ নির্ব্বাস্যতাম্ ॥ ১৫ ॥ প্রসিদ্ধাঃ বাণাঃ দেহং ভিত্ত্বা অন্যত্র পতন্তি, উদ্ধর্ত্তুং চ শক্যাঃ, বাগ্‌বাণাস্তু হৃদি নিত্যং শয়নং কুর্ব্বন্তি, যথোক্তং মহাভারতে "কর্ণিনালীকনারাচা উদ্ধরন্তি শরীরতঃ। বাগ্‌বাণস্তু ন নির্হর্ত্তুং শক্যো হৃদিশয়ো হি স" ইতি, "বাক্‌সায়কা বদনান্নিষ্পতন্তি, যৈরাহতঃ শোচতি রাত্র্যহানি। পরস্পরমর্ম্মসু তে পতন্তি, তান্ পণ্ডিতো নাবসৃজেৎ কদাচিদি"তি চ। এবমত্যুল্বণৈঃ কর্ণয়োর্ব্বাণবৎ প্রবিশদ্ভিঃ পরুষবাক্যৈঃ ভ্রাতুর্ধৃতরাষ্ট্রস্য পুরো মর্ম্মসু তাড়িতোঽপি গতব্যথঃ স্বয়মযাৎ। দুর্য্যোধননিযুক্তপুরুষকর্ত্তৃকনিঃসারণপ্রযত্নাৎ পূর্ব্বং স্বয়মেব নির্জগাম। কথম্ভূতঃ? মায়াং বিশ্বমোহিনীম্ ভগবন্মায়াম্ উরু বহু মানয়ানঃ, ভগবন্মায়াত্র নিমিত্তমিতি মন্যমানঃ। কিং কৃত্বা? ধনুর্দ্বারি নিধায় ভয়দেভ্যোঽপি স্বতোঽভয়ং দাতুং তদ্বারি ধনুরুপলক্ষিতং শস্ত্রাস্ত্রপুগং ত্যক্ত্বা ইত্যর্থঃ। বিদুরতুল্যানাং দৌর্লভ্যমুক্তম্ "পুরুষা বহবো লোকে সাধবঃ সাধুকারিষু। দুর্লভঃ পুরুষো লোকে যঃ সাধুরসাধুষিতি" ॥ ১৬ ॥ যদ্‌গেহে শ্রীকৃষ্ণং ন

স নির্গতঃ কৌরবপুণ্যলব্ধো গজাহ্বয়াৎ তীর্থপদঃ পদানি।
অন্বাক্রমৎ পুণ্যচিকীর্ষয়োর্ব্ব্যা-মধিষ্ঠিতো যানি সহস্রমূর্ত্তিঃ ॥১৭॥
পুরেষু পুণ্যোপবনাদ্রিকুঞ্জে-ষ্বপঙ্কতোয়েষু সরিৎসরঃসু।
অনন্তলিঙ্গৈঃ সমলঙ্কৃতেষু চচার তীর্থায়তনেষ্বনন্যঃ ॥ ১৮ ॥

অন্বয়

[বিদুরের তীর্থ পর্য্যটন বর্ণনা করিতেছেন] কৌরবপুণ্যলব্ধঃ (কৌরবদিগের পুণ্যফলে প্রাপ্ত) সঃ (সেই বিদুর) গজাহ্বয়াৎ নির্গতঃ (হস্তিনাপুর হইতে বহির্গত হইয়া) পুণ্যচিকীর্ষয়া (পুণ্যার্জ্জনের ইচ্ছায়) উর্ব্ব্যাং (পৃথিবীতে) যানি (যে সকল পুণ্যক্ষেত্রে) সহস্রমূর্ত্তিঃ (অনন্তমূর্ত্তি ভগবান্) অধিষ্ঠিতঃ (অবস্থিত আছেন) তীর্থপদঃ (এবং যাঁহার চরণকমলে গঙ্গাদি তীর্থ বর্ত্তমান, সেই শ্রীহরির) পদানি (বাসস্থান পুণ্যক্ষেত্রসমূহে) অন্বাক্রমৎ (বিচরণ করিতে লাগিলেন) ॥ ১৭ ॥

অনন্যঃ (একাকী সেই বিদুর) পুরেষু (সজ্জনপুরী), পুণ্যোপবনাদ্রিকুঞ্জেষু (পুণ্য উপবন, পর্ব্বত ও গুল্মলতাদি বেষ্টিত গূঢ়স্থান), অপঙ্কতোয়েষু (পাপরূপ পঙ্কহীন সলিলযুক্ত) সরিৎসরঃসু (নদী ও সরোবর সমূহে) অনন্তলিঙ্গৈঃ সমলঙ্কৃতেষু (এবং ভগবানের অনন্তমূর্ত্তিদ্বারা সমলঙ্কৃত) তীর্থায়তনেষু (তীর্থস্থান সমূহে) চচার (বিচরণ করিতে লাগিলেন) ॥১৮ ॥

অনুবাদ

কটুবাক্যের দ্বারা মর্ম্মাহত হইয়াও বিশ্বমোহিনী ভগবন্মায়াকেই প্রবল মনে করিয়া অর্থাৎ এই দুর্ব্ব্যবহারকে ভগবন্মায়ার কার্য্য মনে করিয়া মনের খেদ দূর করতঃ সেই পুরীর দ্বারদেশে স্বীয় ধনুর্ব্বাণাদি অস্ত্রশস্ত্র স্থাপনপূর্ব্বক চলিয়া গেলেন অর্থাৎ স্বেচ্ছায় গৃহত্যাগ করিলেন ॥১৬॥

কৌরবদিগের পুণ্যফলে কুরুকুলে জাত সেই বিদুর হস্তিনাপুর হইতে বহির্গত হইয়া পৃথিবীতে যে সকল পুণ্যক্ষেত্রে অনন্তমূর্ত্তি ভগবান্ অনন্তরূপে অবস্থান করিতেছেন এবং যাঁহার চরণকমলে গঙ্গাদি তীর্থ বর্ত্তমান আছে, সেই শ্রীহরির বাসস্থান পুণ্যক্ষেত্রসমূহে পুণ্যার্জ্জনেচ্ছায় বিচরণ করিতে লাগিলেন ॥ ১৭ ॥

একাকী সেই বিদুর সজ্জন-ভবন, পুণ্য-উপবন, পর্ব্বত, কুঞ্জ ও পাপরূপ পঙ্কহীন সলিলযুক্ত নদী, সরোবর এবং অনন্তমূর্ত্তি ভগবানের অনন্তমূর্ত্তিদ্বারা সমলঙ্কৃত তীর্থস্থান সমূহে বিচরণ করিতে লাগিলেন ॥ ১৮ ॥

টীকা

আত্মসাৎকৃতম্, তদপি দুর্জ্জনসংসর্গদোষাৎ ত্যক্তমিত্যুক্তম্। ইদানীং তস্য তীর্থপর্য্যটনপ্রকারমাহ—স ইত্যষ্টভিঃ। স বিদুরঃ কৌরবপুণ্যলব্ধঃ কৌরবাণাং পুণ্যেন লব্ধঃ তৎকুলভূষণপুণ্যরূপঃ গজাহ্বয়ান্নির্গতঃ, তৎকুলদূষণস্তু তত্রৈব স্থিত আসীদিতি ভাবঃ। উর্ব্ব্যাং যানি সহস্রমূর্ত্তিঃ অনন্তমূর্ত্তিঃ ভগবান্ স্বধিষ্ঠিতঃ সুষ্ঠু অধিষ্ঠায় স্থিতঃ, তানি তীর্থপদঃ তীর্থং পাদৌ যস্য, তস্য ভগবতঃ পদানি বাসস্থানানি পুণ্যং কর্ত্তুমিচ্ছয়া অন্বাক্রমৎ অনুচচার ॥ ১৭ ॥ পুরেষু পুণ্যানি উপবনানি চ অদ্রয়শ্চ কুঞ্জানি গূঢ়স্থানানি চ তেষু, অপঙ্কানি পাপরূপপঙ্কনিবারকানি তোয়ানি যেষু সরিৎসরঃসু চ, অনন্তস্য ভগবতো লিঙ্গৈর্মূর্ত্তিভিঃ সম্যগলঙ্কৃতেষু জনশোধকেষু আয়তনেষু চ ॥ ১৮ ॥ গাং পৃথিবীং পর্য্যটন্

গাং পর্য্যটন্ মেধ্যবিবিক্তবৃত্তিঃ সদাপ্লুতোঽধঃশয়নোঽবধূতঃ।
অলক্ষিতঃ স্বৈরবধূতবেশো ব্রতানি চেরে হরিতোষণানি ॥১৯॥
ইত্থং ব্রজন্ ভারতমেব বর্ষং কালেন যাবদ্ গতবান্ প্রভাসম্।
তাবচ্ছশাস ক্ষিতিমেকচক্রা-মেকাতপত্রামজিতেন পার্থঃ ॥২০॥
তত্রাথ শুশ্রাব সুহৃদ্বিনষ্টিং বনং যথা বেণুজবহ্নিসংশ্রয়ম্।
সংস্পর্দ্ধয়া দগ্ধমথানুশোচন্ সরস্বতীং প্রত্যগিয়ায় তূষ্ণীম্ ॥২১॥

অন্বয়

মেধ্যবিবিক্তবৃত্তিঃ (পবিত্র ও অনায়াসলভ্য জীবিকাবলম্বী), সদা আপ্লুতঃ (সর্ব্বদা স্নাত), অধঃশয়নঃ (ভূতলে শয়নকারী), অবধূতঃ (দেহসংস্কারবিবর্জ্জিত) অবধূতবেশঃ (তাপসজনোচিত বল্কলাজিনধারী) স্বৈঃ (এবং আত্মীয় স্বজনকর্ত্তৃক) অলক্ষিতঃ (অলক্ষিতগতি হইয়া সেই বিদুর) গাং পর্য্যটন্ (পৃথিবী পর্য্যটন করতঃ) হরিতোষণানি ব্রতানি (শ্রীহরির সন্তুষ্টি-বিধায়ক ব্রতসকল) চেরে (আচরণ করিতে লাগিলেন) ॥ ১৯ ॥

[বিদুর] ইত্থং (এই প্রকারে) ভারতম্ এব বর্ষং (ভারতবর্ষেই) ব্রজন্ (ভ্রমণ করিতে করিতে) যাবৎ কালেন (যে সময়ে) প্রভাসং (প্রভাসনামক তীর্থে) গতবান্ (গমন করিলেন), তাবৎ [কালেন] (সেই সময়ে) পার্থঃ (যুধিষ্ঠির) অজিতেন (শ্রীকৃষ্ণের সাহায্যে) একচক্রাম্ (এক নৃপতির আজ্ঞা যাহাতে প্রবর্ত্তিত হয়) একাতপত্রাম্ (ও একরাজচ্ছত্র যাহাতে শোভিত হয়, সেই) ক্ষিতিং (পৃথিবীকে) শশাস (শাসন করিতে লাগিলেন) ॥ ২০ ॥

অথ (অনন্তর) [বিদুর] তত্র (প্রভাসতীর্থে) বেণুজবহ্নিসংশ্রয়ম্ বনং (বাঁশের পরস্পর সঙ্ঘর্ষজনিত

অনুবাদ

সেই বিদুর পবিত্র ও অনায়াসলভ্য জীবিকা অবলম্বনপূর্ব্বক সর্ব্বদা স্নান, ভূমিতে শয়ন, দেহের মার্জ্জনাদি সংস্কার বর্জ্জন এবং তাপসজনোচিত বল্কল ও অজিন প্রভৃতি ধারণ করিয়া স্বজনগণকর্ত্তৃক অপরিদৃষ্ট হইয়া পৃথিবী পর্য্যটন করতঃ শ্রীহরির প্রীতিজনক ব্রতসকল আচরণ করিতে লাগিলেন ॥ ১৯ ॥

এই প্রকারে বিদুর ভারতবর্ষেই ভ্রমণ করিতে করিতে যে সময়ে প্রভাস তীর্থে গমন করিলেন, সেই সময়ে মহারাজ যুধিষ্ঠির শ্রীকৃষ্ণের সাহায্যে একচক্রা ও একচ্ছত্রা পৃথিবীকে শাসন করিতে লাগিলেন ॥ ২০ ॥

বিদুর সেই প্রভাসতীর্থে উপস্থিত হইয়া বংশের পরস্পর সঙ্ঘর্ষজনিত

টীকা

হরিঃ তোষ্যতে এভিরিতি হরিতোষণানি ব্রতানি চেরে অচরৎ, মেধ্যা পবিত্রা বিবিক্তা অসঙ্কীর্ণা বৃত্তির্জীবিকা যস্য সঃ, সদা আপ্লুতঃ স্নাতঃ অধঃ শয়নং যস্য সঃ, অবধূতঃ উদ্বর্ত্তনাদিশরীরসংস্কার-বর্জ্জিতঃ অবধূতানাং তাপসানাং বল্কলাজিনধারণরূপো বেশো যস্য সঃ, অতএব স্বৈরলক্ষিতঃ ॥ ১৯ ॥ যাবৎ যাবতা কালেন বিদুরঃ প্রভাসং গতবান্, তাবৎ তাবতা কালেন পার্থো যুধিষ্ঠিরঃ একস্যৈব চক্রং আজ্ঞা যস্যাং তাম্, একমেব রাজচিহ্নং শ্বেতাতপত্রং যস্যাং তাম্, অজিতেন শ্রীকৃষ্ণেন সহায়েন শশাস ॥ ২০ ॥ তত্র প্রভাসে বেণুজং বহ্নিং সংশ্রয়তে ইতি তথা বনং যথা দগ্ধং ভবতি, তথা

তস্যাং ত্রিতস্যোশনসো মনোশ্চ পৃথোরথাগ্নেরসিতস্য বায়োঃ।
তীর্থং সুদাসস্য গবাং গুহস্য যচ্ছ্রাদ্ধদেবস্য স আসিষেবে ॥ ২২ ॥
অন্যানি চেহ দ্বিজদেবদেবৈঃ কৃতানি নানায়তনানি বিষ্ণোঃ।
প্রত্যঙ্গমুখ্যাঙ্কিতমন্দিরাণি যদ্দর্শনাৎ কৃষ্ণমনুস্মরন্তি ॥ ২৩ ॥

অন্বয়

বহ্নির আশ্রয় বন) যথা (যেরূপ) দগ্ধং [ভবতি] (দগ্ধ হইয়া থাকে), [সেইরূপ] সংস্পর্দ্ধয়া (পরস্পরের পরাভবেচ্ছার ফলে) সুহৃদ্‌বিনষ্টিম্ (কৌরবগণের বিনাশ হইয়াছে) শুশ্রাব (শুনিতে পাইলেন)। অথ (অনন্তর) অনুশোচন্ (তাহাদের জন্য শোক করতঃ) [তিনি] প্রত্যক্ (পশ্চিমাভিমুখে) সরস্বতীম্ (সরস্বতী নদীর তীরে) তূষ্ণীম্ (নীরবে) ইয়ায় (গমন করিলেন) ॥ ২১ ॥

সঃ (সেই বিদুর) তস্যাং (সেই সরস্বতী নদীর তীরে) ত্রিতস্য, উশনসঃ, মনোঃ, পৃথোঃ, অগ্নেঃ, অসিতস্য, বায়োঃ, সুদাসস্য, গবাম্ অথ গুহস্য শ্রাদ্ধদেবস্য চ যৎ তীর্থং (এই একাদশ নামে প্রসিদ্ধ যে তীর্থ ক্ষেত্র, সেই সকল স্থানে) আসিষেবে (দর্শন স্নানাদিরূপ সেবা করিলেন) ॥ ২২ ॥

[বিদুর] ইহ (এই সরস্বতী নদীর তীরে) দ্বিজদেবদেবৈঃ (ঋষিগণ ও দেবতাগণকর্ত্তৃক) কৃতানি (নির্ম্মিত) প্রত্যঙ্গমুখ্যাঙ্কিতমন্দিরাণি (এবং বিষ্ণুর প্রতি অঙ্গে বর্ত্তমান আয়ুধ সমূহের মধ্যে শ্রেষ্ঠ যে সুদর্শন চক্র, সেই সুদর্শনচক্রাঙ্কিত মন্দিরসমূহে শোভিত) অন্যানি (অপরাপর) বিষ্ণোঃ (বিষ্ণুর) নানায়তনানি চ (তীর্থক্ষেত্র সকলও) [আসিষেবে] (সেবা করিলেন অর্থাৎ তীর্থসমূহে দর্শন স্নানাদির অনুষ্ঠান করিলেন)। যদ্দর্শনাৎ (এই সকল তীর্থদর্শনে) কৃষ্ণম্ অনুস্মরন্তি (শ্রীকৃষ্ণের স্মরণ হইয়া থাকে) ॥ ২৩ ॥

অনুবাদ

বহ্নি যেমন সেই বহ্ন্যাশ্রয় বনকে দগ্ধ করে, সেইরূপ পরস্পরের পরাভব ইচ্ছার ফলে কৌরবগণেরও বিনাশ হইয়াছে ইহা শুনিতে পাইলেন। অনন্তর তিনি মৃত স্বজনগণের নিমিত্ত শোক করতঃ পশ্চিমাভিমুখে সরস্বতী নদীর তীরে নীরবে গমন করিলেন ॥ ২১ ॥

বিদুর সেই সরস্বতী নদীর তীরে ত্রিত, উশনা, মনু, পৃথু, অগ্নি, অসিত, বায়ু, সুদাস, গো, গুহ ও শ্রাদ্ধদেব এই একাদশ নামে প্রসিদ্ধ যে একাদশটি তীর্থ, সেই সকল তীর্থে তীর্থকার্য্য দর্শন স্নানাদির অনুষ্ঠান করিলেন ॥ ২২ ॥

যে সকল তীর্থ দর্শনে সততই শ্রীকৃষ্ণের স্মরণ হইয়া থাকে, বিদুর সরস্বতী নদীর তীরে বিষ্ণুর সেই নানাপ্রকার তীর্থক্ষেত্রসমূহেও পরিভ্রমণ করিলেন। সেই সকল তীর্থ ঋষি

টীকা

সংস্পর্দ্ধয়া পরস্পরাভিভবেচ্ছয়া নিমিত্তভূতয়া সুহৃদাং কৌরবাণাং বিনষ্টিং বিনাশম্ শুশ্রাব অশৃণোৎ। অথ অনন্তরম্ শোচন্ প্রত্যগভিমুখং সরস্বতীং তূষ্ণীমিয়ায় গতবান্ ॥ ২১ ॥

স বিদুরঃ ত্রিতাদীনামেকাদশানামেকাদশতীর্থানি আসিষেবে আসেবিতবান্ ॥ ২২ ॥ অন্যানি চ বিষ্ণোঃ আয়তনানি তীর্থানি সঃ আসিষেবে ইতি পূর্ব্বেণান্বয়ঃ। কথম্ভূতানি? দ্বিজদেবৈঃ ঋষিভিঃ দেবৈশ্চ কৃতানি, অঙ্গমঙ্গং প্রতি বর্ত্তন্তে ইতি প্রত্যঙ্গানি আয়ুধানি তেষু মুখ্যেন শ্রীসুদর্শনেন অঙ্কিতানি মূর্দ্ধণ্যহেমকুম্ভেষু চিহ্নিতানি মন্দিরাণি যেষু তানি। যৎ যেষাম্ আয়তনানাং দর্শনাৎ কৃষ্ণম্ অনুস্মরন্তীতি

ততস্ত্বতিব্রজ্য সুরাষ্ট্রমৃদ্ধং সৌবীরমৎস্যান্ কুরুজাঙ্গলাংশ্চ।
কালেন যাবদ্ যমুনামুপেত্য তত্রোদ্ধবং ভাগবতং দদর্শ ॥ ২৪ ॥
স বাসুদেবানুচরং প্রশান্তং বৃহস্পতেঃ প্রাক্তনয়ং প্রতীতম্।
আলিঙ্গ্য গাঢ়ং প্রণয়েন ভদ্রং স্বানামপৃচ্ছদ্ভগবৎপ্রজানাম্ ॥২৫॥
কচ্চিৎ পুরাণৌ পুরুষৌ স্বনাভ্য-পাদ্মানুবৃত্ত্যেহ কিলাবতীর্ণৌ।
আসাত উর্ব্ব্যাঃ কুশলং বিধায় কৃতক্ষণৌ কুশলং শূরগেহে ॥২৬॥

অন্বয়

ততঃ তু (অতঃপর) [বিদুর] ঋদ্ধং সুরাষ্ট্রম্ (সমৃদ্ধিশালী সুরাষ্ট্র নামক দেশ) সৌবীরমৎস্যান্ কুরুজাঙ্গলান্ চ (এবং সৌবীর, মৎস্য ও কুরুজাঙ্গল নামক দেশ) অতিব্রজ্য (অতিক্রম করিয়া) যাবৎ কালেন (যে সময়ে) [উদ্ধব বিদুরের দর্শন পাইলেন], [তাবৎ] (সে সময়ে বিদুর নিজেও) যমুনাম্ উপেত্য (যমুনায় উপস্থিত হইয়া) তত্র (সেই যমুনাতটে) ভাগবতম্ উদ্ধবং দদর্শ (পরমবৈষ্ণব উদ্ধবকে দেখিতে পাইলেন) ॥ ২৪ ॥

সঃ (সেই বিদুর) বৃহস্পতেঃ প্রাক্তনয়ং (বৃহস্পতির পূর্ব্বশিষ্য) প্রতীতং (বিখ্যাত) প্রশান্তং (প্রশান্তমূর্ত্তি) বাসুদেবানুচরং (শ্রীকৃষ্ণের অনুচর উদ্ধবকে) প্রণয়েন (প্রেমভাবে) গাঢ়ম্ আলিঙ্গ্য (গাঢ় আলিঙ্গন করিয়া) ভগবৎপ্রজানাং (ভগবৎপালিত) স্বানাম্ (আত্মীয়গণের) ভদ্রং (মঙ্গল) অপৃচ্ছৎ (জিজ্ঞাসা করিলেন) ॥ ২৫ ॥

[প্রথমেই শ্রীবলরাম ও শ্রীকৃষ্ণের কুশল জিজ্ঞাসা করিতেছেন] স্বনাভ্যপাদ্মানুবৃত্ত্যা (স্বীয়নাভি-

অনুবাদ

ও দেবতাগণকর্ত্তৃক প্রতিষ্ঠিত এবং সেই তীর্থসকল বিষ্ণুর প্রতি অঙ্গে বর্ত্তমান আয়ুধসমূহের মধ্যে শ্রেষ্ঠ যে সুদর্শন চক্র, সেই সুদর্শনচক্রাঙ্কিত মন্দির সমূহে পরিশোভিত ॥ ২৩ ॥

অতঃপর বিদুর সমৃদ্ধিশালী সুরাষ্ট্র, সৌবীর, মৎস্য ও কুরুজাঙ্গল নামক দেশ-সমূহ অতিক্রম করিয়া যে সময়ে উদ্ধব তাহাকে দেখিতে পাইলেন, সেই সময়ে তিনি নিজেও যমুনা তীরে উপস্থিত হইয়া তথায় পরম বৈষ্ণব উদ্ধবকে দেখিতে পাইলেন অর্থাৎ পরিভ্রমণকারী বিদুরের সহিত যমুনাতটে উদ্ধবের সাক্ষাৎ হইল ॥ ২৪ ॥

বিদুর বৃহস্পতির পূর্ব্বশিষ্য অতএব বিখ্যাত ও প্রশান্ত শ্রীকৃষ্ণের অনুচর উদ্ধবকে গাঢ় প্রেমালিঙ্গন করিয়া ভগবৎপালিত আত্মীয়গণের কুশল জিজ্ঞাসা করিলেন ॥২৫॥

[প্রথমেই শ্রীবলরাম ও শ্রীকৃষ্ণের মঙ্গল জিজ্ঞাসা করিতেছেন]—হে উদ্ধব! স্বীয় নাভি-

টীকা

শ্রীকৃষ্ণস্মরণং ভবতীত্যর্থঃ ॥ ২৩ ॥ ততঃ তদনন্তরং সুরাষ্ট্রাদীন্ দেশান্ অতিব্রজ্য অতিক্রম্য যাবৎ কালেন উদ্ধবঃ প্রাপ্তঃ, তাবৎ স্বয়মপি যমুনামুপেত্য তত্র যমুনাতটে ভাগবতম্ উদ্ধবং দদর্শ ॥২৪॥ স বিদুরঃ বৃহস্পতেঃ প্রাক্তনয়ং পূর্ব্বং শিষ্যম্ অতএব প্রতীতম্ প্রখ্যাতম্ উদ্ধবং প্রণয়েন গাঢ়ং যথা ভবতি তথা আলিঙ্গ্য আলিঙ্গনে হেতুর্গর্ভবিশেষণম্ বাসুদেবানুচরমিতি। স্বানাং জ্ঞাতীনাং ভদ্রং কুশলমপৃচ্ছৎ। তদ্ভদ্রপ্রশ্নে হেতুঃ ভগবৎপ্রজানামিতি, ভগবতঃ পোষ্যাণাম্ ॥ ২৫ ॥ হে অঙ্গ! উদ্ধব! যঃ বদান্যঃ অদারঃ

কচ্চিৎ কুরূণাং পরমঃ সুহৃন্নো ভামঃ স আস্তে সুখমঙ্গ! শৌরিঃ।
যো বৈ স্বসৃণাং পিতৃবদ্দদাতি বরান্ বদান্যো বরতর্পণেন ॥ ২৭ ॥
কচ্চিদ্ বরূথাধিপতির্যদূনাং প্রদ্যুম্ন আস্তে সুখমঙ্গ! বীরঃ।
যং রুক্মিণী ভগবতোঽভিলেভে আরাধ্য বিপ্রান্ স্মরমাদিসর্গে ॥২৮॥

অন্বয়

পদ্মসমুদ্ভব ব্রহ্মার প্রার্থনায়) ইহ কিল অবতীর্ণৌ (এই পৃথিবীতে অবতীর্ণ) পুরাণৌ পুরুষৌ (সনাতন পুরুষ শ্রীবলরাম ও শ্রীকৃষ্ণ) উর্ব্ব্যাঃ (পৃথিবীর) কুশলং বিধায় (কুশল বিধান করিয়া) কৃতক্ষণৌ (সকলের আনন্দ বিধান করতঃ) শূরগেহে (শূরসেনের গৃহে) কুশলম্ (মঙ্গলে) আসাতে কচ্চিৎ? (অবস্থান করিতেছেন ত?) ॥ ২৬ ॥

অঙ্গ! (হে উদ্ধব!) যঃ বৈ বদান্যঃ (যিনি অতিশয় উদার) [অতএব] স্বসৃণাং বরতর্পণেন (ভগিনীপতিগণের সন্তুষ্টিবিধানের সহিত) [তাহাদিগকে] বরান্ (নানাবিধ বস্তু সকল) পিতৃবৎ দদাতি (পিতার ন্যায় প্রদান করিয়া থাকেন), কুরূণাং নঃ (কুরুবংশীয় আমাদের) পরমঃ সুহৃৎ (পরমাত্মীয়) সঃ ভামঃ শৌরিঃ (সেই পূজনীয় বসুদেব) সুখম্ আস্তে কচ্চিৎ? (সুখে আছেন ত?) ॥ ২৭ ॥

আদিসর্গে (পূর্ব্বজন্মে) স্মরং (যিনি কামদেবরূপে বর্ত্তমান ছিলেন) রুক্মিণী (এবং বিদর্ভরাজকন্যা রুক্মিণীদেবী) বিপ্রান্ আরাধ্য (ব্রাহ্মণগণকে পূজা করিয়া) ভগবতঃ (শ্রীকৃষ্ণ হইতে) যং সুতং (যাহাকে পুত্ররূপে) অভিলেভে (প্রাপ্ত হইয়াছেন), অঙ্গ! (হে উদ্ধব!) সঃ যদূনাং বরূথাধিপতিঃ (সেই যদুসেনানায়ক) বীরঃ প্রদ্যুম্নঃ (বীর প্রদ্যুম্ন) সুখম্ আস্তে কচ্চিৎ? (সুখে আছেন ত?) ॥ ২৮ ॥

অনুবাদ

কমল হইতে সমুৎপন্ন ব্রহ্মার প্রার্থনায় যে সনাতন পুরুষ শ্রীবলরাম ও শ্রীকৃষ্ণরূপে পৃথিবীতে অবতীর্ণ হইয়াছেন, তাঁহারা পৃথিবীর মঙ্গল বিধান করিয়া সকলের আনন্দ বিধান করতঃ শূরসেনের গৃহে মঙ্গলে অবস্থান করিতেছেন ত? ॥ ২৬ ॥

হে উদ্ধব! যিনি অতিশয় উদার, অতএব ভগিনীপতিগণের সন্তোষবিধান করতঃ তাহাদিগকে পিতার ন্যায় সকল বস্তু প্রদান করিয়া থাকেন, কুরুবংশীয় আমাদের পরম আত্মীয় সেই পূজনীয় বসুদেব সুখে আছেন ত? ॥ ২৭ ॥

যিনি পূর্ব্বজন্মে কামদেব ছিলেন এবং ব্রাহ্মণগণকে আরাধনা করিয়া যাহাকে বিদর্ভরাজকন্যা রুক্মিণীদেবী ভগবান্ শ্রীকৃষ্ণ হইতে পুত্ররূপে প্রাপ্ত হইয়াছেন, হে উদ্ধব! সেই যদুসেনানায়ক বীর প্রদ্যুম্ন সুখে আছেন ত? ॥ ২৮ ॥

টীকা

স্বসৃণাং ভগিনীনাং বরতর্পণেন পতিতর্পণেন সহ বরান্ পদার্থান্ দদাতি, স ভামঃ পূজ্যঃ শৌরির্বসুদেবঃ নোঽস্মাকং পরমঃ সুহৃৎ সুখমাস্তে কচ্চিৎ? ॥ ২৭ ॥ আদিসর্গে পূর্ব্বজন্মনি স্মরং সন্তং রুক্মিণী যং সুতম্ অভিলেভে প্রাপ্তবতী, স যদূনাং বরূথাধিপতিঃ সেনানীঃ প্রদ্যুম্নঃ সুখমাস্তে কচ্চিৎ? প্রদ্যুম্নবিভূতিঃ স্মরঃ, বিভূতিতদ্বতোরভেদাভিপ্রায়েণ প্রদ্যুম্নস্তথোক্তঃ ॥ ২৮ ॥ নৃপাসনাশাং পরিহৃত্য দূরাৎ প্রাণভয়েণ স্থিত-

কচ্চিৎ সুখং সাত্বতবৃষ্ণিভোজ-দাশার্হকাণামধিপঃ স আস্তে।
যমভ্যষিঞ্চচ্ছতপত্রনেত্রো নৃপাসনাশাং পরিহৃত্য দূরাৎ ॥২৯॥
কচ্চিদ্ধরেঃ সৌম্য! সুতঃ সদৃক্ষ আস্তেঽগ্রণী রথিনাং সাধু সাম্বঃ।
অসূত যং জাম্ববতী ব্রতাঢ্যা দেবং গুহং যোঽম্বিকয়া ধৃতোঽগ্রে ॥৩০॥
ক্ষেমং স কচ্চিদ্ যুযুধান আস্তে যঃ ফাল্গুনাল্লব্ধধনূরহস্য।
লেভেঽঞ্জসাধোক্ষজসেবয়ৈব গতিং তদীয়াং যতিভির্দুরাপাম্ ॥৩১॥

অন্বয়

নৃপাসনাশাং (রাজসিংহাসনের আশা) পরিহৃত্য (পরিত্যাগ করিয়া) দূরাৎ [স্থিতং] যং (দূরে অবস্থিত ছিলেন এইরূপ যাঁহাকে) শতপত্রনেত্রঃ (কমললোচন শ্রীকৃষ্ণ) অভ্যষিঞ্চৎ (রাজ্যে অভিষিক্ত করিয়াছিলেন), সাত্বতবৃষ্ণিভোজদাশার্হকাণাং (সাত্বত, বৃষ্ণি, ভোজ ও দাশার্হগণের) অধিপঃ (অধিপতি) সঃ (সেই উগ্রসেন) সুখম্ আস্তে কচ্চিৎ? (সুখে আছেন ত?) ॥ ২৯ ॥

সৌম্য! (হে উদ্ধব!) যঃ (যিনি) অগ্রে (পূর্ব্বজন্মে) অম্বিকয়া (ভবানীকর্ত্তৃক) [গর্ভে] ধৃতঃ (ধৃত হইয়াছিলেন), [তং] যং দেবং গুহং (সেই যে দেবতা কার্ত্তিককে) [এই জন্মে] ব্রতাঢ্যা (ব্রতপরায়ণা) জাম্ববতী অসূত (জাম্ববতী প্রসব করিয়াছেন), হরেঃ সদৃক্ষঃ সুতঃ (শ্রীহরির অনুরূপ পুত্র) রথিনাম্ অগ্রণীঃ (রথিগণের শ্রেষ্ঠ) সঃ সাম্বঃ (সেই সাম্ব) সাধু আস্তে কচ্চিৎ? (ভাল আছেন ত?) ॥৩০॥

[হে উদ্ধব!] যঃ (যিনি) ফাল্গুনাৎ (অর্জ্জুনের নিকট হইতে) লব্ধধনূরহস্যঃ (গুহ্যধনুর্ব্বিদ্যা প্রাপ্ত হইয়া) অধোক্ষজসেবয়ৈব (শ্রীকৃষ্ণপরিচর্য্যাদ্বারাই) অঞ্জসা (অনায়াসে) যতিভিঃ দুরাপাম্ (যতিগণদুর্লভ) তদীয়াং গতিম্ (ভগবদ্‌গতি) লেভে (প্রাপ্ত হইয়াছেন), সঃ যুযুধানঃ (সেই সাত্যকি) ক্ষেমম্ আস্তে কচ্চিৎ? (কুশলে আছেন ত?) ॥ ৩১ ॥

অনুবাদ

হে উদ্ধব! রাজসিংহাসনের আশা পরিত্যাগ করিয়া প্রাণভয়ে দূরে অবস্থান করিলে যাহাকে কমললোচন শ্রীকৃষ্ণ স্ব-রাজ্যে অভিষিক্ত করিয়াছেন, সাত্বত, বৃষ্ণি, ভোজ ও দাশার্হগণের অধিপতি সেই উগ্রসেন সুখে আছেন ত? ॥ ২৯ ॥

হে উদ্ধব! যাহাকে পূর্ব্বজন্মে ভগবতী ভবানী গর্ভে ধারণ করিয়াছিলেন, সেই কার্ত্তিক নামধারী যাঁহাকে এজন্মে ব্রতপরায়ণা জাম্ববতী পুত্ররূপে প্রসব করিয়াছেন, রূপে ও গুণে শ্রীহরির অনুরূপ পুত্র রথিশ্রেষ্ঠ সেই সাম্ব ভাল আছেন ত? ॥ ৩০ ॥

হে উদ্ধব! যিনি অর্জ্জুনের নিকটে সরহস্যধনুর্ব্বিদ্যা লাভ করিয়াছেন এবং শ্রীকৃষ্ণ-সেবাদ্বারাই অনায়াসে যতিগণদুর্লভ ভগবদ্‌গতি প্রাপ্ত হইয়াছেন, সেই সাত্যকি কুশলে আছেন ত? ॥ ৩১ ॥

টীকা

মিতি শেষঃ। যং শতপত্রনেত্রঃ অভ্যষিঞ্চৎ স উগ্রসেনঃ ॥ ২৯ ॥ সৌম্য! হে উদ্ধব! সদৃক্ষঃ সদৃশঃ সুতঃ ॥ ৩০ ॥ যুযুধানঃ সাত্যকিঃ ॥ ৩১ ॥ অনমীবঃ অপাপঃ, অচেষ্টত ব্যলুঠত ॥ ৩২ ॥ দেবকস্য ভোজস্য

কচ্চিদ্ বুধঃ স্বস্ত্যনমীব আস্তে শ্বফল্কপুত্রো ভগবৎপ্রপন্নঃ।
যঃ কৃষ্ণপাদাঙ্কিতমার্গপাংশু-ষ্বচেষ্টত প্রেমবিভিন্নধৈর্য্যঃ ॥৩২॥
কচ্চিচ্ছিবং দেবকভোজপুত্র্যা বিষ্ণুপ্রজায়া ইব দেবমাতুঃ।
যা বৈ স্বগর্ভেণ দধার দেবং ত্রয়ী যথা যজ্ঞবিতানমর্থম্ ॥ ৩৩ ॥
অপিস্বিদাস্তে ভগবান্ সুখং বো যঃ সাত্বতাং কামদুঘোঽনিরুদ্ধঃ।
যমামনন্তি স্ম হি শব্দযোনিং মনোময়ং সত্ত্বতুরীয়তত্ত্বম্ ॥ ৩৪ ॥

অন্বয়

[হে উদ্ধব!] যঃ (যিনি) কৃষ্ণপাদাঙ্কিতমার্গপাংশুষু (শ্রীকৃষ্ণের চরণচিহ্নিত পথের ধূলিতে) প্রেমবিভিন্নধৈর্য্যঃ (প্রেমবশতঃ ধৈর্য্যহারা হইয়া) অচেষ্টত (লুণ্ঠিত হইয়াছিলেন), সঃ বুধঃ (সেই জ্ঞানী) ভগবৎপ্রপন্নঃ (ভগবদাশ্রিত) অনমীবঃ (অনঘ) শ্বফল্কপুত্রঃ (শফল্কতনয় অক্রূর) স্বস্তি আস্তে কচ্চিৎ? (মঙ্গলে আছেন ত?) ॥ ৩২ ॥

ত্রয়ী (বেদ) যথা (যেরূপ) যজ্ঞবিতানমর্থং (যজ্ঞানুষ্ঠানরূপ বিষয়) [ধারণ করিয়া থাকেন] [সেইরূপ] যা বৈ (যে দেবকী) স্বগর্ভেণ (নিজ উদরে) দেবং (শ্রীবাসুদেবকে) দধার (ধারণ করিয়াছেন), বিষ্ণুপ্রজায়াঃ দেবমাতুঃ ইব (বামন ও দেবগণের মাতা অদিতির ন্যায়) সা (সেই শ্রীকৃষ্ণজননী) দেবকভোজপুত্র্যাঃ (ভোজরাজ দেবকনন্দিনী দেবকীর) শিবং কচ্চিৎ? (মঙ্গল ত?) ॥ ৩৩ ॥

(হে উদ্ধব!) [জ্ঞানিগণ] যং (যাঁহাকে) সত্ত্বতুরীয়তত্ত্বম্ [উপাস্য বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধের বাসস্থান যথাক্রমে চিত্ত, অহঙ্কার, বুদ্ধি ও মন] (চতুর্থস্থান মনে উপাস্য) [অতএব] মনোময়ং (শুদ্ধমনোগ্রাহ্য) শব্দযোনিং (ও বেদ-প্রতিপাদ্য) আমনন্তি স্ম হি (বলিয়া থাকেন), [অতএব] যঃ (যিনি) সাত্বতাং

অনুবাদ

যিনি শ্রীকৃষ্ণপ্রেমে ধৈর্য্যহারা হইয়া শ্রীকৃষ্ণের চরণচিহ্নিত পথের ধূলিতে লুণ্ঠিত হইয়াছিলেন, সেই জ্ঞানী ভগবদাশ্রিত নিষ্পাপী শ্বফল্কতনয় অক্রূর মঙ্গলে আছেন ত? ॥ ৩২ ॥

বেদ যেমন [প্রকাশক বলিয়া] যজ্ঞানুষ্ঠানরূপ বিষয়সমূহ ধারণ করিয়া থাকেন, সেইরূপ যে দেবকী নিজ উদরে সাক্ষাৎ বাসুদেবকে ধারণ করিয়াছেন, বামন ও দেবগণের জননী অদিতির ন্যায় সেই শ্রীকৃষ্ণজননী ভোজরাজ দেবকনন্দিনী দেবকীর মঙ্গল ত? ॥ ৩৩ ॥

[জ্ঞানিগণ] যাঁহাকে বাসুদেবের চতুর্থ তত্ত্ব বলিয়া থাকেন, অথবা যাঁহাকে উপাস্য চতুষ্টয়ের

টীকা

পুত্র্যাঃ শ্রীদেবক্যাঃ, বিষ্ণুর্বামনঃ প্রজা পুত্রো যস্যাস্তস্যাঃ দেবানাং মাতুরদিতেরিব শিবং কুশলং কচ্চিৎ? যা দেবকী স্বগর্ভেণ দেবং বাসুদেবং যথা ত্রয়ী যজ্ঞবিতানরূপমর্থং প্রকাশকতয়া বিভর্ত্তি তথা দধার ॥ ৩৩ ॥ যং শব্দযোনিং শব্দো বেদঃ যোনিঃ জ্ঞাপকো যস্য স তথা, তং বেদৈকবেদ্যম্ আমনন্তি। তত্র হেতুগর্ভ-

অপিস্বিদন্যে চ নিজাত্মদৈব-মনন্যবৃত্ত্যা সমনুব্রতা যে।
হৃদীকসত্যাত্মজচারুদেষ্ণ-গদাদয়ঃ স্বস্তি চরন্তি সৌম্য ! ॥ ৩৫ ॥
অপি স্বদোর্ভ্যাং বিজয়াচ্যুতাভ্যাং ধর্ম্মেণ ধর্ম্মঃ পরিপাতি সেতুম্।
দুর্য্যোধনোঽতপ্যত যৎসভায়াং সাম্রাজ্যলক্ষ্ম্যা বিজয়ানুবৃত্ত্যা ॥৩৬॥

অন্বয়

(উপাসক) বঃ (আপনাদের) কামদুঘঃ (অভীষ্টপরিপূরক) সঃ ভগবান্ অনিরুদ্ধঃ (সেই ষড়ৈশ্বর্য্যশালী অনিরুদ্ধ) সুখম্ আস্তে অপিস্বিৎ ? (সুখে আছেন ত ?) ॥ ৩৪ ॥

সৌম্য ! (হে উদ্ধব !) হৃদীকসত্যাত্মজচারুদেষ্ণগদাদয়ঃ (হৃদীক, সত্যভামার পুত্র, চারুদেষ্ণ ও গদ প্রভৃতি) অন্যে চ যে (এবং অপর যাঁহারা) নিজাত্মদৈবং (নিজের অভীষ্টদেব শ্রীকৃষ্ণের) অনন্যবৃত্ত্যা (অনন্যভাবে) সমনুব্রতাঃ (অনুবর্ত্তনশীল), [তাঁহারা সকলে] স্বস্তি চরন্তি অপিস্বিৎ ? (মঙ্গলমত অবস্থান করিতেছেন ত ?) ॥ ৩৫ ॥

[এক্ষণে কৌরবগণের মঙ্গল জিজ্ঞাসা করিতেছেন] যৎসভায়াং (যাঁহার সভাতে) বিজয়ানুবৃত্ত্যা (জয়ানুবর্ত্তনকারিণী) সাম্রাজ্যলক্ষ্ম্যা (সাম্রাজ্যশ্রী সন্দর্শনে) দুর্য্যোধনঃ অতপ্যত (দুর্য্যোধন সন্তপ্ত হইয়াছিলেন), [সঃ] ধর্ম্মঃ (সেই যুধিষ্ঠির) স্বদোর্ভ্যাং (স্বীয় বাহুদ্বয়সদৃশ) বিজয়াচ্যুতাভ্যাম্ (অর্জ্জুন ও শ্রীকৃষ্ণের সহিত) ধর্ম্মেণ (রাজশাস্ত্রোক্ত ধর্ম্মমার্গে অবস্থান করতঃ) সেতুং (পূর্ব্বপুরুষাচরিত ধর্ম্মমর্য্যাদা) পরিপাতি অপি ? (পরিপালন করিতেছেন ত ?) ॥ ৩৬ ॥

অনুবাদ

বাসস্থান [চিত্ত, অহঙ্কার, বুদ্ধি ও মন ইহাদের মধ্যে] মনে উপাস্য এবং মনোগ্রাহ্য ও বেদ-প্রতিপাদ্য বলিয়া থাকেন এবং যিনি উপাসক আপনাদের অভীষ্টপরিপূরক হইয়া থাকেন, সেই ভগবান্ অনিরুদ্ধ সুখে আছেন ত ? ॥ ৩৪ ॥

হে উদ্ধব ! হৃদীক, সত্যভামার পুত্র, চারুদেষ্ণ ও গদ প্রভৃতি এবং অপর যাঁহারা অনন্যভাবে অভীষ্টদেবতা শ্রীকৃষ্ণের অনুবর্ত্তন করিয়া থাকেন, তাঁহারা সকলে মঙ্গল মত অবস্থান করিতেছেন ত ? ॥ ৩৫ ॥

[যাদবগণের মঙ্গল জিজ্ঞাসা করা হইয়াছে, এক্ষণে কৌরবগণের মঙ্গল জিজ্ঞাসা

টীকা

বিশেষণং সত্ত্বতুরীয়তত্ত্বমিতি। সত্ত্বস্য জগৎকারণস্য বাসুদেবস্য তুরীয়ং তত্ত্বং চতুর্থং তত্ত্বমিত্যর্থঃ। যদ্বা সত্ত্বেষু বাসুদেবসঙ্কর্ষণপ্রদ্যুম্নানিরুদ্ধানামুপাস্যানাং ক্রমেণ বাসস্থানেষু চিত্তাহঙ্কারবুদ্ধিমনঃসু তুরীয়ে মনসি তত্ত্বমুপাস্যমিত্যর্থঃ। অতএব মনোময়ং শুদ্ধমনোগ্রাহ্যম্ অতএব সাত্বতাম্ উপাসকানাং বো যুষ্মাকং যঃ কামান্ দোগ্ধি পূরয়তীতি কামদুঘঃ স ভগবান্ অনিরুদ্ধঃ সুখমাস্তে অপিস্বিৎ কিঞ্চিৎ ? ॥ ৩৪ ॥ হৃদীকশ্চ সত্যাত্মজাঃ সত্যভামাত্মজাশ্চ চারুদেষ্ণগদাদয়শ্চ, অন্যে চ যে নিজাত্মনঃ স্বরূপস্য অংশস্য দৈবম্ ইষ্টমংশিনং শ্রীকৃষ্ণম্ অনন্যবৃত্ত্যা অনন্যেন ভাবেন সম্যগনুব্রতাঃ তে অপিস্বিৎ কিঞ্চিৎ হে সৌম্য ! স্বস্তি চরন্তি ? ॥ ৩৫ ॥ ইত্থং যাদবানাং কুশলং পৃষ্ট্বা অথ কৌরবানাং কুশলং পৃচ্ছতি—অপীতি ষড়্ভিঃ। যৎ যস্য সভায়াং বিজয়স্য অনুবৃত্ত্যা সেবয়া হেতুভূতয়া যা লক্ষ্মীস্তয়া দুর্য্যোধনোঽতপ্যত, স ধর্ম্মো যুধিষ্ঠিরঃ দোর্ভ্যাং ভুজবদনু-

কিং বা কৃতাঘেষ্বঘমত্যমর্ষী ভীমোঽহিবদ্দীর্ঘতমং ব্যমুঞ্চৎ।
যস্যাঙ্ঘ্রিপাতং রণভূর্ন সেহে মার্গং গদায়াশ্চরতো বিচিত্রম্ ॥৩৭॥
কচ্চিদ্ যশোধা রথযূথপানাং গাণ্ডীবধন্বোপরতারিরাস্তে।
অলক্ষিতো যচ্ছরকূটগূঢ়ো মায়াকিরাতো গিরিশস্তুতোষ ॥ ৩৮ ॥

অন্বয়

গদায়াঃ (গদার) বিচিত্রং মার্গং (বিচিত্র মার্গে) চরতঃ (পরিভ্রমণকারী) যস্য (যাঁহার) অঙ্ঘ্রিপাতং (পদাঘাত) রণভূঃ (যুদ্ধভূমি) ন সেহে (সহ্য করিতে পারে না), [সঃ] অহিবৎ অত্যমর্ষী ভীমঃ (সেই সর্পতুল্য অতি ক্রোধী ভীম) কৃতাঘেষু (বিষ ও অগ্নি প্রদানাদি কার্য্যে অপরাধী দুর্য্যোধনাদির প্রতি) দীর্ঘতমম্ অঘং (বহুকাল সঞ্চিত ক্রোধ) ব্যমুঞ্চৎ কিং বা? (ত্যাগ করিয়াছেন ত?) ॥ ৩৭ ॥

মায়াকিরাতঃ (আত্মগোপনচ্ছলে কিরাতবেশধারী) অলক্ষিতঃ (প্রচ্ছন্ন) গিরিশঃ (মহাদেব) যচ্ছরকূটগূঢ়ঃ (যাহার বাণসমূহে সমাচ্ছন্ন হইয়া) তুতোষ (সন্তুষ্ট হইয়াছিলেন), সঃ রথযূথপানাং যশোধা (সেই রথিশ্রেষ্ঠগণের কীর্ত্তিধারী) গাণ্ডীবধন্বা (গাণ্ডীবধনুর্দ্ধারী অর্জ্জুন) উপরতারিঃ (শত্রুবিহীন হইয়া) আস্তে কচ্চিৎ? (অবস্থান করিতেছেন ত?) ॥৩৮॥

অনুবাদ

করিতেছেন] যাঁহার সভায় বিজয়ানুবর্ত্তিনী সাম্রাজ্যশ্রী দর্শন করিয়া দুর্য্যোধন পরিতপ্ত হইয়াছিলেন, সেই যুধিষ্ঠির স্বীয়বাহুযুগলের ন্যায় অনুকূল অর্জ্জুন ও শ্রীকৃষ্ণের সহিত রাজশাস্ত্রোক্ত ধর্ম্মমার্গে অবস্থানকরতঃ পূর্ব্বপুরুষাচরিত ধর্ম্মমর্য্যাদা পরিপালন করিতেছেন ত? ॥ ৩৬ ॥

যিনি গদার বিচিত্র পথে পরিভ্রমণ করিতে থাকিলে রণভূমি তাঁহার পদাঘাত সহ্য করিতে পারে না, সেই সর্পতুল্য ক্রোধী ভীম আততায়ী দুর্য্যোধনাদির প্রতি বহুকাল-সঞ্চিত ক্রোধ পরিত্যাগ করিয়াছেন ত? ॥ ৩৭ ॥

আত্মগোপনচ্ছলে কিরাতবেশধারী প্রচ্ছন্ন মহাদেব যাহার বাণসমূহে সমাচ্ছন্ন হইয়া তাহার প্রতি সন্তুষ্ট হইয়াছিলেন, সেই রথিশ্রেষ্ঠগণের কীর্ত্তিধারী ও গাণ্ডীবধনুর্দ্ধারী অর্জ্জুন শত্রুবিহীন হইয়া অবস্থান করিতেছেন ত? ॥ ৩৮ ॥

টীকা

কুলাভ্যাং বিজয়াচ্যুতাভ্যাম্ অর্জ্জুনবাসুদেবাভ্যাং ধর্ম্মেণ রাজশাস্ত্রোক্তেন ধর্ম্মমার্গেণ সেতুং পূর্ব্বৈঃ কৃতাং ধর্ম্ম-মর্য্যাদাং অপি কিং স্বিৎ পরিপাতি? ॥ ৩৬ ॥ যস্য গদায়া বিচিত্রং মার্গং চরতো ভ্রমতঃ অঙ্ঘ্রিপাতং রণভূর্ন সেহে, স অহিবদত্যমর্ষী ভীমঃ কৃতাঘেষু গরদানাদিভিঃ কৃতাপরাধেষু দুর্য্যোধনাদিষু দীর্ঘতমং বহুকালাৎ সঙ্কল্পিতং স্বকর্ত্তৃকমঘং কিং বা ব্যমুঞ্চৎ? ॥ ৩৭ ॥ মায়য়া আত্মগোপনলীলয়া কিরাতঃ অতএবালক্ষিতঃ অর্জ্জুনেন শিবোঽয়মিত্যেবমজ্ঞাতঃ গিরিশঃ যৎ যস্য শরকূটেন বাণসমূহেন গূঢ় আচ্ছন্নঃ তুতোষ, স রথযূথপানাং মধ্যে যশোধা কীর্ত্তিধারী উপরতা অরয়ো যস্মাৎ স তথা আস্তে কচ্চিৎ? ॥ ৩৮ ॥ যমৌ মাদ্রেয়ৌ পৃথয়া

যমাবুতস্বিৎ তনয়ৌ পৃথায়াঃ পার্থৈর্বৃতৌ পক্ষ্মভিরক্ষিণীব।
রেমাত উদ্দায় মৃধে স্বরিক্থং পরাৎ সুপর্ণাবিব বজ্রিবক্ত্রাৎ ॥ ৩৯ ॥
অহো! পৃথাপি ধ্রিয়তেঽর্ভকার্থে রাজর্ষিবর্য্যেণ বিনাপি তেন।
যস্ত্বেকবীরোঽধিরথো বিজিগ্যে ধনুর্দ্বিতীয়ঃ ককুভশ্চতস্রঃ ॥ ৪০ ॥

অন্বয়

[হে উদ্ধব!] পৃথায়াঃ তনয়ৌ (কুন্তীদেবীর পালিতপুত্র) পার্থৈঃ (যুধিষ্ঠির, ভীম ও অর্জ্জুনকর্ত্তৃক) পক্ষ্মভিঃ অক্ষিণীব (নেত্ররোমের চক্ষুরক্ষার ন্যায়) বৃতৌ (রক্ষিত) যমৌ (মাদ্রীপুত্র নকুল ও সহদেব) বজ্রিবক্ত্রাৎ (ইন্দ্রের মুখ হইতে) সুপর্ণাবিব (অমৃত আনয়নকারী গরুড়দ্বয়ের ন্যায়) মৃধে (যুদ্ধে) পরাৎ (শত্রু হইতে) স্বরিক্থং (স্বীয় রাজ্যধন) উদ্দায় (ছিনাইয়া লইয়া) রেমাতে উতস্বিৎ? (আনন্দে ক্রীড়া করিতেছেন ত?) ॥ ৩৯ ॥

অহো! (আহা!) যঃ তু একবীরঃ (যে অদ্বিতীয় বীরপ্রবর) অধিরথঃ (রথিশ্রেষ্ঠ পাণ্ডু) ধনুর্দ্বিতীয়ঃ (ধনুঃসহায় হইয়া) চতস্রঃ ককুভঃ (চারিদিক্) বিজিগ্যে (জয় করিয়াছিলেন), তেন রাজর্ষিবর্য্যেণ বিনা অপি (সেই রাজর্ষিশ্রেষ্ঠ পাণ্ডু ব্যতীতও) পৃথা অপি (কুন্তীদেবী) অর্ভকার্থে (পুত্রপালনার্থ) ধ্রিয়তে (জীবনধারণ করিতেছেন); [তাঁহার কথা আর কি জিজ্ঞাসা করিব, পুত্রগণের কুশলেই তাঁহার কুশল] ॥ ৪০ ॥

অনুবাদ

হে উদ্ধব! পক্ষ্ম অর্থাৎ নেত্রলোম যেমন চক্ষুকে রক্ষা করে, সেইরূপ যুধিষ্ঠির, ভীম ও অর্জ্জুন যাহাদিগকে রক্ষা করিতেছেন এবং কুন্তীদেবী যাহাদিগকে পালন করিয়াছেন, সেই মাদ্রীর পুত্র নকুল ও সহদেব ইন্দ্রের মুখ হইতে গরুড়দ্বয়ের অমৃত আহরণের ন্যায় যুদ্ধক্ষেত্রে শত্রু দুর্য্যোধনের নিকট হইতে স্বীয় পৈত্রিক রাজ্য ছিনাইয়া লইয়া আনন্দে ক্রীড়া করিতেছেন ত? ॥ ৩৯ ॥

কুন্তীর কথা আর কি জিজ্ঞাসা করিব; স্বামিহীনা কুন্তীদেবীর জীবন ধারণই আশ্চর্য্য! যে অদ্বিতীয় বীরপ্রবর রথিশ্রেষ্ঠ পাণ্ডু ধনুঃসহায় হইয়া চারিদিক্ জয় করিয়াছিলেন, সেই রাজর্ষিবর্য্য পাণ্ডু ব্যতীতও কুন্তীদেবী পুত্রগণের পালনের নিমিত্তই জীবনধারণ করিতেছেন; [অতএব পুত্রগণের কুশলেই তাঁহার কুশল] ॥ ৪০ ॥

টীকা

পালিতত্বাৎ তত্তনয়ৌ, পার্থৈঃ যুধিষ্ঠিরাদিভিঃ পক্ষ্মভিঃ অক্ষিণীব মণীবাদিগণত্বাৎ সন্ধিঃ। বৃতৌ রক্ষিতৌ পরাৎ শত্রোঃ সকাশাৎ স্বরিক্থং স্বয়ং ভাগং উদ্দায় আচ্ছিন্ন উতস্বিৎ রেমাতে ক্রীড়েতে? পরাৎ স্বরিক্থাদানে দৃষ্টান্তঃ সুপর্ণাবিব বজ্রিবক্ত্রাদিতি। যদি দ্বৌ গরুড়ৌ ইন্দ্রবক্ত্রাদ্ অমৃতমানয়েতাং তদ্বদভূতোপমালঙ্কারঃ ॥ ৩৯ ॥ পৃথায়াঃ কিং কুশলং পৃচ্ছেয়ম্, তস্যাঃ ভর্তৃবিহীনায়াঃ জীবনমপ্যাশ্চর্য্যমিত্যাহ—অহো ইতি। যঃ একবীরঃ অসহায়ঃ ধনুরেব দ্বিতীয়ং সহায়ো যস্য সঃ চতস্রঃ ককুভো বিজিগ্যে জিতবান্ এবম্ভূতেন তেন পাণ্ডুনা বিনাপি পৃথা অর্ভকার্থে পুত্রপালনার্থং পুত্রপালনব্যাজেন অহো ইত্যাশ্চর্য্যং ধ্রিয়তে জীবতি ॥৪০॥

সৌম্যানুশোচে তমধঃপতন্তং ভ্রাত্রে পরেতায় বিদুদ্রুহে যঃ।
নির্যাপিতো যেন সুহৃৎ স্বপুর্য্যা অহং স্বপুত্রান্ সমনুব্রতেন ॥ ৪১ ॥
সোঽহং হরের্মর্ত্ত্যবিড়ম্বনেন দৃশো নৃণাং চালয়তো বিধাতুঃ।
নান্যোপলক্ষ্যঃ পদবীং প্রসাদা-চ্চরামি পশ্যন্ গতবিস্ময়োঽত্র ॥ ৪২ ॥

অন্বয়

সৌম্য! (হে উদ্ধব!) যঃ (যিনি) পরেতায় (পরলোকগত) ভ্রাত্রে (সহোদর ভ্রাতা পাণ্ডুর প্রতি) [পুত্রগণের অনিষ্ট করতঃ] বিদুদ্রুহে (শত্রুতা করিতেছেন), স্বপুত্রান্ সমনুব্রতেন (এবং স্বীয় পুত্রগণের বশবর্ত্তী) যেন (যিনি) স্বপুর্য্যাঃ (নিজ পুরী হইতে) সুহৃৎ অহং (হিতাকাঙ্ক্ষী কনিষ্ঠ ভ্রাতা আমাকে) নির্য্যাপিতঃ (নির্ব্বাসিত করিয়াছেন), অধঃপতন্তং (অধঃপতিত) তং (সেই ধৃতরাষ্ট্রের জন্য) অনুশোচে (আমি শোক করিতেছি) ॥৪১॥

[এই প্রকারে যাদব ও কৌরবগণের মঙ্গল জিজ্ঞাসা করিয়া নিজের তীর্থভ্রমণের হেতু প্রদর্শন করতঃ ভগবল্লীলা বর্ণনা করিতেছেন]—সঃ অহং (বিতাড়িত আমি) বিধাতুঃ প্রসাদাৎ (কর্ম্মফল প্রদাতা ভগবানের অনুগ্রহে) গতবিস্ময়ঃ (আশ্চর্য্যান্বিত না হইয়া) মর্ত্ত্যবিড়ম্বনেন (মনুষ্যানুকরণে অর্থাৎ মনুষ্যলীলার অনুসারে) নৃণাং (ধৃতরাষ্ট্র প্রভৃতির) দৃশঃ (চিত্তবৃত্তি) চালয়তঃ (পরিচালনাকারী) হরেঃ (শ্রীহরি) পদবীং (লাভের উপায়-উপদেষ্টা গুরুর) পশ্যন্ (অন্বেষণ করিয়া) নান্যোপলক্ষ্যঃ (অন্যের অলক্ষিতভাবে) অত্র চরামি (এখানে বিচরণ করিতেছি) ॥ ৪২ ॥

অনুবাদ

হে উদ্ধব! যিনি পাণ্ডুপুত্রগণের অনিষ্টাচরণ করতঃ পরলোকগত সহোদর ভ্রাতা পাণ্ডুর প্রতি শত্রুতা করিতেছেন এবং যিনি স্বীয় পুত্রগণের বশবর্ত্তী হইয়া নিজপুরী হইতে হিতাকাঙ্ক্ষী আমাকে বাহির করিয়া দিয়াছেন, সেই অধোগামী জ্যেষ্ঠ ভ্রাতা ধৃতরাষ্ট্রের জন্য আমি দুঃখ করিতেছি [অর্থাৎ বিষ্ণুভক্তপুত্রগণের পালনে কুন্তীদেবী পুণ্যলোকেই গমন করিবেন; অতএব তাঁহার জন্য দুঃখ নাই; কিন্তু জ্যেষ্ঠভ্রাতা পাপকর্ম্মের ফলে নরকে গমন করিবেন, সেই জন্যই দুঃখ করিতেছি] ॥ ৪১ ॥

হে উদ্ধব! সেই বিতাড়িত আমি কর্ম্মফলপ্রদাতা ভগবানের অনুগ্রহে বিস্ময়ান্বিত না হইয়া যিনি মনুষ্যানুকরণে অর্থাৎ যে ভাবে মনুষ্যলীলা করিয়া থাকেন তদনুসারে ধৃতরাষ্ট্র প্রভৃতির চিত্তবৃত্তি পরিচালনা করিয়াছেন, সেই শ্রীহরিলাভের উপায়-উপদেষ্টা গুরুর অন্বেষণ করিয়া অন্যের অলক্ষিতভাবে এখানে বিচরণ করিতেছি ॥ ৪২ ॥

টীকা

পৃথা বিষ্ণুভক্তপুত্রার্থে জীবতি, অতস্তস্যা জীবনস্য পুণ্যাবহত্বাৎ মৃতা সা পুণ্যালোকং গমিষ্যতি; অতস্তাং ন শোচে; জ্যেষ্ঠং ভ্রাতরং তু শোচে, যতস্তজ্জীবনস্য পাপাবহত্বাৎ। মৃতঃ সঃ পাপলোকং গন্তা ইত্যাশয়েনাহ সৌম্য ইতি। হে সৌম্য! যঃ পরেতায় মৃতায় ভ্রাত্রে পাণ্ডবে তৎপুত্রদ্রোহেন বিদুদ্রুহে দ্রোহং কৃতবান্। যেনৈব সুহৃৎ অনুকূলঃ ভ্রাতা অহং স্বপুর্য্যাঃ সকাশাৎ নির্য্যাপিতঃ বিবাসিতঃ তমধঃপতন্তং ধৃতরাষ্ট্রম্ অনুশোচে ॥ ৪১ ॥ এবং যাদবানাং কৌরবানাঞ্চ কুশলং পৃষ্ট্বা নৃণাং পুত্রাদ্যনুরাগেণ

নূনং নৃপাণাং ত্রিমদোৎপথানাং মহীং মুহুশ্চালয়তাং চমূভিঃ।
বধাৎ প্রপন্নার্ত্তিজিহীর্ষয়েশোঽপ্যুপৈক্ষতাঘং ভগবান্ কুরূণাম্ ॥ ৪৩ ॥
অজস্য জন্মোৎপথনাশনায় কর্ম্মাণ্যকর্ত্তুর্গ্রহণায় পুংসাম্।
নন্বন্যথা কোঽর্হতি দেহযোগং পরো গুণানামুত কর্ম্মতন্ত্রম্ ॥ ৪৪ ॥

অন্বয়

[বহু অপরাধকারী কৌরবদিগকে ভগবান্ শ্রীকৃষ্ণ প্রথম অপরাধেই কেন বিনাশ করিলেন না তাহাই বলিতেছেন [ত্রিমদোৎপথানাং (ধন, জন ও বিদ্যামদে মত্ত) চমূভিঃ (সৈন্যগণের দ্বারা) মহীং (পৃথিবীকে) মুহুঃ চালয়তাং (বার বার পীড়নকারী) নৃপাণাং (রাজগণের) বধাৎ (বধহেতু) প্রপন্নার্ত্তিজিহীর্ষয়া (ও শরণাগতজনের দুঃখ হরণেচ্ছায়) ঈশঃ (প্রথমাপরাধ সময়েই নিগ্রহে সমর্থ) ভগবান্ (শ্রীকৃষ্ণ) কুরূণাং (দুর্য্যোধনাদির) অঘম্ অপি (অপরাধও) নূনং উপৈক্ষত (উপেক্ষা করিয়াছেন) ॥ ৪৩ ॥

অজস্য (কর্ম্মফল ভোগের নিমিত্ত জন্মরহিত ভগবানের) উৎপথনাশনায় (উৎপথগামী দুষ্টগণের

অনুবাদ

[বহু অপরাধকারী কৌরবদিগকে শ্রীকৃষ্ণ প্রথমাপরাধেই কেন নিগ্রহ করিলেন না? তদুত্তরে বলিতেছেন]—ধন, জন ও বিদ্যামদে প্রমত্ত এবং স্বীয় সেনাসমূহদ্বারা পুনঃ পুনঃ পৃথিবী নিপীড়নকারী নৃপতিগণের বধের নিমিত্ত ও শরণাগতগণের দুঃখ হরণেচ্ছায়ই ভগবান্ শ্রীকৃষ্ণ প্রথম অপরাধেই দুর্য্যোধনাদিকে নিগ্রহ করিতে সমর্থ হইলেও পুনঃ পুনঃ তাহাদের অপরাধ সহ্য করিয়াছিলেন অর্থাৎ প্রথম অপরাধেই যদি তিনি দুর্য্যোধনাদিকে শাস্তি দেন, তবে কেবলমাত্র পাণ্ডবগণেরই দুঃখনিবৃত্তি হয়; অন্যান্য শরণাগত ব্যক্তিগণের দুঃখনিবৃত্তি হয় না। শরণাগত সকলেরই দুঃখনিবৃত্তি করিবার উদ্দেশ্যে দুর্য্যোধনাদির অত্যাচার সহ্য করতঃ মহাযুদ্ধে সেই সেই দুষ্ট নৃপতিগণের সহিত তাহাদিগকে নিগ্রহ করিয়াছেন ॥ ৪৩ ॥

জন্মরহিত ভগবান্ উৎপথগামী দুষ্টগণের দমনের জন্যই জন্মগ্রহণ করিয়া থাকেন এবং

টীকা

মহদুপেক্ষাদিরূপো মোহস্তৎকর্ম্মানুসারিভগবদিচ্ছেবেতি বদন্ স্বস্য তীর্থাটনে প্রয়োজনবিশেষমাহ—সোঽহমিতি। বিধাতুঃ প্রাণিকর্ম্মফলবিধানকর্ত্তুঃ মর্ত্ত্যবিড়ম্বনেন যেন পরমেশ্বরেণ জীবানাং মর্ত্ত্যত্বভ্রমঃ, তেন মর্ত্ত্যানুকরণেন নৃণাং ধৃতরাষ্ট্রাদীনাং দৃশো দৃষ্টীঃ "মহান্তঃ কথঞ্চিৎ পৃথগ্‌ভূতা অপি স্বাদরণীয়া দুর্বৃত্তাঃ পুত্রাদয়োঽপ্যুপেক্ষণীয়া" ইতি শিষ্টব্যবহারতঃ হরেঃ পদবীং প্রাপ্তিমার্গং তৎপ্রাপ্তিসাধনোপদেষ্টারং পুরুষমিত্যর্থঃ পশ্যন্ মৃগয়ন্ চরামি। কথম্ভূতঃ? নান্যোপলক্ষ্যঃ গূঢ়ঃ, বিদুরোঽয়ং চরতীতি পরৈঃ স্বকীয়ৈর্ব্বা মজ্জ্ঞানে তু তত্র বিঘ্নঃ স্যাদিতি ভাবঃ ॥ ৪২ ॥ নন্বু অসদ্ধপরাধকারিণো দুর্বৃত্তাঃ কৌরবাঃ প্রথমাপরাধে কুতো ন বিগৃহীতাঃ? ইত্যত আহ—নূনমিতি। নূনং নিশ্চিতম্। ত্রিভির্বিদ্যাধনাভিজনহেতুকৈঃ মদৈঃ উৎপথানামুদ্ধতানাং মহীং চমূভিঃ মুহুশ্চালয়তাং ভূভারভূতানাং নৃপাণাং বধাদ্ধেতোঃ প্রপন্নানাং তত্তদ্দুষ্টনৃপহেতুকার্ত্তিজিহীর্ষয়া ঈশঃ প্রথমাপরাধসময়ে এব নিগ্রহীতুমীশঃ সমর্থোঽপি কুরূণাং দুর্য্যোধনাদীনাম্ অঘম্ অপরাধমুপৈক্ষত। প্রথমাপরাধে দুর্য্যোধনাদিনিগ্রহে পাণ্ডবানামেব আর্ত্তিনিবৃত্তিঃ স্যাৎ, ন অন্যেষাং প্রপন্নানাং, তস্মাৎ সর্ব্বদুষ্টনৃপনিগ্রহার্থং কুরূণামঘমুপৈক্ষতেতি ফলিতার্থঃ ॥ ৪৩ ॥

তস্য প্রপন্নাখিললোকপানা-মবস্থিতানামনুশাসনে স্বে।
অর্থায় জাতস্য যদুষ্বজস্য বার্ত্তাং সখে! কীর্ত্তয় তীর্থকীর্ত্তেঃ ॥ ৪৫ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
তৃতীয়স্কন্ধে বিদুরোদ্ধব-সংবাদে প্রথমোঽধ্যায়ঃ ॥ ১ ॥

অন্বয়

দমনের নিমিত্ত) জন্ম (আবির্ভাব হইয়া থাকে)। অকর্ত্তুঃ (ফলভোগের নিমিত্ত কর্ম্মরহিত ভগবানের) পুংসাম্ (জীবগণের) গ্রহণায় (কর্ম্মে রুচি উৎপাদনের নিমিত্ত) কর্ম্মাণি (লীলাদি কর্ম্ম সম্ভাবিত হয়)। অন্যথা (এই প্রকার না হইলে) নন্থ (নিশ্চয়ই) [ভগবানের জন্ম ও কর্ম্মের কথা ত দূরে] গুণানাং পরঃ (মুক্ত) কঃ (কোন্ জীবই বা) দেহযোগং (দেহধারণ) কর্ম্মতন্ত্রং (ও কর্ম্মবিস্তার) অর্হতি উত? (স্বীকার করেন? অর্থাৎ কেহই করে না)॥ ৪৪ ॥

সখে! (হে উদ্ধব!) স্বে অনুশাসনে (স্বকীয় আজ্ঞায়) অবস্থিতানাং (অবস্থিত) প্রপন্নাখিললোকপানাং (শরণাগত সমস্ত লোকপালগণের) অর্থায় (উপকারের নিমিত্ত) যদুষু জাতস্য (যদুকুলে অবতীর্ণ) তীর্থকীর্ত্তেঃ (পবিত্রকীর্ত্তি) তস্য অজস্য (সেই শ্রীকৃষ্ণের) বার্ত্তাং (বৃত্তান্ত) কীর্ত্তয় (কীর্ত্তন করুন)॥ ৪৫ ॥

অনুবাদ

কর্ম্মরহিত ভগবান্ জীবগণের কর্ম্মে রুচি উৎপাদনের নিমিত্তই (লীলাদি) কর্ম্ম করিয়া থাকেন। নতুবা ভগবানের কথা ত দূরে থাকুক, মুক্ত কোন্ জীবই বা দেহধারণ ও কর্ম্ম স্বীকার করিয়া থাকেন? অর্থাৎ কেহই স্বীকার করে না। মুক্তজীবেই যাহা সম্ভবে না, ভগবানে তাহা যে অসম্ভব এবিষয়ে আর বক্তব্য কি? ॥ ৪৪ ॥

অতএব হে উদ্ধব! যিনি স্বীয় আজ্ঞায় অবস্থিত শরণাগত সমস্ত লোকপালগণের উপকারের নিমিত্ত যদুবংশে অবতীর্ণ হইয়াছেন, সেই পবিত্রকীর্ত্তি শ্রীকৃষ্ণের লীলাদি বৃত্তান্ত আমার নিকটে কীর্ত্তন করুন ॥ ৪৫ ॥

প্রথম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ১ ॥

টীকা

যতঃ অজস্য কর্ম্মফলভোগনিমিত্তকজন্মরহিতস্য উৎপথনাশনায় অপ্রাকৃতদেহস্য বসুদেবাদি-পুত্রত্বেন প্রকটীকরণং জন্ম। অকর্ত্তুঃ ফলভোগনিমিত্তককর্ম্মাকর্ত্তুঃ পুংসাং গ্রহণায় কর্ম্মরুচ্যুৎ-পাদনায় কর্ম্মাণি। অন্যথা তু ঈদৃশপ্রয়োজনাভাবে তু নন্থ নিশ্চিতম্ ভগবতো জন্মকর্ম্মবার্ত্তা তাবদাস্তাম্ গুণানাং পরঃ প্রকৃতিমণ্ডলবাহ্যঃ মুক্তজীবোঽপি দেহযোগং দেহৈঃ পিত্রাদিদেহৈঃ যোগং পুত্রত্বেন সংযোগং কর্ম্মতন্ত্রং কর্ম্মশাস্ত্রং কর্ম্মনিষ্ঠামিত্যর্থঃ। কোঽর্হতি ন কোঽপীত্যর্থঃ। প্রপন্নোপকারার্থং তু মুক্তা অপি জন্মানি কর্ম্মাণি ভগবদাজ্ঞয়া স্বীকুর্ব্বন্তীতি ভাবঃ ॥ ৪৪ ॥ তস্মাদেবম্ভূতস্য প্রপন্না যে অখিলা সর্ব্বলোকপা-স্তেষামন্যেষাং চ স্বে অনুশাসনে স্থিতানাম্ অর্থায়োপকারায় যদুষু জাতস্য কৃতাবির্ভাবস্য তীর্থকীর্ত্তেঃ পবিত্র-যশসঃ বার্ত্তাং বৃত্তান্তং হে সখে! কীর্ত্তয় কথয়॥ ৪৫॥

ইতি শ্রীসনৎকুমারসন্ততিপ্রবর্ত্তক-ভগবন্নিষ্ঠার্কস্মরণচিন্তক শুকসুধীপ্রণীতে শ্রীমদ্ভাগবতসিদ্ধান্তপ্রদীপে
তৃতীয়স্কন্ধীয়ে প্রথমাধ্যায়ার্থ প্রকাশঃ ॥১ ॥

দ্বিতীয়োঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

ইতি ভাগবতঃ পৃষ্টঃ ক্ষত্রা বার্ত্তাং প্রিয়াশ্রয়াম্।
প্রতিবক্তুং ন চোৎসেহে ঔৎকণ্ঠাৎ স্মারিতেশ্বরঃ ॥ ১ ॥
যঃ পঞ্চহায়নো মাত্রা প্রাতরাশায় যাচিতঃ।
তন্নৈচ্ছদ্রচয়ন্ যস্য সপর্য্যাং বাললীলয়া ॥ ২ ॥
সঃ কথং সেবয়া তস্য কালেন জরসং গতঃ।
পৃষ্টো বার্ত্তাং প্রতিব্রূয়াদ্ভর্ত্তুঃ পাদাবনুস্মরন্ ॥ ৩ ॥

অন্বয়

শ্রীশুকঃ উবাচ (শ্রীশুকদেব বলিলেন) ক্ষত্রা (বিদুরকর্ত্তৃক) ইতি (এই প্রকারে) প্রিয়াশ্রয়াং বার্ত্তাং (শ্রীকৃষ্ণবিষয়ক সংবাদ) পৃষ্টঃ (জিজ্ঞাসিত হইয়া) ভাগবতঃ (পরমবৈষ্ণব উদ্ধব) স্মারিতেশ্বরঃ (শ্রীকৃষ্ণকে স্মরণ করিয়া) ঔৎকণ্ঠ্যাৎ (উৎকণ্ঠাবশতঃ) প্রতিবক্তুং (প্রত্যুত্তর প্রদান করিতে) ন চ উৎসেহে (সমর্থ হইলেন না) ॥ ১ ॥

পঞ্চহায়নঃ (পঞ্চবৎসর বয়ঃপ্রাপ্ত) যঃ (উদ্ধব) বাললীলয়া (বাল্যক্রীড়ায়) যস্য (শ্রীকৃষ্ণের) সপর্য্যাং (পূজা) রচয়ন্ (করিতে করিতে) মাত্রা (জননীকর্ত্তৃক) প্রাতরাশায় (প্রাতর্ভোজনের নিমিত্ত) যাচিতঃ (আহূত হইয়াও) তৎ (সেই বাল্যভোজন) ন ঐচ্ছৎ (ইচ্ছা করিতেন না) ॥ ২ ॥

তস্য (শ্রীকৃষ্ণের) সেবয়া (পরিচর্য্যা করিয়া) কালেন (কালক্রমে) [উদ্ধব] জরসং গতঃ (বৃদ্ধত্ব

অনুবাদ

শুকদেব বলিলেন—হে রাজন্! বিদুর এই প্রকারে উদ্ধবকে শ্রীকৃষ্ণবিষয়ক সংবাদ জিজ্ঞাসা করিলে পরমবৈষ্ণব উদ্ধব শ্রীকৃষ্ণকে স্মরণ করিয়া শ্রীকৃষ্ণের বিরহে উৎকণ্ঠাবশতঃ সহসা প্রত্যুত্তর প্রদান করিতে সমর্থ হইলেন না ॥ ১ ॥

পঞ্চবৎসর বয়ঃপ্রাপ্ত বালক উদ্ধব বাল্যক্রীড়ায় কোনও পুতুলকে শ্রীকৃষ্ণরূপে কল্পনা করিয়া কল্পিত উপচারের দ্বারা তাঁহার পূজা করিতেন এবং তৎকালে মাতা বাল্য-ভোজনের নিমিত্ত আহ্বান করিলেও তাহা ইচ্ছা করিতেন না অর্থাৎ ভোজন করিতে যাইতেন না ॥ ২ ॥

[এইরূপে] শ্রীকৃষ্ণের সেবা করিয়া কালক্রমে উদ্ধব বৃদ্ধ হইয়াছেন। এক্ষণে

টীকা

এবং বিদুরেণ পৃষ্ট উদ্ধবো যাদবাদীনাং বৃত্তান্তং ভগবতো বার্ত্তাং প্রাদুর্ভাবাদিস্বধামারোহণপর্য্যন্তাং চ বিদুরায়োপদিশ্য বদর্য্যাশ্রমমগাৎ, বিদুরঃ তদ্বচনাৎ মৈত্রেয়াশ্রমমগাদিত্যাহ শ্রীশুকস্ত্রিভিরধ্যায়ৈঃ। তত্র তাবৎ উদ্ধবস্য শ্রীকৃষ্ণস্য বিরহগ্রহাবিষ্টত্বেন প্রতিবচনাসামর্থ্যমাহ—ইতীতি পঞ্চভিঃ ॥ ১ ॥ তৎ কৈমুত্য-ন্যায়েন বর্ণয়তি—য ইতি দ্বয়েন। প্রাতরাশায় প্রাতর্ভোজনায়। যস্য শ্রীকৃষ্ণস্য ॥ ২ ॥ জরসং বৃদ্ধত্বম্

স মুহূর্ত্তমভূৎ তূষ্ণীং কৃষ্ণাঙ্ঘ্রিসুধয়া ভৃশম্।
তীব্রেণ ভক্তিযোগেন নিমগ্নঃ সাধু নির্ব্বৃতঃ ॥ ৪ ॥
পুলকোদ্ভিন্নসর্ব্বাঙ্গো মুঞ্চন্ মীলদ্দৃশা শুচঃ।
পূর্ণার্থো লক্ষিতস্তেন স্নেহপ্রসরসংপ্লুতঃ ॥ ৫ ॥
শনকৈর্ভগবল্লোকান্নৃলোকং পুনরাগতঃ।
বিমৃজ্য নেত্রে বিদুরং প্রত্যাহোদ্ধব উৎস্ময়ন্ ॥ ৬ ॥

অন্বয়

প্রাপ্ত হইয়াছেন) ; সঃ (সেই উদ্ধব) বার্ত্তাং (শ্রীকৃষ্ণসংবাদ) পৃষ্টঃ (জিজ্ঞাসিত হইয়া) ভর্ত্তুঃ (প্রভু শ্রীকৃষ্ণের) পাদৌ (চরণদ্বয়) অনুস্মরন্ (চিন্তা করতঃ) কথং প্রতিক্রিয়াৎ? (কি করিয়া [সহসা] উত্তর প্রদান করিতে সমর্থ হইবেন?) ॥ ৩ ॥

সঃ (উদ্ধব) কৃষ্ণাঙ্ঘ্রিসুধয়া (শ্রীকৃষ্ণের চরণামৃত পানে) সাধু (উত্তমরূপে) নির্ব্বৃতঃ (সুখী হইয়া অর্থাৎ পরমানন্দ অনুভব করিয়া) তীব্রেণ ভক্তিযোগেন (তীব্র ভক্তিযোগদ্বারা) [সেই চরণচিন্তায়] ভৃশং নিমগ্নঃ (সর্ব্বতোভাবে নিমগ্ন হইয়া) মুহূর্ত্তং (মুহূর্ত্তকাল) তূষ্ণীম্ অভূৎ (নীরব হইয়া রহিলেন) ॥ ৪ ॥

পুলকোদ্ভিন্নসর্ব্বাঙ্গঃ (সর্ব্বশরীর রোমাঞ্চে কণ্টকিত) মীলদ্দৃশা (ও নিমীলিত চক্ষু-দ্বারা) শুচঃ (প্রেমাশ্রু) মুঞ্চন্ (বিসর্জ্জন করতঃ) স্নেহ-প্রসরসংপ্লুতঃ (শ্রীকৃষ্ণপ্রেমাবেগে আপ্লুত হইয়া উদ্ধব) তেন (বিদুরকর্ত্তৃক) পূর্ণার্থঃ (পূর্ণকামরূপে) লক্ষিতঃ (দৃষ্ট হইল) ॥ ৫ ॥

উদ্ধবঃ শনকৈঃ (উদ্ধব ধীরে ধীরে) ভগবল্লোকাৎ (ভগবৎলোক হইতে) নৃলোকং (মনুষ্যলোকে) পুনঃ আগতঃ (পুনরায় আগত হইয়া) নেত্রে বিমৃজ্য (নয়নদ্বয় মার্জ্জনা করতঃ) উৎস্ময়ম্ (ভগবল্লীলাস্মরণে বিস্ময়ান্বিত হইয়া) বিদুরং প্রতি আহ (বিদুরের প্রতি বলিতে লাগিলেন) ॥ ৬ ॥

অনুবাদ

তিনি শ্রীকৃষ্ণসংবাদ জিজ্ঞাসিত হইয়া শ্রীকৃষ্ণের চরণদ্বয় চিন্তাকরতঃ [তাহার বিরহে] কি করিয়া সহসা প্রত্যুত্তর প্রদান করিতে সমর্থ হইবেন? ॥ ৩ ॥

উদ্ধব শ্রীকৃষ্ণের চরণামৃতপানে অতিশয় সুখী ও তীব্র ভক্তিযোগে সেই চরণচিন্তায় সর্ব্বতোভাবে নিমগ্ন হইয়া মুহূর্ত্তকাল নীরব হইয়া রহিলেন ॥ ৪ ॥

উদ্ধবের সর্ব্বশরীর পুলকে কণ্টকিত হইল, তিনি প্রেমাশ্রু বিসর্জ্জনকরতঃ শ্রীকৃষ্ণপ্রেমাবেগে আপ্লুত হইলেন; বিদুর তাঁহাকে পূর্ণকামরূপে দেখিতে পাইলেন ॥ ৫ ॥

উদ্ধব ধীরে ধীরে ভগবল্লোক হইতে লৌকিক জগতে পুনরায় ফিরিয়া আসিলেন এবং

টীকা

॥ ৩ ॥ সাধু যথা স্যাৎ তথা নির্বৃতঃ সুখিতঃ ॥ ৪ ॥ পুলকৈঃ রোমাঞ্চৈঃ উদ্ভিন্নম্ অঙ্গং শরীরং যস্য সঃ, মীলন্ত্যা দৃশা শুচঃ প্রেমাশ্রূণি মুঞ্চন্ স্নেহপ্রসরে শ্রীকৃষ্ণপ্রেমপূরে সংপ্লুতঃ, তেন ক্ষত্রা পূর্ণার্থঃ কৃতকৃত্যো লক্ষিতঃ ॥ ৫ ॥ ভগবানেব লোকঃ প্রবেশস্থানং ততো নৃলোকং শরীরাদ্যনুসন্ধানম্ ॥ ৬ ॥

শ্রীউদ্ধব উবাচ

কৃষ্ণদ্যুমণিনিম্লোচে গীর্ণেষ্বজগরেণ হ।
কিং নু নঃ কুশলং ব্রূয়াং গতশ্রীষু গৃহেষ্বহম্ ॥ ৭ ॥
দুর্ভগো বত! লোকোঽয়ং যদবো নিতরামপি।
যে সংবসন্তো ন বিদুর্হরিং মীনা ইবোড়ুপম্ ॥ ৮ ॥
ইঙ্গিতজ্ঞাঃ পুরুপ্রৌঢ়া একারামাশ্চ সাত্বতাঃ।
সাত্বতামৃষভং সর্ব্বে ভূতাবাসমমংসত ॥ ৯ ॥

অন্বয়

শ্রীউদ্ধবঃ উবাচ (উদ্ধব বলিলেন) [হে বিদুর!] কৃষ্ণদ্যুমণিনিম্লোচে (শ্রীকৃষ্ণরূপ সূর্য্য অস্তমিত হইয়াছেন); অজগরেণ (কালরূপ মহাসর্পকর্ত্তৃক) গীর্ণেষু হ (গ্রস্ত) গতশ্রীষু (ও বিনষ্টশ্রী) নঃ গৃহেষু (আমাদের গৃহে) অহম্ (আমি) [তোমার জিজ্ঞাসিত আত্মীয়গণের] কিং নু কুশলং ব্রূয়াম্? (কুশল আর কি বলিব?) ॥ ৭ ॥

বত (আহা!) অয়ং লোকঃ (এই দুর্য্যোধনাদি লোকসমূহ) দুর্ভগঃ (ভাগ্যহীন), যদবঃ (যদুগণ) নিতরাম্ অপি (নিতান্তই ভাগ্যহীন)। মীনাঃ উড়ুপম্ ইব (মৎস্যগণ যেমন জলের শৈত্যসম্পাদক সূর্য্যতাপহারী চন্দ্রকে জানিতে পারে না, সেইরূপ) যে (যদুগণ) সংবসন্তঃ (শ্রীহরির সহিত একত্র বাস করিয়াও) হরিং ন বিদুঃ (সংসারতাপহারী শ্রীহরিকে জানিতে পারে না) ॥ ৮ ॥

[এই প্রকারে ভগবত্তত্ত্বানভিজ্ঞ কৌরব ও যাদবগণের নিন্দা করতঃ এক্ষণে ভগবত্তত্ত্বাভিজ্ঞ কৌরব

অনুবাদ

নেত্রদ্বয় মার্জ্জনা করতঃ ভগবল্লীলা স্মরণে বিস্ময়ান্বিত হইয়া বিদুরের প্রতি বলিতে লাগিলেন ॥ ৬ ॥

উদ্ধব বলিলেন—হে বিদুর! কৃষ্ণরূপ সূর্য্য অস্তমিত হইয়াছেন, কালরূপ অজগর গ্রাস করায় আমাদের গৃহ সকল হতশ্রী হইয়াছে; অতএব তোমার জিজ্ঞাসিত আত্মীয়গণের কুশল আর আমি কি বলিব? ॥ ৭ ॥

আহা! এই দুর্য্যোধনাদি লোকসমূহ ভাগ্যহীন, যদুগণও নিতান্তই ভাগ্যহীন; যেমন মৎস্যগণ জলে বাস করিয়াও জলের শৈত্যসম্পাদক সূর্য্যতাপহারী চন্দ্রকে জানিতে পারে না, সেইরূপ এই যদুগণ শ্রীহরির সহিত একত্র বাস করিয়াও শ্রীহরিকে সংসারতাপ-হারীরূপে জানিতে পারে নাই ॥ ৮ ॥

[এই প্রকারে ভগবত্তত্ত্বানভিজ্ঞ যাদব ও কৌরবগণের নিন্দা করিয়া এক্ষণে

টীকা

কৃষ্ণদ্যুমণেঃ কৃষ্ণাখ্যভাস্করস্য নিম্লোচে অস্তমিতে সতি অজগরেণ কালমহাহিনা গীর্ণেষু গ্রস্তেষু নোঽস্মাকং গৃহেষু ত্বংপৃষ্টানাং কিং নু কুশলং ব্রূয়াম্॥ ৭॥ যো হরিং সংসারতাপহরং ন বেদ, সোঽয়ং দুর্য্যোধনাদিলোকো জনো দুর্ভগো ভাগ্যহীনঃ। যে কেচিৎ সংবসন্তঃ হরিণা সহ বাসমপি কুর্ব্বন্তঃ কৃতবর্ম্মাদয়ো হরিং সংসারতাপহরং ন বিদুঃ তে যাদবা অপি বতেতি খেদে, নিতরাং দুর্ভগাঃ

দেবস্য মায়য়া স্পৃষ্টা যে চান্যদসদাশ্রিতাঃ।
ভ্রাম্যতে ধীর্ন তদ্বাক্যৈ-রাত্মন্যুপ্তাত্মনো হরৌ ॥ ১০ ॥

অন্বয়

ও যাদবগণের প্রশংসা করিতেছেন]—ইঙ্গিতজ্ঞাঃ (শাস্ত্র ও আচার্য্যের মর্ম্মার্থ অবধারণে সক্ষম) একারামাঃ চ (ও এক শ্রীকৃষ্ণেই অনুরত) পুরুপ্রৌঢ়াঃ সাত্বতাঃ (যুধিষ্ঠির ও বসুদেব প্রভৃতি কৌরব ও যদুগণ) সর্ব্বে (সকলে) সাত্বতাম্ ঋষভং (যদুশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণকে) ভূতাবাসং (সর্ব্বভূতের আধার ব্রহ্ম) অমংসত (মনে করিতেন) ॥ ৯ ॥

দেবস্য মায়য়া (শ্রীভগবানের মায়ায়) স্পৃষ্টাঃ (মোহিত বলিয়া) অন্যৎ অসৎ (মিথ্যা শত্রুতা) আশ্রিতাঃ (অবলম্বনকারী) যে চ (যে শিশুপাল প্রভৃতি), তদ্বাক্যৈঃ (তাহাদের বাক্যদ্বারা) আত্মনি হরৌ (পরমাত্মা শ্রীহরিতে) উপ্তাত্মনঃ (অর্পিতবুদ্ধি হরিভক্তের) ধীঃ (বুদ্ধি) [কখনও] ন ভ্রাম্যতে (মোহপ্রাপ্ত হয় না) ॥ ১০ ॥

অনুবাদ

ভগবত্তত্ত্বাভিজ্ঞ যাদব ও কৌরবগণের প্রশংসা করিতেছেন]—শাস্ত্র ও আচার্য্যোপদিষ্ট বিষয়ের তাৎপর্য্যাবধারণে সমর্থ ও এক ভগবান্ শ্রীকৃষ্ণেই অনুরত যুধিষ্ঠিরাদি ও বসুদেব প্রভৃতি কৌরব ও যাদবগণ যদুশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণকে সর্ব্বভূতের আধার ব্রহ্ম বলিয়া মনে করিতেন; অতএব ইঁহারাই কৃতার্থ ॥ ৯ ॥

ভগবানের মায়ায় মোহিত শ্রীহরিবিদ্বেষী শিশুপাল প্রভৃতি শ্রীহরির প্রতি মিথ্যা শত্রুভাব পোষণ করিয়া যে সকল বাক্য বলিয়াছিল, সেই সকল বাক্যদ্বারা পরমাত্মা শ্রীহরিতে সমর্পিতচিত্ত হরিভক্তের বুদ্ধি কখনও মোহপ্রাপ্ত হয় না; পরন্তু শ্রীহরিতে যাহারা চিত্ত সমর্পণ করে নাই, সেই সকল ব্যক্তিরই বুদ্ধি বিপর্য্যস্ত হইয়া থাকে। [অর্থাৎ কৌরব ও যাদবগণের মধ্যে যে যুধিষ্ঠির ও বসুদেবাদি শ্রীকৃষ্ণকে ভগবৎরূপে জানিয়াছেন, তাহা তাঁহাদের শ্রীহরিতে চিত্তার্পণেরই ফল। আর যে দুর্য্যোধনাদি শ্রীকৃষ্ণকে জানিতে পারেন নাই, তাহা শ্রীহরিতে চিত্ত অর্পণ না করারই ফল] ॥ ১০ ॥

টীকা

যথা মীনাঃ জলশৈত্যসম্পাদনেন পদ্মবৃদ্ধিকরত্বেন অর্কতাপহরম্ উডুপং ন জানন্তি তদ্বদিত্যর্থঃ ॥৮॥ যাদববিশেষান্ কৌরববিশেষান্ ভগবত্তত্ত্বানভিজ্ঞত্বেন বিনিন্দ্য অথ যাদবান্ কৌরবাংশ্চ ভগবত্তত্ত্বজ্ঞান্ স্তৌতি—ইঙ্গিতজ্ঞা ইতি। ইঙ্গিতজ্ঞাঃ শাস্ত্রাচার্য্যাভিপ্রায়জ্ঞাঃ পুরুপ্রৌঢ়াঃ পুরুকুলমুখ্যাঃ যুধিষ্ঠিরাদয়ঃ সাত্বতা বসুদেবাদয়ঃ সাত্বতাম্ ঋষভং সাত্বতশ্রেষ্ঠং শ্রীকৃষ্ণং ভূতাবাসং সর্ব্বভূতাধারং ব্রহ্ম অমংসত অমন্যন্ত। একারামাঃ একস্মিন্ ভগবতি আরমন্তীতি তে তয়া কৃতার্থা ইত্যর্থঃ ॥ ৯। হরি-প্রাবণ্যাপ্রাবণ্যয়োঃ হরিদ্বেষিজনবচনাদেঃ ত্যাগস্বীকারৌ জ্ঞাপকমিত্যাহ দেবস্যেতি। মায়য়া স্পৃষ্টাঃ অতএব অসদেব বৈরমাশ্রিতাঃ যে শিশুপালপৌণ্ড্রকাদ্যাঃ তেষাং বাক্যৈঃ আত্মনি পরমাত্মনি উপ্তাত্মনঃ অর্পিতবুদ্ধেঃ হরিভক্তস্য বুদ্ধির্ন ভ্রাম্যতে মোহং ন প্রাপ্যতে; অন্যস্য পরমাত্মনি অনুপ্তাত্মনস্তু বুদ্ধির্ভ্রাম্যতে ইত্যর্থঃ ॥ ১০ ॥

প্রদর্শ্যাতপ্ততপসামবিতৃপ্তদৃশাং নৃণাম্।
আদায়ান্তরধাদ্ যস্তু স্ববিম্বং লোকলোচনম্ ॥ ১১ ॥
যন্মর্ত্ত্যলীলৌপয়িকং স্বযোগ-মায়াবলং দর্শয়তা গৃহীতম্।
বিস্মাপনং স্বস্য চ সৌভগর্দ্ধেঃ পরং পদং ভূষণভূষণাঙ্গম্ ॥ ১২ ॥

অন্বয়

যঃ তু (শ্রীকৃষ্ণ) আতপ্ততপসাম্ (সর্ব্বতোভাবে তপশ্চরণশীল) অবিতৃপ্তদৃশাম্ (অপর বস্তু দর্শনে অনিচ্ছুক) নৃণাম্ (মহাত্মাগণের নিকটে) লোকলোচনং (লোকসমূহের একমাত্র দর্শনীয়) স্ববিম্বম্ (স্বীয় অসাধারণ অপ্রাকৃত মূর্ত্তি) প্রদর্শ্য (দেখাইয়া) আদায় (পুনর্ব্বার তাহা গ্রহণ করিয়া) অন্তরধাৎ (অন্তর্হিত হইয়াছেন)॥ ১১ ॥

[সেই ভগবন্মূর্ত্তিকে লোকসমূহের একমাত্র দর্শনীয় বলা হইয়াছে, এক্ষণে তাহার সৌন্দর্য্য বর্ণনা করিতেছেন] যৎ (যাহা) মর্ত্ত্যলীলৌপয়িকং (মনুষ্যলীলার উপযুক্ত), স্বযোগমায়াবলং দর্শয়তা (স্বীয় মায়াশক্তির সামর্থ্যপ্রদর্শনকারী ভগবৎকর্ত্তৃক) গৃহীতম্ (স্বীকৃত), স্বস্য চ (নিজেরও) বিস্মাপনং (বিস্ময়কর), সৌভগর্দ্ধেঃ (ও সৌভাগ্যসমৃদ্ধির) পরং পদম্ (শ্রেষ্ঠ আশ্রয়) ভূষণভূষণাঙ্গম্ (এবং যাহাতে অঙ্গসমূহ ভূষণসমূহের ভূষণ ছিল, সেই) [বিগ্রহের সহিত তিনি অন্তর্হিত হইয়াছেন]॥ ১২ ॥

অনুবাদ

যাঁহারা সর্ব্বতোভাবে তপশ্চরণশীল ও ভগবদ্ভিন্ন অন্য বস্তু দর্শনে অনিচ্ছুক, তাদৃশ মহাত্মাগণকে শ্রীকৃষ্ণ লোকসমূহের একমাত্র দর্শনীয় স্বীয় অসাধারণ অপ্রাকৃত মূর্ত্তি দেখাইয়া পুনরায় অন্তর্হিত হইয়াছেন ॥ ১১ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ যে বিগ্রহের সহিত অন্তর্হিত হইয়াছেন, তাহা মনুষ্যলীলার উপযুক্ত এবং স্বীয় মায়াশক্তির সামর্থ্য প্রদর্শন করাইবার জন্য গৃহীত। সেই মূর্ত্তি ভগবানেরও বিস্ময়জনক ও সৌভাগ্যসমৃদ্ধির আস্পদ এবং সেই মূর্ত্তিতে ভূষণসমূহ অঙ্গের ভূষণ হয় নাই, পরন্তু ভূষণসমূহই অঙ্গসমূহের দ্বারা ভূষিত হইয়াছিল ॥ ১২ ॥

টীকা

যাদবাদীনাং কুশলপ্রশ্নে "কিং নু নঃ কুশলং ব্রূয়া"মিত্যুক্তম্। অথ কোঽসৌ হরিরিত্যাকাঙ্ক্ষায়াম্ হরিস্বরূপগুণবিগ্রহাদিকং বর্ণয়ন্ "অর্থায় জাতস্য যদূত্তমস্য বার্ত্তাং সখে! কীর্ত্তয় তীর্থকীর্ত্তে" রিত্যস্যোত্তরমাহ—প্রদর্শ্যেত্যাদিনা। যঃ কৃতজ্ঞত্বাদিগুণগণমন্দিরঃ আ সমন্ততঃ তপ্তানি তপাংসি যৈস্তেষাং অবিতৃপ্তাস্তদিতরদর্শনে দৃশো যেষাম্ অন্যদর্শনোপেক্ষকানাং মহতাম্, লোকৈঃ অবলোকনীয়ং লোকলোচনম্ কর্ম্মণি ল্যুট্; স্ববিম্বং স্বাসাধারণম্ অপ্রাকৃতং শ্রীমদ্বিগ্রহং প্রদর্শ্য আবিষ্কৃত্য পুনরাদায় স্ববিম্বেন সহৈব অন্তরধাৎ অন্তর্হিতবান্ স হরিরিত্যন্বয়ঃ। অনেন ভগবন্মূর্ত্তের্নিত্যতা প্রতিপাদিতা ॥ ১১ ॥ বিম্বস্য লোকলোচনমিতি বিশেষণেন দর্শিতং দর্শনীয়ত্বং প্রপঞ্চয়তি ত্রিভিঃ। মর্ত্ত্যেষু যা লীলাঃ তাসু ঔপয়িকং যোগ্যং যদপ্রাকৃতমেব,ন হি প্রাকৃতে দেহে সকলবিশ্বপ্রকাশনাদিলীলা সম্ভবতীতি ভাবঃ। স্বযোগমায়ায়াঃ শক্তিভূতায়াঃ বলং সামর্থ্যং দর্শয়তা গৃহীতমুপাত্তম্। স্বস্য চ স্বস্যাপি বিস্মাপনং বিস্ময়জনকং, সৌভগর্দ্ধেঃ সৌভাগ্যসমৃদ্ধেঃ পরং শ্রেষ্ঠং পদমাশ্রয়ম্, ভূষণানাং ভূষণানি অঙ্গানি যস্মিন্ তৎ, এবম্ভূতং যদ্বিম্বং তদাদায় অন্তরধাৎ ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ ॥ ১২ ॥

যদ্ধর্ম্মসূনোর্ব্বত ! রাজসূয়ে নিরীক্ষ্য দৃক্‌স্বস্ত্যয়নং ত্রিলোকঃ।
কার্ৎস্ন্যেন চাদ্যেহ গতং বিধাতু-রর্ব্বাক্‌সৃতৌ কৌশলমিত্যমন্যত ॥ ১৩ ॥
যস্যানুরাগপ্লুতহাসরাস-লীলাবলোকপ্রতিলব্ধমানাঃ।
ব্রজস্ত্রিয়ো দৃগ্‌ভিরনুপ্রবৃত্ত-ধিয়োঽবতস্থুঃ কিল কৃত্যশেষাঃ ॥১৪॥

অন্বয়

বত (আহা) ! ধর্ম্মসূনোঃ (যুধিষ্ঠিরের) রাজসূয়ে (রাজসূয়নামক যজ্ঞে) দৃক্‌স্বস্ত্যয়নং (চক্ষুর নিরতিশয় সুখপ্রদ) যৎ চ (যে রূপ) নিরীক্ষ্য (দর্শন করিয়া) ত্রিলোকঃ (ত্রিভুবনবাসী জনগণ) অদ্য (আজ) ইহ (এই শ্রীকৃষ্ণ বিগ্রহরূপ) অর্ব্বাক্‌সৃতৌ (নূতন সৃষ্টিতে) বিধাতুঃ (পদ্মযোনি ব্রহ্মার) কৌশলম্ (নৈপুণ্য) কার্ৎস্ন্যেন (সম্পূর্ণরূপে) গতম্ (পর্য্যবসিত হইয়াছে) ইতি অমন্যত (ইহা মনে করিয়াছিলেন) [সেই বিগ্রহের সহিত তিনি অন্তর্হিত হইয়াছেন]॥ ১৩ ॥

যস্য (যে শ্রীকৃষ্ণের) অনুরাগপ্লুতহাসরাসলীলাবলোকপ্রতিলব্ধমানাঃ (অনুরাগজনিত হাস্য, কৌতুক ও বিলাসদৃষ্টির দ্বারা অভিমানিনী) ব্রজস্ত্রিয়ঃ (ব্রজরমণীগণ) দৃগ্‌ভিঃ [সহ] অনুপ্রবৃত্তধিয়ঃ (নয়নের সহিত কৃষ্ণানুগামী অন্তকরণে) কৃত্যশেষাঃ (আরব্ধ কার্য্য অসমাপ্ত রাখিয়াই) অবতস্থুঃ কিল (অবস্থান করিয়াছিলেন) [সেই শ্রীকৃষ্ণ অন্তর্হিত হইয়াছেন]॥ ১৪ ॥

অনুবাদ

ধর্ম্মরাজ যুধিষ্ঠিরের রাজসূয়যজ্ঞে ভগবান্ শ্রীকৃষ্ণের যে মূর্ত্তি দর্শন করিয়া ত্রিভুবনবাসিগণ "পদ্মযোনি ব্রহ্মার নূতন সৃষ্টিতে যে নৈপুণ্য, তাহা আজ এই শ্রীকৃষ্ণের বিগ্রহসৃষ্টিতে সম্পূর্ণরূপে পর্য্যবসিত হইয়াছে" ইহা মনে করিয়াছিলেন, সেই বিগ্রহের সহিত শ্রীকৃষ্ণ অন্তর্ধান করিয়াছেন ॥ ১৩ ॥

যে শ্রীকৃষ্ণ স্বভক্তগণের প্রতি অনুরাগে আপ্লুত হইয়া হাস্য, কৌতুক ও বিলাসদৃষ্টি করিলে ব্রজরমণীগণ শ্রীকৃষ্ণের সেই হাস্য, কৌতুক ও বিলাসদৃষ্টি সন্দর্শনে অভিমানিনী হইতেন এবং শ্রীকৃষ্ণ গমন করিলে তাহাদের নয়ন ও অন্তঃকরণ কৃষ্ণানুগামী হওয়ায় তাহারা আরব্ধ কার্য্য সমাপ্ত না করিয়াই নিশ্চেষ্টভাবে অবস্থান করিতেন, সেই শ্রীকৃষ্ণ অন্তর্হিত হইয়াছেন ॥ ১৪ ॥

টীকা

ধর্ম্মসূনোর্যুধিষ্ঠিরস্য রাজসূয়ে যদ্ দৃশাং স্বস্ত্যয়নং নিরতিশয়সুখদম্ ত্রিলোকঃ ত্রিগুণজনো ন তু দিব্যদৃষ্টি-র্নারদাদিলোকঃ, নিরীক্ষ্য অদ্য ইদানীম্ ইহ শ্রীকৃষ্ণবিগ্রহে বিধাতুরব্রজযোনেঃ অর্ব্বাচীনসৃষ্টৌ যৎ কৌশলং নৈপুণ্যং তৎ কার্ৎস্ন্যেন গতং পর্য্যবসিতমিত্যমন্যত ॥১৩॥ যস্য অনুরাগেণ স্বভক্তবিষয়ানুরক্ত্যা-প্লুতো ব্যাপ্তো হাসঃ রাসো বিনোদঃ লীলাবলোকশ্চ তৈঃ প্রতিলব্ধঃ মানো যাভিঃ তাঃ ব্রজস্ত্রিয়ঃ দৃগ্‌ভিঃ সহ অনুপ্রবৃত্তাঃ ব্রজন্তমনুগতাঃ ধিয়ো যাসাং তাঃ, কৃত্যে শেষো যাসাং তাঃ, অসমাপ্তকৃত্যা অবতস্থুঃ ॥ ১৪ ॥ বিম্বপ্রাকট্যকরণে কারণং দর্শয়তি—স্বশান্তরূপেত্যিতি। মহতা সঙ্কর্ষণাখ্যেনাংশেন সহ

স্বশান্তরূপেষ্বিতরৈঃ স্বরূপৈ-রভ্যর্দ্দ্যমানেষ্বনুকম্পিতাত্মা।
পরাবরেশো মহদংশযুক্তো হ্যজোঽপি জাতো ভগবান্ যথাগ্নিঃ ॥ ১৫ ॥
মাং খেদয়ত্যেতদজস্য জন্ম-বিড়ম্বনং যদ্বসুদেবগেহে।
ব্রজে চ বাসোঽরিভয়াদিব স্বয়ং পুরাদ্ব্যবাৎসীদ্ যদনন্তবীর্য্যঃ ॥১৬॥

অন্বয়

[শ্রীকৃষ্ণরূপ আবির্ভাবের কারণ বলিতেছেন] [যখন] ইতরৈঃ স্বরূপৈঃ (স্বীয় অশান্তমূর্ত্তি দুষ্টগণ-কর্ত্তৃক) স্বশান্তরূপেষু (স্বীয় শান্তমূর্ত্তি শিষ্টগণ) অভ্যর্দ্দ্যমানেষু (নিপীড়িত হইতেছিল), [তখন] অনুকম্পিতাত্মা (দয়ার্দ্র চিত্ত) পরাবরেশঃ ভগবান্ (ভগবান্ পরমেশ্বর) অজঃ অপি (দেহধারণরূপ জন্ম-শূন্য হইলেও) মহদংশযুক্তঃ (সঙ্কর্ষণ নামক অংশযুক্ত হইয়া) অগ্নিঃ যথা (নিত্যসিদ্ধ অগ্নি যেমন কাষ্ঠে উৎপন্ন হয়), [সেইরূপ] জাতঃ হি (আবির্ভূত হইয়াছিলেন) ॥ ১৫ ॥

অজস্য (জন্মরহিত ভগবানের) বসুদেবগেহে (বসুদেবের গৃহে অর্থাৎ পুত্ররূপে) যৎ জন্মবিড়ম্বনং (যে জন্মগ্রহণের অনুকরণ), স্বয়ম্ অনন্তবীর্য্যঃ অপি (নিজে অনন্তবীর্য্য হইয়াও) যৎ অরিভয়াৎ ইব (যে শত্রুভয়ে ভীতের ন্যায়) [কংসভয়ে গোপনে] ব্রজে বাসঃ (ব্রজে বাস করিয়াছেন), যচ্চ পুরাৎ (আর যে [কালযবনাদির ভয়ে] মথুরা হইতে) ব্যবাৎসীৎ (পলায়ন করিয়াছেন), এতৎ (এই সকল) মাং (আমাকে) খেদয়তি (অভাবনীয় বলিয়া মোহিত করিতেছে) ॥ ১৬ ॥

অনুবাদ

[শ্রীকৃষ্ণরূপ আবির্ভাবের কারণ বলিতেছেন] ভগবানের শান্ত ও অশান্ত ভেদে দ্বিবিধ রূপ। যখন স্বীয় অশান্তমূর্ত্তি দুষ্টগণ স্বীয় শান্তমূর্ত্তি শিষ্টগণকে নিপীড়ন করিতেছিল, তখন দয়ার্দ্র চিত্ত ভগবান্ পরমেশ্বর স্বয়ং দেহধারণরূপ জন্মশূন্য হইলেও সঙ্কর্ষণ নামক অংশযুক্ত হইয়া নিত্যসিদ্ধ অগ্নি যেমন কাষ্ঠে উৎপন্ন হয়, সেইরূপ বসুদেবের পুত্ররূপে দেবকীর গর্ভে আবির্ভূত হইয়াছিলেন ॥ ১৫ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ স্বয়ং জন্মরহিত হইয়াও যে বসুদেবের গৃহে জন্মগ্রহণের অনুকরণ করিয়াছেন এবং স্বয়ং অনন্তবীর্য্য হইয়াও যে শত্রুভয়ে ভীতের ন্যায় কংসভয়ে গোপনে ব্রজধামে বাস করিয়াছেন ও কালযবনাদি শত্রুগণের ভয়ে মথুরাপুরী হইতে পলায়ন করিয়াছেন, এই সমস্তই অভাবনীয় বলিয়া আমাকে মোহিত করিতেছে ॥ ১৬ ॥

টীকা

অজোঽপি অপূর্ব্বদেহগ্রহণরূপজন্মশূন্যোঽপি জাতঃ দেবক্যাং নিত্যমূর্ত্তিরেবাবির্ভূতঃ বসুদেবপুত্রভাবং গতঃ। যথা নিত্যসিদ্ধ এবাগ্নিররণ্যামাবির্ভবতি তদ্বৎ ॥ ১৫ ॥ অতএব ভগবতো জন্ম কর্ম্ম চ অত্যন্তমদ্ভুতমিত্যাহ—মাং খেদয়তীতি দ্বাভ্যাম্। জন্মনো বিড়ম্বনম্ অনুকরণম্। পূর্ব্বদেহত্যাগ-পূর্ব্বকং দেহান্তরগ্রহণাভাবাৎ খেদয়তি অতর্ক্যত্বাৎ মোহয়তি। অনন্তবীর্য্যঃ অরিভয়াদিব যো ব্যবাৎসীৎ তদপি ভগবৎকর্ম্ম মাং খেদয়তি ॥ ১৬ ॥ পিত্রোঃ দেবকীবসুদেবয়োঃ, নঃ অস্মাকং যুবাং

দুনোতি চেতঃ স্মরতো মমৈতদ্ যদাহ পাদাবভিবন্দ্য পিত্রোঃ।
তাতাম্ব! কংসাদুরুশঙ্কিতানাং প্রসীদতং নোঽকৃতনিষ্কৃতীনাম্ ॥১৭॥
কো বা অমুষ্যাঙ্ঘ্রিসরোজরেণুং বিস্মর্ত্তুমীশীত পুমান্ বিজিঘ্রন্।
যো বিস্ফুরদ্ভ্রূবিটপেন ভূমে-র্ভারং কৃতান্তেন তিরশ্চকার ॥ ১৮ ॥
দৃষ্টা ভবদ্ভির্ননু রাজসূয়ে চৈদ্যস্য কৃষ্ণং দ্বিষতোঽপি সিদ্ধিঃ।
যাং যোগিনঃ সংস্পৃহয়ন্তি সম্যগ্-যোগেন কস্তদ্বিরহং সহেত ॥ ১৯ ॥

অন্বয়

[শ্রীকৃষ্ণ] পিত্রোঃ (পিতা বসুদেব ও মাতা দেবকীর) পাদৌ (চরণ) অভিবন্দ্য (বন্দনা করিয়া) তাত! (হে পিতঃ!) অম্ব! (হে মাতঃ!) কংসাৎ (কংস হইতে) উরুশঙ্কিতানাং (অত্যধিক ভীত বলিয়া) অকৃত-নিষ্কৃতীনাং (আপনাদের সেবাবিহীন) নঃ (আমাদের প্রতি) প্রসীদতম্ (প্রসন্ন হউন) ইতি যদাহ (এই যে বলিয়াছিলেন), এতৎ (এই লীলা) স্মরতঃ মম (স্মরণকারী আমার) চেতঃ দুনোতি (অন্তঃকরণ ব্যথিত হইতেছে)॥ ১৭ ॥

যঃ (যিনি) বিস্ফুরদ্ভ্রূবিটপেন (চঞ্চল ভ্রূলতারূপ অর্থাৎ কটাক্ষবিক্ষেপরূপ) কৃতান্তেন (মৃত্যু দ্বারা) ভূমেঃ (পৃথিবীর) ভারং তিরশ্চকার (ভার হরণ করিয়াছেন), অমুষ্য (সেই শ্রীকৃষ্ণের) অঙ্ঘ্রি সরোজরেণুং (চরণকমলরেণু) বিজিঘ্রন্ (আঘ্রাণ করিয়া অর্থাৎ সেবা করিয়া) কঃ বা পুমান্ (কোন্ ব্যক্তিই বা) বিস্মর্ত্তুম্ ঈশীত (তাঁহাকে ভুলিয়া যাইতে সমর্থ হয়?)॥ ১৮॥

[হে বিদুর!] সম্যগ্‌যোগেন (একান্ত ভক্তিযোগের দ্বারা) যোগিনঃ (যোগিগণ) যাং (যে পরমা সিদ্ধি অর্থাৎ ভগবৎপ্রাপ্তি) সংস্পৃহয়ন্তি (পাইতে ইচ্ছা করেন), কৃষ্ণং দ্বিষতঃ অপি (শ্রীকৃষ্ণদ্বেষী

অনুবাদ

আর যে ভগবান্ শ্রীকৃষ্ণ পিতামাতার চরণ বন্দনা করিয়া বলিয়াছিলেন—"হে পিতঃ! হে মাতঃ! এতদিন আমরা কংসভয়ে ভীত হইয়া আপনাদের সেবা-শুশ্রূষা করিতে পারি নাই, অতএব আমাদের প্রতি প্রসন্ন হউন" শ্রীকৃষ্ণের এইসকল লীলাও স্মরণ করিয়া আমার অন্তঃকরণ ব্যথিত হইতেছে॥ ১৭ ॥

যিনি কটাক্ষবিক্ষেপরূপ মৃত্যুদ্বারা ভূভার হরণ করিয়াছেন, সেই শ্রীকৃষ্ণের চরণকমলরেণু সেবা করিয়া কোন্ ব্যক্তিই বা তাঁহাকে ভুলিয়া যাইতে সমর্থ হয়?॥ ১৮॥

হে বিদুর! শ্রীকৃষ্ণের মহিমা কেবল যে আমিই কীর্ত্তন করিতেছি তাহা নহে, আপনারাও প্রত্যক্ষ করিয়াছেন; যোগিগণ একান্ত ভক্তিভাবের দ্বারা যে ভগবৎপ্রাপ্তিরূপ পরমা সিদ্ধি পাইতে ইচ্ছা করেন, শ্রীকৃষ্ণবিদ্বেষী হইলেও শিশুপালের সেই পরমা সিদ্ধি যুধিষ্ঠিরের রাজসূয়যজ্ঞে আপনারা দেখিয়াছেন; অতএব সেই শ্রীকৃষ্ণ-বিরহ কে সহ্য করিতে পারে?॥ ১৯॥

টীকা

প্রসীদতমিতি যৎ ভগবৎকর্ম্ম, এতদপি মম চেতো দুনোতি ব্যথয়তি॥ ১৭॥ ঈশীত শক্নুয়াৎ বিস্ফুরতা

তথৈব চান্যে নরলোকবীরা য আহবে কৃষ্ণমুখারবিন্দম্ ।
নেত্রৈঃ পিবন্তো নয়নাভিরামং পার্থাস্ত্রপূতাঃ পদমাপুরস্য ॥২০॥
স্বয়ন্ত্বসাম্যাতিশয়স্ত্র্যধীশঃ স্বারাজ্যলক্ষ্ম্যাপ্তসমস্তকামঃ ।
বলিং হরদ্ভিশ্চিরলোকপালৈঃ কিরীটকোটীড়িতপাদপীঠঃ ॥২১॥
তৎ তস্যকৈঙ্কর্য্যমলং ভৃতান্ নো বিগ্লাপয়ত্যঙ্গ ! যদুগ্রসেনম্ ।
তিষ্ঠন্ নিষণ্ণং পরমেষ্ঠিধিষ্ণ্যে ন্যবোধয়দ্দেব ! নিধারয়েতি ॥২২॥

অন্বয়

হইয়াও) চৈদ্যস্য (শিশুপালের) [সা] সিদ্ধিঃ (সেই ভগবৎপ্রাপ্তি) রাজসূয়ে (যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞে) ভবদ্ভিঃ (আপনারা) দৃষ্টা নন্থ (দেখিয়াছেন), [অতএব] তদ্বিরহং (সেই শ্রীকৃষ্ণের বিরহ) কঃ সহেত (কে সহ্য করিতে পারে) ? ॥ ১৯ ॥

তথা এব (সেইরূপ) অন্যে চ যে (অপর যে সকল) নরলোকবীরাঃ (পৃথিবীর বীরগণ) আহবে (যুদ্ধক্ষেত্রে) নেত্রৈঃ (নয়নের দ্বারা) নয়নাভিরামং (নয়নের আনন্দকর) কৃষ্ণমুখারবিন্দম্ (শ্রীকৃষ্ণের বদনকমল) পিবন্তঃ (দেখিতে দেখিতে) পার্থাস্ত্রপূতাঃ (অর্জ্জুনের অস্ত্রাঘাতে পবিত্র হইয়া) [দেহত্যাগ-করতঃ] অস্য (এই ভগবানের) পদং (স্থান অর্থাৎ মুক্তি) আপুঃ (প্রাপ্ত হইয়াছেন), [তাহাও আপনারা দেখিয়াছেন] ॥ ২০ ॥

স্বয়ং তু (ভগবান্) অসাম্যাতিশয়ঃ (সমান ও অধিকশূন্য), ত্র্যধীশঃ (ত্রিলোকের অধিপতি) স্বারাজ্যলক্ষ্ম্যা (এবং স্বাধীনতা সম্পত্তিদ্বারা) আপ্তসমস্তকামঃ (পূর্ণকাম); বলিং হরদ্ভিঃ (পূজোপকরণ আহরণকারী) চিরলোকপালৈঃ (সমস্ত লোকপালকর্ত্তৃক) কিরীটকোটীড়িতপাদপীঠঃ (শিরঃস্থিত মুকুটের অগ্রভাগ দ্বারা তাঁহার পাদপীঠ বন্দিত হইয়া থাকে) ॥ ২১ ॥

অঙ্গ ! (হে বিদুর !) পরমেষ্ঠিধিষ্ণ্যে (সার্ব্বভৌম সিংহাসনে) নিষণ্ণং (উপবিষ্ট) উগ্রসেনম্

অনুবাদ

আর যে শিশুপালের মত পৃথিবীর বীরগণ যুদ্ধক্ষেত্রে নয়নের দ্বারা নয়নের তৃপ্তিপ্রদ শ্রীকৃষ্ণের বদনকমল দেখিতে দেখিতে অর্জ্জুনের অস্ত্রাঘাতে পবিত্র হইয়া দেহত্যাগ করতঃ মুক্তিলাভ করিয়াছেন, তাহাও আপনারা দেখিয়াছেন ॥ ২০ ॥

ভগবান্ স্বয়ং সমান ও অধিক শূন্য অর্থাৎ তাঁহার সমানও কেহ নাই, অধিকও কেহ নাই, তিনি ত্রিলোকের অধিপতি ও স্বাধীন ; অতএব তিনি স্বাতন্ত্র্যদ্বারা পূর্ণকাম হইয়া অবস্থান করিতেছেন। ইন্দ্রাদিলোকপালগণ পূজোপকরণ আহরণ করতঃ শিরঃস্থিত মুকুটসমূহের অগ্রভাগদ্বারা তাঁহার পাদপীঠ বন্দনা করিয়া থাকেন ॥ ২১ ॥

হে বিদুর ! ভগবান্ শ্রীকৃষ্ণ সিংহাসনে উপবিষ্ট মহারাজ উগ্রসেনের সম্মুখে দণ্ডায়মান

টীকা

ভ্রূবিটপেন ভ্রূপ্রান্তেন কৃতান্তেন ॥১৮॥১৯॥২০॥ ত্র্যধীশঃ ত্রিলোকাধিপঃ, স্বারাজ্যলক্ষ্ম্যা স্বাতন্ত্র্যসম্পত্ত্যা ॥ ২১ ॥ অঙ্গ ! হে বিদুর ! পরমেষ্ঠিধিষ্ণ্যে মহারাজাসনে নিষণ্ণম্ আসীনং স্বয়ং তিষ্ঠন্ হে দেব ! নিধারয় অবধা-

অহো ! বকী যং স্তনকালকূটং জিঘাংসয়াপায়য়দপ্যসাধ্বী ।
লেভে গতিং ধাত্র্যুচিতাং ততোঽন্যং কং বা দয়ালুং শরণং ব্রজেম ॥২৩॥
মন্যেঽসুরান্ ভাগবতাংস্ত্র্যধীশে সংরম্ভমার্গাভিনিবিষ্টচিত্তান্ ।
যে সংযুগেঽচক্ষত তার্ক্ষ্যপুত্র-মংসে সুনাভায়ুধমাপতন্তম্ ॥ ২৪ ॥

অন্বয়

(উগ্রসেনকে) স্বয়ং তিষ্ঠন্ (শ্রীকৃষ্ণ স্বয়ং সম্মুখে দণ্ডায়মান থাকিয়া) দেব ! (হে প্রভো !) নিধারয় (অবধারণ করুন) ইতি যৎ (এই যে) ন্যবোধয়ৎ (নিবেদন করিতেন), তস্য তৎ কৈঙ্কর্য্যং (ভগবানের সেই কিঙ্কর-ভাব) ভৃতান্ নঃ (ভৃত্য আমাদিগকে) অলং বিগ্নাপয়তি (অতিশয় ব্যথিত করিতেছে) ॥ ২২ ॥

[পূর্ব্বোক্ত কার্য্য ভগবানের দয়া ভিন্ন আর কিছুই নহে, অপকারী জনেও যে তিনি দয়া করিয়া থাকেন, তাহাই বলিতেছেন] বকী (পূতনা) জিঘাংসয়া (বধ করিবার ইচ্ছায়) যং (শ্রীকৃষ্ণকে) স্তনকালকূটং (স্তনলিপ্ত বিষ) অপায়য়ৎ (পান করাইয়াছিল), অসাধ্বী অপি বকী (দুষ্টা হইলেও পুতনা) ধাত্র্যুচিতাং (ধাত্রীর উচিত) গতিং (গতি অর্থাৎ মুক্তি) লেভে (লাভ করিয়াছে) অহো ! (ইহা বড়ই আশ্চর্য্য !)। ততঃ (অতএব) অন্যং (অপর) কং বা দয়ালুং (এমন দয়ালু কোন্ ব্যক্তিই বা আছে) শরণং ব্রজেম (যাহার শরণাপন্ন হইব অর্থাৎ ভজনা করিব ?) ॥ ২৩ ॥

যে (যাঁহারা) অংসে (স্কন্ধদেশে) সুনাভায়ুধং (চক্রধারী শ্রীহরি অবস্থিত) সংযুগে আপতন্তং (যুদ্ধক্ষেত্রে সমাগত) তার্ক্ষ্যপুত্রম্ (কশ্যপপুত্র গরুড়কে) অচক্ষত (দেখিয়াছেন), ত্র্যধীশে (ত্রিগুণনিয়ন্তা শ্রীকৃষ্ণে) সংরম্ভমার্গাভিনিবিষ্টচিত্তান্ (ক্রোধাবেশরূপ মার্গের দ্বারা অর্থাৎ শত্রুভাবে প্রবিষ্টচিত্ত) অসুরান্ (সেই অসুরদিগকে) [আমি] ভাগবতান্ (পরম বৈষ্ণব) মন্যে (মনে করি) । [যেহেতু তাঁহারা ভগবদ্ভক্তের ন্যায় ধ্যান করিয়া শ্রীকৃষ্ণের সাক্ষাৎকার লাভ করিয়াছেন] ॥ ২৪ ॥

অনুবাদ

থাকিয়া তাঁহার প্রতি "হে প্রভো ! অবধারণ করুন" এই যে নিবেদন করিতেন, ভগবানের সেই কিঙ্করভাব ভৃত্য আমাদিগকে অতিশয় ব্যথিত করিতেছে ॥ ২২॥

আহা ! বড়ই আশ্চর্য্য ! শ্রীকৃষ্ণকে বধ করিবার ইচ্ছায় পূতনা স্বীয় স্তনলিপ্ত বিষ শ্রীকৃষ্ণকে পান করাইয়াছিল, কিন্তু সেই দুষ্টা পূতনাও ভগবৎকৃপায় ধাত্রীর অনুরূপ গতি অর্থাৎ মুক্তি লাভ করিয়াছে। অতএব শ্রীকৃষ্ণ ব্যতীত অপর এমন দয়ালু কোন্ ব্যক্তিই বা আছে যাহার ভজনা করিব ? ॥ ২৩ ॥

যে সকল অসুর ত্রিগুণনিয়ন্তা শ্রীকৃষ্ণে শত্রুতাহেতু ক্রোধাবেশরূপ পথ অবলম্বনে তাঁহাতে চিত্ত নিবেশিত করিয়াছেন, আমি সেই সকল অসুরদিগকেও পরমবৈষ্ণব বলিয়া মনে করি ; কারণ তাঁহারা ধ্যানাবলম্বী হইয়া স্কন্ধদেশে চক্রধারী শ্রীহরি অবস্থিত ও যুদ্ধক্ষেত্রে সমাগত কশ্যপপুত্র গরুড়কে সাক্ষাৎ দর্শন করিয়াছেন অর্থাৎ ভগবদ্দর্শন করিয়াছেন ॥ ২৪ ॥

টীকা

রয়েতি ন্যবোধয়ৎ ইতি যৎ তস্য উক্তমহিম্নঃ কৈঙ্কর্য্যং উগ্রসেনকিঙ্করত্বং ভৃতান্ নোঽলং বিগ্নাপয়তি ॥ ২২ ॥ বকী পূতনা, যং শ্রীকৃষ্ণম্ ॥ ২৩ ॥ ত্র্যধীশে ত্রিগুণনিয়ন্তরি সংরম্ভমার্গেণ ক্রোধাবেশমার্গেণ অভিনিবিষ্টং

বসুদেবস্য দেবক্যাং জাতো ভোজেন্দ্রবন্ধনে।
চিকীর্ষুর্ভগবানস্যাঃ শমজেনাভিযাচিতঃ ॥ ২৫ ॥
ততো নন্দব্রজমিতঃ পিত্রা কংসাদ্বি বিভ্যতা।
একাদশ সমাস্তত্র গূঢ়ার্চ্চিঃ সবলোঽবসৎ ॥ ২৬ ॥
পরীতো বৎসপৈর্ব্বৎসাংশ্চারয়ন্ ব্যহরদ্বিভুঃ।
যমুনোপবনে কূজদ্দ্বিজসঙ্কুলিতাঙ্ঘ্রিপে ॥ ২৭ ॥

অন্বয়

[এক্ষণে উদ্ধব প্রথম হইতে সংক্ষেপে শ্রীকৃষ্ণচরিত্র বর্ণনা করিতেছেন] অজেন (ব্রহ্মাকর্ত্তৃক) অভিযাচিতঃ (প্রার্থিত) ভগবান্ (শ্রীকৃষ্ণ) অস্যাঃ (এই পৃথিবীর) শং (মঙ্গল) চিকীর্ষুঃ (করিতে অভিলাষী হইয়া) ভোজেন্দ্রবন্ধনে (কংসের কারাগারে) বসুদেবস্য দেবক্যাং (বসুদেবের স্ত্রী দেবকীর গর্ভে) জাতঃ (জন্মগ্রহণ করেন) ॥ ২৫ ॥

ততঃ (অতঃপর) কংসাৎ (কংস হইতে) বিভ্যতা পিত্রা (ভীত পিতৃকর্ত্তৃক) [আনীত হইয়া শ্রীকৃষ্ণ] নন্দব্রজং (নন্দালয়ে) ইতঃ হি (গমন করেন) ; তত্র (সেই নন্দালয়ে) সবলঃ (বলরামের সহিত) একাদশ সমাঃ (একাদশ বৎসর) গূঢ়ার্চ্চিঃ (স্বমহিমা গোপন করতঃ) অবসৎ (বাস করিয়াছিলেন) ॥ ২৬ ॥

বিভুঃ (সর্ব্বব্যাপী শ্রীকৃষ্ণ) পরীতঃ (চতুর্দ্দিকে) বৎসপৈঃ [সহ] (গোপবালকদিগের সহিত) বৎসান্ চারয়ন্ (গোবৎস চারণ করিতে করিতে) কূজদ্দ্বিজসঙ্কুলিতাঙ্ঘ্রিপে (কূজনকারী বিহঙ্গমকুলপরিপূর্ণ বৃক্ষসমূহে শোভিত) যমুনোপবনে (যমুনা তীরস্থ উপবনে) ব্যহরৎ (বিচরণ করিতেন) ॥ ২৭ ॥

অনুবাদ

[এক্ষণে উদ্ধব শ্রীকৃষ্ণের জন্মলীলা হইতে আরম্ভ করিয়া সংক্ষেপে বর্ণনা করিতেছেন] ভগবান্ ব্রহ্মার প্রার্থনায় এই পৃথিবীর সুখ বিধান করিতে অভিলাষী হইয়া কংসের কারাগারে বসুদেবের স্ত্রী দেবকীর গর্ভে জন্মগ্রহণ করেন ॥ ২৫ ॥

অনন্তর কংস হইতে ভীত পিতা বসুদেবকর্ত্তৃক আনীত হইয়া শ্রীকৃষ্ণ নন্দালয়ে গমন করিয়াছিলেন এবং সেই নন্দগৃহে বলরামের সহিত একাদশ বৎসর স্বমহিমা গোপন করতঃ বাস করিয়াছিলেন ॥ ২৬ ॥

বিভু শ্রীকৃষ্ণ গোপবালকগণের সহিত মিলিত হইয়া চতুর্দ্দিকে গোবৎসসকল চারণ করিতে করিতে কূজনকারী বিহঙ্গমকুলপরিপূর্ণ বৃক্ষসমূহে শোভিত যমুনাতীরস্থ উপবনে বিচরণ করিতেন ॥ ২৭ ॥

টীকা

চিত্তং যেষাং তান্ অসুরানপি ভাগবতান্ মন্যে, যে হি অংসে স্কন্ধে সুনাভায়ুধশ্চক্রায়ুধঃ যস্য তং সংযুগে আপতন্তং তার্ক্ষ্যপুত্রং গরুড়ম্ অচক্ষত অপশ্যন্। কণ্ঠেকাল ইতিবৎ সপ্তম্যা অলুক্ ॥ ২৪ ॥ অস্যাঃ ভূমেঃ, শং সুখম্, অজেন ব্রহ্মণা ॥ ২৫ ॥ পিত্রা আনেত্রা, ইতো গতঃ ॥ ২৬ ॥ কূজদ্ভির্দ্বিজৈর্মযূরাদিভিঃ সঙ্কুলিতাঃ ব্যাপ্তাঃ অঙ্ঘ্রিপাঃ দ্রুমাঃ যস্মিন্ ॥ ২৭ ॥ মুগ্ধোঽপটুর্নবদারকঃ তদ্বৎ সুবেষু বালো যঃ

কৌমারীং দর্শয়ংশ্চেষ্টাং প্রেক্ষণীয়াং ব্রজৌকসাম্ ।
রুদন্নিব হসন্ মুগ্ধ-বালসিংহাবলোকনঃ ॥ ২৮ ॥
স এব গোধনং লক্ষ্ম্যা নিকেতং সিতগোবৃষম্ ।
চারয়ন্ননুগান্ গোপান্ রণদ্বেণুররীরমৎ ॥ ২৯ ॥
প্রযুক্তান্ ভোজরাজেন মায়িনঃ কামরূপিণঃ ।
লীলয়া ব্যনুদৎ তাংস্তান্ বালঃ ক্রীড়নকানিব ॥ ৩০ ॥

অন্বয়

মুগ্ধবালসিংহাবলোকনঃ (সুর, অসুর ও মনুষ্যলোকে দেখিতে সিংহশাবকসদৃশ সেই ভগবান্ শ্রীকৃষ্ণ) ব্রজৌকসাং (ব্রজবাসিগণের) প্রেক্ষণীয়াং (দর্শনীয়) কৌমারীং চেষ্টাং (কৌমারলীলা) দর্শয়ন্ (দেখাইয়া) রুদন্ ইব (যেন রোদন করিতে করিতে) হসন্ [ইব] (যেন হাসিতে হাসিতে) [ব্যহরৎ] (বিচরণ করিতেন) [পূর্ব্ব শ্লোকের সহিত অন্বয়]॥ ২৮ ॥

[অনন্তর] সঃ এব (সেই ভগবান্ শ্রীকৃষ্ণই) লক্ষ্ম্যাঃ নিকেতং (শোভাসম্পদের আস্পদ) সিতগোবৃষং (শ্বেতবর্ণ বৃষযুক্ত) গোধনং (ধেনুসমূহ) চারয়ন্ (চারণ করিতে করিতে) রণদ্বেণুঃ (বংশীধ্বনি করতঃ) অনুগান্ গোপান্ (অনুগামী গোপবালকদিগকে) অরীরমৎ (ক্রীড়া করাইতেন) ॥ ২৯ ॥

[ভগবান্ শ্রীকৃষ্ণ] ভোজরাজেন (ভোজরাজ কংসকর্ত্তৃক) প্রযুক্তান্ (নিযুক্ত) কামরূপিণঃ (ইচ্ছাবেশধারী অর্থাৎ নানারূপধারী) মায়িনঃ (বঞ্চক) তান্ তান্ (সেই সেই অসুরদিগকে) বালঃ ক্রীড়নকান্ ইব (বালক যেমন তৃণমৃত্তিকাদি নির্ম্মিত সিংহাদি পুত্তলিকা অনায়াসে বিনষ্ট করে), [সেইরূপ] লীলয়া (অনায়াসে) ব্যনুদৎ (বধ করিয়াছিলেন) ॥ ৩০ ॥

অনুবাদ

সুর, অসুর ও নরলোকে দেখিতে সিংহশাবকসদৃশ সেই ভগবান্ শ্রীকৃষ্ণ ব্রজবাসিগণের দর্শনীয় কৌমারলীলা দেখাইয়া কখনও যেন রোদন করিতে করিতে কখনও বা হাসিতে হাসিতে বিচরণ করিতেন ॥ ২৮ ॥

অনন্তর সেই ভগবান্ শ্রীকৃষ্ণই কিছু বয়ঃক্রম প্রাপ্ত হইলে শোভাসম্পদের আস্পদ শ্বেতবর্ণ বৃষযুক্ত ধেনুগণ চারণ করিতে করিতে বংশীধ্বনি করতঃ অনুগামী গোপবালকদিগকে ক্রীড়া করাইতেন ॥ ২৯ ॥

বালক যেমন তৃণ ও মৃত্তিকাদি নির্ম্মিত সিংহাদি পুত্তলিকা অনায়াসেই বিনষ্ট করে, সেইরূপ ভগবান্ শ্রীকৃষ্ণ ভোজরাজ কংসকর্ত্তৃক প্রেরিত নানারূপধারী বঞ্চক সেই সেই অসুরদিগকে অনায়াসেই বধ করিয়াছিলেন ॥ ৩০ ॥

টীকা

সিংহস্তদ্বদসুরেষু চ অবলোকনং যস্য স ব্যহরদিতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ২৮ ॥ অরীরমৎ রময়ামাস ॥ ২৯ ॥

বিপন্নান্ বিষপানেন নিগৃহ্য ভুজগাধিপম্।
উত্থাপ্যাপায়য়দ্‌গাব-স্তত্তোয়ং প্রকৃতিস্থিতম্॥ ৩১ ॥
অযাজয়দ্‌গোসবেন গোপরাজং দ্বিজোত্তমৈঃ।
বিত্তস্য চোরুভারস্য চিকীর্ষুঃ সদ্ব্যয়ং বিভুঃ॥ ৩২ ॥
বর্ষতীন্দ্রে ব্রজঃ কোপাদ্-ভগ্নমানেঽতিবিহ্বলঃ।
গোত্রলীলাতপত্রেণ ত্রাতো ভদ্রানুগৃহ্নতা॥ ৩৩ ॥

অন্বয়

[এক সময়ে ভগবান্ শ্রীকৃষ্ণ] ভুজগাধিপং (কালিয়নাগকে) নিগৃহ্য (নিগ্রহ করিয়া) বিষপানেন বিপন্নান্ (বিষপানে বিপন্ন অর্থাৎ মৃত) গাবঃ [গোপান্] (গো ও গোপগণকে) উত্থাপ্য (পুনরুজ্জীবিত করিয়া) প্রকৃতিস্থিতং (স্বাভাবিক নির্ব্বিষ) তৎ তোয়ং (সেই জল) অপায়য়ৎ (পান করাইয়াছিলেন) ॥ ৩১ ॥

উরুভারস্য (অতি সমৃদ্ধ) বিত্তস্য চ (ধনের) সদ্ব্যয়ং (সদ্ব্যয়) চিকীর্ষুঃ (করিতে অভিলাষী হইয়া) বিভুঃ (ভগবান্ শ্রীকৃষ্ণ) দ্বিজোত্তমৈঃ (শ্রেষ্ঠ ব্রাহ্মণগণের দ্বারা) গোসবেন (গোপূজনরূপ কর্ম্মানুষ্ঠানে) গোপরাজং (নন্দরাজকে) অযাজয়ৎ (যজ্ঞ করাইয়াছিলেন) ॥ ৩২ ॥

ভদ্র! (হে বিদুর!) ভগ্নমানে ইন্দ্রে (পূজা না করায় অপমানিত ইন্দ্র) কোপাৎ (কোপবশতঃ) বর্ষতি [সতি] (বর্ষণ করিতে থাকিলে) অতিবিহ্বলঃ ব্রজঃ (অতিশয় ভয়বিহ্বল ব্রজবাসিগণ) অনুগৃহ্নতা (কৃপালু ভগবান্ শ্রীকৃষ্ণকর্ত্তৃক) গোত্রলীলাতপত্রেণ (পর্ব্বতরূপ লীলাচ্ছত্র দ্বারা) ত্রাতঃ (রক্ষিত হইয়াছিল) ॥ ৩৩ ॥

অনুবাদ

এক সময়ে কালিয়হ্রদের বিষজল পান করিয়া গো ও গোপগণ প্রাণ হারাইয়াছিল; ভগবান্ শ্রীকৃষ্ণ কালিয়নাগকে নিগ্রহ করিয়া বিষজল পানে মৃত সেই গো ও গোপগণকে পুনরুজ্জীবিত করিয়াছিলেন এবং সেই জল নির্ব্বিষ অর্থাৎ স্বাভাবিক করিয়া তাহাদিগকে পান করাইয়াছিলেন ॥ ৩১ ॥

গোপরাজ নন্দের অতিশয় সমৃদ্ধ ধনরাশির সৎকর্ম্মে বিনিয়োগ ইচ্ছা করিয়া ইন্দ্রের গর্ব্ব খর্ব্ব করিবার মানসে ভগবান্ শ্রীকৃষ্ণ শ্রেষ্ঠ শ্রেষ্ঠ ব্রাহ্মণগণের দ্বারা গোপূজনরূপ কর্ম্মানুষ্ঠানে গোপরাজ নন্দকে দিয়া যজ্ঞ করাইয়াছিলেন ॥ ৩২ ॥

পূজা না করায় দেবরাজ ইন্দ্র নিজকে অপমানিত মনে করিয়া কোপবশতঃ ব্রজস্থানে অতিশয় বর্ষণ করিতে থাকিলে ভগবান্ শ্রীকৃষ্ণ কৃপা করিয়া অতিশয় ভয়বিহ্বল ব্রজবাসিগণকে গোবর্দ্ধনপর্ব্বতরূপ লীলাচ্ছত্রদ্বারা রক্ষা করিয়াছিলেন ॥ ৩৩ ॥

টীকা

মায়িনঃ বঞ্চকান্ ব্যনুদৎ জঘান ॥ ৩০ ॥ প্রকৃতিস্থিতম্ নির্ব্বিষম্ গাবঃ গাঃ ॥ ৩১ ॥ সদ্ব্যয়ং সৎকর্ম্মণি উপযোগ্যম্, গোসবেন গোপূজনযাগেন, গোপরাজং শ্রীনন্দম্ ॥ ৩২ ॥ যাগনিরাকরণেন ভগ্নো মানো যস্য

শরচ্ছশিকরৈর্মৃষ্টং মানয়ন্ রজনীমুখম্।
গায়ন্ কলপদং রেমে স্ত্রীণাং মণ্ডলমণ্ডনঃ ॥ ৩৪ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুরোদ্ধব-সংবাদে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ ২ ॥

অন্বয়

[হে বিদুর! ভগবান্ শ্রীকৃষ্ণ] শরচ্ছশিকরৈঃ (শারদীয় চন্দ্রমার কিরণজালে) মৃষ্টং (অত্যুজ্জ্বল) রজনীমুখং (প্রদোষসময়কে) মানয়ন্ (কৃতার্থ করিয়া) কলপদং গায়ন্ (সুমধুর গান করতঃ) স্ত্রীণাং মণ্ডলমণ্ডনঃ [সন্] (গোপীমণ্ডলের ভূষণস্বরূপ হইয়া) রেমে (ক্রীড়া করিয়াছিলেন) ॥ ৩৪ ॥

অনুবাদ

হে বিদুর! ভগবান্ শ্রীকৃষ্ণ শারদীয় চন্দ্রমার কিরণজালে অত্যুজ্জ্বল প্রদোষসময়কে কৃতার্থ করিয়া সুমধুর গান করতঃ গোপীমণ্ডলের ভূষণস্বরূপ হইয়া ক্রীড়া করিয়াছিলেন ॥৩৪॥

দ্বিতীয় অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ২ ॥

টীকা

তস্মিন্ কোপাৎ বর্ষতি সতি গোত্রো গিরিরেব লীলাতপত্রং তেন, ভদ্র! হে বিদুর! ॥ ৩৩ ॥ স্ত্রীণাং মণ্ডলং মণ্ডয়তীতি তথা, মৃষ্টমুজ্জ্বলম্, কলপদং মধুরপদং গায়ন্ ॥ ৩৪ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে সিদ্ধান্তপ্রদীপ-টীকায়াং দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ ২ ॥

তৃতীয়োঽধ্যায়ঃ

শ্রীউদ্ধব উবাচ

ততঃ স আগত্য পুরং স্বপিত্রো-শ্চিকীর্ষয়া শং বলদেবসংযুতঃ।
নিপাত্য তুঙ্গাদ্রিপুযূথনাথং হতং ব্যকর্ষদ্ব্যসুমোজসোর্ব্ব্যাম্ ॥ ১ ॥

অন্বয়

শ্রীউদ্ধবঃ উবাচ (উদ্ধব বলিলেন) ততঃ (অনন্তর) সঃ (সেই ভগবান্ শ্রীকৃষ্ণ) বলদেবসংযুতঃ (বলরামের সহিত মিলিত হইয়া) স্বপিত্রোঃ (স্বীয় পিতা বসুদেব ও মাতা দেবকীর) শং চিকীর্ষয়া (সুখবিধান করিতে ইচ্ছা করিয়া) পুরং আগত্য (মথুরা পুরীতে আগমন করতঃ) তুঙ্গাৎ (রাজমঞ্চ হইতে)

অনুবাদ

উদ্ধব বলিলেন—হে বিদুর! অনন্তর ভগবান্ শ্রীকৃষ্ণ স্বীয় পিতামাতার সুখবিধান করিতে ইচ্ছা করিয়া বলরামের সহিত মিলিত হইয়া মথুরাপুরীতে আগমন করেন এবং শত্রু-

টীকা

স্বপিত্রোঃ দেবকীবসুদেবয়োঃ শং সুখম্ ॥ ১ ॥ সবিস্তরম্ সাঙ্গম্ ॥ ২ ॥ ভীষ্মককন্যয়া নিমিত্ত-

সান্দীপনেঃ সকৃৎ প্রোক্তং ব্রহ্মাধীত্য সবিস্তরম্ ।
তস্মৈ প্রাদাদ্বরং পুত্রং মৃতং পঞ্চজনোদরাৎ ॥ ২ ॥
সমাহৃতা ভীষ্মককন্যয়া যে শ্রিয়ঃ সবর্ণেন বুভূষয়ৈষাম্ ।
গান্ধর্ব্ববৃত্ত্যা মিষতাং স্বভাগং জহ্রে পদং মূর্দ্ধ্নি দধৎ সুপর্ণঃ ॥৩॥
ককুদ্মিনোঽবিদ্ধনসো দমিত্বা স্বয়ম্বরে নাগ্নজিতীমুবাহ ।
তদ্ভগ্নমানানপি গৃধ্যতোঽজ্ঞান্ জঘ্নেঽক্ষতঃ শস্ত্রভৃতঃ স্বশস্ত্রৈঃ ॥৪॥

অন্বয়

রিপুযূথনাথং (শক্রদলাধিপতি কংসকে) ওজসা উর্ব্ব্যাং নিপাত্য (স্ববলে ভূমিতে নিপাতিত করিয়া) ব্যসুং হতং (বিনাশ করিয়াছিলেন ও মৃত কংসকে) ব্যকর্ষৎ (সঞ্চালিত করিয়াছিলেন) ॥১॥

[ভগবান্ শ্রীকৃষ্ণ] সান্দীপনেঃ (সান্দীপনি মুনির নিকটে) সকৃৎ (একবার মাত্র) প্রোক্তং (উপদিষ্ট হইয়া) সবিস্তরং (ষড়ঙ্গের সহিত) ব্রহ্ম (সমস্ত বেদ) অধীত্য (অধ্যয়ন করিয়া) তস্মৈ (সেই সান্দীপনি মুনিকে) পঞ্চজনোদরাৎ (পঞ্চজন নামক অসুরের উদর হইতে) মৃতং পুত্রং (তাঁহার মৃত পুত্রকে) [উদ্ধার করিয়া] বরং প্রাদাৎ (দক্ষিণা প্রদান করিয়াছিলেন) ॥ ২ ॥

শ্রিয়ঃ সবর্ণেন (রুক্মিণীর সমনাম রুক্মীকর্ত্তৃক) ভীষ্মককন্যয়া (ভীষ্মকরাজকন্যা রুক্মিণীর বিবাহের নিমিত্ত) যে সমাহৃতাঃ (যে সকল শিশুপাল প্রভৃতি রাজগণ আহূত হইয়াছিলেন), সুপর্ণঃ (রুক্মিণীর সম্মতিক্রমে গমনশীল শ্রীকৃষ্ণ) মিষতাম্ এষাং (দর্শনকারী এই সকল নরপতিগণের) মূর্দ্ধ্নি (মস্তকে) পদং দধৎ (পদাঘাত করিয়া) [অর্থাৎ তাহাদিগকে অভিভূত করিয়া] গান্ধর্ব্ববৃত্ত্যা (গান্ধর্ব্ববিধিতে) বুভূষয়া (সস্ত্রীক হইবার অভিলাষে) স্বভাগং (স্বীয় অংশরূপা রুক্মিণীকে) জহ্রে (হরণ করিয়াছিলেন) ॥ ৩ ॥

[ভগবান্ শ্রীকৃষ্ণ] অবিদ্ধনসঃ ককুদ্মিনঃ (যাহাদের নাসিকা বিদ্ধ হয় নাই এইরূপ বৃষগণকে)

অনুবাদ

দলাধিপতি কংসকে উচ্চ রাজমঞ্চ হইতে সবলে ভূমিতে নিপাতিত করিয়া বিনাশ করিয়াছিলেন ও সেই মৃত কংসকে সঞ্চালিত করিয়াছিলেন ॥ ১ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ সান্দীপনি মুনির নিকটে একবার মাত্র উপদিষ্ট হইয়া ষড়ঙ্গের সহিত সমস্ত বেদ অধ্যয়ন করিয়াছিলেন এবং সেই গুরু সান্দীপনি মুনিকে পঞ্চজন নামক অসুরের উদর বিদারণপূর্ব্বক তাঁহার মৃত পুত্রকে উদ্ধার করিয়া দক্ষিণা প্রদান করিয়াছিলেন ॥ ২॥

ভীষ্মকরাজকন্যা রুক্মিণীর বিবাহ দিবার জন্য রুক্মিণীর ভ্রাতা রুক্মী যে সকল রাজগণকে আহ্বান করিয়াছিলেন, রুক্মিণীর সম্মতিক্রমে নির্বিঘ্নে গমনেচ্ছু ভগবান্ শ্রীকৃষ্ণ সর্ব্বসমক্ষে সেই নরপতিগণের মস্তকে পদাঘাত করিয়া অর্থাৎ তাহাদিগকে অভিভূত করিয়া গন্ধর্ব্ব-বিধিতে বিবাহ করিবার মানসে স্বীয় অংশরূপা রুক্মিণীকে হরণ করিয়াছিলেন ॥ ৩ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ যাহাদের নাসিকা বিদ্ধ হয় নাই এইরূপ বৃষগণকে দমন করিয়া

টীকা

ভূতয়া তদুদ্বাহার্থমিত্যর্থঃ। শ্রিয়ঃ সবর্ণেন রুক্মিণ্যাঃ সমনাম্না রুক্মিণা যে সমাহূতাঃ সম্যগাহূতাঃ তেষাং মিষতাং মূর্দ্ধ্নি পদং দধৎ তানভিভূয় সুপর্ণঃ শোভনং রুক্মিণ্যনুমত্যা গমনং যস্য সঃ, গান্ধর্ব্ববৃত্ত্যা বুভূষয়া

প্রিয়ং প্রভুর্গ্রাম্য ইব প্রিয়ায়া বিধিৎসুরার্চ্ছদ্দ্যুতরুং যদর্থে।
বজ্র্যাদ্রবৎ তং সগণো রুষান্ধঃ ক্রীড়ামৃগো নূনময়ং বধূনাম্ ॥ ৫ ॥
সুতং মৃধে খং বপুষা গ্রসন্তং দৃষ্ট্বা সুনাভোন্মথিতং ধরিত্র্যা।
আমন্ত্রিতস্তত্তনয়ায় শেষং দত্ত্বা তদন্তঃপুরমাবিবেশ ॥ ৬ ॥

অন্বয়

দমিত্বা (দমন করিয়া) স্বয়ম্বরে (স্বয়ম্বরসভায়) নাগ্নজিতীম্ উবাহ (নাগ্নজিতী নাম্নী কন্যাকে বিবাহ করিয়াছিলেন)। তদ্ভগ্নমানান্ (সেই বৃষ দমনে অপমানিত) গৃধ্যতঃ (নাগ্নজিতীকে পাইতে অভিলাষী) অজ্ঞান্ (মূর্খ) শস্ত্রভৃতঃ অপি (অস্ত্রধারী রাজগণকেও) [তিনি] অক্ষতঃ [সন্] (নিজে অক্ষত থাকিয়া) স্বশস্ত্রৈঃ (স্বীয় সুদর্শনাদি অস্ত্রের দ্বারা) জঘ্নে (বধ করিয়াছিলেন) ॥ ৪ ॥

প্রভুঃ (ভগবান্ শ্রীকৃষ্ণ) প্রিয়ায়াঃ (সত্যভামার) প্রিয়ং বিধিৎসুঃ (প্রিয় কার্য্য করিতে অভিলাষী হইয়া) দ্যুতরুম্ আর্চ্ছৎ (পারিজাত বৃক্ষ আহরণ করিয়াছিলেন) ; যদর্থে (এই পারিজাতবৃক্ষের নিমিত্ত) বজ্রী (বজ্রধারী ইন্দ্র) রুষান্ধঃ (ক্রোধে অন্ধ হইয়া) সগণঃ (সৈন্যগণের সহিত) তং (সেই শ্রীকৃষ্ণের প্রতি) আদ্রবৎ [যুদ্ধ করিতে] (ধাবিত হইয়াছিলেন) ; [অতএব] অয়ং (এই বজ্রধর ইন্দ্র) গ্রাম্যঃ ইব (গ্রাম্য জনের ন্যায়) নূনং (নিশ্চয়ই) বধূনাং (স্ত্রীগণের) ক্রীড়ামৃগঃ (খেলার পশু অর্থাৎ বশীভূত) ॥ ৫ ॥

মৃধে (যুদ্ধে) বপুষা (শরীরের দ্বারা) খং (আকাশ) গ্রসন্তং (গ্রাসকারী) সুতং (পুত্র নরকাসুর)

অনুবাদ

স্বয়ম্বরসভায় নাগ্নজিতী নাম্নী কন্যার পাণিগ্রহণ করিয়াছিলেন। বৃষ দমন করায় অপমানিত ও নাগ্নজিতীলাভের আকাঙ্ক্ষায় সমাগত মূঢ় রাজগণ অস্ত্রধারণ করতঃ আক্রমণ করিলে ভগবান্ শ্রীকৃষ্ণ নিজে অক্ষত থাকিয়া স্বীয় অস্ত্রসমূহদ্বারা তাহাদিগকেও বধ করিয়াছিলেন ॥ ৪ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ সত্যভামার প্রিয়কার্য্য করিতে অভিলাষী হইয়া স্বর্গ হইতে পারিজাত-বৃক্ষ আনয়ন করিয়াছিলেন ; সেই জন্যই স্বীয় স্ত্রীর প্ররোচনায় বজ্রধর ইন্দ্র ক্রোধে অন্ধ হইয়া সসৈন্যে যুদ্ধ করিবার অভিলাষে শ্রীকৃষ্ণের পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইয়াছিলেন। সর্ব্বেশ্বর শ্রীকৃষ্ণের প্রতি যুদ্ধাভিলাষ করায় ইহাই প্রকাশ পাইয়াছে যে—এই ইন্দ্র গ্রাম্যজনের ন্যায় স্ত্রীগণের বশীভূত ; স্ত্রৈণ ব্যক্তির অকর্ত্তব্য কিছুই নাই ॥ ৫ ॥

হে বিদুর! ভূমিপুত্র নরকাসুর যুদ্ধে স্বীয় শরীরদ্বারা আকাশ গ্রাস অর্থাৎ আচ্ছন্ন

টীকা

সদারো ভবিতুমিচ্ছয়া স্বভাগং স্বীয়াং জহ্রে হৃতবান্ ইত্যন্বয়ঃ ॥ ৩ ॥ অবিদ্ধনসঃ ককুদ্মিনঃ বৃষান্ ॥ ৪ ॥ প্রিয়ায়াঃ সত্যভামায়াঃ প্রিয়ং বিধিৎসুঃ বিধাতুমিচ্ছুঃ দ্যুতরুং পারিজাতম্ আর্চ্ছৎ আনীতবান্। তং শ্রীকৃষ্ণং যদর্থে দ্যুতর্ব্বর্থে বজ্রী আদ্রবৎ যোদ্ধুমন্বধাবৎ। ননু সর্ব্বস্বামিনং প্রতি এবং কর্ম্ম ইন্দ্রস্য ন যুক্তমিত্যত্রাহ—অয়ং বজ্রী গ্রাম্য ইব বধূনাং ক্রীড়ামৃগঃ স্ত্রৈণানাং কিমকৃত্যমিতি ভাবঃ ॥ ৫ ॥

শোভনা নাভির্যস্য তেন শ্রীকৃষ্ণেন উন্মথিতং সুতং ভৌমং দৃষ্ট্বা ধরিত্র্যা ভূম্যা আমন্ত্রিতঃ প্রার্থিতঃ সন্

তত্রাহৃতাস্তা নরদেবকন্যাঃ কুজেন দৃষ্ট্বা হরিমার্ত্তবন্ধুম্।
উত্থায় সদ্যো জগৃহুঃ প্রহর্ষ-ব্রীড়ানুরাগপ্রহিতাবলোকৈঃ ॥ ৭ ॥
আসাং মুহূর্ত্ত একস্মিন্ নানাগারেষু যোষিতাম্।
সবিধং জগৃহে পাণীননুরূপঃ স্বমায়য়া ॥ ৮ ॥

অন্বয়

সুনাভোন্মথিতং (শ্রীকৃষ্ণকর্ত্তৃক নিহত হইয়াছে) দৃষ্ট্বা (দেখিয়া) ধরিত্র্যা (পৃথিবী) আমন্ত্রিতঃ (ভগবানের নিকটে প্রার্থনা করেন, তখন প্রার্থিত হইয়া) [ভগবান্ শ্রীকৃষ্ণ] তত্তনয়ায় (নরকাসুরের পুত্র ভগদত্তকে) শেষং (হতাবশিষ্ট সৈন্য ও রাজ্য প্রভৃতি) দত্ত্বা (সমর্পণ করিয়া) তদন্তঃপুরং (তাহার অন্তঃপুরে) আবিবেশ (প্রবেশ করিয়াছিলেন) ॥ ৬ ॥

তত্র (সেই অন্তঃপুরে) যাঃ নরদেবকন্যাঃ (যে সকল রাজকন্যা) কুজেন (ভূমিপুত্র নরকাসুর-কর্ত্তৃক) আহৃতাঃ (আনীতা হইয়াছিলেন), তাঃ (তাহারা) আর্ত্তবন্ধুং (বিপন্নের বন্ধু) হরিং (শ্রীকৃষ্ণকে) দৃষ্ট্বা (দেখিয়া) সদ্যঃ উত্থায় (তৎক্ষণাৎ গাত্রোত্থান করিয়া) প্রহর্ষব্রীড়ানুরাগপ্রহিতাবলোকৈঃ (আনন্দ, লজ্জা ও অনুরাগ বশে প্রেমাবলোকনের দ্বারা) [শ্রীকৃষ্ণকে] জগৃহুঃ (পতিরূপে গ্রহণ করিয়াছিলেন) ॥ ৭ ॥

[ভগবান্ শ্রীকৃষ্ণ] স্বমায়য়া (স্বীয় সঙ্কল্পের দ্বারা) অনুরূপঃ [সন্] (সেই সেই রমণীগণের অনুরূপ হইয়া) একস্মিন্ মুহূর্ত্তে (একই কালে) নানাগারেষু [অবস্থিতানাং] (পৃথক্ পৃথক্ গৃহে অবস্থিত) আসাং যোষিতাম্ (এই সকল স্ত্রীগণের) সবিধং (বিবাহোচিত অনুষ্ঠানপূর্ব্বক) পাণীন্ জগৃহে (পাণিগ্রহণ করিয়াছিলেন) ॥ ৮ ॥

অনুবাদ

করিতে থাকিলে ভগবান্ শ্রীকৃষ্ণ তাহাকে বিনাশ করেন; তখন পৃথিবী স্বীয় পুত্রকে নিহত দেখিয়া ভগবানের নিকটে প্রার্থনা করেন, ভগবান্ও প্রার্থিত হইয়া নরকাসুরের পুত্র ভগদত্তকে হতাবশিষ্ট সৈন্য ও রাজ্য প্রভৃতি প্রদান করিয়া তাহার অন্তঃপুরে প্রবেশ করেন ॥ ৬ ॥

সেই অন্তঃপুরে ভূমিপুত্র নরকাসুর যে সকল রাজকন্যা হরণ করিয়া রাখিয়াছিল, তাঁহারা সকলে বিপন্নের বন্ধু শ্রীকৃষ্ণকে দেখিয়া তৎক্ষণাৎ গাত্রোত্থান করতঃ আনন্দ, লজ্জা ও অনুরাগবশে দৃষ্টিপাত করিয়া শ্রীকৃষ্ণকে পতিরূপে গ্রহণ করিয়াছিলেন ॥ ৭ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ স্বীয় সঙ্কল্পের দ্বারা সেই সেই রাজকন্যাগণের জন্য বহুরূপ হইয়া একই মুহূর্ত্তে বিবাহোচিত অনুষ্ঠানে পৃথক্ পৃথক্ গৃহে অবস্থিত তাহাদের পাণিগ্রহণ করিয়াছিলেন অর্থাৎ তাঁহাদিগকে বিবাহ করিয়াছিলেন ॥ ৮ ॥

টীকা

তত্তনয়ায় ভৌমসুতায় ভগদত্তায় শেষং হতশেষসৈন্যং তৎসাধ্যরাজ্যমিত্যর্থঃ ॥ ৬ ॥ কুজেন ভৌমেন যা আহৃতাঃ তাঃ হর্ষাদিভিঃ প্রহিতা যে অবলোকাস্তৈর্হরিং জগৃহুঃ অয়মস্মাকং পতিরিতি স্বীকৃতবত্যঃ ॥৭॥ স্বমায়য়া স্বসঙ্কল্পেন অনুরূপঃ তত্তদনুরূপঃ সবিধং পাণিগ্রহণপ্রকারসহিতং যথা ভবতি তথা একস্মিন্ মুহূর্ত্তে পাণীন্ জগৃহে ॥ ৮ ॥ প্রকৃতেঃ পরাপ্রকৃতেঃ জীবভূতায়াঃ বিশিষ্টং ভবনং জন্ম তদিচ্ছয়া উত্তম-

তাস্বপত্যান্যজনয়দাত্মতুল্যানি সর্ব্বতঃ।
একৈকস্যাং দশ দশ প্রকৃতের্ব্বিবুভূষয়া ॥ ৯ ॥
কালমাগধসাল্বাদীননীকৈ রুন্ধতঃ পুরম্।
অজীঘনৎ স্বয়ং দিব্যং স্বপুংসাং তেজ আদিশৎ ॥১০॥
শম্বরং দ্বিবিদং বাণং মুরং বল্কলমেব চ।
অন্যাংশ্চ দন্তবক্রাদীনবধীৎ কাংশ্চ ঘাতয়ৎ ॥ ১১ ॥

অন্বয়

[অনন্তর ভগবান্ শ্রীকৃষ্ণ] প্রকৃতেঃ (জীবভূতা পরা প্রকৃতির) বিবুভূষয়া (বিশিষ্ট জন্ম অর্থাৎ শ্রেষ্ঠপুরুষ জন্মাইবার ইচ্ছায়) তাসু (সেই রমণীগণের মধ্যে) একৈকস্যাং (প্রত্যেকের গর্ভে) সর্ব্বতঃ (সর্ব্বগুণে) আত্মতুল্যানি (নিজের মত) দশ দশ অপত্যানি (দশ দশটি পুত্র) অজনয়ৎ (উৎপাদন করিয়াছিলেন) ॥ ৯ ॥

অনীকৈঃ (সৈন্যের দ্বারা) পুরং (মথুরাপুরী) রুন্ধতঃ (অবরোধকারী) কালমাগধসাল্বাদীন্ (কালযবন, জরাসন্ধ ও সাল্ব প্রভৃতিকে) স্বয়ং (নিজেই) অজীঘনৎ (বিনাশ করিয়াছিলেন) ; [কারণ] স্বপুংসাং (নিজ অনুগত মুচুকুন্দ ও ভীম প্রভৃতির) দিব্যং তেজঃ (অলৌকিক প্রভাবও) আদিশৎ (ভগবান্ই প্রদান করিয়াছিলেন) ॥ ১০ ॥

শম্বরং দ্বিবিদং বাণং মুরং বল্কলম্ এব চ অন্যান্ চ (শম্বর, দ্বিবিদ, বাণ, মুর, বল্কল ও অন্যান্য অসুর-দিগকে) [প্রদ্যুম্ন ও বলরামাদিদ্বারা] ঘাতয়ৎ (নিপাতিত করেন), [তাহাদের মধ্যে]

অনুবাদ

অনন্তর ভগবান্ শ্রীকৃষ্ণ জীবভূতা পরাপ্রকৃতির বিশেষ জন্ম অর্থাৎ শ্রেষ্ঠপুরুষ উৎপাদন করিবার ইচ্ছা করিয়া সেই রমণীগণের প্রত্যেকের গর্ভে সর্ব্বগুণে নিজের মত দশ দশটি পুত্র উৎপাদন করিয়াছিলেন ॥ ৯ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ মুচুকুন্দ, ভীম প্রভৃতিকে নিমিত্ত করিয়া সসৈন্যে মথুরাপুরী অবরোধকারী কালযবন, জরাসন্ধ ও সাল্ব প্রভৃতিকে নিজেই বিনাশ করিয়াছিলেন ; স্বীয় অনুগত মুচুকুন্দ ও ভীম প্রভৃতির অলৌকিক প্রভাবও ভগবান্ই প্রদান করিয়াছিলেন ; অতএব ভগবৎ-প্রদত্ত প্রভাবে মুচুকুন্দাদি তাহাদের বিনাশে সমর্থ হইয়াছিলেন বলিয়া ফলতঃ ভগবান্ স্বয়ংই তাহাদের বিনাশ করিয়াছেন ॥ ১০ ॥

তিনি শম্বর, দ্বিবিদ, বাণ, মুর, বল্কল ও অন্যান্য অসুরদিগকে প্রদ্যুম্ন ও বলরামাদির

টীকা

পুরুষপ্রকটীকরণেচ্ছয়েত্যর্থঃ। অতএব সর্ব্বতঃ সর্ব্বগুণৈ স্বতুল্যানি অপত্যান্যজনয়ৎ। প্রদ্যুম্নঃ ভগবন্মূর্ত্তি-ভূত এব, কেচিৎ শ্রীকৃষ্ণসারূপ্যং গতাঃ মুক্তাঃ, কেচিৎ ভক্তাশ্চরমজন্মানশ্চ ভগবৎপুত্রত্বেন উৎপন্না ইতি যথা সম্ভবমূহ্যম্ ॥ ৯ ॥ কালঃ কালযবনঃ মাগধো জরাসন্ধঃ সাল্বঃ প্রসিদ্ধঃ তদাদীন্ নিমিত্তভূতৈর্মুচুকুন্দাদিভিঃ স্বয়মেব অজীঘনৎ ঘাতিতবান্ যতঃ স্বপুংসাং মুচুকুন্দাদীনাং দিব্যম্ অলৌকিকং স্বতেজঃ আদিশৎ দত্তবান্ ॥১০॥ শম্বরাদীন্ প্রদ্যুম্নাদিভিঃ ঘাতয়ৎ, অড়ভাব আর্ষঃ। তত্র কাংশ্চিৎ স্বয়মবধীৎ, তত্র বাণবধঃ তদ্ভুজনিকৃন্তন-

অথ তে ভ্রাতৃপুত্রাণাং পক্ষয়োঃ পতিতান্ নৃপান্।
চচাল ভূঃ কুরুক্ষেত্রং যেষামাপততাং বলৈঃ ॥ ১২ ॥
স কর্ণদুঃশাসনসৌবলানাং কুমন্ত্রপাকেণ হতশ্রিয়ায়ুষম্।
সুযোধনং সানুচরং শয়ানং ভগ্নোরুমুর্ব্ব্যাং ন ননন্দ পশ্যন্ ॥ ১৩ ॥
কিয়ান্ ভুবোঽয়ং ক্ষপিতোরুভারো যদ্দ্রোণভীষ্মার্জ্জুনভীমমূলৈঃ।
অষ্টাদশাক্ষৌহিণিকো মদংশৈ-রাস্তে বলং দুর্ব্বিষহং যদূনাম্ ॥১৪॥

অন্বয়

দন্তবক্রাদীন্ কান্ চ (দন্তবক্র প্রভৃতি কোনও কোনও অসুরগণকে) [স্বয়ম্] অবধীৎ (স্বয়ং বধ করেন) ॥ ১১ ॥

অথ (অনন্তর) [ভগবান্ শ্রীকৃষ্ণ] কুরুক্ষেত্রম্ আপততাং (কুরুক্ষেত্রে সমাগত) যেষাং বলৈঃ (যে রাজগণের সৈন্যের দ্বারা) ভূঃ চচাল (পৃথিবী কম্পিতা হইয়াছিল), তে (আপনার) ভ্রাতৃপুত্রাণাং (ভ্রাতৃপুত্র যুধিষ্ঠির ও দুর্য্যোধনের) পক্ষয়োঃ পতিতান্ (পক্ষাবলম্বী) [তান্] নৃপান্ (সেই রাজগণকে) [বিনাশ করিয়াছিলেন] ॥ ১২ ॥

কর্ণদুঃশাসনসৌবলানাং (কর্ণ, দুঃশাসন ও শকুনির) কুমন্ত্রপাকেণ (কুমন্ত্রণায়) হতশ্রিয়ায়ুষম্ (নষ্টশ্রী ও নষ্টায়ু) সানুচরং (অনুচরগণের সহিত) উর্ব্ব্যাং শয়ানং (ধরাতলশায়ী) ভগ্নোরুং সুযোধনং (ভগ্নোরু দুর্য্যোধনকে) পশ্যন্ (দেখিয়া) সঃ (শ্রীকৃষ্ণ) ন ননন্দ (সন্তোষ লাভ করিতে পারেন নাই) ॥ ১৩ ॥

[অসন্তোষের কারণ বলিতেছেন—ভগবান্ চিন্তা করিয়াছিলেন] মদংশৈঃ (আমাকর্ত্তৃক প্রেরিত)

অনুবাদ

দ্বারা নিপাতিত করেন, তাহাদের মধ্যে দন্তবক্র প্রভৃতি কোনও কোনও অসুরদিগকে ভগবান্ নিজেই বধ করেন ॥ ১১ ॥

অনন্তর ভগবান্ শ্রীকৃষ্ণ কুরুক্ষেত্রে সমাগত যে রাজগণের সৈন্যভারে পৃথিবী কম্পিতা হইয়াছিল, আপনার ভ্রাতৃপুত্র যুধিষ্ঠির ও দুর্য্যোধনের পক্ষাবলম্বী সেই রাজগণকে বিনাশ করিয়াছিলেন ॥ ১২ ॥

কর্ণ, দুঃশাসন ও শকুনির কুমন্ত্রণায় নষ্টশ্রী ও নষ্টায়ু দুর্য্যোধন ভগ্নোরু হইয়া অনুচরগণের সহিত ধরাতলশায়ী হইলে তাহা দেখিয়াও ভগবান্ শ্রীকৃষ্ণ সন্তোষ লাভ করিতে পারেন নাই। [কেন সন্তোষ লাভ করিতে পারেন নাই, তাহা পরশ্লোকেই বলিতেছেন] ॥ ১৩ ॥

[ভগবান্ চিন্তা করিয়াছিলেন]—আমাকর্ত্তৃক প্রেরিত এই দ্রোণ, ভীষ্ম, অর্জ্জুন ও ভীমকে

টীকা

মাত্রম্ ॥ ১১ ॥ নৃপান্ অঘাতয়দিতি পূর্ব্বেণৈবসম্বন্ধঃ ॥ ১২ ॥ সঃ শ্রীকৃষ্ণঃ ন ননন্দ সন্তোষং ন প্রাপ ॥ ১৩ ॥ অসন্তোষহেতুমাহ—কিয়ানিতি। মদংশৈঃ মৎপ্রেরিতৈঃ দ্রোণাদিভিঃ মূলৈঃ কারণভূতৈঃ অষ্টাদশাক্ষৌহিণিকঃ হ্রস্বত্বমার্ষম্, অষ্টাদশাক্ষৌহিণীযুক্তঃ ক্ষপিতো নিরস্তশ্চাসৌ উরুভারশ্চ ভুবোঽয়ং কিয়ান্? অত্যল্প ইত্যর্থঃ। যৎ যস্মাৎ দুর্ব্বিষহং সোঢ়ুমশক্যং যদূনাং বলমাস্তে, যাদবাঃ ভূভারভূতা ন, কিন্তু তেষু ভুবি বর্ত্তমানেষু

মিথো যদৈষাং ভবিতা বিবাদো মধ্বামদাতাম্রবিলোচনানাম্।
নৈষাং বধোপায় ইয়ানতোঽন্যো ময্যুদ্যতেঽন্তর্দ্দধতে স্বয়ং স্ম ॥১৫॥
এবং সঞ্চিন্ত্য ভগবান্ স্বরাজ্যে স্থাপ্য ধর্ম্মজম্।
নন্দয়ামাস সুহৃদঃ সাধূনাং বর্ত্ম দর্শয়ন্ ॥ ১৬ ॥

অন্বয়

দ্রোণভীষ্মার্জ্জুনভীমমূলৈঃ (দ্রোণ, ভীষ্ম, অর্জ্জুন ও ভীমকে নিমিত্ত করিয়া) অষ্টাদশাক্ষৌহিণিকঃ (যে অষ্টাদশ অক্ষৌহিণী সেনারূপ) ক্ষপিতোরুভারঃ (গুরুভার বিনষ্ট হইয়াছে), ভুবঃ অয়ং কিয়ান্ (পৃথিবীর পক্ষে ইহা কি ? অর্থাৎ অতি অল্প ভারই অপনীত হইয়াছে) ; যৎ (যেহেতু) দুর্ব্বিষহং (দুঃসহনীয়) যদূনাং বলং (যদুসৈন্য) আস্তে (অদ্যাপি বর্ত্তমান আছে) ॥ ১৪ ॥

[ভগবান্ আরও চিন্তা করিয়াছিলেন] মধ্বামদাতাম্রবিলোচনানাং (মধু পানে উন্মত্ত ও আরক্তলোচন) এষাং (এই যাদবগণের) যদা (যখন) মিথঃ (পরস্পর) বিবাদঃ ভবিতা (কলহ হইবে), [তখন] ইয়ান্ [এব] এষাং বধোপায়ঃ (এই কলহই ইহাদের বধের কারণ হইবে) ; অতঃ অন্যঃ ন [অস্তি] (ইহা ভিন্ন অন্য কোনও উপায় নাই), ময়ি উদ্যতে (আমি পরমধামে গমন করিতে প্রবৃত্ত হইলে) স্বয়ম্ [এব এতে] (ইহারা নিজেরাই) [পরস্পর বিবাদ করিয়া] অন্তর্দ্দধতে স্ম (অন্তর্হিত হইবে) ॥ ১৫ ॥

ভগবান্ (ভগবান্ শ্রীকৃষ্ণ) এবং সঞ্চিন্ত্য (পূর্ব্বোক্ত প্রকারে চিন্তা করিয়া) ধর্ম্মজং (ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরকে) স্বরাজ্যে (নিজরাজ্যে) স্থাপ্য (স্থাপন করতঃ) সাধূনাং (সজ্জনগণের) বর্ত্ম (পথ) দর্শয়ন্ (প্রদর্শন করাইয়া) সুহৃদঃ (আত্মীয়গণের) নন্দয়ামাস (আনন্দ বর্দ্ধন করিয়াছিলেন) ॥ ১৬ ॥

অনুবাদ

নিমিত্ত করিয়া যে অষ্টাদশ অক্ষৌহিণী সেনারূপ গুরুভার বিনষ্ট হইয়াছে, পৃথিবীর পক্ষে ইহা কি ? অর্থাৎ অতি অল্প ভারই অপনীত হইয়াছে ; কারণ দুঃসহ যদুসৈন্য এখনও বর্ত্তমান আছে ॥ ১৪ ॥ *

[ভগবান্ আরও চিন্তা করিয়াছিলেন]—মধুপানে উন্মত্ত ও আরক্তলোচন হইয়া যাদবগণ যখন পরস্পর কলহে প্রবৃত্ত হইবে, তখন এই কলহই ইহাদের বধের কারণ হইবে ; ইহা ভিন্ন অন্য কোনও উপায় নাই। আমি পরমধামে গমন করিতে প্রবৃত্ত হইলে ইহারা নিজেরাই পরস্পর বিবাদ করিয়া অন্তর্হিত হইবে অর্থাৎ ক্ষয়প্রাপ্ত হইবে ॥ ১৫ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ এইরূপ চিন্তা করিয়া ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরকে নিজরাজ্যে স্থাপন করিয়াছিলেন

টীকা

তন্নিমিত্ততঃ পুনর্যতস্ততো দৈত্যাদিভিঃ ভুভারো ভবিষ্যতীতি ভাবঃ ॥ ১৪ ॥ তত্রোপায়মাহ—মিথ ইতি। মধুনা য আ সর্ব্বতো মদস্তেন আতাম্রবিলোচনানাম্ এষাং যদা মিথো বিবাদো ভবিতা ভবিষ্যতি, তদা ইয়ানেব এষাং বধোপায়ঃ, অতোঽন্যো ন বিদ্যতে। তৎসময়মাহ—ময়ি উদ্যতে পরমং ধাম গন্তুং প্রবৃত্তে সতি

* যাদবগণ পৃথিবীর পক্ষে ভারভূত নহেন, কিন্তু তাহাদিগকে নিমিত্ত করিয়া পুনরায় দৈত্যাদিদ্বারা পৃথিবী ভারাক্রান্তা হইবে, এজন্য পৃথিবীর ভার সম্পূর্ণ অপনীত হয় নাই বলা হইল।

উত্তরায়াং ধৃতঃ পুরোর্ব্বংশঃ সাধ্বভিমন্যুনা।
স বৈ দ্রৌণ্যস্ত্রসংপ্লুষ্টঃ পুনর্ভগবতা ধৃতঃ ॥ ১৭ ॥
অযাজয়দ্ধর্ম্মসুতমশ্বমেধৈস্ত্রিভির্ব্বিভুঃ।
সোঽপি ক্ষ্মামনুজৈ রক্ষন্ রেমে কৃষ্ণমনুব্রতঃ ॥ ১৮ ॥
ভগবানপি বিশ্বাত্মা লোকবেদপথানুগঃ।
কামান্ সিষেবে দ্বার্ব্বত্যামসক্তঃ সাংখ্যমাস্থিতঃ ॥ ১৯ ॥

অন্বয়

[হে বিদুর!] অভিমন্যুনা (অভিমন্যুকর্ত্তৃক) উত্তরায়াং (পত্নী উত্তরার গর্ভে) পুরোঃ বংশঃ (পুরুবংশধর) সাধু (সম্যক্‌রূপে) ধৃতঃ (স্থাপিত হইয়াছিল); সঃ বৈ (সেই গর্ভস্থিত পুরুবংশধরই) দ্রৌণ্যস্ত্রসংপ্লুষ্টঃ (দ্রোণপুত্র অশ্বত্থামার ব্রহ্মাস্ত্রে দগ্ধ হইলে) পুনঃ (পুনরায়) ভগবতা ধৃতঃ (ভগবান্ শ্রীকৃষ্ণকর্ত্তৃক রক্ষিত হইয়াছে) ॥ ১৭ ॥

বিভুঃ (সর্ব্বব্যাপক শ্রীকৃষ্ণ) ধর্ম্মসুতং (ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরকে) ত্রিভিঃ অশ্বমেধৈঃ অযাজয়ৎ (তিনটি অশ্বমেধ নামক যজ্ঞ করাইয়াছিলেন); সঃ অপি (সেই ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরও) অনুজৈঃ (কনিষ্ঠ ভ্রাতা ভীমাদির সহিত) কৃষ্ণম্ অনুব্রতঃ (শ্রীকৃষ্ণানুগত হইয়া) ক্ষ্মাং (পৃথিবীকে) রক্ষন্ (পালন করতঃ) রেমে (আনন্দ উপভোগ করিয়াছিলেন) ॥ ১৮ ॥

বিশ্বাত্মা (সর্ব্বান্তর্য্যামী) ভগবান্ অপি (ও ষড়ৈশ্বর্য্যশালী হইয়াও শ্রীকৃষ্ণ) লোকবেদপথানুগঃ (লৌকিক ও বৈদিক ধর্ম্মমার্গের অনুগামী হইয়া) সাঙ্খ্যমাস্থিতঃ (আত্মানাত্মবিবেকরূপ সাংখ্যযোগে অবস্থান করতঃ) অসক্তঃ (আসক্তি রহিত হইয়া) দ্বার্ব্বত্যাং (দ্বারকায়) কামান্ (ভোগ্যবস্তু সকল) সিষেবে (উপভোগ করিয়াছিলেন) ॥ ১৯ ॥

অনুবাদ

এবং সজ্জনগণের আচরণীয় পথ প্রদর্শন করাইয়া অর্থাৎ স্বয়ং অনুষ্ঠান করতঃ অপরকে অনুষ্ঠান করাইয়া আত্মীয়গণের আনন্দ বর্দ্ধন করিয়াছিলেন ॥ ১৬ ॥

হে বিদুর! অর্জ্জুনপুত্র অভিমন্যু স্বীয় পত্নী উত্তরার গর্ভে পুরুবংশধর সংস্থাপন করিয়াছিলেন; সেই গর্ভস্থিত বালকই যখন দ্রোণপুত্র অশ্বত্থামার ব্রহ্মাস্ত্রে দগ্ধ হয়, তখন ভগবান্ শ্রীকৃষ্ণ তাহাকে রক্ষা করেন ॥ ১৭ ॥

সর্ব্বব্যাপক শ্রীকৃষ্ণ ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরকে তিনটি অশ্বমেধ যজ্ঞ করাইয়াছিলেন। যুধিষ্ঠিরও কনিষ্ঠ ভ্রাতা ভীমাদির সহিত শ্রীকৃষ্ণানুগত হইয়া পৃথিবী পালন করতঃ আনন্দ উপভোগ করেন ॥ ১৮ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ স্বয়ং সর্ব্বান্তর্য্যামী ও ষড়ৈশ্বর্য্যশালী হইয়াও (লোকশিক্ষার নিমিত্ত)

টীকা

স্বয়মেব এতে মিথো বিবাদেন অন্তর্দ্দধতে অন্তর্দ্দধীরন্ ইত্যর্থঃ ॥ ১৫ ॥ ১৬ ॥ অভিমন্যুনা ধৃতঃ স্থাপিতঃ, ভগবতা ধৃতঃ রক্ষিতঃ ॥১৭॥১৮॥ সাঙ্খ্যম্ আত্মানাত্মবিবেকম্ ॥ ১৯॥ ক্ষণদয়া রাত্র্যা, দত্তঃ ক্ষণঃ অবসরো

স্নিগ্ধস্মিতাবলোকেন বাচা পীযূষকল্পয়া।
চরিত্রেণানবদ্যেন শ্রীনিকেতেন চাত্মনা ॥ ২০ ॥
ইমং লোকমমুঞ্চৈব রময়ন্ সুতরাং যদূন্।
রেমে ক্ষণদয়া দত্তক্ষণস্ত্রীক্ষণসৌহৃদঃ ॥ ২১ ।
তস্যৈবং রমমাণস্য সংবৎসরগণান্ বহূন্।
গৃহমেধেষু যোগেষু বিরাগঃ সমজায়ত ॥ ২২ ॥
দৈবাধীনেষু কামেষু দৈবাধীনঃ স্বয়ং পুমান্।
কো বিশ্রম্ভেত যোগেন যোগেশ্বরমনুব্রতঃ ॥ ২৩ ॥

অন্বয়

[ভগবান্ শ্রীকৃষ্ণ] স্নিগ্ধস্মিতাবলোকেন (স্নিগ্ধ সহাস্যদৃষ্টি), পীযূষকল্পয়া বাচা (অমৃততুল্য বাক্য), অনবদ্যেন চরিত্রেণ (অনিন্দনীয় চরিত্র) শ্রীনিকেতেন (ও লক্ষ্মীর নিবাসস্থান) আত্মনা চ (নিজদেহের দ্বারা) ইমং লোকং (এই মর্ত্ত্যলোক) অমুং চ এব (ও দেবলোককে) সুতরাং যদূন্ (এবং যদুগণকে) রময়ন্ (আনন্দিত করিয়া) ক্ষণদয়া (রজনীযোগে) দত্তক্ষণস্ত্রীক্ষণসৌহৃদঃ (যাহাদিগকে নিজ সান্নিধ্যলাভের সুযোগ প্রদান করিয়াছেন, সেই ললনাগণে ক্ষণকাল সৌহার্দ্দ্যযুক্ত হইয়া) রেমে (ক্রীড়া করিতেন) ॥ ২০-২১ ॥

এবং (এই প্রকারে) বহূন্ সংবৎসরগণান্ (বহু বৎসর) রমমাণস্য (ক্রীড়াশীল) তস্য (ভগবান্ শ্রীকৃষ্ণের) গৃহমেধেষু (গৃহধর্ম্মে) যোগেষু (ও কাম ও ভোগের সাধনসমূহে) বিরাগঃ সমজায়ত (বিরাগ জন্মিল) ॥ ২২ ॥

[ভগবান্ শ্রীকৃষ্ণ কাহারও অধীন নহেন, পরন্তু সমস্তই তাঁহার অধীন। সেই শ্রীকৃষ্ণেরই

অনুবাদ

লৌকিক ও বৈদিক ধর্ম্মমার্গের অনুগামী হইয়া আত্মানাত্মবিবেকরূপ সাংখ্যযোগে অবস্থান করতঃ আসক্তি রহিত হইয়া দ্বারকাপুরীতে ভোগ্যবস্তু সকল উপভোগ করিয়াছিলেন ॥ ১৯ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ স্নিগ্ধ সহাস্য দৃষ্টি, অমৃততুল্য বাক্য, অনিন্দনীয় চরিত্র ও লক্ষ্মীর নিবাসস্থান স্বীয় মনোহর শরীরের দ্বারা এই মর্ত্ত্যলোক ও স্বর্গলোককে বিশেষতঃ যদুগণকে আনন্দিত করিয়া রজনীযোগে যাহাদিগকে নিজ সান্নিধ্যলাভের সুযোগ প্রদান করিতেন, সেই সকল রমণীগণের সহিত ক্ষণকাল প্রীতিযুক্ত হইয়া ক্রীড়া করিতেন ॥ ২০-২১ ॥

এই প্রকারে বহু বৎসর ক্রীড়া করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণের গৃহধর্ম্ম ও কামভোগের সাধনসমূহে বৈরাগ্য জন্মিল ॥ ২২ ॥

ভগবান্ স্বয়ং স্বাধীন, অপর সমস্তই পরাধীন অর্থাৎ ভগবানের অধীন; সেই স্বাধীন

টীকা

যাসাং স্ত্রীণাং তাসু ক্ষণং সৌহৃদং যস্য সঃ ॥ ২০-২১ ॥ গৃহমেধেষু গৃহধর্ম্মেষু, যোগেষু কামভোগসাধনেষু ॥ ২২ ॥ যদা স্বাধীনস্য শ্রীকৃষ্ণস্য স্বাধীনেষু বিরাগো জাতঃ, তদা যোগেন হেয়োপাদেয়বিবেকেন যোগেশ্বরং

পুর্য্যাং কদাচিৎ ক্রীড়দ্ভির্যদুভোজকুমারকৈঃ।
কোপিতা মুনয়ঃ শেপুর্ভগবন্মতকোবিদাঃ ॥ ২৪ ॥
ততঃ কতিপয়ৈর্ম্মাসৈর্বৃষ্ণিভোজান্ধকাদয়ঃ।
যযুঃ প্রভাসং সংহৃষ্টা রথৈর্দ্দেববিমোহিতাঃ ॥ ২৫ ॥
তত্র স্নাত্বা পিতৃন্ দেবানৃষীংশ্চৈব তদম্ভসা।
তর্পয়িত্বাথ বিপ্রেভ্যো গাবো বহুগুণা দদুঃ ॥ ২৬ ॥

অন্বয়

যখন নিজের অধীন ভোগ্য বস্তুতে বিরাগ উপস্থিত হইল, তখন] যোগেন (হেয়োপাদেয় বিবেকজ্ঞানের দ্বারা) যোগেশ্বরং (শ্রীকৃষ্ণের) অনুব্রতঃ (অনুবর্ত্তনকারী) স্বয়ং দৈবাধীনঃ (স্বয়ং কর্ম্মের বশবর্ত্তী) কঃ পুমান্ (কোন্ ব্যক্তি) দৈবাধীনেষু কামেষু (স্বকৃত কর্ম্মের ফলস্বরূপ অনিত্য স্ত্রীপুত্রগৃহাদিতে) বিশ্রম্ভেত (প্রীতিলাভ করিতে পারেন ?) ॥ ২৩ ॥

[যদুকুলবিনাশ বর্ণনা করিতেছেন] [হে বিদুর !] কদাচিৎ (একদিন) পুর্য্যাং (দ্বারকাপুরীমধ্যে) ক্রীড়দ্ভিঃ (ক্রীড়াকারী) যদুভোজকুমারকৈঃ (যদু ও ভোজকুমারগণকর্ত্তৃক) কোপিতাঃ (কোপিত) ভগবন্মতকোবিদাঃ (ও ভগবানের অভিপ্রায় যাঁহারা জানেন সেই) মুনয়ঃ (মুনিগণ) শেপুঃ (তাহাদিগকে অভিশাপ প্রদান করিয়াছিলেন) ॥২৪॥

ততঃ (তদনন্তর) কতিপয়ৈঃ মাসৈঃ (কয়েক মাসের মধ্যে) বৃষ্ণিভোজান্ধকাদয়ঃ (বৃষ্ণি, ভোজ ও অন্ধক প্রভৃতি যদুগণ) দেববিমোহিতাঃ (ভগবন্মায়ায় বিমোহিত হইয়া) সংহৃষ্টাঃ (হৃষ্টান্তঃকরণে) রথৈঃ (রথে আরোহণ করিয়া) প্রভাসং (প্রভাস নামক তীর্থে) যযুঃ (গমন করেন) ॥ ২৫ ॥

তত্র (সেই প্রভাস তীর্থে) [তাহারা] স্নাত্বা (স্নান করিয়া) তদম্ভসা (সেই তীর্থ জলের

অনুবাদ

শ্রীকৃষ্ণেরই যখন নিজের অধীন ভোগ্যবস্তুতে বিরাগ উপস্থিত হইল, তখন যিনি আত্মবস্তু ও অনাত্মবস্তুবিষয়ে জ্ঞানলাভ করিয়া শ্রীকৃষ্ণের অনুবর্ত্তনকারী হইয়াছেন, দৈবাধীন সেইরূপ কোন্ ব্যক্তি স্বকৃত কর্ম্মের ফলস্বরূপ অনিত্য স্ত্রী, পুত্র ও গৃহাদিতে প্রীতিলাভ করিতে পারেন? ॥২৩॥

[এক্ষণে কিরূপে যদুকুল বিনাশ হইয়াছে, তাহাই বর্ণনা করিতেছেন] হে বিদুর ! একদিন দ্বারকাপুরী মধ্যে খেলা করিতে করিতে যদুবংশীয় ও ভোজবংশীয় কুমারগণ মুনিগণের ক্রোধ উৎপন্ন করিয়াছিল ; সেই মুনিগণও ভগবানের অভিপ্রায় জানিতেন, তখন তাঁহারা সেই সকল কুমারগণকে অভিশাপ প্রদান করিয়াছিলেন ॥ ২৪ ॥

অনন্তর কয়েক মাসের মধ্যেই বৃষ্ণি, ভোজ ও অন্ধক প্রভৃতি যদুগণ ভগবন্মায়ায় বিমোহিত হইয়া হৃষ্টান্তঃকরণে রথে আরোহণপূর্ব্বক প্রভাস নামক তীর্থে গমন করেন ॥২৫॥

অনন্তর তাহারা তথায় স্নান করিয়া সেই তীর্থজলের দ্বারা পিতৃতর্পণ, দেবতর্পণ ও ঋষি-

টীকা

শ্রীকৃষ্ণম্ অনুব্রতঃ দৈবাধীনঃ কর্ম্মবশ্যঃ কঃ দৈবাধীনেষু স্বকৃতকর্ম্মফলেষু অনিত্যেষু কামেষু কাম্যন্তে ইতি কামাঃ গৃহাদিপদার্থাস্তেষু বিশ্রম্ভেত বিশ্বাসং প্রীতিমিতি যাবৎ কুর্য্যাৎ ॥২৩॥২৪॥২৫॥ যাঃ বহুগুণাঃ গাবঃ তাঃ

হিরণ্যং রজতং শয্যাং বাসাংস্যজিনকম্বলান্।
হয়ানিভান্ রথান্ কন্যা ধরাং বৃত্তিকরীমপি ॥ ২৭ ॥
অন্নঞ্চোরুরসং তেভ্যো দত্ত্বা ভগবদর্পণম্।
গোবিপ্রার্থাসবঃ শূরাঃ প্রণেমুর্ভুবি মূর্দ্ধভিঃ ॥২৮॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুরোদ্ধব-সংবাদে তৃতীয়োঽধ্যায়ঃ ॥ ৩ ॥

অন্বয়

দ্বারা) পিতৄন্ (পিতৃগণ), দেবান্ (দেবগণ) ঋষীন্ চ এব (ও ঋষিগণের) তর্পয়িত্বা (তর্পণ করিয়া) অথ (অনন্তর) বিপ্রেভ্যঃ (ব্রাহ্মণগণকে) বহুগুণাঃ (প্রচুরদুগ্ধাদি নানাগুণবিশিষ্ট) গাবঃ (গো সকল) দদুঃ (প্রদান করেন) ॥ ২৬ ॥

হিরণ্যং (সুবর্ণ) রজতং (রৌপ্য) শয্যাং (শয্যা) বাসাংসি (বস্ত্র) অজিনকম্বলান্ (মৃগচর্ম্ম বা ব্যাঘ্রচর্ম্ম, কম্বল) হয়ান্ (অশ্ব) ইভান্ (হস্তী) রথান্ (রথ) কন্যাঃ (কন্যা) বৃত্তিকরীং (এবং জীবিকোপযোগী) ধরাং অপি (ভূমিও) [দদুঃ] (প্রদান করেন) ॥ ২৭ ॥

গোবিপ্রার্থাসবঃ (গো ও বিপ্রগণের হিতার্থে জীবনধারণ যাঁহাদের সেই) শূরাঃ (বীরগণ) উরুরসং (নানাবিধ রসযুক্ত) অন্নং চ (অন্নও) ভগবদর্পণং (যে ভাবে শ্রীহরির প্রীতি হয়, সেইভাবে) দত্ত্বা (ব্রাহ্মণগণকে প্রদান করিয়া) ভুবি (ভূমিতে) মূর্দ্ধভিঃ (মস্তকের দ্বারা) তেভ্যঃ (তাঁহাদিগকে) প্রণেমুঃ (প্রণাম করেন) ॥ ২৮ ॥

অনুবাদ

তর্পণ সমাপ্ত করিয়া ব্রাহ্মণগণকে প্রচুরদুগ্ধাদি নানাগুণবিশিষ্ট গোসকল প্রদান করেন ॥ ২৬ ॥

তাহারা স্বর্ণ, রৌপ্য, শয্যা, বস্ত্র, মৃগচর্ম্ম, কম্বল, অশ্ব, হস্তী, রথ, কন্যা ও জীবিকোপযোগী ভূমিও প্রদান করেন ॥ ২৭ ॥

তাহারা যে ভাবে শ্রীহরির প্রীতি হয় সেই ভাবে নানাবিধ রসযুক্ত অন্নও ব্রাহ্মণগণকে প্রদান করেন। এই সকল বীরগণ গো ও ব্রাহ্মণগণের হিতার্থেই জীবনধারণ করিয়াছিলেন, অতঃপর তাহারা ভূমিতে মাথা নত করিয়া ব্রাহ্মণগণকে প্রণাম করেন ॥ ২৮ ॥

তৃতীয় অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ৩ ॥

টীকা

॥২৬॥২৭॥ ভগবদর্পণং যথা স্যাৎ তথা দত্ত্বা গোবিপ্রার্থা অসবো যেষাং তে, তেভ্যঃ বিপ্রেভ্যঃ প্রণেমুঃ ॥২৮॥

ইতি শ্রীমদ্ভাগবতসিদ্ধান্তপ্রদীপে তৃতীয়স্কন্ধীয়ে তৃতীয়াধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ৩ ॥

চতুর্থোঽধ্যায়ঃ

শ্রীউদ্ধব উবাচ

অথ তে তদনুজ্ঞাতা ভুক্ত্বা পীত্বা চ বারুণীম্ ।
তয়া বিভ্রংশিতজ্ঞানা দুরুক্তৈর্ম্মর্ম্ম পস্পৃশুঃ ॥ ১ ॥
তেষাং মৈরেয়দোষেণ বিষমীকৃতচেতসাম্ ।
নিম্লোচতি রবাবাসীদ্বেণুনামিব মর্দ্দনম্ ॥ ২ ॥
ভগবান্ স্বাত্মমায়ায়া গতিং তামবলোক্য সঃ ।
সরস্বতীমুপস্পৃশ্য বৃক্ষমূল উপাবিশৎ ॥ ৩ ॥

অন্বয়

শ্রীউদ্ধবঃ উবাচ (উদ্ধব বলিলেন) [হে বিদুর !] অথ (স্নানদানাদির অনন্তর) তে (সেই যাদবগণ) তদনুজ্ঞাতাঃ (বিপ্রানুমোদিত হইয়া) ভুক্ত্বা (ভোজন করিলেন) বারুণীং (ও মদিরা) পীত্বা চ (পান করতঃ) তয়া (সেই মদিরা পানে) বিভ্রংশিতজ্ঞানাঃ (হিতাহিত বিবেকজ্ঞানশূন্য হইয়া) দুরুক্তৈঃ (কটুবাক্যের দ্বারা) [পরস্পর পরস্পরের] মর্ম্ম পস্পৃশুঃ (মর্ম্মে আঘাত করিতে লাগিলেন) ॥ ১ ॥

মৈরেয়দোষেণ (মদিরাদোষে) বিষমীকৃতচেতসাম্ (বিকৃতচিত্ত) তেষাং (সেই যাদবগণের) রবৌ নিম্লোচতি সতি (সূর্য্যদেব অস্তগমন করিলে) বেণূনাম্ ইব (বেণু যেমন পরস্পর সঙ্ঘর্ষে বিনাশ প্রাপ্ত হয়, সেইরূপ) মর্দ্দনম্ আসীৎ (বিনাশ হইল) ॥ ২ ॥

সঃ ভগবান্ (ভগবান্ শ্রীকৃষ্ণ) স্বাত্মমায়ায়াঃ (স্বীয় সঙ্কল্পের) তাং গতিং (ফলস্বরূপ সেই যদুবংশ-সংহার) অবলোক্য (অবলোকন করিয়া) সরস্বতীম্ উপস্পৃশ্য (সরস্বতী নদীতে আচমন করতঃ) বৃক্ষমূলে উপাবিশৎ (বৃক্ষমূলে উপবেশন করিলেন) ॥ ৩ ॥

অনুবাদ

উদ্ধব বলিলেন—হে বিদুর ! স্নানদানাদির অনন্তর সেই যাদবগণ ব্রাহ্মণগণের অনুমতিক্রমে ভোজন করিলেন, পরে মদিরা পান করিয়া হিতাহিত বিবেকজ্ঞানশূন্য হইয়া পড়িলেন ও কটুবাক্যের দ্বারা পরস্পর পরস্পরের মর্ম্মে আঘাত দিতে লাগিলেন ॥ ১ ॥

বেণুসকল যেমন পরস্পর সংঘর্ষে অগ্নি উৎপাদন করিয়া সেই অগ্নিদ্বারা বিনাশ প্রাপ্ত হয়, সেইরূপ মদিরাদোষে বিকৃতচিত্ত যাদবগণও সূর্য্যদেবের অস্তগমনকালে পরস্পর সঙ্ঘর্ষে বিনষ্ট হইলেন ॥ ২ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ স্বীয় সঙ্কল্পের ফলস্বরূপ সেই যদুকুলসংহার অবলোকন করিয়া সরস্বতী-নদীর জলে আচমন করতঃ বৃক্ষমূলে উপবেশন করিলেন ॥ ৩ ॥

টীকা

তদনুজ্ঞাতা বিপ্রানুমোদিতাঃ ॥১॥ মৈরেয়দোষেণ বারুণীব্যামোহেন ॥২॥ ভগবান্ স্বাত্মনঃ মায়ায়াঃ সঙ্কল্পস্য তাং পূর্ব্বত্র সঙ্কল্পিতাং গতিং ফলং যদুকুলসংহারম্ অবলোক্য সরস্বতীমুপস্পৃশ্য তস্যামাচম্য ॥ ৩ ॥ বদরীং

অহঞ্চোক্তো ভগবতা প্রপন্নার্ত্তিহরেণ হ।
বদরীং ত্বং প্রযাহীতি স্বকুলং সংজিহীর্ষুণা ॥ ৪ ॥
তথাপি তদভিপ্রেতং জানন্নহমরিন্দম !।
পৃষ্ঠতোঽন্বগমং ভর্ত্তুঃ পাদবিশ্লেষণাক্ষমঃ ॥ ৫ ॥
অদ্রাক্ষমেকমাসীনং বিচিন্বন্ দয়িতং পতিম্।
শ্রীনিকেতং সরস্বত্যাং কৃতকেতমকেতনম্ ॥ ৬ ॥
শ্যামাবদাতং বিরজং প্রশান্তারুণলোচনম্।
দোর্ভিশ্চতুর্ভির্বিদিতং পীতকৌশাম্বরেণ চ ॥ ৭ ॥

অন্বয়

প্রপন্নার্ত্তিহরেণ (শরণাগতজনের দুঃখহরণকারী) স্বকুলং (ও নিজবংশ) সংজিহীর্ষুণা (সংহার করিতে অভিলাষী) ভগবতা (শ্রীকৃষ্ণকর্ত্তৃক) [দ্বারকায়] ত্বং (তুমি) বদরীং (বদরিকাশ্রমে) প্রযাহি (গমন কর) ইতি হ (এই প্রকার) অহম্ চ উক্তঃ (আমি আদিষ্ট হইয়াছিলাম) ॥ ৪ ॥

অরিন্দম ! (হে শত্রুদমনকারিন্ বিদুর !) তথাপি (শ্রীকৃষ্ণ আমাকে পূর্ব্বোক্ত আদেশ করিলেও) তদভিপ্রেতং (তাঁহার স্বীয়কুলসংহাররূপ অভিপ্রায়) জানন্ (বুঝিতে পারিয়া) অহং (আমি) ভর্ত্তুঃ (প্রভু শ্রীকৃষ্ণের) পাদবিশ্লেষণাক্ষমঃ (পাদপদ্মবিচ্ছেদ সহ্য করিতে অসমর্থ হইয়া) পৃষ্ঠতঃ অন্বগমম্ (পরে তাঁহার অনুগমন করিলাম) ॥ ৫ ॥

দয়িতং পতিং (প্রিয়তম প্রভু শ্রীকৃষ্ণকে) বিচিন্বন্ (অন্বেষণ করিতে করিতে) [আমি] সরস্বত্যাং (সরস্বতী নদীর তীরে) অকেতনম্ অপি কৃতকেতং (সর্ব্ববাস হইয়াও কৃতাবাস) শ্রীনিকেতং (শ্রীনিবাসকে) একম্ (একাকী) আসীনম্ (উপবিষ্ট) অদ্রাক্ষম্ (দেখিতে পাইলাম) ॥ ৬ ॥

শ্যামাবদাতং (তিনি উজ্জ্বল শ্যামবর্ণ) বিরজম্ (নির্ম্মল) [অর্থাৎ শুদ্ধসত্ত্বময়], প্রশান্তারুণলোচনম্

অনুবাদ

ভগবান্ শ্রীকৃষ্ণ শরণাগত জনের দুঃখ হরণ করিয়া থাকেন ; ইতিপূর্ব্বে তিনি নিজকুল সংহার করিতে অভিলাষী হইয়া দ্বারকাতে আমাকে "হে উদ্ধব ! তুমি বদরিকাশ্রমে গমন কর", এই প্রকার আদেশ করিয়াছিলেন ॥ ৪ ॥

হে বিদুর ! ভগবান্ শ্রীকৃষ্ণ আমাকে এইরূপ আদেশ করিলেও আমি তাঁহার কুলসংহার-রূপ অভিপ্রায় বুঝিতে পারিলাম এবং তাঁহার পাদপদ্মবিচ্ছেদ সহ্য করিতে অসমর্থ হইয়া তাঁহার অনুগমন করিলাম ॥ ৫ ॥

প্রিয়তম প্রভু শ্রীকৃষ্ণকে অন্বেষণ করিতে করিতে আমি সরস্বতী নদীর তীরে যিনি সর্ব্বত্র অবস্থান করিয়াও একস্থানে অবস্থান করিতেছেন, সেই শ্রীনিবাস শ্রীকৃষ্ণকে একাকী উপবিষ্ট দেখিতে পাইলাম ॥ ৬ ॥

তাঁহার শরীর উজ্জ্বল শ্যামবর্ণ ও শুদ্ধ সত্ত্বময়, নেত্রদ্বয় প্রশান্ত ও অরুণবর্ণ ; বাহুচতুষ্টয় ও পীতবর্ণ পট্টবস্ত্রে তাঁহার ভগবদ্ভাব পরিলক্ষিত হয় ; আমি তাঁহাকে এইরূপ দেখিলাম ॥ ৭ ॥

টীকা

ত্বং প্রযাহীতি দ্বারাবত্যামহমুক্তঃ ॥৪॥৫ ॥ অকেতনং সর্ব্ববাসমপি কৃতকেতং কৃতাবাসম্ ॥৬॥৭॥ অপাশ্রিতঃ

বাম ঊরাবধিশ্রিত্য দক্ষিণাঙ্ঘ্রিসরোরুহম্ ।
অপাশ্রিতার্ভকাশ্বত্থমকৃশং ত্যক্তপিপ্পলম্ ॥ ৮ ॥
তস্মিন্ মহাভাগবতো দ্বৈপায়নসুহৃৎসখা ।
লোকাননুচরন্ সিদ্ধ আসসাদ যদৃচ্ছয়া ॥ ৯ ॥
তস্যানুরক্তস্য মুনের্মুকুন্দঃ প্রমোদভারানতকন্ধরস্য ।
আশৃণ্বতো মামনুরাগহাস-সমীক্ষয়া বিশ্রময়ন্নুবাচ ॥ ১০ ॥

অন্বয়

(প্রশান্ত ও অরুণবর্ণ নেত্রদ্বয়যুক্ত); চতুর্ভিঃ দোর্ভিঃ (বাহুচতুষ্টয়) পীতকৌশাম্বরেণ চ (ও পীতবর্ণ পট্টবস্ত্রের দ্বারা) বিদিতম্ (তাঁহার ভগবদ্ভাব পরিলক্ষিত হয়); [এমন শ্রীকৃষ্ণকে দেখিতে পাইলাম। পূর্ব্বশ্লোকের সঙ্গে অন্বয়] ॥ ৭ ॥

বামে ঊরৌ (তিনি বাম ঊরুদেশে) দক্ষিণাঙ্ঘ্রিসরোরুহম্ (দক্ষিণপাদপদ্ম) অধিশ্রিত্য (সংস্থাপন করিয়া) অপাশ্রিতার্ভকাশ্বত্থং (পৃষ্ঠদেশ ছোট একটি অশ্বত্থবৃক্ষে ন্যস্ত করিয়া উপবিষ্ট আছেন), ত্যক্তপিপ্পলং (তিনি বাসস্থান পরিত্যাগ করিয়াছেন), অকৃশম্ (তথাপি কৃশ হন নাই); [এইরূপ শ্রীকৃষ্ণকে আমি দেখিতে পাইলাম] ॥ ৮ ॥

তস্মিন্ (সেই সময়ে) মহাভাগবতঃ (পরমবৈষ্ণব) দ্বৈপায়ন-সুহৃৎসখা (বেদব্যাসের পরমাত্মীয় ও বন্ধু) সিদ্ধঃ (যোগসিদ্ধ মৈত্রেয়ঋষি) লোকান্ (লোকসকল) অনুচরন্ (পরিভ্রমণ করিতে করিতে) যদৃচ্ছয়া (যদৃচ্ছাক্রমে) আসসাদ (ভগবান্‌কে প্রাপ্ত হইলেন) [অর্থাৎ ভগবৎসমীপে উপস্থিত হইলেন] ॥৯॥

অনুরক্তস্য (ভগবান্ শ্রীকৃষ্ণে অনুরক্ত) [অতএব] প্রমোদভারানতকন্ধরস্য (ভগবদ্দর্শন হওয়ায় আনন্দ-ভরে অবনতমস্তক) আশৃণ্বতঃ (শ্রবণকারী) তস্য মুনেঃ (সেই মৈত্রেয় ঋষির) [সমক্ষে] মুকুন্দঃ (ভগবান্ শ্রীকৃষ্ণ) অনুরাগহাসসমীক্ষয়া (অনুরাগের সহিত হাস্যযুক্তদৃষ্টিদ্বারা) বিশ্রময়ন্ (ক্লান্তি দূর করতঃ) মাং (আমাকে) উবাচ (বলিতে লাগিলেন) ॥ ১০ ॥

অনুবাদ

ভগবান্ শ্রীকৃষ্ণ বাম ঊরুর উপরে দক্ষিণ পাদপদ্ম সংস্থাপনপূর্ব্বক পৃষ্ঠদেশ ছোট একটি অশ্বত্থবৃক্ষে ন্যস্ত করিয়া উপবিষ্ট আছেন ; তিনি বাসস্থান পরিত্যাগ করিয়াছেন, তথাপি কৃশ হন নাই ; আমি তাঁহাকে এইরূপ দেখিতে পাইলাম ॥ ৮ ॥

সেই সময়ে পরমবৈষ্ণব, যোগসিদ্ধ এবং ব্যাসদেবের পরমাত্মীয় ও বন্ধু মৈত্রেয়-ঋষি লোকসকল পরিভ্রমণ করিতে করিতে অকস্মাৎ ভগবৎসমীপে উপস্থিত হইলেন ॥ ৯ ॥

মৈত্রেয়ঋষি ভগবান্ শ্রীকৃষ্ণে অতিশয় অনুরক্ত ; অতএব ভগবদ্দর্শনে আনন্দভরে

টীকা

পৃষ্ঠতোঽবষ্টব্ধঃ অর্ভকাশ্বত্থো বালপিপ্পলো যেন তম্ । ত্যক্তঃ পিপ্পলঃ বাসস্থানম্ যেন তম্, অকৃশম্ তত্ত্যাগ-নিমিত্তকার্শ্যরহিতম্ ॥৮॥ দ্বৈপায়নঃ সুহৃৎ সখা চ যস্য সঃ মৈত্রেয়ঃ ॥৯॥ প্রমোদভারেণ আনতা কন্ধরা যস্য স তথা তস্য, অনুরাগেণ সহ হাসো যস্যাং তয়া সম্যগ্ ঈক্ষয়া ॥ ১০ ॥ বসো! উদ্ধব! বিশ্ব-

শ্রীভগবানুবাচ

বেদাহমন্তর্ম্মনসীপ্সিতং তে দদামি যত্তদ্ দুরবাপমন্যৈঃ।
সত্রে পুরা বিশ্বসৃজাং বসূনাং মৎসিদ্ধিকামেন বসো! ত্বয়েষ্টঃ ॥১১॥
স এষ সাধো চরমো ভবানা-মাসাদিতস্তে মদনুগ্রহো যৎ।
যন্মাং নৃলোকান্ রহ উৎসৃজন্তং দিষ্ট্যা দদৃশ্বান্ বিশদানুবৃত্ত্যা ॥১২॥

অন্বয়

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন) বসো! (হে উদ্ধব!) পুরা (পূর্ব্বজন্মে) বিশ্বসৃজাং (বিশ্বস্রষ্টা প্রজাপতিগণের) বসূনাং (ও বসুগণের) সত্রে (যজ্ঞে) মৎসিদ্ধিকামেন (আমার প্রাপ্তি কামনায়) ত্বয়া (বসুরূপী তোমাকর্ত্তৃক) [অহম্] (আমি) ইষ্টঃ (আরাধিত হইয়াছিলাম); [অতএব] যৎ তে (যাহা তোমার) মনসি ঈপ্সিতম্ (মনে অভিলষিত), [তাহা] অহম্ অন্তঃ [স্থিতঃ] (আমি তোমার অন্তরে থাকিয়া) বেদ (জানিতে পারিয়াছি); তৎ (তাহা) অন্যৈঃ (আমার ভক্ত ব্যতীত অপরের) দুরবাপম্ [অপি] (দুষ্প্রাপ্য হইলেও) [তুভ্যং] দদামি (তোমাকে প্রদান করিব) ॥ ১১ ॥

সাধো! (হে সাধো উদ্ধব!) তে (তোমার) ভবানাং (জন্ম সকলের মধ্যে) সঃ এষঃ চরমঃ (এই জন্মই শেষ জন্ম); যৎ (এই জন্মে) মদনুগ্রহঃ (আমার অনুগ্রহ) আসাদিতঃ (তুমি লাভ করিয়াছ); যৎ [চ] (আর এই জন্মে) নৃলোকান্ উৎসৃজন্তং মাং (জীবলোক ত্যাগ করিয়া নিজলোকে গমনকারী আমাকে) বিশদানুবৃত্ত্যা (নির্ম্মলসেবাদ্বারা) রহঃ (নির্জ্জনে) দদৃশ্বান্ (দর্শন করিয়াছ); [এতৎ] দিষ্ট্যা (এসকল নিতান্ত সৌভাগ্যেই সম্ভাবিত হয়) ॥ ১২ ॥

অনুবাদ

তাঁহার গ্রীবা আনত হইল অর্থাৎ তিনি অবনতমস্তকে রহিলেন; তখন তাঁহার সমক্ষে ভগবান্ মুকুন্দ অনুরাগের সহিত হাস্যযুক্ত দৃষ্টির দ্বারা আমার ক্লান্তি দূরকরতঃ আমাকে বলিতে লাগিলেন ॥ ১০ ॥

শ্রীভগবান্ বলিলেন—হে উদ্ধব! পূর্ব্বজন্মে তুমি প্রজাপতি ও বসুগণের যজ্ঞে বসুরূপে থাকিয়া আমার প্রাপ্তিকামনায় আমাকে আরাধনা করিয়াছিলে; অতএব আমি তোমার অন্তরে থাকিয়া যাহা তোমার বাঞ্ছিত, তাহা জানিতে পারিয়াছি; অন্যের দুষ্প্রাপ্য হইলেও সেই তোমার বাঞ্ছিত বস্তু আমি তোমাকে প্রদান করিব ॥ ১১ ॥

হে সাধো উদ্ধব! তোমার জন্মসমূহের মধ্যে এই শেষ জন্ম; [আর তোমাকে জন্মগ্রহণ করিতে হইবে না]। এই জন্মে তুমি আমার অনুগ্রহ লাভ করিয়াছ এবং এই জন্মে নির্ম্মল সেবাদ্বারা জীবলোক পরিত্যাগকরতঃ নিজলোকে গমনোন্মুখ আমাকে নির্জ্জনে দর্শন করিয়াছ, এই সকল নিতান্ত সৌভাগ্যেই সম্ভাবিত হইয়া থাকে ॥ ১২ ॥

টীকা

সৃজাং বসূনাঞ্চ মিলিতানাং সত্রে পুরা পূর্ব্বজন্মনি বসুভাবে মৎসিদ্ধিকামেন মৎপ্রাপ্তিকামেন ত্বয়া অহম্ ইষ্টঃ আরাধিতঃ; অতো যৎ তে মনসি ঈপ্সিতং মৎপ্রাপ্ত্যুপায়ম্ অহম্ অন্তঃস্থিতো বেদ বেদ্মি, তদন্যৈর্দ্দুরবাপমপি তুভ্যং দদামি দাস্যামি ॥ ১১ ॥ তে ভবানাং জন্মনাং মধ্যে এষ ভবো জন্ম

পুরা ময়া প্রোক্তমজায় নাভ্যে পদ্মে নিষণ্ণায় মমাদিসর্গে।
জ্ঞানং পরং মন্মহিমাবভাসং যৎ সূরয়ো ভাগবতং বদন্তি ॥ ১৩ ॥
ইত্যাদৃতোক্তঃ পরমস্য পুংসঃ প্রতীক্ষণানুগ্রহভাজনোঽহম্।
স্নেহোত্থরোমা স্খলিতাক্ষরস্তং মুঞ্চন্ শুচঃ প্রাঞ্জলিরাবভাষে ॥১৪॥
কো ন্বীশ! তে পাদসরোজভাজাং সুদুর্লভোঽর্থেষু চতুর্ষ্বপীহ।
তথাপি নাহং প্রবৃণোমি ভূমন্! ভবৎপদাম্ভোজনিষেবণোৎসুকঃ ॥১৫॥

অন্বয়

পুরা (পাদ্মকল্পে) আদিসর্গে (সৃষ্টির প্রারম্ভে) মম (আমার) নাভ্যে (নাভিস্থিত) পদ্মে (কমলে) নিষণ্ণায় (উপবিষ্ট) অজায় (ব্রহ্মাকে) মন্মহিমাবভাসং (আমার বিভূতি প্রকাশক) পরং জ্ঞানং (যে পরমজ্ঞান) ময়া প্রোক্তং (আমাকর্ত্তৃক কথিত হইয়াছিল) যৎ (এবং যে জ্ঞানকে) সূরয়ঃ (বিবেকিগণ) ভাগবতং বদন্তি (ভাগবতজ্ঞান বলিয়া কীর্ত্তন করেন), [সেই জ্ঞান আমি তোমাকে প্রদান করিব] ॥ ১৩ ॥

ইতি (এই প্রকারে) আদৃতোক্তঃ (আদৃত ও উপদিষ্ট) পরমস্য পুংসঃ (এবং পরমপুরুষ ভগবান্ শ্রীকৃষ্ণের) প্রতীক্ষণানুগ্রহভাজনঃ (কৃপাদৃষ্টিরূপ অনুগ্রহের পাত্র) অহং (আমি) স্নেহোত্থরোমা (প্রেমভরে পুলকিতাঙ্গ হইয়া) স্খলিতাক্ষরঃ (বাষ্পরুদ্ধকণ্ঠে) শুচঃ মুঞ্চন্ (অশ্রুমোচন করিতে করিতে) প্রাঞ্জলিঃ (কৃতাঞ্জলিপুটে) তং (শ্রীকৃষ্ণকে) আবভাষে (বলিলাম) ॥ ১৪ ॥

ঈশ! (হে পরমেশ্বর!) তে (আপনার) পাদসরোজভাজাম্ (চরণকমলভজনাকারিগণের)

অনুবাদ

[পূর্ব্বে অভিলষিত বস্তু দিবেন বলিয়াছেন ; এক্ষণে কি দিবেন তাহাই বলিতেছেন] হে উদ্ধব! ব্রহ্মার সৃষ্টির প্রারম্ভে আমার নাভিকমলে উপবিষ্ট ব্রহ্মাকে আমি আমার মহিমাপ্রকাশক যে পরমজ্ঞান উপদেশ করিয়াছিলাম এবং যে জ্ঞানকে বিবেকিগণ ভাগবতজ্ঞান বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন, এক্ষণে সেই জ্ঞান আমি তোমাকে প্রদান করিব ॥ ১৩ ॥

হে বিদুর! এই প্রকারে পরমপুরুষ শ্রীকৃষ্ণের আদর, উপদেশ ও কৃপাদৃষ্টিরূপ অনুগ্রহের পাত্র হইয়া আমি প্রেমভরে পুলকিতাঙ্গ হইলাম এবং বাষ্পরুদ্ধ কণ্ঠে অশ্রুবর্ষণ করিতে করিতে কৃতাঞ্জলিপুটে ভগবান্ শ্রীকৃষ্ণকে বলিলাম ॥ ১৪ ॥

হে পরমেশ্বর! আপনার পাদপদ্মভজনাকারিগণের এই জগতে চতুর্ব্বিধ পুরুষার্থের

টীকা

চরমঃ। যৎ যস্মিন্ মদনুগ্রহঃ ত্বয়া আসাদিতঃ লব্ধঃ। যচ্চ নূলোকান্ উৎসৃজন্তং বদ্ধজীবলোকং ত্যক্ত্বা নিজলোকং গচ্ছন্তং মাং বিশদানুবৃত্ত্যা রহঃ একান্তে দদৃশ্বান্ দৃষ্টবানসি, এতৎ দিষ্ট্যা ভদ্রম্ ॥ ১২ ॥ দদামীত্যুক্তং, তত্র কিং দদাসীত্যাকাঙ্ক্ষায়ামাহ—পুরেতি। পুরা পাদ্মে কল্পে আদিসর্গে সর্গোপক্রমে মম নাভ্যে নাভিস্থে পদ্মে নিষণ্ণায় মন্মহিমাবভাসং মম বৈভববিষয়কং পরং জ্ঞানং প্রোক্তম্ দদামীত্যন্বয়ঃ ॥ ১৩ ॥ ইত্যেবমাদৃতশ্চাসৌ উক্তশ্চ শুচঃ অশ্রূণি ॥ ১৪ ॥ পাদসরোজভাজাম্ চরণকমলভজমানানাম্ ॥ ১৫ ॥

কর্ম্মাণ্যনীহস্য ভবোঽভবস্য তে দুর্গাশ্রয়োঽথারিভয়াৎ পলায়নম্।
কালাত্মনো যৎ প্রমদাযুতাশ্রয়ঃ স্বাত্মন্ রতেঃ খিদ্যতি ধীর্বিদামিহ ॥১৬॥
মন্ত্রেষু মাং বা উপহূয় যত্ত্ব-মকুণ্ঠিতাখণ্ডসদাত্মবোধঃ।
পৃচ্ছেঃ প্রভো! মুগ্ধ ইবাপ্রমত্ত-স্তন্নো মনো মোহয়তীব দেব! ॥১৭॥

অন্বয়

ইহ (এই জগতে) চতুর্ষু অপি অর্থেষু (ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ এই চতুর্ব্বিধ পুরুষার্থের মধ্যে) কঃ নু (কোন্‌টিই বা) সুদুর্লভঃ? (দুষ্প্রাপ্য হইয়া থাকে?) [অর্থাৎ ভগবদ্ভক্তগণের সমস্তই সুলভ]; তথাপি (চতুর্ব্বিধ পুরুষার্থ সুলভ হইলেও) ভূমন্! (হে বিভো!) ভবৎপদাম্ভোজনিষেবণোৎসুকঃ (আপনার চরণকমল সেবাভিলাষী) অহং (আমি) [তান্] (সেই সকল) ন প্রবৃণোমি (প্রার্থনা করি না)॥ ১৫॥

[হে বিভো!] অনীহস্য (ফলভোগস্পৃহাশূন্য) তে (আপনার) কর্ম্মাণি (কর্ম্ম), অভবস্য (উৎপত্তি-বিনাশশীল দেহরহিত আপনার) ভবঃ (জন্ম), কালাত্মনঃ (কালশক্তি আপনার) দুর্গাশ্রয়ঃ (দুর্গের আশ্রয়) অথ (এবং) অরিভয়াৎ পলায়নম্ (শত্রুভয়ে পলায়ন) স্বাত্মন্ রতেঃ (ও আত্মারাম আপনার) প্রমদাযুতাশ্রয়ঃ (ক্রীড়ার নিমিত্ত বহুস্ত্রী আশ্রয়) ইতি যৎ (এই যাহা যাহা), ইহ (এই সকল আচরণে) বিদাম্ [অপি] (বিদ্বদ্‌ব্যক্তিগণেরও) ধীঃ (বুদ্ধি) খিদ্যতি (মোহিত হয়)॥ ১৬॥

প্রভো! (হে নাথ!) অকুণ্ঠিতাখণ্ডসদাত্মবোধঃ (দেশ, কাল ও বস্তুর দ্বারা পরিচ্ছেদশূন্য অখণ্ড জ্ঞান-

অনুবাদ

মধ্যে কোন্‌টিই বা দুষ্প্রাপ্য হইয়া থাকে? অর্থাৎ যাঁহারা আপনার চরণকমল ভজনা করেন, তাঁহাদের সমস্তই সুলভ; তথাপি হে বিভো! আমি এ সকল কিছুই প্রার্থনা করি না, আমি কেবল আপনার চরণকমলই সেবা করিতে অভিলাষী॥ ১৫॥

হে ভগবন্! আপনি ফলভোগস্পৃহাশূন্য হইয়াও যে কর্ম্ম করেন, উৎপত্তি-বিনাশশীল দেহরহিত হইয়াও যে জন্মগ্রহণ করেন, কালশক্তিস্বরূপ হইয়াও যে দুর্গের আশ্রয় করেন ও শত্রুভয়ে পলায়ন করেন এবং স্বয়ং আত্মারাম হইয়াও যে ক্রীড়ার নিমিত্ত বহু রমণীগণের আশ্রয় লাভ করেন, এই সকল আচরণে বিদ্বান্ ব্যক্তিগণেরও বুদ্ধি সংশয়ে মোহিত হইয়া থাকে। মূর্খগণের কথা আর কি বলিব? [আপনি সমস্তই লোকসংগ্রহের নিমিত্ত করিয়া থাকেন। যাহারা আপনার লীলাবিষয়ে অনভিজ্ঞ, তাহারাই এ সকল বিষয়ে মোহিত হইয়া থাকে]॥ ১৬॥

হে নাথ! আপনি দেশ, কাল ও বস্তুর দ্বারা পরিচ্ছেদশূন্য অখণ্ড জ্ঞানস্বরূপ; তথাপি হে

টীকা

অনীহস্য ফলসেবনস্পৃহারহিতস্য কর্ম্মাণি সন্ধ্যোপাসনাদীনি, অভবস্য উৎপত্তিবিনাশবদ্দেহরহিতস্য ভবো জন্ম, কালাত্মনঃ কালশক্তেঃ দুর্গাশ্রয়ঃ, পলায়নঞ্চ, স্বাত্মনি রতির্যস্য তস্য প্রমদাযুতাশ্রয়ঃ ইতি যৎ। ইহ অস্মিন্ বিষয়ে বিদামপি ধীঃ খিদ্যতি, কিমুত মূর্খাণামিত্যর্থঃ। ত্বয়া সর্ব্বং লোকসংগ্রহার্থং কৃতম্, তত্র জীবাস্তু কেচিৎ তত্তল্লীলাপ্রয়োজনানভিজ্ঞা মুহ্যন্তীতি ভাবঃ॥ ১৬॥ আস্তাম্ অন্য বার্ত্তা তব চেষ্টিতং মামপি

জ্ঞানং পরং স্বাত্মরহঃপ্রকাশং প্রোবাচ কস্মৈ ভগবান্ সমগ্রম্।
অপি ক্ষমং নো গ্রহণায় ভর্ত্ত-র্দাঞ্জসা যদ্ বৃজিনং তরেম ॥ ১৮ ॥
ইত্যাবেদিতহার্দ্দায় মহ্যং স ভগবান্ পরঃ।
আদিদেশারবিন্দাক্ষ আত্মনঃ পরমাং স্থিতিম্ ॥ ১৯ ॥
স এবমারাধিতপাদতীর্থা-দধীততত্ত্বাত্মবিবোধমার্গঃ।
প্রণম্য পাদৌ পরিবৃত্য দেব-মিহাগতোঽহং বিরহাতুরাত্মা ॥ ২০ ॥

অন্বয়

স্বরূপ) ত্বং (আপনি) মন্ত্রেষু (মন্ত্রণার বিষয় উপস্থিত হইলে) মাং বৈ যৎ উপহূয় (আমাকেই যে আহ্বান করিয়া) অপ্রমত্তঃ [সন্] (সতর্ক হইয়া) মুগ্ধঃ ইব (মূঢ়ের ন্যায়) পৃচ্ছেঃ (জিজ্ঞাসা করিতেন) ; হে দেব ! (হে ভগবন্) তৎ (তাহা) নঃ (আমাদিগের) মনঃ (চিত্তকে) মোহয়তি ইব (যেন মোহিত করিতেছে) ॥ ১৭ ॥

স্বাত্মরহঃপ্রকাশং (নিজের তত্ত্বপ্রকাশক) পরং জ্ঞানং (যে পরমজ্ঞান) ভগবান্ (ষড়ৈশ্বর্য্যশালী আপনি) কস্মৈ (ব্রহ্মাকে) প্রোবাচ (বলিয়াছিলেন), সমগ্রং [তৎ] (সেই সমস্ত জ্ঞান) অপি (যদি) নঃ (আমার) গ্রহণায় ক্ষমং (গ্রহণযোগ্য হয়), [তবে] ভর্ত্তঃ ! (হে স্বামিন্ !) বদ (বলুন) ; যৎ (যে জ্ঞানের দ্বারা) অঞ্জসা (অনায়াসে) বৃজিনং (আমি সংসারদুঃখ) তরেম (অতিক্রম করিব) ॥ ১৮ ॥

সঃ (সেই) অরবিন্দাক্ষঃ (কমললোচন) পরঃ ভগবান্ (পরমপুরুষ ভগবান্ শ্রীকৃষ্ণ) ইতি আবেদিতহার্দ্দায় (এই প্রকারে হৃদয়গত অভিপ্রায় নিবেদনকারী) মহ্যং (আমাকে) আত্মনঃ (নিজের) পরমাং স্থিতিং (সর্ব্বশ্রেষ্ঠ যথার্থস্বরূপ অর্থাৎ পরমতত্ত্ব) আদিদেশ (উপদেশ করিয়াছেন) ॥ ১৯ ॥

এবং (এই প্রকারে) আরাধিতপাদতীর্থাৎ (পূজ্যপাদ ব্রহ্মাদি দেবগণেরও পরমগুরু

অনুবাদ

দেব ! কোনও মন্ত্রণার বিষয় উপস্থিত হইলে আপনি আমাকেই যে আহ্বান করিয়া সতর্কতা অবলম্বন পূর্ব্বক মূঢ়ের ন্যায় জিজ্ঞাসা করিতেন, তাহা অচিন্তনীয় বলিয়া আমার চিত্তকে মোহিত করিতেছে ॥ ১৭ ॥

হে ভগবন্ ! আপনি নিজতত্ত্ব প্রকাশক পরমজ্ঞান ব্রহ্মাকে উপদেশ করিয়াছিলেন ; সেই সমস্ত জ্ঞান যদি আমার গ্রহণযোগ্য হয় অর্থাৎ যদি আমি তাদৃশ অধিকারী হইয়া থাকি, তবে হে নাথ ! তাহা আমাকে বলুন। এই জ্ঞান লাভ করিয়া আমি অনায়াসে দুঃখময় সংসার-সাগর উত্তীর্ণ হইতে পারিব ॥ ১৮ ॥

আমি এই প্রকারে ভগবৎসমীপে হৃদয়গত অভিপ্রায় নিবেদন করিলে আমাকে সেই কমললোচন পরমপুরুষ ভগবান্ শ্রীকৃষ্ণ নিজের সর্ব্বশ্রেষ্ঠ যথার্থস্বরূপ অর্থাৎ পরমতত্ত্ব উপদেশ করিয়াছেন ॥ ১৯ ॥

আমি এই প্রকারে পূজ্যপাদ ব্রহ্মাদিদেবগণেরও পরমগুরু ভগবান্ শ্রীকৃষ্ণের নিকট

টীকা

মোহয়তীবেত্যাহ—মন্ত্রেষ্বিতি। পৃচ্ছেঃ আপৃচ্ছঃ ॥ ১৭ ॥ স্বাত্মরহঃপ্রকাশম্ স্বাত্মনস্তব তত্ত্বপ্রকাশকম্, কস্মৈ ব্রহ্মণে প্রোবাচ, সর্ব্বনামত্বমার্ষম্। অপি যদি নোঽস্মাকং গ্রহণায় ক্ষমং যোগ্যং তর্হি হে ভর্ত্তঃ !

সোঽহং তদ্দর্শনাহ্লাদ-বিয়োগার্ত্তিযুতঃ প্রভো ! ।
গমিষ্যে দয়িতং তস্য বদর্য্যাশ্রমমণ্ডলম্ ॥ ২১ ॥
যত্র নারায়ণো দেবো নরশ্চ ভগবানৃষিঃ ।
মৃদু তীব্রং তপো দীর্ঘং তেপাতে লোকভাবনৌ ॥ ২২ ॥

শ্রীশুক উবাচ

ইত্যুদ্ধবাদুপাকর্ণ্য সুহৃদাং দুঃসহং বধম্ ।
জ্ঞানেনাশময়ৎ ক্ষত্তা শোকমুৎপতিতং বুধঃ ॥ ২৩ ॥

অন্বয়

ভগবানের নিকট হইতে) অধীততত্ত্বাত্মবিবোধমার্গঃ (প্রকৃতিপুরুষাদি তত্ত্বসমূহের আশ্রয় যে ভগবদ্বিষয়ক জ্ঞান, সেই জ্ঞানের শাস্ত্ররূপ উপায় সম্যক্‌রূপে অবগত হইয়া) সঃ অহং (আমি) দেবং পরিবৃত্য (পরমদেবতা শ্রীকৃষ্ণকে প্রদক্ষিণ করিয়া) পাদৌ প্রণম্য [চ] (শ্রীচরণে প্রণাম করতঃ) বিরহাতুরাত্মা (বিরহব্যথিতচিত্তে) ইহ (এই স্থানে) আগতঃ (আসিয়াছি) ॥ ২০ ॥

প্রভো ! (হে বিদুর !) তদ্দর্শনাহ্লাদবিয়োগার্ত্তিযুতঃ (সেই ভগবানের দর্শনে আনন্দিত ও বিয়োগে ব্যথিত) সঃ অহং (সেই আমি) তস্য (তাঁহার) দয়িতং (প্রিয়) বদর্য্যাশ্রমমণ্ডলম্ (বদরিকাশ্রমে) গমিষ্যে (গমন করিব) ॥ ২১ ॥

যত্র (সেই বদরিকাশ্রমে) দেবঃ নারায়ণঃ ভগবান্ ঋষিঃ নরশ্চ (ভগবান্ নর ও নারায়ণ ঋষি) লোকভাবনৌ (লোকশিক্ষার নিমিত্ত) দীর্ঘং (কল্পান্তকাল পর্য্যন্ত) মৃদু (সাত্ত্বিক) তীব্রং (দুশ্চরণীয়) তপঃ তেপাতে (তপস্যা করিতেছেন) ॥ ২২ ॥

শ্রীশুকঃ উবাচ (শুকদেব বলিলেন) [হে পরীক্ষিৎ !] বুধঃ (জ্ঞানী) ক্ষত্তা (বিদুর)

অনুবাদ

হইতে প্রকৃতিপুরুষাদি তত্ত্বসমূহের আশ্রয় যে ভগবদ্বিষয়ক জ্ঞান, সেই জ্ঞানের পথ সম্যক্‌রূপে অবগত হইয়াছি এবং সেই আরাধ্যতম শ্রীকৃষ্ণকে প্রদক্ষিণ করতঃ তাঁহার শ্রীচরণে প্রণাম করিয়া বিরহব্যথিতচিত্তে এক্ষণে এই স্থানে উপস্থিত হইয়াছি ॥ ২০ ॥

হে বিদুর ! আমি ভগবানের দর্শনে আনন্দিত ও বিরহে কাতর হইয়াছি ; এক্ষণে আমি তাঁহার প্রিয়স্থান বদরিকাশ্রমে গমন করিব ॥ ২১ ॥

যেস্থানে ভগবান্ নর ও নারায়ণ ঋষি লোক শিক্ষার নিমিত্ত কল্পান্তকাল পর্য্যন্ত সাত্ত্বিকভাবে রজ ও তমোগুণাবলম্বিগণের দুরাচরণীয় তপস্যা অনুষ্ঠান করিতেছেন, আমি সেই বদরিকাশ্রমে গমন করিব ॥ ২২ ॥

শ্রীশুকদেব বলিলেন—হে পরীক্ষিৎ ! পরমজ্ঞানী বিদুর উদ্ধবের নিকটে

টীকা

স্বামিন্ ! বদ ; যদ্ যতঃ অঞ্জসা অনায়াসেন বৃজিনং দুঃখং সংসারং তরেম তরিষ্যামঃ ॥ ১৮ ॥ পরমাং জ্ঞাতব্যাস্তররহিতাং স্থিতিং সর্ব্বশ্রেষ্ঠং যাথাত্ম্যম্ আদিদেশ উপদিষ্টবান্ ॥ ১৯ ॥ আরাধিতপাদানাং ব্রহ্মাদীনামপি তীর্থং শুদ্ধিহেতুঃ গুরুস্তস্মাৎ অধীতঃ তত্ত্বানাং প্রকৃতিপুরুষাদীনামাত্মনঃ আশ্রয়স্য ভগবতঃ যো বিবোধঃ ভগবদ্বিষয়কং জ্ঞানং তস্য মার্গঃ শাস্ত্রং যেন সঃ। পরিবৃত্য প্রদক্ষিণীকৃত্য ॥ ২০ ॥ লোকভাবনৌ

স তং মহাভাগবতং ব্রজন্তং কৌরবর্ষভঃ।
বিস্রম্ভাদভ্যধত্তেদং মুখ্যং কৃষ্ণপরিগ্রহে ॥ ২৪ ॥

শ্রীবিদুর উবাচ

জ্ঞানং পরং স্বাত্মরহঃপ্রকাশং যদাহ যোগেশ্বর ঈশ্বরস্তে।
বক্তুং ভবান্ নোঽর্হতি যদ্ধি বিষ্ণো-র্ভৃত্যাঃ স্বভৃত্যার্থকৃতশ্চরন্তি ॥২৫॥

অন্বয়

উদ্ধবাৎ (উদ্ধবের নিকট হইতে) ইতি (পূর্ব্বোক্ত প্রকারে) সুহৃদাম্ (আত্মীয়গণের) দুঃসহং বধং (দুঃসহ নিধনবৃত্তান্ত) উপাকর্ণ্য (শ্রবণ করিয়া) উৎপতিতং শোকং (উপজাত শোকবেগ) জ্ঞানেন (বিবেকজ্ঞানদ্বারা) অশময়ৎ (প্রশমিত করিলেন) ॥ ২৩ ॥

সঃ কৌরবর্ষভঃ (সেই কুরুকুলশ্রেষ্ঠ বিদুর) ব্রজন্তং (বদরিকাশ্রমে গমনোদ্যত) মহাভাগবতং তং (পরমবৈষ্ণব উদ্ধবকে) বিস্রম্ভাৎ (শ্রদ্ধাবশতঃ) কৃষ্ণপরিগ্রহে (শ্রীকৃষ্ণানুগ্রহলাভের) মুখ্যং (শ্রেষ্ঠ উপায়) ইদং (ইহা অর্থাৎ আত্মতত্ত্ববিষয়ক কথা) অভ্যধত্ত (জিজ্ঞাসা করিলেন) ॥ ২৪ ॥

শ্রীবিদুরঃ উবাচ (বিদুর বলিলেন) যোগেশ্বরঃ ঈশ্বরঃ (যোগেশ্বর শ্রীকৃষ্ণ) স্বাত্মরহঃ-প্রকাশং (স্বীয় তত্ত্বপ্রকাশক) যৎ পরং জ্ঞানং (যে পরমজ্ঞান) তে (আপনাকে) আহ (উপদেশ করিয়াছেন), [তাহা] নঃ (আমাদিগকে) বক্তুং (বলিতে অর্থাৎ উপদেশ করিতে) ভবান্ হি (আপনিই) অর্হতি (যোগ্য হইয়া থাকেন); যৎ (যেহেতু) বিষ্ণোঃ ভৃত্যাঃ (বিষ্ণুভক্তগণ) স্বভৃত্যার্থকৃতঃ (স্বীয় ভক্তগণের প্রয়োজনসাধক হইয়া) চরন্তি (ভ্রমণ করিয়া থাকেন) ॥ ২৫ ॥

অনুবাদ

এইরূপে আত্মীয়গণের দুঃসহ নিধনবৃত্তান্ত শ্রবণ করিয়া উপজাত শোকবেগ বিবেকজ্ঞানের দ্বারা প্রশমিত করিলেন ॥ ২৩ ॥

অনন্তর কুরুকুলশ্রেষ্ঠ বিদুর উদ্ধবকেই ভগবত্তত্ত্ববিষয়ে উপযুক্ত বক্তা নিশ্চয় জানিয়া বদরিকাশ্রমে গমনোদ্যত পরমবৈষ্ণব সেই উদ্ধবকে শ্রীকৃষ্ণানুগ্রহলাভের শ্রেষ্ঠ উপায় আত্মবিষয়ক কথা জিজ্ঞাসা করিলেন ॥ ২৪ ॥

বিদুর বলিলেন—হে উদ্ধব! যোগেশ্বর শ্রীকৃষ্ণ স্বীয় আত্মতত্ত্বপ্রকাশক যে পরম জ্ঞান আপনাকে উপদেশ করিয়াছেন, তাহা আমাদিগকে উপদেশ করিতে আপনিই যোগ্য; কারণ বিষ্ণুভক্তগণ স্বীয় ভক্তগণের প্রয়োজন সাধন করিবার জন্যই বিচরণ করিয়া থাকেন অর্থাৎ ভক্তপ্রয়োজন নিষ্পাদন ব্যতীত তাঁহাদের আর কোনও কার্য্য নাই; অতএব আমি আপনার সেবক, আমাকে ভগবত্তত্ত্ব উপদেশ করুন ॥ ২৫ ॥

টীকা

লোকশিক্ষার্থং প্রবৃত্তৌ, মৃদু সাত্ত্বিকং, তীব্রং রজস্তমোবৃত্তিভির্দুশ্চরং দীর্ঘমাকল্পান্তম্ ॥ ২২॥২৩॥২৪ ॥ যৎ যতঃ স্বভৃত্যার্থকৃতঃ স্বভক্তপ্রয়োজনকারিণঃ ॥ ২৫ ॥ ননু! হে বিদুর! তত্ত্বসংরাধ্যঃ তত্ত্বোপদেশার্থং সংরাধ্যঃ

শ্রীউদ্ধব উবাচ

ননু তে তত্ত্বসংরাধ্য ঋষিঃ কৌশারবোঽন্তিকে।
সাক্ষাদ্ভগবতাদিষ্টো মর্ত্ত্যলোকং জিহাসতা ॥ ২৬ ॥

শ্রীশুক উবাচ

ইতি সহ বিদুরেণ বিশ্বমূর্ত্তে-র্গুণকথয়া সুধয়া প্লাবিতোরুতাপঃ।
ক্ষণমিব পুলিনে যমস্বসুস্তাং সমুষিত ঔপগবির্নিশাং ততোঽগাৎ ॥২৭॥

শ্রীরাজোবাচ

নিধনমুপগতেষু বৃষ্ণিভোজে-ষ্বধিরথযূথপযূথপেষু মুখ্যঃ।
স তু কথমবশিষ্ট উদ্ধবো য-দ্ধরিরপি তত্যজ আকৃতিং ত্র্যধীশঃ ॥২৮॥

অন্বয়

শ্রীউদ্ধবঃ উবাচ (উদ্ধব বলিলেন) ননু (হে বিদুর!) মর্ত্ত্যলোকং (মনুষ্যলোক) জিহাসতা (পরিত্যাগেচ্ছু) সাক্ষাৎ ভগবতা (স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণকর্ত্তৃক) অন্তিকে (আমার সমক্ষে) কৌশারবঃ ঋষিঃ (কুশারুনন্দন মৈত্রেয়ঋষি) তে (আপনার) তত্ত্বসংরাধ্যঃ (তত্ত্বোপদেশের নিমিত্ত) আদিষ্টঃ (আদিষ্ট হইয়াছেন) ॥ ২৬ ॥

শ্রীশুকঃ উবাচ (শুকদেব বলিলেন) ইতি (এই প্রকারে) ঔপগবিঃ (উদ্ধব) বিদুরেণ সহ (বিদুরের সহিত) বিশ্বমূর্ত্তেঃ (বিশ্বমূর্ত্তি শ্রীকৃষ্ণের) গুণকথয়া সুধয়া (গুণকীর্ত্তনরূপ অমৃতের দ্বারা) প্লাবিতোরুতাপঃ (গুরুতর বিরহসন্তাপ দূর করিয়া) যমস্বসুঃ (যমুনার) পুলিনে (তটে) তাং নিশাং (সেই রাত্রি) ক্ষণম্ ইব (ক্ষণকালের ন্যায়) সমুষিতঃ (অতিবাহিত করিয়া) ততঃ (যমুনাতট হইতে) অগাৎ (চলিয়া গেলেন) ॥ ২৭ ॥

শ্রীরাজা উবাচ (মহারাজ পরীক্ষিৎ বলিলেন) বৃষ্ণিভোজেষু (বৃষ্ণি ও ভোজবংশীয় সকল)

অনুবাদ

উদ্ধব বলিলেন—হে বিদুর! স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণই মর্ত্ত্যলোক পরিত্যাগ করিতে অভিলাষী হইয়া আমার সমক্ষে আপনাকে তত্ত্বোপদেশ করিবার নিমিত্ত ভগবান্ মৈত্রেয় ঋষিকে আদেশ করিয়া গিয়াছেন; অতএব তত্ত্বোপদেশের নিমিত্ত মৈত্রেয়ঋষিই আপনার পূজনীয়। তাঁহার নিকট হইতেই আপনি তত্ত্বজ্ঞান লাভ করিবেন ॥ ২৬ ॥

শুকদেব বলিলেন—হে রাজন্! এই প্রকারে উদ্ধব বিদুরের সহিত বিশ্বমূর্ত্তি ভগবান্ শ্রীকৃষ্ণের লীলাগুণকীর্ত্তনরূপ অমৃতের দ্বারা গুরুতর বিরহসন্তাপ দূর করিলেন এবং যমুনাপুলিনে সেই রাত্রি ক্ষণকালের ন্যায় অতিবাহিত করিয়া তথা হইতে চলিয়া গেলেন ॥ ২৭ ॥

মহারাজ পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন—হে ব্রহ্মন্! বৃষ্ণি ও ভোজবংশীয় সকলেই

টীকা

পূজনীয়ঃ ইতি মম সমীপে ত্বদুপদেশার্থং সাক্ষাদ্ভগবতা আদিষ্টঃ আজ্ঞপ্তঃ ॥ ২৬ ॥ ঔপগবিরুদ্ধবঃ গুণকথয়া সুধয়া প্লাবিতঃ অপনীতঃ উরুস্তাপো যস্য সঃ, যমস্বসুর্যমুনায়াঃ পুলিনে তাং নিশাং ক্ষণমিব

শ্রীশুক উবাচ

ব্রহ্মশাপাপদেশেন কালেনামোঘবাঞ্ছিতঃ।
সংহৃত্য স্বকুলং স্ফীতং ত্যক্ষ্যন্ দেহমচিন্তয়ৎ ॥ ২৯ ॥
অস্মাল্লোকাদুপরতে ময়ি জ্ঞানং মদাশ্রয়ম্।
অর্হত্যুদ্ধব এবাদ্ধা সম্প্রত্যাত্মবতাং বরঃ ॥ ৩০ ॥

অন্বয়

নিধনম্ উপগতেষু [ব্রহ্মশাপে] (নিধন প্রাপ্ত হইলে) যৎ ত্রাধীশঃ (ত্রিগুণনিয়ন্তা) হরিঃ অপি (ভগবান্ শ্রীকৃষ্ণও) আকৃতিং (প্রাকৃতলোক) তত্যজ (ত্যাগ করিয়াছেন) তু (কিন্তু) অধিরথ-যূথপযূথপেষু (অধিরথনায়ক সমূহের ও রক্ষক অর্থাৎ মহারথিগণের মধ্যে) মুখ্যঃ (শ্রেষ্ঠ) সঃ উদ্ধবঃ (সেই উদ্ধব) কথম্ অবশিষ্টঃ (কেন অবশিষ্ট রহিলেন?) ॥ ২৮ ॥

শ্রীশুকঃ উবাচ (শ্রীশুকদেব বলিলেন) অমোঘবাঞ্ছিতঃ (সত্যসঙ্কল্প ভগবান্) ব্রহ্মশাপাপদেশেন (ব্রহ্মশাপচ্ছলে) কালেন (স্বীয় কালশক্তির দ্বারা) স্ফীতং (বর্দ্ধিত) স্বকুলং (নিজকুল) সংহৃত্য (সংহার করিয়া) দেহং ত্যক্ষ্যন্ (দেহ ত্যাগ করিতে অভিলাষী হইয়া) অচিন্তয়ৎ (চিন্তা করিলেন) ॥ ২৯ ॥

[ভগবান্ কি চিন্তা করিয়াছিলেন, তাহাই বলিতেছেন] অস্মাৎ লোকাৎ (এই মর্ত্ত্যলোক হইতে) ময়ি উপরতে (আমি চলিয়া গেলে) সম্প্রতি (বর্ত্তমানে) আত্মবতাং বরঃ (জ্ঞানিগণের শ্রেষ্ঠ) উদ্ধবঃ এব (উদ্ধবই) অদ্ধা (সম্যক্‌রূপে) মদাশ্রয়ং জ্ঞানং (মদ্বিষয়ক তত্ত্বজ্ঞান) অর্হতি (উপদেশ করিতে যোগ্য হইবে) ॥ ৩০ ॥

অনুবাদ

ব্রহ্মশাপে নিধন প্রাপ্ত হইলে ত্রিগুণনিয়ন্তা ভগবান্ শ্রীকৃষ্ণও প্রাকৃতলোক পরিত্যাগ করিলেন; কিন্তু মহারথিগণের মধ্যে শ্রেষ্ঠ সেই উদ্ধব কেন অবশিষ্ট রহিলেন? [তাহা আমাকে বলুন] ॥ ২৮ ॥

শ্রীশুকদেব বলিলেন—অব্যর্থসঙ্কল্প ভগবান্ শ্রীকৃষ্ণ স্বীয় কালশক্তির দ্বারা বর্দ্ধিত নিজকুল ব্রহ্মশাপচ্ছলে সংহার করিলেন এবং নিজদেহ পরিত্যাগ করিতে অভিলাষী হইয়া চিন্তা করিতে লাগিলেন ॥ ২৯ ॥

[ভগবান্ চিন্তা করিয়াছিলেন]—আমি এই মর্ত্ত্যলোক পরিত্যাগ করিয়া চলিয়া গেলে সম্প্রতি জ্ঞানিগণের শ্রেষ্ঠ উদ্ধবই সম্যক্‌রূপে মদ্বিষয়ক তত্ত্বজ্ঞান উপদেশ করিতে যোগ্য হইবে ॥ ৩০ ॥

টীকা

সমুষিতঃ তাং রাত্রিং ক্ষণমিব নীত্বা ততঃ পুলিনাদগাৎ ॥ ২৭ ॥ আকৃতিং ত্রিগুণাভিব্যক্তিরূপং প্রাকৃতং লোকম্। ত্রাধীশঃ ত্রিগুণনিয়ন্তা ॥ ২৮ ॥ অমোঘং বাঞ্ছিতং যস্য সঃ ভগবান্। ব্রহ্মশাপঃ অপদেশো মিষং যস্য তেন স্বশক্তিভূতেন কালেন স্বকুলং সংহৃত্য দেহং লীলায়তনং ব্রহ্মাণ্ডং ত্যক্ষ্যন্ অচিন্তয়ৎ ॥ ২৯ ॥ মদাশ্রয়ম্ মদ্বিষয়ম্ ॥ ৩০ ॥ মদ্বয়ুনং মদ্বিষয়ং জ্ঞানম্ ॥ ৩১ ॥ শব্দো বেদঃ যোনির্জ্ঞাপকঃ যস্য তেন বেদ-

নোদ্ধবোঽণ্বপি মন্ন্যূনো যদ্‌গুণৈর্নার্দ্দিতঃ প্রভুঃ।
অতো মদ্বয়ুনং লোকং গ্রাহয়ন্নিহ তিষ্ঠতু ॥ ৩১ ॥
এবং ত্রিলোকগুরুণা সন্দিষ্টঃ শব্দযোনিনা।
বদর্য্যাশ্রমমাসাদ্য হরিমীজে সমাধিনা ॥ ৩২ ॥
বিদুরোঽপ্যুদ্ধবাৎ শ্রুত্বা কৃষ্ণস্য পরমাত্মনঃ।
ক্রীড়য়োপাত্তদেহস্য কর্ম্মাণি শ্লাঘিতানি চ ॥ ৩৩ ॥

অন্বয়

উদ্ধবঃ অণু অপি (উদ্ধব অণুমাত্রও) ন মন্ন্যূনঃ (আমা হইতে ন্যূন নহে); যৎ (যেহেতু) প্রভুঃ (ক্ষমতাশালী উদ্ধব) গুণৈঃ (বিষয়সমূহের দ্বারা) ন অর্দ্দিতঃ (ক্ষোভিত হয় নাই); অতঃ (অতএব এই উদ্ধব) লোকং (লোকসমূহকে) মদ্বয়ুনং (মদ্বিষয়ক তত্ত্বজ্ঞান) গ্রাহয়ন্ (গ্রহণ করাইয়া অর্থাৎ উপদেশ দিয়া) ইহ (এই ভূতলে) তিষ্ঠতু (অবস্থান করুক) ॥ ৩১ ॥

ত্রিলোকগুরুণা (ত্রিলোকগুরু) শব্দযোনিনা (বেদৈকবেদ্য ভগবান্ শ্রীকৃষ্ণকর্ত্তৃক) এবং (এই প্রকার অভিপ্রায়ে) সন্দিষ্টঃ (আদিষ্ট হইয়া) [উদ্ধব] বদর্য্যাশ্রমম্ (বদরিকাশ্রমে) আসাদ্য (গমন করিয়া) সমাধিনা (একাগ্রচিত্তে) হরিং (শ্রীকৃষ্ণকে) ঈজে (আরাধনা করিতে লাগিলেন) ॥ ৩২ ॥

কুরুশ্রেষ্ঠ! (হে মহারাজ পরীক্ষিৎ!) বিদুরঃ অপি (বিদুরও) উদ্ধবাৎ (উদ্ধবের নিকট হইতে) ক্রীড়য়া উপাত্তদেহস্য (লীলানিমিত্ত দেহধারী) পরমাত্মনঃ (পরমাত্মা) কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) শ্লাঘিতানি (প্রশংসনীয়) কর্ম্মাণি (লীলা সকল) পশূনাং (এবং পশুতুল্য) বিক্লবাত্মনাং (বিকলচিত্ত জীবগণের) ধৈর্য্যবর্দ্ধনম্ (ধৈর্য্যবর্দ্ধক), অন্যেষাং (শ্রীহরিবিমুখ ব্যক্তিগণের) দুষ্করতরং চ (দুষ্কর) তস্য

অনুবাদ

এই উদ্ধব আমা হইতে অণুমাত্রও কম নহে; কারণ এই উদ্ধব ক্ষমতাশালী; বিষয়সমূহের দ্বারা তাহার চিত্ত কখনও ক্ষোভিত হয় নাই; অতএব এই উদ্ধব লোকসমূহকে মদ্বিষয়ক তত্ত্বজ্ঞান উপদেশ করিয়া এই পৃথিবীতে অবস্থান করুক ॥ ৩১ ॥

বেদৈকবেদ্য ত্রিলোকগুরু ভগবান্ শ্রীকৃষ্ণ এই প্রকার অভিপ্রায়ে উদ্ধবকে বদরিকাশ্রমে যাইতে আদেশ করিলেন, উদ্ধবও বদরিকাশ্রমে গমন করিয়া একাগ্রচিত্তে শ্রীহরির ভজনা করিতে লাগিলেন ॥ ৩২ ॥

হে কুরুপ্রবর মহারাজ পরীক্ষিৎ! এদিকে বিদুরও উদ্ধবের নিকট হইতে লীলাবিগ্রহধারী পরমাত্মা শ্রীকৃষ্ণের প্রশংসনীয় লীলাসকল শ্রবণ করিলেন এবং যাহা পশুতুল্য বিকলচিত্ত জীবগণের ধৈর্য্যবর্দ্ধক, এবং শ্রীহরিবিমুখ জীবগণের দুষ্কর, সেই শ্রীকৃষ্ণ ও শ্রীকৃষ্ণের পরমাত্মীয় সাত্যকি প্রভৃতি যদুগণের দেহ পরিত্যাগ শ্রবণ করিলেন; অনন্তর পরমবৈষ্ণব উদ্ধব চলিয়া গেলে বিদুর নিজে শ্রীকৃষ্ণের অনুগ্রহের পাত্র

টীকা

বেদ্যেন ॥ ৩২-৩৩ ॥ পশূনাং দারাপত্যাদিবশ্যত্বেন পশুতুল্যানাং বিক্লবাত্মনাং বিকলচিত্তানাং ধৈর্য্যবর্দ্ধনম্।

দেহন্যাসঞ্চ তস্যৈবং ধীরাণাং ধৈর্য্যবর্দ্ধনম্ ।
অন্যেষাং দুষ্করতরং পশূনাং বিক্লবাত্মনাম্ ॥ ৩৪ ॥
আত্মানঞ্চ কুরুশ্রেষ্ঠ ! কৃষ্ণেন মনসেক্ষিতম্ ।
ধ্যায়ন্ গতে ভাগবতে রুরোদ প্রেমবিহ্বলঃ ॥ ৩৫ ॥
কালিন্দ্যাঃ কতিভিঃ সিদ্ধ অহোভির্ভরতর্ষভঃ ।
প্রাপদ্যত স্বঃসরিতং যত্র মিত্রাসুতো মুনিঃ ॥ ৩৬ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুরোদ্ধব-সংবাদে চতুর্থোঽধ্যায়ঃ ॥৪॥

অন্বয়

(শ্রীকৃষ্ণের) ধীরাণাং (ও ভক্ত সাত্যকি প্রভৃতির) এবং (এই প্রকারে) দেহন্যাসং চ (দেহ পরিত্যাগ) শ্রুত্বা (শ্রবণ করিয়া) ভাগবতে গতে (পরমবৈষ্ণব উদ্ধব চলিয়া গেলে) কৃষ্ণেন মনসা ঈক্ষিতম্ আত্মানং চ (শ্রীকৃষ্ণের অনুগ্রহের পাত্র নিজকে) ধ্যায়ন্ (চিন্তা করিতে করিতে) প্রেমবিহ্বলঃ (ভগবৎপ্রেমে বিহ্বল হইয়া) রুরোদ (রোদন করিতে লাগিলেন) ॥ ৩৩-৩৫ ॥

সিদ্ধঃ (কৃতার্থ) ভরতর্ষভঃ (কুরুশ্রেষ্ঠ বিদুর) কালিন্দ্যাঃ (যমুনাতীর হইতে) কতিভিঃ অহোভিঃ (কয়েকদিনের মধ্যেই) যত্র (যেখানে) মিত্রাসুতঃ (মিত্রানন্দন) মুনিঃ (মৈত্রেয় ঋষি) [অবস্থান করিতেছেন], তত্র (সেইস্থানে) স্বঃসরিতং (গঙ্গাতীরে) প্রাপদ্যত (উপস্থিত হইলেন) ॥ ৩৬ ॥

অনুবাদ

হইয়াছেন ইহা চিন্তা করিতে করিতে ভগবৎপ্রেমে বিহ্বল হইয়া রোদন করিতে লাগিলেন ॥ ৩৩-৩৫ ॥

অনন্তর কৃতার্থ কুরুপ্রবর বিদুর যমুনাতীর হইতে কয়েক দিনের মধ্যেই যেখানে মৈত্রেয়ঋষি অবস্থান করিতেছেন, সেই গঙ্গাতীর প্রাপ্ত হইলেন ॥ ৩৬ ॥

চতুর্থ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ৪ ॥

টীকা

অন্যেষাং হরিবিমুখানাং তৎ সমক্ষং দুষ্করং চ কর্ত্তুমশক্যম্ তস্য ভগবতঃ সম্বন্ধিনাং ধীরাণাং সাত্যক্যাদীনামেবং দেহন্যাসং চ শ্রুত্বা ইত্যন্বয়ঃ ॥ ৩৪ ॥ মনসৈব বিদুরং দৃষ্ট্বা যদা মৈত্রেয়স্তদুপদেশার্থং প্রবর্ত্তিতঃ, তং শ্রীকৃষ্ণেন মনসা ঈক্ষিতমাত্মানং ধ্যায়ন্ শ্রীকৃষ্ণানুগ্রহপাত্রীভূতং চিন্তয়ন্ রুরোদ, যতঃ প্রেমবিহ্বলঃ ॥ ৩৫ ॥ অতএব সিদ্ধঃ কালিন্দ্যাঃ সকাশাৎ কতিভিঃ অহোভিঃ দিবসৈঃ যত্র মিত্রাসুতঃ মৈত্রেয়স্তত্রস্থলে স্বঃসরিতং গঙ্গাং প্রাপদ্যত প্রাপ ॥ ৩৬ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে সিদ্ধান্তপ্রদীপে তৃতীয়স্কন্ধীয়ে চতুর্থাধ্যায়ার্থপ্রকাশঃ ॥৪॥

পঞ্চমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

দ্বারি দ্যুনদ্যা ঋষভঃ কুরূণাং মৈত্রেয়মাসীনমগাধবোধম্।
ক্ষত্তোপসৃত্যাচ্যুতভাবশুদ্ধঃ পপ্রচ্ছ সৌশীল্যগুণাতিতৃপ্তঃ ॥১॥

শ্রীবিদুর উবাচ

সুখায় কর্ম্মাণি করোতি লোকো ন তৈঃ সুখং বান্যদুপারমং বা।
বিন্দেত ভূয়স্তত এব দুঃখং যদত্র যুক্তং ভগবান্ বদেন্নঃ ॥ ২ ॥

অন্বয়

শ্রীশুকঃ উবাচ (শুকদেব বলিলেন) অচ্যুতভাবশুদ্ধঃ (শ্রীকৃষ্ণে ভক্তিভাবহেতু নির্ম্মলান্তঃকরণ) কুরূণাং ঋষভঃ (কুরুশ্রেষ্ঠ) ক্ষত্তা (বিদুর) সৌশীল্যগুণাতিতৃপ্তঃ (মৈত্রেয় ঋষির সরলতা ও করুণা প্রভৃতি গুণে পরিতৃপ্ত হইয়া) দ্যুনদ্যাঃ (গঙ্গার) দ্বারি (তীরে) আসীনম্ (উপবিষ্ট) অগাধবোধম্ (অগাধজ্ঞানসম্পন্ন) মৈত্রেয়ম্ উপসৃত্য (মৈত্রেয়ঋষি সমীপে উপস্থিত হইয়া) পপ্রচ্ছ (জিজ্ঞাসা করিলেন) ॥ ১ ॥

শ্রীবিদুরঃ উবাচ (বিদুর বলিলেন) [হে ভগবন্!] লোকঃ (লোকসমূহ) সুখায় (সুখপ্রাপ্তি ও দুঃখনিবৃত্তির জন্য) কর্ম্মাণি (কর্ম্মসকল) করোতি (করিয়া থাকে); [কিন্তু] তৈঃ (সেই সকল কর্ম্মদ্বারা) সুখং বা (সুখপ্রাপ্তি) অন্যদুপারমং বা (অথবা দুঃখনিবৃত্তি) ন বিন্দেত (প্রাপ্ত হয় না); [পরন্তু] ততঃ (সেই সকল কর্ম্ম হইতে) ভূয়ঃ (পুনঃ পুনঃ) দুঃখং এব (দুঃখই) [বিন্দেত] (প্রাপ্ত হইয়া থাকে)। অত্র (এই প্রকার দুঃখময় সংসারে) নঃ (আমাদের) যদ্ যুক্তং (যাহা করা কর্ত্তব্য), [তৎ] (তাহা) ভগবান্ (আপনি) বদেৎ (বলুন) ॥ ২ ॥

অনুবাদ

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ পরীক্ষিৎ! যাঁহার ভগবান্ শ্রীকৃষ্ণে ভক্তিভাবহেতু অন্তঃকরণ নির্ম্মল হইয়াছে ও যিনি মৈত্রেয়ঋষির সরলতা ও করুণা প্রভৃতি গুণে পরিতৃপ্ত, সেই কুরুশ্রেষ্ঠ বিদুর গঙ্গাতীরে উপবিষ্ট অগাধজ্ঞানসম্পন্ন মৈত্রেয়ঋষির নিকটে উপস্থিত হইয়া তাঁহাকে জিজ্ঞাসা করিলেন ॥ ১ ॥

বিদুর বলিলেন—হে ভগবন্! লোকসমূহ সুখপ্রাপ্তি ও দুঃখনিবৃত্তির জন্য বহু কর্ম্ম করিয়া থাকে; কিন্তু সেই সকল কর্ম্মদ্বারা তাহাদের সুখপ্রাপ্তি বা দুঃখনিবৃত্তি কিছুই হয় না; পরন্তু সেই সকল কর্ম্ম হইতে পুনঃ পুনঃ দুঃখই পাইয়া থাকে; অতএব এই প্রকার দুঃখময় সংসারে আমাদের যাহা করা কর্ত্তব্য, তাহা আপনি আমাকে বলুন ॥ ২ ॥

টীকা

এবং বিদুরমৈত্রেয়সঙ্গমং প্রপঞ্চ্য অথ পঞ্চমে অধ্যায়ে মহদাদিসর্গং, মহদাদিকৃতং ভগবৎস্তোত্রঞ্চ বিদুরমৈত্রেয়সংবাদেন প্রপঞ্চয়তি ভগবান্ শুকঃ—দ্বারীতি ॥ ১ ॥ সুখায় চকারাদ্দুঃখনিবৃত্তয়ে কর্ম্মাণি করোতি, তৈঃ কর্ম্মভিঃ সুখম্ অন্যদুপারমং দুঃখনিবৃত্তিং বা ন বিন্দেত। অত্র নোঽস্মাকং যৎ যুক্তং কর্ত্তুং যোগ্যং তদ্ ভগবান্ বদেৎ নিরূপয়তু ॥ ২ ॥ দৈবাৎ পূর্ব্বকর্ম্মণঃ ভব্যানি মঙ্গলানি

জনস্য কৃষ্ণাদ্বিমুখস্য দৈবা-দধর্ম্মশীলস্য সুদুঃখিতস্য।
অনুগ্রহায়েহ চরন্তি নূনং ভূতানি ভব্যানি জনার্দ্দনস্য ॥ ৩ ॥
তৎ সাধুবর্য্যাদিশ বর্ত্ম শং নঃ সংরাধিতো ভগবান্ যেন পুংসাম্।
হৃদি স্থিতো যচ্ছতি ভক্তিপূতে জ্ঞানং সতত্ত্বাধিগমং পুরাণম্॥ ৪ ॥

অন্বয়

দৈবাৎ (পূর্ব্বসঞ্চিত কর্ম্মবশে) কৃষ্ণাৎ বিমুখস্য (শ্রীকৃষ্ণবিমুখ) অধর্ম্মশীলস্য (অধর্ম্মাচরণশীল) সুদুঃখিতস্য (অত্যন্ত দুঃখিত) জনস্য (জীবের) অনুগ্রহায় (অনুগ্রহের নিমিত্ত) নূনং (নিশ্চয়ই) জনার্দ্দনস্য (জনার্দ্দন শ্রীহরির) ভব্যানি (মঙ্গলময়) ভূতানি (ভক্তগণ আপনারা) ইহ (এই পৃথিবীতে) চরন্তি (বিচরণ করিয়া থাকেন) ॥ ৩ ॥

তৎ (অতএব) সাধুবর্য্য ! (হে সাধুশ্রেষ্ঠ !) নঃ (আমাদিগের) শং (মঙ্গলময়) বর্ত্ম (পথ) আদিশ (উপদেশ করুন) ; যেন (যে পথে) সংরাধিতঃ (সম্যক্‌রূপে আরাধিত হইয়া) ভগবান্ (শ্রীকৃষ্ণ) পুংসাং (মানবগণের) ভক্তিপূতে (ভক্তিদ্বারা পবিত্রীকৃত) হৃদি (হৃদয়ে) স্থিতঃ [সন্] (অবস্থান করতঃ) সতত্ত্বাধিগমং (আত্মসাক্ষাৎকাররূপ জ্ঞানের সহিত) পুরাণং (বেদোক্ত) জ্ঞানং (সাধনজ্ঞান) যচ্ছতি (প্রদান করিয়া থাকেন) ॥ ৪ ॥

অনুবাদ

জীব পূর্ব্বকর্ম্মবশে শ্রীকৃষ্ণে বিমুখ হয় ও তাহার ফলে অধর্ম্মাচরণে প্রবৃত্ত হইয়া অত্যন্ত দুঃখ পাইতে থাকে ; এই প্রকার জীবের প্রতি অনুগ্রহের নিমিত্তই আপনাদের মত মঙ্গলমূর্ত্তি ভগবদ্ভক্তগণ সংসারে বিচরণ করিয়া থাকেন অর্থাৎ আপনারা তাদৃশ জীবের উপকার করিবার নিমিত্তই বিচরণ করিয়া থাকেন ॥ ৩ ॥

আপনারা পরোপকারী ; অতএব হে সাধুবর্য্য ! আমাদের মঙ্গলময় পথ আপনি প্রদর্শন করুন। যে পথে সম্যক্‌রূপে আরাধিত হইয়া ভগবান্ শ্রীকৃষ্ণ ভক্তিপূত হৃদয়ে অবস্থান করতঃ আত্মসাক্ষাৎকাররূপ জ্ঞানের সহিত বেদোক্ত সাধনজ্ঞান প্রদান করিয়া থাকেন। ["আত্মা বা অরে দ্রষ্টব্যঃ" এই শ্রুত্যুক্ত আত্মসাক্ষাৎকাররূপ জ্ঞানের উদ্দেশ্যে "শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যঃ" এই উপায়জ্ঞান বেদকর্ত্তৃকই বিহিত হইয়াছে। পূজিত হইয়াই ভগবান্ সেই সাধনজ্ঞান প্রদান করিয়া থাকেন] ॥ ৪ ॥

টীকা

বিষ্ণোর্ভূতানি ভক্তাঃ ভবদ্বিধাঃ ॥ ৩ ॥ তৎ তস্মাৎ আত্মনঃ পরোপকারার্থপরত্বাদ্ধেতোঃ হে সাধুবর্য্য! নোঽস্মাকং শং সুখরূপং বর্ত্ম আদিশ কথয়। যেন বর্ত্মনা সম্যগারাধিতঃ ভক্ত্যা পবিত্রীকৃতে হৃদি-স্থঃ সন্ সতত্ত্বাধিগমং তত্ত্বাধিগমেন জিজ্ঞাস্যতত্ত্বাপরোক্ষেণ জ্ঞানেন সাধ্যেন সহিতং জ্ঞানং সাধনং পুরাণং বেদপ্রমাণকম্ যচ্ছতি। "আত্মা বা অরে দ্রষ্টব্যঃ" ইতি জিজ্ঞাস্যতত্ত্বাপরোক্ষং জ্ঞানং সাধ্যমুদ্দিশ্য "শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্য" ইতি সাধনং জ্ঞানং বেদেন বিধীয়তে। তাদৃশং জ্ঞানং সম্যগারাধিতো ভগবান্ এব দদাতীতি গম্যতে ॥ ৪ ॥ ত্র্যধীশঃ ত্রিগুণমায়ানিয়ন্তা পুরুষরূপেণ কৃতাবতারঃ সন্ যানি কর্ম্মাণি

করোতি কর্ম্মাণি কৃতাবতারো যান্যাত্মতন্ত্রো ভগবাংস্ত্র্যধীশঃ।
যথা সসর্জ্জাগ্র ইদং নিরীহঃ সংস্থাপ্য বৃত্তিং জগতো বিধত্তে ॥ ৫ ॥
যথা পুনঃ স্বে খ ইদং নিবেশ্য শেতে গুহায়াং স নিবৃত্তবৃত্তিঃ।
যোগেশ্বরাধীশ্বর এক এত-দনুপ্রবিষ্টো বহুধা যথাসীৎ ॥ ৬ ॥

অন্বয়

আত্মতন্ত্রঃ (স্বাধীন) ত্র্যধীশঃ (ত্রিগুণনিয়ন্তা) ভগবান্ কৃতাবতারঃ [সন্] (ভগবান্ পুরুষরূপে অবতীর্ণ হইয়া) যানি কর্ম্মাণি (যে সকল কর্ম্ম) করোতি (করিয়া থাকেন), নিরীহঃ (নিস্পৃহ ভগবান্) যথা (যে প্রকারে) অগ্রে (প্রথমে) ইদম্ (এই জগৎ) সসর্জ্জ (সৃষ্টি করিয়াছেন) [এবং যে প্রকারে] সংস্থাপ্য (সংস্থাপন করিয়া) জগতঃ (জগতের) বৃত্তিং বিধত্তে (জীবিকা বিধান করিতেছেন), [তাহা বর্ণনা করুন] ॥ ৫ ॥

পুনঃ যথা (আবার যে প্রকারে) নিবৃত্তবৃত্তিঃ (জগতের সৃজনপালনাদি ব্যাপারে নিবৃত্ত হইয়া) সঃ (সেই ভগবান্) ইদং (এই কার্য্যরূপ জগৎ) স্বে খে (স্বীয় কারণশরীরে) নিবেশ্য (লয় করিয়া) গুহায়াং শেতে (যোগনিদ্রায় শয়ন করেন) যথা (এবং যে প্রকারে) যোগেশ্বরাধীশ্বরঃ (যোগেশ্বরগণের অধীশ্বর শ্রীহরি) একঃ (এক হইয়াও) এতদনুপ্রবিষ্টঃ (এই কার্য্যরূপ জগতে উপাদানকারণরূপে অনুগত হইয়া) বহুধা (দেবমনুষ্যাদি বহুরূপে) আসীৎ (বর্ত্তমান আছেন), [সেই সকল বর্ণনা করুন] ॥ ৬ ॥

অনুবাদ

স্বতন্ত্র ও ত্রিগুণনিয়ন্তা পরমেশ্বর পুরুষরূপে অবতীর্ণ হইয়া যে সকল কর্ম্ম করিয়া থাকেন, নিস্পৃহ হইয়াও প্রথমে যে প্রকারে এই জগৎ সৃষ্টি করিয়াছেন, এবং যে প্রকারে জগৎ সংস্থাপন করিয়া চরাচর জগতের জীবিকাবিধান করিতেছেন, তাহা আমার নিকটে বর্ণনা করুন ॥ ৫ ॥

আবার তিনি প্রলয়কালে জগতের সৃজন ও পালনাদি ব্যাপারে নিবৃত্ত হইয়া যে প্রকারে এই কার্য্যরূপ জগৎ কারণরূপ স্বীয় শরীরে লয় করিয়া যোগনিদ্রায় শয়ন করেন এবং সৃষ্টিকালে যে প্রকারে যোগেশ্বরগণের অধীশ্বর শ্রীহরি এক হইয়াও এই কার্য্যরূপ জগতে উপাদানকারণরূপে অনুগত থাকিয়া দেবমনুষ্যাদি বহুরূপে বর্ত্তমান থাকেন [সেই সকল আমার নিকটে বর্ণনা করুন] ॥ ৬ ॥

টীকা

করোতীত্যাদীনাং বর্ণয়েতি বক্ষ্যমাণেন ক্রিয়াপদেনান্বয়ঃ। কর্ম্মাণ্যেব বিশেষতঃ পৃচ্ছতি—যথেত্যাদিনা। নিরীহঃ নিস্পৃহঃ যথা ইদং বিশ্বং সসর্জ্জ, যথা চ সংস্থাপ্য বৃত্তিং জীবিকাং বিধত্তে করোতি ॥ ৫ ॥ যথা পুনঃ ইদং বিশ্বং স্বে স্বীয়ে খে কার্য্যপ্রবেশস্থানে কারণে নিবেশ্য নিবৃত্তিবৃত্তিঃ নিবৃত্তজগদ্ব্যাপারঃ গুহায়াং শয়নস্থানে শেতে। যথা চ এক এতৎ কার্য্যং অনুপ্রবিষ্টঃ উপাদানরূপেণানুগতঃ সন্ বহুধা তত্তৎকার্য্যরূপঃ আসীৎ ॥ ৬ ॥ অবতারভেদৈঃ মৎস্যাদ্যবতারৈঃ ক্রীড়ন্ দ্বিজাদিক্ষেমায় যানি কর্ম্মাণি

ক্রীড়ন্ বিধত্তে দ্বিজগোসুরাণাং ক্ষেমায় কর্ম্মাণ্যবতারভেদৈঃ।
মনো ন তৃপ্যত্যপি শৃণ্বতাং নঃ সুশ্লোকমৌলেশ্চরিতামৃতানি ॥৭॥
যৈস্তত্ত্বভেদৈরধিলোকনাথো লোকানলোকান্ সহলোকপালান্।
অচীক্ল্পদ্ যত্র হি সর্ব্বসত্ত্ব-নিকায়ভেদোঽধিকৃতঃ প্রতীতঃ ॥ ৮ ॥

অন্বয়

[ভগবান্] দ্বিজগোসুরাণাং (ব্রাহ্মণ, গো ও দেবগণের) ক্ষেমায় (মঙ্গলের নিমিত্ত) অবতারভেদৈঃ (মৎস্যাদি নানাবিধ অবতাররূপে) ক্রীড়ন্ (ক্রীড়া করতঃ) যানি কর্ম্মাণি (যে সকল কর্ম্ম) বিধত্তে (করিয়া থাকেন), [সে সকল বর্ণনা করুন]; [যেহেতু] সুশ্লোকমৌলেঃ (পুণ্যকীর্ত্তি মহাত্মাগণের পূজনীয় শ্রীহরির) চরিতামৃতানি (অমৃততুল্য চরিত্রসকল) শৃণ্বতাম্ অপি (শ্রবণকারী) নঃ (আমাদের) মনঃ ন তৃপ্যতি (মন তৃপ্তিলাভ করিতে পারিতেছে না) ॥ ৭ ॥

অধিলোকনাথঃ (লোকপালগণের অধিপতি ভগবান্) যৈঃ তত্ত্বভেদৈঃ (যে সকল পৃথক্ পৃথক্ তত্ত্বদ্বারা) সহলোকপালান্ (ইন্দ্রাদি লোকপালগণের সহিত) লোকান্ (স্বর্গমর্ত্ত্যাদি লোক) অলোকান্ (ও লোকালোক পর্ব্বতের বহির্ভাগসকল) অচীক্ল্পৎ (কল্পনা করিয়াছেন); যত্র হি (যে লোকসমূহে) সর্ব্বসত্ত্বনিকায়ভেদঃ (বিভিন্নপ্রকার প্রাণিসমূহ) অধিকৃতঃ প্রতীতঃ (নিজ নিজ অধিকার অনুসারে নিবেশিত আছে বলিয়া শাস্ত্র হইতে জানা যায়), [সেই সকল আমার নিকটে বর্ণনা করুন] ॥ ৮ ॥

অনুবাদ

ভগবান্ গো, ব্রাহ্মণ ও দেবগণের রক্ষণের নিমিত্ত মৎস্যাদি নানাবিধ অবতাররূপে ক্রীড়া করতঃ যে সকল কর্ম্ম করিয়া থাকেন, সে সকল আমার নিকটে বর্ণনা করুন। যেহেতু পুণ্যকীর্ত্তি মহাত্মাগণের পূজনীয় শ্রীহরির অমৃততুল্য চরিত্রসকল শ্রবণ করিয়া আমাদের মন তৃপ্তিলাভ করিতে পারিতেছে না অর্থাৎ শ্রবণেচ্ছা উত্তরোত্তর বর্দ্ধিতই হইতেছে। এজন্যই আপনাকে শ্রীহরির চরিত্রবিষয়ক বহু প্রশ্ন করিতেছি ॥ ৭ ॥

লোকপালাধিপতি ভগবান্ যে সকল পৃথক্ পৃথক্ তত্ত্বদ্বারা ইন্দ্রাদি লোকপালগণের সহিত স্বর্গ, মর্ত্ত্য ও পাতালাদিলোক এবং লোকালোক পর্ব্বতের বহির্ভাগ কল্পনা করিয়াছেন এবং বিভিন্ন প্রকারের প্রাণিসমূহ নিজ নিজ অধিকার অনুসারে কর্ম্ম ও ভোগের অধিকারী হইয়া যে যে লোকে নিবেশিত আছে বলিয়া শাস্ত্র হইতে জানা যায়, সেই সকল লোকাদি যে যে তত্ত্বদ্বারা কল্পিত, তাহা আমার নিকটে বর্ণনা করুন ॥ ৮ ॥

টীকা

বিধত্তে তানি চ। নানাহরিচরিত্রপ্রশ্নে কারণমাহ মন ইতি। শোভনাঃ শ্লোকাঃ যশাংসি পদ্যানি বা যেষাং তেষাং মৌলেঃ শিরোভূষণবৎ প্রতিষ্ঠাহেতোশ্চরিতামৃতানি শৃণ্বতাং নো মনো তৃপ্যতি ॥ ৭ ॥ অলোকান্ লোকালোকগিরিতো বহির্ভবান্ অচীক্ল্পৎ কল্পয়ামাস। যত্র যেষু লোকাদিষু সর্ব্বসত্ত্বনিকায়-ভেদঃ অধিকৃতঃ। তত্তদনুরূপাধিকারিতয়া নিবেশিতঃ প্রতীতো ভবতি শাস্ত্রদ্বারেতি শেষঃ ॥ ৮ ॥ আত্মযোনিঃ স্বতসিদ্ধঃ যেন প্রকারেণ প্রজানাং সৃজ্যমানানাং দেবাদীনাম্ আত্মা স্বভাবঃ, তৎকৃতং

যেন প্রজানামুত আত্মকর্ম্ম-রূপাভিধানাঞ্চ ভিদাং ব্যধত্ত।
নারায়ণো বিশ্বসৃগাত্মযোনি-রেতচ্চ নো বর্ণয় বিপ্রবর্য্য ! ॥ ৯ ॥
পরাবরেষাং ভগবন্ ! ব্রতানি শ্রুতানি মে ব্যাসমুখাদভীক্ষ্ণম্।
অতৃপ্ম ক্ষুল্লসুখাবহানাং তেষামৃতে কৃষ্ণকথামৃতৌঘাৎ ॥ ১০ ॥
কস্তৃপ্নুয়াৎ তীর্থপদোঽভিধানাৎ সত্রেষু বঃ সূরিভিরীড্যমানাৎ।
যঃ কর্ণনাড়ীং পুরুষস্য যাতো ভবপ্রদাং গেহরতিং ছিনত্তি ॥ ১১ ॥

অন্বয়

বিপ্রবর্য্য ! (হে বিপ্রবর !) উত (আর যে) আত্মযোনিঃ (অনাদিসিদ্ধ) নারায়ণঃ (নারায়ণ) বিশ্বসৃক্ (বিশ্বস্রষ্টা হইয়া) যেন (যে প্রকারে) প্রজানাং (দেবাদি প্রজাগণের) আত্মকর্ম্মরূপাভিধানাং (স্বভাব, স্বভাবকৃত কর্ম্ম, কর্ম্মকৃত রূপ, রূপকৃত নাম এই সকলের) ভিদাং চ (ভেদ) ব্যধত্ত (করিয়াছেন) ; এতৎ চ (ইহাও) নঃ (আমার নিকটে) বর্ণয় (বর্ণনা করুন) ॥ ৯ ॥

ভগবন্ ! (হে গুরো !) মে (আমাকর্ত্তৃক) ব্যাসমুখাৎ (ব্যাসদেবের মুখ হইতে অর্থাৎ মহাভারতাদি হইতে) পরাবরেষাং (পর—শ্রীকৃষ্ণ, অবর—ব্রহ্মা প্রভৃতি জীবগণ, তাহাদের) ব্রতানি (কর্ম্ম সকল) [অর্থাৎ শ্রীকৃষ্ণচরিত্র ও ব্রহ্মা প্রভৃতি জীবগণের ধর্ম্মসকল] অভীক্ষ্ণং (পুনঃ পুনঃ) শ্রুতানি (শ্রুত হইয়াছে) ; তেষাং (সেই সকলের মধ্যে) কৃষ্ণকথামৃতৌঘাৎ ঋতে (অমৃততুল্য শ্রীকৃষ্ণচরিত্রাবলী ব্যতীত) ক্ষুল্লসুখাবহানাং [শ্রবণেন] (আপাতসুখপ্রদ অর্থাৎ তুচ্ছ সুখাবহ ধর্ম্মকর্ম্মশ্রবণে) অতৃপ্ম (তৃপ্ত হইয়াছি) ; [কিন্তু শ্রীকৃষ্ণচরিতামৃতপানে তৃপ্ত হই নাই] ॥ ১০ ॥

যঃ (যে পুণ্যশ্লোক শ্রীকৃষ্ণ) পুরুষস্য (শ্রবণকারী পুরুষের) কর্ণনাড়ীং যাতঃ (কর্ণবিবরে প্রবিষ্ট

অনুবাদ

হে দ্বিজপ্রবর ! অনাদিসিদ্ধ নারায়ণ বিশ্বস্রষ্টা হইয়া যে প্রকারে প্রজাগণের স্বভাব, স্বভাবকৃত কর্ম্ম, কর্ম্মানুযায়ী রূপ, রূপানুসারে নাম সকলের ভেদ করিয়াছেন, তাহা আপনি আমার নিকটে বর্ণনা করুন ॥ ৯ ॥

হে ভগবন্ ! আমি মহাভারতাদিগ্রন্থে শ্রীকৃষ্ণচরিত ও ব্রহ্মা প্রভৃতি জীবগণের কর্ম্মসকলের কথা পুনঃ পুনঃ শ্রবণ করিয়াছি। সেই সকলের মধ্যে শ্রীকৃষ্ণচরিতামৃত ব্যতীত তুচ্ছ সুখাবহ ধর্ম্মকর্ম্মাদির কথা শ্রবণে আমি পরিতৃপ্ত হইয়াছি। উহা আর শুনিতে ইচ্ছা নাই ; কিন্তু শ্রীকৃষ্ণকথামৃত পানে পরিতৃপ্ত হই নাই। এক্ষণে শ্রীকৃষ্ণচরিত্র শুনিতে ইচ্ছা হইতেছে ॥ ১০ ॥

যে পুণ্যশ্লোক শ্রীকৃষ্ণ স্বীয় লীলাগুণশ্রবণকারী পুরুষের কর্ণবিবরে প্রবিষ্ট হইয়া

টীকা

কর্ম্ম, তৎকৃতং রূপং, তৎকৃতা অভিধা, তাসাং ভেদং ব্যধত্ত অকরোৎ। এতচ্চ নোঽস্মভ্যং বর্ণয় ॥ ৯ ॥ হে ভগবন্ গুরো ! পরাবরেষাং পরঃ শ্রীকৃষ্ণঃ তস্য ব্রতানি চরিত্রাণি, অবরে ব্রহ্মাদ্যাঃ জীবাঃ তেষাং চ ব্রতানি কর্ম্মাণি ব্যাসমুখাৎ মহাভারতাদিষু অভীক্ষ্ণং পুনঃ পুনঃ মে ময়া শ্রুতানি। তেষাং ব্রতানাং কৃষ্ণকথামৃতৌঘাদৃতে ক্ষুল্লসুখাবহানাং শ্রবণেনেতি শেষঃ। অতৃপ্ম তৃপ্তাঃ স্মঃ। শ্রীকৃষ্ণকথামৃতৌঘপানেন তু ন তৃপ্তাঃ ইতি ফলিতার্থঃ ॥ ১০ ॥ তদেবাহ—তীর্থপদঃ শ্রীকৃষ্ণস্য বো যুষ্মাকং সত্রেষু

মুনির্ব্বিবক্ষুর্ভগবদ্‌গুণানাং সখাপি তে ভারতমাহ কৃষ্ণঃ।
যস্মিন্ নৃণাং গ্রাম্যসুখানুবাদৈ-র্ম্মতির্গৃহীতা নু হরেঃ কথায়াম্ ॥ ১২ ॥

অন্বয়

হইয়া) ভবপ্রদাং (সংসারপ্রদ) গেহরতিং (স্ত্রীপুত্রাদি বিষয়াসক্তি) ছিনত্তি (ছেদন করিয়া দেন), [তস্য] তীর্থপদঃ (সেই পুণ্যশ্লোক শ্রীকৃষ্ণের) বঃ (আপনাদের) সত্রেষু (সমাজে) সূরিভিঃ (নারদাদি বিবেকিগণকর্ত্তৃক) ঈড্যমানাং (কীর্ত্তিত) অভিধানাং (গুণকীর্ত্তনশ্রবণে) কঃ (কোন্ ব্যক্তি) তৃপ্নুয়াৎ (তৃপ্তি লাভ করিতে পারে ?) [অর্থাৎ কেহই তৃপ্তিলাভ করিতে পারে না, উত্তরোত্তর শ্রবণেচ্ছাই বর্দ্ধিত হয়] ॥ ১১ ॥

[মহাভারতাদিতে যে অন্যান্য ধর্ম্মাদি কথার সহিত শ্রীকৃষ্ণচরিত্র বর্ণিত হইয়াছে, তাহাতে ব্যাসদেবের অভিপ্রায় কি তাহাই বলিতেছেন] তে (আপনার) সখা (মিত্র) মুনিঃ কৃষ্ণঃ অপি (ব্যাসদেবও) ভগবদ্‌গুণানাং বিবক্ষুঃ (ভগবানের লীলাগুণ বলিতে ইচ্ছুক হইয়া) ভারতং (মহাভারত) আহ (বলিয়াছেন), গ্রাম্যসুখানুবাদৈঃ (ঐহিক সুখ বর্ণনপূর্ব্বক) যস্মিন্ (এই মহাভারতে) নৃণাং (মানবগণের) মতিঃ (বুদ্ধি) নু (নিশ্চয়ই) হরেঃ কথায়াং (শ্রীকৃষ্ণের কথাতে) গৃহীতা (নিয়োজিত করা হইয়াছে) ॥ ১২ ॥

অনুবাদ

সংসারপ্রদ পুত্রকলত্রাদি বিষয়সমূহের আসক্তি ছেদন করিয়া দেন, সেই পুণ্যশ্লোক শ্রীকৃষ্ণের গুণানুবাদ শ্রবণে কোন্ ব্যক্তি তৃপ্তি লাভ করিতে পারে ? অর্থাৎ কেহই তৃপ্তিলাভ করিতে পারে না ; পুনঃ পুনঃ শ্রবণেচ্ছাই জন্মিয়া থাকে। আপনাদের সমাজে নারদাদি মুনিগণ এই শ্রীকৃষ্ণের গুণকীর্ত্তন [সর্ব্বদাই] করিয়া থাকেন ॥ ১১ ॥

হে ভগবন্ ! আপনার সখা মুনি ব্যাসদেবও ভগবানের লীলাগুণ বর্ণনা করিতে অভিলাষী হইয়া মহাভারত প্রণয়ন করিয়াছেন। এই মহাভারতে তিনি ঐহিক সুখাদির বর্ণনাপূর্ব্বক ঐহিকসুখাভিলাষী মানবগণের মতি আকর্ষণ করিয়া হরিকথাতেই নিয়োজিত করিয়াছেন [অর্থাৎ যাহারা বিষয়াসক্ত বলিয়া ভগবৎকথা শ্রবণে সাধারণ অধিকারী, তাহাদের জন্য ব্যাসদেব মহাভারত প্রণয়ন করিয়াছেন। সেই মহাভারতেও অর্থকামাদি বর্ণনাপূর্ব্বক হরিকথাই বর্ণিত হইয়াছে, এক্ষণে আপনি উত্তমাধিকারীর জন্য কেবলমাত্র হরিকথাই বর্ণনা করুন] ॥ ১২ ॥

টীকা

সমাজেষু সূরিভিঃ শ্রীনারদাদিভিঃ ঈড্যমানাং প্রস্তূয়মানাং অভিধানাং কঃ তৃপ্নুয়াৎ ? ন কোঽপি ॥ ১১ ॥ মহাভারতাদৌ অন্যকথাভিঃ সহ শ্রীকৃষ্ণকথাবর্ণনে শ্রীব্যাসাভিপ্রায়মাহ মুনিরিতি। কৃষ্ণো ব্যাসঃ ভগবদ্‌গুণানাং তৎপ্রসঙ্গতো বিবক্ষুঃ বক্তুমিচ্ছুঃ ভারং ব্রহ্মাদীনাং নানাজীবানাং কথাবর্ণনরূপঃ অর্থধর্ম্মকামমোক্ষবর্ণনরূপশ্চ বিদ্যতে যস্মিন্ তদ্ভারতং মত্বর্থীয়স্তপ্রত্যয়ঃ। তদ্‌ভারতমাহ—যস্মিন্ ভারতে নৃণাং মতিঃ গ্রাম্যসুখানুবাদৈঃ দ্বারভূতৈঃ নু নিশ্চিতং হরেঃ কথায়াং গৃহীতা নীতা। অতঃ মহাভারতাদিকথা সামান্যাধিকারিবিষয়া। উত্তমাধিকারিবিষয়াং কেবলাং হরিকথাং কথয় ইতি

সা শ্রদ্দধানস্য বিবর্দ্ধমানা বিরক্তিমন্যত্র করোতি পুংসঃ।
হরেঃ পদানুস্মৃতিনির্বৃতস্য সমস্তদুঃখাপ্যয়মাশু ধত্তে ॥১৩॥
তান্ শোচ্যশোচ্যানবিদোঽনুশোচে হরেঃ কথায়াং বিমুখানঘেন।
ক্ষিণোতি দেবোঽনিমিষস্তু যেষা-মায়ুর্বৃথাবাদগতিস্মৃতীনাম্ ॥ ১৪ ॥
তদস্য কৌশারব! শর্ম্মদাতু-র্হরেঃ কথামেব কথাসু সারম্।
উদ্ধৃত্য পুষ্পেভ্য ইবার্ত্তবন্ধো! শিবায় নঃ কীর্ত্তয় তীর্থকীর্ত্তেঃ ॥ ১৫ ॥

অন্বয়

[হরিকথা শ্রবণের ফল বলিতেছেন] সা (শ্রীকৃষ্ণকথার আসক্তি) বিবর্দ্ধমানা (শ্রবণ ও কীর্ত্তনাদির দ্বারা বৃদ্ধি প্রাপ্ত হইয়া) শ্রদ্ধধানস্য (শ্রদ্ধাশীল) পুংসঃ (পুরুষের) অন্যত্র (ঐহিকসুখাদিতে) বিরক্তিং করোতি (বৈরাগ্য জন্মাইয়া দেয়) হরেঃ (এবং শ্রীহরির) পদানুস্মৃতিনির্বৃতস্য (শ্রীচরণধ্যানে পরমসুখী সেই পুরুষের) সমস্তদুঃখাপ্যয়ম্ (সমস্তদুঃখের লয়) আশু (শীঘ্র) ধত্তে (করিয়া থাকে) ॥ ১৩ ॥

অঘেন (পাপহেতু) হরেঃ কথায়াং (শ্রীহরিকথায়) বিমুখান্ (বিমুখ), অবিদঃ (মহাভারতের তাৎপর্য্য গ্রহণে অনভিজ্ঞ), শোচ্যশোচ্যান্ (অতিশয় দুঃখিত) তান্ (সেই সকল লোকের) [দুঃখ দেখিয়া] অনুশোচে (আমি অনুশোচনা করিতেছি)। বৃথাবাদগতিস্মৃতীনাং (বাক্য, দেহ ও মন বৃথাব্যাপারে আসক্ত) যেষাং (সেই সকল লোকের) আয়ুঃ (পরমায়ু) অনিমিষঃ দেবঃ (কাল) ক্ষিণোতি (ক্ষয় করিতেছে) ॥১৪॥

তৎ (অতএব) আর্ত্তবন্ধো! (হে বিপন্নজনবান্ধব!) কৌশারব! (হে কুশারুনন্দন মৈত্রেয়!) পুষ্পেভ্যঃ সারম্ ইব (ভ্রমরগণের পুষ্পসমূহ হইতে মধু সংগ্রহের ন্যায়) কথাসু (সমগ্র কথার মধ্যে) সারম্ (সার) অস্য (এই মদ্বিধ শরণাগতজনের) শর্ম্মদাতুঃ (মঙ্গলপ্রদ) তীর্থকীর্ত্তেঃ (পবিত্র কীর্ত্তি) হরেঃ (শ্রীহরির) কথাম্ এব (কথাই) উদ্ধৃত্য (সংগ্রহ করিয়া) নঃ (আমাদিগের) শিবায় (মঙ্গলের নিমিত্ত) কীর্ত্তয় (কীর্ত্তন করুন) ॥ ১৫ ॥

অনুবাদ

সেই হরিকথার আসক্তি শ্রবণ ও কীর্ত্তনাদির দ্বারা বৃদ্ধিপ্রাপ্ত হইয়া সেই শ্রদ্ধাশীল পুরুষের ঐহিকসুখাদিতে বৈরাগ্য জন্মাইয়া দেয় অর্থাৎ শ্রীহরির কথা পুনঃ পুনঃ শ্রবণ ও কীর্ত্তন করিলে বিষয়-বৈরাগ্য জন্মিয়া থাকে এবং শ্রীহরির শ্রীচরণধ্যানে পরমসুখী সেই পুরুষের সমস্ত দুঃখের লয় শীঘ্র হইয়া যায় ॥ ১৩ ॥

যাহারা পাপহেতু হরিকথায় বিমুখ এবং মহাভারতের তাৎপর্য্য গ্রহণে অনভিজ্ঞ ও অকৃতার্থ বলিয়া অতিশয় দুঃখিত, তাহাদের দুঃখ দেখিয়া আমি দুঃখিত হইতেছি। ইহাদের বাক্য, দেহ ও মন বৃথা ব্যাপারে আসক্ত ; কাল ইহাদের পরমায়ু হরণ করিতেছে ॥ ১৪ ॥

অতএব হে বিপন্নবান্ধব মৈত্রেয়! ভ্রমরগণ যেমন পুষ্পসমূহ হইতে মধুসংগ্রহ

টীকা

ভাবঃ ॥ ১২ ॥ হরিকথাশ্রবণফলমাহ—সেতি ॥ ১৩ ॥ হরিকথাবিমুখান্নিন্দতি—তানিতি। শোচ্যাঃ অকৃতার্থতয়া চিন্তনীয়াঃ তেষামপি শোচ্যান্ শোচে অকৃতার্থতয়া চিন্তয়ামি। বৃথা বাদাদয়ো যেষাং তেষামায়ুঃ দেবঃ সূর্য্যঃ তথৈব ক্ষিণোতি ক্ষপয়তি ॥ ১৪ ॥ তৎ তস্মাৎ হে কৌশারব! অস্য

স বিশ্বজন্মস্থিতিসংযমার্থে কৃতাবতারঃ প্রগৃহীতশক্তিঃ।
চকার কর্ম্মাণ্যতিপূরুষাণি যানীশ্বরঃ কীর্ত্তয় তানি মহ্যম্ ॥ ১৬ ॥

শ্রীশুক উবাচ

এবং স ভগবান্ পৃষ্টঃ ক্ষত্রা কৌশারবো মুনিঃ।
পুংসাং নিঃশ্রেয়সার্থেন তমাহ বহু মানয়ন্ ॥ ১৭ ॥

অন্বয়

বিশ্বজন্মস্থিতিসংযমার্থে (জগতের সৃষ্টি, স্থিতি ও প্রলয়ের নিমিত্ত) প্রগৃহীতশক্তিঃ (যিনি শক্তি ধারণ করিয়া থাকেন), সঃ ঈশ্বরঃ (সেই ঈশ্বর) কৃতাবতারঃ (অবতীর্ণ হইয়া) যানি অতিপূরুষাণি (যে সকল অলৌকিক) কর্ম্মাণি (কর্ম্ম) চচার (আচরণ করিয়াছেন), তানি (সেই সকল) মহ্যং (আমাকে) কীর্ত্তয় (বলুন) ॥ ১৬ ॥

শ্রীশুকঃ উবাচ (শুকদেব বলিলেন) এবং (এই প্রকারে) সঃ ভগবান্ কৌশারবঃ মুনিঃ (ভগবান্ কুশারুনন্দন মৈত্রেয়ঋষি) পুংসাং (মানবগণের) নিঃশ্রেয়সার্থেন (মোক্ষের নিমিত্ত) ক্ষত্রা (বিদুরকর্ত্তৃক) পৃষ্টঃ (জিজ্ঞাসিত হইয়া) তং (সেই বিদুরকে) বহু মানয়ন্ (বহু প্রশংসা করিয়া) আহ (বলিতে লাগিলেন) ॥ ১৭ ॥

অনুবাদ

করিয়া থাকে, সেইরূপ আপনি সমগ্র কথার মধ্যে যাহা সার ও মদ্বিধ শরণাগতজনের মঙ্গলপ্রদ, পবিত্রকীর্ত্তি শ্রীহরির সেই কথাসকল সংগ্রহ করিয়া আমাদিগের মঙ্গলের নিমিত্ত কীর্ত্তন করুন ॥ ১৫ ॥

এই জগতের সৃষ্টি, স্থিতি ও প্রলয়ের নিমিত্ত যিনি শক্তিধারণ করিয়া থাকেন, সেই ভগবান্ নরলোকে অবতীর্ণ হইয়া যে সকল অলৌকিক কর্ম্ম আচরণ করিয়াছেন, সেই সকল আমাকে বলুন ॥ ১৬ ॥

শুকদেব বলিলেন হে রাজন্! এই প্রকারে ভগবান্ কুশারুনন্দন মৈত্রেয়ঋষি মানবগণের মোক্ষের নিমিত্ত বিদুরকর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া সেই বিদুরকে প্রশংসা করতঃ বলিতে লাগিলেন ॥ ১৭ ॥

টীকা

অস্মদ্‌বিধস্য শরণাগতস্য শর্ম্মদাতুঃ সুখপ্রদস্য হরেঃ কথাং কথাসু সারম্ সারভূতাম্ পুষ্পেভ্যঃ সারং যথা উদ্ধরতি তদ্বৎ উদ্ধৃত্য নঃ শিবায় কল্যাণায় কীর্ত্তয় ॥ ১৫ ॥ "কারণং তু ধ্যেয়"মিতিশ্রুতেঃ বিশ্বকারণস্য ভজনং বিধীয়তে। তচ্চ বিশ্বকারণং শ্রীকৃষ্ণঃ, তস্মাৎ কৃষ্ণকর্ম্মাণি বর্ণয় ইত্যাহ স ইতি। যো বিশ্বজন্মাদ্যর্থং পূর্ব্বং গৃহীতশক্তিঃ, স এব কৃতাবতারঃ সন্ পৌরুষাণি পুরুষানতিক্রম্য বর্ত্তমানানি যানি চকার, তানি কর্ম্মাণি মহ্যং বিস্তরাদ্বদ ॥ ১৬ ॥ এবং পুংসাং নিঃশ্রেয়সার্থায় পৃষ্টঃ তং ক্ষত্তারং

শ্রীমৈত্রেয় উবাচ

সাধু পৃষ্টং ত্বয়া সাধো ! লোকান্ সাধ্বনুগৃহ্নতা।
কীর্ত্তিং বিতন্বতা লোকে আত্মনোঽধোক্ষজাত্মনঃ ॥ ১৮ ॥
নৈতচ্চিত্রং ত্বয়ি ক্ষত্তর্ব্বাদরায়ণবীর্য্যজে।
গৃহীতোঽনন্যভাবেন যত্ত্বয়া হরিরীশ্বরঃ ॥ ১৯ ॥
মাণ্ডব্যশাপাদ্ভগবান্ প্রজাসংযমনো যমঃ।
ভ্রাতুঃ ক্ষেত্রে ভুজিষ্যায়াং জাতঃ সত্যবতীসুতাৎ ॥ ২০ ॥

অন্বয়

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) সাধো ! (হে সৌম্য বিদুর !) লোকান্ (লোক সকলের প্রতি) সাধু (সম্যক্‌রূপে) অনুগৃহ্নতা (অনুগ্রহকারী) অধোক্ষজাত্মনঃ (ও ভগবদ্‌গতচিত্ত) আত্মনঃ (নিজের) কীর্ত্তিং (খ্যাতি) লোকে (জগতে) বিতন্বতা (বিস্তারকারী) ত্বয়া (আপনাকর্ত্তৃক) সাধু (উত্তম বিষয়) পৃষ্টম্ (জিজ্ঞাসিত হইয়াছে) ॥ ১৮ ॥

যৎ ত্বয়া (আপনাকর্ত্তৃক যে) অনন্যভাবেন (একাগ্রচিত্তে) ঈশ্বরঃ হরিঃ (ভগবান্ শ্রীহরি) গৃহীতঃ (সাক্ষাৎকৃত হইয়াছেন), ক্ষত্তঃ ! (হে বিদুর !) বাদরায়ণবীর্য্যজে (ব্যাসদেবের ঔরসে জাত) ত্বয়ি (আপনার পক্ষে) এতৎ চিত্রং ন (ইহা আশ্চর্য্যজনক নহে) ॥১৯ ॥

[আপনি শাপভ্রষ্ট দেবতা, আপনার পক্ষে শ্রীহরিবিষয়ক প্রশ্ন আশ্চর্য্যজনক নহে ; ইহাই বলিতেছেন] প্রজাসংযমনঃ (লোকনিয়ন্তা) ভগবান্ যমঃ (যমদেবতা) [আপনি] মাণ্ডব্যশাপাৎ (মাণ্ডব্যমুনির শাপে) ভ্রাতুঃ (ভ্রাতা বিচিত্রবীর্য্যের) ক্ষেত্রে (পত্নীরূপে গৃহীতা) ভুজিষ্যায়াং (দাসীর গর্ভে) সত্যবতীসুতাৎ (সত্যবতীর পুত্র ব্যাসদেবের ঔরসে) জাতঃ (জন্মগ্রহণ করিয়াছেন) ॥২০॥

অনুবাদ

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর ! আপনি আমাকে উত্তম বিষয় জিজ্ঞাসা করিয়াছেন। ইহাতে আপনি লোকসমূহের প্রতি অতিশয় অনুগ্রহ ও ভগবদ্‌গতচিত্ত নিজের কীর্ত্তি বিস্তার করিলেন ॥ ১৮ ॥

আপনি যে অনন্যভাবে শ্রীহরিকে হৃদয়ে রাখিয়াছেন এবং সেই ভগবদ্বিষয়ক প্রশ্ন করিতেছেন, হে বিদুর ! ইহা আপনার পক্ষে আশ্চর্য্যজনক নহে ; যেহেতু আপনি ব্যাস-দেবের ঔরসে জন্মগ্রহণ করিয়াছেন ॥ ১৯ ॥

আপনি লোকনিয়ন্তা যমদেবতা ; মাণ্ডব্যমুনির শাপে আপনি ব্যাসদেবের ভ্রাতা বিচিত্রবীর্য্যের পত্নীরূপে গৃহীতা দাসীর গর্ভে সত্যবতীনন্দন ব্যাসদেবের ঔরসে জন্মগ্রহণ

টীকা

বহুমানয়ন্নাহ ॥ ১৭ ॥ অধোক্ষজে আত্মা মনো যস্য তস্য ॥ ১৮ ॥ যদ্ধরির্গৃহীতঃ এতৎ ত্বয়ি চিত্রং ন, তত্র হেতুঃ—বাদরায়ণবীর্য্যজে ইতি ॥ ১৯ ॥ ভ্রাতুঃ সত্যবতীসুতস্য বিচিত্রবীর্য্যস্য ক্ষেত্রে ভুজিষ্যায়াং

ভবান্ ভগবতো নিত্যং সম্মতঃ সানুগস্য চ।
যস্য জ্ঞানোপদেশায় মাদিশদ্ভগবান্ ব্রজন্ ॥ ২১ ॥
অথ তে ভগবল্লীলা যোগমায়োরুবৃংহিতাঃ।
বিশ্বস্থিত্যুদ্ভবান্তার্থা বর্ণয়াম্যনুপূর্ব্বশঃ ॥ ২২ ॥
ভগবানেক আসেদমগ্র আত্মাত্মনাং বিভুঃ।
আত্মেচ্ছানুগতাবাত্মা নানামত্যুপলক্ষণঃ ॥ ২৩ ॥

অন্বয়

ভবান্ (আপনি) সানুগস্য ভগবতঃ (ভক্ত ও ভগবানের) নিত্যং (সর্ব্বদা) সম্মতঃ (ভক্তরূপে অনুমোদিত); যস্য (আপনার প্রতি) জ্ঞানোপদেশায় (তত্ত্বজ্ঞান উপদেশ করিবার জন্য) ভগবান্ ব্রজন্ (ভগবান্ স্বধামে গমনকালে) মা (আমাকে) আদিশৎ (আদেশ করিয়া গিয়াছেন) ॥ ২১ ॥

অথ (অনন্তর) যোগমায়োরুবৃংহিতাঃ (ভগবানের মায়াশক্তি দ্বারা বর্দ্ধিত) বিশ্বস্থিত্যুদ্ভবান্তার্থাঃ (জগতের সৃষ্টি, স্থিতি ও প্রলয়বিষয়ে) ভগবল্লীলা (ভগবানের লীলা) তে (আপনার নিকটে) অনুপূর্ব্বশঃ (আনুপূর্ব্বিক) বর্ণয়ামি (বর্ণনা করিতেছি) ॥ ২২ ॥

ইদং (এই জগৎ) অগ্রে (সৃষ্টির পূর্ব্বে) আত্মেচ্ছানুগতৌ (পরমাত্মার ইচ্ছানুসারে) আত্মা (সর্ব্বাত্মা) আত্মনাম্ আত্মা (প্রকৃতি, পুরুষ ও কালের আশ্রয়) নানামত্যুপলক্ষণঃ (সৃষ্টিতে নানা-

অনুবাদ

করিয়াছেন; অতএব শাপভ্রষ্ট যমদেবতা আপনার পক্ষে এই প্রকার শ্রীহরিবিষয়ক প্রশ্ন আশ্চর্য্যজনক নহে ॥ ২০ ॥

আপনি ভগবান্ ও ভগবদ্ভক্তগণের সর্ব্বদাই ভক্তরূপে অনুমোদিত; কারণ ভগবান্ বৈকুণ্ঠগমনকালে আপনাকে তত্ত্বজ্ঞান উপদেশ করিবার নিমিত্ত আমাকে আদেশ করিয়া গিয়াছেন ॥ ২১ ॥

অতঃপর ভগবানের মায়াশক্তির দ্বারা অতিশয় বর্দ্ধিত বিশ্বের সৃষ্টি, স্থিতি ও প্রলয় বিষয়ে ভগবানের লীলাসকল আপনার নিকটে আনুপূর্ব্বিক বর্ণনা করিতেছি, আপনি শ্রবণ করুন ॥ ২২ ॥

[বিশ্বসৃষ্টিরূপ লীলা বর্ণনা করিবার জন্য প্রথমে বিশ্বরূপ কার্য্য যে কারণ হইতে

টীকা

সত্যবতীসুতাৎ শ্রীবেদব্যাসাৎ ॥ ২০ ॥ যস্য তব মা মাম্ ॥ ২১ ॥ বিশ্বস্থিত্যাদয়ঃ অর্থো বিষয়ো যাসাং তাঃ ॥ ২২ ॥ তত্র বিশ্বসৃষ্টিলীলাং বর্ণয়িতুং বিশ্বস্য কার্য্যস্য কারণাভিন্নত্বমাহ—ভগবানিতি। ইদং বিশ্বমগ্রে সৃষ্টেঃ পূর্ব্বম্ আত্মন্ একত্বেচ্ছানুগতৌ আত্মা সর্ব্বাত্মা একঃ সজাতীয়বিজাতীয়-ভেদশূন্যঃ ভগবান্ স্বগতৈশ্বর্য্যবান্ আস আসীৎ। "সদেব সৌম্যেদমগ্র আসীদিতি" শ্রুতেঃ। স্বগত-ভেদং প্রপঞ্চয়িতুম্ একং বিশিনষ্টি আত্মনামিত্যুপলক্ষণম্ প্রকৃতিকালয়োঃ। প্রকৃতিপুরুষকালানাম্ শক্তিভূতানাম্ আত্মা আশ্রয়ঃ প্রকৃতিপুরুষকালশক্তিমানিত্যর্থঃ। কথম্ভূতঃ? সৃষ্টৌ নানামতিভিরূপ-

স বা এষ তদা দ্রষ্টা নাপশ্যদ্দৃশ্যমেকরাট্।
মেনেঽসন্তমিবাত্মানং সুপ্তশক্তিরসুপ্তদৃক্ ॥ ২৪ ॥
সা বা এতস্য সংদ্রষ্টুঃ শক্তিঃ সদসদাত্মিকা।
মায়া নাম মহাভাগ! যয়েদং নির্ম্মমে বিভুঃ ॥ ২৫ ॥

অন্বয়

রূপে পরিজ্ঞাত) বিভুঃ (সর্ব্বব্যাপক) ভগবান্ (ষড়ৈশ্বর্য্যশালী) একঃ (সজাতীয়বিজাতীয়ভেদরহিত এক পরমেশ্বররূপে) আস (ছিল)॥ ২৩॥

স বৈ এষঃ (সেই পূর্ব্ববর্ণিত ভগবান্) তদা (সৃষ্টির পূর্ব্বে) দ্রষ্টা (সর্ব্বজ্ঞ) অসুপ্তদৃক্ (ও নিত্য দৃষ্টিশক্তিসম্পন্ন হইয়াও) দৃশ্যং (দৃশ্য বস্তু) ন অপশ্যৎ (দেখিতে পান নাই); [তিনি তখন] একরাট্ (একাকীই প্রকাশিত ছিলেন); সুপ্তশক্তিঃ (প্রকৃত্যাদি শক্তি তাঁহাতে লীন ছিল বলিয়া তিনি) আত্মানং (নিজকে) অসন্তম্ ইব (অদ্রষ্টার ন্যায়ই) মেনে (মনে করিয়াছিলেন)। [দৃশ্যের অভাবে দ্রষ্টৃত্ব উপপন্ন হয় না]॥ ২৪॥

মহাভাগ! (হে মহাত্মন্!) বিভুঃ (ভগবান্) যয়া (যাহার দ্বারা) ইদং (এই বিশ্ব) নির্ম্মমে (রচনা করিয়াছেন), স বৈ (তাহাই) এতস্য সংদ্রষ্টুঃ (দ্রষ্টাস্বরূপ ভগবানের) সদসদাত্মিকা (কার্য্যকারণরূপা) মায়া নাম শক্তিঃ (মায়া নাম্নী শক্তি)॥ ২৫॥

অনুবাদ

অভিন্ন তাহাই বলিতেছেন] পরমাত্মার ইচ্ছানুসারে এই জগৎ সৃষ্টির পূর্ব্বে সর্ব্বাত্মরূপে, ব্যাপকরূপে ও সজাতীয়বিজাতীয় ভেদশূন্যরূপে এক ছিল অর্থাৎ এক পরমাত্মরূপে ছিল। এই পরমাত্মার সকল অবস্থাতেই সমান অথবা ভিন্ন কিছু ছিল না; ফলতঃ কোন ভেদই যে পূর্ব্বে ছিল না, তাহাতেই সমস্ত লীন ছিল, ইহাই বলা হইল। এই পরমাত্মা প্রকৃতি, পুরুষ ও কালের আশ্রয়, তিনিই আবার সৃষ্টিতে নানারূপে পরিজ্ঞাত হইয়া থাকেন। সমস্তই তাঁহার অংশ, অংশস্বরূপ নানাবস্তুর জ্ঞানে তিনিই পরিজ্ঞাত হইয়া থাকেন॥ ২৩॥

পূর্ব্ববর্ণিত ভগবান্ সৃষ্টির পূর্ব্বে সর্ব্বজ্ঞ ও দৃষ্টিশক্তিসম্পন্ন হইয়াও তখন একাকীই প্রকাশিত ছিলেন বলিয়া দৃশ্য বস্তু দেখিতে পান নাই; অতএব তিনি নিজকে অদ্রষ্টার ন্যায়ই মনে করিয়াছিলেন। প্রকৃত্যাদি শক্তিসমূহও তখন তাঁহাতেই লীন ছিল, অতএব দৃশ্যের অভাবে তিনি নিজকে অদ্রষ্টার ন্যায় মনে করিয়াছিলেন॥ ২৪॥

হে মহাভাগ বিদুর! ভগবান্ যাহার দ্বারা এই বিশ্বরচনা করিয়াছেন, তাহাই

টীকা

লক্ষ্যতে নানাকার্য্যবিষয়বুদ্ধিভির্বুধ্যতে সঃ॥ ২৩॥ প্রকৃত্যাখ্যশক্তিপরিণামতঃ সৃষ্টিং বক্তুং তদুদ্ভবপ্রকারমাহ—স ইতি দ্বাভ্যাম্। এষ বর্ণনীয়গুণঃ শ্রীকৃষ্ণঃ তদা সৃষ্টেঃ পূর্ব্বং দ্রষ্টা সর্ব্বজ্ঞঃ। যতঃ অসুপ্তদৃক্ঃ দৃশ্যং কার্য্যং নাপশ্যৎ, যতঃ স একরাট্ তদানীমেক এব প্রকাশতে। যতঃ সুপ্তাঃ প্রকৃত্যাদ্যাঃ শক্তয়ো যস্য; অতএব আত্মানমসন্তমিব অদ্রষ্টারমিব মেনে। দৃশ্যালাভে দ্রষ্টৃত্বস্যানুপপন্নত্বাৎ॥ ২৪। বিভুর্যয়া ইদং বিশ্বং নির্ম্মমে, সা এতস্য সংদ্রষ্টুঃ শক্তিঃ, তদিচ্ছয়া ক্ষোভিতা

কালবৃত্ত্যা তু মায়ায়াং গুণময্যামধোক্ষজঃ।
পুরুষেণাত্মভূতেন বীর্য্যমাধত্ত বীর্য্যবান্ ॥ ২৬ ॥
ততোঽভবন্মহত্তত্ত্বমব্যক্তাৎ কালচোদিতাৎ।
বিজ্ঞানাত্মাত্মদেহস্থং বিশ্বং ব্যঞ্জংস্তমোনুদঃ ॥ ২৭ ॥

অন্বয়

বীর্য্যবান্ (সৃষ্টিসামর্থ্যবান্) অধোক্ষজঃ (ভগবান্) কালবৃত্ত্যা তু (কালশক্তির দ্বারা অর্থাৎ সৃষ্টিযোগ্য কালে) গুণময্যাং (ক্ষোভিতগুণময়ী) মায়ায়াং (মায়া নাম্নী শক্তিতে) আত্মভূতেন পুরুষেণ (স্বীয় অংশাবতার পুরুষদ্বারা) বীর্য্যং (সৃষ্টিসামর্থ্য) আধত্ত (আধান করিয়া থাকেন) ॥২৬॥

ততঃ (সেই মায়ানাম্নী) কালচোদিতাৎ (কালশক্তিপ্রেরিতা) অব্যক্তাৎ (প্রকৃতিশক্তি হইতে) মহত্তত্ত্বম্ অভবৎ (মহত্তত্ত্ব উদ্ভূত হইয়া থাকে)। বিজ্ঞানাত্মা (সত্ত্বপ্রধান) [সেই মহৎতত্ত্ব] আত্মদেহস্থং (স্বদেহস্থিত) বিশ্বং (বিশ্বকে) ব্যঞ্জন্ (প্রকাশিত করিয়া) তমোনুদঃ (অজ্ঞাননাশক হইয়া থাকে) ॥ ২৭ ॥

অনুবাদ

দ্রষ্টা ভগবানের কার্য্যকারণাত্মিকা মায়া নাম্নী শক্তি। ভগবদিচ্ছায়ই এই শক্তি সৃষ্টিকালে ক্ষোভিতা হইয়া কার্য্যোন্মুখী হয় ॥ ২৫ ॥

সৃষ্টিসামর্থ্যশালী পরমাত্মা সৃষ্টিযোগ্যকালে ত্রিগুণময়ী মায়া নাম্নী শক্তিতে স্বীয় অবতার পুরুষের দ্বারা সৃষ্টিসামর্থ্য সংযোজিত করিয়া থাকেন * ॥ ২৬ ॥

সেই কালপ্রেরিত ভগবদ্বীর্য্যসংযুক্ত মায়ানাম্নী প্রকৃতিশক্তি হইতে মহত্তত্ত্ব উদ্ভূত হইয়া থাকে। সেই মহত্তত্ত্ব সত্ত্বপ্রধান অর্থাৎ বিজ্ঞানাত্মা; অতএব সত্ত্বপ্রধান বলিয়া মহত্তত্ত্ব স্বদেহস্থিত চেতনাচেতনাত্মক বিশ্বকে প্রকাশ করতঃ অজ্ঞাননাশক হইয়া থাকে ॥ ২৭ ॥

টীকা

অভূদিতি শেষঃ। যতঃ সা সদসদাত্মিকা কার্য্যকারণ-রূপা, তদানীং কার্য্যোন্মুখা জাতেতি ফলিতোঽর্থঃ ॥ ২৫ ॥ কালবৃত্ত্যা কালশক্ত্যা সৃষ্টিকালেনেতি যাবৎ। গুণময্যাং ক্ষোভিতগুণায়াং সৃষ্ট্যুন্মুখ্যাম্। অধোক্ষজঃ পরমাত্মা বীর্য্যবান্ আত্মভূতেন স্বাবতারেণ মহৎ সৃষ্ট্বা বীর্য্যং সৃষ্টিসামর্থ্যম্ আধত্ত সংযোজিতবান্। অত্র মায়াবৎ মায়াবৃতো বদ্ধজীবপুরুষোঽভিক্ষোভিতো জ্ঞেয়ঃ। "প্রকৃতিং পুরুষঞ্চৈব প্রবিশ্যাত্মেচ্ছয়া হরিঃ। ক্ষোভয়ামাস সংপ্রাপ্তে সর্গকালে ব্যয়াব্যয়াবিতি" বৈষ্ণবাৎ। পুরুষদ্বারা মায়ায়াঃ বীর্য্যমাপাদনমপি যুক্তমেব, তথৈব "ত্বতঃ পুমান্ সমধিগম্য যয়াস্য বীর্য্যং ধত্তে মহান্তমিব গর্ভমমোঘবীর্য্যঃ। সোঽয়ং তয়ানুগত আত্মন অণ্ডকোষং হৈমং সসর্জ্জ বহিরাবরণৈরুপেত"-মিত্যেকাদশে ব্রহ্মাদিদেবগণবাক্যং শ্রীকৃষ্ণং প্রতি। অতএব সাত্বততন্ত্রে "বিষ্ণোস্তু ত্রীণি রূপাণি পুরুষাখ্যান্যথো বিদুঃ। আদ্যন্তু মহতঃ স্রষ্টৃ দ্বিতীয়মণ্ডসংস্থবম্।। তৃতীয়ং সর্ব্বভূতস্থং তানি জ্ঞাত্বা

---

* মায়া-শক্তি যেমন ক্ষোভিতা হইয়া সৃষ্টি করে, সেইরূপ মায়াবৃত বদ্ধজীবও ক্ষোভিত হইয়া থাকে। ভগবান্ পুরুষদ্বারা মায়াতে সৃষ্টিসামর্থ্য আধান করিয়া থাকেন। সেই পুরুষও ভগবানের অবতার ভেদে তিন প্রকার। এই সকল বিষয় ও প্রমাণ টীকায় প্রদর্শিত হইয়াছে। টীকা দ্রষ্টব্য।

সোঽপ্যংশগুণকালাত্মা ভগবদ্দৃষ্টিগোচরঃ।
আত্মানং ব্যকরোদাত্মা বিশ্বস্যাস্য সিসৃক্ষয়া ॥ ২৮ ॥
মহত্তত্ত্বাদ্বিকুর্ব্বাণাদহংতত্ত্বং ব্যজায়ত।
কার্য্যকারণকর্ত্রাত্মা ভূতেন্দ্রিয়মনোময়ঃ ॥ ২৯ ॥

অন্বয়

অংশগুণকালাত্মা (অংশ—জীব, গুণ—উপাদান, কাল—গুণক্ষোভক এই সকলের আশ্রয়) ভগবদ্দৃষ্টি-গোচরঃ (সৃষ্টিসামর্থ্যরূপ ভগবদ্বীর্য্যসম্পন্ন) সঃ অপি (সেই মহত্তত্ত্ব) অস্য বিশ্বস্য (এই বিশ্বের) সিসৃক্ষয়া (সৃষ্টি করিবার ইচ্ছায়) আত্মা (নিজে) আত্মানং (নিজকে) ব্যকরোৎ (রূপান্তর করিয়া থাকে) ॥ ২৮ ॥

বিকুর্ব্বাণাৎ (বিকারপ্রাপ্ত) মহত্তত্ত্বাৎ (মহত্তত্ত্ব হইতে) অহংতত্ত্বং (অহঙ্কারতত্ত্ব) ব্যজায়ত (উদ্ভূত হইয়া থাকে) [সেই অহঙ্কারতত্ত্ব] কার্য্যকারণকর্ত্রাত্মা (অধিভূত, অধ্যাত্ম ও অধিদৈব এই তিনের আশ্রয়) [যেহেতু] ভূতেন্দ্রিয়মনোময়ঃ (ভূত, ইন্দ্রিয়, মন ও দেবতা অহঙ্কারেরই বিকার) ॥ ২৯ ॥

অনুবাদ

[মহত্তত্ত্ব হইতে অহঙ্কারের উৎপত্তি নিরূপণ করিতেছেন]—অংশস্বরূপ জীব, উপাদান-ভূত গুণত্রয় ও গুণক্ষোভক কাল এই সকলের আশ্রয় এবং সৃষ্টিসামর্থ্যরূপ ভগবদ্বীর্য্যসম্পন্ন সেই মহত্তত্ত্ব চেতনাচেতন বিশ্ব সৃষ্টি করিবার ইচ্ছায় নিজেই নিজকে রূপান্তরে পরিণত করিয়া থাকে ॥ ২৮ ॥

বিকারপ্রাপ্ত মহত্তত্ত্ব হইতে অহঙ্কারতত্ত্ব উৎপন্ন হইয়া থাকে। এই অহঙ্কারতত্ত্ব অধিভূত, অধ্যাত্ম ও অধিদৈব এই তিনের আশ্রয়। কারণ ভূত, ইন্দ্রিয়, মন ও দেবতা এই সকল অহঙ্কারতত্ত্বেরই বিকার ॥ ২৯ ॥

টীকা

বিমুচ্যতে” ইতি ॥ ২৬ ॥ ততো মায়াপরপর্য্যায়াৎ অব্যক্তাৎ বদ্ধজীবসংযুক্তাৎ কালেন ক্ষোভিতগুণাৎ ভগবদ্বীর্য্যসংযুক্তাৎ মহত্তত্ত্বং মহানভবৎ। স মহান্ বিজ্ঞায়তে অনেন নিমিত্তভূতেন ইতি বিজ্ঞানম্ সত্ত্বম্। তদাত্মা তৎপ্রধানঃ। দেহস্থং বিশ্বং চেতনাচেতনাত্মকং কার্য্যজাতং ব্যঞ্জন্ ব্যঞ্জয়ন্ তমো নুদতীতি তমোনুদো জাত ইত্যর্থঃ ॥ ২৭ ॥ মহতোঽহঙ্কারোৎপত্তিমাহ—স ইতি সার্দ্ধদ্বাভ্যাম্। স মহান্ অংশঃ জীবপুরুষঃ “মমৈবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতন” ইতি বচনাৎ। গুণাঃ উপাদানম্, কালঃ ক্ষোভকঃ, তদাত্মা তদাশ্রয়ঃ, ভগবদ্দৃষ্টিগোচর ইত্যস্য ভগবদ্বির্য্যোপবৃংহিত ইতি ফলিতোঽর্থঃ। অস্য বিশ্বস্য সিসৃক্ষয়া আত্মা স্বয়ম্ আত্মানং ব্যকরোৎ রূপান্তরমনয়ৎ ॥ ২৮ ॥ তদেবাহ—মহত্তত্ত্বা-দিতি। কার্য্যকারণকর্ত্তৃণাম্ অধিভূত-অধ্যাত্ম-অধিদৈবানাম্ আত্মা আশ্রয়ঃ। যতো ভূতেন্দ্রিয়মনোময়ঃ তদ্বিকারবান্। উপলক্ষিতা দেবা অপি বোধ্যাঃ ॥ ২৯ ॥ অহঙ্কারস্যৈব ত্রৈবিধ্যমাহ—বৈকারিক

বৈকারিকস্তৈজসশ্চ তামসশ্চেত্যহং ত্রিধা।
অহংতত্ত্বাদ্বিকুর্ব্বাণান্মনো বৈকারিকাদভূৎ।
বৈকারিকাশ্চ যে দেবা অর্থাভিব্যঞ্জনং যতঃ ॥ ৩০ ॥
তৈজসানীন্দ্রিয়াণ্যেব জ্ঞানকর্ম্মময়ানি চ।
তামসো ভূতসূক্ষ্মাদির্যতঃ খং লিঙ্গমাত্মনঃ ॥ ৩১ ॥
কালমায়াংশযোগেন ভগবদ্বীক্ষিতং নভঃ।
নভসোঽনুস্থতং স্পর্শং বিকুর্ব্বন্নির্ম্মমেঽনিলম্ ॥৩২ ॥

অন্বয়

বৈকারিকঃ (সাত্ত্বিক), তৈজসঃ চ (রাজস) তামসঃ চ (ও তামস) ইতি অহং ত্রিধা (এই তিন প্রকার অহঙ্কারতত্ত্ব)। বিকুর্ব্বাণাৎ (বিকারপ্রাপ্ত) বৈকারিকাৎ (সাত্ত্বিক) অহংতত্ত্বাৎ (অহঙ্কারতত্ত্ব হইতে) মনঃ অভূৎ (মন উৎপন্ন হইয়া থাকে); যে চ দেবাঃ (আর যে দেবতা সকল) [তাহারাও] বৈকারিকাঃ (সাত্ত্বিক অহঙ্কার হইতে উৎপন্ন হইয়াছে)। যতঃ (এই দেবতাগণ হইতে) অর্থাভিব্যঞ্জনং (শব্দাদি বিষয় সমূহের প্রকাশ হইয়া থাকে) ॥ ৩০ ॥

জ্ঞানকর্ম্মময়ানি ইন্দ্রিয়াণি এব (জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয়সকল) তৈজসানি (বিকারপ্রাপ্ত রাজস অহঙ্কার হইতে উৎপন্ন হইয়াছে); তামসঃ (বিকারপ্রাপ্ত তামস অহঙ্কার) ভূতসূক্ষ্মাদিঃ (শব্দতন্মাত্রের কারণ) [অর্থাৎ তামসাহঙ্কার হইতে শব্দতন্মাত্র উৎপন্ন হইয়া থাকে] যতঃ (এই শব্দতন্মাত্র হইতে) আত্মনঃ লিঙ্গং (ব্রহ্মের শরীর) খং (আকাশ) [উৎপন্ন হইয়া থাকে] ॥ ৩১ ॥

কালমায়াংশযোগেন (কাল—গুণক্ষোভক, মায়া—গুণ, অংশ—পুরুষ, ইহাদের যোগে) নভঃ

অনুবাদ

অহঙ্কারতত্ত্ব সাত্ত্বিক, রাজস ও তামসভেদে তিন প্রকার। বিকারপ্রাপ্ত সাত্ত্বিক অহঙ্কার হইতে মন উদ্ভূত হইয়া থাকে এবং ইন্দ্রিয়াধিষ্ঠাত্রী দেবতাগণও সাত্ত্বিক অহঙ্কার হইতেই উৎপন্ন হইয়া থাকে। এই ইন্দ্রিয়াধিষ্ঠাত্রী দেবতাগণ হইতেই শব্দাদি বিষয়সমূহের প্রকাশ হইয়া থাকে ॥ ৩০ ॥

জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয়সকল বিকারপ্রাপ্ত অহঙ্কার হইতে উৎপন্ন হইয়া থাকে। বিকারপ্রাপ্ত তামসাহঙ্কার শব্দতন্মাত্রের কারণ অর্থাৎ বিকারপ্রাপ্ত তামসাহঙ্কার হইতে শব্দতন্মাত্র উৎপন্ন হইয়া থাকে। এই শব্দতন্মাত্র হইতেই ব্রহ্মশরীর আকাশ উৎপন্ন হইয়া থাকে ॥৩১॥

কাল, গুণ ও পুরুষযোগে ভগবৎপ্রেরিত আকাশ কার্য্যোৎপাদনে উন্মুখ হইয়া থাকে।

টীকা

ইতি। বৈকারিকঃ সাত্ত্বিকঃ, তৈজসো রাজসঃ, যতঃ যেভ্যঃ ॥ ৩০ ॥ তামসঃ ভূতসূক্ষ্মস্য শব্দতন্মাত্রস্য আদিঃ কারণম্। যতঃ শব্দতন্মাত্রাৎ খম্ আকাশঃ উৎপন্নম্। আত্মনো ব্রহ্মণো লিঙ্গং শরীরম্ "আকাশশরীরং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ ॥ ৩১ ॥ নভঃ ভগবদ্বীক্ষিতমভূৎ, ভগবতা কার্য্যোৎপাদনাভিমুখীকৃতমিত্যর্থঃ। কালমায়াংশযোগেনেতি কালাদিযোগঃ সর্ব্বত্র সম্বধ্যতে। 'তস্মান্নভসঃ অনুস্থত-

অনিলোঽপি বিকুর্ব্বাণো নভসোরুবলান্বিতঃ।
সসর্জ্জ রূপতন্মাত্রং জ্যোতির্লোকস্য লোচনম্ ॥ ৩৩ ॥
অনিলেনান্বিতং জ্যোতির্বিকুর্ব্বৎ পরবীক্ষিতম্।
আধত্তাম্ভো রসময়ং কালমায়াংশযোগতঃ ॥ ৩৪ ॥

অন্বয়

(আকাশ) ভগবদ্বীক্ষিতম্ [অভূৎ] (ভগবৎকর্ত্তৃক কার্য্য উৎপাদনে উন্মুখ হইয়া থাকে) ; নভসঃ (সেই আকাশ হইতে) অনুসৃতং (উদ্ভূত) স্পর্শং (স্পর্শতন্মাত্র) বিকুর্ব্বৎ [সৎ] (বিকারপ্রাপ্ত হইয়া) অনিলং (বায়ু) নির্ম্মমে (সৃষ্টি করিয়া থাকে)। ["কালমায়াংশযোগেন" ইহা সর্ব্বত্র বুঝিতে হইবে, সকল শ্লোকে বলা হইবে না) ॥ ৩২ ॥

নভসা (আকাশের সহিত) উরুবলান্বিতঃ (অতিশয় বলবান্) অনিলঃ অপি (বায়ুও) বিকুর্ব্বাণঃ (বিকার প্রাপ্ত হইয়া) রূপতন্মাত্রং সসর্জ্জ (রূপতন্মাত্র সৃষ্টি করিয়া থাকে), [সেই রূপতন্মাত্রও] লোকস্য লোচনং (লোকপ্রকাশক) জ্যোতিঃ (তেজ সৃষ্টি করিয়া থাকে) ॥ ৩৩ ॥

অনিলেন অন্বিতং (বায়ুর সহিত যুক্ত) জ্যোতিঃ (তেজ) পরবীক্ষিতং (ভগবৎকর্ত্তৃক প্রেরিত হইয়া) কালমায়াংশযোগতঃ (কালপ্রভৃতির যোগে) বিকুর্ব্বৎ (বিকারপ্রাপ্ত হইয়া) রসময়ং অম্ভঃ আধত্ত (রসতন্মাত্রসৃষ্টিপূর্ব্বক জল সৃষ্টি করিয়া থাকে) [অর্থাৎ পূর্ব্বোক্তবিশেষণবিশিষ্ট তেজ রসতন্মাত্র সৃষ্টি করিয়া থাকে ও রসতন্মাত্র হইতে জল উদ্ভূত হইয়া থাকে) ॥ ৩৩ ॥

অনুবাদ

সেই আকাশ হইতে উদ্ভূত স্পর্শতন্মাত্র বিকারপ্রাপ্ত হইয়া বায়ু সৃষ্টি করিয়া থাকে। [এই প্রকারে সেই সেই তন্মাত্র হইতেই সেই সেই ভূতের উৎপত্তি হইয়া থাকে অর্থাৎ শব্দ তন্মাত্র হইতে আকাশ, স্পর্শতন্মাত্র হইতে বায়ু ইত্যাদি] ॥৩২॥

অতিশয় বলবান্ বায়ুও আকাশের সহিত কালাদিযোগে ভগবৎকর্ত্তৃক কার্য্যোৎপাদনে প্রেরিত ও বিকারপ্রাপ্ত হইয়া রূপতন্মাত্র সৃষ্টি করিয়া থাকে। আবার সেই রূপতন্মাত্র লোক-প্রকাশক তেজ সৃষ্টি করিয়া থাকে ॥ ৩৩ ॥

বায়ুসমন্বিত তেজ ভগবৎকর্ত্তৃক কার্য্যোৎপাদনে উন্মুখ হইয়া কালপ্রভৃতির যোগে বিকারভাব প্রাপ্ত হইলে রসতন্মাত্র সৃষ্টি করিয়া থাকে ও সেই রসতন্মাত্র জল সৃষ্টি করিয়া থাকে ॥ ৩৪ ॥

টীকা

মুদ্ভূতং স্পর্শং স্পর্শতন্মাত্রং বিকুর্ব্বৎ সৎ অনিলং নির্ম্মমে সসর্জ্জ ॥ ৩২ ॥ অনিলোঽপি নভসান্বিতঃ স্বয়ঞ্চ উরুবলান্বিতঃ রূপং রূপতন্মাত্রং সসর্জ্জ। তন্মাত্রমপি লোকস্য লোচনং প্রকাশকং জ্যোতিস্তেজঃ সসর্জ্জ ॥ ৩৩ ॥ অনিলেনান্বিতং জ্যোতিরম্ভ আধত্ত রসতন্মাত্রদ্বারা জলমসৃজৎ ॥ ৩৪ ॥ সংসৃষ্টং সমন্বিতম্। গন্ধতন্মাত্রদ্বারা মহীম্ আধাৎ অসৃজৎ ॥ ৩৫ ॥ হে ভব্য! বিদুর! ভূতানামাকাশাদীনাং

জ্যোতিষাম্ভোঽনুসংসৃষ্টং বিকুর্ব্বদ্ ব্রহ্মবীক্ষিতম্ ।
মহীং গন্ধগুণামাধাৎ কালমায়াংশযোগতঃ ॥ ৩৫ ॥
ভূতানাং নভআদীনাং যদ্‌যদ্‌ভব্যাবরাবরম্ ।
তেষাং পরানুসংসর্গাদ্ যথাসঙ্খ্যং গুণান্ বিদুঃ ॥ ৩৬ ॥
এতে দেবাঃ কলা বিষ্ণোঃ কালমায়াংশলিঙ্গিনঃ ।
নানাত্বাৎ স্বক্রিয়ানীশাঃ প্রোচুঃ প্রাঞ্জলয়ো বিভুম্ ॥ ৩৭ ॥

অন্বয়

জ্যোতিষা (তেজ) অনুসংসৃষ্টং (সমন্বিত) অম্ভঃ (জল) ব্রহ্মবীক্ষিতং (ভগবৎকর্ত্তৃক কার্য্যোৎপাদনে উন্মুখ হইয়া) কালমায়াংশযোগতঃ (কালপ্রভৃতির যোগে) বিকুর্ব্বৎ (বিকারপ্রাপ্ত হইয়া) গন্ধগুণাং মহীম্ আধাৎ (গন্ধতন্মাত্রসৃষ্টিপূর্ব্বক পৃথিবী সৃষ্টি করিয়া থাকে) [অর্থাৎ জল হইতে গন্ধতন্মাত্র ও গন্ধতন্মাত্র হইতে পৃথিবী উৎপন্ন হইয়া থাকে] ॥ ৩৫ ॥

ভব্য ! (হে সাধো বিদুর !) নভ আদীনাং (আকাশ প্রভৃতি) ভূতানাং (ভূতগণের মধ্যে) যৎ যৎ অবরাবরম্ (যে যে ভূত উত্তরোত্তর অর্থাৎ পর পর) তেষাং (তাহাদের প্রত্যেকের) পরানুসংসর্গাৎ (কারণের সম্বন্ধ বশতঃ) যথাসঙ্খ্যং (ক্রমশঃ) গুণান্ (শব্দাদিগুণসকল হয় বলিয়া) বিদুঃ (তত্ত্বজ্ঞগণ বলিয়া থাকেন) ॥ ৩৬ ॥

এতে দেবাঃ (এই পূর্ব্বোক্ত মহত্তত্ত্বপ্রভৃতির অধিষ্ঠাত্রী দেবতাগণ) বিষ্ণোঃ কলা (বিষ্ণুর অংশ) কালমায়াংশলিঙ্গিনঃ অপি (কাল—গুণক্ষোভক, মায়া—উপাদানরূপা ত্রিগুণা প্রকৃতি, অংশ—পুরুষ, লিঙ্গ—আকৃতি, এই সকল সম্পন্ন হইয়াও) নানাত্বাৎ (পরস্পর সম্বন্ধের অভাব বশতঃ) স্বক্রিয়ানীশাঃ (নিজ

অনুবাদ

তেজসমন্বিত জল ভগবৎকর্ত্তৃক কার্য্যোৎপাদনে উন্মুখ হইয়া কালপ্রভৃতির যোগে বিকারভাব প্রাপ্ত হইলে গন্ধতন্মাত্র সৃষ্টি করিয়া থাকে। সেই গন্ধতন্মাত্র হইতে পৃথিবী উৎপন্ন হয় ॥ ৩৫ ॥

হে সাধো বিদুর ! আকাশাদি পঞ্চভূতের মধ্যে যে যে ভূত পর পর, তাহাদের প্রত্যেকের কারণের সম্বন্ধ বশতঃ পূর্ব্ব পূর্ব্ব শব্দাদি গুণসকল ক্রমশঃ হইয়া থাকে, ইহা তত্ত্বজ্ঞগণ বলিয়া থাকেন অর্থাৎ প্রথমতঃ আকাশের কেবলমাত্র শব্দগুণ, বায়ুর পূর্ব্ববর্ত্তী কারণ-গুণ শব্দের সহিত স্পর্শগুণ, তেজের পূর্ব্ববর্ত্তী কারণগুণ শব্দ ও স্পর্শের সহিত রূপগুণ, জলের পূর্ব্ববর্ত্তী কারণগুণ শব্দ, স্পর্শ ও রূপের সহিত রসগুণ এবং পৃথিবীর পূর্ব্ববর্ত্তী কারণগুণ শব্দ, স্পর্শ, রূপ ও রসের সহিত গন্ধগুণ ॥ ৩৬ ॥

[ভগবান্ প্রকৃতিতে মহদাদির উৎপাদন সামর্থ্য ও মহদাদিতে অহঙ্কারাদির উৎপাদন

টীকা

মধ্যে যৎ যৎ অবরাবরম্ উত্তরোত্তরম্। তেষাং পরানুসংসর্গাৎ কারণান্বয়াৎ যথাসঙ্খ্যং গুণান্ শব্দাদীন্ বিদুঃ। আদ্যস্যাদ্যঃ দ্বিতীয়স্য দ্বৌ, তৃতীয়স্য ত্রয়ঃ, চতুর্থস্য চত্বারঃ, পঞ্চমস্য পঞ্চেতি

শ্রীদেবা ঊচুঃ

নমাম তে দেব ! পদারবিন্দং প্রপন্নতাপোপশমাতপত্রম্ ।
যন্মূলকেতা যতয়োঽঞ্জসোরু সংসারদুঃখং বহিরুৎক্ষিপন্তি ॥৩৮॥

অন্বয়

নিজ কার্য্য ব্রহ্মাণ্ডরচনায় অসমর্থ হইয়া) প্রাঞ্জলয়ঃ (কৃতাঞ্জলিপুটে) বিভুং প্রোচুঃ (ভগবান্‌কে বলিতে লাগিলেন) ॥৩৭ ॥

শ্রীদেবাঃ ঊচুঃ (তত্ত্বাধিষ্ঠাত্রী দেবতাগণ বলিলেন) হে দেব ! প্রপন্নতাপোপশমাতপত্রম্ (শরণাগতের ত্রিবিধতাপনিবারণে ছত্রস্বরূপ) তে (আপনার) পদারবিন্দং (শ্রীচরণকমল) নমাম (নমস্কার করি) । যন্মূলকেতাঃ (যে চরণতল আশ্রয় করিয়া) যতয়ঃ (প্রযত্নশীল ভক্তগণ) অঞ্জসা (সুখে) উরু সংসারদুঃখং (অতিশয় সংসারতাপ) বহিঃ (দূরে) উৎক্ষিপন্তি (পরিত্যাগ করিয়া থাকেন) ॥ ৩৮ ॥

অনুবাদ

সামর্থ্য সংস্থাপন করিয়া থাকেন পূর্ব্বে তত্ত্বাদির সৃষ্টির বেলায় ইহা বলা হইয়াছে। অনন্তর মহদাদিতে ব্রহ্মাণ্ডোৎপাদন সামর্থ্যও যে ভগবান্ তাহাদের অর্থাৎ তত্তদধিষ্ঠাত্রী দেবতাগণের প্রার্থনায়ই প্রদান করিয়া থাকেন, ইহাই বলিতে যাইয়া তত্ত্বাধিষ্ঠাত্রী দেবতাগণের স্তব নিরূপণ করিতেছেন]—এই পূর্ব্বোক্ত তত্ত্বাধিষ্ঠাত্রী দেবতাগণ ভগবান্ বিষ্ণুর অংশ। ইহারা গুণক্ষোভক-কাল, উপাদানভূত মায়া, পুরুষ ও আকৃতিবিশিষ্ট হইয়াও পরস্পরের সম্বন্ধের অভাববশতঃ নিজ নিজ কার্য্য ব্রহ্মাণ্ডরচনায় অসমর্থ হইয়া কৃতাঞ্জলিপুটে ভগবান্‌কে স্তব করিতে লাগিলেন ॥৩৭॥

তত্ত্বাধিষ্ঠাত্রী দেবতাগণ বলিলেন—হে দেব ! আপনার যে শ্রীচরণতল আশ্রয় করিয়া প্রযত্নশীল ভক্তগণ অনায়াসে ঘোর সংসার দুঃখ দূরেই নিক্ষেপ করিয়া থাকেন, শরণাগত জনের আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক ত্রিবিধতাপ নিবারণে ছত্রস্বরূপ আপনার সেই শ্রীচরণকমলে আমরা নমস্কার করি ॥ ৩৮ ॥

টীকা

জানন্তি ॥ ৩৬ ॥ "মায়ায়াং বীর্য্যমাধত্ত" ইত্যনেন মায়ায়াং মহদুৎপাদনার্থং সামর্থ্যং "ভগবদ্দৃষ্টিগোচর" ইত্যাদিভিশ্চ অহঙ্কারাদ্যুৎপাদনার্থং মহদাদিষু সামর্থ্যং ভগবতা সংস্থাপিতম্। অথ ব্রহ্মাণ্ডোৎপাদন-সামর্থ্যং মহদাদিপ্রার্থিতেন ভগবতা তেষু নিযোজিতমিত্যাহ—এতে দেবা ইত্যাদিনা। এতে মহদাদয়ঃ দেবাঃ স্বস্বরূপেণ স্তোতমানাঃ বিষ্ণোঃ কলাঃ। কালঃ ক্ষোভকঃ, মায়া উপাদানভূতা, অংশো বদ্ধজীবঃ, লিঙ্গমাকৃতিঃ, এতানি বিদ্যন্তে যেষাং তে, তথাভূতা অপি নানাত্বাৎ স্বস্বসামর্থ্যাৎ স্ব স্ব-ক্রিয়ায়াং ব্রহ্মাণ্ডরচনায়াম্ অনীশাঃ সন্তঃ বিভুং প্রোচুঃ ॥ ৩৭ ॥ হে দেব ! তে পদারবিন্দং নমাম নমস্কুর্ম্মঃ ; প্রপন্নতাপানামাধ্যাত্মিকাধিদৈবিকাধিভৌতিকানামুপশমে নিরাকরণে আতপত্রং ছত্রম্, অস্য পদারবিন্দস্য মূলং তলং কেত আশ্রয়ো যেষাং তে যতয়ো যতনশীলা ভক্তাঃ অঞ্জসা সুখেন সংসারতাপং বহিঃ দূরত এব উৎক্ষিপন্তি পরিত্যজন্তি। উপায়োপেয়রূপো ভগবানেবেতি বুদ্ধ্যা ভগবন্তং শরণং গতঃ, প্রপন্নঃ উপেয়ো ভগবান্ তদর্থং জ্ঞানভজনাদ্যুপায়পরো ভক্ত ইতি ভেদঃ ॥ ৩৮ ॥

ধাতর্যদস্মিন্ ভব ঈশ ! জীবা-স্তাপত্রয়েণাভিহতা ন শর্ম্ম ।
আত্মন্ লভন্তে ভগবংস্তবাঙ্ঘ্রি-চ্ছায়াং সবিদ্যামত আশ্রয়েম ॥৩৯॥
মার্গন্তি যৎ তে মুখপদ্মনীড়ৈ-শ্ছন্দঃসুপর্ণৈ ঋষয়ো বিবিক্তে ।
যস্যাঘমর্ষোদসরিদ্বরায়াঃ পদং পদং তীর্থপদঃ প্রপন্নাঃ ॥ ৪০ ॥

অন্বয়

ধাতঃ ! ঈশ ! (হে বিধাতঃ ! হে সর্ব্বাত্মন্ !) অস্মিন্ ভবে (এই সংসারে) যৎ (আপনার শ্রীচরণকমল) [ঋতে] (ব্যতীত) তাপত্রয়েণ (আধ্যাত্মিকাদি ত্রিবিধতাপে) অভিহতাঃ (পীড়িত) জীবাঃ (জীবগণ) আত্মন্ (চিত্তে) শর্ম্ম (শান্তি) ন লভন্তে (লাভ করিতে পারে না) ; অতঃ (অতএব) ভগবন্ ! (হে ষড়ৈশ্বর্য্য-শালিন্ !) [আমরা] সবিদ্যাং (উপাসনার সহিত) তব (আপনার) অঙ্ঘ্রিচ্ছায়াং (শ্রীচরণরূপ কল্পবৃক্ষের শরণাগতিরূপ ছায়া) আশ্রয়েম (আশ্রয় গ্রহণ করিলাম) ॥ ৩৯ ॥

ঋষয়ঃ (ঋষিগণ) বিবিক্তে (নির্জ্জনে) তে মুখপদ্মনীড়ৈঃ (আপনার মুখপদ্ম যাহার আশ্রয়) ছন্দঃ-সুপর্ণৈঃ (সেই বেদবাক্যরূপ পক্ষীদ্বারা) যস্য (আপনার) যৎ পদং (যে চরণারবিন্দ) মার্গন্তি (অন্বেষণ করিয়া থাকেন), অঘমর্ষোদসরিদ্বরায়াঃ (পাপবিনাশক নদীসমূহের শ্রেষ্ঠতমা গঙ্গার) পদং (উৎপত্তিস্থান) তীর্থপদঃ (পবিত্রকীর্ত্তি আপনার) [তৎ] পদং (সেই চরণারবিন্দ) [বয়ং] প্রপন্নাঃ (আমরা আশ্রয় গ্রহণ করিলাম) ॥ ৪০ ॥

অনুবাদ

হে বিধাতঃ ! হে সর্ব্বাত্মন্ ! এই সংসারে আপনার শ্রীচরণকমল ব্যতীত আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক এই ত্রিবিধতাপে তাপিত আপনার ভক্তগণ চিত্তে শান্তিলাভ করিতে পারে না। অতএব হে ষড়ৈশ্বর্য্যশালিন্ ! আমরা উপাসনার সহিত আপনার শ্রীচরণ-রূপ কল্পবৃক্ষের শরণাগতিরূপ ছায়া আশ্রয় গ্রহণ করিলাম অর্থাৎ আপনার উপাসনায় রত ও আপনার শ্রীচরণে চিত্ত সমর্পণ করিলাম ॥ ৩৯ ॥

হে ভগবন্ ! আপনার মুখপদ্ম যাহার আশ্রয়, সেই বেদবাক্যরূপ পক্ষীদ্বারা ঋষিগণ নির্জ্জনে যে আপনার পাদপদ্ম অন্বেষণ করিয়া থাকেন, পাপবিনাশক নদীসমূহের শ্রেষ্ঠতমা গঙ্গার উৎপত্তিস্থান, পবিত্রকীর্ত্তি আপনার সেই শ্রীচরণকমল আমরা আশ্রয়

টীকা

ননু প্রপন্নাঃ ত্রিবিধতাপোপশমার্থমন্যদুপায়ং ন জানন্তি কিম্ ? ইত্যত্র উপায়ান্তরা-ভাবমাহুঃ—ঋতে ইতি । অস্মিন্ ভবে সংসারে যৎ পদারবিন্দম্ ঋতে তাপত্রয়েণাভিহতাঃ জীবাঃ ভক্তাঃ শর্ম্ম সুখং ন লভন্তে । প্রপন্নানাং প্রপত্তব্যং, ভক্তানাং ভজনীয়ং ত্বৎপদারবিন্দাদন্যৎ ন ইত্যর্থঃ । অতো বয়মপি তবাঙ্ঘ্রিকল্পতরোঃ শরণাগতিরূপাং ছায়াং আশ্রয়েম । সবিদ্যাং বিদ্যা উপাসনা তৎসহিতাম্ । ত্রিভিঃ সম্বোধনৈঃ সর্ব্বনিয়ন্তৃত্ব-সর্ব্বাত্মত্ব-স্বাভাবিকষড়্‌গুণাশ্রয়ত্বাদয়ো ভগবদসাধারণাঃ গুণাঃ দর্শিতাঃ ॥ ৩৯ ॥ বিবিক্তে একান্তে ঋষয়ঃ মুখপদ্মং ভবদীয়মুখারবিন্দং নীড়ং যেষাং তৈঃ, ছন্দঃসুপর্ণৈঃ শোভনং নীড়া-

যচ্ছ্রদ্ধয়া শ্রুতবত্যা চ ভক্ত্যা সংমৃজ্যমানে হৃদয়েঽবধায় ।
জ্ঞানেন বৈরাগ্যবলেন ধীরা ব্রজেম তৎ তেঽঙ্ঘ্রিসরোজপীঠম্ ॥৪১॥
বিশ্বস্য জন্মস্থিতিসংযমার্থে কৃতাবতারস্য পদাম্বুজং তে ।
ব্রজেম সর্ব্বে শরণং যদীশ ! স্মৃতিং প্রযচ্ছত্যভয়ং হি পুংসাম্ ॥ ৪২ ॥

অন্বয়

জ্ঞানেন (ভগবানের চরণকমল আশ্রয় করিলে উহাই সকল পুরুষার্থ প্রদান করিবে এই প্রকার জ্ঞানের দ্বারা) বৈরাগ্যবলেন [চ] (ও বিষয়াসক্তি কেবল জন্মমরণরূপ সংসারই প্রদান করে এই প্রকার বৈরাগ্যবলে) সংমৃজ্যমানে হৃদয়ে (পরিশোধিত চিত্তে) শ্রদ্ধয়া শ্রুতবত্যা চ ভক্ত্যা (শ্রদ্ধা ও ভগবল্লীলাশ্রবণে সংবর্দ্ধিত ভক্তির দ্বারা) যৎ (যাহা) অবধায় (ধ্যান করিয়া) [জীবগণ] ধীরাঃ [ভবন্তি] (জিতেন্দ্রিয় হইয়া থাকেন), [আমরা] তে (আপনার) তৎ (সেই) অঙ্ঘ্রিসরোজপীঠম্ (শ্রীচরণকমল) ব্রজেম (শরণ লইলাম) ॥ ৪১ ॥

ঈশ ! (হে ঈশ্বর !) যৎ (যে পাদপদ্ম) পুংসাং (মানবদিগকে) অভয়ং স্মৃতিং হি (অভয় পদ)

অনুবাদ

গ্রহণ করিলাম অর্থাৎ সমস্ত বেদবাক্য আপনা হইতেই উদ্ভূত এবং আপনার নিরূপণেই তাহাদের তাৎপর্য্য। এতাদৃশ বেদবাক্যদ্বারা বিবেকিগণ আপনার তত্ত্বই নির্দ্ধারণ করিতে যত্নপর হইয়া থাকেন। কলুষনাশিনী গঙ্গাও আপনার পাদপদ্ম হইতেই উদ্ভূতা। এই গঙ্গার সেবা করিলেও তাহার উৎপত্তিস্থান আপনার পাদপদ্মই লাভ হইয়া থাকে; অতএব আমরা আপনার শ্রীচরণ আশ্রয় গ্রহণ করিলাম ॥ ৪০ ॥

ভগবানের শ্রীপাদপদ্মের আশ্রয় লাভ করিলে উহাই সকল পুরুষার্থ প্রদান করিবে এই প্রকার জ্ঞানের দ্বারা ও স্ত্রীপুত্রগৃহাদির আশক্তি কেবল জন্ম মরণরূপ সংসারই পুনঃ পুনঃ প্রদান করে এই প্রকার বৈরাগ্যের বলে হৃদয় পরিশুদ্ধ হইলে শ্রদ্ধা ও ভগবদ্‌গুণ-কথাশ্রবণে সংবর্দ্ধিত ভক্তির দ্বারা যাহা ধ্যান করিয়া বিবেকিগণ জিতেন্দ্রিয় হইয়া থাকেন, আমরা আপনার সেই চরণকমলের শরণাপন্ন হইলাম ॥ ৪১ ॥

টীকা

শ্রয়ভূতে ভগবত্যেব প্রতিপাদকত্বেন পর্ণং পতনং যেষাং তৈঃ বেদৈঃ যস্য ভগবতঃ যৎপদং মার্গন্তি কেবল-মন্বেষয়ন্তি। তস্যৈব তে তদেব পদং বয়ং প্রপন্নাঃ শরণাগতাঃ। কথম্ভূতম্? অঘমর্ষাণি পাপাপহানি উদকানি যাসাং সরিতাং তাসু বরায়াঃ গঙ্গায়াঃ পদমুৎপত্তি স্থানম্ ॥ ৪০ ॥ অথ ভগবৎপদশরণাগতে-রত্যাদরণীয়ত্বং কৈমুতিকন্যায়েন বর্ণয়ন্তঃ পাদপীঠং শরণং ব্রজেম ইত্যাহুঃ—যদিতি। ভগবৎপাদপদ্মশরণাগতিঃ সর্ব্বপুরুষার্থদেতি জ্ঞানেন পুত্রকলত্রাদ্যাশক্তিঃ সংসারফলেতি বৈরাগ্যরূপেণ বলেন চ সংমৃজ্যমানে শোধ্যমানে হৃদয়ে শ্রদ্ধয়া শ্রুতবত্যা ভগবৎগুণশ্রবণসংবর্দ্ধিতয়া ভক্ত্যা চ যদঙ্ঘ্রিসরোজপীঠম্ অবধায় ধীরা ভবন্তি, তদঙ্ঘ্রিসরোজপীঠং ব্রজেম শরণং গচ্ছামঃ ॥ ৪১ ॥ ভগবতঃ কৃপালুতাং দ্যোতয়ন্তঃ শ্রদ্ধাতিশয়েন পুনঃ

যৎ সানুবন্ধেঽসতি দেহগেহে মমাহমিত্যূঢ়দুরাগ্রহাণাম্।
পুংসাং সুদূরং বসতোঽপি পুর্য্যাং ভজেম তৎ তে ভগবন্! পদাব্জম্॥ ৪৩॥
তান্ বৈ হ্যসদ্বৃত্তিভিরক্ষিভির্যে পরাহৃতান্তর্মনসঃ পরেশ!।
অথো ন পশ্যন্ত্যরুগায়! নূনং যে তে পদন্যাসবিলাসলক্ষ্ম্যাঃ॥ ৪৪॥

অন্বয়

প্রযচ্ছতি (প্রদান করিয়া থাকে), বিশ্বস্য (জগতের) জন্মস্থিতিসংযমার্থে (উৎপত্তি, স্থিতি ও প্রলয়ের নিমিত্ত) কৃতাবতারস্য (অবতাররূপে আবির্ভূত) তে (আপনার) পদাম্বুজং (সেই পাদপদ্ম) সর্ব্বে (আমরা সকলে) শরণং ব্রজেম (শরণ লইলাম)॥ ৪২॥

ভগবন্! অসতি (অনিত্য) সানুবন্ধে দেহগেহে (স্ত্রী, পুত্র, দেহ ও গৃহাদিতে) মমাহমিত্যূঢ়দুরাগ্রহাণাম্ ("আমার" "আমি" এই প্রকার অভিমানী) পুংসাং (মানবগণের) পুর্য্যাং (শরীরে) বসতঃ অপি তে (আপনি অন্তর্য্যামীরূপে বাস করিলেও আপনার) যৎ (যে চরণকমল) [তাহাদিগের] সুদূরং (অতিশয় দূরবর্ত্তী অর্থাৎ দুষ্প্রাপ্য), তৎ পদাব্জং ভজেম (আমরা সেই পাদপদ্মের ভজনা করি)॥ ৪৩॥

পরেশ! (হে পরমেশ্বর!) যে (যাহারা) অথো অসদ্বৃত্তিভিঃ (অনিত্য দেহ ও গৃহাদিতে বৃত্তিসম্পন্ন) অক্ষিভিঃ (ইন্দ্রিয়সমূহের দ্বারা) পরাহৃতান্তর্মনসঃ হি (বহির্মুখ) [হইয়া থাকে], উরুগায়! (হে বিপুলকীর্ত্তে!) তে (সেই সকল ব্যক্তি) যে (যাঁহারা) তে (আপনার) পদন্যাসবিলাসলক্ষ্ম্যাঃ (লীলাকীর্ত্তনাদিদ্বারা সৌভাগ্যশালী ভক্ত), তান্ (তাঁহাদিগকে) নূনং বৈ ন পশ্যন্তি (নিশ্চয়ই দেখিতে পায় না)॥ ৪৪॥

অনুবাদ

হে পরমেশ্বর! আপনি এই জগতের উৎপত্তি, স্থিতি ও প্রলয়ের নিমিত্ত অবতাররূপে আবির্ভূত হইয়া থাকেন। আপনার যে পাদপদ্ম মানবগণের অভয়স্মৃতি প্রদান করে অর্থাৎ অবতাররূপী আপনার যে পাদপদ্ম স্মরণ করিলে মানবগণের অভয়পদ লাভ হয়, আমরা আপনার সেই পাদপদ্মের শরণাপন্ন হইলাম॥ ৪২॥

হে ভগবন্! জীবগণ দেহ, স্ত্রী, পুত্র ও গৃহাদি অনিত্য বস্তুতে "আমি আমার" এই প্রকার অভিমানী হইয়া থাকে; আপনি সেই সকল জীবগণের হৃদয়ে অন্তর্য্যামীরূপে অতি সন্নিকটে থাকিলেও আপনার যে চরণকমল তাহাদিগের নিকটে অতিশয় দূরবর্ত্তী অর্থাৎ দুষ্প্রাপ্য হইয়া থাকে, আমরা আপনার সেই পাদপদ্ম ভজনা করি॥ ৪৩॥

হে পরমেশ্বর! যাহারা অনিত্য দেহ ও গৃহাদিতে আসক্ত ও ইন্দ্রিয়সমূহকর্ত্তৃক অপহৃতচিত্ত, হে বিপুলকীর্ত্তে! তাহারা যে সকল ভক্তগণ ভবদীয় লীলাকীর্ত্তনাদিদ্বারা সৌভাগ্যশালী, তাঁহাদিগকে নিশ্চয়ই দেখিতে পায় না॥ ৪৪॥

টীকা

পাদপদ্মং শরণং ব্রজেম ইত্যাহুঃ—বিশ্বস্যেতি॥ ৪২॥ বহির্বৃত্তীনাং যৎ সন্নিহিতমপি পদাম্বুজমতিদূরং ভবতি তৈর্ব্বিস্মৃতত্বাৎ, তৎপদাম্বুজং বয়ং ভজেম ইত্যাহুঃ—যদিতি। অসতি অনিত্যে পুর্য্যাং দেহে অন্তর্য্যামিতয়া গেহে গুর্ব্বাদিরূপেণ বসতোঽপি তে পদাম্বুজং দূরং ভবতি। তদ্ ব্রজেম, উভয়ত্র ভজনীয়তয়া সন্নিহিতং পশ্যাম ইতি ভাবঃ॥ ৪৩॥ নন্বু তর্হি তেঽপি ভবদ্বিধানাং সতাং সঙ্গেন কুতো ন মাং সন্নিহিতং কুর্ব্বন্তি?

পানেন তে দেব ! কথাসুধায়াঃ প্রবৃদ্ধভক্ত্যা বিশদাশয়া যে।
বৈরাগ্যসারং প্রতিলভ্য বোধং যথাঞ্জসান্বীয়ুরকুণ্ঠধিষ্ণ্যম্ ॥ ৪৫ ॥
তথাপরে চাত্মসমাধিযোগ-বলেন জিত্বা প্রকৃতিং বলিষ্ঠাম্ ।
ত্বামেব ধীরাঃ পুরুষং বিশন্তি তেষাং শ্রমঃ স্যান্ন তু সেবয়া তে ॥ ৪৬ ॥

অন্বয়

দেব ! (হে প্রকাশস্বভাব !) তে (আপনার) কথাসুধায়াঃ পানেন (কথামৃতপানে) প্রবৃদ্ধভক্ত্যা (অতিশয় বর্দ্ধিত ভক্তিদ্বারা) যে (যাঁহারা) বিশদাশয়াঃ (নির্ম্মলান্তঃকরণ) [ভবন্তি] (হইয়াছেন), তে (তাঁহারা) বৈরাগ্যসারং (বিষয়বিতৃষ্ণারূপ বৈরাগ্যবলযুক্ত) বোধং (জ্ঞান) প্রতিলভ্য (লাভ করিয়া) অকুণ্ঠধিষ্ণ্যম্ (বৈকুণ্ঠধাম) যথা অঞ্জসা (যথাসুখে) অন্বীয়ুঃ (প্রাপ্ত হইয়া থাকেন) ॥ ৪৫ ॥

তথা অপরে চ ধীরাঃ (অপর ক্ষেত্রজ্ঞ [ব্রহ্মার] উপাসকগণ) আত্মসমাধিযোগবলেন (মনঃস্থৈর্য্যরূপ উপায়ের দ্বারা) বলিষ্ঠাং প্রকৃতিং (বলবতী প্রকৃতিশক্তিকেও) জিত্বা (জয় করিয়া) তে (আপনার) সেবয়া [বিনা] (সেবা ব্যতীত) তথা ত্বাং (পরমানন্দস্বরূপ আপনাকে) ন এব বিশন্তি (প্রাপ্ত হয় না), তু (কিন্তু) পুরুষং বিশন্তি (জীবাত্মাকে প্রাপ্ত হইয়া থাকে)। তেষাং শ্রমঃ এব স্যাৎ (তাহাদের কেবল শ্রমমাত্রই সার হইয়া থাকে) ॥ ৪৬ ॥

অনুবাদ

হে দেব! আপনার কথামৃতপানে যাঁহাদের ভক্তিভাব অতিশয় বর্দ্ধিত হইয়া থাকে ও সেই বর্দ্ধিত ভক্তিভাবের দ্বারা যাঁহারা নির্ম্মলান্তঃকরণ হইয়া থাকেন, তাঁহারা বিষয়বিতৃষ্ণারূপ বৈরাগ্যবলযুক্ত জ্ঞান লাভ করিয়া অতিশয় সুখে বৈকুণ্ঠলোক প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৪৫ ॥

ক্ষেত্রজ্ঞ [ব্রহ্মার] উপাসকগণ মনঃস্থৈর্য্যরূপ উপায়ের দ্বারা বলবতী প্রকৃতিকে জয় করিয়াও আপনার সেবাবিহীন হওয়ায় পরমানন্দস্বরূপ আপনাকে প্রাপ্ত হয় না। তাহারা জীবাত্মাকেই প্রাপ্ত হয়। তাহাদের কেবল শ্রমমাত্রই সার হইয়া থাকে; কারণ তাহারা পরমানন্দ লাভ করিতে পারে না ॥ ৪৬ ॥

টীকা

ইত্যতঃ আহুঃ—তানিতি। তে তব পদন্যাসো গমনং তস্য বিলাসো বিভ্রমঃ তস্য লক্ষ্মীঃ শোভা তস্যাঃ যে ভাগিনঃ ভবদীয়াস্তান্ অসতি অসত্যে দেহে গেহে চ বৃত্তয়ো যেষাং তৈরক্ষিভিরিন্দ্রিয়ৈঃ পরাহৃতং বহির্মুখীকৃতং মনো যেষাং তে নূনং নিশ্চিতং বৈ প্রসিদ্ধং ন পশ্যন্তি। তৎসঙ্গস্য তু কা কথেতি ভাবঃ ॥ ৪৪ ॥ ভগবদীয়া ধন্যা ইত্যাহুঃ—পানেনেতি। অকুণ্ঠং ধিষ্ণ্যং যস্য তম্, নিরাবরণলোকেষু অকুণ্ঠং নিরাবরকত্বাৎ ॥ ৪৫ ॥ ক্ষেত্রজ্ঞোপাসকাস্তু পরমানন্দং বিনা সেবয়া নৈব বিশন্তি। কিন্তু পুরুষং দেহস্থং জীবাত্মানং বিশন্তি। অতস্তেষাং শ্রম এব স্যাৎ পরমানন্দলাভাভাবাৎ ॥ ৪৬ ॥ তদেবং তেষাং ভগবৎপরাঙ্মুখানামকৃতার্থত্বং ভগবদীয়ানাং কৃতার্থত্বঞ্চ নিরূপ্য অথ প্রার্থয়ন্তে—তদিতি চতুর্ভিঃ। হে আদ্য ! সর্ব্বকারণ ! তে ত্বদীয়া বয়ম্ লোকান্ স্রষ্টুমিচ্ছয়া তয়া যতঃ ত্রিভিঃ সত্ত্বাদিভিঃ আত্মভিঃ জীবাত্মাবরণহেতু-

তৎ তে বয়ং লোকসিসৃক্ষয়াদ্য ত্বয়ানুসৃষ্টাস্ত্রিভিরাত্মভিঃ স্ম।
সর্ব্বে বিযুক্তাঃ স্ববিহারতন্ত্রং ন শক্নুমস্তৎ প্রতিহর্ত্তবে তে ॥৪৭॥
যাবদ্‌বলিং তেঽজ! হরাম কালে যথা বয়ঞ্চান্নমদাম যত্র।
যথোভয়েষাং ত ইমে হি লোকা বলিং হরন্তোঽন্নমদন্ত্যনূহাঃ ॥৪৮॥

অন্বয়

[পূর্ব্বোক্ত স্তব করিয়া এক্ষণে প্রার্থনা করিতেছেন] আদ্য! (হে সর্ব্বকারণ!) তে বয়ং (সেই ভবদীয় আমরা) লোকসিসৃক্ষয়া (লোক সৃষ্টি করিবার ইচ্ছায়) ত্বয়া (আপনাকর্ত্তৃক) ত্রিভিঃ আত্মভিঃ (সত্ত্বাদিগুণত্রয়ের দ্বারা) অনুসৃষ্টাঃ স্ম (মহদাদিক্রমে পৃথক্ পৃথক্ রূপে সৃষ্ট হইয়াছি) তৎ (অতএব) সর্ব্বে বিযুক্তাঃ (আমরা সকলে পরস্পর বিযুক্ত থাকিয়া) স্ববিহারতন্ত্রং (আপনার নিজ ক্রীড়োপকরণ) তৎ (যে প্রয়োজনে আমরা সৃষ্ট হইয়াছি, সেই ব্রহ্মাণ্ড) তে (আপনাকে) প্রতিহর্ত্তবে (প্রত্যর্পণ করিতে) ন শক্নুমঃ (সমর্থ হইতেছি না) ॥ ৪৭ ॥

অজ! (হে সনাতন!) কালে (যথাযোগ্য) বলিং (ভোগ) যাবৎ (সম্পূর্ণরূপে) তে (আপনাকে) হরাম (সমর্পণ করিতে পারি) যথা (এবং যে প্রকারে) বয়ং চ (আমরাও) অন্নং অদাম (ভোগ্যবস্তু গ্রহণ করিতে পারি) যথা (ও যে প্রকারে) যত্র [স্থিতাঃ] তে ইমে হি লোকাঃ (যাহাতে অবস্থান করিয়া জীবগণ) উভয়েষাং (আপনার ও আমাদিগের) বলিং (উপহার) হরন্তঃ (আহরণ করতঃ) অনূহাঃ (নিঃসংশয় হইয়া) অন্নম্ অদন্তি (অন্ন ভক্ষণ করিতে পারে), [সেজন্য আমাদিগকে সামর্থ্যের সহিত সৃষ্টি বিষয়কজ্ঞান প্রদান করুন। পঞ্চাশ শ্লোকের সহিত অন্বয়] ॥ ৪৮ ॥

অনুবাদ

[এই প্রকারে স্তব করিয়া এক্ষণে প্রার্থনা করিতেছেন]—হে সর্ব্বকারণ! শরণাগত আমরা লোকসৃষ্টি করিবার নিমিত্ত আপনাকর্ত্তৃক সৃষ্ট হইয়াছি। আপনি সত্ত্বাদিগুণত্রয়ের দ্বারা আমাদিগকে মহদাদিক্রমে পৃথক্ পৃথক্‌রূপে সৃষ্টি করিয়াছেন। অতএব আমরা পরস্পর বিযুক্ত হইয়া অবস্থান করিতেছি এবং যে প্রয়োজনে আমরা সৃষ্ট হইয়াছি, আপনার নিজ লীলার উপকরণ সেই ব্রহ্মাণ্ড রচনা করিয়া আপনাকে প্রত্যর্পণ করিতে সমর্থ হইতেছি না ॥ ৪৭ ॥

হে আদিপুরুষ! আমরা যথাযোগ্যকালে যে প্রকারে আপনাকে ভোগ্যবস্তু সকল প্রদান করিয়া নিজেরাও ভোগ করিতে পারি এবং যে প্রকারে যাহাতে অবস্থান করিয়া জীবগণ আপনার ও আমাদিগের উপহার আহরণ করতঃ নিঃসংশয়ে ভোগ্যবস্তু গ্রহণ করিতে পারে, আমাদিগকে সেইরূপ সামর্থ্যের সহিত সৃষ্টিবিষয়ক জ্ঞান প্রদান করুন ॥ ৪৮ ॥

টীকা

ভূতৈঃ গুণাবৃতাঃ জীবাঃ গুণময়ং দেহাদিকমাত্মানং মন্যন্তে, তদ্দৃষ্ট্যা আত্মশব্দেন গুণা গৃহ্যন্তে। অনুসৃষ্টাঃ অনুক্রমেণ উৎপাদিতাঃ। তৎ ততো হেতোঃ বিষমত্বাৎ সর্ব্বে বিযুক্তাঃ সন্তঃ যদর্থে সৃষ্টাঃ তৎ স্ববিহারতন্ত্রং ত্বৎক্রীড়োপকরণং ব্রহ্মাণ্ডং তে তুভ্যং প্রতিহর্ত্তবে সম্পাদ্য প্রত্যর্পয়িতুং ন শক্নুমঃ। অতস্ত্বং নঃ স্বচক্ষুঃ পরিদেহীতি ত্রয়াণাং চতুর্থেণান্বয়ঃ ॥ ৪৭। উভয়েষাং ভবতোঽস্মাকঞ্চ। অনূহাঃ উহঃ তর্কঃ তদ্রহিতাঃ

ত্বং নঃ সুরাণামসি সান্বয়ানাং কূটস্থ আদ্যঃ পুরুষঃ পুরাণঃ।
ত্বং দেব! শক্ত্যাং গুণকর্ম্মযোনৌ রেতস্ত্বজায়াং কবিমাদধেঽজঃ ॥৪৯॥
ততো বয়ং মৎপ্রমুখা যদর্থে বভূবিমাত্মন্ করবাম কিং তে।
ত্বং নঃ স্বচক্ষুঃ পরিদেহি শক্ত্যা দেব! ক্রিয়ার্থে যদনুগ্রহাণাম্ ॥৫০॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে মহদাদ্যুৎপত্তির্নাম পঞ্চমোঽধ্যায়ঃ ॥ ৫ ॥

অন্বয়

[হে] দেব! ত্বং (আপনি) সান্বয়ানাং (কার্য্যের সহিত) সুরাণাং নঃ (তত্ত্বাধিষ্ঠাত্রী দেবতা আমাদিগের) আদ্যঃ (কারণ) কূটস্থঃ পুরাণঃ পুরুষঃ অসি (কূটস্থ সনাতন পুরুষ হইয়া থাকেন)। অজঃ (জন্মরহিত) ত্বং (আপনি) শক্ত্যাং (স্বশক্তিভূত) গুণকর্ম্মযোনৌ (সত্ত্বাদিগুণ ও জন্মাদির আশ্রয়) অজায়াং (প্রকৃতিতে) রেতঃ তু (সৃষ্টিসামর্থ্য) আদধে (আধান করিয়াছেন) কবিং [চ] আদধে (এবং জন্মমরণশীল জীবাত্মাকেও নিহিত করিয়াছেন)॥ ৪৯॥

ততঃ (যেহেতু আপনি এই প্রকার অতএব) আত্মন্! (হে বিভো!) মৎপ্রমুখাঃ বয়ম্ (মহদাদি আমরা) যদর্থে (যে প্রয়োজনে) বভূবিম (সৃষ্ট হইয়াছি অর্থাৎ জন্মিয়াছি), ক্রিয়ার্থে (সেই সৃষ্টিকার্য্যে) ত্বং (আপনি) যদনুগ্রহাণাম্ (আপনাকর্ত্তৃক অনুগৃহীত) নঃ (আমাদের) শক্ত্যা (সামর্থ্যের সহিত) স্বচক্ষুঃ (নিজ নিজ সৃষ্টিবিষয়ক জ্ঞান) পরিদেহি (প্রদান করুন); [হে] দেব! তে (আপনার) [অন্যৎ বা] কিং করবাম (অপর কি কার্য্যই বা করিব) [তাহা আদেশ করুন]॥ ৫০॥

অনুবাদ

হে দেব! আপনি কার্য্যের সহিত তত্ত্বাধিষ্ঠাত্রী দেবতা আমাদিগের আদিকারণ ও নির্ব্বিকার সনাতনপুরুষ; আপনার জন্ম নাই; আপনি সত্ত্বাদিগুণ ও জন্মাদির আশ্রয়স্বরূপ স্বশক্তি প্রকৃতিতে সৃষ্টিসামর্থ্য আধান করিয়াছেন অর্থাৎ সৃষ্ট্যুন্মুখী মায়াশক্তিতে জীবকেও সৃষ্টি করিয়াছেন॥ ৪৯॥

অতএব হে বিভো! মহদাদি আমরা যে প্রয়োজনে জন্মিয়াছি, সেই সৃষ্টিকার্য্যে আপনি আপনার অনুগৃহীত আমাদিগকে সামর্থ্যের সহিত নিজ নিজ সৃষ্টিবিষয়ক জ্ঞান প্রদান করুন এবং হে দেব! আমরা আপনার অপর কি কার্য্যই বা করিব, তাহাও আমাদিগকে আদেশ করুন॥ ৫০॥

পঞ্চম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল॥ ৫॥

টীকা

॥৪৮॥ সান্বয়ানাং সকার্য্যাণাম্ আদ্যঃ কারণং কূটস্থঃ নির্ব্বিকারস্বরূপঃ। নন্বু কথং কারণস্য নির্ব্বিকারস্বরূপত্বম্ ইত্যত আহ—স্বশক্ত্যামজায়াং প্রকৃতৌ গুণানাং সত্ত্বাদীনাং কর্ম্মণাং জন্মাদীনাং যোনৌ আশ্রয়ভূতায়াং রেতঃ সৃষ্টিসামর্থ্যমাদধে নিহিতবান্। কবিং জীবাত্মানম্ অনাদিবদ্ধং চ আদধে। সৃষ্ট্যুন্মুখায়াং মায়ায়াং জীবমপি সৃষ্ট্যুন্মুখং কৃতবানিত্যর্থঃ॥ ৪৯॥ যতঃ এবম্ভূতস্ত্বং ততো হোতোঃ হে আত্মন্! যদনুগ্রহাণাম্ যস্য ভগবতঃ এব অনুগ্রহো যেষাং নোঽস্মাকং যদর্থে মৎপ্রমুখাঃ মহদাদয়ো বয়ম্ বভূবিম জাতাঃ। তস্যাঃ ক্রিয়ায়াঃ সৃষ্টেঃ অর্থে স্বচক্ষুঃ স্বসৃষ্টিবিবেকং শক্ত্যা সামর্থ্যেন সহ পরিদেহি। অন্যদ্বা তে কিং করবাম তদাজ্ঞাপয়েতি শেষঃ॥ ৫০॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে সিদ্ধান্তপ্রদীপটীকায়াং পঞ্চমোঽধ্যায়ঃ॥ ৫॥

ষষ্ঠোঽধ্যায়ঃ

শ্রীঋষিরুবাচ

ইতি তাসাং স্বশক্তীনাং সতীনামসমেত্য সঃ।
প্রসুপ্তলোকতন্ত্রাণাং নিশাম্য গতিমীশ্বরঃ ॥ ১ ॥
কালসংজ্ঞাং তদা দেবীং বিভ্রচ্ছক্তিমুরুক্রমঃ।
এয়োবিংশতিতত্ত্বানাং গণং যুগপদাবিশৎ ॥ ২ ॥
সোঽনুপ্রবিষ্টো ভগবাংশ্চেষ্টারূপেণ তং গণম্।
ভিন্নং সংযোজয়ামাস সুপ্তং কর্ম্ম প্রবোধয়ন্ ॥ ৩ ॥

অন্বয়

শ্রীঋষিঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) প্রসুপ্তলোকতন্ত্রাণাম্ (যাহাদের বিশ্বরচনা সামর্থ্য প্রবুদ্ধ হয় নাই) ইতি (এবং যাহারা এইরূপে) অসমেত্য সতীনাম্ (পরস্পর বিযুক্ত হইয়া বর্ত্তমান), তাসাং স্বশক্তীনাং (সেই মহদাদি স্বীয় তত্ত্বসমূহের) গতিং (অবস্থা [অর্থাৎ বিশ্বরচনা কার্য্যে অসামর্থ্য]) নিশাম্য (দেখিয়া) সঃ উরুক্রমঃ ঈশ্বরঃ (সেই বিপুলকীর্ত্তি পরমেশ্বর) তদা (সেই সময়ে) কালসংজ্ঞাং (কালোদ্বোধিতা) দেবীং শক্তিং (স্বীয় শক্তি প্রকৃতিকে) বিভ্রৎ (অবলম্বন করিয়া) যুগপৎ (এককালে) ত্রয়োবিংশতিতত্ত্বানাং গণং (মহৎ, অহঙ্কার, পঞ্চতন্মাত্র, পঞ্চমহাভূত একাদশেন্দ্রিয় এই ত্রয়োবিংশতিতত্ত্ব-সমূহে) আবিশৎ (অন্তর্য্যামীরূপে অনুপ্রবিষ্ট হইলেন) ॥ ১-২ ॥

চেষ্টারূপেণ (প্রবোধন ও সংযোজনাদি ক্রিয়াত্মকরূপে) অনুপ্রবিষ্টঃ সঃ ভগবান্ (অনুপ্রবিষ্ট সেই ভগবান্) সুপ্তং কর্ম্ম (অপ্রবুদ্ধ বিশ্বরচনা ব্যাপার) প্রবোধয়ন্ (জাগরিত করিয়া) ভিন্নং তং গণং (পৃথক্ পৃথক্ সেই তত্ত্বসমূহকে) সংযোজয়ামাস (সংযোজিত করিলেন) ॥ ৩ ॥

অনুবাদ

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর! যাহাদের বিশ্বনির্ম্মাণসামর্থ্য প্রবুদ্ধ হয় নাই এবং যাহারা পরস্পর বিযুক্ত হইয়া অবস্থান করিতেছে, সেই মহদাদি স্বীয় তত্ত্বসমূহের অবস্থা দর্শন করিয়া সেই বিপুলকীর্ত্তি পরমেশ্বর তখনই যথাযোগ্যকালে স্বীয় শক্তি প্রকৃতিকে অবলম্বন করতঃ যুগপৎ মহৎ, অহঙ্কার, পঞ্চতন্মাত্র, পঞ্চমহাভূত ও একাদশেন্দ্রিয় এই ত্রয়োবিংশতি তত্ত্বসমূহে অন্তর্য্যামীরূপে অনুপ্রবিষ্ট হইলেন ॥ ১-২ ॥

ষড়ৈশ্বর্য্যশালী পরমেশ্বর জাগরণ, মিলন প্রভৃতি ক্রিয়াত্মকরূপে সেই তত্ত্ব-

টীকা

ইত্থং কৃতপ্রার্থনেষু ভগবৎপ্রবেশং, ভগবদাবিষ্টেভ্যস্তত্ত্বেভ্যো ব্রহ্মাণ্ডোৎপত্তিং তত্র ভগবৎকৃতমধি-ভূতাদিভেদঞ্চাহ—ষষ্ঠেনাধ্যায়েন। প্রসুপ্তলোকতন্ত্রাণাম্ অপ্রবুদ্ধলোকরচনাসামর্থ্যানাম্ ইত্যেবম্ অসমেত্য অমিলিত্বা সতীনাং বর্ত্তমানানাং স্বশক্তীনাং মহদাদীনাং গতিং স্থিতিং নিশাম্য দৃষ্ট্বা কালেন সংজ্ঞা উদ্বোধো যস্যাস্তাং প্রকৃতিং দেবীং বিভ্রৎ তয়া সহ এয়োবিংশতিতত্ত্বানাং মহদহঙ্কারপঞ্চভূতপঞ্চতন্মাত্র-একাদশে-ন্দ্রিয়াণাং গণং সমূহমাবিশদিতি দ্বয়োরন্বয়ঃ ॥ ১।২ ॥ সুপ্তমপ্রবুদ্ধং কর্ম্ম লোকরচনাব্যাপারম্ প্রবোধয়ন্ চেষ্টারূপেণ প্রবোধনসংযোজনাদিচেষ্টারূপেণ উপলক্ষিতঃ স ভগবান্ ভিন্নং গণং সংযোজয়ামাস ॥ ৩ ॥ প্রবুদ্ধ-

প্রবুদ্ধকর্ম্মা দৈবেন ত্রয়োবিংশতিকো গণঃ।
প্রেরিতোঽজনয়ৎ স্বাভির্মাত্রাভিরধিপূরুষম্ ॥ ৪ ॥
পরেণ বিশতা স্বস্মিন্ মাত্রয়া বিশ্বসৃগ্‌গণঃ।
চুক্ষোভান্যোন্যমাসাদ্য যস্মিল্লোঁকাশ্চরাচরাঃ ॥ ৫ ॥
হিরণ্ময়ঃ স পুরুষঃ সহস্রপরিবৎসরান্।
অণ্ডকোষ উবাসাপ্সু সর্ব্বসত্ত্বোপবৃংহিতঃ ॥ ৬ ॥

অন্বয়

দৈবেন (ভগবৎকর্ত্তৃক) প্রেরিতঃ (প্রবোধিত হওয়ায়) প্রবুদ্ধকর্ম্মা (কার্য্যে প্রবৃত্ত হইয়া) ত্রয়োবিংশতিকঃ গণঃ (ত্রয়োবিংশতি তত্ত্বসমূহ) স্বাভিঃ (নিজ নিজ) মাত্রাভিঃ (অংশের দ্বারা) অধিপূরুষম্ (সাবরণ বিরাট্‌দেহ) অজনয়ৎ (উৎপাদন করিল) ॥ ৪ ॥

স্বস্মিন্ (সেই সেই তত্ত্বে) বিশতা (অনুপ্রবিষ্ট) পরেণ (পরমেশ্বরের সহিত) বিশ্বসৃগ্‌গণঃ (মহদাদি ত্রয়োবিংশতি তত্ত্বসমূহ) মাত্রয়া (অংশের দ্বারা) অন্যোন্যম্ (পরস্পর পরস্পরকে) আসাদ্য (প্রাপ্ত হইয়া) [অর্থাৎ মিলিত হইয়া] চুক্ষোভ (ক্ষোভিত হইল এবং বিরাট্‌দেহরূপে পরিণত হইল)। যস্মিন্ (যে বিরাট্‌দেহে) চরাচরাঃ লোকাঃ [বর্ত্তন্তে] (চরাচর লোক অবস্থান করিতেছে) ॥ ৫ ॥

সঃ হিরণ্ময়ঃ পুরুষঃ (সেই হিরণ্ময় বিরাট্‌পুরুষ) অণ্ডকোষে (সপ্তাবরণে আবৃত ব্রহ্মাণ্ডমধ্যে) সর্ব্বসত্ত্বোপবৃংহিতঃ [সন্] (সকল জন্মমরণশীল জীবগণযুক্ত হইয়া) অপ্‌সু (ব্রহ্মাণ্ডান্তর্গত জলমধ্যে) সহস্রপরিবৎসরান্ (সহস্র বৎসর ব্যাপিয়া) উবাস (বাস করিলেন) ॥ ৬ ॥

অনুবাদ

সমূহে অনুপ্রবিষ্ট হইয়া তাহাদের অসুপ্ত বিশ্বরচনাব্যাপার প্রবোধিত করিয়া পৃথক্ পৃথক্ সেই তত্ত্বসমূহকে সংযোজিত করিলেন ॥ ৩ ॥

ভগবান্ ত্রয়োবিংশতি তত্ত্বসমূহকে প্রবোধিত করিলে তাহারা কার্য্যে প্রবৃত্ত হইয়া নিজ নিজ অংশের দ্বারা সাবরণ বিরাট্‌দেহ উৎপাদন করিল ॥ ৪ ॥

অনুপ্রবিষ্ট সেই পরমেশ্বরের সহিত মহদাদি ত্রয়োবিংশতি তত্ত্বসমূহ নিজ নিজ অংশদ্বারা পরস্পর পরস্পরকে প্রাপ্ত হইয়া অর্থাৎ পরস্পর মিলিত হইয়া বিরাট্‌দেহরূপে পরিণত হইল। এই বিরাট্‌দেহেই চরাচর বিশ্ব বর্ত্তমান আছে ॥ ৫ ॥

হিরণ্ময় বিরাট্‌পুরুষ সপ্তাবরণে আবৃত ব্রহ্মাণ্ডমধ্যে জন্মমরণশীল জীবগণের সহিত ব্রহ্মাণ্ডান্তর্গত জলে সহস্রবৎসর পর্য্যন্ত বাস করিলেন। ॥ ৬ ॥

টীকা

কর্ম্মা প্রবুদ্ধব্যাপারঃ, দৈবেন ভগবতা, মাত্রাভিঃ অংশৈঃ, অধিপূরুষম্ সাবরণবিরাড়্‌দেহম্ ॥ ৪ ॥ ৫ ॥ স পুরুষঃ সপ্তাবরণান্তর্গতঃ বিরাড়্‌দেহঃ অণ্ডকোষে সপ্তাবরণময়ব্রহ্মাণ্ডমধ্যে সর্ব্বৈঃ সত্ত্বৈঃ অনুশায়িভিঃ জীবৈঃ সহিতঃ অপ্‌সু গর্ভোদকেষু উবাস উষিতবান্। তস্য বিরাড়্‌দেহস্য প্রাকৃতত্বেঽপি তদন্তপ্রবিষ্টস্য ভগবতঃ পুরুষাবতারস্য অপ্রাকৃতদেহোঽপি হিরণ্ময় ইতি বিশেষণেন সূচ্যতে ইতি বোধ্যম্ ॥ ৬ ॥ স বিশ্বসৃজাং মহদাদীনাং

স বৈ বিশ্বসৃজাং গর্ভো দৈবকর্ম্মাত্মশক্তিমান্।
বিবভাজাত্মনাত্মানমেকধা দশধা ত্রিধা ॥ ৭ ॥
এষ হ্যশেষসত্ত্বানামাত্মাংশঃ পরমাত্মনঃ।
আদ্যোঽবতারো যত্রাসৌ ভূতগ্রামো বিভাব্যতে ॥ ৮ ॥

অন্বয়

দৈবকর্ম্মাত্মশক্তিমান্ (দৈব—নিয়ন্তা ভগবান্, কর্ম্ম—ভোগমূল, আত্মা—জীবসমূহ, শক্তি—ভগবদ্দত্ত সামর্থ্য, এই সকল বিশিষ্ট) সঃ বৈ (সেই) বিশ্বসৃজাং গর্ভঃ (মহদাদির কার্য্যস্বরূপ বিরাট্‌পুরুষ) আত্মনা (নিজের দ্বারা) আত্মানং (নিজকে) একধা (হৃদয়রূপে এক প্রকারে), ত্রিধা (আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক এই তিন প্রকারে) দশধা (এবং প্রাণ, অপান, ব্যান, উদান, সমান, নাগ, কূর্ম্ম, কৃকর, দেবদত্ত ও ধনঞ্জয় এই দশবিধ প্রকারে) বিবভাজ (বিভক্ত করিলেন) ॥ ৭ ॥

এষঃ হি (এই বিরাট্‌দেহ) পরমাত্মনঃ (পরমকারণ পরমাত্মার) অংশঃ (অংশস্বরূপ চতুর্ম্মুখনামক সমষ্টি জীবশরীর) আদ্যঃ অবতারঃ (ও পরমকারণ পরমাত্মার প্রথম অবতার) ; [অতএব] অশেষসত্ত্বানাং (ব্যষ্টিভূত সমস্ত প্রাণিগণের) আত্মা (অংশীস্বরূপ আত্মা) ; যত্র (ইঁহাতে) অসৌ ভূতগ্রামঃ (সেই ব্যষ্টিভূত প্রাণিসমূহ) বিভাব্যতে (বিবিধরূপে উৎপাদিত হইয়া থাকে) ॥ ৮ ॥

অনুবাদ

নিয়ন্তা ভগবান্, ভোগমূল কর্ম্ম, জীবসমূহ ও ভগবদ্দত্ত সামর্থ্য এই সকল বিশিষ্ট সেই মহদাদির কার্য্যভূত বিরাট্‌পুরুষ (ব্রহ্মা) নিজেই নিজকে হৃদয়রূপে একপ্রকারে, আধ্যাত্মিকাদিরূপে তিনপ্রকারে ও প্রাণের বৃত্তিভেদরূপে দশপ্রকারে বিভক্ত করিলেন ॥ ৭ ॥

এই মহদাদির কার্য্যভূত বিরাট্‌দেহই পরমকারণ পরমাত্মার অংশস্বরূপ অর্থাৎ হিরণ্যগর্ভনামক সমষ্টি জীবশরীর ; ইনি পরমকারণ পরমাত্মার প্রথম অবতার ; অতএব ব্যষ্টিভূত সমস্ত প্রাণিগণের অংশীস্বরূপ আত্মা। এই বিরাট্‌দেহেই সেই ব্যষ্টিভূত প্রাণিসমূহ বিবিধরূপে উৎপাদিত হইয়া থাকে ॥ ৮ ॥

টীকা

গর্ভঃ কার্য্যভূতো বিরাড়াখ্যঃ দৈবং—নিয়ন্তা ভগবান্,কর্ম্ম—ভোগনিদানম্, আত্মা—সমষ্টিজীবসমূহঃ, শক্তিঃ—ভগবদ্দত্তং সামর্থ্যং, তাঃ সন্তি অস্য স তথা, আত্মনা নিমিত্তভূতেন আত্মানমুপাদানভূতম্, ত্রিধা অধ্যাত্ম্যাদি-ভেদেন বিবভাজ, একধা হৃদয়রূপেণ, দশধা প্রাণরূপেণ ॥ ৭ ॥ ননু অস্য ত্রিধা কার্য্যং প্রতি নিমিত্তাভিন্নো-পাদানত্বে কিং বীজমত্রাহ এষ ইতি। এষ বিশ্বসৃজাং গর্ভঃ পরমাত্মনঃ পরমকারণস্য অংশঃ, পরমশক্তি-পরিণামরূপত্বাৎ পরমাত্মকার্য্যভূত ইত্যর্থঃ। যদ্বা পরমাত্মাংশভূতচতুর্ম্মুখাখ্যসমষ্টিজীবশরীরত্বাৎ তদ্বাচ-কাংশশব্দবাচ্যঃ আদ্যোঽবতারঃ আদ্যস্য পরমকারণস্য পরমাত্মনোঽবতারঃ। পরমাত্মাবতারস্য পুরুষস্য নিয়ন্তৃবৈরাজস্য নিয়ম্যভূতঃ বিরাড়াখ্যো দেহঃ। অতোঽবতারশব্দবাচ্যঃ। এবং প্রভাবত্বাদাত্মনা আত্মানং ত্রিধা বিবভাজ ইতি ভাবঃ। অতএব অশেষভূতানাং ব্যষ্টিপ্রাণিনাম্ আত্মা অংশী অতএব যত্র অসৌ ভূতগ্রামঃ ব্যষ্টিপ্রাণিসমূহঃ বিবিধতয়া ভাব্যতে উৎপাদ্যতে ॥ ৮ ॥ একধা দশধা ত্রিধেত্যেতদ্বিবৃণোতি—

সাধ্যাত্মঃ সাধিদৈবশ্চ সাধিভূত ইতি ত্রিধা।
বিরাট্ প্রাণো দশবিধ একধা হৃদয়েন চ ॥ ৯ ॥
স্মরন্ বিশ্বসৃজামীশো বিজ্ঞাপিতমধোক্ষজঃ।
বিরাজমতপৎ স্বেন তেজসৈষাং বিবৃত্তয়ে ॥ ১০ ॥
অথ তস্যাভিতপ্তস্য কতিধায়তনানি হ।
নিরভিদ্যন্ত দেবানাং তানি মে গদতঃ শৃণু ॥ ১১ ॥

অন্বয়

বিরাট্ (বিরাট্পুরুষ) সাধ্যাত্মঃ (অধ্যাত্ম—ইন্দ্রিয়সমূহ), সাধিদৈবঃ (অধিদৈব—দেবগণ) সাধিভূতঃ চ (ও অধিভূত—আকাশাদি পঞ্চমহাভূত) ইতি ত্রিধা (এইরূপে তিন প্রকার); প্রাণঃ দশবিধঃ (প্রাণ, অপান, সমান, ব্যান, উদান, নাগ, কূর্ম্ম, কৃকর, দেবদত্ত ও ধনঞ্জয় ভেদে দশ প্রকার) হৃদয়েন চ (ও হৃদয়রূপে) একধা (এক প্রকার হইয়া থাকেন) ॥ ৯ ॥

ঈশঃ অধোক্ষজঃ (পরমেশ্বর ভগবান্) বিশ্বসৃজাং (বিশ্বস্রষ্টা মহদাদি তত্ত্বসমূহের) বিজ্ঞাপিতং (পূর্ব্বোক্ত নিবেদন) স্মরন্ (স্মরণ করিয়া) এষাং (এই তত্ত্বসমূহের) বিবৃত্তয়ে (বিবিধ বৃত্তিলাভের নিমিত্ত) স্বেন তেজসা (স্বীয় আলোচনাত্মিকা ঈক্ষণ শক্তির দ্বারা) বিরাজং (বিরাট্পুরুষকে) অতপৎ ("এইরূপ করিব" এমন ইচ্ছা করিলেন) ॥ ১০ ॥

[হে বিদুর!] অথ (অনন্তর) অভিতপ্তস্য (পরমেশ্বরকর্ত্তৃক আলোচিত) তস্য (সেই বিরাট্ দেহের) কতিধা (কত প্রকার) দেবানাং হ (দেবতাদিগের) আয়তনানি (স্থান সকল) নিরভিদ্যন্ত (উৎপন্ন হইল), তানি (সে সকল) গদতঃ (বক্তা) মে (আমার নিকটে) শৃণু (শ্রবণ কর) ॥১১॥

অনুবাদ

এই বিরাট্পুরুষ অধ্যাত্ম অর্থাৎ ইন্দ্রিয়সমূহ, অধিদৈব অর্থাৎ ইন্দ্রিয়াধিষ্ঠাত্রী দেবগণ, অধিভূত অর্থাৎ আকাশাদি পঞ্চভূত এইরূপে তিন প্রকার এবং প্রাণ, অপান, সমান, ব্যান, উদান, নাগ, কূর্ম্ম, কৃকর, দেবদত্ত ও ধনঞ্জয় ভেদে দশ প্রকার; আবার হৃদয়রূপে এক প্রকার হইয়া থাকেন ॥ ৯ ॥

বিশ্বস্রষ্টা পরমেশ্বর মহদাদি তত্ত্বগণের পূর্ব্বোক্ত প্রার্থনা স্মরণ করিয়া ইহাদের বিবিধবৃত্তি লাভের নিমিত্ত স্বীয় আলোচনাত্মিকা ঈক্ষণ শক্তিদ্বারা বিরাট্পুরুষকে "এইরূপ করিব" এমন ইচ্ছা করিলেন ॥ ১০ ॥

হে বিদুর! অনন্তর পরমেশ্বরকর্ত্তৃক আলোচিত সেই বিরাট্দেহ হইতে দেবতাগণের কতপ্রকার স্থানসমূহ উৎপন্ন হইয়াছিল, তাহা আমি বলিতেছি, আমার নিকটে শ্রবণ কর ॥ ১১ ॥

টীকা

সাধ্যাত্ম ইতি। বিরাট্ অধ্যাত্মমিন্দ্রিয়গণঃ তৎসহিতঃ, অধিদৈবং দেবগণঃ তৎসহিতঃ, অধিভূতম্ ইন্দ্রিয়-বিষয়ং শব্দাদিকং তৎসহিতঃ। প্রাণঃ বায়ুঃ দশবিধঃ প্রাণাপানসমানব্যানোদাননাগকূর্ম্মকৃকরদেবদত্ত-ধনঞ্জয়ভেদাৎ তৎসহিত ইত্যর্থঃ ॥ ৯ ॥ অথাধাত্মাদিবিভাগং স্বয়ং ভগবানেব কৃতবানিতি সূচনপূর্ব্বকং তদ্বিভাগমাহ স্মরন্নিত্যাদি ষোড়শভিঃ। আলোচনাত্মকেন তেজসা অতপৎ আলোচিতবান্ ॥ ১০ ॥ অভি-

তস্যাগ্নিরাস্যং নির্ভিন্নং লোকপালোঽবিশৎ পদম্।
বাচা স্বাংশেন বক্তব্যং যয়াসৌ প্রতিপদ্যতে ॥ ১২ ॥
নির্ভিন্নং তালু বরুণো লোকপালোঽবিশদ্ধরেঃ।
জিহ্বয়াংশেন চ রসান্ যয়াসৌ প্রতিপদ্যতে ॥ ১৩ ॥

অন্বয়

তস্য (সেই বিরাট্ শরীরের) আস্যং (মুখ) নির্ভিন্নং (বিভক্ত হইল অর্থাৎ উৎপন্ন হইল), লোকপালঃ অগ্নিঃ (লোকপাল অগ্নি অর্থাৎ সমষ্টি ও ব্যষ্টি বাগধিষ্ঠাত্রী অগ্নিদেবতা) স্বাংশেন বাচা (স্বীয় আধেয় বাগিন্দ্রিয়ের সহিত) পদং (স্বীয় স্থান মুখে) অবিশৎ (প্রবিষ্ট হইলেন)। যয়া (যে বাগিন্দ্রিয়ের দ্বারা) অসৌ (সমষ্টিদেহাভিমানী জীব হিরণ্যগর্ভ) বক্তব্যং প্রতিপদ্যতে (শব্দ উচ্চারণ করিয়া থাকেন) ॥ ১২ ॥

হরেঃ (বিরাট্‌পুরুষের) তালু (জিহ্বামূল অর্থাৎ অধিষ্ঠান) নির্ভিন্নম্ (উৎপন্ন হইল)। লোকপালঃ

অনুবাদ

সেই বিরাট্‌দেহে মুখ বিভক্ত হইল অর্থাৎ উৎপন্ন হইল। লোকপাল অগ্নি অর্থাৎ সমষ্টি ও ব্যষ্টি বাগধিষ্ঠাত্রী অগ্নিদেবতা স্বীয় আধেয় বাগিন্দ্রিয়ের সহিত সেই মুখে প্রবেশ করিলেন। সেই বাগিন্দ্রিয়ের দ্বারা সমষ্টিদেহাভিমানী জীব অর্থাৎ চতুর্ম্মুখ শব্দ উচ্চারণ করিয়া থাকেন। [মুখ—অধিষ্ঠান, অগ্নিদেবতা—অধিদৈবতরূপ, বাগিন্দ্রিয়—অধ্যাত্মরূপ, শব্দরূপ বিষয়—অধিভূতরূপ। এই প্রকারে ভবিষ্যতে যাহা বলা হইবে, তাহাকেও অধিষ্ঠান, অধিদৈব, অধ্যাত্ম ও অধিভূতরূপে বুঝিতে হইবে। শ্লোকস্থ "অসৌ" পদে সমষ্টিদেহাভিমানী জীবকে অর্থাৎ ব্রহ্মাকে বুঝিতে হইবে। আর যিনি উপাস্য পরমাত্মা, সকল চেতনাচেতন হইতে ভিন্নস্বরূপ, স্বতন্ত্রকর্ত্তা ও সর্ব্বনিয়ন্তা, তিনি নিজেই নিজ সমষ্টিশরীরের বিভাগ করিয়াছেন অর্থাৎ সমষ্টি হিরণ্যগর্ভশরীরে যে আয়তনাদি বিভাগ, তাহার কর্ত্তা সাক্ষাৎ ভগবান্। আর ব্যষ্টি জীবে যে শরীর ও আয়তন প্রভৃতি রচনা, তাহার কর্ত্তা পরমেশ্বরের বশবর্ত্তী হিরণ্যগর্ভ। টীকা দেখুন] ॥ ১২ ॥

ভগবানের ইচ্ছার ফলেই বিরাট্‌দেহে অধিষ্ঠান তালুস্থান উৎপন্ন হইল। লোকপাল

টীকা

তপস্যালোচিতস্য, মে মত্তঃ ॥ ১১ ॥ আস্যং নির্ভিন্নং পৃথগ্‌জাতমুৎপন্নমিত্যর্থঃ। পদং স্বস্থানং, লোকপালঃ সমষ্টিব্যষ্টিবাগধিষ্ঠাতৃদেবতা স্বাংশেন স্বাধিষ্ঠেয়েন ইন্দ্রিয়েণ বাচা সহ আবিশৎ। যয়া অসৌ সমষ্টিদেহাভিমানী জীবঃ বক্তব্যং শব্দাখ্যং বিষয়ং প্রতিপদ্যতে, সমষ্টিদেহে সমষ্টিজীবো ব্যষ্টিদেহে ব্যষ্টিজীবশ্চেতি বিবেকঃ। পরমাত্মা তু উপাস্য এব ইতি দ্যোতয়িতুম্ "অসৌ প্রতিপদ্যতে" ইত্যুক্তম্। যন্নির্ভিন্নং তদধিষ্ঠানম্ অগ্ন্যাদি প্রথমান্তমধিদৈবম্ বাগাদীন্দ্রিয়ম্ তৃতীয়ান্তমধ্যাত্মম্। বক্তব্যমধিভূতম্। অসৌ শব্দেন উক্তো জীবঃ সকলাচেতনভিন্নঃ। অধোক্ষজঃ সকলচেতনাচেতনবিলক্ষণস্বরূপঃ স্বতন্ত্রকর্ত্তা সর্ব্বনিয়ন্তা। তত্র অয়মায়তনাদি-বিভাগঃ স্বকীয়ে সমষ্টিশরীরে ভগবতা স্বেনৈব কৃতঃ তৎপ্রকরণাৎ। "অধোক্ষজো হরের্ব্বিভো"রিত্যাদ্যুক্ত-বক্ষ্যমাণপ্রয়োগাচ্চ। তদনুসারেণৈব ব্যষ্টিশরীরাদিরচনা ভগবদ্বশবর্ত্তিচতুর্ম্মুখকৃতা, "সৃজামি তন্নিযুক্তোঽহমি"ত্যুক্তত্বাৎ ॥ ১২ ॥ হরেঃ বৈরাজস্য ভগবতঃ তালু নির্ভিন্নম্। তদালোচনেনৈব স্বশরীরবিরাজি তালু

নির্ভিন্নে অশ্বিনৌ নাসে বিষ্ণোরাবিশতাং পদম্।
ঘ্রাণেনাংশেন গন্ধস্য প্রতিপত্তির্যতো ভবেৎ ॥ ১৪ ॥
নির্ভিন্নে অক্ষিণী ত্বষ্টা লোকপালোঽবিশদ্‌বিভোঃ।
চক্ষুষাংশেন রূপাণাং প্রতিপত্তির্যতো ভবেৎ ॥ ১৫ ॥

অন্বয়

বরুণঃ চ (লোকপাল বরুণ অর্থাৎ সমষ্টি ও ব্যষ্টিরসাধিষ্ঠাত্রী বরুণদেবতা) অংশেন (স্বীয় আধেয়) জিহ্বয়া (রসনেন্দ্রিয়ের সহিত) [তং] অবিশৎ (সেই তালুতে প্রবিষ্ট হইলেন) ; যয়া (যেই রসনেন্দ্রিয়ের দ্বারা) অসৌ (সমষ্টিদেহাভিমানী হিরণ্যগর্ভ) রসান্ (অম্লমধুরাদি রসসমূহ) প্রতিপদ্যতে (আস্বাদ করিয়া থাকেন) ॥ ১৩ ॥

বিষ্ণোঃ (বিরাট্‌দেহের) নাসে (অধিষ্ঠান নাসিকাদ্বয়) নির্ভিন্নে (উৎপন্ন হইল) ; অশ্বিনৌ (সমষ্টি ও ব্যষ্টি গন্ধাধিষ্ঠাত্রী দেবতা অশ্বিনীকুমারদ্বয়) অংশেন ঘ্রাণেন (স্বীয় আধেয় ঘ্রাণেন্দ্রিয়ের সহিত) পদং (সেই অধিষ্ঠানে) আবিশতাম্ (প্রবেশ করিলেন) ; যতঃ (যে ঘ্রাণেন্দ্রিয় হইতে) গন্ধস্য (সুগন্ধ-দুর্গন্ধাদির) প্রতিপত্তিঃ ভবেৎ (জ্ঞান হইয়া থাকে) ॥ ১৪ ॥

বিভোঃ (বিরাট্‌দেহের) অক্ষিণী (অধিষ্ঠান চক্ষুর গোলকদ্বয়) নির্ভিন্নে (উৎপন্ন হইল) ; লোকপালঃ ত্বষ্টা (সমষ্টি ও ব্যষ্টি রূপাধিষ্ঠাত্রী দেবতা লোকপাল সূর্য্য) অংশেন চক্ষুষা (স্বীয় আধেয় চক্ষুরিন্দ্রিয়ের সহিত) [সেই চক্ষুর গোলকে] অবিশৎ (প্রবেশ করিলেন) ; যতঃ (যে চক্ষুরিন্দ্রিয় হইতে) রূপাণাং (শুক্ল কৃষ্ণাদিরূপ সমূহের) প্রতিপত্তিঃ ভবেৎ (উপলব্ধি হইয়া থাকে) ॥ ১৫ ॥

অনুবাদ

বরুণ স্বীয় আধেয় রসনেন্দ্রিয়ের সহিত সেই তালুস্থানে প্রবিষ্ট হইলেন। এই রসনেন্দ্রিয়ের দ্বারাই সমষ্টিদেহাভিমানী হিরণ্যগর্ভ অম্লমধুরাদি রসসমূহ আস্বাদন করিয়া থাকেন ॥ ১৩ ॥

ভগবদিচ্ছার ফলেই বিরাট্‌দেহে অধিষ্ঠান নাসিকাদ্বয় উৎপন্ন হইল। তখন সমষ্টি ও ব্যষ্টি গন্ধাধিষ্ঠাত্রী দেবতা অশ্বিনীকুমারদ্বয় স্বীয় আধেয় ঘ্রাণেন্দ্রিয়ের সহিত সেই অধিষ্ঠান নাসিকাদ্বয়ে প্রবেশ করিলেন। এই ঘ্রাণেন্দ্রিয় হইতে সুগন্ধ ও দুর্গন্ধাদির উপলব্ধি হইয়া থাকে ॥ ১৪ ॥

ভগবদিচ্ছার ফলে বিরাট্‌দেহে অধিষ্ঠান নেত্রগোলকদ্বয় উৎপন্ন হইল। তখন সমষ্টি ও ব্যষ্টি রূপাধিষ্ঠাত্রী দেবতা লোকপাল সূর্য্য স্বীয় আধেয় চক্ষুরিন্দ্রিয়ের সহিত সেই নয়নগোলকে প্রবেশ করিলেন। সেই চক্ষুরিন্দ্রিয় হইতে শুক্ল ও কৃষ্ণাদি রূপসমূহের জ্ঞান হইয়া থাকে ॥ ১৫ ॥

টীকা

উৎপাদিতমিত্যর্থঃ ॥ ১৩ ॥১৪॥ ত্বষ্টা সূর্য্যঃ ॥ ১৫ ॥ অংশেন ত্বগাখ্যেন ইন্দ্রিয়েণ সহ অনিলো বায়ুঃ চর্ম্মাণি অবিশৎ। প্রাণেনোপলক্ষিতো বদ্ধ ইত্যর্থঃ। অসৌ সমষ্টিব্যষ্টিদেহাভিমানী জীবো যেন ইন্দ্রিয়েণ সংস্পর্শং লভতে। প্রাণোপলক্ষিত ইত্যনেন উপাস্যভূতস্য সমষ্টিশরীরবতঃ বৈরাজস্য ব্যষ্টিশরীরবতোঽন্তর্য্যামিনঃ কর্ম্ম-

নির্ভিন্নান্যস্য চর্ম্মাণি লোকপালোঽনিলোঽবিশৎ।
প্রাণেনাংশেন সংস্পর্শং যেনাসৌ প্রতিপদ্যতে ॥ ১৬ ॥
কর্ণাবস্য বিনির্ভিন্নৌ ধিষ্ণ্যং স্বং বিবিশুর্দ্দিশঃ।
শ্রোত্রেণাংশেন শব্দস্য সিদ্ধিং যেন প্রপদ্যতে ॥ ১৭ ॥
ত্বচমস্য বিনির্ভিন্নাং বিবিশুর্ধিষ্ণ্যমোষধীঃ।
অংশেন রোমভিঃ কণ্ডূং যৈরসৌ প্রতিপদ্যতে ॥ ১৮ ॥

অন্বয়

অস্য (এই বিরাট্‌দেহের) চর্ম্মাণি (অধিষ্ঠান চর্ম্ম) নির্ভিন্নানি (উৎপন্ন হইল)। লোকপালঃ অনিলঃ (সমষ্টি ও ব্যষ্টি স্পর্শাধিষ্ঠাত্রী দেবতা লোকপাল বায়ু) [সেই চর্ম্মে] প্রাণেন (প্রাণসংযুক্ত) অংশেন (স্বীয় আধেয় ত্বগিন্দ্রিয়ের সহিত) অবিশৎ (প্রবিষ্ট হইলেন); যেন (যে ত্বগিন্দ্রিয়ের দ্বারা) অসৌ (সমষ্টি দেহাভিমানী হিরণ্যগর্ভ) সংস্পর্শং (স্পর্শ) প্রতিপদ্যতে (অনুভব করিয়া থাকেন) ॥ ১৬ ॥

অস্য (এই বিরাট্‌দেহের) কর্ণৌ (অধিষ্ঠান কর্ণদ্বয়) বিনির্ভিন্নৌ (উৎপন্ন হইল); দিশঃ (সমষ্টি ও ব্যষ্টি শব্দাধিষ্ঠাত্রী দেবতা দিক্‌সমূহ) অংশেন শ্রোত্রেণ (স্বীয় আধেয় শ্রবণেন্দ্রিয়ের সহিত) স্বং ধিষ্ণ্যং (স্বীয় অধিষ্ঠান কর্ণদ্বয়ে) বিবিশুঃ (প্রবেশ করিলেন); যেন (যে শ্রবণেন্দ্রিয়ের দ্বারা) [হিরণ্যগর্ভ] শব্দস্য (শব্দের) সিদ্ধিং (জ্ঞান) প্রপদ্যতে (প্রাপ্ত হইয়া থাকেন) ॥ ১৭ ॥

অস্য (এই বিরাট্‌দেহের) বিনির্ভিন্নাং ত্বচম্ ধিষ্ণ্যম্ (উৎপন্ন অধিষ্ঠান চর্ম্মে) ওষধীঃ (কণ্ডূর অধিষ্ঠাত্রী দেবতা ওষধি অর্থাৎ মহীরুহ) অংশেন (স্বীয় আধেয় রোমসংযুক্ত ত্বগিন্দ্রিয়ের সহিত) বিবিশুঃ (প্রবেশ করিলেন); যৈঃ রোমভিঃ (যে রোমসংযুক্ত ত্বগিন্দ্রিয়ের দ্বারা) অসৌ (হিরণ্যগর্ভ) কণ্ডূং প্রতিপদ্যতে (কণ্ডূয়ন অনুভব করিয়া থাকেন) ॥ ১৮ ॥

অনুবাদ

ভগবদালোচনার ফলে বিরাট্‌দেহে অধিষ্ঠান চর্ম্ম উৎপন্ন হইল। সমষ্টি ও ব্যষ্টি স্পর্শাধিষ্ঠাত্রী দেবতা লোকপাল বায়ু প্রাণসংযুক্ত স্বীয় আধেয় ত্বগিন্দ্রিয়ের সহিত তাহাতে প্রবেশ করিলেন। সেই ত্বগিন্দ্রিয়ের দ্বারা সমষ্টিদেহাভিমানী হিরণ্যগর্ভ স্পর্শ অনুভব করিয়া থাকেন ॥ ১৬ ॥

পরমেশ্বরের আলোচনার ফলে এই বিরাট্‌দেহে অধিষ্ঠান কর্ণদ্বয় উৎপন্ন হইল। সমষ্টি ও ব্যষ্টি শব্দাধিষ্ঠাত্রী দেবতা দিক্‌সমূহ স্বীয় আধেয় শ্রবণেন্দ্রিয়ের সহিত স্বীয় অধিষ্ঠান কর্ণদ্বয়ে প্রবেশ করিলেন। এই শ্রবণেন্দ্রিয়ের দ্বারা হিরণ্যগর্ভ শব্দের উপলব্ধি করিয়া থাকেন ॥ ১৭ ॥

এই বিরাট্‌দেহে উৎপন্ন অধিষ্ঠান চর্ম্মে কণ্ডূয়নের অধিষ্ঠাত্রী দেবতা মহীরুহ সকল

টীকা

ফলভূতসংস্পর্শাদিনিরপেক্ষত্বং সূচ্যতে ॥ ১৬।১৭ ॥ ত্বগিন্দ্রিয়স্যৈব বিষয়ান্তরং তদ্‌গ্রহণে সহায়ভূতং দেবতান্তরঞ্চাহ—ত্বচমিতি। ত্বচমুৎপন্নাং চর্ম্মণীত্যর্থঃ। ওষধীঃ ওষধয়ঃ বিভক্তিব্যত্যয়ঃ আর্ষঃ। দ্বিতীয়স্কন্ধে মহীরুহশব্দেনোক্তাঃ দেবতাঃ অংশেন ত্বগিন্দ্রিয়েণ সহ বিবিশুঃ। অসৌ জীবঃ সমষ্টিব্যষ্টিরূপঃ যেন অংশেন ত্বগিন্দ্রিয়েণ যৈঃ রোমভিঃ তদুপলক্ষিতৈঃ চর্ম্মভিঃ ধিষ্ণ্যভূতৈঃ কণ্ডূং প্রতিপদ্যতে।

মেঢ্রং তস্য বিনির্ভিন্নং স্বধিষ্ণ্যং ক উপাবিশৎ।
রেতসাংশেন যেনাসাবানন্দং প্রতিপদ্যতে ॥ ১৯ ॥
গুদং পুংসো বিনির্ভিন্নং মিত্রো লোকেশ আবিশৎ।
পায়ুনাংশেন যেনাসৌ বিসর্গং প্রতিপদ্যতে ॥ ২০ ॥
হস্তাবস্য বিনির্ভিন্নাবিন্দ্রঃ স্বঃপতিরাবিশৎ।
বার্ত্তয়াংশেন পুরুষো যয়া বৃত্তিং প্রপদ্যতে ॥ ২১ ॥

অন্বয়

তস্য (সেই বিরাট্‌দেহের) মেঢ্রং (অধিষ্ঠান মেঢ) বিনির্ভিন্নং (উৎপন্ন হইল)। কঃ (অধিষ্ঠাত্রী দেবতা প্রজাপতি) অংশেন (স্বীয় আধেয় উপস্থেন্দ্রিয়ের সহিত) স্বধিষ্ণ্যং (স্বস্থান মেঢ্রে) উপাবিশৎ (প্রবেশ করিলেন) ; যেন রেতসা (যে উপস্থেন্দ্রিয়ের দ্বারা) অসৌ (হিরণ্যগর্ভ) আনন্দং (তজ্জনিত সুখ) প্রতিপদ্যতে (অনুভব করেন) ॥ ১৯ ॥

পুংসঃ (বিরাট্‌দেহে) গুদং (গুহ্যদেশ) বিনির্ভিন্নং (উৎপন্ন হইল)। লোকেশঃ মিত্রঃ (অধিষ্ঠাত্রী লোকপাল মিত্রদেবতা) অংশেন পায়ুনা (আধেয় পায়ু-ইন্দ্রিয়ের সহিত) [অধিষ্ঠান গুহ্যে] আবিশৎ (প্রবেশ করিলেন) ; যেন (যে পায়ু-ইন্দ্রিয় দ্বারা) অসৌ (হিরণ্যগর্ভ) বিসর্গং (মলত্যাগ) প্রতিপদ্যতে (করিয়া থাকেন) ॥ ২০ ॥

অস্য (এই বিরাট্‌দেহে) হস্তৌ (হস্তদ্বয়) বিনির্ভিন্নৌ (উৎপন্ন হইল) ; স্বঃপতিঃ ইন্দ্রঃ (অধিষ্ঠাত্রী

অনুবাদ

স্বীয় আধেয় রোমসংযুক্ত ত্বগিন্দ্রিয়ের সহিত প্রবেশ করিলেন। সেই রোমসংযুক্ত ত্বগিন্দ্রিয়ের দ্বারা হিরণ্যগর্ভ কণ্ডূয়ন অনুভব করিয়া থাকেন। [অর্থাৎ একই ত্বগিন্দ্রিয়ের স্থানভেদে বিষয়ভেদ ও দেবতাভেদ বুঝিতে হইবে। বায়ুদেবতাসহায়ক ত্বগিন্দ্রিয়ের অন্তরে ও বাহিরে স্পর্শ বিষয় এবং মহীরুহদেবতাসহায়ক রোমসংযুক্ত ত্বগিন্দ্রিয়ের কেবল বাহিরে কণ্ডূয়ন বিষয়] ॥ ১৮ ॥

সেই বিরাট্‌দেহে অধিষ্ঠান মেঢ্রস্থান উৎপন্ন হইল। তখন অধিষ্ঠাত্রী প্রজাপতিদেবতা স্বীয় আধেয় উপস্থেন্দ্রিয়ের সহিত স্বস্থান মেঢ্রে প্রবেশ করিলেন। সেই উপস্থেন্দ্রিয়ের দ্বারা হিরণ্যগর্ভ ঔপস্থ্যসুখ প্রাপ্ত হইয়া থাকেন ॥ ১৯ ॥

ভগবদালোচনার ফলে বিরাট্‌দেহে গুহ্যদেশ উৎপন্ন হইল। তখন অধিষ্ঠাত্রী লোকপাল মিত্রদেবতা স্বীয় আধেয় পায়ু-ইন্দ্রিয়ের সহিত অধিষ্ঠান গুহ্যদেশে প্রবেশ করিলেন। সেই পায়ু-ইন্দ্রিয়দ্বারা হিরণ্যগর্ভ মলত্যাগ করিয়া থাকেন ॥ ২০ ॥

ভগবদালোচনার ফলে এই বিরাট্‌দেহে হস্তদ্বয় উৎপন্ন হইল। তখন অধিষ্ঠাত্রী

টীকা

জীবঃ মহীরুহৈঃ সহায়ভূতৈঃ দেবৈঃ বহিঃ কণ্ডূৎ, বায়ুদেবেন সহায়ভূতেন অন্তর্ব্বহিশ্চ স্পর্শম্ ইত্যেবং দ্বিতীয়স্কন্ধে অত্র চ স্থানভেদাদ্বিষয়ভেদঃ দেবভেদশ্চ বোধ্যঃ ॥ ১৮ ॥ কঃ প্রজাপতিঃ অংশেন উপস্থেন্দ্রিয়েণ সহ উপাবিশৎ, যেন অংশেন উপস্থেন ইন্দ্রিয়েণ রেতসা আনন্দম্ ঔপস্থ্যসুখং প্রাপ্নোতি ॥ ১৯। ২০॥ যয়া আদানাদিক্রিয়য়া অসৌ জীবঃ বৃত্তিং জীবিকাং প্রপদ্যতে। তয়া বার্ত্তয়া অনুমেয়েনাংশেন

পাদাবস্য বিনির্ভিন্নৌ লোকেশো বিষ্ণুরাবিশৎ।
গত্যা স্বাংশেন পুরুষো যয়া প্রাপ্যং প্রপদ্যতে ॥ ২২ ॥
বুদ্ধিঞ্চাস্য বিনির্ভিন্নাং বাগীশো ধিষ্ণ্যমাবিশৎ।
বোধেনাংশেন বোদ্ধব্যং প্রতিপত্তির্যতো ভবেৎ ॥ ২৩ ॥

অন্বয়

দেবতা স্বর্গপতি ইন্দ্র) অংশেন বার্ত্তয়া (আধেয় আদানাদি ক্রিয়ারূপ পাণীন্দ্রিয়ের সহিত) [অধিষ্ঠান হস্তদ্বয়ে] আবিশৎ (প্রবিষ্ট হইলেন); যয়া (যে আদানাদিক্রিয়ারূপ পাণীন্দ্রিয়ের দ্বারা) পুরুষঃ (হিরণ্যগর্ভ) বৃত্তিং (জীবিকা) প্রপদ্যতে (নির্ব্বাহ করিয়া থাকেন) ॥ ২১ ॥

অস্য (এই বিরাট্‌দেহের) পাদৌ (অধিষ্ঠান পাদদ্বয়) বিনির্ভিন্নৌ (উৎপন্ন হইল); লোকেশঃ (জগৎপতি) বিষ্ণুঃ (অধিষ্ঠাত্রী বিষ্ণুদেবতা) স্বাংশেন গত্যা (আধেয় গমনক্রিয়ারূপ পাদেন্দ্রিয়ের সহিত) [অধিষ্ঠান পাদদ্বয়ে] আবিশৎ (প্রবেশ করিলেন); যয়া (যে গমনক্রিয়ারূপ পাদেন্দ্রিয়দ্বারা) পুরুষঃ (হিরণ্যগর্ভ) প্রাপ্যং (গন্তব্য দেশ) প্রপদ্যতে (প্রাপ্ত হইয়া থাকেন) ॥ ২২ ॥

অস্য (এই বিরাট্‌পুরুষের) ধিষ্ণ্যং (অধিষ্ঠানস্বরূপ) বিনির্ভিন্নাং বুদ্ধিং চ (উৎপন্ন বুদ্ধিতে) বাগীশঃ (অধিষ্ঠাত্রী দেবতা বৃহস্পতি) অংশেন বোধেন (আধেয় নিশ্চয়াত্মকজ্ঞানের সহিত) আবিশৎ (প্রবেশ করিলেন)। যতঃ (যে নিশ্চয়াত্মক জ্ঞানের সাধন বুদ্ধি হইতে) [হিরণ্যগর্ভের] বোদ্ধব্যং (বোদ্ধব্য বিষয়ে) প্রতিপত্তিঃ ভবেৎ (নিশ্চয়াত্মক জ্ঞান হইয়া থাকে) ॥ ২৩ ॥

অনুবাদ

স্বর্গপতি ইন্দ্রদেবতা স্বীয় আধেয় আদানাদিক্রিয়ারূপ পাণীন্দ্রিয়ের সহিত অধিষ্ঠান হস্তদ্বয়ে প্রবেশ করিলেন। সেই পাণীন্দ্রিয়ের দ্বারা হিরণ্যগর্ভ জীবিকানির্ব্বাহ করিয়া থাকেন ॥ ২১ ॥

বিরাট্‌দেহে অধিষ্ঠান পাদদ্বয় উৎপন্ন হইল। তখন অধিষ্ঠাত্রী দেবতা বিষ্ণু আধেয় গমনক্রিয়ারূপ পাদেন্দ্রিয়ের সহিত অধিষ্ঠান পাদদ্বয়ে প্রবেশ করিলেন। সেই পাদেন্দ্রিয়ের দ্বারা হিরণ্যগর্ভ গন্তব্য দেশ প্রাপ্ত হইয়া থাকেন ॥ ২২ ॥

[এক অন্তঃকরণেরই বৃত্তিভেদে মন, বুদ্ধি, অহঙ্কার ও চিত্ত এই চারি প্রকার স্থান এবং যথাক্রমে সংশয়, নিশ্চয়, অভিমান ও স্মরণ এই চারিটি বিষয় হইয়া থাকে। গ্রন্থান্তরে আছে—"মনো বুদ্ধিরহঙ্কারশ্চিত্তং করণমান্তরম্। সংশয়ো নিশ্চয়ো গর্ব্বঃ স্মরণং বিষয়া ইমে ॥" অতএব এক্ষণে সেই স্থানসমূহে সাধনের সহিত বিষয়সমূহের ও দেবতাগণের প্রবেশ বলিতেছেন]—এই বিরাট্‌পুরুষে বুদ্ধিস্থান উৎপন্ন হইল; তখন অধিষ্ঠাত্রী দেবতা বৃহস্পতি আধেয় নিশ্চয়াত্মকজ্ঞানের সাধন বুদ্ধীন্দ্রিয়ের সাহত বুদ্ধিস্থানে প্রবিষ্ট হইলেন। সেই বুদ্ধীন্দ্রিয় হইতে হিরণ্যগর্ভের বোদ্ধব্য বিষয়ে নিশ্চয়াত্মকজ্ঞান হইয়া থাকে ॥ ২৩ ॥

টীকা

পাণীন্দ্রিয়েণ সহ স্বঃপতিঃ স্বর্গপতিরিন্দ্রঃ আবিশৎ ॥ ২১ ॥ যয়া প্রাপ্যং গন্তব্যং দেশং প্রপদ্যতে, তয়া গত্যানুমেয়েন স্বাংশেন স্বাধিষ্ঠেয়েন পাদেন্দ্রিয়েণ সহ আবিশৎ ॥ ২২ ॥ অথৈকস্যৈবান্তঃকরণস্য বোধবিক্রিয়াভিমানবিবেকাখ্যাভির্বৃত্তিভির্ভেদেষু বুদ্ধিমনোঽহঙ্কারচিত্তেষু ব্রহ্মণঃ প্রবেশমাহ বুদ্ধিমিতি চতুর্ভিঃ। যতঃ সহায়-

হৃদয়ঞ্চাস্য নির্ভিন্নং চন্দ্রমা ধিষ্ণ্যমাবিশৎ।
মনসাংশেন যেনাসৌ বিক্রিয়াং প্রতিপদ্যতে ॥ ২৪ ॥
আত্মানঞ্চাস্য নির্ভিন্নমভিমানোঽবিশৎ পদম্।
কর্ম্মণাংশেন যেনাসৌ কর্ত্তব্যং প্রতিপদ্যতে ॥ ২৫ ॥
সত্ত্বঞ্চাস্য বিনির্ভিন্নং মহান্ ধিষ্ণ্যমুপাবিশৎ।
চিত্তেনাংশেন যেনাসৌ বিজ্ঞানং প্রতিপদ্যতে ॥ ২৬ ॥

অন্বয়

অস্য (বিরাট্‌দেহের) হৃদয়ং চ (হৃদয়স্থান) নির্ভিন্নং (উৎপন্ন হইল)। চন্দ্রমা (অধিষ্ঠাত্রী দেবতা চন্দ্র) অংশেন মনসা (আধেয় মন-ইন্দ্রিয়ের সহিত) ধিষ্ণ্যং (হৃদয়স্থানে) আবিশৎ (প্রবেশ করিলেন); যেন (যে মনের দ্বারা) অসৌ (হিরণ্যগর্ভ) বিক্রিয়াং (সঙ্কল্পাদিরূপ বিক্রিয়া) প্রতিপদ্যতে (প্রাপ্ত হইয়া থাকেন) ॥ ২৪ ॥

অস্য (এই বিরাট্‌পুরুষের) নির্ভিন্নং (উৎপন্ন) আত্মানং পদং চ (অহঙ্কারস্থানে) অংশেন কর্ম্মণা (অহংবৃত্তির সহিত) অভিমানঃ (অধিষ্ঠাত্রী দেবতা রুদ্র) অবিশৎ (প্রবেশ করিলেন); যেন (যে অহংবৃত্তির দ্বারা) অসৌ (সমষ্টি শরীরাভিমানী হিরণ্যগর্ভ) কর্ত্তব্যং প্রতিপদ্যতে (দেহগেহাদিতে "আমি আমার" ইত্যাদি গর্ব্ব করিয়া থাকেন) ॥ ২৫ ॥

অস্য (এই বিরাট্‌দেহের) সত্ত্বং ধিষ্ণ্যং চ (চিত্তস্থান) বিনির্ভিন্নং (উৎপন্ন হইল); মহান্ (ক্ষেত্রজ্ঞ ব্রহ্মা) অংশেন চিত্তেন (আধেয় চেতনার সহিত) [তাহাতে] উপাবিশৎ (প্রবেশ করিলেন)। যেন (যে চেতনাদ্বারা) অসৌ (হিরণ্যগর্ভ) বিজ্ঞানং প্রতিপদ্যতে (বিজ্ঞান অনুভব করেন অর্থাৎ স্মরণ করেন) ॥ ২৬ ॥

অনুবাদ

এই বিরাট্‌দেহে হৃদয়স্থান উৎপন্ন হইল; তখন অধিষ্ঠাত্রী দেবতা চন্দ্র আধেয় মনের সহিত হৃদয়স্থানে প্রবেশ করিলেন। সেই মনের দ্বারা হিরণ্যগর্ভ সঙ্কল্পাদিরূপ বিক্রিয়া প্রাপ্ত হইয়া থাকেন ॥ ২৪ ॥

ভগবদালোচনার ফলে এই বিরাট্‌দেহে অহঙ্কার স্থান উৎপন্ন হইলে অধিষ্ঠাত্রী দেবতা রুদ্র আধেয় অহংবৃত্তির সহিত তাহাতে প্রবেশ করিলেন। সেই অহংবৃত্তির দ্বারা সমষ্টি দেহাভিমানী হিরণ্যগর্ভ দেহগেহ প্রভৃতিতে "আমি আমার" ইত্যাদি গর্ব্ব অনুভব করিয়া থাকেন ॥২৫॥

এই বিরাট দেহে চিত্তস্থান উৎপন্ন হইল; তখন ব্রহ্মা আধেয় চেতনার সহিত তাহাতে প্রবেশ করিলেন। সেই চেতনাদ্বারা হিরণ্যগর্ভ বিজ্ঞান অনুভব করেন অর্থাৎ স্মরণ করেন ॥ ২৬ ॥

টীকা

ভূতাদ্বাগীশাৎ ॥ ২৩ ॥ হৃদয়ং মনঃ যেন মনসাত্মিকায়াঃ বিক্রিয়ায়াঃ হেতুভূতেনাংশেন স্বকরণেন অসৌ জীবঃ বিক্রিয়াং সঙ্কল্পাদিরূপাম্ ॥ ২৪ ॥ আত্মানমহঙ্কারম্। অভিমন্যতে অনেনেতি অভিমানো রুদ্রঃ, কর্ম্মণাংশেন অহং দেবো মনুষ্যঃ মমেদমিত্যেবং বচনাদিকর্ম্মকৌশলেন কর্ত্তব্যং দেহগেহাদৌ ক্রিয়মাণমহন্তাং মমতাং চ

শীর্ষ্ণোঽস্য দ্যৌর্ধরা পদ্ভ্যাং খং নাভেরুদপদ্যতে।
গুণানাং বৃত্তয়ো যেষু প্রতীয়ন্তে সুরাদয়ঃ ॥ ২৭ ॥
আত্যন্তিকেন সত্ত্বেন দিবং দেবাঃ প্রপেদিরে।
ধরাং রজঃস্বভাবেন পণয়ো যে চ তাননু ॥ ২৮ ॥
তার্ত্তীয়েন স্বভাবেন ভগবন্নাভিমাশ্রিতাঃ।
উভয়োরন্তরং ব্যোম যে রুদ্রপার্ষদাং গণাঃ ॥ ২৯ ॥

অন্বয়

অস্য (এই বিরাট্‌পুরুষের) শীর্ষ্ণঃ (মস্তক হইতে) দ্যৌঃ (স্বর্গ), পদ্ভ্যাং (পদদ্বয় হইতে) ধরা (পৃথিবী), নাভেঃ (ও নাভি হইতে) খং (অন্তরীক্ষ) উদপদ্যতে (উৎপন্ন হইল) ; যেষু (যে স্বর্গ, মর্ত্ত্য ও অন্তরীক্ষলোকে) গুণানাং (সত্ত্ব, রজঃ ও তমোগুণের) বৃত্তয়ঃ (পরিণামস্বরূপ) সুরাদয়ঃ (দেব মনুষ্যাদি) প্রতীয়ন্তে (প্রতীত হইয়া থাকে) ॥ ২৭ ॥

দেবাঃ (দেবতাগণ) আত্যন্তিকেন (অতিশয়) সত্ত্বেন (সত্ত্বগুণপ্রভাবে) দিবং (স্বর্গলোক) প্রপেদিরে (প্রাপ্ত হইয়াছেন), পণয়ঃ (পণ ধাতুর অর্থ ব্যবহার ; যাহারা যাগাদির অনুষ্ঠান করে, তাহারা অর্থাৎ মনুষ্যগণ) রজঃস্বভাবেন (রজোগুণপ্রভাবে অর্থাৎ রজোগুণাধিক্যবশতঃ) ধরাং (পৃথিবীলোক) প্রপেদিরে (প্রাপ্ত হইয়াছে), যে চ (আর যাহারা) তান্ অনু [বর্ত্তন্তে] (সেই মনুষ্যগণের অনুবর্ত্তন করে অর্থাৎ প্রয়োজনসাধক হইয়া থাকে, সেই সকল গবাদিও পৃথিবীলোক প্রাপ্ত হইয়াছে) ॥ ২৮ ॥

তার্ত্তীয়েন স্বভাবেন (তমোগুণ স্বভাবপ্রযুক্ত) যে রুদ্রপার্ষদাং গণাঃ (রুদ্রানুচরগণ) উভয়োঃ (স্বর্গ

অনুবাদ

এই বিরাট্‌পুরুষের মস্তক হইতে স্বর্গ, পদদ্বয় হইতে পৃথিবী ও নাভি হইতে অন্তরীক্ষ লোক উৎপন্ন হইল। এই সকল লোকে সত্ত্বাদি ত্রিগুণের পরিণাম দেবতা, মনুষ্য, খেচর প্রভৃতি প্রতীত হইতেছে। [অর্থাৎ সত্ত্বগুণপ্রধান দেবগণ স্বর্গে, রজোগুণ-প্রধান মনুষ্য প্রভৃতি পৃথিবীতে ও তমোগুণপ্রধান খেচর আকাশে অবস্থান করিতেছে] ॥ ২৭ ॥

দেবতাগণ অত্যুজ্জ্বল সত্ত্বগুণপ্রভাবে অর্থাৎ সত্ত্বগুণাধিক্যবশতঃ স্বর্গলোক প্রাপ্ত হইল ; মনুষ্যগণ রজোগুণপ্রভাবে অর্থাৎ রজোগুণাধিক্যবশতঃ পৃথিবীলোক প্রাপ্ত হইল এবং মনুষ্যগণের প্রয়োজনসাধক গবাদি পশু প্রভৃতিও পৃথিবীলোক প্রাপ্ত হইল ॥ ২৮ ॥

তমোগুণস্বভাব বশতঃ রুদ্রদেবের অনুচরগণ স্বর্গ ও পৃথিবীর মধ্যবর্ত্তী ভগবানের নাভিস্থানীয় আকাশ আশ্রয় করিল অর্থাৎ অন্তরীক্ষলোক প্রাপ্ত হইল ॥ ২৯ ॥

টীকা

প্রতিপদ্যতে ॥ ২৫ ॥ সত্ত্বং চিত্তম্ মহান্ ক্ষেত্রজ্ঞঃ, চিত্তেনাংশেন চেতনয়া, বিজ্ঞানং বিবেকং ॥ ২৬ ॥ ভগবদ্দেহাদ্ত্রিলোকোৎপত্তিমাহ—শীর্ষ্ণ ইতি। অস্য বৈরাজস্য ভগবতঃ, যেষু দ্যুপ্রভৃতিষু গুণানাং সত্ত্বাদীনাং বৃত্তয়ঃ প্রতীয়ন্তে ॥ ২৭ ॥ গুণানাং বৃত্তয় ইত্যর্দ্ধশ্লোকার্থং প্রপঞ্চয়তি আত্যন্তিকেনেতি দ্বাভ্যাম্। আত্যন্তিকেন উর্জ্জিতেন, পণ্যন্তে যাগাদিনা ব্যবহরন্তীতি পণয়ো মনুষ্যাদয়ঃ যে চ তাননু মনুষ্যোপকরণ-ভূতা গবাদয়স্তে চ ধরাং প্রপেদিরে ॥ ২৮ ॥ তার্ত্তীয়েন তামসেন উভয়োর্দ্যাবাপৃথিব্যোরন্তরং মধ্যে ব্যোম

মুখতোঽবর্ত্তত ব্রহ্ম পুরুষস্য কুরূদ্বহ ! ।
যস্তূন্মুখত্বাদ্বর্ণানাং মুখ্যোঽভূদ্ব্রাহ্মণো গুরুঃ ॥ ৩০ ॥
বাহুভ্যোঽবর্ত্তত ক্ষত্রং ক্ষত্রিয়স্তদনুব্রতঃ ।
যো জাতস্ত্রায়তে বর্ণান্ পৌরুষঃ কণ্টকক্ষতাৎ ॥ ৩১ ॥
বিশোঽবর্ত্তন্ত তস্যোর্ব্বোর্লোকবৃত্তিকরীর্বিভোঃ ।
বৈশ্যস্তদুদ্ভবো বার্ত্তাং নৃণাং যঃ সমবর্ত্তয়ৎ ॥ ৩২ ॥

অন্বয়

ও পৃথিবীর) অন্তরং (মধ্যবর্ত্তী) ভগবন্নাভিং ব্যোম আশ্রিতাঃ (ভগবানের নাভিস্থানীয় আকাশ আশ্রয় করিয়াছে) ॥ ২৯ ॥

কুরূদ্বহ ! (হে কুরুবংশধর বিদুর !) পুরুষস্য (বিরাট্‌পুরুষের) মুখতঃ (মুখ হইতে) ব্রহ্ম (বেদ) অবর্ত্তত (নিঃসৃত হইয়াছে) । যঃ তু ব্রাহ্মণঃ (আর যে ব্রাহ্মণ) উন্মুখত্বাৎ (মুখ হইতে উদ্ভূত বলিয়া) বর্ণানাং (বর্ণসমূহের মধ্যে) মুখ্যঃ (শ্রেষ্ঠ) গুরুঃ (ও গুরু), [সেই ব্রাহ্মণও মুখ হইতে] অভূৎ (উদ্ভূত হইয়াছেন) ॥ ৩০ ॥

[বিরাট্‌পুরুষের] বাহুভ্যঃ (বাহুসমূহ হইতে) ক্ষত্রং (পালনরূপা বৃত্তি) অবর্ত্তত (উদ্ভূত হইল) ; তদনুব্রতঃ (সেই পালনরূপা বৃত্তির অনুবর্ত্তনকারী) ক্ষত্রিয়ঃ [অপি] জাতঃ (ক্ষত্রিয়ও উদ্ভূত হইল) । যঃ পৌরুষঃ (যে বিরাট্‌পুরুষের বাহু হইতে সমুৎপন্ন ক্ষত্রিয়) বর্ণান্ (বর্ণসমূহকে) কণ্টকক্ষতাৎ (চৌরাদির উপদ্রব হইতে) ত্রায়তে (রক্ষা করিয়া থাকে) ॥ ৩১ ॥

তস্য বিভোঃ (সেই বিরাট্‌পুরুষের) ঊর্ব্বোঃ (উরুদ্বয় হইতে) লোকবৃত্তিকরীঃ (লোকসমূহের

অনুবাদ

হে কুরুবংশধর বিদুর ! বিরাট্‌পুরুষের মুখ হইতে বেদ নিঃসৃত হইয়াছে। আর যে ব্রাহ্মণ বর্ণসমূহের মধ্যে শ্রেষ্ঠ ও গুরু, সেই ব্রাহ্মণও বিরাট্‌পুরুষের মুখ হইতেই উদ্ভূত হইয়াছেন অর্থাৎ অধ্যাপনাদিদ্বারা বেদ ব্রাহ্মণগণের বৃত্তি ; সেই বেদের সহিত ব্রাহ্মণ বিরাট্‌পুরুষের মুখ হইতে উদ্ভূত হইয়াছেন ॥ ৩০ ॥

বিরাট্‌পুরুষের বাহুসমূহ হইতে পালনরূপা বৃত্তি সমুদ্ভূতা হইল ও সেই পালনরূপা বৃত্তির অনুবর্ত্তনকারী ক্ষত্রিয়ও উৎপন্ন হইল অর্থাৎ পালনাদি ক্ষত্রিয়গণের বৃত্তি ; সেই পালনাদির সহিত ক্ষত্রিয় বিরাট্‌পুরুষের বাহু হইতে সমুদ্ভূত হইয়াছেন। ক্ষত্রিয়গণই বর্ণসকলকে চৌরাদির উপদ্রব হইতে রক্ষা করিয়া থাকেন ॥ ৩১ ॥

বিরাট্‌পুরুষের ঊরুদ্বয় হইতে লোকসমূহের জীবিকানির্ব্বাহক কৃষ্যাদি ব্যবসায় সমুদ্ভূত

টীকা

অন্তরীক্ষং তদেব ভগবন্নাভিমাশ্রিতাঃ ॥ ২৯ ॥ পুরুষস্য ভগবতো মুখতো ব্রহ্ম বেদঃ ব্রাহ্মণবৃত্তিহেতুঃ অবর্ত্তত জাতম্। যস্তূন্মুখত্বাৎ মুখোদ্ভূতত্বাৎ বর্ণানাং মুখ্যঃ অগ্রগণ্যঃ অতএব গুরুশ্চ অভূৎ সোঽপি মুখতোঽবর্ত্তত ইত্যনুষঙ্গঃ ॥ ৩০ ॥ ক্ষত্রং ক্ষত্রিয়বৃত্তিহেতুঃ পুরুষস্য বাহুভ্যোঽবর্ত্তত। তদনুব্রতঃ ক্ষত্রানুসৃতঃ ক্ষত্রিয়োঽপি পৌরুষঃ পুরুষবাহুজ ইত্যর্থঃ। যঃ কণ্টকেভ্যঃ চৌরাদিভ্যো যৎ ক্ষতমুপদ্রবস্তস্মাৎ ত্রায়তে রক্ষতি ॥ ৩১ ॥ লোকস্য বৃত্তিকরীঃ জীবিকাহেতবঃ বিশঃ কৃষ্যাদিব্যবসায়াঃ তস্য পুরুষস্য ঊর্ব্বোর-

পদ্ভ্যাং ভগবতো জজ্ঞে শুশ্রূষা ধর্ম্মসিদ্ধয়ে।
তস্যাং জাতঃ পুরা শূদ্রো যদ্‌বৃত্ত্যা তুষ্যতে হরিঃ ॥ ৩৩ ॥
এতে বর্ণাঃ স্বধর্ম্মেণ যজন্তি স্বগুরুং হরিম্।
শ্রদ্ধয়াত্মবিশুদ্ধ্যর্থং যজ্জাতাঃ সহ বৃত্তিভিঃ ॥ ৩৪ ॥

অন্বয়

জীবিকার উপায়) বিশঃ (কৃষ্যাদিব্যবসায়) অবর্ত্তন্ত (উদ্ভূত হইল), বৈশ্যঃ অপি (বৈশ্যও) তদুদ্ভবঃ (সেই বিরাট্‌পুরুষের উরুদ্বয় হইতেই সমুদ্ভূত) ; যঃ (যে বৈশ্য) নৃণাং (মানবগণের) বার্ত্তাং (জীবিকা) [স্বীয় বৃত্তির দ্বারা] সমবর্ত্তয়ৎ (সম্পাদন করিয়া থাকে) ॥ ৩২ ॥

ভগবতঃ (বিরাট্‌পুরুষ ভগবানের) পদ্ভ্যাং (পদদ্বয় হইতে) পুরা (অগ্রে) শুশ্রূষা (পরিচর্য্যা অর্থাৎ সেবা) জজ্ঞে (উৎপন্ন হইল) ; তস্যাং (সেবা উৎপন্ন হইলে) ধর্ম্মসিদ্ধয়ে (ধর্ম্মসিদ্ধির জন্য) অর্থাৎ ত্রৈবর্ণিকের পরিচর্য্যার জন্য] শূদ্রঃ জাতঃ (শূদ্র উৎপন্ন হইল) ; যদ্‌বৃত্ত্যা (যে শূদ্রের সেবাবৃত্তির দ্বারা) হরিঃ তুষ্যতে (শ্রীহরি সন্তুষ্ট হইয়া থাকেন) ॥ ৩৩ ॥

এতে বর্ণাঃ (এই ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয়) বৃত্তিভিঃ সহ (বৃত্তিসমূহের সহিত) যজ্জাতাঃ (যাঁহা হইতে জন্মিয়াছেন), আত্মবিশুদ্ধ্যর্থং (চিত্তশুদ্ধির নিমিত্ত) শ্রদ্ধয়া (শ্রদ্ধার সহিত) [তং] স্বগুরুং হরিং (সেই গুরু শ্রীহরিকে) স্বধর্ম্মেণ (তাহারা নিজ নিজ বর্ণোচিত ধর্ম্মানুসারে) যজন্তি (যজনা করিয়া থাকেন) ॥৩৪॥

অনুবাদ

হইল এবং সেই উরুদ্বয় হইতেই বৈশ্যও উৎপন্ন হইল। বৈশ্যই স্বীয় বৃত্তির দ্বারা মানবগণের জীবিকা সম্পাদন করিয়া থাকে অর্থাৎ কৃষ্যাদিব্যবসায় বৈশ্যের জীবিকার উপায়; সেই ব্যবসায়ের সহিত বৈশ্য বিরাট্‌পুরুষের উরুদ্বয় হইতে উৎপন্ন হইয়াছে ॥ ৩২ ॥

বিরাট্‌পুরুষের পদদ্বয় হইতে প্রথমে পরিচর্য্যা উৎপন্ন হইল। ধর্ম্মসিদ্ধির নিমিত্তস্থানীয় সেই পরিচর্য্যা উৎপন্ন হইলে ত্রৈবর্ণিকের পরিচর্য্যার জন্য বিরাট্‌-পুরুষের পদদ্বয় হইতেই শূদ্রও উৎপন্ন হইল অর্থাৎ পরিচর্য্যা শূদ্রগণের জীবিকার উপায়; সেই পরিচর্য্যার সহিত শূদ্র বিরাট্‌পুরুষের পদদ্বয় হইতে সমুদ্ভূত হইয়াছে। শূদ্রের সেবাবৃত্তির দ্বারা স্বয়ং শ্রীহরি সন্তুষ্ট হইয়া থাকেন ॥ ৩৩ ॥

এই ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয় স্ব স্ব বৃত্তির সহিত বিরাট্‌পুরুষ ভগবান্ হইতে জন্মিয়াছে। ভগবান্ তাহাদের গুরু, কারণ তিনি তাহাদের জন্মদাতা ও বৃত্তিদাতা; অতএব তাহারা চিত্তশুদ্ধির নিমিত্ত শ্রদ্ধার সহিত সেই গুরু শ্রীহরিকে নিজ নিজ বর্ণোচিত ধর্ম্মানুসারে পূজা করিয়া থাকেন ॥ ৩৪ ॥

টীকা

বর্ত্তন্ত, তদুদ্ভবঃ পুরুষোদ্ভবঃ ॥ ৩২ ॥ ভগবতঃ পুরুষস্য বিষ্ণোঃ পদ্ভ্যাং শুশ্রূষা জজ্ঞে, তস্যাং নিমিত্তভূতায়াং জাতায়াং সত্যাং ধর্ম্মসিদ্ধয়ে ত্রৈবর্ণিকপরিচর্য্যার্থং শূদ্রোঽপি পদ্ভ্যাং জজ্ঞে। যস্য বৃত্ত্যা হরিঃ স্বয়ং তুষ্যতি ॥ ৩৩।৩৪ ॥ ভো ক্ষত্তঃ! বিদুর! দৈবকর্ম্মাত্মরূপিণ ইতি দৈবাদিশব্দবাচ্যকালকর্ম্মস্বভাবরূপাণি

এতৎ ক্ষত্তর্ভগবতো দৈবকর্ম্মাত্মরূপিণঃ।
কঃ শ্রদ্দধ্যাদুপাকর্ত্তুং যোগমায়াবলোদয়ম্ ॥ ৩৫ ॥
অথাপি কীর্ত্তয়াম্যঙ্গ! যথামতি যথাশ্রুতম্।
কীর্ত্তিং হরেঃ স্বাং সৎকর্ত্তুং গিরমন্যাভিধাসতীম্ ॥ ৩৬ ॥
একান্তলাভং বচসো নু পুংসাং সুশ্লোকমৌলেগুর্ণবাদমাহুঃ।
শ্রুতেশ্চ বিদ্বদ্ভিরুপাকৃতায়াং কথাসুধায়ামুপসংপ্রয়োগম্ ॥ ৩৭ ॥

অন্বয়

ক্ষত্তঃ! (হে বিদুর!) দৈবকর্ম্মাত্মরূপিণঃ (কাল, কর্ম্ম ও স্বভাবশক্তিযুক্ত) ভগবতঃ (ভগবানের) যোগমায়াবলোদয়ম্ (যোগমায়াবলে বিরাট্‌সৃষ্ট্যাদি) উপাকর্ত্তুং (সম্পূর্ণরূপে বর্ণনা করিতে) কঃ (কোন্ ব্যক্তি) শ্রদ্দধ্যাৎ (শ্রদ্ধা করিতে অর্থাৎ ইচ্ছা করিতে পারে?) [অর্থাৎ বর্ণনার ইচ্ছাই করা যায় না, বর্ণনা করা ত দূরের কথা] ॥ ৩৫ ॥

অঙ্গ! (হে বিদুর!) অথাপি (তাহা হইলেও) অন্যাভিধাসতীম্ (হরিবিমুখ জনের নামোচ্চারণে মলিন) স্বাং গিরং (স্বকীয় বাক্যকে) সৎকর্ত্তুং (পবিত্র করিবার জন্য) হরেঃ কীর্ত্তিং (শ্রীহরির যশঃ) [আমি] যথাশ্রুতং (গুরুমুখে যেমন শ্রবণ করিয়াছি) যথামতি (বুদ্ধি অনুসারে) কীর্ত্তয়ামি (তাহা কীর্ত্তন করিতেছি) ॥ ৩৬ ॥

সুশ্লোকমৌলেঃ (পবিত্রকীর্ত্তিগণের শিরোমণি শ্রীহরির) গুণানুবাদং (গুণকীর্ত্তন) পুংসাং (মানবগণের) বচসঃ (বাক্যের) একান্তলাভং নু (নিশ্চিত পরমলাভ) বিদ্বদ্ভিঃ (ও পণ্ডিতগণকর্ত্তৃক) উপকৃতায়াং (উচ্চারিত) কথাসুধায়াং (বাক্যসুধায়) শ্রুতেঃ চ (কর্ণেন্দ্রিয়ের) উপসংপ্রয়োগম্ (নিয়োজন) [একান্তলাভং নু] (নিশ্চিত পরমলাভ) আহুঃ (ইহা বিবেকিগণ বলিয়া থাকেন)॥ [শ্লোকস্থ চকারের দ্বারা চক্ষুরাদি ইন্দ্রিয়গণেরও ভগবন্মূর্ত্তিদর্শনাদি পরমলাভ ইহা বুঝিতে হইবে] ॥ ৩৭ ॥

অনুবাদ

হে বিদুর! কাল, কর্ম্ম ও স্বভাবশক্তিযুক্ত ভগবানের যোগমায়াবলে বিরাট্‌সৃষ্টি প্রভৃতি সম্পূর্ণরূপে বর্ণনা করিতে কোন্ ব্যক্তিই বা অভিলাষ করিতে পারে? অর্থাৎ বর্ণনার ইচ্ছাই করা যায় না, বর্ণনা করা ত দূরের কথা ॥ ৩৫ ॥

হে বিদুর! তাহা হইলেও আমি হরিবিমুখজনের নামোচ্চারণে মলিন স্বকীয় বাক্যকে পবিত্র করিবার জন্য শ্রীহরির লীলা গুরুমুখে যেমন শ্রবণ করিয়াছি ও যেমন ধারণা করিতে পারিয়াছি, তদনুসারে কীর্ত্তন করিতেছি ॥ ৩৬ ॥

পবিত্রকীর্ত্তিগণের শিরোমণি শ্রীহরির গুণকীর্ত্তনই মানবগণের বাক্যের পরম লাভ

টীকা

প্রবর্ত্তকতয়া সন্তি অস্যেতি স তথা, তস্য যোগমায়াবলেন উজ্জৃম্ভিতবিরাট্‌সৃষ্ট্যাদি উপাকর্ত্তুং কার্ৎস্ন্যেন ব্যাকর্ত্তুং বর্ণয়িতুং কঃ শ্রদ্দধ্যাৎ। বর্ণনে অস্য তু কা কথা; বর্ণনেচ্ছামাত্রমপি কঃ কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৩৫ ॥ তথাপি যথাশ্রুতং তত্রাপি যথামতি হরেঃ কীর্ত্তিং যশঃ হে অঙ্গ! বিদুর! কীর্ত্তয়ামি; তত্র স্বার্থমাহ স্বামিতি; অন্যাভিধয়া হরিবহির্ম্মুখজনাভিধানেন অসতীং ভ্রষ্টাং স্বাং স্বকীয়াং বাচং সৎকর্ত্তুং সাধ্বীং কর্ত্তুং ॥ ৩৬ ॥ পুংসাং বচসঃ একান্ততঃ অব্যভিচারতঃ লাভং গুণানুবাদং নু নিশ্চিতমাহুঃ। শ্রুতেঃ কর্ণেন্দ্রিয়স্য

আত্মনোঽবসিতো বৎস ! মহিমা কবিনাদিনা।
সংবৎসরসহস্রান্তে ধিয়া যোগবিপক্বয়া ॥ ৩৮ ॥
অতো ভগবতো মায়া মায়িনামপি মোহিনী।
যৎ স্বয়ঞ্চাত্মবর্ত্মাত্মা ন বেদ কিমুতাপরে ॥ ৩৯ ॥

অন্বয়

[পূর্ব্বে ভগবন্মহিমা দুর্জ্ঞেয় বলা হইয়াছে ; অতএব ভগবান্‌ও দুর্জ্ঞেয় বুঝা গেল। তাহা হইলে ত মোক্ষ হইতে পারে না ? ইহার উত্তরে ভগবান্ যোগাদি সাধনের দ্বারা জ্ঞেয় হইয়া থাকেন, ইহাই বলিতেছেন] বৎস ! (হে বিদুর !) আত্মনঃ (পরমাত্মার) মহিমা (প্রভাব) আদিনা কবিনা (আদিকবি ব্রহ্মা) যোগবিপক্বয়া (ধ্যানপরিনিষ্পন্ন) ধিয়া (বুদ্ধিদ্বারা) সংবৎসরসহস্রান্তে (সহস্র বৎসর পরে) অবসিতঃ (জ্ঞাত হইয়াছিলেন) ॥ ৩৮ ॥

[ভগবৎপুত্র ব্রহ্মাও দীর্ঘকালসাধ্য ধ্যানের পূর্ব্বে ভগবন্মহিমা কেন জানিতে পারেন নাই, তাহাই বলিতেছেন] যৎ (যেহেতু) ভগবতো মায়া (ভগবানের মায়া) মায়িনাম্ অপি (আশ্চর্য্য শক্তিশালী ব্রহ্মাদিরও) মোহিনী (মোহোৎপাদিকা) ; অতঃ (অতএব) স্বয়ম্ আত্মা চ (ধ্যানবলনিরপেক্ষ ভগবৎপুত্র ব্রহ্মাও) আত্মবর্ত্ম (ভগবন্মার্গ) ন বেদ (জানিতে পারেন নাই) ; কিম্ উত অপরে (অপরে যে জানিতে পারিবে না সেই বিষয়ে আর বক্তব্য কি ?) ॥ ৩৯ ॥

অনুবাদ

এবং পণ্ডিতগণকর্ত্তৃক কীর্ত্তিত শ্রীহরির কথামৃতে শ্রবণেন্দ্রিয়ের নিয়োজনই শ্রবণেন্দ্রিয়ের পরম লাভ অর্থাৎ শ্রীহরির গুণকীর্ত্তনই বাক্যের পরম সার্থকতা ও শ্রীহরির লীলাগুণ-শ্রবণই শ্রবণেন্দ্রিয়ের পরম সার্থকতা। সেইরূপ চক্ষুরাদি ইন্দ্রিয়গণেরও ভগবন্মূর্ত্তি দর্শন করাই পরম লাভ, ইহা বিবেকিগণ বলিয়া থাকেন ॥ ৩৭ ॥

[পূর্ব্বে ভগবন্মহিমা দুর্জ্ঞেয় বলা হইয়াছে ; অতএব ভগবান্‌ও দুর্জ্ঞেয় ; ফলতঃ মোক্ষ হইতে পারে না, এই আশঙ্কা নিবারণের জন্য "ভগবান্ ও ভগবন্মহিমা যোগাদি সাধনের দ্বারা জ্ঞেয়" ইহাই বলিতেছেন]—হে বিদুর ! আদিকবি ব্রহ্মা সহস্রবৎসর ধ্যান করিয়া যোগপরিপক্ক বুদ্ধির দ্বারা সহস্রবৎসরান্তে ভগবন্মহিমা অবগত হইয়াছিলেন ॥৩৮॥

যেহেতু ভগবানের মায়া আশ্চর্য্যশক্তিসম্পন্ন ব্রহ্মাদি দেবগণেরও মোহজনিকা ; অতএব সাক্ষাৎ ভগবৎপুত্র হইয়াও ব্রহ্মা ধ্যান ব্যতীত ভগবন্মহিমা জানিতে পারেন নাই ; কিন্তু যখন সহস্রবৎসর ধ্যান করিয়াছেন, তখনই জানিতে পারিয়াছেন। অপরে যে ভগবন্মহিমা জানিতে পারিবে না সে বিষয়ে আর বক্তব্য কি ? ॥ ৩৯ ॥

টীকা

উপাক্বতায়াং প্রবর্ত্তিতায়াং কথা এব সুধা তস্যাম্ উপসম্প্রয়োগম্ সুগ্রাহকতয়া যোজনম্। চকারাচ্চক্ষুরাদীনাং তল্লিঙ্গদর্শনাদৌ উপসম্প্রয়োগমিত্যুহ্যম্ ॥ ৩৭ ॥ নন্থ "কঃ শ্রদ্দধ্যাদুপাকর্ত্তুং" মিত্যনেন যদি ভগবদ্‌যশস এব দুর্জ্ঞেয়ত্বমুক্তং তর্হি সুতরাং ভগবতো দুর্জ্ঞেয়ত্বমতোঽনির্ম্মোক্ষপ্রসঙ্গঃ স্যাদিত্যত্র সাধনেন ভগবান্ জ্ঞেয় এবেত্যাহ—আত্মনঃ ইতি। আত্মনঃ পরমাত্মনঃ মহিমা কবিনা যোগবিপক্বয়া ধ্যাননিষ্পন্নয়া অবসিতঃ

যতোঽপ্রাপ্য ন্যবর্ত্তন্ত বাচশ্চ মনসা সহ।
অহঞ্চান্য ইমে দেবাস্তস্মৈ ভগবতে নমঃ ॥ ৪০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে
বিদুরমৈত্রেয়-সংবাদে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥৬॥

অন্বয়

[যাঁহাকে পাইবার নিমিত্ত প্রবৃত্ত হইয়া] অপ্রাপ্য (পরন্তু প্রাপ্ত না হইয়াই) যতঃ (যাঁহা হইতে) মনসা সহ (মনের সহিত) বাচঃ (বাক্য সকল) ন্যবর্ত্তন্ত (প্রতিনিবৃত্ত হইয়া থাকে) [এবং] অহং চ (অহঙ্কারাধিষ্ঠাতা রুদ্র), ইমে দেবাঃ (এই সকল দেবতাগণ) অন্যে চ (ও অপর সকলে) ন্যবর্ত্তন্ত (প্রতিনিবৃত্ত হইয়া থাকেন), [আমি] তস্মৈ ভগবতে (সেই ভগবান্‌কে) নমঃ (নমস্কার করি) ॥ ৪০ ॥

অনুবাদ

যাঁহাকে লাভ করিবার নিমিত্ত প্রবৃত্ত হইয়া লাভ না করিয়াই যাঁহা হইতে মনের সহিত বাক্যসকল প্রতিনিবৃত্ত হইয়া থাকে এবং রুদ্রদেব, দেবতাগণ ও অপর সকলে যাঁহাকে না পাইয়া প্রতিনিবৃত্ত হইয়া থাকেন, আমি সেই ভগবান্‌কে নমস্কার করি অর্থাৎ যিনি অবাঙ্‌মনসগোচর ও রুদ্রাদি দেবগণের দুর্জ্ঞেয়, আমি সেই ভগবান্‌কে প্রণাম করিতেছি ॥ ৪০ ॥

ষষ্ঠ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ৬ ॥

টীকা

জ্ঞাতঃ ॥ ৩৮ ॥ নন্থ ভগবৎপুত্রোঽপি মহতা কালসাধ্যেন ধ্যানেন জ্ঞাতবান্। ততঃ পূর্ব্বং ন বেদ, তত্র কারণং কিমত্রাহ—অত ইতি। যৎ যতঃ ভগবতো মায়া মায়িনাং আশ্চর্য্যশক্তিমতাং ব্রহ্মাদীনামপি মোহিনী, অতঃ স্বয়ং ধ্যাননৈরপেক্ষ্যেণ আত্মা ভগবৎপুত্রোঽপি আত্মবর্ত্ম ভগবদ্বর্ত্ম ন বেদ, অপরে ন বিদুরিতি কিমুবক্তব্যম্। সর্ব্বে জীবা ভগবদংশভূতা অপি তন্মায়ামোহিতত্বাৎ তং ন জানন্তি। সাধনসম্পত্ত্যা তু জানন্তীতি ফলিতোঽর্থঃ ॥ ৩৯ ॥ এবং ভগবতো জ্ঞানবিষয়ত্বমুপপাদ্য অথ ইয়ত্তয়া তু বাগাদ্যবিষয়ত্বং ভগবতো বদন্ নমস্করোতি—যত ইতি ॥ ৪০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে তৃতীয়স্কন্ধে সিদ্ধান্তপ্রদীপে
ষষ্ঠাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ৬ ॥

সপ্তমোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

এবং ব্রুবাণং মৈত্রেয়ং দ্বৈপায়নসুতো বুধঃ।
প্রীণয়ন্নিব ভারত্যা বিদুরঃ প্রত্যভাষত ॥ ১ ॥

শ্রীবিদুর উবাচ

ব্রহ্মন্! কথং ভগবতশ্চিন্মাত্রস্যাবিকারিণঃ।
লীলয়া বাপি যুজ্যেরন্ নির্গুণস্য গুণাঃ ক্রিয়াঃ ॥ ২ ॥

অন্বয়

শ্রীশুকঃ উবাচ (শুকদেব বলিলেন) [হে মহারাজ!] দ্বৈপায়নসুতঃ (ব্যাসপুত্র) বুধঃ (জ্ঞানী) বিদুরঃ (বিদুর) এবং ব্রুবাণং (পূর্ব্বোক্তপ্রকারে বক্তা) মৈত্রেয়ং (মৈত্রেয় ঋষিকে) ভারত্যা (প্রণয়যুক্ত প্রার্থনাবাক্যের দ্বারা) প্রীণয়ন্ ইব (প্রসন্ন করিয়াই যেন) প্রত্যভাষত (তাঁহার প্রতি বলিতে লাগিলেন) ॥ ১ ॥

শ্রীবিদুরঃ উবাচ (বিদুর বলিতে লাগিলেন) ব্রহ্মন্! (হে মৈত্রেয়!) চিন্মাত্রস্য (চিচ্ছক্তিমান্) নির্গুণস্য (প্রাকৃত গুণরহিত) অবিকারিণঃ ("আমি এই লীলাদ্বারাই সুখী হইব" এই প্রকার বিকারশূন্য) ভগবতঃ (ষড়ৈশ্বর্য্যশালী শ্রীহরির) লীলয়া বাপি (লীলানিমিত্তই বা) কথং (কি প্রকারে) গুণাঃ ক্রিয়াঃ (বিশ্বকর্ত্তৃত্বাদি ও বিশ্বসৃষ্ট্যাদিব্যাপার) যুজ্যেরন্ (যুক্তিযুক্ত হইতে পারে?) ॥ ২ ॥

অনুবাদ

শুকদেব বলিলেন—হে মহারাজ! দ্বৈপায়নপুত্র পরমজ্ঞানী বিদুর পূর্ব্বোক্ত প্রকারে বক্তা মৈত্রেয়ঋষিকে প্রণয়যুক্ত প্রার্থনাবাক্যের দ্বারা প্রসন্ন করিয়াই যেন তাঁহার প্রতি বলিতে লাগিলেন অর্থাৎ ভগবল্লীলাবিষয়ক প্রশ্নের দ্বারা মৈত্রেয়ঋষি পূর্ব্বেই বিদুরের প্রতি প্রসন্ন হইয়াছিলেন; এক্ষণে বক্ষ্যমাণ প্রশ্নের দ্বারা আরও প্রসন্ন হইলেন ॥ ১ ॥

বিদুর বলিতে লাগিলেন—হে ব্রহ্মন্! চিচ্ছক্তিমান্ ষড়ৈশ্বর্য্যশালী শ্রীহরি নির্গুণ

টীকা

সপ্তমে বিদুরকৃত আক্ষেপস্তৎপরিহারঃ, পুনঃ বিদুরকৃতাঃ প্রশ্নাশ্চ নিরূপ্যন্তে—এবমিতি। "অথ তে ভগবল্লীলা যোগমায়োপবৃংহিতাঃ। বিশ্বস্থিত্যুদ্ভবান্তার্থা বর্ণয়াম্যনুপূর্ব্বশঃ॥ ভগবানেক আসেদমগ্র আত্মাত্মনাং বিভুঃ। স বা এষ তদা দ্রষ্টা নাপশ্যদ্দৃশ্যমেকরাট্॥ মেনেঽসন্তমিবাত্মানং সুপ্তশক্তিরসুপ্তদৃক্॥ সা বা এতস্য সংদ্রষ্টুঃ শক্তিঃ সদসদাত্মিকা! মায়া নাম মহাভাগ! যয়েদং নির্ম্মমে বিভু"রিত্যেবং ব্রুবাণং ভারত্যা প্রীণয়ন্নিব প্রসন্নীকুর্ব্বন্নিব প্রত্যভাষত। ইবশব্দঃ বহুভির্বিদুরগুণৈঃ পূর্ব্বমেব তৎপ্রসন্নতাং দ্যোতয়তি ॥ ১ ॥ হে ব্রহ্মন্! চিন্মাত্রস্য চিদ্রূপা মাত্রা জ্ঞাতৃত্বশক্তির্যস্য তস্য সর্ব্বপ্রবৃত্তিনিমিত্তাভিন্নস্য নির্গুণস্য হেয়গুণরহিতস্য অবিকারিণঃ অনয়া লীলয়ৈব সুখী স্যামিত্যেবং বিকারশূন্যস্য উভয়ত্র হেতুগর্ভং বিশেষণং ভগবতঃ স্বাভাবিকষাড়্গুণ্যসিন্ধোঃ লীলয়া হেতুভূতয়া লীলার্থমিত্যর্থঃ, গুণাঃ বিশ্বকর্ত্তৃত্বাদয়ঃ

ক্রীড়ায়ামুদ্যমোঽর্ভস্য কামশ্চিক্রীড়িষান্যতঃ।
স্বতস্তৃপ্তস্য চ কথং নিবৃত্তস্য সদান্যতঃ ॥ ৩ ॥
অস্রাক্ষীদ্ভগবান্ বিশ্বং গুণময্যাত্মমায়য়া।
তয়া সংস্থাপয়ত্যেতদ্ভূয়ঃ প্রত্যপিধাস্যতি ॥ ৪ ॥

অন্বয়

অর্ভস্য (বালকের) ক্রীড়ায়াম্ (খেলায়) উদ্যমঃ (প্রবৃত্তির কারণ) কামঃ (স্বীয় অভিলাষ); অন্যতঃ চ (অথবা অপর বালকের প্রেরণায়) চিক্রীড়িষা (ক্রীড়ার ইচ্ছা) [হইয়া থাকে]; স্বতস্তৃপ্তস্য (পূর্ণকাম)অন্যতঃ সদা নিবৃত্তস্য (সতত দ্বিতীয়শূন্য ভগবানের) কথং (কি প্রকারে) [কামঃ চিক্রীড়িষা চ স্যাৎ ?] (স্বীয় অভিলাষ বা অপরের প্রেরণায় ক্রীড়েচ্ছা হইতে পারে ?) ॥ ৩ ॥

ভগবান্ (ষড়ৈশ্বর্য্যশালী শ্রীহরি) গুণময্যা (ত্রিগুণাত্মিকা) আত্মমায়য়া (স্বীয় শক্তিভূতা প্রকৃতির দ্বারা) এতৎ বিশ্বং (এই জগৎ) অস্রাক্ষীৎ (সৃষ্টি করিয়াছেন); তয়া (সেই স্বশক্তির দ্বারা) সংস্থাপয়তি (পালন করিতেছেন) ভূয়ঃ (এবং পুনরায়) প্রত্যপিধাস্যতি (সৃষ্টির বিপরীতক্রমে সংহার করিবেন) ॥ ৪ ॥

অনুবাদ

অর্থাৎ প্রাকৃতগুণরহিত এবং "আমি এই লীলাদ্বারাই সুখী হইব" এই প্রকার বিকারশূন্য; অতএব তাঁহার লীলা নিমিত্তই বা কিরূপে বিশ্বকর্ত্তৃত্বাদি ও বিশ্বসৃষ্ট্যাদিব্যাপার যুক্তিযুক্ত হইতে পারে ? ॥ ২ ॥

[লীলার নিমিত্ত যে ভগবানের বালকের ন্যায় বিশ্বকর্ত্তৃত্বাদি ও বিশ্বসৃষ্ট্যাদিব্যাপার হইতে পারে না, তাহাই বলিতেছেন]—বালকের স্বীয় অভিলাষ অথবা অন্য বালকের প্রেরণায়ই ক্রীড়ার ইচ্ছা হইয়া থাকে; যিনি সর্ব্বদা পূর্ণকাম ও সতত দ্বিতীয়শূন্য, সেই ভগবানের কি প্রকারে স্বীয় অভিলাষ বা অপরের প্রেরণায় ক্রীড়া করিবার ইচ্ছা হইতে পারে ? অর্থাৎ পূর্ণকামের অভিলাষ এবং দ্বিতীয়শূন্যের অপরের প্রেরণা কখনও সম্ভাবিত হয় না বলিয়া আপনি যে "এক ভগবান্ই লীলাহেতু বিশ্বসৃষ্ট্যাদি করিয়াছেন" ইহা বলিয়াছেন, তাহা কি করিয়া সম্ভব হইতে পারে ? ॥ ৩ ॥

[হে ব্রহ্মন্! আপনি যে ইতিপূর্ব্বে বলিয়াছেন] ভগবান্ ত্রিগুণাত্মিকা স্বশক্তির দ্বারা এই জগৎ সৃষ্টি করিয়াছেন, স্বশক্তির দ্বারাই ইহাকে পালন করিতেছেন এবং পুনরায় সেই শক্তির দ্বারাই সৃষ্টির বিপরীতক্রমে লয় করিবেন ॥ ৪ ॥

টীকা

ক্রিয়াঃ বিশ্বসৃষ্ট্যাদিব্যাপারাশ্চ কথং যুজ্যেরন্ যুক্তাঃ স্যুরিত্যর্থঃ ॥২॥ নন্থ কো দোষ ইত্যত্রাহ—ক্রীড়ায়ামিতি। অর্ভস্য বালস্য ক্রীড়ায়াম্ উদ্যময়তি নিযোজয়তি ইতি প্রবৃত্তিনিমিত্তং কামঃ অন্যতঃ বালান্তরেণ চিক্রীড়িষা ক্রীড়েচ্ছা চাস্তি। স্বতস্তৃপ্তস্য পূর্ণকামস্য অন্যতঃ সজাতের্ব্বিজাতেশ্চ সদা নিবৃত্তস্য সজাতীয়বিজাতীয়ভেদ শূন্যস্য কামঃ চিক্রীড়িষা চ কথং স্যাৎ ? ন কথমপীত্যর্থঃ। "অথ তে ভগবল্লীলে"ত্যাদিনা এক এব ভগবান্ লীলয়া বিশ্বসৃষ্ট্যাদি করোতীতি তব বাক্যং কথং ঘটেত ? লীলাপ্রবৃত্তিনিমিত্তাসম্ভবাদিত্যাক্ষেপঃ ॥ ৩ ॥ "সা বা এতস্য সংদ্রষ্টুঃ শক্তিঃ সদসদাত্মিকা। মায়া নাম মহাভাগ! যয়েদং নির্ম্মমে বিভু"রিত্যপি

দেশতঃ কালতো যোঽসাববস্থাতঃ স্বতোঽন্যতঃ।
অবিলুপ্তাববোধাত্মা স যুজ্যেতাজয়া কথম্ ॥ ৫ ॥
ভগবানেক এবৈষ সর্ব্বক্ষেত্রেষ্ববস্থিতঃ।
অমুষ্য দুর্ভগত্বং বা ক্লেশো বা কর্ম্মভিঃ কুতঃ ॥ ৬ ॥
এতস্মিন্ মে মনো বিদ্বন্! খিদ্যতেঽজ্ঞানসঙ্কটে।
তন্নঃ পরাণুদ বিভো! কশ্মলং মানসং মহৎ ॥ ৭ ॥

অন্বয়

যঃ অসৌ (যে ভগবান্) দেশতঃ (দেশ দ্বারা) কালতঃ (কাল দ্বারা) অবস্থাতঃ (অবস্থা দ্বারা) স্বতঃ (নিজ দ্বারা) অন্যতঃ (ও অপরের দ্বারা) অবিলুপ্তাববোধাত্মা (অনাবৃত জ্ঞানস্বরূপ), সঃ (সেই ভগবান্) অজয়া (মায়ার সহিত) কথং যুজ্যেত (কি প্রকারে যুক্ত হইবেন?) ॥ ৫ ॥

এষঃ ভগবান্ (এই ভগবান্) একঃ এব (এক হইয়াই) সর্ব্বক্ষেত্রেষু (নিখিল জীবে) অবস্থিতঃ (বর্ত্তমান আছেন); [অতএব] অমুষ্য (এই জীবের) দুর্ভগত্বং বা (দেহাভিমানরূপ অজ্ঞানতা) কর্ম্মভিঃ (এবং কর্ম্মের দ্বারা) ক্লেশঃ বা কুতঃ (সুখ দুঃখাদিই বা কোথা হইতে সম্ভবপর হইতে পারে?) ॥ ৬ ॥

বিদ্বন্! (হে তত্ত্বদর্শিন্!) এতস্মিন্ (এই পূর্ব্বোক্ত) অজ্ঞানসঙ্কটে (অজ্ঞানজনিত সংশয়রূপ

অনুবাদ

যে ভগবানের জ্ঞান দীপপ্রভার ন্যায় অল্পদেশ প্রকাশক নহে, বিদ্যুতের ন্যায় ক্ষণিক নহে, প্রাকৃতিক বস্তুর ন্যায় অবস্থান্তরবিশিষ্ট নহে, স্বপ্নের ন্যায় মিথ্যা নহে এবং অপরের দ্বারা লুপ্ত হইবারও নহে অর্থাৎ] দেশ, কাল, অবস্থা, নিজ বা অপরের দ্বারা যাঁহার জ্ঞান কখনও আবৃত হয় না, সেই ভগবান্ সৃষ্ট্যাদিকার্য্যের জন্য মায়ার সহিত কি করিয়া যুক্ত হইবেন? [যদি সৃষ্ট্যাদিকার্য্যে মায়া সহায়ভূতা হয়, তবে মায়ারও জগৎ-কারণত্ব, ভগবানের জগৎকর্তৃত্বের পরাধীনত্ব এবং "ভগবান্ এক ছিলেন" এই পূর্ব্বোক্ত বাক্যের বিরোধ হয়; অতএব প্রকৃতিই জগৎকারণ হউক ইহাই বিদুরের প্রশ্নের তাৎপর্য্য] ॥ ৫ ॥

হে ব্রহ্মন্! (আপনি বলিয়াছেন) এই এক ভগবান্ই অন্তর্য্যামীরূপে সকল জীবে বর্ত্তমান আছেন; [তাহা যদি হয়, তবে] এই জীবের দেহাভিমানরূপ অজ্ঞানতা ও কর্ম্মসমূহের দ্বারা সুখদুঃখাদিই বা কোথা হইতে সম্ভব হইতে পারে? ॥ ৬ ॥

হে তত্ত্বদর্শিন্! এই পূর্ব্বোক্তপ্রকার অজ্ঞানজনিত সংশয়সঙ্কটে পড়িয়া আমার

টীকা

তদ্বাক্যং ব্রহ্মকারণবাদে কথং ঘটেত? ইত্যাক্ষিপতি—অস্রাক্ষীদিতি দ্বাভ্যাম্ ॥ ৪ ॥ দেশাদিভিঃ অবিলুপ্তাববোধঃ অনাবৃতজ্ঞানঃ আত্মা স্বরূপং যস্য সঃ, অজয়া মায়য়া বিশ্বসৃষ্ট্যাদৌ সহায়ভূতয়া কথং যুজ্যেত মায়য়া অপি জগদ্ধেতুপ্রসঙ্গাৎ, ভগবতো জগৎকর্তৃত্বস্য পরায়ত্তত্বপ্রসঙ্গাচ্চ "ভগবানেক আসেদ" মিত্যেকত্ব-বিরোধাচ্চ প্রধানং জগৎকারণং স্যাদিতি ভাবঃ ॥ ৫ ॥ "আত্মাত্মনাং বিভু"রিত্যনেন সর্ব্বজীবান্তরাত্মত্বং ভগবতো যত্নয়া দর্শিতং তদপি কথং ঘটেত? সবিতৃসন্নিধৌ দুর্ভগত্বাদ্যযোগপ্রসঙ্গাদিত্যাক্ষিপতি—ভগবানিতি।

শ্রীশুক উবাচ

স ইত্থং চোদিতঃ ক্ষত্রা তত্ত্বজিজ্ঞাসুনা মুনিঃ।
প্রত্যাহ ভগবচ্চিত্তঃ স্ময়ন্নিব গতস্ময়ঃ ॥ ৮ ॥

শ্রীমৈত্রেয় উবাচ

সেয়ং ভগবতো মায়া যন্নয়ে ন বিরুধ্যতে।
ঈশ্বরস্য বিমুক্তস্য কার্পণ্যমুত বন্ধনম্ ॥ ৯ ॥

অন্বয়

সঙ্কটে) মে মনঃ (আমার মন) খিদ্যতে (খেদযুক্ত হইয়াছে) ; তৎ (অতএব) বিভো ! (হে মৈত্রেয় !) নঃ (আমার) মহৎ মানসং কশ্মলং (গভীর মানসিক মোহ) পরাণুদ (অপনোদন করুন) ॥ ৭ ॥

শ্রীশুকঃ উবাচ (শুকদেব বলিলেন) তত্ত্বজিজ্ঞাসুনা (তত্ত্বজ্ঞানেচ্ছু) ক্ষত্রা (বিদুরকর্ত্তৃক) ইত্থং (এই প্রকারে) চোদিতঃ (জিজ্ঞাসিত) সঃ মুনিঃ (সেই মৈত্রেয়ঋষি) ভগবচ্চিত্তঃ (ভগবদ্‌গতচিত্ত হইয়া) গতস্ময়ঃ [অপি] (স্বয়ং আশ্চর্য্যান্বিত না হইলেও) স্ময়ন্ ইব (বিস্ময়প্রকাশ করিয়াই যেন) প্রত্যাহ (প্রত্যুত্তর দিতে লাগিলেন) ॥ ৮ ॥

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয় ঋষি বলিলেন) [ভগবান্ যাহাকে বিশ্বসৃষ্ট্যাদিকালে সহায় করিয়াছেন, তাহা ভগবান্ হইতে ভিন্ন নহে কিন্তু] সা ইয়ং (তাহাই) বিমুক্তস্য (সকল প্রাকৃতদোষবর্জ্জিত) ঈশ্বরস্য (সর্ব্বনিয়ন্তা) ভগবতঃ (ভগবানের) মায়া (মায়াশক্তি) ; [অতএব] নয়ে (ব্রহ্মই জগতের নিমিত্ত ও উপাদানকারণ এই সিদ্ধান্তে) ন বিরুধ্যতে (বিরোধ হয় না) । যৎ (এই অনাদি-মায়াদ্বারা) [জীবের] বন্ধনং (বন্ধন) উত কার্পণ্যং (ও দেহাভিমানরূপ অজ্ঞানতা) [হইয়া থাকে] ॥ ৯ ॥

অনুবাদ

মন খিন্ন হইতেছে ; অতএব হে বিভো ! আপনি আমার এই গভীর মানসিক মোহ অপনয়ন করুন ॥ ৭ ॥

শুকদেব বলিলেন—হে রাজন্ ! তত্ত্বজ্ঞানেচ্ছু বিদুর এই প্রকারে মৈত্রেয়ঋষিকে জিজ্ঞাসা করিলে সেই মৈত্রেয়ঋষি ভগবানে চিত্ত সমর্পণ করতঃ বিদুরের বাক্যে নিজে বিস্মিত না হইলেও বিস্ময় প্রকাশ করিয়াই যেন তাহাকে বলিতে লাগিলেন ॥ ৮ ॥

[দ্বিতীয় প্রশ্নে "দেশতঃ কালতঃ" ইত্যাদি শ্লোকে যে প্রশ্ন করা হইয়াছে, তদুত্তরে বলিতেছেন] মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর ! ভগবান্ যাহাকে বিশ্বসৃষ্ট্যাদি কালে

টীকা

অমুষ্য জীবস্য দুর্ভগত্বং দেহোঽস্মীত্যাদি কার্পণ্যম্ ॥ ৬ ॥ ৭ ॥ চোদিতঃ আক্ষিপ্তঃ ॥ ৮ ॥ দ্বিতীয়মাক্ষেপং পরিহরতি—সেয়মিতি। যা বিশ্বসৃষ্টিকালে ভগবতা পুরস্ক্রিয়তে সা রাজ্ঞঃ অশ্ব ইব অতদাত্মিকা ন ভবতি। কিন্তু বিমুক্তস্য সর্ব্বপ্রাকৃতদোষাস্পৃষ্টস্য ঈশ্বরস্য সর্ব্বনিয়ন্তুঃ ভগবতঃ মায়াশক্তিরস্তি। ন স্বতন্ত্রস্থিতিপ্রবৃত্তি-মতী অব্রহ্মাত্মিকা। যতঃ উক্তদূষণযোগঃ স্যাদিত্যর্থঃ। অতো নয়ে "তদাত্মানং স্বয়মকুরুতে"তি শ্রুতিপ্রোক্তে ব্রহ্মৈব জগদভিন্ননিমিত্তোপাদানকারণমিতি সিদ্ধান্তে নৈব বিরুধ্যতে। অথ তৃতীয়মাক্ষেপং পরিহরতি যৎ যয়া মায়য়া অনাদিরূপয়া বন্ধনং দেহোঽস্মি মরিষ্যামীত্যাদি কার্পণ্যং চাস্তি জীবস্যেতি শেষঃ। অতঃ ভগবতি সন্নিহিতেঽপি অনাদিমায়াবদ্ধস্য জীবস্য দুর্ভগত্বং ক্লেশো বা কর্ম্মভিঃ কুতঃ ? ইতি চ আক্ষেপঃ পরিহৃতঃ

যদর্থেন বিনামুষ্য পুংস আত্মবিপর্য্যয়ঃ।
প্রতীয়ত উপদ্রষ্টুঃ স্বশিরশ্ছেদনাদিকঃ ॥ ১০ ॥
যথা জলে চন্দ্রমসঃ কম্পাদিস্তৎকৃতো গুণঃ।
দৃশ্যতেঽসন্নপি দ্রষ্টুরাত্মনোঽনাত্মনো গুণঃ ॥ ১১ ॥

অন্বয়

অর্থেন বিনা (আত্মার দেহভাব ব্যতীতও) যৎ (এই মায়াদ্বারা) অমুষ্য পুংসঃ (এই জীবের) আত্মবিপর্য্যয়ঃ (আমি দেহ, আমি কৃশ, আমি মরিব ইত্যাদি বিপরীত অভিমান) [হইয়া থাকে]। [অনাত্মজ্ঞের বিপরীত বুদ্ধির দৃষ্টান্ত দেখাইতেছেন] উপদ্রষ্টুঃ (মনুষ্যাকার নিজকে ভুলিয়া স্বপ্নদৃষ্ট অপর পশ্বাদি শরীরকে স্বীয়রূপে দর্শনকারী ব্যক্তির) স্বশিরশ্ছেদনাদিকঃ (শিরশ্ছেদনাদি) প্রতীয়তে (উপলব্ধি হইয়া থাকে) ॥ ১০ ॥

যথা (যেমন) জলে চন্দ্রমসঃ (জলে চন্দ্রপ্রতিবিম্বের) তৎকৃতঃ (জলকৃত) গুণঃ (গুণ) কম্পাদিঃ (কম্পনাদি) দৃশ্যতে (প্রতীত হইয়া থাকে); [সেইরূপ] অনাত্মনঃ (দেহাদির) গুণঃ (কৃশত্ব, স্থূলত্বাদি গুণ) অসন্ অপি [দেহাদিসাক্ষী দ্রষ্টা জীবাত্মাতে] (না থাকিলেও) দ্রষ্টুঃ আত্মনঃ (দ্রষ্টা জীবাত্মার বলিয়া) দৃশ্যতে (প্রতীত হইয়া থাকে) ॥ ১১ ॥

অনুবাদ

সহায় করিয়াছেন, তাহা ভগবান্ হইতে পৃথক্ নহে; তাহাই প্রাকৃতদোষবর্জ্জিত সর্ব্বনিয়ন্তা ভগবানের মায়াশক্তি; অতএব শ্রুতিপ্রোক্ত ব্রহ্মই যাহাতে তোমার প্রশ্নোক্ত জগতের নিমিত্ত ও উপাদান কারণ এই সিদ্ধান্তে কোনই বিরোধ হয় না। [এক্ষণে তৃতীয় প্রশ্নে "ভগবান্ এবৈষ" ইত্যাদি শ্লোকে যে প্রশ্ন করা হইয়াছে, তদুত্তরে বলিতেছেন] এই অনাদি মায়াদ্বারাই জীবের বন্ধন ও দেহাভিমানরূপ অজ্ঞানতা হইয়া থাকে ॥ ৯ ॥

বস্তুতঃ দেহ আত্মা নহে; তথাপি এই মায়াদ্বারাই জীবের আমি দেহ, আমি কৃশ, আমি মরিব ইত্যাদি বিপরীত বুদ্ধি হইয়া থাকে। যেমন স্বপ্নে মনুষ্যাকার নিজকে ভুলিয়া স্বপ্নদৃষ্ট অপর পশ্বাদি শরীরকে স্বীয়রূপে দর্শনকারী ব্যক্তি নিজেই নিজের শিরশ্ছেদনাদি দেখিয়া থাকে, সেইরূপ অনাত্মজ্ঞ জীবেরও বিপরীত বুদ্ধি হইয়া থাকে ॥ ১০ ॥

[অজ্ঞানতাবশতঃ একের গুণ অপরের বলিয়া যে প্রতীত হয়, ইহাই দৃষ্টান্ত প্রদর্শন-পূর্ব্বক বলিতেছেন] হে বিদুর! যেমন জলে চন্দ্রপ্রতিবিম্বের জলগুণ কম্পাদি প্রতীত হইয়া থাকে, বস্তুতঃ কম্পাদিগুণ চন্দ্রপ্রতিবিম্বের স্বাভাবিক নহে, সেইরূপ

টীকা

ইতি ভাবঃ ॥ ৯ ॥ অনাদিমায়াকৃতং কার্পণ্যং প্রপঞ্চয়তি দ্বাভ্যাম্—যদিতি। যৎ যয়া মায়য়া অর্থেন আত্মনো দেহভাবেন বিনাপি অমুষ্য জীবস্য আত্মবিপর্য্যয়ঃ দেহোঽস্মি, কৃশোঽস্মি মরিষ্যমীত্যাদিবিপর্য্যয়ঃ। অনাত্মজ্ঞস্য বিপর্য্যয়ঃ প্রসিদ্ধ এব ইত্যাহ—উপদ্রষ্টুঃ মনুষ্যাকারমাত্মানং বিস্মৃত্য স্বাপ্নং পরকীয়ং পশ্বাদিশরীরমাত্মত্বেন পশ্যমানস্য স্বশিরশ্ছেদনাদিকঃ প্রতীয়তে ॥ ১০ ॥ অন্যগুণোঽন্যসম্বন্ধিত্বেন প্রতীয়তে ইতি সদৃষ্টান্ত-

স বৈ নিবৃত্তিধর্ম্মেণ বাসুদেবানুকম্পয়া।
ভগবদ্ভক্তিযোগেন তিরোধত্তে শনৈরিহ ॥ ১২ ॥
যদেন্দ্রিয়োপরামোঽথ দ্রষ্ট্রাত্মনি পরে হরৌ।
বিলীয়ন্তে তদা ক্লেশাঃ সংসুপ্তস্যেব কৃৎস্নশঃ ॥ ১৩ ॥
অশেষসংক্লেশশমং বিধত্তে গুণানুবাদশ্রবণং মুরারেঃ।
কুতঃ পুনস্তচ্চরণারবিন্দ-পরাগসেবারতিরাত্মলব্ধা ॥ ১৪ ॥

অন্বয়

সঃ বৈ (সেই দেহাভিমানরূপ আত্মবিপর্য্যয় অর্থাৎ অজ্ঞানতা) নিবৃত্তিধর্ম্মেণ (শমদমাদি নিবৃত্তধর্ম্মের দ্বারা) বাসুদেবানুকম্পয়া (বাসুদেবের দয়ায়) ভগবদ্ভক্তিযোগেন (বাসুদেবে ভক্তিযোগ উৎপন্ন হইলে তাহাদ্বারা) ইহ (এই জন্মেই) শনৈঃ (ক্রমশঃ) তিরোধত্তে (তিরোহিত হইয়া থাকে) ॥ ১২ ॥

অথ (অনন্তর) যদা (যখন) দ্রষ্ট্রাত্মনি (অন্তর্য্যামী) পরে হরৌ (পরমাত্মা শ্রীহরিতে) ইন্দ্রিয়োপরামঃ (ইন্দ্রিয়গ্রামের স্থিরতা হয়), তদা (তখন) সংসুপ্তস্য ইব (নিদ্রিত ব্যক্তির জাগ্রৎদুঃখের ন্যায়) ক্লেশাঃ (ক্লেশসমূহ) কৃৎস্নশঃ (সম্পূর্ণরূপে) বিলীয়ন্তে (বিলীন হইয়া যায়) ॥ ১৩ ॥

মুরারেঃ (মুরারি শ্রীহরির) গুণানুবাদশ্রবণং (বিশ্বসৃষ্ট্যাদি লীলাকীর্ত্তনশ্রবণই) অশেষসংক্লেশশমম্ (বহু দুঃখযুক্ত সংসারের বিনাশ) বিধত্তে (বিধান করিয়া থাকে)। আত্মলব্ধা (হৃদয়ে প্রাপ্ত অর্থাৎ ধ্যানরূপ) তচ্চরণারবিন্দপরাগসেবারতিঃ (শ্রীহরির চরণকমলরেণুর সেবায় আসক্তি) [যে অশেষদুঃখান্বিত সংসারের বিনাশ করিবে এই বিষয়ে] কুতঃ পুনঃ [বক্তব্যম্] (আর বক্তব্য কি ?) ॥ ১৪ ॥

অনুবাদ

দেহাদির স্থূলত্বকৃশত্বাদিগুণ দ্রষ্টা জীবে না থাকিলেও সেই সকল গুণ দ্রষ্টা জীবের বলিয়াই প্রতীত হইয়া থাকে। অনাত্মজ্ঞতাই ইহার মূল কারণ ॥ ১১ ॥

বাসুদেবের দয়ায় শমদমাদি নিবৃত্তিধর্ম্মের দ্বারা ভক্তিযোগ উৎপন্ন হইলে তাহাদ্বারা দেহাভিমানরূপ আত্মবিপর্য্যয় অর্থাৎ অজ্ঞানতা ইহজন্মেই ক্রমশঃ তিরোহিত হইয়া থাকে ॥ ১২ ॥

অনন্তর যখন সর্ব্বান্তর্য্যামী পরমাত্মা শ্রীহরিতে জীবের ইন্দ্রিয়গ্রাম নিশ্চল হয় অর্থাৎ অন্তর্মুখ হইয়া ভগবৎপরায়ণ হয়, তখন নিদ্রিত ব্যক্তির যেমন সকল জাগরিত অবস্থার দুঃখের বিলয় হয়, সেইরূপ তাহার দুঃখসমূহও সম্পূর্ণরূপে বিলীন হইয়া যায় ॥ ১৩ ॥

[বিদুর প্রথম প্রশ্নে যে "ভগবান্ কি নিমিত্ত বিশ্বসৃষ্ট্যাদি লীলা করিয়া থাকেন ?" ইহা জিজ্ঞাসা করিয়াছেন, তদুত্তরে বলিতেছেন]—ভগবান্ শ্রীহরির বিশ্বসৃষ্ট্যাদি লীলা-

টীকা

মাহ—যথেতি। জলে সতঃ চন্দ্রমসঃ চন্দ্রপ্রতিবিম্বস্য তৎকৃতঃ তস্মিন্ জলে কৃতঃ বায্বাদিজনিতঃ অর্থাৎ জলগুণঃ কম্পাদিঃ প্রতীয়তে। নতু প্রতিবিম্বস্যৈব কম্পাদির্গুণঃ স্বাভাবিকঃ। এবং অনাত্মনঃ দেহাদেঃ কৃশত্বাদিগুণঃ দ্রষ্টরি দেহাদিসাক্ষিণি আত্মনি অসন্ অপি অবিদ্যমানোঽপি দ্রষ্টুরেব অনাত্মজ্ঞত্বেন প্রতীয়তে ইত্যর্থঃ ॥ ১১ ॥ আত্মবিপর্য্যয়স্য নিবৃত্তিহেতুমাহ—স ইতি দ্বাভ্যাম্ ॥ ১২ ॥ ১৩ ॥ বিশ্বসৃষ্ট্যাদিলীলায়াং নিমিত্তং নাস্তি। অতঃ সা কথং ঘটেতেতি প্রথমাক্ষেপসমাধানং বদন্ পরাভক্তেঃ সংসারনিবর্ত্তকত্বং কৈমুতিক-

শ্রীবিদুর উবাচ

সংছিন্নঃ সংশয়ো মহ্যং তব সূক্তাসিনা বিভো ! ।
উভয়ত্রাপি ভগবন্ ! মনো মে সংপ্রধাবতি ॥ ১৫ ॥
সাধ্বেতদ্ব্যাহৃতং বিদ্বন্নাত্মমায়ায়নং হরেঃ ।
আভাত্যপার্থং নির্ম্মূলং বিশ্বমূলং ন যদ্বহিঃ ॥ ১৬ ॥

অন্বয়

শ্রীবিদুরঃ উবাচ (বিদুর বলিলেন) বিভো ! (হে ভগবন্ !) তব (আপনার) সূক্তাসিনা (উপপত্তিযুক্ত বাক্যরূপ খড়্গদ্বারা) মহ্যং (আমার) সংশয়ঃ সংছিন্নঃ (সংশয় ছিন্ন অর্থাৎ দূরীভূত হইয়াছে); ভগবন্ ! মে মনঃ (আমার চিত্ত) উভয়ত্রাপি (ভগবন্মায়ায় বদ্ধ ও ভগবদ্ভজনে বন্ধনিবৃত্তি হয় এই উভয়বিষয়ে) সংপ্রধাবতি (সম্যক্রূপে নিবেশিত হইয়াছে) ॥ ১৫)

বিদ্বন্ ! (হে জ্ঞানিন্ !) বিশ্বমূলং (সকল শ্রুতিস্মৃত্যাদি প্রমাণক) আত্মমায়ায়নং (জীবের মায়ানাম্নী ভগবচ্ছক্তির পরিণামস্বরূপ স্থান অর্থাৎ সংসার) হরেঃ (শ্রীহরিরই রচিত), এতৎ (ইহা) [ভবতা] সাধু ব্যাহৃতম্ (আপনি উত্তম বলিয়াছেন)। যদ্ (যাহা) বহিঃ (বেদবহির্ভূত মত), [তৎ] ন (তাহা ঠিক নহে), [যেহেতু তাহা] নির্ম্মূলং (মূলশূন্য); [অতএব] অপার্থম্ আভাতি (অযথার্থ বলিয়াই প্রতীত হয়) ॥ ১৬ ॥

অনুবাদ

কীর্ত্তন শ্রবণ করিলে তাহাই জীবগণের অশেষদুঃখযুক্ত সংসার বিনষ্ট করিয়া থাকে; অতএব জীবগণের সংসার নিবৃত্তির জন্যই বিশ্বসৃষ্ট্যাদি লীলার প্রয়োজন। ভগবল্লীলাশ্রবণই যখন সংসারের নিবর্ত্তক হয়, তখন ধ্যানরূপ শ্রীহরির চরণকমলরেণুর সেবারতি যে অশেষদুঃখযুক্ত সংসারের নিবর্ত্তক হইবে এই বিষয়ে আর বক্তব্য কি ? ॥ ১৪ ॥

বিদুর বলিলেন—হে ভগবন্ ! আপনার যুক্তিযুক্ত বাক্যরূপ খড়্গের দ্বারা আমার সংশয় ছিন্ন হইয়াছে অর্থাৎ আপনার বাক্যে সংশয় দূরীভূত হইয়াছে। এক্ষণে আমার চিত্ত ভগবন্মায়ায় বদ্ধ ও ভগবদ্ভজনে বন্ধনিবৃত্তি হয় এই উভয় বিষয়ে সম্যক্রূপে প্রবেশ করিয়াছে অর্থাৎ আমি বুঝিতে সক্ষম হইয়াছি ॥ ১৫ ॥

হে তত্ত্বজ্ঞ ! আপনি যে জীবের মায়ানাম্নী ভগবচ্ছক্তির পরিণামভূত সংসার

টীকা

ন্যায়েন উপপাদয়তি—অশেষ ইতি। হরেঃ গুণানাং বিশ্বসৃষ্ট্যাদিলীলানাং যোঽনুবাদঃ অনুবর্ণনং তচ্ছ বণং হরিগুণানুবাদশ্রবণরূপা ভক্তিরিত্যর্থঃ। অশেষাঃ সংক্লেশা যস্মিন্ স সংসারঃ তচ্ছ্রমং বিধত্তে। অনেন বিশ্ব-সৃষ্ট্যাদি লীলানিমিত্তং দর্শিতম্। জীবানামনুগ্রহার্থং বিশ্বসৃষ্ট্যাদিকং ভগবান্ করোতীত্যর্থঃ। আত্মনি হৃদি লব্ধা ধ্যানরূপা ধ্রুবানুস্মৃতিরূপা হরিচরণারবিন্দয়োর্যঃ পরাগঃ তৎসেবারতিঃ অশেষসংক্লেশশমং বিধত্তে ইতি কুতঃ পুনর্বক্তব্যম্ ॥ ১৪ ॥ সূক্তাসিনা সোপপত্তিবাক্যরূপেণ খড়্গেন নির্নিমিত্তা লীলা কথং ঘটেত ইত্যাদি সংশয়ঃ সংছিন্নঃ। কিঞ্চ ভগবৎসন্নিধৌ সতোঽপি জীবস্য তন্মায়য়া বন্ধপূর্ব্বকঃ আত্মবিপর্য্যয়ঃ তদ্ভজনেন তন্নিবৃত্তিরিত্যুভয়ত্র ॥ ১৫ ॥ হে বিদ্বন্ ! ত্বয়া সাধু ব্যাহৃতং সম্যগুক্তম্। তদেবাহ এতৎ আত্মনাং জীবানাং মায়ায়নং মায়ারূপং স্থানম্। মায়াখ্যতচ্ছক্তিপরিণামভূতং হরেরেব হরিকর্ত্তৃকমেব ; কথম্ভূতম্ ?

যশ্চ মূঢ়তমো লোকে যশ্চ বুদ্ধেঃ পরং গতঃ।
তাবুভৌ সুখমেধেতে ক্লিশ্যত্যন্তরিতো জনঃ ॥ ১৭ ॥
অর্থাভাবং বিনিশ্চিত্য প্রতীতস্যাপি নাত্মনঃ।
তাঞ্চাপি যুষ্মচ্চরণসেবয়াহং পরাণুদে ॥ ১৮ ॥
যৎসেবয়া ভগবতঃ কূটস্থস্য মধুদ্বিষঃ।
রতিরাসো ভবেৎ তীব্রঃ পাদয়োর্ব্ব্যসনার্দ্দনঃ ॥ ১৯ ॥

অন্বয়

লোকে (এই পৃথিবীতে) যঃ চ মূঢ়তমঃ (যে ব্যক্তি অতিশয় মূঢ়) যঃ চ (এবং যে ব্যক্তি) বুদ্ধেঃ পরং গতঃ (পরমেশ্বরকে অবগত হইয়াছেন), তৌ উভৌ (তাহারা উভয়েই) সুখম্ এধেতে (সুখে অবস্থিত হইয়া থাকেন) ; অন্তরিতঃ (পূর্ব্বোক্ত উভয়ের মধ্যস্থিত অর্থাৎ অল্পজ্ঞ) জনঃ (ব্যক্তি) ক্লিশ্যতি (ক্লেশ প্রাপ্ত হইয়া থাকে) ॥ ১৭ ॥

যুষ্মচ্চরণসেবয়া (আপনার চরণকমলের সেবাদ্বারা) প্রতীতস্য অপি (আত্মরূপে প্রতীয়মান হইলেও) নাত্মনঃ (দেহাদির) অর্থাভাবং বিনিশ্চিত্য (অনাত্মভাব নিশ্চয় করিয়া) অহং (আমি) তাং চ অপি (সেই প্রতীতিকেও) পরাণুদে (দূর করিব) ॥ ১৮ ॥

যৎসেবয়া (ভগবদ্ভক্ত আপনাদের সেবাদ্বারা) কূটস্থস্য (নির্ব্বিকার) মধুদ্বিষঃ (মধুসূদন)

অনুবাদ

শ্রীহরিকর্ত্তৃকই রচিত বলিয়াছেন, ইহা অতি উত্তম কথা। আর যে বেদবহির্ভূত অব্রহ্মাত্মক মত, তাহা ঠিক নহে ; যেহেতু তাহা মূলশূন্য ও অযথার্থ বলিয়া মনে হইতেছে ॥ ১৬ ॥

এই পৃথিবীতে যে ব্যক্তি অতিশয় অজ্ঞ অর্থাৎ দেহগেহাদিতে আসক্ত এবং যিনি পরমেশ্বরকে অবগত হইয়াছেন, তাহারা উভয়েই সুখে অবস্থান করিয়া থাকেন অর্থাৎ তাহাদের সংশয়জনিত ক্লেশের অভাববশতঃ তাহারা সুখে জীবন অতিবাহিত করেন ; কিন্তু এই উভয়ের মধ্যস্থিত ব্যক্তি অর্থাৎ অল্পজ্ঞ ব্যক্তি কেবল ক্লেশ প্রাপ্ত হইয়া থাকে। আমি অল্পজ্ঞ বলিয়া পূর্ব্বে কেবল ক্লেশই পাইয়াছিলাম ; এক্ষণে আমার সংশয় দূর হইয়াছে ॥ ১৭ ॥

হে ভগবন্! আপনার চরণকমলের সেবাদ্বারা এই অনাত্ম দেহাদি আত্মরূপে প্রতীত হইলেও ইহাদের অনাত্মত্ব নিশ্চয় করিয়া আমি সেই অনুভবকেও দূর করিব ॥ ১৮ ॥

ভগবদ্ভক্ত আপনাদের সেবাদ্বারা নির্ব্বিকার মধুসূদন শ্রীহরির চরণদ্বয়ে

টীকা

বিশ্বমূলং বিশ্বানি সর্ব্বাণি শ্রুতিস্মৃত্যাদীনি মূলানি প্রমাণানি যস্মিন্ তৎ। যচ্চ বহিঃ শ্রুত্যাদিবাহ্যম্ অব্রহ্মাত্মকপ্রধানাদিকারণবাদিমতং তন্ন, যতো নির্ম্মূলম্ অতোঽপার্থমাভাতি মুমুক্ষুণা দূরতো হেয়মিতি ভাবঃ ॥ ১৬ ॥ ১৭ ॥ আত্মবিপর্য্যয়শব্দেন উক্তো দেহাত্মাহঙ্কারঃ মায়য়া জাত ইত্যবধার্য্য তন্নিঃশেষনিবৃত্তির্যুষ্মচ্চরণ-সেবয়া ভবিষ্যতীত্যাহ অর্থাভাবমিতি। নাত্মনঃ অনাত্মনঃ দেহাদেঃ প্রতীতস্য আত্মত্বেন প্রতীতস্যাপি অর্থাভাবং আত্মত্বাভাবং যুষ্মচ্চরণসেবয়া বিনিশ্চিত্য তাং প্রতীতিমপি পরাণুদে অপনেষ্যামীত্যন্বয়ঃ ॥ ১৮ ॥ রতিরাসঃ

দুরাপা হ্যল্পতপসঃ সেবা বৈকুণ্ঠবর্ত্মসু।
যত্রোপগীয়তে নিত্যং দেবদেবো জনার্দ্দনঃ ॥ ২০ ॥
সৃষ্ট্বাগ্রে মহাদাদীনি সবিকারাণ্যনুক্রমাৎ।
তেভ্যো বিরাজমুদ্ধৃত্য তমনুপ্রাবিশদ্বিভুঃ ॥ ২১ ॥
যমাহুরাদ্যং পুরুষং সহস্রাঙ্ঘ্যূরুবাহুকম্।
যত্র বিশ্ব ইমে লোকাঃ সবিকাশং ত আসতে ॥ ২২ ॥

অন্বয়

ভগবতঃ (শ্রীহরির) পাদয়োঃ (শ্রীচরণদ্বয়ে) ব্যসনার্দ্দনঃ (সর্ব্বদুঃখের হেতু জন্মমরণপ্রবাহের বিনাশক) তীব্রঃ রতিরাসঃ (প্রগাঢ় ভক্তির উল্লাস) ভবেৎ (হইয়া থাকে) ॥ ১৯ ॥

অল্পতপসঃ (অল্পতপা ব্যক্তির) বৈকুণ্ঠবর্ত্মসু (বিষ্ণুর পরমভক্তগণের) সেবা দুরাপা হি (সেবা দুর্ল্লভই হইয়া থাকে)। যত্র (এই ভক্তগণের মুখে) দেবদেবঃ জনার্দ্দনঃ (দেবদেব শ্রীহরি) নিত্যং (সর্ব্বদা) উপগীয়তে (কীর্ত্তিত হইয়া থাকেন) ॥ ২০ ॥

[বিরাট্‌পুরুষের বিভূতি জানিতে ইচ্ছা করিয়া প্রথমতঃ মৈত্রেয় ঋষির মুখে মহদাদিস্রষ্টা ভগবান্‌কে যেমন শুনিয়াছেন, তাহাই উল্লেখ করিয়া বিদুর বলিতেছেন]—বিভুঃ (ভগবান্) সবিকারাণি (ইন্দ্রিয়াদির সহিত) মহদাদীনি (মহদাদিকে) অগ্রে (ব্যষ্টিসৃষ্টির পূর্ব্বে) অনুক্রমাৎ (যথাক্রমে) সৃষ্ট্বা (সৃষ্টি করিয়া) তেভ্যঃ (সেই সকল হইতে) বিরাজং (বিরাট্‌দেহ) উদ্ধৃত্য (সৃষ্টি করিয়া) তম্ অনুপ্রাবিশৎ (তাহাতে অনুপ্রবিষ্ট হইয়াছেন) ॥ ২১ ॥

যং (যে বিরাট্‌পুরুষকে) আদ্যং পুরুষং (আদি পুরুষ অর্থাৎ সর্ব্বকারণের কারণ) সহস্রাঙ্ঘ্যূরু-

অনুবাদ

সর্ব্বদুঃখের কারণস্বরূপ জন্মমরণপ্রবাহের বিনাশক প্রগাঢ় ভক্তির উদ্রেক হইয়া থাকে ॥ ১৯ ॥

[আজ আমি দুর্ল্লভ ভগবদ্ভক্তের সঙ্গলাভ করিলাম।] ভগবদ্ভক্তগণ শ্রীহরিপ্রাপ্তির মার্গস্বরূপ ; অল্পতপা ব্যক্তির এই ভগবদ্ভক্তগণের সেবা দুর্ল্লভই হইয়া থাকে। এই ভক্তগণের মুখে দেবদেব জনার্দ্দন শ্রীহরি নিত্যই কীর্ত্তিত হইয়া থাকেন। [ভাগবতসঙ্গে হরিকথা শ্রবণ হয় ; তাহাতে শ্রীহরিতে প্রেম উপজাত হইলে ফলে দেহাদির অভিমানও চলিয়া যায়] ॥ ২০ ॥

হে ব্রহ্মন্! আপনি বলিয়াছেন—ভগবান্ শ্রীহরি প্রথমে ইন্দ্রিয়গণের সহিত মহদাদি তত্ত্বসমূহের যথাক্রমে সৃষ্টি করিয়া সেই সকল হইতে বিরাট্‌দেহ সৃষ্টি করিয়াছেন এবং স্বয়ং তাহাতে অনুপ্রবিষ্ট হইয়াছেন ॥ ২১ ॥

এই বিরাট্‌পুরুষকেই সর্ব্বকারণ আদিপুরুষ এবং সহস্রচরণ, সহস্রউরু ও সহস্রবাহু-

টীকা

ভক্ত্যুৎসবঃ, ব্যসনং সর্ব্বব্যসনহেতুং জন্মমরণপ্রবাহম্ অর্দ্দয়তি নাশয়তীতি তথা ॥ ১৯ ॥ বৈকুণ্ঠস্য বর্ত্মসু প্রাপকেষু মহৎসু ॥ ২০ ॥ অথ মহদাদিস্রষ্টারমৃষিমুখাচ্ছ্রুতং ভগবন্তমনুবর্ণয়ন্ তস্য বিভূতীর্বদন্নেতি প্রার্থয়তে সৃষ্ট্বেতি ত্রিভিঃ। বিভুঃ বিকারৈঃ ইন্দ্রিয়াদিভিঃ সহিতানি সবিকারাণি মহদাদীনি অগ্রে সৃষ্ট্বা তেভ্যঃ বিরাজং সাবরণং স্বদেহমুদ্ধৃত্য সৃষ্ট্বা তমনুপ্রাবিশৎ "তৎসৃষ্ট্বা তদেবানুপ্রাবিশদি"তি শ্রুতেঃ ॥ ২১ ॥ যং বিভুম্ আদ্যং

যস্মিন্ দশবিধঃ প্রাণঃ সেন্দ্রিয়ার্থেন্দ্রিয়স্ত্রিবৃৎ।
ত্বয়েরিতো যতো বর্ণাস্তদ্বিভূতীর্ব্বদস্ব নঃ ॥ ২৩ ॥
যত্র পুত্রৈশ্চ পৌত্রৈশ্চ নপ্তৃভিঃ সহ গোত্রজৈঃ।
প্রজা বিচিত্রাকৃতয় আসন্ যাভিরিদং ততম্ ॥ ২৪ ॥

অন্বয়

বাহুকম্ (সহস্রচরণ, সহস্রউরু এবং সহস্রবাহুযুক্ত) আহুঃ (বলিয়া থাকেন, অর্থাৎ সহস্রশীর্ষা ইত্যাদি পুরুষসূক্তে শ্রুতি বলিয়াছেন), যত্র (যে বিরাট্‌দেহে) তে ইমে বিশ্বে (এই) লোকাঃ (লোকসমূহ) সবিকাশং (অসঙ্কোচে) আসতে (অবস্থান করিতেছে) ॥ ২২ ॥

সেন্দ্রিয়ার্থেন্দ্রিয়ঃ (ইন্দ্রিয়সমূহের বিষয় ও ইন্দ্রিয়সমূহের সহিত) ত্রিবৃৎ (ত্রিগুণকার্য্য) দশবিধঃ প্রাণঃ (প্রাণ, অপান, সমান, উদান, ব্যান, নাগ, কূর্ম্ম, কৃকর, দেবদত্ত ও ধনঞ্জয় এই দশবিধ প্রাণ) যস্মিন্ (যাঁহাতে) [সমাসতে] (অবস্থিত আছে বলিয়া) ত্বয়া ঈরিতঃ (আপনাকর্ত্তৃক বর্ণিত হইয়াছে), যতঃ (যাহা হইতে) বর্ণাঃ (ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয়) [জাতাঃ] (উৎপন্ন হইয়াছে), তদ্বিভূতীঃ (সেই বিরাট্‌পুরুষের বিভূতিসকল) নঃ (আমাকে) বদস্ব (বলুন) ॥ ২৩ ॥

যত্র (যে বিভূতিতে) পুত্রৈঃ পৌত্রৈঃ চ নপ্তৃভিঃ (পুত্র, পৌত্র ও দৌহিত্র প্রভৃতি) গোত্রজৈঃ চ সহ (ও জ্ঞাতিগণের সহিত) বিচিত্রাকৃতয়ঃ (নানাবিধ) প্রজাঃ (প্রজাগণ) আসন্ (অবস্থিত আছে); যাভিঃ (যে সকল প্রজাগণে) ইদং (এই জগৎ) ততম্ (পরিব্যাপ্ত রহিয়াছে) [তাহা আপনি বর্ণনা করুন] ॥ ২৪ ॥

অনুবাদ

যুক্ত বলিয়া শ্রুতি প্রতিপাদন করিয়াছেন। এই বিরাট্‌দেহেই লোকসমূহ অসঙ্কোচে অবস্থান করিতেছে ॥ ২২ ॥

হে ব্রহ্মন্! ইন্দ্রিয়সমূহের বিষয় শব্দাদি ও ইন্দ্রিয়সমূহের সহিত ত্রিগুণকার্য্য প্রাণ, অপান, সমান, উদান, ব্যান, নাগ, কূর্ম্ম, কৃকর, দেবদত্ত ও ধনঞ্জয় এই দশবিধ প্রাণ যাঁহাতে অবস্থিত আছে এবং যাঁহা হইতে ব্রাহ্মণাদি বর্ণ চতুষ্টয় উৎপন্ন হইয়াছে বলিয়া আপনি বর্ণনা করিয়াছেন, এক্ষণে সেই বিরাট্‌পুরুষের বিভূতি সকল আমাকে বলুন ॥ ২৩ ॥

বিরাট্‌পুরুষের যে বিভূতিতে পুত্র, পৌত্র, দৌহিত্র ও জ্ঞাতিগণের সহিত নানাবিধ জীবগণ অবস্থান করিতেছে এবং যে সকল প্রজাগণে এই জগৎ পরিব্যাপ্ত রহিয়াছে, [সেই বিভূতিসকল আমাকে বলুন] ॥ ২৪ ॥

টীকা

পুরুষং মহৎস্রষ্টারং সহস্রাজ্যুরুবাহুকম্ "সহস্রশীর্ষা পুরুষ" ইত্যাদ্যাঃ শ্রুতয় আহুঃ। যত্র যস্মিন্ উভয়দেহযুক্তে বিশ্বে সর্ব্বে লোকাঃ সবিকাশমসঙ্কোচেন সম্যগাসতে ॥২২ ॥ ইন্দ্রিয়ার্থৈঃ ইন্দ্রিয়ৈশ্চ সহিতঃ সর্ব্বোপবৃংহকত্বাৎ ত্রিবৃৎ ত্রিগুণকার্য্যঃ দশবিধঃ—প্রাণাদয়ঃ পঞ্চ, নাগাদয়ঃ উপপ্রাণাঃ পঞ্চৈবং দশবিধঃ প্রাণঃ যত্র সমাসতে ইত্যন্বয়ঃ, ত্বয়েরিতঃ বর্ণিতঃ, যতো বর্ণাঃ জাতাঃ তস্য বিভোর্ব্বিভূতীঃ ব্রহ্মাদ্যাঃ নঃ অস্মভ্যম্ বদস্ব ॥ ২৩ ॥ যত্র যাসু বিভূতিষু। যাভিঃ প্রজাভিঃ ইদং বিশ্বম্ ততম্ ব্যাপ্তম্ ॥ ২৪ ॥ "এবমেতৎ পুরা পৃষ্টো মৈত্রেয়ো

প্রজাপতীনাং স পতিশ্চক্ৃপে কান্ প্রজাপতীন্।
সর্গাংশ্চৈবানুসর্গাংশ্চ মনূন্ মন্বন্তরাধিপান্।
এতেষামপি বংশাংশ্চ বংশানুচরিতানি চ ॥ ২৫ ॥
উপর্য্যধশ্চ যে লোকা ভূমের্মিত্রাত্মজাসতে।
তেষাং সংস্থাং প্রমাণঞ্চ ভূর্লোকস্য চ বর্ণয় ॥ ২৬ ॥
তির্য্যঙ্মানুষদেবানাং সরীসৃপপতত্রিণাম্।
বদ নঃ সর্গসংব্যূহং গার্ভস্বেদদ্বিজোদ্ভিদাম্ ॥ ২৭ ॥

অন্বয়

প্রজাপতীনাং পতিঃ সঃ (প্রজাপতিগণের পতি ব্রহ্মা) কান্ প্রজাপতীন্ (কোন্ কোন্ প্রজাপতি), সর্গান্ (কত প্রকার সর্গ অর্থাৎ সৃষ্টি), অনুসর্গান্ চ (অনুসৃষ্টি) মন্বন্তরাধিপান্ (এবং মন্বন্তরাধিপতিগণ) মনূন্ চ (ও মনুগণকে) চক্ৃপে (সৃষ্টি করিয়াছেন) এতেষামপি (এবং পূর্ব্বোক্ত সকলের) বংশান্ চ (বংশ সকল) বংশানুচরিতানি চ (ও বংশধরগণের চরিত্র সকল) [বর্ণয়] (বর্ণনা করুন) [পর শ্লোকের "বর্ণয়" এই ক্রিয়াপদের সহিত অন্বয় হইবে] ॥ ২৫ ॥

মিত্রাত্মজ! (হে মিত্রানন্দন মৈত্রেয়!) যে লোকাঃ (যে সকল লোক) ভূমেঃ (পৃথিবীর) উপরি (উপরিভাগে) অধঃ চ (ও নিম্নভাগে) আসতে (অবস্থান করিতেছে), তেষাং (সেই সকল লোকের) ভূর্লোকস্য চ (এবং এই ভূলোকের) সংস্থাং (সন্নিবেশ) প্রমাণং চ (ও পরিমাণ) বর্ণয় (বর্ণনা করুন) ॥ ২৬ ॥

গার্ভস্বেদদ্বিজোদ্ভিদাম্ (গার্ভ—জরায়ুজ, স্বেদ—স্বেদজ, দ্বিজ—অণ্ডজ ও উদ্ভিজ্জ), তির্য্যঙ্মানুষ-দেবানাং (তির্য্যক্, মানুষ, দেবতা), সরীসৃপপতত্রিণাম্ (সরীসৃপ ও পক্ষী প্রভৃতির) সর্গসংব্যূহং (সৃষ্টি বিভাগ) নঃ (আমাকে) বদ (বলুন) ॥ ২৭ ॥

অনুবাদ

হে ব্রহ্মন্! প্রজাপতিগণের পতি ব্রহ্মা কোন্ কোন্ প্রজাপতি, কতপ্রকার সৃষ্টি, অনুসৃষ্টি এবং কোন্ কোন্ মন্বন্তরাধিপতিগণ ও মনুগণকে সৃষ্টি করিয়াছেন? এবং এই সকলের বংশসমূহ ও বংশধরগণের চরিত্রসমূহ আমার নিকটে বর্ণনা করুন ॥ ২৫ ॥

হে মৈত্রেয়! এই পৃথিবীর উপরিভাগে ও নিম্নভাগে যে সকল লোক অবস্থিত আছে, সেই সকল লোকের এবং এই ভূলোকের সন্নিবেশ ও পরিমাণ বর্ণনা করুন ॥ ২৬ ॥

জরায়ুজ, স্বেদজ, অণ্ডজ ও উদ্ভিজ্জ এই চতুর্ব্বিধ তির্য্যক্, মনুষ্য, দেবতা, সরীসৃপ ও পক্ষী প্রভৃতির সৃষ্টিবিভাগ আপনি আমাকে বলুন ॥ ২৭ ॥

টীকা

ভগবান্ কিলে"তি পরীক্ষিৎপ্রশ্নোত্তরতয়া বিদুরমৈত্রেয়াখ্যায়িকা প্রস্তাবিতা ; অতস্তান্ এব বিদুরকৃতান্ প্রশ্নানাহ—আ অধ্যায়পরিসমাপ্তেঃ। প্রজাপতীনাং পতিঃ সঃ প্রসিদ্ধো ব্রহ্মা কান্ প্রজাপতীন্ চক্ৃপে সৃষ্টবান্, এতৎ সর্ব্বং বর্ণয়েতি বক্ষ্যমাণেনান্বয়ঃ ॥ ২৫ ॥ হে মিত্রাত্মজ! ॥ ২৬ ॥ সংস্থাং নিবেশং সর্গসংব্যূহং সর্গবিভাগম্ ॥ ২৭ ॥ বিশ্বস্য বিশ্বং সৃজতঃ শ্রীনিবাসস্য বিক্রমং ব্যাচক্ষ্ব ; কথম্ভূতম্? সর্গাদয়ঃ আশ্রয়ো

গুণাবতারৈর্ব্বিশ্বস্য সর্গস্থিত্যপ্যয়াশ্রয়ম্ ।
সৃজতঃ শ্রীনিবাসস্য ব্যাচক্ষ্বোদারবিক্রমম্ ॥ ২৮ ॥
বর্ণাশ্রমবিভাগাংশ্চ রূপশীলস্বভাবতঃ ।
ঋষীণাং জন্মকর্ম্মাণি বেদস্য চ বিকর্ষণম্ ॥ ২৯ ॥
যজ্ঞস্য চ বিতানানি যোগস্য চ পথঃ প্রভো ! ।
নৈষ্কর্ম্ম্যস্য চ সাংখ্যস্য তন্ত্রং বা ভগবৎস্মৃতম্ ॥ ৩০ ॥
পাখণ্ডপথবৈষম্যং প্রতিলোমনিবেশনম্ ।
জীবস্য গতয়ো যাশ্চ যাবতীর্গুণকর্ম্মজাঃ ॥ ৩১ ॥

অন্বয়

গুণাবতারৈঃ (লীলাবতার ব্রহ্মাদিদ্বারা) বিশ্বস্য সৃজতঃ (বিশ্বসৃষ্টিকারী) শ্রীনিবাসস্য (লক্ষ্মীপতি শ্রীহরির) সর্গস্থিত্যপ্যয়াশ্রয়ম্ (সৃষ্টি, স্থিতি, লয়বিষয়ক) উদারবিক্রমম্ (উদার লীলাসমূহ) ব্যাচক্ষ্ব (বর্ণনা করুন) ॥ ২৮ ॥

[হে ব্রহ্মন্ !] রূপশীলস্বভাবতঃ (রূপ, আচার ও শমদম প্রভৃতি বিভাগ অনুসারে) বর্ণাশ্রম-বিভাগান্ চ (বর্ণাশ্রমবিভাগ), ঋষীণাং (ঋষিগণের) জন্মকর্ম্মাণি (জন্ম ও কর্ম্ম সকল) বেদস্য চ (ও বেদের) বিকর্ষণম্ (বিভাগ) [এতদাখ্যাহি] (এই সকল আমাকে বলুন) [৩৫ সংখ্যক শ্লোকের "আখ্যাহি" ক্রিয়ার সহিত অন্বয় হইবে] ॥ ২৯ ॥

প্রভো ! (হে গুরো !) যজ্ঞস্য (কর্ম্মকাণ্ডের) বিতানানি চ (বিস্তার) যোগস্য চ (ও ধ্যান-যোগের) পথঃ (মার্গসমূহ) নৈষ্কর্ম্ম্যস্য (এবং জ্ঞানের পথ), সাংখ্যস্য চ (ভগবদবতার কপিলকৃত সাংখ্যশাস্ত্রের) [পথঃ] (উপায়রূপ পথ) ভগবৎস্মৃতম্ তন্ত্রং বা (ও ভগবান্ নারদকৃত পঞ্চরাত্র) [এই সকল বিষয় আমাকে বলুন] ॥ ৩০ ॥

পাখণ্ডপথবৈষম্যং (বেদবহির্ভূত উপধর্ম্মপরায়ণ পাষণ্ডগণের প্রবৃত্তি), প্রতিলোমনিবেশনম্ (অন্ত্যজ-

অনুবাদ

যিনি লীলাবতার ব্রহ্মাদির দ্বারা এই বিশ্বের সৃষ্টি করিয়া থাকেন, সেই লক্ষ্মীপতি শ্রীহরির সৃষ্টি, স্থিতি ও লয়বিষয়ক উদার লীলাসমূহ আমাকে বলুন ॥২৮॥

হে ব্রহ্মন্ ! রূপ, আচার ও শমদমাদির বিভাগ অনুসারে বর্ণ ও আশ্রম, ঋষিগণের জন্ম ও কর্ম্মসকল এবং বেদের বিভাগ, এই সকল বিষয় আপনি আমাকে বলুন ॥২৯॥

হে প্রভো ! কর্ম্মকাণ্ডের বিস্তার, ধ্যানযোগের পথ, জ্ঞান ও ভগবদবতার কপিলকৃত সাংখ্যশাস্ত্রের পথ এবং নারদকৃত পঞ্চরাত্র এই সকল বিষয় আমাকে বলুন ॥৩০॥

বেদবহির্ভূত উপধর্ম্মপরায়ণ পাষণ্ডগণের বিপরীত প্রবৃত্তি, অন্ত্যজজাতির সন্নিবেশ এবং

টীকা

বিষয়ো যস্য তম্ ॥ ২৮ ॥ রূপশীলবিভাগতঃ তৃতীয়ার্থে তসিঃ । রূপেণ লিঙ্গেন শীলেন আচারেণ স্বভাবেন শমাদিনা বর্ণাশ্রমবিভাগান্ এতদাখ্যাহীত্যগ্রিমেণান্বয়ঃ । বিকর্ষণম্ বিভাগম্ ॥ ২৯ ॥ যজ্ঞস্য কর্ম্মকাণ্ডস্য বিতানানি বিস্তারান্, যোগস্য পথঃ ধ্যানযোগস্য মার্গান্, তথা নৈষ্কর্ম্ম্যস্য জ্ঞানস্য পথঃ, সাংখ্যস্য বিষ্ণ্ববতারকপিলকৃতস্য শাস্ত্রস্য পথঃ ॥ ৩০ ॥ পাখণ্ডানাং বেদবাহ্যানাম্ উপধর্ম্মাণাং পন্থাঃ প্রবৃত্তিস্তদেব

ধর্ম্মার্থকামমোক্ষাণাং নিমিত্তান্যবিরোধতঃ।
বার্ত্তায়া দণ্ডনীতেশ্চ শ্রুতস্য চ বিধিং পৃথক্ ॥ ৩২ ॥
শ্রাদ্ধস্য চ বিধিং ব্রহ্মন্! পিতৃণাং সর্গমেব চ।
গ্রহনক্ষত্রতারাণাং কালাবয়বসংস্থিতিম্ ॥ ৩৩ ॥
দানস্য তপসো বাপি যচ্চেষ্টাপূর্ত্তয়োঃ ফলম্।
প্রবাসস্থস্য যো ধর্ম্মো যশ্চ পুংস উতাপদি ॥ ৩৪

অন্বয়

জাতির সন্নিবেশ) জীবস্য (এবং জীবের) গুণকর্ম্মজাঃ (গুণ ও কর্ম্ম অনুসারে) যাবতীঃ (যতসংখ্যক) যাশ্চ (ও যে সকল) গতয়ঃ (গতি হয়) [এই সকল আমাকে বলুন] ॥ ৩১ ॥

ধর্ম্মার্থকামমোক্ষাণাং (ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চতুর্ব্বর্গের) অবিরোধতঃ (পরস্পর অবিরোধে) নিমিত্তানি (প্রাপ্তির উপায় সকল), বার্ত্তায়াঃ (ব্যবসাশাস্ত্র) দণ্ডনীতেঃ চ (ও দণ্ডনীতি অর্থাৎ রাজশাস্ত্র) শ্রুতস্য চ (এবং বেদশাস্ত্রের) পৃথক্ বিধিং (পৃথক্ পৃথক্ অনুষ্ঠান বিধি) [আমাকে বলুন] ॥ ৩২ ॥

ব্রহ্মন্! (হে মৈত্রেয়!) শ্রাদ্ধস্য চ বিধিং (শ্রাদ্ধের অনুষ্ঠানবিধি) পিতৃণাম্ সর্গম্ এব চ (ও পিতৃগণের সৃষ্টি) গ্রহনক্ষত্রতারাণাং (এবং গ্রহ, নক্ষত্র ও তারাগণের) কালাবয়বসংস্থিতিম্ (কালচক্রে অর্থাৎ দিন, রাত্রি, মাস ও বর্ষাদিতে অবস্থিতি) [এই সকল আমাকে বলুন] ॥ ৩৩ ॥

দানস্য (দানের), তপসঃ (তপস্যার) ইষ্টাপূর্ত্তয়োঃ বা অপি (এবং ইষ্ট—যজ্ঞাদি শ্রৌতকর্ম্ম, পূর্ত্ত—বাপী ও কূপখননাদি স্মার্ত্তকর্ম্ম, ইহাদের) যচ্চ ফলম্ (যে ফল) প্রবাসস্থস্য (ও প্রবাসে স্থিত ব্যক্তির) উত (এবং) পুংসঃ (জীবের) আপদি (বিপদ্‌কালে) যঃ ধর্ম্মঃ (যে ধর্ম্ম) [সেই সকল আমাকে বলুন] ॥ ৩৪ ॥

অনুবাদ

জীবের গুণ ও কর্ম্মানুসারে যত সংখ্যক ও যতপ্রকার গতি আছে, এই সকল আমাকে বলুন ॥৩১॥

হে ব্রহ্মন্! পরস্পর অবিরোধে ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চতুর্ব্বর্গের প্রাপ্তির উপায়-সকল, ব্যবসাশাস্ত্র, রাজশাস্ত্র ও বেদশাস্ত্রসমূহের পৃথক্ পৃথক্ অনুষ্ঠানবিধি আমাকে বলুন ॥ ৩২ ॥

হে ব্রহ্মন্! শ্রাদ্ধের অনুষ্ঠানবিধি, পিতৃগণের সৃষ্টি এবং গ্রহ, নক্ষত্র ও তারাগণের দিন, রাত্রি, মাস ও বর্ষ প্রভৃতি ক্রমে কালচক্রে অবস্থিতি এই সকল আমাকে বলুন ॥ ৩৩ ॥

দান, তপস্যা এবং যজ্ঞাদি শ্রৌতকর্ম্ম ও বাপীকূপখননাদি স্মার্ত্তকর্ম্মের যাহা ফল, প্রবাসী ব্যক্তির যাহা ধর্ম্ম ও জীবের আপৎকালে যাহা ধর্ম্ম, আপনি এই সকল আমাকে বলুন ॥৩৪॥

টীকা

বৈষম্যম্ ॥ ৩১ ॥ নিমিত্তান্যুপায়ান্ ॥ ৩২॥ গ্রহাদীনাং কালাবয়বে কালচক্রে সংস্থিতিম্ ॥৩৩॥ ৩৪ ॥৩৫॥

যেন বা ভগবাংস্তুষ্যেদ্ধর্ম্মযোনির্জ্জনার্দ্দনঃ।
সংপ্রসীদতি বা যেষামেতদাখ্যাহি মেঽনঘ ! ॥ ৩৫ ॥
অনুব্রতানাং শিষ্যাণাং পুত্রাণাঞ্চ দ্বিজোত্তম ! ।
অনাপৃষ্টমপি ব্রূয়ুর্গুরবো দীনবৎসলাঃ ॥ ৩৬ ॥
তত্ত্বানাং ভগবংস্তেষাং কতিধা প্রতিসংক্রমঃ।
তত্রেমং ক উপাসীরন্ ক উ স্বিদনুশেরতে ॥ ৩৭ ॥

অন্বয়

অনঘ ! (হে নিষ্পাপ মৈত্রেয় !) যেন বা (যে উপায়ে) ধর্ম্মযোনিঃ (সর্ব্বধর্ম্মের কারণ) ভগবান্ জনার্দ্দনঃ (ভগবান্ শ্রীহরি) তুষ্যেৎ (পরিতুষ্ট হইয়া থাকেন) যেষাং বা (এবং যাহাদের প্রতি) সম্প্রসীদতি (সম্যক্‌রূপে প্রসন্ন হইয়া থাকেন) এতৎ (এই সকল) মে (আমাকে) আখ্যাহি (বলুন) ॥ ৩৫ ॥

দ্বিজোত্তম ! (হে বিপ্রবর !) অনুব্রতানাং (অনুগত) শিষ্যাণাং পুত্রাণাং চ (শিষ্য ও পুত্রগণকে) দীনবৎসলাঃ গুরবঃ (দীনবৎসল গুরুগণ) অনাপৃষ্টম্ অপি (অজিজ্ঞাসিত বিষয়ও) ব্রূয়ুঃ (উপদেশ করিয়া থাকেন) ॥ ৩৬ ॥

ভগবন্ ! (হে মৈত্রেয় !) তেষাং তত্ত্বানাং (আপনাকর্ত্তৃক কথিত সেই তত্ত্বসমূহের) প্রতিসংক্রমঃ (প্রলয়) কতিধা (কত প্রকার ?) তত্র (প্রলয়কাল উপস্থিত হইলে তাহাদের মধ্যে) ইমং (এই ভগবান্‌কে) কে (কাহারা) [মুক্ত হইয়া] উপাসীরন্ (উপাসনা করিয়া থাকেন ?) কে উ স্বিৎ (এবং কাহারাই বা) অনুশেরতে (লয়প্রাপ্ত হইয়া থাকে ?) ॥ ৩৭ ॥

অনুবাদ

হে নিষ্পাপ মৈত্রেয় ! যে উপায়ে ধর্ম্মযোনি ভগবান্ শ্রীহরি যাহাদের উপরে পরিতুষ্ট ও প্রসন্ন হইয়া থাকেন, সেই সকল আমাকে সম্যক্‌রূপে বলুন ॥ ৩৫ ॥

হে দ্বিজপ্রবর ! অনুগত শিষ্য ও পুত্রগণকে গুরুজনগণ তাহাদের অজিজ্ঞাসিত বিষয়ও উপদেশ করিয়া থাকেন ; কারণ তাঁহারা দীনবৎসল ; আমি আপনার অনুগত শিষ্য ; যে যে বিষয়ে আমার জিজ্ঞাসা করিবারও ক্ষমতা নাই, সেই সকল বিষয় যদি আমার পক্ষে মঙ্গলজনক বলিয়া মনে করেন, তবে তাহা আমাকে উপদেশ করুন ॥ ৩৬ ॥

হে ভগবন্ মৈত্রেয় ! আপনি যে পূর্ব্বে তত্ত্বসমূহের কথা বলিয়াছেন, সেই তত্ত্বসমূহের লয় কতপ্রকার ? প্রলয় হইলে তাহাদের মধ্যে কাহারা মুক্ত হইয়া এই ভগবানের সেবা করিয়া থাকেন ? এবং কাহারাই বা লয়প্রাপ্ত হইয়া থাকে ? ॥ ৩৭ ॥

টীকা

শিষ্যাণাং শিষ্যেভ্যঃ, পুত্রাণাং পুত্রেভ্যঃ অনাপৃষ্টমপি ব্রূয়ুঃ। যতঃ দীনবৎসলাঃ। অনেন যৎ প্রষ্টুং মম শক্তির্ন, তদপি হিতং চেৎ মহ্যং ব্রূহীতি সূচিতম্ ॥ ৩৬ ॥ তত্ত্বানাং প্রাকৃতানাং প্রতিসংক্রমঃ কতিধা, কতি প্রকারঃ ? তত্র প্রলয়ে সতি ইমং ভগবন্তং কে উপাসীরন্ মুক্তাঃ সন্তঃ সেবন্তে ? কে উ স্বিৎ কে বা অনুশেরতে উপসংহ্রিয়ন্তে ইত্যর্থঃ ॥ ৩৭ ॥

পুরুষস্য চ সংস্থানং স্বরূপং বা পরস্য চ।
জ্ঞানঞ্চ নৈগমং যত্তদ্ গুরুশিষ্যপ্রয়োজনম্ ॥ ৩৮ ॥
নিমিত্তানি চ তস্যেহ প্রোক্তান্যনঘ ! সূরিভিঃ।
স্বতো জ্ঞানং কুতঃ পুংসাং ভক্তির্বৈরাগ্যমেব চ ॥ ৩৯ ॥
এতান্ মে পৃচ্ছতঃ প্রশ্নান্ হরেঃ কর্ম্মবিবিৎসয়া।
ব্রূহি মেঽজ্ঞস্য মিত্রত্বাদজয়া নষ্টচক্ষুষঃ ॥ ৪০ ॥

অন্বয়

পুরুষস্য চ (জীবের) পরস্য চ (ও পরমেশ্বরের) সংস্থানং (পরিমাণ) স্বরূপং বা (ও স্বরূপ) যৎ (এবং যাহা) গুরুশিষ্যপ্রয়োজনং (গুরু ও শিষ্যের প্রয়োজনীয়) তৎ (সেই) নৈগমং (উপনিষৎ-প্রতিপাদ্য আত্মপরমাত্মবিষয়ক) জ্ঞানং চ (জ্ঞান) ব্রূহি (উপদেশ করুন) ॥ ৩৮ ॥

সূরিভিঃ (জ্ঞানিগণকর্ত্তৃক) প্রোক্তানি (কথিত) তস্য (সেই জ্ঞানের) নিমিত্তানি চ (সাধনসমূহ ইহ (আমার নিকটে) [ব্রূহি] (বলুন)। অনঘ ! (হে নিষ্পাপ !) পুংসাং (জীবগণের) জ্ঞানং ভক্তিঃ বৈরাগ্যম্ এব চ (জ্ঞান, ভক্তি ও বৈরাগ্য) স্বতঃ (আপনা হইতে) কুতঃ [স্যাৎ] (কি করিয়া হইতে পারে ?) ॥ ৩৯ ॥

অজয়া (মায়াদ্বারা) নষ্টচক্ষুষঃ (জ্ঞানচক্ষু বিনষ্ট হওয়ায়) হরেঃ কর্ম্মবিবিৎসয়া (শ্রীহরির লীলাদি জানিতে ইচ্ছুক) পৃচ্ছতঃ (জিজ্ঞাসাকারী) অজ্ঞস্য মে (অজ্ঞ আমার) এতান্ প্রশ্নান্ (এই সকল জিজ্ঞাসিত বিষয়) মে মিত্রত্বাৎ (আপনি আমার পরম সুহৃৎ অর্থাৎ হিতকারী বলিয়া) ব্রূহি (বলুন) ॥ ৪০ ॥

অনুবাদ

হে প্রভো ! জীবের ও পরমেশ্বরের পরিমাণ ও স্বরূপ এবং যাহা গুরু ও শিষ্যের প্রয়োজনীয়, সেই উপনিষৎপ্রতিপাদ্য আত্মপরমাত্মবিষয়ক জ্ঞান আমাকে উপদেশ করুন ॥৩৮॥

হে মৈত্রেয় ! জ্ঞানিগণ যাহা নিরূপণ করিয়াছেন, সেই জ্ঞানের সাধনসমূহও আমাকে উপদেশ করুন। হে অনঘ ! জীবগণের জ্ঞান, ভক্তি ও বৈরাগ্যের উদয় আপনা হইতে কি করিয়া হইতে পারে ? অর্থাৎ স্বভাবতঃ কখনও জ্ঞান, ভক্তি ও বৈরাগ্য জন্মে না। পরন্তু গুরুর উপদেশ হইতেই জন্মিয়া থাকে ॥ ৩৯ ॥

মায়াদ্বারা আমার জ্ঞানচক্ষু বিনষ্ট হইয়াছে ; আমি অতিশয় অজ্ঞানী ; অতএব শ্রীহরির লীলাদি জানিতে ইচ্ছা করিয়া আপনাকে যে সকল প্রশ্ন করিয়াছি, আমার সেই সকল জিজ্ঞাসিত বিষয় আমাকে উপদেশ করুন ; কারণ আপনি আমার পরম হিতকারী ॥ ৪০ ॥

টীকা

পুরুষস্য জীবস্য পরস্য পরমেশ্বরস্য চ সংস্থানং পরিমাণং স্বরূপঞ্চ গুরুশিষ্যয়োঃ প্রয়োজনভূতং নৈগমম্ ঔপনিষদমাত্মপরমাত্মবিষয়কং জ্ঞানম্ ॥ ৩৮ ॥ তস্য জ্ঞানস্য নিমিত্তানি সাধনানি চ ব্রূহি। জ্ঞানং, ততো ভক্তিঃ, ততো বৈরাগ্যং ; স্বতঃ কুতঃ স্যাৎ কিন্তু গুরূপদেশতঃ এব স্যাৎ ॥ ৩৯ ॥ অতঃ হরেঃ কর্ম্মবিবিৎসয়া

সর্ব্বে বেদাশ্চ যজ্ঞাশ্চ তপোদানানি চানঘ ! ।
জীবাভয়প্রদানস্য ন কুর্ব্বীরন্ কলামপি ॥ ৪১ ॥

শ্রীশুক উবাচ

স ইত্থমাপৃষ্টপুরাণকল্পঃ কুরুপ্রধানেন মুনিপ্রধানঃ ।
প্রবৃদ্ধহর্ষো ভগবৎকথায়াং সঞ্চোদিতস্তং প্রহসন্নিবাহ ॥ ৪২ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুর-মৈত্রেয় সংবাদে সপ্তমোঽধ্যায়ঃ ॥৭॥

অন্বয়

অনঘ ! (হে নিষ্পাপ !) জীবাভয়প্রদানস্য (তত্ত্বোপদেশদ্বারা জীবগণের অভয়প্রদানকারী গুরু যেমন অভয় প্রদান করেন, তাহার) কলাম্ অপি (একাংশও) সর্ব্বে বেদাঃ চ (বেদসমূহ), যজ্ঞাঃ চ (যজ্ঞসমূহ), তপোদানানি চ (তপস্যা ও দান এই সকল) ন কুর্ব্বীরন্ (করিতে পারে না) ॥ ৪১ ॥

শ্রীশুকঃ উবাচ (শুকদেব বলিলেন) কুরুপ্রধানেন (কৌরবশ্রেষ্ঠ বিদুরকর্ত্তৃক) ইত্থং (এই প্রকারে) আপৃষ্টপুরাণকল্পঃ (পুরাণোক্তবিষয় জিজ্ঞাসিত হইয়া) মুনিপ্রধানঃ (ঋষিশ্রেষ্ঠ) সঃ (সেই মৈত্রেয় ঋষি) ভগবৎকথায়াং সঞ্চোদিতঃ (ভগবল্লীলাকথনে প্রণোদিত হইয়া) প্রবৃদ্ধহর্ষঃ (অতিশয় আনন্দিত) [হইলেন ও] প্রহসন্ ইব (ঈষৎ হাস্য করিয়াই যেন) তম্ আহ (সেই বিদুরকে বলিতে লাগিলেন) ॥ ৩২ ॥

অনুবাদ

হে নিষ্পাপ মৈত্রেয় ! তত্ত্বোপদেশের দ্বারা জীবগণের অভয়প্রদানকারী গুরু শিষ্যকে যেমন অভয় প্রদান করিয়া থাকেন, সমস্ত বেদ, সমস্ত যজ্ঞ এবং তপস্যা ও দান তাহার একাংশও করিতে পারে না অর্থাৎ গুরুর উপদেশে শিষ্যের যতটা সংসারভয় দূর হয়, বেদাধ্যয়ন, যজ্ঞ, তপস্যা ও দানদ্বারা তাহার একাংশও হয় না ॥ ৪১ ॥

শুকদেব বলিলেন—হে মহারাজ ! কৌরবশ্রেষ্ঠ বিদুরকর্ত্তৃক পূর্ব্বোক্তপ্রকারে পুরাণোক্ত বিষয়সমূহ জিজ্ঞাসিত হইয়া মুনিশ্রেষ্ঠ মৈত্রেয়ঋষি ভগবল্লীলাকথনে প্রণোদিত হইয়া অতিশয় আনন্দিত হইলেন এবং ঈষৎ হাস্য করিয়াই যেন সেই বিদুরকে বলিতে লাগিলেন ॥ ৪২ ॥

সপ্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥৭॥

টীকা

পৃচ্ছতঃ মে প্রশ্নান্ প্রষ্টব্যান্ অর্থান্ মে মিত্রত্বাৎ হিতকারিত্বাৎ ব্রূহি ॥ ৪০ ॥ ৪১ ॥ পুরাণে কল্পতে প্রকাশতে ইতি পুরাণকল্পো বুভুৎসিতোঽর্থঃ আপৃষ্টঃ পুরাণকল্পো যং স তথা । মুনিষু প্রধানঃ ॥ ৪২ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে সিদ্ধান্তপ্রদীপে তৃতীয়স্কন্ধীয়ে সপ্তমাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ৭ ॥

অষ্টমোঽধ্যায়ঃ

শ্রীমৈত্রেয় উবাচ

সৎসেবনীয়ো বত পূরুবংশো যল্লোকপালো ভগবৎপ্রধানঃ।
বভূবিথেহাজিতকীর্ত্তিমালাং পদে পদে নূতনয়স্যভীক্ষ্ণম্ ॥ ১ ॥
সোঽহং নৃণাং ক্ষুল্লসুখায় দুঃখং মহদ্‌গতানাং বিরমায় তস্য।
প্রবর্ত্তয়ে ভাগবতং পুরাণং যদাহ সাক্ষাদ্‌ভগবানৃষিভ্যঃ ॥ ২ ॥

অন্বয়

[এই অষ্টম অধ্যায়ে মৈত্রেয়ঋষি বিদুরের প্রশ্নসমূহের উত্তর বলিতে যাইয়া ভগবদ্‌বিভূতি, ব্রহ্মার উৎপত্তি ও ব্রহ্মাকর্ত্তৃক ভগবৎস্তোত্র নিরূপণ করিবেন] শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) বত (আহা !) পূরুবংশঃ (এই পূরুবংশ) সৎসেবনীয়ঃ (সজ্জনগণের মাননীয়) ; যৎ (যেহেতু) ইহ (এই পূরুবংশে) ভগবৎপ্রধানঃ (ভগবদুপাসক) লোকপালঃ (ধর্ম্মরাজ যম) [তুমি বিদুররূপে] বভূবিথ (জন্মগ্রহণ করিয়াছ)। [তুমি] অজিতকীর্ত্তিমালাং (ভগবানের লীলাপ্রসঙ্গকে) পদে পদে (পুনঃ পুনঃ) অভীক্ষ্ণম্ (অতিশয়) নূতনয়সি (নূতন করিয়া তুলিতেছ) ॥১॥

ক্ষুল্লসুখায় (অল্প সুখের নিমিত্ত) মহৎ দুঃখং গতানাং (অতিশয় ক্লেশভোগকারী) নৃণাং (মানবগণের) তস্য (দুঃখের) বিরমায় (নিবৃত্তির জন্য) সাক্ষাৎ ভগবান্ (সাক্ষাৎ ভগবান্ সঙ্কর্ষণ) যৎ (যাহা) ঋষিভ্যঃ (সনৎকুমারাদি ঋষিগণকে) আহ (উপদেশ করিয়াছিলেন), সঃ অহং (আমি) [তৎ] ভাগবতং পুরাণং (সেই ভাগবত নামক মহাপুরাণ) প্রবর্ত্তয়ে (আরম্ভ করিতেছি) ॥২॥

অনুবাদ

মৈত্রেয়ঋষি বলিলেন—আহা ! এই পূরুবংশ সজ্জনগণের মাননীয় ; যেহেতু এই পূরুবংশে ভগবদুপাসক ধর্ম্মরাজ যম তুমি বিদুররূপে জন্মগ্রহণ করিয়াছ। তুমি শ্রেষ্ঠ ভগবদুপাসক ; যেহেতু ভগবানের লীলাপ্রসঙ্গকে তুমি পুনঃ পুনঃ অতিশয় নূতন করিয়া তুলিতেছ ॥১॥

হে বিদুর ! যদিও তুমি কৃতার্থ, তথাপি তোমাকে অবলম্বন করিয়া আমি এক্ষণে তুচ্ছ সুখের নিমিত্ত যাহারা অতিশয় দুঃখ ভোগ করিতেছে, সেই মানবগণের দুঃখ নিবারণ করিবার জন্য সাক্ষাৎ ভগবান্ সঙ্কর্ষণ যাহা সনৎকুমারপ্রমুখ ঋষিগণকে উপদেশ করিয়াছিলেন, সেই ভাগবত নামক মহাপুরাণ আরম্ভ করিতেছি [শ্রবণ কর] ॥ ২ ॥

টীকা

ইত্থং স্ববুভুৎসিতার্থপ্রবচনে বিদুরেণ প্রবর্ত্তিতো মুনিস্তৎকৃতপ্রশ্নোত্তরাণ্যভিধাস্যমানস্তাবদ্‌ভগবদ্বিভূতের্ব্রহ্মণঃ উৎপত্তিং, ব্রহ্মকৃতং ভগবৎস্তোত্রং চানুবদত্যষ্টমাধ্যায়ে। তত্রাদৌ শ্রোতারমভিনন্দতি—সৎসেবনীয় ইতি। পূরুবংশঃ সতাং সেবনীয়ঃ মাননীয়ঃ। বত! অহো! যৎ যত ইহ পূরুবংশে ভগবান্ প্রধান উপাস্যো যস্য সঃ লোকপালঃ ধর্ম্মঃ ত্বং বভূবিথ জাতোঽসি। ভগবৎপ্রধানত্বে হেতুমাহ—পদে পদে পুনঃ পুনঃ অভীক্ষ্ণং ভৃশম্ অজিতস্য বিষ্ণোঃ কীর্ত্তিমালাং নূতনয়সি নবীনাং করোষি ॥ ১ ॥ বিদুর ! ত্বং কৃতার্থস্তথাপি ত্বদ্দ্বারা ক্ষুল্লসুখায় অল্পসুখায় মহদ্দুঃখং গতানাং নৃণাং তস্য

আসীনমুর্ব্ব্যাং ভগবন্তমাদ্যং সঙ্কর্ষণং দেবমকুণ্ঠসত্ত্বম্ ।
বিবিৎসবস্তত্ত্বমতঃ পরস্য কুমারমুখ্যা মুনয়োঽন্বপৃচ্ছন্ ॥ ৩ ॥
স্বমেব ধিষ্ণ্যং বহু মানয়ন্তং যং বাসুদেবাভিধমামনন্তি ।
প্রত্যগ্ধৃতাক্ষাম্বুজকোষমীষ-দুন্মীলয়ন্তং বিবুধোদয়ায় ॥ ৪ ॥

অন্বয়

অতঃ (জগতের) পরস্য (শ্রেষ্ঠ বাসুদেবের) তত্ত্বং (স্বরূপ) বিবিৎসবঃ (জানিতে ইচ্ছুক) কুমারমুখ্যাঃ (সনকাদি) মুনয়ঃ (ঋষিগণ) উর্ব্ব্যাং (পাতালতলে) আসীনম্ (উপবিষ্ট) অকুণ্ঠসত্ত্বম্ (অপ্রতিহতজ্ঞানী) আদ্যং দেবম্ (আদিদেব) ভগবন্তং সঙ্কর্ষণম্ (ভগবান্ সঙ্কর্ষণকে) অন্বপৃচ্ছন্ (জিজ্ঞাসা করিয়াছিলেন) ॥৩॥

[সেই সঙ্কর্ষণদেবের অবস্থা বর্ণনা করিতেছেন] যং (যাঁহাকে) [পণ্ডিতগণ] বাসুদেবাভিধম্ (বাসুদেব নামে) আমনন্তি (বলিয়া থাকেন), স্বম্ এব ধিষ্ণ্যং (নিজেরই আশ্রয়) [তং] (তাঁহাকে) বহু মানয়ন্তং (যিনি সর্ব্বোৎকৃষ্টজ্ঞানে পূজা করিতেছিলেন) প্রত্যগ্ধৃতাক্ষাম্বুজকোষম্ (এবং নয়নকমল অন্তর্মুখী করিয়াছিলেন), বিবুধোদয়ায় (ও পরে জ্ঞানী সনকাদি ঋষিগণের মঙ্গলের নিমিত্ত) ঈষৎ উন্মীলয়ন্তং (যিনি নয়ন ঈষৎ উন্মীলন করিলেন), [সেই সঙ্কর্ষণদেবকে মুনিগণ জিজ্ঞাসা করিলেন। পূর্ব্বের সহিত অন্বয়] ॥৪॥

অনুবাদ

হে বিদুর! [একদা] সর্ব্বশ্রেষ্ঠ শ্রীবাসুদেবের স্বরূপ জানিতে অভিলাষী হইয়া সনকাদি ঋষিগণ পাতালতলে উপবিষ্ট অপ্রতিহতজ্ঞানী [অর্থাৎ যাঁহার জ্ঞান কখনও মোহাচ্ছন্ন হয় না এমন] আদিদেব ভগবান্ সঙ্কর্ষণকে জিজ্ঞাসা করিয়াছিলেন ॥ ৩ ॥

পণ্ডিতগণ যাঁহাকে বাসুদেব নামে কীর্ত্তন করিয়া থাকেন, নিজেরই আশ্রয় সেই বাসুদেবকে সঙ্কর্ষণদেব ধ্যানপথে অনুভব করিয়া সর্ব্বোৎকৃষ্টজ্ঞানে পূজা করিতেছিলেন; সেই অবস্থায় তিনি নয়নকমল অন্তর্মুখী করিয়াছিলেন ও পরে কৃপাবলোকনের দ্বারা জ্ঞানী সনকাদি ঋষিগণের মঙ্গলের নিমিত্ত নয়নকমল ঈষৎ উন্মীলন করিলেন, [এইরূপ সঙ্কর্ষণদেবকে সনকাদি ঋষিগণ জিজ্ঞাসা করিলেন] ॥ ৪ ॥

টীকা

দুঃখস্য বিরমায় নিবৃত্তয়ে যৎ পুরাণং ভগবান্ সঙ্কর্ষণঃ ঋষিভ্যঃ কুমারমুখ্যেভ্যঃ আহ, তৎ পুরাণং ভাগবতাখ্যম্ অহং প্রবর্ত্তয়ে ॥ ২ ॥ অতঃ সঙ্কর্ষণাৎ জগতো বা পরস্য বাসুদেবস্য তত্ত্বং স্বরূপং গুণাদিযাথাত্ম্যং বিবিৎসবঃ বেত্তুমিচ্ছবঃ কুমারাঃ সনকাদয়ঃ মুখ্যা যেষু তে। কুমারাণাং নিত্যতয়া আগতজ্ঞানা ইতি বৈষ্ণবে নিত্যসিদ্ধজ্ঞানবত্ত্বোক্তের্ব্বিবিৎসব ইতি ছত্রিন্যায়েনোক্তম্। কুমারমুখ্যাঃ সনকাদয়শ্চত্বারঃ ইতি ব্যাখ্যা তু অসঙ্গতা, তেষু মুখ্যামুখ্যব্যবহারাভাবাৎ ; উর্ব্ব্যাং পাতালতলে, আসীনমুপাবিষ্টম্, অকুণ্ঠসত্ত্বম্ নিরাবরণজ্ঞানম্ ॥ ৩ ॥ সঙ্কর্ষণং বিশিনষ্টি—যং বাসুদেবাভিধমামনন্তি, তং স্বমেব ধিষ্ণ্যং স্বীয়মেবাশ্রয়ং ধ্যানপথেনানুভূয় বহুমানয়ন্তং সর্ব্বোৎকৃষ্টত্বেন পূজয়ন্তম্ প্রত্যক্কৃতমন্তর্ম্মুখীকৃতমক্ষাম্বুজকোষং নয়নাব্জমুকুলং যেন তং বিবুধানাং বিদুষামভ্যুদয়ায় ঈষদুন্মীলয়ন্তম্ ॥ ৪ ॥ কুমারমুখ্যান্ বিশিনষ্টি সার্দ্ধেন। তজ্জ্ঞাঃ সঙ্কর্ষণকৃতজ্ঞাঃ অস্য সঙ্কর্ষণস্য কৃতানি প্রেম্না স্খলন্তি পদানি

স্বর্ধুন্যুদার্দ্রৈঃ স্বজটাকলাপৈ-রুপস্পৃশন্তশ্চরণোপধানম্ ।
পদ্মং যদর্চ্চন্ত্যহিরাজকন্যাঃ সপ্রেমনানাবলিভির্ব্বরার্থাঃ ॥ ৫ ॥
মুহুর্গৃণন্ত্যো বচসানুরাগ-স্খলৎপদেনাস্য কৃতানি তজ্জ্ঞাঃ ।
কিরীটসাহস্রমণিপ্রবেক-প্রদ্যোতিতোদ্দামফণাসহস্রম্ ॥ ৬ ॥

অন্বয়

[সনকাদি ঋষিগণের বর্ণনা করিতেছেন এবং ষষ্ঠশ্লোকের শেষার্দ্ধে সঙ্কর্ষণদেবের বর্ণনা করিতেছেন] তজ্জ্ঞাঃ (সঙ্কর্ষণের লীলাভিজ্ঞা) অস্য (এই সঙ্কর্ষণের) কৃতানি (লীলাসকল) অনুরাগস্খলৎপদেন বচসা (অনুরাগবশতঃ স্খলিতপদযুক্ত বাক্যের দ্বারা) মুহুঃ গৃণন্ত্যঃ (পুনঃ পুনঃ কীর্ত্তনকারিণী) বরার্থাঃ (বিষ্ণুপদপ্রাপ্তিকামা) অহিরাজকন্যাঃ (নাগরাজকন্যাগণ) যৎ পদ্মং (যে পদ্মকে) সপ্রেম (প্রেমের সহিত) নানাবলিভিঃ (নানা উপহারের দ্বারা) অর্চ্চন্তি (পূজা করিয়া থাকেন), [তৎ] চরণোপধানং (সেই সঙ্কর্ষণের চরণাধার পদ্মকে) [যাঁহারা সত্যলোক হইতে গঙ্গামধ্য দিয়া অবতরণ হেতু] স্বর্ধুন্যুদার্দ্রৈঃ (স্বর্ধুনী—গঙ্গা, উদ—জল, গঙ্গাজলের দ্বারা সিক্ত) জটাকলাপৈঃ (জটাসমূহের দ্বারা) উপস্পৃশন্তঃ (নমস্কার করিয়া থাকেন, সেই সনকাদি মুনিগণ) কিরীটসাহস্রমণিপ্রবেকপ্রদ্যোতিতোদ্দাম-ফণাসহস্রম্ (সহস্র কিরীটে যে উত্তম মণিসমূহ আছে, তাহাদ্বারা উদ্ভাসিত ও উন্নত সহস্র কিরীটফণা যাঁহার আছে, সেই সঙ্কর্ষণদেবকে) [জিজ্ঞাসা করিলেন]॥ ৫-৬ ॥

অনুবাদ

যাহারা সঙ্কর্ষণদেবের লীলা সকল জানেন বলিয়া সঙ্কর্ষণদেবের প্রতি অনুরাগবশতঃ স্খলিতপদযুক্ত বাক্যের দ্বারা তাঁহার লীলাসকল পুনঃ পুনঃ কীর্ত্তন করিয়া থাকেন, বিষ্ণুপদ-লাভের অভিলাষিণী সেই নাগরাজকন্যাগণ ভগবানের যে চরণাধার কমলকে প্রেমের সহিত নানা উপহারের দ্বারা পূজা করিয়া থাকেন, সত্যলোক হইতে গঙ্গামধ্য দিয়া অবতরণ করায় গঙ্গাজলে আর্দ্র জটাসমূহের দ্বারা সেই চরণাধার পদ্মকে নমস্কার করিয়া সনকাদি মুনিগণ সঙ্কর্ষণদেবকে জিজ্ঞাসা করিলেন; সঙ্কর্ষণদেবের সহস্র কিরীটে যে সকল উত্তম মণি আছে, তাহা দ্বারা তাঁহার কিরীটের ফণা উদ্ভাসিত ও উন্নত ॥ ৫-৬ ॥

টীকা

যস্মিন্ তেন বচসা মুহুর্গৃণন্ত্যঃ গায়ন্ত্যঃ বরার্থাঃ পতিকামা বিষ্ণুপদপ্রাপ্তিকামাঃ বা অহিরাজানাং কন্যাঃ যৎ পদ্মং সপ্রেম প্রেমসহিতং যথা ভবতি তথা বলিভিঃ নানোপহারৈঃ অর্চ্চন্তি পূজয়ন্তি তচ্চরণোপধানং চরণৌ উপধীয়েতে যস্মিন্ এতাদৃশং পদ্মং সত্যলোকাদ্ গঙ্গামধ্যতঃ পাতালাবতরণ-বশাৎ স্বর্ধুন্যুদার্দ্রৈঃ জটাকলাপৈঃ উপস্পৃশন্তঃ নমন্তঃ সহস্রমেব সাহস্রং কিরীটানাং সাহস্রে যে মণিপ্রবেকাঃ মণ্যুত্তমাঃ তৈঃ প্রদ্যোতিতম্ উদ্দামানাং শ্রেষ্ঠানাং ফণানাং সহস্রং যস্য তম্ অপৃচ্ছন্নিতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ৫-৬ ॥ তেন পাতালতলগতেন সনৎকুমারায় এতদ্ভাগবতাখ্যং শাস্ত্রম্ প্রোক্তম্ বর্ণিতম্। বর্ণনপ্রয়োজনং বক্তুং সনৎকুমারং বিশিনষ্টি—নিবৃত্তিধর্ম্মাভিরতায় মোক্ষধর্ম্মপ্রবর্ত্তকায়, তদুক্তং মোক্ষধর্ম্মে—

প্রোক্তং কিলৈতদ্ভগবত্তমেন নিবৃত্তিধর্ম্মাভিরতায় তেন।
সনৎকুমারায় স চাহ পৃষ্টঃ সাংখ্যায়নায়াঙ্গ! ধৃতব্রতায় ॥ ৭ ॥
সাংখ্যায়নঃ পারমহংস্যমুখ্যো বিবক্ষমাণো ভগবদ্বিভূতীঃ।
জগাদ সোঽস্মদ্গুরবেঽন্বিতায় পরাশরায়াথ বৃহস্পতেশ্চ ॥ ৮ ॥

অন্বয়

অঙ্গ! (হে বিদুর!) তেন ভগবত্তমেন (সেই পাতালগত ভগবান্ সঙ্কর্ষণ) নিবৃত্তধর্ম্মাভিরতায় (মোক্ষধর্ম্মপ্রবর্ত্তক) সনৎকুমারায় (সনৎকুমারকে) এতৎ (এই ভাগবত শাস্ত্র) প্রোক্তম্ কিল (উপদেশ করিয়াছিলেন); সঃ চ (সেই সনৎকুমারও) পৃষ্টঃ (জিজ্ঞাসিত হইয়া) ধৃতব্রতায় (ব্রতাবলম্বী) সাংখ্যায়নায় (সাংখ্যায়ন নামক ঋষিকে) আহ (তাহা বলিয়াছিলেন) ॥ ৭ ॥

পারমহংস্যমুখ্যঃ (পরমহংসগণের শ্রেষ্ঠ) সঃ সাংখ্যায়নঃ (সেই সাংখ্যায়ন নামক ঋষি)

অনুবাদ

হে বিদুর! সেই পাতালগত ভগবান্ সঙ্কর্ষণদেব মোক্ষধর্ম্মপ্রবর্ত্তক সনৎকুমারকে এই ভাগবত শাস্ত্র উপদেশ করিয়াছিলেন; সেই সনৎকুমারও আবার সাংখ্যায়ন ঋষিকর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া তাঁহাকে ইহা উপদেশ করিয়াছিলেন ॥ ৭ ॥*

হে বিদুর! পরমহংসগণের শ্রেষ্ঠ সেই সাংখ্যায়ন নামক ঋষি ভগবানের বিভূতিসকল

টীকা

"সনঃ সনৎসুজাতশ্চ সনকঃ সসনন্দনঃ। সনৎকুমারঃ কপিলঃ সপ্তমশ্চ সনাতনঃ ॥ ১।
সপ্তৈতে মানসাঃ প্রোক্তা ঋষয়ো ব্রহ্মণঃ সুতাঃ। স্বয়মাগতবিজ্ঞানাঃ নিবৃত্তিধর্ম্মমাস্থিতাঃ ॥ ২ ॥
এতে যোগবিদাং মুখ্যাঃ সাংখ্যজ্ঞানবিশারদাঃ। আচার্য্যা ধর্ম্মশাস্ত্রেষু মোক্ষধর্ম্মপ্রবর্ত্তকাঃ ॥ ৩ ॥"
ইতি। বৈষ্ণবে চ ভৃগ্বাদ্যুৎপত্তিমুক্ত্বা "সনন্দনাদয়ো যে চ পূর্ব্বং সৃষ্টাস্তু বেধসা। নৈতে লোকেষু সজ্জন্তে নিরপেক্ষাঃ প্রজাসু তে ॥ সর্ব্বে তে চাগতজ্ঞানাঃ বীতরাগা বিমৎসরাঃ। আচার্য্যা মোক্ষধর্ম্মস্য মোক্ষশাস্ত্রপ্রবর্ত্তকাঃ ॥" ইতি। অত্রাপি—"প্রাক্কল্পসংপ্লববিনষ্টমিহাত্মতত্ত্বং, সম্যগ্ জগাদ মুনয়ো যদচক্ষতাত্মন্" ইত্যুক্তম্। নন্থ পাতালতলে শেষঃ কশ্যপপুত্রোঽপ্যস্তি, তস্যাপি অনন্তসঙ্কর্ষণাদিসংজ্ঞাঃ সন্তি। স কিং সনৎকুমারায় মোক্ষপ্রয়োজনকমিদং প্রোক্তবান্? ইত্যত্রাহ—ভগবত্তমেনেতি। শেষোঽপি ভগবান্ সঙ্কর্ষণাংশত্বাৎ, তস্যাপ্যংশী সাক্ষাৎ সঙ্কর্ষণঃ ভগবত্তমঃ। অনয়োর্ভেদঃ দশমস্কন্ধে স্ফুটতরঃ—"বাসুদেবকলানন্তঃ সহস্রবদনঃ স্বরাট্। অগ্রতো ভবিতা দেব" ইতি সঙ্কর্ষণং ভগবত্তমভিধায় তস্য গোকুলে বাসং প্রতিপাদ্য পুনঃ "শেষোঽন্বগাদ্ধারি নিবারয়ন্ ফণৈরি"তি ভগবান্ শেষ উক্তঃ; স চ পুনঃ "যস্যৈকাংশেন বিধৃতা জগতী জগতঃ পতে"রিত্যনেন ভগবত্তমসঙ্কর্ষণাংশত্বেনোক্তঃ। তস্য কশ্যপপুত্রস্য স্বপিতৃপিতামহপূজ্যং সনৎকুমারং প্রতি শ্রীমদ্ভাগবতবর্ণনে অধিকারাভাবাৎ সামর্থ্যাভাবাচ্চ, তদংশিনা সাক্ষাৎ সঙ্কর্ষণেন ইত্যর্থঃ। স চ সনৎকুমারঃ সাংখ্যায়নায় আহ ॥ ৭ ॥ পারমহংস্যে

---

* সনৎকুমার প্রভৃতি ঋষিগণ যে মোক্ষধর্ম্ম প্রবর্ত্তক ছিলেন, এ বিষয়ে মোক্ষশাস্ত্র, বৈষ্ণবশাস্ত্র ও এই ভাগবত শাস্ত্রের প্রমাণ টীকায় প্রদর্শিত হইয়াছে। আর এই সঙ্কর্ষণশব্দে পাতালস্থিত কশ্যপ পুত্র শেষনাগের সঙ্কর্ষণ নাম থাকিলেও তাঁহাকে বুঝায় না, এ বিষয়ে যুক্তি ও প্রমাণ টীকাকার প্রদর্শন করিয়াছেন।

প্রোবাচ মহ্যং স দয়ালুরুক্তো মুনিঃ পুলস্ত্যেন পুরাণমাদ্যম্।
সোঽহং তবৈতৎ কথয়ামি বৎস! শ্রদ্ধালবে নিত্যমনুব্রতায় ॥৯॥
উদাপ্লুতং বিশ্বমিদং তদাসীদ্-যন্নিদ্রয়ামীলিতদৃঙ্ন্যমীলয়ৎ।
অহীন্দ্রতল্পেঽধিশয়ান একঃ কৃতক্ষণঃ স্বাত্মরতৌ নিরীহঃ ॥ ১০ ॥

অন্বয়

ভগবদ্বিভূতিঃ (শ্রীভগবানের বিভূতি সকল) বিবক্ষমাণঃ (বলিতে ইচ্ছুক হইয়া) অন্বিতায় (অনুগত) অস্মদ্‌গুরবে (আমাদের গুরু) পরাশরায় (পরাশর মুনিকে) জগাদ (এই ভাগবত বলিয়াছিলেন); অথ (অনন্তর) বৃহস্পতেঃ চ (বৃহস্পতির নিকটেও) [বলিয়াছিলেন] ॥৮॥

সঃ দয়ালুঃ মুনিঃ (সেই দয়ালু পরাশর মুনি) পুলস্ত্যেন উক্তঃ (পুলস্ত্যকর্ত্তৃক "পুরাণাচার্য্য হইবে" এইরূপ বর প্রাপ্ত হইয়া) আদ্যং পুরাণং (শ্রীমদ্ভাগবত নামক আদি পুরাণ) মহ্যং (আমাকে) প্রোবাচ (উপদেশ করিয়াছেন); বৎস! (হে বৎস!) সঃ অহং (এক্ষণে আমি) শ্রদ্ধালবে (শ্রদ্ধাশীল) নিত্যম্ অনুব্রতায় (সর্ব্বদা অনুগত) তব (তোমাকে) এতৎ (সেই ভাগবত) কথয়ামি (বলিতেছি) ॥৯॥

যৎ (যখন) অমীলিতদৃক্ (নিত্যজ্ঞানদৃষ্টিসম্পন্ন) একঃ (এক ভগবান্) নিরীহঃ (নিশ্চেষ্ট) স্বাত্মরতৌ (ও স্বরূপানন্দে) কৃতক্ষণঃ (নিমগ্ন হইয়া) অহীন্দ্রতল্পে (অনন্তশয্যায়) নিদ্রয়া (যোগনিদ্রায়) অধিশয়ানঃ (শয়ন করতঃ) ন্যমীলয়ৎ (নেত্রদ্বয় মুদ্রিত করিয়াছিলেন); তদা (তখন) ইদং বিশ্বম্ (এই জগৎ) উদাপ্লুতং আসীৎ (জলে নিমগ্ন ছিল) ॥ ১০ ॥

অনুবাদ

বর্ণনা করিতে অভিলাষী হইয়া আমাদের গুরু ও তাঁহার অনুগত পরাশরমুনিকে এই ভাগবত বলিয়াছিলেন এবং সুরগুরু বৃহস্পতির নিকটেও ইহা বলিয়াছিলেন ॥ ৮ ॥

সেই দয়ালু পরাশর মুনি পুলস্ত্যের বরে পুরাণাচার্য্য হইয়া শ্রীমদ্ভাগবত নামক আদি পুরাণ আমাকে উপদেশ করিয়াছেন; হে বৎস! আমি শ্রদ্ধাশীল ও সতত অনুগত তোমাকে সেই ভাগবত বলিতেছি ॥ ৯ ॥*

হে বিদুর! যাঁহার জ্ঞানদৃষ্টি কখনও লুপ্ত হয় না, সেই ভগবান্ নিশ্চেষ্ট

টীকা

পরমহংসানাং ধর্ম্মে মুখ্যঃ প্রধানঃ বিবক্ষমাণঃ বক্তুমিচ্ছুঃ, অন্বিতায় অনুগতায় ॥ ৮ ॥ স দয়ালুঃ পরাশরঃ পুলস্ত্যেন পুরাণাচার্য্যো ভবিষ্যতীত্যুক্তঃ; আদ্যং সনাতনং পুরাণং শ্রীমদ্ভাগবতাভিধং মহ্যং প্রোবাচ। এতৎ পুরাণং তব কথয়ামি। পুলস্ত্যেনোক্তঃ ইত্যত্রাখ্যায়িকা—পরাশরঃ রাক্ষসেন ভক্ষিতং শক্তিসংজ্ঞকং পিতরং শ্রুত্বা রাক্ষসসত্রে প্রবৃত্তঃ। পিতামহস্য বশিষ্ঠস্য বাক্যেন রাক্ষসসত্রান্নিবৃত্তঃ; ততঃ পুলস্ত্যেন স্বসন্ততিরক্ষণাৎ তুষ্টেন পরাশরায় বরো দত্তঃ "পুরাণপ্রবক্তা ভবিষ্যতীতি" ॥ ৯ ॥ এবং সঙ্কর্ষণাৎ সনৎকুমারেণ আনীয় ইহ প্রবর্ত্তিতং শ্রীমদ্ভাগবতং পুরাণং পরাশরান্ময়া লব্ধমিত্যুক্তম্। অথ শ্রীমদ্ভাগবত-

---

* এইরূপ কথিত আছে যে—পরাশরঋষি স্বীয় পিতাকে রাক্ষস ভক্ষণ করিয়াছে শ্রবণ করিয়া রাক্ষসগণকে বিনাশ করিবার মানসে এক রাক্ষসযজ্ঞ আরম্ভ করেন; অনন্তর পিতামহ বশিষ্ঠ আসিয়া তাঁহাকে সেই কার্য্য হইতে নিবৃত্ত করেন। বশিষ্ঠের বাক্যে নিবৃত্ত হইয়াছে দেখিয়া রাক্ষসদের পিতা পুলস্ত্য নিজ সন্তানগণের রক্ষাহেতু পরিতুষ্ট হইয়া পরাশরমুনিকে "তুমি পুরাণপ্রবক্তা হইবে" এইরূপ বর দিয়াছিলেন।

সোঽন্তঃশরীরেঽর্পিতভূতসূক্ষ্মঃ কালাত্মিকাং শক্তিমুদীরয়াণঃ।
উবাস তস্মিন্ সলিলে পদে স্বে যথানলো দারুনিরুদ্ধবীর্য্যঃ ॥১১॥

অন্বয়

অন্তঃশরীরে (নিজ শরীরমধ্যে) অর্পিতভূতসূক্ষ্মঃ (ভূতসূক্ষ্মসমূহ যাঁহাকর্ত্তৃক নিহিত হইয়াছে), সঃ (সেই ভগবান্) কালাত্মিকাং শক্তিং (স্বীয়া কালরূপা শক্তিকে) উদীরয়াণঃ (উদ্বোধন করিয়া) স্বে (স্বকীয়) পদে (স্থান) তস্মিন্ সলিলে (সেই একার্ণবজলে) দারুনিরুদ্ধবীর্য্যঃ অনলঃ যথা (কাষ্ঠে নিরুদ্ধ দাহিকাশক্তিযুক্ত অগ্নির ন্যায়) উবাস (বাস করিতেছিলেন) ॥১১॥

অনুবাদ

ও স্বরূপানন্দে নিমগ্ন হইয়া যখন অনন্তশয্যায় যোগনিদ্রায় শয়ন করতঃ নেত্রদ্বয় মুদ্রিত করিয়াছিলেন, তখন এই জগৎ জলে নিমগ্ন ছিল অর্থাৎ ভগবান্ মহদাদি সৃষ্টি করিয়া তাহাদের অংশে ব্রহ্মাণ্ড নির্ম্মাণ করতঃ ব্রহ্মাণ্ডান্তর্গত জলে অনন্তশয্যায় যখন শয়ন করিয়া নেত্রদ্বয় মুদ্রিত করিয়াছিলেন, তখন যাহা প্রথমে পদ্মাকারে উৎপন্ন হইয়া জগৎরূপে পরিণত হইবে, সেই বিশ্ব একার্ণবজলে নিমগ্ন হইয়া অবস্থিত ছিল ॥ ১০ ॥

ভগবান্ নিজ শরীরমধ্যে সৃজ্যমান সূক্ষ্মভূত সকলকে নিহিত করিয়া রাখিয়াছিলেন এবং তিনি সৃষ্টিকালে প্রবোধিত হওয়ার জন্য নিজের কালরূপা শক্তিকে প্রেরণ করিয়া দাহিকাশক্তিযুক্ত অগ্নি যেমন কাষ্ঠমধ্যে নিরুদ্ধ হইয়া বাস করে, সেইরূপ স্বীয় শক্তিযুক্ত হইয়া একার্ণবজলে বাস করিতেছিলেন ॥ ১১ ॥

টীকা

বলেনৈব প্রস্তুতপ্রশ্নানাং প্রত্যুত্তরাণি বিবক্ষুঃ প্রথমং পদ্মোৎপত্তিং দর্শয়তি—উদাপ্লুতমিত্যাদিনা। যং যদা ভগবান্ মহদাদীন্ সৃষ্ট্বা তৈর্ব্রহ্মাণ্ডং বিধায় তত্র ব্রহ্মাণ্ডান্তর্গতজলে গর্ভোদসংজ্ঞকে অহীন্দ্রতল্পে নিরীহঃ ত্যক্তলোকব্যাপারঃ আত্মরতৌ সত্যাম্ অধিশয়ানো ন্যমীলয়ৎ নেত্রে নিমীলিতবান্। কথম্ভূতঃ? অমীলিতদৃক্ অতিরোহিতজ্ঞানদৃষ্টিঃ, তদা স্বাধারনারায়ণদ্বারা ইদং পদ্মাকারেণ উৎপন্নতয়া বক্ষ্যমাণং ভুবনত্রয়মুদোদকেন প্লুতং নিমগ্নমাসীদিত্যন্বয়ঃ। চতুর্ম্মুখো যন্নাভ্যাৎ পদ্মাজ্জাতস্তস্মিন্নারায়ণে প্রবিশ্য প্রত্যহং স্বপিতি, পুনরুত্থায় ত্রিলোকীং সৃজতি, স নারায়ণঃ ব্রহ্মাণ্ডান্তর্জ্জলে "অন্তঃ স তস্মিন্ সলিলে আস্তেঽনন্তাসনো হরি" রিতি বক্ষ্যমাণত্বাৎ তদন্তর্গতং লোকত্রয়ং পদ্মাত্মনা স্থিতমভূৎ। "লোকান-পীতান্ দদৃশে স্বদেহে" ইতি বক্ষ্যমাণত্বাৎ। অতো যুক্তমুক্তম্ উদাপ্লুতমিতি। তথাচ—একাদশে "ময়া সংচোদিতা ভাবাঃ সর্ব্বে সংহত্যকারিণঃ। অণ্ডমুৎপাদয়ামাসুর্ম্ময়ায়তনমুত্তমম্॥ তস্মিন্নহং সমভবমণ্ডে সলিল-সংস্থিতৌ। মম নাভ্যামভূৎ পদ্মং বিশ্বাখ্যং তত্র চাত্মভূঃ" ইতি ॥ ১০ ॥ স ভগবান্ অন্তঃশরীরে অর্পি-তানি নিহিতানি ভূতসূক্ষ্মাণি লোকপদ্মরূপেণ সৃজ্যমানানি ভোক্তৃভোগ্যরূপাণি যেন সঃ, কালাত্মিকাং শক্তিম্ উদীরয়ানঃ কালরূপাং স্বীয়াং শক্তিং প্রেরয়ন্ তদুদীরণং পুনঃ সৃষ্ট্যবসরে প্রবোধনার্থং, সলিলে যৎ স্বীয়ং পদং স্থানং তস্মিন্। বহির্ব্ব্যাপারাভাবে দৃষ্টান্তঃ—দারুণি যথা রুদ্ধং বীর্য্যং দাহকত্বাদি যস্য সঃ ॥ ১১ ॥ স্বয়া স্বেচ্ছয়া স্বপন্ স্বশক্ত্যা কালাখ্যয়া পূর্ব্বমেব প্রবোধনার্থম্ উদীরিতয়োপলক্ষিতঃ,

চতুর্যুগানাঞ্চ সহস্রমপ্সু স্বপন্ স্বয়োদীরিতয়া স্বশক্ত্যা।
কালাখ্যয়াসাদিতকর্ম্মতন্ত্রো লোকানপীতান্ দদৃশে স্বদেহে ॥১২॥
তস্যার্থসূক্ষ্মাভিনিবিষ্টদৃষ্টে-রন্তর্গতোঽর্থো রজসা তনীয়ান্।
গুণেন কালানুগতেন বিদ্ধঃ সৃষ্যংস্তদাভিদ্যত নাভিদেশাৎ ॥ ১৩ ॥
স পদ্মকোষঃ সহসোদতিষ্ঠৎ কালেন কর্ম্মপ্রতিবোধনেন।
স্বরোচিষা তৎ সলিলং বিশালং বিদ্যোতয়ন্নর্ক ইবাত্মযোনিঃ ॥১৪॥

অন্বয়

[সেই ভগবান্] চতুর্যুগানাং সহস্রং চ (চারিসহস্র যুগ পর্য্যন্ত) স্বয়া (স্বেচ্ছায়) অপ্‌সু স্বপন্ (কারণজলে নিদ্রিত থাকিয়া পরে) উদীরিতয়া (প্রবোধনের নিমিত্ত পূর্ব্ব প্রেরিতা) কালাখ্যয়া স্বশক্ত্যা (কালনাম্নী স্বশক্তির সহিত) আসাদিতকর্ম্মতন্ত্রঃ (সৃষ্টিকার্য্যে রত হইয়া) স্বদেহে (নিজ শরীরে) লোকান্ অপীতান্ (লোকসমূহকে লীন) দদৃশে (দেখিতে পাইলেন) ॥ ১২ ॥

অর্থসূক্ষ্মাভিনিবিষ্টদৃষ্টেঃ (উৎপাদনীয় পদ্মরূপ সূক্ষ্মপদার্থ অবলোকনকারী) তস্য (সেই ভগবানের) অন্তর্গতঃ (স্বীয় শরীরমধ্যস্থিত) তনীয়ান্ (সূক্ষ্মতর) অর্থঃ (পদ্মরূপ বস্তু) কালানুগতেন (কালপ্রবোধিত হওয়ায়) রজসা গুণেন (রজোগুণের দ্বারা) বিদ্ধঃ (সংক্ষোভিত হইয়া) সৃষ্যন্ (সৃষ্ট হওয়ার জন্য উন্মুখ হইলে) নাভিদেশাৎ (ভগবানের নাভিদেশ হইতে) তদা (তখন) অভিদ্যত (তাহা নির্ভিন্ন হইল, অর্থাৎ উদ্ভূত হইল) ॥১৩॥

আত্মযোনিঃ (পরমাত্মা যাহার কারণ) সঃ (সেই সূক্ষ্মতর পদার্থ) পদ্মকোষঃ [সন্] (পদ্মকোষাকারে পরিণত হইয়া) অর্কঃ ইব (সূর্য্যের ন্যায়) স্বরোচিষা (নিজের দীপ্তিচ্ছটায়) তৎ বিশালং সলিলং (সেই

অনুবাদ

সেই ভগবান্ চারিসহস্র যুগ পর্য্যন্ত নিজের ইচ্ছায় যোগনিদ্রায় থাকিয়া পরে প্রবোধনের নিমিত্ত পূর্ব্বেই যাহাকে প্রেরণ করিয়াছিলেন, সেই কালনাম্নী নিজশক্তির সহিত সৃষ্টিকার্য্যে রত হইয়া নিজশরীরে লোকসমূহকে সূক্ষ্মরূপে লীন দেখিতে পাইলেন ॥ ১২ ॥

লোকসৃষ্টির নিমিত্ত উৎপাদনীয় পদ্মরূপ সূক্ষ্মবস্তুতে যাঁহার দৃষ্টি নিবদ্ধ আছে, সেই নারায়ণের শরীরমধ্যস্থিত সূক্ষ্মতর পদ্মরূপ বস্তু কালপ্রেরিত হওয়ায় রজোগুণের দ্বারা সংক্ষোভিত হইল এবং সৃষ্ট হওয়ার জন্য উন্মুখ হইলে তখন নারায়ণের নাভিদেশ হইতে তাহা নির্ভিন্ন হইল অর্থাৎ উদ্ভূত হইল ॥ ১৩ ॥

পরমাত্মা যাহার কারণ, সেই সূক্ষ্মতর পদার্থ পদ্মকোষাকারে পরিণত হইয়া সূর্য্য

টীকা

আসাদিতং সম্পাদিতং কর্ম্মতন্ত্রং ক্রিয়াকলাপো যেন সঃ, অপীতান্ লীনান্ দদৃশে ॥ ১২ ॥ অর্থসূক্ষ্মে উৎপাদনীয়ে পদ্মে অভিনিবিষ্টা দৃষ্টিঃ যস্য, অন্তর্গতঃ তনীয়ান্ সূক্ষ্মতরঃ কালানুগতেন কালপ্রবোধিতেন রজসা গুণেন বিদ্ধঃ সংক্ষোভিতঃ সন্ সৃষ্যন্ প্রসোষ্যন্ উদ্ভবিষ্যন্ নাভিদেশাৎ তদা অভিদ্যত নির-ভিদ্যতে ॥ ১৩ ॥ স তনীয়ান্ অর্থঃ পদ্মকোষঃ সন্ কর্ম্ম জীবাদৃষ্টং বোধ্যতে অনেনেতি তথা, তেন

তল্লোকপদ্মং স উ এব বিষ্ণুঃ প্রাবীবিশৎ সর্ব্বগুণাবভাসম্।
তস্মিন্ স্বয়ং বেদময়ো বিধাতা স্বয়ম্ভুবং যং স্ম বদন্তি সোঽভূৎ ॥১৫॥

অন্বয়

বিস্তীর্ণ জলরাশিকে) বিদ্যোতয়ন্ (আলোকিত করিয়া) কর্ম্মপ্রতিবোধনেন (জীবের সঞ্চিতকর্ম্মের উদ্বোধনকারী) কালেন (কালপ্রভাবে) সহসা উদতিষ্ঠৎ (সহসা উত্থিত হইল) ॥১৪॥

উ (হে বিদুর!) স এব বিষ্ণুঃ (সেই নারায়ণই) সর্ব্বগুণাবভাসং (যাহা জীবগণের ভোগ্যপদার্থ-সকল প্রকাশ করিয়া থাকে), তৎ লোকপদ্মং (সেই পদ্মকোষে) প্রাবীবিশৎ (অন্তর্য্যামীরূপে প্রবিষ্ট হইলেন); যং (যাঁহাকে) [পণ্ডিতগণ] স্বয়ম্ভুবং বদন্তি স্ম (জনক দৃষ্ট হয় না বলিয়া স্বয়ম্ভু বলিয়া থাকেন) স্বয়ং বেদময়ঃ (এবং পূর্ব্বকল্পে ভগবান্‌ই যাঁহাকে বেদ উপদেশ করায় যিনি শব্দব্রহ্ম নাম ধারণ করিয়াছিলেন), সঃ বিধাতা (সেই ব্রহ্মা) তস্মিন্ (সেই পদ্মকোষে) অভূৎ (আবির্ভূত হইলেন) ॥ ১৫ ॥

অনুবাদ

যেমন স্বকীয় প্রভায় জগদুদ্ভাসিত করিয়া উদিত হন, সেইরূপ স্বীয় দীপ্তির দ্বারা বিস্তীর্ণ জল-রাশিকে উদ্ভাসিত করিয়া কালপ্রভাবে সহসা উত্থিত হইল। এই কালই জীবগণের সঞ্চিতকর্ম্মের উদ্বোধন করিয়া থাকে ॥ ১৪ ॥

হে বিদুর! সেই নারায়ণই যাহা জীবগণের ভোগ্যপদার্থ সকল প্রকাশ করিয়া থাকে, সেই পদ্মকোষে অন্তর্য্যামী রূপে প্রবিষ্ট হইলেন। জনকদৃষ্ট হয় না বলিয়া যাঁহাকে পণ্ডিতগণ স্বয়ম্ভু বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন এবং পূর্ব্বকল্পে যিনি ভগবৎকর্ত্তৃক বেদ উপদিষ্ট হওয়ায় শব্দব্রহ্মনাম ধারণ করিয়াছিলেন, সেই ব্রহ্মা নারায়ণাধিষ্ঠিত পদ্মকোষে উৎপন্ন হইলেন অর্থাৎ প্রথমে ব্রহ্মকল্প, সেই ব্রহ্মকল্পে মহদাদি সৃষ্টিপূর্ব্বক ব্রহ্মাণ্ডরচনা ও শব্দব্রহ্মের উৎপত্তি; অনন্তর সেই কল্পাবসানে ও তৎপরিমিত রাত্রিকালক্ষয়ে পাদ্মকল্প এবং চতুর্ম্মুখ ব্রহ্মার সৃষ্টি হইল ॥ ১৫ ॥

টীকা

উদতিষ্ঠৎ। কথম্ভূতঃ? আত্মা পরমাত্মা যোনির্হেতুর্যস্য সঃ ॥ ১৪ ॥ সর্ব্বান্ গুণান্ জীবানাং ভোগ্যা-নর্থানবভাসয়তীতি তথা, তৎ লোকপদ্মং স এব পদ্মনাভঃ প্রাবীবিশৎ; উ ইতি সম্বোধনে, তস্মিন্ অন্তর্য্যামিতয়া বিষ্ণুনাধিষ্ঠিতে পদ্মে স্বয়ং প্রথমং কেবল এব বেদময়ঃ বেদপ্রচুরঃ "যো ব্রহ্মাণং বিদধাতি পূর্ব্বং তস্মৈ বেদাংশ্চ প্রহিণোতী"তি শ্রুতেঃ। ভগবদুপদেশেন লব্ধবেদ ইত্যর্থঃ অভূৎ জাতঃ। কোঽসৌ? অদৃষ্টপিতৃকত্বেন যং স্বয়ম্ভুবং বদন্তি। যো ভগবতৈব পূর্ব্বকল্পে মনসা বেদোপদেশতঃ শিক্ষিতঃ বেদপ্রচুরঃ শব্দব্রহ্মাখ্যঃ চতুর্যুগসহস্রপরিমিতে ভগবচ্ছয়নকালে তত্র শয়ানঃ শয়নকালসমাপ্তৌ তস্মিন্ প্রবুদ্ধে তত এব পাদ্মে কল্পে পদ্মদ্বারেণাভিব্যক্তিং প্রাপ্তঃ। তথোক্তং মোক্ষধর্ম্মে—"ব্রাহ্মে রাত্রিক্ষয়ে প্রাপ্তে তস্য হ্যমিততেজসঃ। প্রসাদাৎ প্রাদুরভবৎ পদ্মং পদ্মনিভেক্ষণ। তত্র ব্রহ্মা সমভবদি"তি। আদৌ ব্রহ্মকল্পস্তত্র মহদাদিসৃষ্টিপূর্ব্বকব্রহ্মাণ্ডরচনাশব্দব্রহ্মোৎপাদনাদিলীলা, তদ্রাত্রিক্ষয়ে পদ্মকল্পঃ; তদন্তরা-লিককল্পান্তরাঙ্গীকারে আন্তরালিকে পাদ্মব্রহ্মকৃতসৃষ্ট্যভাবপ্রসঙ্গঃ; অতঃ ক্বচিন্নামান্তরাণ্যনয়োরেবেতি দিক্॥১৫॥

তস্যাং স চাম্ভোরুহকর্ণিকায়া-মবস্থিতো লোকমপশ্যমানঃ।
পরিক্রমন্ ব্যোম্নি বিবৃত্তনেত্র-শ্চত্বারি লেভেঽনুদিশং মুখানি ॥১৬॥
তস্মাদ্ যুগান্তশ্বসনাবঘূর্ণ-জলোর্ম্মিচক্রাৎ সলিলাদ্বিরূঢ়ম্।
অপাশ্রিতঃ কঞ্জমু লোকতত্ত্বং নাত্মানমদ্ধাবিদদাদিদেবঃ ॥ ১৭ ॥

অন্বয়

তস্যাম্ অম্ভোরুহকর্ণিকায়াম্ (সেই পদ্মকর্ণিকায় অর্থাৎ বীজকোষে) অবস্থিতঃ সঃ চ (অবস্থিত সেই ব্রহ্মা) লোকম্ অপশ্যমানঃ (কোনও লোক দেখিতে না পাইয়া) বিবৃত্তনেত্রঃ (বিস্ফারিত লোচনে) ব্যোম্নি (আকাশে) পরিক্রমন্ (গ্রীবাসঞ্চালন করিয়া দর্শন করতঃ) অনুদিশং (চারিদিকে) চত্বারি মুখানি (চারিটি মুখ) লেভে (প্রাপ্ত হইলেন) [অর্থাৎ চতুর্ম্মুখরূপে প্রকাশিত হইলেন] ॥ ১৬ ॥

আদিদেবঃ (ব্রহ্মা) যুগান্তশ্বসনাবঘূর্ণজলোর্ম্মিচক্রাৎ (প্রলয়কালীন প্রবল বায়ুর দ্বারা ঘূর্ণায়মান যে জল, তাহা হইতে উৎপন্ন যে তরঙ্গসমূহ, সেই তরঙ্গযুক্ত) তস্মাৎ সলিলাৎ (জল হইতে) বিরূঢ়ম্ (উদ্ভূত) কঞ্জং (পদ্মে) অপাশ্রিতঃ (অধিষ্ঠিত হইয়াও) উ (আশ্চর্য্য!) লোকতত্ত্বম্ (লোকতত্ত্ব অর্থাৎ লোকসমূহের মূল পদ্মকে) আত্মানং চ (ও নিজকে) অদ্ধা (যথার্থরূপে) ন অবিদৎ (জানিতে পারিলেন না) [অর্থাৎ কোথা হইতে আসিলেন বুঝিতে পারিলেন না] ॥ ১৭ ॥

অনুবাদ

সেই পদ্মকর্ণিকায় অর্থাৎ পদ্মের বীজকোষে অবস্থান করিয়া ব্রহ্মা যখন কোনও লোক দেখিতে পাইলেন না, তখন তিনি স্বস্থানে অবস্থান করিয়াই আকাশে গ্রীবা সঞ্চালন করিলেন; তাহাতে তিনি চারিদিকে চারিটি মুখ লাভ করিলেন অর্থাৎ চতুর্ম্মুখরূপে প্রকাশিত হইলেন। যিনি ব্রহ্মকল্পে শব্দব্রহ্ম হইয়াছিলেন, তিনিই পাদ্মকল্পে চতুর্ম্মুখ ব্রহ্মা হইলেন ॥১৬॥

প্রলয়কালীন প্রবল বায়ুর দ্বারা ঘূর্ণায়মান যে জল, তাহা হইতে উৎপন্ন যে তরঙ্গমালা, সেই তরঙ্গমালাযুক্ত সলিল হইতে উদ্ভূত পদ্মে ব্রহ্মা অধিষ্ঠিত ছিলেন; বড়ই আশ্চর্য্যের বিষয় এই যে—সেই ব্রহ্মাও লোকসমূহের অর্থাৎ ভবিষ্যতে যাহাদের সৃষ্টির কথা বলা হইবে, তাহাদের মূলকারণ পদ্মকে ও নিজকে যথার্থরূপে জানিতে পারিলেন না অর্থাৎ ভগবদনুগ্রহ ব্যতীত তিনি কিছুই জানিতে পারিলেন না; [তাদৃশ ব্রহ্মারই যখন ভগবদনুগ্রহ ব্যতীত কিছুই জানিবার সামর্থ্য হইল না, তখন অন্যের বিষয়ে আর বক্তব্য কি?] ॥ ১৭ ॥

টীকা

যঃ ব্রহ্মকল্পে বেদময়ঃ স ব্রহ্মা পদ্মকল্পে চতুর্ম্মুখো জাত ইত্যাহ তস্যামিতি ॥ ১৬ ॥ ভগবৎকৃপাং বিনা বেদময়স্য চতুরাননস্যাপি তত্ত্বজ্ঞানং ন ভবতি কুতোঽন্যস্যেতি দ্যোতয়িতুমাহ—তস্মাদিতি। বিরূঢ়ম্ বিবিক্ততয়া স্থিতমপি কঞ্জম্ অপাশ্রিতঃ অধিষ্ঠিতোঽপি উ বিতর্কে, তথাপি লোকানাং প্রত্যহং সৃজ্যমানত্বেন বক্ষ্যমাণানাং তত্ত্বং মূলং কঞ্জম্ তথা আত্মানং চ নাবিদৎ ॥ ১৭ ॥ তদানীং কিং কৃতবানিত্যাকাঙ্ক্ষায়াং স বিতর্ক্য কমলনালছিদ্রে ভগবন্তং দ্রষ্টুং প্রাবিশদিত্যাহ—ক ইতি দ্বাভ্যাম্।

ক এষ যোঽসাবহমব্জপৃষ্ঠে এতৎ কুতো বাব্জমনন্যদপ্সু ।
অস্তি হ্যধস্তাদিহ কিঞ্চনৈত-দধিষ্ঠিতং যত্র সতা নু ভাব্যম্ ॥১৮॥
স ইত্থমুদ্বীক্ষ্য তদব্জনাল-নাড়ীভিরন্তর্জ্জলমাবিবেশ ।
নার্ব্বাগ্‌গতস্তৎখরনালনাল-নাভিং বিচিন্বংস্তদবিন্দতাব্জঃ ॥ ১৯ ॥
তমস্যপারে বিদুরাত্মসর্গং বিচিন্বতোঽভূৎ সুমহাংস্ত্রিনেমিঃ ।
যো দেহভাজাং ভয়মীরয়াণঃ পরিক্ষিণোত্যায়ুরজস্য হেতিঃ ॥২০॥

অন্বয়

[ব্রহ্মা কিছুই জানিতে না পারিয়া মনে মনে চিন্তা করিতে লাগিলেন] যঃ অসৌ অহং (এই যে আমি) অব্জপৃষ্ঠে (পদ্মবীজকোষে) [অবস্থান করিতেছি], এষঃ কঃ ? (এই আমি কে ?) অপ্সু (জলে) অনন্যৎ (অদ্বিতীয় অর্থাৎ এক) এতৎ অব্জং বা (এই পদ্মই বা) কুতঃ (কাহাতে অধিষ্ঠিত ?) যত্র (যাহাতে) এতৎ (এই পদ্ম) অধিষ্ঠিতং (অধিষ্ঠিত), নু (নিশ্চয়ই) সতা ভাব্যম্ (তাহার মূল কিছু বর্ত্তমান থাকিবে) ; [অতঃ] (অতএব) ইহ অধস্তাৎ কিঞ্চন অস্তি (এখানে মূল কিছু আছে) ॥১৮॥

সঃ (সেই চতুর্ম্মুখ ব্রহ্মা) ইত্থম্ (এই প্রকারে) উদ্বীক্ষ্য (চিন্তা করিয়া) অন্তর্জ্জলং (জলমধ্যে) তদব্জনালনাড়ীভিঃ (সেই পদ্মনালের ছিদ্রপথে) আবিবেশ (প্রবেশ করিলেন) ; তৎখরনালনালনাভিং (খরনাল—পদ্ম, সেই পদ্মের নালাধিষ্ঠান অর্থাৎ মূল) বিচিন্বন্ (অন্বেষণ করিয়া) অর্ব্বাগ্‌গতঃ অপি (নীচের দিকে গমন করিয়া অর্থাৎ মূলের সমীপবর্ত্তী হইয়াও) অব্জঃ (ব্রহ্মা) তৎ (সেই অধিষ্ঠান) ন অবিন্দত (প্রাপ্ত হইলেন না) ॥ ১৯ ॥

বিদুর ! (হে বিদুর !) অপারে তমসি (ঘোর অন্ধকারে) আত্মসর্গং (অধিষ্ঠান বিষ্ণুকে)

অনুবাদ

ব্রহ্মা কিছুই জানিতে না পারিয়া মনে মনে চিন্তা করিতে লাগিলেন—এই যে আমি পদ্মবীজকোষে অবস্থান করিতেছি, এই আমি কে ? আর জলে এই যে অদ্বিতীয় পদ্ম, ইহাই বা কাহাতে অধিষ্ঠিত ? যাহাতে যাহা অধিষ্ঠিত, নিশ্চয়ই তাহা বর্ত্তমান থাকিবে ; অতএব এখানেও অধিষ্ঠান অর্থাৎ মূল কিছু আছে ॥ ১৮ ॥

ব্রহ্মা এই প্রকারে মনে মনে চিন্তা করিয়া জলমধ্যে সেই পদ্মনালের মধ্যস্থিত ছিদ্রপথে প্রবেশ করিলেন ; কিন্তু পদ্মনালের মূল অন্বেষণ করতঃ মূলের সমীপবর্ত্তী হইয়াও সেই মূল প্রাপ্ত হইলেন না ॥ ১৯ ॥

হে বিদুর ! যাঁহাতে সমস্ত জগৎ অবস্থান করে, সেই অধিষ্ঠান বিষ্ণুকে অন্বেষণ

টীকা

অনন্যদেকমব্জং বা কুতঃ ? কুত এতদব্জমধিষ্ঠিতম্ ? তেন অধস্তাৎ সতা বর্ত্তমানেন নিশ্চিতং ভাব্যং ভবিতব্যম্ স ইত্থমুদীক্ষ্যেত্যগ্রিমেণ সম্বন্ধঃ ॥ ১৮ ॥ বহির্বৃত্ত্যাপি ভগবৎস্বরূপগুণাদ্যনভিজ্ঞোঽপি ভগবন্তং মৃগয়ন্ ভগবৎপ্রাপ্ত্যুপায়ং প্রাপ্নোত্যেবেতি চতুর্ম্মুখবৃত্তান্তেন দর্শয়তি—স ইত্থমিত্যাদিনা। ইত্থমুক্তপ্রকারেণ উদ্বীক্ষ্য বিতর্ক্য তদব্জনালস্য নাড়ীভিরন্তশ্ছিদ্রৈঃ অন্তর্জ্জলং জলমধ্যে আবিবেশ। খরনালস্য পদ্মস্য নাভিমধিষ্ঠানং বিচিন্বন্ অন্বেষয়ন্ অর্ব্বাগ্‌গতোঽপি অব্জঃ ব্রহ্মা তদধিষ্ঠানং ন অবিন্দত ন লেভে। অনেন "সোঽপশ্যৎ পুষ্করপর্ণে তিষ্ঠন্ সোঽমন্যত অস্তি বৈ তদ্ যস্মিন্নিদমধিষ্ঠিত"মিতি শ্রুতিরূপবৃংহিতা

ততো নিবৃত্তোঽপ্রতিলব্ধকামঃ স্বধিষ্ণ্যমাসাদ্য পুনঃ স দেবঃ।
শনৈর্জিতশ্বাসনিবৃত্তচিত্তো ন্যষীদদারূঢ়সমাধিযোগঃ ॥ ২১ ॥
কালেন সোঽজঃ পুরুষায়ুষাভি-প্রবৃত্তযোগেন বিরূঢ়বোধঃ।
স্বয়ং তদন্তর্হৃদয়েঽবভাত-মপশ্যতাপশ্যত যন্ন পূর্ব্বম্ ॥ ২২ ॥

অন্বয়

বিচিন্বতঃ (অন্বেষণ করিতে করিতে ব্রহ্মার) ত্রিনেমিঃ (চারিমাসরূপ তিনটি নেমিযুক্ত) অজস্য হেতিঃ (বিষ্ণুর সংবৎসর নামক কালচক্র) সুমহান্ অভূৎ (দীর্ঘ হইল—অর্থাৎ শতবৎসর পূর্ণ হইল)। যঃ (এই কাল) দেহভাজাং (দেহিগণের) ভয়ম্ ঈরয়াণঃ (ভীতি উৎপাদন করিয়া) আয়ুঃ পরিক্ষিণোতি (পরমায়ু হরণ করিয়া থাকে) ॥২০॥

সঃ দেবঃ (ব্রহ্মা) অপ্রতিলব্ধকামঃ (স্বীয় অধিষ্ঠানদর্শনরূপ মনোরথ প্রাপ্ত না হইয়া) ততঃ (সেই অন্বেষণ হইতে) নিবৃত্তঃ (বিরত হইলেন এবং) স্বধিষ্ণ্যং (স্বীয় অধিষ্ঠান পদ্মবীজকোষে) পুনঃ (পুনরায়) আসাদ্য (আগত হইয়া) শনৈঃ (ক্রমশঃ) জিতশ্বাসনিবৃত্তচিত্তঃ (শ্বাসজয় ও চিত্তসংযম করতঃ) আরূঢ়সমাধিযোগঃ (সমাধিযোগ অবলম্বন করিয়া) ন্যষীদৎ (উপবেশন করিলেন) ॥ ২১ ॥

সঃ অজঃ (ব্রহ্মা) পুরুষায়ুষা কালেন (পুরুষের আয়ুপরিমিত কাল অর্থাৎ শতবৎসর কালব্যাপী) অভিপ্রবৃত্তযোগেন (সুসিদ্ধ যোগের দ্বারা) বিরূঢ়বোধঃ (জ্ঞানলাভ করিয়া) যৎ পূর্ব্বম্ (যাঁহাকে পূর্ব্বে) ন অপশ্যত (দেখিতে পারেন নাই), তৎ (তিনি) স্বয়ং (নিজেই) অন্তর্হৃদয়ে (হৃদয়মধ্যে) অবভাতম্ (আবির্ভূত হইয়াছেন) অপশ্যত (ইহা দেখিতে পাইলেন) ॥ ২২ ॥

অনুবাদ

করিতে করিতে ব্রহ্মার শত বৎসর অতীত হইল। এই কালই বিষ্ণুর সংবৎসর নামক চারিমাসরূপ তিনটি নেমিযুক্ত কালচক্র; ইহা দীর্ঘ হইয়া শতবৎসর অতীত হইল। এই কালই দেহিগণের ভীতি উৎপাদন করিয়া পরমায়ু হরণ করিয়া থাকে ॥ ২০ ॥

ব্রহ্মা যখন অধিষ্ঠানদর্শনরূপ মনোরথ প্রাপ্ত হইলেন না অর্থাৎ মূল দেখিতে পাইলেন না, তখন তিনি সেই অন্বেষণ হইতে বিরত হইয়া স্বীয় অধিষ্ঠান পদ্মবীজকোষে পুনরায় আগমন করতঃ ক্রমশঃ শ্বাসজয় ও চিত্তসংযম করিলেন এবং সমাধিযোগ অবলম্বন করতঃ উপবেশন করিলেন ॥ ২১ ॥

অনন্তর ব্রহ্মা পুরুষের আয়ুঃপরিমিত কাল অর্থাৎ শতবৎসর যোগানুষ্ঠান করিয়া

টীকা

॥ ১৯ ॥ আত্মা সৃজ্যতে পুত্রপৌত্রাদিরূপেণ বিস্তার্য্যতে অস্মিন্ ইত্যাত্মসর্গঃ সৃজ্যমানবিসর্গাধিকরণভূতো বিষ্ণুস্তম্, অধিকরণে ঘঞ্। বিচিন্বতঃ সতঃ ত্রিনেমিঃ ত্রিচাতুর্ম্মাস্যানি নেময়ো যস্য সঃ, অজস্য বিষ্ণোঃ হেতিঃ চক্রং সংবৎসরাখ্যঃ কালঃ সুমহানভূৎ সংবৎসরশতবৃত্ত্যা দীর্ঘোঽভূদিত্যর্থঃ ॥ ২০ ॥ জিতশ্বাসশ্চাসৌ নিবৃত্তচিত্তশ্চ, আরূঢ়ঃ আশ্রিতঃ সমাধিযোগো যেন সঃ, ধিষ্ণ্যং পদ্মমাসাদ্য প্রাপ্য ন্যষীদৎ উপবিবেশ ॥ ২১॥ সঃ অজো ব্রহ্মা পুরুষায়ুষা সংবৎসরশতেন কালেন অভিবৃত্তেন সিদ্ধেন যোগেন ভগবতি মনোনিয়মনেন বিরূঢ়োঽধিগতো বোধো যস্য সঃ, যদন্বেষণবেলায়াং নাপশ্যৎ, তৎ স্বয়মেবান্তর্হৃদি অবভাতমাবির্ভূতমপশ্যৎ

মৃণালগৌরায়তশেষভোগ-পর্য্যঙ্ক একং পুরুষং শয়ানম্।
ফণাতপত্রায়ুতমূর্দ্ধরত্ন-দ্যুভির্হতধ্বান্তযুগান্ততোয়ে ॥ ২৩ ॥
প্রেক্ষাং ক্ষিপন্তং হরিতোপলাদ্রেঃ সন্ধ্যাবভ্রনীবেরুরুরুক্মমূর্দ্ধ্নঃ।
রত্নোদধারৌষধিসৌমনস্য-বনস্রজো বেণুভুজাঙ্ঘ্রিপাঙ্ঘ্রেঃ ॥২৪॥

অন্বয়

[তিনি ভগবান্‌কে কিরূপ দেখিলেন, তাহাই নয়টি শ্লোকে বলা হইতেছে] ফণাতপত্রায়ুত-মূর্দ্ধরত্নদ্যুভিঃ (ছত্রস্থানীয় অনন্তনাগের ফণাযুক্ত মস্তকে অবস্থিত রত্নের প্রভায়) হতধ্বান্তযুগান্ততোয়ে (অন্ধকার বিনষ্ট হইয়াছে এইরূপ প্রলয়কালীন জলে) মৃণালগৌরায়তশেষভোগপর্য্যঙ্কে (মৃণালের ন্যায় অর্থাৎ পদ্মতন্তুর ন্যায় গৌরবর্ণ ও বিস্তীর্ণ শেষনাগের শরীররূপ পর্য্যঙ্কে) শয়ানং একং পুরুষং [অপশ্যৎ] (শয়ান এক পুরুষকে ব্রহ্মা দেখিতে পাইলেন) ॥ ২৩ ॥

[যিনি স্বীয় পীতাম্বরের দ্বারা] সন্ধ্যাবভ্রনীবেঃ (সান্ধ্যপীতমেঘরূপ বসনধারী পর্ব্বতের), [স্বীয় কনক-কিরীটের দ্বারা] উরুরুক্মমূর্দ্ধ্নঃ (বহুসংখ্যক কনকশৃঙ্গযুক্ত পর্ব্বতের), [স্বীয় রত্নমালা, মুক্তা, তুলসী ও পুষ্পমালাদ্বারা] রত্নোদধারৌষধিসৌমনস্যবনস্রজঃ (রত্নসমূহ, নির্ঝরধারা, ওষধি ও পুষ্পসমন্বিত পর্ব্বতের) [এবং স্বীয় বাহু ও পদদ্বারা] বেণুভুজাঙ্ঘ্রিপাঙ্ঘ্রেঃ (বেণু ও নানাবিধ বৃক্ষসমন্বিত পর্ব্বতের) [ও স্বীয় নীলবর্ণের দ্বারা] হরিতোপলাদ্রেঃ (নীলশিলাময় পর্ব্বতের) প্রেক্ষাং (শোভা) ক্ষিপন্তং (ম্লান করিতেছেন), [এইরূপ পুরুষকে ব্রহ্মা দেখিতে পাইলেন] ॥ ২৪ ॥

অনুবাদ

তাহার দ্বারা বিশুদ্ধ জ্ঞান লাভ করিলেন এবং পূর্ব্বে অন্বেষণ করিয়াও যাঁহাকে দেখিতে পান নাই, তিনি নিজেই এক্ষণে তাঁহার হৃদয়মধ্যে আবির্ভূত হইয়াছেন, ইহা দেখিতে পাইলেন ॥২২॥

অনন্তনাগের ছত্রস্থানীয় ফণাযুক্ত মস্তকে যে সকল রত্ন বিদ্যমান ছিল, সেই রত্নসমূহের প্রভায় প্রলয়কালীন সলিলের অন্ধকার বিনষ্ট হইয়াছিল; এই প্রলয়কালীন সলিলে মৃণালের ন্যায় গৌরবর্ণ ও বিস্তীর্ণ শেষনাগের শরীররূপ পর্য্যঙ্কে শয়ান এক পুরুষকে ব্রহ্মা দেখিতে পাইলেন ॥ ২৩ ॥

নীলশিলাময় পর্ব্বত সান্ধ্যপীত মেঘরূপ বসন, বহুসংখ্যক কনকশৃঙ্গ, মালার ন্যায় গ্রথিত রত্নসমূহ, নির্ঝরধারা, ওষধি ও পুষ্প এবং বাহুর ন্যায় বেণু সকল ও চরণের ন্যায় বৃক্ষসকল ধারণ করিয়া শোভিত হয়; যিনি স্বীয় নীলবর্ণের দ্বারা ঐ পর্ব্বতের নীল-শিলার, স্বীয় পীতাম্বরের দ্বারা সান্ধ্যমেঘরূপ বসনের, স্বীয় রত্ন, মুক্তা, তুলসী ও পুষ্পমালার দ্বারা রত্ন, নির্ঝরধারা, ওষধি ও পুষ্পের এবং স্বীয় ভুজদ্বারা বেণুসকলের ও স্বীয় পদদ্বারা বৃক্ষ সকলের শোভা ম্লান করিতেছেন, সেইরূপ পুরুষকে ব্রহ্মা দেখিতে পাইলেন ॥ ২৪ ॥

টীকা

॥ ২২ ॥ তদেবাহ—মৃণালেতি নবভিঃ। নবসু অপি অপশ্যদিত্যন্বয়ঃ। ফণা এব আতপত্রাণি তৈরেব আ সর্ব্বতো যুতা মূর্দ্ধানঃ তদ্রত্নদ্যুভিঃ তৎকিরীটকান্তিভিঃ হতমপগতং ধ্বান্তং যস্মিন্ যুগান্ততোয়ে মৃণালবৎ পদ্মতন্তুবৎ গৌরশ্চাসৌ আয়তশ্চ যঃ শেষঃ তদ্‌ভোগো দেহঃ এব পর্য্যঙ্কস্তস্মিন্ ॥ ২৩ ॥ হরিতোপলাদ্রেঃ

আয়ামতো বিস্তরতঃ স্বমান-দেহেন লোকত্রয়সংগ্রহেণ।
বিচিত্রদিব্যাভরণাংশুকানাং কৃতশ্রিয়াপাশ্রিতবেশদেহম্ ॥ ২৫ ॥
পুংসাং স্বকামায় বিবিক্তমার্গৈ-রভ্যর্চ্চতাং কামদুঘাঙ্ঘ্রিপদ্মম্।
প্রদর্শয়ন্তং কৃপয়া নখেন্দু-ময়ূখভিন্নাঙ্গুলিচারুপত্রম্ ॥ ২৬ ॥

অন্বয়

লোকত্রয়সংগ্রহেণ (যাহাতে লোকত্রয় অবস্থিত থাকে), বিচিত্রদিব্যাভরণাংশুকানাং (ও নানাবিধ অলৌকিক আভরণ ও বসনে) কৃতশ্রিয়া (যাহা পরিশোভিত) আয়ামতঃ (এবং দৈর্ঘ্যে) বিস্তরতঃ (ও বিস্তারে) [যাহা] স্বমানদেহেন (সম্যক্‌রূপে প্রত্যক্ষাদি প্রমাণের অগোচর এইরূপ দেহের দ্বারা) [নীলশিলাময় পর্ব্বতের শোভা ম্লানকারী] অপাশ্রিতবেশদেহম্ (মৌক্তিকাদি অলঙ্কারে অলঙ্কৃত দেহধারী) [পুরুষকে ব্রহ্মা দেখিতে পাইলেন] ॥ ২৫ ॥

স্বকামায় (নিজ নিজ অভিলষিত ফলের নিমিত্ত) বিবিক্তমার্গৈঃ (বিশুদ্ধ বেদপ্রতিপাদিত উপায়ে) অভ্যর্চ্চতাং (অর্চ্চনাকারী) পুংসাং (মানবগণের) [প্রতি] কৃপয়া (কৃপা করিয়া) নখেন্দুময়ূখ-ভিন্নাঙ্গুলিচারুপত্রম্ (নখরূপ চন্দ্রের কিরণে সমুদ্ভাসিত অঙ্গুলিরূপ পত্রবিশিষ্ট) কামদুঘাঙ্ঘ্রিপদ্মম্ (মনোরথপরিপূরক স্বীয় চরণকমল) প্রদর্শয়ন্তং (যিনি প্রদর্শন করাইতেছিলেন, এইরূপ) [পুরুষকে ব্রহ্মা দেখিতে পাইলেন] ॥ ২৬ ॥

অনুবাদ

যাহাতে লোকত্রয় অবস্থিত হইয়া থাকে, নানাবিধ অলৌকিক আভরণ ও বসনে যাহা শোভিত এবং দৈর্ঘ্যে ও বিস্তারে যাহা প্রত্যক্ষাদি প্রমাণের অগোচর, এইরূপ দেহের দ্বারা যিনি নীলশিলাময় পর্ব্বতের শোভা ম্লান করিতেছেন এবং মৌক্তিকাদি পরিচ্ছদ ধারণ করিয়াছেন, সেইরূপ পুরুষকে ব্রহ্মা দেখিতে পাইলেন ॥ ২৫ ॥

স্ব স্ব অভিলষিত ফলপ্রাপ্তির নিমিত্ত যে সকল পুরুষ বিশুদ্ধ বেদবোধিত উপায়ে

টীকা

নীলশিলাময়াচলস্য প্রকর্ষেণ দর্শনীয়া প্রেক্ষা শোভা তাং নীলবর্ণাদিনা ক্ষিপন্তমধঃকুর্ব্বন্তম্, সন্ধ্যাবভ্রং নীবী পরিধানং যস্য তস্য শোভাং পীতপটেন ক্ষিপন্তমিত্যর্থঃ; উরুরুক্মমূর্দ্ধ্নঃ উরবঃ বহবো রুক্মমূর্দ্ধানঃ কনকশৃঙ্গানি যস্য তস্য কনকময়ৈঃ কিরীটৈঃ, রত্নানি চ উদধারাশ্চ ওষধয়শ্চ সৌমনস্যানি চ সুমনসাং পুষ্পানাং মণ্ডলানি তান্যেব রত্নাদিসৌমস্যান্তানি বনস্রজো বনমালা যস্য, বেণব এব ভুজা যস্য, অঙ্ঘ্রিপা এব অঙ্ঘ্রয়ো যস্য স চাসৌ স চ তস্য, অয়মর্থঃ—যদি তস্মিন্ স্রজ ইব স্থিতানি রত্নোদধারোষধিসৌমনস্যানি স্যুঃ, বেণবো ভুজা ইব পাদপাশ্চ অঙ্ঘ্রয় ইব স্যুঃ, তদা তস্য শোভাং স্বীয়রত্নযুক্তাতুলসীপুষ্পমালাভিঃ ভুজৈঃ অঙ্ঘ্রিভিশ্চ ক্ষিপন্তমিত্যভূতোপমা দর্শিতা ॥ ২৪ ॥ আয়ামতো দৈর্ঘ্যেণ বিস্তরতো বিস্তারেণ চ স্বমান-দেহেন সুষ্ঠু অমানঃ প্রত্যক্ষাদিমানাগ্রাহ্যস্তেন "ন প্রত্যক্ষং নানুমানমি"তিশ্রুতেঃ। লোকত্রয়ং সংগৃহ্যতে অনেন অস্মিন্ বা স তথা তেন, বিচিত্রাণি অদ্ভুতানি দিব্যানি অলৌকিকানি চ আভরণানি অংশুকানি চ তেষাং তৃতীয়ার্থে ষষ্ঠী, তৈঃ কৃতা শ্রীঃ শোভা যেন দেহেন হরিতোপলাদ্রেঃ প্রেক্ষাং ক্ষিপন্তমিত্যনেন সম্বন্ধঃ। যত উপাশ্রিতবেশঃ উদধারাদিবৎ স্বীকৃতমৌক্তিকাদিবেশো দেহো যস্য, হরিতোপলাদ্রিপ্রেক্ষাক্ষপণ-শ্যামশোভাযুক্তো যঃ, তমপশ্যদিত্যন্বয়ঃ ॥ ২৫ ॥ নখা এব ইন্দবঃ তেষাং ময়ূখৈঃ রশ্মিভিঃ ভিন্নাঃ সন্তিন্নাঃ

মুখেন লোকার্ত্তিহরস্মিতেন পরিস্ফুরৎকুণ্ডলমণ্ডিতেন।
শোণায়িতেনাধরবিম্বভাসা প্রত্যর্হয়ন্তং সুনসেন সুভ্রূা ॥ ২৭ ॥
কদম্বকিঞ্জল্কপিশঙ্গবাসসা স্বলঙ্কৃতং মেখলয়া নিতম্বে।
হারেণ চানন্তধনেন বৎস! শ্রীবৎসবক্ষঃস্থলবল্লভেন ॥ ২৮ ॥

অন্বয়

লোকার্ত্তিহরস্মিতেন (উপাসকগণের দুঃখবিনাশক হাস্যযুক্ত), পরিস্ফুরৎকুণ্ডলমণ্ডিতেন (অত্যুজ্জ্বল কুণ্ডলদ্বয়ে অলঙ্কৃত), অধরবিম্বভাসা (অধররূপ বিম্বফলের দীপ্তিদ্বারা) শোণায়িতেন (শোণকুসুমের ন্যায় রক্তিম), সুনসেন (সুন্দর নাসিকাযুক্ত) সুভ্রূা (ও সুন্দর ভ্রূযুক্ত) মুখেন (মুখমণ্ডলের দ্বারা) প্রত্যর্হয়ন্তম্ (উপাসকদিগকে যিনি প্রীতিপ্রদান করিতেছিলেন, এইরূপ) [পুরুষকে ব্রহ্মা দেখিতে পাইলেন] ॥ ২৭ ॥

বৎস! (হে বিদুর!) কদম্বকিঞ্জল্কপিশঙ্গবাসসা (কদম্বের কেশরের ন্যায় পীতবর্ণ বস্ত্রে) মেখলয়া [চ] (ও কটিভূষণ মেখলায়) নিতম্বে (যাঁহার নিতম্বদেশ) স্বলঙ্কৃতম্ (উত্তম অলঙ্কৃত) অনন্তধনেন (ও মহামূল্য) শ্রীবৎসবক্ষঃস্থলবল্লভেন হারেণ চ [স্বলঙ্কৃতম্] (বক্ষঃস্থলের শোভাবর্দ্ধক হারে যাঁহার শ্রীবৎসাঙ্কিত বক্ষঃস্থল সমলঙ্কৃত), [সেইরূপ পুরুষকে ব্রহ্মা দেখিতে পাইলেন] ॥ ২৮ ॥

অনুবাদ

অর্চ্চনা করিতেছেন, তাঁহাদিগের প্রতি কৃপা করিয়া যিনি নখরূপ চন্দ্রের কিরণে সমুদ্ভাসিত অঙ্গুলিরূপ পত্রযুক্ত মনোরথপরিপূরক স্বীয় চরণকমল প্রদর্শন করাইতেছিলেন, এইরূপ পুরুষকে ব্রহ্মা দেখিতে পাইলেন ॥ ২৬ ॥

যিনি উপাসকের দুঃখবিনাশক হাস্যযুক্ত, অত্যুজ্জ্বল কুণ্ডলদ্বয়ে অলঙ্কৃত, অধররূপ-বিম্বফলের দীপ্তিতে শোণকুসুমের ন্যায় রক্তিম এবং সুন্দর নাসিকা ও সুন্দর ভ্রূযুক্ত মুখ-মণ্ডলের দ্বারা উপাসকদিগকে তাহাদের নিজ নিজ অভিলাষ পরিপূরণ করিতেছিলেন, এইরূপ পুরুষকে ব্রহ্মা দেখিতে পাইলেন ॥ ২৭ ॥

হে বিদুর! কদম্বকেশরের ন্যায় পীতবস্ত্রে ও কটিভূষণ মেখলায় যাঁহার নিতম্বদেশ সমলঙ্কৃত এবং বক্ষঃস্থলের শোভাবর্দ্ধক মহামূল্য হারে শ্রীবৎসাঙ্কিত বক্ষঃস্থল সমলঙ্কৃত, সেইরূপ পুরুষকে ব্রহ্মা দেখিতে পাইলেন ॥ ২৮ ॥

টীকা

অঙ্গুলয় এব চারূণি পত্রাণি যস্য তদঙ্ঘ্রিপদ্মং কামদুঘাঙ্ঘ্রিপদ্মং কামপূরকচরণকমলং প্রদর্শয়ন্তম্ ॥ ২৬ ॥ লোকানামুপাসকানাম্ আর্ত্তিহরং দুঃখহরং স্মিতং যস্মিন্ তেন, পরিস্ফুরদ্ভ্যাং কুণ্ডলাভ্যাং মণ্ডিতেন অলঙ্কৃতেন অধরমেব বিম্বং বিম্বফলং তস্য ভাসা দীপ্ত্যা শোণায়িতেন শোণবৎ আচরিতেন সুনসা শোভমাননা-সিকাযুক্তেন সুভ্রূা শোভমানভ্রূযুক্তেন মুখেন প্রত্যর্হয়ন্তম্ উপাসকান্ সম্মানয়ন্তম্ ॥ ২৭ ॥ কদম্বকিঞ্জল্কবৎ পিশঙ্গেন পীতেন বাসসা মেখলয়া চ নিতম্বে স্বলঙ্কৃতং সুষ্ঠু অলঙ্কৃতম্। হে বৎস বিদুর! অনন্তধনেন অনর্ঘ্যেণ শ্রীবৎসযুক্তস্য বক্ষঃস্থলস্য বল্লভেন হারেণ চ বক্ষসি স্বলঙ্কৃতম্ ॥ ২৮ ॥ পর্ব্বতরূপেণ ভগবদ্বিগ্রহং

পরার্দ্ধ্যকেয়ূরমণিপ্রবেক-পর্য্যস্তদোর্দ্দণ্ডসহস্রশাখম্ ।
অব্যক্তমূলং ভুবনাঙ্ঘ্রিপেন্দ্র-মহীন্দ্রভোগৈরধিবীতবল্‌শম্ ॥ ২৯ ॥
চরাচরৌকো ভগবন্মহীধ্র-মহীন্দ্রবন্ধুং সলিলোপগূঢ়ম্ ।
কিরীটসাহস্রহিরণ্যশৃঙ্গ-মাবির্ভবৎকৌস্তুভরত্নগর্ভম্ ॥ ৩০ ॥

অন্বয়

পরার্দ্ধ্যকেয়ূরমণিপ্রবেকপর্য্যস্তদোর্দ্দণ্ডসহস্রশাখম্ (পরার্দ্ধ্য—শ্রেষ্ঠ, কেয়ূর—অঙ্গদ, মণিপ্রবেক—মণিশ্রেষ্ঠ, যাহা শ্রেষ্ঠ কেয়ূর ও মণিসমূহের দ্বারা পরিশোভিত ভুজদণ্ডরূপ সহস্রশাখাসমন্বিত), অব্যক্তমূলম্ (স্বরূপই যাঁহার মূল অথবা যাঁহার মূল জানা যায় না) অহীন্দ্রভোগৈঃ (এবং সর্পরাজের ফণাদ্বারা) অধিবীতবল্‌শম্ (যাঁহার স্কন্ধদেশ পরিব্যাপ্ত), ভুবনাঙ্ঘ্রিপেন্দ্রম্ (এইরূপ ভুবনাত্মক ভগবদ্‌রূপ বৃক্ষশ্রেষ্ঠকে) [ব্রহ্মা দেখিতে পাইলেন] ॥ ২৯ ॥

[পুনরায় পর্ব্বতরূপে বর্ণনা করিতেছেন] চরাচরৌকঃ (যাঁহা চরাচরের বাসস্থান), সলিলোপগূঢ়ম্ (জলপরিবেষ্টিত), অহীন্দ্রবন্ধুম্ (সর্পরাজের বন্ধু), কিরীটসাহস্রহিরণ্যশৃঙ্গম্ (সহস্র কিরীটরূপ সুবর্ণময় শৃঙ্গযুক্ত) আবির্ভবৎকৌস্তুভরত্নগর্ভম্ (ও কণ্ঠে স্পষ্ট দৃশ্যমান কৌস্তুভরত্নযুক্ত), ভগবন্মহীধ্রম্ (সেই ভগবৎরূপ পর্ব্বতকে) [ব্রহ্মা দেখিতে পাইলেন] ॥ ৩০ ॥

অনুবাদ

[ব্রহ্মা যাঁহাকে দেখিতে পাইলেন, তাঁহাকে পূর্ব্বে পর্ব্বতরূপে বর্ণনা করা হইয়াছে ; এক্ষণে আবার তাঁহাকেই বৃক্ষরাজরূপে বর্ণনা করা হইতেছে]—শ্রেষ্ঠ কেয়ূর ও উত্তম মণি-সমূহে যাঁহার ভুজদণ্ড পরিশোভিত, যিনি সহস্রশাখাসমন্বিত, স্বরূপই যাঁহার মূল অথবা যাঁহার মূল জানা যায় না এবং সর্পরাজের ফণাদ্বারা যাঁহার স্কন্ধদেশ পরিব্যাপ্ত, সেই ভগবদ্‌রূপ বৃক্ষ-রাজকে ব্রহ্মা দেখিতে পাইলেন। [অর্থাৎ ব্রহ্মা চন্দনবৃক্ষরূপে ভগবান্‌কে দেখিতেছিলেন—চন্দনবৃক্ষের বহুশাখা ফলপুষ্পাদি দ্বারা পরিশোভিত থাকে, এই পুরুষের অনন্তবাহুও কেয়ূর ও মণিসমূহের দ্বারা পরিশোভিত ; বৃক্ষের মূল নিজেই, সেইরূপ এই পুরুষেরও মূল নিজেই ; চন্দনবৃক্ষের স্কন্ধদেশ সর্পের দ্বারা পরিবেষ্টিত থাকে, এই পুরুষেরও স্কন্ধদেশ শেষনাগের ফণায় পরিবেষ্টিত ॥ ২৯ ॥

[পুনরায় পর্ব্বতরূপে বর্ণনা করিতেছেন]—এই পুরুষকে ব্রহ্মা পর্ব্বতের ন্যায়

টীকা

নিরূপ্য অথ বৃক্ষরাজরূপেণ বিগ্রহং নিরূপয়িতুং ভগবন্তং বিশিনষ্টি—পরার্দ্ধ্যেতি। পরার্দ্ধ্যানি শ্রেষ্ঠানি অমৌল্যানীত্যর্থঃ। কেয়ূরাণি অঙ্গদানি মণিপ্রবেকাঃ মন্যুত্তমাঃ তৈঃ পর্য্যন্তাঃ পরিবৃতাঃ দোর্দ্দণ্ডা ভুজদণ্ডা এব সহস্রম্ অনন্তাঃ শাখা যস্য তম্, অব্যক্তং স্বস্বরূপলক্ষণং মূলং যস্য তম্ বিগ্রহস্য স্বরূপাশ্রয়ত্বাৎ, ভুবনাত্মকম্ অঙ্ঘ্রিপেন্দ্রং বৃক্ষরাজম্। অহীন্দ্রস্য সঙ্কর্ষণস্য ভোগৈঃ শরীরাবয়বৈঃ অধিবীতা সংবেষ্টিতাঃ বল্‌শাঃ স্কন্ধা যস্য তম্ ॥ ২৯ ॥ পর্ব্বতরূপেণ নিরূপিতং পুনর্ব্বিশিনষ্টি—চরাচরৌক ইতি। চরাচরাণাং ওকঃ বাসস্থানম্, ভগবানেব মহীধ্রঃ তম্, অহীন্দ্রস্য বন্ধুম্, সলিলেন উপগূঢ়ং মৈনাকাদিবদাবৃতম্, কিরীট-সাহস্রমেব হিরণ্যশৃঙ্গাণি যস্য তম্, আবির্ভবৎ স্পষ্টং দৃশ্যমানং কৌস্তুভরত্নং গর্ভে মধ্যে কণ্ঠে যস্য তম্ ॥ ৩০ ॥

নিবীতমাম্নায়মধুব্রতশ্রিয়া স্বকীর্ত্তিময্যা বনমালয়া হরিম্ ।
সূর্য্যেন্দুবায্বগ্ন্যগমং ত্রিধামভিঃ পরিক্রমৎপ্রাধনিকৈর্দুরাসদম্ ॥৩১॥
তর্হ্যেব তন্নাভিসরঃসরোজ-মাত্মানমম্ভঃ শ্বসনং বিয়চ্চ ।
দদর্শ দেবো জগতো বিধাতা নাতঃ পরং লোকবিসর্গদৃষ্টিঃ ॥৩২॥

অন্বয়

আম্নায়মধুব্রতশ্রিয়া (যিনি বেদসমূহরূপ মধুকরের দ্বারা শোভিত) স্বকীর্ত্তিময্যা (ও মূর্ত্তিমতী নিজ কীর্ত্তিস্বরূপ) বনমালয়া (কণ্ঠবিলম্বিত বনমালার দ্বারা) নিবীতম্ (পরিবেষ্টিত), সূর্য্যেন্দুবায্বগ্ন্যগমং (যিনি সূর্য্য, চন্দ্র, বায়ু ও অগ্নির অগম্য অর্থাৎ যাঁহাতে সূর্য্যাদি উপমানরূপে প্রযুক্ত হইতে পারে না) ত্রিধামভিঃ (এবং যিনি ত্রিকালস্থায়ী) পরিক্রমৎপ্রাধনিকৈঃ (রক্ষার নিমিত্ত পরিক্রমণশীল সুদর্শনাদি অস্ত্রদ্বারা) দুরাসদম্ (হরিপরাঙ্মুখ অসুরগণের অজেয়), হরিম্ (সেই শ্রীহরিকে) [ব্রহ্মা দেখিতে পাইলেন] ॥ ৩১ ॥

জগতঃ (জগতের) বিধাতা (নির্ম্মাতা) দেবঃ (ব্রহ্মা) লোকবিসর্গদৃষ্টিঃ (লোকসৃষ্টির মানসে দৃষ্টিনিক্ষেপ করিলে) তর্হি এব (সেই ভগবদ্দর্শন সময়েই) তন্নাভিসরঃসরোজম্ (ভগবানের নাভিসরোবরে সমুদ্ভূত পদ্মকে), আত্মানং (নিজকে) অম্ভঃ (এবং জল), শ্বসনং (বায়ু), বিয়ৎ চ (ও আকাশকে) দদর্শ (দেখিতে পাইলেন) ; অতঃ (ভগবান্ হইতে) পরং (ভিন্ন) ন [দদর্শ] (কিছুই দেখিতে পাইলেন না) ॥ ৩২ ॥

অনুবাদ

দেখিতেছিলেন—পর্ব্বত যেমন চরাচরের বাসস্থান, সেইরূপ ইনিও চরাচর বিশ্বের বাসস্থান ; মৈনাকপর্ব্বত যেমন জলপরিবেষ্টিত, সেইরূপ ইনিও কারণসলিলে পরিবেষ্টিত ; পর্ব্বত যেমন সর্পগণের আশ্রয় সেইরূপ ইনিও সর্পরাজ অনন্তদেবের আশ্রয় ; সুমেরু প্রভৃতি পর্ব্বত যেমন স্বর্ণময় শৃঙ্গে পরিশোভিত, সেইরূপ ইনিও সুবর্ণময় কিরীটের চূড়ায় পরিশোভিত ; পর্ব্বত যেমন মধ্যস্থলে রত্নাদি ধারণ করিয়া থাকে, সেইরূপ ইনিও অত্যুজ্জ্বল কৌস্তুভমণি কণ্ঠে ধারণ করিয়াছেন ॥ ৩০ ॥

ব্রহ্মা শ্রীহরিকে দেখিতে পাইলেন ; শ্রীহরি বেদসমূহরূপ মধুকরে পরিশোভিত ও মূর্ত্তিমতী নিজ কীর্ত্তিস্বরূপ বনমালাদ্বারা পরিশোভিত এবং তিনি সূর্য্য, চন্দ্র, বায়ু ও অগ্নির অগম্য অর্থাৎ তিনি প্রকাশস্বরূপ বলিয়া সূর্য্য, চন্দ্র প্রভৃতির অতুলনীয় ও ত্রিকালস্থায়ী পরিক্রমণশীল সুদর্শনাদি অস্ত্রসমূহের দ্বারা অসুরাদির অজেয় ॥ ৩১ ॥

জগদ্বিধাতা ব্রহ্মা লোকসৃষ্টির নিমিত্ত দৃষ্টিনিক্ষেপ করিয়া সেই ভগবদ্দর্শন সময়েই

টীকা

পর্ব্বতবৎ বৃক্ষরাজবচ্চ প্রথমমপশ্যৎ, হরিরসাবিতি জ্ঞাতবানিত্যাশয়েনাহ—নিবীতমিতি। আম্নায়াঃ বেদাঃ এব মধুব্রতাঃ ভ্রমরাঃ তৈঃ শ্রীঃ শোভা যস্যাস্তয়া স্বকীর্ত্তিময্যা বনমালয়া নিবীতং কণ্ঠলম্বিন্যা ব্যাপ্তম্। সূর্য্যাদিভিরগম্যম্, উপমানত্বেন তস্মিন্ অতিপ্রকাশত্বাদিগুণযুক্তে সূর্য্যাদয়ো নান্বিতা ভবন্তীত্যর্থঃ। ত্রিধামভিঃ ত্রিষু কালেষু ধাম মূর্ত্তিঃ যেষাং তৈঃ নিত্যশরীরিভিঃ পরিচর্য্যার্থং পরিক্রমদ্ভিঃ প্রদক্ষিণং কুর্ব্বদ্ভিঃ প্রধনং ভগবৎপরাঙ্মুখৈঃ সহ সংগ্রামঃ তৎপ্রযোজকৈঃ শ্রীমৎসুদর্শনাদিভিঃ হেতুভূতৈঃ দুরাসদং হরিপরাঙ্মুখৈ-

স কর্ম্মবীজং রজসোপরক্তঃ প্রজাঃ সিসৃক্ষন্নিয়দেব দৃষ্ট্বা।
অস্তৌদ্বিসর্গাভিমুখস্তমীড্য-মব্যক্তবর্ত্মন্যভিবেশিতাত্মা ॥ ৩৩ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে
বিদুরমৈত্রেয়-সংবাদে ভগবদ্দর্শনং নামাষ্টমোঽধ্যায়ঃ ॥ ৮ ॥

অন্বয়

সঃ (সেই) রজসোপরক্তঃ (রজোগুণযুক্ত ব্রহ্মা) প্রজাঃ (লোকসমূহ) সিসৃক্ষন্ (সৃষ্টি করিতে অভিলাষী হইয়া) বিসর্গাভিমুখঃ [অপি] (সৃষ্টিকার্য্যে উন্মুখ হইলেও) কর্ম্মবীজং (সৃষ্টিক্রিয়ার কারণ) ইয়ৎ এব দৃষ্ট্বা (ভগবদনুগ্রহ লাভই চিন্তা করিয়া) অব্যক্তবর্ত্মনি (দুর্জ্ঞেয়গতি ভগবানে) অভিবেশিতাত্মা (নিবিষ্টচিত্ত হইলেন এবং) তম্ ঈড্যম্ (সেই পরমারাধ্য ভগবান্‌কে) অস্তৌৎ (স্তব করিতে লাগিলেন) ॥ ৩৩ ॥

অনুবাদ

ভগবানের নাভিসরোবর হইতে সমুদ্ভূত পদ্মকে, নিজকে এবং জল, বায়ু ও আকাশকে দেখিতে পাইলেন। কিন্তু ভগবান্ হইতে পৃথক্ কিছুই দেখিলেন না অর্থাৎ এই সমস্তই ভগবানের অংশ, অংশীস্বরূপ ভগবানের দর্শনে এই সমস্তই তিনি দেখিতে পাইলেন [ভগবান্ হইতে কোন বস্তুই পৃথক্ নাই; অতএব ভগবদ্দর্শনে অংশসমূহেরও দর্শন হইল] ॥ ৩২ ॥

সেই রজোগুণযুক্ত ব্রহ্মা লোকসমূহ সৃষ্টি করিতে অভিলাষী হইয়া স্বয়ং সৃষ্টির নিমিত্ত উদ্যত হইলেও সৃষ্টি-কার্য্যের মূলকারণ ভগবদনুগ্রহ লাভই বুঝিতে পারিলেন অর্থাৎ ভগবানের স্তব করিলে ভগবান্ সন্তুষ্ট হইয়া সৃষ্টিসামর্থ্য প্রদান করিবেন ইহা বুঝিতে পারিলেন এবং দুর্জ্ঞেয়গতি ভগবানে অভিনিবিষ্টচিত্ত হইয়া সেই পরমারাধ্য ভগবান্‌কে স্তব করিতে লাগিলেন ॥ ৩৩ ॥

অষ্টম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ৮ ॥

টীকা

রসুরাত্মৈঃ দুষ্প্রাপম্ ॥ ৩১ ॥ "যদ্বিজ্ঞানেন সর্ব্বং বিজ্ঞাতং ভবতী"তি শ্রুত্যুপবৃংহণায় আহ—তর্হ্যেবেতি। লোকবিসর্গদৃষ্টিরপি তর্হ্যেব ভগবদ্দর্শনবেলায়ামেব তন্নাভিসরঃসরোজাদি দদর্শ। পরন্তু অতো ভগবতঃ পরং ভিন্নমতদাত্মকম্ কিমপি ন দদর্শেত্যর্থঃ ॥ ৩২ ॥ কিঞ্চ সঃ রজসা রজোগুণেনোপরক্তো যুক্তঃ ব্রহ্মা প্রজাঃ সিসৃক্ষন্ স্রষ্টুমিচ্ছন্ কর্ম্মণঃ সৃষ্টিক্রিয়ায়াঃ বীজং কারণং তস্মিন্ ক্রিয়মাণে পরমাশ্রয়মিয়দেব বক্ষ্যমাণং স্তোত্রমেব দৃষ্ট্বা অতো বিসর্গে অভিমুখোঽপি অব্যক্তবর্ত্মনি ভগবতি অভিনিবেশিতঃ আত্মা চিত্তং যেন স তথাভূতঃ সন্ তমেবাস্তৌদিত্যন্বয়ঃ ॥ ৩৩ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে তৃতীয়স্কন্ধে সিদ্ধান্ত-প্রদীপে
অষ্টমাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ৮ ॥

নবমোঽধ্যায়ঃ

শ্রীব্রহ্মোবাচ

জ্ঞাতোঽসি মেঽদ্য সুচিরান্ননু দেহভাজাং ন জ্ঞায়তে ভগবতো গতিরিত্যবদ্যম্।
নান্যৎ ত্বদস্তি ভগবন্নপি তন্ন শুদ্ধং মায়াগুণব্যতিকরাদ্ যদুরুর্ব্বিভাসি ॥ ১ ॥

অন্বয়

[এই নবম অধ্যায়ে ব্রহ্মাকর্ত্তৃক ভগবানের স্তব ও ব্রহ্মার প্রতি ভগবানের অনুগ্রহ নিরূপণ করা হইতেছে] শ্রীব্রহ্মা উবাচ (ব্রহ্মা বলিলেন) ভগবন্! (হে ষড়ৈশ্বর্য্যশালিন্!) [ত্বং] (আপনি) মায়াগুণব্যতিকরাৎ (স্বশক্তি মায়ার গুণের ক্ষোভবশতঃ) উরুঃ বিভাসি (বহুরূপে প্রকাশিত হইয়া থাকেন); [ত্বং] (আপনি) সুচিরাৎ (দীর্ঘকাল তপস্যার ফলে) অদ্য (আজ) মে (আমা-কর্ত্তৃক) জ্ঞাতঃ অসি (পরিজ্ঞাত হইয়াছেন)। ননু (আহা!) দেহভাজাং (দেহিগণের) [অর্থাৎ নানা-জগৎকারণবাদিগণের] ইতি অবদ্যম্ যৎ (ইহাই দোষ যে তাহারা) ভগবতঃ গতিঃ (ষড়ৈশ্বর্য্যশালী সর্ব্বান্তর্য্যামী ভগবানের তত্ত্ব) ন জ্ঞায়তে (জানে না); [কিন্তু কাল, স্বভাব, নিয়তি প্রভৃতিকেই জগৎকারণ বলিয়া জানিয়া থাকে]। তৎ ন শুদ্ধম্ (সেই মত যথার্থ নহে); [যেহেতু] ত্বৎ (আপনা হইতে) অন্যৎ (পৃথক্) [কিম্] অপি (কিছুই) ন অস্তি (নাই) ॥ ১ ॥

অনুবাদ

ব্রহ্মা বলিলেন—হে ভগবন্! আপনি আপনার শক্তিভূতা মায়ার গুণক্ষোভে মহদাদি স্তম্ব (তৃণ) পর্য্যন্ত বহুরূপে প্রকাশিত হইয়া থাকেন। আপনাকে আজ দীর্ঘকাল তপস্যার ফলে জানিতে পারিলাম। আহা! নানা জগৎকারণবাদী দেহিগণের ইহাই দোষ যে—ষড়ৈশ্বর্য্যশালী সর্ব্বান্তর্য্যামী ভগবানের তত্ত্ব ইহারা জানে না। পরন্তু "কালঃ স্বভাবো নিয়তির্যদৃচ্ছা" ইত্যাদি অর্থাৎ বেদোক্ত কাল, স্বভাব, নিয়তি প্রভৃতিকেই নিজ নিজ বুদ্ধি অনুসারে জগৎকারণ বলিয়া জানে। এই সকল মত যথার্থ নহে; কারণ আপনা হইতে পৃথক্ কিছুই নাই; এই কাল, স্বভাব ও নিয়তি প্রভৃতি আপনারই অংশ; অতএব আপনিই জগৎকারণ। এই জন্যই বেদ সিদ্ধান্তরূপে "পুরুষ ইতি চিন্ত্যম্" ইহা বলিয়া আপনাকেই জগৎকারণরূপে নির্দ্ধারণ করিয়াছেন ॥ ১ ॥

টীকা

নবমে স্তোত্রং তেন প্রসন্নস্য ভগবতোঽনুগ্রহং চাহ। তত্রাদৌ মনসৈব ভগবদুপদিষ্টবেদবলেন বেদার্থভূতং জগদ্ধেতুং ভগবন্তং স্তবন্ বেদবিরুদ্ধান্ পক্ষান্ নিন্দতি—জ্ঞাতোঽসীতি। যৎ যস্মম্ "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে" ইতি শ্রুতিপ্রসিদ্ধো জগদ্ধেতুঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্বশক্তিঃ মায়ায়াঃ স্বশক্তেঃ গুণানাং ব্যতিকরাৎ ক্ষোভাৎ মহদাদিস্তম্বান্তরূপৈঃ উরুর্ব্বিভাসি "অদ্বৈতঃ দ্বৈতোঽসি" "একঃ সন্ বহুধা বিচচার" ইত্যাদিশ্রুতিরত্রানুসন্ধেয়া। স ত্বং মে ময়া সুচিরাৎ সুচিরকালোপাসনেন জ্ঞাতোঽসি। এবং যে ন জানন্তি, তান্ নিন্দতি—ননু অহো ভগবন্! দেহভাজাং নানাজগৎকারণ বাদিনামিত্যবদ্যম্ দোষঃ; তদাহ—ভগবতঃ ষাড়্গুণ্যপূর্ণস্য সর্ব্বাত্মনঃ গতির্ন জ্ঞায়তে কিন্তু "কালঃ

রূপং যদেতদববোধরসোদয়েন শশ্বন্নিবৃত্ততমসঃ সদনুগ্রহায়।
আদৌ গৃহীতমবতারশতৈকবীজং যন্নাভিপদ্মভবনাদহমাবিরাসম্ ॥ ২ ॥
নাতঃ পরং পরম! যদ্ভবতঃ স্বরূপ-মানন্দমাত্রমবিকল্পমবিদ্ধবর্চ্চঃ।
পশ্যামি বিশ্বসৃজমেকমবিশ্বমাত্মন্! ভূতেন্দ্রিয়াত্মকমদস্ত উপাশ্রিতোঽস্মি ॥ ৩ ॥

অন্বয়

(হে ভগবন্!) অববোধরসোদয়েন (স্বীয় অসাধারণ জ্ঞানরসের সর্ব্বদা প্রকাশহেতু) শশ্বন্নিবৃত্ততমসঃ (স্বভাবতঃ অজ্ঞান প্রভৃতি দোষমাত্রই আপনা হইতে নিবৃত্ত হইয়াছে, এইরূপ আপনার) যৎ এতৎ রূপং (যে এই রূপ) সদনুগ্রহায় (ভক্তজনের প্রতি অনুগ্রহের নিমিত্ত) আদৌ (প্রথমে) গৃহীতম্ (প্রকটিত হইয়াছে), যৎ (যাহা) অবতারশতৈকবীজম্ (শত শত শুদ্ধ সত্ত্বময় অবতারের বীজস্বরূপ) যন্নাভিপদ্মভবনাৎ (এবং যাঁহার নাভিকমলরূপ ভবন হইতে) অহম্ (আমি) আবিরাসম্ (আবির্ভূত হইয়াছি), [এক্ষণে আমি আপনার সেই রূপের আশ্রয় গ্রহণ করিলাম। পরের শ্লোকের সহিত অন্বয় হইবে] ॥ ২ ॥

পরম! আত্মন্! (হে পরমেশ্বর!) যৎ ভবতঃ স্বরূপম্ (আপনার যে নিজ রূপ) আনন্দমাত্রম্ (আনন্দস্বরূপ), অবিকল্পম্ (ভ্রমশূন্য), অবিদ্ধবর্চ্চঃ (অনাবৃত প্রকাশস্বরূপ), ভূতেন্দ্রিয়াত্মকম্ (ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্ত সকলের ও ইন্দ্রিয়সমূহের কারণ), বিশ্বসৃজম্ (বিশ্বসৃজনকারী) [হইলেও] অবিশ্বম্ (বিশ্বের বিপরীতস্বভাব) একম্ (এবং সমান ও অধিকরহিত), অতঃ পরং (তাহা হইতে শ্রেষ্ঠ) ন পশ্যামি (আমি অন্য কিছুই দেখিতেছি না); [অতএব আমি] তে (আপনার) অদঃ (এই রূপের) উপাশ্রিতঃ অস্মি (আশ্রয় গ্রহণ করিলাম) ॥ ৩ ॥

অনুবাদ

হে ভগবন্! আপনার স্বীয় অসাধারণ জ্ঞান সর্ব্বদা প্রকাশিত বলিয়া স্বভাবতঃ অজ্ঞান প্রভৃতি দোষমাত্রই আপনা হইতে নিবৃত্ত হইয়াছে অর্থাৎ আপনাতে অজ্ঞানাদি দোষ নাই; এতাদৃশ আপনার যে মূর্ত্তি ভক্তজনের প্রতি অনুগ্রহের নিমিত্ত প্রথমে প্রকাশিত হইয়াছে, যাহা শত শত শুদ্ধ সত্ত্বময় অবতারের বীজস্বরূপ এবং যাঁহার নাভিকমলরূপ ভবন হইতে আমি আবির্ভূত হইয়াছি, [আমি আপনার সেই রূপের আশ্রয় গ্রহণ করিলাম] ॥ ২ ॥

হে পরমেশ্বর! আপনি আনন্দস্বরূপ, ভ্রমশূন্য, অনাবৃত প্রকাশস্বরূপ, ব্রহ্মাদি স্তম্ব-পর্য্যন্ত প্রাণিগণের ও ইন্দ্রিয়সমূহের কারণ, বিশ্বসৃজনকারী হইলেও বিশ্ব হইতে ভিন্নস্বরূপ এবং সমান শূন্য ও অধিক শূন্য। আমি আপনার এই স্বরূপ হইতে শ্রেষ্ঠ আর কিছুই

টীকা

স্বভাবো নিয়তির্যদৃচ্ছা ভূতানি যোনিঃ পুরুষ ইতি চিন্ত্যমি"তি শ্রুতিপ্রোক্তানি নানাকারণানি স্বস্বমনীষয়া মন্যন্তে, তৎ তন্মতং ন শুদ্ধম্; যতঃ ত্বৎ ত্বত্তঃ অন্যৎ পৃথক্ কিমপি নাস্তি। সর্ব্বেষাং কালাদিপদার্থানাং ত্বদাত্মকত্বাৎ। অতএব সিদ্ধান্তপক্ষবিবক্ষয়া শ্রুত্যাপ্যুক্তম্ "পুরুষ ইতি চিন্ত্যম্" ইতি ॥ ১ ॥ এবমাত্মনো জ্ঞানবত্ত্বমুক্ত্বা অথ ভগবদ্রূপং বর্ণয়ন্ ত্বৎপুত্রোঽহং শরণং ব্রজামীত্যাহ—রূপমিতি দ্বাভ্যাম্। অববোধরসোদয়েন স্বাসাধারণজ্ঞানরসপ্রকাশেন শশ্বন্নিবৃত্ততমসঃ সর্ব্বদা স্বভাবতঃ এব নিবৃত্ততম উপলক্ষিতং দোষমাত্রং যস্মাৎ তস্য তব যদেতদ্রূপং ত্বয়ৈব গৃহীতমাবিষ্কৃতম্ ॥ ২ ॥ হে পরম! হে আত্মন্! আনন্দমাত্রম্ অবিকল্পম্ নির্ভ্রমম্, যতঃ অনাবৃতপ্রকাশম্, ভূতেন্দ্রিয়াত্মকম্

তদ্বা ইদং ভুবনমঙ্গল ! মঙ্গলায় ধ্যানে স্ম নো দর্শিতং ত উপাসকানাম্।
তস্মৈ নমো ভগবতেঽনুবিধেম তুভ্যং যোঽনাদৃতো নরকভাগ্‌ভিরসৎপ্রসঙ্গৈঃ ॥৪॥
যে তু ত্বদীয়চরণাম্বুজকোষগন্ধং জিঘ্রন্তি কর্ণবিবরৈঃ শ্রুতিবাতনীতম্।
ভক্ত্যা গৃহীতচরণঃ পরয়া চ তেষাং নাপৈষি নাথ ! হৃদয়াম্বুরুহাৎ স্বপুংসাম্ ॥৫॥

অন্বয়

ভুবনমঙ্গল ! (হে জগন্মঙ্গল !) উপাসকানাং নঃ (উপাসক আমার) মঙ্গলায় (মঙ্গলের নিমিত্ত) তে (আপনাকর্ত্তৃক) তৎ বৈ ইদং (সেই রূপই) ধ্যানে (ধ্যানকালে) দর্শিতম্ স্ম (প্রদর্শিত হইয়াছে) [আমি ধন্য হইলাম !]; তস্মৈ (সেই) ভগবতে (ষড়ৈশ্বর্য্যশালী) তুভ্যং (আপনাকে) নমঃ অনুবিধেম (নমস্কার করিতেছি)। অসৎপ্রসঙ্গৈঃ (নিরীশ্বরবাদী ও কুতর্কাভ্যাসী) নরকভাগ্‌ভিঃ (নারকিগণকর্ত্তৃক) যঃ (আপনি) অনাদৃতঃ (পূজিত হন না) [অর্থাৎ তাহারা আপনার অনুগ্রহ লাভে বঞ্চিত] ॥ ৪ ॥

নাথ ! (হে প্রভো !) যে তু (যে সকল ভক্ত) কর্ণবিবরৈঃ (কর্ণবিবরের দ্বারা) শ্রুতিবাতনীতম (বেদরূপ বায়ুকর্ত্তৃক প্রবাহিত) ত্বদীয়চরণাম্বুজকোষগন্ধং (আপনার চরণকমলের গন্ধ) জিঘ্রন্তি (আঘ্রাণ অর্থাৎ শ্রবণ করিয়া থাকেন) পরয়া ভক্ত্যা চ (এবং পরাভক্তির দ্বারা) গৃহীতচরণঃ [ত্বং] (আপনার চরণাশ্রিত হইয়া থাকেন, আপনি) তেষাং স্বপুংসাম্ (সেই নিজ ভক্তগণের) হৃদয়াম্বুরুহাৎ (হৃদয়কমল হইতে) ন অপৈষি (অপসৃত হন না) [অর্থাৎ সর্ব্বদাই তাঁহাদের হৃদয়ে সন্নিহিত থাকেন] ॥ ৫ ॥

অনুবাদ

দেখিতেছি না; অতএব আমি আপনার ঐ রূপের আশ্রয় গ্রহণ করিলাম অর্থাৎ আপনার শরণাপন্ন হইলাম ॥ ৩ ॥

হে ভুবনমঙ্গল ! আপনি আমার মঙ্গলের নিমিত্ত ধ্যানকালে সেই অপূর্ব্বরূপ দর্শন করাইলেন অর্থাৎ আমাকে কৃতার্থ করিলেন; ষড়ৈশ্বর্য্যশালী আপনাকে আমি নমস্কার করিতেছি। হে ভগবন্ ! যাহারা নিরীশ্বরবাদী ও কুতার্কিক তাহারা আপনার পূজা করিতে পারে না এবং তাহারা নরকগামী হইয়া থাকে ও আপনার অনুগ্রহ লাভে বঞ্চিত হইয়া থাকে ॥৪॥

হে প্রভো ! যাহারা কর্ণবিবরের দ্বারা বেদরূপ বায়ুকর্ত্তৃক প্রবাহিত আপনার চরণকমলের গন্ধ আঘ্রাণ করিয়া থাকেন অর্থাৎ বেদপ্রতিপাদিত আপনার চরণমহিমা যাঁহারা শ্রবণ করিয়া থাকেন এবং পরাভক্তির দ্বারা যাহারা আপনার শ্রীচরণই আশ্রয়

টীকা

ভূতানাং ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তানাং প্রাণিনাং তদিন্দ্রিয়াণাঞ্চ কারণম্। যতো বিশ্বসৃজং সর্ব্বস্রষ্টৃ, তথাপি অবিশ্বম্ সর্ব্ববিলক্ষণমেকং নিঃসমানাতিশয়ম্, এবম্ভূতং যদ্ ভবতঃ স্বরূপম্, অতঃ পরং শ্রেষ্ঠং ন পশ্যামি। অতঃ অদঃ ইদমুপাশ্রিতোঽস্মি ॥ ৩ ॥ ভগবতঃ কৃপালুতাং ভক্তানাং ভগবৎকৃপাপাত্রতাম্ অভক্তানাং নরকপাত্রতাং চ দর্শয়ন্ ভগবন্তং প্রণমতি—তদ্বা ইতি। হে ভুবনমঙ্গল ! উপাসকানাং নোঽস্মাকম্ মঙ্গলায় তে ত্বয়া তৎ স্বরূপম্ দর্শিতম্, ধন্যা বয়মিতি ভাবঃ ॥ ৪ ॥ ভগবৎকথাশ্রবণাদিনা ভগবদাশ্রয়ণে

তাবদ্‌ভয়ং দ্রবিণদেহসুহৃন্নিমিত্তং শোকঃ স্পৃহা পরিভবো বিপুলশ্চ লোভঃ।
তাবন্মমেত্যসদবগ্রহ আর্ত্তিমূলং যাবন্ন তেঽঙ্ঘ্রিমভয়ং প্রবৃণীত লোকঃ ॥ ৬ ॥
দৈবেন তে হতধিয়ো ভবতঃ প্রসঙ্গাৎ সর্ব্বাশুভোপশমনাদ্বিমুখেন্দ্রিয়া যে।
কুর্ব্বন্তি কামসুখলেশলবায় দীনা লোভাভিভূতমনসোঽকুশলানি শশ্বৎ ॥৭॥

অন্বয়

লোকঃ (জীব) যাবৎ (যে পর্য্যন্ত) তে (আপনার) অভয়ং (ভয়রহিত) অঙ্ঘ্রিং (শ্রীচরণ) ন প্রবৃণীত (আশ্রয় গ্রহণ না করে), তাবৎ (সেই পর্য্যন্তই) [জীবের] দ্রবিণদেহসুহৃন্নিমিত্তং (ধন, দেহ ও স্ত্রীপুত্রাদি স্বজনের নিমিত্ত) ভয়ং (ইহাদের নষ্ট হওয়ার ভয়), শোকঃ (নষ্ট হইলে শোক), স্পৃহা (পরে পুনঃপ্রাপ্তির আকাঙ্ক্ষা), পরিভবঃ (তাহাতে পরাভব), বিপুলঃ লোভঃ চ (পরাভূত হইলেও অতিশয় তৃষ্ণা) [এবং প্রাপ্ত হইলেও] তাবৎ (তখন) আর্ত্তিমূলং (পূর্ব্বোক্ত দুঃখসমূহের কারণ) মম ইতি অসদবগ্রহঃ [জায়তে] ("আমি আমার" এই প্রকার অসৎ আগ্রহ অর্থাৎ মহামোহ উৎপন্ন হইয়া থাকে) ॥ ৬ ॥

যে (যে সকল ব্যক্তি) সর্ব্বাশুভোপশমনাৎ (সকলপ্রকার অশুভ বিনাশকারী) ভবতঃ প্রসঙ্গাৎ (আপনার লীলাদির শ্রবণকীর্ত্তনাদিরূপ প্রসঙ্গ হইতে) বিমুখেন্দ্রিয়াঃ [ভবন্তি] (বিরত হইয়া থাকে) [এবং] কামসুখলেশলবায় (ক্ষণিক অভিলষিত সুখলেশের নিমিত্ত) লোভাভিভূতমনসঃ (লোভাভিভূতচিত্ত হইয়া) শশ্বৎ (সর্ব্বদা) অকুশলানি (অমঙ্গলজনক কর্ম্মসকল) কুর্ব্বন্তি (করিয়া থাকে), তে (সেই) দীনাঃ (দীন ব্যক্তিগণ) দৈবেন (দুরদৃষ্টবশতঃ) হতধিয়ঃ (বিনষ্টবুদ্ধি অর্থাৎ মন্দভাগ্য হইয়া থাকে) ॥ ৭ ॥

অনুবাদ

করিয়াছেন, আপনি সেই ভক্তগণের হৃদয়কমল হইতে কখনও অপসৃত হন না অর্থাৎ সর্ব্বদাই তাহাদের হৃদয়ে অবস্থিত থাকেন ॥ ৫ ॥

হে ভগবন্! জীবগণ যে পর্য্যন্ত আপনার অভয়পদ বরণ করিয়া না লয় অর্থাৎ আশ্রয় গ্রহণ না করে, সে পর্য্যন্তই জীবগণের ধন, দেহ, স্ত্রী ও পুত্রাদি স্বজনগণের নিমিত্ত ভয়, শোক, স্পৃহা, পরিভব ও অতিশয় লোভ হইয়া থাকে অর্থাৎ ধন, দেহ ও স্ত্রীপুত্রাদির নষ্ট হওয়ার ভয়, নষ্ট হইলে শোক, পরে পুনঃ প্রাপ্তির আকাঙ্ক্ষা, তাহাতেও পরাভব এবং পরাভূত হইলেও প্রাপ্তির নিমিত্ত অতিশয় লোভ হইয়া থাকে; আর যদি কোনও প্রকারে তাহাদের অভিলষিত বস্তুর প্রাপ্তি ঘটে, তাহা হইলেও তখন "আমি আমার" এই প্রকার অভিমানরূপ অসৎ আগ্রহ অর্থাৎ মহামোহ উৎপন্ন হইয়া থাকে ॥ ৬ ॥

হে ভগবন্! যে সকল ব্যক্তি সকল প্রকার অমঙ্গলবিনাশক আপনার লীলাদির শ্রবণ, দর্শন ও কীর্ত্তনাদিরূপ প্রসঙ্গ হইতে বিরত থাকে এবং ক্ষণিক সুখলেশের নিমিত্ত লোভাভিভূতচিত্তে সর্ব্বদা অমঙ্গলজনক কর্ম্ম সকল করিয়া থাকে, সেই সকল দীন ব্যক্তি দুরদৃষ্টবশতঃ বিনষ্টবুদ্ধি অর্থাৎ অতিশয় মন্দভাগ্য হইয়া থাকে ॥ ৭ ॥

টীকা

জীবানাং কৃতার্থতামাহ—যে ত্বিতি ॥ ৫ ॥ ভগবদনাশ্রয়ণে জীবানামকৃতার্থতামাহ—তাবদিতি পঞ্চভিঃ। ন

ক্ষুত্তৃট্ত্রিধাতুভিরিমা মুহুরর্দ্দ্যমানাঃ শীতোষ্ণবাতবর্ষৈরিতরেতরাচ্চ।
কামাগ্নিনাচ্যুতরুষা চ সুদুর্ভরেণ সংপশ্যতো মন উরুক্রম! সীদতে মে ॥ ৮ ॥
যাবৎ পৃথক্ত্বমিদমাত্মন ইন্দ্রিয়ার্থ-মায়াবলং ভগবতো জন ঈশ! পশ্যেৎ।
তাবন্ন সংসৃতিরসৌ প্রতিসংক্রমেত ব্যর্থাপি দুঃখনিবহং বহতি ক্রিয়ার্থা ॥৯॥

অন্বয়

উরুক্রম! (হে বিপুলকীর্ত্তে!) ক্ষুত্তৃট্ত্রিধাতুভিঃ (ক্ষুধা, তৃষ্ণা, বাত, পিত্ত ও শ্লেষ্মাদ্বারা), শীতোষ্ণবাতবর্ষৈঃ (শীত, উষ্ণ, বায়ু ও বর্ষণের দ্বারা) ইতরেতরাৎ চ (এবং ইহাদের পরস্পর মিশ্রণ হইতে) সুদুর্ভরেণ (উৎপন্ন অতিশয় তীব্র) কামাগ্নিনা (কামনানলের দ্বারা) অচ্যুতরুষা চ (ও অবিচ্ছিন্ন ক্রোধের দ্বারা) মুহুঃ (পুনঃ পুনঃ) অর্দ্দ্যমানাঃ (প্রপীড়িত) ইমাঃ (এই জীবগণকে) সংপশ্যতঃ (অবলোকন করিয়া) মে (আমার) মনঃ সীদতে (হৃদয় ব্যথিত হইতেছে) ॥ ৮ ॥

ঈশ! (হে পরমেশ্বর!) জনঃ (জীব) ভগবতঃ (ভগবানের) ইন্দ্রিয়ার্থমায়াবলং (ইন্দ্রিয় ও বিষয়-রূপ মায়াদ্বারা) আত্মনঃ (আত্মার) ইদং পৃথক্ত্বং (এই দেহাদিভাব) যাবৎ (যে পর্য্যন্ত) পশ্যেৎ (দর্শন করিবে), তাবৎ (সেই পর্য্যন্ত) অসৌ (সেই) ক্রিয়ার্থা (কর্ম্মপ্রবাহচালক) সংসৃতিঃ (জন্ম-মরণপ্রবাহরূপ সংসার) ব্যর্থা অপি (পরমার্থশূন্য হইলেও) [জীবকে] দুঃখনিবহং (ক্ষুধাতৃষ্ণাদি দুঃখসমূহ) বহতি (প্রদান করিয়া থাকে) ন প্রতিসংক্রমেত (এবং বিরত হয় না; পরন্তু চলিতেই থাকে) ॥ ৯ ॥

অনুবাদ

হে উরুক্রম! ক্ষুধা, তৃষ্ণা, বাত, পিত্ত, শ্লেষ্মা, শীত, উষ্ণ, বায়ু, বর্ষণ এবং ইহাদের পরস্পর সংমিশ্রণজনিত অতিশয় তীব্র কামনানল ও অবিচ্ছিন্ন ক্রোধের দ্বারা জীবগণ পুনঃ পুনঃ নিপীড়িত হইতেছে। এই সকল জীবগণকে দেখিয়া আমার হৃদয় অত্যন্ত ব্যথিত হইতেছে ॥ ৮ ॥

হে পরমেশ্বর! জীব আপনার ইন্দ্রিয় ও বিষয়রূপ মায়াদ্বারা আত্মার এই দেহাদিভাব যে পর্য্যন্ত দর্শন করিবে, সেই পর্য্যন্ত কর্ম্মপ্রবাহচালক এই জন্মমরণরূপ সংসার নিবৃত্ত হইবে না। জীবের জন্মমরণ নাই; তথাপি এই সংসার পরমার্থশূন্য হইয়াও ঐ জীবকে ক্ষুধাতৃষ্ণাদি দুঃখসমুদয় প্রদান করিয়া থাকে; আর এই জন্মমরণরূপ সংসার চলিতেই থাকে ॥ ৯ ॥

টীকা

প্রবৃণীত নাশ্রয়েৎ ॥ ৬ ॥ ৭ ॥ ক্ষুচ্চ তৃট্ চ ত্রিধাতবশ্চ বাতপিত্তশ্লেষ্মাণঃ তৈঃ ইমাঃ প্রজাঃ ॥ ৮ ॥ ভগবতঃ ইন্দ্রিয়ার্থরূপা যা মায়া তয়া বলং যস্য তৎ তন্মায়াকারিতম্ আত্মনঃ পৃথক্ত্বং দেহাদিভাবং যাবৎ পশ্যতি তাবদসৌ ক্রিয়া কর্ম্মপ্রবাহঃ অর্থঃ প্রয়োজনং যস্যাঃ সা সংসৃতিঃ জন্মমরণপ্রবাহলক্ষণা ব্যর্থা পরমার্থশূন্যা অপি জন্মমরণস্য আত্মন্যঘটমানত্বাৎ নিশ্চিতং দুঃখনিবহং ক্ষুৎতৃড়াদি দুঃখসমূহং বহতি প্রাপয়তি ॥ ৯ ॥ জ্ঞানিনোঽপি ত্বয্যভক্তাশ্চেৎ তদা তেঽপি দুঃখভাগিন এবেত্যাহ—অহ্নীতি। অহ্নি আপৃতানি ব্যাপৃতানি চ তানি চ তান্যার্ত্তানি করণানি ইন্দ্রিয়াণি যেষাং তে, ক্ষণে ক্ষণে ভগ্না নিদ্রা

অহ্ন্যাপৃতার্ত্তকরণা নিশি নিঃশয়ানা নানামনোরথধিয়া ক্ষণভগ্ননিদ্রাঃ।
দৈবাহতার্থরচনা ঋষয়োঽপি দেব! যুষ্মৎপ্রসঙ্গবিমুখা ইহ সংসরন্তি ॥১০॥
ত্বং ভাবযোগপরিভাবিতহৃৎসরোজ আস্সে শ্রুতেক্ষিতপথো ননু নাথ! পুংসাম্।
যদ্ যদ্ধিয়া ত উরুগায়! বিভাবয়ন্তি তত্তদ্বপুঃ প্রণয়সে সদনুগ্রহায় ॥১১॥

অন্বয়

দেব! (হে প্রভো!) ইহ (এই জগতে) যুষ্মৎপ্রসঙ্গবিমুখাঃ (আপনার লীলার শ্রবণকীর্ত্তনাদিরূপ প্রসঙ্গ হইতে বিমুখ) ঋষয়ঃ অপি (জ্ঞানী ঋষিগণও) অহ্নি (দিবসে) আপৃতার্ত্তকরণাঃ (বিষয়ব্যাপারে আসক্ত ও ক্লান্ত হইয়া) নিশি (রাত্রিকালে) নিঃশয়ানাঃ (নিদ্রিত হয় এবং) নানামনোরথধিয়া (নানা প্রকার বাসনাবশতঃ স্বপ্ন দর্শন করায়) ক্ষণভগ্ননিদ্রাঃ (ক্ষণে ক্ষণে জাগরিত হইয়া থাকে অর্থাৎ কোন প্রকারেই শান্তিলাভ করিতে পারে না) দৈবাহতার্থরচনা (এবং প্রয়োজনীয় কার্য্য দৈববশে বিনষ্ট হওয়ায় বিফলমনোরথ হইয়া) সংসরন্তি (জন্মমরণরূপ সংসারে পরিভ্রমণ করিয়া থাকে) ॥ ১০ ॥

নাথ! (হে প্রভো!) শ্রুতেক্ষিতপথঃ (লীলাগুণাদিশ্রবণে যাঁহার পথ অর্থাৎ মহিমা অবগত হওয়া যায়, সেই) ত্বং (আপনি) পুংসাং (ভক্তগণের) ভাবযোগপরিভাবিতহৃৎসরোজে (ভক্তিযোগদ্বারা পরিশুদ্ধ হৃদয়পদ্মে) আস্সে (অবস্থান করিয়া থাকেন); উরুগায়! (হে বিপুলকীর্ত্তে!) তে (সেই ভক্তগণ) ধিয়া (সমাহিতচিত্তে) যৎ যৎ বপুঃ (যে যে রূপ) বিভাবয়ন্তি (চিন্তা করিয়া থাকেন), ননু (আহা) [আপনি] সদনুগ্রহায় (ভক্তগণের প্রতি অনুগ্রহের নিমিত্ত) তৎ তৎ (সেই সেই রূপ) প্রণয়সে (প্রকটিত করিয়া থাকেন) ॥ ১১ ॥

অনুবাদ

হে দেব! কেবল যে অজ্ঞানী ব্যক্তিগণ এই সংসারে দুঃখভোগ করিয়া থাকে তাহাই নহে; যাহারা জ্ঞানী, অথচ আপনাতে যাহাদের ভক্তি নাই এবং আপনার লীলার শ্রবণকীর্ত্তনাদিবিষয়ে বিমুখ, তাদৃশ ঋষিগণও সংসারক্লেশ ভোগ করতঃ জন্মমরণপ্রবাহরূপ সংসারে পুনঃ যাতায়াত করিয়া থাকে। তাহাদের ইন্দ্রিয় সকল দিবসে নানা বিষয়ে আসক্ত থাকে ও ক্লান্ত হইয়া পড়ে এবং রাত্রিতে তাহারা নিদ্রা যায়। আবার সেই নিদ্রিতাবস্থায়ও নানাপ্রকার বাসনা বশতঃ স্বপ্নদর্শনে নিদ্রাভঙ্গ হইয়া থাকে; ফলতঃ তাহারা নিদ্রাসুখও অনুভব করিতে পারে না। অধিক কি, তাহারা যখন স্ব স্ব প্রয়োজনীয় কার্য্যে চেষ্টাশীল হয়, তখন দৈব তাহা বিনাশ করিয়া দেয় বলিয়া তাহারা অশেষ ক্লেশ ভোগ করিয়া থাকে ॥ ১০ ॥

হে প্রভো! আপনার লীলাগুণাদিশ্রবণে আপনার মহিমা অবগত হওয়া যায়;

টীকা

যেষাং তে, দৈবেন আহতাঃ অর্থরচনা যেষাং তে ॥ ১০ ॥ পুনর্ভক্তানাং কৃতার্থতামাহ—ত্বমিতি! ভাবযোগেন ভক্তিযোগেন ভাবিতে শোধিতে পুংসাং ভক্তানাং হৃৎসরোজে আস্সে তিষ্ঠসি, শ্রুতেন তৎস্বরূপগুণাদিশ্রবণেন ঈক্ষিতঃ দৃষ্টঃ পন্থাঃ যস্য সঃ, ভগবতো ভক্তবশ্যতামাহ—তে সন্তঃ যদ্ যদ্

নাতিপ্রসীদতি তথোপচিতোপচারৈ-রারাধিতঃ সুরগণৈর্হৃদি বদ্ধকামৈঃ।
যৎ সর্ব্বভূতদয়য়াসদলভ্যয়ৈকো নানাজনেষ্ববহিতঃ সুহৃদন্তরাত্মা ॥ ১২ ॥

অন্বয়

[ভগবদ্ভক্তগণের মধ্যেও নিষ্কাম ভক্তগণই ভগবানের অতিশয় প্রিয়, ইহাই বলিতেছেন]—নানাজনেষু (স্বীয় অংশস্বরূপ নিখিল প্রাণীতে) অবহিতঃ (অবস্থিত) অন্তরাত্মা (অন্তর্য্যামী) একঃ (এক) সুহৃৎ (সকলের বন্ধু) [আপনি] অসদলভ্যয়া (সকামগণের দুষ্করণীয়) সর্ব্বভূতদয়য়া (নিষ্কাম-ভক্তির দ্বারা ভক্তগণ সর্ব্বভূতের প্রতি দয়া করিলে) [অর্থাৎ ভগবদধিষ্ঠিত ভগবদাত্মক সকল প্রাণীতে ভগবদ্বুদ্ধিদ্বারা যাহারা নিষ্কাম হইয়াছেন, তাহারাই সর্ব্বভূতে দয়া করিয়া থাকেন। কিন্তু যাহারা সকাম, তাহারা সর্ব্বভূতে দয়া করেন না। অতএব বলা হইল, "অসদলভ্যয়া সর্ব্বভূতদয়য়া"] যৎ (যে প্রকার) অতিপ্রসীদতি (অতিশয় প্রসন্ন হইয়া থাকেন), হৃদি বদ্ধকামৈঃ (হৃদয়ে কামনাপোষণকারী) সুরগণৈঃ (দেবতাগণকর্ত্তৃক) উপচিতোপচারৈঃ (নানাবিধ উপচারের দ্বারা) আরাধিতঃ অপি (পূজিত হইয়াও) তথা (আপনি সেই প্রকার) ন [অতিপ্রসীদতি] (প্রসন্ন হন না) ॥ ১২ ॥

অনুবাদ

আপনি ভক্তগণের ভক্তিযোগের দ্বারা পরিশুদ্ধ হৃদয়ে অবস্থান করিয়া থাকেন। হে বিপুলকীর্ত্তে! সেই ভক্তগণ আপনার যে যে রূপ সমাহিতচিত্তে ধ্যান করিয়া থাকেন, আপনি ভক্তগণের প্রতি অনুগ্রহের নিমিত্ত সেই সেই রূপ প্রকটিত করিয়া থাকেন। আহা! তাঁহাদের পরম সৌভাগ্য ॥ ১১ ॥

হে ভগবন্! ভক্তগণের মধ্যেও আপনি নিষ্কাম ভক্তগণের প্রতি অধিক প্রসন্ন হইয়া থাকেন। আপনি সমস্ত প্রাণীতে অন্তর্য্যামীরূপে অবস্থান করিয়া থাকেন। আপনি এক হইয়াই সকলের অন্তরাত্মা ও বন্ধু; অতএব যে সকল ভক্ত "সর্ব্বভূতে ভগবান্ অবস্থিত" এই ভগবদ্বুদ্ধিদ্বারা নিষ্কাম হইয়াছেন, তাঁহারাই সর্ব্বভূতে দয়াপরায়ণ। পরন্তু যাহারা উক্তপ্রকার ভগবদ্বুদ্ধির অভাবে নিষ্কাম হইতে পারে নাই, তাহারা সর্ব্বভূতে দয়া করে না; অতএব সর্ব্বভূতের প্রতি দয়া করিলে আপনি যে প্রকার অতিশয় প্রসন্ন হইয়া থাকেন, হৃদয়ে কামনাপোষণকারী দেবতাগণকর্ত্তৃক নানাবিধ উপচারের দ্বারা পূজিত হইয়াও আপনি সেই প্রকার প্রসন্ন হন না ॥ ১২ ॥

টীকা

বপুঃ রূপং ধিয়া বিভাবয়ন্তি ধ্যায়ন্তি তত্তদ্ বপুঃ রূপং সতাং ভক্তানামনুগ্রহায় ত্বং ননু অহো প্রণয়সে প্রকটয়সি ॥ ১১ ॥ ভক্তেষ্বপি নিষ্কামা ভক্তা ভগবতোঽতিপ্রিয়া ইত্যাহ—নাতীতি। একঃ সর্ব্বাত্মা নানাজনেষু স্বাত্মকেষু অন্তর্য্যামিতয়া অবহিতঃ সংস্থিতঃ, তেষু ভগবদাত্মকেষু ভগবদধিষ্ঠিতেষু ভগবদ্দৃষ্ট্যা নিষ্কামাঃ সন্তঃ ত এব দয়াং কুর্ব্বন্তি, ন তু অসন্তোঽতোঽসদলভ্যয়া সর্ব্বভূতদয়য়া নিষ্কামভক্তকর্ত্তৃকয়া প্রসীদতি যদ্ যথা, তথা হৃদি বদ্ধকামৈঃ ইতরস্তু তু কা কথা। সুরগণৈঃ দেবসমূহৈঃ কর্ত্তৃভিঃ উপচিতৈরর্জ্জিতৈরুপচারৈরারাধিতোঽপি কৃতজ্ঞত্বাৎ প্রসন্নোঽপি নাতিপ্রসীদতি। অত্যন্ততঃ প্রসন্নো

পুংসামতো বিবিধকর্ম্মভিরধ্বরাদ্যৈ-র্দানেন চোগ্রতপসা পরিচর্য্যয়া চ।
আরাধনং ভগবতস্তব সৎক্রিয়ার্থো ধর্ম্মোঽর্পিতঃ কর্হিচিন্ম্রিয়তে ন যত্র ॥১৩॥
শশ্বৎ স্বরূপমহসৈব নিপীতভেদ-মোহায় বোধধিষণায় নমঃ পরস্মৈ।
বিশ্বোদ্ভবস্থিতিলয়েষু নিমিত্তলীলা-রাসায় তে নম ইদং চকৃমেশ্বরায় ॥১৪॥

অন্বয়

[সকাম ভজনই যখন ভগবান্‌কে অতিশয় প্রসন্ন করিতে পারে না, তখন সকাম কর্ম্ম যে ভগবান্‌কে প্রসন্ন করিবে না এ বিষয়ে আর বক্তব্য কি? অতএব সকল কর্ম্ম ভগবানের আরাধনার নিমিত্তই করা উচিত, ইহাই বলিতেছেন] অতঃ (অতএব) অধ্বরাদ্যৈঃ (যজ্ঞাদি) বিবিধকর্ম্মভিঃ (নানাবিধ শ্রৌত ও স্মার্ত্ত কর্ম্মের দ্বারা) দানেন (দানের দ্বারা) উগ্রতপসা চ (উগ্রতপস্যার দ্বারা) পরিচর্য্যয়া চ (ও পরিচর্য্যার দ্বারা) ভগবতঃ তব (ভগবান্ আপনার) আরাধনম্ [এব] (আরাধনাই) পুংসাং (মানবগণের) সৎক্রিয়ার্থঃ (ক্রিয়ার শ্রেষ্ঠ ফল)। যত্র (আপনাতে) অর্পিতঃ ধর্ম্মঃ (অর্পিত ধর্ম্ম) কর্হিচিৎ (কখনও) ন ম্রিয়তে (বিনষ্ট হয় না) [অর্থাৎ অক্ষয় ফল প্রদান করিয়া থাকে] ॥ ১৩ ॥

শশ্বৎ (সর্ব্বদা) স্বরূপমহসা এব (স্বরূপপ্রকাশের দ্বারাই) নিপীতভেদমোহায় (যাঁহাতে ভেদসংশয় অপগত হইয়াছে), বোধধিষণায় (স্বীয় অংশস্বরূপ সকল পদার্থে বিবেক ও জ্ঞান যাঁহার আছে), বিশ্বোদ্ভবস্থিতিলয়েষু (বিশ্বের সৃষ্টি, স্থিতি ও লয়কার্য্যে) নিমিত্তলীলারাসায় (নিমিত্তস্থানীয় প্রকৃতিশক্তির বিলাসে যাঁহার ক্রীড়া হইয়া থাকে), [তস্মৈ] (সেই) পরস্মৈ (পরমপুরুষ) ঈশ্বরায় (সর্ব্বনিয়ন্তা) তে (আপনাকে) ইদং নমঃ নমঃ চকৃম (আমি বার বার নমস্কার করিতেছি) ॥ ১৪ ॥

অনুবাদ

অতএব যজ্ঞাদ নানাবিধ শ্রৌত ও স্মার্ত্ত কর্ম্ম, দান, উগ্রতপস্যা ও পরিচর্য্যার দ্বারা আপনার আরাধনাই মানবগণের ক্রিয়ার শ্রেষ্ঠ ফল হইয়া থাকে; যেহেতু আপনাতে কর্ম্ম অর্পণ করিলে তাহা কখনও বিনষ্ট হয় না অর্থাৎ অক্ষয় ফল প্রদান করিয়া থাকে ॥ ১৩ ॥

স্বরূপপ্রকাশের দ্বারাই যাঁহাতে ভেদসংশয় অপগত হইয়াছে, স্বীয় অংশস্বরূপ সকল পদার্থে বিবেক ও জ্ঞান যাঁহার আছে এবং জগতের সৃষ্টি, স্থিতি ও লয়-কার্য্যের নিমিত্তস্থানীয় প্রকৃতিশক্তির বিলাসে যাঁহার ক্রীড়া হইয়া থাকে, সেই পরম-পুরুষ সর্ব্বনিয়ন্তা আপনাকে আমি পুনঃ পুনঃ নমস্কার করিতেছি ॥ ১৪।

টীকা

ন ভবতীত্যর্থঃ ॥ ১২ ॥ সকামভজনমপি ভগবন্তমত্যন্ততো ন হি প্রসন্নং করোতি যদি, তর্হি সকামকর্ম্ম তং ন প্রসন্নং করোতীতি কিমু বাচ্যমতঃ সর্ব্বক্রিয়া ভগবদারাধনার্থং কর্ত্তব্যেত্যাহ—পুংসামিতি। যতঃ সকামভজনেনাপি ভগবান্ নাতিপ্রসীদতি, অতঃ পুংসাং বিবিধকর্ম্মভিঃ দানাদিভিশ্চ ভগবতস্তব আরাধনমেব সন্ চাসৌ ক্রিয়ার্থশ্চ শ্রেষ্ঠং ক্রিয়াফলং। যত্র ত্বয়ি অর্পিতো ধর্ম্মঃ কর্হিচিদপি ন ম্রিয়তে ন বিনশ্যতি, অক্ষয়ফলো ভবতীত্যর্থঃ ॥ ১৩ ॥ যদর্পিতং কর্ম্মাক্ষয়ফলং ভবত্যেবং ভগবন্তং পুনঃ নমস্যন্

যস্যাবতারগুণকর্ম্মবিড়ম্বনানি নামানি যেঽসুবিগমে বিবশা গৃণন্তি।
তেঽনেকজন্মশমলং সহসৈব হিত্বা সংযান্ত্যপাবৃতমৃতং তমজং প্রপদ্যে ॥ ১৫ ॥
যো বা অহঞ্চ গিরিশশ্চ বিভুঃ স্বয়ঞ্চ স্থিত্যুদ্ভবপ্রলয়হেতব আত্মমূলম্।
ভিত্ত্বা ত্রিপাদ্বৃধ এক উরুপ্ররোহ-স্তস্মৈ নমো ভগবতে ভুবনদ্রুমায় ॥ ১৬ ॥

অন্বয়

যস্য (যাঁহার) অবতারগুণকর্ম্মবিড়ম্বনানি নামানি (অবতার, গুণ ও কর্ম্মের অনুরূপ নাম সকল) [অবতার অনুকরণে নাম যথা—কুমারাদি, গুণানুকরণে নাম—অখণ্ড ব্রহ্মচর্য্যবান্ ইত্যাদি, কর্ম্মানুকরণে নাম—বিনষ্টজ্ঞানপ্রবর্ত্তক ইত্যাদি] যে (যাহারা) অসুবিগমে (প্রাণবিয়োগ-কালে) বিবশাঃ [অপি] (বিবশ হইয়াও) গৃণন্তি (কীর্ত্তন করিয়া থাকেন), তে (তাঁহারা) অনেকজন্মশমলং (বহুজন্মার্জ্জিত পাপ) সহসা এব (শীঘ্রই) হিত্বা (পরিত্যাগ করিয়া) অপাবৃতং (নিরাবরণ) ঋতং (সত্য ব্রহ্মকে) সংযান্তি (প্রাপ্ত হইয়া থাকেন), তং (সেই) অজং (জন্মরহিত অর্থাৎ সনাতন ব্রহ্মকে) প্রপদ্যে (আমি আশ্রয় গ্রহণ করিলাম) ॥১৫॥

যঃ বৈ একঃ (যিনি এক হইয়াও) আত্মমূলম্ (প্রকৃতিকে) ভিত্ত্বা (বিভক্ত করিয়া) স্থিত্যুদ্ভব-প্রলয়হেতবঃ (স্থিতি, সৃষ্টি ও প্রলয় করিবার নিমিত্ত) স্বয়ং বিভুঃ চ (স্বয়ং বিষ্ণু) অহং চ (আমি ব্রহ্মা) গিরিশঃ চ (ও মহাদেব) [ইতি] ত্রিপাৎ (এই তিনটি স্কন্ধযুক্ত) উরুপ্ররোহঃ (এবং বহু

অনুবাদ

হে ভগবন্! আপনার অবতার, গুণ ও কর্ম্মের অনুকরণে যে যে নাম আছে, [যথা অবতারানুকরণে—কুমার প্রভৃতি, গুণানুকরণে—অখণ্ডব্রহ্মচর্য্যবান্ ইত্যাদি ও কর্ম্মানুকরণে বিনষ্টজ্ঞানপ্রবর্ত্তক ইত্যাদি] সেই সকল নাম যাহারা প্রাণবিয়োগকালে বিবশ হইয়াও উচ্চারণ করিয়া থাকেন তাহারা বহুজন্মার্জ্জিত পাপ হইতে শীঘ্রই মুক্ত হইয়া সত্য ব্রহ্মকে প্রাপ্ত হইয়া থাকেন; অতএব আমি সেই সনাতন ব্রহ্ম আপনার শরণাপন্ন হইলাম ॥ ১৫ ॥

যিনি এক হইয়াও স্বীয় শক্তি প্রকৃতিকে বিভাগ করিয়া জগতের সৃষ্টি, স্থিতি ও

টীকা

তৎস্বরূপগুণাদিবর্ণনেন স্তৌতি শশ্বদিত্যাদ্যষ্টভিঃ। শশ্বৎ সর্ব্বদা স্বরূপমহসৈব সর্ব্বাত্মস্বরূপপ্রকাশেনৈব নিরস্তভেদভ্রমায় অপগতভেদসংশয়ায় অতদাত্মকপদার্থাভাবাৎ। বোধধিষণায় বোধ এব ধিষণা স্বাত্মকসর্ব্বপদার্থবিবেকবতী জ্ঞাতৃত্বলক্ষণা শক্তির্যস্য তস্মৈ, বিশ্বোদ্ভবাদিষু নিমিত্তানি প্রকৃত্যাখ্যাঃ শক্তয়ঃ তাসাং লীলয়া বিলাসেন রাসঃ ক্রীড়া যস্য তস্মৈ নমঃ নমনং চক্রম কৃতবন্তো বয়ম্ ॥ ১৪ ॥ অবতারাদীনাং বিড়ম্বনমনুকরণমস্তি যেষু তানি নামানি অসুবিগমে প্রাণাত্যয়কালেঽপি যে গৃণন্তি উচ্চারয়ন্তি, তে সহসৈব শীঘ্রমেব অনেকজন্মশমলং বহুজন্মার্জ্জিতং পাপং তথা পুণ্যং হিত্বা অপাবৃতং নিরাবরণম্ ঋতং ব্রহ্ম সংযান্তি। অবতারবিড়ম্বনানি প্রথমে দ্বিতীয়ে চ স্কন্ধে দর্শিতানি। তত্র অবতারবিড়ম্বনানি—"কুমার" ইত্যাদীনি, গুণবিড়ম্বনানি—"অখণ্ডব্রহ্মচর্য্যবান্" ইত্যাদীনি। কর্ম্মবিড়ম্বনানি "বিনষ্টজ্ঞানপ্রবর্ত্তক" ইত্যাদীনি ॥ ১৫ ॥

যো বৈ একঃ অবিস্তারিতচিদচিচ্ছক্তিঃ আত্মা স্বয়ং মূলং যস্য প্রধানস্য তৎ প্রধানং ভিত্ত্বা রজআদিরূপেণ বিভজ্য স্বয়ং বিভুঃ সত্ত্বনিয়ন্তা, অহং রজোযুক্তঃ, গিরিশস্তমোযুক্তঃ এবং স্থিত্যাদি-

লোকো বিকর্ম্মনিরতঃ কুশলে প্রমত্তঃ কর্ম্মণ্যয়ং ত্বদুদিতে ভবদর্চ্চনে স্বে।
যস্তাবদস্য বলবানিহ জীবিতাশাং সদ্যশ্ছিনত্ত্যনিমিষায় নমোঽস্তু তস্মৈ ॥ ১৭ ॥
যস্মাদ্বিভেম্যহমপি দ্বিপরার্দ্ধধিষ্ণ্য-মধ্যাসিতঃ সকললোকনমস্কৃতং যৎ।
তেপে তপো বহুসবোঽবরুরুৎসমান-স্তস্মৈ নমো ভগবতেঽধিমখায় তুভ্যম্ ॥ ১৮ ॥

অন্বয়

মরীচ্যাদি শাখা উপশাখাদিযুক্ত হইয়া) বরূধে (বৃদ্ধিপ্রাপ্ত হইতেছেন), তস্মৈ (সেই) ভুবনদ্রুমায় (ভুবনবৃক্ষরূপ) ভগবতে [তুভ্যং] নমঃ (ভগবান্ আপনাকে নমস্কার করি) ॥ ১৬ ॥

ইহ অয়ং লোকঃ (এই লোকসমূহ) বিকর্ম্মনিরতঃ (অসৎকর্ম্মে আসক্ত হইয়া) ত্বদুদিতে (আপনা-কর্ত্তৃক কথিত) ভবদর্চ্চনে (আপনার অর্চ্চনারূপ) স্বে কুশলে কর্ম্মণি (স্বীয় মঙ্গলজনক কর্ম্মে) [যাবৎ] (যে পর্য্যন্ত) প্রমত্তঃ (অনবহিত থাকে অর্থাৎ মনোযোগ না দেয়), তাবৎ (সে পর্য্যন্তই) যঃ বলবান্ (যে বলবান্ কাল) অস্য (এই লোকসমূহের) জীবিতাশাং (জীবনের আশাকে) সদ্যঃ ছিনত্তি (সদ্যই ছেদন করিয়া থাকেন), তস্মৈ (সেই) অনিমিষায় (কালাত্মস্বরূপ আপনাকে) নমঃ অস্তু (নমস্কার করি) ॥ ১৭ ॥

দ্বিপরার্দ্ধধিষ্ণ্যম্ (দ্বিপরার্দ্ধকালস্থায়ী স্থানে) অধ্যাসিতঃ অপি অহং (অবস্থিত হইয়াও আমি) যস্মাৎ (যাঁহা হইতে) বিভেমি (ভয় পাইয়া থাকি) [এবং ভীত হইয়া] যৎ সকললোকনমস্কৃতং (সর্ব্বলোকপূজ্য বৈকুণ্ঠাদিলোকে) অবরুরুৎসমানঃ (আরোহণ করিতে ইচ্ছা করিয়া) বহুসবঃ (দীর্ঘকালসাধ্য) তপঃ তেপে (যজ্ঞাদি তপস্যার অনুষ্ঠান করিয়া থাকি), তস্মৈ (সেই) অধিমখায় (যজ্ঞাধিষ্ঠাতা) ভগবতে তুভ্যং নমঃ (ভগবান্ আপনাকে নমস্কার করি) ॥ ১৮ ॥

অনুবাদ

প্রলয়ের নিমিত্ত রজোগুণযুক্ত আমি ব্রহ্মা, সত্ত্বগুণযুক্ত স্বয়ং বিষ্ণু ও তমোগুণযুক্ত মহেশ্বর এই তিনটি স্কন্ধযুক্ত হইয়া থাকেন এবং পরে আবার বহুমরীচ্যাদি শাখা ও উপশাখাদিযুক্ত হইয়া বৃদ্ধিপ্রাপ্ত হইতেছেন, আমি সেই ভুবনবৃক্ষরূপ ভগবান্ আপনাকে নমস্কার করি ॥ ১৬ ॥

এই লোকসমূহ অসৎকর্ম্মে আসক্ত হইয়া আপনাকর্ত্তৃক উপদিষ্ট আপনার অর্চ্চনারূপ স্ব স্ব মঙ্গলজনক কর্ম্মে যতদিন না মনোযোগ দেয়, ততদিন যে বলবান্ কাল ইহাদের জীবনের আশাকে সদ্যই ছেদন করিয়া থাকেন, আমি সেই কালাত্মস্বরূপ আপনাকে নমস্কার করি ॥ ১৭ ॥

হে ভগবন্! দ্বিপরার্দ্ধকালস্থায়ী স্থানে অবস্থান করিয়াও আমি যে কাল হইতে

টীকা

হেতবঃ ত্রয়ঃ পাদা স্কন্ধা যস্য স ত্রিস্কন্ধঃ উরুপ্ররোহঃ বহবো মরীচ্যাদয়ঃ প্ররোহাঃ শাখোপশাখাদয়ো যস্য সঃ তথাভূতঃ সন্ বরূধে, তস্মৈ ভুবনদ্রুমায় নমঃ ॥ ১৬ ॥ ত্বদুদিতে "যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষি দদাসি যৎ। যৎ তপস্যসি কৌন্তেয়! তৎ কুরুষ মদর্পণম্" ইত্যাদিনা ত্বদুক্তে কুশলে কর্ম্মণি প্রমত্তঃ; অনিমিষায় কালাত্মনে ॥ ১৭ ॥ দ্বিপরার্দ্ধধিষ্ণ্যং দ্বিপরার্দ্ধকালস্থায়ি স্থানম্ অধ্যাসিতোঽপ্যহং যস্মাদ্ বিভেমি, তস্মৈ অধিমখায় মখাধিষ্ঠাত্রে নমঃ; কথম্ভূতঃ? সকললোকনমস্কৃতং

তির্য্যঙ্মনুষ্যবিবুধাদিষু জীবযোনি-ষ্বাত্মেচ্ছয়াত্মকৃতসেতুপরীপ্সয়া যঃ।
রেমে নিরস্তরতিরপ্যবরুদ্ধদেহ-স্তস্মৈ নমো ভগবতে পুরুষোত্তমায় ॥ ১৯ ॥
যোঽবিদ্যয়ানুপহতোঽপি দশার্দ্ধবৃত্ত্যা নিদ্রামুবাহ জঠরীকৃতলোকযাত্রঃ।
অন্তর্জ্জলেঽহিকশিপুস্পর্শানুকূলাং ভীমোর্ম্মিমালিনি জনস্য সুখং বিবৃণ্বন্ ॥ ২০ ॥

অন্বয়

যঃ (আপনি) নিরস্তরতিঃ অপি (বিষয়সুখশূন্য হইয়াও) আত্মকৃতসেতুপরীপ্সয়া (নিজকৃত ধর্ম্মের মর্য্যাদা পরিপালনেচ্ছায়) তির্য্যঙ্মনুষ্যবিবুধাদিষু জীবযোনিষু (তির্য্যক্, মনুষ্য ও দেবাদি জীবযোনিতে) আত্মেচ্ছয়া (স্বীয় সঙ্কল্পদ্বারা) অবরুদ্ধদেহঃ (মূর্ত্তি পরিগ্রহ করিয়া) রেমে (ক্রীড়া করিয়া থাকেন), তস্মৈ (সেই) ভগবতে পুরুষোত্তমায় (ভগবান্ পুরুষোত্তম আপনাকে) নমঃ (নমস্কার করি)॥ ১৯ ॥

যঃ (আপনি) দশার্দ্ধবৃত্ত্যা (তমঃ, মোহ, মহামোহ, তামিস্র, অন্ধতামিস্র এই পঞ্চ প্রকার বৃত্তিবিশিষ্টা) অবিদ্যয়া (অবিদ্যাদ্বারা) অনুপহতঃ অপি (অনভিভূত হইয়াও) জঠরীকৃত-লোকযাত্রঃ (লোকত্রয়কে উদরে নিবেশিত করিয়া) জনস্য (ধ্যানকারী জনের) সুখং বিবৃণ্বন্ (আনন্দ উৎপাদন করতঃ) ভীমোর্ম্মিমালিনি (ভয়ঙ্কর তরঙ্গমালাযুক্ত) অন্তর্জ্জলে (জলমধ্যে) অহিকশিপু-স্পর্শানুকূলাম্ (সর্পশয্যায় সুখে) নিদ্রাম্ উবাহ (নিদ্রা যাইয়া থাকেন), [সেই আপনাকে নমস্কার করি]॥ ২০ ॥

অনুবাদ

ভয় পাইয়া থাকি এবং সর্ব্বলোকপূজ্য বৈকুণ্ঠলোকে আরোহণ করিতে ইচ্ছা করিয়া দীর্ঘকালসাধ্য যজ্ঞাদি তপশ্চর্য্যার অনুষ্ঠান করিয়া থাকি, সেই যজ্ঞাধিষ্ঠাতা ভগবান্ আপনাকে আমি নমস্কার করি ॥ ১৮ ॥

হে ভগবন্! আপনি বিষয়সুখশূন্য হইয়াও স্বকৃত ধর্ম্মমর্য্যাদা পরিপালনেচ্ছায় তির্য্যক্, মনুষ্য ও দেবাদি জীবযোনিতে স্বীয় সঙ্কল্পের দ্বারা মূর্ত্তি পরিগ্রহ করিয়া অর্থাৎ মৎস্যাদি অবতার দেহ ধারণ করিয়া ক্রীড়া করিয়া থাকেন, সেই ভগবান্ পুরুষোত্তম আপনাকে নমস্কার করি ॥ ১৯ ॥

হে ভগবন্! আপনি তমঃ, মোহ, মহামোহ, তামিস্র ও অন্ধতামিস্র এই পাঁচ প্রকার

টীকা

যদ্ধাম বৈকুণ্ঠাদি তৎ অবরুরুৎসমানঃ আরোঢ়ুমিচ্ছন্ বহুসবঃ বহবঃ সবাঃ তপোঽনুষ্ঠানকালাবয়বাঃ যস্য সঃ, তথাভূতঃ সন্ তপঃ তপ্তবান্। তদুক্তং দ্রোণপর্ব্বণি ভূরিশ্রবসং প্রতি ভগবতা—"যে লোকা মম বিমলাঃ ব্রহ্মাদ্যৈরপি সুরবৃষভৈরপীপ্সমাণাঃ। তান্ ক্ষিপ্রং ব্রজ সততাগ্নিহোত্রযাজিন্! মত্তুল্যো ভব গরুড়োত্তমাঙ্গযানঃ" ইতি ॥ ১৮ ॥ স্বাত্মেচ্ছয়া স্বাত্মনঃ সঙ্কল্পেন অবরুদ্ধদেহঃ স্বীকৃতমূর্ত্তিঃ নিরস্তরতিঃ আনন্দৈকরাশিত্বাৎ নিরস্তবিষয়সুখোঽপি তির্য্যগাদিষু জীবযোনিষু জীবযোগ্যাসু জাতিষু মৎস্যাদিরূপেণ রেমে যঃ তস্মৈ নমঃ ॥ ১৯ ॥ দৃশ্যমানং রূপং প্রণমতি—য ইতি দ্বাভ্যাম্। দশার্দ্ধাঃ পঞ্চঃ তামিস্রান্ধতামিস্রমোহমহামোহতমোরূপাঃ বৃত্তয়ো যস্যাঃ তয়া অবিদ্যয়া নিদ্রাহেতুভূতয়া অনুপহতো-

যন্নাভিপদ্মভবনাদহমাসমীড্য ! লোকত্রয়োপকরণো যদনুগ্রহেণ।
তস্মৈ নমস্ত উদরস্থভবায় যোগ-নিদ্রাবসানবিকসন্নলিনেক্ষণায় ॥ ২১ ॥
সোঽয়ং সমস্তজগতাং সুহৃদেক আত্মা সত্ত্বেন যন্মৃড়য়তে ভগবান্ ভগেন।
তেনৈব মে দৃশমনুস্পৃশতাদ্ যথাহং স্রক্ষ্যামি পূর্ব্ববদিদং প্রণতপ্রিয়োঽসৌ ॥ ২২ ॥

অন্বয়

ঈড্য ! (হে পূজনীয় !) যদনুগ্রহেণ (যাঁহার অনুগ্রহে) লোকত্রয়োপকরণঃ (প্রত্যহ সৃষ্টিদ্বারা লোকত্রয়ের উপকারক) অহং (আমি) যন্নাভিপদ্মভবনাৎ (যাঁহার নাভিপদ্মরূপ নিকেতন হইতে) আসম্ (উৎপন্ন হইয়াছি), উদরস্থভবায় (যাঁহার উদরে শিবও অবস্থান করিতেছেন) যোগনিদ্রাবসান-বিকসন্নলিনেক্ষণায় (এবং যোগনিদ্রার অবসানে যিনি নয়নকমল উন্মীলন করিয়া থাকেন), তস্মৈ তে নমঃ (সেই ভগবান্ আপনাকে নমস্কার করি) ॥ ২১ ॥

[যিনি] একঃ (এক হইয়াও) সমস্তজগতাং (সমস্তজগতের) সুহৃৎ (বন্ধু) আত্মা (ও অন্তর্য্যামী) যৎ [যেন] সত্ত্বেন (এবং যিনি স্বীয় জ্ঞানের দ্বারা) ভগেন [চ] (ও ঐশ্বর্য্যের দ্বারা) [সমস্ত জগৎকে] মৃড়য়তে (সুখ প্রদান করিয়া থাকেন), সঃ অয়ং ভগবান্ (সেই ভগবান্) তেনৈব (জ্ঞান ও ঐশ্বর্য্যের সহিত) মে (আমার) দৃশম্ (প্রজ্ঞাকে) অনুস্পৃশতাৎ (সংযোজিত করুন), যথা অহং (যাহাতে আমি) পূর্ব্ববৎ (পূর্ব্বসৃষ্টির ন্যায়) ইদং (এই জগৎ) স্রক্ষ্যামি (সৃষ্টি করিতে সমর্থ হই) ; [যতঃ] (যেহেতু) অসৌ (ঐ ভগবান্) প্রণতপ্রিয়ঃ (ভক্তবৎসল) ॥ ২২ ॥

অনুবাদ

বৃত্তিবিশিষ্ট অবিদ্যার দ্বারা অনভিভূত হইয়াও লোকত্রয়কে উদরে ধারণ করিয়া ভক্তজনের আনন্দ উৎপাদন করতঃ ভয়ঙ্কর তরঙ্গমালাযুক্ত জলমধ্যে সর্পশয্যার সুখে নিদ্রা যাইয়া থাকেন, [সেই আপনাকে আমি নমস্কার করি] ॥ ২০ ॥

হে পূজনীয় ! প্রত্যহ সৃষ্টিদ্বারা লোকত্রয়ের উপকারক আমি যাঁহার অনুগ্রহে যাঁহার নাভিকমলরূপ নিকেতন হইতে উদ্ভূত হইয়াছি, যাঁহার উদরে শিবও অবস্থান করিতেছেন এবং স্বীয় যোগনিদ্রার অবসানে যিনি নয়নকমল উন্মীলন করিয়া থাকেন, সেই ভগবান্ আপনাকে আমি নমস্কার করি ॥ ২১ ॥

যিনি এক হইয়াও সমস্ত জগতের সুহৃৎ ও আত্মা এবং যিনি স্বীয় জ্ঞান ও ঐশ্বর্য্যের

টীকা

ঽস্পৃষ্টোঽপি যঃ অন্তর্জ্জলে জলমধ্যে নিদ্রামুবাহ, তস্মৈ তে নমঃ ইত্যগ্রিমেণান্বয়ঃ। কথম্ভূতঃ ? জঠরীকৃতলোকযাত্রঃ উদরনিবেশিতলোকত্রয়স্থিতিঃ ; কথম্ভূতে ? অন্তর্জ্জলে ভীমোর্ম্মিমালিনি ভীমা ভয়ঙ্করাঃ যা উর্ম্ময়ঃ তাসাং মালাঃ বিদ্যন্তে যস্মিন্ তস্মিন্ ; কথম্ভূতাং নিদ্রাম্ ? অহিরেব কশিপুঃ শয্যা তস্যাঃ স্পর্শঃ অনুকূলো যস্যাস্তাম্ ; কিং কুর্ব্বন্নুবাহ ? জনস্য ধ্যাতুঃ সুখং বিবৃণ্বন্ প্রকটয়ন্ ॥ ২০ ॥ যৎ যস্য নাভিপদ্মমেব ভবনং তস্মাৎ, লোকত্রয়স্য প্রত্যহং সৃষ্টিদ্বারেণ উপকরোতীতি লোক-ত্রয়োপকরণঃ অহমাসম্। উদরে স্থিতমদ্বারেণ জায়মানো ভবঃ শিবো যস্য, যুজ্যতে ইতি যোগঃ সঙ্কল্পঃ তেন যা নিদ্রা তদবসানে বিকসন্নলিনে ইব ঈক্ষণে যস্য তস্মৈ ॥ ২১ ॥ অথ প্রার্থয়তে—

এষ প্রপন্নবরদো রময়াত্মশক্ত্যা যদ্ যৎ করিষ্যতি গৃহীতগুণাবতারঃ।
তস্মিন্ স্ববিক্রমমিদং সৃজতোঽপি চেতো যুঞ্জীত কর্ম্মশমলঞ্চ যথা বিজহ্যাম্ ॥ ২৩ ॥
নাভিহ্রদাদিহ সতোঽম্ভসি যস্য পুংসো বিজ্ঞানশক্তিরহমাসমনন্তশক্তেঃ।
রূপং বিচিত্রমিদমস্য বিবৃণ্বতো মে মা রীরিষীষ্ট নিগমস্য গিরাং বিসর্গঃ ॥ ২৪ ॥

অন্বয়

গৃহীতগুণাবতারঃ (স্বীকৃতগুণাবতার) [অর্থাৎ অবতার দেহধারণকারী] প্রপন্নবরদঃ (ভক্তজনের অভীষ্টবর প্রদানকারী) এষঃ (এই ভগবান্) আত্মশক্ত্যা (স্বীয় শক্তি) রময়া (রমাদেবীর সহিত) যৎ যৎ (যে যে লীলা) করিষ্যতি (বিস্তার করিবেন), স্ববিক্রমম্ (বিষ্ণুর লীলাক্ষেত্র) ইদং (এই জগৎ) সৃজতঃ অপি (সৃষ্টি করিবার নিমিত্ত আসক্ত হইলেও) [মে] (আমার) চেতঃ (চিত্ত) [তিনি] তস্মিন্ (সেই সেই লীলা বিষয়ে) যুঞ্জীত (প্রবর্ত্তিত করুন), যথা (যেন) [আমি] কর্ম্মশমলং চ (কর্ম্মজনিত পাপ) বিজহ্যাম্ (পরিত্যাগ করিতে সমর্থ হই) ॥ ২৩ ॥

ইহ অম্ভসি (কারণ সলিলে শয়ান) যস্য অনন্তশক্তেঃ সতঃ পুংসঃ (যে অনন্তশক্তি পরমপুরুষের)

অনুবাদ

দ্বারা সমস্ত জগৎকে সুখ প্রদান করিয়া থাকেন, সেই ভগবান্ জ্ঞান ও ঐশ্বর্য্যের সহিত আমার প্রজ্ঞাকে সংযোজিত করুন, যেন আমি পূর্ব্ব সৃষ্টির ন্যায় এই জগৎ সৃষ্টি করিতে সমর্থ হই। ভগবান্ ভক্তবৎসল ; অতএব আমার প্রার্থনা পূর্ণ করুন ॥ ২২ ॥

যিনি অবতার গ্রহণ করিয়া থাকেন এবং ভক্তজনের অভীষ্ট বর প্রদান করিয়া থাকেন, সেই ভগবান্ স্বীয় শক্তি রমাদেবীর সহিত যে যে লীলা প্রকাশ করিবেন, বিষ্ণুরই লীলাক্ষেত্র এই জগৎ সৃষ্টি করিতে যাইয়া আমি কর্ম্মাসক্ত হইলেও আমার চিত্ত তিনি তাঁহার সেই লীলাবিষয়ে যোজনা করুন, যেন আমি সৃষ্টিকার্য্যজনিত পাপ পরিত্যাগ করিতে সমর্থ হই [অর্থাৎ আমি তাঁহারই আজ্ঞায় তাঁহার লীলাক্ষেত্র এই বিশ্ব সৃষ্টি করিতে যাইয়া উত্তম, মধ্যম ও অধমভেদে সৃষ্টি করিব ; ভগবানে মতি রাখিয়া আমি যেন সৃষ্টিজনিত সেই পাপ হইতে মুক্ত হইতে পারি] ॥ ২৩ ॥

কারণসলিলে শয়ান যে অনন্তশক্তি পরমপুরুষ ভগবানের নাভিসরোবর হইতে

টীকা

সোঽয়মিতি চতুর্ভিঃ। সমস্তানি অনেককোটিব্রহ্মাণ্ডরূপাণি জগন্তি তেষাং য এক এব সুহৃদাত্মা চ, সমস্তানি জগন্তি যেন মৃড়য়তে সুখয়তি সোঽয়ং তেনৈব সত্ত্বেন মম দৃশং প্রজ্ঞাম্ অনুস্পৃশতাদ্ যোজয়তু। যথাহম্ ইদং পূর্ব্ববৎ স্রষ্টুং ক্ষমো ভবিষ্যামি। যতোঽসৌ প্রণতানাং প্রিয়ঃ, প্রণতাঃ বা প্রিয়াঃ যস্য সঃ ॥ ২২ ॥ গৃহীতগুণাঃ কৃতজ্ঞাঃ অবতারাঃ যস্য, স এব ভগবান্ আত্মশক্ত্যা রময়া সহ যৎ যৎ চরিত্রং করিষ্যতি, তস্মিন্ তত্র তত্র মে মম প্রণতস্য স্ববিক্রমং বিষ্ণোরেব বিক্রমঃ প্রভাবঃ যস্মিন্ তদিদং বিশ্বং সৃজতোঽপি কর্ম্মাসক্তস্যাপি চেতঃ চিত্তং যুঞ্জীত স এব প্রবর্ত্তয়তু ; যথা কর্ম্মশমলং কর্ম্মকৃতং বৈষম্যাদিপাপং জহ্যাং ত্যক্ষ্যামি ॥ ২৩ ॥ কিঞ্চ কর্ম্মাসক্ত্যা ভগবৎস্বরূপগুণাদি-জ্ঞানদার্ঢ্যার্থঃ বেদান্তপাঠঃ মা লুপ্যতামিত্যাহ—নাভিহ্রদাদিতি ॥ যস্য পুংসঃ ভগবতঃ অম্ভসি সতঃ

সোঽসাবদভ্রকরুণো ভগবান্ বিবৃদ্ধ-প্রেমস্মিতেন নয়নাম্বুরুহং বিজৃম্ভন্।
উত্থায় বিশ্ববিজয়ায় চ নো বিষাদং মাধ্ব্যা গিয়াপনয়তাৎ পুরুষঃ পুরাণঃ ॥ ২৫ ॥

শ্রীমৈত্রেয় উবাচ

স্বসম্ভবং নিশাম্যৈবং তপোবিদ্যাসমাধিভিঃ।
যাবন্মনোবচঃ স্তুত্বা বিররাম স খিন্নবৎ ॥ ২৬ ॥

অন্বয়

নাভিহ্রদাৎ (নাভিসরোবর হইতে) বিজ্ঞানশক্তিঃ (বিজ্ঞানশক্তি অর্থাৎ বিশেষ জীবশক্তি) অহম্ (আমি) আসম্ (উৎপন্ন হইয়াছি), অস্য [এব] (তাঁহারই) বিচিত্রং রূপম্ (বিচিত্ররূপ) ইদং (এই জগৎ) বিবৃণ্বতঃ (বিস্তারকারী) মে (আমার) নিগমস্য (বেদের) গিরাম্ বিসর্গঃ (বাক্যসমূহের উচ্চারণ) মা রীরিষীষ্ট (যেন ক্ষীণ না হয়) ॥ ২৪ ॥

অদভ্রকরুণঃ (অদভ্র—অনল্প, পরমকারুণিক) পুরাণঃ পুরুষঃ (সনাতন পুরুষ) সঃ অসৌ ভগবান্ (সেই ভগবান্) বিবৃদ্ধপ্রেমস্মিতেন (প্রেমহাস্যে) নয়নাম্বুরুহং (নয়নকমল) বিজৃম্ভন্ (উন্মীলন করিয়া) বিশ্ববিজয়ায় চ (সর্ব্বত্র বিজয়ের নিমিত্ত অর্থাৎ সৃষ্ট্যাদিকার্য্যে যেন পরাভূত না হই এই জন্য ও পূর্ব্বপ্রার্থনা সিদ্ধির জন্য) উত্থায় (গাত্রোত্থান করিয়া) মাধ্ব্যা গিরা (সুমধুর বাক্যের দ্বারা) নঃ (আমার) বিষাদং (মনের খেদ) অপনয়তাৎ (অপনয়ন করুন) ॥২৫॥

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) সঃ (সেই ব্রহ্মা) তপোবিদ্যাসমাধিভিঃ (তপস্যা,

অনুবাদ

বিশেষ জীবশক্তি আমি সমুৎপন্ন হইয়াছি, এই বিচিত্র জগৎ তাঁহারই রূপ; তাঁহার আজ্ঞায় ইহা বিস্তার করিতে গিয়া আমার বেদবাক্যসমূহের উচ্চারণ যেন ক্ষীণ না হয় অর্থাৎ লুপ্ত না হয় ॥ ২৪ ॥

[ভগবানের কৃপা-কটাক্ষ ও কৃপাদেশই ভক্তগণের পরম আনন্দদায়ক; অতএব এক্ষণে ব্রহ্মা তাহাই ভগবৎসমীপে প্রার্থনা করিতেছেন]—যিনি পরমকারুণিক ও সনাতন পুরুষ, সেই ভগবান্ প্রেমহাস্যে নয়নকমল উন্মীলন করিয়া সর্ব্বত্র বিজয়ের নিমিত্ত অর্থাৎ সৃষ্টিকার্য্যে যেন পরাভূত না হই এই জন্য ও আমার পূর্ব্বপ্রার্থিত বাসনা পূরণের জন্য গাত্রোত্থান করিয়া সুমধুর বাক্যের দ্বারা আমার মনোদুঃখ অপনয়ন করুন ॥ ২৫ ॥

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর! সেই ব্রহ্মা তপস্যা, উপাসনা ও সমাধিদ্বারা

টীকা

"বিজ্ঞানং যজ্ঞং তনুতে" ইতি শ্রুতের্বিজ্ঞানরূপা শক্তিঃ জীববিশেষশক্তিরহম্ নাভিহ্রদাৎ ইহ আসম্। তস্যৈব বিচিত্রং রূপমিদং বিশ্বম্ তদাজ্ঞয়া বিবৃণ্বতঃ স্বাধিকারানুসারেণ বিস্তারয়তো মে নিগমস্য অবয়বভূতানাং গিরাম্ বিসর্গঃ উচ্চারণং মা রীরিষীষ্ট মা ক্ষীণঃ স্যাদিত্যর্থঃ ॥ ২৪ ॥ অদভ্রা অনল্পা করুণা যস্য সঃ, নয়নাম্বুরুহং বিজৃম্ভন্ বিজৃম্ভয়ন্ উল্লাসয়ন্ বিশ্ববিজয়ায় চকারাদস্মদনুগ্রহায় উত্থায় বিবৃদ্ধঃ প্রেমা যস্মিন্ তেন স্মিতেন মাধ্ব্যা গিরা চ নোঽস্মাকং বিষাদং বৈমনস্যম্ অপনয়তাৎ ॥ ২৫ ॥

অথাভিপ্রেতমন্বীক্ষ্য ব্রহ্মণো মধুসূদনঃ।
বিষণ্ণচেতসস্তেন কল্পব্যতিকরাম্ভসা ॥ ২৭ ॥
লোকসংস্থানবিজ্ঞান আত্মনঃ পরিখিদ্যতঃ।
তমাহাগাধয়া বাচা কশ্মলং শময়ন্নিব ॥ ২৮ ॥

শ্রীভগবানুবাচ

মা বেদগর্ভ! গাস্তন্দ্রীং সর্গ উদ্যমমাবহ।
তন্ময়াপাদিতং হ্যগ্রে যন্মাং প্রার্থয়তে ভবান্ ॥২৯ ॥

অন্বয়

উপাসনা ও সমাধিদ্বারা) স্বসম্ভবং (নিজের উৎপত্তি যাহা হইতে হইয়াছে, সেই নারায়ণকে) নিশাম্য (দর্শন করিয়া) যাবন্মনোবচঃ (মন ও বাক্যের শক্তি অনুসারে) এবং (এই প্রকারে) স্তুত্বা (স্তব করিয়া) খিন্নবৎ (পরিশ্রান্তের ন্যায়) বিররাম (বিরত হইলেন) ॥ ॥

অথ (অনন্তর) মধুসূদনঃ (ভগবান্) আত্মনঃ (নিজের) লোকসংস্থানবিজ্ঞানে (লোকনির্ম্মাণ ও স্থাপনাদি বিষয়ে) পরিখিদ্যতঃ (খেদযুক্ত) তেন কল্পব্যতিকরাম্ভসা (ও সেই প্রলয়সলিলের দ্বারা অর্থাৎ প্রলয়সলিল সন্দর্শনে) বিষণ্ণচেতসঃ (দুঃখিতচিত্ত) ব্রহ্মণঃ (ব্রহ্মার) অভিপ্রেতম্ (অভিপ্রায়) অন্বীক্ষ্য (বুঝিতে পারিয়া) অগাধয়া বাচা (গম্ভীর বাক্যের দ্বারা) কশ্মলং (মোহ) শময়ন্নিব (প্রশমিত করিয়াই যেন) তম্ (ব্রহ্মাকে) আহ (বলিতে লাগিলেন) ॥ ২৭-২৮ ॥

শ্রীভগবান্ উবাচ (ভগবান্ বলিলেন) বেদগর্ভ! (হে ব্রহ্মন্!) তন্দ্রীং মা গাঃ (বিষণ্ণতাহেতু আলস্যপ্রাপ্ত হইও না); সর্গে (সৃষ্টিবিষয়ে) উদ্যমম্ (উদ্যম) আবহ (প্রকাশ কর); ভবান্ (তুমি) মাং যৎ প্রার্থয়তে (আমার নিকটে যাহা প্রার্থনা করিয়াছ), তৎ (তাহা) ময়া (আমাকর্ত্তৃক) অগ্রে হি (পূর্ব্বেই) আপাদিতং (সম্পাদিত হইয়া রহিয়াছে) ॥ ২৯ ॥

অনুবাদ

নিজের উৎপত্তিস্থান নারায়ণকে দর্শন করিয়া মন ও বাক্যের শক্তি অনুসারে পূর্ব্বোক্ত প্রকারে স্তব করিয়া পরিশ্রান্তের ন্যায় নিবৃত্ত হইলেন ॥ ২৬ ॥

অনন্তর ভগবান্ মধুসূদন নিজের লোকনির্ম্মাণ ও সংস্থাপনাদি বিষয়ে খিন্ন অর্থাৎ সৃষ্টিকার্য্যে অজ্ঞানতাহেতু খেদপ্রাপ্ত ও প্রলয়সলিল সন্দর্শনে বিষণ্ণচিত্ত ব্রহ্মার অভিপ্রায় বুঝিতে পারিয়া গম্ভীর বাক্যে ব্রহ্মার মোহ প্রশমিত করিয়াই যেন তাহাকে বলিতে লাগিলেন ॥ ২৭-২৮ ॥

ভগবান্ বলিলেন—হে বেদগর্ভ! বিষণ্ণতাহেতু আলস্যপ্রাপ্ত হইও না; সৃষ্টি-

টীকা

স ব্রহ্মা স্বস্য সম্ভবো যস্মাৎ তং নারায়ণং তপআদিভিঃ নিশাম্য দৃষ্ট্বা যাবন্মনোবচঃ মনো-বাক্‌শক্ত্যনুসারেণ স্তুত্বা খিন্নবৎ বিররাম ॥ ২৬ ॥ আত্মনো লোকসংস্থানবিজ্ঞানে পরিখিদ্যতো ব্রহ্মণ অভিপ্রেতমালক্ষ্য কল্পে কল্পান্তে যো ব্যতিকরঃ লোকত্রয়নাশঃ তদম্ভসা বিষণ্ণং চেতো যস্য স তথঃ

ভূয়স্ত্বং তপ আতিষ্ঠ বিদ্যাঞ্চৈব মদাশ্রয়াম্।
তাভ্যামন্তর্হৃদি ব্রহ্মন্! লোকান্ দ্রক্ষ্যস্যপাবৃতান্॥ ৩০॥
তত আত্মনি লোকে চ ভক্তিযুক্তঃ সমাহিতঃ।
দ্রষ্টাসি মাং ততং ব্রহ্মন্! ময়ি লোকাংস্ত্বমাত্মনঃ॥ ৩১॥
যদা তু সর্ব্বভূতেষু দারুষ্বগ্নিমিব স্থিতম্।
প্রতিচক্ষীত মাং লোকো জহ্যাৎ তর্হ্যেব কশ্মলম্॥ ৩২॥

অন্বয়

ব্রহ্মন্! (হে চতুর্ম্মুখ!) ত্বং (তুমি) ভূয়ঃ (পুনরায়) তপঃ (তপস্যা) মদাশ্রয়াম্ বিদ্যাং চ এব (ও মদ্বিষয়িণী উপাসনা) আতিষ্ঠ (আশ্রয় কর অর্থাৎ অবলম্বন কর); তাভ্যাম্ (সেই তপস্যা ও উপাসনাদ্বারা) অন্তর্হৃদি (নিজের হৃদয়মধ্যে) অপাবৃতান্ (আবরণশূন্য অর্থাৎ স্পষ্ট) লোকান্ (লোকসমূহকে) দ্রক্ষ্যসি (দেখিতে পাইবে)॥ ৩০॥

ব্রহ্মন্! (হে চতুর্ম্মুখ!) ততঃ (তাহার পরে) ভক্তিযুক্তঃ ত্বং (ভক্তিমান্ তুমি) সমাহিতঃ (একাগ্রচিত্ত হইয়া) আত্মনি (নিজেতে) লোকে চ (ও লোকসমূহে) মাং (আমাকে) ততং (ব্যাপ্ত) দ্রষ্টাসি (দেখিবে) [এবং] লোকান্ (লোকসমূহ) আত্মনঃ (ও নিজকে) ময়ি (আমাতেই অবস্থিত) [দ্রষ্টাসি] (দেখিতে পাইবে)॥ ৩১॥

[হে ব্রহ্মন্!] যদা তু (যখন) লোকঃ (জীব) দারুষু (কাষ্ঠে) অগ্নিম্ ইব (অগ্নির ন্যায়) সর্ব্বভূতেষু (সকল প্রাণীতে) স্থিতং মাং (অবস্থিত আমাকে) প্রতিচক্ষীত (দর্শন করিবে), তর্হি এব (তখনই জীব) কশ্মলং (নিজের পাপ অর্থাৎ ভেদদর্শনরূপ অজ্ঞান) জহ্যাৎ (দূর করিতে পারিবে)॥৩২॥

অনুবাদ

বিষয়ে উদ্যম প্রকাশ কর। তুমি আমার নিকটে যাহা প্রার্থনা করিয়াছ, তাহা আমি পূর্ব্বেই পূরণ করিয়া রাখিয়াছি॥ ২৯॥

হে ব্রহ্মন্! তুমি পুনরায় তপস্যা ও মদ্বিষয়িণী উপাসনা অবলম্বন কর। সেই তপস্যা ও উপাসনার দ্বারা লোকসমূহকে নিজের হৃদয়মধ্যে স্পষ্টরূপে দেখিতে পাইবে॥ ৩০॥

হে ব্রহ্মন্! তাহার পরে তুমি ভক্তিযুক্ত ও সমাহিতচিত্ত হইয়া আমাকে তোমাতে ও লোকসমূহে পরিব্যাপ্ত দেখিতে পাইবে এবং লোকসমূহ ও নিজকে আমাতেই অবস্থিত দেখিতে পাইবে॥ ৩১॥

হে ব্রহ্মন্! প্রত্যেক কাষ্ঠের অভ্যন্তরে যেমন অগ্নি আছে, সেইরূপ প্রত্যেক জীবের অন্তরেই আমি আছি; জীব যখন সর্ব্বভূতের অভ্যন্তরে আমাকে বর্ত্তমান

টীকা

তং ব্রহ্মাণং মধুসূদন আহেতি যুগ্মান্বয়ঃ॥ ২৭॥ ২৮॥ তদ্রীমালস্যম্ মা গাঃ মা প্রাপ্নুহি॥ ২৯॥ ৩০॥ ততস্তদনন্তরং ভক্তিযুক্তস্ত্বম্ আত্মনি স্বস্মিন্ লোকে চ মাং ততং ব্যাপ্তং দ্রষ্টাসি দ্রক্ষ্যসি আত্মনঃ স্বস্য স্থিতমিতি শেষঃ; আত্মনঃ আত্মানঞ্চেতি বা॥ ৩১॥ প্রতিচক্ষীত পশ্যেৎ॥ ৩২॥ যদা ভূতাদিভি-

যদা রহিতমাত্মানং ভূতেন্দ্রিয়গুণাশয়ৈঃ।
স্বরূপেণ ময়োপেতং পশ্যন্ স্বারাজ্যমৃচ্ছতি ॥ ৩৩ ॥
নানাকর্ম্মবিতানেন প্রজা বহ্বীঃ সিসৃক্ষতঃ।
নাত্মাবসীদত্যস্মিংস্তে বর্ষীয়ান্ মদনুগ্রহঃ ॥ ৩৪ ॥
ঋষিমাদ্যং ন বধ্নাতি পাপীয়াংস্ত্বাং রজোগুণঃ।
যন্মনো ময়ি নির্ব্বদ্ধং প্রজাঃ সংসৃজতোঽপি তে ॥ ৩৫ ॥

অন্বয়

যদা (যখন) [জীব] আত্মানং (জীবাত্মাকে) ভূতেন্দ্রিয়গুণাশয়ৈঃ রহিতং (পৃথিব্যাদি ভূত, জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয় এবং সত্ত্বাদি গুণ ও অন্তঃকরণ বিরহিতরূপে জানিবে) [এবং] স্বরূপেণ ময়া (অংশীস্বরূপ আমার সহিত) উপেতং (যুক্ত আছে বলিয়া) পশ্যন্ (দর্শন করিবে), [তখনই জীব] স্বারাজ্যং (স্বরূপযাথাত্ম্যসুখ অর্থাৎ মোক্ষ) ঋচ্ছতি (প্রাপ্ত হইবে) ॥ ৩৩ ॥

[হে ব্রহ্মন্ !] নানাকর্ম্মবিতানেন (বহুবিধ অনাদি কর্ম্ম অনুসারে) বহ্বীঃ (বহুবিধ) প্রজাঃ (দেবতা, তির্য্যক্ ও মনুষ্যাদি জীব) সিসৃক্ষতঃ (সৃষ্টি করিতে অভিলাষী) তে (তোমার) আত্মা (চিত্ত) ন অবসীদতি (অবসন্ন হইবে না)। অস্মিন্ (এ বিষয়ে) বর্ষীয়ান্ মদনুগ্রহঃ (আমার অত্যধিক অনুগ্রহ আছে বলিয়া জানিবে) ॥ ৩৪ ॥

যৎ (যেহেতু) প্রজাঃ সংসৃজতঃ অপি (প্রজাসৃষ্টিকারী হইলেও) তে (তোমার) মনঃ ময়ি (মন আমাতে) নির্ব্বদ্ধং (নিবদ্ধ আছে) ; [অতএব] পাপীয়ান্ (পাপিষ্ঠ) [অর্থাৎ বিক্ষেপকারী] রজোগুণঃ (রজোগুণ) আদ্যম্ ঋষিং (আদিকবি) ত্বাং (তোমাকে) ন বধ্নাতি (অভিভূত করিতে পারিবে না) ॥৩৫॥

অনুবাদ

দেখিবে, তখনই জীব ভেদদর্শনরূপ মোহ পরিত্যাগ করিবে অর্থাৎ তাহার অজ্ঞান দূর হইয়া যাইবে ॥ ৩২ ॥

যখন জীব জীবাত্মাকে ভূত, ইন্দ্রিয়, গুণ ও অন্তঃকরণবিরহিত বলিয়া জানিবে ও অংশীস্বরূপ আমার সহিত যুক্ত আছে বলিয়া দর্শন করিবে, তখনই জীব স্বারূপ্য অর্থাৎ মোক্ষ লাভ করিবে ॥ ৩৩ ॥

হে ব্রহ্মন্! তুমি জীবের অনাদি পাপপুণ্যরূপ বহুবিধ কর্ম্ম অনুসারে দেবতা, তির্য্যক্ ও মনুষ্যাদি বহুবিধ জীব সৃষ্টি করিতে অভিলাষ করিয়াছ ; এই সৃষ্টিকার্য্যে তোমার চিত্ত অবসন্ন হইবে না ; কারণ এ বিষয়ে তোমার প্রতি আমার অত্যধিক অনুগ্রহ আছে বলিয়া জানিবে ॥ ৩৪ ॥

হে ব্রহ্মন্ ! তুমি প্রজাসৃজনকারী হইলেও তোমার মন আমাতেই নিবদ্ধ আছে ;

টীকা

দৃশ্যৈঃ আত্মানং দ্রষ্টারং বিরহিতং ময়া বা অংশিনা উপেতং চ পশ্যন্ ভবতি, তদা স্বারাজ্যং স্বরূপ-যাথাত্ম্যসুখমৃচ্ছতি প্রাপ্নোতি ॥ ৩৩ ॥ বর্ষীয়ান্ বৃদ্ধতরঃ বহুবিবেকবান্ ইত্যর্থঃ ॥ ৩৪ ॥ ৩৫ ॥ ভূতাদি-

জ্ঞাতোঽহং ভবতা ত্বদ্য দুর্ব্বিজ্ঞেয়োঽপি দেহিনাম্ ।
যন্মাং ত্বং মন্যসেঽযুক্তং ভূতেন্দ্রিয়গুণাত্মভিঃ ॥ ৩৬ ॥
তুভ্যং মদ্বিচিকিৎসায়ামাত্মা মে দর্শিতোঽবহিঃ ।
নালেন সলিলে মূলং পুষ্করস্য বিচিন্বতঃ ॥ ৩৭ ॥
যচ্চকর্থাঙ্গ ! মৎস্তোত্রং মৎকথাভ্যুদয়াঙ্কিতম্ ।
যদ্বা তপসি তে নিষ্ঠা স এষ মদনুগ্রহঃ ॥ ৩৮ ॥

অন্বয়

[হে ব্রহ্মন্ !] যৎ (যেহেতু) ত্বং (তুমি) মাং (আমাকে) ভূতেন্দ্রিয়গুণত্মভিঃ (ভূত, ইন্দ্রিয়, গুণ ও অন্তঃকরণ হইতে) অযুক্তং মন্যসে (পৃথক্ বলিয়া মনে করিয়াছ অর্থাৎ বুঝিতে পারিয়াছ) ; [অতএব] দেহিনাং (জীবগণের) দুর্ব্বিজ্ঞেয়ঃ অপি অহং (দুর্জ্ঞেয় হইলেও আমি) অদ্য তু (আজ কিন্তু) ভবতা (তোমাকর্ত্তৃক) জ্ঞাতঃ [অস্মি] (পরিজ্ঞাত হইলাম) ॥ ৩৬ ॥

মদ্‌বিচিকিৎসায়াম্ (অবশ্যই এই পদ্মের অধিষ্ঠান কিছু আছে এই প্রকার চিন্তা উপস্থিত হইলে) সলিলে (কারণজলে) নালেন (পদ্মনালে অর্থাৎ পদ্মনালের ছিদ্রপথে) পুষ্করস্য (পদ্মের) মূলং বিচিন্বতঃ (মূলদেশ অন্বেষণকারী) তুভ্যম্ (তোমার) অবহিঃ (হৃদয়মধ্যে) মে আত্মা দর্শিতঃ (আমিই তোমাকে আমার স্বরূপ দর্শন করাইয়াছি) ॥ ৩৭ ॥

অঙ্গ ! (হে ব্রহ্মন্ !) [তুমি] যৎ (যে) মৎকথাভ্যুদয়াঙ্কিতম্ (আমার কথারূপ পরমমঙ্গলের নিদান-স্বরূপ) মৎস্তোত্রং (আমার স্তব) চকর্থ (করিয়াছ), যদ্বা (আর যে) তে (তোমার) তপসি (তপস্যাতে) নিষ্ঠা (একাগ্রতা), সঃ এষঃ মদনুগ্রহঃ (ইহাও আমার অনুগ্রহ) [অর্থাৎ আমার অনুগ্রহেই স্তব ও তপস্যা করিতে সমর্থ হইয়াছ] ॥ ৩৮ ॥

অনুবাদ

অতএব চিত্তবিক্ষোভকারী পাপিষ্ঠ রজোগুণ আদিকবি তোমাকে কখনই অভিভূত করিতে পারিবে না ॥ ৩৫ ॥

হে ব্রহ্মন্ ! যেহেতু তুমি আমাকে ভূত, ইন্দ্রিয়, গুণ ও অন্তঃকরণ হইতে পৃথক্ বলিয়া জানিতে পারিয়াছ, অতএব জীবগণের দুর্জ্ঞেয় হইলেও আমি আজ তোমাকর্ত্তৃক পরিজ্ঞাত হইলাম অর্থাৎ তুমি আমার যথার্থস্বরূপ অবগত হইলে ॥ ৩৬ ॥

হে ব্রহ্মন্ ! "অবশ্যই এই পদ্মের মূল নীচে কোথাও আছে" এই প্রকার চিন্তা করিয়া তুমি কারণসলিলে পদ্মনালের ছিদ্রপথে পদ্মের মূলদেশ অন্বেষণ করিয়া নিবৃত্ত হইলে আমিই তোমার হৃদয়মধ্যে আমার স্বরূপ তোমাকে দর্শন করাইয়াছি ॥ ৩৭ ॥

হে ব্রহ্মন্ ! আমার লীলাকীর্ত্তন করিলে পরমমঙ্গল হয় ; তুমি যে আমার স্তব

টীকা

ভিরযুক্তমপ্রাকৃতবিগ্রহত্বাৎ আত্মনা অন্তঃকরণেন ॥ ৩৬ ॥ মদ্বিচিকিৎসায়াম্ "অস্তি হ্যধস্তাদিহ কিঞ্চনে"ত্যেবম্ভূতায়াং মদ্বিষয়ায়াং বিচারণায়াং হেতুভূতায়াং নালেন নালগতচ্ছিদ্রমার্গেণ পুষ্করস্য মূলং বিচিন্বতোঽন্বেষয়তঃ তুভ্যং তব ময়া আত্মা অবহিঃ অন্তর্হৃদি দর্শিতঃ ॥ ৩৭ ॥ মৎকথানুরূপেণ অভ্যুদয়েন

প্রীতোঽহমস্তু ভদ্রং তে লোকানাং বিজয়েচ্ছয়া।
যদস্তৌষীর্গুণময়ং নির্গুণং মানুবর্ণয়ন্ ॥ ৩৯ ॥
য এতেন পুমান্ নিত্যং স্তুত্বা স্তোত্রেণ মাং ভজেৎ।
তস্যাশু সম্প্রসীদেয়ং সর্ব্বকামবরেশ্বরঃ ॥ ৪০ ॥
পূর্ত্তেন তপসা যজ্ঞৈর্দ্দানৈর্যোগৈঃ সমাধিনা।
রাদ্ধং নিঃশ্রেয়সং পুংসা মৎপ্রীতিস্তত্ত্ববিন্মতম্ ॥ ৪১ ॥

অন্বয়

লোকানাং বিজয়েচ্ছয়া (লোকসমূহের সৃষ্টি ইচ্ছা করিয়া) [তুমি] মা (আমাকে) নির্গুণং (প্রাকৃতগুণরহিত) গুণময়ং (ও কল্যাণগুণরাশিরূপে) অনুবর্ণয়ন্ (বর্ণনা করিয়া) যৎ (যেহেতু) অস্তৌষীঃ (স্তব করিয়াছে); [অতএব] অহং (আমি) প্রীতঃ (অতিশয় সন্তুষ্ট হইয়াছি); তে (তোমার) ভদ্রং (মঙ্গল) অস্তু (হউক) ॥ ৩৯ ॥

যঃ পুমান্ (যে পুরুষ) এতেন স্তোত্রেণ (এই স্তোত্রের দ্বারা) স্তুত্বা (স্তব করিয়া) নিতং মাং ভজেৎ (সর্ব্বদা আমার ভজনা করে), সর্ব্বকামবরেশ্বরঃ [অহং] (সকল অভিলষিত বর প্রদানে সমর্থ আমি) তস্য (সেই পুরুষের) [প্রতি] আশু (শীঘ্রই) সম্প্রসীদেয়ম্ (প্রসন্ন হইয়া থাকি) ॥ ৪০ ॥

[হে ব্রহ্মন্!] পুংসাং (মানবগণের) পূর্ত্তেন (বাপী, কূপ ও তড়াগাদিখনন), তপসা (তপস্যা) যজ্ঞৈঃ দানৈঃ (যজ্ঞ, দান) যোগৈঃ (জ্ঞান, কর্ম্ম ও ভক্তিযোগ) সমাধিনা (এবং আমাতে একাগ্রতা এই সকলের দ্বারা) [যৎ] নিঃশ্রেয়সং (যে কল্যাণ) রাদ্ধং (সিদ্ধ হয়), [তৎ] (তাহা) মৎপ্রীতিঃ (আমার প্রীতি সম্পাদনের জন্যই) [ইতি] তত্ত্ববিন্মতম্ (ইহাই তত্ত্বজ্ঞগণের অভিমত) ॥ ৪১ ॥

অনুবাদ

করিয়াছ, আর যে তোমার তপস্যাতে এই একাগ্রতা, ইহাও আমারই অনুগ্রহ অর্থাৎ আমার অনুগ্রহেই আমার স্তব ও তপস্যা করিতে সমর্থ হইয়াছ ॥ ৩৮ ॥

হে ব্রহ্মন্! তুমি লোকসমূহ সৃষ্টির ইচ্ছায় আমাকে নির্গুণ অর্থাৎ প্রাকৃতগুণরহিত ও কল্যাণময়রূপে বর্ণনা করিয়া যে স্তব করিয়াছ, তাহাতে আমি বড়ই সন্তুষ্ট হইয়াছি; তোমার মঙ্গল হউক ॥ ৩৯ ॥

হে ব্রহ্মন্! যে পুরুষ তোমাকর্ত্তৃক কীর্ত্তিত এই স্তোত্রের দ্বারা স্তব করিয়া আমাকে ভজনা করিয়া থাকে, আমি সেই পুরুষের প্রতি শীঘ্রই প্রসন্ন হইয়া থাকি এবং তাহার মনোবাসনা শীঘ্রই পূরণ করিয়া থাকি ॥ ৪০ ॥

হে ব্রহ্মন্! মানবগণ বাপী, কূপ ও তড়াগাদি খননরূপ পূর্ত্তকর্ম্ম, তপস্যা, যজ্ঞ, দান,

টীকা

অঙ্কিতম্ ॥ ৩৮ ॥ গুণময়ং কল্যাণগুণরাশিম্, নির্গুণম্ প্রাকৃতগুণরহিতম্ ॥ ৩৯ ॥ ৪০ ॥ পূর্ত্তাদিভিঃ রাদ্ধং সিদ্ধং নিঃশ্রেয়সং কল্যাণং তন্মৎপ্রীতিরেবেতি তত্ত্ববিদাং মতম্। "কিমলভ্যং ভগবতি প্রসন্নে

অহমাত্মাত্মনাং ধাতঃ প্রেষ্ঠঃ সন্ প্রেয়সামপি।
অতো ময়ি রতিং কুর্য্যাদ্দেহাদির্যৎকৃতে প্রিয়ঃ ॥ ৪২ ॥
সর্ব্ববেদময়েনেদমাত্মনাত্মাত্মযোনিনা।
প্রজাঃ সৃজ যথাপূর্ব্বং যাশ্চ ময্যনুশেরতে ॥ ৪৩ ॥

অন্বয়

ধাতঃ (হে বিধাতঃ!) অহম্ (আমি) আত্মনাং (জীবগণের) আত্মা (আশ্রয়) সন্ (হইয়া) প্রেয়সাম্ অপি (প্রিয় পদার্থ সকলের মধ্যেও) প্রেষ্ঠঃ (অতিশয় প্রিয় হইয়া থাকি), যৎকৃতে (যাহার জন্য) দেহাদিঃ প্রিয়ঃ (দেহাদি প্রিয় হইয়া থাকে), অতঃ (অতএব) [তস্মিন্] ময়ি (সেই আমাতে) রতিং কুর্য্যাৎ (অনুরাগ স্থাপন করা কর্ত্তব্য) ॥৪২॥

[হে ব্রহ্মন্!] আত্মাত্মযোনিনা (জীবগণের আত্মা আমিই তোমার কারণ; তুমি) সর্ব্ববেদময়েন (সর্ব্ববেদময় অর্থাৎ জ্ঞানশক্তি ও ক্রিয়াশক্তিযুক্ত) আত্মনা (নিজের দ্বারা অর্থাৎ অন্যনিরপেক্ষ হইয়া) ইদং (এই ত্রৈলোক্য) যাঃ (ও যাহারা) ময়ি (আমাতে) অনুশেরতে (বিলীন হইয়া রহিয়াছে), [তাঃ] প্রজাঃ চ (সেই সকল প্রজা) যথাপূর্ব্বং (পূর্ব্বকল্পানুসারে) সৃজ (সৃষ্টি কর) ॥ ৪৩ ॥

অনুবাদ

জ্ঞান, কর্ম্ম ও ভক্তিযোগ এবং সমাধিযোগের দ্বারা যে পরমকল্যাণ লাভ করিয়া থাকে, তাহা আমারই প্রীতির নিমিত্ত অর্থাৎ আমার প্রীতিসম্পাদনই সেই সকল কর্ম্মের ফল, ইহাই তত্ত্বজ্ঞগণের অভিমত ॥ ৪১ ॥

আমি জীবগণের আশ্রয় এবং তাহাদের প্রিয় বস্তুসকলের মধ্যেও অতিশয় প্রিয় হইয়া থাকি; অতএব যাঁহার জন্য জীবের দেহগেহাদি প্রিয় হইয়া থাকে, সেই পরমাত্মা আমাতে জীবগণের অনুরাগ করা কর্ত্তব্য ॥ ৪২ ॥

হে ব্রহ্মন্! আমি জীবগণের আত্মস্বরূপ এবং আমিই তোমার কারণ, আমা হইতেই তুমি উৎপন্ন হইয়াছ; অতএব তুমি সর্ব্ববেদময় অর্থাৎ সমস্ত জ্ঞানশক্তি ও ক্রিয়াশক্তির আধার; তোমার আর সৃষ্টিকার্য্যে অন্যের সাহায্যের প্রয়োজন নাই। তুমি নিজেই অন্য নিরপেক্ষ হইয়া এই ত্রৈলোক্য ও যাহারা আমাতে বিলীন হইয়া রহিয়াছে, সেই প্রজাগণকে পূর্ব্বসৃষ্টি অনুসারে সৃষ্টি কর [অর্থাৎ তুমি সর্ব্ববেদময়,—কাজেই কাহারও সাহায্যের প্রয়োজন নাই, অতএব পূর্ব্বসৃষ্টি অনুসারে অর্থাৎ পূর্ব্ব পূর্ব্ব কল্পে যাহা সৃষ্টি করিয়াছ তাহাই করিবে; বিশেষতঃ আমাতে যে সকল প্রজা বিলীন হইয়া রহিয়াছে,

টীকা

শ্রীনিকেতনে" ইত্যাদি বাক্যান্যত্রানুসন্ধেয়ানি ॥ ৪১ ॥ আত্মনাং জীবানাম্ আত্মা আশ্রয়ঃ সন্ প্রেয়সাং প্রেষ্ঠোঽহমতো ময়ি রতিং কুর্য্যাৎ। দেহাদিঃ যৎ কৃতে যদারাধনার্থং প্রিয়স্তস্মিন্ ॥ ৪২ ॥ আত্মনা

শ্রীমৈত্রেয় উবাচ

তস্মা এবং জগৎস্রষ্ট্রে প্রধানপুরুষেশ্বরঃ।
ব্যজ্যেদং স্বেন রূপেণ কঞ্জনাভস্তিরোদধে ॥ ৪৪ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুরমৈত্রেয়-সংবাদে পাদ্মোদ্ভবে ব্রহ্মস্তবো নাম নবমোঽধ্যায়ঃ ॥ ৯ ॥

অন্বয়

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) [হে বিদুর!] প্রধানপুরুষেশ্বরঃ (প্রকৃতি ও পুরুষের অধীশ্বর) কঞ্জনাভঃ (পদ্মনাভ শ্রীহরি) তস্মৈ জগৎস্রষ্ট্রে (সেই জগৎস্রষ্টা ব্রহ্মাকে) এবং (এই প্রকারে) ইদং ব্যজ্য (আদেশ করিয়া) স্বেন রূপেণ (স্বীয় নারায়ণরূপে) তিরোদধে (অন্তর্হিত হইলেন) ॥৪৪॥

অনুবাদ

তাহাদেরই তুমি অভিব্যক্তি করিবে মাত্র; এ সকল কারণে তোমার আর অন্যের অপেক্ষা নাই] ॥ ৪৩ ॥

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর! প্রকৃতিপুরুষনিয়ন্তা পদ্মনাভ শ্রীহরি জগৎস্রষ্টা ব্রহ্মাকে এই প্রকার আদেশ করিয়া অন্তর্হিত হইলেন ॥ ৪৪ ॥

নবম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ৯ ॥

টীকা

অন্যনিরপেক্ষেণ ইদং ত্রৈলোক্যং যা ময়ি অনুশেরতে, তাঃ প্রজাশ্চ যথাপূর্ব্বং সৃজ; অন্যনিরপেক্ষঃ অদৃষ্টপূর্ব্বপ্রজশ্চ কথমেবং করিষ্যামীত্যত আহ—আত্মনামাত্মা অহং যোনির্যস্য তেন সর্ব্ববেদময়েনেতি ॥ ৪৩ ॥ ইদং পূর্ব্বোক্তং বাক্যং ব্যপদিশ্য ॥ ৪৪ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে সিদ্ধান্তপ্রদীপে তৃতীয়স্কন্ধীয়-নবমাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ৯ ॥

দশমোঽধ্যায়ঃ

শ্রীবিদুর উবাচ

অন্তর্হিতে ভগবতি ব্রহ্মা লোকপিতামহঃ।
প্রজাঃ সসর্জ্জ কতিধা দৈহিকীর্মানসীর্বিভুঃ ॥ ১ ॥
যে চ মে ভগবন্! পৃষ্টাস্ত্বয্যর্থা বহুবিত্তম!।
তান্ বদস্বানুপূর্ব্ব্যেণ ছিন্ধি নঃ সর্ব্বসংশয়ান্ ॥ ২ ॥

শ্রীসূত উবাচ

এবং সঞ্চোদিতস্তেন ক্ষত্রা কৌশারবির্মুনিঃ।
প্রীতঃ প্রত্যাহ তান্ প্রশ্নান্ হৃদিস্থানথ ভার্গব! ॥ ৩ ॥

অন্বয়

শ্রীবিদুরঃ উবাচ (বিদুর বলিলেন)—ভগবতি অন্তর্হিতে (ভগবান্ নারায়ণ অন্তর্হিত হইলে) লোকপিতামহঃ বিভুঃ ব্রহ্মা (লোকপিতামহ বিভু ব্রহ্মা) দৈহিকীঃ (দেহজ) মানসীঃ (ও সঙ্কল্পজ) কতিধা (কতপ্রকার) প্রজাঃ সসর্জ্জ (প্রজা সৃষ্টি করিলেন?) ॥১॥

ভগবন্ বহুবিত্তম! (হে ভগবন্ জ্ঞানিপ্রবর!) ত্বয়ি (আপনার নিকটে) মে (আমাকর্ত্তৃক) যে চ অর্থাঃ (যে সকল বিষয়) পৃষ্টাঃ (জিজ্ঞাসিত হইয়াছে), আনুপূর্ব্ব্যেণ (আনুপূর্ব্বিক) তান্ (সেই সকল) বদস্ব (আমার নিকটে বলুন); নঃ (আমার) সর্ব্বসংশয়ান্ (সকল সংশয়) ছিন্ধি (ছেদন করুন) ॥ ২ ॥

শ্রীসূতঃ উবাচ (সূত বলিলেন) ভার্গব! (হে ভৃগুকুলতিলক শৌনক!) অথ (অনন্তর) তেন ক্ষত্রা (সেই বিদুরকর্ত্তৃক) এবং (এই প্রকারে) সঞ্চোদিতঃ (প্রেরিত হইয়া অর্থাৎ প্রার্থিত হইয়া) মুনিঃ (মননশীল) কৌশারবিঃ (কুশারুনন্দন মৈত্রেয়ঋষি) প্রীতঃ [সন্] (প্রীত হইলেন এবং) হৃদিস্থান্ (হৃদয়গত অর্থাৎ অবিস্মৃত) তান্ প্রশ্নান্ (সেই প্রশ্নসমূহের) প্রত্যাহ (প্রত্যুত্তর দিতে লাগিলেন) ॥ ৩ ॥

অনুবাদ

বিদুর বলিলেন—হে গুরো! ভগবান্ নারায়ণ অন্তর্হিত হইলে লোকপিতামহ বিভু ব্রহ্মা দেহ হইতে ও মন হইতে কত প্রকার প্রজা সৃষ্টি করিলেন? ॥ ১ ॥

হে ভগবন্! আমি আপনাকে যে সকল বিষয় জিজ্ঞাসা করিয়াছি, সেই সকল আনুপূর্ব্বিক আমার নিকটে বর্ণনা করুন; হে জ্ঞানিপ্রবর! আমার সংশয়সমূহ ছেদন করুন ॥ ২ ॥

সূত বলিলেন—হে ভৃগুকুলতিলক শৌনক! বিদুরকর্ত্তৃক এই প্রকারে প্রার্থিত হইয়া মৈত্রেয়ঋষি সন্তুষ্ট হইলেন এবং ক্রমশঃ সেই প্রশ্নসমূহের প্রত্যুত্তর দিতে লাগিলেন ॥ ৩ ॥

টীকা

এবং ব্রহ্মোৎপত্ত্যাদিকং শ্রুত্বা ব্রহ্মকৃতাং প্রজোৎপত্তিং পূর্ব্বকৃতস্বপ্রশ্নোত্তরঞ্চ শ্রোতুং বিদুরঃ পৃচ্ছতি—অন্তর্হিত ইতি ॥ ১ ॥ ২ ॥ সঞ্চোদিতঃ প্রেরিতঃ প্রার্থিত ইত্যর্থঃ ॥ ৩ ॥ আত্মনি শ্রীনারায়ণে

শ্রীমৈত্রেয় উবাচ

বিরিঞ্চোঽপি তথা চক্রে দিব্যং বর্ষশতং তপঃ।
আত্মন্যাত্মানমাবেশ্য যথাহ ভগবানজঃ ॥ ৪ ॥
তদ্বিলোক্যাব্জসম্ভূতো বায়ুনা যদধিষ্ঠিতঃ।
পদ্মমম্ভশ্চ তৎকালকৃতবীর্য্যেণ কম্পিতম্ ॥ ৫ ॥
তপসা হ্যেধমানেন বিদ্যয়া চাত্মসংস্থয়া।
বিবৃদ্ধবিজ্ঞানবলো ন্যপাদ্বায়ুং সহাম্ভসা ॥ ৬ ॥
তদ্বিলোক্য বিয়দ্ব্যাপি পুষ্করং যদধিষ্ঠিতম্।
অনেন লোকান্ প্রাগ্‌লীনান্ কল্পিতাস্মীত্যচিন্তয়ৎ ॥৭॥

অন্বয়

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) [হে বিদুর !] বিরিঞ্চঃ অপি (ব্রহ্মাও) ভগবান্ অজঃ (ষড়ৈশ্বর্য্যশালী নারায়ণ) যথা আহ (যে প্রকার বলিয়াছিলেন), তথা (সেই প্রকারে) আত্মনি (শ্রীনারায়ণে) আত্মানং (চিত্ত) আবেশ্য (নিবেশিত করিয়া) দিব্যং বর্ষশতং (দেবপরিমাণে শতবৎসর) তপঃ চক্রে (তপস্যা করিলেন) ॥ ৪ ॥

অব্জসম্ভূতঃ (কমলযোনি ব্রহ্মা) যদধিষ্ঠিতঃ (যাহাতে অবস্থান করিতেছিলেন), তৎ পদ্মম্ (সেই পদ্ম) অম্ভঃ চ (ও সেই জল) তৎকালকৃতবীর্য্যেণ (প্রলয়কালীন বীর্য্যশালী) বায়ুনা (বায়ুকর্ত্তৃক) কম্পিতং বিলোক্য (কম্পিত দেখিয়া) এধমানেন (ক্রমশঃ বর্দ্ধিত) তপসা (তপস্যার দ্বারা) আত্মসংস্থয়া (ও পরমাত্মবিষয়ক) বিদ্যয়া চ (উপাসনাদ্বারা) বিবৃদ্ধবিজ্ঞানবলঃ (উত্তরোত্তর জ্ঞানসম্পন্ন হইয়া) অম্ভসা সহ (জলের সহিত) বায়ুং ন্যপাৎ (বায়ুকে পান করিলেন) ॥ ৫-৬ ॥

[অনন্তর ব্রহ্মা] যৎ অধিষ্ঠিতং (যাহা স্বীয় অধিষ্ঠান), তৎ পুষ্করং (সেই পদ্মকে) বিয়দ্ব্যাপি (আকাশ-

অনুবাদ

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর! ব্রহ্মাও ভগবান্ নারায়ণ যেরূপ আদেশ করিয়াছিলেন, সেই প্রকারে নারায়ণে চিত্ত নিবেশিত করিয়া দেবপরিমাণে শতবৎসর তপস্যা করিলেন ॥ ৪ ॥

কমলযোনি ব্রহ্মা যাহাতে অবস্থান করিতেছিলেন, সেই পদ্ম ও সেই জল প্রলয়-কালীন শক্তিসম্পন্ন বায়ুকর্ত্তৃক কম্পিত দেখিয়া ক্রমবর্দ্ধিত তপস্যা ও পরমাত্মবিষয়ক উপাসনা দ্বারা স্বীয় বিজ্ঞান ক্রমশঃ বৃদ্ধি করিলেন ও জলের সহিত বায়ুকে পান করিলেন ॥ ৫-৬ ॥

অনন্তর ব্রহ্মা যাহা নিজের অধিষ্ঠান, সেই পদ্মকে আকাশব্যাপী দর্শন করিয়া "এই

টীকা

আত্মানং মনঃ ॥ ৪ ॥ যদধিষ্ঠায় স্থিতঃ কর্ত্তরি ক্তঃ, তৎ পদ্মম্ অম্ভশ্চ বিলোক্য সহাম্ভসা বায়ুং ন্যপাদিত্যুত্তরেণান্বয়ঃ ॥ ৫ ॥ আত্মসংস্থয়া পরমাত্মবিষয়য়া বিবৃদ্ধং বিজ্ঞানং বলং চ যস্য সঃ, ন্যপাৎ সর্ব্বং পীতবান্ ॥ ৬ ॥ লোকান্ কল্পিতাস্মি স্থাপয়িষ্যামি ॥ ৭ ॥ ভগবতা স্বয়ং করণীয়ে কর্ম্মণি নিযুক্তঃ সন্

পদ্মকোষং তদাবিশ্য ভগবৎকর্ম্মচোদিতঃ।
একং ব্যভাঙ্ক্ষীদুরুধা ত্রিধা ভাব্যং দ্বিসপ্তধা ॥ ৮ ॥
এতাবান্ জীবলোকস্য সংস্থাভেদঃ সমাহৃতঃ।
ধর্ম্মস্য হ্যনিমিত্তস্য বিপাকঃ পরমেষ্ঠ্যসৌ ॥ ৯ ॥

অন্বয়

ব্যাপী) বিলোক্য (দর্শন করিয়া) অনেন (এই পদ্মদ্বারা) [আমি] প্রাগ্‌লীনান্ লোকান্ (পূর্ব্ব কল্পান্তে বিলীন লোকসমূহকে) কল্পিতাস্মি (স্থাপন করিব) [অর্থাৎ সৃষ্টি করিব] ইতি অচিন্তয়ৎ (ইহা চিন্তা করিলেন) ॥ ৭ ॥

ভগবৎকর্ম্মচোদিতঃ (ভগবৎকর্ত্তৃক কর্ম্মে নিযুক্ত হইয়া ব্রহ্মা) তদা (তখন) পদ্মকোষং আবিশ্য (পদ্মকোষে প্রবেশ করিয়া) [তম্] একং [এব] (সেই একমাত্র পদ্মকোষকেই) ত্রিধা (লোকত্রয়রূপে) ব্যভাঙ্ক্ষীৎ (বিভক্ত করিলেন)। [ইহা আশ্চর্য্যজনক নহে ; যেহেতু এই পদ্ম] দ্বিসপ্তধা (চতুর্দ্দশলোকরূপে) উরুধা (এমন কি বহু প্রকারে) ভাব্যং (বিভক্ত হইবার যোগ্য) ॥ ৮ ॥

[হে বিদুর !] জীবলোকস্য (ব্রহ্মাকর্ত্তৃক প্রত্যহ সৃষ্ট জীবসমূহের ভোগস্থানের) সংস্থাভেদঃ (রচনাবিশেষ) এতাবান্ (ইহাই) সমাহৃতঃ (আমাকর্ত্তৃক কথিত হইল)। [ব্রহ্মাও যখন জীব-বিশেষ, তখন ব্রহ্মলোকেরও প্রত্যহ সৃষ্টি হয় না কেন ? এই আশঙ্কায় বলিতেছেন] হি (যেহেতু) অসৌ পরমেষ্ঠী (সেই ব্রহ্মা) অনিমিত্তস্য (নিষ্কাম) ধর্ম্মস্য (ধর্ম্মের) বিপাকঃ (ফল-স্বরূপ) [অতএব তিনি দ্বিপরার্দ্ধকাল পর্য্যন্ত অবস্থান করেন] ॥ ৯ ॥

অনুবাদ

পদ্মদ্বারাই আমি পূর্ব্বকল্পান্তে বিলীন লোকসমূহকে পুনরায় সংস্থাপন করিব" এইরূপ চিন্তা করিলেন ॥ ৭ ॥

এইরূপে ভগবৎকর্ত্তৃক কর্ম্মে নিযুক্ত হইয়া ব্রহ্মা তখন পদ্মকোষে প্রবেশ করিলেন এবং সেই একমাত্র পদ্মকোষকেই লোকত্রয়রূপে বিভক্ত করিলেন। একপদ্মের দ্বারা কি করিয়া লোকত্রয় সৃষ্টি করিলেন ? এইরূপ আশঙ্কার কোনও কারণ নাই ; যেহেতু এই পদ্ম চতুর্দ্দশ লোকরূপে এমন কি বহুপ্রকারেও বিভক্ত হইবার যোগ্য ; অতএব ইহার পক্ষে লোকত্রয়রূপে বিভক্ত হওয়া আশ্চর্য্যজনক নহে ॥ ৮ ॥

হে বিদুর ! ব্রহ্মাকর্ত্তৃক প্রত্যহ সৃষ্ট জীবসমূহের ভোগস্থান এই ত্রৈলোক্য

টীকা

পদ্মকোষমাবিশ্য তমেকমেব ত্রিধা লোকত্রয়রূপেণ ব্যভাঙ্ক্ষীৎ বিবভাজ, "সোঽসৃজত্তপসা যুক্তো রজসা মদনুগ্রহাৎ। লোকান্ সপালান্ বিশ্বাত্মা ভূর্ভুবঃ স্বরিতি ত্রিধা ॥" ইতি একাদশে বক্ষ্যমাণাৎ। "এষঃ দৈনন্দিনঃ সর্গো ব্রাহ্মস্ত্রৈলোক্যবর্ত্তন" ইতি অত্রৈব বক্ষ্যমাণত্বাচ্চ। একেন কমলমুকুলেন লোকত্রয়-সৃষ্ট্যসম্ভাবনাং নিরাকর্ত্তুমাহ—দ্বিসপ্তধা ; ততোঽপি উরুধা বহুধা ভাব্যং ভাবয়িতুং যোগ্যম্ ; অতস্ত্রিধাবিভাগে অসম্ভাবনা ন কার্য্যা ইতি ভাবঃ ॥ ৮ ॥ জীবলোকস্য জীবানাং ভোগস্থানভেদঃ রচনাবিশেষঃ এতাবান্ লোকত্রয়রচনালক্ষণঃ। তত্র লোকস্য প্রত্যহং সৃষ্টিঃ, ন তু মহরাদিলোক-

শ্রীবিদুর উবাচ

যদাত্থ বহুরূপস্য হরেরদ্ভুতকর্ম্মণঃ।
কালাখ্যং লক্ষণং ব্রহ্মন্! যথা বর্ণয় নঃ প্রভো! ॥১০॥

অন্বয়

শ্রীবিদুরঃ উবাচ (বিদুর বলিলেন) প্রভো! ব্রহ্মন্! (হে গুরো! হে ব্রহ্মন্!) অদ্ভুতকর্ম্মণঃ (অদ্ভুতকর্ম্মা) বহুরূপস্য (বহুরূপধারী) হরেঃ (শ্রীহরির) যৎ কালাখ্যং লক্ষণং (যে কালনামক স্বরূপ অর্থাৎ কালশক্তিরূপ তত্ত্ব) [আছে] আথ (আপনি বলিলেন), [তৎ] (তাহা) নঃ (আমার নিকটে) যথা (আনুপূর্ব্বিক) বর্ণয় (বর্ণনা করুন) ॥ ১০ ॥

অনুবাদ

আমি তোমার নিকটে কীর্ত্তন করিলাম। ব্রহ্মা জীববিশেষ হইলেও ব্রহ্মলোকের প্রত্যহ সৃষ্টি হয় না। ব্রহ্মা ও ব্রহ্মলোকের ন্যায় মহঃ, জন, তপঃ ও সত্যলোকের এবং সেই সেই লোকবাসিগণেরও প্রত্যহ সৃষ্টি হয় না; যেহেতু ঐ ব্রহ্মা প্রভৃতি নিষ্কাম ধর্ম্মের ফল-স্বরূপ। [অর্থাৎ যাঁহারা নিষ্কাম কর্ম্ম করেন, তাঁহারা প্রায়ই মহরাদি লোকচতুষ্টয়ে গমন করিয়া থাকেন। তন্মধ্যে যাঁহারা ব্রহ্মের উপাসনা করেন, তাঁহারা সেই সেই লোক পরিত্যাগ করিয়া মুক্ত হইয়া থাকেন। আবার যাঁহারা কেবল নিষ্কাম কর্ম্ম সকল করিয়া "কেবল তাহার দ্বারাই মুক্তি হওয়া অসম্ভব" এই বিবেচনায় নিষ্কাম কর্ম্মের দ্বারা বিশুদ্ধান্তঃকরণ হইয়া বহুকাল সেখানে পরব্রহ্মের উপাসনা করিয়া থাকেন, তাঁহারা তপস্যা সিদ্ধি হইলে দ্বিপরার্দ্ধকালান্তে ব্রহ্মার সহিত মুক্ত হইয়া থাকেন। এতদ্ভিন্ন অপর সকলে সেই সেই লোকে গমন করিলেও ভোগশেষে পুনরায় পতিত হইয়া থাকে; অতএব মহরাদিলোকসমূহ দ্বিপরার্দ্ধকাল স্থায়ী বলিয়া তাঁহাদের ও সেই সেই লোকবাসিগণের প্রত্যহ সৃষ্টি হয় না] ॥ ৯ ॥

[পূর্ব্বে যে পঞ্চম শ্লোকে "তৎকালকৃতবীর্য্যেণ" এই অংশের দ্বারা কালকে বায়ুর শক্তিবৃদ্ধির কারণ বলা হইয়াছে, তাহা শুনিয়া বিদুর সেই কালকে জানিবার ইচ্ছায়

টীকা

চতুষ্টয়স্য। তচ্চ প্রায়ঃ নিষ্কামকর্ম্মিণাং বাসস্থানমিত্যাশয়েনাহ—অসৌ পরমেষ্ঠী উপলক্ষণমেতৎ মহরাদিসত্যলোকান্তপ্রপঞ্চস্য, অনিমিত্তস্য নিষ্কামস্য ধর্ম্মস্য নিয়ামকঃ ফলম্। হিশব্দাদিদং বোধ্যম্—প্রায়ঃ নিষ্কামকর্ম্মকর্ত্তারো মহরাদিষু গচ্ছন্তি, তত্র যে পরব্রহ্মোপাসকাঃ তান্ লোকান্ বিহায় ব্রহ্মাণ্ডং ভিত্ত্বা মুক্তা ভবন্তি। যে কেবলাশ্রমকর্ম্মকর্ত্তারঃ কেবলৈর্নিষ্কামকর্ম্মভিঃ মুক্ত্যসম্ভবাৎ তৈঃ কর্ম্মভিঃ বিশুদ্ধান্তঃকরণাঃ পরব্রহ্মোপাসনাং তত্র বহুকালং কুর্ব্বন্তি; তৎসিদ্ধৌ ব্রহ্মাণ্ডং ভিত্ত্বা ব্রহ্মণা সহ দ্বিপরার্দ্ধান্তে মুক্তা ভবন্তি। অন্যে সর্ব্বে তেষু লোকেষু গত্বাপি ভোগান্তে পতন্তি। অতঃ তেষাং লোকানাং প্রত্যহং সৃষ্টির্ন ভবতি দ্বিপরার্দ্ধস্থায়িত্বাদিতি ॥ ৯ ॥ তৎকালকৃতবীর্য্যেণেতি লোকত্রয়-পূর্ব্ববর্ত্তিবায়ুবীর্য্যবৃদ্ধিনিমিত্তং কালং শ্রুত্বা তমেব কালং জিজ্ঞাসুর্বিদুরঃ পৃচ্ছতি—যদাত্থেতি। হরেঃ কালাখ্যং লক্ষণং শক্তিমদ্ধরিরূপজ্ঞাপকং কালনামকং শক্তিভূতং তত্ত্বং কালকৃতবীর্য্যেণেত্যনেন আথ

শ্রীমৈত্রেয় উবাচ

গুণব্যতিকরাকারো নির্ব্বিশেষোঽপ্রতিষ্ঠিতঃ।
পুরুষস্তদুপাদানমাত্মানং লীলয়াসৃজৎ ॥ ১১ ॥
বিশ্বং বৈ ব্রহ্মতন্মাত্রং সংস্থিতং বিষ্ণুমায়য়া।
ঈশ্বরেণ পরিচ্ছিন্নং কালেনাব্যক্তমূর্ত্তিনা ॥ ১২ ॥

অন্বয়

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) গুণব্যতিকরাকারঃ (গুণত্রয়ের ক্ষোভ যাহা হইতে হইয়া থাকে এবং তাহাই যাঁহার আকার অর্থাৎ স্থূল ও সূক্ষ্মরূপ সেই) নির্ব্বিশেষঃ (প্রাকৃত-দোষশূন্য অর্থাৎ নির্গুণ) অপ্রতিষ্ঠিতঃ (এবং সকলের আধার হইয়াও স্বয়ং আধাররহিত) পুরুষঃ (পরমেশ্বর) তদুপাদানং (এই সৃজ্যমান জগতের উপাদান) আত্মানং (নিজকে) লীলয়া (লীলাহেতু) অসৃজৎ (বিশ্বাকারে সৃষ্টি করিলেন) ॥ ১১ ॥

[পরমেশ্বরেরই অবস্থাবিশেষ যখন এই বিশ্ব, তখন বিশ্বই কেন প্রাপ্য হয় না, কি জন্যই বা বিশ্ব-ব্যতিরিক্ত পরমেশ্বর প্রাপ্তির উপায় অবলম্বন করা হয়? ইহার উত্তরে বলিতেছেন] বিষ্ণুমায়য়া সংস্থিতং (ভগবন্মায়ার দ্বারা সংস্থিত অর্থাৎ ভগবচ্ছক্তির পরিণামভূত) বিশ্বং (জগৎ) ব্রহ্ম বৈ (ব্রহ্মই); [যতঃ] (যেহেতু) তন্মাত্রম্ (এই বিশ্ব ব্রহ্মাত্মক অর্থাৎ ভগবদাত্মক) [যদিও ব্রহ্মাত্মক, তথাপি]

অনুবাদ

জিজ্ঞাসা করিতেছেন] বিদুর বলিলেন—হে ব্রহ্মন্! হে প্রভো! আপনি যে অদ্ভুতকর্ম্মা বহুরূপধারী শ্রীহরির কালনামক তত্ত্বের কথা বলিয়াছেন, তাহা আমার নিকটে আনুপূর্ব্বিক বর্ণনা করুন। [অর্থাৎ কাল কিরূপে কল্পিত হয় এবং তাহার স্থূল ও সূক্ষ্ম রূপই বা কি? আমাকে বলুন] ॥ ১০ ॥

[কালের স্বরূপাদি পরের অধ্যায়ে বিস্তারিত করিয়া বলিবেন; এক্ষণে কেবল সামান্যরূপে বলিতেছেন] মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর! গুণত্রয়ের ক্ষোভ যাহা হইতে হইয়া থাকে এবং তাহাই যাঁহার স্থূল ও সূক্ষ্ম রূপ, সেই নির্গুণ ও আধার-রহিত পরমেশ্বর এই সৃজ্যমান জগতের উপাদান নিজকে লীলাহেতু বিশ্বাকারে পরিণত করিয়াছেন ॥ ১১ ॥

[পরমেশ্বরেরই অবস্থাবিশেষ যখন এই জগৎ, তখন জগৎই কেন সকলের প্রাপ্য হয়

টীকা

উক্তবান্, তৎ নোঽস্মভ্যং বর্ণয় ইত্যন্বয়ঃ ॥ ১০ ॥ তত্র বিশেষতস্ত্বগ্রিমে অধ্যায়ে কালো বর্ণ্যতে। সামান্যতঃ তং বিশ্বসৃষ্ট্যাদিনিমিত্ততয়া দর্শয়তি—গুণব্যতিকরাকার ইত্যাদিনা। গুণানাং ব্যতিকরো যস্মাৎ তৎপ্রধানং আকারঃ দ্বিতীয়স্কন্ধোক্তরীত্যা স্থূলং সূক্ষ্মং চ রূপং যস্য সঃ পুরুষঃ পরমেশ্বরঃ নির্ব্বিশেষঃ প্রাকৃতদোষাস্পৃষ্টঃ অপ্রতিষ্ঠিতঃ সর্ব্বাধারত্বে সতি আধাররহিতঃ স্বাশ্রয়ঃ আত্মানং বিশ্ব-মসৃজৎ বিশ্বাকারং কৃতবান্; কথম্ভূতমাত্মানম্? তদুপাদানং তস্য সৃজ্যমানস্য বিশ্বস্য উপাদানম্ ॥ ১১ ॥ নন্থ তর্হি বিশ্বস্য পুরুষাবস্থাবিশেষত্বাদুপাদেয়ত্বমেব, কিমর্থো বিশ্বব্যতিরিক্তপুরুষপ্রাপ্ত্যুপায় ইত্যত

যথেদানীং তথা চাগ্রে পশ্চাদপ্যেতদীদৃশম্।
সর্গো নববিধস্তস্য প্রাকৃতো বৈকৃতস্তু যঃ ॥ ১৩ ॥

অন্বয়

অব্যক্তমূর্ত্তিনা (অপ্রকাশিত অর্থাৎ অলক্ষিতমূর্ত্তি) ঈশ্বরেণ (সেই কালনিয়ন্তা ভগবৎকর্ত্তৃক) কালেন (জগতের সৃষ্টি সংহারের নিমিত্তভূত কালের দ্বারা) পরিচ্ছিন্নং (এই জগৎ ব্যাপ্ত অর্থাৎ অনিত্য) [অতএব বিশ্ব অনিত্য বলিয়া প্রাপ্য নহে] ॥ ১২ ॥

[বিশ্বকে অনিত্য বলায় সৃষ্টির পূর্ব্বে এবং প্রলয়ের পরে কি বিশ্বের অভাব ছিল? এই আশঙ্কা নিবারণ করিবার জন্য বলিতেছেন]—যথা ইদানীম্ (যেমন বর্ত্তমানে) এতৎ (এই বিশ্ব) [ভাবরূপ], তথা (সেইরূপ) অগ্রে চ (সৃষ্টির পূর্ব্বে) পশ্চাৎ অপি (এবং প্রলয়ের পরেও) এতৎ ঈদৃশম্ (এই বিশ্ব এই প্রকারই ছিল) [অর্থাৎ ভাবরূপই ছিল]। [কেবলমাত্র কার্য্যাবস্থারই অনিত্যতা, কারণরূপে জগৎ নিত্যই]। তস্য (সেই কার্য্যাবস্থাপন্ন ও কালপরিচ্ছিন্ন জগতের) সর্গঃ (সৃষ্টি) নববিধঃ (প্রাকৃত ছয় প্রকার ও বৈকৃত তিন প্রকার এই নয় প্রকার)। যঃ তু (যে সৃষ্টি) প্রাকৃতঃ বৈকৃতঃ (প্রাকৃত ও বৈকৃত), [তাহা দশম] ॥ ১৩ ॥

অনুবাদ

না? কি জন্যই বা বিশ্ব ব্যতিরিক্ত পরমেশ্বর প্রাপ্তির উপায় অবলম্বন করা হয়? এই আশঙ্কার উত্তরে বলিতেছেন]—ভগবচ্ছক্তির পরিণামভূত এই জগৎ ব্রহ্মই; যেহেতু এই জগৎ ব্রহ্মাত্মক। যদিও এই জগৎ ভগবদাত্মক, তথাপি অব্যক্ত কালনিয়ন্তা ভগবান্ স্বীয় শক্তি কালের দ্বারা এই জগৎকে সীমাবদ্ধ করিয়া রাখিয়াছেন; সীমাবদ্ধ বলিয়াই জগৎ অনিত্য; অতএব অনিত্য জগৎ মুমুক্ষুর প্রাপ্য নহে ॥ ১২ ॥

[সৃষ্টির পূর্ব্বে ও প্রলয়ের পরে জগতের অভাব যে ছিল না, তাহাই বলিতেছেন]—এই বিশ্ব বর্ত্তমানে যেমন ভাবরূপ, সেইরূপ সৃষ্টির পূর্ব্বে এবং প্রলয়ের পরেও এই জগৎ কারণরূপে অবস্থিত আছে জানিবে। পূর্ব্বে যে অনিত্য বলা হইয়াছে, তাহাতে কেবলমাত্র কার্য্যাবস্থাকেই লক্ষ্য করা হইয়াছে; কারণরূপে জগৎ নিত্যই। এই কার্য্যাবস্থাপন্ন ও কালপরিচ্ছিন্ন জগতের সৃষ্টি প্রাকৃত ছয় প্রকার ও বৈকৃত তিন প্রকারে মোট নয় প্রকার। আর যে সৃষ্টি প্রাকৃত ও বৈকৃত, তাহা দশম ॥ ১৩ ॥

টীকা

আহ—বিশ্বং সর্ব্বং কার্য্যজাতং ব্রহ্মৈব; যতঃ তন্মাত্রং তদাত্মকম্ বিষ্ণুমায়য়া তচ্ছক্ত্যা সংস্থিতং তচ্ছক্তিপরিণামজমিত্যর্থঃ। যদ্যপ্যেবম্ভূতং তথাপি তেনৈব অব্যক্তমূর্ত্তিনা কালনিয়ন্ত্রা ঈশ্বরেণ কর্ত্রা কালেন সৃষ্টিসংহারনিমিত্তেন পরিচ্ছিন্নমনিত্যমিত্যর্থঃ। অতো বিশ্বমনিত্যত্বাদনুপাদেয়মেব। অনেন কালো নিত্য ইত্যর্থোঽপি জ্ঞাপিতঃ ॥ ১২ ॥ নন্থ বিশ্বস্যানিত্যত্বে সৃষ্টেঃ পূর্ব্বং প্রলয়ঃ পশ্চাচ্চ বিশ্বাভাব এব কিম্? ইত্যত আহ—যথেতি। যথেদানীং ভাবরূপং তথাচাগ্রে সৃষ্টেঃ পূর্ব্বং পশ্চাৎ প্রলয়ানন্তরমীদৃশং ভাবরূপমেব। কার্য্যাবস্থায়াঃ এবানিত্যত্বম্। কারণরূপেণ তু নিত্যমেব। তথোক্তং বৈষ্ণবৈঃ—"তদেতদক্ষয়ং নিত্যং জগন্মুনিবরাখিলম্। আবির্ভাবতিরোভাবজন্মনাশবিকল্পবদি"তি। এবং

কালদ্রব্যগুণৈরস্য ত্রিবিধঃ প্রতিসংক্রমঃ।
আদ্যস্তু মহতঃ সর্গো গুণবৈষম্যমাত্মনঃ ॥ ১৪ ॥
দ্বিতীয়স্ত্বহমো যত্র দ্রব্যজ্ঞানক্রিয়োদয়ঃ।
ভূতসর্গস্তৃতীয়স্তু তন্মাত্রো দ্রব্যশক্তিমান্ ॥ ১৫ ॥

অন্বয়

কালদ্রব্যগুণৈঃ (কাল, দ্রব্য—সঙ্কর্ষণাগ্নি, গুণ—সত্ত্বাদিগুণ, এই সকলের দ্বারা) অস্য (এই জগতের) ত্রিবিধঃ (তিন প্রকার) [অর্থাৎ যথাক্রমে—নিত্য, নৈমিত্তিক ও প্রাকৃত এই তিন প্রকার] প্রতিসংক্রমঃ (প্রলয় হইয়া থাকে)। [পূর্ব্বে যে সৃষ্টি গণনা করা হইয়াছে, তাহার মধ্যে] আত্মনঃ (ভগবান্ হইতে) গুণবৈষম্যং (গুণসমূহের ক্ষোভ) মহতঃ স্বর্গঃ (মহত্তত্ত্বের সৃষ্টি) ; [সঃ] তু আদ্যঃ (তাহাই আদ্যসৃষ্টি) ॥ ১৪ ॥

যত্র (যাহা হইতে) দ্রব্যজ্ঞানক্রিয়োদয়ঃ (দ্রব্য, জ্ঞান ও ক্রিয়ার উদয় হয়), [তাহাই] অহমঃ (অহঙ্কারের) [সর্গঃ] (সৃষ্টি) ; [সঃ] তু দ্বিতীয়ঃ (তাহাই দ্বিতীয় সৃষ্টি)। তন্মাত্রঃ (শব্দাদি তন্মাত্র-প্রধান) দ্রব্যশক্তিমান্ (আকাশাদি পঞ্চ মহাভূতই যাহার কার্য্য), ভূতসর্গঃ তু (সেই ভূতসৃষ্টিই) তৃতীয়ঃ (তৃতীয় সৃষ্টি) ॥ ১৫ ॥

অনুবাদ

এই সৃষ্টির ত্রিবিধ প্রলয় হইয়া থাকে ; কেবল কালের দ্বারা নিত্য প্রলয়, দ্রব্য অর্থাৎ সঙ্কর্ষণাগ্নির দ্বারা নৈমিত্তিক প্রলয় এবং সত্ত্বাদি গুণত্রয়ের দ্বারা প্রাকৃত প্রলয় হইয়া থাকে। পূর্ব্বোক্ত দশবিধ সৃষ্টির মধ্যে ভগবান্ হইতে গুণসমূহের যে ক্ষোভ তাহাই মহত্তত্ত্বের সৃষ্টি এবং তাহাই আদ্যসৃষ্টি ॥ ১৪ ॥

হে বিদুর! যাহা হইতে দ্রব্য, জ্ঞান ও ক্রিয়ার উদয় হয়, তাহাই অহঙ্কারের স্বরূপ অর্থাৎ লক্ষণ এবং সেই অহঙ্কারই দ্বিতীয় সৃষ্টি। আকাশাদি পঞ্চ মহাভূত যাহার কার্য্য, সেই শব্দাদি পঞ্চতন্মাত্ররূপ সূক্ষ্ম ভূতসৃষ্টিই তৃতীয় সৃষ্টি ॥ ১৫ ॥

টীকা

বিশ্বসৃষ্ট্যাদিনিমিত্তয়া কালং সামান্যতো নিরূপ্য বিশেষতস্তং নিরূপয়িষ্যন্ কালপরিচ্ছিন্নস্য সর্গস্য পূর্ব্বোক্তানেব ভেদানন্নবদতি—সর্গ ইত্যাদিনা। ষড়্বিধঃ প্রাকৃতঃ,- ত্রিবিধো বৈকৃতঃ ইত্যেবং নববিধঃ। যস্তু প্রাকৃতো বৈকৃতঃ স দশম ইত্যর্থঃ ॥ ১৩ ॥ সৃষ্টিপ্রসঙ্গাৎ কালনিমিত্তং ত্রিবিধং প্রলয়মাহ —কাল ইতি। কালেন নিত্যঃ প্রলয়ঃ, দ্রব্যেণ সঙ্কর্ষণাগ্ন্যাদিনা নৈমিত্তিকঃ, গুণৈঃ সত্ত্বাদিভিঃ স্বকার্য্যং গ্রসদ্ভিঃ প্রাকৃতিকঃ। দশ সর্গান্ প্রপঞ্চয়তি—আদ্য ইত্যাদিনা দশৈতে বিদুরাখ্যাতাঃ সর্গাস্তে বিশ্বস্রষ্কৃকৃতা ইত্যন্তেন। আত্মনো হরেঃ সকাশাৎ গুণানাং স্বশক্তিগুণানাং বৈষম্যং নাম মহতঃ সর্গঃ ॥ ১৪ ॥ যত্র যস্মাৎ দ্রব্যাদীনাং বক্ষ্যমাণানাং ত্রিবিধসর্গাণাম্ উদয়ঃ তস্য অহমঃ অহঙ্কারস্য সর্গঃ। তৃতীয়স্তু—ভূতসর্গঃ ; কথম্ভূতঃ ? তন্মাত্রঃ শব্দাদিতন্মাত্রপ্রধানঃ দ্রব্যশক্তিমান্ আকাশাদিমহাভূতান্যেব শক্তয়ঃ শব্দাদিতন্মাত্রকার্য্যাণি যস্য সন্তি স তথা ॥ ১৫ ॥

চতুর্থ ঐন্দ্রিয়ঃ সর্গো যস্তু জ্ঞানক্রিয়াত্মকঃ।
বৈকারিকো দেবসর্গঃ পঞ্চমো যন্ময়ং মনঃ ॥ ১৬ ॥
ষষ্ঠস্তু তমসঃ সর্গো যস্ত্ববুদ্ধিকৃতঃ প্রভো!।
ষড়িমে প্রাকৃতাঃ সর্গা বৈকৃতানপি মে শৃণু ॥ ১৭ ॥
রজোভাজো ভগবতো লীলেয়ং হরিমেধসঃ।
সপ্তমো মুখ্যসর্গস্তু ষড়্বিধস্তস্থুষাঞ্চ যঃ ॥ ১৮ ॥

অন্বয়

যঃ তু (আর যাহা) জ্ঞানক্রিয়াত্মকঃ (জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয়াত্মক), [সঃ] ঐন্দ্রিয়ঃ সর্গঃ (সেই ইন্দ্রিয়সৃষ্টি) চতুর্থঃ (চতুর্থ সৃষ্টি)। যন্ময়ং মনঃ (যে সাত্ত্বিক অহঙ্কারের কার্য্য মন), [সঃ] (সেই বৈকারিকঃ (সাত্ত্বিক অহঙ্কারকার্য্য) [মনের সহিত] দেবসর্গঃ (ইন্দ্রিয়াধিষ্ঠাতা দেবসৃষ্টি) পঞ্চমঃ (পঞ্চম সৃষ্টি) ॥ ১৬ ॥

প্রভো (হে বিদুর!) অবুদ্ধিকৃতঃ (অজ্ঞানজনক) তমসঃ (কার্য্যভূতা প্রকৃতির অর্থাৎ ব্রহ্মাণ্ডের) যঃ তু সর্গঃ (যে সৃষ্টি), [সঃ] তু (তাহাই) ষষ্ঠঃ (ষষ্ঠ সৃষ্টি); ইমে ষট্ প্রাকৃতাঃ সর্গাঃ (এই ছয়টি প্রাকৃত অর্থাৎ তত্ত্বাদির সৃষ্টি); বৈকৃতান্ অপি (বৈকৃতসৃষ্টিসমূহও) মে (আমার নিকটে) শৃণু (শ্রবণ কর) ॥ ১৭ ॥

রজোভাজঃ (যিনি রজোগুণাবলম্বী ব্রহ্মার অন্তর্য্যামী) ভগবতঃ (ও ষড়ৈশ্বর্য্যশালী) হরিমেধসঃ (এবং যদ্বিষয়িণী বুদ্ধি সংসার হরণ করে, সেই শ্রীহরির) ইয়ং লীলা (এই সকল লীলা) [অর্থাৎ ব্রহ্মা প্রভৃতি যে সৃষ্টি করিয়া থাকেন, তাহাও ভগবানেরই লীলা]। তস্থুষাং চ (স্থাবরগণের) যঃ ষড়্বিধঃ মুখ্যসর্গঃ (যে প্রথমতঃ ছয় প্রকার সৃষ্টি) [সঃ] তু সপ্তমঃ (তাহাই সপ্তম সৃষ্টি) ॥ ১৮ ॥

অনুবাদ

হে বিদুর! আর যাহা জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয়াত্মক, সেই ইন্দ্রিয়সৃষ্টিই চতুর্থ সৃষ্টি। সাত্ত্বিক অহঙ্কারের কার্য্য মন ও ইন্দ্রিয়াধিষ্ঠাত্রী দেবতাগণের সৃষ্টিই পঞ্চম সৃষ্টি ॥ ১৬ ॥

হে বিদুর! অজ্ঞানজনক প্রকৃতির যে সৃষ্টি অর্থাৎ ব্রহ্মাণ্ডের যে সৃষ্টি, তাহাই ষষ্ঠ সৃষ্টি; এই ছয় প্রকার প্রাকৃতসৃষ্টি আমি তোমাকে বলিলাম। এক্ষণে বৈকৃতসৃষ্টিসমূহও আমার নিকটে শ্রবণ কর ॥ ১৭ ॥

হে বিদুর! যিনি রজোগুণাবলম্বী ব্রহ্মারও অন্তর্য্যামী এবং যাঁহাতে বুদ্ধি

টীকা

জ্ঞানেন্দ্রিয়কর্ম্মেন্দ্রিয়াত্মকশ্চতুর্থঃ। বৈকারিকঃ—সাত্ত্বিকাহঙ্কারাজ্জাতঃ যন্ময়ং মনঃ সঃ মনঃসহিতঃ ইন্দ্রিয়াধিষ্ঠাতৃদেবসর্গঃ পঞ্চমঃ ॥ ১৬ ॥ অবুদ্ধিকৃতঃ অবুদ্ধিং সংসারপ্রাবণ্যহেতুমজ্ঞানং করোতীতি অবুদ্ধিকৃৎ তস্য তমসঃ প্রকৃতেঃ কার্য্যভূতায়াঃ ব্রহ্মাণ্ডস্য ইত্যর্থঃ সর্গঃ ষষ্ঠঃ। কেচিত্তু বক্ষ্যমাণান্ধতামিস্রাদি-সর্গং ষষ্ঠমাহুঃ, তচ্চিন্ত্যম্, তস্য তু অনাদ্যজ্ঞানবিমোহিত-সৃজ্যমানজীবস্বভাবসূচকত্বেন বৈকৃত-সর্গেঽন্তর্ভাবাৎ ॥ ১৭ ॥ যদ্বিষয়া মেধা সংসারং হরতি, তস্য হরের্বিষ্ণোঃ, কথম্ভূতস্য রজোভাজঃ

বনস্পত্যোষধিলতাত্বক্সারা বীরুধো দ্রুমাঃ।
উৎস্রোতসস্তমঃপ্রায়া অন্তঃস্পর্শা বিশেষিণঃ ॥ ১৯ ॥

অন্বয়

[উক্ত ছয় প্রকার স্থাবর নির্দ্দেশ করিতেছেন] বনস্পত্যোষধিলতাত্বক্সারাঃ বীরুধঃ দ্রুমাঃ (বনস্পতি—পুষ্পশূন্য ফলবান্ বৃক্ষ, ওষধি—ফলপক্কপর্য্যন্তস্থায়ী বৃক্ষ, লতা—পরাবলম্বী বৃক্ষ, ত্বক্সার—বাঁশ প্রভৃতি, বীরুধ—লতাজাতীয় স্বাবলম্বী বৃক্ষ, দ্রুম—পুষ্প ও ফলবান্ বৃক্ষ) [এই স্থাবর সমূহের সাধারণ লক্ষণ বলিতেছেন]—(ইহারা) উৎস্রোতসঃ (ঊর্দ্ধগামী আহারসঞ্চারযুক্ত) [অর্থাৎ ইহাদের আহারচালনা ঊর্দ্ধদিকে হইয়া থাকে], তমঃপ্রায়াঃ (ইহারা গূঢ় অর্থাৎ অপ্রকাশিত চৈতন্যবান্) অন্তঃস্পর্শাঃ (এবং ইহারা স্পর্শই অনুভব করে, অপর কিছুই অনুভব করে না, সেই স্পর্শও অন্তরেই অনুভব করে) বিশেষিণঃ (ও ইহারা প্রকারভেদে বহু হইয়া থাকে) ॥ ১৯ ॥

অনুবাদ

নিবেশিত হইলে সংসার নিবর্ত্তিত হইয়া যায়, সেই ভগবান্ বিষ্ণুরই এই সকল লীলা অর্থাৎ ব্রহ্মা প্রভৃতি যে স্থাবরাদি সৃষ্টি করিয়া থাকেন, তাহাও শ্রীহরিরই লীলা। আর যে প্রথমতঃ ছয় প্রকার স্থাবরগণের সৃষ্টি, তাহাই সপ্তম সৃষ্টি ॥ ১৮ ॥

[উক্ত ছয় প্রকার স্থাবর নির্দ্দেশ করিতেছেন]—বনস্পতি, ওষধি, লতা, ত্বক্সার, বীরুধ, ও দ্রুম এই ছয় প্রকার স্থাবর; তাহাদের মধ্যে যে সকল বৃক্ষের ফুল না হইয়া ফল হয় তাহারা বনস্পতি, যাহারা ফল পক্ক হইলে বিনাশ প্রাপ্ত হয় তাহারা ওষধি, বাঁশ প্রভৃতি ত্বক্সার, যাহারা অপরকে অবলম্বন করিয়া থাকে তাহারা লতা, লতা জাতীয় স্বাবলম্বী কঠিন বৃক্ষ বীরুধ, পুষ্প হইয়া যাহাদের ফল হয় তাহারা দ্রুম। এই স্থাবরগণের সাধারণ লক্ষণ এই যে—ইহাদের আহার সঞ্চালন ঊর্দ্ধদিকে হইয়া থাকে, ইহাদের চৈতন্য গূঢ় অর্থাৎ অপ্রকাশিত, ইহারা স্পর্শই অনুভব করে, অপর কিছুই অনুভব করে না, সেই স্পর্শও অন্তরেই অনুভব করে এবং ইহারা জাতি ভেদে বহুপ্রকার হইয়া থাকে ॥ ১৯ ॥

টীকা

রজোগুণযুক্তচতুর্ম্মুখান্তর্য্যামিণ ইত্যর্থঃ। চতুর্ম্মুখাদিভিরপি স্থাবরাদিসৃষ্ট্যাদিকং যৎ যৎ কৃতং তদপি ভগবল্লীলৈবেতি ভাবঃ। তদাহ—তস্থুষাং স্থাবরাণাং যঃ সর্গঃ সঃ সপ্তমঃ; কথম্ভূতঃ মুখমিব মুখ্যঃ প্রথমং কৃত ইত্যর্থঃ। স চ ষড়্বিধঃ ॥ ১৮ ॥ ষড়্বিধত্বং দর্শয়তি—বনস্পতীতি। পুষ্পং বিনা ফলিনো বনস্পতয়ঃ, ফলপাকান্তাঃ ওষধয়ঃ, আরোহণসাপেক্ষা লতাঃ, বেণ্বাদয়ঃ ত্বক্সারাঃ, লতা এব আরোহণানপেক্ষাঃ কিঞ্চিৎকাঠিন্যযুক্তাঃ বীরুধঃ, পুষ্পফলাঃ দ্রুমাঃ, তেষাং সাধারণং লক্ষণং দর্শয়তি—উৎ ঊর্দ্ধং স্রোতঃ আহারসঞ্চারো যেষাং তে, তমঃপ্রায়াঃ গূঢ়চৈতন্যাঃ অন্তঃস্পর্শাঃ স্পর্শমেব জানন্তি, তদপ্যন্তরেব, বিশেষিণঃ বিশেষাঃ অনেকাবান্তরভেদাঃ সন্তি যেষাং তে ॥ ১৯ ॥ তিরশ্চাং তির্য্যগ্‌গচ্ছতাম্ অষ্টমঃ, সঃ অষ্টাবিংশদ্বিধঃ, তেষাং সাধারণং লক্ষণমাহ—অবিদঃ শশ্বন্নাস্তনাদিজ্ঞানরহিতাঃ

তিরশ্চামষ্টমঃ সর্গঃ সোঽষ্টাবিংশদ্বিধো মতঃ।
অবিদো ভূরিতমসো ঘ্রাণজ্ঞা হৃত্তবেদিনঃ ॥ ২০ ॥
গৌরজো মহিষঃ কৃষ্ণঃ শূকরো গবয়ো রুরুঃ।
দ্বিশফাঃ পশবশ্চেমে অবিরুষ্ট্রশ্চ সত্তম ! ॥ ২১ ॥
খরোঽশ্বোঽশ্বতরো গৌরঃ শরভশ্চমরী তথা।
এতে চৈকশফাঃ ক্ষত্তঃ ! শৃণু পঞ্চনখান্ পশূন্ ॥ ২২ ॥

অন্বয়

তিরশ্চাম্ সর্গঃ (তির্য্যক্ জাতিদিগের সৃষ্টি) অষ্টমঃ (অষ্টম সৃষ্টি) ; সঃ (সেই অষ্টম সৃষ্টি) অষ্টাবিংশদ্বিধঃ মতঃ (অষ্টাবিংশতি প্রকার বলিয়া কথিত আছে) ; [ইহাদের সাধারণ লক্ষণ এই যে] অবিদঃ (ইহারা ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানজ্ঞানরহিত), ভূরিতমসঃ (ইহারা আহারাদিমাত্রনিষ্ঠ), ঘ্রাণজ্ঞাঃ (ইহারা ঘ্রাণেন্দ্রিয়ের সাহায্যেই প্রিয়াপ্রিয় জানিয়া থাকে), হৃত্তবেদিনঃ (ইহারা হিতাহিত বিবেকশূন্য) ॥ ২০ ॥

সত্তম ! (হে সজ্জনশ্রেষ্ঠ বিদুর !) গৌঃ (গো), অজঃ (ছাগ), মহিষঃ, কৃষ্ণঃ (কৃষ্ণসার), শূকরঃ, গবয়ঃ, (গোসদৃশ) রুরুঃ (মৃগবিশেষ), অবিঃ (মেষ) উষ্ট্রঃ চ (ও উষ্ট্র) ইমে পশবঃ (এই নয় প্রকার পশু) দ্বিশফাঃ (দ্বিখুরবিশিষ্ট) ; খরঃ (গর্দ্দভ), অশ্বঃ, অশ্বতরঃ (গর্দ্দভজাতিবিশেষ), গৌরঃ (মৃগবিশেষ) শরভঃ তথা চমরী (এবং চমরী মৃগ) এতে চ (এই ছয়প্রকার পশু) একশফাঃ (একখুরবিশিষ্ট)। ক্ষত্তঃ ! (হে বিদুর !) পঞ্চনখান্ পশূন্ শৃণু (পঞ্চনখ পশু কে কে তাহা শ্রবণ কর) ॥ ২১-২২ ॥

অনুবাদ

তির্য্যগ্‌জাতিদিগের সৃষ্টিই অষ্টম সৃষ্টি ; তাহা অষ্টাবিংশতি প্রকার বলিয়া কথিত হইয়া থাকে। ইহাদের সাধারণ লক্ষণ এই যে—ইহারা ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানাদিবিষয়ে জ্ঞানরহিত ও কেবল আহারাদিপরায়ণ ; ইহারা ঘ্রাণেন্দ্রিয়ের সাহায্যেই প্রিয়াপ্রিয় জানিয়া থাকে এবং হিতাহিত বিবেকজ্ঞানশূন্য ॥ ২০ ॥

হে সজ্জনশ্রেষ্ঠ বিদুর ! গো, অজ, মহিষ, কৃষ্ণসার, শূকর, গবয়, রুরুমৃগ, মেষ ও উষ্ট্র এই নয় প্রকার পশু দ্বিখুরবিশিষ্ট। গর্দ্দভ, অশ্ব, অশ্বতর, গৌর, শরভ এবং চমরী এই ছয় প্রকার পশু একখুরবিশিষ্ট। এক্ষণে পঞ্চনখ পশু কে কে তাহা বলিতেছি শ্রবণ কর ॥ ২১ ॥ ২২ ॥

টীকা

ভূরিতমসঃ আহারাদিমাত্রনিষ্ঠাঃ, ঘ্রাণজ্ঞাঃ ঘ্রাণেন প্রিয়াপ্রিয়ং কিঞ্চিৎ জানন্তি, হৃত্তবেদিনঃ হৃদি কার্য্যাকার্য্যবিবেকরহিতাঃ, তথাচ শ্রুতিঃ—"অথেতরেষাং পশূনামশনাপিপাসে এবাভিবিজ্ঞানং ন বিজ্ঞাতং বদন্তি, ন বিজ্ঞাতং পশ্যন্তি, ন বিদুঃ শ্বস্তনং, ন লোকালোকাবিতি" ॥ ২০ ॥ অষ্টাবিংশতিভেদান্ দর্শয়তি—গৌরিতি। গবাদয়ঃ অবিরুষ্ট্রশ্চ দ্বিশফাঃ দ্বিখুরাঃ ॥ ২১ ॥ ২২ ॥ শ্বাদয়ঃ গোধান্তাঃ পঞ্চনখাঃ এতে সপ্তবিংশতি ভূচরাঃ। মকরাদয়ঃ জলচরাঃ, তথা কঙ্কাদয়ঃ খেচরাঃ, অভূচরত্বেনৈকীকৃত্য গৃহীতাঃ।

শ্বা শৃগালো বৃকো ব্যাঘ্রো মার্জ্জারঃ শশশল্লকৌ।
সিংহঃ কপির্গজঃ কূর্ম্মো গোধা চ মকরাদয়ঃ ॥ ২৩ ॥
কঙ্কগৃধ্রবকশ্যেনভাসভল্লকবর্হিণঃ।
হংসসারসচক্রাহ্বকাকোলূকাদয়ঃ খগাঃ ॥ ২৪ ॥
অর্ব্বাক্‌স্রোতস্তু নবমঃ ক্ষত্তরেকবিধো নৃণাম্।
রজোঽধিকাঃ কর্ম্মপরা দুঃখে চ সুখমানিনঃ ॥ ২৫ ॥

অন্বয়

শ্বা (কুকুর), শৃগালঃ, বৃকঃ (নেকড়ে বাঘ), ব্যাঘ্রঃ, মার্জ্জারঃ, শশশল্লকৌ (শশক, শল্লক), সিংহঃ, কপিঃ (বানর), গজঃ, কূর্ম্মঃ, গোধা চ (এই দ্বাদশটি পঞ্চনখ); [এই সপ্তবিংশতি প্রকার প্রাণী ভূচর]। মকরাদয়ঃ (মকর প্রভৃতি জলচর); কঙ্কগৃধ্রবকশ্যেনভাসভল্লকবর্হিণঃ (কঙ্ক, গৃধ্র, বক, শ্যেন, কুক্কুট, ভল্লুক, ময়ূর), হংসসারসচক্রাহ্বকাকোলূকাদয়ঃ খগাঃ (হংস, সারস, চক্রবাক্, কাক, উলূক প্রভৃতি পক্ষী খেচর); [এই জলচর ও খেচর অভূচর বলিয়া এক প্রকার গণনা করিয়া মোট অষ্টাবিংশতি প্রকার তির্য্যগ্‌জাতি গণনা করা হইল] ॥ ২৩-২৪ ॥

ক্ষত্তঃ (হে বিদুর!) অর্ব্বাক্‌স্রোতঃ (যাহাদের আহার সঞ্চালন অধোদিকে হইয়া থাকে), নৃণাং [সর্গঃ] (সেই মানবগণের সৃষ্টি) নবমঃ (নবম সৃষ্টি); [সঃ] তু একবিধঃ (তাহা এক প্রকার)। [মানবগণের সাধারণ লক্ষণ এই যে] রজোঽধিকাঃ [তাহারা] (রজোগুণপ্রধান) কর্ম্মপরাঃ (ও কর্ম্মাসক্ত) দুঃখে চ (এবং দুঃখকর বিষয়কে) সুখমানিনঃ (সুখ মনে করিয়া থাকে) ॥ ২৫ ॥

অনুবাদ

কুকুর, শৃগাল, বৃক, ব্যাঘ্র, মার্জ্জার, শশক, শল্লক, সিংহ, বানর, গজ, কূর্ম্ম ও গোধা এই দ্বাদশটি পঞ্চনখ। দ্বিখুরবিশিষ্ট নয়টি, একখুরবিশিষ্ট ছয়টি ও পঞ্চনখবিশিষ্ট দ্বাদশটি, মোট সপ্তবিংশতি তির্য্যক্ প্রাণী ভূচর। মকর প্রভৃতি জলচর। কঙ্ক, গৃধ্র, বক, শ্যেন, কুক্কুট, ভল্লুক, ময়ূর, হংস, সারস, চক্রবাক্, কাক ও উলূক প্রভৃতি পক্ষী খেচর। এই জলচর ও খেচর অভূচর বলিয়া একপ্রকার গণনা করিয়া মোট অষ্টাবিংশতি প্রকার তির্য্যগ্‌জাতি গণনা করা হইল ॥ ২৩-২৪ ॥

হে বিদুর! যাহাদের আহারসঞ্চালন অধোদিকে হইয়া থাকে, সেই মানবগণের সৃষ্টিই নবম সৃষ্টি। মানবগণের সাধারণ লক্ষণ এই যে—মানবগণ রজোগুণপ্রধান ও কর্ম্মাসক্ত এবং তাহারা দুঃখকর বিষয়কেও সুখ মনে করিয়া থাকে ॥ ২৫ ॥

টীকা

তদেবমষ্টাবিংশতিভেদা ভবন্তি, অন্যেষাং তিরশ্চাং প্রাণিনাং যথাযথমেতেষ্বেবান্তর্ভাবঃ ॥ ২৩-২৪ ॥ অর্ব্বাক্ অধঃ স্রোতঃ আহারসঞ্চারো যস্য স তথা, হ্রস্বত্বমার্ষম্। নৃণাং সাধারণং লক্ষণং দর্শয়তি রজোঽধিকং যেষু তে ॥ ২৫ ॥ এতে ত্রয়ো বৈকৃতাঃ, দেবসর্গশ্চ বৈকৃত ইত্যন্বয়ঃ; অয়মর্থঃ—অষ্টৌ প্রাগুক্তাঃ নবমঃ অর্ব্বাক্‌স্রোতঃ তদুপলক্ষিতস্য দেবসর্গস্যাপি তত্রৈবান্তর্ভাবো বিশেষতোঽভিমতঃ। তথাপি তত্র নৃণাং রজআধিক্যং লক্ষণং প্রতিপাদ্য দেবানামর্ব্বাক্‌স্রোতস্ত্বেঽপি নৃভিন্নং লক্ষণং স্তোতয়িতুং

বৈকৃতাস্ত্রয় এবৈতে দেবসর্গশ্চ সত্তম ! ।
বৈকারিকস্তু যঃ প্রোক্তঃ কৌমারস্তূভয়াত্মকঃ ॥ ২৬ ॥
দেবসর্গশ্চাষ্টবিধো বিবুধাঃ পিতরোঽসুরাঃ ।
গন্ধর্ব্বাপ্সরসঃ সিদ্ধা যক্ষরক্ষাংসি চারণাঃ ॥ ২৭ ॥

অন্বয়

সত্তম ! (হে সজ্জনশ্রেষ্ঠ বিদুর !) এতে ত্রয়ঃ (স্থাবর, তির্য্যক্ ও মনুষ্য এই তিনটি) বৈকৃতাঃ এব (বৈকৃত অর্থাৎ তত্ত্বাদির বিকার হেতু সৃষ্টি) ; [কিন্তু কুমার সৃষ্টির ন্যায় প্রাকৃতবৈকৃত উভয়াত্মক নহে]। দেবসর্গঃ চ (দেবসৃষ্টি ও বৈকৃত সৃষ্টি) [অর্থাৎ দেবতাগণ পূর্ব্বোক্ত নবম সৃষ্টির অন্তর্ভুক্ত] ; যঃ বৈকারিকঃ [সর্গঃ] (আর যে সাত্ত্বিক অহঙ্কার হইতে ইন্দ্রিয়াধিষ্ঠাতা দেবসৃষ্টি বলা হইয়াছে), সঃ তু প্রোক্তঃ (তাহা প্রাকৃত সৃষ্টির মধ্যেই বলা হইয়াছে) ; কৌমারঃ তু উভয়াত্মকঃ (সনৎকুমারাদির সৃষ্টি প্রাকৃত ও বৈকৃত, ইহাই দশম সৃষ্টি) ॥ ২৬ ॥

দেবসর্গঃ চ (নবম সৃষ্টির অন্তর্গত দেবসৃষ্টি) অষ্টবিধঃ (আট প্রকার)। বিবুধাঃ (দেবগণ) পিতরঃ (ও পিতৃগণ প্রথম), অসুরাঃ (অসুরগণ দ্বিতীয়), গন্ধর্ব্বাপ্সরসঃ (গন্ধর্ব্ব ও অপ্সরোগণ তৃতীয়), সিদ্ধাঃ

অনুবাদ

হে সজ্জনশ্রেষ্ঠ বিদুর ! পূর্ব্বোক্ত স্থাবর, তির্য্যক্ ও মনুষ্য এই তিন প্রকারই বৈকৃতসৃষ্টি ; কিন্তু সনৎকুমারাদির সৃষ্টির ন্যায় প্রাকৃত ও বৈকৃত উভয়াত্মক নহে। দেবসৃষ্টিও বৈকৃত অর্থাৎ দেবগণ পূর্ব্বোক্ত নবমসৃষ্টির অন্তর্ভুক্ত। আর যে সাত্ত্বিক অহঙ্কার হইতে ইন্দ্রিয়াধিষ্ঠাতা দেবসৃষ্টি বলা হইয়াছে, তাহা প্রাকৃতসৃষ্টির অন্তর্ভুক্ত। প্রাকৃতসৃষ্টি-প্রকরণেই ইন্দ্রিয়াধিষ্ঠাতৃ দেবসৃষ্টি নিরূপিত হইয়াছে। সনৎকুমারাদির সৃষ্টি প্রাকৃত ও বৈকৃত, এবং ইহাই দশম সৃষ্টি। জ্ঞানভক্তিসম্প্রদায়ের প্রবর্ত্তক কুমারগণ ব্রহ্মার সৃষ্টিতে আবির্ভূত হন বলিয়া কুমারসৃষ্টি বৈকৃত এবং কল্পে কল্পে জ্ঞানভক্তি সম্প্রদায়ের প্রবর্ত্তকরূপে অনুবর্ত্তিত হইয়া তাঁহারা চিরস্থায়িরূপে প্রাকৃতসৃষ্টিতে পরিগণিত হন বলিয়া কুমারসৃষ্টি প্রাকৃত ॥ ২৬ ॥

নবম সৃষ্টির অন্তর্গত যে দেবসৃষ্টি তাহা আট প্রকার ; দেবগণ ও পিতৃগণ প্রথম, অসুরগণ দ্বিতীয়, গন্ধর্ব্ব ও অপ্সরোগণ তৃতীয়, সিদ্ধগণ চতুর্থ, যক্ষ ও রাক্ষসগণ পঞ্চম,

টীকা

বৈকৃতেষু সামান্যতো নির্দ্দেশঃ। অতো দেবানাং নবমসর্গে অন্তর্ভাবঃ। তেষাং চতুর্ম্মুখসৃজ্যত্বাদিতি, যে তু বৈকারিকাদুৎপন্না দেবা স্তেষাং সর্গো বৈকারিকঃ "বৈকারিকো দেবসর্গঃ পঞ্চমঃ" ইত্যনেনোক্তঃ। তেষাং লিঙ্গশরীরান্তর্গতেন্দ্রিয়াধিষ্ঠাতৃণাং চ স্বসৃজ্যত্বাভাবাৎ। এবং নব সর্গানুক্ত্বা দশমং সর্গমাহ—কৌমারস্তূভয়াত্মক ইতি। উভয়যোগাদ্ দশম ইত্যর্থঃ। সিদ্ধশিরোমণীনাং কুমারাণাং জ্ঞানভক্তিসম্প্রদায়-প্রবর্ত্তকানাং চতুর্ম্মুখকৃতসর্গে প্রাদুর্ভাবাৎ কৌমারঃ সর্গ বৈকৃতঃ। সর্ব্বেষু কল্পেষু জ্ঞানভক্তিসম্প্রদায়-প্রবর্ত্তকত্বেন অনুবর্ত্তমানানাং তেষাং প্রত্যহং প্রাদুর্ভাবাভাবাচ্চিরস্থায়িত্বেন চিরস্থায়িষু প্রাকৃতেষু গণনাৎ প্রাকৃতশ্চ ইত্যেবমুভয়াত্মক ইত্যর্থঃ। যত্তু দেবত্বেন মনুষ্যত্বেন চ সৃজ্যতে ইত্যর্থ ইতি, তদযুক্তম্, কুমারাণাং ভগবদবতারাণামিহান্যত্র চ মনুষ্যত্বস্য অদৃষ্টত্বাৎ অশ্রুতত্বাচ্চ ॥ ২৬ ॥ নবমসর্গান্তর্গতঃ বৈকৃত-

ভূতপ্রেতপিশাচাশ্চ বিদ্যাধ্রাঃ কিন্নরাদয়ঃ ॥ ২৮ ॥
দশৈতে বিদুরাখ্যাতাঃ সর্গাস্তে বিশ্বসৃক্কৃতাঃ।
অতঃ পরং প্রবক্ষ্যামি বংশান্ মন্বন্তরাণি চ ॥ ২৯ ॥
এবং রজঃপ্লুতঃ স্রষ্টা কল্পাদিষ্বাত্মভূর্হরিঃ।
সৃজত্যমোঘসঙ্কল্প আত্মৈবাত্মানমাত্মনা ॥ ৩০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুরমৈত্রেয় সংবাদে তত্ত্বাদ্যুৎপত্তিক্রমো নাম দশমোঽধ্যায়ঃ ॥ ১০ ॥

অন্বয়

(সিদ্ধগণ চতুর্থ), যক্ষরক্ষাংসি (যক্ষ ও রাক্ষসগণ পঞ্চম), ভূতপ্রেতপিশাচাঃ চ (ভূত, প্রেত ও পিশাচগণ ষষ্ঠ), চারণাঃ বিদ্যাধ্রাঃ (চারণ ও বিদ্যাধরগণ সপ্তম) কিন্নরাদয়ঃ (ও কিন্নর, কিম্পুরুষ প্রভৃতি অষ্টম)। [হে] বিদুর ! বিশ্বসৃক্কৃতাঃ (সর্ব্বকারণকারণ ভগবৎকর্ত্তৃক চতুর্ম্মুখদ্বারা কৃত) এতে দশ সর্গাঃ (এই দশ প্রকার সৃষ্টি) তে (তোমার নিকটে) আখ্যাতাঃ (আমাকর্ত্তৃক বর্ণিত হইল)। অতঃ পরং (ইহার পরে) মন্বন্তরাণি বংশান্ চ (মন্বন্তর ও বংশসমূহ) প্রবক্ষ্যামি (বলিব) ॥ ২৭—২৯ ॥

এবং (এইরূপে) স্রষ্টা (সর্ব্বকারণ) আত্মা (সর্ব্বাত্মা) অমোঘসঙ্কল্পঃ (সত্যসঙ্কল্প অর্থাৎ সঙ্কল্পমাত্রেই সফল করিতে সমর্থ) হরিঃ (শ্রীহরি) রজঃপ্লুতঃ (রজোগুণযুক্ত) আত্মভূঃ [সন্] (ব্রহ্মা হইয়া) কল্পাদিষু (কল্পের আদিতে) আত্মনা এব (স্বীয় স্বরূপদ্বারাই) আত্মানং (উপাদানভূত নিজকে) সৃজতি (সৃষ্টি করিয়া থাকেন, অর্থাৎ কার্য্যাবস্থা প্রাপ্ত করাইয়া থাকেন) ॥ ৩০ ॥

অনুবাদ

ভূত, প্রেত ও পিশাচগণ ষষ্ঠ, চারণ ও বিদ্যাধরগণ সপ্তম, কিন্নর ও কিম্পুরুষ প্রভৃতি অষ্টম। হে বিদুর ! সর্ব্বকারণকারণ ভগবান্ সাক্ষাৎ ব্রহ্মাদ্বারা এই দশ প্রকার সৃষ্টি করিয়াছেন, ইহা আমি তোমার নিকটে বর্ণনা করিলাম। ইহার পরে মন্বন্তর ও বংশসমূহ কীর্ত্তন করিব ॥২৭-২৯॥

এইরূপে সর্ব্বকারণ সর্ব্বাত্মা সত্যসঙ্কল্প ভগবান্ পরমেশ্বর স্বয়ং রজোগুণযুক্ত ব্রহ্মা হইয়া কল্পের আদিতে স্বস্বরূপদ্বারাই উপাদানভূত নিজকে সৃষ্টি করিয়া থাকেন অর্থাৎ জগদাকারে সংস্থাপন করিয়া থাকেন ॥ ৩০ ॥

দশম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ১০ ॥

টীকা

দেবসর্গোঽষ্টবিধঃ, তত্র বিবুধাঃ পিতরশ্চেত্যেকভেদঃ, অসুরা ইত্যেকঃ,—গন্ধর্ব্বাপ্সরসঃ ইত্যেকঃ, সিদ্ধা ইত্যেকঃ ; যক্ষরক্ষাংস্যেকঃ, ভূতপ্রেতপিশাচা ইত্যেকঃ, চারণাঃ বিদ্যাধ্রাঃ ইত্যেকঃ, কিন্নরাঃ আদিশব্দাৎ কিম্পুরুষাদয়ঃ ইত্যেকঃ, ইত্যেবমষ্টবিধত্বমিত্যর্থঃ। বিশ্বসৃক্ সর্ব্বকারণকারণঃ ভগবান্ তেন সাক্ষাচ্চতুর্ম্মুখদ্বারা চ কৃতাঃ ইত্যর্থঃ ॥ ২৭-২৯ ॥ তদেবাহ—এবমিতি। হরিঃ পরমেশ্বরঃ আত্মাসর্ব্বাত্মা, স্রষ্টা বিশ্বকারণভূতঃ, সত্যসঙ্কল্পঃ সঙ্কল্পমাত্রেণ সর্ব্বং কর্ত্তুং সমর্থঃ। আত্মানমেব সৃজতি, কার্য্যাবস্থয়া স্থাপয়তি, তত্র সর্ব্বং সাক্ষাদ্রূপেণ, কিঞ্চিচ্চ স্বাংশদ্বারেণ সৃজতীতি দ্যোতয়িতুং বিশিনষ্টি—রজঃপ্লুতঃ চতুর্ম্মুখরূপ ইত্যর্থঃ ॥ ৩০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে সিদ্ধান্তপ্রদীপে তৃতীয়স্কন্ধে দশমাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ১০ ॥

একাদশোঽধ্যায়ঃ

শ্রীমৈত্রেয় উবাচ

চরমঃ সদ্বিশেষাণামনেকোঽসংযুতঃ সদা।
পরমাণুঃ স বিজ্ঞেয়ো নৃণামৈক্যভ্রমো যতঃ ॥ ১ ॥

অন্বয়

[এই একাদশ অধ্যায়ে কাল নিরূপণ করা হইবে। প্রথমতঃ দুইটি শ্লোকে কাল পরিমাপক সূক্ষ্ম ও স্থূলপদার্থ নিরূপণ করিতেছেন] শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) [হে বিদুর !] সদ্বিশেষাণাং (যাহা ব্রহ্মাত্মক পৃথিব্যাদি কার্য্যের অংশসমূহের) চরমঃ (চরম অংশ) [অর্থাৎ যাহার আর অংশ হইতে পারে না], অনেকঃ (যাহা বহু), অসংযুতঃ (পৃথক্ পৃথক্ অবস্থিত) সদা (ও সত্য অর্থাৎ নিত্য), সঃ (সেই পদার্থ) পরমাণুঃ বিজ্ঞেয়ঃ (পরমাণু বলিয়া জানিবে) ; যতঃ (যাহা হইতে) নৃণাং (মানবগণের) ঐক্যভ্রমঃ [ভবতি] (অবয়বীবুদ্ধি হইয়া থাকে) ॥ ১ ॥

অনুবাদ

[এই একাদশ অধ্যায়ে কাল নিরূপণ করিবেন। সূর্য্যদেব যে পরিমাণ কালের দ্বারা পরমাণুদেশকে অতিক্রম করেন, সেই পরিমাণ কালের নাম পরমাণুকাল ; আর যে পরিমাণ কালের দ্বারা দ্বাদশরাশ্যাত্মক ভুবন অতিক্রম করেন, তাহাই সংবৎসরাত্মক মহান্ কাল। এক্ষণে সেই পরমাণুকাল ও মহান্ কাল নিরূপণ করিবার জন্য কাল-পরিমাপক সূক্ষ্ম ও স্থূল পদার্থ দুইটি শ্লোকে নিরূপণ করিতেছেন]—মৈত্রেয়ঋষি বলিলেন —হে বিদুর ! পৃথিব্যাদি অংশসমূহের যে চরম অংশ অর্থাৎ যাহার আর অংশ হইতে পারে না এবং যে চরম অংশসমূহ বহু ও পৃথক্ পৃথক্ হইয়া সর্ব্বদা বর্ত্তমান থাকে অর্থাৎ নিত্য, সেই পদার্থকে পরমাণু বলিয়া জানিবে। এই পরমাণু হইতেই মানবগণের অবয়বীরূপ বস্তুর বুদ্ধি হইয়া থাকে। পদার্থবিভাগ করিতে করিতে অবশেষে যাহাকে আর বিভাগ করা যায় না, সেই চরম পদার্থই পরমাণু। পরমাণু নিত্য ; যেহেতু অখণ্ড পদার্থের নাশ নাই। আর পরমাণুর সমষ্টিই বিশ্ব ॥ ১ ॥

টীকা

একাদশে পরমাণ্বাদিলক্ষণঃ কালো বর্ণ্যতে। তত্র যাবতা সূর্য্যঃ পরমাণুলক্ষণং প্রদেশমতিক্রামতি তাবান্ কালঃ পরমাণুঃ। যাবদ্দ্বাদশরাশ্যাত্মকং ভুবনমতিক্রামতি, তাবান্ কালঃ পরমমহান্ সংবৎসরাত্মক ইত্যেবং পরমাণ্বাদিকালং নিরূপয়িতুং তাবৎ পরমাণ্বাদিকালপরিচ্ছেদকং সূক্ষ্মং স্থূলঞ্চ পদার্থমাহ—চরম ইতি দ্বাভ্যাম্। সতঃ ব্রহ্মণঃ ব্রহ্মাত্মককার্য্যস্য ইত্যর্থঃ। বিশেষাণামংশানাং চরমঃ অন্ত্যোঽংশঃ। চরমত্বং বিবৃণোতি অনেক ইতি। প্রথমমেকং দ্বিধা বিভজ্য তত্রাপ্যেকং দ্বিধা বিভজ্য ইত্যেবমনেকতাং নীত ইত্যর্থঃ। নন্ু এবম্প্রকারেণ তু স্বপূর্ব্বপূর্ব্বাপেক্ষয়া সর্ব্বেষাং চরমত্বসিদ্ধিরিত্যত আহ—অসংযুত ইতি। যস্য দ্বৈধীভাবং কর্ত্তুমশক্যঃ সর্ব্বেষাং চরম ইত্যর্থঃ, সঃ পদার্থঃ পরমাণুর্ব্বিজ্ঞেয়ঃ। স চ সদা

সত এব পদার্থস্য স্বরূপাবস্থিতস্য যৎ।
কৈবল্যং পরমমহানবিশেষো নিরন্তরঃ ॥ ২ ॥
এবং কালোঽপ্যনুমিতঃ সৌক্ষ্ম্যে স্থৌল্যে চ সত্তম !।
সংস্থানভুক্ত্যা ভগবানব্যক্তো ব্যক্তভুগ্‌বিভুঃ ॥ ৩ ॥

অন্বয়

[কালপরিমাপক স্থূলপদার্থ নিরূপণ করিতেছেন] সতঃ এব (যাহার চরম অংশ পরমাণু, সেই পদার্থসমূহেরই) স্বরূপাবস্থিতস্য (স্বরূপাবস্থায় স্থিতি হইলে) পদার্থস্য (পদার্থসমূহের) যৎ কৈবল্যং (যে একত্ব ভাব), [তাহাই] অবিশেষঃ (বিশেষরহিত) নিরন্তরঃ (ও কেবল অর্থাৎ সমষ্টিরূপে গৃহীত হইলে) পরমমহান্ (পরমমহৎপদার্থ বলিয়া অভিহিত হয়) ॥ ২ ॥

সত্তম ! (হে সজ্জনশ্রেষ্ঠ বিদুর !) এবং (পরমাণু ও পরমমহৎ পদার্থের ন্যায়) সৌক্ষ্ম্যে স্থৌল্যে চ (সূক্ষ্ম, স্থূল ও মধ্যমভাবে) সংস্থানভুক্ত্যা (পরমাণ্বাদিতে ব্যাপ্ত বলিয়া) কালঃ অপি (কালও) অনুমিতঃ (স্থূল ও সূক্ষ্মাদিরূপে অনুমিত হইয়া থাকে), [সঃ] ভগবান্ (সেই কালরূপী ভগবান্) বিভুঃ (ব্যাপক) অব্যক্তঃ (এবং স্বয়ং অব্যক্ত হইয়া) ব্যক্তভুক্ (ব্যক্ত পদার্থে ব্যাপ্ত হইয়া অবস্থান করিতেছেন) ॥ ৩ ॥

অনুবাদ

যাহার চরম অংশ পরমাণু বলা হইয়াছে, সেই পদার্থই স্বরূপাবস্থায় অবস্থান করিলে অর্থাৎ কার্য্যাবস্থায় অবস্থিত থাকিলে সমূহকে লইয়া যে তাহাদের একত্ব, তাহাকেই বিশেষরহিত ও সমষ্টিরূপে পরমমহৎ পদার্থ বলিয়া জানিবে ॥ ২ ॥

হে সজ্জনশ্রেষ্ঠ বিদুর ! যেমন পরমাণু ও পরমমহৎ পদার্থের কথা বলিলাম, সেইরূপ পরমাণু প্রভৃতিতে ব্যাপ্ত বলিয়া কাল সূক্ষ্ম ও স্থূলভাবে অনুমিত হইয়া থাকে। সেই কালরূপী ভগবান্ স্বয়ং অব্যক্ত হইয়া ব্যক্ত পদার্থে ব্যাপ্ত হইয়া অবস্থান করিতেছেন ॥ ৩ ॥

টীকা

সত্যঃ সন্মূলত্বাৎ। যতঃ যেভ্যঃ পরমাণুভ্যঃ নৃণাং তার্কিকাদীনাম্ ঐক্যভ্রমো ভবতি, অখণ্ডানাং পরমাণূনাং নাশাসম্ভবাৎ তে নিত্যাঃ তদৈক্যং বিশ্বমিতি ॥ ১ ॥ অল্পকালপরিচ্ছেদকং সূক্ষ্মং পদার্থমুক্ত্বা বৃহৎকালপরিচ্ছেদকং স্থূলং পদার্থমাহ—সত এবেতি। যস্য চরমোঽংশঃ পরমাণুঃ তস্যৈব সতঃ কার্য্যস্য স্বরূপাবস্থিতস্য উক্তপ্রকারেণোত্তরোত্তরদ্বৈবিধ্যেনাবিভক্তস্য যৎ কৈবল্যমেকত্বং তদেব পরমমহান্ পদার্থঃ। কৈবল্যং বিবৃণোতি—অবিশেষো বিশেষবিবক্ষারহিতঃ; অতএব নিরন্তরঃ কেবলঃ ॥ ২ ॥ যথা পরমাণুঃ পরমমহান্ পরিচ্ছেদকঃ পদার্থঃ এবং সৌক্ষ্ম্যে অল্পত্বে স্থৌল্যে বৃহত্বে চকারাৎ মধ্যমভাবে সংস্থানভুক্ত্যা পরমাণ্বাদিব্যাপ্ত্যা কালোঽপ্যনুমিতঃ, কথম্ভূতঃ ? ভগবান্ বিশ্বসৃষ্ট্যাদি-নিমিত্তত্বলক্ষণঃ বিভুঃ প্রভাবো বিদ্যতে যস্য সঃ বিভুঃ ব্যাপকঃ, অব্যক্তঃ অদৃশ্যঃ ॥ ৩ ॥ এতদেব বিবৃণোতি—স ইত্যাদিনা। সতঃ কার্য্যস্য পরমাণুতাম্ উক্তপ্রকারাং যো ভুঙ্‌ক্তে স পরমাণুঃ

স কালঃ পরমাণুর্বৈ যো ভুঙ্‌ক্তে পরমাণুতাম্।
সতোঽবিশেষভুগ্ যস্তু স কালঃ পরমো মহান্ ॥ ৪ ॥
অণুদ্বৌ পরমাণূ স্যাৎ ত্রসরেণুস্ত্রয়ঃ স্মৃতঃ।
জালার্করশ্ম্যবগতঃ খমেবানুপতন্নগাৎ ॥ ৫ ॥

অন্বয়

সতঃ (কার্য্য জগতের) পরমাণুতাং (পরমাণু অবস্থাকে) যঃ ভুঙ্‌ক্তে (যে কাল ভোগ করে), সঃ কালঃ (সেই সূর্য্যপর্য্যটনকাল) পরমাণুঃ বৈ (পরমাণুকাল); যঃ তু অবিশেষভুক্ (আর যে কাল বিশেষ অর্থাৎ ব্যষ্টি অবস্থাকে ভোগ করে না, অর্থাৎ সমষ্টি অবস্থাকে ভোগ করে), সঃ কালঃ (সেই সূর্য্যপর্য্যটনকাল) পরমো মহান্ (পরমমহৎকাল)॥ ৪ ॥

[অণু প্রভৃতি পদার্থ নিরূপণপূর্ব্বক কালের মধ্যাবস্থা বর্ণনা করিতেছেন] দ্বৌ পরমাণু (মিলিত দুইটি পরমাণু) অণুঃ স্যাৎ (অণু অর্থাৎ দ্ব্যণুক হইয়া থাকে); এয়ঃ (তিনটি অণু অর্থাৎ তিনটি দ্ব্যণুক) ত্রসরেণুঃ স্মৃতঃ (ত্রসরেণু বলিয়া কথিত হইয়া থাকে)। [ত্রসরেণু প্রত্যক্ষ হইয়া থাকে, তাহাই বলিতেছেন] জালার্করশ্ম্যবগতঃ (গবাক্ষপ্রবিষ্ট সূর্য্যরশ্মিতে উহা দেখা যায়)। [তাহা অতি লঘু বলিয়া] খম্ এব অনুপতন্ (আকাশেই উৎপতিত হইয়া) অগাৎ (গমনাগমন করে)॥ ৫ ॥

অনুবাদ

পরমাণু অবস্থাকে যে কাল ভোগ করে, সেই কাল পরমাণুকাল এবং যে কাল কোনও বিশেষ অবস্থাকে ভোগ করে না, অর্থাৎ সমষ্টি অবস্থাকে ভোগ করে, সেই কাল পরমমহৎকাল। প্রারম্ভে ইহাই বলা হইয়াছে যে—সূর্য্যদেব যে পরিমিতকালে পরমাণু-পরিমিত দেশ অতিক্রম করে, তাহাই পরমাণুকাল; আর যে পরিমিত কালে ভুবন অতিক্রমণ করে, তাহাকে পরমমহৎকাল বলে, তাহাই সংবৎসর; সংবৎসরের আবৃত্তিতেই যুগ, মন্বন্তর প্রভৃতির গণনা হইয়া থাকে॥ ৪ ॥

[অণু প্রভৃতি পদার্থ বলিয়া কালের মধ্যাবস্থা নিরূপণ করিতেছেন]—দুইটি পরমাণু মিলিত হইয়া একটি অণু অর্থাৎ দ্ব্যণুক হইয়া থাকে; আবার তিনটি দ্ব্যণুকের সমষ্টি ত্রসরেণু বলিয়া অভিহিত হইয়া থাকে। এই ত্রসরেণু অতিশয় লঘু বলিয়া আকাশে উড়িয়া গমনাগমন করে; উহা গবাক্ষপথে প্রবিষ্ট সূর্য্যরশ্মিতে প্রত্যক্ষ হইয়া থাকে অর্থাৎ যাহা গবাক্ষপ্রবিষ্ট সূর্য্যকিরণে অতিসূক্ষ্মভাবে সঞ্চরণশীল বলিয়া দেখা যায়, তাহাই ত্রসরেণু॥ ৫ ॥

টীকা

সূর্য্যপর্য্যটনকালঃ পরমাণুঃ। সত এব অবিশেষমৈক্যম্ যো ভুঙ্‌ক্তে, সঃ দ্বাদশরাশ্যাত্মকভুবনকোষ-সূর্য্যপর্য্যটনকালঃ সংবৎসরাত্মকঃ পরমমহান্ ইত্যর্থঃ। সংবৎসরস্যৈব আবৃত্ত্যা যুগমন্বন্তরাদিক্রমেণ দ্বিপরার্দ্ধত্বম্॥ ৪ ॥ অথ অবান্তরকালপরিচ্ছেদকাধ্বাদিপদার্থলক্ষণপূর্ব্বকমবান্তরকালানাহ—অণুরিত্যাদিনা। দ্বৌ পরমাণূ অণুঃ স্যাৎ, ত্রয়ঃ অণবঃ ত্রসরেণুঃ; স প্রত্যক্ষ ইত্যাহ—জালার্করশ্ম্যবগতঃ খমেবানু-

ত্রসরেণুত্রিকং ভুঙ্‌ক্তে যঃ কালঃ সা ত্রুটিঃ স্মৃতা।
শতভাগস্তু বেধঃ স্যাৎ তৈস্ত্রিভিস্তু লবঃ স্মৃতঃ ॥ ৬ ॥
নিমেষস্ত্রিলবো জ্ঞেয় আম্নাতাস্তে ত্রয়ঃ ক্ষণঃ।
ক্ষণান্ পঞ্চ বিদুঃ কাষ্ঠাং লঘু তা দশ পঞ্চ চ ॥ ৭ ॥
লঘূনি বৈ সমাম্নাতা দশ পঞ্চ চ নাড়িকা।
তে দ্বে মুহূর্ত্তঃ প্রহরঃ ষড়্‌যামঃ সপ্ত বা নৃণাম্ ॥ ৮ ॥

অন্বয়

যঃ কালঃ (যে কাল) ত্রসরেণুত্রিকং ভুঙ্‌ক্তে (তিনটি ত্রসরেণুকে ভোগ করে) সা ত্রুটিঃ স্মৃতা (তাহাকে ত্রুটি বলে); শতভাগঃ তু (একশত ত্রুটিতে) বেধঃ স্যাৎ (বেধ নামক কাল বলিয়া কথিত হইয়া থাকে); তৈঃ ত্রিভিঃ তু (সেই তিনটি বেধে) লবঃ স্মৃতঃ (একটি লব বলিয়া কথিত হয়) ॥ ৬ ॥

ত্রিলবঃ নিমেষঃ জ্ঞেয়ঃ (তিনটি লবপরিমিত কালকে নিমেষ বলিয়া জানিবে); তে ত্রয়ঃ (সেই তিনটি নিমেষপরিমিত কাল) ক্ষণঃ আম্নাতাঃ (ক্ষণ বলিয়া কথিত হয়); পঞ্চক্ষণান্ (পাঁচটি ক্ষণকে) কাষ্ঠাং (কাষ্ঠা) বিদুঃ (বলিয়া থাকে); তাঃ দশ পঞ্চ চ কাষ্ঠাঃ (সেই পঞ্চদশ কাষ্ঠাকে) লঘু জ্ঞেয়াঃ (লঘু নামক কাল বলিয়া জানিবে) ॥ ৭ ॥

দশ পঞ্চ চ লঘূনি বৈ (পঞ্চদশ লঘু) নাড়িকা সমাম্নাতা (এক নাড়িকা অর্থাৎ এক দণ্ড বলিয়া কথিত হয়); তে দ্বে (সেই দুইটি নাড়িকা) মুহূর্ত্তঃ (মুহূর্ত্ত নামে কথিত হয়); ষট্ সপ্ত বা (ছয় বা সাত নাড়িকায় অর্থাৎ দণ্ডে) নৃণাম্ (মানবগণের) প্রহরঃ (এক প্রহর হইয়া থাকে); যামঃ (এই প্রহরকে যামও বলা হয়) [অর্থাৎ সন্ধ্যাদ্বয়ের মুহূর্ত্তদ্বয় ব্যতীত দিন ও রাত্রির প্রত্যেকের চারিভাগের একভাগকে প্রহর বা যাম বলা হয়; তাহা ছয় বা সাত দণ্ডাত্মক হইবে] ॥ ৮ ॥

অনুবাদ

যে কাল তিনটি ত্রসরেণুকে ভোগ করে, তাহাকে ত্রুটি নামক কাল কহে এবং এক-শত ত্রুটিকে বেধনামক কাল কহে; আবার তিনটি বেধে একটি লবনামক কাল বলিয়া কথিত হয় ॥ ৬ ॥

তিনটি লবপরিমিত কালকে নিমেষ বলিয়া জানিবে; তিন নিমেষপরিমিত কাল ক্ষণ বলিয়া কথিত হয়; আবার পাঁচটি ক্ষণপরিমিত কাল কাষ্ঠা ও পঞ্চদশ কাষ্ঠায় এক লঘু নামক কাল হইয়া থাকে ॥ ৭ ॥

পঞ্চদশ লঘুতে এক নাড়িকা অর্থাৎ এক দণ্ড হইয়া থাকে; দুইটি নাড়িকা বা দণ্ডে

টীকা

পতন্নগাৎ ইতি ॥ ৫ ॥ শতং ত্রুটিশতং ভাগা যস্মিন্, স বেধঃ তৈঃ বেধৈঃ ॥ ৬ ॥ তাঃ কাষ্ঠাঃ পঞ্চদশ লঘু ॥ ৭ ॥ তে নাড়িকে দ্বে মুহূর্ত্তঃ, নাড়িকা ষট্ সপ্ত বা প্রহরঃ স এব যামঃ; অয়মর্থঃ—সন্ধ্যাসন্ধ্যাংশমুহূর্ত্তদ্বয়ং বিনা দিনস্য রাত্রেশ্চ হ্রাসে তুর্য্যাংশভাগঃ ষট্‌নাড়িকাত্মকঃ, বৃদ্ধৌ সপ্তনাড়িকাত্মকঃ যাম ইতি, এতদপি স্থূলদৃষ্ট্যোক্তং নিয়মাসম্ভবাৎ ॥ ৮ ॥

দ্বাদশার্দ্ধপলোন্মানং চতুর্ভিশ্চতুরঙ্গুলৈঃ।
স্বর্ণমাষৈঃ কৃতচ্ছিদ্রং যাবৎ প্রস্থজলপ্লুতম্ ॥ ৯ ॥
যামাশ্চত্বারশ্চত্বারো মর্ত্ত্যানামহনী উভে।
পক্ষঃ পঞ্চদশাহানি শুক্লঃ কৃষ্ণশ্চ মানদ ! ॥ ১০ ॥

অন্বয়

দ্বাদশার্দ্ধপলোন্মানং (ছয়পলপরিমিত তাম্রময় পাত্র) চতুর্ভিঃ স্বর্ণমাষৈঃ (চারিমাষা স্বর্ণের দ্বারা বিরচিত) চতুরঙ্গুলৈঃ (চারি অঙ্গুলী দীর্ঘ সূচী দ্বারা) কৃতচ্ছিদ্রং (ছিদ্র করা হইলে) যাবৎ (যে পর্য্যন্ত) প্রস্থজলপ্লুতং (উহাতে প্রস্থপরিমিত জল প্রবেশ করিয়া উহাকে নিমগ্ন করে), [সেই পরিমাণ কালের নাম দণ্ড বা নাড়িকা] ॥ ৯ ॥

মানদ! (হে মানপ্রদ বিদুর!) চত্বারঃ চত্বারঃ (আট) যামাঃ (প্রহরে) মর্ত্ত্যানাম্ (মানবগণের) উভে অহনী (একদিন ও একরাত্রি অর্থাৎ অহোরাত্র) পঞ্চদশ অহানি (ও পঞ্চদশ দিনে) পক্ষঃ (একপক্ষ হয়); [সঃ] (সেই পক্ষ) শুক্লঃ কৃষ্ণঃ চ (শুক্ল ও কৃষ্ণ ভেদে দুই প্রকার) ॥ ১০ ॥

অনুবাদ

এক মুহূর্ত্ত হইয়া থাকে; ছয় কি সাত নাড়িকা বা দণ্ডে মানবগণের এক প্রহর হইয়া থাকে; এই প্রহরকে যামও বলা হয় অর্থাৎ সন্ধ্যাদ্বয়ের মুহূর্ত্তদ্বয় ব্যতীত দিন ও রাত্রির প্রত্যেকের চারি ভাগের এক ভাগকে প্রহর বা যাম বলা হয়। এখানে "ছয় বা সাত" এই অনিশ্চিতভাবে বলার উদ্দেশ্য এই যে দিবামান ও রাত্রিমান যখন একেবারে হ্রাস হয়, তখন ছয় দণ্ডে ও যখন একেবারে বৃদ্ধি হয় তখন সাত দণ্ডে এক প্রহর হইবে। এই দুইয়ের মধ্যাবস্থায়ও প্রহরের মান বিভিন্ন হইবে। যখন যেমন দিবামান কি রাত্রিমান থাকিবে, তাহারই চতুর্থাংশ প্রহর। পূর্ব্বেই বলিয়াছি প্রহরের এই যে নিয়ম, তাহা সন্ধ্যাদ্বয়ের মুহূর্ত্তদ্বয়কে অর্থাৎ চারি দণ্ডকে বাদ দিয়া; সেই চারি দণ্ডকে এই সঙ্গে গণনা করিলে সাত দণ্ড বা আট দণ্ড অথবা এই উভয়ের মধ্যাবস্থায় এক প্রহর হইবে ॥ ৮ ॥

ছয়পল তাম্রময় পাত্র যদি এই ভাবে নির্ম্মিত হয় যে উহাতে এক প্রস্থ পরিমিত জল ধরে; আর যদি চারি মাষ পরিমিত স্বর্ণের দ্বারা চারি অঙ্গুলী দীর্ঘ একটি সূচী অর্থাৎ শলাকা প্রস্তুত করিয়া তাহা দ্বারা ঐ পাত্রে একটি ছিদ্র করা যায়, তাহা হইলে যে পরিমিত কালের মধ্যে ঐ ছিদ্রপথে জল প্রবেশ করিয়া উহাকে জলমগ্ন করে, সেই পরিমিত কালের নাম দণ্ড বা নাড়িকা ॥ ৯ ॥

হে মানপ্রদ বিদুর! মনুষ্যগণের চারি প্রহরে একদিন ও চারি প্রহরে একরাত্রি

টীকা

দ্বাদশার্দ্ধপলোন্মানং ষট্পলপরিমিততাম্রময়ং উন্মীয়তে অনেন ইত্যুন্মানং পাত্রম্ চতুরঙ্গুলৈঃ চতুরঙ্গুলায়ামসূচীরূপেণ বিরচিতৈঃ চতুর্ভিঃ স্বর্ণমাষৈঃ কৃতচ্ছিদ্রং বিরচিতমূলচ্ছিদ্রম্ তেন ছিদ্রেণ যাবৎ প্রস্থজলং প্লুতং ভবতি তাবান্ কালো নাড়িকা ॥ ৯ ॥ চত্বারশ্চত্বারঃ অষ্টৌ যামাঃ উভে

তয়োঃ সমুচ্চয়ো মাসঃ পিতৃণাং তদহর্নিশম্।
দ্বৌ তাবৃতুঃ ষড়য়নং দক্ষিণঞ্চোত্তরং দিবি ॥ ১১ ॥
অয়নে অহনী প্রাহুর্বৎসরো দ্বাদশ স্মৃতঃ।
সংবৎসরশতং নৃণাং পরমায়ুর্নিরূপিতম্ ॥ ১২ ॥
গ্রহর্ক্ষতারাচক্রস্থঃ পরমাণ্বাদিনা জগৎ।
সংবৎসরাবসানেন পর্য্যেত্যনিমিষো বিভুঃ ॥ ১৩ ॥

অন্বয়

তয়োঃ (সেই শুক্ল ও কৃষ্ণপক্ষের) সমুচ্চয়ঃ (মিলনে) মাসঃ (একমাস), তৎ (সেই এক মাসে) পিতৃণাং (পিতৃলোকের) অহর্নিশম্ (অহোরাত্র), তৌ দ্বৌ (সেই দুইমাসে) ঋতুঃ (এক ঋতু) ষট্ (ও ছয়মাসে) অয়নং (এক অয়ন হয়); তৎ (সেই অয়ন) দক্ষিণম্ উত্তরং চ (দক্ষিণ ও উত্তর ভেদে দুই প্রকার) [“দিবি”শব্দ পরের শ্লোকে অন্বিত হইবে] ॥ ১১ ॥

দিবি (দেবলোকে) অয়নে (দক্ষিণ ও উত্তরায়ণে) অহনী (এক অহোরাত্র) প্রাহুঃ (কথিত হইয়া থাকে)। দ্বাদশ (মানবগণের দ্বাদশমাস) বৎসরঃ স্মৃতঃ (এক বৎসর বলিয়া কথিত হয়); নৃণাং (মানবগণের) পরমায়ু (জীবনকাল) সংবৎসরশতং নিরূপিতম্ (একশত বৎসর নিরূপিত হইয়াছে) ॥ ১২ ॥

গ্রহর্ক্ষতারাচক্রস্থঃ (চন্দ্রাদি গ্রহ, অশ্বিনী প্রভৃতি নক্ষত্র ও অপর তারাসমূহে উপলক্ষিত যে কালচক্র, সেই কালচক্রে অবস্থিত) অনিমিষঃ (নিমেষমাত্রও অবিরত) বিভুঃ (মহাদীপ্তিমান্ সূর্য্যদেব) জগৎ (দ্বাদশরাশ্যাত্মক ভুবন) পরমাণ্বাদিনা সংবৎসরাবসানেন (পরমাণুকাল হইতে আরম্ভ করিয়া সংবৎসরান্তকালে) পর্য্যেতি (পরিভ্রমণ করিয়া থাকেন) ॥ ১৩ ॥

অনুবাদ

এবং পঞ্চদশ অহোরাত্রে একপক্ষ হইয়া থাকে; সেই পক্ষ দুই প্রকার শুক্ল ও কৃষ্ণ ॥ ১০ ॥

সেই শুক্ল ও কৃষ্ণপক্ষ মিলিয়া একমাস হয়; সেই একমাসই পিতৃলোকের অহোরাত্র অর্থাৎ একদিন। দুইমাসে এক ঋতু ও ছয়মাসে এক অয়ন হইয়া থাকে; সেই অয়ন দুই প্রকার দক্ষিণায়ন ও উত্তরায়ণ ॥ ১১ ॥

মনুষ্যগণের অয়নদ্বয় দেবলোকের অহোরাত্র অর্থাৎ মনুষ্যগণের উত্তরায়ণ দেবগণের দিন ও দক্ষিণায়ন রাত্রি। বারমাসে এক বৎসর; এইরূপ এক শত বৎসর মানবগণের জীবনকাল নিরূপিত হইয়াছে ॥ ১২ ॥

[পরমাণু কাল হইতে আরম্ভ করিয়া সংবৎসর পর্য্যন্ত যে কালের ভেদ, তাহা সূর্য্যদেবের

টীকা

অহনী অহোরাত্রে ॥ ১০ ॥ দ্বৌ মাসৌ ঋতুঃ, ষণ্মাসাঃ অয়নম্, দিবি—ইত্যুত্তরেণ সম্বধ্যতে ॥ ১১ ॥ দিবি দেবলোকে, অয়নে অহনী প্রাহুঃ। দ্বাদশ মাসাঃ বৎসরঃ স্মৃতঃ ॥ ১২ ॥ পরমাণ্বাদি-সংবৎসরান্তাঃ কালভেদাঃ সূর্য্যপর্য্যটনকৃতা ইত্যাহ—গ্রহেতি। গ্রহাঃ চন্দ্রাদয়ঃ, ঋক্ষাণি অশ্বিন্যাদীনি, তারা অন্যানি ঋক্ষাণি; তদুপলক্ষিতকালচক্রস্থঃ অনিমিষঃ অনিদ্রঃ বিভুঃ মহাপ্রভঃ

সংবৎসরঃ পরিবৎসর ইড়াবৎসর এব চ।
অনুবৎসরো বৎসরশ্চ বিদুরৈবং প্রভাষ্যতে ॥ ১৪ ॥
যঃ সৃজ্যশক্তিমুরুধোচ্ছ্বসয়ন্ স্বশক্ত্যা পুংসোঽভ্রমায় দিবি ধাবতি ভূতভেদঃ।
কালাখ্যয়া গুণময়ং ক্রতুভির্বিতন্বং-স্তস্মৈ বলিং হরত বৎসরপঞ্চকায় ॥ ১৫ ॥

অন্বয়

[হে] বিদুর! সংবৎসরঃ (সৌর অর্থাৎ সূর্য্যের পর্য্যটনকাল সংবৎসর), পরিবৎসরঃ (বার্হস্পত্য অর্থাৎ বৃহস্পতিগ্রহের দ্বাদশরাশি পর্য্যটনকাল পরিবৎসর), ইড়াবৎসরঃ (সাবন অর্থাৎ ত্রিশ দিনে মাস ধরিয়া দ্বাদশমাস ইড়াবৎসর), অনুবৎসরঃ এব চ (ও চান্দ্র অর্থাৎ চন্দ্রের দ্বাদশরাশি পর্য্যটনকাল অনুবৎসর) বৎসরঃ (ও সাতাইশ নক্ষত্রানুসারে সাতাইশ দিনে মাস গণনা করিয়া দ্বাদশমাস বৎসর) এবং প্রভাষ্যতে (এই পাঁচ প্রকারের বৎসর কথিত হইয়া থাকে) ॥ ১৪ ॥

যঃ ভূতভেদঃ (যে ভূতগণের পৃথক্ পৃথক্ রূপে প্রকাশক ভগবান্ সূর্য্যরূপে) কালাখ্যয়া স্বশক্ত্যা (কালনাম্নী শক্তির দ্বারা) সৃজ্যশক্তিং (বীজাদিতে নিহিত বৃক্ষাদির শক্তিকে) উরুধা (বহুপ্রকারে) উচ্ছ্বসয়ন্ (কার্য্যাভিমুখী করিয়া) পুংসঃ (মুমুক্ষু জনের) অভ্রমায় (মোক্ষের নিমিত্ত) [এবং সকামিগণের] গুণময়ং (স্বর্গাদি ফল) ক্রতুভিঃ (যজ্ঞাদিদ্বারা) বিতন্বন্ (প্রকাশিত করিয়া) দিবি (অন্তরীক্ষে) ধাবতি (ধাবিত হইতেছেন), তস্মৈ (সেই) বৎসরপঞ্চকায় (বৎসরপঞ্চকের প্রবর্ত্তক সূর্য্যরূপী ভগবান্‌কে) [তুমি] বলিং (পূজা) হরত (কর) ॥১৫॥

অনুবাদ

গতি অনুসারেই হইয়া থাকে, ইহাই বলিতেছেন]—চন্দ্রাদি গ্রহ, অশ্বিনী প্রভৃতি নক্ষত্র এবং অন্যান্য তারা সমূহে পরিবেষ্টিত যে কালচক্র, সেই কালচক্রে সূর্য্যদেব অবস্থান করিতেছেন; মহাদীপ্তিমান্ সূর্য্যদেব অবিরতভাবে পরমাণু কাল হইতে আরম্ভ করিয়া সংবসরান্তকালে দ্বাদশ-রাশ্যাত্মক ভুবন একবার পরিভ্রমণ করিয়া থাকেন ॥ ১৩ ॥

[সংবৎসরের ভেদ বলিতেছেন]—হে বিদুর! সূর্য্যদেব যত সময়ে ভুবন পর্য্যটন করেন, তাহা সংবৎসর; বৃহস্পতিগ্রহের দ্বাদশ রাশি পর্য্যটনকাল পরিবৎসর; ত্রিশ দিনে মাস ধরিয়া দ্বাদশ মাস ইড়াবৎসর; চন্দ্রের দ্বাদশ রাশি পর্য্যটনকাল অনুবৎসর এবং সাতাইশ নক্ষত্রানুসারে সাতাইশ দিনে মাস ধরিয়া দ্বাদশ মাস বৎসর; এইরূপে সংবৎসরাদির পাঁচ প্রকার ভেদ কথিত হইয়া থাকে ॥ ১৪ ॥

যে ভগবান্ সূর্য্যরূপে ভূতগণকে "ইহা স্থাবর, ইহা জঙ্গম" ইত্যাদি প্রকারে

টীকা

ভাস্করঃ জগৎ দ্বাদশরাশ্যাত্মকং ভুবনকোষং পরমাণ্বাদিনা সংবৎসরান্তেন কালেন পর্য্যেতি ॥ ১৩ ॥ প্রসঙ্গাৎ সংবৎসরভেদানাহ—সংবৎসর ইতি। হে বিদুর! সংবৎসরঃ সৌরঃ, পরিবৎসরঃ বার্হস্পত্যঃ ইড়াবৎসরঃ সাবনঃ, অনুবৎসরঃ চান্দ্রঃ, বৎসরঃ নাক্ষত্রঃ ইত্যেবং প্রভাষ্যতে সূর্য্যাদিগতিবিশেষাৎ কথ্যতে ॥ ১৪ ॥ প্রসঙ্গাৎ সূর্য্যান্তর্য্যাম্যুপাসনামাহ—যঃ ভূতানি ভিনত্তি ইদং স্থাবরমিদং জঙ্গমমিত্যেবং

শ্রীবিদুর উবাচ

পিতৃদেবমনুষ্যাণামায়ুঃ পরমিদং স্মৃতম্।
পরেষাং গতিমাচক্ষ্ব যে স্যুঃ কল্পাদ্বহির্বিদঃ ॥ ১৬ ॥
ভগবান্ বেদ কালস্য গতিং ভগবতো ননু।
বিশ্বং বিচক্ষতে ধীরা যোগরাদ্ধেন চক্ষুষা ॥ ১৭ ॥

অন্বয়

শ্রীবিদুরঃ উবাচ (বিদুর বলিলেন) [হে মৈত্রেয় !] পিতৃদেবমনুষ্যাণাং (পিতৃলোক, দেবলোক ও মনুষ্যলোকের) পরম্ আয়ুঃ (পরমায়ুঃ) ইদং (নিজ নিজ বর্ষগণনানুসারে শতবৎসর ইহা) স্মৃতম্ (আপনাকর্ত্তৃক কথিত হইল)। [এক্ষণে] কল্পাৎ বহিঃ (কল্পকালস্থায়ী ত্রৈলোক্যের বাহিরে) যে বিদঃ (যে জ্ঞানিগণ) স্যুঃ (আছেন), পরেষাং (তাঁহাদের) গতিম্ (আয়ুর পরিমাণ) আচক্ষ্ব (বলুন) ॥ ১৬ ॥

ননু ! (হে মৈত্রেয় !) ভগবান্ (আপনি) কালস্য ভগবতঃ (কালরূপী ভগবানের) গতিং বেদ (গতি

অনুবাদ

পৃথক্ পৃথক্‌রূপে প্রকাশিত করিয়া থাকেন এবং যিনি কালনাম্নী স্বীয় শক্তির দ্বারা বীজাদিতে নিহিত বৃক্ষাদির শক্তিকে বহু প্রকারে কার্য্যাভিমুখী করিয়া থাকেন, যিনি মুমুক্ষুজনের মোক্ষের জন্য আয়ুঃহরণ করেন এবং আয়ুঃক্ষয়ের দ্বারা বিষয়ে বৈরাগ্য জন্মান ; আর যিনি সকামিগণের (কর্ম্মানুষ্ঠানের উপযুক্ত কাল জ্ঞাপন করিয়া) স্বর্গাদিফল যজ্ঞাদি কর্ম্মের দ্বারা বিস্তার করিয়া থাকেন, হে বিদুর ! এই সকল করিয়া যিনি অন্তরীক্ষে ধাবিত হইতেছেন, সেই পূর্ব্বোক্ত বৎসরপঞ্চকের প্রবর্ত্তক সূর্য্যরূপী ভগবান্‌কে তুমি পূজা কর ॥ ১৫ ॥

বিদুর বলিলেন—হে ভগবন্ ! পিতৃলোক, দেবলোক ও মনুষ্যলোকের পরমায়ু তাহাদের নিজ নিজবর্ষের গণনানুসারে শতবৎসর ইহা আপনি আমাকে বলিলেন। এক্ষণে কল্পকালস্থায়ী ত্রৈলোক্যের বাহিরে অর্থাৎ মহর্লোক হইতে আরম্ভ করিয়া সত্যলোক পর্য্যন্ত স্থানে যে সকল জ্ঞানিগণ অবস্থান করিতেছেন, তাঁহাদের আয়ুর পরিমাণ আমাকে বলুন ॥ ১৬ ॥

হে প্রভো ! আপনি কালরূপী ভগবানের স্বরূপ অবগত আছেন ; যেহেতু বিবেকিগণ ধ্যানযোগে জ্ঞানচক্ষুর দ্বারা সমস্ত দর্শন করিয়া থাকেন ॥ ১৭ ॥

টীকা

তত্তদ্রূপেণ পৃথক্ পৃথক্ প্রকাশয়তীতি ভূতভেদঃ ভগবান্ সূর্য্যান্তরাত্মা যঃ দিবি অন্তরীক্ষে ধাবতি, তস্মৈ বৎসরপঞ্চকপ্রবর্ত্তকায় বলিং হরত পূজাং কুরুত। কিং কুর্ব্বন্ ধাবতি ? কালাখ্যয়া স্বশক্ত্যা সৃজ্যানাম্ উদ্ভিজ্জাদীনাং শক্তিম্ উরুধা উচ্ছ্বসয়ন্ কার্য্যাভিমুখীং কুর্ব্বন্ ; কস্মৈ প্রয়োজয়নায় চ ধাবতি ? পুংসো মুমুক্ষোঃ অভ্রমায় মোক্ষায় বুভুক্ষোস্তু গুণময়ং স্বর্গাদিফলং ক্রতুভির্ব্বিস্তারয়ন্ ॥ ১৫ ॥

কল্পং কল্পস্থায়ি ত্রৈলোক্যম্ তস্মাদ্ বহিঃ বাহ্যতঃ বিদো জ্ঞানিনঃ, তেষাং গতিমায়ুর্মানমাচক্ষ ॥ ১৬ ॥ ননু ! হে মৈত্রেয় ! যোগরাদ্ধেন ধ্যানযোগসিদ্ধেন ॥ ১৭ ॥ ত্রৈলোক্যাদ্ বহিঃস্থানাম্

শ্রীমৈত্রেয় উবাচ

কৃতং ত্রেতা দ্বাপরঞ্চ কলিশ্চেতি চতুর্যুগম্।
দিব্যৈর্দ্বাদশভির্ব্বর্ষৈঃ সাবধানং নিরূপিতম্ ॥ ১৮ ॥
চত্বারি ত্রীণি দ্বে চৈকং কৃতাদিষু যথাক্রমম্।
সঙ্খ্যাতানি সহস্রাণি দ্বিগুণানি শতানি চ ॥ ১৯ ॥

অন্বয়

অবগত আছেন); [যেহেতু] ধীরাঃ (ধীর ব্যক্তিগণ) যোগরাদ্ধেন (ধ্যানযোগসিদ্ধ) চক্ষুষা (চক্ষুর দ্বারা) বিশ্বং (সমস্ত) বিচক্ষতে (দর্শন করিয়া থাকেন) ॥ ১৭ ॥

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) (হে বিদুর!) কৃতং ত্রেতা দ্বাপরং চ কলিঃ চ ইতি (সত্য, ত্রেতা, দ্বাপর ও কলি এই) চতুর্যুগং (চারিযুগ) সাবধানং (সন্ধ্যা ও সন্ধ্যাংশের সহিত) দিব্যৈঃ (দেবপরিমিত) দ্বাদশভিঃ বর্ষৈঃ (দ্বাদশ সহস্র বৎসরে) নিরূপিতম্ (নিরূপিত হইয়াছে) ॥১৮॥

কৃতাদিষু (সত্য, ত্রেতা, দ্বাপর ও কলিযুগে) যথাক্রমং (যথাক্রমে) চত্বারি, ত্রীণি, দ্বে, একং চ সহস্রাণি (চারি সহস্র, তিন সহস্র, দুই সহস্র ও এক সহস্র) [এবং সন্ধ্যা ও সন্ধ্যাংশ সমূহে] দ্বিগুণানি শতানি চ (যথাক্রমে দ্বিগুণ শতবৎসর) সংখ্যাতানি (গণনা করা হইয়াছে) [অর্থাৎ আটশত, ছয়শত, চারিশত ও দুইশত বৎসর গণনা করা হইয়াছে; ফলতঃ সন্ধ্যাচতুষ্টয়ের যথাক্রমে চারিশত, তিনশত, দুইশত ও একশত বৎসর, এইরূপ সন্ধ্যাংশসমূহেরও যথাক্রমে চারিশত, তিনশত, দুইশত ও একশত বৎসর গণনা করা হইল] ॥ ১৯ ॥

অনুবাদ

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর! সত্য, ত্রেতা, দ্বাপর ও কলি এই চারি যুগ; যুগের প্রথম ভাগ সন্ধ্যা ও শেষ ভাগ সন্ধ্যাংশ; দেবপরিমিত দ্বাদশ সহস্র বৎসরে সন্ধ্যা ও সন্ধ্যাংশের সহিত এই যুগ চতুষ্টয় নিরূপিত হইয়াছে ॥ ১৮ ॥

সত্য, ত্রেতা, দ্বাপর ও কলিযুগ যথাক্রমে দেবপরিমাণে চারি সহস্র, তিন সহস্র, দুই সহস্র ও এক সহস্র বৎসর গণনা করা হইয়াছে এবং সন্ধ্যাসমূহ যথাক্রমে চারিশত, তিনশত, দুইশত ও একশত বৎসর ও সন্ধ্যাংশসমূহ যথাক্রমে চারিশত, তিনশত, দুইশত ও একশত বৎসর পরিগণিত হইয়াছে; মোট দ্বাদশ সহস্র-বৎসর হইল ॥ ১৯ ॥

টীকা

আচতুর্ম্মুখাৎ সর্ব্বেষাং চতুর্যুগসাহস্রং দিনপরিমাণং ষষ্ট্যুত্তরশতত্রয়দিনাত্মকসম্বৎসরশতমায়ুরিত্যুত্তরং বক্তুং চতুর্যুগপরিমাণং ধর্ম্মঞ্চাহ—কৃতমিতি চতুর্ভিঃ। দ্বাদশভির্দ্বাদশসহস্রৈঃ, অবধীয়তে ইত্যবধানং সন্ধ্যা সন্ধ্যাংশশ্চ তৎসহিতম্ নিরূপিতমৃষিভিঃ ॥ ১৮ ॥ সহস্রাণি যুগপরিমাণং শতানি সন্ধ্যাসন্ধ্যাংশয়োঃ পরিমাণম্ ॥ ১৯ ॥ শতসংখ্যয়োঃ সন্ধ্যাংশয়োঃ অন্তরেণ মধ্যে যঃ কালঃ সহস্রসংখ্যঃ তং যুগমাহুঃ। কৃতযুগস্যাদৌ চতুঃশতবর্ষপরিমিতা সন্ধ্যা, তস্যান্তে চতুঃশতবর্ষপরিমিতঃ সন্ধ্যাংশঃ তন্মধ্যে চতুঃসহস্র-

সন্ধ্যাসন্ধ্যাংশয়োরন্তর্যঃ কালঃ শতসংখ্যয়োঃ।
তমেবাহুর্যুগং তজ্‌জ্ঞা যত্র ধর্ম্মো বিধীয়তে ॥ ২০ ॥
ধর্ম্মশ্চতুষ্পান্মনুজান্ কৃতে সমনুবর্ত্ততে।
স এবান্যেষ্বধর্ম্মেণ ব্যেতি পাদেন বর্দ্ধতা ॥ ২১ ॥
ত্রিলোক্যা যুগসাহস্রং বহিরা ব্রহ্মণো দিনম্।
তাবত্যেব নিশা তাত! যন্নিমীলতি বিশ্বসৃক্ ॥ ২২ ॥

অন্বয়

শতসংখ্যয়োঃ (শতসংখ্যক অর্থাৎ চারিশত, তিনশত, দুইশত ও একশত সংখ্যক) সন্ধ্যাসন্ধ্যাংশয়োঃ সন্ধ্যা ও সন্ধ্যাংশের) অন্তঃ (মধ্যে) যঃ কালঃ (যে বৎসর), তম্ এব (তাহাকেই) তজ্‌জ্ঞাঃ (যুগধর্ম্মজ্ঞগণ) যুগম্ আহুঃ (যুগ বলিয়া থাকেন)। যত্র (এইসকল যুগে) ধর্ম্মঃ বিধীয়তে (ধর্ম্ম তারতম্যানুসারে বিহিত হইয়া থাকে) ॥ ২০ ॥

[হে বিদুর!] কৃতে (সত্যযুগে) চতুষ্পাৎ (চারিপাদযুক্ত অর্থাৎ সম্পূর্ণ) ধর্ম্মঃ (ধর্ম্ম) মনুজান্ সমনুবর্ত্ততে (মনুষ্যগণের অনুবর্ত্তন করে); সঃ এব (সেই ধর্ম্মই) অন্যেষু (অপর ত্রেতাদি যুগে) বর্দ্ধতা (বৃদ্ধিপ্রাপ্ত) অধর্ম্মেণ (অধর্ম্মের দ্বারা) পাদেন (একপাদক্রমে) ব্যেতি (হ্রাস হইয়া থাকে) ॥ ২১ ॥

তাত! (হে বিদুর!) ত্রিলোক্যাঃ বহিঃ (ত্রিলোকের বাহিরে) [মহরাদিলোক হইতে সত্যলোক পর্য্যন্ত লোকে] আ ব্রহ্মণঃ (ব্রহ্মা প্রভৃতি সকলের) যুগসাহস্রং দিনম্ (চারি সহস্র যুগে এক দিন

অনুবাদ

শতসংখ্যক সন্ধ্যা ও সন্ধ্যাংশের মধ্যে যে সহস্রসংখ্যক বৎসর, তাহাকেই যুগধর্ম্মজ্ঞ পণ্ডিতগণ যুগ বলিয়া থাকেন; যেমন সত্যযুগের আদি চারিশত বৎসর সন্ধ্যা ও অন্ত চারিশত বৎসর সন্ধ্যাংশ; এই উভয়ের মধ্যে যে চারিসহস্র বৎসর, উহাকে সত্যযুগ কহে। এইরূপ ত্রেতাযুগের আদি তিনশত বৎসর সন্ধ্যা ও শেষ তিনশত বৎসর সন্ধ্যাংশ; এই উভয়ের মধ্যে যে তিন সহস্র বৎসর, উহাই ত্রেতাযুগ। এই প্রকারে দ্বাপর ও কলিযুগের সম্বন্ধেও বুঝিতে হইবে। এই সকল যুগে ধর্ম্ম তারতম্যানুসারে বিহিত হইয়া থাকে ॥ ২০ ॥

হে বিদুর! সত্যযুগে চারিপাদ অর্থাৎ সম্পূর্ণ ধর্ম্ম মনুষ্যগণের অনুবর্ত্তী হইয়া থাকে। পরে ত্রেতাদিযুগে অধর্ম্মের বৃদ্ধি হইয়া যথাক্রমে এক এক পাদ ধর্ম্ম হ্রাস হইয়া থাকে অর্থাৎ ত্রেতাযুগের একপাদ ধর্ম্ম হ্রাস হইয়া তিনপাদ ধর্ম্ম থাকে; দ্বাপরে দুইপাদ ধর্ম্ম হ্রাস হইয়া দুইপাদ ধর্ম্ম থাকে; কলিতে তিনপাদ ধর্ম্ম হ্রাস হইয়া একপাদ ধর্ম্মমাত্র থাকে ॥ ২১ ॥

হে বিদুর! এই ভূলোক, ভুবলোক ও স্বলোকের বাহিরে যে মহলোক, জনলোক,

টীকা

বর্ষপরিমিতং কৃতযুগমাহুঃ। এবং ত্রেতাদিষ্বপি বিভাগঃ। যদ্যপি সামান্যতঃ সন্ধ্যাসন্ধ্যাংশয়োরপি ধর্ম্মোঽস্ত্যেব, তথাপি প্রাধান্যতঃ যত্র যুগে ধর্ম্মঃ তারতম্যতো বিধীয়তে ॥ ২০ ॥ ধর্ম্মতারতম্যমেবাহ—ধর্ম্ম ইতি। ত্রেতাদিষু পাদেনৈকেন ব্যেতি হ্রসতি ॥ ২১ ॥ বহির্মহর্লোকাদিসত্যলোকান্তেষু

নিশাবসান আরব্ধো লোককল্পোঽনুবর্ত্ততে।
যাবদ্দিনং ভগবতো মনূন্ ভুঞ্জংশ্চতুর্দ্দশ ॥ ২৩ ॥
স্বং স্বং কালং মনুর্ভুঙ্‌ক্তে সাধিকাং হ্যেকসপ্ততিম্।
মন্বন্তরেষু মনবস্তদ্বংশ্যা ঋষয়ঃ সুরাঃ।
ভবন্তি চৈতে যুগপৎ সুরেশাশ্চানু যে চ তান্ ॥ ২৪ ॥

অন্বয়

হয়); তাবতী এব নিশা (সেই পরিমিতকালই তাঁহাদের রাত্রি)। যৎ (এই রাত্রিতে) বিশ্বসৃক্ (বিশ্বস্রষ্টা ব্রহ্মা) নিমীলতি (নিদ্রিত হইয়া থাকেন) ॥ ২২ ॥

নিশাবসানে (অনন্তর ব্রহ্মার রাত্রি শেষ হইলে) আরব্ধঃ লোককল্পঃ (আরব্ধ এই ত্রিলোক) চতুর্দ্দশ মনূন্ (চতুর্দ্দশ মনুর) ভুঞ্জন্ (পালনে অবস্থান করিয়া) ভগবতঃ (ভগবান্ ব্রহ্মার) যাবৎ দিনং (যে পর্য্যন্ত দিন) [সে পর্য্যন্ত] অনুবর্ত্ততে (অনুবর্ত্তন করে অর্থাৎ চলিতে থাকে) ॥ ২৩ ॥

মনুঃ (স্বায়ম্ভুবাদি এক এক মনু) সাধিকাং (কিছু অধিক) [যুগানাং] একসপ্ততিং (একসপ্ততি চতুর্যুগ) [ব্যাপিয়া] স্বং স্বং কালং (নিজ নিজ কাল) ভুঙ্‌ক্তে হি (ভোগ করিয়া থাকেন)। মন্বন্তরেষু (সকল মন্বন্তরেই) মনবঃ (মনুগণ) তদ্‌বংশ্যাঃ (ও মনুবংশীয় নৃপতিগণ) [ক্রমে ক্রমে উৎপন্ন হইয়া থাকেন)। ঋষয়ঃ (সপ্তর্ষিগণ), সুরাঃ (দেবগণ) সুরেশাঃ চ (ও ইন্দ্রগণ), যে চ তান্ অনু (আর যাঁহারা তাঁহাদের অনুবর্ত্তন করেন, সেই গন্ধর্ব্বগণ) এতে চ (ইঁহারা) যুগপৎ ভবন্তি (একসময়ে উৎপন্ন হইয়া থাকেন) ॥ ২৪ ॥

অনুবাদ

তপোলোক ও সত্যলোক আছে, ব্রহ্মা প্রভৃতি সেই সকল লোকবাসিগণের চারি সহস্র যুগে একদিন হয় এবং সেই পরিমিত কালেই এক রাত্রি হইয়া থাকে। এই রাত্রিতেই বিশ্বস্রষ্টা ব্রহ্মা নিদ্রিত হইয়া থাকেন ॥ ২২ ॥

অনন্তর ব্রহ্মার রাত্রির অবসান হইলে ত্রিলোক সৃষ্টি আরম্ভ হয়; এই সৃষ্টি চতুর্দ্দশ মনুর পালনে অবস্থান করিয়া যে পর্য্যন্ত ভগবান্ ব্রহ্মার দিন, সেই পর্য্যন্ত অনুবর্ত্তন করে অর্থাৎ চলিতে থাকে ॥ ২৩ ॥

স্বায়ম্ভুবাদি এক এক মনু কিছু অধিক একসপ্ততি চতুর্যুগ ব্যাপিয়া স্বীয় স্বীয় কাল ভোগ করিয়া থাকেন। সকল মন্বন্তরেই মনুগণ ও মনুবংশীয় নৃপতিগণ ক্রমে ক্রমে উৎপন্ন হইয়া থাকেন; কিন্তু সপ্তর্ষি প্রভৃতি, দেবগণ, ইন্দ্রগণ, আর যাঁহারা তাঁহাদের অনুবর্ত্তন করেন, সেই গন্ধর্ব্ব প্রভৃতি সকলেই একসময়ে উৎপন্ন হইয়া থাকেন ॥ ২৪ ॥

টীকা

যুগসাহস্রং "চতুর্যুগসহস্রঞ্চ ব্রহ্মণো দিনমুচ্যতে" ইতি দ্বাদশস্কন্ধে বক্ষ্যমাণাৎ চতুর্যুগসহস্রমেকং দিনম্। যদ্ যস্যাং নিমীলতি স্বপিতি ॥ ২২ ॥ নিশায়াঃ অবসানে অন্তে আরব্ধঃ কৃতঃ লোককল্পঃ ত্রিলোকীসর্গঃ চতুর্দ্দশমনূন্ ভুঞ্জন্ পালয়ন্ ব্যাপ্নুবন্ ভগবতঃ চতুরাননস্য যাবৎ দিনং তাবৎ অনুবর্ত্ততে ॥ ২৩ ॥ চতুর্যুগানাং কিঞ্চিদধিকমেকসপ্ততিং স্বং স্বং কালং মনুরেকৈকঃ ভুঙ্‌ক্তে। তেষাং বংশ্যাঃ ভূপাঃ,

এষ দৈনন্দিনঃ সর্গো ব্রাহ্মস্ত্রৈলোক্যবর্ত্তনঃ।
তির্য্যঙ্নৃপিতৃদেবানাং সম্ভবো যত্র কর্ম্মভিঃ ॥ ২৫ ॥
মন্বন্তরেষু ভগবান্ বিভ্রৎ সত্ত্বং স্বমূর্ত্তিভিঃ।
মন্বাদিভিরিদং বিশ্বমবত্যুদিতপৌরুষঃ ॥ ২৬ ॥
তমোমাত্রামুপাদায় প্রতিসংরুদ্ধবিক্রমঃ।
কালেনানুগতাশেষ আস্তে তূষ্ণীং দিনাত্যয়ে ॥ ২৭ ॥

অন্বয়

[হে বিদুর!] এষঃ ত্রৈলোক্যবর্ত্তনঃ (এই ত্রৈলোক্য) সর্গঃ (সৃষ্টি) ব্রাহ্মঃ দৈনন্দিনঃ (ব্রহ্মার দৈনন্দিন সৃষ্টি); যত্র (এই ব্রহ্মার দৈনন্দিন সৃষ্টিতে) কর্ম্মভিঃ (স্ব স্ব কর্ম্মানুসারে) তির্য্যঙ্নৃপিতৃদেবানাং (পশুপক্ষী প্রভৃতি তির্য্যক্, মনুষ্যগণ, পিতৃগণ ও দেবগণের) সম্ভবঃ (উৎপত্তি হইয়া থাকে) ॥ ২৫ ॥

মন্বন্তরেষু (প্রত্যেক মন্বন্তরে) ভগবান্ (পরমেশ্বর) স্বমূর্ত্তিভিঃ সত্ত্বং বিভ্রৎ (স্বয়ং সত্ত্বমূর্ত্তি অবলম্বন করিয়া) উদিতপৌরুষঃ [সন্] (পুরুষাকার প্রাপ্ত হইয়া) মন্বাদিভিঃ (মনু প্রভৃতিরূপে) ইদং বিশ্বম্ (এই বিশ্ব) অবতি (পালন করিয়া থাকেন) ॥ ২৬ ॥

[অনন্তর ব্রহ্মা] দিনাত্যয়ে (স্বীয় পরিমিত দিনের অবসানে) তমোমাত্রাম্ (তমোগুণের লেশ) উপাদায় (অঙ্গীকার করিয়া) প্রতিসংরুদ্ধবিক্রমঃ (সৃষ্টি ব্যাপারে বিরত হইয়া) কালেন (কালবশে) অনুগতাশেষঃ (সমস্ত জগৎ নিজের মধ্যেই লয় করিয়া) তূষ্ণীং আস্তে (নির্লিপ্তভাবে অবস্থান করেন) ॥২৭॥

অনুবাদ

হে বিদুর! এই ত্রৈলোক্য সৃষ্টিই ব্রহ্মার দৈনন্দিন সৃষ্টি অর্থাৎ ব্রহ্মার প্রতিদিনের সৃষ্টিতে এই ত্রিলোক উৎপন্ন হইয়া থাকে। ব্রহ্মার এই দৈনন্দিন সৃষ্টিতে স্ব স্ব কর্ম্ম অনুসারে তির্য্যগ্‌গণ, মনুষ্যগণ, পিতৃগণ ও দেবগণের উৎপত্তি হইয়া থাকে ॥ ২৫ ॥

ভগবান্ পরমেশ্বরই প্রতি মন্বন্তরে স্বয়ং সত্ত্বমূর্ত্তি অবলম্বন করিয়া. পুরুষাকারে মনু প্রভৃতিরূপে এই জগৎ পালন করিয়া থাকেন ॥ ২৬ ॥

হে বিদুর! অনন্তর ব্রহ্মা স্বীয় পরিমিত দিনের অবসানে তমোগুণের লেশ অঙ্গীকার করিয়া নির্লিপ্তভাবে অবস্থান করেন। তখন তিনি সৃষ্টি ব্যাপার হইতে বিরত হইয়া থাকেন ও সমস্ত জগৎ তাঁহাতে লয় হইয়া থাকে ॥ ২৭ ॥

টীকা

সুরেশাঃ ইন্দ্রাঃ, তান্ যে অনু তদনুবর্ত্তিনো গন্ধর্ব্বাদয়শ্চ যুগপৎ ভবন্তি, ভূপানাং তু স্বস্ব-সন্ততিদ্বারা যৌগপদ্যমিত্যর্থঃ ॥ ২৪ ॥ দৈনন্দিনঃ দিনং দিনং ক্রিয়মাণঃ, ব্রাহ্মশ্চতুর্ম্মুখকৃতঃ ত্রৈলোক্যং বর্ত্তয়তীতি স তথা ॥ ২৫ ॥ স্বমূর্ত্তিভিঃ মন্বন্তরাবতারৈঃ "সত্ত্বং স্বাতন্ত্র্যমুদ্দিষ্টমিতি" বচনাৎ সত্ত্বং স্বাতন্ত্র্যং বিভ্রৎ বিভ্রাণঃ মন্বাদিভিঃ নিমিত্তভূতৈঃ ভগবানেব বিশ্বমবতি ॥ ২৬ ॥ তমসো মাত্রাং লেশমুপাদায় প্রতিসংরুদ্ধঃ প্রত্যাহৃতঃ বিক্রমো যেন সঃ, অনুগতম্ অনুপ্রবিষ্টম্ অশেষং যস্মিন্, সঃ দিনাত্যয়ে তূষ্ণীমাস্তে ব্রহ্মেতি শেষঃ ॥ ২৭ ॥ নির্ম্মুক্তঃ রহিতঃ শশী ভাস্করশ্চ যথা ভবতি তথা লোকাঃ অপি-

তমেবান্বপিধীয়ন্তে লোকা ভূরাদয়স্ত্রয়ঃ।
নিশায়ামনুবৃত্তায়াং নির্ম্মুক্তশশিভাস্করম্ ॥ ২৮ ॥
ত্রিলোক্যাং দহ্যমানায়াং শক্ত্যা সঙ্কর্ষণাগ্নিনা।
যান্ত্যুষ্মণা মহর্লোকাজ্জনং ভৃগ্বাদয়োঽর্দ্দিতাঃ ॥ ২৯ ॥
তাবৎ ত্রিভুবনং সদ্যঃ কল্পান্তৈধিতসিন্ধবঃ।
প্লাবয়ন্ত্যুৎকটাটোপচণ্ডবাতেরিতোর্ম্ময়ঃ ॥ ৩০ ॥
অন্তঃ স তস্মিন্ সলিলে আস্তেঽনন্তাসনো হরিঃ।
যোগনিদ্রানিমীলাক্ষঃ স্তূয়মানো জনালয়ৈঃ ॥ ৩১ ॥

অন্বয়

নিশায়াম্ অনুবৃত্তায়াং (ব্রহ্মার রাত্রিকাল উপস্থিত হইলে) তম্ এব অনু (সেই ব্রহ্মাকেই লক্ষ্য করিয়া) ভূরাদয়ঃ ত্রয়ঃ লোকাঃ (ভূলোক, ভুবলোক ও স্বলোক এই লোকত্রয়) নির্ম্মুক্তশশিভাস্করম্ (সূর্য্য ও চন্দ্রের সহিত) অপিধীয়ন্তে (তিরোহিত হইয়া থাকে) ॥ ২৮ ॥

সঙ্কর্ষণাগ্নিনা শক্ত্যা (সঙ্কর্ষণাগ্নিরূপ ভগবচ্ছক্তির দ্বারা) ত্রিলোক্যাং দহ্যমানায়াং (এই ত্রিলোক দগ্ধ হইতে থাকিলে) উষ্মণা (সেই তাপে) অর্দ্দিতাঃ (পীড়িত হইয়া) ভৃগ্বাদয়ঃ (ভৃগু প্রভৃতি ঋষিগণ) মহর্লোকাৎ (মহলোক হইতে) জনং যান্তি (জনলোকে গমন করেন) ॥ ২৯ ॥

উৎকটাটোপচণ্ডবাতেরিতোর্ম্ময়ঃ (অসহনীয় ক্ষোভযুক্ত ও প্রচণ্ড বায়ুবেগে উদ্বেলিত ঊর্ম্মিমালা-যুক্ত) কল্পান্তৈধিতসিন্ধবঃ (প্রলয়কালীন বর্দ্ধিত সমুদ্র সকল) তাবৎ সদ্যঃ (তখনই সহসা) ত্রিভুবনং প্লাবয়ন্তি (ত্রিভুবনকে জলপ্লাবিত করিয়া দেয়) ॥ ৩০ ॥

জনালয়ৈঃ (জনলোকবাসিগণকর্ত্তৃক) স্তূয়মানঃ (বন্দিত) যোগনিদ্রানিমীলাক্ষঃ (ও যোগনিদ্রায়

অনুবাদ

ব্রহ্মার রাত্রিকাল উপস্থিত হইলে সেই ব্রহ্মাকেই লক্ষ্য করিয়া ক্রমশঃ ভূরাদি লোকত্রয় সূর্য্য ও চন্দ্রের সহিত আপনা আপনিই তিরোহিত হইয়া থাকে ॥ ২৮ ॥

সঙ্কর্ষণাগ্নিরূপ ভগবচ্ছক্তির দ্বারা এই ত্রিলোক দগ্ধ হইতে থাকিলে সেই উত্তাপে প্রপীড়িত হইয়া ভৃগু প্রভৃতি ঋষিগণ মহলোক হইতে জনলোকে গমন করিয়া থাকেন ॥ ২৯ ॥

অসহনীয় ক্ষোভযুক্ত ও প্রচণ্ড বায়ুবেগে উদ্বেলিত ঊর্ম্মিমালাসমূহে বর্দ্ধিত হইয়া প্রলয়-কালীন সমুদ্র সকল তখনই ত্রিভুবনকে সহসা জলপ্লাবিত করিয়া দেয় ॥ ৩০ ॥

যোগনিদ্রায় নিমীলিতনয়ন ও অনন্তশয্যায় শয়ান শ্রীহরি সলিলে অবস্থান

টীকা

ধীয়ন্তে তিরোহিতা ভবন্তি ॥ ২৮ ॥ সঙ্কর্ষণাগ্নিরূপয়া ভগবচ্ছক্ত্যা ॥ ২৯ ॥ উৎকটঃ অসহ্যঃ আটোপঃ ক্ষোভো যেষাং তে চ তে চণ্ডবাতৈরীরিতোর্ম্ময়শ্চ তে তথা কল্পান্তেনৈধিতাঃ সম্বর্দ্ধিতাঃ সিন্ধবঃ ত্রিভুবনং সদ্যঃ প্লাবয়ন্তি ॥ ৩০ ॥ যঃ হরিঃ সলিলে আস্তে, তস্মিন্ সঃ প্রস্তুতঃ ব্রহ্মাপি অন্তর্মধ্যে

এবম্বিধৈরহোরাত্রৈঃ কালগত্যোপলক্ষিতৈঃ।
অপক্ষিতমিবাস্যাপি পরমায়ুর্ব্বয়ঃশতম্ ॥ ৩২ ॥
যদর্দ্ধমায়ুষস্তস্য পরার্দ্ধমভিধীয়তে।
পূর্ব্বঃ পরার্দ্ধোঽপক্রান্তো হ্যপরোঽদ্য প্রবর্ত্ততে ॥ ৩৩ ॥
পূর্ব্বস্যাদৌ পরার্দ্ধস্য ব্রাহ্মো নাম মহানভূৎ।
কল্পো যত্রাভবদ্ ব্রহ্মা শব্দব্রহ্মেতি যং বিদুঃ ॥ ৩৪ ॥

অন্বয়

নিমীলিতনয়ন) অনন্তাসনঃ (অনন্তশয্যায় শয়ান) হরিঃ (শ্রীহরি) সলিলে আস্তে (জলে অবস্থান করেন) ; তস্মিন্ অন্তঃ (সেই শ্রীহরির মধ্যে) সঃ (ব্রহ্মাও) আস্তে (অবস্থান করিয়া থাকেন) ।।৩১।।

কালগত্যা উপলক্ষিতৈঃ (পরমাণুকাল হইতে আরম্ভ করিয়া সংবৎসরান্তকালরূপে) অস্য অপি (এই ব্রহ্মারও) এবম্বিধৈঃ (স্বীয় পরিমাণে) অহোরাত্রৈঃ (দিবারাত্রিক্রমে) পরং বয়ঃশতং (শতবৎসর) আয়ুঃ (জীবনকাল) [অর্থাৎ স্বীয় পরিমিত শতবর্ষ যে আয়ুষ্কাল, তাহা] অপক্ষিতম্ ইব (গতপ্রায় হইয়াছে) ॥ ৩২ ॥

[হে বিদুর !] তস্য (সেই ব্রহ্মার) আয়ুষঃ (পরমায়ুর) যৎ অর্দ্ধং (যে অর্দ্ধভাগ), [তৎ] পরার্দ্ধম্ অভিধীয়তে (তাহাকে পরার্দ্ধ বলা হয়) ; পূর্ব্বঃ পরার্দ্ধঃ (পূর্ব্ব পরার্দ্ধ) অপক্রান্তঃ হি (অতীত হইয়াছে) ; অপরঃ (শেষ পরার্দ্ধ) অদ্য প্রবর্ত্ততে (আজ হইতে চলিতে লাগিল) ॥ ৩৩ ॥

পূর্ব্বস্য পরার্দ্ধস্য (পূর্ব্ব পরার্দ্ধের) আদৌ (আদিতে) ব্রাহ্মঃ নাম (ব্রাহ্ম নামক) মহান্ কল্পঃ অভূৎ (মহাকল্প হইয়াছিল) । যত্র (এই কল্পে) ব্রহ্মা অভবৎ (ব্রহ্মা আবির্ভূত হইয়াছিলেন) ; যং (যাঁহাকে) শব্দব্রহ্ম ইতি বিদুঃ (শব্দব্রহ্ম বলিয়া পণ্ডিতগণ জানেন) ॥ ৩৪ ॥

অনুবাদ

করেন ; জনলোকবাসিগণ তাঁহার স্তব করেন এবং সেই শ্রীহরির মধ্যে ব্রহ্মাও তখন নিদ্রিত হইয়া অবস্থান করেন ॥ ৩১ ॥

হে বিদুর ! পরমাণুকাল হইতে আরম্ভ করিয়া সংবৎসরান্তকালরূপে স্বীয় পরিমাণে দিবারাত্রিক্রমে ব্রহ্মার যে শতবৎসর জীবনকাল অর্থাৎ স্বীয় পরিমাণে শতবৎসর যে পরমায়ু, তাহাও গতপ্রায় হইয়াছে ॥ ৩২ ॥

হে বিদুর ! সেই ব্রহ্মার পরমায়ুর অর্দ্ধাংশকে পরার্দ্ধ বলা হয় ; অতএব দ্বিপরার্দ্ধ-কাল ব্রহ্মার পরমায়ু ; তাহার মধ্যে ব্রহ্মার পূর্ব্বপরার্দ্ধ পরমায়ু অতীত হইয়া গিয়াছে ; শেষ পরার্দ্ধ আজ হইতে চলিতে লাগিল ॥ ৩৩ ॥

হে বিদুর ! ব্রহ্মার পরমায়ুর পূর্ব্ব পরার্দ্ধের আদিতে ব্রাহ্মনামক মহাকল্প হইয়াছিল ;

টীকা

আস্তে নিদ্রাং প্রাপ্নোতি ; কল্পান্তে—"ইদমাদায় শয়ানেঽম্ভস্যুদন্বতঃ শিশয়িষোরনুপ্রাণং বিবিশেঽন্তরহং প্রভো"রিত্যুক্তত্বাৎ। কৌর্ম্মেঽপি "ততোঽবতীর্য্য বিশ্বাত্মা দেহমাবিশ্য চক্রিণঃ। অবাপ বৈষ্ণবীং নিদ্রামেকীভূয়াথ বিষ্ণুনেতি" ॥ ৩১ ॥ অস্য চতুর্ম্মুখস্য কালগত্যা পরমাণ্বাদিসংবৎসরান্তকালস্য গমনেন

তস্যৈবান্তে চ কল্পোঽভূদ্ যং পাদ্মমভিচক্ষতে।
যদ্ধরের্নাভিসরস আসীল্লোকসরোরুহম্ ॥ ৩৫ ॥
অয়ন্তু কথিতঃ কল্পো দ্বিতীয়স্যাপি ভারত!
বারাহ ইতি বিখ্যাতো যত্রাসীৎ শূকরো হরিঃ ॥ ৩৬ ॥
কালোঽয়ং দ্বিপরার্দ্ধাখ্যো নিমেষ উপচর্য্যতে।
অব্যাকৃতস্যানন্তস্য হ্যনাদের্জগদাত্মনঃ ॥ ৩৭ ॥

অন্বয়

যং পাদ্মং (যাহাকে পাদ্ম কল্প) অভিচক্ষতে (বলিয়া থাকেন), [সঃ] কল্পঃ (সেই পাদ্মকল্প) তস্য এব (সেই পূর্ব্বপরার্দ্ধের) অন্তে চ (শেষে) অভূৎ (হইয়াছিল); যৎ (এই কল্পে) হরেঃ (শ্রীহরির) নাভিসরসঃ (নাভিসরোবর হইতে) লোকসরোরুহম্ (ত্রিভুবনাত্মক কমল) আসীৎ (উৎপন্ন হইয়াছিল) ॥ ৩৫ ॥

ভারত! (হে বিদুর!) দ্বিতীয়স্য অপি (দ্বিতীয় পরার্দ্ধেরও) [আদৌ] (আদিতে) অয়ং তু কথিতঃ কল্পঃ (এই যে কথিত কল্প), বারাহঃ ইতি বিখ্যাতঃ (ইহা বরাহকল্প নামে বিখ্যাত); যত্র (এই বর্ত্তমান কল্পে) হরিঃ শূকরঃ আসীৎ (শ্রীহরি শূকররূপ ধারণ করিয়া আবির্ভূত হইয়াছিলেন) ॥ ৩৬ ॥

অয়ং দ্বিপরার্দ্ধাখ্যঃ কালঃ (এই দ্বিপরার্দ্ধ পরিমিত কাল) অব্যাকৃতস্য (নামরূপ-

অনুবাদ

সেই কল্পে ব্রহ্মা আবির্ভূত হইয়াছিলেন। এই ব্রহ্মাকেই জ্ঞানিগণ শব্দব্রহ্ম বলিয়া থাকেন ॥ ৩৪ ॥

পণ্ডিতগণ যাহাকে পাদ্মকল্প বলিয়া থাকেন, সেই পাদ্মকল্প পূর্ব্বপরার্দ্ধের শেষে হইয়াছিল। সেই কল্পে ভগবান্ শ্রীহরির নাভিসরোবর হইতে ত্রিভুবনাত্মক পদ্ম উৎপন্ন হইয়াছিল ॥ ৩৫ ॥

হে ভরতবংশতিলক! দ্বিতীয় পরার্দ্ধের আদিতে এই বর্ত্তমান কথিত কল্প বরাহকল্প নামে বিখ্যাত। এই বর্ত্তমান কল্পে শ্রীহরি শূকররূপ ধারণ করিয়া আবির্ভূত হইয়াছিলেন ॥ ৩৬ ॥

এই দ্বিপরার্দ্ধনামক কাল নামরূপরহিত অনাদি অনন্ত জগৎকারণ সর্ব্বান্তর্য্যামী

টীকা

উপলক্ষিতৈঃ এবম্বিধৈঃ উক্তপ্রকারৈঃ অহোরাত্রৈঃ পরং সর্ব্বপ্রাণ্যায়ুষঃ অধিকং বয়ঃশতম্ স্বমানেন সম্বৎসরশতাত্মকং যদায়ুস্তদপি অপক্ষিতমিব অপক্ষীণমিব গতপ্রায়মিত্যর্থঃ ॥ ৩২ ॥ ৩৩ ॥ ৩৪ ॥ যং পাদ্মমভিচক্ষতে, স তস্য পূর্ব্বপরার্দ্ধস্যান্তে কল্পদ্বয়াবৃত্ত্যা কল্পোঽভূৎ ॥ ৩৫ ॥ দ্বিতীয়স্য পরার্দ্ধস্য আদৌ কথিতঃ বারাহঃ ইতি নামান্তরেণ বিখ্যাতঃ বস্তুতস্তু ব্রহ্মকল্পঃ ॥ ৩৬ ॥ স্বরূপতঃ জীবানাং কিমুত পরমেশ্বরস্য কালাতীতত্বমেব। তথাপি মনুষ্যাদিচতুর্ম্মুখান্তজীবানাং লোকদেহাদিকং কালগ্রস্তমিত্যুক্তম্।

কালোঽয়ং পরমাণ্বাদির্দ্বিপরার্দ্ধান্ত ঈশ্বরঃ।
নৈবেশিতুঃ প্রভুর্ভূম্ন ঈশ্বরো ধামমানিনাম্ ॥ ৩৮ ॥
বিকারৈঃ সহিতো যুক্তৈর্ব্বিশেষাদিভিরাবৃতঃ।
অণ্ডকোষো বহিরয়ং পঞ্চাশৎকোটিবিস্তৃতঃ ॥ ৩৯ ॥

অন্বয়

রহিত) অনাদেঃ অনন্তস্য (অনাদি অনন্ত) জগদাত্মনঃ (জগৎকারণ সর্ব্বান্তর্য্যামী পরমেশ্বরের) নিমেষঃ উপচর্য্যতে হি (নিমেষ বলিয়া কল্পিত [অর্থাৎ গৌণ প্রয়োগ] হয়) ; [কিন্তু এই নিমেষ তাঁহার পরমায়ুর অংশ নহে ; এই নিমেষ ক্রমে তাঁহার আয়ু গণনা হয় না] ॥ ৩৭ ॥

ধামমানিনাম্ (মনুষ্যাদি চতুর্ম্মুখপর্য্যন্ত দেহাভিমানিগণের) ঈশ্বরঃ (দেহগেহাদির পরিমাপক হইলেও) পরমাণ্বাদিঃ দ্বিপরার্দ্ধান্তঃ (পরমাণুকাল হইতে দ্বিপরার্দ্ধপর্য্যন্ত) অয়ং কালঃ (এই কাল) ঈশিতুঃ (সর্ব্বনিয়ন্তা) ভূম্নঃ (সর্ব্বব্যাপী ভগবানের) ন এব প্রভুঃ (প্রভু নহে অর্থাৎ ভগবানের উপরে প্রভাব বিস্তার করিতে সমর্থ নহে) ; [যেহেতু] [অয়ং কালঃ] ঈশ্বরঃ (এই কাল ঈশ্বর) [অর্থাৎ ভগবানের শক্তি বলিয়া ভগবান্ হইতে তাহার পৃথক্ সত্তা নাই] ॥ ৩৮ ॥

বিকারৈঃ (একাদশ ইন্দ্রিয় ও পঞ্চমহাভূত এই ষোড়শ বিকার) যুক্তৈঃ (প্রকৃতি, মহৎ, অহঙ্কার ও পঞ্চতন্মাত্র এই অষ্ট প্রকৃতির) সহিতঃ (সহিত) অন্তঃ (মধ্যে) পঞ্চাশৎকোটিবিস্তৃতঃ (পঞ্চাশৎকোটি যোজন বিস্তৃত) বহিঃ (ও বাহিরে) বিশেষাদিভিঃ আবৃতঃ (পৃথিব্যাদি সপ্ত আবরণে আবৃত) অয়ম্ অণ্ডকোষঃ (এই অণ্ডকোষ) [যাঁহাতে প্রবিষ্ট হইয়া পরমাণুর ন্যায় লক্ষিত হয়, তাঁহাকে জ্ঞানিগণ অক্ষরব্রহ্ম বলিয়া থাকেন]। [পরের শ্লোকের সহিত অন্বয়] ॥ ৩৯ ॥

অনুবাদ

পরমেশ্বরের নিমেষ বলিয়া কল্পিত হয় অর্থাৎ গৌণভাবে বলা হয় ; কিন্তু এই নিমেষ পরমেশ্বরের পরমায়ুর কাল নহে ; এই নিমেষক্রমে তাঁহার পরমায়ু গণনা করা হয় না ; যেহেতু এই কাল ভগবানের শক্তি ; ভগবান্ হইতে পৃথক্ নহে ; অতএব তিনি কালাতীত এবং কালেরও কারণ ॥ ৩৭ ॥

পরমাণুকাল হইতে আরম্ভ করিয়া দ্বিপরার্দ্ধ পর্য্যন্ত এই বিস্তৃত কাল মনুষ্যাদি চতুর্ম্মুখ পর্য্যন্ত দেহাভিমানিগণের দেহগেহাদির পরিমাপক হইলেও সর্ব্বনিয়ন্তা সর্ব্বান্তর্য্যামী ভগবানের উপরে প্রভাব বিস্তার করিতে সমর্থ নহে ; যেহেতু এই কাল ঈশ্বর অর্থাৎ এই কাল ভগবচ্ছক্তি বলিয়া ভগবান্ হইতে ইহার পৃথক্ কোনও সত্তা নাই ॥ ৩৮ ॥

হে বিদুর ! একাদশ ইন্দ্রিয় ও পঞ্চমহাভূত এই ষোড়শবিকার এবং প্রকৃতি, মহৎ,

টীকা

অথ কালাতীতদেহাদিযুক্তং তত্ত্বমাহ—কালোঽয়মিতি পঞ্চভিঃ। অব্যাকৃতস্য নিত্যবিগ্রহাদিযুক্তস্য নিমেষঃ উপচর্য্যতে। নতু আয়ুরবয়বতয়া উচ্যতে। "কলামুহূর্ত্তাদিময়শ্চ কালো ন যদ্বিভূতেঃ পরিণামহেতু"রিতি পুরাণান্তরাচ্চ ॥ ৩৭ ॥ ধামমানিনাং মনুষ্যাদিচতুর্ম্মুখপর্য্যন্তানাং দেহাদ্যভিমানিনাম্ ঈশ্বরঃ দেহগেহাদিপরিচ্ছেদকোঽপি ঈশিতুঃ সর্ব্বনিয়ন্তুঃ ভূম্নঃ অপরিচ্ছিন্নদেহাদিমতঃ নৈব প্রভুঃ। যতঃ অয়ং কালঃ ঈশ্বরঃ তচ্ছক্তিত্বাদনতিরিক্তস্থিতিপ্রকৃতিক ইত্যর্থঃ ॥ ৩৮ ॥ বিকারৈঃ ষোড়শভি-

দশোত্তরাধিকৈর্যত্র প্রবিষ্টঃ পরমাণুবৎ।
লক্ষ্যতেঽন্তর্গতাশ্চান্যে কোটিশো হ্যণ্ডরাশয়ঃ ॥ ৪০ ॥
তদাহুরক্ষরং ব্রহ্ম সর্ব্বকারণকারণম্।
বিষ্ণোর্ধাম পরং সাক্ষাৎ পুরুষস্য মহাত্মনঃ ॥ ৪১ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুরমৈত্রেয়-সংবাদে কালস্বরূপকথনং নামৈকাদশোঽধ্যায়ঃ ॥ ১১ ॥

অন্বয়

দশোত্তরাধিকৈঃ (অণ্ডকোষের পরিমাণ হইতে দশগুণ উত্তরোত্তর অধিক) [বিশেষাদিভিঃ আবৃতঃ] (পৃথিব্যাদি সপ্ত আবরণে আবৃত অণ্ডকোষ) যত্র প্রবিষ্টঃ (যাঁহাতে প্রবিষ্ট হইয়া) পরমাণুবৎ লক্ষ্যতে (পরমাণুর ন্যায় লক্ষিত হয়) অন্যে চ কোটিশঃ অণ্ডরাশয়ঃ (এবং অপর কোটি কোটি ব্রহ্মাণ্ড-সমূহও) অন্তর্গতাঃ (যাঁহাতে অবস্থান করিয়া) [পরমাণুবৎ] (পরমাণুসমূহের মত) [লক্ষ্যন্তে] (লক্ষিত হয়), [তাঁহাকে জ্ঞানিগণ অক্ষরব্রহ্ম বলিয়া থাকেন] ॥ ৪০ ॥

[জ্ঞানিগণ] তৎ (তাঁহাকে) সর্ব্বকারণকারণম্ (সর্ব্বকারণকারণ) অক্ষরং ব্রহ্ম আহুঃ (অক্ষরব্রহ্ম বলিয়া থাকেন) মহাত্মনঃ সাক্ষাৎ পুরুষস্য (এবং পরমাত্মা পরমপুরুষ) বিষ্ণোঃ (ব্রহ্মের) ধাম (স্থানও) পরম্ (পূর্ণই) ॥ ৪১ ॥

অনুবাদ

অহঙ্কার ও পঞ্চতন্মাত্র এই অষ্টপ্রকৃতির সহিত মধ্যস্থলে পঞ্চাশৎকোটি যোজন বিস্তৃত ও বাহিরে পৃথিব্যাদি সপ্ত আবরণে আবৃত এই অণ্ডকোষ যাঁহাতে প্রবিষ্ট হইয়া পরমাণুর ন্যায় লক্ষিত হইয়া থাকে, সেই পরমাত্মাকে জ্ঞানিগণ অক্ষরব্রহ্ম বলিয়া থাকেন ॥ ৩৯॥

অণ্ডকোষের পরিমাণ হইতে দশগুণ উত্তরোত্তর অধিক পৃথিব্যাদি সপ্ত আবরণে আবৃত অণ্ডকোষ যাঁহাতে প্রবিষ্ট হইয়া পরমাণুর ন্যায় লক্ষিত হয়, পরন্তু কোটি কোটি ব্রহ্মাণ্ডসমূহও যাঁহাতে অবস্থান করিয়া পরমাণুসমূহের ন্যায় লক্ষিত হয়, সেই পরমাত্মাকে জ্ঞানিগণ অক্ষরব্রহ্ম বলিয়া থাকেন ॥ ৪০ ॥

তাঁহাকে সর্ব্বকারণকারণ অক্ষরব্রহ্ম বলিয়া জ্ঞানিগণ কীর্ত্তন করিয়া থাকেন। সেই পরমাত্মা পরমপুরুষ ব্রহ্মের স্থানও পূর্ণই অর্থাৎ নিত্য ॥ ৪১ ॥

একাদশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ১১ ॥

টীকা

র্যুক্তৈরষ্টপ্রকৃতিসংযুক্তৈঃ সহিতঃ চতুর্ব্বিংশতিপ্রাকৃতপদার্থময় ইত্যর্থঃ। অন্তর্মধ্যে পঞ্চাশৎকোটি-যোজনপরিমাণাৎ দ্বিতীয়স্কন্ধে নির্ণিতাৎ পৃথিব্যাবরণাৎ দশগুণ উত্তরোত্তরোঽধিকঃ যেষু তৈঃ বিশেষাদিভিঃ পৃথিব্যাদিভিঃ সপ্তভিঃ বহিরাবৃতঃ, এবম্ভূতঃ অণ্ডকোষঃ যত্র প্রবিষ্টঃ পরমাণুবল্লক্ষ্যতে ইতি দ্বয়োরন্বয়ঃ ॥ ৩৯ ॥ ন কেবলময়মেব কিন্ত্বন্যেঽপি লক্ষ্যন্তে ইত্যাহ অন্যে কোটিশোঽণ্ডরাশয় ইতি ॥ ৪০ ॥ তদ্ব্রহ্ম বৃহৎস্বরূপগুণশক্ত্যা সর্ব্বেষাং কারণানাং প্রকৃত্যাদীনাং কারণং স্থিতি-প্রবৃত্ত্যাদিমূলম্ তন্নিত্যস্থানমাহ—বিষ্ণোঃ ব্রহ্মণঃ মহাত্মনঃ সাক্ষাৎ পুরুষস্য ধাম স্থানমপি পরং পূর্ণমেব "যোঽস্যাধ্যক্ষঃ স পরমে ব্যোমন্" ইতি শ্রুতেঃ ॥ ৪১ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে শ্রীমচ্ছুকদেব-কৃত-সিদ্ধান্তপ্রদীপে একাদশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ১১ ॥

দ্বাদশোঽধ্যায়ঃ

শ্রীমৈত্রেয় উবাচ

ইতি তে বর্ণিতঃ ক্ষত্তঃ ! কালাখ্যঃ পরমাত্মনঃ।
মহিমা বেদগর্ভোঽথ যথাস্রাক্ষীন্নিবোধ মে ॥ ১ ॥
সসর্জ্জাগ্রেঽন্ধতামিস্রমথ তামিস্রমাদিকৃৎ।
মহামোহঞ্চ মোহঞ্চ তমশ্চাজ্ঞানবৃত্তয়ঃ ॥ ২ ॥

অন্বয়

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) ক্ষত্তঃ ! (হে বিদুর !) ইতি (পূর্ব্বোক্ত প্রকারে) পরমাত্মনঃ (পরমাত্মার) কালাখ্যঃ মহিমা (কালশক্তির প্রভাব) তে (তোমার নিকটে) বর্ণিতঃ [আমাকর্ত্তৃক] (কথিত হইল)। অথ (অনন্তর) বেদগর্ভঃ (ব্রহ্মা) যথা (যে প্রকারে) অস্রাক্ষীৎ (সৃষ্টি করিয়াছেন), [তাহা] মে (আমার নিকটে) নিবোধ (শ্রবণ কর) ॥ ১ ॥

আদিকৃৎ (ব্রহ্মা) অগ্রে (সৃষ্টির প্রারম্ভে) তমঃ (আত্মা, অনাত্মা ও পরমাত্মস্বরূপাদির অজ্ঞানতা), মোহং চ (বিপরীত জ্ঞান), মহামোহং চ (ভোগেচ্ছা), তামিস্রং চ (ভোগেচ্ছার বাধায় ক্রোধ) অথ অন্ধতামিস্রং (ও ভোগেচ্ছার নাশে আমিই বিনষ্ট হইলাম এই প্রকার বুদ্ধি) সসর্জ্জ (সৃষ্টি করিলেন); এতাঃ অজ্ঞানবৃত্তয়ঃ (ইহারা অজ্ঞানের বৃত্তি) ॥ ২ ॥

অনুবাদ

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর ! পূর্ব্বোক্ত প্রকারে পরমাত্মার কালশক্তির মহিমা তোমার নিকটে বর্ণনা করিলাম। এক্ষণে বেদগর্ভ ব্রহ্মা যে প্রকারে সৃষ্টি করিয়াছেন, তাহা বর্ণনা করিতেছি, শ্রবণ কর ॥ ১ ॥

ব্রহ্মা সৃষ্টির প্রারম্ভে তমঃ, মোহ, মহামোহ, তামিস্র ও অন্ধতামিস্র এই পাঁচটি সৃষ্টি করিলেন ; ইহারা অজ্ঞানের বৃত্তি। তাহার মধ্যে তম—আত্মা, অনাত্মা ও পরমাত্মবিষয়ে অজ্ঞানতা ; মোহ—বিপরীত জ্ঞান ; মহামোহ—ভোগেচ্ছা ; তামিস্র—ভোগেচ্ছার বাধায় ক্রোধ ; অন্ধতামিস্র—ভোগেচ্ছার নাশে আমিই বিনষ্ট হইলাম এই প্রকার বুদ্ধি ॥ ২ ॥

টীকা

উক্তানুবাদপূর্ব্বকং পুনশ্চতুরাননকৃতাং সৃষ্টিং বক্তুং প্রতিজানীতে—ইতীতি ॥ ১ ॥ আদিকৃৎ ব্রহ্মা অগ্রে অন্ধতামিস্রাদীন্ সসর্জ্জ। অজ্ঞানবৃত্তয়ঃ অজ্ঞানস্যানাদিত্বাৎ অবিবেকস্য বৃত্তয়ঃ। তত্র তমো নাম আত্মানাত্মপরমাত্মস্বরূপাস্ত্বিবেকঃ। মোহো যোগ্যাযোগ্যয়োর্বৈপরীত্যেন মনসঃ প্রবৃত্তিঃ, মহামোহো গ্রাম্যভোগেচ্ছা, তামিস্রঃ তৎপ্রতিঘাতে ক্রোধঃ, অন্ধতামিস্রঃ তন্নাশে অহমেব মৃত ইতি বুদ্ধিঃ। তথোক্তং বৈষ্ণবে "তমোঽবিবেকো মোহঃ স্যাদন্তঃকরণবিভ্রমঃ। মহামোহস্তু বিজ্ঞেয়ো গ্রাম্যভোগসুখৈষণা ॥ মরণং হ্যন্ধতামিস্রস্তামিস্রঃ ক্রোধ উচ্যতে। অবিদ্যা পঞ্চপর্ব্বৈষা প্রাদুর্ভূতা মহাত্মন" ইতি ॥২॥ আত্মানং তাদৃশসৃষ্টিকর্ত্তারং স্বাত্মানং ন বহু অমন্যত ন সমীচীনমমন্যত। তদনন্তরং ভগবদ্ধ্যানপূতেনে-

দৃষ্ট্বা পাপীয়সীং সৃষ্টিং নাত্মানং বহ্বমন্যত।
ভগবদ্ধ্যানপূতেন মনসান্যাংস্ততোঽসৃজৎ ॥ ৩ ॥
সনকঞ্চ সনন্দঞ্চ সনাতনমথাত্মভূঃ।
সনৎকুমারঞ্চ মুনীন্ নিষ্ক্রিয়ানূর্দ্ধরেতসঃ ॥ ৪ ॥
তান্ বভাষে স্বভূঃ পুত্রান্ প্রজাঃ সৃজত পুত্রকাঃ।
তন্নৈচ্ছন্মোক্ষধর্ম্মাণো বাসুদেবপরায়ণাঃ ॥ ৫ ॥
সোঽবধ্যাতঃ সুতৈরেবং প্রত্যাখ্যাতানুশাসনৈঃ।
ক্রোধং দুর্ব্বিষহং জাতং নিয়ন্তুমুপচক্রমে ॥ ৬ ॥

অন্বয়

(ব্রহ্মা) পাপীয়সীং সৃষ্টিং দৃষ্ট্বা (অজ্ঞানবৃত্তির সৃষ্টি দর্শন করিয়া) আত্মানং (নিজ কার্য্যকে) ন বহু অমন্যত (সমীচীন বলিয়া মনে করিলেন না)। ততঃ (অনন্তর) ভগবদ্ধ্যানপূতেন মনসা (ভগবানের ধ্যান করিয়া পবিত্র হৃদয়ে) অন্যান্ (অন্য প্রকার) অসৃজৎ (সৃষ্টি করিলেন) ॥ ৩ ॥

[কাহাকে সৃষ্টি করিলেন, তাহাই বলিতেছেন] আত্মভূঃ (ব্রহ্মা) নিষ্ক্রিয়ান্ (নিবৃত্তিধর্ম্মপরায়ণ) ঊর্দ্ধরেতসঃ (জিতেন্দ্রিয়) সনকং চ সনন্দং চ সনাতনম্ অথ সনৎকুমারং চ (সনক, সনন্দ, সনাতন ও সনৎকুমার) মুনীন্ (এই সকল ঋষিগণকে) [অসৃজৎ] (সৃষ্টি করিলেন) ॥ ৪ ॥

স্বভূঃ (ব্রহ্মা) তান্ পুত্রান্ (সেই পুত্রগণকে) বভাষে (বলিলেন) পুত্রকাঃ! (হে পুত্রগণ!) [তোমরা] প্রজাঃ সৃজত (প্রজা সৃষ্টি কর); [কিন্তু] মোক্ষধর্ম্মাণঃ (নিবৃত্তিধর্ম্মনিষ্ঠ) বাসুদেবপরায়ণাঃ (বাসুদেবপরায়ণ সেই সনকাদি মুনিগণ) তৎ (তাহা) ন ঐচ্ছন্ (ইচ্ছা করিলেন না) ॥ ৫ ॥

সঃ (সেই ব্রহ্মা) প্রত্যাখ্যাতানুশাসনৈঃ (আদেশ লঙ্ঘনকারী) সুতৈঃ (পুত্রগণকর্ত্তৃক) এবং

অনুবাদ

ব্রহ্মা অজ্ঞানবৃত্তির সৃষ্টি দর্শন করিয়া নিজ কার্য্যকে সমীচীন বলিয়া মনে করিলেন না। অতঃপর তিনি ভগবানের ধ্যান করিয়া পবিত্র হৃদয়ে অন্যপ্রকার সৃষ্টি করিলেন ॥ ৩ ॥

ব্রহ্মা প্রবৃত্তিধর্ম্মবর্জ্জিত অর্থাৎ নিষ্কামী জিতেন্দ্রিয় সনক, সনন্দ, সনাতন ও সনৎকুমার নামক চারিজন মুনিকে সৃষ্টি করিলেন ॥ ৪ ॥

ব্রহ্মা পুত্রগণকে বলিলেন—হে পুত্রগণ! তোমরা প্রজা সৃষ্টি কর; কিন্তু নিবৃত্তি-ধর্ম্মনিষ্ঠ ও বাসুদেবপরায়ণ সেই সনকাদি মুনিগণ তাহা ইচ্ছা করিলেন না অর্থাৎ প্রজা সৃষ্টি করিতে তাঁহাদের প্রবৃত্তি হইল না ॥ ৫ ॥

ব্রহ্মা আদেশলঙ্ঘনকারী পুত্রগণকর্ত্তৃক এইরূপে অবজ্ঞাত হইলে তাঁহার অসহনীয় ক্রোধ উৎপন্ন হইল; তখন তিনি সেই দুঃসহ ক্রোধ প্রশমিত করিতে চেষ্টা করিলেন ॥ ৬ ॥

টীকা

ত্যনেন ভগবন্তং তমেব পুত্রত্বেন প্রার্থয়ামাসেতি গম্যতে। নৈষ্ঠিকান্ প্রবৃত্তিধর্ম্মবিবর্জ্জিতান্, যদ্যপি প্রতিকল্পং সনকাদিসৃষ্টির্নাস্তি, তথাপি ব্রহ্মসর্গত্বাদত্রোচ্যতে। বস্তুতস্তু প্রতিকল্পং মুখ্যসর্গাদয়ো ভবন্তি। সনকাদয়স্তু ব্রহ্মকল্পাবির্ভূতা এব অনুবর্ত্তন্তে ॥ ৩ ॥ ৪ ॥ ৫ ॥ প্রত্যাখ্যাতমুপেক্ষিতমনুশাসনং যৈঃ,

ধিয়া নিগৃহ্যমাণোঽপি ভ্রুবোর্ম্মধ্যাৎ প্রজাপতেঃ।
সদ্যোঽজায়ত তন্মন্যুঃ কুমারো নীললোহিতঃ ॥ ৭ ॥
স বৈ রুরোদ দেবানাং পূর্ব্বজো ভগবান্ ভবঃ।
নামানি কুরু মে ধাতঃ! স্থানানি চ জগদ্‌গুরো! ॥ ৮ ॥
ইতি তস্য বচঃ পাদ্মো ভগবান্ পরিপালয়ন্।
অভ্যধাদ্ভদ্রয়া বাচা মা রোদীস্তৎ করোমি তে ॥ ৯ ॥

অন্বয়

(এই প্রকারে) অবধ্যাতঃ [সন্] (অবজ্ঞাত হইয়া) জাতং (সমুৎপন্ন) দুর্ব্বিষহং (দুঃসহ) ক্রোধং (কোপ) নিয়ন্তুং (সংযত করিতে) উপচক্রমে (চেষ্টা করিলেন) ॥ ৬ ॥

ধিয়া (ব্রহ্মার বিবেকদ্বারা) নিগৃহ্যমাণঃ অপি (নিগৃহীত হইয়াও) তন্মন্যুঃ (সেই ক্রোধ) প্রজাপতেঃ (ব্রহ্মার) ভ্রুবোঃ মধ্যাৎ (ভ্রূযুগলের মধ্য হইতে) নীললোহিতঃ কুমারঃ (নীললোহিত বর্ণবিশিষ্ট কুমাররূপে) সদ্যঃ অজায়ত (তৎক্ষণাৎ উৎপন্ন হইল) ॥ ৭ ॥

সঃ বৈ (সেই) দেবানাং পূর্ব্বজঃ (দেবতাগণের অগ্রজ) ভগবান্ ভবঃ (ষড়ৈশ্বর্য্যশালী ভব) ধাতঃ! (হে বিধাতঃ!) জগদ্‌গুরো! (হে জগদ্‌গুরো!) মে (আমার) নামানি (নামসকল) স্থানানি চ (ও স্থানসমূহ) কুরু (বিধান করুন) [ইতি উক্ত্বা] রুরোদ (ইহা বলিয়া রোদন করিতে লাগিলেন) ॥ ৮ ॥

ভগবান্ পাদ্মঃ (ভগবান্ কমলযোনি ব্রহ্মা) তস্য (সেই ভবের) ইতি বচঃ (পূর্ব্বোক্ত বাক্য) পরিপালয়ন্ (রক্ষা করতঃ) ভদ্রয়া বাচা (কল্যাণকর বাক্যে) অভ্যধাৎ (বলিলেন) [হে বৎস!] মা রোদীঃ (রোদন করিও না); তে (তোমার) তৎ (অভিলষিত নাম ও স্থান) [আমি] করোমি (বিধান করিতেছি) ॥ ৯ ॥

অনুবাদ

ব্রহ্মার বিবেকদ্বারা নিগৃহীত হইয়াও সেই ক্রোধ ব্রহ্মার ভ্রূযুগলের মধ্য হইতে নীললোহিত বর্ণবিশিষ্ট কুমাররূপে তৎক্ষণাৎ উৎপন্ন হইল ॥ ৭ ॥

দেবগণের অগ্রজ ষড়ৈশ্বর্য্যশালী ভব [ব্রহ্মার ক্রোধ হইতে উৎপন্ন হইয়া] "হে বিধাতঃ! হে জগদ্‌গুরো! আমার নাম সকল ও স্থানসমূহ বিধান করুন" ইহা বলিয়া রোদন করিতে লাগিলেন ॥ ৮ ॥

অনন্তর ভগবান্ কমলযোনি ব্রহ্মা ভবের পূর্ব্বোক্ত প্রার্থনা পরিপূরণ করিতে ইচ্ছা করিয়া মঙ্গলময় বাক্যে বলিতে লাগিলেন—হে বৎস! তুমি রোদন করিও না; তোমার প্রার্থিত নাম ও স্থান আমি বিধান করিতেছি ॥ ৯ ॥

টীকা

এতাবতা এব অবধ্যাতঃ অবজ্ঞাতঃ ॥৬॥ স চাসৌ মন্যুশ্চ তন্মন্যুঃ সদ্যঃ কুমারঃ অজায়ত ॥৭॥৮॥৯॥১০॥

যদরোদীঃ সুরশ্রেষ্ঠ ! সোদ্বেগ ইব বালকঃ।
অতস্ত্বামভিধাস্যন্তি নাম্না রুদ্র ইতি প্রজাঃ ॥ ১০ ॥
হৃদিন্দ্রিয়াণ্যসুর্ব্ব্যোম বায়ুরগ্নির্জ্জলং মহী।
সূর্য্যশ্চন্দ্রস্তপশ্চৈব স্থানান্যগ্রে কৃতানি মে ॥১১॥
মন্যুর্ম্মনুর্ম্মহিনসো মহাঞ্ছিব ঋতধ্বজঃ।
উগ্ররেতা ভবঃ কালো বামদেবো ধৃতব্রতঃ ॥ ১২ ॥
ধীর্ধৃতিরুশনোমা চ নিযুৎসর্পিরিলাম্বিকা।
ইরাবতী স্বধা দীক্ষা রুদ্রাণ্যো রুদ্র ! তে স্ত্রিয়ঃ ॥ ১৩ ॥

অন্বয়

সুরশ্রেষ্ঠ ! (হে দেবশ্রেষ্ঠ !) যৎ (যেহেতু) [তুমি] বালকঃ ইব (বালকের ন্যায়) সোদ্বেগঃ (উৎকণ্ঠার সহিত) অরোদীঃ (রোদন করিতেছ), অতঃ (অতএব) প্রজাঃ (লোকসকল) ত্বাং (তোমাকে) রুদ্র ইতি নাম্না (রুদ্র এই নামে) অভিধাস্যন্তি (ডাকিবে) ॥ ১০ ॥

[হে বৎস !] হৃৎ (হৃদয়), ইন্দ্রিয়াণি (ইন্দ্রিয়সমূহ), অসুঃ (প্রাণ), ব্যোম (আকাশ), বায়ুঃ, অগ্নিঃ, জলং, মহী, সূর্য্যঃ, চন্দ্রঃ, তপঃ চ এব [ইতি এতানি] (এই সকল) স্থানানি (স্থান) মে (আমাকর্ত্তৃক) অগ্রে (পূর্ব্বেই) [তোমার জন্য] কৃতানি (বিহিত হইয়াছে) ॥ ১১ ॥

মন্যুঃ, মনুঃ, মহিনসঃ, মহান্, শিবঃ, ঋতধ্বজঃ, উগ্ররেতাঃ, ভবঃ, কালঃ, বামদেবঃ, ধৃতব্রতঃ [এই সকল তোমার নাম] ॥ ১২ ॥

রুদ্র ! (হে রুদ্র !) ধীঃ, ধৃতিঃ, উশনা, উমা, নিযুৎ, সর্পিঃ, ইলা, অম্বিকা, ইরাবতী, স্বধা চ দীক্ষা [এই সকল] রুদ্রাণ্যঃ (রুদ্রাণী) তে (তোমার) স্ত্রিয়ঃ (পত্নী) ॥ ১৩ ॥

অনুবাদ

হে সুরশ্রেষ্ঠ ! যেহেতু তুমি বালকের ন্যায় উৎকণ্ঠিত হইয়া রোদন করিতেছ, অতএব লোক সকল তোমাকে "রুদ্র" এই নামে ডাকিবে ॥ ১০ ॥

হে বৎস ! হৃদয়, ইন্দ্রিয়, প্রাণ, আকাশ, বায়ু, অগ্নি, জল, পৃথিবী, সূর্য্য, চন্দ্র ও তপস্যা এই সকল স্থান আমি পূর্ব্বেই তোমার জন্য স্থির করিয়া রাখিয়াছি ॥ ১১ ॥

মন্যু, মনু, মহিনস, মহান, শিব, ঋতধ্বজ, উগ্ররেতা, ভব, কাল, বামদেব ও ধৃতব্রত এই সকল তোমার নাম ॥ ১২ ॥

হে রুদ্র ! ধী, ধৃতি, উশনা, উমা, নিযুৎ, সর্পি, ইলা, অম্বিকা, ইরাবতী, স্বধা ও দীক্ষা এই একাদশ রুদ্রাণী তোমার পত্নী ॥ ১৩ ॥

টীকা

মে ময়া ॥১১॥১২॥১৩॥ এতানি ময়া দত্তানি স্থানানি চকারাৎ কলত্রাণি গৃহাণ। সযোষণঃ সস্ত্রীকঃ এভিঃ

গৃহাণৈতানি নামানি স্থানানি চ সযোষণঃ।
এভিঃ সৃজ প্রজা বহ্বীঃ প্রজানামসি যৎ পতিঃ ॥ ১৪ ॥
ইত্যাদিষ্টঃ স্বগুরুণা ভগবান্ নীললোহিতঃ।
সত্ত্বাকৃতিস্বভাবেন সসর্জ্জাত্মসমাঃ প্রজাঃ ॥ ১৫ ॥
রুদ্রাণাং রুদ্রসৃষ্টানাং সমন্তাদ্ গ্রসতাং জগৎ।
নিশাম্যাসংখ্যশো যূথান্ প্রজাপতিরশঙ্কত ॥ ১৬ ॥
অলং প্রজাভিঃ সৃষ্টাভিরীদৃশীভিঃ সুরোত্তম!।
ময়া সহ দহন্তীভির্দ্দিশশ্চক্ষুর্ভিরুল্বণৈঃ ॥ ১৭ ॥

অন্বয়

[তুমি] এতানি নামানি স্থানানি চ (এই সকল নাম, স্থান ও পত্নীকে) গৃহাণ (গ্রহণ কর) [এবং] সযোষণঃ (সস্ত্রীক তুমি) এভিঃ (এই স্থান ও নামসমূহ প্রাপ্ত হইয়া) বহ্বীঃ প্রজাঃ (বহু সংখ্যক প্রজা) সৃজ (সৃষ্টি কর); যৎ (যেহেতু) [তুমি] প্রজানাং পতিঃ অসি (প্রজাপতিরূপে সৃষ্ট হইয়াছ) ॥ ১৪ ॥

স্বগুরুণা (স্বীয় পিতা ব্রহ্মাকর্ত্তৃক) ইতি আদিষ্টঃ (এই প্রকারে আদিষ্ট হইয়া) ভগবান্ নীললোহিতঃ (ভগবান্ নীললোহিত রুদ্র) সত্ত্বাকৃতিস্বভাবেন (স্বীয় বল, নীললোহিত আকৃতি ও উগ্র স্বভাবে) আত্মসমাঃ (নিজের অনুরূপ) প্রজাঃ (প্রজা সকল) সসর্জ্জ (সৃষ্টি করিলেন) ॥ ১৫ ॥

প্রজাপতিঃ (ব্রহ্মা) রুদ্রসৃষ্টানাং (রুদ্রকর্ত্তৃক সৃষ্ট) সমন্তাৎ (চারিদিকে) জগৎ গ্রসতাং (জগৎ আক্রমণকারী) রুদ্রাণাং (রুদ্রমূর্ত্তি সকলের) অসংখ্যশঃ যূথান্ (অসংখ্য দল) নিশাম্য (দর্শন করিয়া) অশঙ্কত (ত্রাসপ্রাপ্ত হইলেন) ॥ ১৬ ॥

[এই প্রকার ত্রাস প্রাপ্ত হইয়া ব্রহ্মা রুদ্রকে বলিলেন] সুরোত্তম! (হে দেবশ্রেষ্ঠ রুদ্র!) উল্বণৈঃ (ভয়ঙ্কর) চক্ষুর্ভিঃ (দৃষ্টিদ্বারা) ময়া সহ (আমার সহিত) দিশঃ (দিক্‌সমূহ) দহন্তীভিঃ (দগ্ধকারী) ঈদৃশীভিঃ (এই প্রকার) সৃষ্টাভিঃ প্রজাভিঃ (প্রজাগণে) অলম্ (আর প্রয়োজন নাই) ॥ ১৭ ॥

অনুবাদ

হে বৎস! তুমি মৎপ্রদত্ত এই সকল নাম, স্থান ও পত্নী গ্রহণ কর এবং সস্ত্রীক তুমি এই স্থান ও নামসমূহ প্রাপ্ত হইয়া বহুসংখ্যক প্রজা সৃষ্টি কর; কারণ তুমি প্রজাপতিরূপে সৃষ্ট হইয়াছ ॥ ১৪ ॥

অনন্তর স্বীয় পিতা ব্রহ্মাকর্ত্তৃক আদিষ্ট হইয়া ভগবান্ নীললোহিত রুদ্র স্বীয় বল, আকৃতি ও উগ্রস্বভাবে নিজের অনুরূপ প্রজা সকল সৃষ্টি করিলেন ॥ ১৫ ॥

প্রজাপতি ব্রহ্মা রুদ্রসৃষ্ট জগৎ আক্রমণকারী রুদ্রমূর্ত্তি সকলের অসংখ্য দল দর্শন করিয়া ত্রাস প্রাপ্ত হইলেন ॥ ১৬ ॥

এই প্রকার ত্রাস প্রাপ্ত হইয়া ব্রহ্মা সেই রুদ্রদেবকে বলিলেন—হে দেবশ্রেষ্ঠ রুদ্র!

টীকা

স্থানৈর্নামভিশ্চ যুতঃ প্রজাঃ সৃজ ॥ ১৪ ॥ গুরুণা পিত্রা আদিষ্টঃ আজ্ঞপ্তঃ সত্ত্বেন বলেন আকৃত্যা নীললোহিততয়া স্বভাবেনোগ্রত্বেন হেতুনা আত্মসমাঃ প্রজাঃ সসর্জ্জ ॥১৫॥ নিশাম্য দৃষ্ট্বা অশঙ্কত ত্রাসং প্রাপ্তঃ ॥১৬॥১৭॥

তপ আতিষ্ঠ ভদ্রং তে সর্ব্বভূতসুখাবহম্।
তপসৈব যথা পূর্ব্বং স্রষ্টা বিশ্বমিদং ভবান্॥ ১৮॥
তপসৈব পরং জ্যোতির্ভগবন্তমধোক্ষজম্।
সর্ব্বভূতগুহাবাসমঞ্জসা বিন্দতে পুমান্॥ ১৯॥

শ্রীমৈত্রেয় উবাচ

এবমাত্মভুবাদিষ্টঃ পরিক্রম্য গিরাং পতিম্।
বাঢ়মিত্যমুমামন্ত্র্য বিবেশ তপসে বনম্॥ ২০॥

অন্বয়

[হে রুদ্র! তুমি] সর্ব্বভূতসুখাবহং (প্রাণিগণের কল্যাণকর) তপঃ আতিষ্ঠ (তপস্যার অনুষ্ঠান কর); [তাহাতে] তে (তোমার) ভদ্রং (মঙ্গল হইবে)। তপসা এব (তপস্যার দ্বারাই) ভবান্ (তুমি) ইদং বিশ্বং (এই বিশ্ব) যথা পূর্ব্বং (পূর্ব্বসৃষ্টির ন্যায়) স্রষ্টা (সৃষ্টি করিবে)॥ ১৮॥

[হে রুদ্র!] পুমান্ (জীব) তপসা এব (তপস্যাদ্বারাই) সর্ব্বভূতগুহাবাসং (সর্ব্বপ্রাণীর হৃদয়ে অবস্থিত) পরং জ্যোতিঃ (পরমজ্যোতিঃস্বরূপ) ভগবন্তম্ অধোক্ষজম্ (ভগবান্ শ্রীহরিকে) অঞ্জসা (সাক্ষাৎ) বিন্দতে (প্রাপ্ত হইয়া থাকে)॥ ১৯॥

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) [হে বিদুর!] এবং (এই প্রকারে) আত্মভুবা (ব্রহ্মা-কর্ত্তৃক) আদিষ্টঃ (আদিষ্ট হইয়া রুদ্রদেব) বাঢ়ম্ ইতি অমুম্ আমন্ত্র্য ("তাহাই হউক" এই প্রকার বলিয়া) গিরাং পতিং (ব্রহ্মাকে) পরিক্রম্য (প্রদক্ষিণ করিয়া) তপসে (তপস্যার নিমিত্ত) বনম্ বিবেশ (বনে প্রবেশ করিলেন)॥ ২০॥

অনুবাদ

তুমি যে সকল প্রজার সৃষ্টি করিয়াছ, ইহাদের ভয়ঙ্কর দৃষ্টির দ্বারা আমার সহিত দিকসমূহ যেন দগ্ধ হইতেছে; অতএব এই প্রকার প্রজাসৃষ্টির আর প্রয়োজন নাই; তুমি বিরত হও॥ ১৭॥

হে রুদ্র! তুমি প্রাণিগণের কল্যাণকর তপস্যার অনুষ্ঠান কর; তাহাতেই তোমার মঙ্গল হইবে। তপস্যার দ্বারাই তুমি এই বিশ্ব পূর্ব্বসৃষ্টির ন্যায় সৃষ্টি করিতে সমর্থ হইবে॥ ১৮॥

হে রুদ্র! জীব তপস্যাদ্বারাই সর্ব্বপ্রাণীর হৃদয়বিহারী সাক্ষাৎ পরমজ্যোতিঃস্বরূপ ভগবান্ শ্রীহরিকে প্রাপ্ত হইয়া থাকে॥ ১৯॥

মৈত্রেয়ঋষি বলিলেন হে বিদুর! এই প্রকারে ব্রহ্মাকর্ত্তৃক আদিষ্ট হইয়া রুদ্রদেব "তাহাই হউক" এই প্রকার বলিয়া ব্রহ্মাকে প্রদক্ষিণ করতঃ তপস্যার নিমিত্ত বনে গমন করিলেন॥ ২০॥

অথাভিধ্যায়তঃ সর্গং দশ পুত্রাঃ প্রজজ্ঞিরে।
ভগবচ্ছক্তিযুক্তস্য লোকসন্তানহেতবঃ ॥ ২১ ॥
মরীচিরত্র্যঙ্গিরসৌ পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুঃ।
ভৃগুর্ব্বশিষ্ঠো দক্ষশ্চ দশমস্তত্র নারদঃ ॥ ২২ ॥
উৎসঙ্গান্নারদো জজ্ঞে দক্ষোঽঙ্গুষ্ঠাৎ স্বয়ম্ভুবঃ।
প্রাণাদ্বশিষ্ঠঃ সঞ্জাতো ভৃগুস্ত্বচি করাৎ ক্রতুঃ ॥ ২৩ ॥
পুলহো নাভিতো জজ্ঞে পুলস্ত্যঃ কর্ণয়োর্ঋষিঃ।
অঙ্গিরা মুখতোঽক্ষ্ণোঽত্রির্মরীচির্মনসোঽভবৎ ॥ ২৪ ॥
ধর্ম্মঃ স্তনাদ্দক্ষিণতো যত্র নারায়ণঃ স্বয়ম্।
অধর্ম্মঃ পৃষ্ঠতো যস্মান্মৃত্যুর্লোকভয়ঙ্করঃ ॥ ২৫ ॥

অন্বয়

অথ (অনন্তর) [অর্থাৎ রুদ্রদেব চলিয়া গেলে] সর্গং (সৃষ্টি) অভিধ্যায়তঃ (চিন্তাকারী) ভগবচ্ছক্তিযুক্তস্য (ভগবৎশক্তিশালী ব্রহ্মার) লোকসন্তানহেতবঃ (লোকপ্রবাহের মূল) দশ পুত্রাঃ (দশটি পুত্র) প্রজজ্ঞিরে (উৎপন্ন হইল) ॥ ২১ ॥

মরীচিঃ, অত্রি-অঙ্গিরসৌ, পুলস্ত্যঃ, পুলহঃ, ক্রতুঃ, ভৃগুঃ, বশিষ্ঠঃ দক্ষঃ চ তত্র নারদঃ দশমঃ ॥ ২২ ॥

[তাঁহাদের মধ্যে] নারদঃ (নারদঋষি) স্বয়ম্ভুবঃ (ব্রহ্মার) উৎসঙ্গাৎ (ক্রোড়দেশ হইতে) জজ্ঞে (উৎপন্ন হইয়াছেন), দক্ষঃ (দক্ষ প্রজাপতি) অঙ্গুষ্ঠাৎ (অঙ্গুষ্ঠ হইতে) [জজ্ঞে] (উৎপন্ন হইয়াছেন), বশিষ্ঠঃ প্রাণাৎ (বশিষ্ঠ প্রাণ হইতে) সঞ্জাতঃ (উৎপন্ন হইয়াছেন); ভৃগুঃ ত্বচি (ভৃগু ত্বক্ হইতে) [উৎপন্ন হইয়াছেন]; ক্রতুঃ করাৎ (ক্রতু হস্ত হইতে) [উৎপন্ন হইয়াছেন]; পুলহঃ নাভিতঃ জজ্ঞে (পুলহ নাভি হইতে উৎপন্ন হইয়াছেন); পুলস্ত্যঃ ঋষিঃ কর্ণয়োঃ (পুলস্ত্য ঋষি কর্ণদ্বয় হইতে) [উৎপন্ন হইয়াছেন]; অঙ্গিরা মুখতঃ (অঙ্গিরা ঋষি মুখ হইতে) [উৎপন্ন হইয়াছেন]; অত্রিঃ অক্ষ্ণোঃ (অত্রিঋষি চক্ষু হইতে) [উৎপন্ন হইয়াছেন]; মরীচিঃ মনসঃ অভবৎ (মরীচি ঋষি মন হইতে উৎপন্ন হইয়াছেন) ॥ ২৩-২৪ ॥

[ব্রহ্মার] দক্ষিণতঃ স্তনাৎ (দক্ষিণ স্তন হইতে) ধর্ম্মঃ (ধর্ম্ম) [উৎপন্ন হইল]; যত্র (এই ধর্ম্মে)

অনুবাদ

রুদ্রদেব তপস্যার নিমিত্ত বনে গমন করিলে পুনরায় সৃষ্টি বিষয়ে চিন্তাশীল ও ভগবচ্ছক্তিযুক্ত ব্রহ্মার দেহ হইতে লোকপ্রবাহের মূল দশটি পুত্র উৎপন্ন হইল ॥ ২১ ॥

মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, ভৃগু, বশিষ্ঠ, দক্ষ ও নারদ এই দশজন পুত্র উৎপন্ন হইল ॥ ২২ ॥

তাঁহাদের মধ্যে ব্রহ্মার ক্রোড়দেশ হইতে নারদ, অঙ্গুষ্ঠ হইতে দক্ষ, প্রাণ হইতে বশিষ্ঠ, ত্বক্ হইতে ভৃগু, কর হইতে ক্রতু, নাভি হইতে পুলহ, কর্ণদ্বয় হইতে পুলস্ত্য, মুখ হইতে অঙ্গিরা, চক্ষু হইতে অত্রি ও মন হইতে মরীচি ঋষি উৎপন্ন হইয়াছেন ॥ ২৩ ॥ ২৪ ॥

তখন ব্রহ্মার দক্ষিণ স্তনদেশ হইতে ধর্ম্ম উৎপন্ন হইল; এই ধর্ম্মে স্বয়ং নারায়ণ

হৃদি কামো ভ্রুবোঃ ক্রোধো লোভশ্চাধরদচ্ছদাৎ।
আস্যাদ্‌বাক্ সিন্ধবো মেঢ্রান্নির্ঋতিঃ পায়োরঘাশ্রয়ঃ ॥ ২৬ ॥
ছায়ায়াঃ কর্দ্দমো জজ্ঞে দেবহূত্যাঃ পতিঃ প্রভুঃ।
মনসো দেহতশ্চেদং জজ্ঞে বিশ্বকৃতো জগৎ ॥ ২৭ ॥
বাচং দুহিতরং তন্বীং স্বয়ম্ভুর্হরতীং মনঃ।
অকামাং চকমে ক্ষত্তঃ ! সকাম ইতি নঃ শ্রুতম্ ॥ ২৮ ॥

অন্বয়

স্বয়ং নারায়ণঃ (স্বয়ং নারায়ণ) [বিদ্যমান আছেন]। পৃষ্ঠতঃ (ব্রহ্মার পৃষ্ঠদেশ হইতে) অধর্ম্মঃ (অধর্ম্ম) [উৎপন্ন হইল]; যস্মাৎ (এই অধর্ম্মে) লোকভয়ঙ্করঃ মৃত্যুঃ (লোকসমূহের ভয়াবহ মৃত্যু) [অবস্থান করিতেছে]॥ ২২ ॥

[ব্রহ্মার] হৃদি (হৃদয় হইতে) কামঃ (কাম), ভ্রুবোঃ ক্রোধঃ (ভ্রূদ্বয় হইতে ক্রোধ), অধরদচ্ছদাৎ (অধরোষ্ঠ হইতে) লোভঃ চ (লোভ), আস্যাৎ বাক্ (মুখ হইতে বাগধিষ্ঠাত্রী দেবতা), মেঢ্রাৎ সিন্ধবঃ (মেঢ্রস্থান হইতে সমুদ্র সকল), পায়োঃ (গুদ হইতে) অঘাশ্রয়ঃ নির্ঋতিঃ (পাপাশ্রয় রাক্ষস) [উৎপন্ন হইল]॥২৬॥

[ব্রহ্মার] ছায়ায়াঃ (ছায়া হইতে) দেবহূত্যাঃ (কপিলের মাতা দেবহূতির) পতিঃ (স্বামী) প্রভুঃ কর্দ্দমঃ (শক্তিশালী কর্দ্দমঋষি) জজ্ঞে (উৎপন্ন হইলেন)। বিশ্বকৃতঃ (এইরূপে ব্রহ্মার) মনসঃ দেহতঃ চ (মন ও দেহ হইতে) ইদং জগৎ (এই জগৎ) জজ্ঞে (উৎপন্ন হইল) ॥ ২৭ ॥

ক্ষত্তঃ ! (হে বিদুর !) স্বয়ম্ভুঃ (ব্রহ্মা) সকামঃ (সৃষ্টিবৃদ্ধি করিতে সঙ্কল্প করিয়া) মনঃ হরতীং (মনোহারিণী) তন্বীং (সুন্দরী) অকামাং (কামভাবরহিতা) দুহিতরং (নিজকন্যা) বাচং (বাগধিষ্ঠাত্রী দেবতা সরস্বতীকে) চকমে (কামনা করিয়াছিলেন) ইতি (ইহা) নঃ শ্রুতম্ (আমরা শুনিয়াছি) ॥ ২৮ ॥

অনুবাদ

বিদ্যমান আছেন। ব্রহ্মার পৃষ্ঠদেশ হইতে অধর্ম্ম উৎপন্ন হইল; এই অধর্ম্মে লোকের ভয়াবহ মৃত্যু অবস্থান করিতেছে ॥ ২৫ ॥

ব্রহ্মার হৃদয় হইতে কাম, ভ্রূদ্বয় হইতে ক্রোধ, অধরোষ্ঠ হইতে লোভ, মুখ হইতে বাগধিষ্ঠাত্রী দেবতা, মেঢ্রস্থান হইতে সমুদ্র সকল ও গুহ্য হইতে পাপাশ্রয় রাক্ষস উৎপন্ন হইল ॥ ২৬ ॥

ব্রহ্মার ছায়া হইতে কপিলমাতা দেবহূতির পতি কর্দ্দমঋষি উৎপন্ন হইলেন। এইরূপে বিশ্বস্রষ্টা ব্রহ্মার মন ও দেহ হইতে এই জগৎ উৎপন্ন হইল ॥ ২৭ ॥

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর! আমরা শুনিয়াছি ব্রহ্মা সৃষ্টি বৃদ্ধি করিতে ইচ্ছুক হইয়া মনোহারিণী সুন্দরী নিজকন্যা সরস্বতীকে কামনা করিয়াছিলেন; সরস্বতী কামভাব-রহিতা অর্থাৎ পবিত্রাই ছিলেন ॥ ২৮ ॥

টীকা

স্রষ্টা স্রক্ষ্যতি ॥ ১৮—২৫ ॥ অঘাশ্রয়ঃ পাপাশ্রয়ঃ ॥ ৬ ॥ ২৭ ॥

তমধর্ম্মে কৃতমতিং বিলোক্য পিতরং সুতাঃ।
মরীচিমুখ্যা মুনয়ো বিশ্রম্ভাৎ প্রত্যবোধয়ন্ ॥ ২৯ ॥
নৈতৎ পূর্ব্বৈঃ কৃতং ত্বদ্ যে ন করিষ্যন্তি চাপরে।
যস্ত্বং দুহিতরং গচ্ছেরনিগৃহ্যাঙ্গজং প্রভুঃ ॥ ৩০ ॥
তেজীয়সামপি হ্যেতন্ন সুশ্লোক্যং জগদ্গুরো!।
যদ্বৃত্তমনুতিষ্ঠন্ বৈ লোকঃ ক্ষেমায় কল্পতে ॥ ৩১ ॥

অন্বয়

সুতাঃ (পুত্র) মরীচিমুখ্যাঃ মুনয়ঃ (মরীচিপ্রমুখ মুনিগণ) তং পিতরং (পিতাকে) অধর্ম্মে কৃতমতিং (অধর্ম্মে অর্থাৎ পাপজনক কুকর্ম্মে আসক্তচিত্ত) বিলোক্য (দেখিয়া) বিশ্রম্ভাৎ ("ন্যায়সঙ্গতবাক্য অবশ্যই রক্ষা করিবেন" এই বিশ্বাস হেতু) প্রত্যবোধয়ন্ (নিবেদন করিলেন) ॥ ২৯ ॥

যঃ ত্বং (আপনি) প্রভুঃ (ধর্ম্মমর্য্যাদাপালনকারী হইয়াও) অঙ্গজং (কামকে) অনিগৃহ্য (সংযত না করিয়াই) দুহিতরং গচ্ছেঃ (স্বীয় কন্যাকে ইচ্ছা করিয়াছেন), এতৎ (ইহা) ত্বৎ পূর্ব্বৈঃ (আপনার পূর্ব্ববর্ত্তী কেহ) ন কৃতম্ (করেন নাই); যে চ অপরে (যাহারা পরবর্ত্তীকালে হইবেন), [তাহারাও] ন করিষ্যন্তি (করিবেন না) ॥ ৩০ ॥

[হে] জগদ্গুরো! তেজীয়সাম্ অপি (তেজস্বিগণেরও) এতৎ (ইহা) ন সুশ্লোক্যম্ (প্রশংসনীয় নহে); হি (কারণ) যদ্বৃত্তম্ (তেজস্বী আপনাদের চরিত্রের) অনুতিষ্ঠন্ বৈ (অনুকরণ করিয়াই) লোকঃ ক্ষেমায় কল্পতে (লোকসকল শ্রেয়োলাভ করিবে) ॥ ৩১ ॥

অনুবাদ

অনন্তর ব্রহ্মার পুত্র মরীচিপ্রমুখ মুনিগণ স্বীয় পিতাকে এইরূপ পাপজনক কুকর্ম্মে আসক্তচিত্ত অবলোকন করিয়া "ন্যায়সঙ্গত বাক্য অবশ্যই গ্রহণ করিবেন" এই বিশ্বাসহেতু বলিতে লাগিলেন ॥ ২৯ ॥

হে পিতঃ! আপনি ধর্ম্মমর্য্যাদাপালনকারী হইয়াও কামকে সংযত না করিয়াই স্বীয় কন্যাকে কামনা করিতেছেন; এই প্রকার পাপকার্য্য আপনার পূর্ব্ববর্ত্তী কেহ করেন নাই এবং যাহারা ভবিষ্যৎকালে জন্মিবেন, তাহারাও করিবেন না ॥ ৩০ ॥

হে জগদ্গুরো! তেজস্বিগণেরও এই পাপজনক কার্য্য প্রশংসনীয় নহে অর্থাৎ তেজস্বিগণকে যদিও এই পাপ স্পর্শ না করুক, তথাপি তাহা প্রশংসনীয় নহে; কারণ আপনাদের ন্যায় তেজস্বিগণের চরিত্রের অনুকরণ করিয়াই লোকসমূহ শ্রেয়োলাভ করিবে ॥ ৩১ ॥

টীকা

সকামঃ সৃষ্টিবৃদ্ধিসঙ্কল্পবান্ ॥ ২৮ ॥ বিশ্রম্ভাৎ ন্যায্যবাক্যং স্বীকরিষ্যত্যেবেতি বিশ্বাসাৎ প্রত্যবোধয়ন্ জ্ঞাপিতবন্তঃ ॥ ২৯ ॥ ত্বং ত্বতঃ পূর্ব্বে যে ব্রহ্মাদয়স্তৈরেতৎ ন কৃতম্। যে চ অপরে ভবিষ্যাস্তে ন করিষ্যন্তি। অঙ্গজং মনোজম্ ॥ ৩০ ॥ সুশ্লোক্যং যশস্করং, যৎ যেষাম্ তেজীয়সাম্ বৃত্তং চেষ্টিতম্ ॥ ৩১ ॥ এবং পিতরং সম্প্রার্থ্য সর্ব্বপ্রেরকং ভগবন্তং নতিপূর্ব্বকং প্রার্থয়ন্তে—তস্মৈ ইতি ॥ ৩২ ॥

তস্মৈ নমো ভগবতে য ইদং স্বেন রোচিষা।
আত্মস্থং ব্যঞ্জয়ামাস স ধর্ম্মং পাতুমর্হতি ॥ ৩২ ॥
স ইত্থং গৃণতঃ পুত্রান্ পুরো দৃষ্ট্বা প্রজাপতীন্।
প্রজাপতিপতিস্তন্বং তত্যাজ ব্রীড়িতস্তদা।
তাং দিশো জগৃহুর্ঘোরাং নীহারং যদ্বিদুস্তমঃ ॥ ৩৩ ॥
কদাচিদ্ধ্যায়তঃ স্রষ্টুর্ব্বেদা আসংশ্চতুর্ম্মুখাৎ।
কথং স্রক্ষ্যাম্যহং লোকান্ সমবেতান্ যথা পুরা ॥ ৩৪ ॥

অন্বয়

[মুনিগণ এই প্রকারে পিতার সমীপে প্রার্থনা জানাইয়া ভগবৎসমীপে নমস্কারপূর্ব্বক প্রার্থনা জানাইতেছেন] যঃ (যিনি) ইদম্ (এই) আত্মস্থং (স্বীয় দেহে অবস্থিত জগৎ) স্বেন রোচিষা (স্বীয় তেজের দ্বারা) ব্যঞ্জয়ামাস (প্রকাশিত করিতেছেন), তস্মৈ ভগবতে নমঃ (সেই ভগবান্‌কে নমস্কার করিতেছি); সঃ (সেই ভগবান্) ধর্ম্মং (ধর্ম্মকে) পাতুম্ (রক্ষা করিতে) অর্হতি (যোগ্য হইয়া থাকেন অর্থাৎ রক্ষা করুন) ॥ ৩২ ॥

তদা (সেই সময়ে) সঃ প্রজাপতিপতিঃ (সেই প্রজাপতিগণের পতি ব্রহ্মা) পুরঃ (সম্মুখে) ইত্থং (এই প্রকারে) গৃণতঃ (স্তবকারী) পুত্রান্ প্রজাপতীন্ (পুত্র প্রজাপতিগণকে) দৃষ্ট্বা (দর্শন করিয়া) ব্রীড়িতঃ (লজ্জিত হইয়া) তন্বং (শরীর) তত্যাজ (ত্যাগ করিলেন)। তাং ঘোরাং (সেই নিন্দনীয় তনুকে) দিশঃ (দিক্‌সমূহ) জগৃহুঃ (গ্রহণ করিল); যৎ (ইহাকেই) নীহারং তমঃ বিদুঃ (পণ্ডিতগণ তমোময় নীহার বলিয়া থাকেন) ॥ ৩৩ ॥

কদাচিৎ (কোনও সময়ে) যথা পুরা (পূর্ব্বকল্পের ন্যায়) সমবেতান্ লোকান্ (লোকসমূহ) অহং

অনুবাদ

[এই প্রকারে পিতার সমীপে প্রার্থনা জানাইয়া মুনিগণ ভগবৎসমীপে নমস্কার পূর্ব্বক প্রার্থনা জানাইতেছেন]—যিনি স্বীয় দেহে অবস্থিত এই চেতনাচেতন জগৎ স্বকীয় তেজের দ্বারা প্রকাশিত করিতেছেন, আমরা সেই পরমপুরুষ ভগবান্‌কে নমস্কার করিতেছি; সেই ভগবান্‌ই ধর্ম্মকে রক্ষা করিতে যোগ্য হইয়া থাকেন অর্থাৎ তিনি ধর্ম্মরক্ষা করুন ॥ ৩২ ॥

তখন ব্রহ্মা সম্মুখে স্বীয় পুত্র মরীচিপ্রমুখ প্রজাপতিগণকে এই প্রকারে স্তব করিতে দেখিয়া অত্যন্ত লজ্জিত হইলেন এবং তখনই সেই শরীর ত্যাগ করিলেন। দিক্ সকল সেই নিন্দনীয় শরীর গ্রহণ করিল। পণ্ডিতগণ ইহাকেই তমোময় নীহার বলিয়া থাকেন ॥ ৩৩ ॥

এক সময়ে ব্রহ্মা চিন্তা করিতেছিলেন—আমি কিরূপে পূর্ব্বকল্পের ন্যায় লোকসমূহ

টীকা

তদা ভগবৎপ্রার্থনাবেলায়াম্, তন্বং তনুম্ ॥ ৩৩ ॥ যথা পূর্ব্বকল্পে তথা সমবেতান্ সুসঙ্গতান্ লোকান্ কথং স্রক্ষ্যামি ইতি ধ্যায়তঃ চতুর্ম্মুখাৎ চত্বারি মুখানি যস্য তস্মাৎ তন্মুখেভ্য ইত্যর্থঃ, বেদাঃ

চাতুর্হোত্রং কর্ম্মতন্ত্রমুপবেদনয়ৈঃ সহ।
ধর্ম্মস্য পাদাশ্চত্বারস্তথৈবাশ্রমবৃত্তয়ঃ ॥ ৩৫ ॥

শ্রীবিদুর উবাচ

স বৈ বিশ্বসৃজামীশো বেদাদীন্ মুখতোঽসৃজৎ।
যদ্ যদ্ যেনাসৃজদ্ দেবস্তন্মে ব্রূহি তপোধন ! ॥ ৩৬ ॥

শ্রীমৈত্রেয় উবাচ

ঋগ্‌যজুঃসামাথর্ব্বাখ্যান্ বেদান্ পূর্ব্বাদিভির্ম্মুখৈঃ।
শস্ত্রমিজ্যাং স্তুতিস্তোমং প্রায়শ্চিত্তং ব্যধাৎ ক্রমাৎ ॥৩৭॥

অন্বয়

(আমি) কথং (কি প্রকারে) সৃক্ষ্যামি (সৃষ্টি করিব) [ইতি] ধ্যায়তঃ (এইরূপ চিন্তাশীল) স্রষ্টুঃ (বিশ্বস্রষ্টা ব্রহ্মার) চতুর্ম্মুখাৎ (চারিমুখ হইতে) বেদাঃ (চারিবেদ) আসন্ (আবির্ভূত হইল) ॥ ৩৪ ॥

চাতুর্হোত্রং (হোতা, উদ্গাতা, অধ্বর্য্যু ও ব্রহ্মা এই হোতৃগণের কর্ম্ম), কর্ম্মতন্ত্রম্ (যজ্ঞাদি কর্ম্ম), উপবেদনয়ৈঃ সহ (আয়ুর্ব্বেদাদি উপবেদ শাস্ত্রের সহিত) ধর্ম্মস্য (ধর্ম্মের) চত্বারঃ পাদাঃ (তপঃ, শৌচ, দয়া, সত্য এই পাদচতুষ্টয়) তথা এব (এবং) আশ্রমবৃত্তয়ঃ (আশ্রমচতুষ্টয় ও আশ্রমোচিত বিধিসমূহ) [আসন্] (ব্রহ্মার মুখ হইতে উৎপন্ন হইল) ॥ ৩৫ ॥

শ্রীবিদুরঃ উবাচ (বিদুর বলিলেন) তপোধন ! (হে মৈত্রেয় !) সঃ বৈ বিশ্বসৃজাম্ ঈশঃ (সেই প্রজাপতিপতি) দেবঃ (ব্রহ্মা) মুখতঃ (মুখ হইতে) বেদাদীন্ অসৃজৎ (বেদাদি সৃষ্টি করিলেন) ; [ক্ষণে] যেন (যে যে মুখ হইতে) যৎ যৎ অসৃজৎ (যাহা যাহা সৃষ্টি করিয়াছেন), তৎ (তাহা) মে (আমাকে) ব্রূহি (বলুন) ॥ ৩৬ ॥

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) [ব্রহ্মা] পূর্ব্বাদিভিঃ মুখৈঃ (পূর্ব্বাদিমুখ হইতে) ক্রমাৎ

অনুবাদ

সৃষ্টি করিব ; এইরূপ চিন্তা করিতে করিতে ব্রহ্মার চারিমুখ হইতে তখন চারিবেদ আবির্ভূত হইল ॥ ৩৪ ॥

হোতা, উদ্গাতা, অধ্বর্য্যু ও ব্রহ্মা এই হোতৃগণের কর্ম্ম, যজ্ঞাদি কর্ম্ম, আয়ুর্ব্বেদাদি উপবেদ শাস্ত্র ও তপ, শৌচ, দয়া, সত্য এই ধর্ম্মের পাদচতুষ্টয় এবং আশ্রমচতুষ্টয় ও আশ্রমোচিত বিধিসমূহ ব্রহ্মার মুখ হইতে উৎপন্ন হইল ॥ ৩৫ ॥

বিদুর বলিলেন—হে তপোধন ! আপনি বলিলেন—সেই প্রজাপতিপতি ব্রহ্মা মুখসমূহ হইতে বেদাদি সৃষ্টি করিয়াছেন ; এক্ষণে যে যে মুখ হইতে যাহা যাহা সৃষ্টি করিয়াছেন, তাহা আমাকে বলুন ॥ ৩৬ ॥

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর ! ব্রহ্মা পূর্ব্বাদি চারিমুখ হইতে যথাক্রমে

টীকা

আসন্ ॥ ৩৪ ॥ চাতুর্হোত্রং চতুর্ণাং হোত্রাদীনাং কর্ম্ম, কর্ম্মতন্ত্রং ষোড়শ্যাদি কর্ম্মতন্ত্রং। উপবেদাঃ আয়ুর্ব্বেদাদয়ঃ, নয়াঃ আন্বীক্ষিক্যাদিশাস্ত্রাণি, তে চ তে চ তৈঃ সহ তপআদয়ঃ। ধর্ম্মস্য পাদাঃ আশ্রমাশ্চ তদ্বৃত্তয়শ্চ আসন্নিতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ৩৫ ॥ মুখতঃ মুখেভ্যঃ ॥ ৩৬ ॥ বেদোৎপত্তিক্রমমাহ—

আয়ুর্ব্বেদং ধনুর্ব্বেদং গান্ধর্ব্বং বেদমাত্মনঃ।
স্থাপত্যঞ্চাসৃজদ্বেদং ক্রমাৎ পূর্ব্বাদিভির্ম্মুখৈঃ ॥ ৩৮ ॥
ইতিহাসপুরাণানি পঞ্চমং বেদমীশ্বরঃ।
সর্ব্বেভ্য এব বক্ত্রেভ্যঃ সসৃজে সর্ব্বদর্শনঃ ॥ ৩৯ ॥
ষোড়শ্যুক্থৌ পূর্ব্ববক্ত্রাৎ পুরীষ্যগ্নিষ্টুতাবথ।
আপ্তোর্য্যামাতিরাত্রৌ চ বাজপেয়ং সগোসবম্ ॥৪০॥

অন্বয়

(যথাক্রমে) ঋগ্‌যজুঃসামাথর্ব্বাখ্যান্ (ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্বনামক) বেদান্ (চারিবেদ) [এবং যথাক্রমে] শস্ত্রম্ (যে মন্ত্র গীত হয় না অর্থাৎ হোতা নামক যাজ্ঞিকের কর্ম্ম), ইজ্যাং (অধ্বর্য্যুনামক যাজ্ঞিকের কর্ম্ম), স্তুতিস্তোমং (যে মন্ত্র গীত হয় অর্থাৎ উদ্‌গাতা নামক যাজ্ঞিকের কর্ম্ম) প্রায়শ্চিত্তং (ও ব্রহ্মানামক যাজ্ঞিকের কর্ম্ম) ব্যধাৎ (সৃষ্টি করিয়াছেন) ॥ ৩৭ ॥

[অনন্তর ব্রহ্মা] আত্মনঃ (নিজের) পূর্ব্বাদিভিঃ মুখৈঃ (পূর্ব্বাদি মুখ হইতে) ক্রমাৎ (যথাক্রমে) আয়ুর্ব্বেদং ধনুর্ব্বেদং (আয়ুর্ব্বেদ, ধনুর্ব্বেদ), গান্ধর্ব্বং বেদং (গান্ধর্ব্ববেদ) স্থাপত্যং বেদং চ (ও স্থাপত্যবেদ অর্থাৎ বিশ্বকর্ম্মার শাস্ত্র) অসৃজৎ (সৃষ্টি করিয়াছেন) ॥ ৩৮ ॥

সর্ব্বদর্শনঃ (সর্ব্বজ্ঞ) ঈশ্বরঃ (ব্রহ্মা) পঞ্চমং বেদং (পঞ্চম বেদ) ইতিহাসপুরাণানি (ইতিহাস ও পুরাণ সকল) সর্ব্বেভ্যঃ এব বক্ত্রেভ্যঃ (সকল মুখ হইতেই) সসৃজে (সৃষ্টি করিয়াছেন) ॥ ৩৯ ॥

অথ (অনন্তর) [ব্রহ্মার] পূর্ব্ববক্ত্রাৎ (পূর্ব্বমুখ হইতে) ষোড়শ্যুক্থৌ (ষোড়শী ও উক্থ নামক কর্ম্মদ্বয়), [দক্ষিণমুখ হইতে] পুরীষ্যগ্নিষ্টুতৌ (অগ্নিচয়ন ও অগ্নিষ্টোম নামক কর্ম্মদ্বয়), [পশ্চিমমুখ হইতে] আপ্তোর্য্যামাতিরাত্রৌ (আপ্তোর্য্যাম ও অতিরাত্র নামক কর্ম্মদ্বয়) [ও উত্তর মুখ হইতে] সগোসবং বাজপেয়ম্ চ (গোসব ও বাজপেয় নামক কর্ম্মদ্বয়) [উৎপন্ন হইয়াছে] ॥ ৪০ ॥

অনুবাদ

ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্বনামক বেদচতুষ্টয় এবং হোতানামক যাজ্ঞিকের কর্ম্ম অগীতমন্ত্র, অধ্বর্য্যুনামক যাজ্ঞিকের কর্ম্ম ইজ্যা, উদ্‌গাতানামক যাজ্ঞিকের কর্ম্ম গীতমন্ত্র এবং ব্রহ্মানামক যাজ্ঞিকের কর্ম্ম প্রায়শ্চিত্ত এই সকল সৃষ্টি করিয়াছেন ॥ ৩৭ ॥

অনন্তর ব্রহ্মা স্বীয় পূর্ব্বাদি মুখ হইতে যথাক্রমে আয়ুর্ব্বেদ, ধনুর্ব্বেদ, গান্ধর্ব্ববেদ ও স্থাপত্যবেদ অর্থাৎ চিকিৎসাশাস্ত্র, ধনুর্ব্বিদ্যা, সঙ্গীতশাস্ত্র ও বিশ্বকর্ম্মার শাস্ত্র সৃষ্টি করিয়াছেন ॥ ৩৮ ॥

অনন্তর সর্ব্বজ্ঞ ব্রহ্মা তাঁহার সকল মুখ হইতেই পঞ্চমবেদ ইতিহাস ও পুরাণসকল সৃষ্টি করিয়াছেন ॥ ৩৯ ॥

অনন্তর ব্রহ্মার পূর্ব্বমুখ হইতে ষোড়শী ও উক্থ নামক কর্ম্মদ্বয়, দক্ষিণমুখ হইতে

টীকা

ঋগিতি। চাতুর্হোত্রোৎপত্তিক্রমং দর্শয়তি—শস্ত্রমিতি। শস্ত্রমপ্রগীতমন্ত্রস্তোত্রং হোত্রং হোতুঃ কর্ম্ম, ইজ্যামধ্বর্য্যোঃ কর্ম্ম, স্তুতিস্তোমং স্তুতিঃ সঙ্গীতং স্তোত্রং স্তোমং তদর্থমৃক্‌সমুদায়মুদ্‌গাতৃপ্রযোজ্যম্, প্রায়শ্চিত্তং ব্রাহ্মং ক্রমাৎ পূর্ব্বাদিভিঃ মুখৈঃ ব্যধাৎ অসৃজৎ ॥ ৩৭ ॥ উপবেদক্রমং দর্শয়তি—

বিদ্যা দানং তপঃ সত্যং ধর্ম্মস্যেতি পদানি চ।
আশ্রমাংশ্চ যথাসংখ্যমসৃজৎ সহ বৃত্তিভিঃ ॥ ৪১ ॥
সাবিত্রং প্রাজাপত্যঞ্চ ব্রাহ্মঞ্চাথ বৃহৎ তথা।
বার্ত্তাসঞ্চয়শালীনশিলোঞ্ছ ইতি বৈ গৃহে ॥ ৪২ ॥

অন্বয়

[অনন্তর ব্রহ্মা] বিদ্যা (শৌচ) দানং (দয়া) তপঃ (তপস্যা) সত্যং (সত্য) ইতি ধর্ম্মস্য পদানি চ (এই ধর্ম্মের চারিপাদ) [এবং] বৃত্তিভিঃ সহ (জীবিকার সহিত) আশ্রমান্ চ (আশ্রমচতুষ্টয়) যথাসংখ্যম্ (পূর্ব্বাদি মুখ হইতে যথাক্রমে) অসৃজৎ (সৃষ্টি করিয়াছেন) ॥ ৪১ ॥

[ব্রহ্মচর্য্যাদি আশ্রম চতুষ্টয়ের প্রত্যেকটি বৃত্তিভেদে চারি প্রকার, ইহাই বলিতেছেন] সাবিত্রং (উপনয়ন হইতে আরম্ভ করিয়া গায়ত্রী অভ্যাসকারীর ত্রিরাত্র ব্রত সাবিত্র ব্রহ্মচর্য্য) ; প্রাজাপত্যং চ (পূর্ব্বোক্ত প্রকারে সম্বৎসর কাল ব্রতধারণ করার নাম প্রাজাপত্য ব্রহ্মচর্য্য) ; ব্রাহ্মং চ (পূর্ব্বোক্ত প্রকারে যতদিন বেদ অধ্যয়ন করতঃ ব্রতধারণ করেন, তাহার নাম ব্রাহ্ম ব্রহ্মচর্য্য) অথ (এবং) বৃহৎ (আজীবন পূর্ব্বোক্ত প্রকারে ব্রতধারণ করার নাম বৃহদ্‌ব্রহ্মচর্য্য) ; তথা (সেইরূপ) বার্ত্তাসঞ্চয়শালীনশিলোঞ্ছঃ (বার্ত্তা—অনিষিদ্ধ কৃষ্যাদি বৃত্তি, সঞ্চয়—যাজনাদি বৃত্তি, শালীন—অযাচিত বৃত্তি, শিলোঞ্ছ—ক্ষেত্রাদিতে পতিত ধান্যাদির সংগ্রহরূপ বৃত্তি) ইতি বৈ গৃহে (এই সকলই গৃহস্থাশ্রমের বৃত্তি) ॥৪২॥

অনুবাদ

অগ্নিচয়ন ও অগ্নিষ্টোম নামক কর্ম্মদ্বয়, পশ্চিমমুখ হইতে আপ্তোর্যাম ও অতিরাত্রনামক কর্ম্মদ্বয় এবং উত্তরমুখ হইতে গোসব ও বাজপেয়নামক কর্ম্মদ্বয় উৎপন্ন হইয়াছে ॥ ৪০ ॥

ব্রহ্মা পূর্ব্বাদি মুখ হইতে যথাক্রমে শৌচ, দয়া, তপস্যা ও সত্য ধর্ম্মের এই চারি-পাদ এবং বৃত্তিসমূহের সহিত আশ্রমচতুষ্টয় সৃষ্টি করিয়াছেন ॥ ৪১ ॥

[ব্রহ্মচর্য্যাদি আশ্রমচতুষ্টয়ের প্রত্যেকের চারি প্রকার বৃত্তি দুইটি শ্লোকে নিরূপণ করিতেছেন] ব্রহ্মচর্য্যাশ্রমে উপনয়ন হইতে আরম্ভ করিয়া গায়ত্রী অভ্যাসকারীর ত্রিরাত্র ব্রত—সাবিত্র ব্রহ্মচর্য্য, পূর্ব্বোক্ত প্রকারে সম্বৎসরকাল ব্রত—প্রাজাপত্য ব্রহ্মচর্য্য, পূর্ব্বোক্ত প্রকারে বেদাধ্যয়ন পর্য্যন্ত ব্রত—ব্রাহ্ম ব্রহ্মচর্য্য এবং পূর্ব্বোক্ত প্রকারে আজীবন ব্রত—

টীকা

আয়ুরিতি। স্থাপত্যং বিশ্বকর্ম্মশাস্ত্রম্ ॥ ৩৮ ॥ ৩৯ ॥ কর্ম্মতন্ত্রক্রমং দর্শয়তি—ষোড়শীতি। পুরীষী চয়নম্, অগ্নিষ্টুৎ অগ্নিষ্টোমঃ ॥ ৪০ ॥ ধর্ম্মপাদানামাশ্রমাণাঞ্চ ক্রমং দর্শয়তি—বিদ্যেতি। "তপঃ শৌচং দয়া সত্যমিতি পাদাঃ প্রকীর্ত্তিতা" ইতি প্রথমস্কন্ধাবিরোধসিদ্ধয়ে অত্র বিদ্যাশব্দঃ শৌচপরঃ "ক্ষেত্রজ্ঞস্যেশ্বর-জ্ঞানাদ্ বিশুদ্ধিঃ পরমা মতা" ইতি বচনাৎ। দানশব্দো দয়াপরঃ "ভূতাভয়প্রদানস্য কলাং নার্হন্তি ষোড়শীম্" ইতি বচনাৎ ॥ ৪১ ॥ আশ্রমাণাং বৃত্ত্যুৎপত্তিক্রমমাহ—সাবিত্রমিতি দ্বাভ্যাম্। তত্র ব্রহ্ম-চর্য্যাশ্রমবৃত্তীর্দ্দর্শয়তি—সাবিত্রং ব্রহ্মচর্য্যম্ উপনয়নাদারভ্য গায়ত্রীমধীয়ানস্য ত্রিরাত্রম্। প্রাজাপত্যং ব্রতান্যাচরতঃ সম্বৎসরম্। ব্রাহ্মং বেদগ্রহণান্তম্ বৃহৎ নৈষ্ঠিকম্। অথ গৃহস্থাশ্রমবৃত্তীরাহ—বার্ত্তা অনিষিদ্ধকৃষ্যাদিবৃত্তিঃ, সঞ্চয়ঃ যাজনাদিবৃত্তিঃ, শালীনমযাচিতবৃত্তিঃ, শিলোঞ্ছ ইত্যত্র দ্বন্দ্বৈক্যং

বৈখানসা বালখিল্যৌদুম্বরাঃ ফেনপা বনে।
ন্যাসে কুটীচকঃ পূর্ব্বং বহ্বোদো হংসনিষ্ক্রিয়ৌ ॥৪৩॥
আন্বীক্ষিকী ত্রয়ী বার্ত্তা দণ্ডনীতিস্তথৈব চ।
এবং ব্যাহৃতয়শ্চাসন্ প্রণবো হ্যস্য দহ্রতঃ ॥ ৪৪ ॥

অন্বয়

বৈখানসাঃ (বৈখানস—পতিত ক্ষেত্রে স্বয়ং উৎপন্ন হইয়া পক্ক হইয়াছে, এমন শস্যাদি দ্বারা জীবিকা নির্ব্বাহকারী), বালখিল্যৌদুম্বরাঃ (বালখিল্য—নূতন অন্ন প্রাপ্ত হইলে পুরাতন সঞ্চিত অন্ন পরিত্যাগকারী, ঔদুম্বর—প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া যে দিক্ অবলোকন করেন, সেইদিক্ হইতে ফলাদি আহরণ করতঃ জীবিকা নির্ব্বাহকারী) ফেনপাঃ (ও ফেনপ—স্বভাবতঃ পতিত ফলাদি দ্বারা জীবিকা নির্ব্বাহকারী) [এই চারিপ্রকার] বনে [স্থিতাঃ] (বানপ্রস্থী হইয়া থাকেন)। ন্যাসে (সন্ন্যাসাশ্রমেও চারিপ্রকার সন্ন্যাসী ; তাহাদের মধ্যে) পূর্ব্বং (প্রথম) কুটীচকঃ (কুটীচক অর্থাৎ আশ্রমধর্ম্মের অনুষ্ঠানকারী) ; বহ্বোদঃ (বহ্বোদ অর্থাৎ জ্ঞানাভ্যাসী), হংসনিষ্ক্রিয়ৌ (হংস অর্থাৎ কেবল জ্ঞানাভ্যাসী ও নিষ্ক্রিয় অর্থাৎ ধ্যানকারী) ॥৪৩॥

[এক্ষণে আবার ব্রহ্মার পূর্ব্বাদিমুখক্রমে ন্যায়াদির উৎপত্তি বলিতেছেন] অস্য (এই ব্রহ্মার) [পূর্ব্বাদি

অনুবাদ

বৃহৎ ব্রহ্মচর্য্য অর্থাৎ নৈষ্ঠিক ব্রহ্মচর্য্য ; এইরূপে ব্রহ্মচর্য্য চারি প্রকার হইয়া থাকে ; সেইরূপ গৃহস্থাশ্রমে—বার্ত্তা—অনিষিদ্ধ কৃষ্যাদি বৃত্তি, সঞ্চয়—যাজনাদি বৃত্তি, শালীন—অযাচিত বৃত্তি এবং শিলোঞ্ছ—ক্ষেত্রাদিতে পতিত ধান্যাদির সংগ্রহরূপ বৃত্তি ; এইরূপে গৃহস্থাশ্রমে চারি প্রকার বৃত্তি হইয়া থাকে ॥ ৪২ ॥

বৃত্তিভেদে চারিপ্রকার বানপ্রস্থী হইয়া থাকেন। যথা—পতিত ক্ষেত্রে স্বয়ং উৎপন্ন হইয়া পক্ক হইয়াছে এইরূপ শস্যাদিদ্বারা যাঁহারা জীবিকা নির্ব্বাহ করেন, তাঁহারা বৈখানস ; যাঁহারা নূতন অন্নাদি লাভ হইলে পুরাতন সঞ্চিত অন্ন পরিত্যাগ করেন, তাঁহারা বালখিল্য ; যাঁহারা প্রাতঃকালে উঠিয়া প্রথম অবলোকিত দিক্ হইতে ফলাদি আহরণ করতঃ জীবিকা-নির্ব্বাহ করেন, তাঁহারা ঔদুম্বর ; আর যাঁহারা স্বভাবতঃ পতিত ফলাদিদ্বারা জীবিকা নির্ব্বাহ করেন, তাঁহারা ফেনপ। এই প্রকার বৃত্তিভেদে সন্ন্যাসীও চারিপ্রকার হইয়া থাকেন ; যথা—যাঁহারা প্রধানতঃ আশ্রমধর্ম্মের অনুষ্ঠান করেন,তাঁহারা কুটীচক ; যাঁহারা প্রধানতঃ জ্ঞানাভ্যাসী, তাঁহারা বহ্বোদ ; যাঁহারা কেবল জ্ঞানাভ্যাসী, তাঁহারা হংস ; আর যাঁহারা কেবল ধ্যানকারী, তাঁহারা নিষ্ক্রিয়। [এই যে আশ্রমচতুষ্টয়ের প্রত্যেকের বৃত্তিভেদে চারি প্রকার বলা হইল, ইহাদের মধ্যে পূর্ব্ব পূর্ব্ব হইতে পর পরটি শ্রেষ্ঠ বলিয়া বুঝিতে হইবে] ॥ ৪৩ ॥

ব্রহ্মার পূর্ব্বাদি মুখ হইতে যথাক্রমে আন্বীক্ষিকী (মোক্ষবিদ্যা), ত্রয়ী (ধর্ম্মবিদ্যা),

টীকা

পুংস্ত্বমার্ষম্ ইতি এতা গৃহে গৃহাশ্রমে ॥ ৪২ ॥ বৈখানসাঃ অকৃষ্টপচ্যবৃত্তয়ঃ, বালখিল্যা নবে অন্নাদ্যে লব্ধে পুরাণত্যাগিনঃ ঔদুম্বরাঃ প্রাতরুত্থায় যাং দিশং বিলোকয়ন্তি তদাহৃতফলাদিবৃত্তয়ঃ। ফেনপাঃ স্বতঃ পতিতফলাদিবৃত্তয়ঃ ; এতে চত্বারঃ বনে স্থিতাঃ। ন্যাসে তুর্য্যাশ্রমে স্থিতা অপি চত্বারঃ, তত্র

তস্যোষ্ণিগাসীল্লোমভ্যো গায়ত্রী চ ত্বচো বিভোঃ।
ত্রিষ্টুম্মাংসাৎ স্নুতোঽনুষ্টুব্ জগত্যস্থ্নঃ প্রজাপতেঃ।
মজ্জায়াঃ পঙ্‌ক্তিরুৎপন্না বৃহতী প্রাণতোঽভবৎ ॥ ৪৫ ॥
স্পর্শস্তস্যাভবজ্জীবঃ স্বরো দেহ উদাহৃতঃ।
উষ্মাণমিন্দ্রিয়াণ্যাহুরন্তস্থা বলমাত্মনঃ ॥ ৪৬ ॥
স্বরাঃ সপ্ত বিহারেণ ভবন্তি স্ম প্রজাপতেঃ ॥ ৪৭ ॥

অন্বয়

মুখ হইতে] আন্বীক্ষিকী (মোক্ষবিদ্যা), ত্রয়ী (ধর্ম্মবিদ্যা), বার্ত্তা (কামবিদ্যা) তথা দণ্ডনীতিঃ এব চ (ও অর্থবিদ্যা) আসন্ (উৎপন্ন হইয়াছে) ; এবং [পূর্ব্বাদি মুখক্রমে) ব্যাহৃতয়শ্চ আসন্ (ভূঃ ভুবঃ স্বঃ এই ব্যস্ত ব্যাহৃতি তিনটি ও ভূর্ভুবঃ স্বঃ এই সমস্ত ব্যাহৃতি একটি উৎপন্ন হইয়াছে) ; [অস্য] হি (এই ব্রহ্মার) দহ্নতঃ (হৃদয়াকাশ হইতে) প্রণবঃ (ওঙ্কার) [আসীৎ] (উৎপন্ন হইয়াছে) ॥ ৪৪ ॥

তস্য বিভোঃ প্রজাপতেঃ (সেই বিভু প্রজাপতি ব্রহ্মার) লোমভ্যঃ (লোম সমূহ হইতে) উষ্ণিক্ (উষ্ণিক্ ছন্দঃ), ত্বচঃ (চর্ম্ম হইতে) গায়ত্রী চ (গায়ত্রীচ্ছন্দঃ), মাংসাৎ ত্রিষ্টুপ্ (মাংস হইতে ত্রিষ্টুপ্ ছন্দঃ), স্নুতঃ (স্নায়ু হইতে) অনুষ্টুপ্ (অনুষ্টুপ্ ছন্দঃ), অস্থ্নঃ (অস্থি হইতে) জগতী (জগতীচ্ছন্দঃ) আসীৎ (উৎপন্ন হইয়াছে) মজ্জায়াঃ পঙ্‌ক্তিঃ উৎপন্না (এবং মজ্জা হইতে পঙ্‌ক্তিচ্ছন্দঃ উৎপন্ন হইয়াছে) প্রাণতঃ (ও প্রাণ হইতে) বৃহতী অভবৎ (বৃহতীচ্ছন্দঃ উৎপন্ন হইয়াছে) ॥ ৪৫ ॥

[শব্দব্রহ্মের রূপ প্রদর্শন করতঃ বর্ণের উৎপত্তিক্রম দেখাইতেছেন] তস্য (সেই ব্রহ্মার) স্পর্শঃ

অনুবাদ

বার্ত্তা (কামবিদ্যা) ও দণ্ডনীতি (অর্থবিদ্যা) উৎপন্ন হইয়াছে। সেই পূর্ব্বাদি মুখ হইতে যথাক্রমে ভূঃ, ভুবঃ, স্বঃ এই ব্যস্ত তিনটি ও ভূর্ভুবঃস্বঃ এই সমস্ত একটি ব্যাহৃতি উৎপন্ন হইয়াছে এবং ব্রহ্মার হৃদয়াকাশ হইতে ওঙ্কারের উৎপত্তি হইয়াছে ॥ ৪৪ ॥

প্রজাপতি ব্রহ্মার রোমসমূহ হইতে উষ্ণিক্‌ছন্দঃ, চর্ম্ম হইতে গায়ত্রীচ্ছন্দঃ, মাংস হইতে ত্রিষ্টুপ্‌ছন্দঃ, স্নায়ু হইতে অনুষ্টুপ্‌ছন্দঃ, অস্থি হইতে জগতীচ্ছন্দঃ, মজ্জা হইতে পঙ্‌ক্তিচ্ছন্দঃ ও প্রাণ হইতে বৃহতীচ্ছন্দঃ উৎপন্ন হইয়াছে ॥ ৪৫ ॥

[শব্দব্রহ্মের রূপ প্রদর্শন করতঃ বর্ণের উৎপত্তি ক্রম দেখাইতেছেন] প্রজাপতি ব্রহ্মার

টীকা

কুটীচকঃ স্বাশ্রমধর্ম্মপ্রধানঃ বহ্বোদো জ্ঞানপ্রধানঃ, হংসঃ জ্ঞানাভ্যাসপ্রধানঃ, নিষ্ক্রিয়ঃ ধ্যান-প্রধানঃ ॥ ৪৩ ॥ ন্যায়াদীনাং পূর্ব্বাদিমুখক্রমতঃ উৎপত্তিং দর্শয়তি—আন্বীক্ষিকী মোক্ষবিদ্যা, ত্রয়ী ধর্ম্মবিদ্যা, বার্ত্তা কামবিদ্যা, দণ্ডনীতিঃ অর্থবিদ্যা, এবং পূর্ব্বাদিমুখক্রমেণ ব্যাহৃতয়শ্চাসন্। তত্র ভূর্ভুবঃ স্বরিতি ব্যস্তাস্তিস্রঃ, সমস্তা চতুর্থী। তথাহ আশ্বলায়নঃ—"এবং ব্যাহৃতয়ঃ প্রোক্তা ব্যস্তাঃ সমস্তাঃ" ইতি। যদ্বা মহ ইতি চতুর্থী, তথাচ শ্রুতিঃ "ভূর্ভুবঃ স্বরিত্যেতাস্তিস্রো ব্যাহৃতয়ঃ। তাসামুহ স্মৈতাং চতুর্থীং মাহচমস্য প্রবেদয়তে মহ ইতী"তি। প্রণবস্তু দহ্নতঃ হৃদয়াকাশতঃ আসীৎ ॥ ৪৪ ॥ স্নুতঃ স্নায়ুতঃ ॥ ৪৫ ॥ ব্রহ্মকল্পে ব্রহ্মা শব্দব্রহ্মরূপোঽভবদিত্যুক্তং, তদেব দর্শয়ন্

শব্দব্রহ্মাত্মনস্তস্য ব্যক্তাব্যক্তাত্মনঃ পরঃ।
ব্রহ্মাবভাতি বিততো নানাশক্ত্যুপবৃংহিতঃ ॥ ৪৮ ॥
ততোঽপরামুপাদায় স সর্গায় মনো দধে।
ঋষীণাং ভূরিবীর্য্যাণামপি সর্গমবিস্তৃতম্।
জ্ঞাত্বা তদ্ধৃদয়ে ভূয়শ্চিন্তয়ামাস কৌরব ! ॥ ৪৯ ॥

অন্বয়

(ককারাদি মকারান্ত স্পর্শবর্ণসমূহ) জীবঃ অভবৎ (জীবন হইয়া থাকে); স্বরঃ (স্বরবর্ণসকল) দেহঃ উদাহৃতঃ (তাঁহার দেহ বলিয়া কথিত হইয়া থাকে); উষ্মাণম্ (উষ্মবর্ণ সকল) ইন্দ্রিয়াণি আহুঃ (তাঁহার ইন্দ্রিয় বলিয়া কথিত হইয়া থাকে) অন্তস্থাঃ (ও অন্তস্থবর্ণসমূহ) আত্মনঃ বলম্ (ব্রহ্মার বল) [অর্থাৎ ব্রহ্মার আত্মা হইতে স্পর্শবর্ণ-সমূহ, দেহ হইতে স্বরবর্ণ, ইন্দ্রিয় হইতে উষ্মবর্ণ ও বল হইতে অন্তস্থবর্ণসমূহ উৎপন্ন হইয়াছে]। প্রজাপতেঃ (ব্রহ্মার) বিহারেণ (ক্রীড়া হইতে) সপ্ত স্বরাঃ (ষড়্জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত ও নিষাদ এই সপ্তস্বর) ভবন্তি স্ম (উৎপন্ন হইয়াছে) ॥ ৪৬—৪৭ ॥

ব্যক্তাব্যক্তাত্মনঃ (ব্রহ্মকল্পে শব্দব্রহ্মরূপী অব্যক্ত দেহযুক্ত ও পাদ্মকল্পে চতুর্ম্মুখরূপ ব্যক্ত দেহযুক্ত) তস্য আত্মনঃ (উভয় শরীরী ব্রহ্মার জ্ঞানে) নানাশক্ত্যুপবৃংহিতঃ (নানাশক্তিযুক্ত) বিততঃ (অনেক ব্রহ্মাণ্ডরূপে অবস্থিত) পরঃ ব্রহ্ম (পরব্রহ্ম) শব্দব্রহ্ম (ও শব্দব্রহ্ম) অবভাতি (প্রকাশিত আছে) ॥৪৮॥

কৌরব! (হে বিদুর!) সঃ (চতুর্ম্মুখ) ততঃ অপরাম্ (পরে অপর শরীর) উপাদায় (ধারণ

অনুবাদ

স্পর্শবর্ণসমূহ জীবন, স্বরবর্ণসমূহ দেহ, উষ্মবর্ণসমূহ ইন্দ্রিয় ও অন্তস্থবর্ণসমূহ বল বলিয়া কথিত হইয়া থাকে অর্থাৎ ককারাদি মকারান্ত স্পর্শবর্ণসমূহ ব্রহ্মার আত্মা হইতে, শষসহ এই উষ্মবর্ণ-চতুষ্টয় তাঁহার ইন্দ্রিয় হইতে ও যরলব এই অন্তস্থবর্ণ চতুষ্টয় তাঁহার বল হইতে উৎপন্ন হইয়াছে এবং তাঁহার ক্রীড়া হইতে ষড়্জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত ও নিষাদ এই সপ্তস্বর উৎপন্ন হইয়াছে ॥ ৪৬-৪৭ ॥

ব্রহ্মকল্পে শব্দব্রহ্মরূপী অপ্রকটিতদেহ ও পাদ্মকল্পে চতুর্ম্মুখরূপ প্রকটিতদেহ এই উভয় শরীরী ব্রহ্মার জ্ঞানে নানাশক্তিযুক্ত ও অনেক ব্রহ্মাণ্ডরূপে অবস্থিত পরব্রহ্ম ও শব্দব্রহ্ম প্রকাশিত আছে। প্রজাপতি এই পরব্রহ্ম ও শব্দব্রহ্মকে অবগত আছেন; অতএব নানাপ্রকার দেহধারণে ও নানাপ্রকার প্রজাসৃজনে তাঁহার কোনও অসুবিধা নাই ॥ ৪৮ ॥

হে বিদুর! ব্রহ্মা পূর্ব্বে কামাসক্ত তনু পরিত্যাগ করিয়াছেন; এক্ষণে তিনি অপর

টীকা

বর্ণানামুৎপত্তিমাহ—স্পর্শ ইতি সার্দ্ধেন। তস্য ব্রহ্মণঃ স্পর্শঃ কাদিমাবসানঃ বর্ণসমূহঃ জীবঃ। ততঃ কাদয়ো বর্ণা জাতা ইতি ভাবঃ, এবমগ্রেঽপি। স্বরঃ অকারাদিঃ, উষ্মাণং শষসহেতি বর্ণচতুষ্কম্। অন্তস্থাঃ যরলবাঃ, স্বরাঃ ষড়্জাদয়ঃ বিহারেণ ক্রীড়য়া ॥ ৪৬ ॥ ৪৭ ॥ তস্যোভয়ব্রহ্মবেত্তৃত্বমাহ—শব্দব্রহ্মাত্মনঃ। ব্রহ্মকল্পে শব্দব্রহ্মরূপিণঃ অব্যক্তদেহস্য ইত্যর্থঃ। পুনঃ পদ্মকল্পে চতুর্ম্মুখরূপব্যক্তদেহযোগাদ্ ব্যক্তাব্যক্তাত্মন ইতি বিশেষণম্। এবম্ভূতস্য উভয়শরীরিণঃ তস্য ব্রহ্মণঃ নানাশক্ত্যুপবৃংহিতঃ অতএব

অহো ! অদ্ভুতমেতন্মে ব্যাপৃতস্যাপি নিত্যদা।
ন হ্যেধন্তে প্রজা নূনং দৈবমত্র বিঘাতকম্ ॥ ৫০ ॥
এবং যুক্তকৃতস্তস্য দৈবঞ্চাবেক্ষতস্তদা।
কস্য রূপমভূদ্দ্বেধা যৎ কায়মভিচক্ষতে ॥ ৫১ ॥
তাভ্যাং রূপবিভাগাভ্যাং মিথুনং সমপদ্যত ॥ ৫২ ॥

অন্বয়

করিয়া) সর্গায় (সৃষ্টির নিমিত্ত) মনো দধে (মনোনিবেশ করিলেন)। [সেই ব্রহ্মা] ভূরিবীর্য্যাণাম্ অপি ঋষীণাং (মহাবীর্য্যশালী ঋষিগণের) সর্গম্ (সৃষ্টি) অবিস্তৃতং জ্ঞাত্বা (বিস্তৃত হইতেছে না দেখিয়া) তৎ (তাহা) হৃদয়ে ভূয়ঃ চিন্তয়ামাস (হৃদয়ে অর্থাৎ মনে মনে পুনরায় চিন্তা করিতে লাগিলেন ॥ ৪৯ ॥

অহো ! (বড়ই আশ্চর্য্য !) নিত্যদা (সর্ব্বদা) ব্যাপৃতস্য অপি (সৃষ্টিকার্য্যে নিযুক্ত থাকিলেও) মে (আমার) প্রজাঃ ন এধন্তে (প্রজাবৃদ্ধি হইতেছে না); এতৎ অদ্ভুতম্ (ইহা বড়ই বিচিত্র); নূনং (নিশ্চয়ই) অত্র (এই বিষয়ে) দৈবং বিঘাতকম্ হি (দৈব প্রতিকূল) ॥ ৫০ ॥

তদা (তখন) এবং (এই প্রকারে) যুক্তকৃতঃ (নিয়ত চিন্তাশীল) দৈবং চ অবেক্ষতঃ (ও দৈব অর্থাৎ ভগবানের অনুগ্রহের প্রতীক্ষাকারী) তস্য কস্য (সেই ব্রহ্মার) রূপং দ্বেধা অভূৎ (রূপ দুইভাগে বিভক্ত হইল); যৎ (ইহাকে) কায়ম্ অভিচক্ষতে (ক অর্থাৎ ব্রহ্মা হইতে উৎপন্ন বলিয়া কায় বলা হইয়া থাকে)। তাভ্যাং রূপবিভাগাভ্যাং (সেই বিভক্ত রূপদ্বয় হইতে) মিথুনং (স্ত্রী ও পুরুষ) সমপদ্যত (সমুৎপন্ন হইল) ॥ ৫১ ॥ ৫২ ॥

অনুবাদ

শরীর গ্রহণ করিয়া সৃষ্টির নিমিত্ত মনোনিবেশ করিলেন। মরীচ্যাদি ঋষিগণ মহাবীর্য্যশালী হইলেও তাঁহাদের সৃষ্টি বৃদ্ধি হইতেছে না বুঝিয়া তিনি তাহা মনে মনে পুনরায় চিন্তা করিতে লাগিলেন ॥ ৪৯ ॥

ব্রহ্মা এইরূপ চিন্তা করিতে লাগিলেন—বড়ই আশ্চর্য্য ! আমি সৃষ্টিকার্য্যে সর্ব্বদা নিযুক্ত আছি ; তথাপি আমার প্রজাবৃদ্ধি হইতেছে না ; ইহা বড়ই বিচিত্র ব্যাপার ; নিশ্চয়ই এই বিষয়ে দৈব প্রতিকূল ॥ ৫০ ॥

এইরূপে নিয়ত চিন্তাশীল ও ভগবদনুগ্রহের অপেক্ষাকারী সেই ব্রহ্মার রূপ দুই ভাগে বিভক্ত হইল। ক অর্থাৎ ব্রহ্মা হইতে উৎপন্ন বলিয়া দেহকে কায় বলা হইয়া থাকে।

টীকা

বিততঃ অনেকব্রহ্মাণ্ডাত্মককার্য্যাত্মনা স্থিতঃ পরঃ পরব্রহ্মপদবাচ্যঃ পরমাত্মা প্রতিপাদ্যঃ ব্রহ্ম, তৎ-প্রতিপাদকং শব্দব্রহ্ম চ ভাতি প্রকাশতে ইত্যর্থঃ। প্রজাপতিঃ উভে ব্রহ্মণী সম্যগ্ জানাতি। অতঃ নানাদেহধারণে নানাপ্রজাসৃজনে চ তস্য নাস্তি প্রয়াস ইতি ভাবঃ ॥ ৪৮ ॥ ততঃ যা পূর্ব্বং বিসৃষ্টা সতী নীহারং তমঃ অভবৎ, ততোঽপরামন্যাং তনুমুপাদায় গৃহীত্বা ইত্যর্থঃ ॥ ৪৯ ॥ ৫০ ॥ যুক্তকৃতঃ

যস্তু তত্র পুমান্ সোঽভূন্মনুঃ স্বায়ম্ভুবঃ স্বরাট্।
স্ত্রী যাসীচ্ছতরূপাখ্যা মহিষ্যস্য মহাত্মনঃ ॥ ৫৩ ॥
তদা মিথুনধর্ম্মেণ প্রজা হ্যেধাম্বভূবিরে।
স চাপি শতরূপায়াং পঞ্চাপত্যান্যজীজনৎ ॥ ৫৪ ॥
প্রিয়ব্রতোত্তানপাদৌ তিস্রঃ কন্যাশ্চ ভারত!।
আকূতির্দ্দেবহূতিশ্চ প্রসূতিরিতি সত্তম!॥ ৫৫ ॥
আকূতিং রুচয়ে প্রাদাৎ কর্দ্দমায় তু মধ্যমাম্।
দক্ষায়াদাৎ প্রসূতিঞ্চ যত আপূরিতং জগৎ ॥ ৫৬ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুরমৈত্রেয়সংবাদে সৃষ্টিবর্ণনং নাম দ্বাদশোঽধ্যায়ঃ ॥ ১২ ॥

অন্বয়

তত্র (সেই মিথুনের মধ্যে) যঃ তু পুমান্ (যিনি পুরুষ), সঃ স্বরাট্ (তিনি সার্ব্বভৌম) স্বায়ম্ভুবঃ মনুঃ অভূৎ (স্বায়ম্ভুব মনু হইলেন); যা স্ত্রী (যিনি স্ত্রী), [তিনি] অস্য মহাত্মনঃ (এই মহাত্মা মনুর) শতরূপাখ্যা মহিষী আসীৎ (শতরূপা নাম্নী মহিষী হইলেন) ॥ ৫৩ ॥

তদা [প্রভৃতি] হি (তখন হইতেই) মিথুনধর্ম্মেণ (স্ত্রীপুরুষ-সংযোগে) প্রজাঃ এধাম্বভূবিরে (প্রজা-বৃদ্ধি হইতে লাগিল)। সত্তম ভারত! (হে সজ্জনশ্রেষ্ঠ বিদুর!) সঃ চ অপি (সেই মনুও) শতরূপায়াং (স্বীয় ভার্য্যা শতরূপার গর্ভে) প্রিয়ব্রতোত্তানপাদৌ (প্রিয়ব্রত ও উত্তানপাদ নামক দুই পুত্র) আকূতিঃ দেবহূতিঃ প্রসূতিঃ চ ইতি তিস্রঃ কন্যাঃ চ (ও আকূতি, দেবহূতি ও প্রসূতি নাম্নী তিন কন্যা) [ইতি] পঞ্চ অপত্যানি (এই পাঁচটি সন্তান) অজীজনৎ (উৎপাদন করিলেন) ॥৫৪॥৫৫॥

[সেই স্বায়ম্ভুব মনু] রুচয়ে (রুচিনামক ঋষির করে) আকূতিং (প্রথমা কন্যা আকূতিকে) কর্দ্দমায় তু (ও কর্দ্দমনামক ঋষির করে) মধ্যমাং (মধ্যমা কন্যা দেবহূতিকে) প্রাদাৎ (সম্প্রদান করিলেন) [এবং]

অনুবাদ

সেই বিভক্ত রূপদ্বয় হইতে স্ত্রী ও পুরুষ উৎপন্ন হইল অর্থাৎ এক অংশ হইতে স্ত্রী ও অপর অংশ হইতে পুরুষ উৎপন্ন হইল ॥ ৫১-৫২ ॥

সেই মিথুনের মধ্যে যিনি পুরুষ, তিনি সার্ব্বভৌম স্বায়ম্ভুব মনু হইলেন; আর যিনি স্ত্রী, তিনি মহাত্মা মনুর শতরূপা নাম্নী মহিষী হইলেন ॥ ৫৩ ॥

তখন হইতেই স্ত্রীপুরুষসংযোগে প্রজাবৃদ্ধি হইতে লাগিল। হে সজ্জনশ্রেষ্ঠ বিদুর! সেই মনু স্বীয় ভার্য্যা শতরূপার গর্ভে প্রিয়ব্রত ও উত্তানপাদ নামক দুই পুত্র এবং আকূতি, দেবহূতি ও প্রসূতি নাম্নী তিন কন্যা উৎপাদন করিয়াছেন ॥ ৫৪ ॥ ৫৫ ॥

স্বায়ম্ভুব মনু প্রথমা কন্যা আকূতিকে রুচিনামক ঋষির করে, মধ্যমা কন্যা

টীকা

সযুক্তচিত্তনং কৃতবতঃ যৎ পুনরুপাদানং কায়মভিচক্ষতে, তদ্রূপং দ্বেধা অভূৎ ॥ ৫১—৫৩ ॥ এধাম্বভূবিরে

অন্বয়

দক্ষায় (দক্ষ নামক ঋষির করে) প্রসূতিং চ অদাৎ (কনিষ্ঠা কন্যা প্রসূতিকে সম্প্রদান করিলেন)। যতঃ (এই সকল কন্যা হইতে) [সন্তানসন্ততিক্রমে] [ইদং] জগৎ আপূরিতম্ (এই জগৎ পরিপূর্ণ হইয়াছে) ॥ ৫৬ ॥

অনুবাদ

দেবহূতিকে কর্দ্দমনামক ঋষির করে ও কনিষ্ঠা কন্যা প্রসূতিকে দক্ষনামক ঋষির করে সম্প্রদান করিয়াছেন। এই কন্যাগণ হইতেই সন্তান-সন্ততিক্রমে এই জগৎ পরিপূর্ণ হইয়াছে ॥ ৫৬ ॥

দ্বাদশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ১২ ॥

টীকা

অবর্দ্ধন্ত। প্রজাবৃদ্ধিং দর্শয়তি—স চাপীত্যাদিনা ॥ ৫৪ ॥ ৫৫ ॥ যতঃ যাভিঃ কন্যাভিঃ ইদং জগদাপূরিতং সর্ব্বতঃ পূর্ণীকৃতমিত্যর্থঃ ॥ ৫৬ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে তৃতীয়স্কন্ধে শ্রীমচ্ছুকদেবকৃতসিদ্ধান্ত-
প্রদীপটীকায়াং দ্বাদশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ১২ ॥

ত্রয়োদশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

নিশম্য বাচং বদতো মুনেঃ পুণ্যতমাং নৃপ ! ।
ভূয়ঃ পপ্রচ্ছ কৌরব্যো বাসুদেবকথাদৃতঃ ॥ ১ ॥

শ্রীবিদুর উবাচ

স বৈ স্বায়ম্ভুবঃ সম্রাট্ প্রিয়ঃ পুত্রঃ স্বয়ম্ভুবঃ ।
প্রতিলভ্য প্রিয়াং পত্নীং কিং চকার ততো মুনে ! ॥ ২ ॥

অন্বয়

শ্রীশুকঃ উবাচ (শুকদেব বলিলেন) নৃপ ! (হে মহারাজ পরীক্ষিৎ !) কৌরব্যঃ (বিদুর) বদতঃ মুনেঃ (বক্তা মৈত্রেয়ঋষির) পুণ্যতমাং বাচং (পুণ্যতম বাক্য) নিশম্য (শ্রবণ করিয়া) বাসুদেব-কথাদৃতঃ (ভগবান্ বাসুদেবের চরিত্র শ্রবণে আগ্রহান্বিত হইয়া) ভূয়ঃ (পুনরায়) পপ্রচ্ছ (জিজ্ঞাসা করিলেন) ॥১॥

শ্রীবিদুরঃ উবাচ (বিদুর বলিলেন) মুনে ! (হে মৈত্রেয় !) স্বয়ম্ভুবঃ (ব্রহ্মার) প্রিয়ঃ পুত্রঃ

অনুবাদ

শুকদেব বলিলেন—হে মহারাজ পরীক্ষিৎ ! বিদুর মৈত্রেয়ঋষির পুণ্যতম বাক্য শ্রবণ করিয়া ভগবান্ বাসুদেবের চরিত্র শ্রবণে আগ্রহান্বিত হইয়া পুনরায় জিজ্ঞাসা করিলেন ॥ ১ ॥

বিদুর বলিলেন—হে মুনে ! ব্রহ্মার প্রিয়পুত্র সেই সম্রাট্ স্বায়ম্ভুব মনু প্রিয়তমা পত্নী শতরূপাকে লাভ করিয়া তাহার পরে কি কি করিয়াছিলেন ॥ ২ ॥

টীকা

ত্রয়োদশে স্বায়ম্ভুবচরিতবর্ণনপ্রসঙ্গাদ্ বারাহচরিতমুচ্যতে। বাসুদেবকথায়ামাদৃতঃ কর্ত্তরি

চরিতং তস্য রাজর্ষেরাদিরাজস্য সত্তম !
ব্রূহি মে শ্রদ্দধানায় বিষ্বক্সেনাশ্রয়ো হ্যসৌ ॥ ৩ ॥
শ্রুতস্য পুংসাং সুচিরশ্রমস্য নন্বঞ্জসা সূরিভিরীড়িতোঽর্থঃ।
তত্তদ্‌গুণানুশ্রবণং মুকুন্দ-পাদারবিন্দং হৃদয়েষু যেষাম্ ॥ ৪ ॥

শ্রীশুক উবাচ

ইতি ব্রুবাণং বিদুরং বিনীতং সহস্রশীর্ষ্ণশ্চরণোপধানম্।
প্রহৃষ্টরোমা ভগবৎকথায়াং প্রণীয়মানো মুনিরভ্যচষ্ট ॥ ৫ ॥

অন্বয়

সঃ বৈ সম্রাট্ স্বায়ম্ভুবঃ (প্রিয়পুত্র সেই সম্রাট্ স্বায়ম্ভুব মনু) প্রিয়াং পত্নীং প্রতিলভ্য (প্রিয়পত্নী শতরূপাকে লাভ করিয়া) ততঃ (তাহার পর) কিং চকার (কি করিয়াছিলেন) ॥ ২ ॥

সত্তম ! (হে সজ্জনশ্রেষ্ঠ মৈত্রেয় !) আদিরাজস্য তস্য রাজর্ষেঃ (আদিরাজ সেই রাজর্ষি স্বায়ম্ভুব মনুর) চরিতং (চরিত্র) শ্রদ্দধানায় মে (শ্রদ্ধাশীল আমাকে) ব্রূহি (বলুন) ; হি (যেহেতু) অসৌ (ঐ মনু) বিষ্বক্সেনাশ্রয়ঃ (মুকুন্দপরায়ণ) ॥ ৩ ॥

নন্বু (আহা !) যেষাং (যাঁহাদের) হৃদয়েষু (হৃদয়ে) মুকুন্দপাদারবিন্দং (ভগবান্ মুকুন্দদেবের চরণকমল) [বর্ত্ততে] (বিরাজিত থাকে), তত্তদ্‌গুণানুশ্রবণং (সেই পরমবৈষ্ণবগণের গুণাবলী শ্রবণই) পুংসাং (জীবগণের) সুচিরশ্রমস্য (দীর্ঘকালব্যাপী পরিশ্রমসাধ্য) শ্রুতস্য (অধ্যয়নের) অঞ্জসা (সাক্ষাৎ) অর্থঃ (প্রয়োজন) ; সূরিভিঃ (ইহা তত্ত্বদর্শিগণকর্ত্তৃক) ঈড়িতঃ (কীর্ত্তিত হইয়া থাকে) ॥৪॥

শ্রীশুকঃ উবাচ (শুকদেব বলিলেন) [হে মহারাজ !] ইতি ব্রুবাণং (এই প্রকারে জিজ্ঞাসাকারী) সহস্রশীর্ষ্ণঃ (শ্রীকৃষ্ণের) চরণোপধানং (পাদপীঠ অর্থাৎ শ্রীকৃষ্ণ যাঁহার ক্রোড়দেশে স্নেহবশে চরণকমল অর্পণ করিয়া থাকেন, সেই) বিনীতং বিদুরং (বিনীত বিদুরকে) ভগবৎকথায়াং (ভগবৎকথায়)

অনুবাদ

হে সজ্জনশ্রেষ্ঠ মৈত্রেয় ! আদিরাজ স্বায়ম্ভুব মনুর চরিত্র আমাকে বলুন ; কারণ তিনি ভগবান্ মুকুন্দকে আশ্রয় করিয়াছিলেন ; অতএব তাঁহার চরিত্র শ্রবণ করিতে আমার আগ্রহ হইয়াছে ॥ ৩ ॥

তত্ত্বদর্শিগণ কীর্ত্তন করিয়া থাকেন যে—যাঁহাদিগের হৃদয়ে ভগবান্ মুকুন্দদেবের চরণকমল বিরাজিত আছে, সেই পরম বৈষ্ণবগণের গুণকীর্ত্তন শ্রবণ করাই জীবগণের দীর্ঘকাল-ব্যাপী পরিশ্রমসাধ্য অধ্যয়নের সাক্ষাৎ ফল ॥ ৪ ॥

শুকদেব বলিলেন—হে মহারাজ ! যাঁহার ক্রোড়দেশে ভগবান্ শ্রীকৃষ্ণ স্নেহবশে

টীকা

স্তঃ ॥ ১ ॥ ২ ॥ বিষ্বক্সেনাশ্রয়ঃ মুকুন্দাশ্রয়ঃ ॥ ৩ ॥ মুকুন্দাশ্রয়জনগুণানুবাদশ্রবণং পুরুষাণাং মহৎশ্রম-সাধ্যশাস্ত্রশ্রবণস্য প্রয়োজনমিত্যাহ—শ্রুতস্যেতি। সুচিরং শ্রমো যস্মিন্ তস্য পুংসাং শ্রুতস্য অয়মেবার্থঃ প্রয়োজনং সূরিভিঃ তত্ত্বদর্শিভিরীড়িতঃ স্তুতঃ। নন্বু অহো যেষাং যেষাং হৃদয়েষু মুকুন্দপাদারবিন্দং ধ্যেয়ত্বেন বর্ত্ততে তেষাং তেষাং গুণানুবাদশ্রবণম্ ॥ ৪ ॥ প্রণীয়মানঃ বিদুরেণ প্রবর্ত্ত্যমানঃ মুনিঃ

শ্রীমৈত্রেয় উবাচ

যদা স্বভার্য্যয়া সার্দ্ধং জাতঃ স্বায়ম্ভুবো মনুঃ।
প্রাঞ্জলিঃ প্রণতশ্চেদং বেদগর্ভমভাষত ॥ ৬ ॥
ত্বমেকঃ সর্ব্বভূতানাং জন্মকৃদ্ বৃত্তিদঃ পিতা।
তথাপি নঃ প্রজানাং তে শুশ্রূষা কেন বা ভবেৎ ॥৭॥
তদ্বিধেহি নমস্তভ্যং কর্ম্মস্বীড্যাত্মশক্তিষু।
যৎ কৃত্বেহ যশো বিশ্বগমুত্র চ ভবেদ্‌গতিঃ ॥ ৮ ॥

অন্বয়

প্রণীয়মানঃ (প্রণোদিত) প্রহৃষ্টরোমা (ও পুলকিতাঙ্গ হইয়া) মুনিঃ (মৈত্রেয়ঋষি) অভ্যচষ্ট (বলিতে লাগিলেন) ॥ ৫ ॥

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) যদা (যখন) স্বভার্য্যয়া সার্দ্ধং (স্বীয় পত্নী শতরূপার সহিত) স্বায়ম্ভুবঃ মনুঃ জাতঃ (স্বায়ম্ভুব মনু জন্মিলেন), [তখন] প্রণতঃ প্রাঞ্জলিঃ চ (প্রণত ও কৃতাঞ্জলি হইয়া তিনি) বেদগর্ভম্ (ব্রহ্মাকে) ইদম্ (এই বক্ষ্যমাণ বাক্য) অভাষত (বলিলেন) ॥৬॥

[হে পিতঃ !] ত্বম্ একঃ [এব] (আপনি একাকীই) সর্ব্বভূতানাং পিতা (প্রাণিগণের পিতা), [যেহেতু] জন্মকৃৎ (আপনি জন্মদাতা) বৃত্তিদঃ (ও বৃত্তিদাতা) [হইয়া থাকেন]; [অতএব আপনার কিছুরই অপেক্ষা নাই], তথাপি প্রজানাং নঃ (সন্তান আমাদের) আত্মশক্তিষু (শক্তিসাধ্য) কর্ম্মসু (কর্ম্মের মধ্যে) কেন বা (কোন্ কার্য্যের দ্বারা) তে (আপনার) শুশ্রূষা (পরিচর্য্যা) ভবেৎ (হইতে পারে) ? যৎ কৃত্বা (যে কর্ম্ম করিয়া) ইহ (ইহলোকে) বিষ্বক্ যশঃ (সর্ব্বত্র যশ) অমুত্র চ (ও পরলোকে) গতিঃ ভবেৎ (সদ্‌গতি লাভ হইতে পারে ?) তৎ বিধেহি (তাহা বিধান করুন) ; ঈড্য ! (হে পূজনীয় !) তুভ্যং নমঃ (আপনাকে নমস্কার করি) ॥ ৭ ॥ ৮ ॥

অনুবাদ

স্বীয় চরণকমল অর্পণ করিয়া থাকেন, পূর্ব্বোক্ত প্রকারে জিজ্ঞাসাকারী সেই বিনীত বিদুরকে ভগবৎকথায় প্রণোদিত ও পুলকিতাঙ্গ হইয়া মৈত্রেয়ঋষি বলিতে লাগিলেন ॥ ৫ ॥

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর ! যখন স্বীয় পত্নী শতরূপার সহিত স্বায়ম্ভুব মনু জন্মগ্রহণ করিলেন, তখন তিনি প্রণত ও কৃতাঞ্জলি হইয়া ভগবান্ ব্রহ্মাকে এই বক্ষ্যমাণ বাক্য বলিলেন ॥ ৬ ॥

হে পিতঃ ! আপনিই প্রাণিগণের পিতা; যেহেতু আপনিই সকলকে সৃষ্টি করিয়াছেন ও সকলের জীবিকাবিধান করিয়াছেন ; এতাদৃশ আপনার অপর কিছুরই অপেক্ষা নাই ; তথাপি সন্তান আমাদের নিজ নিজ শক্তিসাধ্য কর্ম্মের মধ্যে কোন্ কার্য্যের

টীকা

সহস্রশীর্ষ্ণঃ শ্রীকৃষ্ণস্য চরণাবুপধীয়েতে যস্মিন্ স্নেহাতিশয়াৎ ভগবান্ যদঙ্কে চরণৌ প্রসারয়তি তং বিদুরং অভ্যচষ্ট অভ্যভাষত ॥ ৫ ॥ ৬ ॥ নোঽস্মাকং প্রজানাং তে শুশ্রূষা, আত্মশক্তিষু অস্মচ্ছক্যেষু কর্ম্মসু মধ্যে কেন কর্ম্মণা ভবেৎ। তদ্বিধেহি কথয়েতি দ্বয়োরন্বয়ঃ ॥ ৭ ॥ ৮ ॥ বাং যুবয়োঃ মা মাং

শ্রীব্রহ্মোবাচ

প্রীতস্তভ্যমহং তাত ! স্বস্তি স্তাদ্বাং ক্ষিতীশ্বর ! ।
যন্নির্ব্ব্যলীকেন হৃদা শাধি মেত্যাত্মনার্পিতম্ ॥ ৯ ॥
এতাবত্যাত্মজৈর্বীর ! কার্য্যা হ্যপচিতির্গুরৌ ।
শক্ত্যাপ্রমত্তৈর্গৃহ্যেত সাদরং গতমৎসরৈঃ ॥ ১০ ॥
স ত্বমস্যামপত্যানি সদৃশান্যাত্মনো গুণৈঃ ।
উৎপাদ্য শাস ধর্ম্মেণ গাং যজ্ঞৈঃ পুরুষং যজ ॥ ১১ ॥

অন্বয়

শ্রীব্রহ্মা উবাচ (ব্রহ্মা বলিলেন) তাত ! (হে বৎস !) ক্ষিতীশ্বর ! (হে পৃথিবীপতে !) যৎ (যেহেতু তুমি) নির্ব্ব্যলীকেন হৃদা (অকপট হৃদয়ে) মা (আমাকে) শাধি (উপদেশ করুন) ইতি (এই প্রকার) আত্মনা (নিজেই) অর্পিতম্ (নিবেদন করিয়াছ) ; [অতএব] তুভ্যং (তোমার প্রতি) অহং প্রীতঃ (আমি প্রসন্ন হইয়াছি) ; বাং (তোমাদের উভয়ের) স্বস্তি (মঙ্গল) স্তাং (হউক) ॥ ৯ ॥

বীর ! (হে শক্তিশালিন্ !) গতমৎসরৈঃ ("অপরে করিল না আমরা কেন করিব" এই প্রকার মাৎসর্য্যশূন্য) অপ্রমত্তৈঃ (অপ্রমত্ত) আত্মজৈঃ (পুত্রগণের) শক্ত্যা (শক্তি অনুসারে) সাদরং (শ্রদ্ধা সহকারে) [গুরুর আজ্ঞা] গৃহ্যেত (গ্রহণ করা উচিত) ; গুরৌ (পিতার প্রতি) [পুত্রগণের] এতাবতী হি (এইরূপ) অপচিতিঃ (পূজা) কার্য্যা (করাই কর্ত্তব্য) ॥ ১০ ॥

সঃ ত্বং (পিতার আজ্ঞা পালনকারী তুমি) অস্যাম্ (এই শতরূপার গর্ভে) গুণৈঃ আত্মনঃ সদৃশানি

অনুবাদ

দ্বারা আপনার পরিচর্য্যা হইতে পারে এবং যাহাদ্বারা ইহলোকে সর্ব্বত্র যশ ও পরলোকে সদ্‌গতি লাভ হইতে পারে, তাহা বিধান করুন অর্থাৎ আদেশ করুন ; হে পূজনীয় ! আপনাকে নমস্কার করি ॥ ৭ ॥ ৮ ॥

ব্রহ্মা বলিলেন—হে বৎস ! যেহেতু তুমি অকপট হৃদয়ে "আমাকে উপদেশ করুন" এই প্রকার নিজেই নিবেদন করিয়াছ, অতএব তোমার প্রতি আমি প্রসন্ন হইয়াছি ; হে পৃথিবীপতে ! তোমাদের উভয়ের মঙ্গল হউক ॥ ৯ ॥

হে বীর ! পিতার প্রতি পুত্রগণের এইরূপ পূজা করাই কর্ত্তব্য। "অপরে করিল না আমরা কেন করিব" এই প্রকার মাৎসর্য্যশূন্য ও অপ্রমত্ত হইয়া পুত্রগণের পিতার আজ্ঞা পালন করা কর্ত্তব্য অর্থাৎ সনকাদি পিতার আজ্ঞা পালন করিল না, আমরা কেন করিব ? এই প্রকার মাৎসর্য্যভাব হৃদয়ে পোষণ না করিয়া যে আমার আজ্ঞা প্রার্থনা করিতেছ, ইহাতে আমি সন্তুষ্ট হইলাম ॥ ১০ ॥

হে পুত্র ! তুমি পিতার আজ্ঞা পালন করিতে প্রস্তুত ; অতএব তুমি এক্ষণে এই শত-

টীকা

শাধি অনুশিক্ষয়েতি স্বয়ং নিবেদিতম্ ; অতঃ প্রসন্নোঽস্মি ॥ ৯ ॥ অপচিতিঃ পূজা এতাবত্যেব কার্য্যা ; কিয়তীত্যাকাঙ্ক্ষায়ামাহ—অপ্রমত্তৈঃ সাবধানৈঃ সাদরং যথা ভবতি তথা যথাশক্তি গৃহ্যেত গুর্ব্বাজ্ঞেতি

পরং শুশ্রূষণং মহ্যং স্যাৎ প্রজারক্ষয়া নৃপ ! ।
ভগবাংস্তে প্রজাভর্ত্তুর্হৃষীকেশো নু তুষ্যতি ॥ ১২ ॥
যেষাং ন তুষ্টো ভগবান্ যজ্ঞলিঙ্গো জনার্দ্দনঃ ।
তেষাং শ্রমো হ্যপার্থায় যদাত্মা নাদৃতঃ স্বয়ম্ ॥ ১৩ ॥

শ্রীমনুরুবাচ

আদেশেঽহং ভগবতো বর্ত্তেয়ামীবসূদন ! ।
স্থানন্ত্বিহানুজানীহি প্রজানাং মম চ প্রভো ! ॥ ১৪ ॥

অন্বয়

(নিজের মত গুণসম্পন্ন) অপত্যানি (সন্তান সকল) উৎপাদ্য (উৎপাদন করিয়া) ধর্ম্মেণ (ধর্ম্মানুসারে) গাং (পৃথিবী) শাস (শাসন কর অর্থাৎ পালন কর) যজ্ঞৈঃ (এবং যজ্ঞদ্বারা) পুরুষং (শ্রীহরিকে) যজ (অর্চ্চনা কর) ॥ ১১ ॥

নৃপ ! (হে রাজন্ !) প্রজারক্ষয়া (প্রজাপালনের দ্বারা) মহ্যং (আমার) পরং শুশ্রূষণং (পরম সেবা) স্যাৎ (হইবে) ভগবান্ হৃষীকেশঃ (এবং ভগবান্ শ্রীহরি) প্রজাভর্ত্তুঃ (প্রজাপালক) তে (তোমার প্রতি) নু তুষ্যতি (নিশ্চয়ই সন্তুষ্ট হইবেন) ॥১২॥

[হে বৎস !] যজ্ঞলিঙ্গঃ (যজ্ঞমূর্ত্তি) ভগবান্ জনার্দ্দনঃ (ভগবান্ জনার্দ্দন) যেষাং (যাহাদের প্রতি) ন তুষ্টঃ (প্রসন্ন না হন), তেষাং (তাহাদের) শ্রমঃ (কর্ম্ম ও জ্ঞান অর্জ্জনের পরিশ্রম) অপার্থায় হি (বৃথাই হইয়া থাকে) ; যৎ (যেহেতু) [তাহাদিগকর্ত্তৃক] স্বয়ং আত্মা (স্বয়ং সর্ব্বাশ্রয় পরমাত্মা) ন আদৃতঃ (অনাদৃত হইয়াছেন) ॥ ১৩ ॥

শ্রীমনুঃ উবাচ (মনু বলিলেন) প্রভো ! অমীবসূদন ! (হে প্রভো ! হে পাপনাশন !) ভগবতঃ

অনুবাদ

রূপার গর্ভে গুণে নিজের মত সন্তান সকল উৎপাদন করিয়া রাজধর্ম্মানুসারে এই পৃথিবী পালন কর এবং যজ্ঞের দ্বারা যজ্ঞেশ্বর শ্রীহরির অর্চ্চনা কর ॥ ১১ ॥

হে রাজন্ ! প্রজাপালনের দ্বারা আমার পরম সেবা করা হইবে এবং ভগবান্ হৃষীকেশও প্রজাপালক তোমার প্রতি অতিশয় সন্তুষ্ট হইবেন ॥ ১২ ॥

হে রাজন্ ! যজ্ঞমূর্ত্তি ভগবান্ জনার্দ্দন যাহাদের প্রতি প্রসন্ন হন না, তাহাদের কর্ম্ম ও জ্ঞানাদির পরিশ্রম বৃথাই হইয়া থাকে ; যেহেতু তাহারা স্বয়ং সর্ব্বাশ্রয় পরমাত্মার সমাদর করিল না ॥ ১৩ ॥

মনু বলিলেন—হে পাপনাশন ! হে প্রভো ! আপনার আদেশ আমি পালন করিব ; কিন্তু এই কার্য্যের জন্য আপনি প্রজাগণের ও আমার স্থান নির্দ্দেশ করিয়া দিন ॥ ১৪ ॥

টীকা

শেষঃ ॥ ১০ ॥ পুরুষং সর্ব্বযজ্ঞভোক্তারম্ ॥ ১১ ॥ ১২ ॥ যজ্ঞলিঙ্গঃ যজ্ঞমূর্ত্তিঃ আত্মা সর্ব্বেষামাশ্রয়ঃ, যতো যৈর্নাদৃতঃ, অতঃ তেষাং শ্রমঃ কর্ম্মজ্ঞানাদিসাধনানুষ্ঠানম্ অপগতোঽর্থঃ ফলং যস্মাৎ তস্মৈ নিষ্ফলত্বায়

যদোকঃ সর্ব্বভূতানাং মহী মগ্না মহাম্ভসি।
অস্যা উদ্ধরণে যত্নো দেব! দেব্যা বিধীয়তাম্ ॥১৫॥

শ্রীমৈত্রেয় উবাচ

পরমেষ্ঠী ত্বপাং মধ্যে তথা সন্নামবেক্ষ্য গাম্।
কথমেনাং সমুন্নেষ্য ইতি দধ্যৌ ধিয়া চিরম্ ॥ ১৬ ॥
সৃজতো মে ক্ষিতির্ব্বার্ভিঃ প্লাব্যমানা রসাং গতা।
অথাত্র কিমনুষ্ঠেয়মস্মাভিঃ সর্গযোজিতৈঃ।
যস্যাহং হৃদয়াদাসং স ঈশো বিদধাতু মে ॥ ১৭ ॥

অন্বয়

(ভগবান্ আপনার) আদেশে অহং বর্ত্তেয় (আদেশে আমি অবস্থান করিব) [অর্থাৎ আপনার আদেশ পালন করিব]; তু (কিন্তু) ইহ (এই আদেশ পালন বিষয়ে) প্রজানাং মম চ (প্রজাগণের ও আমার) স্থানং অনুজানীহি (স্থান নির্দ্দেশ করুন) ॥ ১৪ ॥

দেব! (হে প্রভো!) সর্ব্বভূতানাং (সকল প্রাণীর) যৎ ওকঃ (যাহা বাসস্থান), [সা] মহী (সেই পৃথিবী) মহাম্ভসি (প্রলয়সলিলে) মগ্না (নিমগ্না আছেন); অস্যাঃ দেব্যাঃ (এই পৃথিবীদেবীর) উদ্ধরণে (উদ্ধারসাধনে) যত্নঃ বিধীয়তাম্ (যত্ন বিধান করুন) ॥ ১৫ ॥

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) পরমেষ্ঠী (ব্রহ্মা) অপাং মধ্যে তু (সলিলমধ্যে) তথা সন্নাং (সেই প্রকারে নিমগ্না) গাম্ (পৃথিবীকে) অবেক্ষ্য (দর্শন করিয়া) কথং (কিরূপে) এনাং (এই পৃথিবীকে) সমুন্নেষ্যে (উদ্ধার করিব) ইতি (ইহা) ধিয়া (মনে মনে) চিরং দধ্যৌ (বহুকাল চিন্তা করিতে লাগিলেন) ॥ ১৬ ॥

[ব্রহ্মা চিন্তা করিলেন] সৃজতঃ মে (প্রয়োজন বশতঃ জলসৃষ্টিকারী আমার) বার্ভিঃ (জলের দ্বারা)

অনুবাদ

হে দেব! সর্ব্বভূতের যাহা বাসস্থান, সেই পৃথিবী প্রলয়সলিলে নিমগ্না হইয়া রহিয়াছেন; অতএব এই পৃথিবীর উদ্ধারের নিমিত্ত আপনি যত্ন করুন ॥ ১৫।

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর! ব্রহ্মা সলিলমধ্যে নিমগ্না পৃথিবীকে দর্শন করিয়া "কি প্রকারে আমি এই পৃথিবীকে উদ্ধার করিব" ইহা মনে মনে দীর্ঘকাল চিন্তা করিতে লাগিলেন ॥ ১৬ ॥

[ব্রহ্মা চিন্তা করিলেন]—আমি প্রয়োজন বশতঃ জল সৃষ্টি করিয়াছি; এই জলের দ্বারা পৃথিবী প্লাবিতা হইয়া রসাতলে গমন করিয়াছে; এক্ষণে এই সৃষ্টিকার্য্যে নিযুক্ত আমার পৃথিবীর উদ্ধারবিষয়ে কি করা কর্ত্তব্য? আমি যাঁহার হৃদয় হইতে আবির্ভূত হইয়াছি, সেই পরমেশ্বরই আমার কর্ত্তব্য বিধান করুন ॥ ১৭ ॥

টীকা

ইত্যর্থঃ ॥ ১৩। হে অমীবসূদন! স্থানমনুজানীহি ইদং তব স্থানমিতি অনুজ্ঞাপয় ॥ ১৪ ॥ হে দেব! ॥১৫॥ গাং মহীম্ ॥১৬॥ নন্থ "অপাদ্বায়ুং সহাম্ভসে"তি পূর্ব্বোক্তেঃ জলপানে কৃতে পুনর্মহী কুত্রাসেত্যত আহ—

ইত্যভিধ্যায়তো নাসাবিবরাৎ সহসানঘ !
বরাহতোকো নিরগাদঙ্গুষ্ঠপরিমাণকঃ ॥ ১৮ ॥
তস্যাভিপশ্যতঃ খস্থঃ ক্ষণেন কিল ভারত !
গজমাত্রঃ প্রববৃধে তদদ্ভুতমভূন্মহৎ ॥ ১৯ ॥
মরীচিপ্রমুখৈর্ব্বিপ্রৈঃ কুমারৈর্ম্মনুনা সহ ।
দৃষ্ট্বা তচ্ছৌকরং রূপং তর্কয়ামাস চিত্রধা ॥ ২০ ॥

অন্বয়

প্লাব্যমানা ক্ষিতিঃ (প্লাবিতা পৃথিবী) রসাং গতা (রসাতল প্রাপ্ত হইয়াছে) ; অথ (এক্ষণে) সর্গযোজিতৈঃ (সৃষ্টিবিষয়ে নিযুক্ত) অস্মাভিঃ (আমার) অত্র (এই পৃথিবীর উদ্ধারবিষয়ে) কিম্ অনুষ্ঠেয়ম্ (কি অনুষ্ঠান করা উচিত ?) যস্য হৃদয়াৎ (যাঁহার হৃদয় হইতে) অহম্ আসম্ (আমি উৎপন্ন হইয়াছি), সঃ ঈশঃ (সেই পরমেশ্বর) মে (আমার) [কর্ত্তব্য] বিদধাতু (বিধান করুন) ॥ ১৭ ॥

অনঘ ! (হে নিষ্পাপ বিদুর !) ইতি অভিধ্যায়তঃ (এই প্রকার চিন্তাশীল) [ব্রহ্মার] নাসাবিবরাৎ (নাসিকাছিদ্র হইতে) সহসা (হঠাৎ) অঙ্গুষ্ঠপরিমাণকঃ (অঙ্গুষ্ঠপরিমিত) বরাহতোকঃ (ক্ষুদ্র বরাহ) নিরগাৎ (নির্গত হইল) ॥ ১৮ ॥

ভারত ! (হে বিদুর !) অভিপশ্যতঃ তস্য (ব্রহ্মার সমক্ষে) [সেই শূকর] খস্থঃ (আকাশে উত্থিত হইয়া) ক্ষণেন (ক্ষণকালমধ্যেই) গজমাত্রঃ (হস্তীর শরীরপরিমাণ) প্রববৃধে (বৃদ্ধিপ্রাপ্ত হইল) ; তৎ (তাহা) মহৎ অদ্ভুতম্ (বড়ই আশ্চর্য্যজনক) অভূৎ কিল (হইয়াছিল) ॥ ১৯ ॥

[ব্রহ্মা] মরীচিপ্রমুখৈঃ বিপ্রৈঃ (মরীচিপ্রমুখ ঋষিগণ), কুমারৈঃ (সনকাদিমুনিগণ) মনুনা সহ (এবং মনুর সহিত) তৎ শৌকরং রূপং দৃষ্ট্বা (সেই বিশাল শূকররূপ দর্শন করিয়া) চিত্রধা (নানাপ্রকার) তর্কয়ামাস (বিতর্ক করিতে লাগিলেন) ॥ ২০ ॥

অনুবাদ

হে নিষ্পাপ বিদুর ! ব্রহ্মা যখন এই প্রকার চিন্তা করিতেছেন, সেই সময়ে হঠাৎ তাঁহার নাসিকাছিদ্র হইতে অঙ্গুষ্ঠ পরিমিত এক ক্ষুদ্র শূকর নির্গত হইল ॥ ১৮ ॥

হে বিদুর ! দেখিতে দেখিতে ব্রহ্মার সমীপেই সেই অঙ্গুষ্ঠপরিমিত শূকর আকাশে উত্থিত হইয়া ক্ষণকাল মধ্যেই হস্তীর শরীরপরিমাণ বৃদ্ধিপ্রাপ্ত হইল অর্থাৎ হস্তীর আকারে বর্দ্ধিত হইল। তাহা বড়ই আশ্চর্য্যজনক ব্যাপার হইয়াছিল ॥ ১৯ ॥

ব্রহ্মা নিজপুত্র মরীচি প্রভৃতি ঋষিগণ, সনকাদি মুনিগণ ও রাজর্ষি মনুর সহিত সেই বিশাল শূকররূপ দর্শন করিয়া নানা প্রকার বিতর্ক করিতে লাগিলেন ॥ ২০ ॥

টীকা

সৃজতঃ পুনঃ প্রয়োজনবিশেষার্থং জলানি মুঞ্চতঃ সত ইত্যর্থঃ। বার্ভিঃ জলৈঃ, রসাং রসাতলম্, বিদধাতু

কিমেতচ্ছূকরব্যাজং সত্ত্বং দিব্যমবস্থিতম্ ।
অহোবতাশ্চর্য্যমিদং নাসায়া মে বিনিঃসৃতম্ ॥২১॥
দৃষ্টোঽঙ্গুষ্ঠশিরোমাত্রঃ ক্ষণাদ্‌গণ্ডশিলাসমঃ ।
অপিস্বিদ্ভগবানেষ যজ্ঞো মে খেদয়ন্মনঃ ॥ ২২ ॥
ইতি মীমাংসতস্তস্য ব্রহ্মণঃ সহ সূনুভিঃ ।
ভগবান্ যজ্ঞপুরুষো জগর্জ্জাগেন্দ্রসন্নিভঃ ॥ ২৩ ॥
ব্রহ্মাণং হর্ষয়ামাস হরিস্তাংশ্চ দ্বিজোত্তমান্ ।
স্বগর্জ্জিতেন ককুভঃ প্রতিস্বনয়তা বিভুঃ ॥ ২৪ ॥

অন্বয়

শূকরব্যাজং (শূকররূপে) অবস্থিতং (অবস্থিত) দিব্যং সত্ত্বং (দিব্য প্রাণী) এতৎ কিম্ (ইনি কে?) অহোবত আশ্চর্য্যম্ (আহা বড়ই আশ্চর্য্য!) ইদং (ইনি) মে (আমার) নাসায়াঃ (নাসিকাছিদ্র হইতে) বিনিঃসৃতম্ (বিনির্গত হইয়াছেন) ॥ ২১ ॥

[প্রথমে] অঙ্গুষ্ঠশিরোমাত্রঃ (অঙ্গুষ্ঠাগ্র পরিমিত) দৃষ্টঃ (দেখিয়াছিলাম); [ইনি] ক্ষণাৎ (হঠাৎ) গণ্ডশিলাসমঃ (স্থূল পাষাণপরিমিত) [হইলেন]। এষঃ (ইনি) [নিজরূপ তিরোহিত করিয়া] মে (আমার) মনঃ খেদয়ন্ (চিত্তে সংশয় উৎপাদন করতঃ) ভগবান্ যজ্ঞঃ (ভগবান্ বিষ্ণু) অপিস্বিৎ (হইবেন কি?) ॥ ২২ ॥

সূনুভিঃ সহ (পুত্র মনু ও মরীচি প্রভৃতির সহিত) ইতি মীমাংসতঃ (এই প্রকারের বিতর্ককারী) তস্য ব্রহ্মণঃ (ব্রহ্মার সমক্ষে) অগেন্দ্রসন্নিভঃ (শ্রেষ্ঠ পর্ব্বতসদৃশ) ভগবান্ যজ্ঞপুরুষঃ (বরাহরূপী ভগবান্ যজ্ঞেশ্বর বিষ্ণু) জগর্জ্জ (গর্জ্জন করিলেন) ॥ ২৩ ॥

বিভুঃ (সর্ব্বব্যাপী) হরিঃ (ভগবান্ শ্রীহরি) স্বগর্জ্জিতেন (স্বীয় গর্জ্জনের দ্বারা) ককুভঃ (দিক্‌সমূহকে)

অনুবাদ

ব্রহ্মা বলিতে লাগিলেন—শূকররূপে অবস্থিত দিব্য প্রাণী ইনি কে? আহা বড়ই আশ্চর্য্য! ইনি আমার নাসিকা বিবর হইতে বিনির্গত হইয়াছেন ॥ ২১ ॥

ইহাকে প্রথমে অঙ্গুষ্ঠ পরিমিত দেখিয়াছিলাম; কিন্তু হঠাৎ ইনি স্থূল পাষাণপরিমিত হইলেন; তবে কি ভগবান্ বিষ্ণুই নিজরূপ তিরোহিত করিয়া আমার মনে সংশয় উৎপাদন করতঃ বরাহরূপে আবির্ভূত হইয়াছেন? ॥ ২২ ॥

ব্রহ্মা স্বীয় পুত্র মনু ও মরীচ্যাদির সহিত এইরূপ চিন্তা করিতেছেন, এমন সময়ে তাঁহার সমক্ষেই সেই শ্রেষ্ঠ পর্ব্বততুল্য বরাহরূপী ভগবান্ যজ্ঞেশ্বর বিষ্ণু গর্জ্জন করিয়া উঠিলেন ॥২৩॥

সর্ব্বব্যাপী ভগবান্ শ্রীহরি গর্জ্জনের দ্বারা সমস্ত দিক্ প্রতিধ্বনিত করিয়া ব্রহ্মাকে ও সেই মরীচি প্রভৃতিকে সন্তুষ্ট করিলেন ॥ ২৪ ॥

টীকা

সম্পাদয়তু ॥ ১৭ ॥ বরাহতোকঃ বরাহবালক ইত্যর্থঃ ॥১৮॥১৯॥২০॥২১॥ গণ্ডশিলাসমঃ স্থূলপাষাণতুল্যঃ ॥২২॥

নিশম্য তে ঘর্ঘরিতং স্বখেদ-ক্ষয়িষ্ণু মায়াময়শূকরস্য ।
জনস্তপঃসত্যনিবাসিনস্তে ত্রিভিঃ পবিত্রৈর্ম্মুনয়োঽগৃণন্ স্ম ॥২৫॥
তেষাং সতাং বেদবিতানমূর্ত্তি-র্ব্রহ্মাবধার্য্যাত্মগুণানুবাদম্ ।
বিনদ্য ভূয়ো বিবুধোদয়ায় গজেন্দ্রলীলো জলমাবিবেশ ॥ ২৬ ॥
উৎক্ষিপ্তবালঃ খচরঃ কঠোরঃ সটা বিধুন্বন্ খররোমশত্বক্ ।
খুরাহতাব্ভ্রঃ সিতদংষ্ট্র ঈক্ষা-জ্যোতির্ব্বভাসে ভগবান্ মহীধ্রঃ ॥২৭॥

অন্বয়

প্রতিস্বনয়তা (প্রতিধ্বনিত করিয়া) ব্রহ্মাণং (ব্রহ্মাকে) তান্ দ্বিজোত্তমান্ চ (ও সেই মরীচি প্রভৃতিকে) হর্ষয়ামাস (সন্তুষ্ট করিলেন) ॥২৪॥

তে জনস্তপঃসত্যনিবাসিনঃ (জন, তপঃ ও সত্যলোকবাসিগণ) স্বখেদক্ষয়িষ্ণু (নিজ নিজ দুঃখবিনাশক) মায়াময়শূকরস্য (শূকরের) ঘর্ঘরিতং (ঘর্ঘরধ্বনি) নিশম্য (শ্রবণ করিয়া) মুনয়ঃ (ধ্যানপরায়ণ হইলেন) তে (এবং পুনরায় তাহারা) পবিত্রৈঃ ত্রিভিঃ (পবিত্র ঋক্, যজুঃ ও সাম এই বেদত্রয়োক্ত মন্ত্রসমূহের দ্বারা) অগৃণন্ স্ম (স্তব করিতে লাগিলেন) ॥ ২৫ ॥

বেদবিতানমূর্ত্তিঃ (স্বরূপ ও গুণাদি বর্ণনপূর্ব্বক বেদ যাঁহার মূর্ত্তির স্তুতি করিয়া থাকে, সেই ভগবান্) তেষাং সতাং (সেই জনাদি লোকবাসিগণের) আত্মগুণানুবাদং (নিজ গুণকীর্ত্তনরূপ) ব্রহ্ম (বেদমন্ত্র) অবধার্য্য (শ্রবণ করিয়া) ভূয়ঃ (পুনরায়) বিনদ্য (গর্জ্জন করিয়া) বিবুধোদয়ায় (ব্রহ্মাদি সকলের মঙ্গলের নিমিত্ত) গজেন্দ্রলীলঃ (গজেন্দ্রের ন্যায় লীলাকারী হইয়া অর্থাৎ ক্রীড়া করতঃ) জলম্ আবিবেশ (জলে প্রবেশ করিলেন) ॥২৬॥

মহীধ্রঃ ভগবান্ (পৃথিবীর উদ্ধারকারী বরাহরূপী ভগবান্ শ্রীহরি) উৎক্ষিপ্তবালঃ (পুচ্ছ উত্তোলন করিয়া) খচরঃ (আকাশে বিচরণকরতঃ) কঠোরঃ (অত্যন্ত কঠিন হইলেন), খররোমশত্বক্ (কর্কশ

অনুবাদ

হে বিদুর ! তখন জন, তপঃ ও সত্যলোকবাসিগণ নিজ নিজ দুঃখবিনাশক ভগবানের ইচ্ছাময়ী মূর্ত্তি সেই শূকরের ঘর্ঘরধ্বনি শ্রবণ করিয়া ধ্যানপরায়ণ হইলেন ; পরে তাঁহারা পবিত্র ঋক্, যজুঃ ও সাম এই বেদত্রয়োক্ত মন্ত্রসমূহের দ্বারা তাঁহার স্তব করিতে লাগিলেন ॥২৫॥

বেদসমূহ স্বরূপ ও গুণাদি বর্ণনপূর্ব্বক যাঁহার মূর্ত্তির স্তব করিয়া থাকে, সেই ভগবান্ জনাদিলোকবাসিগণের বেদমন্ত্রসমূহ শ্রবণ করিয়া পুনরায় গর্জ্জন করিয়া উঠিলেন এবং ব্রহ্মা প্রভৃতির মঙ্গলের নিমিত্ত গজেন্দ্রের ন্যায় ক্রীড়া করতঃ জলে প্রবেশ করিলেন ॥ ২৬ ॥

বরাহরূপী ভগবান্ শ্রীহরি জলে প্রবেশ করিবার পূর্ব্বক্ষণে পুচ্ছদেশ ঊর্দ্ধে উত্তোলন

টীকা

ইত্যেবং চিন্তয়তঃ সতঃ ॥২৩॥২৪॥ জন ইত্যত্র সুড়াগম আর্ষঃ, তে জনতপঃসত্যনিবাসিনঃ মায়াময়শূকরস্য মায়া অত্র অদ্ভুতরূপা ভগবদিচ্ছা,তন্ময়বরাহস্য স্বখেদস্য ক্ষয়িষ্ণু নাশকং ঘর্ঘরিতং তজ্জাত্যনুকরণধ্বনিং নিশম্য মুনয়ঃ আনন্দাতিশয়েন মননপরা বভুবুঃ ইত্যর্থঃ। পুনস্তে ত্রিভিঃ ঋগ্যজুঃসামমন্ত্রৈঃ অগৃণন্ অস্তবন্ ॥২৫॥ তেষাং জনাদিনিবাসিনাং ব্রহ্ম বেদমবধার্য্য জ্ঞাত্বা। বেদেন বিতন্যতে স্বরূপগুণাদিবিস্তরবর্ণনপূর্ব্বকং স্তূয়তে মূর্ত্তির্যস্য

ঘ্রাণেন পৃথ্ব্যাঃ পদবীং বিজিঘ্রন্ ক্রোড়াপদেশঃ স্বয়মধ্বরাঙ্গঃ।
করালদংষ্ট্রোঽপ্যকরালদৃগ্‌ভ্যা-মুদ্বীক্ষ্য বিপ্রান্ গৃণতোঽবিশৎ কম্ ॥২৮॥
স বজ্রকূটাঙ্গনিপাতবেগ-বিশীর্ণকুক্ষিঃ স্তনয়ন্নুদন্বান্।
উৎসৃষ্টদীর্ঘোর্ম্মিভুজৈরিবার্ত্ত-শ্চুক্রোশ যজ্ঞেশ্বর! পাহি মেতি ॥২৯॥

অন্বয়

রোমরাজিতে তাঁহার চর্ম্ম পরিব্যাপ্ত ছিল), খুরাহতাব্ভ্রঃ (খুরের দ্বারা মেঘসমূহ চালিত হইতেছিল), ঈক্ষাজ্যোতিঃ (দৃষ্টিপাতে জ্যোতিঃ নির্গত হইতেছিল); সিতদংষ্ট্রঃ (এইরূপে তিনি শুভ্রদন্তসমন্বিত হইয়া) সটাঃ (কেশররাজিকে) বিধুন্বন্ (কম্পিত করিয়া) বভাসে (শোভিত হইয়াছিলেন) ॥২৭॥

স্বয়ম্ অধ্বরাঙ্গঃ (সাক্ষাৎ যজ্ঞমূর্ত্তি ভগবান্) ক্রোড়াপদেশঃ (বরাহচ্ছলে) [পশুর অনুকরণে] ঘ্রাণেন (ঘ্রাণদ্বারা) পৃথ্ব্যাঃ পদবীং (পৃথিবীর স্থান) বিজিঘ্রন্ (অন্বেষণ করতঃ) করালদংষ্ট্রঃ অপি (করালদন্তধারী হইলেও) অকরালদৃগ্‌ভ্যাম্ (প্রসন্নদৃষ্টিদ্বারা) গৃণতঃ বিপ্রান্ (স্তবকারী বিপ্রগণকে) উদ্বীক্ষ্য (দেখিয়া) কম্ (জলে) অবিশৎ (প্রবেশ করিলেন) ॥২৮॥

বজ্রকূটাঙ্গনিপাতবেগবিশীর্ণকুক্ষিঃ (যাঁহার বজ্রময়পর্ব্বতসদৃশ শরীর, সেই ভগবানের পতন-বেগে বিদীর্ণগর্ভ) সঃ উদন্বান্ (সমুদ্র) উৎসৃষ্টদীর্ঘোর্ম্মিভুজৈঃ (দীর্ঘ তরঙ্গরূপ বাহু উত্তোলন করিয়া) স্তনয়ন্ (শব্দ করিতে করিতে) যজ্ঞেশ্বর! মা পাহি (হে যজ্ঞেশ্বর! আমাকে রক্ষা করুন) ইতি আর্ত্তঃ ইব (এই প্রকারে আর্ত্তের ন্যায়) চুক্রোশ (যেন ক্রন্দন করিয়া উঠিলেন) ॥২৯॥

অনুবাদ

করিয়া আকাশে বিচরণ করতঃ নিজদেহ অত্যন্ত কঠিন করিয়াছিলেন; তাঁহার চর্ম্ম কর্কশ রোমরাজিতে পরিব্যাপ্ত ছিল; খুরাঘাতে মেঘসমূহ ইতস্ততঃ বিক্ষিপ্ত হইতেছিল; চক্ষু হইতে জ্যোতিঃ নির্গত হইতেছিল; এইরূপে পৃথিবীর উদ্ধারকারী শ্রীহরি শুভ্রদন্তসমন্বিত হইয়া কেশররাজিকে কম্পিত করিয়া শোভিত হইয়াছিলেন ॥ ২৭ ॥

সাক্ষাৎ যজ্ঞমূর্ত্তি ভগবান্ শূকররূপী হইয়া পশুর অনুকরণে ঘ্রাণের দ্বারা পৃথিবীর অন্বেষণ করতঃ করালদন্তধারী হইলেও প্রসন্নদৃষ্টিদ্বারা সেই স্তবকারী বিপ্রগণকে অবলোকন করিয়া জলে প্রবেশ করিলেন ॥ ২৮ ॥

বজ্রময় পর্ব্বতসদৃশ যাঁহার শরীর, সেই শূকররূপী ভগবানের পতনবেগে বিদীর্ণগর্ভ সমুদ্র দীর্ঘতরঙ্গরূপ বাহু উত্তোলন করিয়া শব্দ করিতে করিতে "হে যজ্ঞেশ্বর! আমাকে রক্ষা করুন" এই প্রকারে আর্ত্তের ন্যায়ই যেন ক্রন্দন করিয়া উঠিলেন ॥ ২৯ ॥

টীকা

সঃ ॥ ২৬ ॥ উৎক্ষিপ্তঃ বালঃ পুচ্ছো যেন সঃ, কঠোরঃ কঠিনঃ সুরাসুরৈরজেয়ঃ, সটাঃ স্কন্ধস্থান্ বালান্, খরাণি রোমাণি যস্যাং সা ত্বক্ যস্য সঃ, খুরৈরাহতাস্তাব্ভ্রাণি যেন, ঈক্ষা নিরীক্ষণমেব জ্যোতির্যস্য তদানীং প্রকাশান্তরাভাবাৎ, বভাসে অশোভত ॥২৭॥ গৃণতঃ স্তোতৃন্, কম্ জলম্ ॥ ২৮ ॥ স্তনয়ন্ ধ্বনিং কুর্ব্বন্ মা মাং পাহীতি চুক্রোশ ॥২৯॥ ত্রীণি পরুংষি সবনাত্মকানি পর্ব্বাণি যস্য সঃ যজ্ঞমূর্ত্তিঃ উৎপারাণাং

খুরৈঃ ক্ষুরপ্রৈর্দরয়ংস্তদাপ উৎপারপারং ত্রিপরূ রসায়াম্ ।
দদর্শ গাং তত্র সুষুপ্সুরগ্রে যাং জীবধানীং স্বয়মভ্যধত্ত ॥ ৩০ ॥
স্বদংষ্ট্রয়োদ্ধৃত্য মহীং বিলগ্নাং স উত্থিতঃ সংরুরুচে রসায়াঃ ।
তত্রাপি দৈত্যং গদয়াপতন্তং সুনাভসন্দীপিততীব্রমন্যুঃ ॥ ৩১ ॥

অন্বয়

ত্রিপরূঃ (তিনটি যজ্ঞাত্মক বিভাগ যাঁহার আছে, সেই ভগবান্ অর্থাৎ যজ্ঞমূর্ত্তি ভগবান্) ক্ষুরপ্রৈঃ (আয়তাগ্র শরসদৃশ) খুরৈঃ (খুরসমূহের দ্বারা) তদাপঃ (সেই সমুদ্রের জল) উৎপারপারম্ (পারে উঠাইয়া) দরয়ন্ (আলোড়ন করতঃ) রসায়াম্ (রসাতলে) গাং (পৃথিবীকে) দদর্শ (দেখিতে পাইলেন) ; অগ্রে তত্র (সেই প্রলয়সলিলে) সুষুপ্সুঃ (শয়নেচ্ছু হইয়া) স্বয়ং (ভগবান্ স্বয়ং) যাং জীবধানীং (এই জীবসমূহের আধারভূতা পৃথিবীকে) অভ্যধত্ত (উদরে ধারণ করিয়াছিলেন) ॥৩০॥

[অনন্তর] সঃ (সেই বরাহরূপী ভগবান্) স্বদংষ্ট্রয়া (স্বীয় দংষ্ট্রাদ্বারা) বিলগ্নাং মহীং (রসাতলস্থিতা পৃথিবীকে) উদ্ধৃত্য (উদ্ধৃত করিয়া) রসায়াঃ (রসাতল হইতে) উত্থিতঃ (উত্থিত হইয়া) সংরুরুচে (সম্যক্‌রূপে শোভিত হইলেন)। তত্রাপি অম্ভসি (সেই সলিল মধ্যেও) গদয়া আপতন্তম্ (গদা উত্তোলন করিয়া আক্রমণকারী) অসহ্যবিক্রমং (প্রবল পরাক্রমশালী) দৈত্যং (হিরণ্যাক্ষ দৈত্যকে) সুনাভসন্দীপিততীব্রমন্যুঃ (সুদর্শনচক্রে উদ্দীপিত ও অত্যন্ত ক্রুদ্ধ) সঃ (সেই ভগবান্) গজেন্দ্রঃ যথা জগতীং (গজেন্দ্র যেমন ক্ষিতিকে) বিভিন্দন্ (বিদারণ করিতে করিতে) [গৈরিক মৃত্তিকাদ্বারা গণ্ড ও তুণ্ড

অনুবাদ

যজ্ঞমূর্ত্তি বরাহরূপী শ্রীহরি আয়তাগ্র শরসদৃশ খুরসমূহের দ্বারা সমুদ্রের জল অগাধ হইলেও যাহাতে পারে উঠে, সেই প্রকারে আলোড়িত করিয়া পৃথিবীকে রসাতলে দেখিতে পাইলেন। প্রলয়সময়ে ভগবান্ সেই জলে শয়নেচ্ছু হইয়া জীবসমূহের আধারভূতা এই পৃথিবীকে স্বয়ং উদরে ধারণ করিয়াছিলেন ॥ ৩০ ॥

অনন্তর সেই বরাহরূপী ভগবান্ স্বীয় দংষ্ট্রাদ্বারা রসাতলস্থিতা পৃথিবীকে উদ্ধার করতঃ রসাতল হইতে উত্থিত হইয়া সম্যক্‌রূপে শোভিত হইলেন। সেই সলিলমধ্যেও গদা উত্তোলন করিয়া আক্রমণকারী প্রবলপরাক্রমশালী হিরণ্যাক্ষ দৈত্যকে সুদর্শন-চক্রধারী, অত্যন্ত ক্রুদ্ধ ভগবান্ সিংহের হস্তী বধের ন্যায় বধ করিয়াছিলেন। গজেন্দ্র যেমন ক্ষিতিকে বিদারণ করিতে করিতে গৈরিক মৃত্তিকাদ্বারা গণ্ড ও তুণ্ড

টীকা

বিপুলানামপি অপাং পারমবসানং যথা ভবতি তথা, ক্ষুরপ্রা আয়তাগ্রাঃ খুরাঃ তাদৃশৈঃ দরয়ন্ বিলোড়য়ন্ রসায়াম্ রসাতলে গাং মহীং দদর্শ ; কথম্ভূতাম্ ? অগ্রে প্রলয়সময়ে তত্র তাসু অপ্‌সু শিশয়িষুঃ সন্ জীবা ধীয়ন্তে যস্যাং তামেবম্ভূতাম্ অভ্যধত্ত উদরে আভিমুখ্যেন দধার ॥ ৩০ ॥ রসায়াঃ সকাশাৎ উত্থিতঃ সম্যগশোভত ॥ ৩১ ॥ তত্রাপি দৈত্যমিত্যনেন ভাবিদৈত্যসমকালোঽপি "চাক্ষুষে ত্বন্তরে প্রাপ্তে

জঘান রুন্ধানমসহ্যবিক্রমং স লীলয়েভং মৃগরাড়িবাম্ভসি।
তদ্রক্তপঙ্কাঙ্কিতগণ্ডতুণ্ডো যথা গজেন্দ্রো জগতীং বিভিন্দন্ ॥ ৩২ ॥
তমালনীলং সিতদন্তকোট্যা ক্ষ্মামুৎক্ষিপন্তং গজলীলয়াঙ্গ!
প্রজ্ঞায় বদ্ধাঞ্জলয়োঽনুবাকৈ-র্বিরিঞ্চিমুখ্যা উপতস্থুরীশম্ ॥ ৩৩ ॥

শ্রীঋষয় উচুঃ

জিতং জিতং তেঽজিত! যজ্ঞভাবন! ত্রয়ীং তনুং স্বাং পরিধুন্বতে নমঃ।
যদ্রোমগর্ত্তেষু নিলিল্যুরধ্বয়-স্তস্মৈ নমঃ কারণশূকরায় তে ॥ ৩৪ ॥

অন্বয়

রঞ্জিত করে, সেইরূপ] তদ্রক্তপঙ্কাঙ্কিতগণ্ডতুণ্ডঃ (হিরণ্যাক্ষের রক্তযুক্ত মাংসে গণ্ড ও তুণ্ড রঞ্জিত করিয়া) মৃগরাট্ ইভমিব (সিংহের হস্তীবধের ন্যায়) লীলয়া (অবলীলাক্রমে) জঘান (বধ করিয়াছিলেন) ॥ ৩১ ॥ ৩২ ॥

অঙ্গ! (হে বিদুর!) গজলীলয়া (গজেন্দ্রের ন্যায় অবলীলাক্রমে) সিতদন্তকোট্যা (শুভ্র দন্তাগ্রের দ্বারা) ক্ষ্মাং (পৃথিবীকে) উৎক্ষিপন্তং (ঊর্দ্ধে উত্তোলনকারী) তমালনীলং (তমালসদৃশ নীলবর্ণ বরাহকে) বিরিঞ্চিমুখ্যাঃ (ব্রহ্মা প্রভৃতি) ঈশং প্রজ্ঞায় (পরমেশ্বর বলিয়া বুঝিতে পারিয়া) বদ্ধাঞ্জলয়ঃ (কৃতাঞ্জলি হইয়া) অনুবাকৈঃ (বৈদিক মন্ত্রের দ্বারা) উপতস্থুঃ (স্তব করিতে লাগিলেন) ॥ ৩৩ ॥

ঋষয়ঃ উচুঃ (ব্রহ্মা প্রভৃতি বলিলেন) অজিত! তে জিতং জিতং (হে অজিত! আপনি জয়যুক্ত হউন; জয়যুক্ত হউন;) যজ্ঞভাবন! (হে যজ্ঞারাধ্য!) ত্রয়ীং (বেদময়ী) স্বাং তনুং (স্বীয় তনু)

অনুবাদ

রঞ্জিত করে, সেইরূপ বরাহরূপী ভগবান্‌ও সেই হিরণ্যাক্ষের রক্তযুক্ত-মাংসে গণ্ড ও তুণ্ড রঞ্জিত করিয়াছিলেন ॥ ৩১॥৩২ ॥

হে বিদুর! গজেন্দ্রের ন্যায় অবলীলাক্রমে শুভ্র-দন্তাগ্রের দ্বারা পৃথিবীকে ঊর্দ্ধদিকে উত্তোলনকারী তমালসদৃশ নীলবর্ণ বরাহকে ব্রহ্মাদি ঋষিগণ পরমেশ্বর বলিয়া বুঝিতে পারিয়া কৃতাঞ্জলি হইয়া বৈদিক মন্ত্রের দ্বারা স্তব করিতে লাগিলেন ॥ ৩৩ ॥

ব্রহ্মা প্রভৃতি স্তব করিয়া কহিলেন, হে অজিত! আপনি জয়যুক্ত হউন; আপনি জয়যুক্ত

টীকা

প্রাক্‌সর্গকালবিদ্রুতে। যঃ সসর্জ্জ প্রজা ইষ্টাঃ স দক্ষো দৈবনোদিত” ইতি বক্ষ্যমাণেন সর্গবিনাশেন সূচিতাং মহীং জলে নিমগ্নামুদ্ধর্ত্তুং জাতস্য বরাহস্য চরিতমেকীকৃত্য প্রকৃতবরাহচরিত্রমত্র বর্ণ্যতে ইতি গম্যতে। সুনাভেন শ্রীসুদর্শনেন দীপিতশ্চাসৌ তীব্রমন্যুশ্চ গজেন্দ্রো জগতীং ক্রীড়য়া বিভিন্দন্ গৈরিকয়া যথা অরুণগণ্ডতুণ্ডো ভবতি তদ্বৎ তদ্রক্তপঙ্কেন রুধিরযুক্তমাংসেন অঙ্কিতৌ গণ্ডৌ তুণ্ডং চ যস্য সঃ ॥৩২॥ অনুবাকো বৈদিকং সূক্তম্, তত্তুল্যৈর্ব্বাক্যৈঃ উপতস্থুঃ তুষ্টুবুঃ ॥৩৩॥ তে ত্বয়া জিতং জিতমুৎকর্ষেণ বর্ত্তিতং সম্ভ্রমে বীপ্‌সা, হে অজিত! যজ্ঞৈর্ভাব্যতে আক্রিয়তে যজ্ঞরূপেণ উপাস্যতে ইতি ফলিতোঽর্থঃ তৎসম্বোধনে হে যজ্ঞভাবন! ত্রয়ীং বেদত্রয়ময়ীং নিলিল্যুর্লীনপ্রায়াঃ। কারণেন ভূম্যুদ্ধরণেন শূকরায় ॥৩৪॥

রূপং তবৈতন্মনু দুষ্কৃতাত্মনাং দুর্দ্দর্শনং দেব ! যদধ্বরাত্মকম্ ।
ছন্দাংসি যস্য ত্বচি বর্হি রোম-স্বাজ্যং দৃশি ত্বঙ্ঘ্রিষু চাতুর্হোত্রম্ ॥ ৩৫ ॥
স্রুক্ তুণ্ড আসীৎ স্রুব ঈশ ! নাসয়ো-রিড়োদরে চমসাঃ কর্ণরন্ধ্রে ।
প্রাশিত্রমাস্যে গ্রসনে গ্রহাস্তু তে যচ্চর্ব্বণং তে ভগবন্নগ্নিহোত্রম্ ॥ ৩৬ ॥

অন্বয়

পরিধুন্বতে (কম্পনকারী আপনাকে) নমঃ (নমস্কার করি)। যদ্রোমগর্ত্তেষু (যাঁহার রোমকূপে) অব্ধয়ঃ (সমুদ্রসমূহ) নিলিল্যুঃ (লীনপ্রায় হইয়া রহিয়াছে), তস্মৈ (সেই) কারণশূকরায় (পৃথিবীর উদ্ধারের নিমিত্ত শূকররূপী) তে (আপনাকে) নমঃ (নমস্কার করি) ॥ ৩৪ ॥

[ভগবানের যজ্ঞরূপ দর্শন করিয়া স্তব করিতেছেন] দেব ! (হে প্রভো !) তব (আপনার) যৎ রূপম্ (যে রূপ) দুষ্কৃতাত্মনাং (পাপিগণের) দুর্দ্দর্শনং (দুর্দ্দর্শনীয়), নন্থ (আহা !) এতৎ [এব] (তাহাই) অধ্বরাত্মকম্ (যজ্ঞরূপ)। যস্য (আপনার) ত্বচি ছন্দাংসি (চর্ম্মে গায়ত্রী প্রভৃতি ছন্দঃসমূহ), রোমসু বর্হিঃ (রোমসমূহে কুশ), দৃশি আজ্যং (চক্ষুতে ঘৃত) অঙ্ঘ্রিষু তু (ও চরণে) চাতুর্হোত্রম্ (হোত্রাদি কর্ম্মচতুষ্টয়) [অঙ্গরূপে বর্ত্তমান আছে] ॥ ৩৫ ॥

ঈশ ! (হে পরমেশ্বর !) তে (আপনার) তুণ্ডে (মুখাগ্রে) স্রুক্ (জুহূ অর্থাৎ যজ্ঞাগ্নিতে ঘৃত নিক্ষেপের পাত্র), নাসয়োঃ (নাসিকাদ্বয়ে) স্রুবঃ (স্রুব অর্থাৎ অপর পাত্রবিশেষ), উদরে (জঠরে) ইড়া (ভোজনপাত্র), কর্ণরন্ধ্রে (শ্রবণবিবরে) চমসাঃ (সোমপাত্রসকল), আস্যে (মুখে) প্রাশিত্রং (ব্রহ্মভাগপাত্র) গ্রসনে তু (ও মুখবিবরে) গ্রহাঃ (সোমপাত্র সকল) আসীৎ (বর্ত্তমান আছে); ভগবন্ ! (হে ষড়ৈশ্বর্য্যশালিন্ !) যৎ তে চর্ব্বণং (আপনার যাহা ভক্ষণ), [তাহা] অগ্নিহোত্রম্ (অগ্নিহোত্র কর্ম্ম) ॥ ৩৬ ॥

অনুবাদ

হউন ; হে যজ্ঞারাধ্য ! আপনি স্বীয় বেদময়ী তনুকে কম্পিত করিতেছেন ; আপনাকে নমস্কার করি ; আপনার লোমকূপসমূহে সমুদ্রসকল লীনপ্রায় হইয়া রহিয়াছে, আপনি পৃথিবীর উদ্ধারের নিমিত্ত শূকররূপী হইয়াছেন ; আপনাকে নমস্কার করি ॥ ৩৪ ॥

এক্ষণে চারিটি শ্লোকে ভগবানের যজ্ঞাত্মক রূপ দর্শন করিয়া স্তব করিতেছেন—হে দেব ! আপনার যে রূপ পাপিগণের দুর্দ্দর্শনীয়, আহা ! তাহাই যজ্ঞাকার রূপ ; এই যজ্ঞাকার রূপের চর্ম্মে গায়ত্রী প্রভৃতি ছন্দঃসমূহ, রোমসমূহে কুশ, চক্ষুতে ঘৃত এবং চরণে হোত্রাদি কর্ম্মচতুষ্টয় অঙ্গরূপে বর্ত্তমান আছে ॥ ৩৫ ॥

হে পরমেশ্বর ! আপনার মুখাগ্রে জুহূনামক যজ্ঞীয় পাত্র, নাসিকাদ্বয়ে স্রুব অর্থাৎ অপর যজ্ঞীয় পাত্র, জঠরে ইড়া অর্থাৎ ভোজনপাত্র, শ্রবণবিবরে চমস অর্থাৎ সোমপাত্র, মুখে

টীকা

যজ্ঞাত্মতাং দর্শয়ন্তঃ স্তবন্তি রূপমিত্যাদিচতুর্ভিঃ। হে দেব ! যজ্ঞবরাহরূপং দুষ্কৃতাত্মনাং দুর্দ্দর্শনং দর্শনানর্হমপ্রাকৃতং তদেব নন্থ অহো এতদধ্বরাত্মকম্ অধ্বররূপং যজ্ঞাকারমুপাসকানামুপকারার্থং প্রকাশিত-মিত্যর্থঃ। তত্র ছন্দাংসি গায়ত্র্যাদীনি ত্বচি। বর্হিঃশব্দে দীর্ঘাভাবঃ আর্ষঃ, আজ্যং দৃশি চক্ষুষি। চাতুর্হোত্রং হোত্রাদিকর্ম্মচতুষ্টয়মঙ্ঘ্রিষু ॥ ৩৫ ॥ স্রুক্ জুহূঃ তুণ্ডে মুখাগ্রে, স্রুবঃ ইতরদর্ব্বী নাসিকয়োঃ

দীক্ষানুজন্মোপসদঃ শিরোধরং ত্বং প্রায়ণীয়োদয়নীয়দংষ্ট্রঃ।
জিহ্বা প্রবর্গ্যস্তব শীর্ষকং ক্রতোঃ সত্যাবসথ্যং চিতয়োঽসবো হি তে॥৩৭॥
সোমস্তু রেতঃ সবনান্যবস্থিতিঃ সংস্থাবিভেদাস্তব দেব! ধাতবঃ।
সত্রাণি সর্ব্বাণি শরীরসন্ধয়-স্ত্বং সর্ব্বযজ্ঞঃ ক্রতুরিষ্টিবন্ধনঃ॥ ৩৮॥

অন্বয়

[হে ভগবন্!] তে (আপনার) অনুজন্ম (বার বার আবির্ভাব) দীক্ষা (দীক্ষণীয় নামক যজ্ঞ) শিরোধরং (ও গ্রীবা) উপসদঃ (উপসৎনামক যজ্ঞত্রয়); ত্বং (আপনি) প্রায়ণীয়োদয়নীয়দংষ্ট্রঃ (প্রায়ণীয়া ও উদয়নীয়া নাম্নী ইষ্টিদ্বয় অর্থাৎ আরম্ভেষ্টি ও অন্ত্যেষ্টিরূপ দন্তদ্বয়যুক্ত); তব (আপনার) জিহ্বা প্রবর্গ্যঃ (জিহ্বা মহাবীর নামক উপসৎ যজ্ঞের পূর্ব্ববর্ত্তী কর্ম্ম); ক্রতোঃ (যজ্ঞরূপী আপনার) শীর্ষকং (শিরোদেশ অর্থাৎ মস্তক) সত্যাবসথ্যং (সত্য—হোমরহিত অগ্নি, আবসথ্য—উপাসনাগ্নি) অসবঃ হি (এবং প্রাণপঞ্চকই) চিতয়ঃ (চিতি অর্থাৎ ইষ্টকাচয়নসমূহ)॥ ৩৭॥

দেব! (হে প্রভো!) তব (আপনার) রেতঃ তু সোমঃ (বীর্য্য সোম), অবস্থিতিঃ (বাল্যাদি অবস্থা) সবনানি (প্রাতঃসবনাদি), ধাতবঃ (ত্বক্, মাংসাদি সপ্ত ধাতু) সংস্থাবিভেদাঃ (অগ্নিষ্টোম, অত্যগ্নিষ্টোম, উক্থ, ষোড়শী, বাজপেয়, অতিরাত্র ও আপ্তোর্যাম এই সপ্ত যজ্ঞ), শরীরসন্ধয়ঃ (শরীরের সন্ধিসকল) সর্ব্বাণি সত্রাণি (সকল সত্র অর্থাৎ বহু যজমানের কর্ম্ম); ত্বং (আপনি) সর্ব্বযজ্ঞঃ ক্রতুঃ (সকল অসোম যজ্ঞ ও সসোম যজ্ঞস্বরূপ) ইষ্টিবন্ধনঃ (এবং যজ্ঞানুষ্ঠানরূপ বন্ধনযুক্ত)॥ ৩৮॥

অনুবাদ

ব্রহ্মভাগপাত্র ও মুখবিবরে গ্রহ অর্থাৎ সোমপাত্র সকল অবস্থিত আছে; হে ভগবন্! আর যাহা আপনার ভোজন, তাহাই অগ্নিহোত্রকর্ম্ম॥ ৩৬॥

হে ভগবন্! আপনার বার বার আবির্ভাবই দীক্ষণীয়া ইষ্টি, গ্রীবাদেশ উপসৎ নাম্নী ইষ্টিত্রয়, দন্তদ্বয় প্রায়ণীয়া ও উদয়নীয়া নাম্নী ইষ্টিদ্বয়, জিহ্বা মহাবীর নামক উপসৎ ইষ্টির পূর্ব্ববর্ত্তী কর্ম্ম; হে ভগবন্! যজ্ঞরূপী আপনার শিরোদেশ সত্য অর্থাৎ হোমরহিত অগ্নি ও আবসথ্য অর্থাৎ উপাসনাগ্নি; আপনার প্রাণপঞ্চকই চিতি অর্থাৎ ইষ্টকাচয়নসমূহ॥ ৩৭॥

হে দেব! আপনার বীর্য্য সোম, বাল্যাদি অবস্থা প্রাতঃসবনাদি; আপনার ত্বক্, মাংস, রুধির, স্নায়ু, অস্থি, মেদ ও মজ্জা এই সপ্তধাতু অগ্নিষ্টোম, অত্যগ্নিষ্টোম, উক্থ, ষোড়শী, বাজপেয়, অতিরাত্র ও আপ্তোর্যাম এই সপ্ত যজ্ঞ; আপনার শরীরের সন্ধিসকল সমস্ত সত্র

টীকা

আসীৎ। ইড়া ভক্ষণপাত্রম্, চমসাঃ গ্রহাশ্চ সোমপাত্রাণি, প্রাশিত্রং ব্রহ্মভাগপাত্রম্; তত্র চমসাঃ কর্ণরন্ধ্রে আসন্, প্রাশিত্রমাস্যে মুখে আসীৎ, গ্রহাঃ গ্রসনে গ্রস্যতে অনেনেতি আস্যান্তরচ্ছিদ্রে, চর্ব্বণং ভক্ষণং তু অগ্নিহোত্রম্॥ ৩৬॥ কিঞ্চ দীক্ষা দীক্ষণীয়েষ্টিঃ তব অনুজন্ম পুনঃ পুনরভিব্যক্তিঃ। উপসদস্তিস্র ইষ্টয়ঃ, তব শিরোধরং প্রায়ণীয়া আরম্ভেষ্টিঃ, উদয়নীয়া অন্তেষ্টিঃ, তে দংষ্ট্রে যস্য সঃ, প্রবর্গ্যো মহাবীরঃ তব জিহ্বা; সত্যো হোমরহিতোঽগ্নিঃ, আবসথ্যঃ ঔপাসনাগ্নিঃ তয়োর্দ্বন্দ্বৈক্যম্। তব ক্রতুরূপস্য শীর্ষকং শিরঃ চিতয়ঃ ইষ্টকাচয়নানি পঞ্চ অসবঃ প্রাণাঃ॥ ৩৭॥ সোমস্তু তব রেতঃ, সবনানি প্রাতঃ

নমো নমস্তেঽখিলমন্ত্রদেবতা-দ্রব্যায় সর্ব্বক্রতবে ক্রিয়াত্মনে।
বৈরাগ্যভক্ত্যাত্মজয়ানুভাবিত-জ্ঞানায় বিদ্যাগুরবে নমো নমঃ ॥ ৩৯ ॥
দংষ্ট্রাগ্রকোট্যা ভগবংস্ত্বয়া ধৃতা বিরাজতে ভূধর! ভূঃ সভূধরা।
যথা বনান্নিঃসরতো দতা ধৃতা মতঙ্গজেন্দ্রস্য সপত্রপদ্মিনী ॥ ৪০ ॥

অন্বয়

[হে ভগবন্!] অখিলমন্ত্রদেবতাদ্রব্যায় (সকল মন্ত্র, দেবতা ও দ্রব্যের প্রবর্ত্তক), সর্ব্বক্রতবে (সকল বৈদিক ক্রিয়ার প্রবর্ত্তক) ক্রিয়াত্মনে (ও অন্তঃকরণশোধক সকল লৌকিক ক্রিয়ার প্রবর্ত্তক) তে (আপনাকে) নমঃ নমঃ (বার বার নমস্কার); বৈরাগ্যভক্ত্যাত্মজয়ানুভাবিতজ্ঞানায় (বিষয়বৈরাগ্য, হরিকথাশ্রবণাদিরূপ হরিভক্তি ও মনের স্থৈর্য্যের দ্বারা লব্ধ জ্ঞানস্বরূপ) বিদ্যাগুরবে (জ্ঞানদাতা গুরুরূপী আপনাকে) নমঃ নমঃ (বার বার নমস্কার) ॥ ৩৯ ॥

ভগবন্ ভূধর! (হে ষড়ৈশ্বর্য্যশালিন্ ধরিত্রীধর!) বনাৎ (সলিল হইতে) নিঃসরতঃ (তীরাভিমুখে আগত) মতঙ্গজেন্দ্রস্য (হস্তিরাজের) দতা ধৃতা (দন্তধৃতা) সপত্রপদ্মিনী যথা (সদলকমলিনীর ন্যায়) ত্বয়া (আপনাকর্ত্তৃক) দংষ্ট্রাগ্রকোট্যা (দন্তাগ্রভাগের দ্বারা) ধৃতা সভূধরা ভূঃ (ধৃতা পর্ব্বতসমন্বিতা পৃথিবী) বিরাজতে (শোভিতা হইয়াছেন) ॥ ৪০ ॥

অনুবাদ

অর্থাৎ বহুযজমানের কর্ম্ম এবং আপনি সকল অসোম যজ্ঞ ও সসোম যজ্ঞস্বরূপ; যজ্ঞানুষ্ঠানই আপনার বন্ধন ॥ ৩৮ ॥

হে ভগবন্! সকল মন্ত্র, দেবতা ও দ্রব্যের প্রবর্ত্তক, সকল বৈদিকক্রিয়ার প্রবর্ত্তক এবং অন্তঃকরণশোধক সকল লৌকিকক্রিয়ার প্রবর্ত্তক আপনাকে বার বার নমস্কার করি; বিষয়বৈরাগ্য, হরিকথাশ্রবণাদিরূপ হরিভক্তি ও মনের স্থৈর্য্যের দ্বারা লব্ধ জ্ঞানস্বরূপ জ্ঞানদাতা গুরুরূপী আপনাকে বারবার নমস্কার করি ॥ ৩৯ ॥

হে ষড়ৈশ্বর্য্যশালিন্ ধরিত্রীধর! সলিল হইতে উত্থিত হস্তিরাজের দন্তাগ্রধৃতা সদলকমলিনী যেমন শোভিতা হইয়া থাকে, সেইরূপ দন্তাগ্রভাগের দ্বারা আপনাকর্ত্তৃক বিধৃতা এই পর্ব্বতসমন্বিতা পৃথিবীও শোভিতা হইয়াছেন ॥ ৪০ ॥

টীকা

সবনাদীনি অবস্থিতয়ঃ বাল্যাদ্যবস্থাঃ, অগ্নিষ্টোমোঽত্যগ্নিষ্টোম উক্থঃ ষোড়শী বাজপেয়োঽতিরাত্র আপ্তোর্যাম ইতি সপ্ত সংস্থাবিভেদাঃ তব ত্বঙ্মাংসাদিসপ্তদেহধাতবঃ, সত্রাণি বহুযজমানকানি কর্ম্মাণি তব শরীরসন্ধিঃ। অসোমা যজ্ঞাঃ সসোমাঃ ক্রতবঃ সর্ব্বে যজ্ঞাঃ ক্রতবশ্চ যস্মিন্ স তথা এবম্ভূতস্ত্বমসি। ইষ্টির্যজনম্ অনুষ্ঠানং তদেব বন্ধনং যস্য সঃ ॥ ৩৮ ॥ তে নমো নমঃ আদরার্থা দ্বিরুক্তিঃ, অখিলানি মন্ত্রাদীনি যস্মাৎ তস্মৈ সর্ব্বমন্ত্রাদিপ্রবর্ত্তকায়, সর্ব্বে ক্রতবো যস্মাৎ সর্ব্ববৈদিকক্রিয়াপ্রবর্ত্তকায়, ক্রিয়ায়াঃ লৌকিক্যাঃ আত্মা আশ্রয়ঃ প্রবর্ত্তকস্তস্মৈ অন্তঃকরণশোধককর্ম্মমার্গপ্রবর্ত্তকায় ইত্যর্থঃ। অতএব গুরবে অতএব স্ববর্ণাশ্রমকর্ম্মানুষ্ঠানশুদ্ধান্তঃকরণমুমুক্ষুসম্পাদিতৈঃ বৈরাগ্যভক্ত্যাত্মজৈঃ বিষয়বৈরাগ্য-হরিকথাশ্রবণাদি-হরিভক্তিমনোনৈশ্চল্যৈঃ অনুভাবিতং নিষ্পাদিতং জ্ঞানং যস্য তস্মৈ নমঃ ॥ ৩৯ ॥ হে ভূধর! বনাদুদকাৎ,

ত্রয়ীময়ং রূপমিদঞ্চ শৌকরং ভূমণ্ডলেনাথ দতা ধৃতেন তে।
চকাস্তি শৃঙ্গোঢ়ঘনেন ভূয়সা কুলাচলেন্দ্রস্য যথৈব বিভ্রমঃ ॥ ৪১ ॥
সংস্থাপয়ৈনাং জগতাং সতস্থুষাং লোকায় পত্নীমসি মাতরং পিতা।
বিধেম চাস্যৈ নমসা সহ ত্বয়া যস্যাং স্বতেজোঽগ্নিমিবারণাবধাঃ ॥ ৪২ ॥

অন্বয়

[হে ভগবন্!] ভূয়সা (বিশাল) শৃঙ্গোঢ়ঘনেন (শৃঙ্গে অবস্থিত মেঘখণ্ডের দ্বারা) কুলাচলেন্দ্রস্য (শ্রেষ্ঠ কুলাচল পর্ব্বতের) যথৈব (যেরূপ) বিভ্রমঃ (শোভা হইয়া থাকে), অথ তে (আপনার) দতা (দন্তদ্বারা) ধৃতেন ভূমণ্ডলেন চ (ধৃত ভূমণ্ডলে) ত্রয়ীময়ং (বেদময়) ইদং শৌকরং রূপং (এই বরাহরূপ) [সেইরূপ] চকাস্তি (শোভিত হইয়াছে) ॥ ৪১ ॥

[হে ভগবন্!] [ত্বং] (আপনি) জগতাং পিতা অসি (জগতের পিতা হইয়া থাকেন); [অতএব] অরণৌ অগ্নিম্ ইব (যাজ্ঞিকের মন্ত্রোচ্চারণপূর্ব্বক কাষ্ঠে অগ্নি স্থাপনের ন্যায়) যস্যাং (যাঁহাতে) স্বতেজঃ (স্বীয় তেজ অর্থাৎ ধারণশক্তি) অধাঃ (নিহিত করিয়াছেন), [তাং] জগতাং মাতরং (সেই জগজ্জননী) পত্নীং (আপনার পত্নী) এনাং (এই পৃথিবীকে) সতস্থুষাং জগতাং (স্থাবর ও জঙ্গম ভূতগণের) লোকায় (বাসস্থানের নিমিত্ত) সংস্থাপয় (সংস্থাপন করুন); ত্বয়া সহ (আপনার সহিত) অস্যৈ (এই পৃথিবীকে) নমসা বিধেম (নমস্কার করিতেছি) ॥ ৪২ ॥

অনুবাদ

[পূর্ব্বশ্লোকে "ভগবদ্ধৃতা হইয়া পৃথিবী শোভিত হইয়াছেন," ইহা বলা হইয়াছে, এখন আবার "ভূমণ্ডলের দ্বারা ভগবদ্রূপ শোভিত হইয়াছে" ইহা বলা হইতেছে] হে ভগবন্! পর্ব্বতশিখরে অবস্থিত মেঘখণ্ডের দ্বারা পর্ব্বতশ্রেষ্ঠ কুলাচলের যেরূপ শোভা হইয়া থাকে, আপনার দন্তাগ্রে অবস্থিত পৃথিবীমণ্ডলের দ্বারাও বেদময় আপনার বরাহরূপ সেইরূপ শোভিত হইয়াছে ॥ ৪১ ॥

হে ভগবন্! আপনি জগতের পিতা; অতএব যাজ্ঞিক যেমন মন্ত্রোচ্চারণপূর্ব্বক কাষ্ঠে অগ্নি স্থাপন করিয়া থাকে, সেইরূপ আপনি যাঁহাতে স্বীয় তেজঃ অর্থাৎ ধারণশক্তি স্থাপন করিয়াছেন, সেই জগজ্জননী আপনার পত্নী এই পৃথিবীকে স্থাবর ও জঙ্গম ভূতগণের বাসস্থানের নিমিত্ত স্থাপন করুন। হে দেব! আপনার সহিত এই পৃথিবীকে আমরা নমস্কার করিতেছি ॥৪২॥

টীকা

দতা দন্তেন ॥ ৪০ ॥ ত্রয়ীময়ং বেদত্রয়ীপ্রোক্তকর্ম্মপ্রচুরত্বেন প্রতীতম্ ইদং রূপং দতা ধৃতেন ভূমণ্ডলেন চকাস্তি শোভতে। ভূয়সা মহতা শৃঙ্গোঢ়েন শিখরধৃতেন ঘনেন যথা কুলাচলস্য গিরের্বিভ্রমো বিলাস-স্তদ্বৎ ॥ ৪১ ॥ জগতাং পিতাসি, অতঃ যস্যাং স্বতেজঃধারণশক্তিং যাজ্ঞিকো মন্ত্রেণ অরণৌ অগ্নিমিব অধাঃ নিহিতবানসি, তাং জগতাং মাতরং স্বপত্নীমেনাং লোকায় বাসস্থানার্থং সংস্থাপয়েত্যন্বয়ঃ ॥ ৪২ ॥

কঃ শ্রদ্দধীতান্যতমস্তব প্রভো ! রসাং গতায়া ভুব উদ্বিবর্হণম্ ।
ন বিস্ময়োঽসৌ ত্বয়ি বিশ্ববিস্ময়ে যো মায়য়েদং সসৃজেঽতিবিস্ময়ম্ ॥৪৩॥
বিধুন্বতা বেদময়ং নিজং বপু-র্জ্জনস্তপঃসত্যনিবাসিনো বয়ম্ ।
সটাশিখোদ্ধূতশিবাম্বুবিন্দুভি-র্ব্বিমৃজ্যমানা ভৃশমীশ ! পাবিতাঃ ॥ ৪৪ ॥
স বৈ বত ভ্রষ্টমতিস্তবৈষতে যঃ কর্ম্মণাং পারমপারকর্ম্মণঃ ।
যদ্‌যোগমায়াগুণযোগমোহিতং বিশ্বং সমস্তং ভগবন্ ! বিধেহি শম্ ॥৪৫॥

অন্বয়

প্রভো ! (হে নাথ !) রসাং গতায়াঃ (রসাতলগতা) ভুবঃ (পৃথিবীর) তব উদ্বিবর্হণম্ (আপনার উদ্ধার কার্য্য) অন্যতমঃ (আপনি ভিন্ন অপর) কঃ (কোন্ ব্যক্তি) শ্রদ্দধীত (স্পৃহা করিতে পারে ?) যঃ (আপনি) অতিবিস্ময়ং (অত্যাশ্চর্য্য) ইদং (এই জগৎ) মায়য়া (স্বীয় মায়াশক্তির দ্বারা) সসৃজে (সৃষ্টি করিয়াছেন) ; [তস্মিন্] বিশ্ববিস্ময়ে ত্বয়ি তু (সেই সর্ব্বাশ্চর্য্যের আধার আপনাতে কিন্তু) অসৌ (উহা) ন বিস্ময়ঃ (আশ্চর্য্য নহে) ॥ ৪৩ ॥

ঈশ ! (হে পরমেশ্বর !) বেদময়ং নিজং বপুঃ (বেদময় স্বীয় শরীর) বিধুন্বতা (কম্পনকারী আপনাকর্ত্তৃক) সটাশিখোদ্ধূতশিবাম্বুবিন্দুভিঃ (কেশরাগ্রবিক্ষিপ্ত পরম পবিত্র জলবিন্দুদ্বারা) বিমৃজ্যমানাঃ (প্রোক্ষিত হইয়া) জনস্তপঃসত্যনিবাসিনঃ বয়ং (জন, তপঃ ও সত্যলোকনিবাসী আমরা) ভৃশং পাবিতাঃ (অতিশয় পবিত্র হইলাম) ॥ ৪৪ ॥

যঃ (যে ব্যক্তি) অপারকর্ম্মণঃ (বিপুলকর্ম্মা) তব (আপনার) কর্ম্মণাং পারং (কর্ম্মের

অনুবাদ

হে নাথ ! আপনি যে রসাতলগতা পৃথিবীর উদ্ধার করিয়াছেন, ইহা আপনি ব্যতীত আর কোন্ ব্যক্তি স্পৃহা করিতে পারে ? ইহা আপনার পক্ষে আশ্চর্য্য নহে ; যেহেতু আপনি সকল আশ্চর্য্যের আধার ; আপনি এই অত্যাশ্চর্য্য জগৎ স্বীয় মায়াশক্তির দ্বারা সৃষ্টি করিয়াছেন ও পালন করিতেছেন ॥৪৩॥

হে পরমেশ্বর ! আপনি আপনার এই বেদময় শরীর কম্পন করিয়া কেশরাগ্রবিক্ষিপ্ত পরম পবিত্র জলবিন্দু দ্বারা প্রোক্ষণ করতঃ জন, তপঃ ও সত্যলোকবাসী আমাদিগকে অতিশয় পবিত্র করিলেন ॥৪৪॥

হে ভগবন্ ! আপনার লীলার অবধি নাই ; যে ব্যক্তি বিপুলকর্ম্মা আপনার কর্ম্মের

টীকা

অন্যেষামপি দুষ্করমপীদং ভূদ্ধরণং ত্বয়া তু অতিসুকরতয়া কৃতমিত্যাহুঃ—ক ইতি। তব ত্বয়া কৃতং ভুবঃ উদ্বিবর্হণম্ উদ্ধরণম্ অন্যতমঃ ত্বদন্যঃ কঃ শ্রদ্দধীত স্পৃহয়েৎ। ত্বয়ি তু অসৌ এক এব বিস্ময়ঃ আশ্চর্য্যং নাস্তি, যতো বিশ্বে সর্ব্বে বিস্ময়া আশ্চর্য্যাণি যস্মিন্। তদাহুঃ—যঃ অতিবিস্ময়মত্যাশ্চর্য্যমিদং বিচিত্রং বিশ্বং স্বস্য মায়য়া শক্ত্যা সসৃজে উপলক্ষণমিদং পালনাদেঃ ॥ ৪৩ ॥ বয়ন্তু ভবতা পবিত্রীকৃতা ইত্যাহুঃ—বিধুন্বতেতি। বেদময়ং বেদপ্রধানং বৈদিকপ্রধানমিত্যর্থঃ। নিজং স্বাসাধারণং বপুঃ শরীরম্ বিধুন্বতা কম্পয়তা সটানাং শিখাভিরগ্রৈঃ উদ্ধৃতাঃ উচ্চালিতাঃ যে শিবাঃ অম্বুবিন্দবঃ তৈর্ব্বিমৃজ্যমানাঃ প্রোক্ষমাণাঃ ভৃশমত্যর্থং

শ্রীমৈত্রেয় উবাচ

ইত্যুপস্থীয়মানোঽসৌ মুনিভির্ব্রহ্মবাদিভিঃ।
সলিলে স্বখুরাক্রান্ত উপাধত্তাবিতাবনিম্ ॥ ৪৬ ॥
স ইত্থং ভগবানুর্ব্বীং বিষ্বক্সেনঃ প্রজাপতিঃ।
রসায়া লীলয়োন্নীতামপ্সু ন্যস্য যযৌ হরিঃ ॥ ৪৭ ॥

অন্বয়

পার) এষতে (জানিতে ইচ্ছা করে), বত! (আহা!) সঃ বৈ (সেই ব্যক্তি নিশ্চয়ই) ভ্রষ্টমতিঃ (মতিচ্ছন্ন); ভগবন্! (হে ষড়ৈশ্বর্য্যশালিন্!) যৎ সমস্তং বিশ্বং (যে সমস্ত জগৎ) যোগমায়াগুণ-যোগমোহিতং (আপনার মায়াশক্তির গুণযোগে মোহিত অর্থাৎ আপনাতে ভক্তিহীন), [সেই বিশ্বের] শম্ (মঙ্গল) বিধেহি (সম্পাদন করুন) ॥ ৪৫ ॥

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) [হে বিদুর!] ব্রহ্মবাদিভিঃ মুনিভিঃ (বেদবাদী মুনিগণকর্ত্তৃক) ইতি (পূর্ব্বোক্ত প্রকারে) উপস্থীয়মানঃ (সংস্তুত হইয়া) অসৌ অবিতা (সেই রক্ষক বরাহরূপী ভগবান্) স্বখুরাক্রান্তে সলিলে (স্বীয় খুরাক্রান্ত জলের উপরে) অবনিম্ (পৃথিবীকে) উপাধত্ত (স্থাপন করিলেন) ॥ ৪৬ ॥

প্রজাপতিঃ বিষ্বক্সেনঃ সঃ ভগবান্ (প্রজাপালক বিষ্বক্সেন ভগবান্) হরিঃ (শ্রীহরি) ইত্থং (এইপ্রকারে) লীলয়া (অনায়াসে) রসায়াঃ (রসাতল হইতে) উন্নীতাম্ (উদ্ধৃতা) উর্ব্বীং (ধরিত্রীকে) অপ্সু (জলোপরি) ন্যস্য (সংস্থাপন করিয়া) যযৌ (প্রস্থান করিলেন) ॥ ৪৭ ॥

অনুবাদ

পার জানিতে ইচ্ছা করে, আহা! সেই ব্যক্তি নিশ্চয়ই মতিচ্ছন্ন। হে ষড়ৈশ্বর্য্যশালিন্! সমস্ত জগৎ আপনার মায়াশক্তির গুণের সম্বন্ধবশতঃ মোহিত অর্থাৎ আপনাতে ভক্তিহীন; আপনি সেই বিশ্বের মঙ্গল সম্পাদন করুন ॥৪৫॥

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর! ব্রহ্মবাদী মুনিগণকর্ত্তৃক এই প্রকারে সংস্তুত হইয়া বিশ্বপালক সেই বরাহরূপী ভগবান্ স্বীয় খুরাক্রান্ত সলিলের উপরে এই ধরিত্রীকে সংস্থাপন করিলেন ॥৪৬॥

হে বিদুর! প্রজাপালক বিষ্বক্সেন ভগবান্ শ্রীহরি এই প্রকারে অনায়াসে রসাতল হইতে পৃথিবীকে উদ্ধার করতঃ জলের উপরে সংস্থাপন করিয়া প্রস্থান করিলেন অর্থাৎ অন্তর্হিত হইলেন ॥ ৪৭ ॥

টীকা

পাবিতাঃ পবিত্রীকৃতাঃ ॥ ৪৪ ॥ এবং যথাশক্তি স্তুত্বা অথ ভগবদ্‌গুণানামিয়ত্তানবচ্ছিন্নত্বং বদন্তঃ প্রার্থয়ন্তে—হে ভগবন্! পারমবধিমিয়ত্তাম্ এষতে জ্ঞাতুমিচ্ছতি যঃ স ভ্রষ্টমতিঃ। যৎ বিশ্বং তব যোগমায়া-গুণানাং যোগেন সম্বন্ধেন মোহিতং ত্বৎপরাঙ্মুখং তৎপ্রতি শং মঙ্গলং ত্বৎপ্রাবণ্যং বিধেহি সম্পাদয় ॥৪৫॥ অবিতা রক্ষকঃ উপস্থীয়মানঃ স্তূয়মানঃ স্বখুরাক্রান্তে সলিলে মহীম্ ॥ ৪৬-৪৭ ॥ অস্য হরেঃ কথনীয়া

য এবমেতাং হরিমেধসো হরেঃ কথাং সুভদ্রাং কথনীয়মায়িনঃ।
শৃণ্বীত ভক্ত্যা শ্রবয়েত বোশতীং জনার্দ্দনোঽস্যাশু হৃদি প্রসীদতি ॥ ৪৮ ॥
তস্মিন্ প্রসন্নে সকলাশিষাং প্রভৌ কিং দুর্লভং তাভিরলং লবাত্মভিঃ।
অনন্যদৃষ্ট্যা ভজতাং গুহাশয়ঃ স্বয়ং বিধত্তে স্বগতিং পরঃ পরাম্ ॥ ৪৯ ॥
কো নাম লোকে পুরুষার্থসারবিৎ পুরাকথানাং ভগবৎকথাসুধাম্।
আপীয় কর্ণাঞ্জলিভির্ভবাপহা-মহো বিরজ্যেত বিনা নরেতরম্ ॥ ৫০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুরমৈত্রেয়সংবাদে পৃথিব্যুদ্ধরণং নাম ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥ ১৩ ॥

অন্বয়

যঃ (যিনি) এবং (এই প্রকারে) হরিমেধসঃ (ভক্তগণের সংসারহরণেচ্ছু) কথনীয়মায়িনঃ (ও অতিশয় কৃপাশীল) অস্য (এই) হরেঃ (শ্রীহরির) এতাং (এই) সুভদ্রাং (সুমঙ্গল) উশতীং (কমনীয়) কথাং (চরিত্র) ভক্ত্যা (ভক্তিসহকারে) শৃণ্বীত (শ্রবণ করেন), শ্রবয়েত বা (অথবা অপরকে শ্রবণ করান), হৃদি (নিজ মনে) জনার্দ্দনঃ আশু প্রসীদতি (জনার্দ্দন শ্রীহরি [তাহার প্রতি] শীঘ্রই প্রসন্ন হইয়া থাকেন) ॥ ৪৮ ॥

সকলাশিষাং প্রভৌ (সর্ব্বসম্পৎপ্রদাতা) তস্মিন্ প্রসন্নে (সেই শ্রীহরি সন্তুষ্ট হইলে) কিং দুর্লভম্? (কি আর দুর্লভ? অর্থাৎ কিছুই দুর্লভ নহে), [তথাপি] তাভিঃ লবাত্মভিঃ (সেই ক্ষণভঙ্গুর সম্পদে) অলং (নিষ্প্রয়োজন); গুহাশয়ঃ (হৃদয়বিহারী) পরঃ (পরমেশ্বর) স্বয়ং (নিজেই) অনন্যদৃষ্ট্যা (একান্ত ভক্তিদ্বারা) ভজতাং (ভজনাকারী ভক্তগণের) পরাং স্বগতিং (স্বীয় পরমপদ) বিধত্তে (প্রদান করিয়া থাকেন) ॥ ৪৯ ॥

অহো! (আহা!) লোকে (সংসারে) নরেতরং বিনা (পশু ব্যতীত) পুরুষার্থসারবিৎ

অনুবাদ

হে বিদুর! ভক্তগণের সংসারহরণকারী ও অতিশয় কৃপাশীল শ্রীহরির এই সুমঙ্গল কমনীয় চরিত্র যিনি এই প্রকারে ভক্তিসহকারে শ্রবণ করেন অথবা অপরকে শ্রবণ করান, তাহার প্রতি জনার্দ্দন শ্রীহরি নিজ মনে অতিশীঘ্র প্রসন্ন হইয়া থাকেন ॥ ৪৮ ॥

সর্ব্বসম্পৎপ্রদাতা সেই শ্রীহরি সন্তুষ্ট হইলে যদিও আর কিছুই দুর্লভ হয় না, তথাপি সেই ক্ষণভঙ্গুর সম্পদে প্রয়োজন কি? অর্থাৎ কোন প্রয়োজন নাই। হৃদয়বিহারী অর্থাৎ সর্ব্বান্তর্য্যামী শ্রীহরি নিজেই একান্ত ভক্তিদ্বারা ভজনাকারী ভক্তগণের পরমপদ বিধান করিয়া থাকেন ॥৪৯॥

আহা! এই সংসারে পশু ব্যতীত পুরুষার্থসারগ্রাহী এমন কোন্ ব্যক্তি আছেন, যিনি

টীকা

বর্ণনীয়া মায়া কৃপা অস্যাস্তীতি স তথা। তস্য উশতীং কমনীয়াং হরেঃ কথাং যঃ শ্রবয়েত হ্রস্বত্বমার্ষং, শ্রাবয়েৎ শৃণ্বীত শৃণুয়াদ্ বা তং প্রতি হৃদি স্বমনসি আশু প্রসীদতি সন্তুষ্যতি ॥ ৪৮ ॥ আশিষাং সম্পদাং প্রভৌ দাতরি প্রসন্নে সতি যদ্যপি কিং দুর্লভম্, তথাপি তাভিঃ আশিভির্লবাত্মভিঃ ক্ষণভঙ্গুরাভিঃ কিং ? ন

অন্বয়

(পুরুষার্থসারবেত্তা) কঃ নাম (কোন্ ব্যক্তি) পুরাকথানাং (ইতিহাসসমূহের মধ্যে) ভবাপহাং (সংসারনাশিনী) ভগবৎকথাসুধাং (শ্রীহরির কথাসুধা) কর্ণাঞ্জলিভিঃ (কর্ণরূপ অঞ্জলি দ্বারা) আপীয় (পান করিয়া) বিরজ্যেত (বিরত হইতে পারেন ?) [অর্থাৎ কখনই বিরত হইতে পারেন না] ॥৫০॥

অনুবাদ

ইতিহাসসমূহের মধ্যে সংসারনাশিনী শ্রীহরির কথাসুধা একবার কর্ণরূপ অঞ্জলিদ্বারা পান করিয়া পুনরায় বিরত থাকিতে পারেন ? অর্থাৎ কখনই বিরত থাকিতে পারেন না ॥ ৫০ ॥

ত্রয়োদশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ১৩ ॥

টীকা

কিমপি ; প্রাকৃতাঃ সম্পদঃ ততো ন প্রার্থ্যা ইতি ভাবঃ। নিষ্কামানাং স্বানন্যভক্তানাং তু স্বয়মেব পরাং গতিং বিধত্তে সম্পাদয়তি ॥ ৪৯-৫০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে তৃতীয়স্কন্ধে শ্রীমচ্ছুকদেবকৃতসিদ্ধান্তপ্রদীপে ত্রয়োদশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ১৩ ॥

চতুর্দ্দশোঽধ্যায়ঃ

শ্রীশুক উবাচ

নিশম্য কৌশারবিণোপবর্ণিতাং হরেঃ কথাং কারণশূকরাত্মনঃ।
পুনঃ স পপ্রচ্ছ তমুদ্যতাঞ্জলি-র্নচাতিতৃপ্তো বিদুরো ধৃতব্রতঃ ॥১॥

অন্বয়

শ্রীশুকঃ উবাচ (শুকদেব বলিলেন) [হে রাজন্!] ধৃতব্রতঃ (ভগবৎকথা শ্রবণরূপ ব্রতধারী) সঃ বিদুরঃ (সেই বিদুর) কৌশারবিণা (কুশারুনন্দন মৈত্রেয়কর্ত্তৃক) উপবর্ণিতাং (কীর্ত্তিত) কারণশূকরাত্মনঃ (বরাহবিগ্রহধারী) হরেঃ (শ্রীহরির) কথাং (লীলা) নিশম্য (শ্রবণ করিয়া) ন চ অতিতৃপ্তঃ (অতিশয় তৃপ্ত না হইয়াই) উদ্যতাঞ্জলিঃ (কৃতাঞ্জলি হইয়া) তং (তাঁহাকে) পুনঃ পপ্রচ্ছ (পুনরায় জিজ্ঞাসা করিলেন) ॥ ১ ॥

অনুবাদ

শুকদেব বলিলেন—হে মহারাজ ! ধৃতব্রত সেই বিদুর কুশারুনন্দন মৈত্রেয়ঋষিকর্ত্তৃক বর্ণিত বরাহরূপী শ্রীহরির লীলা শ্রবণ করিয়া পরিতৃপ্ত হইলেন না এবং সবিশেষ জানিবার জন্য কৃতাঞ্জলি হইয়া সেই মৈত্রেয়ঋষিকে পুনরায় জিজ্ঞাসা করিলেন ॥ ১ ॥

টীকা

এবং সংক্ষেপতো বরাহচরিতং শ্রুত্বা বিস্তরতঃ তচ্চরিতং শ্রোতুং বিদুরঃ পুনঃ পপ্রচ্ছেত্যাহ ভগবান্

শ্রীবিদুর উবাচ

তেনৈব তু মুনিশ্রেষ্ঠ ! হরিণা যজ্ঞমূর্ত্তিনা।
আদিদৈত্যো হিরণ্যাক্ষো হত ইত্যনুশুশ্রুম ॥ ২ ॥
তস্য চোদ্ধরতঃ ক্ষৌণীং স্বদংষ্ট্রাগ্রেণ লীলয়া।
দৈত্যরাজস্য চ ব্রহ্মন্ ! কস্মাদ্ধেতোরভূন্মৃধঃ ॥ ৩ ॥
শ্রদ্দধানায় ভক্তায় ব্রূহি তজ্জন্ম বিস্তরম্।
ঋষে ! ন তৃপ্যতি মনঃ পরং কৌতূহলং হি মে ॥ ৪ ॥

শ্রীমৈত্রেয় উবাচ

সাধু বীর ! ত্বয়া পৃষ্টমবতারকথাং হরেঃ।
যত্ত্বং পৃচ্ছসি মর্ত্ত্যানাং মৃত্যুপাশবিশাতনীম্ ॥ ৫ ॥

অন্বয়

শ্রীবিদুরঃ উবাচ (বিদুর বলিলেন) মুনিশ্রেষ্ঠ ! (হে মুনিবর !) যজ্ঞমূর্ত্তিনা (যজ্ঞমূর্ত্তি) তেনৈব তু হরিণা (সেই বরাহরূপী শ্রীহরিকর্ত্তৃক) আদিদৈত্যঃ হিরণ্যাক্ষঃ (আদিদৈত্য হিরণ্যাক্ষ) হতঃ (নিহত হইয়াছে) ইতি অনুশুশ্রুম (ইহা [আপনার মুখে] শ্রবণ করিলাম) ॥ ২

ব্রহ্মন্ ! (হে মুনে !) লীলয়া (অনায়াসে) স্বদংষ্ট্রাগ্রেণ (স্বীয় দন্তাগ্রের দ্বারা) ক্ষৌণীং (ধরিত্রীর) উদ্ধরতঃ (উদ্ধারকারী) তস্য চ (সেই বরাহরূপী শ্রীহরি) দৈত্যরাজস্য চ (ও দৈত্যরাজ হিরণ্যাক্ষের) কস্মাৎ হেতোঃ (কি কারণে) মৃধঃ (যুদ্ধ) অভূৎ (হইয়াছিল) ॥ ৩ ॥

ঋষে ! (হে মুনে !) মে (আমার) মনঃ ন তৃপ্যতি (মন পরিতৃপ্ত হইতেছে না) ; পরং (পরন্তু) কৌতূহলং হি (কৌতূহল হইতেছে) ; [অতএব] তজ্জন্ম (সেই হিরণ্যাক্ষদৈত্যের জন্মবৃত্তান্ত) শ্রদ্দধানায় (শ্রদ্ধাশীল) ভক্তায় (ভক্ত আমাকে) বিস্তরং ব্রূহি (সবিস্তারে বলুন) ॥ ৪ ॥

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয় ঋষি বলিলেন) বীর ! (হে ভক্তশ্রেষ্ঠ !) ত্বয়া (তোমাকর্ত্তৃক)

অনুবাদ

বিদুর বলিলেন—হে মুনিবর ! যজ্ঞমূর্ত্তি বরাহরূপী সেই শ্রীহরিই আদিদৈত্য হিরণ্যাক্ষকে বধ করিয়াছেন ইহা আপনার মুখে শ্রবণ করিলাম ॥ ২ ॥

হে ব্রহ্মন্ ! সেই বরাহরূপী শ্রীহরি অবলীলাক্রমে স্বীয় দন্তাগ্রের দ্বারা পৃথিবীকে উদ্ধার করিতেছিলেন, এই অবস্থায় তাঁহার ও দৈত্যরাজ হিরণ্যাক্ষের কি কারণে সংগ্রাম হইয়াছিল ॥ ৩ ॥

হে মুনে ! আমার মন পরিতৃপ্ত হইতেছে না, পরন্তু কৌতূহল বৃদ্ধি পাইতেছে ; অতএব সেই হিরণ্যাক্ষদৈত্যের জন্মবৃত্তান্ত শ্রদ্ধাশীল আমাকে সবিস্তারে বলুন ॥ ৪ ॥

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বীর ! তুমি আমাকে অতি উত্তম কথা জিজ্ঞাসা করিয়াছ ;

টীকা

শুকঃ—নিশম্যেতি ॥ ১ ॥ "তত্রাপি দৈত্যং গদয়াপতন্তং জঘানে"তি তন্মুখাৎ অনুশুশ্রুম ॥ ২ ॥ মৃধঃ সংগ্রামঃ ॥ ৩ ॥ ৪ ॥ মর্ত্ত্যানাং মরণশীলানাং মৃত্যোঃ পাশম্ অহংমমাভিমানং শাতয়তি মোচয়তীতি তথা তাম্ ॥ ৫ ॥

যয়োত্তানপদঃ পুত্রো মুনিনা গীতয়ার্ভকঃ।
মৃত্যোঃ কৃত্বৈব মূর্দ্ধ্ন্যঙ্ঘ্রিমারুরোহ হরেঃ পদম্ ॥ ৬ ॥
অথাত্রাপীতিহাসোঽয়ং শ্রুতো মে বর্ণিতঃ পুরা।
ব্রহ্মণা দেবদেবেন দেবানামনুপৃচ্ছতাম্ ॥ ৭ ॥
দিতির্দ্দাক্ষায়ণী ক্ষত্তর্ম্মারীচং কশ্যপং পতিম্।
অপত্যকামা চকমে সন্ধ্যায়াং হৃচ্ছয়ার্দ্দিতা ॥ ৮ ॥

অন্বয়

সাধু পৃষ্টম্ (উত্তম বিষয় জিজ্ঞাসিত হইয়াছে) ; যৎ (যেহেতু) ত্বং (তুমি) মর্ত্ত্যানাং (মরণশীল মানবগণের) মৃত্যুপাশবিশাতনীম্ (মৃত্যুর পাশ মোচনকারিণী) হরেঃ (শ্রীহরির) অবতারকথাং (অবতারকথা) পৃচ্ছসি (জিজ্ঞাসা করিয়াছ) ॥ ৫ ॥

মুনিনা (নারদকর্ত্তৃক) গীতয়া (কীর্ত্তিত) যয়া (এই ভগবৎকথাদ্বারা) উত্তানপদঃ (উত্তানপাদ রাজার) পুত্রঃ (তনয়) অর্ভকঃ (বালক ধ্রুব) মৃত্যোঃ (মৃত্যুর) মূর্দ্ধ্নি (মস্তকে) অঙ্ঘ্রিং কৃত্বা এব (পদাঘাত করিয়াই) হরেঃ পদম্ (বিষ্ণুলোকে) আরুরোহ (আরোহণ করিয়াছিলেন) ॥ ৬ ॥

[হে বিদুর !] অথ অত্র অপি (এই দৈত্যবধ বিষয়ে) অনুপৃচ্ছতাং (জিজ্ঞাসু) দেবানাং (দেবতাগণের) [সমীপে] দেবদেবেন ব্রহ্মণা (দেবদেব ব্রহ্মাকর্ত্তৃক) পুরা (পুরাকালে) বর্ণিতঃ (যাহা কথিত হইয়াছিল), অয়ম্ ইতিহাসঃ (সেই ইতিহাস) মে (আমি) শ্রুতঃ (শুনিয়াছি) ॥৭॥

ক্ষত্তঃ ! (হে বিদুর !) দাক্ষায়ণী দিতিঃ (দক্ষকন্যা দিতি) হৃচ্ছয়ার্দ্দিতা (কামপ্রপীড়িতা হইয়া)

অনুবাদ

যেহেতু তুমি মরণশীল মানবগণের মৃত্যুপাশ বিমোচনকারিণী শ্রীহরির অবতারকথা জিজ্ঞাসা করিয়াছ ॥ ৫ ॥

হে বিদুর ! নারদ কর্ত্তৃক গীত এই ভগবৎকথা দ্বারাই অর্থাৎ নারদমুখে ভগবৎকথা শ্রবণ করিয়াই উত্তানপাদ রাজার পুত্র বালক ধ্রুব মৃত্যুর মস্তকে পদাঘাত করিয়া বিষ্ণুলোকে আরোহণ করিয়াছিলেন। [ধ্রুবের সাধনায় সিদ্ধিলাভ হইলে যখন সুনন্দাদি বিমান লইয়া তাঁহার সমীপে আসিলেন, তখন দেহত্যাগ করিতে হইবে ইহা মনে করিয়া মৃত্যু নিকটে আসিলে ধ্রুব দেহত্যাগ করিলেন না ; পরন্তু সোপানের ন্যায় মৃত্যুর মস্তকে পদার্পণ করিয়াই বিমানে আরোহণ করতঃ বিষ্ণুলোকে গমন করিয়াছিলেন] ॥ ৬ ॥

হে বিদুর ! তোমার জিজ্ঞাসিত এই দৈত্যবধ বিষয়ে পুরাকালে জিজ্ঞাসু দেবগণের নিকটে দেবদেব ব্রহ্মা যে ইতিহাস বর্ণনা করিয়াছিলেন, তাহা আমি শ্রবণ করিয়াছি ; এক্ষণে বলিতেছি, শ্রবণ কর ॥ ৭ ॥

হে বিদুর ! দক্ষকন্যা দিতি একদিন সন্ধ্যাকালে কামপ্রপীড়িতা হইয়া অপত্যকামনায় নিজপতি মরীচিনন্দন কশ্যপকে রমণের নিমিত্ত কামনা করিয়াছিলেন ॥ ৮ ॥

টীকা

যয়া কথয়া, মুনিনা শ্রীনারদেন, উত্তানপদঃ পুত্রঃ ধ্রুবঃ হরেঃ পদং স্থানম্ ॥ ৬ ॥ অত্র দৈত্যবধে ॥ ৭ ॥

ইষ্ট্বাগ্নিজিহ্বং পয়সা পুরুষং যজুষাং পতিম্ ।
নিম্লোচত্যর্ক আসীনমগ্ন্যাগারে সমাহিতম্ ॥ ৯ ॥

শ্রীদিতিরুবাচ

এষ মাং ত্বৎকৃতে বিদ্বন্ ! কাম আত্তশরাসনঃ ।
দুনোতি দীনাং বিক্রম্য রম্ভামিব মতঙ্গজঃ ॥ ১০ ॥
তদ্ ভবান্ দহ্যমানায়াং সপত্নীনাং সমৃদ্ধিভিঃ ।
প্রজাবতীনাং ভদ্রং তে ময্যাযুঙ্ক্তামনুগ্রহম্ ॥ ১১ ॥

অন্বয়

অপত্যকামা (পুত্র কামনা করিয়া) সন্ধ্যায়াং (সন্ধ্যাকালে) পতিং (স্বীয় পতি) মারীচং (মরীচিনন্দন) কশ্যপং (কশ্যপকে) চকমে [রমণার্থ] (কামনা করিয়াছিলেন) ॥ ৮ ॥

[কশ্যপ কি অবস্থায় ছিলেন, তাহাই বলিতেছেন) অর্কে (সূর্য্যদেব) নিম্লোচতি (অস্তাচলে গমন করিলে) অগ্ন্যাগারে (অগ্নিশালায়) পয়সা (ঘৃতাদি দ্রব্যের দ্বারা) অগ্নিজিহ্বং (অগ্নি যাঁহার জিহ্বাস্বরূপ, সেই) যজুষাং পতিং (যজ্ঞপতি) পুরুষং (বিষ্ণুকে) ইষ্ট্বা (পূজা করিয়া) সমাহিতম্ আসীনম্ (সমাহিতভাবে উপবিষ্ট ছিলেন) [এইরূপ কশ্যপকে দিতি কামনা করিলেন। পূর্ব্বশ্লোকের সহিত অন্বয়] ॥৯॥

শ্রীদিতিঃ উবাচ (দিতি বলিলেন) বিদ্বন্ ! (হে জ্ঞানিন্ !) মতঙ্গজঃ রম্ভাম্ ইব (মত্তমাতঙ্গের কদলীবৃক্ষ নিপীড়নের ন্যায়) এষঃ কামঃ (এই কামদেব) আত্তশরাসনঃ (শরাসন গ্রহণপূর্ব্বক) বিক্রম্য (বিক্রম প্রকাশ করিয়া) দীনাং মাং (কামাতুরা আমাকে) ত্বৎকৃতে (আপনার সহিত মিলিত হওয়ার নিমিত্ত) দুনোতি (পীড়া দিতেছে) ॥ ১০ ॥

তৎ (অতএব) প্রজাবতীনাং (পুত্রবতী) সপত্নীনাং (সপত্নীগণের) সমৃদ্ধিভিঃ (সমৃদ্ধি সন্দর্শনে) দহ্যমানায়াং (সতত সন্তপ্তা) ময়ি (আমাতে) ভবান্ (আপনি) অনুগ্রহম্ আযুঙ্ক্তাম্ (সম্যক্‌রূপে অনুগ্রহ করুন) ; তে ভদ্রম্ (আপনার মঙ্গল হউক) ॥ ১১ ॥

অনুবাদ

কশ্যপ সূর্য্যদেব অস্তাচলে গমন করিলে অগ্নিশালায় ঘৃতাদি দ্রব্যের দ্বারা অগ্নি যাঁহার জিহ্বাস্বরূপ, সেই যজ্ঞপতি বিষ্ণুকে যজনা করিয়া সমাহিত ভাবে উপবিষ্ট ছিলেন, এইরূপ কশ্যপকে দিতি রমণার্থ কামনা করিয়াছিলেন ॥ ৯ ॥

দিতি বলিতে লাগিলেন—হে জ্ঞানিন্ ! মত্তমাতঙ্গ যেমন কদলী বৃক্ষকে নিপীড়ন করে, সেইরূপ এই কামদেব স্বীয় শরাসন গ্রহণপূর্ব্বক বিক্রম প্রকাশ করিয়া কামাতুরা আমাকে আপনার সহিত মিলিত হওয়ার জন্য পীড়া দিতেছে ॥ ১০ ॥

অতএব পুত্রবতী সপত্নীগণের সমৃদ্ধি সন্দর্শনে সতত সন্তপ্তা আমার প্রতি আপনি সম্যক্‌রূপে অনুগ্রহ করুন ; আপনার মঙ্গল হউক ॥ ১১ ॥

টীকা

দেবপ্রশ্নপ্রস্তাবায় আদৌ দৈত্যজন্মপ্রসঙ্গমাহ আ অধ্যায় সমাপ্তেঃ—দিতিরিতি। চকমে কামিতবতী ॥ ৮ ॥ অগ্নির্জিহ্বা যস্য তম্। যজুষাং যজ্ঞানাং পতিম্ "অহং হি সর্ব্বযজ্ঞানাং ভোক্তা চ প্রভুরেব চ"

ভর্ত্তর্য্যাপ্তোরুমানানাং লোকানাবিশতে যশঃ।
পতির্ভবদ্বিধো যাসাং প্রজয়া ননু জায়তে ॥ ১২ ॥
পুরা পিতা নো ভগবান্ দক্ষো দুহিতৃবৎসলঃ।
কং বৃণীত বরং বৎসা ইত্যপৃচ্ছত নঃ পৃথক্ ॥ ১৩ ॥
স বিদিত্বাত্মজানাং নো ভাবং সন্তানভাবনঃ।
ত্রয়োদশাদদাৎ তাসাং যাস্তে শীলমনুব্রতাঃ ॥ ১৪ ॥

অন্বয়

ভর্ত্তরি (স্বীয় পতির সমীপে) আপ্তোরুমানানাং (সমধিক আদরপ্রাপ্তা রমণীগণের) যশঃ (কীর্ত্তি) লোকান্ আবিশতে (লোকসমূহে পরিব্যাপ্ত হয়); যাসাং (যাহাদের) ভবদ্বিধঃ পতিঃ (আপনার মত পতি) [তাহাদের কথা আর কি বলিব?] [যেহেতু পতি পত্নীতে] প্রজয়া (অপত্যরূপে) জায়তে ননু (জন্মগ্রহণ করিয়া থাকেন) ॥ ১২ ॥

[হে নাথ!] পুরা (বিবাহের পূর্ব্বে) দুহিতৃবৎসলঃ (কন্যাবৎসল) নঃ পিতা (আমাদের পিতা) ভগবান্ দক্ষঃ (ভগবান্ দক্ষ প্রজাপতি) বৎসাঃ! (হে কন্যাগণ!) কং বরং বৃণীত (তোমরা কাহাকে পতিত্বে বরণ করিবে) ইতি (ইহা) নঃ (আমাদিগকে) পৃথক্ (পৃথক্ পৃথক্) অপৃচ্ছত (জিজ্ঞাসা করিয়াছিলেন) ॥ ১৩ ॥

সন্তানভাবনঃ (সন্তানপালক) সঃ (সেই পিতা দক্ষ) আত্মজানাং নঃ (সন্তান আমাদের) ভাবং (অভিপ্রায়) বিদিত্বা (জানিতে পারিয়া) তাসাং [নঃ] (আমাদের মধ্যে) যাঃ (যাহারা) তে (আপনার) শীলং অনুব্রতাঃ (স্বভাবের প্রতি অনুরাগিণী), ত্রয়োদশ (সেই আমাদের ত্রয়োদশ ভগিনীকে) [তুভ্যং] (আপনার করে) অদদাৎ (সম্প্রদান করিয়াছেন) ॥ ১৪ ॥

অনুবাদ

যাহারা স্বীয় পতির সমীপে সমধিক আদর প্রাপ্ত হয়, সেই রমণীগণের কীর্ত্তি লোক-সমূহে পরিব্যাপ্ত হইয়া থাকে; যাহাদের আপনার মত পতি, তাহাদের কথা আর কি বলিব? যেহেতু পতি পত্নীতে অপত্যরূপে জন্মগ্রহণ করিয়া থাকেন; অতএব তাহারা সৌভাগ্যশালিনী হয় ও জায়া নামের সার্থকতা লাভ করেন ॥ ১২ ॥

হে স্বামিন্! আমাদের বিবাহের পূর্ব্বে আমাদের পিতা ভগবান্ দক্ষপ্রজাপতি "হে কন্যাগণ! তোমরা কাহাকে পতিত্বে বরণ করিবে" ইহা আমাদিগকে পৃথক পৃথক্ অর্থাৎ প্রত্যেককে জিজ্ঞাসা করিয়াছিলেন ॥ ১৩ ॥

হে নাথ! সন্তানপালক পিতা দক্ষ আমাদের অভিপ্রায় বুঝিতে পারিয়া আমাদের মধ্যে যাহারা আপনার স্বভাবের প্রতি অনুরাগিণী, সেই আমাদের ত্রয়োদশ ভগিনীকে

টীকা

ইতি শ্রীমুখোক্তেঃ ॥ ৯ ॥ দুনোতি পীড়য়তি, রম্ভাম্ কদলীম্ ॥১০॥ আযুঙ্ক্তাম্ আযুনক্তু সম্যক্ করোতু, তে তবাপি ভদ্রং ভবতু ॥ ১১ ॥ ভর্ত্তরি আপ্তঃ প্রাপ্তঃ উরুমানো যাভিস্তাসাং; মানপ্রাপ্তিপ্রকারমাহ—

অথ মে কুরু কল্যাণ ! কামং কমললোচন !
আর্ত্তোপসর্পণং ভূমন্ মোঘং হি মহীয়সি ॥ ১৫ ॥
ইতি তাং বীর ! মারীচঃ কৃপণাং বহুভাষিণাম্ ।
প্রত্যাহানুনয়ন্ বাচা প্রবৃদ্ধানঙ্গকশ্মলাম্ ॥ ১৬ ॥
এষ তেঽহং বিধাস্যামি প্রিয়ং ভীরু ! যদিচ্ছসি ।
তস্যাঃ কামং ন কঃ কুর্য্যাৎ সিদ্ধিস্ত্রৈবর্গিকী যতঃ ॥১৭॥

অন্বয়

অথ (অতএব) কল্যাণ ! (হে মঙ্গলপ্রদ !) কমললোচন ! (হে কমলনয়ন !) মে (আমার) কামং অভিলাষ) কুরু (পূর্ণ করুন)। ভূমন্ ! (হে পতিরূপ বিষ্ণো !) মহীয়সি (আপনার মত মহজ্জনের নিকটে) আর্ত্তোপসর্পণং (পীড়িতার আগমন) মোঘং (কখনই নিষ্ফল) ন হি (হইবে না) ॥ ১৫ ॥

বীর ! (হে বিদুর !) মারীচঃ (মরীচিনন্দন কশ্যপ) ইতি (পূর্ব্বোক্ত প্রকারে) বহুভাষিণীং (বহুভাষিণী) কৃপণাং (কাতরা) প্রবৃদ্ধানঙ্গকশ্মলাং (ও অতিশয় কামমোহিতা) তাং (সেই দিতিকে) বাচা (বাক্যের দ্বারা) অনুনয়ন্ (সান্ত্বনা করতঃ) প্রত্যাহ (তাহার প্রতি বলিতে লাগিলেন) ॥১৬॥

ভীরু ! (হে ভয়শীলে !) যৎ ইচ্ছসি (যাহা ইচ্ছা করিয়াছ), এষঃ অহং (আমি) তে (তোমার) প্রিয়ং (সেই অভিলাষ) বিধাস্যামি (পূর্ণ করিব); যতঃ (যে পত্নীর নিকট হইতে) ত্রৈবর্গিকী সিদ্ধিঃ (ধর্ম্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গের সিদ্ধি হইয়া থাকে), তস্যাঃ (সেই পত্নীর) কামং (অভিলষিত কার্য্য) কঃ (কোন্ ব্যক্তি) ন কুর্য্যাৎ (পূর্ণ না করেন ?) ॥ ১৭ ॥

অনুবাদ

আপনার করে সম্প্রদান করিয়াছেন ; [অতএব আমরা সকলেই আপনার প্রতি সমান অনুরাগিণী ; এই অবস্থায় আমাদের প্রতি আপনার সমান অনুরাগ প্রদর্শন করা উচিত] ॥১৪॥

অতএব হে কল্যাণপ্রদ ! হে কমললোচন ! হে স্বামিন্ ! আমার মনোবাসনা পূর্ণ করুন। হে পতিরূপ বিষ্ণো ! আপনার মত মহত্তম জনে আমার মত পীড়িতার আগমন কখনও নিষ্ফল হইবে না ॥ ১৫ ॥

হে বিদুর ! তখন মরীচিনন্দন কশ্যপ পূর্ব্বোক্ত প্রকারে বহুভাষিণী, অতিশয় কাম-মোহিতা ও কাতরা দিতিকে প্রবোধ বাক্যে সান্ত্বনা করতঃ বলিতে লাগিলেন ॥ ১৬ ॥

হে ভয়শীলে ! তুমি যাহা ইচ্ছা করিয়াছ, আমি তোমার সেই মনোবাসনা পূর্ণ করিব ; যে পত্নীর নিকট হইতে ধর্ম্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গের সিদ্ধি হইয়া থাকে, সেই পত্নীর মনোবাসনা কোন্ ব্যক্তিই বা পূর্ণ না করেন ? ॥ ১৭ ॥

টীকা

প্রজয়া অপত্যরূপেণ পতিরেব জায়তে ॥ ১২ ॥ ১৩ ॥ ১৪ ॥ মহীয়সি মহত্তমে, হে ভূমন্ ! পতিরূপবিষ্ণো ! ॥ ১৫ ॥ ১৬ ॥ অকালে প্রবৃত্তাং প্রশংসাপূর্ব্বকং নিবারয়তি—এষ ইত্যাদি ষড়্ভিঃ। যতঃ যস্যাঃ সকাশাৎ

সর্ব্বাশ্রমানুপাদায় স্বাশ্রমেণ কলত্রবান্।
ব্যসনার্ণবমত্যেতি জলযানৈরিবার্ণবম্ ॥ ১৮ ॥
যামাহুরাত্মনো হ্যর্দ্ধং শ্রেয়স্কামস্য মানিনি!।
যস্যাং স্বধুরমধ্যস্য পুমাংশ্চরতি বিজ্বরঃ ॥ ১৯ ॥
যামাশ্রিত্যেন্দ্রিয়ারাতীন্ দুর্জ্জয়ানিতরাশ্রমৈঃ।
বয়ং জয়েম হেলাভির্দ্দস্যূন্ দুর্গপতির্যথা ॥ ২০ ॥

অন্বয়

জলযানৈঃ (জলযান অর্থাৎ নৌকা প্রভৃতি দ্বারা) [নাবিকের যাত্রিগণের সহিত] অর্ণবম্ ইব (সমুদ্র পার হওয়ার ন্যায়) কলত্রবান্ (সস্ত্রীক গৃহী) স্বাশ্রমেণ (স্বীয় আশ্রমধর্ম্মানুসারে) সর্ব্বাশ্রমান্ (অন্যান্য আশ্রমিগণের) উপাদায় (অন্নাদি দানের দ্বারা উপকার করিয়া) [তাহাদিগের সহিত] ব্যসনার্ণবম্ (দুঃখসাগর) অত্যেতি (পার হইয়া থাকেন) ॥ ১৮ ॥

মানিনি! (হে মানিনি!) [পণ্ডিতগণ] যাং (যাহাকে অর্থাৎ এই পত্নীকে) শ্রেয়স্কামস্য (শ্রেয়স্কামী অর্থাৎ যাগযজ্ঞাদি শুভকর্ম্মকারী) আত্মনঃ (নিজের) অর্দ্ধং হি আহুঃ (অর্দ্ধাঙ্গিনী বলিয়া থাকেন); যস্যাং (এই পত্নীতে) স্বধুরম্ (স্বীয় কর্ম্মভার) অধ্যস্য (অর্পণ করিয়া) পুমান্ (পুরুষ) বিজ্বরঃ [সন্] (নিশ্চিন্ত হইয়া) চরতি (বিচরণ করিয়া থাকেন) ॥ ১৯ ॥

দুর্গপতিঃ (দুর্গপতি) যথা (যেমন) [দুর্গকে আশ্রয় করিয়া] হেলাভিঃ (অনায়াসে) দস্যূন্ (দস্যুগণকে) [জয় করিয়া থাকে], [সেইরূপ] বয়ং (গৃহী আমরা) যাম্ (এই পত্নীকে) আশ্রিত্য (আশ্রয় করিয়া) ইতরাশ্রমৈঃ দুর্জ্জয়ান্ (ব্রহ্মচর্য্যাদি আশ্রমের দুর্জ্জয়) ইন্দ্রিয়ারাতীন্ (ইন্দ্রিয়রূপ শত্রুগণকে) [হেলাভিঃ] (অনায়াসে) জয়েম (জয় করিয়া থাকি) ॥ ২০ ॥

অনুবাদ

হে প্রিয়ে! নাবিক যেমন নৌকা প্রভৃতির দ্বারা যাত্রিগণের সহিত সমুদ্র পার হইয়া থাকে, সেইরূপ সস্ত্রীক গৃহী স্বীয় আশ্রমোক্ত ধর্ম্মানুসারে অন্যান্য আশ্রমিগণের উপকার করতঃ তাহাদিগের সহিত দুঃখসাগর পার হইয়া থাকেন ॥ ১৮ ॥

হে মানিনি! পণ্ডিতগণ এই পত্নীকে যাগযজ্ঞাদি শুভকর্ম্মকারী নিজের অর্দ্ধাঙ্গিনী বলিয়া থাকেন এবং এই পত্নীর উপরে স্বীয় কর্ম্মভার অর্পণ করিয়া পুরুষ নিশ্চিন্ত হইয়া বিচরণ করিয়া থাকেন ॥ ১৯ ॥

দুর্গপতি যেমন দুর্গকে আশ্রয় করিয়া অবলীলাক্রমে শত্রুগণকে জয় করিয়া থাকে, সেইরূপ গৃহী আমরা এই পত্নীকে আশ্রয় করিয়া ব্রহ্মচর্য্যাদি আশ্রমের দুর্জ্জয় ইন্দ্রিয়রূপ শত্রুগণকে অবলীলাক্রমে জয় করিয়া থাকি ॥ ২০ ॥

টীকা

॥ ১৭ ॥ সর্ব্বাশ্রমানুপাদায় অন্নাদিদানেন সংগৃহ্য তৈঃ সহ ব্যসনার্ণবং তরতীত্যর্থঃ ॥ ১৮ ॥ যচ্ছব্দানাং তাং ত্বামিত্যনেনান্বয়ঃ ॥ ১৯ ॥ হেলাভির্লীলাভিঃ ॥ ২০ ॥ অনুকর্ত্তুম্ অনেকোপকারকত্র্যাঃ প্রত্যুপ-

ন বয়ং প্রভবস্তাং ত্বামনুকর্ত্তুং গৃহেশ্বরি !
অপ্যায়ুষা বা কার্ৎস্ন্যেন যে চান্যে গুণগৃধ্নবঃ ॥ ২১ ॥
অথাপি কামমেতং তে প্রজাত্যৈ করবাণ্যলম্ ।
যথা মাং নাতিবোচন্তি মুহূর্ত্তং প্রতিপালয় ॥ ২২ ॥
এষা ঘোরতমা বেলা ঘোরাণাং ঘোরদর্শনা ।
চরন্তি যস্যাং ভূতানি ভূতেশানুচরাণি হ ॥ ২৩ ॥
এতস্যাং সাধ্বি ! সন্ধ্যায়াং ভগবান্ ভূতভাবনঃ ।
পরিতো ভূতপর্ষদ্ভির্বৃষেণাটতি ভূতরাট্ ॥ ২৪ ॥

অন্বয়

গৃহেশ্বরি ! বয়ং (গৃহস্থ আমরা) যে চ অন্যে গুণগৃধ্নবঃ (অথবা অপর যাহারা গুণগ্রাহী) [কেহই] তাং ত্বাম্ (তোমার মত পত্নীর) কার্ৎস্ন্যেন (সমস্ত) আয়ুষা বা অপি (জীবনে বা জন্মান্তরেও) অনুকর্ত্তুং (প্রত্যুপকার করিতে) ন প্রভবঃ (সমর্থ হইব না বা হইবে না) ॥ ২১ ॥

অথাপি (প্রত্যুপকারের দ্বারা তোমার সদৃশ না হইলেও) [আমি] তে (তোমার) প্রজাত্যৈ (সন্তানের নিমিত্ত) এতং কামং (এই কামনা) অলং করবাণি (পূর্ণ করিব) ; [লোকসকল] যথা (যাহাতে) মাং (আমাকে) ন অতিবোচন্তি (নিন্দা না করে), [সেজন্য] মুহূর্ত্তং প্রতিপালয় (মুহূর্ত্তকাল অপেক্ষা কর) ॥ ২২ ॥

[কামাতুরা দিতি লোকনিন্দাকে অগ্রাহ্য করিতে পারে, এজন্য তাহাকে ভয় দেখাইয়া সাতটি শ্লোকে রুদ্রদেবের বর্ণনা করিতেছেন] ঘোরাণাং (ভয়ঙ্কর ভূতপ্রেতাদির) ঘোরতমা এষা বেলা (এই ঘোরতম সন্ধ্যাকাল) ঘোরদর্শনা (অতি ভয়ঙ্কর) ; যস্যাং (এই সন্ধ্যাকালে) ভূতেশানুচরাণি ভূতানি (রুদ্রদেবের অনুচর ভূতগণ) চরন্তি হ (বিচরণ করিয়া থাকে) ॥ ২৩ ॥

সাধ্বি ! (হে পতিব্রতে !) এতস্যাং সন্ধ্যায়াং (এই সন্ধ্যাকালে) ভূতভাবনঃ ভগবান্ ভূতরাট্

অনুবাদ

হে গৃহেশ্বরি ! আমি অথবা অপর যাহারা গুণগ্রাহী কেহই সমস্ত জীবনে অথবা জন্মান্তরেও তোমার মত পত্নীর প্রত্যুপকারের দ্বারা যোগ্য হইতে সমর্থ হইব না বা হইবে না ॥ ২১ ॥

তাহা হইলেও আমি তোমার পুত্রোৎপত্তির কামনা পূর্ণ করিব ; কিন্তু লোকসকল যাহাতে আমাকে নিন্দা না করে, সেই জন্য মুহূর্ত্তকাল অপেক্ষা কর ॥ ২২ ॥

এই ঘোরতম সন্ধ্যাকাল ভয়ঙ্কর ভূতপ্রেতগণের অধিকারভুক্ত ; এই সন্ধ্যাকালে রুদ্রদেবের অনুচর ভূতগণ ইতস্ততঃ পরিভ্রমণ করিয়া থাকে ॥ ২৩ ॥

হে পতিব্রতে ! এই সন্ধ্যাকালে ভূতপালক ভূতপতি ভগবান্ রুদ্রদেব ভূতগণে পরিবৃত হইয়া বৃষে আরোহণ করতঃ সর্ব্বত্র পরিভ্রমণ করিয়া থাকেন ॥ ২৪ ॥

টীকা

কারৈঃ সদৃশীভবিতুং ন প্রভবঃ ন সমর্থাঃ। যে অন্যে গুণগৃধ্নবঃ গুণাকাঙ্ক্ষাবন্তঃ গুণলুব্ধা ইত্যর্থঃ, তেঽপি ন প্রভবঃ ॥২১॥ প্রজাত্যৈ সন্ততৈ, নাতিবোচন্তি ন নিন্দন্তি ॥ ২২ ॥ অন্যথা রুদ্রাদ্ভয়ং স্যাদিতি

শ্মশানচক্রানিলধূলিধূম্র-বিকীর্ণবিদ্যোতজটাকলাপঃ।
ভস্মাবগুণ্ঠামলরুক্মদেহো দেবস্ত্রিভিঃ পশ্যতি দেবরস্তে ॥ ২৫ ॥
ন যস্য লোকে স্বজনঃ পরো বা নাত্যাদৃতো নোত কশ্চিদ্বিগর্হ্যঃ।
বয়ং ব্রতৈর্যচ্চরণাপবিদ্ধা-মাশাস্মহেঽজাং বত ভুক্তভোগাম্ ॥ ২৬ ॥

অন্বয়

(ভূতপালক ভগবান্ ভূতপতি রুদ্রদেব) ভূতপর্ষদ্ভিঃ পরিতঃ (ভূতগণে পরিবৃত হইয়া) বৃষেণ অটতি (বৃষে আরোহণ করতঃ সর্ব্বত্র পরিভ্রমণ করিয়া থাকেন) ॥ ২৪ ॥

শ্মশানচক্রানিলধূলিধূম্র-বিকীর্ণবিদ্যোতজটাকলাপঃ (শ্মশানের ঘূর্ণিত বায়ুর ধূলিদ্বারা যাঁহার বিক্ষিপ্ত ও দীপ্তিমান্ জটাকলাপ ধূম্রবর্ণ) ভস্মাবগুণ্ঠামলরুক্মদেহঃ (এবং যাঁহার নির্ম্মল সুবর্ণসদৃশ দেহ ভস্মদ্বারা আচ্ছাদিত, সেই) তে (তোমার) দেবরঃ (ভগিনীপতি) [কশ্যপ ও রুদ্র উভয়েই দক্ষের জামাতা, এই হিসাবে উভয়ে ভ্রাতৃভাবাপন্ন ; অতএব রুদ্র দিতির দেবর] দেবঃ (রুদ্রদেব) ত্রিভিঃ (চন্দ্র, সূর্য্য ও অগ্নিরূপ নেত্রত্রয়ের দ্বারা) পশ্যতি (দর্শন করিতেছেন) ॥ ২৫ ॥

[রুদ্রদেব স্বজনের অপরাধ ক্ষমা করিতে পারেন এই প্রকার সম্ভাবনাও নাই, ইহাই দেখাইতেছেন] যস্য (এই রুদ্রদেবের) লোকে (এই জগতে) স্বজনঃ (আত্মীয়) বা পরঃ (বা অনাত্মীয় কেহ) ন (নাই), ন অত্যাদৃতঃ (অতিশয় আদরণীয়ও কেহ নাই) উত (অথবা) বিগর্হ্যঃ কশ্চিৎ ন (নিন্দনীয়ও কেহ নাই) ; বত ! (আহা) বয়ং (আমরা) ব্রতৈঃ (ব্রতাচরণ করতঃ) যচ্চরণাপবিদ্ধাং (তাঁহার চরণের দ্বারা পরিত্যক্ত) ভুক্তভোগাম্ (ভুক্তাবশিষ্ট অর্থাৎ উচ্ছিষ্ট) অজাং (প্রাকৃত সম্পৎ) আশাস্মহে (প্রার্থনা করিয়া থাকি) ॥ ২৬ ॥

অনুবাদ

শ্মশানের বিঘূর্ণিত বায়ুর ধূলিদ্বারা যাঁহার বিক্ষিপ্ত ও দীপ্তিমান্ জটাকলাপ ধূম্রবর্ণ এবং যাঁহার নির্ম্মল সুবর্ণসদৃশ দেহ ভস্মদ্বারা আচ্ছাদিত, সেই তোমার দেবর অর্থাৎ ভগিনীপতি রুদ্রদেব চন্দ্র, সূর্য্য ও অগ্নিরূপ নেত্রত্রয়ের দ্বারা সর্ব্বত্র দর্শন করিতেছেন ॥ ২৫ ॥

হে প্রিয়ে ! আমরা রুদ্রদেবের আত্মীয় বলিয়া তিনি আমাদের দোষ গ্রহণ করিবেন না এমন সম্ভাবনাও নাই ; কারণ এই রুদ্রদেবের জগতে কেহ আত্মীয় বা অনাত্মীয় নাই এবং তাঁহার অতিশয় আদরণীয় বা নিন্দনীয়ও কেহ নাই। আহা ! আমরা নিয়মাদি ব্রতাচরণ করতঃ তাঁহার চরণের দ্বারা দূরে পরিত্যক্ত প্রাকৃতসম্পৎ প্রার্থনা করিয়া থাকি ॥ ২৬ ॥

টীকা

দর্শয়ন্ রুদ্রং বর্ণয়তি—এষেতি সপ্তভিঃ ॥ ২৩ ॥ ভূতপর্ষদ্ভিঃ ভূতগণৈঃ পরিতঃ আবৃতঃ ॥ ২৪ ॥ শ্মশান-চক্রানিলস্য শবভস্মস্থলচারিচক্রবাতস্য ধূল্যা ধূম্রো বিকীর্ণো বিক্ষিপ্তঃ বিদ্যোতো দ্যুতিমান্ জটাকলাপো যস্য সঃ, ভস্মনা অবগুণ্ঠঃ আবৃতঃ অমলরুক্মবৎ দেহো যস্য সঃ তে দেবরঃ ত্বদ্ভগিনীভর্ত্তা ॥ ২৫ ॥ অজাং মায়াময়ীং সম্পদম্ স পশ্যতীতি ত্রিষু শ্লোকেষু অনুষঙ্গঃ ॥ ২৬ ॥ অবিদ্যাপটলম্ অজ্ঞানাবরণম্ ॥ ২৭ ॥

স্যানবদ্যাচরিতং মনীষিণো গৃণন্ত্যবিদ্যাপটলং বিভিৎসবঃ।
নিরস্তসাম্যাতিশয়োঽপি যৎ স্বয়ং পিশাচচর্য্যামচরদ্‌গতিঃ সতাম্ ॥২৭॥
হসন্তি যস্যাচরিতং হি দুর্ভগাঃ স্বাত্মন্ রতস্যাবিদুষঃ সমীহিতম্।
যৈর্ব্বস্ত্রমাল্যাভরণানুলেপনৈঃ শ্বভোজনং স্বাত্মতয়োপলালিতম্ ॥২৮॥

অন্বয়

অবিদ্যাপটলং (অজ্ঞানাবরণ) বিভিৎসবঃ (ভেদ করিতে ইচ্ছুক) মনীষিণঃ (মনীষিগণ) যস্য (যাঁহার) অনবদ্যাচরিতং (অনিন্দনীয় চরিত্র) গৃণন্তি (কীর্ত্তন করিয়া থাকেন), যৎ (যিনি) নিরস্ত-সাম্যাতিশয়ঃ অপি (সমান ও অধিক রহিত হইয়াও) সতাং গতিঃ [সন্] (মুমুক্ষুজনের গতি অর্থাৎ মুমুক্ষুজনকে ত্যাগধর্ম্ম শিক্ষা দিয়া) স্বয়ং (নিজে) পিশাচচর্য্যাম্ অচরৎ (পিশাচের ন্যায় আচরণ করিয়া থাকেন), [সেই রুদ্রদেব সমস্তই দেখিতেছেন] ॥ ২৭ ॥

যৈঃ (যাহাদিগকর্ত্তৃক) বস্ত্রমাল্যাভরণানুলেপনৈঃ (বস্ত্র, মাল্য, আভরণ ও অনুলেপনাদিদ্বারা) শ্বভোজনং (কুকুরভক্ষ্য এই শরীর) স্বাত্মতয়া (নিজের বলিয়া) উপলালিতম্ (পরিপুষ্ট হইয়া থাকে), [তে] দুর্ভগাঃ হি (সেই সকল পাপিষ্ঠগণই) স্বাত্মন্ রতস্য (স্বীয় উপাস্য অন্তর্য্যামী বাসুদেবে রত) অবিদুষঃ (ও ব্রহ্মজ্ঞানী) যস্য (রুদ্রদেবের) সমীহিতম্ ("যে কোন প্রকারেই হউক বাসুদেবই উপাস্য" এই লোকশিক্ষারূপ অভিলষিত) আচরিতং (আচরণ) হসন্তি (উপহাস করিয়া থাকেন), [সেই রুদ্রদেব সমস্তই দেখিতেছেন] ॥ ২৮ ॥

অনুবাদ

হে প্রিয়ে! অজ্ঞানাবরণ ভেদ করিতে ইচ্ছা করিয়া মনীষিগণ যাঁহার অনিন্দনীয় চরিত্র সর্ব্বদা কীর্ত্তন করিয়া থাকেন, যিনি সমান ও অধিক রহিত হইয়াও মুমুক্ষুজনকে ত্যাগধর্ম্ম শিক্ষা দিবার জন্য স্বয়ং পিশাচের ন্যায় আচরণ করিয়া থাকেন, সেই রুদ্রদেব এই সময়ে সমস্তই দেখিয়া থাকেন ॥ ২৭ ॥

হে প্রিয়ে! যাহারা বস্ত্র, মাল্য, আভরণ ও অনুলেপনাদিদ্বারা এই কুকুরভক্ষ্য শরীর নিজের বলিয়া সর্ব্বদা পোষণ করিতেছে, সেই পাপিষ্ঠগণই স্বীয় উপাস্য অন্তর্য্যামী বাসুদেবে রত ও ব্রহ্মজ্ঞানী এই রুদ্রদেবের "যে কোন প্রকারেই হউক বাসুদেবই উপাস্য" এই লোকশিক্ষারূপ অভিলষিত আচরণ উপহাস করিয়া থাকে; সেই রুদ্রদেব এই সময়ে সমস্তই দর্শন করিতেছেন ॥ ২৮ ॥

টীকা

স্বাত্মন্ স্বকীয়ে উপাস্যে বাসুদেবে আত্মনি অন্তর্য্যামিনি রতস্য "সত্ত্বে চ তস্মিন্ ভগবান্ বাসুদেব অধোক্ষজো মে নমসা বিধীয়তে" ইতি বক্ষ্যমাণাৎ অবিদুষঃ বাসুদেবজ্ঞানবতঃ "অ ব্রহ্ম" ইতি শ্রুতেঃ। "অকারো বাসুদেবঃ স্যাদিতি" বচনাচ্চ। সমীহিতম্ সম্যক্ যেন কেনাপি বেশেন বাসুদেবঃ স্মর্ত্তব্যঃ ইত্যেবম্ভূত-মীহিতমাচরিতং দুর্ভগা হসন্তি নিন্দন্তি ॥ ২৮ ॥ অথ "রুদ্রাণাং শঙ্করশ্চাস্মি" ইতি শ্রীমুখবচনাৎ ভগবদ্বি-

ব্রহ্মাদয়ো যৎকৃতসেতুপালা যৎকারণং বিশ্বমিদঞ্চ মায়া।
আজ্ঞাকরী যস্য পিশাচচর্য্যা অহো বিভূম্নশ্চরিতং বিড়ম্বনম্ ॥ ২৯ ॥

শ্রীমৈত্রেয় উবাচ

সৈবং সংবিদিতে ভর্ত্রা মন্মথোন্মথিতেন্দ্রিয়া।
জগ্রাহ বাসো ব্রহ্মর্ষের্ব্বৃষলীব গতত্রপা ॥ ৩০ ॥
স বিদিত্বাথ ভার্য্যায়াস্তং নির্ব্বন্ধং বিকর্ম্মণি।
নত্বা দিষ্টায় রহসি তয়াথোপবিবেশ হ ॥ ৩১ ॥

অন্বয়

["রুদ্রই ভগবান্" এই দৃষ্টিতে রুদ্রমাহাত্ম্য বর্ণনা করিতেছেন] ব্রহ্মাদয়ঃ (ব্রহ্মাদি দেবগণ) যৎকৃতসেতুপালাঃ (যাঁহাকর্ত্তৃক নিযুক্ত হইয়া স্ব স্ব অধিকাররূপ মর্য্যাদা পালন করিতেছেন), ইদং বিশ্বং যৎকারণং (এই জগতের যিনি কারণ) মায়া চ যস্য আজ্ঞাকরী (ও মায়াশক্তি যাঁহার আজ্ঞাকারিণী), [তস্য] বিভূম্নঃ (সেই সর্ব্বব্যাপী পরমেশ্বরের) পিশাচচর্য্যা চরিতম্ (পিশাচের ন্যায় আচরণ) বিড়ম্বনম্ (অনুকরণমাত্র অর্থাৎ লোকশিক্ষার নিমিত্ত) অহো ! (বড়ই বিচিত্র !) ॥ ২৯ ॥

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) [হে বিদুর !] ভর্ত্রা (স্বামী কশ্যপকর্ত্তৃক) এবং সংবিদিতে (এই প্রকার প্রবোধবাক্য বলা হইলে) মন্মথোন্মথিতেন্দ্রিয়া (কামকর্ত্তৃক উন্মথিতচিত্তা) সা (সেই দিতি) বৃষলী ইব (বারবনিতার ন্যায়) গতত্রপা (লজ্জাশূন্যা হইয়া) ব্রহ্মর্ষেঃ (ব্রহ্মর্ষি কশ্যপের) বাসঃ (বস্ত্র) জগ্রাহ (ধারণ করিলেন) ॥ ৩০ ॥

অথ (অনন্তর) সঃ (সেই কশ্যপ) ভার্য্যায়াঃ (ভার্য্যার) বিকর্ম্মণি (নিষিদ্ধ কর্ম্মে) তং নির্ব্বন্ধং (সেই দুরাগ্রহ) বিদিত্বা (দর্শন করিয়া) দিষ্টায় (দৈবরূপী পরমেশ্বরকে) নত্বা (নমস্কার করিয়া) অথ (অনন্তর) রহসি (নির্জ্জনে) তয়া [সহ] (তাহার সহিত) উপবিবেশ হ (অবস্থান করিলেন) ॥৩১॥

অনুবাদ

যাঁহাকর্ত্তৃক নিয়োজিত হইয়া ব্রহ্মাদি দেবগণ স্ব স্ব অধিকাররূপ মর্য্যাদা পালন করিতেছেন, এই জগতের যিনি কারণ এবং মায়াশক্তি যাঁহার আজ্ঞাকারিণী, আহা ! সেই সর্ব্বব্যাপী পরমেশ্বরের এই যে পিশাচের ন্যায় আচরণ, তাহা কেবল অনুকরণমাত্র ; বস্তুতঃ তাহা লোকশিক্ষার নিমিত্ত ॥ ২৯ ॥

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর ! স্বামী কশ্যপ এইরূপ প্রবোধবাক্য বলিলেও কামকর্ত্তৃক উন্মথিতচিত্তা সেই দিতি বেশ্যার ন্যায় লজ্জাশূন্যা হইয়া ব্রহ্মর্ষি কশ্যপের বস্ত্র আকর্ষণ করিলেন ॥ ৩০ ॥

অনন্তর সেই ব্রহ্মর্ষি কশ্যপ ভার্য্যা দিতির নিষিদ্ধকর্ম্মে এইরূপ আগ্রহ দর্শন করিয়া দৈবরূপী পরমেশ্বরকে নমস্কার করতঃ নির্জ্জনে তাহার সহিত অবস্থান করিলেন ॥ ৩১ ॥

টীকা

ভূতিভূতে শ্রীরুদ্রে ভগবদ্দৃষ্ট্যেদমুচ্যতে—ব্রহ্মাদয় ইতি ॥ ২৯ ॥ ভর্ত্রা এবং সম্বিদিতে জ্ঞাপিতে সতি বৃষলীব বেশ্যেব ॥ ৩০ ॥ দিষ্টায় দৈবাত্মনে পরমেশ্বরায় ॥ ৩১ ॥ উপস্পৃশ্য স্নাত্বা বিরজং গায়ত্রীপ্রতি-

অথোপস্পৃশ্য সলিলং প্রাণানায়ম্য বাগ্‌যতঃ।
ধ্যায়ন্ জজাপ বিরজং ব্রহ্ম জ্যোতিঃ সনাতনম্ ॥ ৩২ ॥
দিতিস্তু ব্রীড়িতা তেন কর্ম্মাবদ্যেন ভারত।
উপসঙ্গম্য বিপ্রর্ষিমধোমুখ্যভ্যভাষত ॥ ৩৩ ॥

শ্রীদিতিরুবাচ

ন মে গর্ভমিমং ব্রহ্মন্! ভূতানামৃষভোঽবধীৎ।
রুদ্রঃ পতির্হি ভূতানাং যস্যাকরবমংহসম্ ॥ ৩৪ ॥
নমো রুদ্রায় মহতে দেবায়োগ্রায় মীঢুষে।
শিবায় ন্যস্তদণ্ডায় ধৃতদণ্ডায় মন্যবে ॥ ৩৫ ॥

অন্বয়

অথ (রমণানন্তর) [সেই কশ্যপ] সলিলম্ উপস্পৃশ্য (স্নান করিয়া) প্রাণান্ আয়ম্য (প্রাণায়াম করতঃ) বাগ্‌যতঃ [সন্] (মৌনী হইয়া) বিরজং জ্যোতিঃ (গায়ত্রীপ্রতিপাদ্য জ্যোতিঃস্বরূপ ভগবান্‌কে) ধ্যায়ন্ (ধ্যান করতঃ) সনাতনং ব্রহ্ম (সনাতন গায়ত্রীমন্ত্র) জজাপ (জপ করিতে লাগিলেন) ॥ ৩২ ॥

ভারত! (হে বিদুর!) দিতিঃ তু (দিতিও) তেন কর্ম্মাবদ্যেন (সেই স্বীয় নিন্দিতকর্ম্মে) ব্রীড়িতা (লজ্জিতা হইয়া) বিপ্রর্ষিম্ উপসঙ্গম্য (ব্রহ্মর্ষি কশ্যপের সমীপে গমন করিয়া) অধোমুখী অভ্যভাষত (অধোবদনে বলিতে লাগিলেন) ॥ ৩৩ ॥

শ্রীদিতিঃ উবাচ (দিতি বলিলেন) ব্রহ্মন্! (হে দেব!) যস্য (আমি রুদ্রদেবের নিকটে) অংহসম্ (অপরাধ) অকরবম্ (করিয়াছি); ভূতানাম্ ঋষভঃ (ভূতগণের শ্রেষ্ঠ) ভূতানাং পতিঃ (ভূতগণের পতি) রুদ্রঃ (রুদ্রদেব) মে (আমার) ইমং গর্ভং (এই গর্ভ) ন অবধীৎ হি (যেন বিনষ্ট না করেন) ॥ ৩৪ ॥

রুদ্রায় (দুঃখবিনাশন), উগ্রায় (উগ্রমূর্ত্তি), মীঢুষে (জ্ঞানাদি ঐশ্বর্য্য প্রদাতা), শিবায়

অনুবাদ

অনন্তর সেই কশ্যপ স্নান করিয়া প্রাণায়াম করতঃ মৌনী হইলেন এবং গায়ত্রীপ্রতিপাদ্য জ্যোতিঃ স্বরূপ ভগবান্‌কে ধ্যান করিয়া সনাতন গায়ত্রীমন্ত্র জপ করিতে লাগিলেন ॥ ৩২ ॥

হে বিদুর! দিতিও তখন সেই নিজের অনুষ্ঠিত নিন্দিত কর্ম্মে লজ্জিতা হইয়া ব্রহ্মর্ষি কশ্যপের সমীপে গমন করতঃ অধোবদনে বলিতে লাগিলেন ॥ ৩৩ ॥

দিতি বলিলেন—হে স্বামিন্! আমি রুদ্রদেবের নিকটে অপরাধ করিয়াছি; এই কারণে ভূতপতি ভূতশ্রেষ্ঠ রুদ্রদেব যেন আমার এই গর্ভ বিনষ্ট না করেন; [আপনি কৃপা করিয়া তাহাই করুন] ॥ ৩৪ ॥

যিনি দুঃখবিনাশক বলিয়া রুদ্র, অলঙ্ঘনীয় বলিয়া উগ্ররূপী এবং যিনি জ্ঞানাদি

টীকা

পাদ্যং ভগবন্তং ধ্যায়ন্ ব্রহ্মগায়ত্রীং জজাপ ॥ ৩২ ॥ ৩৩ ॥ অবধীৎ মা হন্যাৎ, অংহসম্ অংহঃ অপরাধ-মহমকরবং কৃতবত্যস্মি ॥ ৩৪ ॥ মীঢুষে জ্ঞানাদিবীর্য্যসেচনকত্রে ॥ ৩৫ ॥ ব্যাধস্য নির্দ্দয়স্যাপ্যনুকম্প্যানাং

স নঃ প্রসীদতাং ভামো ভগবানুর্ব্বনুগ্রহঃ।
ব্যাধস্যাপ্যনুকম্প্যানাং স্ত্রীণাং দেবঃ সতীপতিঃ ॥ ৩৬ ॥

শ্রীমৈত্রেয় উবাচ

স্বসর্গস্যাশিষং লোক্যামাশাসানাং প্রবেপতীম্।
নিবৃত্তসন্ধ্যানিয়মো ভার্য্যামাহ প্রজাপতিঃ ॥ ৩৭ ॥

শ্রীকশ্যপ উবাচ

অপ্রায়ত্যাদাত্মনস্তে দোষান্মৌহূর্ত্তিকাদুত।
মন্নিদেশাতিচারেণ দেবানাঞ্চাতিহেলনাৎ ॥ ৩৮ ॥

অন্বয়

(মঙ্গলপ্রদ), ন্যস্তদণ্ডায় (শিষ্টগণের প্রতি অদণ্ডধর), ধৃতদণ্ডায় (দুষ্টগণের প্রতি দণ্ডধর) মন্যবে (ও সংহার বিষয়ে ক্রোধরূপী) মহতে দেবায় (মহাদেবকে) নমঃ (নমস্কার করি) ॥ ৩৫ ॥

সঃ (তাদৃশ) উর্ব্বনুগ্রহঃ (অতিশয় দয়াশীল) ভামঃ (আমার ভগিনীপতি) সতীপতিঃ (সতীদেবীর স্বামী) ভগবান্ দেবঃ (ভগবান্ মহাদেব) ব্যাধস্য অপি (ব্যাধেরও) অনুকম্প্যানাং (দয়ার পাত্র) স্ত্রীণাং নঃ (স্ত্রীজন আমার প্রতি) প্রসীদতাম্ (প্রসন্ন হউন) ॥ ৩৬ ॥

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) নিবৃত্তসন্ধ্যানিয়মঃ প্রজাপতিঃ (সায়ন্তনকৃত্য সমাপন করিয়া প্রজাপতি কশ্যপ) স্বসর্গস্য (নিজ সন্তানের) আশিষং (মঙ্গল) আশাসানাং (প্রার্থনাকারিণী) প্রবেপতীং (কম্পমানা) লোক্যাং ভার্য্যাম্ (পত্নী দিতিকে দর্শন করিয়া) আহ (বলিলেন) ॥ ৩৭ ॥

শ্রীকশ্যপঃ উবাচ (কশ্যপ বলিলেন) অভদ্রে! (হে অমঙ্গলে!) তে (তোমার) আত্মনঃ (বুদ্ধির) অপ্রায়ত্যাৎ (বিপর্য্যয়বশতঃ) উত (এবং) মৌহূর্ত্তিকাৎ দোষাৎ (সন্ধ্যাকালীন সঙ্গমরূপ

অনুবাদ

ঐশ্বর্য্য প্রদান করিয়া থাকেন, যিনি সকলের মঙ্গলপ্রদ ও বস্তুতঃ অদণ্ডধর হইয়াও দুষ্টজনের প্রতি দণ্ডধর হইয়া থাকেন এবং যিনি সংহারে ক্রোধরূপী, সেই মহাদেবকে আমি নমস্কার করি ॥ ৩৫ ॥

সেই মহাদেব অতিশয় দয়াশীল; তিনি আমার ভগিনী সতীদেবীর স্বামী; অতএব তিনি নিজেও স্ত্রীস্বভাব অবগত আছেন; নির্দ্দয় ব্যাধগণেরও স্ত্রীজাতি দয়ার পাত্র; স্ত্রীজন আমার প্রতি তিনি প্রসন্ন হউন ॥ ৩৬ ॥

মৈত্রেয়ঋষি বলিলেন—প্রজাপতি কশ্যপ সায়ংকালীন কৃত্য সমাপন করিয়া স্বীয় সন্তানের মঙ্গল প্রার্থনাকারিণী ও ভয়ে কম্পমানা ভার্য্যা দিতিকে দর্শন করিয়া বলিতে লাগিলেন ॥ ৩৭ ॥

হে অভদ্রে! তুমি যোগ্যকালের অপেক্ষা কর নাই, সন্ধ্যারূপ কালদোষ গ্রাহ্য কর

টীকা

নোঽস্মাকম্ উরুরনুগ্রহো যস্য সঃ ভামঃ ভগিনীভর্ত্তা প্রসীদতাম্ ॥ ৩৬ ॥ স্বসর্গস্য স্বসন্ততেঃ আশিষং মঙ্গল-মাশাসানাং লোক্যামালোকনীয়াম্, নিবৃত্তঃ সন্ধ্যানিয়মঃ সন্ধ্যাকালিকং কৃত্যং যস্য সঃ ॥ ৩৭ ॥ তে

ভবিষ্যতস্তবাভদ্রাবভদ্রে ! জাঠরাধমৌ ।
লোকান্ সপালাংস্ত্রীংশ্চণ্ডি ! মুহুরাক্রন্দয়িষ্যতঃ ॥ ৩৯ ॥
প্রাণিনাং হন্যমানানাং দীনানামকৃতাগসাম্ ।
স্ত্রীণাং নিগৃহ্যমাণানাং কোপিতেষু মহাত্মসু ॥ ৪০ ॥
তদা বিশ্বেশ্বরঃ ক্রুদ্ধো ভগবাঁল্লোকভাবনঃ ।
হনিষ্যত্যবতীর্য্যাসৌ যথাদ্রীন্ শতপর্ব্বধৃক্ ॥ ৪১ ॥

অন্বয়

দোষবশতঃ), মন্নিদেশাতিচারেণ (আমার আদেশ অপালনহেতু) দেবানাং চ অতিহেলনাৎ (ও দেবতাগণের অবজ্ঞা করায়) তব (তোমার) অভদ্রৌ (অমঙ্গলস্বরূপ) জাঠরাধমৌ (অধম পুত্রদ্বয়) ভবিষ্যতঃ (জন্মিবে); চণ্ডি! (হে সাহসিকে!) [তাহারা] সপালান্ (লোকপালগণের সহিত) ত্রীন্ লোকান্ (ত্রিভুবনকে) মুহুঃ (পুনঃ পুনঃ) আক্রন্দয়িষ্যতঃ (কাঁদাইবে)॥ ৩৮ ॥ ৩৯ ॥

[সেই পুত্রদ্বয়কর্ত্তৃক] অকৃতাগসাম্ (নিরপরাধী) দীনানাং (কাতর) প্রাণিনাং (প্রাণিগণ) হন্যমানানাং (বিনষ্ট হইলে) [এবং] স্ত্রীণাং নিগৃহ্যমাণানাং (স্ত্রীসকল নিগৃহীতা হইলে) মহাত্মসু কোপিতেষু (ও মহাত্মগণের ক্রোধ বর্দ্ধিত হইলে) তদা (তখন) লোকভাবনঃ (লোকপালক) ভগবান্ বিশ্বেশ্বরঃ (ভগবান্ জগদীশ্বর) ক্রুদ্ধঃ (ক্রুদ্ধ হইয়া) অবতীর্য্য (অবতাররূপ গ্রহণ করতঃ) অসৌ শতপর্ব্বধৃক্ (বজ্রধর ইন্দ্র) যথা (যেরূপ) অদ্রীন্ (পর্ব্বত সকলকে) [ভেদ করেন], [তথা] (সেইরূপ) [উহাদিগকে] হনিষ্যতি (বিনাশ করিবেন)॥৪০॥৪১॥

অনুবাদ

নাই, আমার আদেশও পালন কর নাই এবং দেবতাগণের অবজ্ঞা করিয়া অপরাধ করিয়াছ, এই সকল কারণে তোমার অমঙ্গলস্বরূপ অধম পুত্রদ্বয় জন্মগ্রহণ করিবে। হে সাহসিকে! তোমার এই পুত্রদ্বয় লোকপালগণের সহিত এই ত্রিলোককে পুনঃ পুনঃ কাঁদাইবে ॥ ৩৮ ॥ ৩৯ ॥

তোমার পুত্রদ্বয় যখন নিরপরাধী দীনহীন প্রাণিগণকে বিনাশ করিবে, স্ত্রীগণের নিগ্রহ করিবে ও মহাত্মগণের কোপ বৃদ্ধি করিবে, তখন লোকপালক ভগবান্ বিশ্বেশ্বর ক্রুদ্ধ হইয়া অবতার বিগ্রহ ধারণ করতঃ বজ্রধর ইন্দ্র যেমন পর্ব্বতসমূহকে ভেদ করিয়া থাকেন, সেইরূপ উহাদিগকে বিনাশ করিবেন। ৪০ ॥ ৪১ ॥

টীকা

আত্মনো বুদ্ধেঃ প্রযতস্য ভাবঃ প্রাযত্যং কৃত্যকালাবেক্ষণং তদ্বিপরীতমপ্রাযত্যং তস্মাৎ, মৌহূর্ত্তিকাৎ সন্ধ্যায়াং কৃতাৎ গ্রাম্যকর্ম্মসাহসরূপাদ্দোষাৎ, মম নির্দ্দেশস্য আজ্ঞায়া অতিচারেণ অপালনেন দেবানাং রুদ্রাদীনাং হেলনাৎ অপরাধাচ্চ জাঠরাধমৌ পুত্রাধমৌ ভবিষ্যতঃ। চণ্ডি! সাহসিকে! ॥ ৩৮ ॥ ৩৯ ॥

শ্রীদিতিরুবাচ

বধং ভগবতা সাক্ষাৎ সুনাভোদারবাহুনা।
আশাসে পুত্রয়োর্ম্মহ্যং মা ক্রুদ্ধাদ্ব্রাহ্মণাদ্বিভো! ॥ ৪২ ॥
ন ব্রহ্মদণ্ডদগ্ধস্য ন ভূতভয়দস্য চ।
নারকাশ্চানুগৃহ্ণন্তি যাং যাং যোনিমসৌ গতঃ ॥ ৪৩ ॥

শ্রীকশ্যপ উবাচ

কৃতশোকানুতাপেন সদ্যঃ প্রত্যবমর্শনাৎ।
ভগবত্যুরুমানাচ্চ ভবে ময্যপি চাদরাৎ ॥ ৪৪ ॥

অন্বয়

শ্রীদিতিঃ উবাচ (দিতি বলিলেন) বিভো! (হে স্বামিন্!) সুনাভোদারবাহুনা সাক্ষাৎ ভগবতা (সুদর্শনচক্রধারী সাক্ষাৎ ভগবান্ বিষ্ণুকর্ত্তৃক) মহ্যং (আমার) পুত্রয়োঃ (পুত্রদ্বয়ের) বধং (বিনাশ) আশাসে (আমি প্রার্থনা করি); [কিন্তু] ক্রুদ্ধাৎ ব্রাহ্মণাৎ (ক্রুদ্ধ ব্রাহ্মণ হইতে) মা [যেন বিনাশ] (না হয়) ॥ ৪২ ॥

ব্রহ্মদণ্ডদগ্ধস্য (ব্রহ্মশাপদগ্ধ ব্যক্তির প্রতি) নারকাঃ চ (নরকবাসিগণও) ন অনুগৃহ্ণন্তি (অনুগ্রহ করে না); ভূতভয়দস্য চ ন (প্রাণিগণের ভীতিজনক ব্যক্তির প্রতিও অনুগ্রহ করে না); অসৌ (সেই ব্রহ্মশাপদগ্ধ বা প্রাণিগণের ভীতিজনক ব্যক্তি) যাং যাং যোনিং (যে যে যোনি) গতঃ (প্রাপ্ত হয়), [তত্রস্থ জনগণও তাহাকে অনুগ্রহ করে না] ॥ ৪৩ ॥

শ্রীকশ্যপঃ উবাচ (কশ্যপ বলিলেন) কৃতশোকানুতাপেন (তোমার অন্যায় কর্ম্মে শোক ও অনুতাপ হওয়ায়), সদ্যঃ (সঙ্গে সঙ্গেই) প্রত্যবমর্শনাৎ (বিবেকবুদ্ধি হইয়াছে বলিয়া), ভগবতি ভবে (ভগবান্ রুদ্রদেবে) উরুমানাচ্চ (সম্মান প্রদর্শিত হইয়াছে বলিয়া) ময়ি অপি চ (এবং আমাতেও) আদরাৎ

অনুবাদ

দিতি বলিলেন—হে স্বামিন্! [যদি আমার পুত্রদ্বয় একান্তই বধযোগ্য হয়, তবে যেন] সুদর্শনাস্ত্রধারী সাক্ষাৎ ভগবান্ বিষ্ণুই আমার পুত্রদ্বয়কে বিনাশ করেন ইহাই আমি প্রার্থনা করি; কিন্তু ক্রুদ্ধ ব্রাহ্মণ হইতে যেন তাহাদের বিনাশ না হয় ॥ ৪২ ॥

যাহারা ব্রহ্মশাপে দগ্ধ এবং যাহারা প্রাণিগণের ভয়প্রদ, নরকবাসিগণও তাহাদের প্রতি অনুগ্রহ করে না; এমন কি তাহারা যে যে যোনিতে জন্মগ্রহণ করে, তত্রস্থ প্রাণিগণও তাহাদিগের প্রতি অনুগ্রহ করে না ॥ ৪৩ ॥

কশ্যপ বলিলেন—হে প্রিয়ে! যেহেতু তুমি অন্যায় কার্য্যে শোকাকুলা ও অনুতপ্তা হইয়াছ, সঙ্গে সঙ্গেই যোগ্যাযোগ্য বিচার করিয়াছ এবং ভগবান্ রুদ্রদেবে ও আমাতে

টীকা

সুনাভঃ সুদর্শনস্তেন অরিষু প্রক্ষিপ্যমাণেন উদারঃ প্রক্ষেপকুশলঃ বাহুর্যস্য তেন ॥ ৪২ ॥ ৪৩ ॥ কৃতেনাযুক্তকর্ম্মণা যঃ শোকঃ ততঃ অনুতাপঃ তেন, সদ্যঃ প্রত্যবমর্শনাৎ যোগ্যাযোগ্যবিচারাৎ। পুত্রস্য

পুত্রস্যৈব চ পুত্রাণাং ভবিতৈকঃ সতাং মতঃ।
গাস্যন্তি যদ্‌যশঃ শুদ্ধং ভগবদ্‌যশসা সমম্ ॥ ৪৫ ॥
যোগৈর্হেমেব দুর্ব্বর্ণং ভাবয়িষ্যন্তি সাধবঃ।
নির্ব্বৈরাদিভিরাত্মানং যচ্ছীলমনুবর্ত্তিতুম্ ॥ ৪৬ ॥
যৎপ্রসাদাদিদং বিশ্বং প্রসীদতি যদাত্মকম্।
স স্বদৃগ্ ভগবান্ যস্য তোষ্যতেঽনন্যয়া দৃশা ॥ ৪৭ ॥
স বৈ মহাভাগবতো মহাত্মা মহানুভাবো মহতাং মহিষ্ঠঃ।
প্রবৃদ্ধভক্ত্যা হ্যনুভাবিতাশয়ে নিবেশ্য বৈকুণ্ঠমিমং বিহাস্যতি ॥৪৮॥

অন্বয়

(ভক্তি প্রদর্শিত হইয়াছে বলিয়া) পুত্রস্য এব চ (তোমার পুত্রেরই অর্থাৎ হিরণ্যকশিপুর) পুত্রাণাং (পুত্রগণের মধ্যে) একঃ (একজন) সতাং মতঃ (সজ্জনসম্মত অর্থাৎ সজ্জনগণের মাননীয়) ভবিতা (হইবেন); [সজ্জনগণ] ভগবদ্‌যশসা সমং (ভগবানের যশোগাথার সহিত) যৎ (যাঁহার) শুদ্ধং (নির্ম্মল) যশঃ (কীর্ত্তি) গাস্যন্তি (কীর্ত্তন করিবেন) ॥ ৪৪ ॥ ৪৫ ॥

[হে প্রিয়ে!] যোগৈঃ (সন্তাপাদিদ্বারা) দুর্ব্বর্ণং হেম ইব (মলিন সুবর্ণের পরিশোধনের ন্যায়) সাধবঃ (মুমুক্ষুগণ) যচ্ছীলম্ (সেই প্রহ্লাদের স্বভাব) অনুবর্ত্তিতুম্ (অনুসরণ করিবার জন্য) নির্ব্বৈরাদিভিঃ যোগৈঃ (অহিংসাদি যোগাবলম্বনের দ্বারা) আত্মানং (অন্তঃকরণকে) ভাবয়িষ্যন্তি (পরিশোধিত করিবেন) ॥ ৪৬ ॥

যদাত্মকং (ভগবদাত্মক) ইদং বিশ্বং (এই জগৎ) যৎ প্রসাদাৎ (যে ভগবানের অনুগ্রহে) প্রসীদতি (প্রসন্ন হয়), সঃ স্বদৃক্ (সেই আত্মসাক্ষী) ভগবান্ (ভগবান্ বিষ্ণু) যস্য (যাহার অর্থাৎ সেই প্রহ্লাদের) অনন্যয়া দৃশা (একান্ত ভক্তিদ্বারা) তোষ্যতে (সন্তুষ্ট হইবেন) ॥ ৪৭ ॥

মহাভাগবতঃ (পরমবৈষ্ণব) মহাত্মা (উদারচেতা) মহানুভাবঃ (মহাপ্রভাবশালী) মহতাং

অনুবাদ

বহুমান প্রদর্শন করিয়াছ, এই নিমিত্ত তোমার [হিরণ্যকশিপু নামে যে পুত্র জন্মিবে, সেই] পুত্রের পুত্রগণের মধ্যে একজন [প্রহ্লাদ] সজ্জনগণের মাননীয় হইবেন; সজ্জনগণ ভগবানের যশোগাথার সহিত তাঁহার নির্ম্মল যশঃ কীর্ত্তন করিবেন ॥ ৪৪ ॥ ৪৫ ॥

হে প্রিয়ে! উত্তাপাদিদ্বারা মলিন সুবর্ণকে যেমন পরিশোধিত করা হয়, সেইরূপ মুমুক্ষুগণ প্রহ্লাদের স্বভাবের অনুসরণ করিবার জন্য অহিংসাদি যোগাবলম্বনে অন্তঃকরণকে পরিশোধিত করিবেন ॥ ৪৬ ॥

হে প্রিয়ে! ভগবদাত্মক এই জগৎ ভগবানের অনুগ্রহে প্রসন্ন হইয়া থাকে; সেই আত্মসাক্ষী ভগবান্ বিষ্ণু প্রহ্লাদের একান্ত ভক্তিদ্বারা সন্তুষ্ট হইবেন ॥ ৪৭ ॥

হে প্রিয়ে! পরমবৈষ্ণব, উদারচেতা, মহাপ্রভাবশালী ও সজ্জনশ্রেষ্ঠ তোমার পৌত্র

টীকা

হিরণ্যকশিপোঃ ॥ ৪৪ ॥ ৪৫ ॥ যোগৈঃ সন্তাপনাদিভির্দুর্ব্বর্ণং হেম যথা ভাব্যতে, তদ্বৎ সাধবঃ

অলম্পটঃ শীলধরো গুণাকরো হৃষ্টঃ পরার্দ্ধ্যা ব্যথিতো দুঃখিতেষু।
অভূতশত্রুর্জ্জগতঃ শোকহর্ত্তা নৈদাঘিকং তাপমিবোড়ুরাজঃ ॥ ৪৯ ॥
অন্তর্ব্বহিশ্চামলমব্জনেত্রং স্বপুরুষেচ্ছানুগৃহীতরূপম্।
পৌত্রস্তব শ্রীললনাললামং দ্রষ্টা স্ফুরৎকুণ্ডলমণ্ডিতাননম্ ॥ ৫০ ॥

অন্বয়

মহিষ্ঠঃ (সজ্জনশ্রেষ্ঠ) সঃ বৈ (সেই তোমার পৌত্র প্রহ্লাদ) প্রবৃদ্ধভক্ত্যা (ক্রমবর্দ্ধিত ভক্তির দ্বারা) অনুভাবিতাশয়ে (পরিশোধিত চিত্তে) বৈকুণ্ঠং (শ্রীহরিকে) নিবেশ্য (নিবেশিত করিয়া) ইমং (এই দেহগেহাদির অভিমান) বিহাস্যতি হি (পরিত্যাগ করিবেন) ॥ ৪৮ ॥

[প্রহ্লাদ মহাভাগবত হইবেন ইহাই বলিতেছেন] [প্রহ্লাদ] অলম্পটঃ (বিষয়ে অনাসক্ত), শীলধরঃ (চরিত্রবান্), গুণাকরঃ (গুণসমূহের আধার), পরার্দ্ধ্যা (পরের সমৃদ্ধিদর্শনে) হৃষ্টঃ (আনন্দিত) দুঃখিতেষু (ও অপরে দুঃখিত হইলে) ব্যথিতঃ (নিজে ব্যথিত হইবেন) অভূতশত্রুঃ (এবং শত্রুশূন্য হইয়া) নৈদাঘিকং তাপং (গ্রীষ্মকালের তাপকে) উড়ুরাজঃ ইব (চন্দ্র যেমন হরণ করেন), [সেইরূপ] জগতঃ শোকহর্ত্তা (জগতের শোক হরণ করিবেন) ॥৪৯ ॥

[হে প্রিয়ে!] তব (তোমার) পৌত্রঃ (পুত্রের পুত্র প্রহ্লাদ) স্বপুরুষেচ্ছানুগৃহীতরূপং (স্বীয় ভক্তগণের ইচ্ছানুরূপ বিগ্রহধারী) শ্রীললনাললামং (অতি সুন্দরী লক্ষ্মীদেবীর ভূষণস্বরূপ) স্ফুরৎকুণ্ডল-মণ্ডিতাননম্ (অত্যুজ্জ্বলকুণ্ডলে মণ্ডিতবদন) অমলম্ (নির্ম্মল) অব্জনেত্রম্ (কমললোচন শ্রীহরিকে) অন্তঃ (অন্তরে) বহিঃ চ (ও বাহিরে) দ্রষ্টা (দর্শন করিবেন) ॥ ৫০ ॥

অনুবাদ

প্রহ্লাদ ক্রমবর্দ্ধিত ভক্তির দ্বারা পরিশোধিত চিত্তে শ্রীহরিকে নিবেশিত করিয়া এই দেহগেহাদির অভিমান পরিত্যাগ করিবেন ॥ ৪৮ ॥

তোমার পৌত্র প্রহ্লাদ বিষয়ে অনাসক্ত হইবেন এবং চরিত্রবান্ ও গুণ-সমূহের আধার হইবেন ; তিনি পরের সমৃদ্ধি দর্শনে আনন্দিত ও অপরে দুঃখিত হইলে স্বয়ং ব্যথিত হইবেন ; তাঁহার শত্রু কেহ থাকিবে না ; গ্রীষ্মকালের তাপকে যেমন নক্ষত্ররাজ চন্দ্র হরণ করিয়া থাকেন, সেইরূপ তিনি জগতের শোক হরণ করিবেন ॥ ৪৯ ॥

হে প্রিয়ে! যিনি স্বীয় ভক্তগণের মনোবাসনা পূর্ণ করিবার নিমিত্ত ভক্তের ইচ্ছানুসারে বিগ্রহ ধারণ করিয়া থাকেন, যিনি অতি সুন্দরী লক্ষ্মীদেবীর ভূষণস্বরূপ এবং যাঁহার বদন-মণ্ডল অত্যুজ্জ্বল কুণ্ডলদ্বয়ে মণ্ডিত, সেই নির্ম্মল কমললোচন শ্রীহরিকে তোমার পৌত্র প্রহ্লাদ অন্তরে ও বাহিরে সর্ব্বত্র দর্শন করিবেন ॥ ৫০ ॥

টীকা

মুমুক্ষবঃ যস্য জায়মানস্য প্রহ্লাদস্য শীলং স্বভাবমনুবর্ত্তিতুমনুগন্তুং নির্ব্বৈরাদিভির্যোগৈরাত্মানং ভাবয়িষ্যন্তি শোধয়িষ্যন্তি ॥ ৪৬ ॥ ৪৭ ॥ ইমং প্রসিদ্ধং দেহাদ্যভিমানং বিহাস্যতি ত্যক্ষ্যতি ॥৪৮॥৪৯॥ শ্রীরেব ললনা

শ্রীমৈত্রেয় উবাচ

শ্রুত্বা ভাগবতং পৌত্রমমোদত দিতির্ভৃশম্।
পুত্রয়োশ্চ বধং কৃষ্ণাদ্বিদিত্বাসীন্মহামনাঃ ॥ ৫১ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুরমৈত্রেয়-সংবাদে দিতিগর্ভাধানং নাম চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥ ১৪ ॥

অন্বয়

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) [হে বিদুর !] দিতিঃ (দাক্ষায়ণী দিতি) পৌত্রং (পুত্রের পুত্র প্রহ্লাদ) ভাগবতং (পরমবৈষ্ণব হইবে) শ্রুত্বা (শ্রবণ করিয়া) ভৃশম্ (অতিশয়) অমোদত (আনন্দিতা হইলেন) পুত্রয়োঃ চ (এবং পুত্রদ্বয়ের) বধং (বিনাশ) কৃষ্ণাৎ (কৃষ্ণ হইতে হইবে) বিদিত্বা (শ্রবণ করিয়া) মহামনাঃ আসীৎ (অতিশয় হৃষ্টচিত্তা হইলেন) ॥ ৫১ ॥

অনুবাদ

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর ! দিতি পৌত্র প্রহ্লাদ ভগবদ্ভক্ত হইবে শ্রবণ করিয়া অতিশয় আনন্দিতা হইলেন এবং স্বীয় পুত্রদ্বয়ের বিনাশ শ্রীকৃষ্ণ হইতেই হইবে জানিতে পারিয়া অতিশয় হৃষ্টচিত্তা হইলেন অর্থাৎ "শ্রীহরির সহিত যুদ্ধে আমার পুত্রদ্বয়ের মৃত্যু হইলে তাহাদের কীর্ত্তিই বিস্তারিত হইবে ও তাহাদের সদ্গতি হইবে" ইহা মনে করিয়া দিতি পরম আনন্দিতা হইলেন ॥ ৫১ ॥

চতুর্দ্দশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ১৪ ॥

টীকা

অতিসুন্দরী, তস্যাঃ ললামং মণ্ডনম্ ॥ ৫০ ॥ ৫১ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে তৃতীয়স্কন্ধে শ্রীমচ্ছুকদেবকৃতসিদ্ধান্তপ্রদীপটীকায়াং চতুর্দ্দশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ১৪ ॥

পঞ্চদশোঽধ্যায়ঃ

শ্রীমৈত্রেয় উবাচ

প্রাজাপত্যং হি তৎ তেজঃ পরতেজোহনং দিতিঃ।
দধার বর্ষাণি শতং শঙ্কমানা সুরার্দ্দনাৎ ॥ ১ ॥
লোকে তেন হতালোকে লোকপালা হতৌজসঃ।
ন্যবেদয়ন্ বিশ্বসৃজে ধ্বান্তব্যতিকরং দিশাম্ ॥ ২ ॥

শ্রীদেবা ঊচুঃ

তম এতদ্বিভো! বেত্থ সংবিগ্না যদ্বয়ং ভৃশম্।
ন হ্যব্যক্তং ভগবতঃ কালেনাস্পৃষ্টবর্ত্মনঃ ॥ ৩ ॥

অন্বয়

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) [হে বিদুর! অনন্তর] দিতিঃ (দিতি) সুরার্দ্দনাৎ শঙ্কমানা (স্বীয় পুত্রদ্বয় উৎপন্ন হইয়া দেবতাগণকে পীড়ন করিবে এই ভয়ে শঙ্কিতা হইয়া) প্রাজাপত্যং হি (প্রজাপতি কশ্যপের) তৎ পরতেজোহনং তেজঃ (সেই অপরের শৌর্য্যবিনাশক বীর্য্য) শতং বর্ষাণি (শতবৎসর) দধার (গর্ভে ধারণ করিলেন) ॥ ১ ॥

তেন (গর্ভস্থিত প্রাজাপত্য তেজের দ্বারা) লোকে (জগৎ) হতালোকে [সতি] (আলোকবিহীন হইলে) হতৌজসঃ (হতপ্রভ) লোকপালাঃ (চন্দ্রসূর্য্যাদি লোকপালগণ) দিশাং (দিক্‌সমূহের) ধ্বান্তব্যতিকরং (অন্ধকারাচ্ছন্নতার বিষয়) বিশ্বসৃজে (বিশ্বস্রষ্টা ব্রহ্মাকে) ন্যবেদয়ন্ (নিবেদন করিলেন) ॥২॥

শ্রীদেবাঃ ঊচুঃ (দেবগণ বলিলেন) বিভো! (হে ব্যাপিন্!) যৎ (যাহা হইতে) বয়ং (আমরা) ভৃশং (অতিশয়) সংবিগ্নাঃ (ভীত হইয়াছি), এতৎ তমঃ (সেই অন্ধকারের কারণ) বেত্থ

অনুবাদ

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর! অনন্তর দিতি "স্বীয় পুত্রদ্বয় উৎপন্ন হইয়া দেবতাগণকে পীড়ন করিবে" এই ভয়ে শঙ্কিতা হইয়া সেই প্রজাপতি কশ্যপের পরশৌর্য্য-বিনাশক বীর্য্য শতবৎসর গর্ভে ধারণ করিলেন ॥ ১ ॥

সেই গর্ভস্থিত প্রাজাপত্য তেজের দ্বারা এই জগৎ আলোকবিহীন হইলে চন্দ্রসূর্য্যাদি লোকপালগণ হতপ্রভ হইয়া (ব্রহ্মার সমীপে গমন করতঃ) বিশ্বস্রষ্টা ব্রহ্মাকে দিক্‌সমূহের অন্ধকারাচ্ছন্নতার বিষয় নিবেদন করিলেন ॥ ২ ॥

দেবগণ বলিলেন—হে প্রভো! যাহা হইতে আমরা অতিশয় ভীত হইয়াছি,

টীকা

প্রাজাপত্যং কশ্যপাখ্যপ্রজাপতিসম্বন্ধি তেজঃ বীর্য্যং পরতেজোহনং পরশৌর্য্যঘ্নম্। উৎপন্নো সুরপীড়নং করিষ্যত ইত্যেবং শঙ্কমানা দধার ॥ ১ ॥ তেন প্রাজাপত্যেন তেজসা হতালোকে হতপ্রভে ধ্বান্তেন প্রভাভাবেন ব্যতিকরং মিশ্রীভাবাৎ ॥ ২ ॥ ব্রহ্মণি ভগবদ্দৃষ্টিং কুর্ব্বন্তো দেবা ঊচুস্তম ইত্যাদ্যষ্টভিঃ। হে বিভো! ত্বং বেত্থ জানাসি, জ্ঞানাবরণস্য তু কা কথা, ন স্পৃষ্টং বর্ত্ম

দেবদেব ! জগদ্ধাতর্লোকনাথশিখামণে ! ।
পরেষামপরেষাং ত্বং ভূতানামসি ভাববিৎ ॥ ৪ ॥
নমো বিজ্ঞানবীর্য্যায় মায়য়েদমুপেয়ুষে ।
গৃহীতগুণভেদায় নমস্তে ব্যক্তযোনয়ে ॥ ৫ ॥
যে ত্বানন্যেন ভাবেন ভাবয়ন্ত্যাত্মভাবনম্ ।
আত্মনি প্রোতভুবনং পরং সদসদাত্মকম্ ॥ ৬ ॥

অন্বয়

(আপনি জানেন) ; হি (যেহেতু) কালেন (কালকর্ত্তৃক) অস্পৃষ্টবর্ত্মনঃ (যাঁহার জ্ঞানপথ স্পৃষ্ট হয় না, সেই) ভগবতঃ (ষড়ৈশ্বর্য্যশালী আপনার) অব্যক্তং ন [কিঞ্চিৎ অস্তি] (অজ্ঞাত কিছুই নাই) ॥৩॥

দেবদেব ! জগদ্ধাতঃ ! (হে দেবদেব ! হে জগদ্‌বিধাতঃ !) লোকনাথশিখামণে ! (হে লোকপাল-শিরোমণে !) ত্বং (আপনি) পরেষাম্ অপরেষাং [চ] ভূতানাং (পরাপর অর্থাৎ উৎকৃষ্ট ও অপকৃষ্ট প্রাণিগণের) ভাববিৎ অসি (অভিপ্রায় অবগত হইয়া থাকেন) ॥ ৪ ॥

বিজ্ঞানবীর্য্যায় (যাঁহার বিবিধ জ্ঞানবল আছে), [যিনি] মায়য়া (কৃপা করিয়া) ইদম্ (এই চতুর্ম্মুখ বিগ্রহ) উপেয়ুষে (ধারণ করিয়াছেন), গৃহীতগুণভেদায় (যিনি রজোগুণাবলম্বী) ব্যক্তযোনয়ে (ও যিনি বিশ্বের কারণ, সেই ভগবান্) তে (আপনাকে) নমঃ নমঃ (পুনঃ পুনঃ নমস্কার) ॥ ৫ ॥

যে (যে সকল নিষ্কামী ভক্ত) অনন্যেন ভাবেন (একান্ত ভক্তিদ্বারা) আত্মনি (যাঁহাতে) প্রোতভুবনং (সমস্তজগৎ গ্রথিত আছে), সদসদাত্মকং (সেই স্থূলসূক্ষ্মাত্মক) আত্মভাবনং (স্বকারণ) পরং ত্বা (পরমেশ্বর আপনাকে) ভাবয়ন্তি (ধ্যান করিয়া থাকেন), [তাঁহারা ইন্দ্রিয় জয় করিয়া থাকেন। পরের শ্লোকের সহিত অন্বয়] ॥ ৬ ॥

অনুবাদ

আপনি অবশ্যই সেই অন্ধকারের কারণ অবগত আছেন ; যেহেতু কাল আপনার জ্ঞান তিরোহিত করিতে পারে না ; অতএব ষড়ৈশ্বর্য্যশালী আপনার অজ্ঞাত কিছুই নাই ॥ ৩ ॥

হে দেবদেব ! হে জগদ্‌বিধাতঃ ! হে লোকপালশিরোমণে ! আপনি পরাপর অর্থাৎ উৎকৃষ্ট ও অপকৃষ্ট প্রাণিগণের অভিপ্রায় পরিজ্ঞাত আছেন অর্থাৎ কি অভিপ্রায়ে দিতির গর্ভ বর্দ্ধিত হইতেছে, তাহা আপনি জানেন ॥ ৪ ॥

হে ভগবন্ ! আপনার বিবিধ জ্ঞানবল আছে, আপনি কৃপা করিয়া এই চতুর্ম্মুখ শরীর ধারণ করিয়াছেন ও রজোগুণাবলম্বী হইয়াছেন, আপনিই এই জগতের কারণ ; অতএব আপনাকে আমরা পুনঃ পুনঃ নমস্কার করিতেছি ॥ ৫ ॥

হে ভগবন্ ! যে সকল নিষ্কামী ভক্ত একান্ত ভক্তিদ্বারা যাঁহাতে সমস্ত জগৎ গ্রথিত

টীকা

যস্য তস্য অব্যক্তমজ্ঞাতম্ ॥ ৩ ॥ ভাববিৎ অভিপ্রায়বিৎ ॥ ৪ ॥ বিজ্ঞানং বিবিধং জ্ঞানং বীর্য্যং বলং যস্য তস্মৈ, মায়য়া কৃপয়া ইদং চতুর্ম্মুখশরীরম্ উপেয়ুষে প্রাপ্তবতে, গৃহীতো গুণভেদঃ স্রষ্টৃত্বলক্ষণঃ রজোগুণো বা যেন তস্মৈ ব্যক্তযোনয়ে বিশ্বকারণায়, অকারপ্রশ্লেষে তু অদৃষ্টকারণায় ইত্যর্থঃ ॥৫॥

তেষাং সুপক্বযোগানাং জিতশ্বাসেন্দ্রিয়াত্মনাম্।
লব্ধযুষ্মৎপ্রসাদানাং ন কুতশ্চিৎ পরাভবঃ ॥ ৭ ॥
যস্য বাচা প্রজাঃ সর্ব্বা গাবস্তন্ত্যেব যন্ত্রিতাঃ।
হরন্তি বলিমায়ত্তাস্তস্মৈ মুখ্যায় তে নমঃ ॥ ৮ ॥
স ত্বং বিধৎস্ব শং ভূমন্ তমসা লুপ্তকর্ম্মণাম্।
অদভ্রদয়য়া দৃষ্ট্যা আপন্নানর্হসীক্ষিতুম্ ॥ ৯ ॥

অন্বয়

জিতশ্বাসেন্দ্রিয়াত্মনাম্ (প্রাণ, ইন্দ্রিয় ও চিত্তজয়ী), সুপক্বযোগানাং (পরিপক্ক যোগসম্পন্ন) লব্ধযুষ্মৎপ্রসাদানাং (ও আপনার অনুগ্রহপ্রাপ্ত) তেষাং (সেই নিষ্কামী ভক্তগণের) কুতশ্চিৎ ন পরাভবঃ (কাহা হইতেও পরাভব হয় না) ॥ ৭ ॥

[হে বিভো!] তন্ত্যা (রজ্জুদ্বারা) যন্ত্রিতাঃ (নিবদ্ধ) আয়ত্তাঃ (ও অধীন) গাবঃ ইব (গোসমূহের ন্যায়) যস্য (যে আপনার) বাচা (বেদবাক্যরূপ রজ্জুদ্বারা) [যন্ত্রিতাঃ] (নিবদ্ধ) [আয়ত্তাঃ] (ও অধীন হইয়া) সর্ব্বাঃ প্রজাঃ (সমস্ত প্রজা) বলিং (পূজোপকরণ) হরন্তি (আহরণ করিতেছে), তস্মৈ মুখ্যায় (সেই সর্ব্বনিয়ন্তা) তে (আপনাকে) নমঃ (নমস্কার করিতেছি) ॥ ৮ ॥

ভূমন্! (হে সর্ব্বব্যাপিন্!) সঃ ত্বং (আপনি) তমসা (অন্ধকারের দ্বারা) লুপ্তকর্ম্মণাং (যাহাদের বিহিত কর্ম্মানুষ্ঠান বিলুপ্ত হইয়াছে, সেই আমাদের) শং (মঙ্গল) বিধৎস্ব (বিধান করুন)।

অনুবাদ

আছে, সেই স্বকারণ স্থূল ও সূক্ষ্মাত্মক পরমেশ্বর আপনাকে ধ্যান করিয়া থাকেন, তাঁহারা ইন্দ্রিয় জয় করিয়া থাকেন ॥ ৬ ॥

তাঁহারা প্রাণ, ইন্দ্রিয় ও চিত্তকে জয় করিয়া থাকেন এবং তাঁহাদের যোগ পরিপক্ক হইয়া থাকে বলিয়াই তাঁহারা আপনার অনুগ্রহ লাভ করিয়া থাকেন; সেই নিষ্কামী ভক্তগণের কখনও কাহা হইতেও পরাভব হয় না ॥ ৭ ॥

হে বিভো! গো সকল যেমন রজ্জুদ্বারা নিবদ্ধ ও অধীন হইয়া মানবগণের অভিলষিত কার্য্য সম্পাদন করিয়া থাকে, সেইরূপ প্রজাগণ আপনার বেদবাক্যরূপ রজ্জুদ্বারা নিবদ্ধ ও অধীন হইয়া পূজোপকরণ আহরণ করিতেছে; সেই সর্ব্বনিয়ন্তা আপনাকে নমস্কার করি ॥ ৮ ॥

হে সর্ব্বব্যাপিন্! আপনি সর্ব্বনিয়ন্তা; অন্ধকারের দ্বারা আমাদের বিহিত কর্ম্মানুষ্ঠান বিলুপ্ত হইয়াছে; অতএব আপনি আমাদের মঙ্গল বিধান করুন। বিপন্ন আমাদিগকে কৃপাদৃষ্টিতে অবলোকন করিতে একমাত্র আপনিই যোগ্য হইয়া থাকেন ॥ ৯ ॥

টীকা

আত্মভাবনং স্বকারণম্। ভাবয়ন্তি ধ্যায়ন্তি ॥ ৬—৯ ॥ অর্পিতং নিহিতম্। তিমিরয়ন্ তমোব্যাপ্তাঃ

এষ দেব ! দিতের্গর্ভ ওজঃ কাশ্যপমর্পিতম্ ।
দিশস্তিমিরয়ন্ সর্ব্বা বর্দ্ধতেঽগ্নিরিবৈধসি ॥ ১০ ॥

শ্রীমৈত্রেয় উবাচ

স প্রহস্য মহাবাহো ! ভগবাঞ্ছব্দগোচরঃ ।
প্রত্যাচষ্টাত্মভূর্দ্দেবান্ প্রীণন্ রুচিরয়া গিরা ॥ ১১ ॥

শ্রীব্রহ্মোবাচ

মানসা মে সুতা যুষ্মৎপূর্ব্বজাঃ সনকাদয়ঃ ।
চেরুর্ব্বিহায়সা লোকাঁল্লোকেষু বিগতস্পৃহাঃ ॥১২॥

অন্বয়

অদভ্রদয়য়া দৃষ্ট্যা (প্রচুর কৃপাদৃষ্টিদ্বারা) আপন্নান্ (বিপন্ন আমাদিগকে) ঈক্ষিতুম্ (দর্শন করিতে) অর্হসি (আপনিই যোগ্য হইয়া থাকেন) ॥ ৯ ॥

দেব ! (হে প্রভো !) কাশ্যপম্ অর্পিতম্ ওজঃ (কশ্যপনিহিত বীর্য্যসম্পন্ন) এষঃ দিতেঃ গর্ভঃ (এই দিতির গর্ভ) সর্ব্বাঃ দিশঃ (সকল দিক্) তিমিরয়ন্ (অন্ধকারাচ্ছন্ন করিয়া) এধসি (কাষ্ঠসংযোগে) অগ্নিঃ ইব (অগ্নিবৃদ্ধির ন্যায়) বর্দ্ধতে (বৃদ্ধিপ্রাপ্ত হইতেছে) ॥ ১০ ॥

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) মহাবাহো ! (হে বীর বিদুর !) সঃ ভগবান্ আত্মভূঃ (সেই ভগবান্ ব্রহ্মা) শব্দগোচরঃ [সন্] (দেবগণের বাক্য শ্রবণ করিয়া) প্রহস্য (দিতির কুৎসিতাচরণে হাসিলেন্ এবং) প্রীণন্ (দেবগণের প্রতি সন্তুষ্ট হইয়া) রুচিরয়া গিরা (সুমধুর বাক্যে) দেবান্ প্রতি আচষ্ট (তাঁহাদের প্রতি বলিতে লাগিলেন) ॥ ১১ ॥

শ্রীব্রহ্মা উবাচ (ব্রহ্মা বলিলেন) যুষ্মৎপূর্ব্বজাঃ (তোমাদের অগ্রজ) মে (আমার) মানসাঃ সুতাঃ (মানসপুত্র) সনকাদয়ঃ (সনকাদি ঋষিগণ) লোকেষু বিগতস্পৃহাঃ (সংসারে নিস্পৃহ হইয়া) বিহায়সা (আকাশমার্গে) লোকান্ (লোকসমূহে) চেরুঃ (বিচরণ করিতেছেন) ॥ ১২ ॥

অনুবাদ

হে দেব ! কাষ্ঠসংযোগে অগ্নি যেমন ক্রমশঃ বর্দ্ধিত হয়, সেইরূপ কশ্যপনিহিত বীর্য্য-সম্পন্ন এই দিতির গর্ভ দিক্‌সমূহ অন্ধকারাচ্ছন্ন করিয়া ক্রমশঃ বর্দ্ধিত হইতেছে ॥ ১০ ॥

মৈত্রেয়ঋষি বলিলেন—হে মহাবাহো ! ভগবান্ ব্রহ্মা দেবগণের প্রার্থনাবাক্য শ্রবণ করিয়া দিতির কুৎসিত আচরণে ঈষৎ হাস্য করিলেন ও দেবগণের প্রতি সন্তুষ্ট হইয়া সুমধুর বাক্যে তাঁহাদিগকে বলিতে লাগিলেন ॥ ১১ ॥

ব্রহ্মা বলিলেন—হে দেবগণ ! তোমাদের অগ্রজ আমার মানসপুত্র সনকাদি ঋষিগণ সংসারে নিস্পৃহ হইয়া আকাশমার্গে লোকসমূহে বিচরণ করিতেছেন ॥ ১২ ॥

টীকা

কুর্ব্বন্ ॥ ১০ ॥ শব্দগোচরঃ চতুর্ম্মুখাদিশব্দার্থঃ ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥ অনিমিত্তঃ অনাশ্রয়ঃ ভগবান্ এব

ত একদা ভগবতো বৈকুণ্ঠস্যামলাত্মনঃ।
যযুর্ব্বৈকুণ্ঠনিলয়ং সর্ব্বলোকনমস্কৃতম্ ॥ ১৩ ॥
বসন্তি যত্র পুরুষাঃ সর্ব্বে বৈকুণ্ঠমূর্ত্তয়ঃ।
যেঽনিমিত্তনিমিত্তেন ধর্ম্মেণারাধয়ন্ হরিম্ ॥ ১৪ ॥
যত্র চাদ্যঃ পুমানাস্তে ভগবাঞ্ছব্দগোচরঃ।
সত্ত্বং বিষ্টভ্য বিরজং স্বানাং নো মৃড়য়ন্ বৃষঃ ॥ ১৫ ॥

অন্বয়

তে (তাঁহারা) একদা (একদিন) অমলাত্মনঃ (অমলাত্মা) ভগবতঃ বৈকুণ্ঠস্য (ষড়ৈশ্বর্য্যশালী শ্রীহরির) সর্ব্বলোকনমস্কৃতম্ (সর্ব্বলোকপূজ্য) বৈকুণ্ঠনিলয়ং (বৈকুণ্ঠধামে) যযুঃ (গমন করিয়াছিলেন) ॥১৩॥

[এক্ষণে দ্বাদশটি শ্লোকে বৈকুণ্ঠধাম বর্ণনা করিতেছেন] যত্র (ঐ বৈকুণ্ঠে) বৈকুণ্ঠমূর্ত্তয়ঃ (শ্রীহরির ন্যায় বিগ্রহধারী) সর্ব্বে পুরুষাঃ (মহাপুরুষগণ) বসন্তি (বাস করিতেছেন); যে (ঐ সকল মহাপুরুষ) অনিমিত্তনিমিত্তেন ধর্ম্মেণ (নিষ্কাম ধর্ম্মের দ্বারা) হরিম্ (শ্রীহরিকে) আরাধয়ন্ (আরাধনা করিয়া থাকেন) ॥ ১৪ ॥

যত্র চ (ঐ বৈকুণ্ঠে) শব্দগোচরঃ (বেদপ্রতিপাদিত) ভগবান্ (ষড়ৈশ্বর্য্যশালী) আদ্যঃ পুমান্ (আদিপুরুষ অর্থাৎ সনাতনপুরুষ শ্রীহরি) বিরজং (রজোগুণরহিত অর্থাৎ অপ্রাকৃত) সত্ত্বং (বিশুদ্ধ সত্ত্বমূর্ত্তি) বিষ্টভ্য (ধারণ করিয়া) বৃষঃ [সন্] (ভক্তবাঞ্ছিত বস্তুর প্রদাতা হইয়া) স্বানাং নঃ (ভক্ত আমাদিগকে) মৃড়য়ন্ (সুখ-প্রদান করতঃ) আস্তে (অবস্থান করিতেছেন) ॥ ১৫ ॥

অনুবাদ

সেই সনকাদি ঋষিগণ একদিন অমলাত্মা ভগবান্ শ্রীহরির সর্ব্বলোকপূজনীয় বৈকুণ্ঠধামে গমন করিয়াছিলেন ॥ ১৩ ॥

[সেই বৈকুণ্ঠধাম কেমন তাহাই বলিতেছেন]—ঐ বৈকুণ্ঠধামে শ্রীহরির ন্যায় বিগ্রহধারী মহাপুরুষগণ বাস করিতেছেন; এই সকল মহাপুরুষ নিষ্কাম ধর্ম্মের দ্বারা ভগবান্ শ্রীহরিকে আরাধনা করিয়া থাকেন ॥ ১৪ ॥

ঐ বৈকুণ্ঠে বেদপ্রতিপাদিত ষড়ৈশ্বর্য্যশালী সনাতনপুরুষ শ্রীহরি বিশুদ্ধ সত্ত্বমূর্ত্তি ধারণ করিয়া ও ভক্তগণের মনোবাঞ্ছা পরিপূরক হইয়া ভক্ত আমাদিগকে সুখপ্রদান করতঃ অবস্থান করিতেছেন ॥ ১৫ ॥

টীকা

নিমিত্তং যস্মিন্ তেন আরাধয়ন্ আরাধিতবন্তঃ ॥ ১৪ ॥ শব্দগোচরো বেদৈকবেদ্যঃ সত্ত্বং শুদ্ধসত্ত্বরূপং শরীরং বিরজং রজঃউপলক্ষিতপ্রকৃতিসম্বন্ধরহিতং বিষ্টভ্য ধৃত্বা ভক্তবাঞ্ছিতপদার্থান্ বর্ষতীতি বৃষঃ স্বানাং স্বকীয়ান্ মৃড়য়ন্ সুখয়ন্ যত্র বৈকুণ্ঠে আস্তে ॥ ১৫ ॥ বৈকুণ্ঠস্থং বনং বর্ণয়তি—যত্রেতি চতুর্ভিঃ। যত্র বৈকুণ্ঠে সর্ব্বেষু ঋতুষু শ্রীঃ পুষ্পাদিসম্পৎ যেষাং তৈঃ দ্রুমৈঃ বিভ্রাজৎ শোভমানং নৈঃশ্রেয়সং

যত্র নৈঃশ্রেয়সং নাম বনং কামদুঘৈদ্রুমৈঃ।
সর্ব্বর্ত্তু শ্রীভির্ব্বিভ্রাজৎ কৈবল্যমিব মূর্ত্তিমৎ ॥ ১৬ ॥
বৈমানিকাঃ সললনাশ্চরিতানি শশ্বদ্ গায়ন্তি যত্র শমলক্ষপণানি ভর্ত্তুঃ।
অন্তর্জ্জলেঽনুবিকসন্মধুমাধবীনাং গন্ধেন খণ্ডিতধিয়োঽপ্যনিলং ক্ষিপন্তঃ ॥ ১৭ ॥
পারাবতান্যভৃতসারসচক্রবাক-দাত্যূহহংসশুকতিত্তিরিবর্হিণাং যঃ।
কোলাহলো বিরমতেঽচিরমাত্রমুচ্চৈ-র্ভৃঙ্গাধিপে হরিকথামিব গায়মানে ॥ ১৮ ॥

অন্বয়

যত্র (ঐ বৈকুণ্ঠে) সর্ব্বর্ত্তু শ্রীভিঃ (যুগপৎ ঋতুসমূহের পুষ্পাদি সম্পদ্‌যুক্ত) কামদুঘৈঃ (ও অভীষ্ট পরিপূরক) দ্রুমৈঃ (কল্পবৃক্ষসমূহের দ্বারা) বিভ্রাজৎ (শোভিত) নৈঃশ্রেয়সং নাম (নৈঃশ্রেয়সনামক) বনং (একটি কানন) মূর্ত্তিমৎ কৈবল্যমিব (মূর্ত্তিমান্ মোক্ষের ন্যায়) [অবস্থান করিতেছে] ॥ ১৬ ॥

যত্র (ঐ নৈঃশ্রেয়সনামক বনে) সললনাঃ (ললনাগণের সহিত) বৈমানিকাঃ (বিমানবিহারী ভগবৎপার্ষদগণ) অন্তর্জ্জলে (জলমধ্যে) অনুবিকসন্মধুমাধবীনাং (প্রস্ফুটিত পুষ্প ও মকরন্দযুক্ত বাসন্তী লতাসমূহের) গন্ধেন (গন্ধে) খণ্ডিতধিয়ঃ অপি (চঞ্চলচিত্ত হইয়াও) অনিলং (গন্ধবহ বায়ুকে) ক্ষিপন্তঃ (উপেক্ষা করিয়া) ভর্ত্তুঃ (প্রভু শ্রীহরির) শমলক্ষপণানি (পাপনাশক) চরিতানি (লীলাসকল) শশ্বৎ (সর্ব্বদা) গায়ন্তি (গান করিয়া থাকেন) ॥ ১৭ ॥

[ঐ বনে] ভৃঙ্গাধিপে (ভ্রমররাজ) হরিকথাম্ ইব (শ্রীহরির লীলাকীর্ত্তনের ন্যায়) উচ্চৈঃ

অনুবাদ

ঐ বৈকুণ্ঠে যুগপৎ ঋতুসমূহের পুষ্পাদি সম্পদ্‌যুক্ত ও কামনাপরিপূরক কল্পবৃক্ষসমূহে পরিশোভিত নৈঃশ্রেয়স নামক এক কানন আছে ; মনে হয় যেন মোক্ষই মূর্ত্তিমান্ হইয়া ঐ কাননরূপে অবস্থান করিতেছে ॥ ১৬ ॥

ঐ নৈঃশ্রেয়সনামক কাননে ললনাগণের সহিত বিমানবিহারী ভগবৎপার্ষদগণ প্রস্ফুটিত পুষ্প ও মকরন্দযুক্ত বাসন্তীলতাসমূহের গন্ধে মুগ্ধচিত্ত হইয়াও সেই গন্ধবহ বায়ুকে উপেক্ষা করিয়াই প্রভু শ্রীহরির পাপবিনাশক লীলাচরিত্র সকল সর্ব্বদা কীর্ত্তন করিয়া থাকেন ॥ ১৭ ॥

সেই কাননে ভ্রমররাজ শ্রীহরির লীলাকীর্ত্তনের ন্যায় উচ্চৈঃস্বরে গুঞ্জন করিতে থাকিলে

টীকা

নাম বনং মূর্ত্তিমৎ কৈবল্যমিব তিষ্ঠতি ॥ ১৬ ॥ যত্র বনে অন্তর্জ্জলে জলমধ্যে অনুবিকসন্ত্যাঃ মধুমাধব্যঃ মকরন্দযুক্তাঃ বাসন্ত্যো লতাঃ তাসাং গন্ধেন খণ্ডিতা বিস্মিতা ধীর্যেষাং তেঽপি তদ্গন্ধ-প্রাপকমনিলং বায়ুং ক্ষিপন্তস্তিরস্কুর্ব্বন্তঃ শমলানি পাপানি ক্ষিপন্তি নিরাকুর্ব্বন্তীতি তথা, তানি ভর্ত্তুঃ স্বামিনঃ চরিতানি গায়ন্তি। অনেন তত্র গন্ধাদিভোগ্যপদার্থানামতিশ্রৈষ্ঠ্যং, ততোঽপি ভোক্তৃণাং তন্নিরপেক্ষানন্দসম্প্রসন্নত্বং, ততোঽপি ভজনবচ্চরিতগানাদ্যানন্দাধিক্যং দর্শিতম্ ॥ ১৭ ॥ যত্র বনে ভৃঙ্গাধিপে হরিকথামিব গায়মানে পারাবতাদীনাং কোলাহলঃ অচিরমাত্রং ক্ষণমাত্রং বিরমতে। তেঽপি হরিকথা-শ্রোতার ইব ক্ষণমাত্রং তূষ্ণীম্ভূতাস্তিষ্ঠন্তীত্যর্থঃ ; তত্রান্যভৃতাঃ কোকিলাঃ, দাত্যূহাঃ চাতকাঃ ॥ ১৮ ॥

মন্দারকুন্দকুরবোৎপলচম্পকার্ণ-পুন্নাগনাগবকুলাম্বুজপারিজাতাঃ।
গন্ধেঽর্চ্চিতে তুলসিকাভরণেন তস্যা যস্মিংস্তপঃ সুমনসো বহু মানয়ন্তি ॥ ১৯ ॥
তৎ সঙ্কুলং হরিপদানতিমাত্রদৃষ্টৈ-র্বৈদূর্য্যমারকতহেমময়ৈর্ব্বিমানৈঃ।
যেষাং বৃহৎকটিতটাঃ স্মিতশোভিমুখ্যঃ কৃষ্ণাত্মনাং ন রজ আদধুরুৎস্ময়াদ্যৈঃ ॥২০॥

অন্বয়

গায়মানে (উচ্চৈঃস্বরে গুঞ্জন করিলে) পারাবতান্যভৃতসারসচক্রবাকদাত্যূহহংসশুকতিত্তিরিবর্হিণাং (কপোত, কোকিল, সারস, চক্রবাক, চাতক, হংস, শুক, তিত্তিরি ও ময়ূরগণের) যঃ কোলাহলঃ (যে কোলাহল), [তাহা] অচিরমাত্রং (ক্ষণকাল) বিরমতে (বিরত হইয়া থাকে) ॥ ১৮ ॥

যস্মিন্ (ঐ কাননে) তুলসিকাভরণেন (তুলসীভূষণ শ্রীহরিকর্ত্তৃক) গন্ধে (তুলসীর গন্ধ) অর্চ্চিতে (সমাদৃত হইলে) মন্দারকুন্দকুরবোৎপলচম্পকার্ণপুন্নাগনাগবকুলাম্বুজপারিজাতাঃ (মন্দার, কুন্দ, কুরব, উৎপল, চম্পক, অর্ণ, পুন্নাগ, নাগকেশর, বকুল, পদ্ম ও পারিজাত প্রভৃতি) সুমনসঃ (পুষ্প সকল) তস্যাঃ (সেই তুলসীর) তপঃ (তপস্যাকে) বহু মানয়ন্তি (বহু প্রশংসা করিয়া থাকে) ॥১৯॥

বৃহৎকটিতটাঃ (বিপুল নিতম্বশালিনী) স্মিতশোভিমুখ্যঃ (হাস্যমুখী রমণীগণও) উৎস্ময়াদ্যৈঃ (পরিহাসাদিদ্বারা) যেষাং কৃষ্ণাত্মনাং (যে সকল কৃষ্ণৈকচিত্ত মহাত্মার) রজঃ (কাম) ন আদধুঃ (উৎপাদন করিতে পারে না), [তেষাং] (তাঁহাদিগের) হরিপদানতিমাত্রদৃষ্টৈঃ (হরিভক্তমাত্রের দর্শনীয়) বৈদূর্য্যমারকত-হেমময়ৈঃ (এবং বৈদূর্য্য, মরকত ও সুবর্ণময়) বিমানৈঃ (বিমানসমূহে) তৎ (সেই বৈকুণ্ঠস্থান) সঙ্কুলং (পরিব্যাপ্ত আছে) ॥ ২০ ॥

অনুবাদ

কপোত, কোকিল, সারস, চক্রবাক, চাতক, হংস, শুক, তিত্তিরি ও ময়ূরসমূহের যে কোলাহল, তাহা ক্ষণকালের জন্য বিরত হইয়া থাকে অর্থাৎ সেই পক্ষিগণও হরিকথা শ্রবণেচ্ছু হইয়া ভ্রমররাজের গুঞ্জনকে হরিকথা মনে করিয়া ক্ষণকাল মৌনভাবে অবস্থান করে ॥ ১৮ ॥

ঐ কাননে তুলসীভূষণ শ্রীহরিকর্ত্তৃক তুলসীর গন্ধ সমাদৃত হইলে মন্দার, কুন্দ, কুরব, উৎপল, চম্পক, অর্ণ, পুন্নাগ, নাগকেশর, বকুল, পদ্ম ও পারিজাত প্রভৃতি পুষ্প সকল তুলসী যে তপস্যা করিয়া শ্রীহরির এই সমাদর লাভ করিয়াছেন, সেই তপস্যাকে অত্যধিক প্রশংসা করিয়া থাকে ; কিন্তু দ্বেষ করে না অর্থাৎ তত্রত্য সকলেই গুণগ্রাহী ॥ ১৯ ॥

[এক্ষণে আবার বৈকুণ্ঠস্থানের বর্ণনা করিতেছেন] বিপুল নিতম্বশালিনী হাস্য-মুখী রমণীগণও পরিহাসাদিদ্বারা যে সকল কৃষ্ণৈকচিত্ত মহাত্মার কাম উৎপাদন করিতে সমর্থা হয় না, সেই সকল মহাত্মার বৈদূর্য্য, মারকত ও সুবর্ণময় বিমানসমূহে সেই বৈকুণ্ঠধাম পরিব্যাপ্ত আছে ; ঐ বিমানসমূহ একমাত্র হরিভক্তগণই দর্শন করিতে সমর্থ হয় ॥২০॥

টীকা

যস্মিন্ বনে মন্দারাদ্যাঃ **সুমনসঃ** পুষ্পজাতয়ঃ তুলসিকাভরণেন ভগবতা তুলসিকায়াঃ গন্ধে **অর্চ্চিতে সতি তস্যাস্তপঃ** বহু অধিকং মানয়ন্তি ॥ ১৯ ॥ বনমুপবর্ণ্য বৈকুণ্ঠং পুনর্ব্বর্ণয়তি—তদিত্যাদিনা। বৃহন্তি

শ্রী রূপিণী ক্বণয়তী চরণারবিন্দং লীলাম্বুজেন হরিসদ্মনি মুক্তদোষা।
সংলক্ষ্যতে স্ফটিককুড্য উপেতহেম্নি সম্মার্জ্জতীব যদনুগ্রহণেঽন্যযত্নঃ ॥ ২১ ॥
বাপীষু বিদ্রুমতটাস্বমলামৃতাপ্সু প্রেষ্যান্বিতা নিজবনে তুলসীভিরীশম্।
অভ্যর্চ্চতী স্বলকমুন্নসমীক্ষ্য বক্ত্রমুচ্ছেষিতং ভগবতেত্যমতাঙ্গ! যচ্ছ্রীঃ॥২২॥

অন্বয়

[ঐ বৈকুণ্ঠে] যদনুগ্রহণে ("লক্ষ্মীদেবী উপাসক আমাদের প্রতি অনুগ্রহ করুন" এই প্রকার সঙ্কল্পে) অন্যযত্নঃ (আমরা যত্ন করিয়া থাকি), [সা] মুক্তদোষা (সেই সর্ব্বদা সর্ব্বদোষশূন্যা) রূপিণী (মূর্ত্তিমতী) শ্রীঃ (লক্ষ্মীদেবী) চরণারবিন্দং (চরণকমল) ক্বণয়তী (নূপুরধ্বনিতে মুখরিত করিয়া) লীলাম্বুজেন (লীলাকমলের দ্বারা) [ক্রীড়াকরতঃ বিচরণ করিতে করিতে] উপেতহেম্নি (সুবর্ণখচিত) স্ফটিককুড্যে (স্ফটিকময় ভিত্তিযুক্ত) হরিসদ্মনি (শ্রীহরির আলয়ে) সম্মার্জ্জতীব (গৃহমার্জ্জনাকারিণীর ন্যায়) সংলক্ষ্যতে (লক্ষিতা হইয়া থাকেন) ॥ ২১ ॥

অঙ্গ! (হে দেবগণ!) যৎ (ঐ বৈকুণ্ঠে) প্রেষ্যান্বিতা (স্বীয় পরিচারিকার সহিত) শ্রীঃ (লক্ষ্মীদেবী) নিজবনে (স্বীয় বনে অর্থাৎ লক্ষ্মীবনে) বিদ্রুমতটাসু (বিদ্রুমমণিময় তটযুক্ত) অমলামৃতাপ্সু (ও অমৃততুল্য নির্ম্মল জলযুক্ত) বাপীষু (সরোবরের তটদেশে) তুলসীভিঃ (তুলসীদ্বারা) ঈশং (শ্রীহরিকে) অভ্যর্চ্চতী (পূজা করিতে করিতে) স্বলকম্ (সুন্দর কুন্তলযুক্ত), উন্নসং (উন্নত নাসিকাযুক্ত) বক্ত্রম্ (ও জলে প্রতিবিম্বিত স্বীয় বদনমণ্ডল) ঈক্ষ্য (দর্শন করিয়া) ভগবতা (শ্রীহরিকর্ত্তৃক) উচ্ছেষিতং (এই মুখ চুম্বিত হয়) ইতি অমত (ইহা মনে করিয়া থাকেন) [অর্থাৎ স্বীয় প্রতিবিম্বদর্শনে লক্ষ্মীদেবীর শ্রীহরির কথা স্মরণ হইয়া অতিশয় আনন্দ হইয়া থাকে] ॥ ২২ ॥

অনুবাদ

"লক্ষ্মীদেবী উপাসক আমাদের প্রতি অনুগ্রহ করুন" এই প্রকার সঙ্কল্প করিয়া লক্ষ্মীদেবীর কৃপালাভের নিমিত্ত ব্রহ্মাদি দেবগণ আমরা যত্ন করিয়া থাকি; সর্ব্বদা সর্ব্বদোষরহিতা মনোহর মূর্ত্তিধারিণী সেই লক্ষ্মীদেবী নূপুরধ্বনিতে চরণকমল মুখরিত করিয়া এবং হস্তস্থিত ভ্রাম্যমান লীলাকমলে শোভিতা হইয়া ঐ বৈকুণ্ঠে সুবর্ণখচিত স্ফটিকময় ভিত্তিযুক্ত শ্রীহরির আলয়ে গৃহমার্জ্জনাকারিণীর ন্যায় লক্ষিতা হইয়া থাকেন ॥ ২১ ॥

হে দেবগণ! ঐ বৈকুণ্ঠে স্বীয় পরিচারিকার সহিত লক্ষ্মীদেবী লক্ষ্মীবননামক বনে বিদ্রুমমণিময় তটদেশ ও অমৃততুল্য নির্ম্মল জলযুক্ত সরোবরের তীরে তুলসীপত্রসমূহের দ্বারা শ্রীহরিকে যখন পূজা করিতে থাকেন, তখন সেই সরোবরের জলে প্রতিবিম্বিত সুন্দর কুন্তল ও

টীকা

কটিতটানি যাসাং, স্মিতশোভিতানি মুখানি যাসাং তাঃ অপি যেষাং রজঃ কামম্ উৎস্ময়ায়ৈঃ পরিহাসাদিভিঃ ন আদদুঃ ন জনয়ামাসুঃ। তত্র হেতুগর্ভিতং বিশেষণম্ কৃষ্ণাত্মনামিতি। তেষাং বিমানৈঃ তৎ বৈকুণ্ঠাখ্যং স্থানং সঙ্কুলং ব্যাপ্তম্। কথম্ভূতৈঃ? হরিপদানতিমাত্রেণ হরিপদানত্যুপলক্ষিতহরিভক্তিমাত্রেণ দৃষ্টৈঃ, ন কর্ম্মাদিপ্রাপ্তৈঃ ॥ ২০ ॥ যদিত্যনন্তরশ্লোকগতং পদমত্র সংযোজ্যম্, যস্মিন্ বৈকুণ্ঠে মুক্তদোষা সর্ব্বদাপাস্তসমস্তদোষা যস্যাঃ অনুগ্রহণে শ্রীঃ উপাসকেষু অস্মাসু অনুগ্রহং করোতু

যন্ন ব্রজন্ত্যঘভিদো রচনানুবাদা-চ্ছৃণ্বন্তি যেঽন্যবিষয়াঃ কুকথা মতিঘ্নীঃ।
যাস্তু শ্রুতা হতভগৈর্নৃভিরাত্তসারা-স্তাংস্তান্ ক্ষিপন্ত্যশরণেষু তমঃসু হন্ত ! ॥২৩॥
যেঽভ্যর্থিতামপি চ নো নৃগতিং প্রপন্না জ্ঞানঞ্চ তত্ত্ববিষয়ং সহধর্ম্ম যত্র।
নারাধনং ভগবতো বিতরন্ত্যমুষ্য সম্মোহিতা বিততয়া বত ! মায়য়া তে ॥২৪॥

অন্বয়

অঘভিদঃ (পাপহারী শ্রীহরির) রচনানুবাদাৎ (লীলাকীর্ত্তন ব্যতীত) অন্যবিষয়াঃ (অপর অর্থকামাদি বিষয়পর হইয়া) যে (যে সকল ব্যক্তি) মতিঘ্নীঃ (বুদ্ধিভ্রংশকারিণী) কুকথাঃ (কুকথা) শৃণ্বন্তি (শ্রবণ করে) [এবং] আত্তসারাঃ (পুণ্যাপহারিণী) যাঃ তু (যে সকল কুকথা) হতভগৈঃ নৃভিঃ (হতভাগ্য মনুষ্যগণকর্ত্তৃক) শ্রুতাঃ (শ্রুত হইয়া) তান্ তান্ (সেই সেই হতভাগ্য মানবগণকে) অশরণেষু (নিরাশ্রয়) তমঃসু (নরকসমূহে অর্থাৎ তামসযোনিতে) ক্ষিপন্তি (পাতিত করিয়া থাকে), হন্ত! (আহা!) [তাহারা] যৎ ন ব্রজন্তি (ঐ বৈকুণ্ঠধামে গমন করিতে পারে না) ॥ ২৩ ॥

যত্র (যে মনুষ্যজন্মে) সহধর্ম্ম (ধর্ম্মের সহিত) তত্ত্ববিষয়ং জ্ঞানং চ [ভবতি] (তত্ত্ববিষয়ক জ্ঞান হইয়া থাকে), নঃ অপি (আমাদেরও) অভ্যর্থিতাং (প্রার্থিত) [তাং] নৃগতিং (সেই মনুষ্যজন্ম) প্রপন্নাঃ চ (প্রাপ্ত হইয়াও) যে (যে সকল হতভাগ্য) ভগবতঃ (ভগবান্ শ্রীহরির) আরাধনং (আরাধনা) ন বিতরন্তি (করে না), বত! (বড়ই দুঃখের বিষয়) তে (তাহারা) অমুষ্য (ঐ ভগবানের) বিততয়া মায়য়া (বিস্তৃত মায়াদ্বারা) সম্মোহিতাঃ (বিমোহিত হইয়া থাকে) ॥ ২৪ ॥

অনুবাদ

নাসিকাযুক্ত স্বীয় বদনমণ্ডল নিরীক্ষণ করিয়া তিনি "ভগবান্ শ্রীহরি এই মুখমণ্ডল চুম্বন করেন" ইহা মনে করিয়া থাকেন অর্থাৎ স্বীয় অঙ্গের প্রতিবিম্বদর্শনে লক্ষ্মীদেবীর শ্রীহরির কথা স্মরণ হইয়া অতিশয় আনন্দ হইয়া থাকে ॥ ২২ ॥

যিনি স্মরণমাত্রই পাপ হরণ করিয়া থাকেন, সেই শ্রীহরির লীলাকীর্ত্তন শ্রবণ না করিয়া কামাদিবিষয়ে আসক্ত হইয়া যে সকল ব্যক্তি বুদ্ধিনাশক কুকথা সকল শ্রবণ করিয়া থাকে এবং যে সকল কুকথা কর্ণকুহরে প্রবিষ্ট হইয়া হতভাগ্য মানবগণকে নিরাশ্রয় নরকসমূহে পাতিত করিয়া থাকে, সেই হতভাগ্য মনুষ্যগণ ঐ বৈকুণ্ঠধামে গমন করিতে পারে না ॥ ২৩ ॥

হে দেবগণ! মনুষ্যজন্মে ধর্ম্মের সহিত তত্ত্ববিষয়ক জ্ঞান জন্মিয়া থাকে; আমাদেরও

টীকা

ইতি সঙ্কল্পেন অন্যেষাং ব্রহ্মাদীনাং যত্নঃ, সা রূপিণী মূর্ত্তিমতী চরণারবিন্দং ক্বণয়তি নূপুরেণ শব্দয়ন্তী শ্রীঃ লীলাঘুজেন উপেতহেম্নি উপেতং যথাযথং হেম যস্মিন্ তস্মিন্ হরিসদ্মনি হরের্বৈশ্মনি সম্মার্জ্জতীব সংলক্ষ্যতে। ইবশব্দেন সম্মার্জ্জনাদ্যভাবঃ সূচিতঃ, তস্য বিরজস্কত্বাৎ ॥ ২১ ॥ যত্র যস্মিন্ বৈকুণ্ঠে, অঙ্গ! হে দেবাঃ! উচ্ছ্বসিতং চুম্বিতমিত্যমত অমন্যত। অনেন মুখাদ্যঙ্গপ্রতিবিম্বাদিদর্শনেনাপি শ্রিয়ঃ ভগবৎস্মরণজন্যানন্দাতিশয়ঃ সূচিতঃ ॥ ২২ ॥ যৎ বৈকুণ্ঠং স্মরণমাত্রেণ অঘং ভিনত্তীতি স তথা তস্য হরেঃ, তমঃসু তামসযোনিষু ॥ ২৩ ॥ অভ্যর্থিতাং প্রার্থিতাং নৃগতিং মনুষ্যজাতিং প্রপন্নাঃ প্রাপ্তাঃ

যচ্চ ব্রজন্ত্যনিমিষামৃষভানুবৃত্ত্যা দূরেযমা হ্যুপরি নঃ স্পৃহণীয়শীলাঃ।
ভর্ত্তুর্মিথঃ সুযশসঃ কথনানুরাগ-বৈক্লব্যবাষ্পকলয়া পুলকীকৃতাঙ্গাঃ ॥২৫॥
তদ্বিশ্বগুর্ব্বধিকৃতং ভুবনৈকবন্দ্যং দিব্যং বিচিত্রবিবুধাগ্র্যবিমানশোচিঃ।
আপুঃ পরাং মুদমপূর্ব্বমুপেত্য যোগ-মায়াবলেন মুনয়স্তদথো বিকুণ্ঠম্ ॥২৬॥

অন্বয়

অনিমিষাম্ (দেবগণের) ঋষভানুবৃত্ত্যা (শ্রেষ্ঠ শ্রীহরির সাধনভজনাদির দ্বারা) দূরেযমাঃ (যমভয়শূন্য) স্পৃহণীয়শীলাঃ (ও প্রশংসনীয়চরিত্র) [ভক্তগণ] মিথঃ (পরস্পর) ভর্ত্তুঃ (প্রভু শ্রীহরির) সুযশসঃ (সুমঙ্গল লীলাচরিত্রের) কথনানুরাগবৈক্লব্যবাষ্পকলয়া (কথনে যে অনুরাগ, তাহাদ্বারা প্রেমভাবে বিবশ হওয়ায় যে অশ্রুজল বিগলিত হইতেছে, তাহার সহিত) পুলকীকৃতাঙ্গাঃ (রোমাঞ্চিত কলেবর হইয়া) নঃ (আমাদের) উপরি [স্থিতম্] (উপরিস্থিত) যৎ চ (ঐ বৈকুণ্ঠধামে) ব্রজন্তি হি (গমন করিয়া থাকেন) ॥ ২৫ ॥

অথো (অনন্তর) মুনয়ঃ (সনকাদি মুনিগণ) তৎ (তখন) যোগমায়াবলেন (ভক্তি ও জ্ঞানবলে) বিশ্বগুর্ব্বধিকৃতং (জগদ্‌গুরু শ্রীহরিকর্ত্তৃক অধিষ্ঠিত) বিচিত্রবিবুধাগ্র্যবিমানশোচিঃ (দেবশ্রেষ্ঠগণের নানাবিধ বিমানসমূহে দেদীপ্যমান) ভুবনৈকবন্দ্যং (সমস্ত জগতের একমাত্র বন্দনীয়) দিব্যম্ (অলৌকিক) অপূর্ব্বং তৎ বিকুণ্ঠম্ (অপূর্ব্ব সেই বৈকুণ্ঠধাম) উপেত্য (প্রাপ্ত হইয়া) পরাং মুদং আপুঃ (পরমানন্দ লাভ করিলেন) ॥ ২৬ ॥

অনুবাদ

বাঞ্ছিত সেই মনুষ্যজন্ম লাভ করিয়া যে সকল হতভাগ্য মানব ভগবান্ শ্রীহরির আরাধনা করে না, বড়ই দুঃখের বিষয় যে সেই সকল মনুষ্য ভগবানের মায়াদ্বারা বিমোহিত ॥ ২৪ ॥

দেবদেব শ্রীহরির সাধনভজনাদি করার ফলে যাঁহাদের যমভয় দূর হইয়াছে এবং যাঁহারা প্রশংসনীয়চরিত্র, সেই ভগবদ্ভক্তগণ প্রভু শ্রীহরির সুমঙ্গল লীলা চরিত্র কীর্ত্তন করেন এবং অনুরাগভরে বিবশ ও বিগলিত অশ্রুজলে রোমাঞ্চিত কলেবর হইয়া আমাদের উপরিস্থিত ঐ বৈকুণ্ঠধামে গমন করিয়া থাকেন ॥ ২৫ ॥

অনন্তর সনকাদিমুনিগণ ভক্তি ও জ্ঞানবলে জগদ্‌গুরু শ্রীহরিকর্ত্তৃক অধিষ্ঠিত, দেবশ্রেষ্ঠগণের নানাবিধ বিমানসমূহে দেদীপ্যমান ও সমস্ত জগতের একমাত্র বন্দনীয় অপূর্ব্ব সেই বৈকুণ্ঠধাম প্রাপ্ত হইয়া পরমানন্দ লাভ করিলেন ॥ ২৬ ॥

টীকা

সন্তোঽপি ন বিতরন্তি ন কুর্ব্বন্তি ॥ ২৪ ॥ যদ্বৈকুণ্ঠং নোঽস্মাকং সুমেরূপরিসংস্থিতানাং ব্রহ্মাদীনামুপরি স্থিতম্, অনিমিষামৃষভস্য শ্রেষ্ঠস্য বিষ্ণোঃ অনুবৃত্ত্যা দূরে যমঃ সংযমনীপতিঃ যময়তি বশীকরোতীতি যমঃ অহং মমাভিমানো বা যেষাং তে ব্রজন্তি ॥ ২৫ ॥ তৎ তদা তদুক্তপ্রকারং বিকুণ্ঠং বিশ্বগুরুণা সর্ব্বোপদেষ্টা ভগবতা অধিকৃতমধিষ্ঠিতং বিচিত্রাণাং বিবুধাগ্র্যবিমানানাং শোচির্দীপ্তির্যস্মিন্ তৎ, অথো অনন্তরং মুনয়ঃ যোগঃ ধ্যানযোগঃ, মায়া বয়ুনং তয়োর্ভক্তিজ্ঞানয়োর্ব্বলেন উপেত্য প্রাপ্য পরামুৎকৃষ্টাং মুদমাপুঃ। ভক্তিজ্ঞানবলেনৈব বৈকুণ্ঠপ্রাপ্তির্নান্যথেতি সূচনায় তেষাং ভগবদ্বিজ্ঞানসম্প্রদায়প্রবর্ত্তকত্ব-

তস্মিন্নতীত্য মুনয়ঃ ষড়সজ্জমানাঃ কক্ষাঃ সমানবয়সাবথ সপ্তমায়াম্।
দেবাবচক্ষত গৃহীতগদৌ পরার্দ্ধ্য-কেয়ূরকুণ্ডলকিরীটবিটঙ্কবেশৌ ॥২৭॥
মত্তদ্বিরেফবনমালিকয়া নিবীতৌ বিন্যস্তয়াসিতচতুষ্টয়বাহুমধ্যে।
বক্ত্রং ভ্রুবা কুটিলয়া স্ফুটনির্গমাভ্যাং রক্তেক্ষণেন চ মনাগ্‌রভসং দধানৌ ॥২৮॥

অন্বয়

তস্মিন্ (সেই পূর্ব্ববর্ণিত বৈকুণ্ঠে) অসজ্জমানাঃ (অনাসক্ত হইয়া) মুনয়ঃ (সনকাদি মুনিগণ) ষট্ কক্ষাঃ অতীত্য (ছয়টি প্রাকারদ্বার অতিক্রম করিয়া) অথ (অনন্তর) সপ্তমায়াং (সপ্তম প্রাকারদ্বারে) সমানবয়সৌ (সমানবয়স্ক) গৃহীতগদৌ (গদাধারী) পরার্দ্ধ্যকেয়ূরকুণ্ডলকিরীটবিটঙ্কবেশৌ (শ্রেষ্ঠ কেয়ূর, কুণ্ডল ও কিরীটাদি দ্বারা মনোহর বেশধারী) দেবৌ (জয় ও বিজয় নামক দ্বারপাল দেবতাদ্বয়কে) অচক্ষত (দেখিতে পাইলেন) ॥ ২৭ ॥

[ঐ দ্বারপালদ্বয়কে কেমন দেখিলেন তাহাই পুনরায় বর্ণনা করিতেছেন] অসিতচতুষ্টয়বাহু-মধ্যে (নীলবর্ণ বাহুচতুষ্টয়ের মধ্যে) বিন্যস্তয়া (বিন্যস্ত) মত্তদ্বিরেফবনমালিকয়া (মধুমত্ত ভ্রমরকুল-পরিবেষ্টিত বনমালা দ্বারা) নিবীতৌ (তাঁহাদের কণ্ঠদেশ অলঙ্কৃত); কুটিলয়া ভ্রুবা (কুটিল ভ্রূ), স্ফুটনির্গমাভ্যাং (বিস্ফারিত নাসাপুটদ্বয়) রক্তেক্ষণেন চ (ও আরক্তনয়নে) মনাক্ রভসং বক্ত্রং দধানৌ (তাহাদের মুখমণ্ডল ঈষৎ ক্রোধক্ষুব্ধ বলিয়া মনে হয়) [মুনিগণ এইরূপ দ্বারপাল দেবতাদ্বয়কে দেখিতে পাইলেন] ॥ ২৮ ॥

অনুবাদ

সনকাদি মুনিগণ স্বভাবতঃ বৈরাগ্যযুক্ত, ভগবদ্ধ্যান ও জ্ঞানানন্দে পরিপূর্ণ এবং ভগবদ্দর্শনে সমুৎসুক বলিয়া পূর্ব্ববর্ণিত অলৌকিক অপূর্ব্বদর্শন বৈকুণ্ঠেও অনাসক্ত হইয়া ছয়টি প্রাচীরদ্বার অতিক্রম করিলেন। অনন্তর তাঁহারা সপ্তম প্রাচীরদ্বারে সমান-বয়স্ক গদাধারী শ্রেষ্ঠ কেয়ূর, কুণ্ডল ও কিরীটাদির দ্বারা মনোহর বেশধারী জয় ও বিজয় নামক দ্বারপাল দেবতাদ্বয়কে দেখিতে পাইলেন ॥ ২৭ ॥

সেই দ্বারপালদ্বয়ের নীলবর্ণ বাহুচতুষ্টয়ের মধ্যে কণ্ঠবিলম্বিনী বনমালা বিরাজিত; ভ্রমরগণ মধুলোভে মত্ত হইয়া তাহাতে অবস্থান করিতেছে; তাঁহাদের কুটিল ভ্রূযুগল, বিস্ফারিত নাসাবিবর ও আরক্তলোচনযুক্ত মুখমণ্ডল দেখিয়া তাঁহারা ঈষৎ ক্ষুব্ধ বলিয়া মনে হয় ॥ ২৮ ॥

টীকা

সূচনায় চ যোগমায়াবলেনেত্যুক্তম্ ॥ ২৬ ॥ তস্মিন্ বৈকুণ্ঠেঽপি অসজ্জমানাঃ আসক্তিম্ অকুর্ব্বাণাঃ, অতিরিক্তস্বভাবত্বাৎ ভগবদ্ধ্যানজ্ঞানানন্দপূর্ণত্বাৎ ভগবদ্দিদৃক্ষাবশাচ্চ। কক্ষাঃ প্রাকারদ্বারাণি অতীত্য সপ্তমায়াং কক্ষায়াং পরার্দ্ধ্যৈঃ শ্রেষ্ঠৈঃ কেয়ূরাদিভিঃ বিটঙ্কঃ রুচিরো বেশো যয়োঃ তৌ দেবৌ অচক্ষত দৃষ্টবন্তঃ ॥ ২৭ ॥ কুটিলয়া ভ্রুবা স্ফুটো নির্গমো শ্বাসমার্গৌ নাসাপুটে তাভ্যাঞ্চ রক্তেক্ষণেন চ মনাক্ ঈষৎ রভসং ক্ষুব্ধং বক্ত্রং দধানৌ ॥ ২৮ ॥ ঈষদ্রভসবক্ত্রধারণহেতুমাহ—পুরটবিভূষিতবজ্রময্যাঃ কপাটিকা যাসু তাঃ পূর্ব্বাঃ ষট্ দ্বারঃ যথা নিবিবিশুঃ তথা তয়োর্দ্দেবয়োর্ম্মিষতোঃ পশ্যতোঃ অপৃষ্টৈব

দ্বার্য্যেতয়োর্নিবিবিশুর্ম্মিষতোরপৃষ্ট্বা পূর্ব্বা যথা পুরটবজ্রকবাটিকা যাঃ।
সর্ব্বত্র তেঽবিষময়া মুনয়ঃ স্বদৃষ্ট্যা যে সঞ্চরন্ত্যবিহতা বিগতাভিশঙ্কাঃ ॥২৯॥
তান্ বীক্ষ্য বাতবসনাংশ্চতুরঃ কুমারান্ বৃদ্ধান্ দশার্দ্ধবয়সো বিদিতাত্মতত্ত্বান্।
বেত্রেণ চাস্খলয়তামতদর্হণাংস্তৌ তেজো বিহস্য ভগবৎপ্রতিকূলশীলৌ ॥৩০॥

অন্বয়

যে মুনয়ঃ (যে সনকাদি মুনিগণ) সর্ব্বত্র (সকল লোকে) অবিহতাঃ (অব্যাহতগতি হইয়া) অবিষময়া স্বদৃষ্ট্যা ("ইনি পর, ইনি আপন" এই প্রকার বিষমদৃষ্টিশূন্য সমদৃষ্টির দ্বারা) বিগতাভিশঙ্কাঃ (নিঃশঙ্কচিত্তে) সঞ্চরন্তি (বিচরণ করিয়া থাকেন), তে (সেই সনকাদি মুনিগণ) মিষতোঃ এতয়োঃ (এই দ্বারপালদ্বয়ের সম্মুখেই) [ইহাদিগকে] অপৃষ্ট্বা (জিজ্ঞাসা না করিয়া) পূর্ব্বাঃ যাঃ পুরটবজ্রকবাটিকাঃ (পূর্ব্ব ছয়টি বজ্রময় কপাটশোভিত দ্বারে) যথা [নির্বিবিশুঃ] (যেমন প্রবেশ করিয়াছেন), [সেইরূপ] দ্বারি (এই সপ্তম দ্বারেও) নির্বিবিশুঃ (প্রবেশ করিলেন) ॥ ২৯ ॥

তৌ ভগবৎপ্রতিকূলশীলৌ (সেই ভগবদ্ভাববর্জ্জিত জয় ও বিজয় নামক দ্বারপাল দেবতাদ্বয়) বাতবসনান্ (উলঙ্গ), বৃদ্ধান্ (বৃদ্ধ হইলেও) দশার্দ্ধবয়সঃ (পঞ্চমবর্ষীয় বালকের ন্যায় প্রতীয়মান), বিদিতাত্মতত্ত্বান্ (আত্মতত্ত্বজ্ঞ) তান্ চতুরঃ কুমারান্ (সেই সনক, সনন্দ, সনাতন ও সনৎকুমার নামক মুনিচতুষ্টয়কে) বীক্ষ্য (দর্শন করিয়া) তেজঃ (তাঁহাদের প্রভাবকে) বিহস্য (অনাদর করিয়া) অতদর্হণান্ চ (তাঁহারা নিষেধের একান্ত অযোগ্য হইলেও তাঁহাদিগকে) বেত্রেণ (বেত্রের দ্বারা) অস্খলয়তাম্ (নিবারণ করিলেন) ॥ ৩০ ॥

অনুবাদ

সনকাদি মুনিগণ সর্ব্বলোকে অব্যাহতগতি হইয়া "ইনি পর, ইনি আপন" এই প্রকার বিষমদৃষ্টিরহিত নিজ নিজ সমদৃষ্টির দ্বারা নিঃশঙ্কচিত্তে বিচরণ করিয়া থাকেন; এখানেও তাঁহারা সেই দ্বারপালদ্বয়কে জিজ্ঞাসা না করিয়া তাঁহাদের সম্মুখেই পূর্ব্বে যেমন বজ্রময় কপাটশোভিত ছয়টি দ্বার অতিক্রম করিয়াছেন, সেইরূপ এই সপ্তম দ্বারেও প্রবেশ করিলেন ॥ ২৯ ॥

যাহারা অসুরভাবান্বিত হইয়া ভগবানের আরাধনায় প্রবৃত্ত হইয়াছে, সেই জয় ও বিজয় নামক দ্বারপাল দেবতাদ্বয় উলঙ্গ এবং বৃদ্ধ হইলেও দেখিতে পঞ্চমবর্ষীয় বালকের ন্যায় প্রতীয়মান আত্মতত্ত্বজ্ঞ সনকাদি কুমারচতুষ্টয়কে দেখিয়া তাঁহাদিগকে অগ্রাহ্য করিলেন এবং নিষেধের একান্ত অযোগ্য হইলেও তাঁহাদিগকে বেত্রের দ্বারা নিবারণ করিলেন ॥ ৩০ ॥

টীকা

তে নির্বিবিশুরিতি। অপ্রশ্নে হেতুমাহ—যে সর্ব্বত্র সর্ব্বেষু লোকেষু বৈকুণ্ঠেষু চ অবিহতাঃ অনিবারিতাঃ বিগতাভিশঙ্কাঃ সঞ্চরন্তি। বিগতাভিশঙ্কত্বে হেতুমাহ—অবিষময়া স্বদৃষ্ট্যেতি ॥ ২৯ ॥ ভগবৎপ্রতিকূলশীলৌ বহ্বসুরানুগ্রহার্থমসুরভাবেন ভগবন্তমারাধয়িতুং প্রবৃত্তাবিতি ফলিতোঽর্থঃ। বাতবসনান্ তেষাং তেজঃ প্রভাবং বিহস্য তন্নিবারণং নার্হন্তীতি অতদর্হণান্ বেত্রেণ চকারাদ্ বচনেন অস্খলয়তাম্ নিবারিতবন্তৌ ॥৩০॥

তাভ্যাং মিষৎস্বনিমিষেষু নিষিধ্যমানাঃ স্বর্হত্তমা হ্যপি হরেঃ প্রতিহারপাভ্যাম্।
ঊচুঃ সুহৃত্তমদিদৃক্ষিতভঙ্গ ঈষৎ কামানুজেন সহসা ত উপপ্লুতাক্ষাঃ ॥ ৩১ ॥

শ্রীমুনয় ঊচুঃ

কো বামিহৈত্য ভগবৎপরিচর্য্যয়োচ্চৈ-স্তদ্ধর্ম্মিণাং নিবসতাং বিষমঃ স্বভাবঃ।
তস্মিন্ প্রশান্তপুরুষে গতবিগ্রহে বাং কো বাত্মবৎ কুহকয়োঃ পরিশঙ্কনীয়ঃ ॥৩২॥

অন্বয়

অনিমিষেষু (বৈকুণ্ঠবাসী দেবগণ) মিষৎসু (দর্শন করিতেছেন এই অবস্থাতেই) স্বর্হত্তমাঃ অপি হি (পূজনীয় হইয়াও তাঁহারা) [দ্বারপালদ্বয়কর্ত্তৃক পূজিত হইলেন না ; প্রত্যুত] তাভ্যাং হরেঃ প্রতিহারপাভ্যাম্ (সেই শ্রীহরির দ্বারপালদ্বয়কর্ত্তৃক) নিষিধ্যমানাঃ (নিবারিত হইলেন) ; [তখন] সুহৃত্তমদিদৃক্ষিতভঙ্গে (প্রিয়তম শ্রীহরির দর্শনেচ্ছার বিঘ্ন হওয়ায়) ঈষৎ কামানুজেন (ঈষৎ ক্রোধের দ্বারা) সহসা (হঠাৎ) উপপ্লুতাক্ষাঃ (আরক্তনেত্র হইয়া) তে (সেই মুনিগণ) ঊচুঃ (বলিতে লাগিলেন) ॥ ৩১ ॥

শ্রীমুনয়ঃ ঊচুঃ (মুনিগণ বলিলেন) ঊচ্চৈঃ ভগবৎপরিচর্য্যয়া (অতি কঠোর ভগবৎপরিচর্য্যার দ্বারা) এত্য [বৈকুণ্ঠলোকে] (আসিয়া) ইহ (এই বৈকুণ্ঠে) নিবসতাং তদ্ধর্ম্মিণাং (নিবাসী ভগবদ্ধর্ম্মপরায়ণ সাধুগণের মধ্যে) বাং (তোমাদের দুই জনের) কঃ বিষমঃ স্বভাবঃ (এই কি বিষম স্বভাব ?) প্রশান্তপুরুষে (যাহাতে প্রশান্ত পুরুষগণ অবস্থান করেন) গতবিগ্রহে (এবং যাহাতে বৈরভাব নাই), তস্মিন্ (সেই বৈকুণ্ঠধামে) আত্মবৎ (তোমরা নিজেরা যেমন কপট, সেইরূপ অন্য কোনও কপট কখনও প্রবেশ করিবে এইরূপ নিজেদের মত) কুহকয়োঃ বাং (কপট তোমাদের) কঃ বা পরিশঙ্কনীয়ঃ (আশঙ্কার পাত্র কে আছে ?) ॥ ৩২ ॥

অনুবাদ

বৈকুণ্ঠবাসী দেবগণ দর্শন করিতেছেন এই অবস্থাতেই দ্বারপালদ্বয় পরমপূজনীয় সেই সনকাদি মুনিগণকে পূজা করিলেন না ; প্রত্যুত তাঁহারা মুনিগণকে নিবারণ করিলেন ; প্রিয়তম শ্রীহরির দর্শনেচ্ছা প্রতিহত হইলে মুনিগণের ক্রোধের সঞ্চার হওয়ায় চক্ষু রক্তবর্ণ হইল ; তাঁহারা তখন বলিতে লাগিলেন ॥ ৩১ ॥

সনকাদি মুনিগণ বলিলেন—অতিদীর্ঘ কঠোর ভগবৎসেবার ফলে তোমরা এই বৈকুণ্ঠধামে আসিয়াছ ; কিন্তু বৈকুণ্ঠনিবাসী ভগবদ্ধর্ম্মপরায়ণ সাধুগণের মধ্যে তোমাদের

টীকা

মিষৎসু পশ্যৎসু স্বর্হত্তমা অপি বৈকুণ্ঠারি তাভ্যাং মিষদ্ভিশ্চ সুষ্ঠু পূজনীয়া অপি ন পূজিতাঃ, প্রত্যুত তাভ্যাং নিষিধ্যমানাঃ সুহৃত্তমদিদৃক্ষিতভঙ্গে ভগবদ্দর্শনেচ্ছাপ্রতিঘাতে সতি কামানুজেন ক্রোধেন সহসা অকস্মাৎ উপপ্লুতানি ক্ষুভিতানি অক্ষীণি যেষাং তে ঊচুঃ ॥ ৩১ ॥ উক্তিমেবাহ—ক ইতি ত্রিভিঃ। ঊচ্চৈঃ মহত্যা ভগবৎপরিচর্য্যয়া এত্য প্রাপ্য ইহ বৈকুণ্ঠে তদ্ধর্ম্মিণাং ভগবদ্ধর্ম্মিণাং নিবসতাং মধ্যে বাং যুবয়োরেব কোঽয়ং বিষমঃ স্বভাবঃ। প্রশান্তাঃ পুরুষা যস্মিন্, গতঃ বিগ্রহো যস্মাৎ তস্মিন্ বৈকুণ্ঠে আত্মবৎ যথা আবাং কুহকৌ তথা অন্যোঽপি কদাচিৎ প্রবেক্ষ্যতীতি স্বদৃষ্টান্তেন বাং যুবয়োঃ কুহকয়োঃ কপটয়োঃ কঃ শঙ্কনীয়ঃ ॥ ৩২ ॥ অত্যন্তভিন্নস্য নভসো ভাস্করাদ্

ন হ্যন্তরং ভগবতীহ সমস্তকুক্ষা-বাত্মানমাত্মনি নভো নভসীব ধীরাঃ।
পশ্যন্তি যত্র যুবয়োঃ সুরলিঙ্গিনোঃ কিং ব্যুৎপাদিতং হ্যুদরভেদি ভয়ং যতোঽস্য॥৩৩॥

অন্বয়

যতঃ (যেহেতু) সমস্তকুক্ষৌ (সমস্ত জগৎ উদরে বর্ত্তমান এইরূপ) যত্র ভগবতি (ভগবান্ শ্রীহরিতে) ধীরাঃ হি (বিবেকিগণ কখনই) অন্তরং (ভেদ) ন পশ্যন্তি (দর্শন করেন না); [তাঁহারা] ইহ আত্মনি (এই অংশীস্বরূপ পরমাত্মাতে) নভসি নভঃ ইব (অবয়বী মহাকাশে অবয়ব ঘটাকাশের ন্যায়) আত্মানং (আত্মাকে) [অন্তর্ভূতই] পশ্যন্তি (দর্শন করিয়া থাকেন)। অস্য (সেই এক ভগবানের) উদরভেদি হি ভয়ং (যে ভেদরূপ ভয়) সুরলিঙ্গিনোঃ (দেববেশধারী) যুবয়োঃ (তোমরা) ব্যুৎপাদিতং (সম্ভাবনা করিয়াছ), [তৎ] কিং (তাহা কি?) [অর্থাৎ তোমরা আমাদিগকে ভগবান্ হইতে পৃথক্ ভাবিয়াই বিষমদৃষ্টিসম্পন্ন হইয়াছ এবং আমাদিগের নিকট হইতে ভয় সম্ভাবনা করিয়াছ] ॥৩৩॥

অনুবাদ

দুই জনের এ কি বিষম ব্যবহার? অর্থাৎ ভগবদ্ধর্ম্মিগণের স্বভাবসুলভ সমদর্শন থাকাই উচিত; কিন্তু এখানে তোমরা তাহার বিপরীত; "কাহারও প্রবেশে অধিকার আছে, কাহারও বা নাই" এই প্রকার বিষমদর্শী কেন হইয়াছে? যে বৈকুণ্ঠধামে প্রশান্ত মহাত্মগণ বাস করিয়া থাকেন এবং যে বৈকুণ্ঠধাম হইতে বৈরভাব দূরে অবস্থিত, সেই বৈকুণ্ঠধামে কপট তোমরা "তোমাদের নিজেদের মত কপট অপর কোনও ব্যক্তি ইহাতে বা প্রবেশ করে" এইরূপ বিষমদৃষ্টি রাখিয়া কাহার আশঙ্কা করিতেছ? অর্থাৎ কাহার আশঙ্কা করিয়া আমাদিগকে নিবারণ করিলে? ॥ ৩২ ॥

যাঁহার উদরে বিশ্ব-ব্রহ্মাণ্ড অবস্থিত, সেই ভগবান্ শ্রীহরিতে বিবেকিগণ কখনই ভেদ দর্শন করেন না; পরন্তু অবয়বীস্বরূপ মহাকাশে অবয়বস্বরূপ ঘটাকাশ যেমন অন্তর্ভুক্ত, সেইরূপ এই অংশীস্বরূপ পরমাত্মাতে অংশস্বরূপ জীবাত্মাকে অন্তর্ভুক্ত বলিয়াই দর্শন করিয়া থাকেন। দেববেশধারী তোমরা দুইজনে সেই এক ভগবানের যে ভেদ কল্পনা করিয়াছ, তাহা কি? অর্থাৎ তোমরা আমাদিগকে ভগবান্ হইতে পৃথক্ ভাবিয়া বিষমদৃষ্টি সম্পন্ন হইয়াছ; তাহার ফলেই আমাদিগের নিকট হইতে ভয়ের আশঙ্কা করিতেছ ॥ ৩৩ ॥

টীকা

ভয়ং ভবতি, ভগবতস্তু সর্ব্বাত্মনোঽত্যন্তভিন্নবস্তুভাবাৎ নির্ভয়ে তস্মিন্ ভয়ং কল্পিতং, তদযুক্তমিত্যাহুঃ —নেতি। যতঃ সমস্তং বিশ্বং কুক্ষৌ যস্য তস্মিন্ সর্ব্বাত্মনি ধীরাঃ হি নিশ্চিতমন্তরং সমস্তভেদং ন পশ্যন্তি। "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম তজ্জলানি"তি শ্রুতেঃ। অতঃ যত্র ভগবতি আত্মনি পরমাত্মনি আত্মানমংশভূতং নভসি অবয়বিনি বৃহদাকাশে নভঃ অবয়বভূতং ঘটাকাশমিব পশ্যন্তি। অত্র আত্মনি আত্মানমিত্যুক্ত্যা কেবলভেদপ্রতীতিস্তন্নিরাকরণার্থং নভঃ নভসীব ইত্যুক্তম্। অংশস্য স্বাধীনস্থিত্যাদিমত্ত্বাভাবাৎ অংশভিন্নমাত্মানং পশ্যন্তীত্যর্থঃ। "আত্মত্বেনাবগচ্ছন্তি গ্রাহয়ন্তি চ" ইতি ন্যায়াৎ। তস্যাস্য ভগবতঃ রাজাদেরিবোদরভেদযুক্তং ভয়ং সুরলিঙ্গিনোঃ সুরবেশধারিভ্যাং যুবাভ্যাং ব্যুৎপাদিতং

তদ্বামমুষ্য পরমস্য বিকুণ্ঠভর্ত্তুঃ কর্ত্তুং প্রকৃষ্টমিহ ধীমহি মন্দধীভ্যাম্।
লোকানিতো ব্রজতমন্তরভাবদৃষ্ট্যা পাপীয়সস্ত্রয় ইমে রিপবোঽস্য যত্র ॥ ৩৪ ॥
তেষামিতীরিতমুভাববধার্য্য ঘোরং তং ব্রহ্মদণ্ডমনিবারণমস্ত্রপূগৈঃ।
সদ্যো হরেরনুচরাবুরু বিভ্যতস্তৎ-পাদগ্রহাবপততামতিকাতরেণ ॥ ৩৫ ॥

অন্বয়

তৎ (অতএব) ইহ (এই অপরাধে) অমুষ্য পরমস্য (পরমেশ্বর) বিকুণ্ঠভর্ত্তুঃ (বৈকুণ্ঠাধিপতির) মন্দধীভ্যাং (মন্দবুদ্ধি) বাং (অনুচর তোমাদের) প্রকৃষ্টং (মঙ্গল) কর্ত্তুং (করিবার জন্য) [যাহা উচিত, তাহা] ধীমহি (আমরা চিন্তা করিয়াছি); [তোমরা] অন্তরভাবদৃষ্ট্যা (অত্যন্ত ভেদদৃষ্টিহেতু) ইতঃ (এই বৈকুণ্ঠলোক হইতে) যত্র (যে সকল লোকে) অস্য পাপীয়সঃ (ভেদদর্শী পাপী জীবের) ইমে ত্রয়ঃ (কাম, ক্রোধ ও লোভ এই তিনটি) রিপবঃ (শত্রু) [বর্ত্তমান আছে], তান্ (সেই লোকসমূহে) ব্রজতম্ (গমন কর) ॥৩৪॥

তেষাম্ (সেই সনকাদি মুনিগণের) ইতি (এই পূর্ব্বোক্ত প্রকার) ঈরিতং (কথিত বাক্য) অবধার্য্য (শ্রবণ করিয়া) ঘোরং (ও ভয়ঙ্কর) তং ব্রহ্মদণ্ডং (সেই ব্রহ্মশাপ) অস্ত্রপূগৈঃ (অস্ত্রসমূহের দ্বারাও) অনিবারণং (অনিবারণীয়) [অবধার্য্য] (ইহা অবধারণ করিয়া) হরেঃ (শ্রীহরির) উভৌ অনুচরৌ (অনুচর জয় ও বিজয়) অতিকাতরেণ (অতিশয় কাতরতা বশতঃ) সদ্যঃ (তৎক্ষণাৎ) তৎপাদগ্রহৌ

অনুবাদ

তোমরা ভেদদর্শী; এই অপরাধে পরমেশ্বর বৈকুণ্ঠাধিপতির অনুচর মন্দবুদ্ধি তোমাদের দুই জনের প্রকৃত মঙ্গল বিষয়ে যাহা উচিত, তাহা আমরা চিন্তা করিয়াছি; তোমাদের অত্যন্ত ভেদদৃষ্টিহেতু তোমরা এই বৈকুণ্ঠলোক হইতে যে সকল লোকে ভেদদর্শী পাপী জীবের কাম, ক্রোধ ও লোভ এই তিনটি শত্রু আছে, সেই লোকে গমন কর ॥ ৩৪ ॥

সনকাদি মুনিগণের বাক্য শ্রবণ করিয়া এবং অমোঘ সেই ব্রহ্মশাপ অস্ত্র-

টীকা

কিম্? স্বাত্মকাৎ স্বস্য ভয়াসম্ভবাৎ ভগবতঃ সকাশাদেতে হি অতদাত্মকা অত্যন্ততো ভিন্না ইতি ভেদদৃষ্টির্যুবাভ্যাং কৃতেতি ভাবঃ ॥ ৩৩ ॥ তৎ তস্মাৎ ইহ অস্মিন্ অপরাধে বিকুণ্ঠভর্ত্তুঃ মন্দধীভ্যাং বাং যুবাভ্যাং প্রকৃষ্টং ভদ্রমেব কর্ত্তুং যদুচিতং তদ্ধীমহি চিন্তয়েম; বৈকুণ্ঠপ্রদা এব জনানাং জ্ঞানভক্তিপ্রবর্ত্তকত্বাৎ, নতু বৈকুণ্ঠাদ্ভাগবতানাং পাতহেতবঃ। ন চ বৈকুণ্ঠগতানাং পাতঃ কিন্তু যুবাভ্যাং নিমিত্তভূতাভ্যামনেকানাং ভক্তানাং বৈকুণ্ঠপ্রাপকান্ ভগবদবতারান্ কারয়িতুং চিন্তয়েমেতি ভাবঃ। অন্তরস্যাত্যন্তভেদস্য ভাবঃ সত্তা তস্য দৃষ্ট্যা দর্শনেন ইতো বৈকুণ্ঠাদ্ যত্র যেষু লোকেষু অস্য জীবস্য কামঃ ক্রোধস্তথালোভঃ ইতি ত্রয়ো রিপবস্তান্ ব্রজতম্। কামাদয়ো যদ্যপি সুরেষ্বপি সন্তি, তথাপি তেষু কামাদীনাং প্রাশস্ত্যাভাবাৎ অসুরৌ ভবত ইত্যর্থঃ। অয়ং শাপো "বরাহাদিমূর্ত্তিভির্জগদ্ধিতায় সপার্ষদৈঃ সহ লীলাবিশেষকামেন ভগবতৈব কৃতঃ শাপো ময়ৈব নির্ম্মিত" ইতি বক্ষ্যমাণাৎ। অতঃ পরবৈকুণ্ঠপ্রদেশভূতাৎ প্রকৃতাদ্ বৈকুণ্ঠাৎ পুনরাবৃত্তিশঙ্কা নাস্তীতি জ্ঞেয়ম্ ॥ ৩৪ ॥ ইতি পূর্ব্বোক্তং

ভূয়াদঘোনি ভগবদ্ভিরকারি দণ্ডো যো নৌ হরেত সুরহেলনমপ্যশেষম্ ।
মা বোঽনুতাপকলয়া ভগবৎস্মৃতিঘ্নো মোহো ভবেদিহ তু নৌ ব্রজতোরধোঽধঃ ॥৩৬॥

অন্বয়

(সেই মুনিগণের চরণ ধারণ পূর্ব্বক) উরু বিভ্যতঃ ("ভগবান্ না জানি কি করেন বা কি বলেন" এই ভয়ে অত্যধিক ভীত হইয়া) অপততাম্ (দণ্ডবৎ নিপতিত হইলেন) ॥ ৩৫ ॥

[দ্বারপালদ্বয় দণ্ডবৎ নিপতিত হইয়াই বলিতে লাগিলেন] ভগবদ্ভিঃ (আপনাদিগকর্ত্তৃক) অঘোনি (অপরাধী আমাদের উপরে) যঃ দণ্ডঃ (যে উচিত দণ্ড) অকারি (প্রযুক্ত হইয়াছে), [সঃ] নৌ ভূয়াৎ (সেই দণ্ডই আমাদের হউক) ; [এই দণ্ডই] অশেষং (সমস্ত) সুরহেলনম্ অপি (আপনাদের প্রতি অবজ্ঞাজনিত পাপও) হরেত (হরণ করুক) ; ইহ তু (কিন্তু এই বিষয়ে) বঃ (আপনাদের) অনুতাপকলয়া (শাপে আমাদের যে অনুতাপ হইয়াছে, তাহার লেশমাত্রের প্রভাবে) অধোঽধঃ (নীচযোনি) ব্রজতঃ (ভ্রমণকারী) নৌ (আমাদের) ভগবৎস্মৃতিঘ্নঃ (ভগবৎস্মৃতিনাশক) মোহঃ (মোহ) মা ভবেৎ (যেন না হয়) ॥৩৬॥

অনুবাদ

সমূহের দ্বারাও অনিবারণীয় ইহা অবধারণ করিয়া শ্রীহরির অনুচরদ্বয় জয় ও বিজয় অতিশয় ভীত হইলেন এবং অত্যন্ত কাতরতা বশতঃ তখনই মুনিগণের চরণ ধারণ পূর্ব্বক "ভগবান্ না জানি কি করেন বা কি বলেন ?" এই ভয়ে অত্যধিক ভীত হইয়া ভূমিতে দণ্ডবৎ নিপতিত হইলেন ॥ ৩৫ ॥

[দ্বারপালদ্বয় দণ্ডবৎ নিপতিত হইয়াই বলিতে লাগিলেন]—হে মুনিগণ ! আমরা অতিশয় অপরাধী ; এই অপরাধে যাহা উচিত দণ্ড, তাহাই আপনারা বিধান করিয়াছেন ; এই দণ্ডই আমাদের হউক ও আপনাদের প্রতি অবজ্ঞাজনিত সমস্ত পাপ ক্ষয় করুক ; কিন্তু ইহাই আমাদের প্রার্থনা যে—আপনাদের শাপে আমাদের যে অনুতাপ হইয়াছে, তাহার প্রভাবে আমরা নীচযোনি ভ্রমণ করিতে থাকিলেও আমাদের যেন ভগবৎস্মৃতিনাশক মোহ না হয় অর্থাৎ মোহ উৎপন্ন হইয়া আমরা যেন ভগবান্‌কে ভুলিয়া না যাই ॥ ৩৬ ॥

টীকা

তেষামীরিতমিহেত্যেত্যাদিভাষণমবধার্য্য ইতঃ পততমিতি ঘোরমনিবারণমনিবারণীয়ং ব্রহ্মদণ্ডং ব্রহ্মশাপঞ্চাবধার্য্য হরেরনুচরৌ অতি কাতরেণ অতিকাতর্য্যেণ ভয়েন সদ্যস্তৎপাদগ্রহৌ শীঘ্রং তেষাং চরণগ্রহণং কুর্ব্বন্তৌ সন্তৌ উরু অধিকং বিভ্যতঃ "অথ ভগবান্ কিং করিষ্যতী"তি ভগবতো ভীতান্ প্রতি দণ্ডবদপততাম্ ॥ ৩৫ ॥ অহো ! অস্মাভিরেতৌ ভগবদ্বিযুক্তৌ কৃতাবিত্যনুতপ্যমানান্ মুনীন্ প্রত্যূচতুঃ—অঘোনি অপরাধবতি যঃ উচিতো দণ্ডঃ, স এব ভবদ্ভিরকারি কৃতঃ, নাত্র ভবতাং কশ্চিদ্ ব্যতিক্রম ইতি ভাবঃ, অতোঽসৌ নৌ আবয়োঃ ভূয়াৎ। অশেষং কৃৎস্নং সুরহেলনং ভবদবজ্ঞারূপং পাপঞ্চ হরেদপনুদ্যাৎ। কিন্তু অধো মূঢ়যোনীর্ব্রজতোরপি ভগবৎস্মৃতিঘ্নো মোহো বো যুষ্মাকং দয়ারূপোঽনুতাপস্তস্য লেশেন মা ভবেৎ। মূঢ়য়োরপ্যাবয়োর্ব্বৈরাদিনিমিত্তমপি ভগবৎপ্রাবণ্যমেব ভবেদিতি প্রার্থনা ॥৩৬॥ স্বানাং সৎসু অতিক্রমমপরাধং তদৈব তৎক্ষণমেব বিবুধ্য আর্য্যাণাং হৃদ্যো মনোজ্ঞঃ

এবং তদৈব ভগবানরবিন্দনাভঃ স্বানাং বিবুধ্য সদতিক্রমমার্য্যহৃদ্যঃ।
তস্মিন্ যযৌ পরমহংসমহামুনীনা-মন্বেষণীয়চরণৌ চলয়ন্ সহশ্রীঃ ॥ ৩৭ ॥
তং ত্বাগতং প্রতিহৃতৌপয়িকং স্বপুংভি-স্তেঽচক্ষতাক্ষবিষয়ং স্বসমাধিভাগ্যম্।
হংসশ্রিয়োর্ব্ব্যজনয়োঃ শিববায়ুলোল-শুভ্রাতপত্রশশিকেশরশীকরাম্বুম্ ॥ ৩৮ ॥

অন্বয়

এবং (এই প্রকারে) স্বানাং (স্বীয় অনুচরদ্বয়ের) সদতিক্রমং (সজ্জনগণের অবমাননারূপ অপরাধ) তদৈব (তখনই) বিবুধ্য (জানিতে পারিয়া) আর্য্যহৃদ্যঃ (সজ্জনগণের হৃদয়রঞ্জন) ভগবান্ অরবিন্দনাভঃ (ভগবান্ কমলনাভ শ্রীহরি) পরমহংসমহামুনীনাম্ (পরমহংস মহামুনিগণের) অন্বেষণীয়চরণৌ (অন্বেষণীয় শ্রীচরণ) চলয়ন্ (চালনা করিয়া অর্থাৎ পদব্রজে) সহশ্রীঃ (লক্ষ্মীদেবীর সহিত) তস্মিন্ (সেই স্থানে) যযৌ (আগমন করিলেন) ॥ ৩৭ ॥

আগতং (পদব্রজে আগমনকারী), স্বপুংভিঃ (নিজভৃত্যগণকর্ত্তৃক) প্রতিহৃতৌপয়িকং (আনীত ছত্রচামরাদি গমনোচিত দ্রব্যসমন্বিত), স্বসমাধিভাগ্যং (ভক্তগণের সমাধির ফলস্বরূপ) অক্ষবিষয়ং (ও প্রত্যক্ষের বিষয়ীভূত) হংসশ্রিয়োঃ (এবং হংসের ন্যায় শুভ্র) ব্যজনয়োঃ (চামরদ্বয়ের) শিববায়ুলোল-শুভ্রাতপত্রশশিকেশরশীকরাম্বুম্ (মঙ্গলময় বায়ুদ্বারা চন্দ্রের ন্যায় শুভ্র ছত্রের প্রান্তভাগে বিলম্বিত চঞ্চল মুক্তাহার দিয়া জলকণা যাহার উপরে পতিত হইতেছে), তং তু (সেই শ্রীহরিকে) তে মুনয়ঃ অচক্ষত (মুনিগণ দেখিতে পাইলেন) ॥ ৩৮ ॥

অনুবাদ

এই প্রকারে স্বীয় অনুচরকর্ত্তৃক মুনিগণের অবমাননারূপ অপরাধ তখনই জানিতে পারিয়া সজ্জনগণের হৃদয়রঞ্জন ভগবান্ কমলনাভ শ্রীহরি লক্ষ্মীদেবীর সহিত পরমহংস মহামুনিগণের অন্বেষণীয় শ্রীচরণ চালনা করিয়া অর্থাৎ পদব্রজে সেই মুনিগণের নিকটে আগমন করিলেন ॥৩৭॥

পদব্রজে আগমনকারী সেই ভগবান্ শ্রীহরিকে সনকাদি মুনিগণ দেখিতে পাইলেন; তাঁহারা দেখিলেন—ভগবান্ স্বীয় ভৃত্যগণকর্ত্তৃক আনীত ছত্রপাদুকাদি গমনোচিত দ্রব্যে সুসজ্জিত; তিনি ভক্তগণের সমাধির ফলস্বরূপ হইয়া এক্ষণে তিনি ইন্দ্রিয়গোচর হইয়াছেন এবং হংসের ন্যায় শুভ্র চামরদ্বয়ের মঙ্গলময় বায়ুদ্বারা চন্দ্রের ন্যায় শুভ্র ছত্রের প্রান্তদেশে বিলম্বিত চঞ্চল মুক্তাহার বহিয়া জলকণা ভগবানের উপরে নিপতিত হইতেছে ॥৩৮॥

টীকা

তস্মিন্ স্থানে যযৌ। ভগবতো ভক্তবাৎসল্যস্য গুণস্যাতিশয়ং দর্শয়িতুং সহশ্রীঃ লক্ষ্মীসহিতঃ ইতি পরমহংসমহামুনীনামন্বেষণীয়চরণৌ চলয়ন্নিতি চ উক্তম্ ॥ ৩৭ ॥ মুনিভির্দৃষ্টং ভগবন্তং বর্ণয়তি—তমিত্যাদি পঞ্চভিঃ। তং ভগবন্তং তে মুনয়ঃ অচক্ষত নিরীক্ষিতবন্তঃ নিরীক্ষ্য চ কৈঃ প্রণেমুরিতি পঞ্চশ্লোকানামন্বয়ঃ। কথম্ভূতং? প্রতিহৃতমানীতমৌপয়িকং গমনোচিতং ছত্রপাদুকাদি যস্য তম্, স্বানাং ভক্তানাং সমাধের্ভাগ্যফলম্, তদেবাক্ষ্ণোর্ব্বিষয়ম্, হংসবৎ শ্রীঃ শোভা যয়োস্তয়োঃ উভয়তশ্চলতোর্ব্ব্যজনয়োশ্চামরয়োঃ যঃ শিবঃ মঙ্গলরূপো বায়ুস্তেন লোলন্তশ্চলন্তঃ শুভ্রাতপত্রশশিকেশরাঃ শুভ্রং শোভনং যদাতপত্রং তদেব শশিসদৃশত্বাৎ শশী তস্য কেশরাঃ মুক্তাহারবিলম্বাস্তেভ্যো গলন্তি শীকরাম্বুনি অম্বুক-

কৃৎস্নপ্রসাদসুমুখং স্পৃহণীয়ধাম স্নেহাবলোককলয়া হৃদি সংস্পৃশন্তম্ ।
শ্যামে পৃথাবুরসি শোভিতয়া শ্রিয়া স্ব-শ্চূড়ামণিং সুভগয়ন্তমিবাত্মধিষ্ণ্যম্ ॥ ৩৯ ॥
পীতাংশুকে পৃথুনিতম্বিনি বিস্ফুরন্ত্যা কাঞ্চ্যালিভির্ব্বিরুতয়া বনমালয়া চ ।
বল্গুপ্রকোষ্ঠবলয়ং বিনতাসুতাংসে বিন্যস্তহস্তমিতরেণ ধুনানমব্জম্ ॥৪০॥

অন্বয়

[ভগবান্‌কে কেমন দেখিলেন তাহাই পুনরায় বলিতেছেন] কৃৎস্নপ্রসাদসুমুখং (ভগবান্ সমস্ত ভক্তগণের প্রতি অনুগ্রহে প্রসন্নমুখ), স্পৃহণীয়ধাম (কল্যাণগুণ সমূহের আধার), স্নেহাবলোককলয়া (স্নেহাবলোকনের দ্বারা) হৃদি (ভক্তজনের হৃদয়ে) সংস্পৃশন্তং (আনন্দদায়ক) শ্যামে (এবং শ্যামবর্ণ) পৃথৌ (বিশাল) উরসি (বক্ষঃস্থলে) শোভিতয়া শ্রিয়া (শোভিতা লক্ষ্মীদেবীদ্বারা) স্বশ্চূড়ামণিং (স্বর্গলোকের চূড়ামণি সদৃশ); আত্মধিষ্ণ্যং (এইরূপে তিনি স্বীয় বৈকুণ্ঠধামকে) সুভগয়ন্তম্ ইব (যেন শোভিতই করিতেছেন) ॥ ৩৯ ॥

পৃথুনিতম্বিনি (বিশাল নিতম্বদেশস্থিত) পীতাংশুকে (পীতবসনের উপরে) বিস্ফুরন্ত্যা (অত্যুজ্জ্বল কান্তিসমন্বিত) কাঞ্চ্যা (মেখলা অর্থাৎ কটিভূষণের দ্বারা) অলিভিঃ (ও ভ্রমরগণকর্ত্তৃক) বিরুতয়া (শব্দায়মান) বনমালয়া চ (বনমালা দ্বারা তিনি শোভিত হইতেছিলেন) বল্গুপ্রকোষ্ঠবলয়ং (এবং মণিবন্ধদেশে মনোহর বলয় ধারণ করিয়া) বিনতাসুতাংসে (গরুড়ের স্কন্ধদেশে) বিন্যস্তহস্তম্ (এক হস্ত বিন্যাস করতঃ) ইতরেণ (অপর হস্তদ্বারা) অব্জং (লীলাপদ্ম) ধুনানম্ (ঘুরাইতেছিলেন) [এইরূপ ভগবান্‌কে সনকাদি মুনিগণ দেখিতে পাইলেন] ॥ ৪০ ॥

অনুবাদ

[ভগবান্‌কে কেমন দেখিলেন তাহাই বলিতেছেন] সনকাদি মুনিগণ দেখিলেন—ভগবান্ সমস্ত ভক্তগণের প্রতি অনুগ্রহে প্রসন্নবদন; তিনি কল্যাণগুণ সমূহের আধার; স্নেহাবলোকনের দ্বারা সকলের হৃদয়ে আনন্দ বর্দ্ধন করিতেছেন এবং স্বীয় শ্যামবর্ণ বিশাল বক্ষঃস্থলে শোভিতা লক্ষ্মীদেবীর দ্বারা স্বর্গলোকের চূড়ামণিসদৃশ হইয়া তিনি বৈকুণ্ঠধামকে যেন অতিশয় শোভিতই করিতেছেন ॥ ৩৯ ॥

সনকাদি মুনিগণ দেখিলেন—ভগবান্ বিশাল নিতম্বদেশে পীতবসনের উপরে অবস্থিত অত্যুজ্জ্বল কান্তিসমন্বিত কটিভূষণের দ্বারা ও ভ্রমরগণকর্ত্তৃক শব্দায়মান বনমালাদ্বারা শোভিত হইয়াছেন; তিনি মণিবন্ধদেশে মনোহর বলয় ধারণ করিয়াছেন এবং গরুড়ের স্কন্ধদেশে বামহস্ত স্থাপন করিয়া দক্ষিণ হস্তে লীলাপদ্ম ঘুরাইতেছেন ॥ ৪০ ॥

টীকা

ণানি যস্মিন্ তম্ ॥ ৩৮ ॥ কৃৎস্নস্য ভক্তবৃন্দস্য প্রসাদে সুমুখং, স্পৃহণীয়ানাং কল্যাণগুণানাং ধাম আশ্রয়ম্। স্নেহসহিতাবলোকস্য কলয়া সৌশীল্যবশাদল্পেন সস্নেহাবলোকনেন হৃদি সংস্পৃশন্তমানন্দয়ন্তম্। স্বর্গলোকস্য চূড়ামণিবং স্থিতং সুভগয়ন্তং শোভয়ন্তম্ ইব ॥ ৩৯ ॥

পৃথুনিতম্বঃ আশ্রয়ত্বেন বিদ্যতে যস্য তস্মিন্, বিস্ফুরন্ত্যা কাঞ্চ্যা মেখলয়া বনমালয়া চ সুভগয়ন্তমিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। যুক্তমিতি শেষো বা, বল্গুষু সুন্দরেষু প্রকোষ্ঠেষু বলয়ানি যস্য তম্, বিনতায়াঃ সুতস্য অংসে স্কন্ধে বিন্যস্তো হস্তো যেন তম্, ধুনানং ভ্রাময়ন্তম্ ॥ ৪০ ॥ বিদ্যুতং স্বপ্রভয়া ক্ষিপতী তিরস্কুর্ব্বতী

বিদ্যুৎক্ষিপন্মকরকুণ্ডলমণ্ডনার্হ-গণ্ডস্থলোন্নসমুখং মণিমৎকিরীটম্।
দোর্দ্দণ্ডষণ্ডবিবরে হরতা পরার্দ্ধ্য-হারেণ কন্ধরগতেন চ কৌস্তুভেন ॥ ৪১॥
অত্রোপসৃষ্টমিতি চোৎস্মিতমিন্দিরায়াঃ স্বানাং ধিয়া বিরচিতং বহুসৌষ্ঠবাঢ্যম্।
মহ্যং ভবস্য ভবতাঞ্চ ভজন্তমঙ্গং নেমুর্নিরীক্ষ্য ন বিতৃপ্তদৃশো মুদা কৈঃ ॥ ৪২ ॥

অন্বয়

[পুনরায় ভগবান্‌কে কেমন দেখিলেন তাহাই বলিতেছেন] বিদ্যুৎক্ষিপন্মকরকুণ্ডলমণ্ডনার্হ-গণ্ডস্থলোন্নসমুখং (ভগবানের মুখমণ্ডল বিদ্যুতের প্রভাকে পরাভূত করে, এইরূপ মকরাকার কুণ্ডলালঙ্কারের যোগ্য গণ্ডস্থল ও উন্নত নাসিকাযুক্ত); মণিমৎকিরীটং (তিনি মণিময় কিরীটধারী) দোর্দ্দণ্ড-ষণ্ডবিবরে (ও বাহুদণ্ডসমূহের মধ্যে) হরতা (মনোহর) পরার্দ্ধ্যহারেণ (শ্রেষ্ঠ হার) কন্ধরগতেন (ও কণ্ঠস্থিত) কৌস্তুভেন চ (কৌস্তুভমণি দ্বারা শোভিত); [এইরূপ ভগবান্‌কে সনকাদি মুনিগণ দেখিলেন] ॥৪১॥

ইন্দিরায়াঃ (লক্ষ্মীদেবীর) উৎস্মিতম্ (সৌন্দর্য্যাভিমান) অত্র (এই ভগবৎসৌন্দর্য্যে) উপসৃষ্টম্ (খর্ব্ব হইয়াছে) ইতি চ (এইরূপ) স্বানাং (ভক্তগণের) ধিয়া (নিজ নিজ বুদ্ধিদ্বারা) বিরচিতম্ (ভগবান্ বিতর্কিত হন); [যেহেতু ভগবান্] মহ্যং (ব্রহ্মা আমার), ভবস্য (শিবের) ভবতাং চ (ও দেবতা তোমাদের) [জন্য] বহুসৌষ্ঠবাঢ্যম্ (অনন্ত সৌন্দর্য্যশালী) অঙ্গং (ভজনীয় মূর্ত্তি) ভজন্তম্ (প্রকটিত করিয়া থাকেন); নিরীক্ষ্য (এইরূপ ভগবান্‌কে দর্শন করিয়া) ন বিতৃপ্তদৃশঃ (অপরিতৃপ্ত নয়নে) মুদা (ও অতিশয় আনন্দভরে) কৈঃ (অবনত মস্তকে) নেমুঃ (তাঁহারা ভগবান্‌কে নমস্কার করিলেন) ॥ ৪২ ॥

অনুবাদ

সনকাদি মুনিগণ দেখিলেন—ভগবানের মুখমণ্ডল বিদ্যুতের প্রভাকে পরাভূত করে এইরূপ মকরাকার কুণ্ডলালঙ্কারের যোগ্য গণ্ডস্থল ও উন্নতনাসিকাসমন্বিত; তিনি মণিখচিত কিরীট ধারণ করিয়াছেন এবং বাহুদণ্ডসমূহের মধ্যে মনোহর শ্রেষ্ঠ হার ও কণ্ঠদেশে কৌস্তুভমণিদ্বারা শোভিত হইয়াছেন ॥ ৪১ ॥

"আমি সমস্ত সৌন্দর্য্যের আকর" লক্ষ্মীদেবীর এই সৌন্দর্য্যাভিমান ভগবৎ-সৌন্দর্য্যে খর্ব্ব হইয়া থাকে এইরূপে ভগবান্ ভক্তগণের নিজ নিজ বুদ্ধিদ্বারা বিতর্কিত হন, কারণ তিনি অনন্ত সৌন্দর্য্যশালী; আমার, মহাদেবের ও দেবতা তোমাদের মঙ্গলের নিমিত্ত ভগবান্ নিজমূর্ত্তি প্রকটিত করিয়া থাকেন; এইরূপ ভগবান্‌কে সনকাদি মুনিগণ

টীকা

যে মকরাকারে কুণ্ডলে তাভ্যাং যন্মণ্ডনমলঙ্করণং তদর্হে গণ্ডস্থলে যস্মিন্ তচ্চ তদুন্নসং মুখং যস্য তম্, মণিমৎ কিরীটং যস্য তম্, দোর্দ্দণ্ডষণ্ডস্য ভুজদণ্ডসমূহস্য বিবরে মধ্যে সংস্থিতেন হরতা মনোহারিণা পরার্দ্ধ্যেন শ্রেষ্ঠেন হারেণ কন্ধরগতেন কণ্ঠস্থেন কৌস্তুভেন চ যুক্তম্ ॥ ৪১। ইন্দিরায়াঃ রমায়াঃ উৎস্মিতং সৌন্দর্য্যাভিমানমত্র ভগবৎসৌন্দর্য্যে উপসৃষ্টং নিমগ্নমিতি স্বানাং ভক্তানাং ধিয়া বিরচিতম্ তৈঃ স্ববুদ্ধ্যা বিতর্কিতমিত্যর্থঃ, যতো বহুসৌষ্ঠবেন অনন্তসৌন্দর্য্যেণ আঢ্যম্ যুক্তম্, মহ্যং ভবস্য শিবস্য ভবতাং দেবানাং চ কৃতে অঙ্গং মূর্ত্তিং ভজন্তং প্রকটয়ন্তম্ নিরীক্ষ্য দৃষ্ট্বা ন বিশেষেণ তৃপ্তা দৃশো নেত্রাণি যেষাং তে কৈঃ শিরোভি-র্মুদা হর্ষেণ নেমুর্নমশ্চক্রুঃ ॥ ৪২ ॥ অক্ষরজুষাং স্বরূপানন্দসেবিনামপি তস্য শ্রীবিগ্রহৈকদেশভূতয়োঃ

তস্যারবিন্দনয়নস্য পদারবিন্দ-কিঞ্জল্কমিশ্রতুলসীমকরন্দবায়ুঃ।
অন্তর্গতঃ স্ববিবরেণ চকার তেষাং সংক্ষোভমক্ষরজুষামপি চিত্ততন্বোঃ ॥৪৩॥
তে বা অমুষ্য বদনাসিতপদ্মকোশ-মুদ্বীক্ষ্য সুন্দরতরাধরকুন্দহাসম্।
লব্ধাশিষঃ পুনরবেক্ষ্য তদীয়মঙ্ঘ্রি-দ্বন্দ্বং নখারুণমণিশ্রয়ণং নিদধ্যুঃ ॥ ৪৪ ॥

অন্বয়

[মুনিগণ নমস্কার করিলে] অরবিন্দনয়নস্য (কমললোচন) তস্য (সেই ভগবানের) পদারবিন্দকিঞ্জল্ক-মিশ্রতুলসীমকরন্দবায়ুঃ (পাদপদ্মের কেশরমিশ্রিত তুলসীর মকরন্দযুক্ত বায়ু) স্ববিবরেণ (নিজ নিজ নাসারন্ধ্রের দ্বারা) অন্তর্গতঃ (শরীর মধ্যে প্রবিষ্ট হইয়া) অক্ষরজুষাম্ অপি তেষাং (ব্রহ্মানন্দসেবী হইলেও তাঁহাদের) চিত্ততন্বোঃ (চিত্ত ও শরীরের) সংক্ষোভং চকার (বিক্ষোভ উৎপন্ন করিল অর্থাৎ চিত্তে আনন্দোদ্রেক ও শরীরে রোমাঞ্চ উৎপন্ন করিল] ॥ ৪৩ ॥

তে বৈ (সেই মুনিগণ) অমুষ্য (ঐ ভগবানের) সুন্দরতরাধরকুন্দহাসং (অতি সুন্দর অধরোষ্ঠে কুন্দ কুসুমের ন্যায় বিশদ হাস্যযুক্ত) বদনাসিতপদ্মকোশম্ (নীলপদ্মের কোশসদৃশ বদন) উদ্বীক্ষ্য (দর্শন করিয়া) লব্ধাশিষঃ (পূর্ণ মনোরথ হইলেন এবং) নখারুণমণিশ্রয়ণং (অরুণমণির ন্যায় রক্তবর্ণ নখপংক্তির আশ্রয়) তদীয়ম্ অঙ্ঘ্রি দ্বন্দ্বং (ভগবানের চরণযুগল) পুনঃ অবেক্ষ্য (পুনরায় দর্শন করিয়া) নিদধ্যুঃ (ধ্যান করিতে লাগিলেন) ॥ ৪৪ ॥

অনুবাদ

দর্শন করিলেন ; দর্শন করিয়া তাঁহাদের নয়নের পরিতৃপ্তি হইল না ; তাঁহারা আনন্দভরে অবনত মস্তকে ভগবান্‌কে নমস্কার করিলেন ॥ ৪২ ॥

মুনিগণ যখন নমস্কার করিলেন, তখন কমললোচন শ্রীহরির পাদপদ্মের কেশরমিশ্রিত তুলসীর মকরন্দযুক্ত বায়ু তাঁহাদের নিজ নিজ নাসারন্ধ্রের দ্বারা দেহমধ্যে প্রবিষ্ট হইয়া ব্রহ্মানন্দসেবী হইলেও তাঁহাদের চিত্ত ও শরীরের ক্ষোভ উৎপন্ন করিল অর্থাৎ চিত্তের ক্ষোভ আনন্দ ও শরীরের ক্ষোভ রোমাঞ্চ উৎপন্ন করিল ॥ ৪৩ ॥

সনকাদি মুনিগণ ঐ ভগবানের অতিসুন্দর অধরোষ্ঠে কুন্দ কুসুমের ন্যায় শুভ্র হাস্যযুক্ত নীলপদ্মের কোশসদৃশ বদন অবলোকন করিয়া পূর্ণমনোরথ হইলেন এবং অরুণমণির ন্যায় রক্তিম নখপংক্তির আশ্রয় ভগবানের চরণযুগল পুনরায় দর্শন করিয়া ধ্যান করিতে লাগিলেন অর্থাৎ এককালে ভগবানের সকল অঙ্গলাবণ্য দর্শন করিতে অসমর্থ হইয়া ধ্যানযোগে ভগবান্‌কে সম্পূর্ণরূপে দর্শন করিতে লাগিলেন ॥ ৪৪ ॥

টীকা

পদারবিন্দয়োঃ কিঞ্জল্কৈঃ কেশরৈরঙ্গুলীভির্মিশ্রায়াঃ তুলস্যাঃ মকরন্দেন যুক্তো বায়ুঃ স্ববিবরেণ নাসিকা-রন্ধ্রেণ অন্তর্গতঃ চিত্ততন্বোঃ সংক্ষোভং চকার। তত্র চিত্তসংক্ষোভমানন্দোদ্রেকং, তনুসংক্ষোভং রোমাঞ্চম্ ॥ ৪৩ ॥ অথ মুনয়ঃ নিরতিশয়বদনাদিসৌন্দর্য্যযুক্তং ভগবন্তং পুনঃ পুনর্বীক্ষ্য হৃদি ধ্যাত্বা স্তবন্নিত্যাহ—তে ইতি দ্বাভ্যাম্। বদনমেবাসিতপদ্মকোশান্তর্ভাগস্তম্, অসিতপদ্মকোশমিত্যুভূতোপমা ; সুন্দরতরে বিম্বফলোপমে অধরোষ্ঠে কুন্দবৎ বিশদো হাসো যস্মিন্ তম্, উৎ ঊর্দ্ধং বীক্ষ্য লব্ধাশিষঃ প্রাপ্ত-মনোরথাঃ সন্তঃ নখা এব মণয়স্তেষাং শ্রয়ণমাশ্রয়ভূতমঙ্ঘ্রি দ্বন্দ্বং পুনরবেক্ষ্য নিদধ্যুর্ধ্যাতবন্তঃ ॥ ৪৪ ॥

পুংসাং গতিং মৃগয়তামিহ যোগমার্গৈ-র্ধ্যানাস্পদং বহুমতং নয়নাভিরামম্।
পৌংস্নং বপুর্দ্দর্শয়ানমনন্যসিদ্ধৈ-রৌৎপত্তিকৈঃ সমগৃণন্ যুতমষ্টভোগৈঃ ॥ ৪৫ ॥

শ্রীকুমারা ঊচুঃ

যোঽন্তর্হিতো হৃদিগতোঽপি দুরাত্মনাং ত্বং নাদ্যৈব নো নয়নমূলমনন্ত! রাদ্ধঃ।
যর্হ্যেব কর্ণবিবরেণ গুহাং গতো নঃ পিত্রানুবর্ণিতরহা ভবদুদ্ভবেন ॥ ৪৬ ॥

অন্বয়

[সনকাদি মুনিগণ] ইহ (সংসারে) যোগমার্গৈঃ (কর্ম্মযোগ, জ্ঞানযোগ ও ভক্তিযোগের দ্বারা) গতিং মৃগয়তাম্ (ভগবৎপদ অন্বেষণকারী), পুংসাং (পুরুষগণের) ধ্যানাস্পদম্ (ধ্যানের বিষয়ীভূত) বহুমতং (ও অতি আদরণীয়) নয়নাভিরামং (নয়নের আনন্দপ্রদ) পৌংস্নং (পৌরুষ) বপুঃ (শরীর) দর্শয়ানং (প্রদর্শন করাইতেছেন এমন) অনন্যসিদ্ধৈঃ (স্বীয় অসাধারণ) ঔৎপত্তিকৈঃ (নিত্য) অষ্টভোগৈঃ (অণিমাদি অষ্টৈশ্বর্য্য) যুতম্ (যুক্ত) [তম্] (সেই ভগবান্‌কে) সমগৃণন্ (সম্যক্‌রূপে স্তব করিতে লাগিলেন) ॥ ৪৫ ॥

শ্রীকুমারাঃ ঊচুঃ (কুমারগণ বলিলেন) অনন্ত! (হে অসীম!) যঃ ত্বং (আপনি) দুরাত্মনাং (দুরাত্মাগণের) হৃদিগতঃ অপি (হৃদয়স্থ হইয়াও) অন্তর্হিতঃ (তিরোহিত থাকেন); [সঃ] (আপনি) নঃ (আমাদের) নয়নমূলং (সকল ইন্দ্রিয়ের মূল অন্তঃকরণে) অদ্যৈব (আজই) ন রাদ্ধঃ (অবস্থিত হন নাই); [কিন্তু] ভবদুদ্ভবেন (আপনা হইতে উদ্ভূত অর্থাৎ আপনার পুত্র) নঃ পিত্রা (আমাদের পিতা ব্রহ্মাকর্ত্তৃক) যর্হি এব (যখন) অনুবর্ণিতরহাঃ (আমরা আপনার রহস্য অবগত হইয়াছি তখনই আপনি) নঃ (আমাদের) কর্ণবিবরেণ (কর্ণরন্ধ্র দ্বারা) গুহাং (হৃৎপদ্মে) গতঃ [অসি] (প্রবেশ করিয়াছেন) ॥ ৪৬ ॥

অনুবাদ

এই সংসারে কর্ম্মযোগ, জ্ঞানযোগ ও ভক্তিযোগের দ্বারা ভগবৎপদ অন্বেষণকারী পুরুষগণের যিনি ধ্যানের আস্পদ হইয়া থাকেন এবং অতি আদরণীয় নয়নের আনন্দবর্দ্ধক পুরুষমূর্ত্তি যিনি প্রদর্শন করাইয়া থাকেন, সেই নিত্য অণিমাদি অষ্টৈশ্বর্য্যযুক্ত ভগবান্ শ্রীহরিকে সনকাদি মুনিগণ সম্যক্‌রূপে স্তব করিতে লাগিলেন ॥ ৪৫ ॥

কুমারগণ বলিতে লাগিলেন—হে অনন্ত! আপনি দুরাত্মাগণের হৃদয়স্থ অর্থাৎ অন্তর্য্যামী হইয়াও তাহাদের নিকটে তিরোহিত থাকেন; আপনি আমাদের অন্তঃকরণে আজই যে অবস্থান করিয়াছেন অর্থাৎ আজই যে আপনাকে আমাদের হৃদয়গুহায় দর্শন করিতেছি তাহা নহে; আপনা হইতে যাঁহার উদ্ভব হইয়াছে, সেই আমাদের পিতা ব্রহ্মা আপনার রহস্য

টীকা

বহুমতমত্যাদরণীয়ং পৌংস্নং পৌরুষম্ অনন্যসিদ্ধৈঃ স্বাসাধারণৈঃ ঔৎপত্তিকৈঃ নিত্যৈঃ অষ্টভোগৈঃ অণিমাদ্যৈশ্বর্য্যৈঃ যুতম্। সমগৃণন্ সম্যগস্তুবন্ ॥ ৪৫ ॥ হে অনন্ত! যস্ত্বং দুরাত্মনাং দুষ্টচিত্তানাং হৃদি গতোঽপি অন্তর্হিতঃ তিরোহিতোঽসি, স ত্বং নঃ অস্মাকং তু নয়নমূলং নয়নোপলক্ষিতসর্ব্বেন্দ্রিয়মূলমন্তঃকরণমদ্যৈব ন রাদ্ধঃ প্রাপ্তঃ, কিন্তু ভবদুদ্ভবেন ত্বৎ পুত্রেণ নঃ পিত্রা যর্হি যদৈব বর্ণিতরহা উপদিষ্টরহস্যঃ, তদৈব কর্ণবিবরেণ গুহাং হৃৎপদ্মং গতঃ প্রাপ্তোঽসি, মদ্দনুগ্রহেণ সদৈব ত্বাং পশ্যামো

তং ত্বাং বিদাম ভগবন্! পরমাত্মতত্ত্বং সত্ত্বেন সম্প্রতি রতিং রচয়ন্তমেষাম্।
যৎ তেঽনুতাপবিদিতৈর্দৃঢ়ভক্তিযোগৈ-রুদ্‌গ্রন্থয়ো হৃদি বিদুর্ম্মুনয়ো বিরাগাঃ ॥৪৭॥
নাত্যন্তিকং বিগণয়ন্ত্যপি তে প্রসাদং কিন্ত্বন্যদর্পিতভয়ং ভ্রুব উন্নয়স্তে।
যেঽঙ্গ! ত্বদঙ্ঘ্রিশরণা ভবতঃ কথায়াঃ কীর্ত্তন্যতীর্থযশসঃ কুশলা রসজ্ঞাঃ ॥৪৮॥

অন্বয়

ভগবন্! (হে ষড়ৈশ্বর্য্যশালিন্!) সত্ত্বেন (বিশুদ্ধ সত্ত্বময় বিগ্রহরূপে) এষাং (ভক্তগণের) সম্প্রতি রতিং (প্রতিক্ষণ প্রীতি) রচয়ন্তং (উৎপাদনকারী) পরম্ আত্মতত্ত্বং (ও পরমাত্মস্বরূপ) যং (আপনাকে) তে (আপনার) অনুতাপবিদিতৈঃ (কৃপায় অবগত) দৃঢ়ভক্তিযোগৈঃ (আপনার লীলাদি শ্রবণকীর্ত্তনাদির দ্বারা) উদ্‌গ্রন্থয়ঃ (নিরহঙ্কারী) বিরাগাঃ (অনাসক্ত) মুনয়ঃ (মুনিগণ) হৃদি (হৃদয়ে) বিদুঃ (দর্শন করিয়া থাকেন); তং ত্বাং (সেই আপনাকে) [আমরা] বিদাম (দর্শন করিলাম) ॥ ৪৭ ॥

অঙ্গ! (হে ভগবন্!) ত্বদঙ্ঘ্রিশরণাঃ যে (আপনার চরণাশ্রিত যে সকল ভক্ত) কীর্ত্তন্যতীর্থযশসঃ (কীর্ত্তনীয় পবিত্রকীর্ত্তি) ভবতঃ (আপনার) কথায়াঃ (লীলাচরিত্রের) কুশলাঃ রসজ্ঞাঃ (রসানুভবে অভিজ্ঞ), তে (তাঁহারা অর্থাৎ সেই ভক্তগণ) তে (আপনার) আত্যন্তিকং প্রসাদম্ অপি (মোক্ষরূপ অনুগ্রহও) ন বিগণয়ন্তি (আদর করেন না); তে (আপনার) ভ্রুবঃ উন্নয়ৈঃ (কটাক্ষরূপ কালভয়) অর্পিতভয়ম্ (যাহাতে নিহিত আছে, এইরূপ) অন্যৎ কিন্তু? (অপর স্বর্গাদিকে যে আদর করিবেন না সেই বিষয়ে আর বক্তব্য কি?) ॥ ৪৮ ॥

অনুবাদ

আমাদিগকে যখন উপদেশ করিয়াছেন, তখনই আপনি আমাদের হৃৎপদ্মে প্রবিষ্ট হইয়াছেন অর্থাৎ তখন হইতেই আমরা আপনাকে হৃদয়ে দর্শন করিতেছি।

হে ভগবন্! বিশুদ্ধ সত্ত্বময় বিগ্রহরূপে আপনি ভক্তগণের প্রতিক্ষণ প্রীতি উৎপাদন করিয়া থাকেন এবং আপনার কৃপায় অবগত আপনার লীলাগুণাদি শ্রবণ-কীর্ত্তনাদির দ্বারা নিরহঙ্কারী অনাসক্ত মুনিগণ পরমাত্মস্বরূপ আপনাকে হৃদয়ে দর্শন করিয়া থাকেন; সেই আপনাকে আমরা এক্ষণে দর্শন করিলাম ॥ ৪৭ ॥

হে ভগবন্! আপনার চরণাশ্রিত যে সকল ভক্ত পবিত্রকীর্ত্তি আপনার লীলাচরিত্রের রসানুভবে অতিশয় অভিজ্ঞ, তাঁহারা আপনার মোক্ষরূপ অনুগ্রহকেও আদর করেন না;

টীকা

ধন্যা বয়মিতিভাবঃ ॥ ৪৬ ॥ সত্ত্বেন শুদ্ধসত্ত্বেন অপ্রাকৃতেন শ্রীবিগ্রহেণ এষাং ভক্তানাং সম্যক্ প্রতিক্ষণং রতিং প্রীতিং রচয়ন্তং যৎ যং ত্বাং দৃঢ়ৈর্ভক্তিযোগৈঃ ত্বৎস্বরূপগুণাদিশ্রবণকীর্ত্তনাদিভিঃ উদ্‌গ্রন্থয়ঃ নিরহঙ্কারা বিরাগাঃ হৃদি বিদুঃ জানন্তি ধ্যায়ন্তীত্যর্থঃ, তং ত্বাং বিদাম ॥ ৪৭ ॥ শ্রীবিগ্রহ-মদ্ভগবজ্জ্ঞানধ্যানাদ্যাসক্ত্যা তে মোক্ষমপি ন গণয়ন্তীত্যাহুঃ—নেতি। হে অঙ্গ! হে ভগবন্। আত্য-ন্তিকং মোক্ষ্যমপি ন গণয়ন্তি নাদ্রিয়ন্তে, কিন্তু কিমুত তে তব ভ্রুবঃ উন্নয়ৈর্বিক্ষেপৈঃ অর্পিতং নিহিতং ভয়ং যস্মিন্ তৎ অন্যৎ মোক্ষেতরৎ স্বর্গাদি ন গণয়ন্তীতি কিং বক্তব্যম্ ॥ ৪৮ ॥ লোক-দৃষ্ট্যাহুঃ—কামমিতি। কামং যথেষ্টং ভবো জন্ম, বাচঃ তুলসিবৎ অঙ্ঘ্রিপাভ্যাং বর্ণ্যমানাভ্যাং শোভা

কামং ভবঃ স্ববৃজিনৈর্নিরয়েষু নস্তা-চ্চেতোঽলিবদ্ যদি নু তে পদয়ো রমেত।
বাচশ্চ নস্তুলসিবদ্ যদি তেঽঙ্ঘ্রিশোভাঃ পূর্য্যেত তে গুণগণৈর্যদি কর্ণরন্ধ্রঃ ॥৪৯॥
প্রাদুশ্চকর্থ যদিদং পুরুহূত! রূপং তেনেশ! নির্বৃতিমবাপুরলং দৃশো নঃ।
তস্মা ইদং ভগবতে নম ইদ্বিধেম যোঽনাত্মনাং দুরুদয়ো ভগবান্ প্রতীতঃ ॥৫০॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুরমৈত্রেয়সংবাদে বৈকুণ্ঠবর্ণনং নাম পঞ্চদশোঽধ্যায়ঃ ॥ ১৫ ॥

অন্বয়

[হে ভগবন্! আমরা আপনার দ্বারপালদ্বয়কে অভিশাপ প্রদান করিয়াছি, অতএব] নঃ (আমাদের) স্ববৃজিনৈঃ (স্বীয় অপরাধে) নিরয়েষু (নরকে) কামং (যথেষ্ট) ভবঃ (জন্ম) স্তাৎ (হউক); [তাহাতে দুঃখ নাই] চেতঃ (আমাদের চিত্ত) যদি অলিবৎ নু (যদি ভ্রমরের ন্যায়) তে (আপনার) পদয়োঃ (শ্রীচরণে) রমেত (রত থাকে) নঃ বাচঃ চ (ও আমাদের বাক্য সকল) যদি তুলসিবৎ (যদি তুলসীর ন্যায়) তে (আপনার) অঙ্ঘ্রিশোভাঃ (শ্রীচরণের গুণবর্ণনে রত হয়) তে গুণগণৈঃ (এবং আপনার গুণসমূহের দ্বারা) যদি কর্ণরন্ধ্রঃ (যদি আমাদের শ্রবণবিবর) পূর্য্যেত (পরিপূর্ণ থাকে) ॥ ৪৯ ॥

পুরুহূত! (হে বিপুলকীর্ত্তে!) ঈশ! (হে পরমেশ্বর!) [আপনি] যদিদং রূপং (যে এইরূপ) প্রাদুশ্চকর্থ (প্রকটিত করিয়াছেন), তেন (তাহার দ্বারা) নঃ (আমাদের) দৃশঃ (নয়ন) অলং (অতিশয়) নির্বৃতিং (শান্তি) অবাপুঃ (প্রাপ্ত হইল)। অনাত্মনাং (যাহারা পরমাত্মতত্ত্ব বিস্মৃত হইয়াছে, তাহাদের নিকটে) দুরুদয়ঃ (অপ্রকটিত হইলেও) ইৎ (এই প্রকারে আমাদের নিকটে) যঃ ভগবান্ প্রতীতঃ (যে ভগবান্ প্রকটিত হইয়াছেন), তস্মৈ ভগবতে (সেই ভগবান্ আপনাকে) ইদং নমঃ বিধেম (নমস্কার করিতেছি) ॥ ৫০ ॥

অনুবাদ

আপনার কটাক্ষরূপ কালভয় যাহাতে আছে এইরূপ স্বর্গাদিকে যে তাঁহারা আদর করিবেন না এ বিষয়ে আর বক্তব্য কি? ॥ ৪৮ ॥

হে ভগবন্! আমরা আপনার দ্বারপালদ্বয়কে অভিশাপ প্রদান করিয়া অপরাধ করিয়াছি; অতএব আমাদের এই আত্মকৃত অপরাধে নরকে জন্ম হয় হউক, তাহাতে আপত্তি নাই; যদি আমাদের চিত্ত আপনার শ্রীচরণে রত থাকে ও তুলসী যেমন আপনার চরণাশ্রিত হইয়া শোভা ধারণ করিয়া থাকে, সেইরূপ আমাদের বাক্যসকলও যদি আপনার শ্রীচরণের গুণবর্ণনে রত হয় এবং যদি আপনার গুণসমূহে আমাদের শ্রবণবিবর পরিপূর্ণ থাকে, [তাহা হইলে নরকবাসও আমাদের কষ্টকর হইবে না] ॥ ৪৯ ॥

হে বিপুলকীর্ত্তে! হে পরমেশ্বর! আপনি যে রূপ প্রকটিত করিলেন, ইহা দর্শনে আমাদের নয়ন অতিশয় পরিতৃপ্ত হইল; যাহারা পরমাত্মতত্ত্ব বিস্মৃত হইয়াছে, তাহাদের নিকটে আপনি অপ্রকটিত হইলেও আপনি আমাদের নিকটে এই প্রকারে প্রকটিত হইয়াছেন; আপনাকে আমরা নমস্কার করিতেছি ॥ ৫০ ॥

পঞ্চদশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ১৫ ॥

টীকা

যাসাং তা যদি স্যুঃ ॥ ৪৯ ॥ এবং লোকদৃষ্ট্যা সংপ্রার্থ্য অথ স্বকৃতার্থতামাহুঃ—প্রাদুরিতি। হে পুরুহূত! বিপুলকীর্ত্তে! প্রাদুশ্চকর্থ প্রকটিতবানসি; অনাত্মনাং বিস্মৃতপরমাত্মতত্ত্বানাং দুরুদয়ঃ অপ্রকটোঽপি ইৎ ইত্থং যঃ প্রতীতোঽসি, তস্মৈ ইদং নমঃ বিধেম ॥ ৫০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে তৃতীয়স্কন্ধে শ্রীমচ্ছুকদেবকৃতসিদ্ধান্ত-প্রদীপটীকায়াং পঞ্চদশোঽধ্যায়ঃ ॥ ১৫ ॥

ষোড়শোঽধ্যায়ঃ

শ্রীব্রহ্মোবাচ

ইতি তদ্‌গৃণতাং তেষাং মুনীনাং যোগধর্ম্মিণাম্ ।
প্রতিনন্দ্য জগাদেদং বিকুণ্ঠনিলয়ো বিভুঃ ॥ ১ ॥

শ্রীভগবানুবাচ

এতৌ দ্বৌ পার্ষদৌ মহ্যং জয়ো বিজয় এব চ ।
কদর্থীকৃত্য মাং যদ্বো বহ্বাক্রান্তামতিক্রমম্ ॥ ২ ॥
যস্ত্বেতয়োর্ধৃতো দণ্ডো ভবদ্ভির্ম্মামনুব্রতৈঃ ।
স এবানুমতোঽস্মাভির্ম্মুনয়ো দেবহেলনাৎ ॥ ৩ ॥

অন্বয়

শ্রীব্রহ্মা উবাচ (ব্রহ্মা বলিলেন) । [হে দেবগণ !] ইতি গৃণতাং (পূর্ব্বোক্ত প্রকারে স্তবকারী) যোগধর্ম্মিণাং (যোগধর্ম্মাবলম্বী) তেষাং মুনীনাং (সেই সনকাদি মুনিগণের) তৎ (বাক্য) প্রতিনন্দ্য (অভিনন্দিত করিয়া) বিকুণ্ঠনিলয়ঃ (বৈকুণ্ঠবিহারী) বিভুঃ (ভগবান্ বিষ্ণু) ইদং (ইহা অর্থাৎ বক্ষ্যমাণ বাক্য) জগাদ (বলিতে লাগিলেন) ॥ ১ ॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীহরি বলিলেন) মহ্যং (আমার) জয়ঃ বিজয়ঃ এব চ (জয় ও বিজয় নামক) এতৌ দ্বৌ পার্ষদৌ (এই পার্ষদদ্বয়) মাং (আমাকে) কদর্থীকৃত্য (অবজ্ঞা করিয়া অর্থাৎ জিজ্ঞাসা না করিয়া) যৎ বঃ (আপনাদিগের) বহু অতিক্রমং (অতিশয় অবমাননা) আক্রান্তাম্ (করিয়াছে) ॥২॥

[অতএব] মুনয়ঃ ! (হে মুনিগণ !) মাম্ অনুব্রতৈঃ (আমার প্রতি অনুরক্ত ভক্ত) ভবদ্ভিঃ (আপনাদিগকর্ত্তৃক) এতয়োঃ (এই পার্ষদদ্বয়ের) যঃ তু দণ্ডঃ (যে অভিশাপরূপ দণ্ড) ধৃতঃ (বিহিত হইয়াছে), দেবহেলনাৎ (দেবতাস্বরূপ আপনাদের অবজ্ঞা করায়) অস্মাভিঃ (আমাকর্ত্তৃক) সঃ এব (সেই দণ্ডই) অনুমতঃ (অনুমোদিত হইল) ॥ ৩ ॥

অনুবাদ

ব্রহ্মা বলিলেন—হে দেবগণ ! বৈকুণ্ঠবিহারী ভগবান্ বিষ্ণু পূর্ব্বোক্ত প্রকারে স্তবকারী যোগধর্ম্মাবলম্বী সনকাদি মুনিগণের স্তুতিবাক্য অভিনন্দিত করিয়া এই বক্ষ্যমাণ বাক্য বলিতে লাগিলেন ॥১॥

শ্রীহরি বলিলেন—হে মুনিগণ ! আমার জয় ও বিজয় নামক এই পার্ষদদ্বয় আমাকে অবজ্ঞা করিয়াই অর্থাৎ জিজ্ঞাসা না করিয়াই আপনাদের অতিশয় অবমাননা করিয়াছে ॥২॥

হে মুনিগণ ! আপনারা আমার অনুরক্ত ভক্ত ; অতএব আপনারা এই পার্ষদদ্বয়ের

টীকা

তদ্বাক্যং প্রতিনন্দ্য ইদং বক্ষ্যমাণং জগাদ ॥ ১ ॥ কদর্থীকৃত্য অবজ্ঞায় অপৃষ্ট্বা ইত্যর্থঃ ; বহু যথা ভবতি তথা বঃ অতিক্রমমপচারম্ আক্রান্তাং কৃতবন্তৌ ॥ ২ ॥ ৩ ॥ স্বপুংভিঃ মদীয়ৈর্দ্বারপালৈর্বঃ

তদ্বঃ প্রসাদয়াম্যদ্য ব্রহ্ম দৈবং পরং হি মে।
তদ্ধীত্যাত্মকৃতং মন্যে যৎ স্বপুংভিরসৎকৃতাঃ ॥ ৪ ॥
যন্নামানি চ গৃহ্ণাতি লোকো ভৃত্যে কৃতাগসি।
সোঽসাধুবাদস্তৎকীর্ত্তিং হন্তি ত্বচমিবাময়ঃ ॥ ৫ ॥
যস্যামৃতামলযশঃশ্রবণাবগাহঃ সদ্যঃ পুনাতি জগদা শ্বপচাদ্বিকুণ্ঠঃ।
সোঽহং ভবদ্ভ্য উপলব্ধসুতীর্থকীর্ত্তি-শ্ছিন্দ্যাং স্ববাহুমপি বঃ প্রতিকূলবৃত্তিম্ ॥ ৬ ॥

অন্বয়

হি (যেহেতু) ব্রহ্ম (ব্রাহ্মণগণ) মে (আমার) পরং দৈবং (পরমদেবতা); তৎ (অতএব) বঃ (আপনাদিগকে) অদ্য (আজ) [আমি] প্রসাদয়ামি (অনুনয় করিতেছি অর্থাৎ আপনাদিগের নিকটে ক্ষমা চাহিতেছি); হি (যেহেতু) স্বপুংভিঃ (মদীয় দ্বারপালদ্বয়কর্ত্তৃক) অসৎকৃতাঃ (আপনারা অবজ্ঞাত হইয়াছেন); ইতি যৎ (এই যে অপরাধ), তৎ (তাহা) আত্মকৃতং মন্যে (আমি আত্মকৃত অপরাধ বলিয়া মনে করিতেছি) ॥ ৪ ॥

ভৃত্যে কৃতাগসি (ভৃত্যগণ অপরাধ করিলে) লোকঃ যন্নামানি চ (লোক যাহার নাম করে অর্থাৎ যে স্বামীর নিন্দাবাদ) গৃহ্ণাতি (উচ্চারণ করে), সঃ অসাধুবাদঃ (সেই নিন্দাবাদ) আময়ঃ (কুষ্ঠরোগ) ত্বচম্ ইব (যেমন চর্ম্মকে বিনষ্ট করে, সেইরূপ) তৎকীর্ত্তিং (সেই স্বামীর কীর্ত্তিকে) হন্তি (বিনষ্ট করিয়া থাকে) ॥৫॥

যস্য (আমার) অমৃতামলযশঃশ্রবণাবগাহঃ (মুক্তিপ্রদ পবিত্রকীর্ত্তি কর্ণবিবরে গ্রহণ করিয়া) আ শ্বপচাৎ জগৎ (আচণ্ডাল সমস্ত জগৎ) সদ্যঃ পুনাতি (সদ্যই পবিত্র হইয়া থাকে); ভবদ্ভ্যঃ (আপনাদের নিকট হইতে) উপলব্ধসুতীর্থকীর্ত্তিঃ (পবিত্রকীর্ত্তি প্রাপ্ত) সঃ বিকুণ্ঠঃ অহং (তাদৃশ আমি) বঃ (আপনাদের) প্রতিকূলবৃত্তিং (প্রতিকূলাচরণকারী হইলে) স্ববাহুম্ অপি (স্বীয় বাহু স্থানীয় লোকপালকেও) ছিন্দ্যাম্ (বিনাশ করিয়া থাকি) ॥ ৬ ॥

অনুবাদ

যে অভিশাপরূপ দণ্ড বিধান করিয়াছেন, দেবতাস্বরূপ আপনাদের অবজ্ঞা করায় আমিও উহাদের সেই দণ্ডই অনুমোদন করিলাম ॥ ৩ ॥

যেহেতু ব্রাহ্মণ আমার পরম দেবতা; অতএব আমি আজ আপনাদের নিকটে ক্ষমা চাহিতেছি; কারণ আপনারা আমার দ্বারপালদ্বয়কর্ত্তৃক যে অপমানিত হইয়াছেন, তাহা আমি আত্মকৃত অপরাধ বলিয়াই মনে করিতেছি ॥৪॥

ভৃত্য কোনও অপরাধ করিলে লোক যে প্রভুর নিন্দাবাদ করে, কুষ্ঠরোগ যেমন চর্ম্মকে বিনষ্ট করে, সেইরূপ ঐ নিন্দাবাদ সেই প্রভুর কীর্ত্তিকে বিনাশ করিয়া থাকে ॥ ৫ ॥

আমার মুক্তিপ্রদ পবিত্রকীর্ত্তি কর্ণবিবরে গ্রহণ করিয়া আচণ্ডাল সমস্ত জগৎ সদ্যই

টীকা

বহুবচনং ছত্রিণো যান্তীতিবৎ। অসৎকৃতা ইতি যৎ, তদ্ধি আত্মকৃতং মন্যে ॥ ৪ ॥ যৎ যস্য স্বামিনঃ তৎ তস্য স্বামিন এব ॥ ৫ ॥ যস্য মম অমৃতং মুক্তিপ্রদং যদমলং শুদ্ধং যশঃ শ্রবণাভ্যামবগাহঃ

যৎসেবয়া চরণপদ্মপবিত্ররেণুং সদ্যঃ ক্ষতাখিলমলং প্রতিলব্ধশীলম্ ।
ন শ্রীর্বিরক্তমপি মাং বিজহাতি যস্যাঃ প্রেক্ষালবার্থমিতরে নিয়মান্ বহন্তি ॥৭॥
নাহং তথাদ্মি যজমানহবির্বিতানে শ্চ্যোতদ্ঘৃতপ্লুতমদন্ হুতভুঙ্মুখেন ।
যদ্ব্রাহ্মণস্য মুখতশ্চরতোঽনুঘাসং তুষ্টস্য ময্যবহিতৈর্নিজকর্ম্মপাকৈঃ ॥ ৮ ॥

অন্বয়

যৎসেবয়া (ব্রাহ্মণগণের পরিচর্য্যার ফলেই) চরণপদ্মপবিত্ররেণুং (আমার চরণধূলি পবিত্র হইয়াছে), সদ্যঃ ক্ষতাখিলমলং (আমি সদ্যই লোকের পাপমল বিনাশ করিতে সমর্থ হইয়াছি) প্রতিলব্ধশীলং (ও চরিত্রবান্ হইয়াছি) বিরক্তম্ অপি মাং (এবং আমি অনাসক্ত হইলেও আমাকে) শ্রীঃ (লক্ষ্মীদেবী) ন বিজহাতি (পরিত্যাগ করে না) ; যস্যাঃ (ঐ লক্ষ্মীদেবীর) প্রেক্ষালবার্থম্ (কৃপাকটাক্ষলাভের নিমিত্ত) ইতরে (ব্রহ্মাদি দেবগণ) নিয়মান্ বহন্তি (নিয়মাদি ব্রত ধারণ করিয়া থাকে) ॥ ৭ ॥

বিতানে (যজ্ঞে) যজমানহবিঃ (যজমানের চরুপুরোডাশাদি) শ্চ্যোতদ্ঘৃতপ্লুতম্ [অপি] (ক্ষরিত ঘৃতাক্ত হইলেও) হুতভুঙ্মুখেন (অগ্নিমুখে) অদন্ (ভক্ষণ করিয়া) অহং (আমি) তথা ন অদ্মি (তেমন তৃপ্তির সহিত ভক্ষণ করি না), ময়ি অবহিতৈঃ নিজকর্ম্মপাকৈঃ (স্বীয় কর্ম্মফল আমাতেই সমর্পণ করিয়া) তুষ্টস্য (পরিতুষ্ট অর্থাৎ নিষ্কামী) চরতঃ (ভোজনকারী) ব্রাহ্মণস্য (ব্রাহ্মণের) মুখতঃ (মুখে) অনুঘাসং (রসাস্বাদনপূর্ব্বক প্রতি গ্রাস) যৎ (যেমন) (ভোজন করিয়া থাকি) ॥ ৮ ॥

অনুবাদ

পবিত্র হইয়া থাকে ; আমি আপনাদের নিকট হইতেই পবিত্র কীর্ত্তি লাভ করিয়াছি ; অতএব এইরূপ ব্রাহ্মণের প্রতি যদি আমার বাহুস্থানীয় লোকপালও বিরুদ্ধাচরণ করে, তাহা আপনার হইলে আমি তাহাকে বিনাশ করি, ভৃত্যের বিষয়ে আর বক্তব্য কি ? ॥৬॥

ব্রাহ্মণগণের পরিচর্য্যার ফলেই আমার চরণরেণু পবিত্র হইয়াছে ও এই চরণধূলির প্রভাবে সদ্যই আমি সমস্ত লোকের পাপমল বিনাশ করিয়া থাকি ; ব্রাহ্মণগণের সেবার ফলেই আমি সৎস্বভাবসম্পন্ন হইয়াছি এবং যাহার কৃপাকটাক্ষ প্রাপ্তির নিমিত্ত ব্রহ্মাদি দেবগণ নিয়মাদি ব্রতসমূহ ধারণ করিয়া থাকে, সেই লক্ষ্মীদেবী ব্রাহ্মণগণের সেবার ফলেই আসক্তিশূন্য হইলেও আমাকে পরিত্যাগ করে না ; আমি সেই ব্রাহ্মণগণের প্রতিকূলাচরণকারীকে বিনাশ করিয়া থাকি ॥৭॥

যে সকল পরমজ্ঞানী ব্রাহ্মণ আমাতেই কর্ম্মফল অর্পণ করিয়া পরিতুষ্ট হয়েন ;

টীকা

গ্রহণং যস্য তৎ আ শ্বপচাৎ জগৎ পুনাতি, সোঽহং ভবদ্ভ্যো হেতুভূতেভ্যো লব্ধা সুতীর্থভূতা কীর্ত্তির্যেন স তথাভূতোঽহং বঃ প্রতিকূলবৃত্তিং স্ববাহুমপি ছিন্দ্যাম্ ॥ ৬ ॥ যৎ যেষাং সেবয়া চরণপদ্ময়োঃ স্থিতঃ পবিত্রো রেণুর্যস্য, অতঃ ক্ষতোঽখিলস্য লোকস্য মলো যেন তম্, তেষাং বঃ প্রতিকূলবৃত্তিং ছিন্দ্যামিতি পূর্ব্বেণৈব সম্বন্ধঃ ॥ ৭ ॥ যজমানস্য হবিঃ চরুপুরোডাশাদি শ্চ্যোততা ক্ষরতা ঘৃতেন প্লুতং মিশ্রিতম্, বিতানে যজ্ঞে, নাদ্মি নাশ্নামি, যথা নিজকর্ম্মণাং পাকৈঃ ফলৈঃ ময়ি অবহিতৈঃ অর্পিতৈঃ তুষ্টস্য চরতো ভুঞ্জানস্য মুখতোঽনুঘাসং প্রতিগ্রাসম্ অশ্নামি ॥ ৮ ॥ অখণ্ডা সম্পূর্ণা বিকুণ্ঠা প্রতিহতিরহিতা চ

যেষাং বিভর্ম্ম্যহমখণ্ডবিকুণ্ঠযোগ-মায়াবিভূতিরমলাঙ্ঘ্রিরজঃ কিরীটৈঃ।
বিপ্রান্ নু কো ন বিষহেত যদর্হণাম্ভঃ সদ্যঃ পুনাতি সহচন্দ্রললামলোকান্ ॥৯॥
যে মে তনূর্দ্বিজবরান্ দুহতীর্ম্মদীয়া ভূতান্যলব্ধশরণানি চ ভেদবুদ্ধ্যা।
দ্রক্ষ্যন্ত্যঘক্ষতদৃশো হ্যহিমন্যবস্তান্ গৃধ্রা রুষা মম কুশন্ত্যধিদণ্ডনেতুঃ ॥১০॥

অন্বয়

নু (হে মুনিগণ!) অখণ্ডবিকুণ্ঠযোগমায়াবিভূতিঃ (আমার অখণ্ডা ও অপ্রতিহতা যোগমায়া নাম্নী শক্তি আছে) যদর্হণাম্ভঃ (এবং আমার চরণ প্রক্ষালিত সলিল) [অর্থাৎ গঙ্গা] সহচন্দ্রললামলোকান্ (চন্দ্রশেখর শিবের সহিত সমস্ত লোককে) সদ্যঃ পুনাতি (সদ্য পবিত্র করিয়া থাকে); [সঃ] অহং (তাদৃশ আমি) যেষাং (যাঁহাদের) অমলাঙ্ঘ্রিরজঃ (পবিত্র চরণধূলি) কিরীটৈঃ (স্বীয় কিরীটে) বিভর্ম্মি (ধারণ করিয়া থাকি), [প্রতিকূলান্ অপি তান্] বিপ্রান্ (অপকারী হইলেও সেই ব্রাহ্মণগণকে) কঃ ন বিষহেত (কোন্ ব্যক্তিই বা সহ্য না করিবে?) [অর্থাৎ পুরুষার্থকামী সকলেই ব্রাহ্মণগণকে সহ্য করিয়া থাকে] ॥৯॥

মে (আমার) তনূঃ (শরীরস্থানীয়) দ্বিজবরান্ (ব্রাহ্মণগণ), মদীয়াঃ দুহতীঃ (গাভীসকল) অলব্ধশরণানি ভূতানি চ (ও অনাশ্রয় প্রাণিগণকে) যে (যাহারা) ভেদবুদ্ধ্যা (উহারা আমা হইতে পৃথক্ এই ভেদবুদ্ধিদ্বারা) দ্রক্ষ্যন্তি (দর্শন করিয়া থাকে), অঘক্ষতদৃশঃ (পাপহেতু জ্ঞানদৃষ্টিবিহীন) তান্ (তাহাদিগকে) মম (আমার) অধিদণ্ডনেতুঃ (আজ্ঞাপালক দণ্ডধর যমের) অহিমন্যবঃ (সর্পের ন্যায় ক্রোধী) গৃধ্রাঃ (গৃধ্ররূপী দূতগণ) রুষা (ক্রোধে) কুশন্তি হি (ছিন্নবিচ্ছিন্ন করিয়া ফেলে) ॥ ১০ ॥

অনুবাদ

সেই সকল ব্রাহ্মণ ভোজন করিলে আমি তাঁহাদের মুখে রসাস্বাদন পূর্ব্বক প্রতিগ্রাস ভক্ষণ করিয়া যেমন তৃপ্তিলাভ করি, যজ্ঞে যজমানের চরুপুরোডাশাদি ঘৃতে আপ্লুত হইয়া অর্পিত হইলেও আমি অগ্নিমুখে ভক্ষণ করিয়া ততটা তৃপ্তি লাভ করি না ॥ ৮ ॥

হে মুনিগণ! আমি অখণ্ড ও অপ্রতিহত যোগমায়ানাম্নী শক্তি ধারণ করিয়া থাকি এবং আমার চরণ প্রক্ষালিত সলিল চন্দ্রশেখর মহাদেবের সহিত সমস্ত লোককে সদ্যই পবিত্র করিয়া থাকে; এইরূপ আমি যাঁহাদের পবিত্র চরণধূলি স্বীয় কিরীটে ধারণ করিয়া থাকি, অপকারী হইলেও সেই ব্রাহ্মণগণকে কোন্ ব্যক্তিই বা সহ্য না করিয়া থাকে? ॥৯॥

হে মুনিগণ! ব্রাহ্মণ, গো ও নিরাশ্রয় প্রাণিগণ আমার শরীরস্থানীয়; যাহারা ভেদ-বুদ্ধি বশতঃ উহাদিগকে আমা হইতে পৃথক্‌রূপে দর্শন করে, পাপহেতু বিনষ্টদৃষ্টি সেই ভেদদর্শী ব্যক্তিগণকে আমার আজ্ঞাপালক দণ্ডধর যমের সর্পের ন্যায় ক্রোধী গৃধ্ররূপী দূতগণ ক্রোধে চঞ্চুদ্বারা ছিন্নবিচ্ছিন্ন করিয়া ফেলে ॥ ১০ ॥

টীকা

যোগমায়াখ্যশক্তির্বিভূতির্যস্য সঃ, যস্যার্হণাম্ভঃ চরণক্ষালনোদকং চন্দ্রললামেন শিবেন সহিতান্ লোকান্ সদ্যঃ পুনাতি, সোঽহং যেষামমলমঙ্ঘ্রিরজঃ কিরীটৈঃ বিভর্ম্মি, তান্ প্রতিকূলানপি কো ন বিষহেত, কিন্তু সর্ব্বোঽপি পুরুষার্থকামো বিষহেতৈব ॥ ৯ ॥ দুহতীর্গাঃ, অলব্ধশরণানি নিরাশ্রয়াণি, অঘক্ষত-দৃশঃ পাপোপমর্দ্দিতদৃষ্টীন্, কুশন্তি চক্ষুরাদৌ চঞ্চুভিশ্ছিন্দন্তি ॥ ১০ ॥ ভৃগুমহমিব অনুরাগেণ কলা মধুরা

যে ব্রাহ্মণান্ ময়ি ধিয়া ক্ষিপতোঽর্চ্চয়ন্ত-স্তুষ্যদ্ধৃদঃ স্মিতসুধোক্ষিতপদ্মবক্ত্রাঃ।
বাণ্যানুরাগকলয়াত্মজবদ্ গৃণন্তঃ সম্বোধয়ন্ত্যহমিবাহমুপাকৃতস্তৈঃ ॥ ১১ ॥
তন্মে স্বভর্ত্তুরবসায়মলক্ষমাণৌ যুষ্মদ্ব্যতিক্রমগতিং প্রতিপদ্য সদ্যঃ।
ভূয়ো মমান্তিকমিতাং তদনুগ্রহো মে যৎ কল্প্যতামচিরতো ভৃতয়োর্ব্বিবাসঃ ॥১২॥

অন্বয়

অহম্ ইব (আমি যেমন কুপিত ভৃগুমুনির পূজা করতঃ স্তব করিতে করিতে সন্তোষ সম্পাদন করিয়াছিলাম, সেইরূপ) যে (যাহারা) তুষ্যদ্ধৃদঃ (সন্তুষ্টচিত্ত হইয়া) ময়ি ধিয়া (বাসুদেবদৃষ্টিদ্বারা) স্মিতসুধোক্ষিতপদ্মবক্ত্রাঃ (হাস্যসুধাসিক্ত বদনকমলে) ক্ষিপতঃ (তিরস্কারকারী) ব্রাহ্মণান্ (ব্রাহ্মণগণকেও) অর্চ্চয়ন্তঃ (পূজা করতঃ) আত্মজবৎ (সৎপুত্র যেমন পিতাকে স্তব করতঃ সম্বোধন করে, সেইরূপ) অনুরাগকলয়া বাণ্যা (অনুরাগ সুমধুর স্তুতিবাক্যের দ্বারা) গৃণন্তঃ (স্তব করিতে করিতে) সম্বোধয়ন্তি (সম্বোধন করে অর্থাৎ সন্তুষ্ট করে), তৈঃ (তাহাদিগকর্ত্তৃক) অহং (আমি) উপাকৃতঃ (বশীকৃত হইয়া থাকি) ॥১১॥

তৎ (অতএব) স্বভর্ত্তুঃ মে (প্রভু আমার) অবসায়ম্ (ব্রাহ্মণভক্তি বিষয়ে অভিপ্রায়) অলক্ষ্যমাণৌ (যাহারা জানে না, সেই আমার ভৃত্যদ্বয়) যুষ্মৎব্যতিক্রমগতিং (আপনাদের অবমাননারূপ অপরাধের ফল) সদ্যঃ প্রতিপদ্য (সদ্যই প্রাপ্ত হইয়া) ভূয়ঃ (পুনরায়) মমান্তিকম্ (আমার নিকটে) ইতাম্ (আগমন করুক) ; মে তদনুগ্রহঃ (আমার প্রতি আপনাদের ইহাই অনুগ্রহ) যৎ (যে) ভৃতয়োঃ (অনুচরদ্বয়ের) বিবাসঃ (নির্ব্বাসন) অচিরতঃ (শীঘ্রই) কল্প্যতাম্ (সম্পাদন করুন অর্থাৎ সমাপ্ত করুন) ॥১২॥

অনুবাদ

হে মুনিগণ! আমি যেমন কুপিত ভৃগুমুনির পূজা করতঃ স্তব করিতে করিতে সন্তোষ সম্পাদন করিয়াছিলাম. সেইরূপ যাহারা সন্তুষ্ট হইয়া হাস্যসুধাসিক্ত বদনকমলে ব্রাহ্মণগণ তিরস্কার করিলেও সর্ব্বত্র বাসুদেবদৃষ্টিদ্বারা সেই ব্রাহ্মণগণকে পূজা করে এবং সৎপুত্র যেমন পিতাকে স্তব করিতে করিতে সম্বোধন করে, সেইরূপ অনুরাগভরে সুমধুর স্তুতিবাক্যের দ্বারা স্তব করিতে করিতে তাঁহাদিগকে সম্বোধন করে অর্থাৎ তাঁহাদের সন্তোষ সম্পাদন করে, তাহারা আমাকে বশীভূত করিয়া থাকে অর্থাৎ আমি তাহাদের প্রতি প্রসন্ন হইয়া থাকি ॥১১॥

আমার এই জয় ও বিজয় নামক অনুচরদ্বয় নীজ প্রভুর ব্রাহ্মণভক্তি বিষয়ে অভিপ্রায় না জানিয়া আপনাদিগকে অবমাননা করিয়া অধঃপতিত হইয়াছে; তাহারা এই

টীকা

তয়া গৃণন্তঃ স্তবন্তঃ ময়ি ধিয়া মদ্দৃষ্ট্যা আত্মজাঃ পিতৃন্ যথা তদ্বৎ যে ক্ষিপতঃ পরুষং ভাষমাণানপি অর্চ্চয়ন্তি, তৈরহমুপাকৃতঃ বশীকৃতোঽস্মি ॥ ১১ ॥ তস্মাৎ পূর্ব্বোক্তং বিপ্রভক্তিবিষয়মবসায়ং নিশ্চয়ম্ অলক্ষ্যমাণৌ অজানন্তৌ যুষ্মদ্ব্যতিক্রমস্য গতিং গম্যতে প্রাপ্যতে ইতি গতিঃ ফলং তাং সদ্যঃ প্রাপ্য ভূয়ঃ মৎসমীপমিতাং প্রাপ্নুতাম্, তদিতি স মে অনুগ্রহঃ মাং প্রতি ভবৎকৃতোঽনুগ্রহঃ ; অনুগ্রহমেবাহ যৎ ভৃতয়োঃ বিবাসঃ অচিরতঃ আশু কল্প্যতাং সম্পাদ্যতাং সমাপ্যতামিতি ॥ ১২ ॥ অথ ভগবদ্বচন-

শ্রীব্রহ্মোবাচ

অথ তস্যোশতীং দেবীমৃষিকুল্যাং সরস্বতীম্।
নাস্বাদ্য মন্যুদষ্টানাং তেষামাত্মাপ্যতৃপ্যত ॥ ১৩ ॥
সতীং ব্যাদায় শৃণ্বন্তো লঘ্বীং গুর্ব্বর্থগহ্বরাম্।
বিগাহ্যাগাধগম্ভীরাং ন বিদুস্তচ্চিকীর্ষিতম্ ॥ ১৪ ॥

অন্বয়

শ্রীব্রহ্মা উবাচ (ব্রহ্মা বলিলেন) অথ (ভগবদ্বাক্য শ্রবণানন্তর) তস্য (সেই শ্রীহরির) উশতীং (কমনীয়) দেবীম্ (সুস্পষ্ট) ঋষিকুল্যাং (ঋষিকুলযোগ্য) সরস্বতীং (বাক্য) আস্বাদ্য (অনুভব করিয়া অর্থাৎ বাক্যের মাধুর্য্য অনুভব করিয়া) মন্যুদষ্টানাম্ অপি (সর্পতুল্য ক্রোধে পরিব্যাপ্ত হইলেও) তেষাং (সেই মুনিগণের) আত্মা (মন) ন অতৃপ্যত (পরিতৃপ্ত হইল না) [অর্থাৎ ইহাই পর্য্যাপ্ত মনে করিলেন না, আরও শুনিবার আকাঙ্ক্ষা রহিয়া গেল] ॥ ১৩ ॥

সতীং (পবিত্র), লঘ্বীং (পরিমিতাক্ষরযুক্ত), গুর্ব্বর্থগহ্বরাম্ (বহু অর্থে দুর্ব্বোধ) অগাধগম্ভীরাং (ও গভীর বিষয়যুক্ত) [সরস্বতীং] (বাক্য) ব্যাদায় (সমুৎসুক কর্ণে) শৃণ্বন্তঃ (শ্রবণকারী মুনিগণ) বিগাহ্য (বিচার করিয়াও) তচ্চিকীর্ষিতং (ভগবানের অভিলষিত অর্থাৎ তাহাদিগকে কি নিন্দা করিলেন বা প্রশংসা করিলেন অথবা ভৃত্যদ্বয়ের দণ্ডহ্রাস করিলেন ইত্যাদি ভগবদিচ্ছা) ন বিদুঃ (বুঝিতে পারিলেন না) ॥১৪॥

অনুবাদ

অপরাধের ফল সদ্যই প্রাপ্ত হইয়া আমার নিকটে ফিরিয়া আসুক। আপনারা আমার প্রতি এই অনুগ্রহ করুন যেন আমার এই ভৃত্যদ্বয়ের নির্ব্বাসন শীঘ্রই সমাপ্ত হয় অর্থাৎ ইহারা যেন অল্পকালের মধ্যে অপরাধের ফলভোগ করিয়া আমার নিকটে ফিরিয়া আসে। ॥১২॥

ব্রহ্মা বলিলেন—অনন্তর শ্রীহরির কমনীয় ও অতি সুস্পষ্ট ঋষিকুলযোগ্য বাক্যের মাধুর্য্য অনুভব করিয়া ক্রোধে পরিব্যাপ্ত হইলেও সনকাদি মুনিগণের মন পরিতৃপ্ত হইল না অর্থাৎ যাহারা ক্রোধে পরিব্যাপ্ত থাকে, তাহারা প্রিয়বাক্যও সহ্য করিতে পারে না; এখানে কিন্তু ভগবদ্বাক্য শ্রবণ করিয়া মুনিগণের তাহা পর্য্যাপ্ত হয় নাই বলিয়া তৃপ্ত হইল না; আরও শুনিবার আকাঙ্ক্ষাই রহিয়া গেল ॥১৩॥

সনকাদি মুনিগণ সমুৎসুককর্ণে ভগবানের সেই পবিত্র, পরিমিত অক্ষরযুক্ত, বহু অর্থে

টীকা

শ্রবণানন্তরম্ তস্য ভগবতঃ উশতীং কমনীয়াং দ্যোতমানামৃষিকুল্যাম্ "যদ্‌যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জনঃ। স যৎ প্রমাণং কুরুতে লোকস্তদনুবর্ত্ততে" ইতি শ্রীগীতানুসারেণ লোকশিক্ষায়ৈ ঋষিকুলযোগ্যাং সরস্বতীং বাণীমাস্বাদ্য তন্মাধুর্য্যমনুভূয় মন্যুদষ্টানামপি ক্রোধব্যাপ্তানামপি তেষামাত্মা মনঃ ন অতৃপ্যত অলং নামন্যত ॥ ১৩ ॥ কিঞ্চ সতীং সাধ্বীং লঘ্বীং মিতাক্ষরাং গুরুভির্বহুভিরর্থৈর্গহ্বরাং দুর্ব্বোধাম্ অগাধা-

তে যোগমায়য়ারব্ধপারমেষ্ঠ্যমহোদয়ম্ ।
প্রোচুঃ প্রাঞ্জলয়ো বিপ্রাঃ প্রহৃষ্টাঃ কুপিতত্বচঃ ॥ ১৫ ॥

শ্রীঋষয় ঊচুঃ

ন বয়ং ভগবন্ ! বিদ্মস্তব দেব ! চিকীর্ষিতম্ ।
কৃতো মেঽনুগ্রহশ্চেতি যদধ্যক্ষঃ প্রভাষসে ॥ ১৬ ॥

অন্বয়

[অনন্তর] তে বিপ্রাঃ (সেই সনকাদি মুনিগণ) [ভগবানের বাক্যের তাৎপর্য্য বুঝিতে পারিয়া] প্রহৃষ্টাঃ (আনন্দিত) কুপিতত্বচঃ (এবং ভগবান্ ভৃত্যদ্বয়কে নিগ্রহ ও আমাদিগকে অনুগ্রহ কি করিয়া করিবেন এই ভাবনায় রোমাঞ্চিতকলেবর হইয়া) যোগমায়য়া (স্বীয় সঙ্কল্পের দ্বারা) আরব্ধ-পারমেষ্ঠ্যমহোদয়ম্ (যিনি ব্রহ্মাণ্ডমধ্যে বৈকুণ্ঠের পরমোৎকর্ষ সাধন করিয়াছেন, সেই ভগবান্‌কে) প্রাঞ্জলয়ঃ (কৃতাঞ্জলিপুটে) প্রোচুঃ (বলিতে লাগিলেন) ॥ ১৫ ॥

শ্রীঋষয়ঃ ঊচুঃ (সনকাদি মুনিগণ বলিলেন) ভগবন্ ! (হে ষড়ৈশ্বর্য্যশালিন্ !) দেব ! (হে প্রভু !) তব (আপনার) চিকীর্ষিতম্ (কি করিতে অভিলাষ, তাহা) বয়ং (আমরা) ন বিদ্মঃ (বুঝিতে পারিলাম না) ; [তবে আপনি যে বলিয়াছেন "আপনাদিগকে অনুনয় করিতেছি" ইহা আপনি লোকশিক্ষার্থই বলিয়াছেন বুঝিতে পারিলাম] ; [আর আপনি যে] অধ্যক্ষঃ [সন্] (সর্ব্বনিয়ন্তা হইয়া) মে অনুগ্রহঃ কৃতঃ (আপনারা আমার প্রতি অনুগ্রহ করুন) ইতি চ যৎ (ইহা যে) প্রভাষসে (বলিয়াছেন), [তাহাও লোকশিক্ষার্থই বুঝিলাম] ॥ ১৬ ॥

অনুবাদ

দুর্ব্বোধ ও গভীর অর্থপূর্ণ বাক্য শ্রবণ করিয়া মনে মনে বিচার করিলেন ; কিন্তু ভগবানের কি ইচ্ছা অর্থাৎ তাহাদিগকে কি নিন্দা করিলেন বা প্রশংসা করিলেন অথবা অনুচরদ্বয়ের দণ্ডহ্রাস করিলেন ইত্যাদি বিষয় কিছুই বুঝিতে পারিলেন না ॥১৪॥

অনন্তর সনকাদি মুনিগণ ভগবদ্বাক্যের তাৎপর্য্য অবগত হইয়া আনন্দিত এবং "ভগবান্ স্বীয় ভৃত্যদ্বয়কে নিগ্রহ ও আমাদিগকে অনুগ্রহ কি প্রকারে করিবেন" এই ভাবনায় রোমাঞ্চিতকলেবর হইয়া যিনি স্বীয় সঙ্কল্পের দ্বারা ব্রহ্মাণ্ডমধ্যে বৈকুণ্ঠের পরমোৎকর্ষ সাধন করিয়াছেন, সেই ভগবান্‌কে কৃতাঞ্জলিপুটে বলিতে লাগিলেন ॥ ১৫ ॥

সনকাদি মুনিগণ বলিলেন—হে ষড়ৈশ্বর্য্যশালিন্ ! হে প্রভু ! আপনার ইচ্ছা কি

টীকা

মাশয়তঃ গম্ভীরাং বিষয়তঃ সরস্বতীং ব্যাদায় বিবৃত্য কর্ণমিতি শেষঃ। শৃণ্বন্তো বিগাহ্য বিলোড্য ধর্ম্ম-রক্ষায়ৈ লোকান্ শিক্ষয়িতুং "তদ্বঃ প্রসাদয়াম্যহ ব্রহ্ম দৈবং পরং হি মে" ইত্যাদি সরস্বতী ভগবতা ঈরিতেতি জ্ঞাত্বাপীত্যর্থঃ তচ্চিকীর্ষিতং ভগবতঃ তয়োঃ আত্মসু চ নিগ্রহমনুগ্রহং বা কর্ত্তুমিষ্টং মুনিশাপদ্বারৈব স্বভৃত্যবিবাসরূপং চ ন বিদুঃ ॥ ১৪ ॥ অতস্তৎসরস্বতীতাৎপর্য্যলাভাৎ প্রহৃষ্টাঃ অনয়োঃ অস্মাসু চ নিগ্রহ-মনুগ্রহং বা কথং করিষ্যতীতি চিন্তয়া কুপিতত্বচঃ যোগঃ সঙ্কল্পস্তদ্যুক্তয়া মায়য়া কৃপয়া ব্রহ্মাণ্ডমধ্যে

ব্রহ্মণ্যস্য পরং দৈবং ব্রাহ্মণাঃ কিল তে প্রভো !
বিপ্রাণাং দেবদেবানাং ভগবানাত্মদৈবতম্ ॥ ১৭ ॥
ত্বত্তঃ সনাতনো ধর্ম্মো রক্ষ্যতে তনুভিস্তব ।
ধর্ম্মস্য পরমো গুহ্যো নির্ব্বিকারো ভবান্ মতঃ ॥ ১৮ ॥

অন্বয়

প্রভো ! (হে ভগবন্ !) বিপ্রাণাং (ব্রাহ্মণগণের) দেবদেবানাং (এবং দেবদেব ব্রহ্মা ও শিব প্রভৃতির) ভগবান্ (আপনি) আত্মদৈবতম্ (কারণ ও উপাস্য দেবতা) ; ব্রহ্মণ্যস্য তে (সেই ব্রাহ্মণহিতে রত আপনার) ব্রাহ্মণাঃ (ব্রাহ্মণগণ) পরং দৈবং (পরম দেবতা) কিল (ইহা লোকশিক্ষার নিমিত্ত ব্যবহারমাত্র) ॥ ১৭॥

[হে ভগবন্ !] ত্বত্তঃ (আপনা হইতেই) সনাতনঃ ধর্ম্মঃ (বেদোক্ত সনাতন ধর্ম্ম) [প্রাদুর্ভূত হইয়াছে], তব (আপনার) তনুভিঃ (অবতার মূর্ত্তিদ্বারাই) রক্ষ্যতে (উহা রক্ষিত হইতেছে) ; নির্ব্বিকারঃ ভবান্ (নির্ব্বিকার আপনিই) ধর্ম্মস্য (ধর্ম্মের) গুহ্যঃ (অলৌকিক) পরমঃ (ফলস্বরূপ) মতঃ (ইহা সর্ব্ববেদসম্মত) ॥ ১৮ ॥

অনুবাদ

তাহা আমরা বুঝিতে পারিলাম না ; তবে আপনি যে বলিয়াছেন "আপনাদিগকে অনুনয় করিতেছি" তাহা আপনি লোকশিক্ষার্থই বলিয়াছেন বলিয়া বুঝিতে পারিলাম। আর আপনি সর্ব্বনিয়ন্তা হইয়াও "আপনারা আমার প্রতি অনুগ্রহ করুন" এই প্রকার যে বলিলেন, তাহাও লোকশিক্ষার নিমিত্তই বলিয়াছেন বলিয়া বুঝিলাম ॥ ১৬ ॥

হে প্রভো ! ব্রাহ্মণগণের এবং দেবদেব ব্রহ্মা ও শিবাদির আপনিই মূল ও উপাস্য দেবতা ; অতএব ব্রাহ্মণহিতে রত আপনি যে বলিয়াছেন "ব্রাহ্মণগণ পরমদেবতা" ইহা আপনার লোকশিক্ষার নিমিত্ত ব্যবহারমাত্র ॥ ১৭ ॥

হে ভগবন্ ! আপনা হইতে বেদোক্ত সনাতন ধর্ম্ম প্রাদুর্ভূত হইয়াছে এবং আপনার অবতার মূর্ত্তিদ্বারাই এই সনাতন ধর্ম্ম রক্ষিত হইতেছে। আর যাহা এই সনাতন ধর্ম্মের অলৌকিক ফল, তাহাও আপনিই ; অতএব লোকশিক্ষার নিমিত্ত আপনার এতাদৃশ বাক্য সঙ্গতই হইয়া থাকে ॥ ১৮ ॥

টীকা

আরব্ধঃ আবিষ্কৃতঃ পারমেষ্ঠ্যস্য বৈকুণ্ঠস্য মহোদয়ো যেন তম্ প্রাঞ্জলয়ঃ প্রোচুঃ ॥ ১৫ ॥ চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টং ন বিদ্মঃ, তথা অনয়োঃ অস্মাসু চ যথেষ্টং নিগ্রহাদিকং কুর্ব্বিতি বক্তুং "তদ্নঃ প্রসাদয়াম্যদ্য" ইত্যাদি বাক্যস্যান্যথানুপপত্ত্যা লোকসংগ্রহার্থত্বং বিদ্মঃ ; ত্বং তু সর্ব্বেষাং স্বামী, ন তাদৃশবাক্যেন তব তেজঃ ক্ষতং ভবতীত্যাহুঃ—কৃতো মে ইত্যাদিনা। অধ্যক্ষঃ সন্ তদনুগ্রহো মে ইত্যাদ্যুক্ত্যা মমানুগ্রহঃ কৃতঃ ইতি যৎ প্রভাষসে, তল্লোকসংগ্রহার্থমিতি গম্যতে। অধ্যক্ষস্য সর্ব্বস্বামিনঃ অনুগ্রাহ্যত্বানুপপত্তেঃ ॥ ১৬ ॥ লোকশিক্ষার্থতা প্রপঞ্চ্যতে—ব্রহ্মণ্যেত্যাদিনা। বিপ্রাণাং কিং বহুনা দেবদেবানাং ব্রহ্মশিবাদীনামপি ভগবান্ ত্বম্ আত্মা মূলং দৈবতম্ উপাস্যং চ, তস্য তব ব্রহ্মণ্যস্য সতঃ ব্রাহ্মণাঃ পরং দৈবং হে প্রভো ! কিলেতি বার্ত্তায়াং, বার্ত্তা ব্যবহারঃ লোকশিক্ষায়ৈ ইত্যর্থঃ ॥ ১৭ ॥

তরন্তি হ্যঞ্জসা মৃত্যুং নিবৃত্তা যদনুগ্রহাৎ।
যোগিনঃ স ভবান্ কিংস্বিদনুগৃহ্যেত যৎ পরৈঃ ॥১৯॥
যং বৈ বিভূতিরুপযাত্যনুবেলমন্যৈ-রর্থার্থিভিঃ স্বশিরসা ধৃতপাদরেণুঃ।
ধন্যার্পিতাঙ্ঘ্রিতুলসীনবদামধাম্নো লোকং মধুব্রতপতেরিব কাময়ানা ॥২০॥

অন্বয়

[আপনার লীলা লোকশিক্ষার নিমিত্ত না হইলে] যদনুগ্রহাৎ (যাঁহার অনুগ্রহে) নিবৃত্তাঃ (নিবৃত্তি-ধর্ম্মনিষ্ঠ) যোগিনঃ (যোগিগণ) অঞ্জসা (সাক্ষাৎ) মৃত্যুং তরন্তি হি (সংসার-সাগর উত্তীর্ণ হইয়া থাকেন), সঃ ভবান্ (তাদৃশ আপনি) যৎ (যে) পরৈঃ (অপরকর্ত্তৃক) অনুগৃহ্যেত (অনুগৃহীত হইয়া থাকেন), [তৎ] কিংস্বিৎ (তাহা আর কি হইতে পারে ? অর্থাৎ কিছুই নহে) ॥ ১৯ ॥

[এই অধ্যায়ের সপ্তম ও নবম শ্লোকে ভগবান্ বলিয়াছেন—"ব্রাহ্মণগণের সেবার ফলেই আমি বিরক্ত হইলেও ব্রহ্মাদি দেবগণের আরাধ্যা লক্ষ্মীদেবী আমাকে পরিত্যাগ করে না, ব্রাহ্মণসেবার ফলে আমার পাদপদ্মরেণু পবিত্র হইয়াছে ও আমি সংস্বভাব প্রাপ্ত হইয়াছি এবং আমার পাদোদক শিব প্রভৃতি লোকসমূহকে পবিত্র করে, আমি ব্রাহ্মণের পদধূলি কিরীটে ধারণ করি" এই সকলও যে লোকশিক্ষার্থ ইহাই দুইটি শ্লোকে বলিতেছেন] অন্যৈঃ অর্থার্থিভিঃ (কল্যাণকামিগণকর্ত্তৃক) স্বশিরসা (নিজ নিজ মস্তকে) ধৃতপাদরেণুঃ (যাঁহার পদধূলি ধৃত হইয়া থাকে) ধন্যার্পিতাঙ্ঘ্রিতুলসীনবদামধাম্নঃ (এবং ভক্তগণকর্ত্তৃক চরণে সমর্পিত নূতন তুলসীমালা যাহার আশ্রয়স্থান, সেই) মধুব্রতপতেঃ (ভ্রমররাজের) লোকং (আশ্রয় স্থান আপনার শ্রীচরণ) কাময়ানা ইব (কামনা করিয়াই যেন) বিভূতিঃ (লক্ষ্মীদেবী) অনুবেলং (প্রতিনিয়ত) যং (আপনাকে) উপযাতি বৈ (সেবা করিয়া থাকেন), [তাদৃশ আপনার পূর্ব্বোক্ত বাক্য লোকশিক্ষার নিমিত্তই হইয়া থাকে] ॥ ২০ ॥

অনুবাদ

আপনার অনুগ্রহে সংসারবিরাগী যোগিগণ সাক্ষাৎ সংসারসাগর উত্তীর্ণ হইয়া থাকেন ; আপনি যদি লোকশিক্ষার জন্যই এইরূপ না করিবেন, তাহা হইলে "আপনি ব্রাহ্মণকর্ত্তৃক অনুগৃহীত হইয়া থাকেন" এই আপনার উক্তির তাৎপর্য্য আর কি হইতে পারে ? অর্থাৎ লোকশিক্ষা ব্যতীত ইহার উদ্দেশ্য আর কিছুই হইতে পারে না ॥১৯॥

[এই অধ্যায়ের সপ্তম ও নবম শ্লোকে ভগবান্ বলিয়াছেন—"ব্রাহ্মণগণের সেবার ফলে

টীকা

তদ্যুক্তমেব ইত্যাহুঃ—ত্বত্ত ইতি। সনাতনঃ বেদপ্রোক্তঃ ধর্ম্মঃ ত্বত্তঃ এব ভবতি, তব তনুভিঃ মূর্ত্তিভিঃ রক্ষ্যতে চ। ধর্ম্মস্য চ পরমঃ ফলরূপঃ গুহ্যঃ দৃষ্টাৎ ঐহিকাদন্যঃ অবিকারী আমুষ্মিকাদন্যঃ মুক্ত-গম্যঃ মতঃ সর্ব্ববেদসম্মতঃ ভবানেব, অতো লোকশিক্ষার্থং তাদৃশবাক্যং তব সঙ্গতমিতি ভাবঃ ॥ ১৮ ॥ অন্যথা ত্বং যঃ সংসারার্ণবাদন্যানুদ্ধরতি, স ভবান্ অন্যৈঃ কথমনুগৃহ্যেত ইত্যাহুঃ—তরন্তীতি ॥ ১৯ ॥ যচ্চোক্তং "যৎ সেবয়া চরণপদ্মপবিত্ররেণুং, সদ্যঃ ক্ষতাখিলমলং প্রতিলব্ধশীলম্। ন শ্রীর্ব্বিরক্তমপি মাং বিজহাতি যস্যাঃ, প্রেক্ষালবার্থমিতরে নিয়মান্ বহন্তি" ॥ ইতি, "যেষাং বিভর্ম্ম্যহমখণ্ডবিকুণ্ঠযোগমায়া-বিভূতিরমলাঙ্ঘ্রিরজ" ইতি চ, তদপি যথাশ্রুতত্বেঽত্যন্তমনুপপন্নং, লোকশিক্ষার্থতয়া তু সঙ্গচ্ছতে ইত্যাশয়েনাহুঃ—যমিতি দ্বাভ্যাম্। অর্থার্থিভিঃ পুরুষার্থকামৈঃ শিরসাধৃতঃ পাদরেণুর্যস্যাঃ সা বিভূতিঃ

যস্তাং বিবিক্তচরিতৈরনুবর্ত্তমানাং নাত্যাদ্রিয়ৎ পরমভাগবতপ্রসঙ্গঃ।
স ত্বং দ্বিজানুপথপুণ্যরজঃপুনীতঃ শ্রীবৎসলক্ষ্ম কিমগা ভগভাজনস্ত্বম্ ॥২১॥

অন্বয়

যঃ (আপনি) বিবিক্তচরিতৈঃ (অসাধারণ সেবাদ্বারা) অনুবর্ত্তমানাং (সেবাকারিণী) তাং (সেই লক্ষ্মীদেবীকেও) ন অত্যাদ্রিয়ৎ (অতি আদর করেন না); পরমভাগবতপ্রসঙ্গঃ (পরমবৈষ্ণব ব্রহ্মাশিবাদির সহিত উত্তম সঙ্গ যাঁহার হইয়া থাকে), সঃ ত্বং (তাদৃশ আপনি) দ্বিজানুপথপুণ্যরজঃপুনীতঃ কিম্? (ব্রাহ্মণগণের পথসংলগ্ন পবিত্র পদধূলিদ্বারা পবিত্র হইয়াছেন কি?) [কিঞ্চ] যঃ ভগভাজনঃ (এবং সমস্ত ঐশ্বর্য্যের আধার হইয়া) [সঃ] ত্বং (আপনি) শ্রীবৎসলক্ষ্ম অগাঃ [কিম্]? (ঐশ্বর্য্যের নিমিত্ত শ্রীবৎসচিহ্ন ধারণ করিয়াছেন কি?) [অর্থাৎ কখনই নহে] ॥২১॥

অনুবাদ

আমার পদরেণু পবিত্র হইয়াছে ও আমি সৎস্বভাবসম্পন্ন হইয়াছি এবং ব্রাহ্মণসেবার ফলেই ব্রহ্মাদি দেবগণের আরাধ্যা লক্ষ্মীদেবী অনাসক্ত হইলেও আমাকে পরিত্যাগ করে না; আমার পাদোদক লোকসমূহকে পবিত্র করে; আমি স্বীয় কিরীটে ব্রাহ্মণগণের পদধূলি ধারণ করিয়া থাকি।" এই সকল ভগবদ্বাক্যও যে লোকশিক্ষার নিমিত্ত, তাহাই এক্ষণে দুইটি শ্লোকে সনকাদি মুনিগণ বলিতেছেন]—হে ভগবন্! পুরুষার্থকামী পুরুষগণ নিজ নিজ মস্তকে আপনার পদধূলি ধারণ করিয়া থাকেন এবং ভক্তগণসমর্পিত নূতন তুলসীমালা যাহার আশ্রয়, সেই মধুকররাজের আশ্রয়স্থান আপনার শ্রীচরণ কামনা করিয়াই যেন লক্ষ্মীদেবী প্রতিনিয়ত আপনাকে সেবা করিয়া থাকেন; এতাদৃশ আপনার পূর্ব্বোক্ত বাক্যসমূহ লোকশিক্ষা ভিন্ন আর কিছুই নহে ॥ ২০ ॥

[লক্ষ্মীদেবী যেন ইহাই মনে করিয়াছেন যে—"এই ভ্রমররাজ সারগ্রাহী ও স্বভাবতঃ চঞ্চল; মধুগ্রহণের নিমিত্ত সর্ব্বত্র বিচরণ করিয়া থাকে; কিন্তু সেই ভ্রমররাজ যখন ভগবানের পাদপদ্মস্থিত তুলসীতে দলবদ্ধ হইয়া নিশ্চলভাবে রত আছে, তখন নিশ্চয়ই ভগবানের পাদপদ্মের মহিমা অত্যধিক হইবে; যদিও আমি ভগবানের বক্ষঃস্থলে অবস্থান করিতেছি, তথাপি আমার এ সৌভাগ্য পরিত্যাগ করা উচিত নহে; ভগবানের চরণকমল সেবা করিতে গিয়া যদিও বহু সেবকবৃন্দের সহিত দ্বন্দ্ব ও সপত্নী তুলসীর সহিত বিবাদ হইতে পারে, তথাপি আমি শ্রীচরণ সেবাই করিব।" ইহা মনে করিয়া] অপরাপর উপাসকগণের সেবা হইতে ভিন্ন প্রকারের উৎকৃষ্ট সেবাদ্বারা সতত সেবাকারিণী

টীকা

লক্ষ্মীঃ বক্ষসি স্থিতাপি ধন্যৈঃ সুকৃতিভিঃ অর্পিতম্ অঙ্ঘ্রী যত্তুলস্যাঃ নবদাম নূতনা মালা তদ্ধাম স্থানং মধুব্রতপতেঃ ভ্রমররাজস্য লোকং স্থানম্, অঙ্ঘ্রিরসবিশেষলোভেন কাময়ানেব অনুবেলম্ অবসরে যমুপযাতি সেবতে ॥ ২০ ॥ যস্ত বিবিক্তচরিতৈঃ অন্যোপাসকসেবাপ্রকারভিন্নৈঃ তদসাধারণৈঃ সেবাপ্রকারৈঃ অনুবর্ত্তমানামপি নাত্যাদ্রিয়ৎ নাতীবাদৃতবান্। পরমভাগবতানাং ব্রহ্মশিবাদীনামপি প্রকৃষ্টঃ শুদ্ধার্থং সঙ্গো যস্মিন্, স ত্বং দ্বিজানামনুপথং পথি পথি লগ্নং যৎ পুণ্যং রজস্তেন পুনীতঃ পবিত্রী-

ধর্ম্মস্য তে ভগবতস্ত্রিযুগ! ত্রিভিঃ স্বৈঃ পদ্‌ভিশ্চরাচরমিদং দ্বিজদেবতার্থম্।
নূনং ভৃতং তদভিঘাতি রজস্তমশ্চ সত্ত্বেন নো বরদয়া তনুবা নিরস্য ॥২২॥

অন্বয়

ত্রিযুগ! (হে ষড়ৈশ্বর্য্যশালিন্!) দ্বিজদেবতার্থম্ (দ্বিজগণ ও দেবতাগণের রক্ষার নিমিত্ত) নঃ (আমাদের) বরদয়া (বরদায়িনী) তনুবা (নানাবিধ মূর্ত্তিদ্বারা) তদভিঘাতি (তপস্যা প্রভৃতির বিঘ্নকর) রজঃ তমঃ চ (রজঃ ও তমোগুণ) নিরস্য (নিরস্ত করিয়াছেন এবং) ভগবতঃ ধর্ম্মস্য তে (ধর্ম্মরূপী আপনার) সত্ত্বেন (সত্ত্বগুণকার্য্য সত্যের সহিত) ত্রিভিঃ স্বৈঃ পদ্ভিঃ (তপঃ, শৌচ ও দয়া এই স্বীয় ত্রিপাদের দ্বারা) নূনম্ (নিশ্চয়ই) ইদং চরাচরং (এই চরাচর বিশ্ব) ভৃতং (পালন করিতেছেন) ॥ ২২ ॥

অনুবাদ

লক্ষ্মীদেবীকেও আপনি অত্যধিক আদর করেন না; পরম-বৈষ্ণব ব্রহ্মা ও শিবাদির সহিত আপনার উত্তম সঙ্গ হইয়া থাকে; তাদৃশ আপনি ব্রাহ্মণগণের পথসংলগ্ন পবিত্র পদধূলিদ্বারা পবিত্র হইয়াছেন কি? অর্থাৎ কখনই নহে এবং আপনি সমস্ত ঐশ্বর্য্যের আকর হইয়া ঐশ্বর্য্যের নিমিত্ত শ্রীবৎসচিহ্ন ধারণ করিয়াছেন কি? অর্থাৎ কখনই নহে। আপনার বাক্যের যথাশ্রুত অর্থ কখনই সঙ্গত হইতে পারে না; তবে আমরা ইহাই বুঝিয়াছি যে এই সকল লীলা আপনি লোকশিক্ষার নিমিত্তই করিয়া থাকেন ॥২১॥

[এক্ষণে "ব্রাহ্মণগণের রক্ষাতেই বৈদিক ধর্ম্ম রক্ষিত হইয়া থাকে, এই জন্যই ভগবান্ লোকশিক্ষার নিমিত্ত ব্রাহ্মণের প্রতি অবনত হইয়া থাকেন" ইহাই তিনটি শ্লোকে বলিতেছেন] —হে ষড়ৈশ্বর্য্যশালিন্! ব্রাহ্মণ ও দেবগণের রক্ষার নিমিত্তই আপনি আমাদের বরপ্রদায়িনী নানাবিধ মূর্ত্তির দ্বারা তপস্যা প্রভৃতি চতুষ্পাদ্ধর্ম্মের বিঘ্নকর রজঃ ও তমোগুণ বিনাশ করিয়া থাকেন এবং ধর্ম্মরূপী আপনার সত্য, তপঃ, শৌচ ও দয়া এই পাদচতুষ্টয়ের দ্বারাই এই চরাচর বিশ্ব পালন করিতেছেন ॥ ২২ ॥

টীকা

কৃতঃ কিম্? যশ্চ ভগভাজনঃ স্বাভাবিকৈশ্বর্য্যনিধিঃ, স ত্বং শ্রীবৎসলক্ষ্ম অগাঃ ঐশ্বর্য্যার্থং স্বীকৃতবানসি কিম্? নহি ভগবন্! যথাশ্রুতং তে বাক্যমুপপন্নম্, অপি তু লোকশিক্ষার্থমিতি ভাবঃ ॥২১॥ কিঞ্চ দ্বিজোত্তমানাং রক্ষার্থং বিশ্বং ত্বয়ৈব পালিতং তদ্রক্ষাভাবে তন্নাশে বেদমার্গনাশঃ স্যাৎ, অতঃ লোকশিক্ষার্থং বিপ্রে অবনতস্য তব তেজো হানির্ন ইত্যাহুঃ—ধর্ম্মস্যেতি ত্রিভিঃ। হে ত্রিযুগ! ষাড়্‌গুণ্যনিধে! দ্বিজেষু যা দেবতা ব্রাহ্মণজাতিঃ, তদ্রক্ষার্থং ধর্ম্মস্য ধর্ম্মরূপস্য তে ত্রিভিঃ সত্ত্বেন সত্ত্বগুণজন্যেন সত্যেন সহিতৈঃ চতুর্ভিরিত্যর্থঃ। স্বৈঃ স্বাসাধারণৈঃ তপঃ শৌচদয়াসত্যৈঃ ইদং বিশ্বং নূনং নিশ্চিতম্ ভৃতং পালিতম্; কিং কৃত্বা? নো বরদয়া তন্বা মূর্ত্ত্যা জাতাবেকবচনম্। নানামূর্ত্তিভিঃ তদবঘাতি তপআদিঘাতকং রজস্তমশ্চ নিরস্য নিরাকৃত্য ॥ ২২ ॥ বৃষঃ শ্রেষ্ঠস্ত্বমাত্মগোপং ভবতৈব রক্ষণীয়ম্ অর্হণেন পূজনেন সম্নৃতেন প্রিয়বাক্য সহিতেন যদি ন গোপ্তা ন রক্ষিতা, তর্হ্যেব হে দেব! বেদমার্গং নঙ্ক্ষ্যতি নাশং যাস্যতি; ঋষভস্য শ্রেষ্ঠস্য তব তদিদমাচরণং প্রমাণম্ অগ্র-

ন ত্বং দ্বিজোত্তমকুলং যদি হ্যাত্মগোপং গোপ্তা বৃষস্ত্বর্হণেন সসূনৃতেন।
তর্হ্যেব নঙ্ক্ষ্যতি শিবস্তব দেব! পন্থা লোকোঽগ্রহীষ্যদৃষভস্য হি তৎ প্রমাণম্ ॥২৩॥
তত্তেঽনভীষ্টমিব সত্ত্বনিধের্ব্বিধিৎসোঃ ক্ষেমং জনায় নিজশক্তিভিরুদ্ধৃতারেঃ।
নৈতাবতা ত্র্যধিপতের্ব্বত বিশ্বভর্ত্তু-স্তেজঃ ক্ষতং তব নতস্য স তে বিনোদঃ ॥২৪॥

অন্বয়

দেব! (হে ভগবন্!) বৃষঃ (সর্ব্বশ্রেষ্ঠ) ত্বং তু (আপনি) সসূনৃতেন (প্রিয়বাক্যের সহিত) অর্হণেন (পূজাদ্বারা) যদি আত্মগোপং (যদি নিজের রক্ষণীয়) দ্বিজোত্তমকুলং (শ্রেষ্ঠ ব্রাহ্মণকুলকে) ন গোপ্তা (রক্ষা না করিতেন), তর্হি এব (তবে) শিবঃ পন্থা (মঙ্গলময় বেদমার্গ) নঙ্ক্ষ্যতি হি (বিনষ্ট হইত); হি (যেহেতু) লোকঃ (লোকসমূহ) ঋষভস্য তব (শ্রেষ্ঠ আপনার) তৎ (এই আচরণ) প্রমাণং অগ্রহীষ্যৎ (প্রমাণরূপে গ্রহণ করিত)॥ ২৩ ॥

জনায় (লোকের) ক্ষেমং (মঙ্গল) বিধিৎসোঃ (বিধানেচ্ছু) নিজশক্তিভিঃ (স্বশক্তিভূত লোকপাল সমূহের দ্বারা) উদ্ধৃতারেঃ (ধর্ম্মবিরোধীর উচ্ছেদকারী) সত্ত্বনিধেঃ (সত্ত্বমূর্ত্তি) তে (আপনার) তৎ (সেই বেদমার্গের বিনাশ) অনভীষ্টম্ ইব (অভিলষিত নহে); এতাবতা (এই প্রকার লীলায়) নতস্য (ব্রাহ্মণের প্রতি প্রণত) ত্র্যধিপতেঃ (ত্রিলোকাধিপতি) বিশ্বভর্ত্তুঃ (বিশ্বপালক) তব (আপনার) তেজঃ (প্রভাব) ন ক্ষতং (ক্ষীণ হয় না); বত! (আহা!) সঃ (সেই বেদমার্গ রক্ষার নিমিত্ত যে ব্রাহ্মণের প্রতি নমস্কারাদি, তাহা) তে (আপনার) বিনোদঃ (লীলাবিলাসমাত্র)॥ ২৪ ॥

অনুবাদ

হে দেব! সর্ব্বশ্রেষ্ঠ আপনি যদি আপনার রক্ষণীয় শ্রেষ্ঠ ব্রাহ্মণকুলকে প্রিয়বাক্য ও সম্মানাদিদ্বারা রক্ষা না করিতেন, তবে আপনার এই মঙ্গলময় বেদমার্গ বিনষ্ট হইয়া যাইত; কারণ লোকসমূহ সর্ব্বশ্রেষ্ঠ আপনার আচরণেরই অনুকরণ করিত; অতএব আপনি সর্ব্বশ্রেষ্ঠ হইয়াও লোকশিক্ষার নিমিত্তই ব্রাহ্মণের পূজা করিয়া থাকেন॥ ২৩॥

আপনি লোকসমূহের মঙ্গলবিধান করিতে ইচ্ছা করিয়া স্বীয় শক্তিস্থানীয় লোকপালাদির দ্বারা ধর্ম্মবিরোধীর উচ্ছেদ করিয়া থাকেন; আপনি সত্ত্বমূর্ত্তিস্বরূপ; অতএব বেদমার্গের বিনাশ আপনার কখনই অভীষ্ট নহে। এই যে আপনি ব্রাহ্মণের প্রতি নমস্কারাদি করিয়া থাকেন, তাহাতে ত্রিলোকাধিপতি বিশ্বপালক আপনার প্রভাব কখনও ক্ষীণ হয় না; বেদমার্গ রক্ষার নিমিত্ত ইহা আপনার লীলাবিলাসমাত্র॥ ২৪॥

টীকা

হীষ্যৎ। "যদ্‌যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জনঃ। স যৎ প্রমাণং কুরুতে লোকস্তদনুবর্ত্ততে" ইতি শ্রীমুখোক্তেশ্চ ॥ ২৩॥ ক্ষেমং কুশলং বিধাতুমিচ্ছোঃ ইব শব্দ এবার্থে, তদ্‌বেদমার্গনশনমনভীষ্টমেব স্যাৎ। অতো বেদমার্গরক্ষার্থং ব্রহ্মকুলে অবনতির্যুক্তৈব, অবনতস্য তব এতাবতা অবনতিমাত্রেণ ত্র্যধিপতেস্ত্রিলোকস্বামিনঃ তেজঃ প্রভাবঃ ন ক্ষতং ক্ষীণং ন ভবতি। স বেদমার্গরক্ষার্থঃ নমনাদিস্তে বিনোদঃ॥ ২৪॥ অনুমন্মহি অনুমন্যামহে, কিল্বিষেণ শাপেন অযুঙ্ক্ষ্মহি যোজিতবন্তঃ॥ ২৫॥

যং বানয়োর্দ্দমমধীশ ! ভবান্ বিধত্তে বৃত্তিং নু বা তদনুমন্মহি নির্ব্ব্যলীকম্ ।
অস্মাসু বা য উচিতো ধ্রিয়তাং স দণ্ডো যেঽনাগসৌ বয়মযুঙ্ক্ষ্মহি কিল্বিষেণ ॥২৫॥

শ্রীভগবানুবাচ

এতৌ সুরেতরগতিং প্রতিপদ্য সদ্যঃ সংরম্ভসম্ভৃতসমাধ্যনুবদ্ধযোগৌ ।
ভূয়ঃ সকাশমুপযাস্যত আশু যো বঃ শাপো ময়ৈব নিমিতস্তদবৈত বিপ্রাঃ ॥ ২৬ ॥

অন্বয়

অধীশ ! (হে জগদীশ্বর !) ভবান্ (আপনি) অনয়োঃ (এই জয় ও বিজয়ের) যং বা দমং (যে দণ্ড) নু বা (অথবা) বৃত্তিং (জীবিকা) বিধত্তে (বিধান করেন), তৎ (তাহা) নির্ব্ব্যলীকম্ (সন্তুষ্টচিত্তে) অনুমন্মহি (আমরা অনুমোদন করিতেছি)। যে বয়ং (আমরা) অনাগসৌ (নিরপরাধী) [এই জয় ও বিজয়কে] কিল্বিষেণ অযুঙ্ক্ষ্মহি (শাপ প্রদান করিয়াছি); [অতএব] অস্মাসু বা (আমাদিগেরও) যঃ উচিতঃ সঃ দণ্ডঃ (সমুচিত দণ্ড) ধ্রিয়তাম্ (বিধান করুন) ॥ ২৫ ॥

শ্রীভগবান্ উবাচ (ভগবান্ বলিলেন) বিপ্রাঃ (হে মুনিগণ !) এতৌ (আমার দ্বারপালদ্বয়) সদ্যঃ [এব] (এই ক্ষণেই) সুরেতরগতিং (অসুরজন্ম) প্রতিপদ্য (প্রাপ্ত হইয়া) সংরম্ভ-সম্ভৃতসমাধ্যনুবদ্ধযোগৌ (আমার প্রতি ক্রোধবশতঃ সমধিক চিত্তৈকাগ্রতা লাভ করিয়া) ভূয়ঃ (পুনরায়) আশু (শীঘ্রই) সকাশম্ (আমার নিকটে) উপযাস্যতঃ (আগমন করিবে); বঃ (আপনাদের) যঃ শাপঃ (প্রদত্ত যে শাপ), তৎ (তাহা) ময়া এব (আমিই) নিমিতঃ (বিধান করিয়াছি বলিয়া) অবৈত (জানিবেন) ॥ ২৬ ॥

অনুবাদ

হে প্রভো ! এক্ষণে যদি আপনি এই জয় ও বিজয়ের অপর কোনও দণ্ড অথবা অপর কোনও বৃত্তি বিধান করেন, আমরা সন্তুষ্টচিত্তে তাহা অনুমোদন করিব। আমরা এই নিরপরাধী জয় ও বিজয়কে শাপ প্রদান করিয়া অন্যায় করিয়াছি; অতএব আমাদিগেরও সমুচিত দণ্ড বিধান করুন ॥২৫॥

ভগবান্ বলিলেন—হে মুনিগণ ! আমার দ্বারপালদ্বয় এই ক্ষণেই অসুরজন্ম লাভ করিবে এবং সেই অসুরজন্মে আমার প্রতি ক্রোধবশতঃ তাহাদের চিত্তৈকাগ্রতা বর্দ্ধিত হইবে; তাহার ফলে শীঘ্রই আমার নিকটে তাহারা ফিরিয়া আসিবে। আপনারা যে শাপ প্রদান করিয়াছেন, তাহা আমি পূর্ব্বেই বিধান করিয়া রাখিয়াছি; অতএব আপনাদের কোনও অপরাধ নাই ॥ ২৬ ॥

টীকা

নাত্র ভবতাং কশ্চিদপরাধঃ, শাপস্তু ময়ৈব কারিতঃ। এতৌ তু বহূনামসুরানামুপকারায় মদিচ্ছয়ৈব অসুর-যোনিং প্রাপ্য শীঘ্রমাগমিষ্যত ইতি মচ্চিকীর্ষিতং জ্ঞাত্বা সুখিনো ভবন্তিত্যাশয়েনাহ—ভগবানেতাবিতি। সংরম্ভেণ ক্রোধাবেশেন সম্ভৃতঃ সমৃদ্ধঃ যঃ সমাধিঃ মনসঃ ঐকাগ্র্যং তেনানুবদ্ধো দৃঢ়ীকৃতো যোগো যয়োঃ তৌ, হে বিপ্রাঃ ! যো বঃ শাপঃ যুষ্মৎকৃতঃ শাপঃ সঃ ময়ৈব নিমিতঃ নির্ম্মিতঃ কারিতঃ।

শ্রীব্রহ্মোবাচ

অথ তে মুনয়ো দৃষ্ট্বা নয়নানন্দভাজনম্ ।
বৈকুণ্ঠং তদধিষ্ঠানং বিকুণ্ঠঞ্চ স্বয়ম্প্রভম্ ॥২৭॥
ভগবন্তং পরিক্রম্য প্রণিপত্যানুমান্য চ ।
প্রতিজগ্মুঃ প্রমুদিতাঃ শংসন্তো বৈষ্ণবীং শ্রিয়ম্ ॥২৮॥
ভগবাননুগাবাহ যাতং মা ভৈষ্টমস্তু শম্ ।
ব্রহ্মতেজঃ সমর্থোঽপি হন্তুং নেচ্ছে মতন্তু মে ॥২৯॥

অন্বয়

শ্রীব্রহ্মা উবাচ (ব্রহ্মা বলিলেন) অথ (অনন্তর) তে মুনয়ঃ (সেই সনকাদি মুনিগণ) নয়নানন্দ-ভাজনং (নয়নের আনন্দজনক) স্বয়ম্প্রভং (স্বপ্রকাশ) বিকুণ্ঠং (শ্রীহরিকে) তদধিষ্ঠানং বৈকুণ্ঠং চ (ও শ্রীহরির নিবাসস্থান বৈকুণ্ঠধাম) দৃষ্ট্বা (দর্শন করিয়া) ভগবন্তং পরিক্রম্য (ভগবান্‌কে প্রদক্ষিণ করিয়া) প্রণিপত্য (প্রণাম করতঃ) অনুমান্য চ (তাঁহার অনুমতি গ্রহণ করিয়া) প্রমুদিতাঃ (হৃষ্টচিত্তে) বৈষ্ণবীং শ্রিয়ং (বিষ্ণুলোকের ঐশ্বর্য্য) শংসন্তঃ (বর্ণনা করিতে করিতে) প্রতিজগ্মুঃ (স্ব স্ব স্থানে গমন করিলেন) ॥ ২৭-২৮ ॥

ভগবান্ (শ্রীহরি) অনুগৌ (স্বীয় অনুচরদ্বয়কে) আহ (বলিলেন) যাতম্ (তোমরা গমন কর) ; মা ভৈষ্টম্ (ভয় করিও না) ; শম্ (মঙ্গল) অস্তু (হউক)। ব্রহ্মতেজঃ (ব্রহ্মশাপ) হন্তুং (নিবারণ করিতে) সমর্থঃ অপি (সমর্থ হইলেও) [আমি] ন ইচ্ছে (তাহা ইচ্ছা করি না) ; তু (কারণ) [এই সনকাদি প্রদত্ত অভিশাপ] মে (আমারই) মতম্ (সম্মত অর্থাৎ অভিলষিত) ॥ ২৯ ॥

অনুবাদ

ব্রহ্মা বলিলেন—অনন্তর সেই সনকাদি মুনিগণ নয়নের আনন্দপ্রদ স্বপ্রকাশ শ্রীহরিকে ও শ্রীহরির নিবাসস্থান বৈকুণ্ঠধাম দর্শন করিয়া ভগবান্‌কে প্রণাম ও প্রদক্ষিণ করিলেন এবং ভগবানের নিকট হইতে অনুমতি লইয়া হৃষ্টচিত্তে বিষ্ণুলোকের ঐশ্বর্য্য বর্ণনা করিতে করিতে স্ব স্ব স্থানে গমন করিলেন ॥ ২৭-২৮ ॥

অনন্তর ভগবান্ শ্রীহরি স্বীয় অনুচরদ্বয়কে বলিলেন—তোমরা গমন কর : ভয় করিও না ; তোমাদের মঙ্গল হউক। আমি ব্রহ্মশাপ নিবারণ করিতে সমর্থ হইলেও তাহা আমার অভিলষিত নহে, পরন্তু সনকাদি প্রদত্ত অভিশাপ আমারই অভিপ্রেত ॥ ২৯ ॥

টীকা

তৎ মম কৃত্যমবৈত জানীত ॥ ২৬ ॥ স্বয়ম্প্রভম্ স্বপ্রকাশম্ ॥ ২৭—২৮ ॥ ব্রহ্মতেজঃ সনকাদিশাপ-রূপং তেজঃ মে মমৈব মতম্ সম্মতম্। যুবাং নিমিত্তীকৃত্য বহুজনকল্যাণার্থং বারাহাঙ্গবতারৈঃ বিহরিষ্যামীতি ভাবঃ। অন্যথা সনকাদীনাং ক্রোধঃ, হরিদ্বারপালয়োর্মুনিপ্রাতিকূল্যং, বৈকুণ্ঠবাসিনাং

এতৎ পুরৈব নির্দ্দিষ্টং রময়া ক্রুদ্ধয়া যদা।
পুরাপবারিতা দ্বারি বিশন্তী ময্যুপারতে ॥৩০॥
ময়ি সংরম্ভযোগেন নিস্তীর্য্য ব্রহ্মহেলনম্।
প্রত্যেষ্যতং নিকাশং মে কালেনাল্পীয়সা পুনঃ ॥৩১॥
দ্বাঃস্থাবাদিশ্য ভগবান্ বিমানশ্রেণিভূষণম্।
সর্ব্বাতিশয়য়া লক্ষ্ম্যা জুষ্টং স্বং ধিষ্ণ্যমাবিশৎ ॥৩২॥
তৌ তু গীর্ব্বাণবৃষভৌ দুস্তরাদ্ধরিলোকতঃ।
হতশ্রিয়ৌ ব্রহ্মশাপাদভূতাং বিগতস্ময়ৌ ॥৩৩॥

অন্বয়

পুরা (পূর্ব্বে) যদা (যখন) ময়ি উপারতে (আমি যোগনিদ্রায় শয়ান থাকিলে) বিশন্তী (লক্ষ্মীদেবী বাহিরে গিয়া পুনরায় প্রবেশ করিতে আসিলে) দ্বারি (দ্বারদেশে) [তোমাদিগকর্ত্তৃক] পুরা অপবারিতা (নিবারিতা হইয়াছিলেন), [তখন] ক্রুদ্ধয়া রময়া এব (ক্রুদ্ধা লক্ষ্মীদেবীই) এতৎ (এই তোমাদের বৈকুণ্ঠধাম হইতে পতন) নির্দ্দিষ্টম্ (নির্দ্দেশ করিয়াছিলেন) ॥৩০॥

[তোমরা] ময়ি (আমাতে) সংরম্ভযোগেন (ক্রোধবশতঃ অর্থাৎ আমার প্রতি শত্রুভাব অবলম্বন করিয়া) ব্রহ্মহেলনং (ব্রহ্মশাপ) নিস্তীর্য্য (ভোগ করতঃ) পুনঃ (পুনরায়) অল্পীয়সা কালেন (অল্পকালের মধ্যে) মে (আমার) নিকাশং (নিকটে) প্রত্যেষ্যতম্ (আগমন করিবে) ॥ ৩১ ॥

ভগবান্ (শ্রীহরি) দ্বাঃস্থৌ (দ্বারপালদ্বয়কে) আদিশ্য (আদেশ করিয়া) বিমানশ্রেণিভূষণং (ব্যোমযানসমূহে সমলঙ্কৃত) সর্ব্বাতিশয়য়া লক্ষ্ম্যা (ও সর্ব্বোত্তম ঐশ্বর্য্যে) জুষ্টং (শোভিত) স্বং ধিষ্ণ্যম্ (স্বীয় বাসস্থানে) আবিশৎ (প্রবেশ করিলেন) ॥ ৩২ ॥

গীর্ব্বাণবৃষভৌ (দেবশ্রেষ্ঠ) তৌ তু (সেই জয় ও বিজয়) দুস্তরাৎ ব্রহ্মশাপাৎ (দুস্তর ব্রহ্মশাপহেতু)

অনুবাদ

পূর্ব্বে যখন আমি যোগনিদ্রায় শয়ন করিয়াছিলাম এবং লক্ষ্মীদেবী আমার আলয় হইতে বাহিরে গিয়া পুনরায় প্রবেশ করিতে আসিয়া তোমাদিগকর্ত্তৃক নিবারিতা হইয়াছিলেন, তখনই লক্ষ্মীদেবী ক্রুদ্ধা হইয়া তোমাদের বৈকুণ্ঠধাম হইতে পতন নির্দ্ধারণ করিয়াছেন ; এক্ষণে সনকাদি মুনিগণ নিমিত্তমাত্র ॥ ৩০ ॥

তোমরা অসুরজন্ম প্রাপ্ত হইয়া আমার প্রতি শত্রুভাব অবলম্বন করতঃ অল্পকালের মধ্যেই ব্রহ্মশাপ ভোগ করিয়া আমার নিকটে ফিরিয়া আসিবে। সেখানে অধিক কাল তোমাদের থাকিতে হইবে না ; অতএব ভয় করিও না ॥ ৩১ ॥

ভগবান্ শ্রীহরি দ্বারপালদ্বয়কে এইরূপ আদেশ করিয়া ব্যোমযানসমূহে সমলঙ্কৃত ও সর্ব্বোত্তম ঐশ্বর্য্যে শোভিত স্বীয় বাসস্থানে প্রবেশ করিলেন ॥৩২॥

অনন্তর সেই দেবশ্রেষ্ঠ জয় ও বিজয় দুস্তর ব্রহ্মশাপহেতু বৈকুণ্ঠধাম হইতে পতিত হইয়া গর্ব্বহীন ও নষ্টশ্রী হইল ॥ ৩৩ ॥

টীকা

পুনর্জ্জন্ম চ নৈব স্যাৎ ॥ ২৯ ॥ ৩০ ॥ মে নিকাশং সমীপং প্রত্যেষ্যতম্ প্রত্যাগচ্ছতম্ ॥ ৩১ ॥ ৩২ ॥

তদা বিকুণ্ঠধিষণাত্তয়োর্নিপতমানয়োঃ।
হাহাকারো মহানাসীদ্বিমানাগ্র্যেষু পুত্রকাঃ! ॥৩৪॥
তাবেব হ্যধুনা প্রাপ্তৌ পার্ষদপ্রবরৌ হরেঃ।
দিতের্জ্জঠরনির্ব্বিষ্টং কাশ্যপং তেজ উল্বণম্ ॥৩৫॥
তয়োরসুরয়োরদ্য তেজসা যময়োর্হি বঃ।
আক্ষিপ্তং তেজ এতর্হি ভগবাংস্তদ্বিধিৎসতি ॥৩৬॥

অন্বয়

হরিলোকতঃ (বৈকুণ্ঠধাম হইতে) [পতিত হইয়া] বিগতস্ময়ৌ (গর্ব্বহীন) হতশ্রিয়ৌ চ (ও হতশ্রী) অভূতাম্ (হইল) ॥ ৩৩ ॥

পুত্রকাঃ! (হে দেবগণ!) তদা (তখন) বিকুণ্ঠধিষণাৎ (বৈকুণ্ঠলোক হইতে) নিপতমানয়োঃ তয়োঃ (নিপতিত সেই জয় ও বিজয়ের সম্বন্ধে) বিমানাগ্র্যেষু (সত্যাদি লোকস্থিত শ্রেষ্ঠ বিমান-সমূহে) মহান্ হাহাকারঃ (অতিশয় হাহাকারধ্বনি) আসীৎ (হইয়াছিল) ॥ ৩৪ ॥

হরেঃ (শ্রীহরির) তৌ পার্ষদপ্রবরৌ এব (সেই পার্ষদপ্রবর জয় ও বিজয়ই) অধুনা (এক্ষণে) দিতেঃ (দিতির) জঠরনির্ব্বিষ্টং (উদরে প্রবিষ্ট) কাশ্যপম্ (কশ্যপের) উল্বণং তেজঃ (অতি উৎকট বীর্য্য) প্রাপ্তৌ হি (প্রাপ্ত হইয়াছে) ॥ ৩৫ ॥

যময়োঃ (যমজ) তয়োঃ অসুরয়োঃ (সেই অসুরদ্বয়ের) তেজসা হি (তেজের দ্বারাই) অদ্য (সম্প্রতি) বঃ (তোমাদের) তেজঃ (তেজ) আক্ষিপ্তং (তিরোহিত হইয়াছে); এতর্হি (এক্ষণে) তৎ (তোমাদের তেজের তিরোধান) ভগবান্ বিধিৎসতি (ভগবানই ইচ্ছা করিয়াছেন) ॥ ৩৬ ॥

অনুবাদ

হে দেবগণ! যখন তাহারা নিপতিত হইতেছিল, তখন তাহাদের সম্বন্ধে সত্যাদি লোকস্থিত শ্রেষ্ঠ বিমানসমূহে অতিশয় হাহাকারধ্বনি উত্থিত হইয়াছিল অর্থাৎ আহা! ইহারা ভগবৎপার্ষদ হইয়াও নিপতিত হইল ইত্যাদি হাহাকারধ্বনি উত্থিত হইয়াছিল ॥ ৩৪ ॥

হে দেবগণ! শ্রীহরির সেই পার্ষদপ্রবর জয় ও বিজয়ই এক্ষণে দিতির উদরে প্রবিষ্ট কশ্যপের অমোঘ বীর্য্যে দেহপ্রাপ্ত হইয়াছে ॥ ৩৫ ॥

সেই যমজ অসুরদ্বয়ের তেজের দ্বারাই সম্প্রতি তোমাদের তেজ তিরোহিত হইয়াছে; ইহার প্রতিকারে আমার সামর্থ্য নাই; কারণ ভগবান্ই এক্ষণে তোমাদের তেজের তিরোধান ইচ্ছা করিয়াছেন ॥ ৩৬ ॥

টীকা

দুস্তরাদ্ ব্রহ্মশাপাদ্ হরিলোকতঃ পততৌ হতশ্রিয়ৌ বিগতস্ময়ৌ নষ্টগর্ব্বৌ চ অভূতাম্ ॥ ৩৩ ॥ হে পুত্রকাঃ! ॥ ৩৪ ॥ তেজো বীর্য্যং প্রাপ্তৌ ॥ ৩৫ ॥ আক্ষিপ্তং তিরস্কৃতম্, তদ্‌যুষ্মৎতেজসস্তিরস্কারং

বিশ্বস্য যঃ স্থিতিলয়োদ্ভবহেতুরাদ্যো যোগেশ্বরৈরপি দুরত্যয়যোগমায়ঃ।
ক্ষেমং বিধাস্যতি স নো ভগবাংস্ত্র্যধীশ-স্তত্রাস্মদীয়বিমৃশেন কিয়ানিহার্থঃ ॥৩৭॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে
বিদুরমৈত্রেয়সংবাদে জয়বিজয়ভ্রংশো নাম ষোড়শোঽধ্যায়ঃ ॥ ১৬ ॥

অন্বয়

যঃ (যিনি) বিশ্বস্য (জগতের) আদ্যঃ স্থিতিলয়োদ্ভবহেতুঃ (সৃষ্টি, স্থিতি ও প্রলয়ের আদিকর্ত্তা) যোগেশ্বরৈঃ অপি (এবং যোগেশ্বরগণকর্ত্তৃকও) দুরত্যয়যোগমায়ঃ (যাঁহার সঙ্কল্পরূপা মায়াশক্তি দুর্জ্ঞেয়া, সেই) ত্র্যধীশঃ (গুণত্রয়ের অধীশ্বর) সঃ ভগবান্ (শ্রীহরি) তত্র (ঐ বিষয়ে) নঃ (আমাদের) ক্ষেমং বিধাস্যতি (মঙ্গল বিধান করিবেন); ইহ (এই বিষয়ে) অস্মদীয়বিমৃশেন (আমাদের চিন্তায়) কিয়ান্ অর্থঃ (কি ফল হইবে?) [অর্থাৎ কোন ফলই হইবে না] ॥ ৩৭ ॥

অনুবাদ

হে দেবগণ! যিনি এই জগতের সৃষ্টি, স্থিতি ও প্রলয়ের আদিকর্ত্তা এবং যোগেশ্বরগণও যাঁহার সঙ্কল্পরূপা মায়াশক্তিকে জানিতে সমর্থ হন না, সেই গুণত্রয়ের অধীশ্বর ভগবান্ শ্রীহরিই এই বিষয়ে আমাদের মঙ্গলবিধান করিবেন; আমাদের অনর্থক চিন্তায় কোনই ফল হইবে না ॥ ৩৭ ॥

ষোড়শ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ১৬ ॥

টীকা

ভগবানেব বিধাতুমিচ্ছতীতি ॥ ৩৬ ॥ বিমৃশেন বিমর্শেন ॥ ৩৭ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে তৃতীয়স্কন্ধে শ্রীমচ্ছুকদেবকৃতসিদ্ধান্তপ্রদীপে
ষোড়শাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ১৬ ॥

সপ্তদশোঽধ্যায়ঃ

শ্রীমৈত্রেয় উবাচ

নিশম্যাত্মভুবা গীতং কারণং শঙ্কয়োজ্‌ঝিতাঃ।
ততঃ সর্ব্বে ন্যবর্ত্তন্ত ত্রিদিবায় দিবৌকসঃ ॥১॥
দিতিস্তু ভর্ত্তুরাদেশাদপত্যপরিশঙ্কিনী।
পূর্ণে বর্ষশতে সাধ্বী পুত্রৌ প্রসুষুবে যমৌ ॥২॥
উৎপাতা বহবস্তত্র নিপেতুর্জ্জায়মানয়োঃ।
দিবি ভুব্যন্তরীক্ষে চ লোকস্যোরুভয়াবহাঃ ॥৩॥

অন্বয়

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) ততঃ (অনন্তর) আত্মভুবা (ব্রহ্মাকর্ত্তৃক) গীতং (বর্ণিত) কারণং (নিজেদের বিপদের কারণ) নিশম্য (শ্রবণ করিয়া) শঙ্কয়া উজ্‌ঝিতাঃ (শঙ্কারহিত হইয়া) সর্ব্বে দিবৌকসঃ (দেবগণ) ত্রিদিবায় (স্বর্গে অর্থাৎ স্ব স্ব স্থানে) ন্যবর্ত্তন্ত (গমন করিলেন) ॥ ১ ॥

সাধ্বী (পতিব্রতা) দিতিঃ তু (দিতিও) ভর্ত্তুঃ (স্বামী কশ্যপের) আদেশাৎ (বাক্যে) অপত্য-পরিশঙ্কিনী (স্বীয় পুত্রদ্বয় হইতে দেবগণের উপদ্রব হইবে আশঙ্কা করিয়া) [গর্ভধারণকরতঃ] বর্ষশতে পূর্ণে (শত বৎসর পূর্ণ হইলে) যমৌ পুত্রৌ (যমজপুত্র) প্রসুষুবে (প্রসব করিলেন) ॥ ২ ॥

জায়মানয়োঃ তত্র (সেই অসুরদ্বয়ের জন্মসময়ে) দিবি (স্বর্গে), ভুবি (মর্ত্ত্যে) অন্তরীক্ষে চ (ও আকাশে) লোকস্য (লোকের) উরুভয়াবহাঃ (অতিভয়াবহ) বহবঃ উৎপাতাঃ (বহু উৎপাত) নিপেতুঃ (আবির্ভূত হইয়াছিল) ॥ ৩ ॥

অনুবাদ

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর ! অনন্তর ব্রহ্মার মুখে নিজেদের বিপদের কারণ শ্রবণ করিয়া দেবগণ শঙ্কাশূন্য হইলেন ও সকলেই ব্রহ্মার নিকট হইতে স্ব স্ব স্থানে প্রস্থান করিলেন ॥ ১ ॥

এদিকে পতিব্রতা দিতিও স্বীয় ভর্ত্তা কশ্যপের বাক্যে স্বীয় পুত্রদ্বয় হইতে দেবগণের উপদ্রব হইবে আশঙ্কা করিয়া শতবৎসর গর্ভ ধারণ করিলেন এবং পরে যমজপুত্র প্রসব করিলেন ॥ ২ ॥

সেই অসুরদ্বয়ের জন্মসময়ে স্বর্গে, মর্ত্ত্যে ও অন্তরীক্ষে লোকসমূহের অতিশয় ভয়াবহ উৎপাতসমূহ আবির্ভূত হইয়াছিল ॥ ৩ ॥

টীকা

এবং দিত্যুদরগতয়োরসুরয়োঃ ভাবকারণমুক্তম্। অথ সপ্তদশে তজ্জন্মাদি বর্ণ্যতে। উজ্‌ঝিতাঃ-ত্যক্তাঃ ॥ ১ ॥ অপত্যাভ্যাং পরিশঙ্কিনী দেবাদ্যুপদ্রবং শঙ্কমানা ॥ ২ ॥ তত্র তজ্জন্মবেলায়াম্। নিপেতুঃ

সহাচলা ভুবশ্চেলুর্দ্দিশঃ সর্ব্বাঃ প্রজজ্বলুঃ।
সোল্কাশ্চাশনয়ঃ পেতুঃ কেতবশ্চার্ত্তিহেতবঃ ॥৪॥
ববৌ বায়ুঃ সুদুঃস্পর্শঃ ফেৎকারানীরয়ন্মুহুঃ।
উন্মূলয়ন্নগপতীন্ বাত্যানীকো রজোধ্বজঃ ॥৫॥
উদ্ধসত্তড়িদম্ভোদঘটয়া নষ্টভাগণে।
ব্যোম্নি প্রবিষ্টতমসা ন স্ম ব্যাদৃশ্যতে পদম্ ॥৬॥
চুক্রোশ বিমনা বার্দ্ধিরুদূর্ম্মিঃ ক্ষুভিতোদরঃ।
সোদপানাশ্চ সরিতশ্চুক্ষুভুঃ শুষ্কপঙ্কজাঃ ॥৭॥

অন্বয়

সহাচলাঃ ভুবঃ (পর্ব্বতসমূহের সহিত পৃথিবী) চেলুঃ (কম্পিতা হইয়াছিল), সর্ব্বাঃ দিশঃ (দিক্‌সমূহ) প্রজজ্বলুঃ (প্রজ্বলিত হইয়াছিল), সোল্কাঃ (উল্কার সহিত) অশনয়ঃ চ (বজ্রসকল) পেতুঃ (নিপতিত হইয়াছিল) আর্ত্তিহেতবঃ (এবং লোকের অমঙ্গলসূচক) কেতবঃ চ (ধূমকেতু উদিত হইয়াছিল) ॥ ৪ ॥

বাত্যানীকঃ (ঘূর্ণীপাকসমূহযুক্ত) সুদুঃস্পর্শঃ (অতি প্রচণ্ড) বায়ুঃ (বায়ু) রজধ্বজঃ [সন্] (ধূলিরূপ ধ্বজা উড়াইয়া) মুহুঃ (পুনঃ পুনঃ) ফেৎকারান্ ঈরয়ন্ (ফেৎকার শব্দ করিতে করিতে) নগপতীন্ (শ্রেষ্ঠ শ্রেষ্ঠ বৃক্ষ সকলকে) উন্মূলয়ন্ (উন্মূলিত করিয়া) ববৌ (প্রবাহিত হইয়াছিল) ॥ ৫ ॥

উদ্ধসত্তড়িদম্ভোদঘটয়া (প্রস্ফুরিত বিদ্যুৎযুক্ত মেঘসমূহের দ্বারা) নষ্টভাগণে (সূর্য্যাদি গ্রহনক্ষত্রের দীপ্তি তিরোহিত হইয়াছে এমন) ব্যোম্নি (আকাশে) প্রবিষ্টতমসা (অন্ধকারাচ্ছন্ন হওয়ায়) পদং (কিছুই) ন ব্যাদৃশ্যতে স্ম (দৃষ্টিগোচর হয় নাই) ॥ ৬ ॥

বার্দ্ধিঃ (সমুদ্র) বিমনাঃ [ইব] (বিমনা হইয়াই যেন) উদূর্ম্মিঃ (উত্তাল তরঙ্গযুক্ত) ক্ষুভিতোদরঃ

অনুবাদ

তখন পর্ব্বতসমূহের সহিত পৃথিবী কম্পিতা হইয়াছিল, দিক্‌সমূহ প্রজ্বলিত হইয়াছিল, উল্কার সহিত বজ্রসকল নিপতিত হইয়াছিল এবং অমঙ্গলসূচক ধূমকেতুসমূহ উদিত হইয়াছিল ॥ ৪ ॥

তখন অতিপ্রচণ্ড ঘূর্ণীপাকযুক্ত বায়ু ধূলিরূপ ধ্বজা উড়াইয়া মুহুর্ম্মুহুঃ ফেৎকারধ্বনি করিতে করিতে শ্রেষ্ঠ বৃক্ষসমূহকে উন্মূলিত করিয়া প্রবাহিত হইয়াছিল ॥ ৫ ॥

তখন প্রস্ফুরিত বিদ্যুদ্‌যুক্ত মেঘসমূহের দ্বারা সূর্য্যাদি গ্রহনক্ষত্রের দীপ্তি একেবারে তিরোহিত হইয়াছিল এবং অন্তরীক্ষ অন্ধকারাচ্ছন্ন হওয়ায় কোন পদার্থই দৃষ্টিগোচর হইতেছিল না ॥ ৬ ॥

তখন সমুদ্রের অন্তর্ভাগ ক্ষোভিত হইয়াছিল, সমুদ্রে উত্তাল তরঙ্গরাশি উত্থিত

টীকা

প্রাদুর্ব্বভূবুঃ ॥ ৩ ॥ ভুবঃ নানাদ্বীপরূপাঃ কেতবঃ উদ্ভবুরিতি শেষঃ ॥ ৪ ॥ বাত্যাশ্চক্রবায়ব এব অনীকং সেনা যস্য, রজ এব ধ্বজো যস্য সঃ ॥ ৫ ॥ উদ্ধসন্ত্যঃ প্রস্ফুরন্ত্যঃ তড়িতো যেষু তেষামম্বু-

মুহুঃ পরিধয়োঽভুবন্ সরাহ্বোঃ শশিসূর্য্যয়োঃ।
নির্ঘাতা রথনির্হ্রাদা বিবরেভ্যঃ প্রজজ্ঞিরে ॥৮॥
অন্তর্গ্রামেষু মুখতো বমন্ত্যো বহ্নিমুল্বণম্।
শৃগালোলূকটঙ্কারৈঃ প্রণেদুরশিবং শিবাঃ ॥৯॥
সঙ্গীতবদ্রোদনবদুন্নময্য শিরোধরাম্।
ব্যমুঞ্চন্ বিবিধা বাচো গ্রামসিংহাস্ততস্ততঃ ॥১০॥

অন্বয়

(ও বিক্ষোভিত হইয়া) চুক্রোশ (গর্জ্জন করিতেছিল) ; শুষ্কপঙ্কজাঃ (শুষ্কপদ্মযুক্ত) সোদপানাঃ (বাপী, কূপ ও তড়াগাদির সহিত) সরিতঃ চ (নদী সকলও) চুক্ষুভুঃ (ক্ষোভিত হইয়াছিল) ॥ ৭ ॥

সরাহ্বোঃ (রাহুগ্রস্ত) শশিসূর্য্যয়োঃ (চন্দ্রসূর্য্যের) পরিধয়ঃ (মণ্ডলসমূহ) মুহুঃ (পুনঃ পুনঃ) অভূবন্ (প্রকাশ পাইতেছিল) বিবরেভ্যঃ (এবং গিরিগুহা হইতে) রথনির্হ্রাদাঃ (রথধ্বনির ন্যায় ধ্বনি) নির্ঘাতাঃ (ও মেঘগর্জ্জন) প্রজজ্ঞিরে (উত্থিত হইতেছিল) ॥ ৮ ॥

অন্তর্গ্রামেষু (গ্রামমধ্যে) শিবাঃ (শৃগালীগণ) শৃগালোলূকটঙ্কারৈঃ (শৃগাল ও পেচকসমূহের ধ্বনির সহিত) মুখতঃ (মুখ হইতে) উল্বণং (ভয়ঙ্কর) বহ্নিম্ (অগ্নি) বমন্ত্যঃ (উদ্গীরণ করিতে করিতে) অশিবং প্রণেদুঃ (অমঙ্গলধ্বনি করিতেছিল) ॥৯॥

গ্রামসিংহাঃ (কুকুরগুলি) ততঃ ততঃ (যেখানে সেখানে) শিরোধরাম্ উন্নময্য (গ্রীবা উন্নত করিয়া) সঙ্গীতবৎ (সঙ্গীতের ধ্বনির ন্যায়) রোদনবৎ (কখনও বা রোদনধ্বনির ন্যায়) বিবিধাঃ (বিচিত্র) বাচঃ (ধ্বনি) ব্যমুঞ্চন্ (করিতেছিল) ॥১০॥

অনুবাদ

হইতেছিল ও সমুদ্র যেন শঙ্কিত হইয়াই গর্জ্জন করিতেছিল এবং শুষ্ক পদ্মসমন্বিত তড়াগাদির সহিত নদীসকলও ক্ষোভিত হইয়াছিল ॥ ৭ ॥

তখন পুনঃ পুনঃ রাহুগ্রস্ত চন্দ্রসূর্য্যের মণ্ডল প্রকাশ পাইতেছিল এবং গিরিগুহা হইতে রথধ্বনির ন্যায় ধ্বনি ও মেঘগর্জ্জন উত্থিত হইতেছিল ॥ ৮ ।

গ্রামমধ্যে শৃগালীগণ মুখ হইতে ভয়ঙ্কর অগ্নি উদ্গীরণ করিতে করিতে অপরাপর শৃগাল ও পেচকসমূহের ধ্বনির সহিত অমঙ্গলধ্বনি করিতেছিল ॥ ৯ ॥

তখন কুকুরগুলি যেখানে সেখানে গ্রীবাদেশ উন্নত করিয়া কখনও বা সঙ্গীতের মত কখনও বা রোদনধ্বনির মত বিচিত্র ধ্বনি করিতেছিল ॥ ১০ ॥

টীকা

দানাং ঘটয়া সমূহেন নষ্টঃ ভাগণঃ ভাস্করাদিদীপ্তিসমূহো যস্মিন্। পদং চক্ষুর্ব্বিষয়ো ন ব্যাদৃশ্যতে স্ম ঈষদপি নাদৃশ্যতেত্যর্থঃ ॥ ৬ ॥ উদ্ধতা ঊর্ম্ময়ো যস্মাৎ, ক্ষোভিতোদরঃ বিকৃতাস্তর্ভাগঃ ॥ ৭ ॥ সরাহ্বোঃ সোপরাগয়োঃ, নির্ঘাতাঃ নির্মেঘগর্জ্জিতানি রথনির্হ্রাদাঃ রথধ্বনিনিভাঃ ধ্বনয়ঃ ॥ ৮ ॥ অন্তর্গ্রামেষু গ্রামমধ্যে শৃগালাদিধ্বনিভিঃ সহ অশিবং যথা তথা প্রণেদুঃ ; কিং কুর্ব্বন্ত্যঃ ? মুখতো মুখৈঃ বহ্নিং

খরাশ্চ কর্কশৈঃ ক্ষত্তঃ ! খুরৈর্ঘ্নন্তো ধরাতলম্ ।
খার্কাররভসা মত্তাঃ পর্য্যধাবন্ বরূথশঃ ॥১১॥
ব্রুবন্তো রাসভত্রস্তা নীড়াদুদপতন্ খগাঃ ।
ঘোষেঽরণ্যে চ পশবঃ শকৃন্মূত্রমকুর্ব্বত ॥১২॥
গাবোঽত্রসন্নসৃগ্‌দোহাস্তোয়দাঃ পূযবর্ষিণঃ ।
ব্যরুদন্ দেবলিঙ্গানি দ্রুমাঃ পেতুর্ব্বিনানিলম্ ॥১৩॥

অন্বয়

ক্ষত্তঃ ! (হে বিদুর !) খার্কাররভসাঃ (গর্দ্দভজাতির শব্দ করিতে করিতে অতিশয় ত্বরান্বিত) মত্তাঃ (উন্মত্ত) খরাঃ চ (গর্দ্দভ সকলও) বরূথশঃ (দলবদ্ধ হইয়া) কর্কশৈঃ খুরৈঃ (তীক্ষ্ণ খুরের দ্বারা) ধরাতলম্ ঘ্নন্তঃ (ভূমি বিদারণ করিতে করিতে) পর্য্যধাবন্ (চারিদিকে ধাবিত হইতেছিল) ॥ ১১ ॥

রাসভত্রস্তাঃ (গর্দ্দভের সেই খার্কাররধ্বনি ও খুরধ্বনি শ্রবণে ভীত) খগাঃ (পক্ষিগণ) ব্রুবন্তঃ (রব করিতে করিতে) নীড়াৎ (স্ব স্ব নীড় হইতে) উদপতন্ (উৎপতিত হইয়াছিল) ঘোষে (এবং গোপপল্লীতে) অরণ্যে চ (ও অরণ্যে) পশবঃ (গবাদি পশুগণ) শকৃৎ মূত্রং [চ] (মল ও মূত্র) অকুর্ব্বত (পরিত্যাগ করিতেছিল) ॥ ১২ ॥

গাবঃ (গাভীসকল) অত্রসন্ (ত্রাসান্বিতা হইয়া) অসৃগ্‌দোহাঃ [আসন্] (স্তন হইতে রুধির ক্ষরণ করিতেছিল), তোয়দাঃ (মেঘসমূহ) পূযবর্ষিণঃ [আসন্] (পূঁয বর্ষণ করিতেছিল), দেবলিঙ্গানি (দেবপ্রতিমা সকল) ব্যরুদন্ (রোদন করিতেছিল) অনিলং বিনা (এবং বিনাবায়ুতে) দ্রুমাঃ (বৃক্ষসকল) পেতুঃ (নিপতিত হইতেছিল) ॥ ১৩ ॥

অনুবাদ

হে বিদুর ! তখন খার্কার অর্থাৎ গর্দ্দভের শব্দ করিতে করিতে অতিশয় ত্বরান্বিত ও উন্মত্ত গর্দ্দভসকল দলবদ্ধ হইয়া তীক্ষ্ণাগ্র খুরের দ্বারা ভূতল বিদারণ করিতে করিতে ইতস্ততঃ ধাবিত হইতেছিল ॥ ১১ ॥

সেই গর্দ্দভসমূহের খার্কাররধ্বনি ও খুরধ্বনি শ্রবণে ভয়বিহ্বল বিহঙ্গমকুল রব করিতে করিতে স্ব স্ব কুলায় হইতে উড়িয়া যাইতেছিল এবং গোপপল্লীতে ও অরণ্যমধ্যে গবাদি পশুগণ মলমূত্র পরিত্যাগ করিতেছিল ॥ ১২ ॥

তখন গাভীসকল ত্রাসান্বিতা হইয়া দুগ্ধের পরিবর্ত্তে স্তন হইতে রুধির ক্ষরণ করিতেছিল, মেঘসমূহ জলের পরিবর্ত্তে পূঁয বর্ষণ করিতেছিল, দেবপ্রতিমা সকল রোদন করিতেছিল এবং বিনাবায়ুতে বৃক্ষসকল নিপতিত হইতেছিল ॥ ১৩ ॥

টীকা

বমন্ত্যঃ ॥ ৯ ॥ গ্রামসিংহাঃ শ্বানঃ ॥ ১০ ॥ খার্কারে খরজাতিশব্দে রভসঃ সম্ভ্রমো যেষাং তে বরূথশঃ সঙ্ঘশঃ সঙ্ঘীভূতা ইত্যর্থঃ ॥ ১১ ॥ রাসভত্রস্তাঃ গর্দ্দভখুররুখধ্বনিভির্ভীতাঃ ॥ ১২ ॥ অসৃগ্‌দোহাঃ

গ্রহান্ পুণ্যতমানন্যে ভগণাংশ্চাপি দীপিতাঃ।
অতিচেরুর্ব্বক্রগত্যা যুযুধুশ্চ পরস্পরম্ ॥১৪॥
দৃষ্ট্বান্যাংশ্চ মহোৎপাতান্নতত্তত্ত্ববিদঃ প্রজাঃ।
ব্রহ্মপুত্রান্নৃতে ভীতা মেনিরে বিশ্বসংপ্লবম্ ॥১৫॥
তাবাদিদৈত্যৌ সহসা ব্যজ্যমানাত্মপৌরুষৌ।
ববৃধাতেঽশ্মসারেণ কায়েনাদ্রিপতী ইব ॥১৬॥

অন্বয়

পুণ্যতমান্ গ্রহান্ (শুভ গুরু, শুক্র প্রভৃতি গ্রহকে) ভগণান্ চ অপি (ও নক্ষত্রগণকে) অন্যে (অপর মঙ্গলাদিগ্রহ) দীপিতাঃ (প্রদীপ্ত হইয়া) অতিচেরুঃ (অতিক্রম করিতেছিল) বক্রগত্যা চ (ও বক্র গতিতে) [প্রত্যাবর্ত্তন করিয়া] পরস্পরম্ যুযুধুঃ (পরস্পর যুদ্ধ করিতেছিল)॥ ১৪॥

অন্যান্ চ মহোৎপাতান্ (এবং অপরাপর মহোৎপাত সকল) দৃষ্ট্বা (দর্শন করিয়া) ব্রহ্মপুত্রান্ ঋতে (ব্রহ্মার পুত্র সনকাদি মুনিগণ ব্যতীত) অতত্তত্ত্ববিদঃ (সেই দুর্নিমিত্তের কারণ যাহারা জানে না, সেই) প্রজাঃ (প্রজাগণ) ভীতাঃ (ভীত হইয়া) বিশ্বসংপ্লবং (এই জগতের প্রলয়) মেনিরে (মনে করিয়াছিল)॥১৫॥

ব্যজ্যমানাত্মপৌরুষৌ (যাহাদের পূর্ব্বসিদ্ধ সামর্থ্য প্রকাশিত হইয়াছে), তৌ আদিদৈত্যৌ (সেই আদিদৈত্যদ্বয়) সহসা (হঠাৎ) অদ্রিপতী ইব (পর্ব্বতদ্বয়ের ন্যায়) অশ্মসারেণ কায়েন (পাষাণতুল্য শরীর-বিশিষ্ট হইয়া) ববৃধাতে (বৃদ্ধি পাইতে লাগিল)॥ ১৬॥

অনুবাদ

তখন মঙ্গলাদি ক্রূর গ্রহগণ প্রদীপ্ত হইয়া গুরুশুক্রাদি শুভগ্রহ ও নক্ষত্রগণকে অতিক্রম করিয়া গমন করিতেছিল ও বক্রগতিতে প্রত্যাবর্ত্তন করিয়া পরস্পর যুদ্ধ করিতেছিল॥ ১৪॥

কেবলমাত্র ব্রহ্মার পুত্র সনকাদি মুনিগণই এই সকল দুর্নিমিত্তের কারণ অবগত ছিলেন; তাঁহারা ব্যতীত অপর যাহারা এই দুর্নিমিত্তের কারণ অবগত নহে, সেই সকল প্রজা এই মহোৎপাতসকল সন্দর্শন করিয়া ভীত হইয়াছিল এবং বিশ্বের প্রলয়কাল উপস্থিত বলিয়া মনে করিয়াছিল॥ ১৫॥

এদিকে জন্মগ্রহণ করামাত্রই যাহাদের পূর্ব্বসিদ্ধ সামর্থ্য প্রকাশ পাইতেছিল, সেই আদিদৈত্যদ্বয় সহসা পর্ব্বতদ্বয়ের ন্যায় পাষাণতুল্য শরীরবিশিষ্ট হইয়া দিন দিন বৃদ্ধি পাইতে লাগিল॥ ১৬॥

টীকা

রুধিরদোহাঃ অত্রসন্ উদ্বেজিতবন্ত্যঃ॥ ১৩॥ পুণ্যতমান্ সৌম্যান্, অন্যে ক্রূরাঃ অতিচেরুঃ অতিক্রম্য জগ্মুঃ, বক্রগত্যা প্রত্যাবৃত্য যুযুধুশ্চ॥ ১৪॥ ১৫॥ ১৬॥ নিরুদ্ধাঃ ব্যাপ্তাঃ কাষ্ঠা দিশো যাভ্যাং

দিবিস্পৃশৌ হেমকিরীটকোটিভি-র্নিরুদ্ধকাষ্ঠৌ স্ফুরদঙ্গদাভুজৌ।
গাং কম্পয়ন্তৌ চরণৈঃ পদে পদে কট্যা সুকাঞ্চ্যার্কমতীত্য তস্থতুঃ ॥১৭॥
প্রজাপতির্নাম তয়োরকার্ষীৎ যঃ প্রাক্ স্বদেহাদ্যময়োরজায়ত।
তং বৈ হিরণ্যকশিপুং বিদুঃ প্রজা যং তং হিরণ্যাক্ষমসূত সাগ্রতঃ ॥১৮॥

অন্বয়

[সেই দৈত্যদ্বয়] হেমকিরীটকোটিভিঃ (স্বর্ণময় কিরীটের অগ্রভাগদ্বারা) দিবিস্পৃশৌ (আকাশ-স্পর্শী), নিরুদ্ধকাষ্ঠৌ (দিক্ সকল নিরোধকারী) স্ফুরদঙ্গদাভুজৌ (ও অত্যুজ্জ্বল বলয়াদিভূষণে ভূষিত হইয়া) চরণৈঃ (পদের দ্বারা) পদে পদে (প্রতি পদবিক্ষেপে) গাং (পৃথিবীকে) কম্পয়ন্তৌ (কম্পান্বিতা করিয়া) সুকাঞ্চ্যা কট্যা (এবং উজ্জ্বল কাঞ্চীযুক্ত কটিদেশের দ্বারা তেজে) অর্কম্ (সূর্য্যদেবকে) অতীত্য (অতিক্রম করিয়া) তস্থতুঃ (অবস্থান করিতে লাগিল) ॥ ১৭ ॥

প্রজাপতিঃ (কশ্যপ) তয়োঃ যময়োঃ [মধ্যে] (সেই যমজ পুত্রের মধ্যে) যঃ (যে পুত্র) স্বদেহাৎ (নিজ দেহ হইতে) প্রাক্ (প্রথমে) অজায়ত (উৎপন্ন হইয়াছে), তং বৈ (তাহাকে) প্রজাঃ (প্রজাগণ) হিরণ্যকশিপুং (হিরণ্যকশিপু নামে) [যথা] (যাহাতে) বিদুঃ (বলিতে পারে) সা (এবং সেই দিতি) অগ্রতঃ (প্রথমে) যম্ অসূত (যাহাকে প্রসব করিয়াছেন), তং বৈ (তাহাকে) [প্রজাগণ] হিরণ্যাক্ষং (হিরণ্যাক্ষ নামে) [যথা বিদুঃ] (যাহাতে বলিতে পারে), তথা (সেইরূপে) নাম অকার্ষীৎ (তাহাদের নামকরণ করিলেন) ॥ ১৮ ॥

অনুবাদ

সেই দৈত্যদ্বয় স্ব স্ব সুবর্ণময় কিরীটে আকাশস্পর্শী হইল ও দিক্‌সকল নিরোধ করিল অর্থাৎ সমস্ত দিক্ ব্যাপিয়া অবস্থান করিল এবং তাহারা অত্যুজ্জ্বল বলয়াদি ভূষণে সমলঙ্কৃত হইয়া প্রতি পদবিক্ষেপে পৃথিবীকে কাঁপাইতে লাগিল ও অতিশয় উজ্জ্বল কাঞ্চীসমন্বিত কটিদেশের দ্বারা তেজে সূর্য্যমণ্ডলকেও অতিক্রম করিয়া অবস্থান করিতে লাগিল ॥ ১৭ ॥

প্রজাপতি কশ্যপ সেই যমজ পুত্রের মধ্যে যে পুত্রটি গর্ভাধান সময়ে নিজের বীর্য্য হইতে প্রথমে উৎপন্ন হইয়াছে, তাহাকে প্রজাগণ যাহাতে হিরণ্যকশিপু নামে বলিতে পারে এবং দিতি প্রথমে যাহাকে প্রসব করিয়াছেন, তাহাকে প্রজাগণ যাহাতে হিরণ্যাক্ষ নামে বলিতে পারে, সেইরূপে তাহাদের নামকরণ করিলেন ॥১৮॥ *

টীকা

তৌ স্ফুরন্ত্যঙ্গদানি যেষু তে ভুজে যয়োস্তৌ, অঙ্গদেতি দৈর্ঘ্যং ছন্দোঽনুরোধেন ॥ ১৭ ॥ প্রজাপতিঃ

---

* গর্ভাধান সময়ে যে বীর্য্য যোনিতে প্রবিষ্ট হয়, তাহা যদি অগ্রপশ্চাৎভাবে বিভক্ত হইয়া প্রবেশ করে, তবেই যমজ সন্তান হয়; সেই বীর্য্যই সন্তানরূপে মাতৃগর্ভে পরিণত হইয়া প্রসবকালে অগ্রপশ্চাৎভাবে পিতৃক্রমের বিপরীতক্রমে মাতার গর্ভ হইতে ভূমিষ্ঠ হইয়া থাকে অর্থাৎ পিতা যে বীর্য্য পরে আধান করিয়াছেন, তাহা প্রসবকালে প্রথমে জন্মিবে ও যে বীর্য্য প্রথমে আধান করিয়াছেন, তাহা প্রসবকালে পরে জন্মিবে, এই শাস্ত্রীয় সিদ্ধান্তানুসারে দিতির গর্ভ হইতে যে সন্তান প্রথম উৎপন্ন হইয়াছে, তাহার নাম হিরণ্যাক্ষ ও কশ্যপ প্রথম যে বীর্য্য আধান করিয়াছেন, তাহার নাম হিরণ্যকশিপু রাখিলেন।

চক্রে হিরণ্যকশিপুর্দ্দোর্ভ্যাং ব্রহ্মবরেণ চ।
বশে সপালান্ লোকাংস্ত্রীনকুতোমৃত্যুরুদ্ধতঃ ॥১৯॥
হিরণ্যাক্ষোঽনুজস্তস্য প্রিয়ঃ প্রীতিকৃদন্বহম্।
গদাপাণির্দ্দিবং যাতো যুযুৎসুর্মৃগয়ন্ রণম্ ॥২০॥
তং বীক্ষ্য দুঃসহজবং রণৎকাঞ্চননূপুরম্।
বৈজয়ন্ত্যা স্রজা জুষ্টমংসন্যস্তমহাগদম্ ॥২১॥

অন্বয়

ব্রহ্মবরেণ (ব্রহ্মার বরে) অকুতোমৃত্যুঃ (যাহার কাহা হইতেও মৃত্যু নাই) দোর্ভ্যাম্ উদ্ধতঃ চ (ও যে বাহুবলে অতিশয় গর্ব্বিত), [সঃ] হিরণ্যকশিপুঃ (সেই হিরণ্যকশিপু) সপালান্ (লোকপালগণের সহিত) ত্রীন্ লোকান্ (ত্রিলোককে) বশে চক্রে (বশে আনয়ন করিল) ॥ ১৯ ॥

তস্য (সেই হিরণ্যকশিপুর) প্রিয়ঃ অনুজঃ (প্রিয় কনিষ্ঠ ভ্রাতা) হিরণ্যাক্ষঃ (হিরণ্যাক্ষ নামক দৈত্য) অন্বহং (প্রতিদিন) [জ্যেষ্ঠ ভ্রাতার] প্রীতিকৃৎ (সন্তোষ সম্পাদন করতঃ) যুযুৎসুঃ (যুদ্ধ করিবার বাসনায়) গদাপাণিঃ (গদাহস্তে) রণং (যুদ্ধ) মৃগয়ন্ (অন্বেষণ করিতে করিতে) দিবং যাতঃ (স্বর্গে গমন করিল) ॥ ২০ ॥

দুঃসহজবং (দুঃসহ বেগশালী), রণৎকাঞ্চননূপুরম্ (পদে শব্দায়মান কাঞ্চনময় নূপুরধারী), বৈজয়ন্ত্যা স্রজা জুষ্টম্ (গলে বৈজয়ন্তী মালায় শোভিত), অংসন্যস্তমহাগদম্ (স্কন্ধদেশে গদা ধারণকারী), মনোবীর্য্য-বরোৎসিক্তম্ (শৌর্য্য, বীর্য্য ও ব্রহ্মবরে অতিশয় গর্ব্বিত), অসৃণ্যম্ (অপ্রতিহতগতি) অকুতোভয়ম্

অনুবাদ

অনন্তর ব্রহ্মার বরে মৃত্যুভয়রহিত ও বাহুবলে অতিশয় গর্ব্বিত হইয়া সেই হিরণ্যকশিপু লোকপালগণের সহিত এই ত্রিলোককে নিজের বশে আনয়ন করিল ॥ ১৯ ॥

সেই হিরণ্যকশিপুর প্রিয় কনিষ্ঠ ভ্রাতা হিরণ্যাক্ষদৈত্য প্রতিদিন জ্যেষ্ঠভ্রাতার সন্তোষ সম্পাদনকরতঃ যুদ্ধ করিবার বাসনায় গদাহস্তে যুদ্ধের অন্বেষণ করিতে করিতে [একদিন] স্বর্গে গমন করিল ॥ ২০ ॥

সেই হিরণ্যাক্ষ্য দৈত্য দুঃসহবেগশালী ; তাহার গমনসময়ে পদস্থিত কাঞ্চনময় নূপুর ধ্বনিত হইতেছিল, গলে বৈজয়ন্তী মালা শোভা পাইতেছিল, স্কন্ধদেশে গদা বিন্যস্ত ছিল এবং হিরণ্যাক্ষদৈত্য শৌর্য্য, বীর্য্য ও ব্রহ্মার বরে অতিশয় গর্ব্বিত, অপ্রতিহতগতি ও সর্ব্বপ্রকারে ভয়রহিত হইয়াছিল ; এই অবস্থায় তাহাকে দর্শন করিয়া দেবতাগণ অত্যন্ত

টীকা

কশ্যপঃ তয়োর্যময়োর্মধ্যে গর্ভাধানবেলায়াং যো বীর্য্যাদুদ্ভূতঃ স্বদেহাৎ প্রথমমজায়ত তং যথা হিরণ্য-কশিপুং বিদুঃ, সা দিতিঃ প্রবেশক্রমতো নির্গমক্রমস্য বৈপরীত্যাৎ যঃ প্রথমমসৃত, তং হিরণ্যাক্ষং যথা বিদুঃ, তথা নাম অকার্ষীৎ কৃতবান্ ॥ ১৮ ॥ ব্রহ্মবরেণ ন কুতোঽপি মৃত্যুর্যস্য সঃ ॥ ১৯ ॥ ২০ ॥

মনোবীর্য্যবরোৎসিক্তমসৃণ্যমকুতোভয়ম্ ।
ভীতা নিলিল্যিরে দেবাস্তার্ক্ষ্যত্রস্তা ইবাহয়ঃ ॥২২॥
স বৈ তিরোহিতান্ দৃষ্ট্বা মহসা স্বেন দৈত্যরাট্ ।
সেন্দ্রান্ দেবগণান্ ক্ষীবানপশ্যন্ ব্যনদদ্ ভৃশম্ ॥২৩॥
ততো নিবৃত্তঃ ক্রীড়িষ্যন্ গম্ভীরং ভীমনিঃস্বনম্ ।
বিজগাহে মহাসত্ত্বো বার্দ্ধিং মত্ত ইব দ্বিপঃ ॥২৪॥
তস্মিন্ প্রবিষ্টে বরুণস্য সৈনিকা যাদোগণাঃ সন্নধিয়ঃ সসাধ্বসাঃ ।
অহন্যমানা অপি তস্য বর্চ্চসা প্রধর্ষিতা দূরতরং বিদুদ্রুবুঃ ॥২৫॥

অন্বয়

(ও সর্ব্বপ্রকারে ভয়রহিত) তং (সেই হিরণ্যাক্ষ দৈত্যকে) বীক্ষ্য (দর্শন করিয়া) দেবাঃ (দেবতাগণ) ভীতাঃ (ভীত হইয়া) তার্ক্ষ্যত্রস্তাঃ (গরুড় দর্শনে ভীত) অহয়ঃ ইব (সর্পগণের ন্যায়) নিলিল্যিরে (তিরোহিত হইলেন অর্থাৎ পলায়ন করিলেন) ॥ ২১ ॥ ২২ ॥

সঃ বৈ দৈত্যরাট্ (সেই দৈত্যরাজ হিরণ্যাক্ষ) স্বেন মহসা (স্বীয় তেজের দ্বারা) সেন্দ্রান্ (ইন্দ্রের সহিত) দেবগণান্ (দেবগণকে) তিরোহিতান্ (পলায়নপর) দৃষ্ট্বা (দর্শন করিয়া) ক্ষীবান্ (ও তাঁহাদিগকে প্রমত্ত) অপশ্যন্ [সন্] (দেখিয়া অর্থাৎ কাপুরুষ মনে করিয়া) ভৃশং (অতিশয়) ব্যনদৎ (গর্জ্জন করিয়া উঠিল) ॥ ২৩ ॥

ততঃ (অনন্তর) মহাসত্ত্বঃ (সেই মহাপ্রাণ হিরণ্যাক্ষ) নিবৃত্তঃ (স্বর্গ হইতে প্রতিনিবৃত্ত হইয়া) ক্রীড়িষ্যন্ (ক্রীড়া করিবার ইচ্ছায়) দ্বীপঃ ইব (মত্ত হস্তীর ন্যায়) মত্তঃ (উন্মত্ত হইয়া) ভীমনিঃস্বনং (ঘোর গর্জ্জনকারী) গম্ভীরং (গভীর) বার্দ্ধিং (সমুদ্রে) বিজগাহে (অবগাহন করিল) ॥ ২৪ ॥

তস্মিন্ (সেই হিরণ্যাক্ষ) প্রবিষ্টে (সমুদ্রে প্রবেশ করিলে) বরুণস্য (সমুদ্রাধিপতি বরুণদেবের)

অনুবাদ

ভীত হইলেন এবং গরুড়কে দর্শন করিয়া সর্পগণ যেমন ভয়ে পলায়ন করে, সেইরূপ তাঁহারা পলায়ন করিলেন ॥ ২১-২২ ॥

সেই দৈত্যরাজ হিরণ্যাক্ষ দেবরাজ ইন্দ্রের সহিত দেবগণকে পলায়নপর দর্শন করিয়া ও তাঁহাদিগকে কাপুরুষ মনে করিয়া অতিশয় গর্জ্জন করিয়া উঠিল ॥২৩॥

অনন্তর সেই মহাপ্রাণ হিরণ্যাক্ষ স্বর্গ হইতে প্রতিনিবৃত্ত হইয়া ক্রীড়া করিবার ইচ্ছায় মত্ত হস্তীর ন্যায় উন্মত্ত হইয়া গভীর সমুদ্রে অবগাহন করিল ; ঐ সমুদ্র তখন ভয়ঙ্কর গর্জ্জন করিয়া উঠিল ॥ ২৪ ॥

সেই মহাপ্রাণ হিরণ্যাক্ষ দৈত্য সমুদ্রে প্রবেশ করিলে সমুদ্রাধিপতি বরুণদেবের সৈন্য

টীকা

রণন্তৌ কাঞ্চনময়ৌ নূপুরৌ যস্য তম্, অসৃণ্যং নিরঙ্কুশম্ ; নিলিল্যিরে তিরোহিতাঃ বভূবুঃ ॥ ২১ ॥ ২২ ॥ মহসা তেজসা ক্ষীবান্ মত্তান্ অপশ্যন্ সন্ অত্যর্থং ব্যনদৎ ॥ ২৩ ॥ ২৪ ॥ সন্নধিয়ঃ অবসন্নধিয়ঃ,

স বর্ষপূগানুদধৌ মহাবল-শ্চরন্মহোর্ম্মীন্ শ্বসনেরিতান্ মুহুঃ।
মৌর্ব্ব্যাভিজঘ্নে গদয়া বিভাবরী-মাসেদিবাংস্তাত! পুরং প্রচেতসঃ ॥২৬॥
তত্রোপলভ্যাসুরলোকপালকং যাদোগণানামৃষভং প্রচেতসম্।
স্ময়ন্ প্রলব্ধুং প্রণিপত্য নীচবজ্-জগাদ মে দেহ্যধিরাজ! সংযুগম্ ॥২৭॥
ত্বং লোকপালাধিপতির্বৃহচ্ছ্রবা বীর্য্যাপহো দুর্ম্মদবীরমানিনাম্।
বিজিত্য লোকে কিল দৈত্যদানবান্ যদ্রাজসূয়েন পুরাযজৎ প্রভো! ॥২৮॥

অন্বয়

সৈনিকাঃ (সৈন্য) যাদোগণাঃ (জলজন্তু সকল) অহন্যমানাঃ অপি (বিতাড়িত না হইলেও) তস্য (সেই হিরণ্যাক্ষের) বর্চ্চসা (তেজের দ্বারা) প্রধর্ষিতাঃ (অভিভূত) সন্নধিয়ঃ (ও হতবুদ্ধি হইয়া) সসাধ্বসাঃ (সভয়ে) দূরতরং (অতিদূরে) বিদুদ্রুবুঃ (পলায়ন করিল)॥ ২৫ ॥

সঃ মহাবলঃ (সেই মহাপ্রাণ হিরণ্যাক্ষ) উদধৌ (সমুদ্রে) বর্ষপূগান্ (বহু বৎসর) চরন্ (বিচরণ করিতে করিতে) শ্বসনেরিতান্ (স্বীয় নিশ্বাসে চালিত) মহোর্ম্মীন্ (উত্তাল তরঙ্গরাশিকে) মৌর্ব্ব্যা গদয়া (লৌহময়ী গদাদ্বারা) মুহুঃ (পুনঃ পুনঃ) অভিজঘ্নে (আঘাত করিতে লাগিল)। তাত! (হে বিদুর!) [অনন্তর হিরণ্যাক্ষ] প্রচেতসঃ (বরুণের) বিভাবরীং পুরং (বিভাবরী নাম্নী পুরী) আসেদিবান্ (প্রাপ্ত হইল)॥ ২৬ ॥

[হিরণ্যাক্ষ দৈত্য] তত্র (সেই বিভাবরী নাম্নী পুরীতে) অসুরলোকপালকং (পাতালপতি) যাদোগণানাম্ (জলজন্তুগণের) ঋষভং (প্রভু) প্রচেতসং (বরুণদেবকে) উপলভ্য (প্রাপ্ত হইয়া) প্রলব্ধুং (উপহাস করিবার নিমিত্ত) নীচবৎ (হীনজনের ন্যায়) প্রণিপত্য (প্রণিপাত করিয়া) স্ময়ন্ (ও গর্ব্বিত হইয়া) জগাদ (বলিল) অধিরাজ! (হে মহারাজ!) মে (আমাকে) সংযুগং (যুদ্ধ) দেহি (প্রদান করুন)॥ ২৭ ॥

প্রভো! (হে মহারাজ!) ত্বং (আপনি) লোকপালাধিপতিঃ (লোকপালগণের অধীশ্বর), বৃহচ্ছ্রবাঃ

অনুবাদ

জলজন্তু সকল তাহাকর্ত্তৃক বিতাড়িত না হইলেও তেজের দ্বারা অভিভূত ও হতবুদ্ধি হইয়া সভয়ে অতিদূরে পলায়ন করিল ॥২৫ ॥

সেই মহাপ্রাণ হিরণ্যাক্ষদৈত্য সমুদ্রে বহু বৎসর বিচরণ করতঃ স্বীয় নিশ্বাসে চালিত তরঙ্গরাশিকে লৌহময়ী গদাদ্বারা পুনঃ পুনঃ আঘাত করিতে লাগিল। হে বিদুর! অনন্তর সেই হিরণ্যাক্ষ সমুদ্রাধিপতি বরুণদেবের বিভাবরীনাম্নী পুরীতে আসিয়া উপস্থিত হইল ॥ ২৬ ॥

অনন্তর হিরণ্যাক্ষ সেই বিভাবরীনাম্নী পুরীমধ্যে জলজন্তুগণের প্রভু পাতালপতি বরুণদেবের নিকট উপস্থিত হইয়া তাঁহাকে উপহাস করিবার নিমিত্ত হীনজনের ন্যায় প্রণাম করতঃ গর্ব্বান্বিত হইয়া বলিল—হে মহারাজ! আমাকে যুদ্ধ প্রদান করুন ॥ ২৭ ॥

হে মহারাজ! আপনি লোকপালগণের অধীশ্বর, মহাযশস্বী ও শৌর্য্যবীর্য্যমদে প্রমত্ত-

টীকা

বর্চ্চসা তেজসা ॥ ২৫ ॥ আসেদিবান্ প্রাপ্তঃ ॥ ২৬ ॥ অসুরলোকস্য পাতালস্য পালকম্ ॥ ২৭ ॥ ২৮ ॥

স এবমুৎসিক্তমদেন বিদ্বিষা দৃঢ়ং প্রলব্ধো ভগবানপাং পতিঃ।
রোষং সমুত্থং শময়ন্ স্বয়া ধিয়া ন্যবোচদঙ্গোপশমং গতা বয়ম্ ॥২৯॥
পশ্যামি নান্যং পুরুষাৎ পুরাতনাদ্ যঃ সংযুগে ত্বাং রণমার্গকোবিদম্।
আরাধয়িষ্যত্যসুরর্ষভেহিতং মনস্বিনো যং গৃণতে ভবাদৃশাঃ ॥৩০॥

অন্বয়

(মহাযশস্বী) দুর্ম্মদবীরমানিনাং (ও শৌর্য্যবীর্য্যমদে প্রমত্ত বীরগণের) বীর্য্যাপহঃ (গর্ব্বাপহারী) ; যৎ (যেহেতু) [আপনি] লোকে (জগতে) দৈত্যদানবান্ (দৈত্যদানবগণকে) বিজিত্য (জয় করিয়া) পুরা কিল (পূর্ব্বে) রাজসূয়েন অযজৎ (রাজসূয় নামক যজ্ঞ করিয়াছিলেন) ; [অতএব আমাকে যুদ্ধ প্রদান করুন] ॥২৮॥

উৎসিক্তমদেন (মদোন্মত্ত) বিদ্বিষা (শত্রুকর্ত্তৃক) এবং (এইরূপে) দৃঢ়ং প্রলব্ধঃ (অতিশয় উপহসিত হইয়া) সঃ ভগবান্ অপাং পতিঃ (সেই ভগবান্ জলপতি বরুণ) সমুত্থং (সঞ্জাত) রোষং (ক্রোধকে) স্বয়া ধিয়া (স্বীয় বিবেকদ্বারা) শময়ন্ (প্রশমিত করিয়া) ন্যবোচৎ (বলিলেন) অঙ্গ ! (হে অসুররাজ !) বয়ম্ (আমরা) উপশমং গতাঃ (সম্প্রতি যুদ্ধাদি ব্যাপার হইতে বিরত হইয়াছি) ॥ ২৯ ॥

পুরাতনাৎ পুরুষাৎ (সনাতনপুরুষ ভগবান্ ব্যতীত) অন্যং (অপর কাহাকেও) ন পশ্যামি (দেখিতে পাইতেছি না) যঃ (যে ব্যক্তি) সংযুগে (যুদ্ধে) রণমার্গকোবিদং (যুদ্ধবিদ্যায় সুনিপুণ) ত্বাং (আপনাকে) আরাধয়িষ্যতি (সন্তুষ্ট করিবে) ; [অতএব] অসুরর্ষভ ! (হে দৈত্যরাজ !) ভবাদৃশাঃ (আপনার মত) মনস্বিনঃ (বীরগণ) যং (যাঁহাকে) গৃণতে (স্তবস্তুতি করিয়া থাকেন), তং (সেই ভগবৎসমীপে) ইহি (গমন করুন) ॥ ৩০ ॥

অনুবাদ

বীরগণের গর্ব্বাপহারী হইয়া থাকেন ; কারণ আপনি জগতে সমস্ত দৈত্যদানবগণকে পরাজয় করিয়া পূর্ব্বে রাজসূয়নামক যজ্ঞ করিয়াছিলেন ; অতএব যুদ্ধপ্রার্থী আমাকে যুদ্ধ প্রদান করুন ॥ ২৮ ॥

মদোন্মত্ত শত্রু হিরণ্যাক্ষকর্ত্তৃক এইরূপে উপহাসিত হইয়া সেই ভগবান্ জলাধিপতি বরুণ সঞ্জাত ক্রোধকে স্বীয় বিবেকদ্বারাই প্রশমিত করিয়া বলিতে লাগিলেন—হে অসুররাজ ! আমরা সম্প্রতি যুদ্ধাদি ব্যাপার হইতে বিরত হইয়াছি ॥ ২৯ ॥

সনাতনপুরুষ ভগবান্ ব্যতীত এমন অপর কাহাকেও দেখিতে পাইতেছি না যে ব্যক্তি যুদ্ধে যুদ্ধবিদ্যায় সুনিপুণ আপনাকে সন্তুষ্ট করিতে পারে ; একমাত্র ভগবান্‌ই সন্তুষ্ট করিতে পারেন। অতএব হে দৈত্যরাজ ! আপনার মত বীরগণ যাঁহার স্তুতিবাদ করিয়া থাকেন, সেই ভগবানের সমীপে আপনি গমন করুন ॥ ৩০ ॥

টীকা

উপশমং যুদ্ধাদিতঃ উপরমম্ ॥২৯॥ হে অসুরর্ষভ ! যস্ত্বামারাধয়িষ্যতি, তমিহি গচ্ছ, গৃণতে স্তবস্তি ॥৩০॥

তং বীরমারাদভিপদ্য বিস্ময়ঃ শয়িষ্যসে বীরশয়ে শ্বভির্বৃতঃ।
যস্ত্বদ্বিধানামসতাং প্রশান্তয়ে রূপাণি ধত্তে সদনুগ্রহেচ্ছয়া ॥৩১॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং হিরণ্যাক্ষদিগ্বিজয়ে আদিদৈত্যোৎপত্তির্নাম সপ্তদশোঽধ্যায়ঃ ॥ ১৭ ॥

অন্বয়

যঃ (যে শ্রীহরি) সদনুগ্রহেচ্ছয়া (সজ্জনগণের প্রতি অনুগ্রহ করিবার ইচ্ছায়) ত্বদ্বিধানাং (আপনার মত) অসতাং (অসজ্জনগণের) প্রশান্তয়ে (দমনের নিমিত্ত) রূপাণি (অবতারদেহ সকল) ধত্তে (ধারণ করিয়া থাকেন), তং বীরং (সেই মহাপরাক্রমশালী ভগবান্‌কে) অভিপদ্য (প্রাপ্ত হইয়া) [আপনি] বিস্ময়ঃ (গর্ব্বশূন্য) শ্বভিঃ বৃতঃ [সন্] (ও কুকুরগণে পরিবেষ্টিত হইয়া) আরাৎ (অচিরেই) বীরশয়ে (রণশয্যায়) শয়িষ্যসে (শয়ন করিবেন) ॥ ৩১ ॥

অনুবাদ

ভগবান্ শ্রীহরি সজ্জনগণের প্রতি অনুগ্রহ করিবার ইচ্ছায় আপনার মত দুষ্টজনের দমনের নিমিত্ত নানাবিধ অবতার দেহ ধারণ করিয়া থাকেন; সেই মহাপরাক্রমশালী ভগবান্‌কে প্রাপ্ত হইয়া আপনি অচিরেই গর্ব্বশূন্য ও কুকুরগণে পরিবেষ্টিত হইয়া রণশয্যায় শয়ন করিবেন ॥ ৩১ ॥

সপ্তদশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ১৭ ॥

টীকা

বিস্ময়ঃ নষ্টগর্ব্বঃ, বীরশয়ে রণাঙ্গনে আরাৎ শীঘ্রং শয়িষ্যসে ॥৩১॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে তৃতীয়স্কন্ধে শ্রীমচ্ছুকদেবকৃতসিদ্ধান্তপ্রদীপে সপ্তদশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ১৭ ॥

অষ্টাদশোঽধ্যায়ঃ

শ্রীমৈত্রেয় উবাচ

তদৈবমাকর্ণ্য জলেশভাষিতং মহামনাস্তদ্বিগণয্য দুর্ম্মদঃ।
হরের্ব্বিদিত্বা গতিমঙ্গ! নারদা-দ্রসাতলং নির্ব্বিবিশে ত্বরান্বিতঃ॥ ১॥
দদর্শ তত্রাভিজিতং ধরাধরং প্রোন্নীয়মানাবনিমগ্রদংষ্ট্রয়া।
মুষ্ণন্তমক্ষ্ণা স্বরুচোঽরুণশ্রিয়া জহাস চাহো বনগোচরো মৃগঃ॥ ২॥

অন্বয়

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) অঙ্গ! (হে বিদুর!) তদা (তখন) এবং (পূর্ব্বোক্ত প্রকারে) জলেশভাষিতম্ (জলাধিপতি বরুণের বাক্য) আকর্ণ্য (শ্রবণ করিয়া) মহামনাঃ (অতিশয় প্রসন্নচিত্ত) দুর্ম্মদঃ (মদমত্ত হিরণ্যাক্ষদৈত্য) তৎ ("আপনাকে অচিরেই রণাঙ্গনে শয়ন করিতে হইবে" ইত্যাদি তিরস্কার বাক্য) বিগণয্য (গণনা না করিয়া) নারদাৎ (নারদের নিকট হইতে) হরেঃ (শ্রীহরির) গতিং (রসাতলে গমন) বিদিত্বা (অবগত হইয়া) ত্বরান্বিতঃ (সত্বর) রসাতলং নির্ব্বিবিশে (রসাতলে প্রবেশ করিল)।১॥

[হিরণ্যাক্ষ] তত্র (রসাতলে) অগ্রদংষ্ট্রয়া (দন্তাগ্রদ্বারা) প্রোন্নীয়মানাবনিং (পৃথিবীকে ঊর্দ্ধদিকে উত্তোলনকারী) ধরাধরং (ও ধরিত্রীধর) অরুণশ্রিয়া অক্ষ্ণা (এবং রক্তবর্ণ চক্ষুর দ্বারা) স্বরুচঃ (নিজের কান্তি) মুষ্ণন্তম্ (অপহরণকারী) অভিজিতং (সর্ব্ববিজয়ী ভগবান্‌কে) দদর্শ (দর্শন করিল) [এবং] অহো! (আশ্চর্য্য!) [অয়ং] বনগোচরঃ মৃগঃ (ইহা যে জলচর বরাহ) [ইতি] জহাস চ (এই বলিয়া উপহাস করিল)॥ ২॥

অনুবাদ

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর! তখন জলাধিপতি বরুণের "যুদ্ধে ভগবান্ আপনাকে সন্তুষ্ট করিবেন" এই বাক্য শ্রবণ করিয়া অতিশয় হৃষ্টচিত্ত হিরণ্যাক্ষদৈত্য মদমত্ত হইয়া "আপনাকে ভগবান্ অচিরেই রণাঙ্গনে শয়ন করাইবেন" এই বরুণের তিরস্কার বাক্যকে গণনা করিল না এবং নারদের নিকট হইতে ভগবানের রসাতলে গমনবৃত্তান্ত অবগত হইয়া সত্বর রসাতলে প্রবেশ করিল॥ ১॥

হিরণ্যাক্ষদৈত্য রসাতলে গমন করিয়া ধরাধর অর্থাৎ পৃথিবীধারণকারী সর্ব্ববিজয়ী ভগবান্‌কে দেখিতে পাইল; সে দেখিল—এক প্রকাণ্ড বরাহমূর্ত্তি দন্তাগ্রের দ্বারা পৃথিবীকে উত্তোলন করিতেছে এবং তাঁহার আরক্তনেত্রের প্রভায় হিরণ্যাক্ষের নিজের তেজ দূরীভূত হইয়াছে; এই অবস্থায় ভগবান্‌কে দর্শন করিয়া হিরণ্যাক্ষ উপহাস করিয়া বলিল—আশ্চর্য্য! এইটি যে জলচর বরাহ॥ ২॥

টীকা

অষ্টাদশে শ্রীবরাহহিরণ্যাক্ষয়োর্যুদ্ধং বর্ণয়তি। "যঃ সংযুগে ত্বাং রণমার্গকোবিদম্ আরাধয়িষ্যতী"ত্যেবং জলেশভাষিতং শ্রুত্বা মহামনাঃ হৃষ্টচিত্তঃ, "শয়িষ্যতে বীরশয়ে শ্বভির্ব্বৃত" ইতি তদ্ভাষিতং বিগণয্যাগণয়িত্বা যতো দুর্ম্মদঃ, হরেঃ গতিং মার্গম্॥ ১॥ অগ্রদংষ্ট্রয়া দংষ্ট্রাগ্রেণ স্বস্য দৈতস্য রুচঃ কান্তীঃ মুষ্ণন্তং

আহৈনমেহ্যজ্ঞ ! মহীং বিমুঞ্চ নো রসৌকসাং বিশ্বসৃজেয়মর্পিতা।
ন স্বস্তি যাস্যস্যনয়া মমেক্ষতঃ সুরাধমাসাদিতশূকরাকৃতে ! ॥ ৩ ॥
ত্বং নঃ সপত্নৈরভবায় কিং ভৃতো যো মায়য়া হন্ত্যসুরান্ পরোক্ষজিৎ।
ত্বাং যোগমায়াবলমল্পপৌরুষং সংস্থাপ্য মূঢ় ! প্রমৃজে সুহৃচ্ছুচঃ ॥ ৪ ॥

অন্বয়

হিরণ্যাক্ষ [সেই] এনং (বরাহরূপধারী ভগবান্‌কে) আহ (বলিতে লাগিল) অজ্ঞ ! (রে মূর্খ !) এহি (এদিকে অগ্রসর হও) ; মহীং (পৃথিবী) বিমুঞ্চ (পরিত্যাগ কর) ; বিশ্বসৃজা (জগৎস্রষ্টা ব্রহ্মা) রসৌকসাং নঃ (রসাতলবাসী আমাদিগকে) ইয়ম্ অর্পিতা (এই পৃথিবী অর্পণ করিয়াছেন) ; [নতুবা এই পৃথিবী রসাতলে অবতরণ করিবে কেন ?] আসাদিতশূকরাকৃতে ! (হে শূকররূপধারিন্ !) সুরাধম ! (হে দেবাধম !) (তুমি) ঈক্ষতঃ মম (আমার সমক্ষে) অনয়া (এই পৃথিবীর সহিত) স্বস্তি (মঙ্গলমত) ন যাস্যসি (যাইতে পারিবে না) ॥ ৩ ॥

যঃ পরোক্ষজিৎ (যে পরোক্ষরূপে জয়ী অর্থাৎ চৌর্য্যবৃত্তি অবলম্বনে জয়ী বিষ্ণু) মায়য়া (দম্ভহেতু) অসুরান্ (অসুরদিগকে) হন্তি (বিনাশ করিয়া থাকে), [সেই বিষ্ণুই] কিং ত্বং (কি তুমি) নঃ (আমাদের) অভবায় (পরাজয়ের নিমিত্ত) সপত্নৈঃ (শত্রু দেবগণকর্ত্তৃক) ভৃতঃ [অসি] (পরিপুষ্ট হইতেছ ?) মূঢ় ! (রে মূর্খ !) অল্পপৌরুষং (অল্পসামর্থ্যশালী) যোগমায়াবলং (ও কেবলমাত্র যোগমায়া-বলযুক্ত) ত্বাং (তোমাকে) সংস্থাপ্য (বিনাশ করিয়া) সুহৃচ্ছুচঃ (সুহৃৎগণের শোকাশ্রু) প্রমৃজে (মোচন করিব) ॥ ৪ ॥

অনুবাদ

সেই হিরণ্যাক্ষ বরাহরূপী ভগবান্ শ্রীহরিকে বলিতে লাগিল—মূর্খ! যুদ্ধের নিমিত্ত এদিকে অগ্রসর হও; পৃথিবী পরিত্যাগ কর; এই পৃথিবী বিশ্বস্রষ্টা ব্রহ্মা আমাদিগকে প্রদান করিয়াছেন; নতুবা ইহা রসাতলে আসিবে কেন? তুমি দেবাধম; এক্ষণে শূকরমূর্ত্তিধারণ করিয়াছ; অতএব আমার সমক্ষে কখনই এই পৃথিবীকে লইয়া মঙ্গল মত যাইতে পারিবে না ॥ ৩ ॥

যে বিষ্ণু চৌর্য্যবৃত্তি অবলম্বনে জয়ী হইয়া দম্ভবশতঃ অসুরগণকে বিনাশ করিয়া থাকে, সেই বিষ্ণুই কি তুমি আমাদের পরাভবের নিমিত্ত আমাদের শত্রু দেবগণকর্ত্তৃক পরিপুষ্ট হইতেছ? হে মূঢ়! তোমার সামর্থ্য অতি অল্প; কেবলমাত্র যোগমায়াই তোমার বল; আজ আমি তোমাকে বিনাশ করিয়া আমার আত্মীয় অসুরগণের শোকাশ্রু মোচন করিব ॥ ৪ ॥

টীকা

চোরয়ন্তং দদর্শ। অহো! বনগোচরো মৃগঃ জলচরো বরাহ ইতি জহাস চ ॥ ২ ॥ আসাদিতা গৃহীতা শূকরাকৃতির্যেন, হে আসাদিতশূকরাকৃতে! ॥ ৩ ॥ যঃ মায়য়া দম্ভেন হন্তি, স বিষ্ণুঃ কিং ত্বমভবায় অসমৃদ্ধয়ে ভৃতঃ পুষ্টোঽসি ॥ ৪ ॥ ত্বয়ি মূলভূতে "অত্র এহি অজ্ঞ" ইত্যাদি ভাষণম্ আসুরভাবমূলম্।

ত্বয়ি সংস্থিতে গদয়া শীর্ণশীর্ষ-ণ্যস্মদ্ভুজচ্যুতয়া যে চ তুভ্যম্ ।
বলিং হরন্ত্যৃষয়ো যে চ দেবাঃ স্বয়ং সর্ব্বে ন ভবিষ্যন্ত্যমূলাঃ ॥৫॥
স তুদ্যমানোঽরিদুরুক্ততোমরৈ-র্দংষ্ট্রাগ্রগাং গামুপলক্ষ্য ভীতাম্ ।
তোদং মৃষন্নিরগাদম্বুমধ্যাদ্-গ্রাহাহতঃ সকরেণুর্যথেভঃ ॥ ৬ ॥
তং নিঃসরন্তং সলিলাদনুদ্রুতো হিরণ্যকেশো দ্বিরদং যথা ঋষঃ ।
করালদংষ্ট্রোঽশনিনিঃস্বনোঽব্রবীদ্-গতহ্রিয়াং কিং ত্বসতাং বিগর্হিতম্ ॥৭॥

অন্বয়

অস্মদ্ভুজচ্যুতয়া (আমার হস্তচ্যুত) গদয়া (গদাদ্বারা) শীর্ণশীর্ষণি (মস্তক চূর্ণ বিচূর্ণ হইয়া) ত্বয়ি সংস্থিতে (তুমি মৃত্যুমুখে পতিত হইলে) যে চ (যে সকল ভক্ত), যে চ ঋষয়ঃ (যে সকল ঋষি) দেবাঃ (ও যে সকল দেবতা) তুভ্যং (তোমাকে) বলিং (পূজা) হরন্তি (করিয়া থাকে), [তে] সর্ব্বে (তাহারা সকলে) স্বয়ম্ (আপনা হইতেই) অমূলাঃ (অনাশ্রয়) ন ভবিষ্যন্তি [কিম্ ?] (হইবে না কি ?) [অর্থাৎ নিরাশ্রয় হইয়া বিনষ্ট হইবে না কি ?] ॥ ৫ ॥

সঃ (ভগবান্ শ্রীহরি) অরিদুরুক্ততোমরৈঃ (শত্রুর কটুবাক্যরূপ অস্ত্রে) তুদ্যমানঃ (আহত হইয়া) দংষ্ট্রাগ্রগাং (ও দন্তাগ্রে অবস্থিতা) গাং (পৃথিবীকে) ভীতাম্ উপলক্ষ্য (ভীতা দেখিয়া) গ্রাহাহতঃ (জলজন্তু-কর্ত্তৃক আক্রান্ত) ইভঃ (হস্তী) যথা (যেমন) [সমস্ত আঘাত সহ্য করিয়া] সকরেণুঃ (হস্তিনীর সহিত) [জল হইতে উত্থিত হয়], [সেইরূপ] তোদং (অসুরের কটূক্তি) মৃষন্ (সহ্য করিয়া) অম্বুমধ্যাৎ (সলিল হইতে) নিরগাৎ (উত্থিত হইলেন) ॥ ৬ ॥

ঋষঃ (মকর) যথা (যেমন) দ্বিরদং (হস্তীর অনুসরণ করে), [সেইরূপ] সলিলাৎ (জল হইতে) নিঃসরন্তং (উত্থিত) তং (সেই বরাহরূপধারী ভগবানের) অনুদ্রুতঃ (পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইয়া) করালদংষ্ট্রঃ (বিকটদশন), অশনিনিঃস্বনঃ (বজ্রের ন্যায় নিনাদকারী) হিরণ্যকেশঃ (ও সুবর্ণের মত

অনুবাদ

হে শূকরমূর্ত্তিধারিন্ বিষ্ণো ! আমার হস্তনিক্ষিপ্ত গদাঘাতে মস্তক চূর্ণ বিচূর্ণ হইয়া তুমি মৃত্যুমুখে পতিত হইলে যে সকল ভক্তগণ, ঋষিগণ ও দেবগণ তোমাকে পূজা করিয়া থাকে, তাহারা সকলে আপনা হইতেই আশ্রয়রহিত হইবে না কি ? অর্থাৎ নিরাশ্রয় হইয়া আপনা হইতে সকলেই বিনষ্ট হইবে না কি ? ॥ ৫ ॥

অনন্তর শ্রীহরি শত্রু হিরণ্যাক্ষের কটুবাক্যরূপ অস্ত্রে মর্ম্মাহত হইয়া ও দন্তাগ্রে অবস্থিতা পৃথিবীকে ভীতা দেখিয়া জলজন্তুকর্ত্তৃক আক্রান্ত হস্তী যেমন তাহাদের সমস্ত আঘাত সহ্য করিয়া হস্তিনীর সহিত জল হইতে উত্থিত হয়, সেইরূপ তিনিও অসুরের কটূক্তি সহ্য করিয়া পৃথিবীকে লইয়া জল হইতে উত্থিত হইলেন ॥ ৬ ॥

মকর যেমন জল হইতে উত্থিত হস্তীর পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হয়, সেইরূপ

টীকা

"বিষ্ণুঃ সর্ব্বমূলমি"ত্যাদি জ্ঞানন্তু "মা বোঽনুতাপকলয়া ভগবৎস্মৃতিঘ্নঃ শাপো ভবেদি"তি প্রার্থনয়েতি দিক্

স গামুদস্তাৎ সলিলস্য গোচরে বিন্যস্য তস্যামদধাৎ স্বসত্ত্বম্।
অভিষ্টুতো বিশ্বসৃজা প্রসূনৈ-রাপূর্য্যমাণো বিবুধৈঃ পশ্যতোঽরেঃ ॥৮॥
পরানুষক্তং তপনীয়োপকল্পং মহাগদং কাঞ্চনচিত্রদংশম্।
মর্ম্মাণ্যভীক্ষ্ণং প্রতুদন্তং দুরুক্তৈঃ প্রচণ্ডমন্যুঃ প্রহসংস্তং বভাষে ॥ ৯ ॥

অন্বয়

কপিশবর্ণ কেশবিশিষ্ট হিরণ্যাক্ষদৈত্য) অব্রবীৎ (বলিল) গতহ্রিয়াং (নির্লজ্জ) অসতাং তু (অসৎলোকের) কিং বিগর্হিতম্ ? (কিই বা নিন্দনীয় আছে ?) [অর্থাৎ নিন্দাভয়ের অভাবে অসজ্জনের নিন্দনীয় কিছুই নাই ; অতএব অসজ্জনের পলায়ন যুক্তিযুক্তই হইয়াছে) ॥ ৭ ॥

অরেঃ পশ্যতঃ (শত্রু হিরণ্যাক্ষের সমক্ষেই) বিশ্বসৃজা (ব্রহ্মাকর্ত্তৃক) অভিষ্টুতঃ (সংস্তুত) বিবুধৈঃ (ও দেবগণকর্ত্তৃক) প্রসূনৈঃ (পুষ্পবৃষ্টিদ্বারা) আপূর্য্যমাণঃ (পরিব্যাপ্ত হইয়া) সঃ (বরাহরূপী শ্রীহরি) সলিলস্য উদস্তাৎ (জলোপরি) গোচরে (ব্যবহারযোগ্য স্থানে) গাং (পৃথিবীকে) বিন্যস্য (সংস্থাপন করিয়া) তস্যাং (পৃথিবীতে) স্বসত্ত্বম্ (আধারশক্তি) অদধাৎ (নিহিত করিলেন) ॥ ৮ ॥

প্রচণ্ডমন্যুঃ (অতিশয় ক্রুদ্ধ ভগবান্) প্রহসন্ (উচ্চহাস্য করিয়া) দুরুক্তৈঃ (কটুবাক্যের দ্বারা) মর্ম্মাণি (মর্ম্মস্থানে) অভীক্ষ্ণং (অতিশয়) প্রতুদন্তং (আঘাত প্রদান করিতে করিতে) পরানুষক্তং (পশ্চাৎ পশ্চাৎ আগমনকারী), তপনীয়োপকল্পং (স্বর্ণময় আভরণধারী), মহাগদং (মহাগদাধারী) কাঞ্চনচিত্রদংশম্ (ও কাঞ্চনময় বিচিত্র কবচধারী) তং (সেই হিরণ্যাক্ষদৈত্যকে) বভাষে (বলিতে লাগিলেন) ॥ ৯ ॥

অনুবাদ

সুবর্ণের মত পিঙ্গলবর্ণ কেশবিশিষ্ট হিরণ্যাক্ষদৈত্যও জল হইতে উত্থিত বরাহরূপী শ্রীহরির পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইল এবং সেই বিকটদশন হিরণ্যাক্ষ বজ্রধ্বনি করিতে করিতে ভগবান্‌কে বলিল—অসজ্জনগণের কিই বা নিন্দনীয় আছে ? অর্থাৎ নিন্দাভয়ের অভাবে অসজ্জনগণের নিন্দনীয় কর্ম্ম কিছুই নাই ; অতএব ইহার পক্ষে পলায়ন যুক্তিযুক্তই হইয়াছে ॥ ৭ ॥

সেই শত্রু হিরণ্যাক্ষের সমক্ষেই বরাহরূপী ভগবান্ শ্রীহরি ব্রহ্মাকর্ত্তৃক সংস্তুত ও দেবগণকর্ত্তৃক পুষ্পবৃষ্টিদ্বারা পরিব্যাপ্ত হইয়া সলিলোপরি ব্যবহারযোগ্য স্থানে পৃথিবীকে সংস্থাপন করতঃ তাহাতে আধারশক্তি নিহিত করিলেন ॥ ৮ ॥

এদিকে হিরণ্যাক্ষদৈত্য কটুবাক্যের দ্বারা পুনঃ পুনঃ মর্ম্মস্থানে আঘাত করিতে করিতে ভগবানের পশ্চাৎ পশ্চাৎ আসিতেছিল ; সে স্বর্ণময় আভরণে ভূষিত ও কাঞ্চনময় বিচিত্র-বর্ম্মে আচ্ছাদিত হইয়াছিল এবং মহাগদা ধারণ করিয়াছিল ; তখন বরাহরূপী ভগবান্ অতিশয় ক্রুদ্ধ হইয়া উচ্চহাস্য করতঃ তাহাকে বলিতে লাগিলেন ॥ ৯ ॥

টীকা

॥ ৫ ॥ গাং ভূমিম্ ॥ ৬ ॥ ৭ ॥ সলিলস্যোদস্তাদুপরি গোচরে ব্যবহারার্হে দেশে স্বসত্ত্বমাধারশক্তিম্ ॥ ৮ ॥ পরা পৃষ্ঠে অনুষক্তমনুলগ্নং তপনীয়ানি স্বর্ণময়ানি উপকল্পানি আভরণানি যস্য তম্, কাঞ্চনময়ঃ চিত্রো

শ্রীভগবানুবাচ

সত্যং বয়ং ভো বনগোচরা মৃগা যুষ্মদ্‌বিধান্ মৃগয়ে গ্রামসিংহান্।
ন মৃত্যুপাশৈঃ প্রতিমুক্তস্য বীরা বিকত্থনং তব গৃহ্ণন্ত্যভদ্র ! ॥ ১০ ॥
এতে বয়ং ন্যাসহরা রসৌকসাং গতহ্রিয়ো গদয়া দ্রাবিতাস্তে।
তিষ্ঠামহেঽথাপি কথঞ্চিদাজৌ স্থেয়ং ক্ব যামো বলিনোৎপাদ্য বৈরম্ ॥ ১১ ॥
ত্বং পদ্রথানাং কিল যূথপাধিপো ঘটস্ব নোঽস্বস্তয় আশ্বনূহঃ।
সংস্থাপ্য চাস্মান্ প্রমৃজাশ্রু স্বকানাং যঃ স্বাং প্রতিজ্ঞাং নাতিপিপর্ত্ত্যসভ্যঃ ॥১২॥

অন্বয়

শ্রীভগবান্ উবাচ (বরাহরূপী ভগবান্ বলিলেন) ভো অভদ্র ! (রে অমঙ্গল !) সত্যং (যথার্থই) বয়ং (আমরা) বনগোচরাঃ মৃগাঃ (জলচর বরাহ) ; [কিন্তু] যুষ্মদ্‌বিধান্ (তোমাদের মত) গ্রামসিংহান্ (কুকুরগণকে) মৃগয়ে (অন্বেষণ করিয়া থাকি)। মৃত্যুপাশৈঃ (মৃত্যুপাশে) প্রতিমুক্তস্য (বদ্ধ) তব (তোমার) বিকত্থনং (আত্মশ্লাঘা) বীরাঃ (বীরগণ) ন গৃহ্ণন্তি (গ্রহণ করেন না) ॥১০॥

রসৌকসাং (রসাতলবাসিগণের) ন্যাসহরাঃ (সঞ্চিত বস্তু হরণকারী) এতে বয়ম্ (এই আমরা) তে (তোমার) গদয়া (গদার ভয়ে) দ্রাবিতাঃ (পলায়নপর হইয়াছি) ; অথাপি গতহ্রিয়ঃ (তথাপি নির্লজ্জ-ভাবে) স্থেয়ম্ (থাকিতে হইবে) [এই জন্য] কথঞ্চিৎ (কোনও প্রকারে) আজৌ (সংগ্রামে) তিষ্ঠামহে (অবস্থান করিব) ; [কারণ] বলিনা (বলবানের সহিত) বৈরম্ উৎপাদ্য (শত্রুতা করিয়া) ক্ব (কোথায়) যামঃ (যাইব) ॥১১॥

ত্বং (তুমি) পদ্রথানাং (পদাতিগণের) যূথপাধিপঃ কিল (দলপতির অধিপতি) ; [অতএব] অনূহঃ (নিঃশঙ্ক হইয়া) নঃ (আমাকে) অস্বস্তয়ে (পরাভূত করিবার জন্য) আশু ঘটস্ব (শীঘ্র প্রযত্ন কর) ; অস্মান্ (আমাকে) সংস্থাপ্য (বিনাশ করিয়া) স্বকানাং (তোমার আত্মীয়গণের) অশ্রু (শোকাশ্রু) প্রমৃজ চ (মার্জ্জনা কর)। যঃ (যে পুরুস) স্বাং প্রতিজ্ঞাং (স্বীয় প্রতিজ্ঞা) ন অতিপিপর্ত্তি (পালন করে না), [সঃ] অসভ্যঃ (সে সভ্যসমাজভুক্ত নহে) ॥ ১২ ॥

অনুবাদ

ভগবান্ বলিলেন—রে অসুর ! সত্যই আমরা জলচর বরাহ ; কিন্তু আমরা তোমার মত কুকুরগণের অন্বেষণ করিয়া থাকি। মৃত্যুপাশে তুমি আবদ্ধ ; তোমার এই আত্মশ্লাঘা বীরগণ কখনই গ্রহণ করেন না ॥ ১০ ॥

রসাতলবাসিগণের সঞ্চিত বস্তু অপহরণ করিয়া আমি তোমার গদার ভয়ে পলায়নপর হইয়াছি বটে ; কিন্তু যখন যুদ্ধক্ষেত্রে থাকিতেই হইবে, তখন কোনও প্রকারে এই যুদ্ধক্ষেত্রে অবস্থান করিব ; কারণ বলবানের সহিত শত্রুতা করিয়া আর কোথায় যাইব ? ॥ ১১ ॥

হে অসুর ! তুমি পদাতিদলের অধিপতি ; অতএব নিঃসন্দিগ্ধচিত্তে আমাকে পরাজয়

টীকা

দংশঃ কবচং যস্য তম্, প্রচণ্ডমন্যুঃ যুদ্ধক্রীড়ানুরূপঃ ॥ ৯ ॥ প্রতিমুক্তস্য বদ্ধস্য ॥ ১০ ॥ ন্যাসো নিক্ষেপ-

শ্রীমৈত্রেয় উবাচ

সোঽধিক্ষিপ্তো ভগবতা প্রলব্ধশ্চ রুষা ভৃশম্।
আজহারোল্বণং ক্রোধং ক্রীড্যমানোঽহিরাড়িব ॥ ১৩ ॥
সৃজন্নমর্ষিতঃ শ্বাসান্ মন্যুপ্রচলিতেন্দ্রিয়ঃ।
আসাদ্য তরসা দৈত্যো গদয়াভ্যহনদ্ধরিম্ ॥ ১৪ ॥
ভগবাংস্তু গদাবেগং বিসৃষ্টং রিপুণোরসি।
অবঞ্চয়ত্তিরশ্চীনো যোগারূঢ় ইবান্তকম্ ॥ ১৫ ॥

অন্বয়

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয় ঋষি বলিলেন) সঃ (হিরণ্যাক্ষদৈত্য) ভগবতা (বরাহমূর্ত্তি শ্রীহরি-কর্ত্তৃক) রুষা (ক্রোধে) অধিক্ষিপ্তঃ (তিরস্কৃত) ভৃশং (ও অতিশয়) প্রলব্ধঃ চ (উপহসিত হইয়া) ক্রীড্যমানঃ (ক্রীড়াকারী) অহিরাট্ ইব (মহাসর্পের ন্যায়) উল্বণং (অতিতীব্র) ক্রোধং (ক্রোধে) আজহার (উদ্দীপ্ত হইয়া উঠিল) ॥ ১৩ ॥

মন্যুপ্রচলিতেন্দ্রিয়ঃ (যাহার ক্রোধবশে ইন্দ্রিয় সকল ক্ষোভিত হইয়াছে, সেই) অমর্ষিতঃ দৈত্যঃ (ক্রুদ্ধ হিরণ্যাক্ষদৈত্য) শ্বাসান্ সৃজন্ (দীর্ঘশ্বাস পরিত্যাগ করিতে করিতে) হরিম্ আসাদ্য (বরাহরূপী শ্রীহরির সমীপে গমন করিয়া) তরসা (অতিবেগে) গদয়া অভ্যহনৎ (গদাদ্বারা আঘাত করিল) ॥ ১৪ ॥

তু (কিন্তু) ভগবান্ (শ্রীহরি) তিরশ্চীনঃ [সন্] (বক্রভাবে অবস্থান করিয়া) রিপুণা (শত্রুকর্ত্তৃক) উরসি বিসৃষ্টং (বক্ষঃস্থল লক্ষ্য করিয়া নিক্ষিপ্ত) গদাবেগং (গদাঘাতকে) যোগারূঢ়ঃ অন্তকম্ ইব (যোগা-রূঢ় ব্যক্তি যেমন মৃত্যুর আক্রমণকে নিষ্ফল করিয়া দেয়), [সেইরূপ] অবঞ্চয়ৎ (বঞ্চনা করিলেন অর্থাৎ নিষ্ফল করিয়া দিলেন) ॥১৫॥

অনুবাদ

করিবার নিমিত্ত শীঘ্র প্রযত্ন কর; আমাকে বিনাশ করিয়া তোমার আত্মীয়গণের শোকাশ্রু মার্জ্জনা কর। যে পুরুষ স্বীয় প্রতিজ্ঞা পালন করে না, সে সভ্যসমাজভুক্ত নহে ॥ ১২ ॥

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর! হিরণ্যাক্ষদৈত্য ক্রুদ্ধ বরাহমূর্ত্তি শ্রীহরিকর্ত্তৃক তিরস্কৃত ও উপহসিত হইয়া ক্রীড়াকারী মহাসর্প যেমন পরস্পর আহত হইয়া ক্রোধে উদ্দীপ্ত হইয়া উঠে, সেইরূপ ক্রোধে উদ্দীপ্ত হইয়া উঠিল ॥ ১৩ ॥

হিরণ্যাক্ষদৈত্যের ক্রোধে ইন্দ্রিয় সকল ক্ষুব্ধ হইল; ক্রুদ্ধ হিরণ্যাক্ষদৈত্য তখন দীর্ঘশ্বাস পরিত্যাগ করিতে করিতে শ্রীহরির সমীপে গমন করিয়া মহাবেগে শ্রীহরিকে গদাঘাত করিল ॥ ১৪ ॥

যোগারূঢ় ব্যক্তি যেমন মৃত্যুর আক্রমণ নিষ্ফল করিয়া দেয়, সেইরূপ ভগবান্ তখন বক্রভাবে অবস্থান করিয়া শত্রুকর্ত্তৃক বক্ষঃস্থল লক্ষ্য করিয়া নিক্ষিপ্ত গদার আঘাত নিষ্ফল করিয়া দিলেন অর্থাৎ হিরণ্যাক্ষ ভগবানের বক্ষঃস্থল লক্ষ্য করিয়া গদাঘাত করিলে ভগবান্ বক্রভাবে অবস্থান করিয়া তাহা বিফল করিয়া দিলেন ॥ ১৫ ॥

পুনর্গদাং স্বামাদায় ভ্রাময়ন্তমভীক্ষ্ণশঃ।
অভ্যধাবদ্ধরিঃ ক্রুদ্ধঃ সংরম্ভাদ্দষ্টদচ্ছদম্ ॥ ১৬ ॥
ততশ্চ গদয়ারাতিং দক্ষিণস্যাং ভ্রুবি প্রভুঃ।
আজঘ্নে স তু তাং সৌম্য! গদয়া কোবিদোঽহনৎ ॥১৭॥
এবং গদাভ্যাং গুর্ব্বীভ্যাং হর্য্যক্ষো হরিরেব চ।
জিগীষয়া সুসংরব্ধাবন্যোন্যমভিজঘ্নতুঃ ॥১৮ ॥
তয়োঃ স্পৃধোস্তিগ্মগদাহতাঙ্গয়োঃ ক্ষতাস্রবস্ত্রাণবিবৃদ্ধমন্যোঃ।
বিচিত্রমার্গাংশ্চরতোর্জিগীষয়া ব্যভাদিলায়ামিব শুষ্মিণোর্মৃধঃ ॥ ১৯ ॥

অন্বয়

পুনঃ (পুনরায়) স্বাং গদাম্ (স্বীয় গদা) আদায় (গ্রহণ করিয়া) অভীক্ষ্ণশঃ (মুহুর্ম্মুহু) ভ্রাময়ন্তং (পরিচালনাকারী) সংরম্ভাৎ (ও ক্রোধভরে) দষ্টদচ্ছদম্ (অধরোষ্ঠ দংশনকারী) [হিরণ্যাক্ষদৈত্যের প্রতি] হরিঃ (বরাহরূপী শ্রীহরি) ক্রুদ্ধঃ (ক্রুদ্ধ হইয়া) অভ্যধাবৎ (ধাবিত হইলেন) ॥ ১৬ ॥

সৌম্য! (হে বিদুর!) ততঃ চ (অনন্তর) প্রভুঃ (ভগবান্ শ্রীহরি) গদয়া (গদাদ্বারা) দক্ষিণস্যাং ভ্রুবি (দক্ষিণ ভ্রূস্থানে) অরাতিং (শত্রুকে) আজঘ্নে (আঘাত করিলেন); তু (কিন্তু) কোবিদঃ সঃ (গদাযুদ্ধনিপুণ সেই হিরণ্যাক্ষ) গদয়া (নিজের গদাদ্বারা) তাং (সেই ভগবানের গদাকে) অহনৎ (নিবারণ করিল) ॥ ১৭ ॥

এবং (এইরূপে) হর্য্যক্ষঃ (হিরণ্যাক্ষদৈত্য) হরিঃ এব চ (ও বরাহরূপী শ্রীহরি) সুসংরব্ধৌ (যুদ্ধ করতঃ) জিগীষয়া (জয় ইচ্ছায়) গুর্ব্বীভ্যাং গদাভ্যাং (মহাগদাদ্বারা) অন্যোন্যং (পরস্পর) অভিজঘ্নতুঃ (আঘাত করিতে লাগিলেন) ॥ ১৮ ॥

ইলায়াং (গাভীর নিমিত্ত) শুষ্মিণোঃ (মত্ত বৃষভদ্বয়ের) [মৃধঃ] ইব (যুদ্ধের ন্যায়) স্পৃধোঃ

অনুবাদ

পুনরায় সেই দৈত্য স্বীয় গদা গ্রহণ করিয়া উহা মুহুর্মুহু ঘুরাইতে লাগিল এবং ক্রোধভরে অধরোষ্ঠ দংশন করিতে লাগিল। তখন শ্রীহরি ক্রুদ্ধ হইয়া তাহার প্রতি ধাবিত হইলেন ॥ ১৬ ॥

হে বিদুর! অনন্তর ভগবান্ শ্রীহরি গদাদ্বারা দক্ষিণ ভ্রূস্থান লক্ষ্য করিয়া শত্রুকে আঘাত করিলেন; কিন্তু গদাযুদ্ধনিপুণ সেই হিরণ্যাক্ষদৈত্য নিজের গদাদ্বারা ভগবন্নিক্ষিপ্ত গদা নিবারণ করিল ॥ ১৭ ॥

এইরূপে হিরণ্যাক্ষদৈত্য ও বরাহরূপী ভগবান্ শ্রীহরি যুদ্ধকরতঃ জয়েচ্ছায় মহাগদাদ্বারা পরস্পরকে আঘাত করিতে লাগিলেন ॥ ১৮ ॥

গাভীর নিমিত্ত মত্ত বৃষভদ্বয়ের যুদ্ধ যেমন শোভা পাইয়া থাকে, সেইরূপ পৃথিবীর

টীকা

স্তদ্ধরাঃ ॥ ১১ ॥ পদ্রথানাং পদাতীনাম্ ॥ ১২—১৬ ॥ হে সৌম্য! ॥ ১৭ ॥ হর্য্যক্ষঃ হিরণ্যাক্ষঃ ॥ ১৮ ॥ স্পৃধোঃ স্পর্দ্ধমানয়োঃ, ক্ষতাৎ আস্রবতীতি তদ্রুধিরং, তস্য ঘ্রাণেনাবঘ্রাণেন বিবৃদ্ধমন্যোঃ

দৈত্যস্য যজ্ঞাবয়বস্য মায়য়া গৃহীতবারাহতনোর্ম্মহাত্মনঃ।
কৌরব্য! মহ্যাং দ্বিষতোর্ব্বিমর্দ্দনং দিদৃক্ষুরাগাদৃষিভির্বৃতঃ স্বরাট্ ॥২০॥
আসন্নশৌণ্ডীরমপেতসাধ্বসং কৃতপ্রতীকারমহার্য্যবিক্রমম্।
বিলক্ষ্য দৈত্যং ভগবান্ সহস্রণী-র্জ্জগাদ নারায়ণমাদিশূকরম্ ॥ ২১ ॥

অন্বয়

(স্পর্দ্ধাকারী), তিগ্মগদাহতাঙ্গয়োঃ (তীব্র গদাঘাতে আহতাঙ্গ), ক্ষতাস্রঘ্রাণবিবৃদ্ধমন্যোঃ (ক্ষতবিগলিত রুধিরের গন্ধে অতিশয় ক্রোধসম্পন্ন) জিগীষয়া (ও জয়েচ্ছায়) বিচিত্রমার্গান্ চরতোঃ (বিচিত্রগতিতে বিচরণকারী) তয়োঃ (বরাহরূপী শ্রীহরি ও হিরণ্যাক্ষের) মৃধঃ (যুদ্ধ) ব্যভাৎ (শোভা পাইতে লাগিল)॥ ১৯॥

কৌরব্য! (হে কুরুবংশধর বিদুর!) মায়য়া (স্বীয় সঙ্কল্পদ্বারা) গৃহীতবারাহতনোঃ (বরাহ-শরীরধারী) যজ্ঞাবয়বস্য (যজ্ঞমূর্ত্তি) মহাত্মনঃ (পরমাত্মা শ্রীহরি) দৈত্যস্য [চ] (ও হিরণ্যাক্ষদৈত্য) মহ্যাং (পৃথিবীর নিমিত্ত) দ্বিষতোঃ (পরস্পর যুদ্ধে প্রবৃত্ত হইয়াছেন, তাঁহাদের) বিমর্দ্দনং (যুদ্ধ) দিদৃক্ষুঃ (দর্শন করিবার নিমিত্ত) স্বরাট্ (ব্রহ্মা) ঋষিভিঃ (ঋষিগণে) বৃতঃ (পরিবৃত হইয়া) আগাৎ (আগমন করিলেন)॥ ২০॥

সহস্রণীঃ (সহস্র ঋষিগণের নেতা) ভগবান্ (ব্রহ্মা) দৈত্যং (হিরণ্যাক্ষদৈত্যকে) আসন্নশৌণ্ডীরম্ (শৌর্য্যশালী), অপেতসাধ্বসম্ (আলস্যরহিত অর্থাৎ উদ্যমশীল), কৃতপ্রতীকারম্ (ভগবন্নিক্ষিপ্ত গদার প্রতিকারে যত্নবান্) অহার্য্যবিক্রমম্ (ও অজেয় পরাক্রমশালী) বিলক্ষ্য (দেখিয়া) আদিশূকরং (আদিশূকর) নারায়ণং (শ্রীহরিকে) জগাদ (বলিলেন)॥ ২১॥

অনুবাদ

নিমিত্ত পরস্পর স্পর্দ্ধাকারী বরাহরূপী শ্রীহরি ও হিরণ্যাক্ষদৈত্যের যুদ্ধ শোভা পাইতে লাগিল। তাঁহাদের পরস্পর তীব্র গদাঘাতে অঙ্গ সকল আহত হইল ও ক্ষতস্থান হইতে ক্ষরিত রুধিরের গন্ধে ক্রোধ বৃদ্ধি পাইতে লাগিল এবং তাঁহারা পরস্পর জয়েচ্ছায় বিচিত্র গতিতে বিচরণ করিতে লাগিলেন॥ ১৯॥

হে বিদুর! যিনি স্বীয় সঙ্কল্পদ্বারা যজ্ঞময় বরাহশরীর ধারণ করিয়াছেন, সেই পরমাত্মা শ্রীহরি ও হিরণ্যাক্ষদৈত্য পৃথিবীর নিমিত্ত যুদ্ধ করিতে প্রবৃত্ত হইয়াছেন; তাঁহাদের যুদ্ধ দর্শন করিবার ইচ্ছায় ব্রহ্মা তখন ঋষিগণে পরিবেষ্টিত হইয়া তথায় আগমন করিলেন॥ ২০॥

সহস্র ঋষিগণের নেতা ভগবান্ ব্রহ্মা দৈত্য হিরণ্যাক্ষকে শৌর্য্যশালী, আলস্যরহিত ও ভগবন্নিক্ষিপ্ত গদার প্রতিকারে যত্নশীল এবং মহাপরাক্রমশালী দর্শন করিয়া আদিবরাহ শ্রীহরিকে বলিতে লাগিলেন॥ ২১॥

টীকা

ইলায়াং গবি নিমিত্তভূতায়াং শুম্ভিণোর্ম্মত্তয়োঃ বৃষয়োরিব মৃধঃ সংগ্রামঃ ব্যভাৎ বভৌ॥১৯॥ মায়য়া বয়ুনেন সঙ্কল্পেনেত্যর্থঃ, মহ্যাং নিমিত্তভূতায়াং দ্বিষতোঃ॥ ২০॥ ঋষিসহস্রং নয়তীতি স তথা শ্রীব্রহ্মা

শ্রীব্রহ্মোবাচ

এষ তে দেব! দেবানামঙ্ঘ্রিমূলমুপেয়ুষাম্।
বিপ্রাণাং সৌরভেয়ীণাং ভূতানামপ্যনাগসাম্॥ ২২॥
আগস্কৃদ্ভয়কৃদ্দুষ্কৃদস্মদ্রাদ্ধবরোঽসুরঃ।
অন্বেষন্নপ্রতিরথো লোকানটতি কণ্টকঃ॥ ২৩॥
মৈনং মায়াবিনং দৃপ্তং নিরঙ্কুশমসত্তমম্।
আক্রীড় বালবদ্দেব! যথাশীবিষমুত্থিতম্॥ ২৪॥

অন্বয়

শ্রীব্রহ্মা উবাচ (ব্রহ্মা বলিলেন) দেব! (হে প্রভো!) তে (আপনার) অঙ্ঘ্রিমূলম্ উপেয়ুষাম্ (পাদপদ্মে আশ্রিত) দেবানাং (দেবতাগণের), বিপ্রাণাং (ব্রাহ্মণগণের), সৌরভেয়ীণাং (গোগণের) অনাগসাং (ও নিরপরাধী) ভূতানাম্ অপি (প্রাণিগণের) এষঃ (এই হিরণ্যাক্ষদৈত্য) আগস্কৃৎ (বৃথাই অপরাধ আরোপ করে), [অপরাধ পরিহারের চেষ্টা করিলে] ভয়কৃৎ (ভয় উৎপাদন করে) [ও ভীত হইলে] দুষ্কৃৎ (অর্থ ও প্রাণাদি অপহরণ করে); অসুরঃ (এই দৈত্য) অস্মদ্রাদ্ধবরঃ (আমার নিকট বর প্রাপ্ত হইয়া) অপ্রতিরথঃ (প্রতিপক্ষশূন্য হইয়াছে অর্থাৎ অদ্বিতীয় বীর হইয়াছে); [এক্ষণে] কণ্টকঃ (উৎপীড়ক হইয়া) [প্রতিপক্ষের] অন্বেষন্ (অন্বেষণ করতঃ) লোকান্ অটতি (ত্রিভুবন পর্য্যটন করিতেছে)॥ ২২॥ ২৩॥

দেব! (হে প্রভো!) উত্থিতম্ (ক্রুদ্ধ) আশীবিষং যথা (সর্পকে যেমন) [বালক খেলা করায়], [সেইরূপ] বালবৎ (বালকের ন্যায়) [আপনি] দৃপ্তম্ (গর্ব্বিত), নিরঙ্কুশম্ (দুর্দ্দমনীয়) অসত্তমম্ (ও দুরাত্মা) এনং মায়াবিনং (এই মায়াবী দৈত্যকে) মা আক্রীড় (ক্রীড়া করাইবেন না)॥২৪॥

অনুবাদ

ব্রহ্মা বলিলেন—হে দেব! আপনার শ্রীচরণাশ্রিত দেবতা, ব্রাহ্মণ, গো ও নিরপরাধী ভূতগণের উপরে এই হিরণ্যাক্ষদৈত্য বৃথাই অপরাধ আরোপ করিয়া থাকে, দোষ পরিহারের চেষ্টা করিলে ভয় প্রদর্শন করে এবং ভীত হইয়াছে বুঝিলে ইহাদের ধনপ্রাণ সমস্তই বিনষ্ট করে; এই অসুর আমার বরে অদ্বিতীয় বীর হইয়াছে; এক্ষণে ত্রিলোকের উৎপীড়ক হইয়া প্রতিদ্বন্দ্বীর অন্বেষণ করতঃ ত্রিভুবন পর্য্যটন করিতেছে॥ ২২।২৩॥

হে দেব! এই মায়াবী হিরণ্যাক্ষদৈত্য অতিশয় গর্ব্বিত, দুর্দ্দমনীয় এবং দুষ্টচিত্ত; ক্রুদ্ধ সর্পকে যেমন বালক পুচ্ছাদি আকর্ষণপূর্ব্বক ক্রীড়া করায়, সেইরূপ বালকের ন্যায় আপনি ইহাকে ক্রীড়া করাইবেন না॥ ২৪॥

টীকা

আসন্নং প্রাপ্তং শৌণ্ডীরং শৌর্য্যং যেন তম্, অপেতসাধ্বসমপগতালসম্, কৃতঃ প্রতীকারঃ প্রতিক্রিয়া যেন তম্, অহার্য্যঃ সুরাসুরৈর্ব্বিক্রমো যস্য তম্ দৈত্যং বিলক্ষ্য নারায়ণং জগাদ॥ ২১॥ ২২॥

হে দেব! এষ দৈত্য আগস্কৃৎ অপরাধকৃৎ মনসা, ভয়কৃৎ বাণ্যা, দুষ্কৃৎ দেহেন, যতঃ ইত্থম্ভূতোঽয়ং

ন যাবদেষ বর্দ্ধেত স্বাং বেলাং প্রাপ্য দারুণঃ।
স্বাং দেব! মায়ামাস্থায় তাবজ্জহ্যঘমচ্যুত!॥ ২৫॥
এষা ঘোরতমা সন্ধ্যা লোকচ্ছম্মট্করী প্রভো!
উপসর্পতি সর্ব্বাত্মন্! সুরাণাং জয়মাবহ॥ ২৬॥
অধুনৈষোঽভিজিন্নাম যোগো মৌহূর্ত্তিকো হ্যগাৎ।
শিবায় নস্ত্বং সুহৃদামাশু নিস্তর দুস্তরম্॥ ২৭॥

অন্বয়

দেব! অচ্যুত! (হে প্রভো! হে অচ্যুত!) এষঃ দারুণঃ (এই ভয়ঙ্কর অসুর) যাবৎ (যে পর্য্যন্ত) স্বাং বেলাং (স্বকীয় আসুরী মায়া) প্রাপ্য (প্রাপ্ত হইয়া) ন বর্দ্ধেত (বর্দ্ধিত না হয়), তাবৎ (তৎকাল মধ্যে) [আপনি] স্বাং মায়াং (স্বীয় অদ্ভুত মায়াশক্তি) আস্থায় (অবলম্বন করিয়া) [এনং] অঘং (এই পাপকে) জহি (বিনাশ করুন)॥২৫॥

প্রভো! (হে দেব!) লোকচ্ছম্মট্করী (লোকবিনাশকারিণী) এষা ঘোরতমা সন্ধ্যা (এই ঘোরতমা সন্ধ্যা) উপসর্পতি (সমুপস্থিত); সর্ব্বাত্মন্! (হে সর্ব্বান্তর্য্যামিন্!) সুরাণাং (দেবগণের) জয়ম্ আবহ (জয় বিধান করুন)॥২৬॥

অধুনা (সম্প্রতি) অভিজিৎ নাম (অভিজিৎ নামক) এষঃ মৌহূর্ত্তিকঃ যোগঃ (এই মৌহূর্ত্তিক যোগ) অগাৎ হি (আগত হইয়াছে); [অতএব] ত্বং (আপনি) সুহৃদাং (আপনার ভক্ত) নঃ (আমাদের) শিবায় (মঙ্গলের নিমিত্ত) আশু (শীঘ্র) দুস্তরং (এই দুর্জ্জয় দৈত্যকে) নিস্তর (বিনাশ করুন)॥২৭॥

অনুবাদ

হে দেব! হে অচ্যুত! এই ভয়ঙ্কর অসুর যে পর্য্যন্ত তাহার নিজের আসুরী মায়া অবলম্বন করিয়া বর্দ্ধিত না হয়, তাহার মধ্যে আপনি আপনার অদ্ভুত মায়াশক্তি অবলম্বন করিয়া এই পাপাত্মাকে বিনাশ করুন॥ ২৫॥

হে প্রভো! লোকবিনাশকারিণী এই ঘোরতমা সন্ধ্যা সমুপস্থিত; অতএব হে সর্ব্বান্তর্য্যামিন্! দেবগণের জয় বিধান করুন॥ ২৬॥

হে দেব! সম্প্রতি অভিজিৎ নামক মৌহূর্ত্তিক যোগ আগত হইয়াছে; অতএব আপনি ভক্ত আমাদের কল্যাণের নিমিত্ত এই দুর্জ্জয় অসুরকে শীঘ্রই বিনাশ করুন॥ ২৭॥

টীকা

তত এনং মা ক্রীড়॥ ২৩॥ ২৪॥ স্বামাসুরীম্; হে দেব! মায়ামদ্ভুতাং শক্তিম্॥ ২৫॥ আসুরীং বেলামেবাহ—এষেতি। লোকচ্ছম্মট্করী প্রাণিবিনাশকরী ছম্মট্ ইতি বিনাশার্থকমব্যয়ম্॥ ২৬॥ অধুনা ইদানীমভিজিৎ মধ্যাহ্নঃ স এব মৌহূর্ত্তিকো যোগঃ মুহূর্ত্তে শুভদঃ কালঃ অগাদাগতঃ, শিবায় কল্যাণায় দুস্তরম্ অন্যৈর্দুর্জ্জয়মেনং নিস্তর জহি॥ ২৭॥ বিহিতং বৈপরীত্যেন হিতং প্রতিভটরূপেণ হিতকারিণম্।

দিষ্ট্যা ত্বাং বিহিতং মৃত্যুময়মাসাদিতঃ স্বয়ম্।
বিক্রম্যৈনং মৃধে হত্বা লোকানাধেহি শর্ম্মণি ॥ ২৮ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে হিরণ্যাক্ষযুদ্ধেঽষ্টাদশোঽধ্যায়ঃ ॥ ১৮ ॥

অন্বয়

[হে দেব !] দিষ্ট্যা (সৌভাগ্যের ফলে) স্বয়ং (নিজেই) অয়ং (এই হিরণ্যাক্ষ) বিহিতং (কশ্যপবিহিত) ত্বাং [এব] মৃত্যুং (আপনাকেই মৃত্যুরূপে) আসাদিতঃ (প্রাপ্ত হইয়াছে) ; [অতএব আপনি] বিক্রম্য (বিক্রম প্রকাশ করিয়া) মৃধে (যুদ্ধে) এনং (এই অসুরকে) হত্বা (বিনাশ করিয়া) লোকান্ (লোকসমূহকে) শর্ম্মণি (সুখে) আধেহি (সংস্থাপন করুন) ॥ ২৮ ॥

অনুবাদ

হে দেব ! ইহার পিতা কশ্যপই আপনাকর্ত্তৃক ইহার মৃত্যু বিধান করিয়াছেন ; এক্ষণে সৌভাগ্যের ফলে এই অসুর সেই মৃত্যুরূপ আপনাকে প্রাপ্ত হইয়াছে ; অতএব আপনি যুদ্ধে বিক্রম প্রকাশ পূর্ব্বক ইহাকে বিনাশ করিয়া লোকসমূহকে সুখশান্তিতে সংস্থাপন করুন ॥২৮॥

অষ্টাদশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ১৮ ॥

টীকা

যদ্বা—"তদা বিশ্বেশ্বরঃ ক্রুদ্ধো ভগবাল্লোঁকভাবনঃ। হনিষ্যত্যবতীর্য্যাসৌ যথাদ্রীন্ শতপর্ব্বধৃক্" ইতি কশ্যপেন বিহিতং ত্বাং মৃত্যুং মারকম্ ॥ ২৮ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে তৃতীয়স্কন্ধে শ্রীমচ্ছুকদেবকৃতসিদ্ধান্তপ্রদীপে অষ্টাদশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ১৮ ॥

ঊনবিংশোঽধ্যায়ঃ

শ্রীমৈত্রেয় উবাচ

অবধার্য্য বিরিঞ্চস্য নির্ব্ব্যলীকামৃতং বচঃ।
প্রহস্য প্রেমগর্ভেণ তদপাঙ্গেন সোঽগ্রহীৎ ॥ ১ ॥

অন্বয়

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) সঃ (ভগবান্ আদিবরাহ) বিরিঞ্চস্য (ব্রহ্মার)

অনুবাদ

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর ! ভগবান্ আদিবরাহ ব্রহ্মার এই অকপট অমৃততুল্য

টীকা

ঊনবিংশে হিরণ্যাক্ষবধং বর্ণয়িতুমাহ অবধার্য্যেতি। সর্ব্বজ্ঞং মাং প্রতি "অধুনৈষোঽভিজিন্নামে"ত্যাদি

ততঃ সপত্নং মুখতশ্চরন্তমকুতোভয়ম্ ।
জঘানোৎপত্য গদয়া হনাবসুরমক্ষজঃ ॥ ২ ॥
সা হতা তেন গদয়া বিহতা ভগবৎকরাৎ ।
বিঘূর্ণিতাপতদ্রেজে তদদ্ভুতমিবাভবৎ ॥ ৩ ॥
স তদা লব্ধতীর্থোঽপি ন ববাধে নিরায়ুধম্ ।
মানয়ন্ স মৃধে ধর্ম্মং বিষ্বক্সেনং প্রকোপয়ন্ ॥ ৪ ॥

অন্বয়

নির্ব্ব্যলীকামৃতং (নিষ্কপট অমৃততুল্য) বচঃ (বাক্য) অবধার্য্য (শ্রবণ করিয়া) প্রহস্য (হাস্য করতঃ) প্রেমগর্ভেণ অপাঙ্গেন (প্রেমপূর্ণ কটাক্ষপাতে) তৎ (তাহা) অগ্রহীৎ (স্বীকার করিলেন) ॥১॥

ততঃ (ব্রহ্মার বাক্য স্বীকার করিয়া) অক্ষজঃ (ব্রহ্মার ঘ্রাণেন্দ্রিয় হইতে যিনি আবির্ভূত হইয়াছেন, সেই বরাহরূপী শ্রীহরি) উৎপত্য (উৎপতিত হইয়া) মুখতঃ চরন্তং (সম্মুখেই বিচরণকারী) অকুতোভয়ং (ও সর্ব্বপ্রকারে ভয়রহিত) সপত্নং (শত্রু) অসুরম্ (হিরণ্যাক্ষদৈত্যকে) গদয়া (গদাদ্বারা) হনৌ (গণ্ডস্থলের অধোদেশে) জঘান (আঘাত করিলেন) ॥২॥

সা (সেই ভগবন্নিক্ষিপ্ত গদা) তেন (হিরণ্যাক্ষের) গদয়া (গদাদ্বারা) হতা (আঘাত প্রাপ্ত হইয়া) ভগবৎকরাৎ (ভগবানের হাত হইতে) বিহতা (বিচ্যুত হইল এবং) বিঘূর্ণিতা (ঘুরিতে ঘুরিতে) অপতৎ রেজে [চ] (পতিত হইল ও শোভিত হইল) । তৎ (সেই অসুরের বিক্রমে ভগবানের হস্ত হইতে গদাপতন) অদ্ভুতম্ ইব অভবৎ (আশ্চর্য্যজনক ব্যাপারই যেন হইয়াছিল) ॥৩॥

সঃ (হিরণ্যাক্ষদৈত্য) লব্ধতীর্থঃ [বভূব] (সুযোগ প্রাপ্ত হইল) ; সঃ (হিরণ্যাক্ষ) তদা

অনুবাদ

বাক্য শ্রবণ করিয়া "সর্ব্বজ্ঞ আমি আমাকে শুভ সময় জানাইতেছে" ইহা মনে করিয়া হাস্য করিলেন এবং প্রেমপূর্ণ কটাক্ষপাত করতঃ ব্রহ্মার বাক্য স্বীকার করিলেন ॥ ১ ॥

অনন্তর ব্রহ্মার ঘ্রাণেন্দ্রিয় হইতে আবির্ভূত বরাহরূপী ভগবান্ শ্রীহরি উৎপতিত হইয়া সম্মুখেই বিচরণশীল ও সর্ব্বপ্রকারে ভয়রহিত শত্রু হিরণ্যাক্ষদৈত্যকে গদাদ্বারা গণ্ডস্থলের নিম্নদেশে আঘাত করিলেন ॥ ২ ॥

তখন হিরণ্যাক্ষদৈত্য স্বীয় গদাদ্বারা ভগবানের সেই গদাকে আঘাত করিল ; তাহার ফলে ভগবানের হাত হইতে গদা বিচ্যুত হইয়া ঘুরিতে ঘুরিতে পড়িয়া গেল এবং অপূর্ব্ব শোভা ধারণ করিল । সেই অসুরের বিক্রমে ভগবানের হাত হইতে গদাপতন যেন একটা আশ্চর্য্য-জনক ব্যাপার হইয়াছিল ॥ ৩ ॥

হিরণ্যাক্ষদৈত্য ভগবান্‌কে প্রহার করিবার অবসর পাইল ; তাহা হইলেও

টীকা

বিজ্ঞাপয়তীতি প্রহস্য অপাঙ্গেন অক্ষিসংকোচেন স্বীকৃতবান্ ॥ ১ ॥ অক্ষজঃ ব্রহ্মঘ্রাণেন্দ্রিয়জঃ ॥ ২ ॥ সা গদা বিঘূর্ণিতা ভূতা অপতৎ রেজে চ তৎ অসুরপৌরুষতো ভগবদ্গদাপতনমদ্ভুতমিবাভবৎ ॥ ৩ ॥

গদায়ামপবিদ্ধায়াং হাহাকারে বিনির্গতে।
মা ভৈষ্টেতি সুরানুক্ত্বা সুনাভশ্চাস্মরদ্বিভুঃ ॥ ৫ ॥
তং ব্যগ্রচক্রং দিতিজাধমেন স্বপার্ষদমুখ্যেন বিষজ্জমানম্।
চিত্রা বাচোঽতদ্বিদাং খেচরাণাং তত্রা স্মাসন্ স্বস্তি তেঽমুং জহীতি ॥ ৬

অন্বয়

অপি (সেই অবসরেও) মৃধে (যুদ্ধে) ধর্ম্মং মানয়ন্ ("নিরস্ত্রকে অস্ত্রাঘাত করিবে না" এই ধর্ম্ম পালন করিয়া) নিরায়ুধং (নিরস্ত্র) বিষ্বক্সেনং (ভগবান্‌কে) প্রকোপয়ন্ (বাক্যের দ্বারা প্রকোপিত করিল), ন ববাধে (কিন্তু প্রহার করিল না) ॥৪॥

গদায়াম্ অপবিদ্ধায়াং (ভগবানের গদা নিষ্ফল হইলে) হাহাকারে বিনির্গতে চ (ও চতুর্দ্দিক্ হইতে হাহাকারধ্বনি উত্থিত হইলে) বিভুঃ (ভগবান্) মা ভৈষ্ট (তোমরা ভীত হইও না) ইতি (ইহা) সুরান্ উক্ত্বা (দেবতাগণকে বলিয়া) সুনাভং (সুদর্শনচক্রকে) অস্মরৎ (স্মরণ করিলেন) ॥৫॥

[অনন্তর] ব্যগ্রচক্রং (সকল সুরাসুরকে বিনাশ করিতে পারে এইরূপ চক্র যিনি ধারণ করিয়াছেন) স্বপার্ষদমুখ্যেন (এবং স্বীয় পার্ষদপ্রবর) দিতিজাধমেন (হিরণ্যাক্ষদৈত্যের সহিত) বিষজ্জমানং (বিশেষরূপে মিলিত হইয়াছেন), তং (সেই ভগবানের প্রতি) অতদ্বিদাং ("পাত্রানুসারে ভগবান্ নিগ্রহ ও অনুগ্রহ করিয়া থাকেন" ইহা যাহারা জানে না, তাহাদের) তে (আপনা হইতে) খেচরাণাং (আকাশচারী আমাদের) স্বস্তি (মঙ্গল) [হউক]; অমুং (ঐ অসুরকে) জহি (আপনি বধ করুন) ইতি (ইহা) [এবং] চিত্রাঃ বাচঃ (অপর বহুবিধ বাক্য) তত্র (সেখানে) আ (চারিদিকে) আসন্ স্ম (উত্থিত হইল) ॥ ৬ ॥

অনুবাদ

হিরণ্যাক্ষ "যুদ্ধে নিরস্ত্রকে আঘাত করিবে না" এই যোদ্ধৃধর্ম্ম পালন করিয়া নিরস্ত্র ভগবান্‌কে বাক্যের দ্বারা কোপিত করিল, কিন্তু প্রহার করিল না ॥ ৪ ॥

ভগবানের গদা নিষ্ফল হইলে ও আকাশ হইতে হাহাকারধ্বনি উত্থিত হইলে ভগবান্ দেবতাগণকে "তোমরা ভীত হইও না" ইহা বলিয়া সুদর্শনচক্রকে স্মরণ করিলেন ॥ ৫ ॥

অনন্তর যিনি সমস্ত সুরাসুরগণকে বিনাশ করিতে পারে এইরূপ চক্র ধারণ করিয়াছেন, সেই ভগবান্ স্বীয় পার্ষদপ্রবর দৈত্যাধম হিরণ্যাক্ষের সহিত মিলিত হইয়াছেন দেখিয়া যাহারা "ভগবানের নিগ্রহ ও অনুগ্রহ পাত্রানুসারেই বিহিত হইয়া থাকে" ইহা জানে না, ভগবানের প্রতি তাহাদের "আপনা হইতে আকাশচারী আমাদের মঙ্গল হউক; ঐ অসুরকে আপনি বিনাশ করুন" এই সকল ও অপর বহুবিধ বাক্য চতুর্দ্দিকে উত্থিত হইল ।৬॥

টীকা

সঃ অসুরঃ লব্ধতীর্থঃ প্রাপ্তপ্রহারাবসরো বভূব। স তদাপি তস্মিন্নবসরেঽপি "নিরায়ুধো ন হন্তব্য" ইতি মৃধে ধর্ম্মং মানয়ন্ বিষ্বক্সেনং প্রকোপয়ন্ চ ন প্রাহরৎ। বাক্যভেদাৎ স ইত্যস্য অপৌনরুক্তম্ ॥ ৪ ॥ গদাপতনস্য অদ্ভুতত্বং প্রপঞ্চয়তি গদায়ামিতি ॥ ৫ ॥ ব্যগ্রমনৈকাগ্র্যযুক্তং সর্ব্বান্ সুরাসুরান্ ভস্মীকরিষ্যতীতি প্রতীয়মানং চক্রং যস্য তং দিতিপুত্রাধমেনৈব বিষজ্জমানং বিশেষেণ সঙ্গং প্রাপ্নুবন্তং প্রতি অতদ্বিদাং যথাপাত্রং

স তং নিশাম্যাত্তরথাঙ্গমগ্রতো ব্যবস্থিতং পদ্মপলাশলোচনম্ ।
বিলোক্য চামর্ষপরিপ্লুতেন্দ্রিয়ো রুষা স্বদন্তচ্ছদমাদশচ্ছসন্ ॥ ৭ ॥
করালদংষ্ট্রশ্চক্ষুর্ভ্যাং সঞ্চক্ষাণো দহন্নিব ।
অভিদ্রুত্য স্বগদয়া হতোঽসীত্যহনদ্ধরিম্ ॥ ৮ ॥
পদা সব্যেন তাং সাধো ! ভগবান্ যজ্ঞশূকরঃ ।
লীলয়া মিষতঃ শত্রোঃ প্রাহরদ্বাতরংহসম্ ॥ ৯ ॥

অন্বয়

সঃ (হিরণ্যাক্ষদৈত্য) পদ্মপলাশলোচনং তং (কমললোচন শ্রীহরিকে) আত্তরথাঙ্গম্ (চক্রধারণ করিয়াছেন) নিশাম্য (দর্শন করিয়া) অগ্রতঃ (ও সম্মুখে) ব্যবস্থিতং চ বিলোক্য (অবস্থিত দর্শন করিয়া) অমর্ষপরিপ্লুতেন্দ্রিয়ঃ (ক্রোধবশে চঞ্চলচিত্ত হইয়া) রুষা (ক্রোধে) শ্বসন্ (ঘন ঘন শ্বাস পরিত্যাগ করিতে করিতে) স্বদন্তচ্ছদম্ (স্বীয় ওষ্ঠ) আদশৎ (দংশন করিতে লাগিল) ॥৭॥

করালদংষ্ট্রঃ (বিকটদশন হিরণ্যাক্ষ) চক্ষুর্ভ্যাং (নেত্রদ্বয়ের দ্বারা) দহন্ ইব (দগ্ধ করিয়াই যেন) সঞ্চক্ষাণঃ (নিরীক্ষণ করতঃ) অভিদ্রুত্য (অভিমুখে ধাবিত হইয়া) হতঃ অসি (তুমি বিনষ্ট হইলে) ইতি [উক্ত্বা] (ইহা বলিয়া) স্বগদয়া (নিজের গদাদ্বারা) হরিম্ অহনৎ (শ্রীহরিকে আঘাত করিল) ॥৮॥

সাধো ! (হে বিদুর !) যজ্ঞশূকরঃ ভগবান্ (যজ্ঞমূর্ত্তি ভগবান্ আদিবরাহ) মিষতঃ শত্রোঃ (শত্রুর সমক্ষেই) বাতরংহসং তাং (বায়ুবেগে অভিমুখে আগত সেই গদাকে) লীলয়া (অনায়াসে) সব্যেন পদা (বামপদের দ্বারা) প্রাহরৎ (নিবারণ করিলেন) ॥৯॥

অনুবাদ

হিরণ্যাক্ষদৈত্য কমললোচন শ্রীহরিকে সুদর্শনচক্র ধারণপূর্ব্বক সম্মুখে অবস্থিত আছেন দেখিতে পাইল ; তখন ক্রোধভরে তাহার ইন্দ্রিয়সমূহ ক্ষুব্ধ হইল এবং হিরণ্যাক্ষ দীর্ঘশ্বাস পরিত্যাগ করিতে করিতে ওষ্ঠ দংশন করিতে লাগিল ॥ ৭ ॥

অনন্তর বিকটদশন হিরণ্যাক্ষদৈত্য নেত্রদ্বয়ের দ্বারা দগ্ধ করিয়াই যেন শ্রীহরিকে নিরীক্ষণ করিতে লাগিল এবং অভিমুখে ধাবিত হইয়া "তুমি বিনষ্ট হইলে" ইহা বলিয়া স্বীয় গদাদ্বারা শ্রীহরিকে আঘাত করিল ॥ ৮ ॥

হে বিদুর ! যজ্ঞমূর্ত্তি ভগবান্ আদিবরাহ তখন শত্রু হিরণ্যাক্ষদৈত্যের সমক্ষেই বায়ুবেগে অভিমুখে আগত সেই গদাকে অনায়াসে বাম পদাঘাতে নিবারণ করিলেন ॥ ৯ ॥

টীকা

নিগ্রহানুগ্রহকারিত্বং ভগবতোঽজানতাং তে ত্বদীয়ানাং তে ত্বত্তো বা খেচরাণামস্মাকং স্বস্তি ভবতু অমুং তু জহীতি ; তথা চিত্রা অন্যা অপি বহুবিধা বাচঃ আ সমন্তাৎ আসন্ স্ম ॥ ৬ ॥ আত্তরথাঙ্গং নিশাম্য দৃষ্ট্বা অগ্রতো ব্যবস্থিতং চ বিলোক্য ॥৭॥৮॥ বাতরংহসম্ বায়ুবেগম্ ॥ ৯ ॥ ঘটস্ব প্রযত্নং কুরু ॥ ১০ ॥ ১১ ॥

আহ চায়ুধমাধৎস্ব ঘটস্ব ত্বং জিগীষসি ।
ইত্যুক্তঃ স তয়া ভূয়স্তাড়য়ন্ ব্যনদদ্ভৃশম্ ॥ ১০ ॥
তাং স আপততীং বীক্ষ্য ভগবান্ সমবস্থিতঃ ।
জগ্রাহ লীলয়া প্রাপ্তাং গরুত্মানিব পন্নগীম্ ॥ ১১ ॥
স্বপৌরুষে প্রতিহতে হতমানো মহাসুরঃ ।
নৈচ্ছদ্‌গদাং দীয়মানাং হরিণা বিগতপ্রভঃ ॥ ১২ ॥
জগ্রাহ ত্রিশিখং শূলং জ্বলজ্জ্বলনলোলুপম্ ।
যজ্ঞায় ধৃতরূপায় বিপ্রায়াভিচরন্ যথা ॥ ১৩ ॥

অন্বয়

[ভগবান্ আদিবরাহ তাহাকে] আহ চ (বলিলেন) আয়ুধম্ (অস্ত্র) আধৎস্ব (ধারণ কর) ; ত্বং জিগীষসি (তুমি জয় করিতে ইচ্ছা করিয়াছ) ; [অতএব] ঘটস্ব (প্রযত্ন কর)। ইত্যুক্তঃ (এইরূপে কথিত হইয়া) সঃ (হিরণ্যাক্ষ) তয়া (সেই গদাদ্বারা) ভূয়ঃ (পুনরায়) তাড়য়ন্ (আঘাত করতঃ) ভৃশং (অতিশয়) ব্যনদৎ (গর্জ্জন করিয়া উঠিল) ॥১০॥

সঃ ভগবান্ (ভগবান্ আদিবরাহ) তাং আপততীং (গদাকে মহাবেগে আসিতেছে) বীক্ষ্য (দেখিয়া) সমবস্থিতঃ (সাবধানে অবস্থান করতঃ) গরুত্মান্ (গরুড়) প্রাপ্তাং পন্নগীম্ ইব (সমাগতা সর্পিণীকে যেমন অনায়াসে ধরে), [সেইরূপ] লীলয়া (অনায়াসে) জগ্রাহ (গদা ধরিয়া ফেলিলেন) ॥১১॥

স্বপৌরুষে (স্বীয় উদ্যম) প্রতিহতে (বিনষ্ট হইলে) হতমানঃ মহাসুরঃ (হতগর্ব্ব মহাদৈত্য হিরণ্যাক্ষ) বিগতপ্রভঃ (তেজোবিহীন হইয়া) হরিণা (শ্রীহরিকর্ত্তৃক) দীয়মানাং (প্রদত্ত) গদাং (গদা) [গ্রহণ করিতে] ন ঐচ্ছৎ (ইচ্ছা করিল না) ॥ ১২ ॥

যথা (যেমন) অভিচরন্ (অভিচার কার্য্যে অর্থাৎ অনিষ্ট চেষ্টায় প্রবৃত্ত ব্যক্তি) বিপ্রায় (ব্রাহ্মণের

অনুবাদ

ভগবান্ আদিবরাহ হিরণ্যাক্ষকে বলিলেন—অস্ত্র ধারণ কর ; তুমি জয়লাভ করিতে ইচ্ছা করিয়াছ ; অতএব প্রযত্ন কর। এইরূপ কথিত হইয়া হিরণ্যাক্ষ তখন সেই গদাদ্বারা পুনরায় আঘাত করিয়া ভীষণ গর্জ্জন করিয়া উঠিল ॥ ১০ ॥

গরুড় যেমন সমীপে আগতা সর্পিণীকে ধরে, সেইরূপ আদিবরাহ ভগবান্ শ্রীহরি সেই গদাকে মহাবেগে আসিতেছে দেখিয়া সাবধানে অবস্থান করতঃ অনায়াসে উহা ধরিয়া ফেলিলেন ॥১১॥

স্বীয় প্রযত্ন ব্যর্থ হইলে হতগর্ব্ব সেই মহাদৈত্য হিরণ্যাক্ষ তেজোবিহীন হইয়া শ্রীহরি গদা প্রত্যর্পণ করিলেও সেই গদা গ্রহণ করিতে ইচ্ছা করিল না অর্থাৎ গ্রহণ করিল না ॥১২॥

যেমন অভিচার কার্য্যে প্রবৃত্ত ব্যক্তি ব্রাহ্মণের উদ্দেশ্যে মারণাদি অভিচার প্রয়োগ করে,

টীকা

হতমানঃ হতগর্ব্বঃ ॥ ১২ ॥ অভিচরন্ অভিতোঽভিচরন্ বিপ্রায় ব্রহ্মণো ঘ্রাণেন্দ্রিয়জাতত্বাদ্ যজ্ঞায় বিষ্ণবে যথা যথাবৎ শূলং জগ্রাহ ॥ ১৩ ॥ অন্তঃখে খমধ্যে চকাসৎ প্রকাশমানম্ উদীর্ণা উৎকটা দীধিতির্যস্য তৎ শূলং

তদোজসা দৈত্যমহাভটার্পিতং চকাসদন্তঃখ উদীর্ণদীধিতি।
চক্রেণ চিচ্ছেদ নিশাতনেমিনা হরির্যথা তার্ক্ষ্যপতত্রমুজ্ঝিতম্ ॥ ১৪ ॥
বৃক্ণে স্বশূলে বহুধারিণা হরেঃ প্রত্যেত্য বিস্তীর্ণমুরো বিভূতিমৎ।
প্রবৃদ্ধরোষঃ স কঠোরমুষ্টিনা নদন্ প্রহৃত্যান্তরধীয়তাসুরঃ ॥ ১৫ ॥

অন্বয়

উদ্দেশ্যে) [অভিচার প্রয়োগ করে], [সেইরূপ হিরণ্যাক্ষদৈত্য] ধৃতরূপায় (বরাহরূপধারী) যজ্ঞায় (যজ্ঞমূর্ত্তি বিষ্ণুকে লক্ষ্য করিয়া) জ্বলজ্জ্বললোলুপম্ (প্রজ্বলিত অগ্নির ন্যায় গ্রাস করিতে উদ্যত) ত্রিশিখং শূলং (ত্রিশূলাস্ত্র) জগ্রাহ (ধারণ করিল) ॥ ১৩ ॥

হরিঃ (ইন্দ্র) যথা (যেমন) উজ্ঝিতং তার্ক্ষ্যপতত্রং (গরুড়ের পরিত্যক্ত পিচ্ছ অর্থাৎ পালক) চিচ্ছেদ (ছেদন করিয়াছিলেন), [সেইরূপ বরাহরূপী ভগবান্] ওজসা (সবলে) দৈত্যমহাভটার্পিতং (হিরণ্যাক্ষদৈত্যকর্ত্তৃক নিক্ষিপ্ত), অন্তঃখে (আকাশমধ্যে) চকাসৎ (প্রকাশমান) উদীর্ণদীধিতি (ও উৎকট দীপ্তিসম্পন্ন) তৎ (সেই ত্রিশূলকে) নিশাতনেমিনা (তীক্ষ্ণধার) চক্রেণ (সুদর্শনচক্রদ্বারা) চিচ্ছেদ (ছেদন করিলেন) ॥ ১৪ ॥

অরিণা (চক্রের দ্বারা) স্বশূলে (স্বীয় ত্রিশূল) বহুধা (বহুপ্রকারে) বৃক্ণে (ছিন্ন হইলে) প্রবৃদ্ধরোষঃ (অতিশয় ক্রোধান্বিত) সঃ অসুরঃ (সেই হিরণ্যাক্ষদৈত্য) প্রত্যেত্য (ভগবৎসমীপে আসিয়া) কঠোরমুষ্টিনা (বজ্রমুষ্টি দ্বারা) হরেঃ (শ্রীহরির) বিভূতিমৎ (সুন্দর) বিস্তীর্ণং উরঃ (বিশালবক্ষঃস্থলে) প্রহৃত্য (প্রহার করিয়া) নদন্ (গর্জ্জন করিতে করিতে) অন্তরধীয়ত (অন্তর্হিত হইল) ॥ ১৫ ॥

অনুবাদ

সেইরূপ হিরণ্যাক্ষদৈত্য বরাহরূপী যজ্ঞময় বিষ্ণুকে লক্ষ্য করিয়া প্রজ্বলিত অগ্নির ন্যায় গ্রাস করিতে উদ্যত ত্রিশূলাস্ত্র ধারণ করিল ॥ ১৩ ॥

দেবরাজ ইন্দ্র যেমন গরুড়ের পরিত্যক্ত পিচ্ছ অর্থাৎ পালক ছেদন করিয়াছিলেন, সেইরূপ বরাহরূপী বিষ্ণুও হিরণ্যাক্ষদৈত্যকর্ত্তৃক সবলে নিক্ষিপ্ত ও গগনমণ্ডলে প্রকাশমান উৎকট দীপ্তি-সম্পন্ন সেই ত্রিশূলকে স্বীয় তীক্ষ্ণধার সুদর্শন চক্রের দ্বারা ছেদন করিলেন ॥ ১৪ ॥ *

ভগবানের সুদর্শনচক্রে হিরণ্যাক্ষের ত্রিশূল খণ্ডবিখণ্ড হইয়া গেল; তখন হিরণ্যাক্ষ অতিশয় ক্রুদ্ধ হইয়া সহসা ভগবানের অভিমুখে আসিয়া বজ্রের ন্যায় কঠোর মুষ্টির দ্বারা শ্রীহরির সুশোভিত বিশাল বক্ষঃস্থলে আঘাত করিল ও গর্জ্জন করিতে করিতে অন্তর্হিত হইল ॥ ১৫ ॥

টীকা

চিচ্ছেদ। হরিরিন্দ্র উজ্ঝিতং শ্রীগরুড়েন ত্যক্তং তার্ক্ষ্যপতত্রং গরুড়পিচ্ছং যথা চিচ্ছেদ তদ্বৎ। ইদমাদি-

* মহাভারতের আদিপর্ব্বে অমৃত আহরণ প্রকরণে আছে—যখন গরুড় দেবতাগণকে পরাজয় করিয়া অমৃত ভাণ্ড লইয়া আকাশমার্গে যাইতেছিলেন, তখন ইন্দ্র স্বীয় বজ্র নিক্ষেপ করিলে গরুড় ইন্দ্রের অমোঘ বজ্রের সম্মান রক্ষার্থ নিজ পক্ষ হইতে একটি পিচ্ছ পরিত্যাগ করেন এবং ইন্দ্রের বজ্রে সেই পিচ্ছই ছিন্ন হয়।

তেনেত্থমাহতঃ ক্ষত্তর্ভগবানাদিশূকরঃ।
নাকম্পত মনাক্ ক্বাপি স্রজাহত ইব দ্বিপঃ ॥ ১৬ ॥
অথোরুধাস্বজন্মায়াং যোগমায়েশ্বরে হরৌ।
যাং বিলোক্য প্রজাস্ত্রস্তা মেনিরেঽস্যোপসংযমম্ ॥ ১৭ ॥
প্রববুর্ব্বায়বশ্চণ্ডাস্তমঃ পাংশবমৈরয়ন্।
দিগ্ভ্যো নিপেতুর্গ্রাবাণঃ ক্ষেপণৈঃ প্রহিতা ইব ॥ ১৮ ॥

অন্বয়

ক্ষত্তঃ! (হে বিদুর!) ইত্থম্ (এই প্রকারে) তেন (সেই হিরণ্যাক্ষদৈত্যকর্ত্তৃক) আহতঃ ভগবান্ আদিশূকরঃ (আহত ভগবান্ আদিবরাহ) স্রজা (পুষ্পমাল্যের দ্বারা) আহতঃ দ্বিপঃ ইব (আহত হস্তীর ন্যায়) ক্বাপি (কোন অঙ্গেই) মনাক্ (বিন্দুমাত্রও) ন অকম্পত (কম্পিত হইলেন না অর্থাৎ ব্যথা পাইলেন না) ॥ ১৬ ॥

অথ (অনন্তর) [অসুর] যোগমায়েশ্বরে (যোগমায়ার অধিশ্বর) হরৌ (শ্রীহরির উদ্দেশ্যে) উরুধা (বহুপ্রকার) মায়াম্ অসৃজৎ (মায়া সৃষ্টি করিল); যাং (যে মায়া) বিলোক্য (দর্শন করিয়া) প্রজাঃ (লোকসকল) ত্রস্তাঃ (ভীত হইয়া) অস্য (এই বিশ্বের) উপসংযমম্ (প্রলয়) মেনিরে (মনে করিয়াছিল) ॥ ১৭ ॥

চণ্ডাঃ বায়বঃ (প্রচণ্ডবায়ু) পাংশবং (ধূলিরাশি) তমঃ [চ] (ও অন্ধকার) ঐরয়ন্ (সৃষ্টি করিয়া) প্রববুঃ (প্রবাহিত হইতে লাগিল); ক্ষেপণৈঃ (নিক্ষেপণযন্ত্রের দ্বারা) প্রহিতাঃ ইব (নিক্ষিপ্ত হইয়াই যেন) দিগ্ভ্যঃ (দিক্সমূহ হইতে) গ্রাবাণঃ (প্রস্তরখণ্ড সকল) নিপেতুঃ (নিপতিত হইতে লাগিল) ॥ ১৮ ॥

অনুবাদ

হে বিদুর! পুষ্পমাল্যে আহত হইয়া হস্তী যেমন বিন্দুমাত্রও কম্পিত বা ব্যথিত হয় না, সেইরূপ বরাহরূপী ভগবান্ শ্রীহরিও সেই হিরণ্যাক্ষকর্ত্তৃক আহত হইয়া বিন্দুমাত্রও কম্পিত বা ব্যথিত হইলেন না ॥ ১৬ ॥

অনন্তর যিনি যোগমায়ার অধীশ্বর সেই শ্রীহরিকে লক্ষ্য করিয়া হিরণ্যাক্ষদৈত্য এইরূপ বহুবিধ মায়া সৃষ্টি করিতে লাগিল যে তাহা দর্শন করিয়া লোকসকল ভীত হইয়া এই জগতের প্রলয়কাল উপস্থিত হইয়াছে বলিয়া মনে করিল ॥ ১৭ ॥

তখন প্রচণ্ড বায়ু ধূলিরাশি উড়াইয়া অন্ধকারের সৃষ্টি করতঃ প্রবাহিত হইতে লাগিল; নিক্ষেপণ যন্ত্রের দ্বারা নিক্ষিপ্ত হইয়াই যেন দিক্সমূহ হইতে প্রস্তরখণ্ড সকল নিপতিত হইতে লাগিল ॥ ১৮ ॥

টীকা

পর্ব্বণি ভারতে দ্রষ্টব্যমমৃতাহরণপ্রকরণে ॥ ১৪ ॥ অরিণা চক্রেণ বৃকে ছিন্নে ॥ ১৫ ॥ ক্বাপ্যঙ্গে ॥১৬॥১৭॥ পাংশবং রেণুরূপং তমশ্চ ঐরয়ন্ প্রেরিতবন্তঃ ॥ ১৮ ॥ নষ্টো ভগণো যস্যাং সা, দৈত্যমায়য়ৈব রাত্রিপ্রতীতিঃ,

দ্যৌর্নষ্টভগণাভ্রৌঘৈঃ সবিদ্যুৎস্তনয়িত্নুভিঃ।
বর্ষদ্ভিঃ পূয়কেশাস্থৃঙ্মূত্রাস্থীনি চাসকৃৎ ॥ ১৯ ॥
গিরয়ঃ প্রত্যদৃশ্যন্ত নানায়ুধমুচোঽনঘ!
দিগ্বাসসো যাতুধান্যঃ শূলিন্যো মুক্তমূর্দ্ধজাঃ ॥ ২০ ॥
বহুভির্যক্ষরক্ষোভিঃ পত্ত্যশ্বরথকুঞ্জরৈঃ।
আততায়িভিরুৎসৃষ্টা হিংস্রা বাচোঽতিবৈশসাঃ ॥ ২১ ॥

অন্বয়

দ্যৌঃ চ (আকাশমণ্ডল) সবিদ্যুৎস্তনয়িত্নুভিঃ (বিদ্যুৎ ও মেঘগর্জ্জনের সহিত) অসকৃৎ (পুনঃ পুনঃ) পূয়কেশাস্থৃগ্বিণ্মূত্রাস্থীনি (পূঁয, কেশ, রুধির, বিষ্ঠা, মূত্র ও অস্থিসকল) বর্ষদ্ভিঃ (বর্ষণকারী) অভ্রৌঘৈঃ (মেঘসমূহের দ্বারা) নষ্টভগণা (নক্ষত্রবিরহিত হইল) ॥ ১৯ ॥

অনঘ! (হে নিষ্পাপ বিদুর!) গিরয়ঃ (পর্ব্বতসকল) নানায়ুধমুচঃ (নানাবিধ অস্ত্র বর্ষণ করিতেছে এইরূপে) প্রত্যদৃশ্যন্ত (দৃষ্টিগোচর হইল); দিগ্বাসসঃ (উলঙ্গা), মুক্তমূর্দ্ধজাঃ (আলুলায়িত কেশবিশিষ্টা) শূলিন্যঃ (ও শূলধারিণী) যাতুধান্যঃ [চ] (রাক্ষসীগণও) [প্রত্যদৃশ্যন্ত] (দৃষ্টিগোচর হইল) ॥ ২০ ॥

পত্ত্যশ্বরথকুঞ্জরৈঃ (পদাতি, অশ্ব, রথ ও হস্তিগণের সহিত) বহুভিঃ (বহুসংখ্যক) আততায়িভিঃ (অস্ত্রধারী শত্রু) যক্ষোরক্ষোভিঃ (যক্ষ ও রাক্ষসগণকর্ত্তৃক) হিংস্রাঃ ("মার্‌মার্ কাট্‌কাট্" এইরূপে হিংসাজনক) অতিবৈশসাঃ (অতিশয় কঠোর) বাচঃ (বাক্যসকল) উৎসৃষ্টাঃ (উচ্চারিত হইতে লাগিল) ॥ ২১ ॥

অনুবাদ

আকাশমণ্ডল মেঘসমূহের দ্বারা আচ্ছাদিত হইয়া নক্ষত্রবিহীন হইল; ঘন ঘন বিদ্যুৎ ও মেঘগর্জ্জন হইতে লাগিল এবং মেঘসমূহ পূঁয, কেশ, রুধির, বিষ্ঠা, মূত্র ও অস্থি সকল বর্ষণ করিতে লাগিল ॥ ১৯ ॥

হে বিদুর! পর্ব্বত সকল নানাবিধ অস্ত্র বর্ষণ করিতেছে এইরূপে দৃষ্টিগোচর হইল এবং উলঙ্গা, আলুলায়িত কেশবিশিষ্টা ও শূলধারিণী রাক্ষসীগণ নয়নপথে পতিত হইল ॥ ২০ ॥

পদাতি, অশ্ব, রথ ও হস্তিগণের সহিত বহুসংখ্যক অস্ত্রধারী যক্ষ ও রাক্ষসগণ "মার্‌মার্ কাট্‌কাট্" এইরূপ হিংসাজনক অতিকঠোর বাক্যসকল উচ্চারণ করিতে লাগিল ॥ ২১ ॥

টীকা

দিবি ভগণনাশপ্রতীতিশ্চ। যত্তু অনেন দৈত্যবলাতিরেকাৎ ব্রহ্মদত্তমুহূর্ত্তাতিক্রমো গম্যতে, অহ্নি নক্ষত্রাণামসম্ভবাদিত্যুক্তং, তন্ন,—"অবধার্য্য বিরিঞ্চস্য নির্ব্ব্যলীকামৃতং বচঃ। প্রহস্য প্রেমগর্ভেণ তদপাঙ্গেন সোঽগ্রহীদি"তি ব্রহ্মণো মুহূর্ত্তনিবেদনস্য ভগবতস্তৎস্বীকারস্য চ বৈয়র্থ্যপ্রসঙ্গাৎ ॥ ১৯ ॥ ২০ ॥ ২১ ॥

প্রাদুষ্কৃতানাং মায়ানামাসুরীণাং বিনাশয়ৎ।
সুদর্শনাস্ত্রং ভগবান্ প্রাযুঙ্‌ক্ত দয়িতং ত্রিপাৎ॥ ২২॥
তদা দিতেঃ সমভবৎ সহসা হৃদি বেপথুঃ।
স্মরন্ত্যা ভর্ত্তুরাদেশং স্তনাচ্চাসৃক্ প্রসুস্রুবে॥ ২৩॥
ব্যুদস্তাসু স্বমায়াসু ভূয়শ্চাব্রজ্য কেশবম্।
রুষোপগূহমানোঽমুং দদৃশেঽবস্থিতং বহিঃ॥ ২৪॥
তং মুষ্টিভির্ব্বিনিঘ্নন্তং বজ্রসারৈরধোক্ষজঃ।
করেণ কর্ণমূলেঽহন্ যথা ত্বাষ্ট্রং মরুৎপতিঃ॥ ২৫॥

অন্বয়

ত্রিপাৎ (তখন যজ্ঞমূর্ত্তি) ভগবান্ (শ্রীহরি) প্রাদুষ্কৃতানাং (প্রকটিত) আসুরীণাং মায়ানাম্ (আসুরী মায়াসমূহের) বিনাশয়ৎ (বিনাশকারী) দয়িতং (প্রিয়) সুদর্শনাস্ত্রং (সুদর্শনাস্ত্র) প্রাযুঙ্‌ক্ত (প্রয়োগ করিলেন)॥ ২২॥

তদা (সেই সময়ে) ভর্ত্তুঃ (স্বামী কশ্যপের) আদেশং ("তোমার পুত্রদ্বয়কে ভগবান্ বিনাশ করিবেন" এই বাক্য) স্মরন্ত্যাঃ (স্মরণ করিয়া) দিতেঃ (দিতির) হৃদি (হৃদয়ে) সহসা (হঠাৎ) বেপথুঃ (কম্প) সমভবৎ (উপস্থিত হইল) স্তনাৎ চ (ও স্তন হইতে) অসৃক্ (রুধির) প্রসুস্রুবে (ক্ষরিত হইতে লাগিল)॥ ২৩॥

স্বমায়াসু ব্যুদস্তাসু (স্বীয় মায়া বিনষ্ট হইলে) [সেই হিরণ্যাক্ষদৈত্য] ভূয়ঃ চ (পুনরায়) কেশবম্ (শ্রীহরির সমীপে) আব্রজ্য (আসিয়া) রুষা (ক্রোধবশতঃ) উপগূহমানঃ [অপি] (বাহুদ্বয়ের মধ্যে রাখিয়া নিপীড়ন করিয়াও) অমুং (ঐ শ্রীহরিকে) বহিঃ অবস্থিতং দদৃশে (বাহিরে অবস্থিত দেখিতে পাইল)॥ ২৪॥

মরুৎপতিঃ (ইন্দ্র) যথা (যেমন) ত্বাষ্ট্রং (বৃত্রাসুরকে) [বজ্রদ্বারা বিনাশ করিয়াছিলেন, সেইরূপ]

অনুবাদ

তখন যজ্ঞমূর্ত্তি ভগবান্ শ্রীহরি আসুরীমায়াসমূহের বিনাশক অতিপ্রিয় সুদর্শনাস্ত্র প্রয়োগ করিলেন॥ ২২॥

এদিকে সেই সময়ে স্বামী কশ্যপের "তোমার পুত্রদ্বয়কে ভগবান্ বিনাশ করিবেন" এই বাক্য স্মরণ করিয়া দিতির হৃদয়ে সহসা কম্প উপস্থিত হইল ও তাঁহার স্তন হইতে রুধির ক্ষরিত হইতে লাগিল॥ ২৩॥

অনন্তর স্বীয় মায়া বিনষ্ট হইয়াছে দেখিয়া সেই হিরণ্যাক্ষদৈত্য ক্রোধবশতঃ পুনরায় শ্রীহরির সমীপে আগমন করিয়া তাঁহাকে বাহুবেষ্টনে নিপীড়ন করিতে লাগিল; কিন্তু তখনই শ্রীহরি বাহিরে অবস্থান করিতেছেন দেখিতে পাইল॥ ২৪॥

অনন্তর দেবরাজ ইন্দ্র যেমন বৃত্রাসুরকে বজ্রদ্বারা বিনাশ করিয়াছিলেন, সেইরূপ

টীকা

ত্রিপাৎ ত্রীণি সবনানি পাদা যস্য স তথা "ত্রয়োঽস্য পাদা" ইতি শ্রুতেঃ॥ ২২॥ ভর্ত্তুঃ "হনিষ্যত্যবতীর্য্যা-

স আহতো বিশ্বসৃজা হ্যবজ্ঞয়া পরিভ্রমদ্‌গাত্র উদস্তলোচনঃ।
বিশীর্ণবাহ্বঙ্ঘ্রিশিরোরুহোঽপতদ্ যথা নগেন্দ্রো লুলিতো নভস্বতা ॥২৬॥
ক্ষিতৌ শয়ানং তমকুণ্ঠবর্চ্চসং করালদংষ্ট্রং পরিদষ্টদচ্ছদম্।
অজাদয়ো বীক্ষ্য শশংসুরাগতা অহো ইমাং কো নু লভেত সংস্থিতিম্ ॥২৭॥
যং যোগিনো যোগসমাধিনা রহো ধ্যায়ন্তি লিঙ্গাদসতো মুমুক্ষয়া।
তস্যৈব দৈত্যঋষভঃ পদাহতো মুখং প্রপশ্যংস্তনুমুৎসসর্জ্জ হ ॥ ২৮ ॥

অন্বয়

অধোক্ষজঃ (ভগবান্ শ্রীহরি) বজ্রসারৈঃ (বজ্রসদৃশ কঠিন) মুষ্টিভিঃ (মুষ্টিদ্বারা) বিনিঘ্নন্তং (প্রহারকারী) তং (সেই অসুরকে) করেণ (হস্তদ্বারা) কর্ণমূলে অহন্ (কর্ণমূলে আঘাত করিলেন)॥ ২৫ ॥

নভস্বতা (বায়ুকর্ত্তৃক) লুলিতঃ (উন্মূলিত) নগেন্দ্রঃ (মহাবৃক্ষ) যথা (যেমন) [নিপতিত হয়, সেইরূপ] বিশ্বসৃজা (জগৎস্রষ্টা ভগবান্ শ্রীহরিকর্ত্তৃক) অবজ্ঞয়া আহতঃ (হেলায় আহত), পরিভ্রমদ্‌গাত্রঃ (ঘূর্ণিত কলেবর), উদস্তলোচনঃ (উদ্‌গতনেত্র) বিশীর্ণবাহ্বঙ্ঘ্রিশিরোরুহঃ (ও বিশীর্ণ হস্ত, পদ ও কেশবিশিষ্ট হইয়া) সঃ (সেই হিরণ্যাক্ষদৈত্য) অপতৎ (নিপতিত হইল)॥ ২৬ ॥

আগতাঃ (যুদ্ধদর্শনের নিমিত্ত সমাগত) অজাদয়ঃ (ব্রহ্মাদি দেবগণ) ক্ষিতৌ শয়ানং (ভূতলশায়ী), অকুণ্ঠবর্চ্চসং (অপ্রতিহত তেজোযুক্ত), করালদংষ্ট্রং (বিকটদশন), পরিদষ্টদচ্ছদম্ (এবং ওষ্ঠদংশনকারী) তং (সেই হিরণ্যাক্ষকে) বীক্ষ্য (দর্শন করিয়া) শশংসুঃ (বলিতে লাগিলেন) অহো! (আহা!) ইমাং সংস্থিতিম্ (এইরূপ পঞ্চত্ব) কঃ নু লভেত? (কোন্ ব্যক্তিই বা লাভ করিতে পারে?)॥ ২৭ ॥

যোগিনঃ (যোগিগণ) অসতঃ লিঙ্গাৎ (সূক্ষ্ম লিঙ্গশরীর হইতে) মুমুক্ষয়া (মুক্তিকামনায়)

অনুবাদ

বজ্রসদৃশ কঠিন মুষ্টিদ্বারা প্রহারকারী সেই হিরণ্যাক্ষদৈত্যকে ভগবান্ শ্রীহরিও হস্ত দ্বারা কর্ণমূলে আঘাত করিলেন॥ ২৫ ॥

বায়ুকর্ত্তৃক উন্মূলিত মহাবৃক্ষ যেমন নিপতিত হয়, সেইরূপ জগৎস্রষ্টা ভগবান্ শ্রীহরিকর্ত্তৃক হেলায় আহত হইয়া সেই হিরণ্যাক্ষদৈত্য ঘুরিতে ঘুরিতে নিপতিত হইল। তখন তাহার নেত্রদ্বয় উদ্‌গত এবং হস্ত, পদ ও কেশসমূহ বিধ্বস্ত হইয়াছিল॥ ২৬ ॥

যুদ্ধ দর্শনের নিমিত্ত সমাগত ব্রহ্মাদি দেবগণ বিকটদশন হিরণ্যাক্ষদৈত্যকে ধরাশায়ী দেখিতে পাইলেন; তাঁহারা দেখিলেন—পঞ্চত্বপ্রাপ্ত হইলেও তাহার তেজ কিছুমাত্র নিষ্প্রভ হয় নাই এবং সে অধরোষ্ঠ দংশন করিতেছে। তখন ব্রহ্মাদি দেবগণ বলিতে লাগিলেন—আহা! এই প্রকার মৃত্যু কোন্ ব্যক্তিই বা লাভ করিতে পারে?॥ ২৭ ॥

যোগিগণ সূক্ষ্ম লিঙ্গশরীর হইতে মুক্তি কামনায় নির্জ্জনে সমাধিযোগের দ্বারা যাঁহাকে

টীকা

সাবি"তি কশ্যপস্য আদেশম্॥ ২৩॥ ২৪॥ অহন্ জঘান॥ ২৫॥ পরিভ্রমদ্‌গাত্রং শরীরং যস্য সঃ॥ ২৬॥

এতৌ তৌ পার্ষদাবস্য শাপাদ্‌যাতাবসদ্‌গতিম্‌।
পুনঃ কতিপয়ৈঃ স্থানং প্রপৎস্যেতে হ জন্মভিঃ ॥ ২৯ ॥

শ্রীদেবা ঊচুঃ

নমো নমস্তেঽখিলযজ্ঞতন্তবে স্থিতৌ গৃহীতামলসত্ত্বমূর্ত্তয়ে।
দিষ্ট্যা হতোঽয়ং জগতামরুন্তুদ-স্ত্বৎপাদভক্ত্যা বয়মীশ! নির্বৃতাঃ ॥ ৩০ ॥

অন্বয়

রহঃ (নির্জ্জনে) যোগসমাধিনা (সমাধিযোগের দ্বারা) যং (যাঁহাকে) ধ্যায়ন্তি (ধ্যান করিয়া থাকেন), তস্য এব (সেই ভগবানেরই) পদাহতঃ (চরণের দ্বারা আহত হইয়া) দৈত্যঋষভঃ (দৈত্যশ্রেষ্ঠ হিরণ্যাক্ষ) মুখং (ভগবানের শ্রীমুখ) প্রপশ্যন্‌ (দর্শন করিতে করিতে) তনুং (শরীর) উৎসসর্জ্জ হ (পরিত্যাগ করিল)॥ ২৮॥

এতৌ তৌ (এই হিরণ্যাক্ষ ও হিরণ্যকশিপু) অস্য (ভগবানের) পার্ষদৌ (দ্বারপাল); শাপাৎ (ইহারা সনকাদি মুনিগণের শাপে) অসদ্‌গতিং (অসুরযোনি) যাতৌ (প্রাপ্ত হইয়াছে); পুনঃ (পুনরায়) কতিপয়ৈঃ জন্মভিঃ (কয়েক জন্মের পর) স্থানং (বৈকুণ্ঠস্থান) প্রপৎস্যেতে হ (প্রাপ্ত হইবে)॥ ২৯॥

শ্রীদেবাঃ ঊচুঃ (দেবগণ বলিলেন) অখিলযজ্ঞতন্তবে (সমস্তযজ্ঞের মূলস্বরূপ) স্থিতৌ (এবং জগৎপালনের নিমিত্ত) গৃহীতামলসত্ত্বমূর্ত্তয়ে (বিশুদ্ধসত্ত্বমূর্ত্তিধারী) তে (আপনাকে) নমঃ নমঃ (পুনঃ পুনঃ নমস্কার), জগতাম্‌ অরুন্তুদঃ (জগতের মর্ম্মপীড়াদায়ক) অয়ং (এই হিরণ্যাক্ষ) দিষ্ট্যা (সৌভাগ্যবশতঃ) হতঃ (বিনষ্ট হইয়াছে); ঈশ! (হে প্রভো!) বয়ং (আমরা) ত্বৎপাদভক্ত্যা (আপনার শ্রীচরণে ভক্তিহেতু) নির্বৃতাঃ (শান্তিলাভ করিলাম)॥ ৩০॥

অনুবাদ

নিরন্তর ধ্যান করিয়া থাকেন, সেই ভগবান্‌ শ্রীহরিরই চরণের দ্বারা আহত হইয়া দৈত্যশ্রেষ্ঠ এই হিরণ্যাক্ষ ভগবানের শ্রীমুখ দর্শন করিতে করিতে স্বীয় শরীর পরিত্যাগ করিল॥ ২৮॥

এই হিরণ্যাক্ষ ও হিরণ্যকশিপু ভগবান্‌ শ্রীহরির জয় ও বিজয় নামক দ্বারপাল; ইহারা সনকাদি মুনিগণের শাপে অসুরযোনি প্রাপ্ত হইয়াছে; কয়েক জন্ম পরেই আবার বৈকুণ্ঠধামে গমন করিবে॥ ২৯॥

অনন্তর দেবগণ বলিলেন—হে দেব! আপনি সমস্ত যজ্ঞের মূলস্বরূপ এবং এই জগৎ পালনের নিমিত্ত আপনি বিশুদ্ধ সত্ত্বমূর্ত্তি ধারণ করিয়া থাকেন; আপনাকে পুনঃ পুনঃ নমস্কার করিতেছি। জগতের মর্ম্মপীড়াদায়ক এই হিরণ্যাক্ষদৈত্য আমাদের পরম সৌভাগ্যের ফলেই আজ বিনষ্ট হইল; হে প্রভো! আপনার শ্রীচরণে ভক্তিহেতু আজ আমরা শান্তি লাভ করিলাম॥ ৩০॥

টীকা

স্থিতিং পঞ্চতাম্‌ ॥২৭॥ অসতঃ সূক্ষ্মাৎ ॥২৮॥ ২৯॥ অখিলযজ্ঞানাং তন্তবে মূলায় ॥৩০॥৩১॥ হে সুমিত্র! বিদুর!

শ্রীমৈত্রেয় উবাচ

এবং হিরণ্যাক্ষমসহ্যবিক্রমং স সাদয়িত্বা হরিরাদিশূকরঃ।
জগাম লোকং স্বমখণ্ডিতোৎসবং সমীড়িতঃ পুষ্করবিষ্টরাদিভিঃ ॥ ৩১ ॥
ময়া যথানূক্তমবাদি তে হরেঃ কৃতাবতারস্য সুমিত্র! চেষ্টিতম্।
যথা হিরণ্যাক্ষ উদারবিক্রমো মহামৃধে ক্রীড়নবন্নিরাকৃতঃ ॥ ৩২ ॥

শ্রীসূত উবাচ

ইতি কৌশারবাখ্যাতামাশ্রুত্য ভগবৎকথাম্।
ক্ষত্তানন্দং পরং লেভে মহাভাগবতো দ্বিজ! ॥ ৩৩ ॥

অন্বয়

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) এবম্ (এইরূপে) অসহ্যবিক্রমম্ (অসহনীয় পরাক্রমশালী) হিরণ্যাক্ষং (হিরণ্যাক্ষদৈত্যকে) সাদয়িত্বা (বিনাশ করিয়া) সঃ আদিশূকরঃ হরিঃ (সেই আদিবরাহ শ্রীহরি) পুষ্করবিষ্টরাদিভিঃ (ব্রহ্মাদি দেবগণকর্তৃক) সমীড়িতঃ (সংস্তুত হইয়া) অখণ্ডিতোৎসবং (পূর্ণানন্দময়) স্বং লোকং (স্বীয় বৈকুণ্ঠধামে) জগাম (গমন করিলেন) ॥ ৩১ ॥

সুমিত্র! (হে বিদুর!) যথা (যে প্রকারে) মহামৃধে (মহাযুদ্ধে) ক্রীড়নবৎ (ক্রীড়াপুত্তলিকার ন্যায়) উদারবিক্রমঃ (মহাপরাক্রমশালী) হিরণ্যাক্ষঃ (হিরণ্যাক্ষদৈত্য) [শ্রীহরিকর্তৃক] নিরাকৃতঃ (নিহত হইয়াছিল), কৃতাবতারস্য হরেঃ (বরাহরূপে অবতীর্ণ শ্রীহরির) [তৎ] চেষ্টিতং (সেই লীলাকার্য্য) তে (তোমার নিকটে) যথানূক্তং (গুরুমুখের উপদেশানুসারে) ময়া (আমাকর্তৃক) অবাদি (বর্ণিত হইল) ॥ ৩২ ॥

শ্রীসূতঃ উবাচ (সূত বলিলেন) দ্বিজ! (হে শৌনক!) মহাভাগবতঃ (পরমবৈষ্ণব) ক্ষত্তা (বিদুর) ইতি (পূর্ব্বোক্ত) কৌশারবাখ্যাতাং (কুশারুনন্দন মৈত্রেয়ঋষিকথিত) ভগবৎকথাং (শ্রীহরির লীলাচরিত্র) আশ্রুত্য (শ্রবণ করিয়া) পরম্ আনন্দং (পরমানন্দ) লেভে (লাভ করিলেন) ॥ ৩৩ ॥

অনুবাদ

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর! এইরূপে অসহনীয় পরাক্রমশালী হিরণ্যাক্ষ দৈত্যকে বিনাশ করিয়া আদিবরাহ ভগবান্ শ্রীহরি ব্রহ্মাদি দেবগণকর্তৃক সংস্তুত হইয়া পূর্ণানন্দময় স্বীয় বৈকুণ্ঠধামে গমন করিলেন ॥ ৩১ ॥

হে বিদুর! মহাযুদ্ধে মহাপরাক্রমশালী হিরণ্যাক্ষদৈত্যকে ক্রীড়াপুত্তলিকার ন্যায় যে প্রকারে শ্রীহরি সংহার করিয়াছিলেন, বরাহরূপে অবতীর্ণ শ্রীহরির সেই লীলাকার্য্য তোমার নিকটে আমি গুরুমুখে যেমন শুনিয়াছি তদনুযায়ী বর্ণনা করিলাম ॥ ৩২ ॥

সূত বলিলেন—হে শৌনক! পরমবৈষ্ণব বিদুর পূর্ব্বোক্ত মৈত্রেয়ঋষিবর্ণিত শ্রীহরির লীলাচরিত্র শ্রবণ করিয়া পরমানন্দ লাভ করিলেন ॥ ৩৩ ॥

টীকা

যথানূক্তং যথোপদেশং ময়া তে অবাদি তুভ্যং কথিতম্ ॥৩২॥ হে দ্বিজ! শৌনক! ॥৩৩॥৩৪॥৩৫॥৩৬॥৩৭॥

অন্যেষাং পুণ্যশ্লোকানামুদ্দামযশসাং সতাম্ ।
উপশ্রুত্য ভবেন্মোদঃ শ্রীবৎসাঙ্কস্য কিং পুনঃ ॥ ৩৪ ॥
যো গজেন্দ্রং ঋষগ্রস্তং ধ্যায়ন্তং চরণাম্বুজম্ ।
ক্রোশন্তীনাং করেণূনাং কৃচ্ছ্রতোঽমোচয়দ্দ্রুতম্ ॥ ৩৫ ॥
তং সুখারাধ্যমৃজুভিরনন্যশরণৈর্নৃভিঃ ।
কৃতজ্ঞঃ কো ন সেবেত দুরারাধ্যমসাধুভিঃ ॥ ৩৬ ॥
যো বৈ হিরণ্যাক্ষবধং মহাদ্ভুতং বিক্রীড়িতং কারণশূকরাত্মনঃ ।
শৃণোতি গায়ত্যনুমোদতেঽঞ্জসা বিমুচ্যতে ব্রহ্মবধাদপি দ্বিজ ! ॥৩৭ ॥

অন্বয়

[হে শৌনক ! যখন] উদ্দামযশসাম্ (বিপুলকীর্ত্তি) পুণ্যশ্লোকানাম্ (ও পবিত্রচরিত্র) অন্যেষাং সতাং (অপরাপর সাধুগণের) [কথা] উপশ্রুত্য (শ্রবণ করিয়া) মোদঃ ভবেৎ (আনন্দ হয়), [তখন] শ্রীবৎসাঙ্কস্য (শ্রীবৎসলাঞ্ছন শ্রীহরির) [কথা শ্রবণ করিয়া যে আনন্দ হইবে, ইহাতে] কিং পুনঃ (আর বক্তব্য কি ?) ॥ ৩৪ ॥

যঃ (যিনি) ঋষগ্রস্তং (মকরাক্রান্ত) চরণাম্বুজং ধ্যায়ন্তং (ও স্বীয় পাদপদ্ম চিন্তাকারী) ক্রোশন্তীনাং করেণূনাং (রোদনকারিণী হস্তিনীগণের) [পতিং] গজেন্দ্রং (পতি গজেন্দ্রকে) দ্রুতং (শীঘ্র) কৃচ্ছ্রতঃ (সঙ্কট হইতে) অমোচয়ৎ (মোচন করিয়াছিলেন), অনন্যশরণৈঃ (অনন্যগতি) ঋজুভিঃ (ও অকপট) নৃভিঃ (মনুষ্যগণের) সুখারাধ্যং (সুখারাধ্য) অসাধুভিঃ (ও অসজ্জনগণের) দুরারাধ্যং (দুরারাধ্য) তং (সেই ভগবান্‌কে) কঃ কৃতজ্ঞঃ (কোন্ কৃতজ্ঞ ব্যক্তি) ন সেবেত (সেবা না করিবেন ?) ॥ ৩৫ ॥ ৩৬ ॥

দ্বিজ ! (হে শৌনক !) যঃ (যে ব্যক্তি) কারণশূকরাত্মনঃ (যিনি পৃথিবী উদ্ধার ও দুষ্টাদি-দমনের জন্য বরাহরূপ ধারণ করিয়াছেন, সেই শ্রীহরির) মহাদ্ভুতং বিক্রীড়িতং (অতি অদ্ভুত লীলা) হিরণ্যাক্ষবধং (হিরণ্যাক্ষদৈত্যের বধবৃত্তান্ত) শৃণোতি (শ্রবণ করেন), গায়তি (কীর্ত্তন করেন) অনুমোদতে বৈ (ও অনুমোদন করেন), [সে ব্যক্তি] ব্রহ্মবধাদপি (ব্রহ্মবধের পাপ হইতেও) অঞ্জসা (অনায়াসে) বিমুচ্যতে (বিমুক্ত হইয়া থাকেন) ॥ ৩৭ ॥

অনুবাদ

হে শৌনক ! যখন বিপুলকীর্ত্তি ও পুণ্যশ্লোক অপরাপর সাধুগণের চরিত্রকথা শ্রবণ করিয়াই আনন্দ জন্মে, তখন শ্রীবৎসলাঞ্ছন শ্রীহরির কথা শ্রবণ করিয়া যে আনন্দ জন্মিবে এ বিষয়ে আর বক্তব্য কি ? ॥ ৩৪ ॥

জলজন্তুকর্ত্তৃক আক্রান্ত হইয়া ভগবানের চরণকমলধ্যানকারী রোদনকারিণী হস্তিনীগণের পতি গজেন্দ্রকে যিনি অবিলম্বে সঙ্কট হইতে মুক্ত করিয়াছিলেন এবং যিনি অনন্যশরণ অকপট সাধুগণের সুখারাধ্য ও অসজ্জনগণের দুরারাধ্য, সেই ভগবান্‌কে কোন্ কৃতজ্ঞ ব্যক্তি সেবা না করিবেন ? ॥ ৩৫ ॥ ৩৬ ॥

হে শৌনক ! যিনি আদিবরাহ শ্রীহরির অতি অদ্ভুত হিরণ্যাক্ষদৈত্যের

এতন্মহাপুণ্যমলং পবিত্রং ধন্যং যশস্যং পদমায়ুরাশিষাম্ ।
প্রাণেন্দ্রিয়াণাং যুধি শৌর্য্যবর্দ্ধনং নারায়ণোঽন্তে গতিরঙ্গ ! শৃণ্বতাম্ ॥ ৩৮ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে
হিরণ্যাক্ষবধো নাম একোনবিংশোঽধ্যায়ঃ ॥ ১৯ ॥

অন্বয়

অঙ্গ ! (হে শৌনক !) মহাপুণ্যং (স্বর্গাদিফলপ্রদ), অলং পবিত্রং (পরমপাবন), ধন্যং (ধনপ্রদ), যশস্যং (কীর্ত্তিকর), আয়ুরাশিষাম্ (আয়ু ও আশীর্ব্বাদের) পদং (আস্পদ) যুধি (এবং সংগ্রামে) প্রাণেন্দ্রিয়াণাং (প্রাণ ও ইন্দ্রিয়সমূহের) শৌর্য্যবর্দ্ধনং (শক্তিবর্দ্ধক) এতৎ (এই বরাহলীলা) শৃণ্বতাম্ (শ্রবণকারী সজ্জনগণের) অন্তে (অন্তকালে) নারায়ণঃ গতিঃ (ভগবদ্গতি হইয়া থাকে) ॥ ৩৮ ॥

অনুবাদ

বধলীলা শ্রবণ, কীর্ত্তন ও অনুমোদন করেন, তিনি ব্রহ্মবধের পাপ হইতেও অনায়াসে বিমুক্ত হইয়া থাকেন ॥ ৩৭ ॥

হে শৌনক ! এই বরাহচরিত্র স্বর্গাদিফলপ্রদ, পরমপাবন, ধনপ্রদ, কীর্ত্তিকর, আয়ু ও আশীর্ব্বাদের আস্পদ এবং সংগ্রামে প্রাণ ও ইন্দ্রিয় সমূহের শক্তিবর্দ্ধক ; যাঁহারা এই বরাহ-চরিত্র শ্রবণ করেন, তাঁহারা অন্তকালে ভগবদ্গতি লাভ করিয়া থাকেন ॥ ৩৮ ॥

ঊনবিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ১৯ ॥

টীকা

এতদ্বরাহবিক্রীড়িতং পদং রক্ষকম্ ॥ ৩৮ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে তৃতীয়স্কন্ধে শ্রীমচ্ছুকদেবকৃতসিদ্ধান্তপ্রদীপে
একোনবিংশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ১৯ ॥

বিংশোঽধ্যায়ঃ

শ্রীশৌনক উবাচ

মহীং প্রতিষ্ঠামধ্যস্য সৌতে ! স্বায়ম্ভুবো মনুঃ।
কান্যন্বতিষ্ঠদ্দ্বারাণি মার্গায়াবরজন্মনাম্ ॥১॥
ক্ষত্তা মহাভাগবতঃ কৃষ্ণস্যৈকান্তিকঃ সুহৃৎ।
যস্তত্যাজাগ্রজং কৃষ্ণে সাপত্যমঘবানিতি ॥২॥
দ্বৈপায়নাদনবরো মহিত্বে তস্য দেহজঃ।
সর্ব্বাত্মনাশ্রিতঃ কৃষ্ণং তৎপরাংশ্চাপ্যনুব্রতঃ ॥৩॥

অন্বয়

শ্রীশৌনকঃ উবাচ (শৌনক বলিলেন) সৌতে! (হে রোমহর্ষণপুত্র সূত!) স্বায়ম্ভুবঃ মনুঃ (স্বায়ম্ভুব মনু) মহীং (পৃথিবীকে) প্রতিষ্ঠাং (আশ্রয়রূপে) অধ্যস্য (প্রাপ্ত হইয়া) অবরজন্মনাং (পরে জন্ম যাহাদের, তাহাদের) মার্গায় (উৎপত্তির নিমিত্ত) কানি দ্বারাণি (কি কি উপায়) অন্বতিষ্ঠৎ (অনুষ্ঠান করিলেন ?) ॥১॥

মহাভাগবতঃ (পরমবৈষ্ণব) ক্ষত্তা (বিদুর) কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) ঐকান্তিকঃ সুহৃৎ (একান্ত ভক্ত)। কৃষ্ণে অঘবান্ ইতি (ভগবান্ কৃষ্ণের সমীপে অপরাধী এই কারণে) সাপত্যং (পুত্রগণের সহিত) অগ্রজং (জ্যেষ্ঠ ভ্রাতা ধৃতরাষ্ট্রকে) যঃ (বিদুর) তত্যাজ (পরিত্যাগ করিয়াছিলেন) ॥ ২ ॥

তস্য (ব্যাসদেবের) দেহজঃ (অঙ্গজ বিদুর) মহিত্বে (মহিমায়) দ্বৈপায়নাৎ (দ্বৈপায়ন ব্যাসদেব হইতে) অনবরঃ (কম নহেন); [তিনি] সর্ব্বাত্মনা (সর্ব্বান্তঃকরণে) কৃষ্ণং আশ্রিতঃ (শ্রীকৃষ্ণকে আশ্রয় করিয়াছিলেন) তৎপরান্ চ অপি (এবং শ্রীকৃষ্ণের ভক্তগণেরও) অনুব্রতঃ (অনুগত ছিলেন) ॥৩॥

অনুবাদ

শৌনক বলিলেন—হে সূত ! স্বায়ম্ভুব মনু পৃথিবীকে আশ্রয়রূপে লাভ করিয়া পরে যাহাদের জন্ম হইয়াছে, তাহাদের উৎপত্তির নিমিত্ত কি কি উপায় অনুষ্ঠান করিলেন ? ॥ ১ ॥

'পরমবৈষ্ণব বিদুর ভগবান্ শ্রীকৃষ্ণের অসাধারণ ভক্ত ; ভগবান্ শ্রীকৃষ্ণের মন্ত্রণা অনাদর করায় ভগবৎসমীপে অপরাধী হইয়াছে বলিয়া দুর্য্যোধনাদি পুত্রগণের সহিত জ্যেষ্ঠ ভ্রাতা ধৃতরাষ্ট্রকে বিদুর পরিত্যাগ করিয়াছিলেন ॥ ২ ॥

ব্যাসদেবের আত্মজ বিদুর মহিমায় তাঁহার অপেক্ষা কম ছিলেন না ; তিনি সর্ব্বান্তঃকরণে ভগবান্ শ্রীকৃষ্ণের আশ্রিত ছিলেন এবং শ্রীকৃষ্ণের ভক্তগণেরও অনুগত ছিলেন ॥ ৩ ॥

টীকা

এবং চতুর্ম্মুখকর্ত্তৃক সর্গপ্রকরণে সপ্তভিরধ্যায়ৈঃ প্রাসঙ্গিকং বরাহচরিত্রং বর্ণিতম্। সম্প্রতি অবশিষ্টশ্চতুর্ম্মুখকৃতঃ সর্গঃ মহদাদ্যুৎপত্ত্যনুবাদপূর্ব্বকং বর্ণ্যতে বিংশেনাধ্যায়েন। প্রতিষ্ঠাং স্থানং প্রাপ্য অবরমর্ব্বাচীনং জন্ম যেষাং তেষাং মার্গায় উৎপত্তয়ে কানি দ্বারাণি সাধনানি অন্বতিষ্ঠৎ অনুষ্ঠিতবান্ ॥ ১ ॥ সাপত্যম্

কিমন্বপৃচ্ছন্মৈত্রেয়ং বিরজাস্তীর্থসেবয়া।
উপগম্য কুশাবর্ত্ত আসীনং তত্ত্ববিত্তমম্ ॥৪॥
তয়োঃ সংবদতোর্নূনং প্রবৃত্তা হ্যমলাঃ কথাঃ।
আপো গাঙ্গ্য ইবাঘঘ্নীর্হরেঃ পাদাম্বুজাশ্রয়াঃ ॥৫॥
তা নঃ কীর্ত্তয় ভদ্রন্তে কীর্ত্তন্যোদারকর্ম্মণঃ।
রসজ্ঞঃ কো নু তৃপ্যেত হরিলীলামৃতং পিবন্ ॥৬॥

অন্বয়

তীর্থসেবয়া (তীর্থপর্য্যটনে) বিরজাঃ (পাপক্ষয় করিয়া বিদুর) কুশাবর্ত্তে (গঙ্গাদ্বারে) উপগম্য (উপস্থিত হইয়া) আসীনম্ (উপবিষ্ট) তত্ত্ববিত্তমম্ (তত্ত্বজ্ঞানী) মৈত্রেয়ং (মৈত্রেয়ঋষিকে) কিম্ অন্বপৃচ্ছৎ (কি জিজ্ঞাসা করিয়াছিলেন?) ॥৪॥

সংবদতোঃ তয়োঃ (পরস্পর কথোপকথন সময়ে তাহাদের) নূনং (নিশ্চয়ই) গাঙ্গ্যঃ আপঃ ইব (পাপনাশক গঙ্গাজলের ন্যায়) অঘঘ্নীঃ (পাপনাশক) হরেঃ পাদাম্বুজাশ্রয়াঃ (শ্রীহরির পাদপদ্মাশ্রিত) অমলাঃ কথাঃ হি (পবিত্র কথাই) প্রবৃত্তাঃ (আলোচিত হইয়াছিল)। [অঘঘ্নীঃ, পাদাম্বুজাশ্রয়াঃ, অমলাঃ এই বিশেষণ তিনটি গঙ্গা পক্ষেও বুঝিতে হইবে] ॥৫॥

কীর্ত্তন্যোদারকর্ম্মণঃ (যাঁহার উদার কর্ম্মসকল সর্ব্বদা কীর্ত্তনীয়, সেই শ্রীহরির) তাঃ (উদার কীর্ত্তিসকল) নঃ (আমাদের নিকটে) কীর্ত্তয় (কীর্ত্তন করুন); তে (আপনার) ভদ্রম্ [অস্তু] (মঙ্গল হউক)। [হে মুনে!] রসজ্ঞঃ কঃ (রসজ্ঞ কোন্ ব্যক্তি) হরিলীলামৃতং (শ্রীহরির লীলামৃত) পিবন্ (পান করতঃ) তৃপ্যেত নু (তৃপ্তিলাভ করিতে পারে?) [অর্থাৎ পর্য্যাপ্তবোধে কেহই পরিতৃপ্ত হইতে পারে না; আরও শুনিবার আকাঙ্ক্ষাই থাকে] ॥৬॥

অনুবাদ

বিদুর তীর্থপর্য্যটনে পাপক্ষয় করতঃ গঙ্গাদ্বারে উপনীত হইয়া উপবিষ্ট পরমতত্ত্বজ্ঞানী মৈত্রেয়ঋষিকে পুনরায় কি কি জিজ্ঞাসা করিয়াছিলেন? ॥ ৪ ॥

বিদুর ও মৈত্রেয়ঋষির কথোপকথনসময়ে অবশ্যই শ্রীহরির পাদপদ্মনিঃসৃত পবিত্র গঙ্গাজলের ন্যায় পাপবিনাশক শ্রীহরির পবিত্র কথাই আলোচনা হইয়াছিল ॥ ৫ ॥

যাঁহার উদার কর্ম্ম সকল সর্ব্বদা কীর্ত্তনীয়, সেই শ্রীহরির উদার লীলাকীর্ত্তি আপনি আমাদের নিকটে কীর্ত্তন করুন; আপনার মঙ্গল হউক। হে মুনে! রসজ্ঞ কোন্ ব্যক্তিই বা শ্রীহরির লীলারূপ অমৃত কর্ণবিবরের দ্বারা পান করিয়া তৃপ্তি লাভ করিতে পারে? অর্থাৎ পর্য্যাপ্তবোধে কেহই পরিতৃপ্ত হইতে পারে না; পরন্তু শ্রবণেচ্ছা উত্তরোত্তর আরও বৃদ্ধি পাইতেই থাকে ॥ ৬ ॥

টীকা

দুর্য্যোধনাদিসহিতম্ ॥ ২ ॥ ৩ ॥ কুশাবর্ত্তে দ্যুনদ্যাঃ দ্বারি ॥ ৪ ॥ অঘঘ্নীঃ অঘঘ্ন্যঃ হরেঃ কথাঃ প্রবৃত্তাঃ ॥৫॥৬॥ এবমিতি শ্রীব্যাসোক্তিঃ, অর্পিতমধ্যাত্মং মনো যেন সঃ ॥ ৭ ॥ স্বমায়য়া স্বেন বয়ুনেন সঙ্কল্পেনেত্যর্থঃ।

এবমুগ্রশ্রবাঃ পৃষ্ট ঋষিভির্নৈমিষায়নৈঃ।
ভগবত্যর্পিতাধ্যাত্মস্তানাহ শ্রূয়তামিতি ॥৭॥

শ্রীসূত উবাচ

হরের্ধৃতক্রোড়তনোঃ স্বমায়য়া নিশম্য গোরুদ্ধরণং রসাতলাৎ।
লীলাং হিরণ্যাক্ষমবজ্ঞয়া হতং সঞ্জাতহর্ষো মুনিমাহ ভারতঃ ॥৮॥

শ্রীবিদুর উবাচ

প্রজাপতিপতিঃ সৃষ্ট্বা প্রজাসর্গে প্রজাপতীন্।
কিমারভত মে ব্রহ্মন্! প্রব্রূহ্যব্যক্তমার্গবিৎ ॥৯॥

অন্বয়

নৈমিষায়নৈঃ (নৈমিষারণ্যবাসী) ঋষিভিঃ (শৌনকাদি ঋষিগণকর্ত্তৃক) এবং (এইরূপ) পৃষ্টঃ (জিজ্ঞাসিত হইয়া) উগ্রশ্রবাঃ (রোমহর্ষণপুত্র সূত) ভগবতি (ভগবান্ শ্রীহরিতে) অর্পিতাধ্যাত্মঃ (নিবিষ্টচিত্ত হইয়া) শ্রূয়তাম্ ইতি (শ্রবণ করুন ইহা) তান্ (তাঁহাদিগকে) আহ (বলিলেন) ॥৭॥

শ্রীসূতঃ উবাচ (সূত বলিলেন) স্বমায়য়া (স্বীয় সঙ্কল্পদ্বারা) ধৃতক্রোড়তনোঃ (বরাহশরীরধারী) হরেঃ (শ্রীহরির) রসাতলাৎ (রসাতল হইতে) গোঃ (পৃথিবীর) উদ্ধরণম্ লীলাম্ (উদ্ধারলীলা) অবজ্ঞয়া (ও অনায়াসে) হিরণ্যাক্ষং হতং (হিরণ্যাক্ষদৈত্যের বিনাশ) নিশম্য (শ্রবণ করিয়া) সঞ্জাতহর্ষঃ (আনন্দিত হইয়া) ভারতঃ (বিদুর) মুনিম্ (মৈত্রেয়ঋষিকে) আহ (বলিলেন) ॥৮॥

শ্রীবিদুরঃ উবাচ (বিদুর বলিলেন) ব্রহ্মন্! (হে মৈত্রেয়!) প্রজাপতিপতিঃ (প্রজাপতিগণের পতি ব্রহ্মা) প্রজাসর্গে (প্রজাসৃষ্টিবিষয়ে) প্রজাপতীন্ (মরীচ্যাদি প্রজাপতিগণকে) সৃষ্ট্বা (সৃষ্টি করিয়া) কিং (কোন্ কার্য্য) আরভত (আরম্ভ করিলেন?) অব্যক্তমার্গবিৎ (ভূত ও ভবিষ্যৎ বিষয়ে জ্ঞানী আপনি) মে (আমাকে) প্রব্রূহি (তাহা বলুন) ॥৯॥

অনুবাদ

নৈমিষারণ্যবাসী শৌনকাদি ঋষিগণকর্ত্তৃক এইরূপে জিজ্ঞাসিত হইয়া রোমহর্ষণপুত্র সূত ভগবান্ শ্রীহরিতে মনোনিবেশ করিয়া "আপনারা শ্রবণ করুন" ইহা তাঁহাদিগকে বলিলেন ॥ ৭ ॥

সূত বলিলেন—স্বীয় সঙ্কল্পদ্বারা যিনি বরাহশরীর ধারণ করিয়াছেন, সেই শ্রীহরির রসাতল হইতে পৃথিবীর উদ্ধারলীলা ও অনায়াসে হিরণ্যাক্ষদৈত্যের বিনাশ শ্রবণ করিয়া বিদুর আনন্দিত হইয়া মৈত্রেয়ঋষিকে জিজ্ঞাসা করিলেন ॥৮॥

বিদুর জিজ্ঞাসা করিলেন—হে ব্রহ্মন্! প্রজাপতিগণের পতি ব্রহ্মা প্রজাসৃষ্টিবিষয়ে মরীচ্যাদি প্রজাপতিগণকে সৃষ্টি করিয়া অনন্তর কি কার্য্য আরম্ভ করিলেন? আপনি ভূত ও ভবিষ্যদ্বিষয় সমস্তই জানেন; অতএব আমাকে সেই সমস্ত বলুন ॥ ৯ ॥

টীকা

ধৃতক্রোড়তনোঃ গোঃ ভূমেঃ উদ্ধরণং লীলামবজ্ঞয়া হিরণ্যাক্ষং হতং চ নিশম্য শ্রুত্বা ভারতো বিদুরঃ ॥ ৮ ॥ ৯ ॥

যে মরীচ্যাদয়ো বিপ্রা যস্ত স্বায়ম্ভুবো মনুঃ।
তে বৈ ব্রহ্মণ আদেশাৎ কথমেতদভাবয়ন্ ॥১০॥
সদ্বিতীয়াঃ কিমসৃজন্ স্বতন্ত্রা উত কর্ম্মসু।
আহোস্বিৎ সংহতাঃ সর্ব্ব ইদং স্ম সমকল্পয়ন্ ॥১১॥

শ্রীমৈত্রেয় উবাচ

দৈবেন দুর্ব্বিতর্ক্যেণ পরেণানিমিষেণ চ।
জাতক্ষোভাদ্ভগবতো মহানাসীদ্ গুণত্রয়াৎ ॥১২॥

অন্বয়

মরীচ্যাদয়ঃ যে বিপ্রাঃ (মরীচ্যাদি বিপ্রগণ), যঃ তু স্বায়ম্ভুবঃ মনুঃ (আর স্বায়ম্ভুব মনু), তে বৈ (তাহারা সকলে) ব্রহ্মণঃ আদেশাৎ (ব্রহ্মার আদেশে) কথং (কি প্রকারে) এতৎ (তাঁহাদের পুত্র-পৌত্রাদি) অভাবয়ন্ (জন্মাইয়াছেন) ॥১০॥

[তে] সর্ব্বে (তাঁহারা সকলে) সদ্বিতীয়াঃ (সস্ত্রীক হইয়াই) কিং (কি) ইদং (এই ব্রাহ্মণাদিকে) অসৃজন্ (সৃষ্টি করিয়াছেন ?) উত (কিম্বা) স্বতন্ত্রাঃ (স্বতন্ত্রভাবে নিজেরাই) [সৃষ্টি করিয়াছেন ?] আহোস্বিৎ (অথবা) কর্ম্মসু (নানাব্যাপারে) সংহতাঃ (মিলিত হইয়া) ইদং (এই ব্রাহ্মণাদিকে) সমকল্পয়ন্ স্ম (সৃষ্টি করিয়াছেন ?) ॥ ১১ ॥

[এক্ষণে মৈত্রেয়ঋষি "ব্রহ্মা প্রজাপতিগণকে সৃষ্টি করিয়া পরে কি কার্য্য করিয়াছিলেন ?" এই প্রশ্নের উত্তরে ব্রহ্মার সৃষ্টি বলিবার জন্য প্রথমতঃ সাতটি শ্লোকে মহদাদিসৃষ্টির অনুবাদ করিতেছেন]—
মৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) দুর্ব্বিতর্ক্যেণ দৈবেন (দুর্জ্ঞেয় জীবাদৃষ্ট), পরেণ (ভগবদবতাররূপ পুরুষ) অনিমিষেণ চ (ও কালহেতু) ভগবতঃ (বিশ্বের উপাদান ও নিমিত্তকারণ চিদচিচ্ছক্তিমান্ ভগবানের) জাতক্ষোভাৎ (ক্ষোভযুক্ত) গুণত্রয়াৎ (গুণত্রয়াত্মক প্রকৃতি হইতে) মহান্ আসীৎ (মহত্তত্ত্ব উৎপন্ন হইয়া থাকে) ॥ ১২ ॥

অনুবাদ

হে ব্রহ্মন্ ! মরীচ্যাদি বিপ্রগণ ও স্বায়ম্ভুব মনু ব্রহ্মার আদেশে কি প্রকারে তাঁহাদের পুত্রপৌত্রাদি জন্মাইয়াছিলেন ? ॥ ১০ ॥

হে ব্রহ্মন্ ! তাঁহারা সকলে সস্ত্রীক হইয়াই কি এই ব্রাহ্মণাদিগকে সৃষ্টি করিয়াছেন ? কিম্বা স্বতন্ত্রভাবে কেবল নিজেরাই সৃষ্টি করিয়াছেন ? অথবা তাঁহারা নানাব্যাপারে মিলিত হইয়া সৃষ্টি করিয়াছেন ? ॥ ১১॥

["ব্রহ্মা প্রজাপতিগণকে সৃষ্টি করিয়া পরে কি কার্য্য আরম্ভ করিয়াছিলেন" এই প্রশ্নের

টীকা

এতৎ তৎপুত্রপৌত্রাদিকম্ কথং কেন প্রকারেণ অভাবয়ন্ জনয়ামাসুঃ ॥ ১০ ॥ ইদং ব্রাহ্মণাদিকং সদ্বিতীয়াঃ সভার্য্যাঃ কিম্বা স্বতন্ত্রাঃ ভার্য্যানপেক্ষাঃ, আহোস্বিৎ কর্ম্মসু নানাব্যাপারেষু সংহতাঃ ইদং স্বানুরূপং কার্য্যং সমকল্পয়ন্ অসৃজন্ ॥ ১১ ॥ "প্রজাপতিপতিঃ সৃষ্ট্বা প্রজাসর্গে প্রজাপতীন্ কিমারভতেতি" প্রশ্ন-প্রতিবচনার্থম্ অবশিষ্টং চতুর্ম্মুখকৃতং সর্গং বক্তুং মহদাদ্যুৎপত্তিমনুবদতি দৈবেনেতি সপ্তভিঃ। দুর্ব্বিতর্ক্যেণ

রজঃপ্রধানান্মহতস্ত্রিলিঙ্গো দৈবচোদিতাৎ।
জাতঃ সসর্জ্জ ভূতাদির্ব্বিয়দাদীনি পঞ্চশঃ ॥১৩॥
তানি চৈকৈকশঃ স্রষ্টুমসমর্থানি ভৌতিকম্।
সংহত্য দৈবযোগেন হৈমমণ্ডমবাসৃজন্ ॥১৪॥

অন্বয়

[মহত্তত্ত্ব স্বভাবতঃ সত্ত্বপ্রধান হইলেও ভূতাদির উৎপত্তিসময়ে রজঃপ্রধান হইয়া থাকে] দৈবচোদিতাৎ (দৈবপ্রেরিত) রজঃপ্রধানাৎ (রজঃপ্রধান) মহতঃ (মহত্তত্ত্ব হইতে) ত্রিলিঙ্গঃ (ত্রিগুণাত্মক) ভূতাদিঃ (অহঙ্কার) জাতঃ [সন্] (উৎপন্ন হইয়া) বিয়দাদীনি পঞ্চশঃ (আকাশাদি পঞ্চতন্মাত্র, পঞ্চমহাভূত, পঞ্চজ্ঞানেন্দ্রিয়, পঞ্চকর্ম্মেন্দ্রিয়, পঞ্চজ্ঞানেন্দ্রিয়দেবতা ও পঞ্চকর্ম্মেন্দ্রিয়দেবতা এই প্রকার পাঁচ পাঁচটি) সসর্জ্জ (সৃষ্টি করিয়া থাকে) ॥ ১৩ ॥

তানি চ (তাহারা) একৈকশঃ (প্রত্যেকে পৃথক্ পৃথক্ ভাবে) স্রষ্টুম্ (সৃষ্টি করিতে) অসমর্থানি (অসমর্থ হইয়া) দৈবযোগেন (দৈব সহায়ে) সংহত্য (পরস্পর মিলিত হইয়া) ভৌতিকং হৈমম্ অণ্ডম্ (ভৌতিক হেমময় অণ্ড) অবাসৃজন্ (সৃষ্টি করিয়া থাকে) ॥ ১৪ ॥

অনুবাদ

উত্তরে ব্রহ্মার সৃষ্টি বলিবার জন্য প্রথমতঃ সাতটি শ্লোকে মহদাদিসৃষ্টির পুনরুল্লেখ করিতেছেন] মৈত্রেয়ঋষি বলিলেন—দুর্জ্ঞেয় জীবাদৃষ্ট, ভগবদবতাররূপ পুরুষ ও কাল এই ত্রিবিধ কারণের দ্বারা বিশ্বের উপাদান ও নিমিত্তকারণ ভগবানের ত্রিগুণাত্মিকা প্রকৃতিশক্তির ক্ষোভ উৎপন্ন হইলে তাহা হইতে মহত্তত্ত্ব উৎপন্ন হইয়া থাকে ॥ ১২ ॥

মহত্তত্ত্ব স্বভাবতঃ সত্ত্বপ্রধান হইলেও ভূতাদির উৎপত্তিসময়ে রজঃপ্রধান হইয়া থাকে; দৈবপ্রেরিত রজঃপ্রধান মহত্তত্ত্ব হইতে ত্রিগুণাত্মক অহঙ্কার উৎপন্ন হইয়া থাকে। ঐ সাত্ত্বিক, রাজসিক ও তামসিক অহঙ্কার হইতে আকাশাদি পঞ্চতন্মাত্র, পঞ্চমহাভূত, পঞ্চজ্ঞানেন্দ্রিয়, পঞ্চকর্ম্মেন্দ্রিয়, পঞ্চজ্ঞানেন্দ্রিয়দেবতা ও পঞ্চকর্ম্মেন্দ্রিয়দেবতা উৎপন্ন হইয়া থাকে ॥ ১৩ ॥

তাহারা প্রত্যেকে পৃথক্ পৃথক্‌ভাবে সৃষ্টি করিতে অসমর্থ হইয়া দৈবযোগে পরস্পর মিলিত হইয়া ভৌতিক হেমময় অণ্ডকোষ সৃষ্টি করিল ॥ ১৪ ॥

টীকা

দৈবেন জীবাদৃষ্টেন পরঃ ভগবদবতাররূপঃ পুরুষঃ "ত্বত্তঃ পুমান্ সমধিগম্য যয়াস্য বীর্য্যং ধত্তে মহান্তমি"ত্যেকাদশে বক্ষ্যমাণঃ তেন অনিমিষেণ কালেন চ শক্তিভূতেন হেতুনা ভগবতঃ চিদচিচ্ছক্তিমতঃ বিশ্বোপাদাননিমিত্তহেতোঃ জাতক্ষোভং যদ্‌গুণত্রয়ং ব্রহ্মাত্মকং প্রধানং তস্মাৎ মহানাসীদিত্যন্বয়ঃ ॥১২॥ স্বতঃ সত্ত্বপ্রধানোঽপি মহান্ ভূতাদ্যুৎপত্তিসময়ে কার্য্যানুগুণঃ রজঃপ্রধানো ভবতি। তস্মাৎ ত্রিলিঙ্গঃ ত্রিগুণঃ ভূতাদিরহঙ্কারঃ জাতঃ সন্ বিয়দাদীনি পঞ্চতন্মাত্রাণি, পঞ্চমহাভূতানি, পঞ্চজ্ঞানেন্দ্রিয়াণি, পঞ্চকর্ম্মেন্দ্রিয়াণি, পঞ্চজ্ঞানেন্দ্রিয়দেবতাঃ, পঞ্চকর্ম্মেন্দ্রিয়দেবতাঃ ইত্যেবং পঞ্চশঃ সসর্জ্জ ॥ ১৩ ॥ ১৪ ॥ ঈশ্বরানধিষ্ঠিতত্বাৎ পূর্ব্বং নিরাত্মকঃ, পুনঃ সাত্মকো জাত ইত্যাহ—তমীশ্বর ইতি। অন্ববাৎসীৎ তদন্তঃ প্রবিশ্য শয়ান আসীৎ ॥ ১৫ ॥ সহস্রার্কেভ্যোঽ-

সোঽশয়িষ্টাব্ধিসলিলে অণ্ডকোষো নিরাত্মকঃ।
সাগ্রং বৈ বর্ষসাহস্রমন্ববাৎসীৎ তমীশ্বরঃ ॥১৫॥
তস্য নাভেরভূৎ পদ্মং সহস্রার্কোরুদীধিতি।
সর্ব্বজীবনিকায়ৌকো যত্র স্বয়মভূৎ স্বরাট্ ॥১৬॥
সোঽনুবিষ্টো ভগবতা যঃ শেতে সলিলাশয়ে।
লোকসংস্থাং যথাপূর্ব্বং নির্ম্মমে সংস্থয়া স্বয়া ॥ ৭॥
সসর্জ্জ ছায়য়াবিদ্যাং পঞ্চপর্ব্বাণমগ্রতঃ।
তামিস্রমন্ধতামিস্রং তমো মোহো মহাতমঃ ॥১৮॥

অন্বয়

নিরাত্মকঃ (চেতনরহিত) সঃ অণ্ডকোষঃ (সেই হেমময় অণ্ডকোষ) অব্ধিসলিলে (কারণার্ণব জলে) সাগ্রং (কিঞ্চিদধিক) বর্ষসাহস্রং বৈ (সহস্র বৎসর) অশয়িষ্ট (শয়ন করিয়া থাকে)। [অনন্তর] ঈশ্বরঃ তম্ (ঈশ্বর সেই অণ্ডমধ্যে) অন্ববাৎসীৎ (শয়ান হন) ॥ ১৫ ॥

তস্য (সেই ভগবানের অর্থাৎ নারায়ণের) নাভেঃ (নাভি হইতে) সহস্রার্কোরুদীধিতি (সহস্র সূর্য্যের দীপ্তি হইতেও অধিক দীপ্তিসম্পন্ন) সর্ব্বজীবনিকায়ৌকঃ (জীবসমূহের আবাসস্থান) পদ্মম্ অভূৎ (পদ্ম উৎপন্ন হইয়াছে); যত্র (যে পদ্মে) স্বয়ং স্বরাট্ (স্বয়ং ব্রহ্মা) অভূৎ (উৎপন্ন হইয়াছেন) ॥১৬॥

যঃ (যিনি) সলিলাশয়ে শেতে (জলমধ্যে শয়ন করিয়াছেন), ভগবতা (সেই ভগবৎকর্ত্তৃক) অনুবিষ্টঃ (অধিষ্ঠিত হইয়া) সঃ (ব্রহ্মা) স্বয়া সংস্থয়া (স্বীয় সংস্থা অর্থাৎ নামরূপাদিক্রমে) যথাপূর্ব্বং (পূর্ব্বকল্পানুসারে) লোকসংস্থাং (লোকপরম্পরা) নির্ম্মমে (সৃষ্টি করিলেন) ॥ ১৭ ॥

[ব্রহ্মা] অগ্রতঃ (প্রথমে) ছায়য়া (তমোময় শরীরের দ্বারা) তামিস্রম্, অন্ধতামিস্রং, তমঃ, মোহঃ, মহাতমঃ (তামিস্র, অন্ধতামিস্র, তমঃ, মোহ ও মহামোহ) [ইতি] পঞ্চপর্ব্বাণং (এই পঞ্চগ্রন্থিবিশিষ্টা) অবিদ্যাং (অনাদি অজ্ঞানরূপা অবিদ্যা) সসর্জ্জ (সৃষ্টি করিলেন) ॥ ১৮ ॥

অনুবাদ

চেতনরহিত সেই হেমময় অণ্ডকোষ কারণার্ণবজলে কিঞ্চিদধিক সহস্রবৎসর কাল শয়ান রহিল। অনন্তর ঈশ্বর সেই অণ্ডমধ্যে প্রবিষ্ট হইয়া শয়ান হইলেন ॥ ১৫ ॥

অনন্তর সেই ভগবানের নাভি হইতে সহস্রসূর্য্যের দীপ্তি হইতেও অধিক দীপ্তিসম্পন্ন জীবসমূহের আবাসস্থান এক পদ্ম উৎপন্ন হইল; এই পদ্মে স্বয়ং ব্রহ্মা উৎপন্ন হইলেন ॥১৬॥

যিনি জলমধ্যে শয়ান আছেন, সেই নারায়ণকর্ত্তৃক অধিষ্ঠিত হইয়া ব্রহ্মা নাম-রূপাদিক্রমে পূর্ব্বকল্পানুসারে লোক সৃষ্টি করিলেন ॥১৭॥

ব্রহ্মা প্রথমে তমোময় শরীরের দ্বারা তামিস্র, অন্ধতামিস্র, তমঃ, মোহ ও মহামোহ এই পঞ্চগ্রন্থিবিশিষ্ট অর্থাৎ পাঁচ ভাগে বিভক্ত অনাদি অজ্ঞানরূপা অবিদ্যার সৃষ্টি করিলেন ॥ ১৮ ॥

টীকা

পূর্ব্বধিকা দীধিতির্দ্যুতির্যস্য তৎ ॥ ১৬ ॥ অনুবিষ্টঃ অধিষ্ঠিতঃ ॥ ১৭ ॥ ছায়য়া তমোময়েন কায়েন অবিদ্যা-মনাত্মজ্ঞানরূপাম্। তৎপ্রপঞ্চস্তামিস্রমিত্যাদি ॥ ১৮ ॥

বিসসর্জ্জাত্মনঃ কায়ং নাভিনন্দংস্তমোময়ম্ ।
জগৃহুর্যক্ষরক্ষাংসি রাত্রিং ক্ষুত্তৃট্সমুদ্ভবাম্ ॥১৯॥
ক্ষুত্তৃড্ভ্যামুপসৃষ্টাস্তে তং জগ্ধুমভিদুদ্রুবুঃ ।
মা রক্ষতৈনং জক্ষধ্বমিত্যূচুঃ ক্ষুত্তৃড়র্দ্দিতাঃ ॥২০॥

অন্বয়

[ব্রহ্মা] আত্মনঃ (নিজের) তমোময়ং (তমঃপ্রধান) কায়ং (শরীর) ন অভিনন্দন্ (অভিনন্দিত না করিয়া অর্থাৎ প্রশংসাযোগ্য মনে না করিয়া) বিসসর্জ্জ (পরিত্যাগ করিলেন) ; ক্ষুত্তৃট্সমুদ্ভবাং (যাহাতে ক্ষুধা তৃষ্ণার উদ্ভব হয় সেই) রাত্রিং (পরিত্যক্ত তমোময় শরীরই রাত্রিরূপে অবস্থান করিলে সেই রাত্রিকে) যক্ষরক্ষাংসি (তাহা হইতেই উৎপন্ন যক্ষ ও রাক্ষসগণ) জগৃহুঃ (গ্রহণ করিল) ॥ ১৯ ॥

[তাহাদের মধ্যে কাহারও নাম রাক্ষস এবং কাহারও নাম যক্ষ এই নাম হওয়ার কারণ প্রদর্শন করিতেছেন] তে (তাহারা সকলে) ক্ষুত্তৃড়র্দ্দিতাঃ (ক্ষুধাতৃষ্ণায় কাতর হইয়া) তং (ব্রহ্মাকে) জগ্ধুং (ভক্ষণ করিবার নিমিত্ত) অভিদুদ্রুবুঃ (ব্রহ্মার অভিমুখে ধাবিত হইল)। [তাহাদের মধ্যে কেহ কেহ পিতৃ-বুদ্ধিতে] [রক্ষত ইতি উচুঃ] (পিতাকে রক্ষা কর ইহা বলিল) ; [অপর কেহ কেহ] ক্ষুত্তৃড্ভ্যাম্ (ক্ষুধাতৃষ্ণায়) উপসৃষ্টাঃ (অতিশয় অভিভূত হইয়া) মা রক্ষত (রক্ষা করিও না) ; [কিন্তু] এনং(ইহাকে) জক্ষধ্বম্ (ভক্ষণ কর) ইতি উচুঃ (ইহা বলিল) ॥ ২০ ॥

অনুবাদ

ব্রহ্মা নিজের সেই তমঃপ্রধান শরীর প্রশংসাযোগ্য মনে না করিয়া উহা পরিত্যাগ করিলেন ; এই পরিত্যক্ত শরীরই রাত্রিরূপ ধারণ করিল ; এই রাত্রিতেই ক্ষুধাতৃষ্ণার উদ্ভব হইয়া থাকে। রাত্রি হইতেই যক্ষ ও রাক্ষসগণ উৎপন্ন হইয়া তাহাকে আশ্রয়রূপে গ্রহণ করিল ॥ ১৯ ॥

[তাহাদের মধ্যে কাহারও নাম রাক্ষস এবং কাহারও নাম যক্ষ কেন হইল তাহার কারণ প্রদর্শন করিতেছেন] তাহারা ক্ষুধাতৃষ্ণায় কাতর হইয়া ব্রহ্মাকে ভক্ষণ করিবার জন্য তাঁহার অভিমুখে ধাবিত হইল। তাহাদের মধ্যে কেহ কেহ পিতৃবুদ্ধিতে "পিতাকে রক্ষা কর" ইহা বলিল ; অপর কেহ কেহ ক্ষুধাতৃষ্ণায় অতিশয় কাতর হইয়া "রক্ষা করিও না, পরন্তু ইহাকে ভক্ষণ কর" ইহা বলিল ॥ ২০ ॥

টীকা

এবং ভগবৎকৃতাং মহদাদিসৃষ্টিং চতুর্মুখকৃতাং সৃষ্টিং চ সংক্ষেপতোঽনূদ্য ইদানীম্ অবশিষ্টাং সংক্ষেপত আহ—বিসসর্জ্জেত্যাদিনা যাবদধ্যায়পরিসমাপ্তি। তমোময়ং তমঃপ্রধানম্ বিসসর্জ্জ। ক্ষুত্তৃষোরুদ্ভবো যস্যাং তাং রাত্রিং তেন বিসৃষ্টং কায়মেব তাদৃশরাত্রিরূপেণ সংস্থিতং তত এব জাতানি যক্ষরক্ষাংসি জগৃহুঃ স্বীকৃতবন্তঃ। অনেন "যাস্য তনুরাসীৎ তামজহাৎ সা তমিস্রাভবৎ" ইত্যাদি শ্রুতিরুপবৃংহিতা ॥ ১৯ ॥ যতস্তেষু একে রক্ষোনামকাঃ অন্যে যক্ষনামকা জাতাস্তং হেতুং দর্শয়তি—ক্ষুত্তৃড্ভ্যামিতি। তে সর্ব্বে সামান্যতঃ ক্ষুত্তৃড়র্দ্দিতাঃ তং জগ্ধুমত্তুং ভক্ষয়িতুমভিদুদ্রুবুঃ। তেষু কেচিৎ

দেবস্তানাহ সংবিগ্নো মা মা জক্ষত রক্ষত।
অহো মে যক্ষরক্ষাংসি প্রজা যূয়ং বভূবিথ ॥২১॥
দেবতাঃ প্রভয়া যা যা দীব্যন্ প্রমুখতোঽসৃজৎ।
তেঽহার্যুর্দ্দেবয়ন্তো বৈ বিসৃষ্টাং তাং প্রভামহঃ ॥২২॥

অন্বয়

দেবঃ (ব্রহ্মা) সংবিগ্নঃ (ভীত হইয়া) অহো প্রজাঃ (হে পুত্রগণ!) মে (আমার সম্বন্ধে) যূয়ং যক্ষরক্ষাংসি (তোমরা "জক্ষত" "রক্ষত" ইহা বলায় যক্ষ ও রাক্ষস নামে) বভূবিথ (জন্মিয়াছ); [অতএব] মা (আমাকে) মা জক্ষত (ভক্ষণ করিও না); [কিন্তু] রক্ষত (রক্ষা কর) [ইতি] তান্ আহ (ইহা তাহাদিগকে বলিলেন) ॥ ২১ ॥

[অনন্তর ব্রহ্মা] প্রভয়া (প্রকাশময়ী তনুদ্বারা) দীব্যন্ (প্রকাশিত হইয়া) যাঃ যাঃ দেবতাঃ (সাত্ত্বিক ভাবাপন্ন সুরগণকে) প্রমুখতঃ (প্রধানরূপে) অসৃজৎ (সৃষ্টি করিলেন); তে (সেই পুত্রগণ) বিসৃষ্টাং (ব্রহ্মাকর্ত্তৃক পরিত্যক্তা) অহঃ (দিবসরূপা) তাং প্রভাং (সেই প্রকাশময়ী তনুকে) দেবয়ন্তঃ (ব্যবহারের নিমিত্ত) অহার্যুঃ বৈ (আশ্রয়রূপে গ্রহণ করিলেন) ॥ ২২ ॥

অনুবাদ

ব্রহ্মা পুত্রগণের স্বভাব দর্শন করিয়া অত্যন্ত ভীত হইলেন ও বলিলেন—হে পুত্রগণ! তোমরা আমাকে লক্ষ্য করিয়া কেহ কেহ বলিয়াছ "জক্ষত", অপর কেহ কেহ বলিয়াছ "রক্ষত"; অতএব উক্ত বাক্যানুসারে তোমরা যথাক্রমে যক্ষ ও রাক্ষস নামে অভিহিত হইলে; অতএব আমাকে ভক্ষণ করিও না, কিন্তু রক্ষা কর ॥ ২১ ॥

অনন্তর ব্রহ্মা সাত্ত্বিকী তনুদ্বারা প্রকাশিত হইয়া সাত্ত্বিকভাবাপন্ন দেবগণকে প্রধানতঃ সৃষ্টি করিলেন। ব্রহ্মার পুত্র দেবগণ ব্রহ্মার পরিত্যক্ত দিবসরূপা সেই প্রকাশময়ী তনুকে ব্যবহারের নিমিত্ত আশ্রয়রূপে গ্রহণ করিলেন ॥ ২২ ॥

টীকা

পিতরং বুদ্ধ্বা রক্ষত ইত্যূচুঃ। অন্যে তু বিশেষতঃ ক্ষুত্তৃড্ভ্যাম্ উপসৃষ্টা অভিভূতাঃ মা রক্ষা নৈব কার্য্যা, কিন্তু এনং জক্ষধ্বং ভক্ষয়ত ইত্যূচুঃ ॥ ২০ ॥ সংবিগ্নঃ পুত্রস্বভাবদর্শনাৎ দেবো ব্রহ্মা অহো হে প্রজাঃ! পুত্রকাঃ! মে মম যূয়ং যে জক্ষধ্বমিত্যূচুঃ তে যক্ষাঃ, যে তু রক্ষত ইত্যূচুঃ তে রক্ষাংসি ইত্যেবং যক্ষরক্ষাংসি যক্ষা রাক্ষসাশ্চ নামতঃ বভূবিথ জাতাঃ। অতঃ মা মাং পিতরং মা জক্ষত মা ভক্ষয়ত, কিন্তু রক্ষত ইত্যাহ ॥ ২১ ॥ তমোরূপং কার্য্যবিশেষং ত্যক্ত্বা প্রভয়া তন্বা দীব্যন্ দ্যোতমানঃ যা যা দেবতাঃ দ্যুতিমত্যঃ সুররূপাঃ প্রজা স্তাস্তাঃ প্রমুখতঃ প্রাধান্যতঃ অসৃজৎ। তমোময়কায়াপেক্ষয়া প্রভাময়কায়স্য প্রাধান্যং তত ইত্যর্থঃ। তে দেবতাপরপর্য্যায়াঃ পুত্রাঃ তেন বিসৃষ্টাং ত্যক্তাং প্রভাম্ অহঃ দিবসরূপাং সতীং দেবয়ন্তঃ ক্রীড়য়ন্তঃ অহারিষুর্জগৃহুঃ ॥২২॥ "স জঘনাদসুরানসৃজতে"তি শ্রুত্যুপবৃংহণায়াহ—দেব ইতি। অদেবানসুরান্ ॥ ২৩ ॥ ততঃ তেষাং ব্যতিক্রমাৎ ক্রুদ্ধো লোকবিদূষকসুতোৎপত্ত্যা ভীতঃ তদ্বাল্যস্মরণাৎ

দেবোঽদেবান্ জঘনতঃ সৃজতি স্মাতিলোলুপান্ ।
ত এনং লোলুপতয়া মৈথুনায়াভিপেদিরে ॥২৩॥
ততো হসন্ স ভগবানসুরৈর্নিরপত্রপৈঃ ।
অন্বীয়মানস্তরসা ক্রুদ্ধো ভীতঃ পরাপতৎ ॥২৪॥
স উপব্রজ্য বরদং প্রপন্নার্ত্তিহরং হরিম্ ।
অনুগ্রহায় ভক্তানামনুরূপাত্মদর্শনম্ ॥২৫॥
পাহি মাং পরমাত্মংস্তে প্রেষণেনাসৃজং প্রজাঃ ।
তা ইমা জভিতুং পাপা উপক্রামন্তি মাং প্রভো ! ॥২৬॥

অন্বয়

দেবঃ (ব্রহ্মা) জঘনতঃ (জঘনদেশ হইতে) অতিলোলুপান্ (লম্পট) অদেবান্ (অসুরদিগকে) সৃজতি স্ম (সৃষ্টি করিলেন) ; তে (তাহারা) লোলুপতয়া (অতিশয় কামাতুর বলিয়া) মৈথুনায় (রমণের নিমিত্ত) এনং (ব্রহ্মার সমীপে) অভিপেদিরে (উপস্থিত হইল) ॥ ২৩ ॥

নিরপত্রপৈঃ (নির্লজ্জ) অসুরৈঃ (অসুরগণকর্ত্তৃক) তরসা (অতিদ্রুত) অন্বীয়মানঃ (আক্রান্ত হইয়া) সঃ ভগবান্ (সেই ভগবান্ ব্রহ্মা) ততঃ (তাহাদের এই মর্য্যাদালঙ্ঘনে) ক্রুদ্ধঃ (ক্রোধান্বিত) ভীতঃ (ও ভীত হইয়া) [তাহাদের বালচাপল্য স্মরণ করিয়া] হসন্ (হাস্য করতঃ) পরাপতৎ (পলায়ন করিলেন) ॥ ২৪ ॥

সঃ (ব্রহ্মা) ভক্তানাং (ভক্তগণের) অনুগ্রহায় (অনুগ্রহের নিমিত্ত) অনুরূপাত্মদর্শনম্ (ভক্তেচ্ছানুরূপ রূপধারী), প্রপন্নার্ত্তিহরং (শরণাগতজনের দুঃখহারী) বরদং (ও বরদাতা) হরিম্ উপব্রজ্য (শ্রীহরির সমীপে গমন করিয়া) [প্রার্থনা করিলেন] ॥ ২৫ ॥

পরমাত্মন্ ! (হে পরমেশ্বর !) মাং পাহি (আমাকে রক্ষা করুন) ; তে (আপনার) প্রেষণেন

অনুবাদ

অনন্তর ব্রহ্মা স্বীয় জঘনদেশ হইতে লম্পট অসুরদিগকে সৃষ্টি করিলেন ; তাহারা অতিশয় কামাতুর বলিয়া রমণ করিবার নিমিত্ত ব্রহ্মার সমীপে উপস্থিত হইল ॥ ২৩ ॥

সেই নির্লজ্জ অসুরগণকর্ত্তৃক অতিদ্রুত আক্রান্ত হইয়া ভগবান্ ব্রহ্মা তাহাদের এই মর্য্যাদালঙ্ঘনে ক্রোধান্বিত ও ভীত হইয়া তাহাদের বালচাপল্য স্মরণ করিয়া হাসিতে হাসিতে পলায়ন করিলেন ॥ ২৪ ॥

যিনি ভক্তগণের প্রতি অনুগ্রহের নিমিত্ত ভক্তগণের ইচ্ছানুরূপ মূর্ত্তি ধারণ করিয়া থাকেন এবং যিনি শরণাগত ভক্তগণের দুঃখ হরণ করিয়া থাকেন, ভগবান্ ব্রহ্মা সেই বরদাতা শ্রীহরির সমীপে গমন করিয়া প্রার্থনা করিলেন ॥২৫॥

হে পরমেশ্বর ! আমাকে রক্ষা করুন ; আপনার আদেশেই আমি প্রজা সকল সৃষ্টি

টীকা

হসন্ পরাপতৎ পলায়িতবান্ ॥ ২৪ ॥ অনুরূপং ভক্তেচ্ছানুসারিণমাত্মানং দর্শয়তীতি তথা তম্, উপব্রজ্য প্রার্থয়ামাসেতি শেষঃ ॥২৫॥ মাং পাহীতি প্রার্থনা । তন্মূলং নিবেদয়তি জভিতুং মৈথুনেন ধর্ষয়িতুম্ ॥২৬॥

ত্বমেকঃ কিল লোকানাং ক্লিষ্টানাং ক্লেশনাশনঃ।
ত্বমেব ক্লেশদস্তেষামনাসন্নপদাং তব ॥২৭॥
সোঽবধার্য্যাস্য কার্পণ্যং বিবিক্তাধ্যাত্মদর্শনঃ।
বিমুঞ্চাত্মতনুং ঘোরামিত্যুক্তো বিমুমোচ হ ॥২৮॥
তাং ক্বণচ্চরণাম্ভোজাং মদবিহ্বললোচনাম্।
কাঞ্চীকলাপবিলসদ্দুকূলচ্ছন্নরোধসম্ ॥২৯॥

অন্বয়

(আদেশে) [আমি] প্রজাঃ (প্রজাসকল) অসৃজম্ (সৃষ্টি করিলাম); প্রভো! (হে প্রভো!) পাপাঃ (পাপিষ্ঠ) তাঃ ইমাঃ (সেই প্রজাগণ) মাং জিহ্বতুং (আমাকেই কামভাবে ধর্ষণ করিবার জন্য) উপক্রামন্তি (উপক্রম করিতেছে) ॥ ২৬ ॥

[হে প্রভো!] ক্লিষ্টানাং লোকানাং (বিপন্ন প্রজাগণের) ত্বম্ [এব] (আপনিই) একঃ ক্লেশনাশনঃ কিল (একমাত্র ক্লেশহারী হইয়া থাকেন); তব (আপনার) অনাসন্নপদাং (পাদপদ্ম যাহারা আশ্রয় করে নাই), তেষাং (সেই প্রজাগণের) ত্বমেব (আপনিই) ক্লেশদঃ (ক্লেশদাতা) ॥ ২৭ ॥

বিবিক্তাধ্যাত্মদর্শনঃ (যাঁহার অনুগ্রহে স্পষ্টরূপে তত্ত্বদর্শন হইয়া থাকে), সঃ (সেই ভগবান্ শ্রীহরি) অস্য (ব্রহ্মার) কার্পণ্যং (কাতরভাব) অবধার্য্য (বুঝিতে পারিয়া) ঘোরাং (কামকলঙ্কিত) আত্মতনুং (নিজের শরীর) বিমুঞ্চ (পরিত্যাগ কর) [ইহা বলিলেন]। [ব্রহ্মা] ইতি উক্তঃ (এইরূপ কথিত হইয়া) বিমুমোচ হ (স্বীয় তনু পরিত্যাগ করিলেন) ॥ ২৮ ॥

ক্বণচ্চরণাম্ভোজাং (যাহার চরণকমল নূপুরশব্দে শব্দায়মান), মদবিহ্বললোচনাং (যাহার নয়ন-যুগল মদবিহ্বল) কাঞ্চীকলাপবিলসদ্দুকূলচ্ছন্নরোধসম্ (ও যাহার কটিতট চন্দ্রহারের প্রভায় শোভিত বস্ত্রে আবৃত), তাং (সেই ব্রহ্মার পরিত্যক্তা তনু সন্ধ্যাকে) [অসুরগণ স্ত্রী মনে করিয়া মোহিত হইল। পরের সহিত অন্বয়] ॥ ২৯ ॥

অনুবাদ

করিলাম; হে প্রভো! এক্ষণে সেই পাপিষ্ঠ প্রজাগণ আমাকে কামভাবে ধর্ষণ করিবার নিমিত্ত উপক্রম করিতেছে ॥২৬॥

হে প্রভো! বিপন্ন প্রজাগণের আপনিই একমাত্র ক্লেশহারী হইয়া থাকেন; পরন্তু যাহারা আপনার পাদপদ্ম আশ্রয় করে না, আপনি তাহাদের ক্লেশদাতা হইয়া থাকেন ॥২৭॥

যাহার অনুগ্রহে স্পষ্টরূপে আত্মদর্শন হইয়া থাকে, সেই ভগবান্ শ্রীহরি ব্রহ্মার এই কাতরভাব অবগত হইয়া তাহাকে বলিলেন—তুমি এই কামকলুষিত নিজের তনু পরিত্যাগ কর। ব্রহ্মাও ভগবানের আদেশে স্বীয় তনু পরিত্যাগ করিলেন ॥ ২৮ ॥

অসুরগণ ব্রহ্মার পরিত্যক্তা তনু সন্ধ্যারূপে অবস্থান করিলে তাহাকে স্ত্রী মনে করিয়া

টীকা

তব অনাশ্রিতৌ ন শরণীকৃতৌ পাদৌ যৈস্তেষাম্ ॥ ২৭ ॥ বিবিক্তম্ অধ্যাত্মদর্শনং তত্ত্বদর্শনং যস্মাৎ সঃ। "যমেবৈষ বৃণুতে তেন লভ্যঃ" "দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপযান্তি তে" ইতি শ্রুতিস্মৃতিভ্যাং

অন্যোঽন্যশ্লেষয়োত্তুঙ্গনিরন্তরপয়োধরাম্ ।
সুনাসাং সুদ্বিজাং স্নিগ্ধহাসলীলাবলোকনাম্ ॥৩০॥
গূহন্তীং ব্রীড়য়াত্মানং নীলালকবরূথিনীম্ ।
উপলভ্যাসুরা ধর্ম্ম ! সর্ব্বে সংমুমুহুঃ স্ত্রিয়ম্ ॥৩১॥
অহো রূপমহো ধৈর্য্যমহো অস্যা নবং বয়ঃ ।
মধ্যে কাময়মানানামকামেব বিসর্পতি ॥৩২॥

অন্বয়

অন্যোন্যশ্লেষয়োত্তুঙ্গনিরন্তরপয়োধরাম্ (যাহার স্তনযুগল পরস্পর উন্নত ও ব্যবধানশূন্য), সুনাসাং (যাহার নাসিকা অতিসুন্দর), সুদ্বিজাং (যাহার দন্তপংক্তি অতিসুন্দর) স্নিগ্ধহাসলীলাবলোকনাম্ (ও যাহার স্নিগ্ধ হাস্যযুক্ত লীলাবলোকন), [তাং] [সেই সন্ধ্যারূপিণী তনুকে অসুরগণ স্ত্রী মনে করিয়া মোহিত হইল] ॥ ৩০]

ধর্ম্ম ! (হে বিদুর !) ব্রীড়য়া (লজ্জাহেতু) আত্মানং (নিজকে) গূহন্তীং (আবরণকারিণী) নীলালকবরূথিনীম্ (ও নীলবর্ণ কুন্তলবিশিষ্টা) [তাং] (সেই সন্ধ্যারূপিণী তনুকে) স্ত্রিয়ম্ উপলভ্য (স্ত্রী মনে করিয়া) সর্ব্বে অসুরাঃ (সমস্ত অসুরগণ) সংমুমুহুঃ (মোহিত হইল) ॥৩১॥

[তাহারা ভাবিতে লাগিল] অহো (আশ্চর্য্য) অস্যাঃ (এই রমণীর) রূপম্ (রূপ) ; অহো ধৈর্য্যম্ (আশ্চর্য্য ইহার ধৈর্য্য) ; অহো নবং বয়ঃ (আশ্চর্য্য ইহার নবযৌবন) ; [এই রমণী] অকামা ইব (কামরহিতার ন্যায়) কাময়মানানাং মধ্যে (কামনাকারী আমাদের মধ্যে) বিসর্পতি (বিচরণ করিতেছে) ॥ ৩২ ॥

অনুবাদ

মোহিত হইল। তাহারা দেখিল ঐ রমণীর চরণকমল নূপুরের শব্দে শব্দায়মান, নয়নযুগল মদবিহ্বল, কটিদেশ চন্দ্রহারের প্রভায় শোভিত বস্ত্রে আবৃত ॥ ২৯ ॥

ঐ রমণীর পয়োধরদ্বয় উন্নত ও ব্যবধানশূন্য ; নাসিকা ও দন্তপংক্তি অতিসুন্দর ও বিলাসদৃষ্টি স্নিগ্ধ হাস্যসমন্বিত ॥ ৩০ ॥

ঐ রমণী লজ্জায় বস্ত্রাঞ্চলে নিজের দেহ আচ্ছাদন করিতেছে এবং নীলবর্ণ কুন্তল-রাশিতে শোভিতা হইয়াছে ; হে বিদুর ! তাহাকে দেখিয়া স্ত্রী মনে করিয়া অসুরগণ সকলেই মোহিত হইল ॥ ৩১ ॥

অসুরগণ ভাবিতে লাগিল—আহা ! এই রমণীর কি আশ্চর্য্য রূপ ; আহা ! ইহার কি

টীকা

বিমুঞ্চতেত্যুক্তবানিতি শেষঃ। ইত্যুক্তো ব্রহ্মাপি তাং বিমুমোচ ॥ ২৮ ॥ "সাহোরাত্রয়োঃ সন্ধিরভবৎ" ইতি শ্রুত্যুপবৃংহণার্থং তেন ত্যক্তং তনুং সন্ধ্যারূপেণ সংস্থিতামসুরাঃ স্ত্রিয়ং মত্বা জগৃহুরিতি বর্ণয়তি—তামিতি নবভিঃ। নূপুরাভ্যাং ক্বণন্তী চরণজলজে যস্যাস্তাম্। কাঞ্চীকলাপবিলসতা দুকূলেন ছন্নমাবৃতং রোধঃ কটিতটো যস্যাস্তাম্ ॥ ২৯ ॥ অন্যোন্যশ্লেষয়া পরস্পরোপমর্দ্দেন উত্তুঙ্গৌ নিরন্তরৌ চ পয়োধরৌ যস্যাস্তাম্ ॥ ৩০ ॥ নীলালকানাং বরূথঃ স্তোমো বিদ্যতে যস্যাস্তাম্ ; হে ধর্ম্ম ! বিদুর ! ॥ ৩১ ॥ ৩২ ॥

বিতর্কয়ন্তো বহুধা তাং সন্ধ্যাং প্রমদাকৃতিম্ ।
অভিসম্ভাব্য বিশ্রম্ভাৎ পর্য্যপৃচ্ছন্ কুমেধসঃ ॥ ৩৩ ॥
কাসি কস্যাসি রম্ভোরু ! কো বার্থস্তেঽত্র ভামিনি !
রূপদ্রবিণপণ্যেন দুর্ভগান্ নো বিবাধসে ॥ ৩৪ ॥
যা বা কাচিৎ ত্বমবলে দিষ্ট্যা সন্দর্শনং তব ।
উৎস্মুনোষীক্ষমাণানাং কন্দুকক্রীড়য়া মনঃ ॥ ৩৫ ॥

অন্বয়

[এইরূপে] বহুধা বিতর্কয়ন্তঃ (বহুপ্রকার জল্পনাকারী) কুমেধসঃ (কুমতি অসুরগণ) প্রমদাকৃতিং (স্ত্রীরূপধারিণী) তাং সন্ধ্যাং (সেই সন্ধ্যাকে) অভিসম্ভাব্য (সর্ব্বপ্রকারে সম্বর্দ্ধনা করিয়া) বিশ্রম্ভাৎ (প্রণয়ভাবে) পর্য্যপৃচ্ছন্ (জিজ্ঞাসা করিল) ॥ ৩৩ ॥

রম্ভোরু ! [ত্বং] কা অসি ? (হে রম্ভোরু ! তুমি কে ?) কস্য অসি ? (কাহার কন্যা ?) তে (তোমার) অত্র (এখানে) কঃ বা অর্থঃ ? (কিই বা প্রয়োজন অর্থাৎ কি প্রয়োজনে এখানে আসিয়াছ ?) ভামিনি ! (হে সুন্দরি !) রূপদ্রবিণপণ্যেন (সৌন্দর্য্যরূপ অমূল্য বস্তু দ্বারা) দুর্ভগান্ নঃ (মন্দভাগ্য আমাদিগকে) বিবাধসে (পীড়িত করিতেছ) ॥৩৪॥

অবলে ! (হে অবলে !) ত্বং (তুমি) যা বা কাচিৎ (যে কেহ হও) দিষ্ট্যা (আমাদের সৌভাগ্যের ফলে) তব (তোমার) সন্দর্শনং (দর্শন লাভ হইল) ; ঈক্ষমাণানাং (দর্শনকারী আমাদের) মনঃ (মন) কন্দুকক্রীড়য়া (কন্দুকক্রীড়ার দ্বারা) উৎস্মুনোষি (উন্মথিত করিতেছ) ॥ ৩৫ ॥

অনুবাদ

ধৈর্য্য ; আশ্চর্য্য ইহার নবযৌবন ; আমরা সকলেই ইহাকে কামনা করিতেছি ; কিন্তু এই রমণী কামরহিতার ন্যায় কামনাকারী আমাদের মধ্যে বিচরণ করিতেছে ॥ ৩২ ॥

এইরূপে বহুপ্রকার জল্পনাকল্পনা করিয়া সেই কুমতি অসুরগণ স্ত্রীরূপধারিণী সন্ধ্যাকে সর্ব্বপ্রকারে সম্বর্দ্ধনা করিয়া প্রণয়ভাবে জিজ্ঞাসা করিল ॥ ৩৩ ॥

হে রম্ভোরু ! তুমি কে ? কাহার কন্যা ? কি প্রয়োজনেই বা এখানে আসিয়াছ ? হে সুন্দরি ! তুমি সৌন্দর্য্যরূপ অমূল্য বস্তু দ্বারা হতভাগ্য আমাদিগকে পীড়িত করিতেছ ॥ ৩৪ ॥

হে অবলে ! তুমি যে কেহ হও না কেন, আমরা বহু সৌভাগ্যের ফলেই তোমার দর্শন লাভ করিলাম ; তুমি কন্দুক (ক্রীড়ার বল) ক্রীড়ার দ্বারা আমাদের চিত্ত উন্মথিত করিতেছ ॥ ৩৫ ॥

টীকা

অভিসম্ভাব্য সর্ব্বতঃ সম্মানবতীং বিধায় বিশ্রম্ভাৎ প্রণয়াৎ ॥৩৩॥ রূপমেব দ্রবিণং তেন পণ্যেন ব্যবহারার্হেণ প্রক্ষেপণীয়েন ইত্যর্থঃ ॥ ৩৪ ॥ উৎস্মুনোষি বিমথ্নাসি ॥ ৩৫ ॥ হে শালিনি ! শ্লাঘ্যে ! তে পাদপদ্মং নৈকত্র অনেকগতিবিলাসেষু জয়তি সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে। অমলা বিমলা শ্রান্তেব মন্থরেব দৃষ্টিশ্চ জয়তি।

নৈকত্র তে জয়তি শালিনি ! পাদপদ্মং ঘ্নন্ত্যা মুহুঃ করতলেন পতৎপতঙ্গম্ ।
মধ্যং বিষীদতি বৃহৎস্তনভারভীতং শ্রান্তেব দৃষ্টিরমলাঃ সুশিখাসমূহঃ ॥৩৬॥
ইতি সায়ন্তনীং সন্ধ্যামসুরাঃ প্রমদায়তীম্ ।
প্রলোভয়ন্তীং জগৃহুর্ম্মত্বা মূঢ়ধিয়ঃ স্ত্রিয়ম্ ॥ ৩৭ ॥

অন্বয়

শালিনি ! (হে শ্লাঘ্যে !) তে (তোমার) পাদপদ্মং (চরণকমল) একত্র ন জয়তি (একস্থানে স্থায়ী নহে) [অর্থাৎ অনেক প্রকার গতিবিলাসে অতি রমণীয় হইয়া অবস্থান করিতেছে] ; অমলা দৃষ্টিঃ (তোমার বিমলদৃষ্টি) শ্রান্তা ইব (ক্লান্ত হইয়াই যেন) [অতি রমণীয়ভাবে অবস্থান করিতেছে] ; সুশিখা-সমূহঃ (কেশকলাপও মনোহর হইয়া রহিয়াছে) ; পতৎপতঙ্গম্ (উৎক্ষিপ্ত কন্দুক) করতলেন (হস্ততল-দ্বারা) মুহুঃ ঘ্নন্ত্যাঃ (পুনঃ পুনঃ আঘাতকারিণী তোমার) বৃহৎস্তনভারভীতং (বৃহৎস্তনদ্বয়ের ভারে কৃশ) মধ্যং (মধ্যদেশ) বিষীদতি (ক্লান্ত হইয়াছে) ॥৩৬॥

ইতি (এইরূপে) মূঢ়ধিয়ঃ অসুরাঃ (মূঢ়বুদ্ধি অসুরগণ) প্রমদায়তীং (কামিনীর ন্যায় আচরণশীলা) প্রলোভয়ন্তীং (প্রলোভনকারিণী) সায়ন্তনীং সন্ধ্যাং (দিবস ও রাত্রির সন্ধিরূপা সন্ধ্যাকে) স্ত্রিয়ং মত্বা (স্ত্রী মনে করিয়া) জগৃহুঃ (গ্রহণ করিল) ॥ ৩৭ ॥

অনুবাদ

[অসুরগণ সন্ধ্যারূপিণী স্ত্রীর অস্তগমনোন্মুখ সূর্য্যকে কন্দুক (গোলাকৃতি খেলার বস্তু), সন্ধ্যার পূর্ব্বভাগ দিবসের অন্তর্ভুক্ত ও উত্তরভাগ রাত্রির অন্তর্ভুক্ত বলিয়া মধ্যবর্ত্তী অল্পকালকে ক্লান্ত মধ্যভাগ, অদৃশ্য সূর্য্যপ্রভাকে বিমল শ্রান্তদৃষ্টির ন্যায় দৃষ্টি এবং সন্ধ্যাকালীন মেঘসমূহকে কেশকলাপ মনে করিয়া বলিতে লাগিল]—হে শ্লাঘনীয়ে ! তোমার চরণকমল নানাবিধ গতিবিলাসে উত্তমরূপে জয়যুক্ত হইয়াছে অর্থাৎ রমণীয়ভাবে অবস্থান করিতেছে ; বিমলদৃষ্টি ক্লান্ত হইয়া যেন রমণীয় হইয়াছে ; কেশকলাপও মনোহর হইয়াছে এবং উৎক্ষিপ্ত কন্দুক হস্ততলের দ্বারা পুনঃ পুনঃ আঘাত করায় তোমার বৃহৎ স্তনদ্বয়ের ভারে কৃশ মধ্যদেশ ক্লান্ত হইয়াছে। [পূর্ব্বেও যে রমণীর বর্ণনা করা হইয়াছে, তাহাও সন্ধ্যার অবস্থাকে লক্ষ্য করিয়া যোজনা করিতে হইবে] ॥ ৩৬ ॥

এইরূপে সেই মূঢ়বুদ্ধি অসুরগণ প্রমদার ন্যায় আচরণশীলা ও প্রলোভনকারিণী সায়ন্তনী সন্ধ্যাকে স্ত্রী মনে করিয়া গ্রহণ করিল ॥ ৩৭ ॥

টীকা

সুশিখাসমূহঃ শোভনঃ কেশকলাপশ্চ জয়তি। পতৎপতঙ্গমুচ্চলন্তং কন্দুকং করতলেন ঘ্নন্ত্যা বৃহতোঃ স্তনয়োর্ভারাদ্ ভীতং মধ্যং তু বিষীদতি ক্লিশ্যতি। অত্র অস্তং গচ্ছন্ সূর্য্যঃ কন্দুকম্, সন্ধ্যায়াঃ পূর্ব্বভাগস্য দিবসগ্রস্তত্বাৎ অপরভাগস্য রাত্রিগ্রস্তত্বাৎ তন্মধ্যগতোঽল্পকালঃ বিষীদন্মধ্যমিব। অদৃশ্যভাস্করপ্রভা অত্যুষ্ণদোষরহিতা বিমলা শ্রান্তেব দৃষ্টিঃ। তদানীন্তনো মেঘসমূহঃ কেশকলাপঃ ইত্যাদ্যূহ্যম্ ॥৩৬॥ ৩৭ ॥

প্রহস্য ভাবগম্ভীরং জিঘ্রন্ত্যাত্মানমাত্মনা।
কান্ত্যা সসর্জ্জ ভগবান্ গন্ধর্ব্বাপ্সরসাং গণান্ ॥ ৩৮ ॥
বিসসর্জ্জ তনুং তাং বৈ জ্যোৎস্নাং কান্তিমতীং প্রিয়াম্।
ত এব চাদদুঃ প্রীত্যা বিশ্বাবসুপুরোগমাঃ ॥ ৩৯ ॥
সৃষ্ট্বা ভূতপিশাচাংশ্চ ভগবানাত্মতন্দ্রিণা।
দিগ্বাসসো মুক্তকেশান্ বীক্ষ্য চামীলয়দ্দৃশৌ ॥ ৪০ ॥
জগৃহুস্তদ্বিসৃষ্টাং তাং জৃম্ভণাখ্যাং তনুং প্রভো!
নিদ্রামিন্দ্রিয়বিক্লেদো যয়া ভূতেষু দৃশ্যতে ॥
যেনোচ্ছিষ্টান্ ধর্ষয়ন্তি তমুন্মাদং প্রচক্ষতে ॥ ৪১ ॥

অন্বয়

ভগবান্ (ব্রহ্মা) ভাবগম্ভীরং প্রহস্য (গভীর হাস্য করিয়া) আত্মানম্ আত্মনা (নিজকে নিজে) জিঘ্রন্ত্যা (আঘ্রাণের দ্বারা স্বীয় সৌন্দর্য্য অনুভব করিয়া) কান্ত্যা (কান্তিমতী জ্যোৎস্নাদ্বারা) গন্ধর্ব্বাপ্সরসাং গণান্ (গন্ধর্ব্ব ও অপ্সরাগণকে) সসর্জ্জ (সৃষ্টি করিলেন) ॥৩৮॥

[ব্রহ্মা] কান্তিমতীং (কান্তিযুক্তা) জ্যোৎস্নাং (জ্যোৎস্নারূপা) তাং প্রিয়াং তনুং (সেই স্বীয় প্রিয় তনুকে) বিসসর্জ্জ বৈ (পরিত্যাগ করিলেন)। বিশ্বাবসুপুরোগমাঃ (বিশ্বাবসু প্রভৃতি) তে এব চ (সেই গন্ধর্ব্ব ও অপ্সরাগণই) প্রীত্যা (প্রীতির সহিত) [ঐ তনুকে] আদদুঃ (গ্রহণ করিল) ॥ ৩৯ ॥

ভগবান্ (ব্রহ্মা) আত্মতন্দ্রিণা (স্বীয় আলস্যরূপা তনুদ্বারা) ভূতপিশাচান্ চ (ভূত ও পিশাচদিগকে) সৃষ্ট্বা (সৃষ্টি করিয়া) [তাহাদিগকে] দিগ্‌বাসসঃ (দিগম্বর অর্থাৎ উলঙ্গ) মুক্তকেশান্ চ (ও উন্মুক্ত কেশবিশিষ্ট) বীক্ষ্য (দর্শন করিয়া) দৃশৌ (নেত্রদ্বয়) অমীলয়ৎ (মুদ্রিত করিলেন) ॥ ৪০ ॥

প্রভো! (হে বিদুর!) তদ্বিসৃষ্টাং (ব্রহ্মাকর্ত্তৃক পরিত্যক্তা) তাং তনুং (সেই আলস্যরূপা তনুকে) [ভূত ও পিশাচগণ] জগৃহুঃ (গ্রহণ করিল)। যয়া (যাহাদ্বারা) ইন্দ্রিয়বিক্লেদঃ (ইন্দ্রিয়গণের বিবশভাব)

অনুবাদ

অনন্তর ব্রহ্মা গভীর হাস্য করিয়া নিজকে নিজে আঘ্রাণ করায় যে সৌন্দর্য্য অনুভূত হইয়াছে, সেই সৌন্দর্য্যপ্রকাশিকা কান্তিমতী জ্যোৎস্নাদ্বারা গন্ধর্ব্ব ও অপ্সরাগণকে সৃষ্টি করিলেন ॥ ৩৮ ॥

অনন্তর ব্রহ্মা কান্তিমতী জ্যোৎস্নারূপা স্বীয় প্রিয় তনুকে পরিত্যাগ করিলেন; বিশ্বাবসু প্রভৃতি গন্ধর্ব্ব ও অপ্সরাগণ প্রীতির সহিত ঐ তনুকে গ্রহণ করিল ॥ ৩৯ ॥

পরে ব্রহ্মা নিজ আলস্যরূপা তনুদ্বারা ভূত ও পিশাচদিগকে সৃষ্টি করিয়া তাহাদিগকে নগ্ন ও আলুলায়িত কেশবিশিষ্ট দেখিয়া নেত্রদ্বয় মুদ্রিত করিলেন ॥ ৪০ ॥

হে বিদুর! অনন্তর ব্রহ্মা সেই আলস্যরূপা তনুকে পরিত্যাগ করিলে ভূত ও পিশাচগণ

টীকা

ভগবান্ চতুরাননঃ ভাবেন অভিপ্রায়বিশেষেণ গম্ভীরং যথা তথা প্রহস্য আত্মানমাত্মনা জিঘ্রন্ত্যা অবঘ্রাণেনাত্মানুভাবাতিশয়ং দ্যোতয়ন্ত্যা কান্ত্যা কান্তিমত্যা জ্যোৎস্নয়া ॥ ৩৮ ॥ তে এব গন্ধর্ব্বাদিগণাঃ ॥৩৯॥

ঊর্জ্জস্বন্তং মন্যমান আত্মানং ভগবানজঃ।
সাধ্যান্ গণান্ পিতৃগণান্ পরোক্ষেণাসৃজৎ প্রভুঃ ॥ ৪২ ॥
ত আত্মসর্গং তৎকায়ং পিতরঃ প্রতিপেদিরে।
সাধ্যেভ্যশ্চ পিতৃভ্যশ্চ কবয়ো যদ্বিতন্বতে ॥ ৪৩ ॥

অন্বয়

দৃশ্যতে (পরিলক্ষিত হয়), তাং (তাহাকে) ভূতেষু (মনুষ্যাদি প্রাণিগণের মধ্যে) জৃম্ভণাখ্যাং নিদ্রাং চ (জৃম্ভা ও নিদ্রা নামে) প্রচক্ষতে (বলিয়া থাকে) ; যেন (আর যে ইন্দ্রিয়ের উন্মাদনাহেতু) [ভূত ও পিশাচগণ] উচ্ছিষ্টান্ (সৎপুরুষদিগকে) ধর্ষয়ন্তি (ভ্রান্ত করিয়া থাকে), তং (সেই ইন্দ্রিয়বিবশকে) উন্মাদং প্রচক্ষতে (উন্মাদ কহে) ॥ ৪১ ॥

প্রভুঃ (নিগ্রহ ও অনুগ্রহকরণে সমর্থ) ভগবান্ অজঃ (ষড়ৈশ্বর্য্যশালী ব্রহ্মা) আত্মনং (নিজকে) ঊর্জ্জস্বন্তং (বলবান্) মন্যমানঃ (মনে করিয়া) পরোক্ষেণ (অদৃশ্যরূপের দ্বারা) সাধ্যান্ গণান্ (সাধ্যগণকে) পিতৃগণান্ [চ] (ও পিতৃগণকে) অসৃজৎ (সৃষ্টি করিলেন) ॥৪২॥

তে (সাধ্যগণ) পিতরঃ চ (ও পিতৃগণ) আত্মসর্গং (নিজেদের উৎপাদক) তৎকায়ং (সেই ব্রহ্মার অদৃশ্যাকার শরীরকে) প্রতিপেদিরে (প্রাপ্ত হইলেন)। যৎ (এই কায়কে সম্প্রদানের নিমিত্ত করিয়া) কবয়ঃ (পণ্ডিতগণ) সাধ্যেভ্যঃ পিতৃভ্যঃ চ (সাধ্যগণ ও পিতৃগণকে) [শ্রাদ্ধাদিদ্বারা] বিতন্বতে (হব্য কব্য প্রদান করিয়া থাকেন) ॥৪৩॥

অনুবাদ

তাহা গ্রহণ করিল। যাহাদ্বারা ইন্দ্রিয়গণের বিবশভাব পরিলক্ষিত হয়, তাহাকেই মনুষ্যাদি প্রাণিগণের মধ্যে জৃম্ভা ও নিদ্রা কহে। আর ভূত ও পিশাচগণ যে ইন্দ্রিয়ের উন্মাদনাহেতু সৎপুরুষগণকেও ভ্রান্ত করিয়া থাকে, সেই ইন্দ্রিয়ের উন্মাদনাকে উন্মাদ কহে। [তন্দ্রা, জৃম্ভা, নিদ্রা ও উন্মাদ এই চারিপ্রকার কারণে ভূত, পিশাচ ও তাহাদের আশ্রয়রূপ শরীরের চারি প্রকার ভেদ বুঝিতে হইবে] ॥ ৪১ ॥

অনন্তর যিনি নিগ্রহ ও অনুগ্রহকরণে সমর্থ ও ষড়ৈশ্বর্য্যশালী, সেই ব্রহ্মা নিজকে বলবান্ মনে করিয়া অদৃশ্য রূপের দ্বারা সাধ্যগণ ও পিতৃগণকে সৃষ্টি করিলেন ॥ ৪২ ॥

অনন্তর সাধ্যগণ ও পিতৃগণ নিজেদের উৎপাদক সেই ব্রহ্মার অদৃশ্যাকার শরীরকেই গ্রহণ করিলেন। এই অদৃশ্য শরীরকেই উদ্দেশ্য করিয়া পণ্ডিতগণ সাধ্য ও পিতৃগণকে শ্রাদ্ধাদিদ্বারা হব্য ও কব্য প্রদান করিয়া থাকেন ॥ ৪৩ ॥

টীকা

আত্মতন্দ্রিণা নিজালস্যেন ॥ ৪০ ॥ তৎ তেন ভগবতা বিসৃষ্টাং তাং তন্দ্রাং তে এব ভূতাদয়ো জগৃহুঃ। যয়া ইন্দ্রিয়াণাং বিক্লেদঃ আস্রবঃ দৃশ্যতে তাং মনুষ্যাদিষু বিজৃম্ভণাখ্যাং নিদ্রাং চ প্রচক্ষতে, যেনেন্দ্রিয়-বিক্লেদেন হেতুনা উচ্ছিষ্টান্ মনুষ্যাদীন্ ধর্ষয়ন্তি ভ্রান্তান্ কুর্ব্বন্তি তে এব ভূতাদয়ঃ তমিন্দ্রিয়বিক্লেদমুন্মাদং বিচক্ষতে ভূতাদিগণং বা ॥ ৪১ ॥ ঊর্জ্জস্বন্তমদৃশ্যতাপাদকবলবন্তম্, পরোক্ষেণ অদৃশ্যরূপেণ ॥ ৪২ ॥ আত্মসর্গং

সিদ্ধান্ বিদ্যাধরাংশ্চৈব তিরোধানেন সোঽসৃজৎ।
তেভ্যোঽদদাৎ তমাত্মানমন্তর্দ্ধানাখ্যমদ্ভুতম্ ॥ ৪৪ ॥
সকিন্নরান্ কিম্পুরুষান্ প্রত্যাত্ম্যেনাসৃজৎ প্রভুঃ।
মানয়ন্নাত্মনাত্মানমাত্মাভাসং বিলোকয়ন্ ॥ ৪৫ ॥
তে তু তজ্জগৃহূ রূপং ত্যক্তং যৎ পরমেষ্ঠিনা।
মিথুনীভূয় গায়ন্তস্তমেবোষসি কর্ম্মভিঃ ॥ ৪৬ ॥
দেহেন বৈ ভোগবতা শয়ানো বহুচিন্তয়া।
সর্গেঽনুপচিতে ক্রোধাদুৎসসর্জ্জ হ তদ্বপুঃ ॥ ৪৭ ॥

অন্বয়

সঃ (ব্রহ্মা) তিরোধানেন (অন্তর্দ্ধানশক্তির দ্বারা) সিদ্ধান্ বিদ্যাধরান্ চ এব (সিদ্ধগণ ও বিদ্যাধরগণকে) অসৃজৎ (সৃষ্টি করিলেন)। তম্ অন্তর্দ্ধানাখ্যং (সেই অন্তর্দ্ধান নামক) অদ্ভুতম্ আত্মানম্ (আশ্চর্য্যময় শরীর) তেভ্যঃ (তাঁহাদিগকে) অদদাৎ (প্রদান করিলেন) ॥ ৪৪ ॥

প্রভুঃ (ব্রহ্মা) আত্মাভাসং বিলোকয়ন্ (নিজের প্রতিবিম্ব দর্শন করিয়া) আত্মনা (নিজেই) আত্মানং (নিজকে) মানয়ন্ (আমি অতিসুন্দর এইরূপ মনে করিয়া) প্রত্যাত্ম্যেন (প্রতিবিম্বের দ্বারা) সকিন্নরান্ কিম্পুরুষান্ (কিন্নরগণের সহিত কিম্পুরুষদিগকে) অসৃজৎ (সৃষ্টি করিলেন) ॥ ৪৫ ॥

তে তু (তাহারাও) যৎ রূপং (যে রূপ) পরমেষ্ঠিনা (ব্রহ্মাকর্ত্তৃক) ত্যক্তং (পরিত্যক্ত হইয়াছে), তৎ (সেই প্রতিবিম্বাত্মক রূপ) জগৃহুঃ (গ্রহণ করিল)। [সেই কিন্নর ও কিম্পুরুষগণ] মিথুনীভূয় (পরস্পর মিলিত হইয়া) উষসি (নিশাবসানে) কর্ম্মভিঃ (ব্রহ্মার পরাক্রমবর্ণনার দ্বারা) তম্ এব গায়ন্তঃ (ব্রহ্মারই গুণগান করিয়া থাকে) ॥ ৪৬ ॥

সর্গে অনুপচিতে [সতি] (সৃষ্টি বৃদ্ধি না হইলে) বহুচিন্তয়া (অত্যন্ত দুশ্চিন্তায়) ভোগবতা দেহেন বৈ

অনুবাদ

পরে ব্রহ্মা অন্তর্দ্ধানশক্তিদ্বারা সিদ্ধ ও বিদ্যাধরগণকে সৃষ্টি করিলেন এবং সেই অন্তর্দ্ধান নামক আশ্চর্য্যময় শরীর তাঁহাদিগকে প্রদান করিলেন ॥৪৪॥

পরে ব্রহ্মা নিজের প্রতিবিম্ব দর্শন করিয়া নিজে নিজেই আমি অতিসুন্দর এইরূপ অভিমানী হইলেন ও সেই প্রতিবিম্বের দ্বারা কিন্নর ও কিম্পুরুষগণকে সৃষ্টি করিলেন ॥ ৪৫ ॥

তাহারা ব্রহ্মার পরিত্যক্ত সেই প্রতিবিম্বাত্মক রূপ গ্রহণ করিল। এই কিন্নর ও কিম্পুরুষগণই স্ত্রীপুরুষে পরস্পর মিলিত হইয়া ঊষাকালে ব্রহ্মার পরাক্রম বর্ণনাদ্বারা ব্রহ্মারই গুণগান করিয়া থাকে ॥ ৪৬ ॥

অনন্তর ব্রহ্মা যখন দেখিলেন সৃষ্টি বর্দ্ধিত হইতেছে না, তখন তিনি দুশ্চিন্তায় হস্ত

টীকা

স্বজনকম, যৎ যেন কায়েন সম্প্রদানত্বনিমিত্তেন কবয়ঃ বিতন্বতে শ্রাদ্ধাদিনা হব্যং কব্যং চ দদাতি ॥ ৪৩ ॥ তিরোধানেন অন্তর্দ্ধানশক্ত্যা ॥ ৪৪ ॥ প্রত্যাত্ম্যেন প্রতিবিম্বেন, আত্মাভাসং প্রতিবিম্বম্ ॥ ৪৫ ॥ তৎ

যেঽহীয়ন্তামুতঃ কেশা অহয়স্তেঽঙ্গ ! জজ্ঞিরে।
সর্পাঃ প্রসর্পতঃ ক্রূরা নাগা ভোগোরুকন্ধরাঃ ॥৪৮॥
স আত্মানং মন্যমানঃ কৃতকৃত্যমিবাত্মভূঃ।
তদা মনূন্ সসর্জ্জান্তে মনসা লোকভাবনান্ ॥৪৯॥

অন্বয়

(করচরণাদি প্রসারিত দেহে অর্থাৎ লম্বমান দেহে) শয়ানঃ (শয়নকারী ব্রহ্মা) ক্রোধাৎ (ক্রোধবশতঃ) তৎ বপুঃ (সেই লম্বমান দেহ) উৎসসর্জ্জ হ (পরিত্যাগ করিলেন) ॥ ৪৭ ॥

অঙ্গ ! (হে বিদুর !) অমুতঃ (চিন্তা ও ক্রোধযুক্ত ঐ দীর্ঘাকার দেহ হইতে) যে কেশাঃ (যে কেশসমূহ) অহীয়ন্ত (বিচ্যুত হইয়াছে), তে অহয়ঃ (তাহারা অহিরূপে) জজ্ঞিরে (উৎপন্ন হইল) ; প্রসর্পতঃ (দেহ পরিত্যাগকালে দেহের বেগ হইতে) সর্পাঃ জজ্ঞিরে (সর্প সকল উৎপন্ন হইল) ; [পরিত্যক্ত স্থির দেহ হইতে] নাগাঃ (গতিহীন অজগর প্রভৃতি) ভোগোরুকন্ধরাঃ (এবং দীর্ঘশরীর ও ফণাবিশিষ্ট সর্পসকল জন্মিল) ; ক্রূরাঃ (ক্রোধাংশ হইতে যাহারা জন্মিল, তাহারা অতিশয় ক্রূর হইল) ॥ ৪৮ ॥

[যদা] সঃ আত্মভূঃ (যখন সেই ব্রহ্মা) আত্মানং (নিজকে) কৃতকৃত্যম্ ইব (কৃতার্থের ন্যায়) মন্যমানঃ (মনে করিলেন), তদা (তখন) অন্তে (সর্ব্বশেষে) [তিনি] মনসা (মনের দ্বারা) লোক-ভাবনান্ (লোকপালক) মনূন্ (মনুগণকে) সসর্জ্জ (সৃষ্টি করিলেন) ॥ ৪৯ ॥

অনুবাদ

পদাদি প্রসারণ করিয়া লম্বমান হইয়া শয়ন করিলেন ; পরে ক্রোধবশতঃ সেই লম্বমান দেহও পরিত্যাগ করিলেন ॥ ৪৭ ॥

হে বিদুর ! ব্রহ্মার ঐ পরিত্যক্ত দেহ হইতে যে কেশসমূহ বিচ্যুত হইয়াছে, তাহা অহিরূপে উৎপন্ন হইল ; দেহপরিত্যাগ সময়ে দেহের বেগ হইতে সর্পগণ উৎপন্ন হইল ; পরিত্যক্ত স্থির দেহ হইতে গতিবিহীন অজগর প্রভৃতি উৎপন্ন হইল ; দেহের দৈর্ঘ্য হইতে যাহারা জন্মিল, তাহারা দীর্ঘশরীর ও বিস্তীর্ণ ফণাবিশিষ্ট হইল এবং ক্রোধাংশ হইতে যাহারা জন্মিল, তাহারা অতিশয় ক্রূর হইল ॥ ৪৮ ॥

সর্ব্বশেষে যখন ব্রহ্মা নিজকে কৃতার্থের ন্যায় মনে করিলেন, তখন তিনি লোকপালক মনুগণকে মনের দ্বারা সৃষ্টি করিলেন ॥ ৪৯ ॥

টীকা

প্রতিবিম্বাত্মকং রূপম্। তং পরমেষ্ঠিনং কর্ম্মভিঃ তৎপরাক্রমবর্ণনৈঃ ॥ ৪৬ ॥ সর্গে অনুপচিতে অপ্রবৃত্তে সতি বহুচিন্তয়া ভোগবতা শয়নবশাদ্দৈর্ঘ্যবতা দেহেন শয়ানঃ তদ্দৈর্ঘ্যযুক্তং বপুঃ ক্রোধাৎ উৎসসর্জ্জ ॥ ৪৭ ॥ হে অঙ্গ ! বিদুর ! অমুতঃ দৈর্ঘ্যক্রোধবহুচিন্তাযুক্তাদমুষ্মাৎ দেহাৎ যে কেশা অহীয়ন্ত প্রচ্যুতাঃ তে অহয়ো জজ্ঞিরে জাতাঃ ; প্রসর্পতঃ উৎসর্জ্জনবেলায়াং প্রচলতঃ সর্পাঃ অতিবেগাৎ জজ্ঞিরে। উৎসৃষ্টাদচলাৎ নাগা গতিহীনা অজগরা জজ্ঞিরে। ভোগবতো জাতত্বাৎ ভোগেন দীর্ঘেণ শরীরেণ সহিতা উরু বহু

তেভ্যঃ সোঽত্যসৃজৎ স্বীয়ং পুরং পুরুষমাত্মবান্।
তান্ দৃষ্ট্বা যে পুরা সৃষ্টাঃ প্রশশংসুঃ প্রজাপতিম্ ॥৫০॥
অহো এতজ্জগৎস্রষ্টঃ! সুকৃতং বত তে কৃতম্।
প্রতিষ্ঠিতা ক্রিয়া যস্মিন্ সাকমন্নমদাম হে ॥৫১॥
তপসা বিদ্যয়া যুক্তো যোগেন সুসমাধিনা।
ঋষীনৃষির্হৃষীকেশঃ সসর্জ্জাভিমতাঃ প্রজাঃ ॥৫২॥

অন্বয়

আত্মবান্ সঃ (আত্মতত্ত্বজ্ঞ ব্রহ্মা) তেভ্যঃ (তাঁহাদিগকে) স্বীয়ং (নিজের) পুরুষং (পুরুষাকার) পুরং (দেহ) অত্যসৃজৎ (অতিশয় আদরে প্রদান করিলেন)। যে পুরা সৃষ্টাঃ (যাহারা পূর্ব্বে সৃষ্ট হইয়াছিলেন), [তাহারা] তান্ দৃষ্ট্বা (মনুগণকে দেখিয়া) প্রজাপতিং (প্রজাপতি ব্রহ্মাকে) প্রশশংসুঃ (প্রশংসা করিতে লাগিলেন) ॥৫০॥

হে জগৎস্রষ্টঃ! (হে জগদ্বিধাতঃ!) তে (আপনাকর্ত্তৃক) [যৎ] কৃতম্ (যাহা নিষ্পাদিত হইয়াছে অর্থাৎ আপনি যে পুরুষাকার শরীর সৃষ্টি করিয়াছেন), এতৎ (ইহা) সুকৃতং (উত্তম কার্য্য হইয়াছে); অহো বত! (বড়ই আনন্দের বিষয়) যস্মিন্ (মনুসৃষ্টিতে) ক্রিয়া (অগ্নিহোত্রাদি ক্রিয়া) প্রতিষ্ঠিতা (প্রতিষ্ঠিত হইবে); [আমরা] সাকম্ (তাহাদের সহিত) অন্নং (যজ্ঞীয় হবিঃ প্রভৃতি) অদাম (ভক্ষণ করিব) ॥ ৫১ ॥

হৃষীকেশঃ (জিতেন্দ্রিয়) ঋষিঃ (ব্রহ্মা) তপসা (তপস্যা), বিদ্যয়া (উপাসনা), যোগেন (আসনাদিযোগ) সুসমাধিনা (ও বৈরাগ্যযুক্ত সমাধির সহিত) যুক্তঃ (যুক্ত হইয়া) অভিমতাঃ প্রজাঃ ঋষীন্ সসর্জ্জ (অভিলষিত ঋষিগণকে সৃষ্টি করিলেন) [অর্থাৎ পঞ্চগুণযুক্ত ব্রহ্মা পঞ্চপ্রকার ঋষি সৃষ্টি করিলেন] ॥ ৫২ ॥

অনুবাদ

আত্মতত্ত্বজ্ঞ ব্রহ্মা মনুগণকে নিজের পুরুষাকার দেহ প্রদান করিলেন। যাহারা পূর্ব্বে সৃষ্ট হইয়াছিলেন, তাহারা এই মনুগণকে দেখিয়া প্রজাপতি ব্রহ্মার প্রশংসা করিতে লাগিলেন ॥৫০॥

হে জগদ্বিধাতঃ ব্রহ্মন্! আপনি যে পুরুষাকার শরীর সৃষ্টি করিয়াছেন, ইহা অতি উত্তম কার্য্য হইয়াছে। এই মনু সৃষ্টিতেই অগ্নিহোত্রাদি ক্রিয়া প্রতিষ্ঠিত থাকিবে। বড়ই আনন্দের বিষয় যে আমরা ইহাদের সহিত যজ্ঞীয় হবিঃ প্রভৃতি ভক্ষণ করিব ॥ ৫ ॥

অনন্তর জিতেন্দ্রিয় ব্রহ্মা তপস্যা, উপাসনা, আসনাদি যোগ, বৈরাগ্য ও সমাধির

টীকা

বিস্তীর্ণা কন্ধরা যেষাং তে, স্থৌল্যযুক্তদীর্ঘশরীরকন্ধরাঃ জজ্ঞিরে। ক্রোধাংশাৎ যে জাতাঃ তে বিশেষতঃ ক্রূরা ইত্যর্থঃ ॥ ৪৮ ॥ যদাত্মানং কৃতকৃত্যং মন্যমানঃ আসীত্তদা ॥ ৪৯ ॥ তেভ্যো মনুভ্যঃ স্বীয়ং পুরুষং পুরুষাকারং পুরং দেহম্ অত্যসৃজৎ অত্যাদরেণ দদৌ, তান্ মনূন্ ॥ ৫০ ॥ এতৎ পুরুষাকারং শরীরং তে ত্বয়া কৃতং ভবতি। যস্মিন্ ক্রিয়াঃ ভুক্তিমুক্তিসাধনরূপাঃ প্রতিষ্ঠিতাঃ, অতঃ অস্মিন্, সাকম্ সহ বয়মন্নমদাম

তেভ্যশ্চৈকৈকশঃ স্বস্য দেহস্যাংশমদাদজঃ।
যৎ তৎ সমাধিযোগর্দ্ধিতপোবিদ্যাবিরক্তিমৎ ॥৫৩॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে
বিদুরমৈত্রেয়সংবাদে জগৎসৃষ্টিবর্ণনং নাম বিংশোঽধ্যায়ঃ ॥২০॥

অন্বয়

অজঃ (ব্রহ্মা) স্বস্য দেহস্য (নিজের দেহের) যৎ সমাধিযোগর্দ্ধিতপোবিদ্যাবিরক্তিমৎ অংশম্ (সমাধি, যোগ, তপস্যা, উপাসনা ও বৈরাগ্যযুক্ত যে যে অংশ), তৎ (সেই সকল) তেভ্যঃ (পূর্ব্বোক্ত পাঁচ প্রকার ঋষিগণকে) একৈকশঃ (এক একটি করিয়া) অদাৎ চ (প্রদান করিলেন) ॥ ৫৩ ॥

অনুবাদ

দ্বারা অভিলষিত প্রজা ঋষিগণকে সৃষ্টি করিলেন অর্থাৎ পঞ্চগুণযুক্ত ব্রহ্মা পঞ্চপ্রকার ঋষিগণকে সৃষ্টি করিলেন ॥ ৫২ ॥

ব্রহ্মার যে দেহ সমাধি, যোগ, তপস্যা, উপাসনা ও বৈরাগ্য এই পঞ্চ অংশবিশিষ্ট, ব্রহ্মা ঋষিগণকে এক এক করিয়া সেই নিজের দেহের এক এক অংশ প্রদান করিলেন ॥ ৫৩ ॥

বিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ২০ ॥

টীকা

হবির্ভাগাদি ভক্ষয়ামঃ। হে ব্রহ্মন্! ॥ ৫১ ॥ তপ আদিযুক্তঃ হৃষীকেশঃ জিতেন্দ্রিয়ঃ বিরক্তিযুক্ত ইত্যর্থঃ। তথা চ পঞ্চগুণযুক্তঃ পঞ্চবিধান্ ঋষীন্ প্রজাঃ সসর্জ্জেত্যর্থঃ ॥ ৫২ ॥ তেভ্যঃ পঞ্চপ্রকারেভ্যঃ একৈকশঃ স্বস্য তপআদি পঞ্চগুণযুক্তস্য দেহস্য অংশমেকৈকং তপআদিগুণভেদম্ অদাৎ। কঃ সন্দেহঃ যস্যাংশমদাদিত্যত আহ—যদিতি। যৎ শরীরম্ সমাধিশ্চ, যোগর্দ্ধিশ্চ, তপশ্চ, বিদ্যা চ বিরক্তিশ্চ, তাঃ বিদ্যন্তে যস্মিন্ তৎ ॥ ৫৩ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে তৃতীয়স্কন্ধে শ্রীমচ্ছুকদেবকৃতসিদ্ধান্ত-
প্রদীপে বিংশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ২০ ॥

একবিংশোঽধ্যায়ঃ

শ্রীবিদুর উবাচ

স্বায়ম্ভুবস্য চ মনোর্ব্বংশঃ পরমসম্মতঃ।
কথ্যতাং ভগবন্! যত্র মৈথুনেনৈধিরে প্রজাঃ॥ ১॥
প্রিয়ব্রতোত্তানপাদৌ সুতৌ স্বায়ম্ভুবস্য বৈ।
যথা ধর্ম্মং জুগুপতুঃ সপ্তদ্বীপবতীং মহীম্॥ ২॥
তস্য বৈ দুহিতা ব্রহ্মন্! দেবহূতীতি বিশ্রুতা।
পত্নী প্রজাপতেরুক্তা কর্দ্দমস্য ত্বয়ানঘ!॥ ৩॥

অন্বয়

শ্রীবিদুরঃ উবাচ (বিদুর বলিলেন) ভগবন্! (হে মৈত্রেয়!) যত্র (যে বংশে) মৈথুনেন (স্ত্রী-পুরুষসংযোগে) প্রজাঃ (প্রজাগণ) এধিরে (বৃদ্ধি প্রাপ্ত হইয়াছে), স্বায়ম্ভুবস্য মনোঃ (স্বায়ম্ভুব মনুর) পরমসম্মতঃ (সজ্জনপ্রশংসনীয়) [সঃ] বংশঃ (সেই বংশ) কথ্যতাম্ (বলুন)॥ ১॥

[হে মৈত্রেয়!] স্বায়ম্ভুবস্য সুতৌ (স্বায়ম্ভুব মনুর পুত্র) প্রিয়ব্রতোত্তানপাদৌ (প্রিয়ব্রত ও উত্তানপাদ) ধর্ম্মং (ধর্ম্ম) সপ্তদ্বীপবতীং মহীং [চ] (ও সপ্তদ্বীপবতী পৃথিবীকে) যথা (যে প্রকারে) জুগুপতুঃ বৈ (রক্ষা করিয়াছিলেন), [এতদ্ বদ] [ইহা আমাকে বলুন। তৃতীয় শ্লোকের সহিত অন্বয়]॥২॥

অনঘ! (হে নিষ্পাপ!) ব্রহ্মন্! (হে মৈত্রেয়!) তস্য (সেই মনুর) দেবহূতীতি বিশ্রুতা (দেবহূতি এই নামে বিখ্যাতা) দুহিতা (এক কন্যা) প্রজাপতেঃ কর্দ্দমস্য (প্রজাপতি কর্দ্দমঋষির) পত্নী (সহধর্ম্মিণী ছিলেন) ত্বয়া (ইহা আপনাকর্ত্তৃক) উক্তা (কথিত হইয়াছে)॥ ৩॥

অনুবাদ

বিদুর বলিলেন—হে ভগবন্ মৈত্রেয়! যে বংশে স্ত্রীপুরুষসংযোগে প্রজাগণ বৃদ্ধি-প্রাপ্ত হইয়াছে এবং সজ্জনগণ যে বংশের বহু প্রশংসা করিয়া থাকেন, আপনি সেই স্বায়ম্ভুব মনুর বংশ আমার নিকটে বর্ণনা করুন॥ ১॥

হে প্রভো! স্বায়ম্ভুব মনুর পুত্র প্রিয়ব্রত ও উত্তানপাদ পূর্ব্বে ধর্ম্ম ও সপ্তদ্বীপা পৃথিবীকে যে প্রকারে রক্ষা করিয়াছিলেন, তাহা আমাকে বিশেষরূপে বলুন॥২॥

হে নিষ্পাপ মৈত্রেয়! আপনি বলিয়াছেন—সেই স্বায়ম্ভুব মনুর দেবহূতি নাম্নী এক কন্যা প্রজাপতি কর্দ্দমঋষির সহধর্ম্মিণী ছিলেন॥ ৩॥

টীকা

ইত্থমবশিষ্টং চতুর্ম্মুখকৃতং সর্গং শ্রুত্বা প্রকৃতং মনুবংশাদিকং পৃচ্ছতি—স্বায়ম্ভুবস্যেতি॥ ১॥ ধর্ম্মং মহীং চ যথা জুগুপতুঃ এতদ্বদেতি তৃতীয়েনান্বয়ঃ॥ ২॥ ৩॥ যোগলক্ষণৈর্যমাদিভিঃ কতিধা কতিসংখ্যাকং

তস্যাং স বৈ মহাযোগী যুক্তায়াং যোগলক্ষণৈঃ।
সসর্জ্জ কতিধা বীর্য্যং তন্মে শুশ্রূষবে বদ ॥ ৪ ॥
রুচির্যো ভগবান্ ব্রহ্মন্! দক্ষো বা ব্রহ্মণঃ সুতঃ।
যথা সসর্জ্জ ভূতানি লব্ধ্বা ভার্য্যাঞ্চ মানবীম্ ॥৫॥

শ্রীমৈত্রেয় উবাচ

প্রজাঃ সৃজেতি ভগবান্ কর্দ্দমো ব্রহ্মণোদিতঃ।
সরস্বত্যাং তপস্তেপে সহস্রাণাং সমা দশ ॥৬॥

অন্বয়

মহাযোগী সঃ (পরমযোগী সেই কর্দ্দমঋষি) যোগলক্ষণৈঃ যুক্তায়াং (যমনিয়মাদিযুক্তা) তস্যাং (সেই দেবহূতির গর্ভে) কতিধা (কয়টি) বীর্য্যং (সন্তান) সসর্জ্জ বৈ (উৎপাদন করিয়াছিলেন), তৎ (তাহা) শুশ্রূষবে (শ্রবণেচ্ছু) মে (আমাকে) বদ (বলুন) ॥ ৪ ॥

ব্রহ্মন্! (হে মৈত্রেয়!) যঃ ভগবান্ রুচিঃ (ভগবান্ রুচি) বা (এবং) ব্রহ্মণঃ সুতঃ দক্ষঃ (ব্রহ্মার পুত্র দক্ষ) মানবীং (যথাক্রমে মনুকন্যা আকূতি ও প্রসূতিকে) ভার্য্যাং চ (পত্নীরূপে) লব্ধ্বা (লাভ করিয়া) যথা (যে প্রকারে) ভূতানি (প্রজাসকল) সসর্জ্জ (সৃষ্টি করিয়াছেন), [তাহা আমাকে বলুন। পূর্ব্বের সহিত অন্বয়] ॥ ৫ ॥

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) প্রজাঃ সৃজ (প্রজা সৃষ্টি কর) ইতি (এইরূপে) ব্রহ্মণা ব্রহ্মাকর্ত্তৃক) উদিতঃ (আদিষ্ট হইয়া) ভগবান্ কর্দ্দমঃ (ভগবান্ কর্দ্দমঋষি) সরস্বত্যাম্ (সরস্বতী নদীর তীরে) সহস্রাণাং দশ সমাঃ (দশ সহস্র বৎসর) তপঃ তেপে (তপস্যা করিলেন) ॥ ৬ ॥

অনুবাদ

মহাযোগী সেই কর্দ্দমঋষি যমনিয়মাদি যোগযুক্তা স্বীয় ভার্য্যা দেবহূতির গর্ভে কয়টি সন্তান উৎপাদন করিয়াছিলেন, তাহা শ্রবণ করিতে আমার ইচ্ছা হইয়াছে; অতএব আমার নিকটে বর্ণনা করুন ॥ ৪ ॥

হে ব্রহ্মন্! ভগবান্ রুচি ও ব্রহ্মার পুত্র দক্ষ যথাক্রমে মনুকন্যা আকূতি ও প্রসূতিকে পত্নীরূপে লাভ করিয়া যে প্রকারে প্রজা সকল সৃষ্টি করিয়াছেন, তাহা শ্রবণেচ্ছু আমার নিকটে বর্ণনা করুন ॥ ৫ ॥

মৈত্রেয় ঋষি বলিলেন—"তুমি প্রজা সৃষ্টি কর" এইরূপে ব্রহ্মা কর্দ্দমঋষিকে আদেশ করিলে ভগবান্ কর্দ্দমঋষি সরস্বতী নদীর তীরে দশ সহস্র বৎসর তপস্যা করিলেন ॥ ৬ ॥

টীকা

বীর্য্যমপত্যং সসর্জ্জোৎপাদয়ামাস ॥ ৪ ॥ ভার্য্যামাকূতিং রুচিঃ, দক্ষঃ প্রসূতিঞ্চ ॥ ৫ ॥ সহস্রাণাং সমা দশ সহস্রাণি সম্বৎসরাণীত্যর্থঃ ॥ ৬ ॥ ততস্তস্মিন্ তপসি সমাধিযুক্তেন চিত্তৈকাগ্র্যযুক্তেন ক্রিয়াযোগেন অর্চ্চনাপ্রকারেণ ভক্ত্যা পরয়া চ প্রপন্নেভ্যঃ স্বশরণেভ্যঃ বরদাতারং প্রপেদে সিষেবে ॥ ৭ ॥ শাব্দং

ততঃ সমাধিযুক্তেন ক্রিয়াযোগেন কর্দ্দমঃ।
সম্প্রপেদে হরিং ভক্ত্যা প্রপন্নবরদাশুষম্ ॥৭॥
তাবৎ প্রসন্নো ভগবান্ পুষ্করাক্ষঃ কৃতে যুগে।
দর্শয়ামাস তং ক্ষত্তঃ! শাব্দং ব্রহ্ম দধদ্বপুঃ ॥৮॥
স তং বিরজমর্কাভং সিতপদ্মোৎপলস্রজম্।
স্নিগ্ধনীলালকব্রাতবক্ত্রাব্জং বিরজাম্বরম্ ॥৯॥

অন্বয়

ততঃ (সেই তপস্যাতে) কর্দ্দমঃ (কর্দ্দমঋষি) সমাধিযুক্তেন (চিত্তের একাগ্রতাযুক্ত) ক্রিয়াযোগেন (পূজানুষ্ঠানের দ্বারা) ভক্ত্যা (ও ভক্তিদ্বারা) প্রপন্নবরদাশুষম্ (শরণাগত জনের বরপ্রদাতা) হরিং (শ্রীহরিকে) সম্প্রপেদে (অর্চ্চনা করিলেন)॥ ৭ ॥

ক্ষত্তঃ! (হে বিদুর!) তাবৎ (এইরূপে তাঁহার দশসহস্র বৎসর তপস্যার অন্তে) কৃতে যুগে (সত্যযুগে) পুষ্করাক্ষঃ ভগবান্ (কমললোচন শ্রীহরি) প্রসন্নঃ (তাঁহার প্রতি সন্তুষ্ট হইয়া) শাব্দং ব্রহ্ম (বেদপ্রতিপাদ্য) বপুঃ দধৎ (অপ্রাকৃত শরীর ধারণ করিয়া) তং (সেই কর্দ্দমকে) দর্শয়ামাস (দর্শন করাইলেন)॥ ৮ ॥

সঃ (কর্দ্দম ঋষি) অর্কাভং (সূর্য্যের ন্যায় দীপ্তিসম্পন্ন), বিরজং (নির্ম্মল), সিতপদ্মোৎপলস্রজং (শ্বেতপদ্ম ও উৎপলমালাধারী), স্নিগ্ধনীলালকব্রাতবক্ত্রাব্জং (স্নিগ্ধ ও নীলবর্ণ অলকাবলীযুক্ত বদন-

অনুবাদ

ভগবান্ কর্দ্দমঋষি সেই তপস্যাতে চিত্তের একাগ্রতা সহকারে পূজানুষ্ঠান ও একান্ত ভক্তিদ্বারা শরণাগত জনের বরদাতা ভগবান্ শ্রীহরির আরাধনা করিলেন ॥ ৭ ॥

হে বিদুর! সত্যযুগে এইরূপে কর্দ্দমঋষির দশ সহস্র বৎসরকাল তপস্যা হইলে কমললোচন শ্রীহরি তাহার প্রতি সন্তুষ্ট হইলেন এবং বেদপ্রতিপাদ্য অপ্রাকৃত শরীর ধারণ করিয়া কর্দ্দমঋষিকে প্রদর্শন করাইলেন ॥ ৮ ॥

কর্দ্দমঋষি ভগবান্‌কে দেখিলেন—তিনি নির্ম্মল ও সূর্য্যের ন্যায় দীপ্তি সম্পন্ন, শ্বেতপদ্ম ও উৎপলের মালা ধারণ করিয়াছেন, স্নিগ্ধ ও নীলবর্ণ অলকাবলীতে তাঁহার বদনকমল শোভিত, তিনি নির্ম্মল বস্ত্র পরিধান করিয়াছেন, মস্তকে কিরীট ও কর্ণে কুণ্ডল ধারণ করিয়াছেন, হস্ত-ত্রয়ে শঙ্খ, চক্র, গদা ও চতুর্থ হস্তে লীলাপদ্ম ধারণ করিয়াছেন, মনের আহ্লাদকর হাস্য ও দৃষ্টিপাত করিতেছেন, গরুড়ের স্কন্ধদেশে চরণকমল বিন্যাস করিয়াছেন এবং তিনি আকাশে

টীকা

বেদৈকবেদ্যম্ ব্রহ্ম বৃহৎস্বরূপগুণযুক্তং পরং তত্ত্বম্; তদেবাহ—ভগবান্ বপুরপ্রাকৃতং শরীরং দধৎ কর্দ্দমং প্রতি দর্শয়ামাস॥ ৮ ॥ স কর্দ্দমস্তং ভগবন্তং দৃষ্ট্বা মূর্দ্ধ্না ক্ষিতাবপতৎ গীর্ভিশ্চাভ্যগৃণাদিতি চতুর্ণামন্বয়ঃ। অর্কস্যেবাভা যস্য তম্, সিতানাং শুক্লানাং পদ্মানামুৎপলানাং চ স্রক্ যস্য তম্। স্নিগ্ধনীলালকানাং ব্রাতো বক্ত্রাব্জে যস্য তম্। মনঃস্পর্শং মনআহ্লাদকরং স্মিতমিক্ষণং চ যস্য তম্, প্রীতিরেব স্বভাব

কিরীটিনং কুণ্ডলিনং শঙ্খচক্রগদাধরম্ ।
শ্বেতোৎপলক্রীড়নকং মনঃস্পর্শস্মিতেক্ষণম্ ॥১০॥
বিন্যস্তচরণাম্ভোজমংসদেশে গরুত্মতঃ ।
দৃষ্ট্বা খেঽবস্থিতং বক্ষঃশ্রিয়ং কৌস্তুভকন্ধরম্ ॥১১॥
জাতহর্ষোঽপতন্মূর্দ্ধ্না ক্ষিতৌ লব্ধমনোরথঃ ।
গীর্ভিশ্চাভ্যগৃণাৎ প্রীতিস্বভাবাত্মা কৃতাঞ্জলিঃ ॥১২॥

শ্রীঋষিরুবাচ

জুষ্টং বতাদ্যাখিলসত্ত্বরাশেঃ সাংসিদ্ধ্যমঙ্গোস্তব দর্শনান্নঃ ।
যদ্দর্শনং জন্মভিরীড্য ! সদ্ভি-রাশাসতে যোগিনো রূঢ়যোগাঃ ॥১৩॥

অন্বয়

মণ্ডলে শোভিত), বিরজাম্বরম্ (নির্ম্মল বস্ত্র পরিহিত), কিরীটিনং (কিরীটধারী), কুণ্ডলিনং (কুণ্ডলধারী), শঙ্খচক্রগদাধরং (শঙ্খ, চক্র ও গদাধারী), শ্বেতোৎপলক্রীড়নকং (চতুর্থহস্তে লীলাপদ্ম ধারণকারী), মনঃস্পর্শস্মিতেক্ষণং (মনের আহ্লাদকর হাস্য ও দৃষ্টিসম্পন্ন), গরুত্মতঃ (স্বীয় বাহন গরুড়ের) অংসদেশে (স্কন্ধদেশে) বিন্যস্তচরণাম্ভোজং (চরণকমল বিন্যাসকারী), খে (আকাশে) অবস্থিতং (অবস্থিত), বক্ষঃশ্রিয়ং (বক্ষঃস্থলে লক্ষ্মী বিরাজিত) কৌস্তুভকন্ধরং চ (ও কণ্ঠদেশে কৌস্তুভমণি শোভিত) তং (ভগবান্‌কে) দৃষ্ট্বা (দর্শন করিয়া) জাতহর্ষঃ (আনন্দিত হইয়া) মূর্দ্ধ্না (অবনতমস্তকে) ক্ষিতৌ অপতৎ (ভূমিতে দণ্ডবৎ পতিত হইলেন) [এবং] প্রীতিস্বভাবাত্মা (স্বাভাবিক প্রীতিপূর্ণহৃদয় কর্দ্দমঋষি) লব্ধমনোরথঃ (সিদ্ধমনোরথ হইয়া) কৃতাঞ্জলিঃ (হাতজোড় করতঃ) গীর্ভিঃ (স্তুতিবাক্যের দ্বারা) অভ্যগৃণাৎ (স্তব করিতে লাগিলেন) ॥৯-১২॥

শ্রীঋষিঃ উবাচ (কর্দ্দমঋষি বলিলেন) ঈড্য ! (হে পরমারাধ্য !) যোগিনঃ (যোগিগণ) সদ্ভিঃ জন্মভিঃ (ক্রমোন্নত বহু জন্মে) রূঢ়যোগাঃ (পরিপক্কযোগী হইয়া) যদ্দর্শনং (যাঁহার দর্শন) আশাসতে

অনুবাদ

অবস্থান করিতেছেন ; তাঁহার বক্ষঃস্থলে লক্ষ্মীদেবী ও কণ্ঠদেশে কৌস্তুভমণি ; এইরূপে ভগবান্‌কে দর্শন করিয়া আনন্দিত হইয়া কর্দ্দমঋষি অবনতমস্তকে ভূমিতে দণ্ডবৎ নিপতিত হইলেন এবং স্বাভাবিক প্রীতিপূর্ণ হৃদয়ে পূর্ণমনোরথ হইয়া কৃতাঞ্জলিপুটে স্তুতিবাক্যের দ্বারা ভগবানের স্তব করিতে লাগিলেন ।। ৯-১২ ॥

হে পরমারাধ্য দেব ! যোগিগণ ক্রমোন্নত বহুজন্মে পরিপক্ক যোগী হইয়া আপনার দর্শন

টীকা

ঔৎপত্তিকো গুণঃ যস্য স আত্মা মনো যস্য সঃ, অভ্যগৃণাৎ স্বাভিপ্রায়ং নিবেদয়ন্ অস্তৌষীৎ ॥ ৯-১২ ॥ সাংসিদ্ধ্যং লব্ধার্থত্বম্, জুষ্টং সেবিতম্, আশাসতে প্রার্থয়ন্তে ॥ ১৩ ॥ যদ্যপি অর্থার্থং ভজনং নাতিযুক্তং, তথাপি প্রজাপত্যাত্মনো ভবতো বাক্‌তন্ত্র্যা বদ্ধোঽহং সকামভক্তঃ সন্ তুভ্যং বলিং হরামীত্যাহ—য ইতি

যে মায়য়া তে হতমেধসস্ত্বৎ-পাদারবিন্দং ভবসিন্ধুপোতম্ ।
উপাসতে কামলবায় তেষাং রাসীশ ! কামান্ নিরয়েঽপি যে স্যুঃ ॥ ১৪ ॥
তথাপি চাহং পরিবোঢ়ুকামঃ সমানশীলাং গৃহমেধধেনুম্ ।
উপেযিবান্ মূলমশেষমূলং দুরাশয়ঃ কামদুঘাঙ্ঘ্রিপস্য ॥ ১৫ ॥

অন্বয়

(কামনা করিয়া থাকেন), বত (আহা !) অখিলসত্ত্বরাশেঃ (সমস্ত সত্ত্বগুণের আধার) [তস্য] তব (তাদৃশ আপনার) দর্শনাৎ (দর্শনে) অদ্য নঃ (আজ আমার) অক্ষ্নোঃ (নয়নদ্বয়ের) সাংসিদ্ধ্যম্ জুষ্টম্ (সাফল্য লাভ হইল) ॥ ১৩ ॥

ঈশ ! (হে পরমেশ্বর !) যে (যাহারা) মায়য়া (আপনার মায়াশক্তির প্রভাবে) হতমেধসঃ (হতবুদ্ধি হইয়া থাকে), তে (তাহারা) যে (যে সকল কাম্য পদার্থ) নিরয়ে অপি (নরকেও) স্যুঃ (বর্ত্তমান আছে), কামলবায় (সেই কাম্য পদার্থের লেশমাত্র লাভ করিবার জন্য) ভবসিন্ধুপোতং (সংসারসমুদ্রের তরণীরূপ) ত্বৎপাদারবিন্দং (আপনার চরণকমল) উপাসতে (ভজনা করিয়া থাকে)। [আপনি] তেষাং (তাহাদিগের) কামান্ (সেই কাম্যবস্তু সকলও) রাসি (প্রদান করিয়া থাকেন) ॥ ১৪ ॥

[যদিও সকাম হইয়া ভজনা করা প্রশংসনীয় নহে], তথাপি চ (তাহা হইলেও) দুরাশয়ঃ অহং (সকামী বলিয়া অতিদুষ্টচিত্ত আমি) সমানশীলাং (সমানচরিত্রা) গৃহমেধধেনুম্ (গৃহস্থাশ্রমে ধর্ম্ম, অর্থ ও কামরূপ ত্রিবর্গদোহনশীলা ভার্য্যাকে) পরিবোঢ়ুকামঃ (পরিণয় করিতে ইচ্ছা করিয়া) কামদুঘাঙ্ঘ্রিপস্য (কল্পবৃক্ষরূপ আপনার) অশেষমূলং (সকলপুরুষার্থের মূলস্বরূপ) মূলম্ (শ্রীচরণ) উপেযিবান্ (প্রাপ্ত হইলাম) ॥ ১৫ ॥

অনুবাদ

কামনা করিয়া থাকেন ; আহা ! আজ সেই সমস্ত সত্ত্বগুণের আধার আপনাকে দর্শন করিলাম ; আজ আপনাকে দর্শন করিয়া আমার নয়নদ্বয়ের সাফল্য লাভ হইল ॥ ১৩ ॥

হে পরমেশ্বর ! যাহারা আপনার মায়াশক্তির প্রভাবে হতবুদ্ধি হইয়াছে, তাহারা যে সকল কাম্য পদার্থ নরকেও বর্ত্তমান আছে, সেই কাম্য পদার্থের কণিকামাত্র লাভ করিবার জন্য সংসারসমুদ্রের তরণীস্বরূপ আপনার চরণকমল ভজনা করিয়া থাকে ; তাহা হইলেও আপনি তাহাদের কাম্য বস্তুসকল তাহাদিগকে প্রদান করিয়া থাকেন ॥ ১৪ ॥

যদিও সকাম হইয়া ভজনা করা উচিত নহে, তাহা হইলেও এই দুরাশয় আমি সমান-চরিত্রা এবং গৃহস্থাশ্রমে ধর্ম্ম, অর্থ ও কামরূপ ত্রিবর্গদোহনশীলা ভার্য্যাকে পরিণয় করিবার অভিলাষে কল্পবৃক্ষরূপ আপনার সকল পুরুষার্থের মূলস্বরূপ শ্রীচরণ প্রাপ্ত হইলাম অর্থাৎ আশ্রয় লইলাম ॥ ১৫ ॥

টীকা

ত্রিভিঃ। রাসি দদাসি ॥ ১৪ ॥ গৃহমেধে গৃহস্থাশ্রমে ধেনুং ত্রিবর্গদোগ্ধ্রীং ভার্য্যাং কামদুঘাঙ্ঘ্রিপস্য কল্পদ্রুমস্য তব মূলমঙ্ঘ্রিম্ ॥ ১৫ ॥ হে অধীশ ! হে শুক্র ! ধর্ম্মমূর্ত্তে ! লোকঃ কামহতোঽতএব "সহো ভৌমধর্ম্মমাচরতামি"ত্যাদি বাচা বদ্ধঃ অহমপি লোকানুগতঃ লোকমনুস্থতঃ অনিমিষায় কালাত্মনে তুভ্য

প্রজাপতেস্তে বচসাধীশ ! তন্ত্র্যা লোকঃ কিলায়ং কামহতোঽনুবদ্ধঃ ।
অহঞ্চ লোকানুগতো বহামি বলিঞ্চ শুক্লানিমিষায় তুভ্যম্ ॥১৬॥
লোকাংশ্চ লোকানুগতান্ পশূংশ্চ হিত্বা শ্রিতাস্তে চরণাতপত্রম্ ।
পরস্পরং ত্বদ্‌গুণবাদশীধু-পীযূষনির্য্যাপিতদেহধর্ম্মাঃ ॥১৭॥

অন্বয়

অধীশ ! (হে অধিপতে !) প্রজাপতেঃ তে (প্রজাপতিরূপী আপনার) বচসা তন্ত্র্যা ("প্রজাসৃষ্টি কর" এই বাক্যরূপ রজ্জুদ্বারা) অয়ং কামহতঃ লোকঃ (এই কামাভিভূত লোকসমূহ) অনুবদ্ধঃ কিল (নিবদ্ধ হইয়া রহিয়াছে), শুক্ল ! (হে ধর্ম্মমূর্ত্তে !) অহঞ্চ (আমিও) লোকানুগতঃ (লোকসকলের অনুসরণকারী হইয়া) অনিমিষায় তুভ্যং (কালাত্মা আপনাকে) বলিং চ বহামি (পূজোপকরণ প্রদান করিব অর্থাৎ আপনার কর্ম্মময়ী আজ্ঞা পালন করিব) ॥ ১৬ ॥

[নিষ্কাম ভক্তগণ কালাধীন নহেন, ইহাই বলিতেছেন] [হে ভগবন্ ! নিষ্কামভক্তগণ] লোকান্ চ (সকাম লোকসমূহকে) লোকানুগতান্ পশূন্ চ (ও লোকানুগত পশুতুল্য সকামিগণকে) হিত্বা (অনাদর করিয়া) তে (আপনার) চরণাতপত্রম্ (তাপত্রয়নিবর্ত্তক শ্রীচরণ) শ্রিতাঃ (আশ্রয় করিয়া থাকেন) ; [অতএব] পরস্পরং (পরস্পর) ত্বদ্‌গুণবাদশীধু-পীযূষনির্য্যাপিতদেহধর্ম্মাঃ (আপনার গুণবাদরূপ অতি মধুর অমৃত পানে জন্মমরণাদি দেহধর্ম্ম যাঁহারা দূরীভূত করিয়াছেন), [তাঁহাদের আয়ু কালচক্র হরণ করিতে পারে না। পরের শ্লোকের সহিত অন্বয়] ॥ ১৭ ॥

অনুবাদ

হে অধিপতে ! প্রজাপতিরূপী আপনার "প্রজা সৃষ্টি কর" এই বাক্যরূপ রজ্জুদ্বারা এই কামাভিভূত লোকসমূহ নিবদ্ধ হইয়া রহিয়াছে অর্থাৎ লোকসমূহ আপনার আজ্ঞা পালন করিতেছে। হে ধর্ম্মমূর্ত্তে ! সেইরূপ আমিও লোক সকলের অনুসরণ করিয়া পূজোপকরণ সংগ্রহকরতঃ কালাত্মা আপনার আজ্ঞা পালন করিব। [সেই জন্যই ভার্য্যা গ্রহণ করিতে ইচ্ছা করিয়াছি অর্থাৎ আমি দেবঋণ, ঋষিঋণ ও পিতৃঋণ শোধ করিবার জন্য সকামী জনের ন্যায় প্রজাসৃষ্টি করিয়া কালাত্মা আপনার বশেই অবস্থান করিব ; কিন্তু কালাতীত আপনাকে নিষ্কাম ভজনাদ্বারা প্রাপ্ত হইয়া সংসার পরিত্যাগ করিব না] ॥ ১৬ ॥

[এক্ষণে দুইটি শ্লোকে নিষ্কাম ভক্তগণ যে কালাধীন নহেন ইহাই বলিতেছেন] হে

টীকা

বলিং বহামি, যথা কামহতো লোকঃ কালবশ্যতাং বহতি, তথা হেয়োপাদেয়বিবেকবানহমপি লোকানুগতত্বাৎ কালবশ্যতাং বহামি, ন তু কালাতীতং ত্বাং নিষ্কামভজনেন প্রাপ্য কালবশ্যতাং ত্যক্ষ্যামীতি ফলিতোঽর্থঃ ॥ ১৬ ॥ লোকতদনুগতোপেক্ষকাণাং ত্বদ্ভজনরসিকানাং তু ন কালবশ্যতেত্যাহ লোকানিতি দ্বাভ্যাম্। লোকানস্মদ্‌বিধান্ লোকানুগতাংশ্চ পশূন্ পশুতুল্যান্ হিত্বা ভবদ্ভজনে বিঘ্নভূতং কলত্রাদি-প্রাবণ্যং লোকতদনুগতমনাদৃত্যেত্যর্থঃ। তে চরণাতপত্রম্ তাপত্রয়ঘ্নং তব চরণং যে শ্রিতাঃ। অতএব পরস্পরং মিথঃ ত্বদ্‌গুণানাং বাদঃ সম্বাদস্তদেব সীধু অতিমধুরং পীযূষমমৃতং তেন নির্য্যাপিতা অনাদিতঃ প্রতীয়মানা অপি আত্মনঃ সকাশাৎ নিরাকৃতাঃ দেহধর্ম্মাঃ জন্মমরণাদয়ো যৈঃ এষামিত্যগ্রিমেণান্বয়ঃ ॥ ১৭ ॥

ন তেঽজরাক্ষভ্রমিরায়ুরেষাং ত্রয়োদশারং ত্রিশতং ষষ্টিপর্ব্ব।
ষণ্নেম্যনন্তচ্ছদি যৎ ত্রিনাভি করালস্রোতো জগদাচ্ছিদ্য ধাবৎ ॥১৮॥

অন্বয়

তে (আপনার) অজরাক্ষভ্রমিঃ (ব্রহ্মরূপ রথে ভ্রমণশীল) ত্রয়োদশারম্ (মলমাস ও দ্বাদশ মাস এই ত্রয়োদশ মাসরূপ অরবিশিষ্ট), [অর অর্থাৎ নাভি ও নেমির মধ্যস্থিত চক্রশলাকা] ত্রিশতং ষষ্টিপর্ব্ব (অহোরাত্ররূপ তিনশত ষাট্‌টি গ্রন্থিস্থানযুক্ত), ষণ্নেমি (ছয়টি ঋতুরূপ পরিধি-বিশিষ্ট), অনন্তচ্ছদি (ক্ষণলবাদিরূপ পত্রাকার ধারাবিশিষ্ট), ত্রিনাভি (চাতুর্ম্মাস্যরূপ তিনটি নাভিযুক্ত) করালস্রোতঃ (ও তীব্রগতি) যৎ (সংবৎসরাত্মক কালচক্র) জগৎ আচ্ছিদ্য (জগৎকে আক্রমণ করিয়া) ধাবৎ [অপি] (ধাবিত হইয়াও) এষাং (এই পূর্ব্বোক্ত যাঁহারা আপনার গুণানুবাদ কীর্ত্তনের দ্বারা দেহধর্ম্ম দূরীভূত করিয়াছেন, তাঁহাদের) আয়ুঃ ন (আয়ুকে আক্রমণ করিয়া ধাবিত হইতে সমর্থ হয় না) ॥ ১৮ ॥

অনুবাদ

ভগবন্! নিষ্কামী ভক্তগণ কামাভিভূত মাদৃশ লোকসমূহকে ও লোকানুগত পশুতুল্য সকামি-গণকে অনাদর করিয়া আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক এই ত্রিবিধ তাপের নিবর্ত্তক আপনার শ্রীচরণ আশ্রয় করিয়া থাকেন; অতএব ইঁহারা পরস্পর আপনার গুণানুবাদরূপ অতি সুমধুর অমৃত পানে জন্মমরণাদি দেহধর্ম্ম দূরীভূত করিয়া থাকেন; কালচক্র ইঁহাদের আয়ু হরণ করিতে সমর্থ হয় না ॥ ১৭ ॥

হে ভগবন্! আপনার সংবৎসরাত্মক কালচক্র কামাভিভূত লোকসমূহের আয়ু হরণ করিতেছে। এই সংবৎসরাত্মক কালচক্র ব্রহ্মরূপ রথে নিরন্তর ভ্রমণ করিতেছে; মলমাস ও দ্বাদশমাস এই ত্রয়োদশ মাস ইহার অর অর্থাৎ চক্রের নাভি ও নেমির মধ্যস্থিত শলাকাসমূহ, তিনশত ষাট্‌টি অহোরাত্র ইহার গ্রন্থিস্থান, ছয়টি ঋতু ইহার নেমি অর্থাৎ পরিধি, অনন্ত ক্ষণলবাদি ইহার পত্রাকার ধারা এবং তিনটি চাতুর্ম্মাস্য ইহার নাভি। এই সংবৎসরাত্মক কালচক্র সকামিগণের আয়ু হরণ করতঃ তীব্রবেগে ধাবিত হইলেও যাঁহারা আপনার চরণাশ্রিত হইয়া গুণানুবাদ শ্রবণ করতঃ দেহধর্ম্ম দূর করিয়া থাকেন, তাঁহাদের আয়ু হরণ করিতে সমর্থ হয় না; যেহেতু তাঁহারা কালাধীন নহেন ॥১৮॥

টীকা

তে তব যৎ ত্রিনাভি ত্রীণি চাতুর্ম্মাস্যানি নাভয়ঃ অরাধারভূতানি বলয়ানি যস্য তত্তথা কালচক্রং তৎ জগদাচ্ছিদ্য স্বপরিচ্ছিন্নং কৃত্বা ধাবদপি এষাং ত্বদ্‌গুণসম্বাদেন জন্মমরণরহিতাত্মযাথাত্ম্যবিদাং ত্বায়ুরাচ্ছিদ্য ধাবন্ন ভবতি, তেষাং দেহেন্দ্রিয়াদিবিলক্ষণনিত্যস্বরূপনিষ্ঠানাং কালবশ্যত্বাভাবাৎ। কথম্ভূতম্? অজরে ব্রহ্মণ্যক্ষরূপে ভ্রমির্ভ্রমণং যস্য তৎ সোরলুক্ ছন্দোঽনুরোধেন। অধিকমাসঃ অন্যে দ্বাদশমাসাশ্চ অরা যস্য তৎ, ত্রিশতং ষষ্টিশ্চ অহোরাত্রাণি পর্ব্বাণি যস্য তৎ, ত্রিশতশব্দে বিভক্তেরলুগার্ষঃ। ষট্ ঋতবো নেময়ো যস্য তৎ অনন্তাঃ ক্ষণলবাদয়ঃ ছদাঃ পত্রাণি পত্রাকারা ধারা সন্তি যস্য তৎ, করালস্রোতঃ তীব্রবেগম্ ॥ ১৮ ॥

একঃ স্বয়ং সন্ জগতঃ সিসৃক্ষয়া দ্বিতীয়য়াত্মন্নধিযোগমায়য়া।
সৃজস্যদঃ পাসি পুনর্গ্রসিষ্যসে যথোর্ণনাভির্ভগবন্! স্বশক্তিভিঃ ॥১৯॥
নৈতদ্বতাধীশ! পদং তবেপ্সিতং যন্মায়য়া নস্তনুষে ভূতসূক্ষ্মম্।
অনুগ্রহায়াস্ত্বপি তর্হি মায়য়া লসত্তুলস্যা তনুবা বিলক্ষিতঃ ॥২০॥

অন্বয়

ভগবন্! (হে ষড়ৈশ্বর্য্যশালিন্!) [আপনি] [আদৌ] স্বয়ম্ একঃ সন্ (প্রথমে নিজে এক হইয়া) দ্বিতীয়য়া জগতঃ সিসৃক্ষয়া (দ্বিতীয়ের দ্বারা জগৎ সৃষ্টি করিবার ইচ্ছায়) আত্মন্নধিযোগমায়য়া (অনন্তশক্তিমান্ আপনারই প্রকৃতিনাম্নী শক্তি) স্বশক্তিভিঃ (ও কালাদি শক্তিসমূহের দ্বারা) ঊর্ণনাভিঃ যথা (ঊর্ণনাভের ন্যায়) অদঃ (এই জগৎ) সৃজসি (সৃষ্টি করিয়াছেন), পাসি (পালন করিতেছেন) পুনঃ গ্রসিষ্যসে (ও পুনর্ব্বার বিনাশ করিবেন)॥ ১৯॥

অধীশ! (হে পরমেশ্বর!) [আপনি] নঃ (ভক্ত আমাদের নিকটে) যৎ ভূতসূক্ষ্মং পদম্ (শ্রোত্রাদি ইন্দ্রিয়ের বিষয় শব্দাদি) মায়য়া (কৃপা করিয়া) তনুষে (বিস্তার করিয়া থাকেন অর্থাৎ ভোগ্যবিষয় প্রদান করিয়া থাকেন); এতৎ (এই বিষয়ভোগ) তব (আপনার) ঈপ্সিতং ন (অভিলষিত নহে); বত অপি অনুগ্রহায় (তথাপি এক্ষণে আমাদের প্রতি অনুগ্রহের নিমিত্ত) অস্তু (উহা আপনার অভিলষিত হউক); যর্হি (যেহেতু) লসত্তুলস্যা (শোভিত তুলসীযুক্ত) তনুবা (শ্রীমূর্ত্তিদ্বারা) মায়য়া (আপনি কৃপাযুক্ত বলিয়া) বিলক্ষিতঃ (দৃষ্টিগোচর হইতেছেন)॥ ২০॥

অনুবাদ

হে ষড়ৈশ্বর্য্যশালিন্! আপনি সৃষ্টির পূর্ব্বে স্বয়ং এক হইয়া দ্বিতীয়ের দ্বারা জগৎ সৃষ্টি করিবার অভিলাষে অনন্তশক্তিমান্ আপনাতেই অবস্থিত সঙ্কল্পযুক্তা প্রকৃতি নাম্নী শক্তি ও কালাদি শক্তিসমূহের দ্বারা ঊর্ণনাভের ন্যায় এই জগৎ সৃষ্টি করিয়াছেন ও পালন করিতেছেন এবং পুনরায় সংহার করিবেন অর্থাৎ ঊর্ণনাভ যেমন নিজেতেই অবস্থিত উপাদান বস্তুকে সূত্রাকারে পরিণত করিয়া জাল প্রস্তুত করে, সেইরূপ আপনি আপনাতে অবস্থিত শক্তিসমূহকে জগদাকারে সৃষ্টি করেন॥ ১৯॥

হে পরমেশ্বর! আপনি কৃপা করিয়া ভক্ত আমাদের ভোগ্যবস্তু সকল প্রকাশ করিয়া থাকেন; ঐ সকল বিষয়ভোগ যদিও আপনার অভিলষিত নহে, তথাপি আমাদের প্রতি অনুগ্রহের নিমিত্ত উহা এক্ষণে আপনার অভিলষিত হউক; আপনি ভক্তগণের মনোবাসনা পরিপূরণ করিয়া থাকেন; যেহেতু আমি আপনাকে শোভিত তুলসীযুক্ত শ্রীমূর্ত্তির দ্বারা কৃপাপরবশ বলিয়া দর্শন করিতেছি॥ ২০॥

টীকা

সর্ব্বকারণত্বং সর্ব্বশক্তিমত্ত্বং ভুক্তিমুক্তিপ্রদত্বং ভক্তেচ্ছানুসারিত্বম্ সর্ব্বোপাস্যত্বম্ চ ভগবতো বদন্ নমস্করোতি এক ইতি ত্রিভিঃ। হে ভগবন্! আদৌ স্বয়মেকঃ সন্ দ্বিতীয়য়া জগতঃ সিসৃক্ষয়া আত্মন্যধিগতয়া অনন্তশক্তিমত্যাত্মনি আবিষ্কৃতয়া যোগমায়য়া যুজ্যতে ইতি যোগঃ সঙ্কল্পঃ তেন সহিতা তৎপ্রবর্ত্তিতা মায়া প্রকৃত্যাখ্যা শক্তিস্তয়া কালাদিস্বশক্তিভিশ্চ। শক্তিপরিণামসিদ্ধান্তং

তং ত্বানুভূত্যোপরতক্রিয়ার্থং স্বমায়য়াবর্ত্তিতলোকতন্ত্রম্।
নমাম্যভীক্ষ্ণং নমনীয়পাদ-সরোজমল্পীয়সি কামবর্ষম্ ॥২১॥

শ্রীমৈত্রেয় উবাচ

ইত্যব্যলীকং প্রণুতোঽব্জনাভ-স্তমাবভাষে বচসামৃতেন।
সুপর্ণপক্ষোপরি রোচমানঃ প্রেমস্মিতোদ্বীক্ষণবিভ্রমদ্ভ্রূঃ ॥২২॥

অন্বয়

অনুভূত্যোপরতক্রিয়ার্থং (স্বকীয় নিরতিশয় আনন্দানুভূতিহেতু যাঁহার ক্রিয়ার প্রয়োজন নাই), [তথাপি] স্বমায়য়া (স্বীয় অসাধারণ কৃপাদ্বারা) আবর্ত্তিতলোকতন্ত্রম্ (যিনি সর্ব্ব-লোকরচনার উপকরণ উৎপাদন করিয়াছেন), নমনীয়পাদসরোজম্ (যাঁহার পাদপদ্ম সকলের বন্দনীয়), অল্পীয়সি (আমার মত ক্ষুদ্র সকামজনের) কামবর্ষম্ (বাসনা যিনি পূর্ণ করিয়া থাকেন), তং ত্বা (তাদৃশ আপনাকে) অভীক্ষ্ণং (পুনঃ পুনঃ) নমামি (নমস্কার করি)॥ ২১॥

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) ইতি (এইরূপে) [কর্দ্দমঋষিকর্ত্তৃক] অব্যলীকং (নিষ্কপটভাবে) প্রণুতঃ (বন্দিত হইয়া) সুপর্ণপক্ষোপরি (গরুড়ের পক্ষোপরি) রোচমানঃ (বিরাজমান) প্রেমস্মিতোদ্বীক্ষণবিভ্রমদ্ভ্রূঃ (ও প্রেমহাস্যের সহিত কটাক্ষপাতের দ্বারা চঞ্চল ভ্রূদ্বয়সমন্বিত) অব্জনাভঃ (পদ্মনাভ শ্রীহরি) অমৃতেন বচসা (অমৃততুল্য বাক্যে) তম্ (কর্দ্দমঋষিকে) আবভাষে (বলিতে লাগিলেন)॥ ২২॥

অনুবাদ

হে ভগবন্! স্বকীয় নিরতিশয় আনন্দানুভূতিহেতু আপনার ক্রিয়ার প্রয়োজন নাই; তথাপি আপনি আপনার অসাধারণ কৃপাদ্বারা বিশ্বের উপকরণ রচনা করিয়াছেন, আপনার পাদপদ্মদ্বয় সকলের বন্দনীয় এবং আমার মত ক্ষুদ্র সকামজনের কামনা আপনি পরিপূরণ করিয়া থাকেন; তাদৃশ আপনাকে পুনঃ পুনঃ নমস্কার করি॥ ২১॥

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর! এইরূপে কর্দ্দমঋষি নিষ্কপটভাবে ভগবানের স্তব করিলেন; তাহাকর্ত্তৃক স্তুত হইয়া ভগবান্ পদ্মনাভ শ্রীহরি অমৃততুল্য বাক্যে কর্দ্দমঋষিকে বলিতে লাগিলেন। তখন ভগবান্ শ্রীহরি গরুড়ের পক্ষোপরি বিরাজমান ছিলেন ও তিনি প্রেমহাস্যে অবলোকন করায় তাঁহার ভ্রূদ্বয় চঞ্চল হইয়াছিল॥ ২২॥

টীকা

দ্যোতয়িতুং দৃষ্টান্তমাহ যথোর্ণনাভিরিতি॥ ১৯॥ হে অধীশ! নোঽস্মাকং ভক্তানাং যৎভূতসূক্ষ্মং পদং শ্রোত্রাদীন্দ্রিয়বিষয়ং শব্দাদিকম্ মায়য়া কৃপয়া তনুষে বিস্তারয়সীতি এতৎ তবেপ্সিতং ন ভবতি; তথাপ্যস্মদনুগ্রহায় অস্তু তবেপ্সিতং ভবতু। তত্র ভবতো ভক্তেচ্ছাপরিপূরকত্বাৎ ইতি হেতুং সূচয়িতুমাহ যর্হি যতঃ লসন্তী তুলসী যস্যাং তয়া তনুবা তন্বা শ্রীমূর্ত্ত্যা মায়য়া কৃপয়া বিলক্ষিতোঽসি ময়া দৃষ্টোঽসীত্যর্থঃ। "মায়া কৃপায়াং দম্ভে চ" ইতি বিশ্বঃ। মুক্তিদোঽপি ভক্তাগ্রহতো ভুক্তিদোঽসীতি ভাবঃ॥ ২০॥ সামান্যতঃ সর্ব্বলোকোপকারকর্ত্তুঃ সভক্তকামপরিপূরকত্বং সুতরামস্তীত্যাহ—তমিতি। তং ত্বা ত্বামভীক্ষ্ণং পুনঃ পুনর্নমামি; কথম্ভূতম্? স্বানুভূত্যা স্বকীয়নিরতিশয়ানন্দানুভূত্যা উপরতঃ অনীপ্সিতঃ ক্রিয়ার্থঃ ক্রিয়ায়াঃ প্রয়োজনং যস্য তম্। তথাপি স্বমায়য়া স্বাসাধারণয়া কৃপয়া আবর্ত্তিতং

শ্রীভগবানুবাচ

বিদিত্বা তব চৈত্ত্যং মে পুরৈব সমযোজি তৎ।
যদর্থমাত্মনিয়মৈস্ত্বয়ৈবাহং সমর্চ্চিতঃ ॥২৩॥
ন বৈ জাতু মৃষৈব স্যাৎ প্রজাধ্যক্ষ! মদর্হণম্।
ভবদ্বিধেষ্বতিতরাং ময়ি সংগৃভিতাত্মনাম্ ॥২৪॥
প্রজাপতিসুতঃ সম্রাণ্মনুর্বিখ্যাতমঙ্গলঃ।
ব্রহ্মাবর্ত্তং যোঽধিবসন্ শাস্তি সপ্তার্ণবাং মহীম্ ॥২৫॥

অন্বয়

শ্রীভগবানুবাচ (ভগবান্ বলিলেন) [হে কর্দ্দম!] যদর্থম্ (যে জন্য) আত্মনিয়মৈঃ (চিত্তসংযমাদি-দ্বারা) ত্বয়া এব (তোমাকর্ত্তৃক) অহং (আমি) সমর্চ্চিতঃ (সম্যক্‌রূপে পূজিত হইলাম), তব (তোমার) চৈত্ত্যং (সেই মনোগত অভিপ্রায়) বিদিত্বা (অবগত হইয়া) তৎ (তাহা) পুরা এব (পূর্ব্বেই) মে (আমাকর্ত্তৃক) সমযোজি (সম্পাদিত হইয়াছে) ॥ ২৩ ॥

প্রজাধ্যক্ষ! (হে প্রজাপতে!) ময়ি (আমাতে) সংগৃভিতাত্মনাম্ (যাহারা চিত্ত সমাহিত করিয়াছেন, তাহাদের) মদর্হণম্ (আমার অর্চ্চনা) জাতু বৈ (কখনও) মৃষা (নিষ্ফল) ন স্যাৎ এব (হয় না); ভবদ্বিধেষু (তোমার মত একাগ্রচিত্তে আরাধনাকারী ভক্তের) [অর্চ্চনা] অতিতরাম্ (কোন প্রকারেই) [নিষ্ফল হয় না]॥ ২৪ ॥

বিখ্যাতমঙ্গলঃ (বিখ্যাতকীর্ত্তি) প্রজাপতিসুতঃ (ব্রহ্মার পুত্র) যঃ সম্রাট্ মনুঃ (সম্রাট্ স্বায়ম্ভুব মনু) ব্রহ্মাবর্ত্তং অধিবসন্ (ব্রহ্মাবর্ত্তদেশে অবস্থিত থাকিয়া) সপ্তার্ণবাং মহীং (সপ্তসাগরা ধরণী) শাস্তি (শাসন করিতেছে) ॥ ২৫ ॥

অনুবাদ

ভগবান্ শ্রীহরি বলিলেন—হে কর্দ্দম! তুমি যে জন্য চিত্তসংযমাদিদ্বারা আমার অর্চ্চনা করিলে, আমি তোমার সেই মনোগত অভিপ্রায় অবগত হইয়া পূর্ব্বেই তাহা সম্পাদন করিয়া রাখিয়াছি ॥ ২৩ ॥

হে প্রজাপতে কর্দ্দম! যাহারা আমাতে চিত্ত সমাহিত করিয়া অর্চ্চনা করেন, তাহাদের সেই অর্চ্চনা কখনও নিষ্ফল হয় না; বিশেষতঃ তোমার মত যাহারা একাগ্রচিত্তে অর্চ্চনা করিয়া থাকেন, সেই ভক্তগণের অর্চ্চনা কোন প্রকারেই নিষ্ফল হয় না ॥ ২৪ ॥

হে কর্দ্দম! প্রজাপতি ব্রহ্মার পুত্র বিখ্যাতকীর্ত্তি সম্রাট্, স্বায়ম্ভুব মনু ব্রহ্মাবর্ত্তদেশে অবস্থান করিয়া সপ্তসাগরা ধরণী শাসন করিতেছে ॥ ২৫ ॥

টীকা

লোকতন্ত্রম্ সর্ব্বলোকোপকরণং যেন তম্, নমনীয়ে পাদসরোজে যস্য তম্, অল্পীয়সি ক্ষুদ্রে সকামভক্তেঽস্মদ্বিধে কামান্ বর্ষতীতি তথা তম্ ॥ ২১ ॥ অব্যলীকং নিষ্কপটম্ যথা তথা প্রণুতঃ স্তুতঃ প্রেমস্মিতাভ্যাং যদ্বীক্ষণং তেন ভ্রমন্তী ভ্রূর্যস্য সঃ ॥ ২২ ॥ চৈত্ত্যং চিত্তগতং, মে সমযোজি ময়া সম্পাদিতম্ ॥ ২৩ ॥ সংগৃভিতঃ সমাহিতঃ আত্মা মনো যৈঃ তেষাম্ ॥ ২৪ ॥ বিখ্যাতং মঙ্গলং সুচরিতং

স চেহ বিপ্র ! রাজর্ষির্ম্মহিষ্যা শতরূপয়া ।
আয়াস্যতি দিদৃক্ষুস্ত্বাং পরশ্বো ধর্ম্মকোবিদঃ ॥২৬॥
আত্মজামসিতাপাঙ্গীং বয়ঃশীলগুণান্বিতাম্ ।
মৃগয়ন্তীং পতিং দাস্যত্যনুরূপায় তে প্রভো ! ॥২৭॥
সমাহিতং তে হৃদয়ং যত্রেমান্ পরিবৎসরান্ ।
সা ত্বাং ব্রহ্মন্ ! নৃপবধূঃ কামমাশু ভজিষ্যতি ॥২৮॥

অন্বয়

বিপ্র ! (হে ব্রহ্মন্ !) ধর্ম্মকোবিদঃ (ধর্ম্মজ্ঞ) সঃ চ রাজর্ষিঃ (সেই রাজর্ষি মনু) শতরূপয়া মহিষ্যা (শতরূপানাম্নী স্বীয় ভার্য্যার সহিত) ত্বাং দিদৃক্ষুঃ (তোমার দর্শনাভিলাষী হইয়া) পরশ্বঃ ইহ আয়াস্যতি (পরশ্ব দিন এখানে আগমন করিবে) ॥ ২৬ ॥

প্রভো ! (হে বিপ্র !) অসিতাপাঙ্গীং (যাহার অপাঙ্গ অর্থাৎ নেত্রপ্রান্ত কৃষ্ণবর্ণ) বয়ঃশীল-গুণান্বিতাম্ (ও যাহার তরুণ বয়স ও সুশীলতাদি গুণ আছে, সেই) পতিং মৃগয়ন্তীং (অনুরূপ পতির অন্বেষণকারিণী) আত্মজাং (কন্যা) [স্বায়ম্ভুব মনু] অনুরূপায় তে (উপযুক্ত পাত্র তোমাকে) দাস্যতি (সম্প্রদান করিবে) ॥ ২৭ ॥

ব্রহ্মন্ ! (হে ব্রহ্মজ্ঞ !) যত্র (যে ভার্য্যাতে) তে (তোমার) হৃদয়ং (মন) সমাহিতং (সমাহিত রহিয়াছে), সা নৃপবধূঃ (সেই রাজকন্যা) ইমান্ পরিবৎসরান্ (বহু সম্বৎসর ব্যাপিয়া) কামং (যথেষ্ট অর্থাৎ বহুকাল সুখ বিধান করিলেও) আশু (ক্ষণিকের ন্যায়) ত্বাং (তোমাকে) ভজিষ্যতি (ভজনা করিবে) [অর্থাৎ দীর্ঘকাল গার্হস্থ্য জীবনও তোমার ক্ষণিকের ন্যায় অতীত হইবে ; কারণ তুমি মুমুক্ষু] ॥ ২৮ ॥

অনুবাদ

হে বিপ্র ! ধর্ম্মজ্ঞ সেই রাজর্ষি মনু শতরূপা নাম্নী মহিষীর সহিত তোমাকে দর্শন করিতে ইচ্ছা করিয়া আগামী পরশ্ব দিন এখানে আগমন করিবে ॥ ২৬ ॥

হে বিপ্র ! মনুর এক কন্যা আছে ; তাহার অপাঙ্গ কৃষ্ণবর্ণ এবং ঐ কন্যা তরুণবয়স্কা ও সুশীলা ; কন্যা এক্ষণে অনুরূপ পতির অন্বেষণ করিতেছে ; সম্রাট্ মনু তোমাকেই উপযুক্ত পাত্র বিবেচনা করিয়া কন্যা সম্প্রদান করিবে ॥ ২৭ ॥

হে কর্দ্দম ! চতুর্ম্মুখরূপী আমার আজ্ঞায় সৃষ্টির নিমিত্ত যে ভার্য্যাতে তোমার মন সমাহিত হইয়াছে, সেই রাজকন্যা বহুবৎসর ব্যাপিয়া তোমার গার্হস্থ্য সুখ বিধান করিলেও ক্ষণিকের ন্যায়ই যেন তোমাকে ভজনা করিবে ; কারণ তুমি মুমুক্ষু, গার্হস্থ্য ইচ্ছা কর না : অতএব সেই বহু সংবৎসরাত্মক গার্হস্থ্য জীবনও তোমার নিকটে ক্ষণকালের ন্যায় অতিবাহিত হইবে ॥ ২৮ ॥

টীকা

যস্য সঃ ॥ ২৫ ॥ হে প্রভো ! হে বশ্যেন্দ্রিয় ! ॥ ২৭ ॥ হে ব্রহ্মন্ ! ব্রহ্মবিৎ যত্র যস্যাং প্রজাপতি-রূপস্য মমাজ্ঞয়া সৃষ্ট্যর্থং তে হৃদয়ং মনঃ সমাহিতম্, সা নৃপবধূঃ নৃপকন্যা ইমান্ বহূনপি পরিবৎসরান্

যা ত আত্মভৃতং বীর্য্যং নবধা প্রসবিষ্যতি।
বীর্য্যে ত্বদীয়ে ঋষয় আধাস্যন্ত্যঞ্জসাত্মনঃ ॥২৯॥
ত্বঞ্চ সম্যগনুষ্ঠায় নিদেশং ম উশত্তমঃ।
ময়ি তীর্থীকৃতাশেষক্রিয়ার্থো মাং প্রপৎস্যসে ॥৩০॥
কৃত্বা দয়াঞ্চ জীবেষু দত্ত্বা চাভয়মাত্মবান্।
ময্যাত্মানং সহজগৎ দ্রক্ষ্যস্যাত্মনি চাপি মাম্ ॥৩১॥

অন্বয়

যা (ঐ রাজকন্যা) তে (তোমার) বীর্য্যং (বীর্য্য) আত্মভৃতং (গর্ভে ধারণ করিয়া) নবধা (নয় প্রকারে) প্রসবিষ্যতি (প্রসব করিবে)। ত্বদীয়ে বীর্য্যে (তোমার বীর্য্যসম্ভূতা নয়টি কন্যাতে) ঋষয়ঃ (ঋষিগণ) অঞ্জসা (সাক্ষাৎ) আত্মনঃ (পুত্রসকল) আধাস্যন্তি (উৎপাদন করিবে)॥ ২৯॥

ত্বং চ (তুমিও) মে (আমার) নিদেশং (আজ্ঞা) সম্যক্ অনুষ্ঠায় (সম্যক্‌রূপে পালন করিয়া) ময়ি (আমাতে) তীর্থীকৃতাশেষক্রিয়ার্থঃ (লৌকিক ও বৈদিক কর্ম্মের ফল সমর্পণ করতঃ পবিত্র) উশত্তমঃ (ও শুদ্ধসত্ত্ব হইয়া) [ধ্যানযোগে] মাং (আমাকে) প্রপৎস্যসে (প্রাপ্ত হইবে)॥ ৩০॥

[হে কর্দ্দম!] আত্মবান্ (আত্মজ্ঞানী তুমি) জীবেষু দয়াং চ কৃত্বা (জীবসমূহের প্রতি দয়া করিয়া) অভয়ং চ দত্ত্বা (ও অভয় প্রদান করিয়া) ময়ি (আমাতে) আত্মানং সহজগৎ (আত্মাকে জগতের সহিত) [একীভূত] দ্রক্ষ্যসি (দর্শন করিবে) আত্মনি অপি (এবং আত্মাতেও) মাং চ (আমাকে) দ্রক্ষ্যসি (দর্শন করিবে)॥ ৩১॥

অনুবাদ

ঐ রাজকন্যা তোমার বীর্য্য গর্ভে ধারণ করিয়া উহা নয় প্রকারে প্রসব করিবে অর্থাৎ নয়টি কন্যা প্রসব করিবে। পরে তোমার বীর্য্যসম্ভূতা সেই কন্যাগণের গর্ভে ঋষিগণ পুত্র সকল উৎপাদন করিবে॥ ২৯॥

হে বিপ্র! তুমিও আমার আজ্ঞা সম্যক্‌রূপে পালন করিয়া লৌকিক ও বৈদিককর্ম্মের ফল আমাতে সমর্পণ করতঃ পবিত্র ও শুদ্ধসত্ত্ব হইয়া ধ্যানযোগে আমাকে প্রাপ্ত হইবে॥৩০॥

হে কর্দ্দম! পরে আত্মজ্ঞানী তুমি সর্ব্বজীবে দয়া ও অভয়প্রদান করতঃ তোমার আত্মাকে জগতের সহিত আমাতে অবস্থিত দর্শন করিবে এবং তোমার আত্মাতেও আমাকে দর্শন করিবে॥ ৩১॥

টীকা

অত্যন্তসংযোগে দ্বিতীয়া, বহুষু সংবৎসরেষু অপি কামং যথেষ্টমপি বহুকালনিবর্ত্ত্যং সুখং দর্শয়ন্নপীত্যর্থঃ। আশু ক্ষণমিব ত্বাং ভজিষ্যতি তব মুমুক্ষোঃ স্বতো গার্হস্থ্যমনিচ্ছতো বহুসংবৎসরাত্মকোঽপি কালঃ ক্ষণমিব গমিষ্যতীতি ভাবঃ॥ ২৮॥ যা নৃপকন্যা আত্মনি ভৃতং ধারিতং তে বীর্য্যং নবধা প্রসবিষ্যতি। বীর্য্যে নবধা কন্যারূপেণ বিভক্তে আত্মনঃ পুত্রান্ "আত্মা বৈ পুত্রনামাসি" ইতি শ্রুতেঃ॥ ২৯॥ ময়ি অর্পণেন তীর্থীকৃতঃ পবিত্রতাং নীতোঽশেষাণাং লৌকিকানাং বৈদিকানাঞ্চ ক্রিয়াণামর্থঃ ফলং যেন

সহাহং স্বাংশকলয়া ত্বদ্বীর্য্যেণ মহামুনে ! ।
তব ক্ষেত্রে দেবহূত্যাং প্রণেষ্যে তত্ত্বসংহিতাম্ ॥৩২॥

শ্রীমৈত্রেয় উবাচ

এবং তমনুভাষ্যাথ ভগবান্ প্রত্যগক্ষজঃ ।
জগাম বিন্দুসরসঃ সরস্বত্যা পরিশ্রিতাৎ ॥৩৩॥
নিরীক্ষতস্তস্য যযাবশেষ-সিদ্ধেশ্বরাভিষ্টুতসিদ্ধমার্গঃ ।
আকর্ণয়ন্ পত্ররথেন্দ্রপক্ষৈ-রুচ্চারিতং স্তোমমুদীর্ণসাম ॥৩৪॥

অন্বয়

মহামুনে ! (হে মহামুনে !) ত্বদ্বীর্য্যেণ সহ (তোমার নবকন্যারূপ সন্তানগণের সহিত) অহং (আমি) স্বাংশকলয়া (আমার অংশে) তব ক্ষেত্রে দেবহূত্যাং (তোমার ভার্য্যা দেবহূতির গর্ভে) [অবতীর্য্য] (অবতীর্ণ হইয়া) তত্ত্বসংহিতাম্ প্রণেষ্যে (তত্ত্বসংহিতা প্রণয়ন করিব) ॥ ৩২ ॥

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) অথ (অনন্তর) প্রত্যগক্ষজঃ ভগবান্ (যিনি অন্তর্ম্মুখ ইন্দ্রিয়বৃত্তিতে আবির্ভূত হইয়া থাকেন, সেই ভগবান্ শ্রীহরি) তম্ (কর্দ্দমকে) এবম্ (পূর্ব্বোক্ত প্রকারে) অনুভাষ্য (উপদেশ করিয়া) সরস্বত্যা পরিশ্রিতাৎ (সরস্বতীনদীপরিবেষ্টিত) বিন্দুসরসঃ (বিন্দুসরোবরের তীর হইতে) [স্বস্থানে] জগাম (গমন করিলেন) ॥ ৩৩ ॥

অশেষসিদ্ধেশ্বরাভিষ্টুতসিদ্ধমার্গঃ (সমস্ত সিদ্ধেশ্বরগণকর্ত্তৃক কীর্ত্তিত জ্ঞান ও ভক্তিরূপ উপায়ের দ্বারা যাঁহাকে লাভ করা যায়, সেই ভগবান্ শ্রীহরি) তস্য নিরীক্ষতঃ (কর্দ্দমের সমক্ষেই) পত্ররথেন্দ্রপক্ষৈঃ (পক্ষিরাজ গরুড়ের পক্ষধ্বনিতে) উদীর্ণসাম (অভিব্যক্ত সামবেদ) উচ্চারিতং স্তোমং (ও উচ্চারিত সামের আধারভূত ঋক্‌মন্ত্র সমুদায়) আকর্ণয়ন্ (শ্রবণ করিতে করিতে) যযৌ (গমন করিলেন) ॥ ৩৪॥

অনুবাদ

হে মহামুনে ! নবকন্যারূপ তোমার সন্তানগণের সহিত আমি আমার অংশে তোমার ভার্য্যা দেবহূতির গর্ভে অবতীর্ণ হইয়া তত্ত্বসংহিতা প্রণয়ন করিব ॥ ৩২ ॥

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর ! অনন্তর যিনি অন্তর্ম্মুখ ইন্দ্রিয়বৃত্তিতে আবির্ভূত হইয়া থাকেন, সেই ভগবান্ শ্রীহরি কর্দ্দমঋষিকে পূর্ব্বোক্ত প্রকারে উপদেশ প্রদান করিয়া সরস্বতীনদীপরিবেষ্টিত বিন্দুসরোবরের তীর হইতে স্বস্থানে গমন করিলেন ॥ ৩৩ ॥

সিদ্ধেশ্বরগণকর্ত্তৃক কীর্ত্তিত জ্ঞান ও ভক্তিরূপ উপায়ের দ্বারা যাঁহাকে লাভ করা যায়,

টীকা

সঃ প্রপংস্যসে ধ্যানেনাপ্স্যসি ॥ ৩০ ॥ ৩১ ॥ হে মহামুনে ! ত্বদ্বীর্য্যেণ যত্র ঋষয়ঃ পুত্রান্ আধাস্যন্তি, তেন তত্ত্বসংহিতাধিকার্য্যুৎপত্তিস্থানেন নবকন্যারূপেণ সহাবতীর্য্যেতি শেষঃ ॥ ৩২ ॥ প্রত্যগ্‌ভূতেষু প্রত্যাহৃতেষু স্বাভাবিকীং প্রবৃত্তিং বিহায় ভগবদ্‌গ্রাহকতাং নীতেষু ইন্দ্রিয়েষু জায়তে আবির্ভবতীতি প্রত্যগক্ষজঃ পরিশ্রিতাৎ পরিবেষ্টিতাৎ ॥ ৩৩ ॥ অশেষৈঃ সমগ্রৈঃ সিদ্ধঃ ঈশ্বরঃ যেভ্যঃ প্রতিপাদকেভ্যঃ তৈঃ বেদৈঃ "বেদৈশ্চ সর্ব্বৈরহমেব বেদ্য" ইতি শ্রীমুখোক্তেঃ। সিদ্ধৈঃ শ্রেষ্ঠৈর্ব্বা অভিষ্টুতঃ সিদ্ধো

অথ সম্প্রস্থিতে শুক্লে কর্দ্দমো ভগবানৃষিঃ।
আস্তে স্ম বিন্দুসরসি তং কালং প্রতিপালয়ন্ ॥৩৫॥
মনুঃ স্যন্দনমাস্থায় শাতকৌম্ভপরিচ্ছদম্।
আরোপ্য স্বাং দুহিতরং সভার্য্যঃ পর্য্যটন্ মহীম্ ॥৩৬॥
তস্মিন্ সুধন্বন্নহনি ভগবান্ যৎ সমাদিশৎ।
উপায়াদাশ্রমপদং মুনেঃ শান্তব্রতস্য তৎ ॥৩৭॥
যস্মিন্ ভগবতো নেত্রান্ন্যপতন্ হর্ষবিন্দবঃ।
কৃপয়া সম্পরীতস্য প্রপন্নেঽর্পিতয়া ভৃশম্ ॥৩৮॥

অন্বয়

অথ (অনন্তর) শুক্লে সম্প্রস্থিতে (সত্ত্বমূর্ত্তি ভগবান্ প্রস্থান করিলে) ভগবান্ কর্দ্দমঃ ঋষিঃ (ভগবান্ কর্দ্দমঋষি) তং কালং প্রতিপালয়ন্ (ভগবন্নির্দ্দিষ্ট মনুর আগমনকাল প্রতীক্ষা করতঃ) বিন্দুসরসি (বিন্দুসর নামক স্বীয় আশ্রমে) আস্তে স্ম (অবস্থান করিতে লাগিলেন) ॥ ৩৫ ॥

সুধন্বন্ ! (হে বিদুর !) সভার্য্যঃ মনুঃ (সস্ত্রীক স্বায়ম্ভুব মনু) শাতকৌম্ভপরিচ্ছদম্ (স্বর্ণালঙ্কারে ভূষিত) স্যন্দনম্ (রথে) আস্থায় (আরোহণ করিয়া) স্বাং দুহিতরং আরোপ্য (নিজ কন্যাকে তাহাতে আরোহণ করাইয়া) মহীং পর্য্যটন্ (পৃথিবী পর্য্যটন করিতে করিতে) ভগবান্ (ভগবান্ শ্রীহরি) যৎ সমাদিশৎ (যে দিন নির্দ্দেশ করিয়াছেন), তস্মিন্ অহনি (সেই দিন) শান্তব্রতস্য মুনেঃ (শান্তব্রত কর্দ্দমঋষির) তৎ আশ্রমপদং (সেই বিন্দুসর নামক আশ্রমপ্রদেশে) উপায়াৎ (উপস্থিত হইলেন) ॥৩৬॥৩৭॥

[সাতটি শ্লোকে আশ্রমের বর্ণনা করিতেছেন] যস্মিন্ (ঐ আশ্রমে) প্রপন্নে (শরণাপন্ন কর্দ্দমঋষির

অনুবাদ

সেই ভগবান্ শ্রীহরি কর্দ্দমঋষির সমক্ষেই পক্ষিরাজ গরুড়ের পক্ষধ্বনিতে অভিব্যক্ত সামবেদ ও সামের আধারভূত উচ্চারিত ঋক্‌মন্ত্র সমুদায় শ্রবণ করিতে করিতে গমন করিলেন ॥ ৩৪ ॥

সত্ত্বমূর্ত্তি ভগবান্ প্রস্থান করিলে ভগবান্ কর্দ্দমঋষি ভগবন্নির্দ্দিষ্ট স্বায়ম্ভুব মনুর আগমনকাল প্রতীক্ষা করতঃ সেই বিন্দুসর নামক স্বীয় আশ্রমে অবস্থান করিতে লাগিলেন ॥৩৫॥

হে বিদুর ! এদিকে সস্ত্রীক স্বায়ম্ভুব মনু উপযুক্ত পাত্রে কন্যা সম্প্রদান করিবার মানসে স্বর্ণালঙ্কারে ভূষিত রথে আরোহণ করিয়া এবং নিজ কন্যাকে তাহাতে আরোহণ করাইয়া পৃথিবী ভ্রমণ করিতে করিতে ভগবান্ শ্রীহরি যে দিন নির্দ্দেশ করিয়াছিলেন, সেই দিন কর্দ্দমঋষির আশ্রমে আসিয়া উপস্থিত হইলেন ॥৩৬॥৩৭॥

এই আশ্রমে শরণাগত কর্দ্দমঋষির প্রতি অতিশয় কৃপাপ্রদর্শনহেতু ভগবান্ শ্রীহরির নয়ন হইতে আনন্দাশ্রু নিপতিত হইয়াছিল ॥ ৩৮ ॥

টীকা

নিষ্পন্নঃ যো জ্ঞানভক্তিরূপো মার্গো যস্য সঃ পত্ররথেন্দ্রস্য পক্ষিরাজস্য পক্ষৈঃ উদীর্ণমভিব্যক্তং সাম তেরেবোচ্চারিতং স্তোমং সামাধারভূতানাম্ ঋচাং সমুদায়ং চাকর্ণয়ন্ শৃণ্বন্॥ ৩৪ ॥ ৩৫ ॥ হে সুধন্বন্!

তদ্বৈ বিন্দুসরোঃ নাম সরস্বত্যা পরিপ্লুতম্।
পুণ্যং শিবামৃতজলং মহর্ষিগণসেবিতম্ ॥৩৯॥
পুণ্যদ্রুমলতাজালৈঃ কূজৎপুণ্যমৃগদ্বিজৈঃ।
সর্ব্বর্ত্তুফলপুষ্পাঢ্যং বনরাজিশ্রিয়ান্বিতম্ ॥৪০॥
মত্তদ্বিজগণৈর্ঘুষ্টং মত্তভ্রমরবিভ্রমম্।
মত্তবর্হিনটাটোপমাহ্বয়ন্মত্তকোকিলম্ ॥৪১॥

অন্বয়

প্রতি) ভৃশম্ অর্পিতয়া কৃপয়া (অতিশয় কৃপা করিয়াছিলেন বলিয়া) সম্পরীতস্য (স্নেহাপ্লুত) ভগবতঃ (ভগবান্ শ্রীহরির) নেত্রাৎ (নয়ন হইতে) হর্ষবিন্দবঃ (আনন্দাশ্রুবিন্দু) ন্যপতন্ (নিপতিত হইয়াছিল) ॥৩৮॥

সরস্বত্যা পরিপ্লুতং (সরস্বতীনদীপরিবেষ্টিত), পুণ্যং (পবিত্র) শিবামৃতজলং (আরোগ্যজনক ও অমৃতের ন্যায় সুস্বাদু জলযুক্ত) মহর্ষিগণসেবিতম্ (এবং মহর্ষিগণে পরিপূর্ণ) তৎ আশ্রমপদং (সেই আশ্রম) বিন্দুসরঃ নাম বৈ (বিন্দুসর নামে বিখ্যাত হইয়াছে) ॥ ৩৯ ॥

[ঐ আশ্রম] কূজৎপুণ্যমৃগদ্বিজৈঃ (কলরবকারী মৃগ ও পক্ষিগণসমন্বিত) পুণ্যদ্রুমলতাজালৈঃ (পবিত্র বৃক্ষ ও লতাসমূহে) অন্বিতম্ (পরিব্যাপ্ত), সর্ব্বর্ত্তুফলপুষ্পাঢ্যং (সকল ঋতুর ফলপুষ্পাদি সম্ভারে সমৃদ্ধ) বনরাজিশ্রিয়া [অন্বিতম্] (ও বনশ্রেণীর শোভায় শোভিত) ॥ ৪০ ॥

[ঐ আশ্রম] মত্তদ্বিজগণৈঃ (মত্ত পক্ষিকুলকর্ত্তৃক) ঘুষ্টং (মুখরিত), মত্তভ্রমরবিভ্রমম্ (মত্ত ভ্রমরগণের বিলাসে শোভিত), মত্তবর্হিনটাটোপম্ (মত্ত ময়ূররূপ নটসমূহের নৃত্যবিলাসে মনোহর) আহ্বয়ন্মত্তকোকিলম্ (ও পরস্পর আহ্বানকারী কোকিলকুলসমন্বিত) ॥ ৪১ ॥

অনুবাদ

ভগবানের আনন্দাশ্রু এই আশ্রমে নিপতিত হইয়াছে বলিয়াই এই আশ্রম বিন্দুসর নামে বিখ্যাত হইয়াছে। এই আশ্রম অতি পবিত্র ও সরস্বতী নদীপরিবেষ্টিত; এই আশ্রমে আরোগ্যকর ও অমৃতের ন্যায় সুস্বাদু জল আছে এবং মহর্ষিগণ এখানে অবস্থান করেন ॥৩৯॥

ঐ আশ্রম বিচিত্র রবকারী মৃগ ও পক্ষিগণ যাহাতে অবস্থান করিতেছে এইরূপ পবিত্র বৃক্ষ ও লতাসমূহে সমাচ্ছন্ন এবং সকল ঋতুর ফলপুষ্পাদি সম্ভারে সমৃদ্ধ ও বনশ্রেণীর শোভায় শোভিত ॥৪০॥

ঐ আশ্রম মত্ত বিহগকুলের কূজনে মুখরিত, মত্ত ভ্রমরগণের অপূর্ব্ববিলাসে শোভিত, মত্ত ময়ূররূপ নটসমূহের নৃত্যবিলাসে মনোহর ও পরস্পর আহ্বানকারী কোকিল-কুলসমন্বিত ॥ ৪১ ॥

টীকা

বিদুর! আশ্রমপদমাশ্রমপ্রদেশম্ ॥ ৩৬ ॥ ৩৭ ॥ তদ্বর্ণয়তি যস্মিন্নিতি সপ্তভিঃ ॥ ৩৮ ॥ ৩৯ ॥ কূজন্তঃ পুণ্যা মৃগাদয়ো যেষু তৈঃ পুণ্যদ্রুমাদীনাং জালৈঃ সমূহৈঃ যুক্তম্ ॥ ৪০ ॥ মত্তভ্রমরাণাং বিভ্রমো

কদম্বচম্পকাশোককরঞ্জবকুলাসনৈঃ।
কুন্দমন্দারকুটজৈশ্চূতপোতৈরলঙ্কৃতম্ ॥৪২॥
কারণ্ডবৈঃ প্লবৈর্হংসৈঃ কুররৈর্জ্জলকুক্কুটৈঃ।
সারসৈশ্চক্রবাকৈশ্চ চকোরৈর্ব্বল্গু কূজিতম্ ॥৪৩॥
তথৈব হরিণৈঃ ক্রোড়ৈঃ শ্বাবিদ্গবয়কুঞ্জরৈঃ।
গোপুচ্ছৈর্হরিভির্ম্মর্কৈর্নকুলৈর্নাভিভির্বৃতম্ ॥৪৪॥
প্রবিশ্য তত্তীর্থবরমাদিরাজঃ সহানুগঃ।
দদর্শ মুনিমাসীনং তস্মিন্ হুতহুতাশনম্ ॥
বিদ্যোতমানং বপুষা তপস্যুগ্রযুজা চিরম্ ॥৪৫॥

অন্বয়

[ঐ আশ্রম] কদম্বচম্পকাশোককরঞ্জবকুলাসনৈঃ (কদম্ব, চম্পক, অশোক, করঞ্জ, বকুল, অসন), কুন্দমন্দারকুটজৈঃ (কুন্দ, মন্দার, কুটজ) চূতপোতৈঃ (ও ছোট ছোট আম্রবৃক্ষের দ্বারা) অলঙ্কৃতম্ (অলঙ্কৃত) ॥ ৪২ ॥

[ঐ আশ্রম] কারণ্ডবৈঃ, প্লবৈঃ, হংসৈঃ, কুররৈঃ, জলকুক্কুটৈঃ, সারসৈঃ, চক্রবাকৈঃ, চকোরৈঃ চ (এইসকল পক্ষিগণকর্ত্তৃক) বল্গু (মনোহর) কূজিতম্ (কূজনে মুখরিত) ॥ ৪৩ ॥

তথা এব (সেইরূপ) [ঐ আশ্রম] হরিণৈঃ (মৃগ), ক্রোড়ৈঃ (বরাহ), শ্বাবিদ্গবয়কুঞ্জরৈঃ (শজারু, গবয় ও হস্তী), গোপুচ্ছৈঃ (মর্কটবিশেষ), হরিভিঃ (সিংহ), মর্কৈঃ (বানর), নকুলৈঃ (নকুল), নাভিভিঃ (ও কস্তূরীমৃগসমূহে) বৃতম্ (পরিপূর্ণ) ॥ ৪৪ ॥

সহানুগঃ (অনুচরবর্গের সহিত) আদিরাজঃ (আদিরাজ মনু) তৎ তীর্থবরং (শ্রেষ্ঠতীর্থ সেই আশ্রমে) প্রবিশ্য (প্রবেশ করিয়া) তস্মিন্ (সেখানে) হুতহুতাশনম্ (অগ্নিতে হোম সমাপনকারী), আসীনং (উপবিষ্ট), চিরং (বহুকাল) তপসি (তপস্যায় নিরত থাকায়) উগ্রযুজা বপুষা (তীব্রযোগযুক্ত শরীরের দ্বারা) বিদ্যোতমানং (দীপ্তিমান্), ভগবতঃ (ভগবান্ শ্রীহরির) স্নিগ্ধাপাঙ্গাবলোকনাৎ (স্নিগ্ধ

অনুবাদ

ঐ আশ্রম কদম্ব, চম্পক, অশোক, করঞ্জ, বকুল, অসন, কুন্দ, মন্দার, কুটজ ও ছোট ছোট আম্রবৃক্ষসমূহে অলঙ্কৃত ॥ ৪২ ॥

ঐ আশ্রম কারণ্ডব, প্লব, হংস, কুরর, জলকুক্কুট, সারস, চক্রবাক্ ও চকোর এই সকল পক্ষিগণের মনোহর কূজনে মুখরিত ॥ ৪৩ ॥

ঐ আশ্রম হরিণ, বরাহ, শজারু, গবয়, হস্তী, বানর, গোপুচ্ছবানর, সিংহ, নকুল ও কস্তূরীমৃগসমূহে পরিপূর্ণ ॥ ৪৪ ॥

আদিরাজ স্বায়ম্ভুব মনু অনুচরবর্গের সহিত শ্রেষ্ঠ তীর্থস্বরূপ সেই আশ্রমে প্রবেশ করিয়া সেখানে কর্দ্দমঋষিকে দেখিতে পাইলেন। তিনি নিকটে গমন করিয়া দেখিতে পাইলেন

টীকা

বিলাসো যস্মিন্, মত্তা বর্হিণ এব নটাস্তেষামাটোপো নৃত্যবিলাসো যস্মিন্ তৎ ॥ ৪১ ॥ ৪২ ॥ ৪৩ ॥৪৪॥

নাতিক্ষামং ভগবতঃ স্নিগ্ধাপাঙ্গাবলোকনাৎ।
তদ্ব্যাহৃতামৃতকলাপীযূষশ্রবণেন চ ॥৪৬॥
প্রাংশুং পদ্মপলাশাক্ষং জটিলং চীরবাসসম্।
উপসংসৃত্য মলিনং যথার্হণমসংস্কৃতম্ ॥৪৭॥
অথোটজমুপায়ান্তং নৃদেবং প্রণতং পুরঃ।
সপর্য্যয়া প্রত্যগৃহ্লাৎ প্রতিনন্দ্যানুরূপয়া ॥৪৮॥

অন্বয়

কটাক্ষপাতে) তদ্ব্যাহৃতামৃতকলাপীযূষশ্রবণেন চ (ও ভগবানের মুখচন্দ্রমার বচনরূপ কলাময় অমৃত শ্রবণবিবরের দ্বারা পান করায়) নাতিক্ষামং (তপশ্চরণহেতু কৃশ হইলেও অকৃশ), প্রাংশুম (উন্নত), পদ্মপলাশাক্ষং (পদ্মপলাশলোচন), জটিলং (জটাধারী) চিরবাসসম্ (ও বল্কলধারী) মুনিং (কর্দ্দমঋষির) উপসংসৃত্য (সমীপে গমন করিয়া) অসংস্কৃতম্ অর্হণম্ যথা (মার্জ্জনাবিহীন অপরিষ্কৃত মহারত্নের ন্যায়) মলিনং (সংস্কারবিহীন মলিন মুনিকে) দদর্শ (দেখিতে পাইলেন)॥ ৪৫-৪৭ ॥

অথ (অনন্তর) [কর্দ্দমঋষি] উটজম্ (পর্ণশালায়) উপায়ান্তং (সমাগত) পুরঃ (ও পাদসমীপে) প্রণতং (প্রণত) নৃদেবং (নরপতি মনুকে) [আশীর্ব্বাদাদি দ্বারা] প্রতিনন্দ্য (অভিনন্দিত করিয়া) অনুরূপয়া (যথোচিত) সপর্য্যয়া (পূজাদ্বারা) প্রত্যগৃহ্লাৎ (সৎকার করিলেন)॥ ৪৮ ॥

অনুবাদ

—ঐ মুনি ব্রহ্মচারীযোগ্য অগ্নিতে হোম সমাপন করতঃ আসনে উপবিষ্ট হইয়া রহিয়াছেন; বহুকাল তপস্যা করার ফলে তাঁহার শরীর যোগশক্তিযুক্ত হওয়ায় তিনি দীপ্তিমান্ হইয়া অবস্থান করিতেছেন; দীর্ঘকাল তপশ্চরণহেতু কৃশ হইলেও ভগবান্ শ্রীহরির স্নিগ্ধ কটাক্ষপাতে ও ভগবানের মুখরূপ চন্দ্রমার বচনরূপ কলাময় অমৃত শ্রবণবিবরের দ্বারা পান করায় অতিশয় কৃশ নহেন; তিনি উন্নতকায়, পদ্মপলাশলোচন, জটাধারী ও বল্কলপরিহিত এবং মার্জ্জনাবিহীন অপরিষ্কৃত মহারত্ন যেমন মলিন দেখায়, সেইরূপ কর্দ্দমঋষিকেও সংস্কারবিহীন হওয়ায় মলিন দেখিতে পাইলেন ॥ ৪৫-৪৭ ॥

অনন্তর মহর্ষি কর্দ্দম রাজর্ষি স্বায়ম্ভুব মনুকে পর্ণকুটীরে সমাগত ও স্বীয় পাদসমীপে প্রণত দেখিয়া আশীর্ব্বাদাদির দ্বারা তাঁহাকে অভিনন্দিত করিলেন এবং মহর্ষির রাজর্ষির প্রতি যাহা কর্ত্তব্য, সেইরূপ অভ্যর্থনাদির দ্বারা সৎকার করিলেন ॥ ৪৮ ॥

টীকা

হুতঃ হুতাশনঃ ব্রহ্মচারিযোগ্যো যেন তম্, ভার্য্যাভাবে অগ্নিহোত্রাধিকারাভাবাৎ। তপসি চিরম্ উগ্রস্তীব্রঃ যুক্ যোগো যস্য তেন, নাতিক্ষামং নাতিকৃশম্, তস্য ভগবতো ব্যাহৃতমেবামৃতকলা অমৃতস্য মুখকলানিধেঃ কলা তন্ময়স্য পীযূষস্য শ্রবণেন চ, প্রাংশুমুন্নতম্, অসংস্কৃতমনির্ণিক্তম্। অর্হ্যতে অনেনেতি অর্হণং মহারত্নং যথা তথা মলিনমকৃতোদ্বর্ত্তনাদিকং মুনিমুপসংসৃত্য নিকটং গত্বা দদর্শেতি সার্দ্ধত্রয়েণান্বয়ঃ॥ ৪৫-৪৭ ॥ উটজং পর্ণশালামুপায়ান্তং প্রাপ্তং পুরঃ প্রণতমাশীর্ভিঃ অনুরূপয়া ব্রহ্মর্ষিণা

গৃহীতার্হণমাসীনং সংযতং প্রীণয়ন্ মুনিঃ।
স্মরন্ ভগবদাদেশমিত্যাহ শ্লক্ষ্ণয়া গিরা ॥৪৯॥
নূনং চংক্রমণং দেব! সতাং সংরক্ষণায় তে।
বধায় চাসতাং স ত্বং হরেঃ শক্তির্হি পালিনী ॥৫০॥
যোঽর্কেন্দ্বগ্নীন্দ্রবায়ূনাং যমধর্ম্মপ্রচেতসাম্।
রূপাণি স্থান আধৎসে তস্মৈ শুক্লায় তে নমঃ ॥৫১॥

অন্বয়

মুনিঃ (কর্দ্দমঋষি) ভগবদাদেশং স্মরন্ (ভগবানের আদেশ স্মরণ করতঃ) গৃহীতার্হণম্ (পূজা গ্রহণকারী), আসীনং (উপবিষ্ট) সংযতং (ও মৌনভাবে অবস্থিত মনুর) প্রীণয়ন্ (প্রীতি উৎপাদন করিয়া) শ্লক্ষ্ণয়া গিরা (সুমধুর বাক্যে) ইতি (ইহা) আহ (বলিতে লাগিলেন) ॥৪৯॥

দেব! (হে মহারাজ!) নূনং (নিশ্চয়ই) সতাং (সজ্জনগণের) সংরক্ষণায় (রক্ষার নিমিত্ত) অসতাং বধায় চ (ও অসজ্জনগণের বিনাশের নিমিত্ত) তে (আপনার) চংক্রমণং (বিচরণ হইয়া থাকে); হি (যেহেতু) সঃ ত্বং (আপনি) হরেঃ (শ্রীহরির) পালিনী শক্তিঃ (পালিনী শক্তি) ॥ ৫০ ॥

যঃ (আপনি) অর্কেন্দ্বগ্নীন্দ্রবায়ূনাং (সূর্য্য, চন্দ্র, অগ্নি, ইন্দ্র, বায়ু), যমধর্ম্মপ্রচেতসাম্ (যম, ধর্ম্ম ও বরুণ প্রভৃতির) রূপাণি (রূপসকল) স্থানে (যথাযোগ্যকালে) আধৎসে (ধারণ করিয়া থাকেন), তস্মৈ শুক্লায় তে (সেই সত্ত্বমূর্ত্তি বিষ্ণুস্বরূপ আপনাকে) নমঃ (নমস্কার করি) ॥ ৫১ ॥

অনুবাদ

আদিরাজ মনু কর্দ্দমঋষির পূজা গ্রহণ করিয়া উপবিষ্ট ও মৌনভাবে অবস্থান করিলে মহর্ষি কর্দ্দম ভগবানের আদেশ স্মরণ করতঃ তাঁহার প্রীতি উৎপাদন করিয়া সুমধুর বাক্যে ইহা বলিতে লাগিলেন ॥ ৪৯ ॥

হে মহারাজ! আপনি নিশ্চয়ই সজ্জনগণের রক্ষার নিমিত্ত ও অসজ্জনগণের বিনাশের নিমিত্ত বিচরণ করিয়া থাকেন; কারণ আপনি শ্রীহরির পালিনী শক্তি অর্থাৎ জগতে দুষ্টের দমন ও শিষ্টের পালনের নিমিত্ত ভগবান্ শ্রীহরি আপনাদিগকে নিমিত্ত করিয়া দুষ্ট দমন ও শিষ্ট পালন করিয়া থাকেন ॥ ৫০ ॥

হে দেব! আপনি যথাযোগ্যকালে সূর্য্য, চন্দ্র, অগ্নি, ইন্দ্র, বায়ু, যম, ধর্ম্ম ও বরুণ প্রভৃতির রূপসকল ধারণ করিয়া থাকেন; সেই সত্ত্বমূর্ত্তি বিষ্ণুস্বরূপ আপনাকে নমস্কার করি ॥ ৫১ ॥

টীকা

রাজর্ষয়ে কর্ত্তুমুচিতয়া প্রত্যগৃহ্লাৎ সৎকৃতবান্॥ ৪৮ ॥ শ্লক্ষ্ণয়া মধুরয়া॥ ৪৯ ॥ চংক্রমণং বিচরণম্ ॥৫০॥ স্থানে তত্তদ্রূপধারণাবসরে অর্কাদিরূপাণি আধৎসে, তস্মৈ শুক্লায় বিষ্ণবে নমঃ, "রাজর্ষীণাং মনুরহম্" ইতি শ্রীমুখবচনাৎ ॥ ৫১ ॥ যদ্যপি ধর্ম্মত্রাণার্থং তব চংক্রমণং সামান্যতঃ সর্ব্বত্র যুক্তমেব, তথাপ্যত্রাগমনে কিঞ্চিৎ প্রয়োজনং চেৎ তদ্ ভণ্যতামিত্যাহ—নেতি পঞ্চভিঃ। বিস্ফূর্জ্জৎ

ন যদা রথমাস্থায় জৈত্রং মণিগণার্পিতম্ ।
বিস্ফূর্জ্জচ্চণ্ডকোদণ্ডো রথেন ত্রাসয়ন্নঘান্ ॥৫২॥
স্বসৈন্যচরণক্ষুণ্ণং বেপয়ন্ মণ্ডলং ভুবঃ ।
বিকর্ষন্ মহতীং সেনাং পর্য্যটস্যংশুমানিব ॥৫৩॥
তদৈব সেতবঃ সর্ব্বে বর্ণাশ্রমনিবন্ধনাঃ ।
ভগবদ্রচিতা রাজন্ ! ভিদ্যেরন্ বত দস্যুভিঃ ॥৫৪॥
অধর্ম্মশ্চ সমেধেত লোলুপৈর্ব্যঙ্কুশৈর্নৃভিঃ ।
শয়ানে ত্বয়ি লোকোঽয়ং দস্যুগ্রস্তো বিনঙ্ক্ষ্যতি ॥৫৫॥

অন্বয়

রাজন্ ! (হে নরপতে !) বিস্ফূর্জ্জচ্চণ্ডকোদণ্ডঃ (টঙ্কারধ্বনিযুক্ত ও শত্রুগণের ভয়বর্দ্ধক ধনুর্দ্ধারী আপনি) জৈত্রং (জয়শীল) মণিগণার্পিতং (রত্নসমূহখচিত) রথম্ আস্থায় (রথে আরোহণ করিয়া) রথেন (রথধ্বনি দ্বারা) অঘান্ (দুরাচারগণকে) ত্রাসয়ন্ (ত্রাসান্বিত করিয়া) স্বসৈন্যচরণক্ষুণ্ণং (ও স্বীয় সৈন্যগণের চরণাঘাতে বিদীর্ণ) ভুবঃ মণ্ডলং (ভূমণ্ডলকে) বেপয়ন্ (কম্পান্বিত করিয়া) মহতীং সেনাং বিকর্ষন্ (মহতী সেনা সঞ্চালন করতঃ) যদা (যদি) অংশুমান্ ইব (সূর্য্যের ন্যায়) ন পর্য্যটসি (বিচরণ না করিতেন), বত (আহা !) তদা এব (তাহা হইলে) ভগবদ্রচিতাঃ বর্ণাশ্রমনিবন্ধনাঃ (বর্ণাশ্রমসমূহের সংস্থাপক ভগবদ্বিহিত) সর্ব্বে সেতবঃ (বিধিনিষেধাত্মক ধর্ম্মমর্য্যাদা সকল) দস্যুভিঃ (দস্যুগণকর্ত্তৃক) ভিদ্যেরন্ (বিনষ্ট হইয়া যাইত) ॥ ৫২-৫৪ ॥

ত্বয়ি শয়ানে (আপনি নিশ্চিন্ত হইয়া অবস্থান করিলে) ব্যঙ্কুশৈঃ (শাসকরহিত) লোলুপৈঃ (ও কামলোলুপ) নৃভিঃ (মনুষ্যগণের দ্বারা) অধর্ম্মঃ চ (অধর্ম্ম) সমেধেত (বৃদ্ধি পাইবে) অয়ং লোকঃ (এবং এই লোকসমূহ) দস্যুগ্রস্তঃ (দস্যুগণকর্ত্তৃক আক্রান্ত হইয়া) বিনঙ্ক্ষ্যতি (বিনাশ প্রাপ্ত হইবে) ॥ ৫৫ ॥

অনুবাদ

হে রাজন্ ! আপনি শত্রুগণের ভয়বর্দ্ধক ও টঙ্কারধ্বনিযুক্ত ধনুর্ব্বাণ গ্রহণপূর্ব্বক রত্ন-খচিত জয়শীল রথে আরোহণ করিয়া রথধ্বনিতে পাপিগণকে ত্রাসান্বিত ও স্বীয় সৈন্য-গণের চরণাঘাতে বিদীর্ণ ভূমণ্ডলকে কম্পান্বিত করিয়া মহতী সেনা সঞ্চালন পূর্ব্বক যদি সূর্য্যের ন্যায় বিচরণ না করিতেন, আহা ! তাহা হইলে বর্ণাশ্রমসমূহের সংস্থাপক ভগবদ্বিহিত বিধিনিষেধাত্মক ধর্ম্মমর্য্যাদা সকল দস্যুগণ বিনষ্ট করিয়া ফেলিত ॥ ৫২-৫৪ ॥

হে মহারাজ ! আপনি নিশ্চিন্ত হইয়া অবস্থান করিলে শাসকরহিত ও কাম-

টীকা

স্বাসাধারণং টঙ্কারং কুর্ব্বৎ চণ্ডং শত্রুভয়বর্দ্ধনং কোদণ্ডং ধনুর্যস্য সঃ, জৈত্রং জয়াবহম্, অঘান্ পাপিনঃ। ক্ষুণ্ণং সঙ্ঘট্টিতম্ বেপয়ন্ কম্পয়ন্ যদি অংশুমানিব ন পর্য্যটসি ইতি পূর্ব্বশ্লোকস্থনকারেণ সম্বন্ধঃ।

অথাপি পৃচ্ছে ত্বাং বীর ! যদর্থং ত্বমিহাগতঃ।
তদ্বয়ং নির্ব্ব্যলীকেন প্রতিপদ্যামহে হৃদা ॥৫৬॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
তৃতীয়স্কন্ধে মনুকর্দ্দমসংবাদে একবিংশোঽধ্যায়ঃ ॥ ২১ ॥

অন্বয়

[যদিও আপনি ধর্ম্ম ও লোকরক্ষার নিমিত্ত বিচরণ করিয়া থাকেন], অথাপি (তাহা হইলেও) [হে] বীর ! ত্বং (আপনি) যদর্থম্ (যে জন্য) ইহ (এই আশ্রমে) আগতঃ (আসিয়াছেন), [তাহা আমি] ত্বাং(আপনাকে) পৃচ্ছে (জিজ্ঞাসা করিতেছি) ; বয়ং (আমি) তৎ (আপনার সেই অভিলষিত বিষয়) নির্ব্ব্যলীকেন হৃদা (অকপটচিত্তে) প্রতিপদ্যামহে (পালন করিব) ॥ ৫৬ ॥

অনুবাদ

লোলুপ মনুষ্যগণের দ্বারা অধর্ম্মই বৃদ্ধি পাইতে থাকিবে ও এই লোকসমূহ দস্যুগণকর্ত্তৃক আক্রান্ত হইয়া বিনাশ প্রাপ্ত হইবে ॥ ৫৫ ॥

হে বীর ! যদিও আপনি ধর্ম্ম ও লোকরক্ষার নিমিত্ত বিচরণ করিয়া থাকেন বলিয়া এখানে আপনার আগমন অসম্ভাবিত নহে, তাহা হইলেও আমি আপনাকে যে জন্য আমার আশ্রমে আসিয়াছেন, তাহা জিজ্ঞাসা করিতেছি ; আমি আপনার অভিলষিত বিষয় জানিতে পারিলে অকপটচিত্তে তাহা পালন করিব ॥ ৫৬ ॥

একবিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ২১ ॥

টীকা

বর্ণাশ্রমাণাং নিবন্ধনাঃ স্থাপকাঃ দস্যুভিশ্চৌরৈর্ভিন্তেরন্ ॥ ৫২-৫৪ ॥ ব্যঙ্কুশৈর্নিয়ন্তৃরহিতৈঃ নিমিত্তভূতৈঃ সমেধেত সম্যক্ বর্দ্ধেত ॥ ৫৫ ॥ নির্ব্ব্যলীকেন হৃদা শুদ্ধেন চিত্তেন প্রতিপদ্যামহে অঙ্গীকুর্ম্মহে ॥৫৬॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে তৃতীয়স্কন্ধে শ্রীমচ্ছুকদেবকৃত-
সিদ্ধান্তপ্রদীপে একবিংশাধ্যায়ার্থ প্রকাশঃ ॥২১॥

দ্বাবিংশোঽধ্যায়ঃ

শ্রীমৈত্রেয় উবাচ

এবমাবিষ্কৃতাশেষগুণকর্ম্মোদয়ো মুনিম্ ।
সব্রীড় ইব তং সম্রাড়ুপারতমুবাচ হ ॥১॥

শ্রীমনুরুবাচ

ব্রহ্মাসৃজৎ স্বমুখতো যুষ্মানাত্মপরীপ্সয়া ।
ছন্দোময়স্তপোবিদ্যাযোগযুক্তানলম্পটান্ ॥২॥
তত্ত্রাণায়াসৃজচ্চাস্মান্ দোঃসহস্রাৎ সহস্রপাৎ ।
হৃদয়ং তস্য হি ব্রহ্ম ক্ষত্রমঙ্গং প্রচক্ষতে ॥৩॥

অন্বয়

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) এবং আবিষ্কৃতাশেষগুণকর্ম্মোদয়ঃ সম্রাট্ (এইরূপে কর্দ্দমঋষি যাঁহার অশেষ গুণ ও কর্ম্মের প্রশংসা করিলেন, সেই সম্রাট্ মনু) সব্রীড়ঃ ইব (নিজকীর্ত্তি শ্রবণে লজ্জিত হইয়াই যেন) উপারতং (গুণকীর্ত্তন হইতে নিবৃত্ত) তং মুনিং (সেই কর্দ্দমঋষিকে) উবাচ হ (বলিতে লাগিলেন) ॥ ১ ॥

শ্রীমনুঃ উবাচ (মনু বলিলেন) ছন্দোময়ঃ (বেদময়) ব্রহ্ম (জগৎকারণ পরমাত্মা) আত্মপরীপ্সয়া (বেদের রক্ষণেচ্ছায়) স্বমুখতঃ (নিজের মুখ হইতে) তপোবিদ্যাযোগযুক্তান্ (তপস্যা, বিদ্যা ও যোগ-যুক্ত) অলম্পটান্ (অকপট অর্থাৎ বিষয়ে অনাসক্ত) যুষ্মান্ (ব্রাহ্মণ আপনাদিগকে) অসৃজৎ (সৃষ্টি করিয়াছেন) ॥ ২ ॥

সহস্রপাৎ (জগৎকারণ পরমাত্মা) তৎত্রাণায় চ (সেই ব্রাহ্মণগণের রক্ষার নিমিত্ত) দোঃসহস্রাৎ

অনুবাদ

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর ! মহর্ষি কর্দ্দম যাঁহার অশেষ গুণ ও কর্ম্মের প্রশংসা করিলেন, সেই সম্রাট্ মনু নিজকীর্ত্তি শ্রবণে লজ্জিত হইয়াই যেন গুণকীর্ত্তন হইতে নিবৃত্ত সেই কর্দ্দমঋষিকে বলিতে লাগিলেন ॥ ১ ॥

মনু বলিলেন—হে ব্রহ্মন্ ! বেদময় জগৎকারণ পরমাত্মা বেদ রক্ষা করিবার ইচ্ছায় নিজের মুখ হইতে তপস্যা, বিদ্যা ও যোগনিরত এবং বিষয়ে অনাসক্ত ব্রাহ্মণ আপনাদিগকে সৃষ্টি করিয়াছেন ॥ ২ ॥

জগৎকারণ পরমাত্মা সেই ব্রাহ্মণগণের রক্ষার নিমিত্ত স্বীয় সহস্রবাহু হইতে ক্ষত্রিয়

টীকা

দ্বাবিংশেন তু মহতাদরেণ দেবহূতিং কর্দ্দমায় অদাদিত্যুচ্যতে। এবং মুনিনা আবিষ্কৃতঃ অশেষাণাং গুণানাং কর্ম্মণাং চ উদয় উৎকর্ষো যস্য সঃ, স্বগুণকর্ম্মোদয়শ্রবণেন সব্রীড় ইব সম্রাট্ মনুঃ মনুগুণকর্ম্মোৎকর্ষকথনাদুপারতং মুনিমুবাচ ॥ ১ ॥ ব্রহ্ম জগৎকারণং পরমাত্মা ইত্যর্থঃ ছন্দোময়ো বেদময়ঃ আত্মনঃ বেদস্য পরীপ্সয়া রক্ষণেচ্ছয়া যুষ্মান্ ব্রাহ্মণান্ মুখতোঽসৃজৎ। বেদরক্ষণেনৈব ক্ষত্রিয়রক্ষণমপি সিদ্ধম্। বেদাভাবে ক্ষত্রিয়াণামপি প্রজাপালনযজ্ঞাদ্যনুষ্ঠানাসম্ভবান্নাশপ্রসঙ্গাৎ ॥ ২ ॥

অতো হ্যন্যোন্যমাত্মানং ব্রহ্ম ক্ষত্রঞ্চ রক্ষতঃ।
রক্ষতি স্মাব্যয়ো দেবঃ স যঃ সদসদাত্মকঃ ॥৪॥
তব সন্দর্শনাদেব ছিন্না মে সর্ব্বসংশয়াঃ।
যৎ স্বয়ং ভগবান্ প্রীত্যা ধর্ম্মমাহ রিরক্ষিষোঃ ॥৫॥

অন্বয়

(স্বীয় সহস্রবাহু হইতে) অস্মান্ (ক্ষত্রিয় আমাদিগকে) অসৃজৎ (সৃষ্টি করিয়াছেন); [অতএব] তস্য (পরমাত্মার) ব্রহ্ম (ব্রাহ্মণজাতি) হৃদয়ং (হৃদয়) ক্ষত্রম্ (ও ক্ষত্রিয়জাতি) অঙ্গং (বাহু বলিয়া) প্রচক্ষতে (অভিহিত হইয়া থাকে)॥ ৩॥

অতঃ হি (এই জন্যই) ব্রহ্ম (ব্রাহ্মণজাতি) ক্ষত্রং চ (ও ক্ষত্রিয়জাতি) আত্মানং (নিজকে) অন্যোন্যং (পরস্পর) রক্ষতঃ (রক্ষা করিয়া থাকে)। [বস্তুতঃ] যঃ (যিনি) সদসদাত্মকঃ (সর্ব্বাত্মা) অব্যয়ঃ (ও নির্ব্বিকার), সঃ দেবঃ (সেই পরমাত্মাই) [সকলকে] রক্ষতি স্ম (রক্ষা করিয়া থাকেন)॥ ৪॥

তব (আপনার) সন্দর্শনাদেব (দর্শনমাত্রেই) মে (আমার) সর্ব্বসংশয়াঃ (সকল সংশয়) ছিন্নাঃ (ছিন্ন হইয়াছে); [কারণ] রিরক্ষিষোঃ (প্রজারক্ষণেচ্ছু রাজার) যৎ (যাহা ধর্ম্ম), ধর্ম্মম্ (সেই ধর্ম্মই) স্বয়ং ভগবান্ (আপনি স্বয়ং) [অর্থাৎ অন্যের দ্বারা নহে] প্রীত্যা (প্রীতিসহকারে) আহ (বলিলেন)॥ ৫॥

অনুবাদ

আমাদিগকে সৃষ্টি করিয়াছেন; এই জন্যই ব্রাহ্মণজাতি পরমাত্মার হৃদয় ও ক্ষত্রিয়জাতি পরমাত্মার বাহু বলিয়া অভিহিত হইয়া থাকে॥ ৩॥

এই জন্যই ব্রাহ্মণজাতি তপস্যাদিদ্বারা ক্ষত্রিয়কে ও ক্ষত্রিয়জাতি বাহুদ্বারা ব্রাহ্মণকে রক্ষা করিয়া থাকেন। বস্তুতঃ যিনি এই উভয়ের জনক সর্ব্বাত্মা ও নির্ব্বিকার, সেই পরমাত্মাই উভয়কে রক্ষা করিয়া থাকেন॥ ৪॥

ব্রাহ্মণের উপদেশেই সংশয়সমূহ ছিন্ন হইয়া থাকে, ইহা ত প্রসিদ্ধ; কিন্তু হে ব্রহ্মন্! এখানে আপনার দর্শনমাত্রেই আমার সকল সংশয় ছিন্ন হইয়াছে; আহা! আপনার অদ্ভুত প্রভাব। আর প্রজারক্ষণেচ্ছু রাজার যাহা ধর্ম্ম, সেই ধর্ম্মই আপনি স্বয়ং প্রীতিসহকারে আমাকে উপদেশ করিলেন; আহা! আপনার কি দয়া॥ ৫॥

টীকা

তৎ তেষাং ব্রাহ্মণানাং অস্মান্ ক্ষত্রিয়ান্ তস্য পরমাত্মনঃ ব্রহ্ম ব্রাহ্মণজাতিঃ হৃদয়মন্তরঙ্গম্, ক্ষত্রং ক্ষত্রিয়জাতিঃ অঙ্গং বহিরঙ্গম্। ভগবতা মুখতঃ ব্রহ্মজাতিঃ দোঃসহস্রতঃ ক্ষত্রিয়জাতিশ্চ সঙ্কল্পমাত্রেণ উৎপাদিতা অত্র বর্ণিতা। চতুরাননেন তু ব্রাহ্মণাঃ মনুনা সহিতা যেন প্রকারেণ উৎপাদিতাঃ সঃ প্রকারঃ প্রাক্ প্রপঞ্চিত এব॥ ৩॥ অতো ব্রহ্ম ক্ষত্রঞ্চ আত্মানং পরস্পরং রক্ষতঃ, এবং যঃ পূর্ব্বোক্তঃ উভয়জনকঃ সদসদাত্মকঃ সর্ব্বাত্মা স এব রক্ষতি॥ ৪॥ ক্ষত্রিয়কুলোপকারিণি ব্রাহ্মণকুলে প্রত্যুপকারায় স্বাং কন্যাং দাতুং ব্রাহ্মণক্ষত্রিয়য়োরন্যোন্যতঃ উপকারিত্বং সর্ব্বরক্ষিত্রা ভগবতৈব

দিষ্ট্যা মে ভগবান্ দৃষ্টো দুর্দ্দর্শো যোঽকৃতাত্মনাম্।
দিষ্ট্যা পাদরজঃ স্পৃষ্টং শীর্ষ্ণা মে ভবতঃ শিবম্ ॥৬॥
দিষ্ট্যা ত্বয়ানুশিষ্টোঽহং কৃতশ্চানুগ্রহো মহান্।
অপাবৃতৈঃ কর্ণরন্ধ্রৈর্জুষ্টা দিষ্ট্যোশতীর্গিরঃ ॥৭॥
স ভবান্ দুহিতৃস্নেহপরিক্লিষ্টাত্মনো মম।
শ্রোতুমর্হতি দীনস্য শ্রাবিতং কৃপয়া মুনে! ॥ ৮ ॥

অন্বয়

যঃ ভগবান্ (আপনি) অকৃতাত্মনাম্ (পাপিগণের) দুর্দ্দর্শঃ (দুর্দ্দর্শনীয়); দিষ্ট্যা (সৌভাগ্যবশতঃ) মে (আমি) দৃষ্টঃ (আপনার দর্শন পাইলাম)। দিষ্ট্যা (সৌভাগ্যবশতঃ) ভবতঃ (আপনার) শিবং (মঙ্গলময়) পাদরজঃ (পদধূলি) মে (আমি) শীর্ষ্ণা স্পৃষ্টম্ (মস্তকে ধারণ করিলাম)॥ ৬॥

দিষ্ট্যা (সৌভাগ্যের ফলে) অহং (আমি) ত্বয়া (আপনাকর্ত্তৃক) অনুশিষ্টঃ (উপদিষ্ট হইলাম); [আপনি] মহান্ অনুগ্রহঃ চ [আমার প্রতি] (অতিশয় অনুগ্রহ) কৃতঃ (করিয়াছেন); দিষ্ট্যা (সৌভাগ্যের ফলে) [আমাকর্ত্তৃক] অপাবৃতৈঃ কর্ণরন্ধ্রৈঃ (অনাবৃত কর্ণবিবরের দ্বারা) [আপনার] উশতীঃ গিরঃ (কমনীয় বাক্য) জুষ্টাঃ (শ্রুত হইল)॥ ৭॥

মুনে! (হে কর্দ্দম!) সঃ ভবান্ (দয়াশীল আপনি) কৃপয়া (দয়া করিয়া) দুহিতৃস্নেহ-পরিক্লিষ্টাত্মনঃ (কন্যার প্রতি স্নেহবশতঃ দুঃখিতান্তঃকরণ) দীনস্য মম (ও কাতর আমার) শ্রাবিতং (প্রার্থনাবাক্য) শ্রোতুম্ অর্হতি (শ্রবণ করিতে যোগ্য হইয়া থাকেন)॥ ৮॥

অনুবাদ

পাপিগণ আপনাকে দর্শন করিতে সমর্থ হয় না; আজ আমি পরম সৌভাগ্যের ফলে আপনাকে দর্শন করিলাম এবং পরমসৌভাগ্যের ফলে আপনার মঙ্গলময় পদধূলি মস্তকে ধারণ করিলাম॥ ৬॥

আমার সৌভাগ্যের ফলেই আজ আপনি আমাকে উপদেশ প্রদান করিলেন ও আমার প্রতি অতিশয় অনুগ্রহ প্রদর্শন করিলেন এবং সৌভাগ্যের ফলেই অনাবৃত কর্ণরন্ধ্রের দ্বারা আপনার কমনীয় বাক্যসকল শ্রবণ করিলাম॥ ৭॥

হে মুনে! আপনি দয়াশীল; সম্প্রতি আমি কন্যার প্রতি স্নেহবশতঃ তাহার চিন্তায়

টীকা

কৃতমিত্যুক্তমিদানীং বিশেষতঃ পাত্রভূতমুনিদর্শনাভিনন্দনপূর্ব্বকং মদীয়া কন্যা ত্বয়া পরিণেয়েতি স্বাভিপ্রায়ং নিবেদয়তি—তবেতি দশভিঃ। ব্রাহ্মণোপদেশতঃ সংশয়চ্ছেদঃ প্রসিদ্ধঃ; তব তু দর্শনাদেব মে সর্ব্বে সংশয়াঃ ছিন্নাঃ অদ্ভুতপ্রভাবোঽসীতি ভাবঃ। দয়ালুত্বাদিগুণানাহ রিরক্ষিষোঃ প্রজা-রক্ষণেচ্ছোঃ রাজ্ঞঃ যৎ যে ধর্ম্মাঃ তান্ "ন যদা রথমাস্থায়" ইত্যাদিনা স্বয়ং ন তু শিষ্যাদিদ্বারেণ ভগবান্ প্রীত্যাহ। অহো তবাদ্ভুতং দয়ালুত্বং নিরভিমানিত্বং প্রীতিজনকত্বং চেতি ভাবঃ॥ ৫॥ স্বভাগ্যং প্রসঙ্গাদভিনন্দন্ মুনিদর্শনাদিকমকৃতাত্মনাং দুর্লভমিত্যাহ দিষ্ট্যেতি॥ ৬॥ উশতীঃ উশত্যঃ কমনীয়াঃ॥ ৭॥ মম শ্রাবিতং প্রার্থনাবাক্যম্॥ ৮॥ ৯॥ ১০॥

প্রিয়ব্রতোত্তানপদোঃ স্বসেয়ং দুহিতা মম।
অন্বিচ্ছতি পতিং যুক্তং বয়ঃশীলগুণাদিভিঃ ॥৯॥
যদা তু ভবতঃ শীলশ্রুতরূপবয়োগুণান্।
অশৃণোন্নারদাদেষা ত্বয্যাসীৎ কৃতনিশ্চয়া ॥১০॥
তৎ প্রতীচ্ছ দ্বিজাগ্র্যেমাং শ্রদ্ধয়োপহৃতাং ময়া।
সর্ব্বাত্মনানুরূপাং তে গৃহমেধিষু কর্ম্মসু ॥১১॥
উদ্যতস্য হি কামস্য প্রতিবাদো ন শস্যতে।
অপি নির্ম্মুক্তসঙ্গস্য কামরক্তস্য কিং পুনঃ ॥১২॥

অন্বয়

ইয়ং (এই) প্রিয়ব্রতোত্তানপদোঃ (প্রিয়ব্রত ও উত্তানপাদের) স্বসা (ভগিনী) মম (আমার) দুহিতা (কন্যা) [দেবহূতি] বয়ঃশীলগুণাদিভিঃ যুক্তং (উপযুক্ত বয়স, চরিত্র ও গুণাদি সমন্বিত) পতিম্ অন্বিচ্ছতি (পতি অন্বেষণ করিতেছে) ॥ ৯ ॥

এষা (এই দেবহূতি) যদা তু (যখনই) নারদাৎ (নারদের নিকটে) ভবতঃ (আপনার) শীলশ্রুতরূপবয়োগুণান্ (চরিত্র, বিদ্যা, রূপ, বয়স ও গুণসকল) অশৃণোৎ (শ্রবণ করিয়াছে), [তখন হইতেই] ত্বয়ি (আপনাতে) কৃতনিশ্চয়া ("তিনিই আমার পতি" এইরূপ কৃতসঙ্কল্প) আসীৎ (হইয়াছে) ॥১০॥

তৎ (অতএব) দ্বিজাগ্র্য! (হে দ্বিজবর!) ময়া (আমাকর্ত্তৃক) শ্রদ্ধয়া (শ্রদ্ধার সহিত) উপহৃতাং (সমর্পিতা) গৃহমেধিষু কর্ম্মসু (ও গার্হস্থ্য ধর্ম্মের সমস্ত কর্ম্মে) তে (আপনার) সর্ব্বাত্মনা (সর্ব্বপ্রকারে) অনুরূপাম্ (অনুকূল) ইমাং (এই দেবহূতিকে) প্রতীচ্ছ (গ্রহণ করুন) ॥১১॥

হি (কারণ) নির্ম্মুক্তসঙ্গস্য অপি (বিষয়াসক্তিশূন্য ব্যক্তিরও) উদ্যতস্য কামস্য (দৈবাগত অভিলষিত

অনুবাদ

দুঃখিতান্তঃকরণে অবস্থান করিতেছি; অতএব এই দীনহীন আমার প্রার্থনাবাক্য শ্রবণ করিতে আপনিই যোগ্য হইয়া থাকেন ॥ ৮ ॥

এইটি প্রিয়ব্রত ও উত্তানপাদের ভগিনী আমার কন্যা; এই দেবহূতি এক্ষণে উপযুক্ত বয়স, চরিত্র ও গুণাদিসমন্বিত পতি অন্বেষণ করিতেছে ॥ ৯ ॥

এই দেবহূতি যখনই নারদের মুখে আপনার চরিত্র, বিদ্যা, রূপ, বয়স ও গুণসকল শ্রবণ করিয়াছে, তখন হইতেই আপনার প্রতি "তিনিই আমার পতি" এইরূপ কৃতসঙ্কল্পা হইয়া অবস্থান করিতেছে ॥ ১০ ॥

অতএব হে দ্বিজবর! আপনি এই কন্যা গ্রহণ করুন; আমি শ্রদ্ধার সহিত ইহাকে আপনার করে সমর্পণ করিতেছি। এই দেবহূতি গার্হস্থ্য ধর্ম্মের সমস্ত কর্ম্মে সর্ব্বপ্রকারে আপনার অনুকূল হইবে ॥ ১১ ॥

বিষয়াসক্তিশূন্য ব্যক্তিরও দৈবাগত অভিলষিত বস্তুর প্রত্যাখ্যান প্রশংসনীয় নহে;

টীকা

তৎ তস্মাৎ প্রতীচ্ছ প্রতিগৃহাণ ॥ ১১ ॥ কাম্যতে ইতি কামঃ ইষ্টপদার্থঃ, তস্য উদ্যতস্য অকস্মাৎ

য উদ্যতমনাদৃত্য কীনাশমভিযাচতে।
ক্ষীয়তে তদ্‌যশঃ স্ফীতং মানশ্চাবজ্ঞয়া হতঃ ॥১৩॥
অহং ত্বাশৃণবং বিদ্বন্নুদ্বাহার্থং সমুদ্যতম্।
অতস্ত্বমুপকুর্ব্বাণঃ প্রত্তাং প্রতিগৃহাণ মে ॥ ১৪ ॥

শ্রীঋষিরুবাচ

বাঢ়মুদ্বোঢ়ুকামোঽহমপ্রত্তা চ তবাত্মজা।
আবয়োরনুরূপোঽসাবাদ্যো বৈবাহিকো বিধিঃ ॥১৫॥

অন্বয়

পদার্থের) প্রতিবাদঃ (প্রত্যাখ্যান) ন শস্যতে (প্রশংসনীয় নহে) ; কামরক্তস্য (কামনাসক্ত ব্যক্তির) কিং পুনঃ (সম্বন্ধে আর বক্তব্য কি ?) ॥ ১২ ॥

যঃ (যে ব্যক্তি) উদ্যতম্ (অকস্মাৎপ্রাপ্ত অভিলষিত বস্তুকে) অনাদৃত্য (অনাদর করিয়া) কীনাশম্ (কৃপণের নিকটে) অভিযাচতে (যাচ্ঞা করে), স্ফীতং (অতিবর্দ্ধিত) তদ্‌যশঃ (তাহার যশোরাশি) ক্ষীয়তে (ক্ষীণ হয়) মানঃ চ (ও সম্মান) অবজ্ঞয়া (কৃপণকৃত অবমাননায়) হতঃ (বিনষ্ট হইয়া থাকে) ॥১৩॥

বিদ্বন্ ! (হে জ্ঞানিন্ !) অহম্ (আমি) ত্বা (আপনাকে) উদ্বাহার্থং (বিবাহের নিমিত্ত) সমুদ্যতং (সমুদ্যত অর্থাৎ প্রস্তুত বলিয়া) অশৃণবম্ (শ্রবণ করিয়াছি), অতঃ (অতএব) উপকুর্ব্বাণঃ ত্বং (উপকুর্ব্বাণ ব্রহ্মচারী আপনি) মে (আমাকর্ত্তৃক) প্রত্তাং (প্রদত্তা এই কন্যাকে) প্রতিগৃহাণ (গ্রহণ করুন) ॥ ১৪ ॥

শ্রীঋষিঃ উবাচ (কর্দ্দমঋষি বলিলেন) রাজন্ ! বাঢ়ম্ (হে রাজন্ ! যথার্থই) অহম্ (আমি) উদ্বোঢ়ুকামঃ

অনুবাদ

যিনি কামনাবান্, তাঁহার বিষয়ে আর বক্তব্য কি ? অর্থাৎ সকামী ব্যক্তির কাম্যবস্তু প্রত্যাখ্যান কখনই প্রশংসনীয় নহে ॥ ১২ ॥

যে ব্যক্তি স্বয়ং উপস্থিত কাম্যবস্তুকে অনাদর করিয়া কৃপণের নিকটে যাচ্ঞা করে, তাহার অতিবর্দ্ধিত যশোরাশিও ক্ষয় হইয়া যায় এবং তাহার সম্মান কৃপণকৃত অবমাননায় বিনষ্ট হইয়া থাকে ॥ ১৩ ॥

হে জ্ঞানিন্ ! আমি শুনিয়াছি সম্প্রতি আপনি বিবাহ করিতে উদ্যত হইয়াছেন ; আপনি উপকুর্ব্বাণ* ব্রহ্মচারী ; এক্ষণে গার্হস্থ্য ধর্ম্ম অবলম্বন করিবেন ; অতএব আপনি আমাকর্ত্তৃক প্রদত্তা এই দেবহূতিকে গ্রহণ করুন ॥ ১৪ ॥

কর্দ্দমঋষি বলিলেন—হে রাজন্ ! যথার্থই আমি বিবাহ করিতে অভিলাষী

টীকা

প্রাপ্তস্য প্রতিবাদঃ নিবারণম্ ॥ ১২ ॥ কীনাশং কৃপণম্, স্ফীতং সমৃদ্ধম্, অবজ্ঞয়া কীনাশাদিকৃতেনাসৎকারেণ হতো বিনষ্টো ভবেৎ ॥ ১৩ ॥ মে ময়া প্রত্তাং দত্তাম্ ॥ ১৪ ॥ অপ্রত্তেতি ময্যেব কৃতনিশ্চয়ত্বাৎ কস্মৈচিৎ প্রতিশ্রুতা ন ভবতীত্যর্থঃ ॥ ১৫ ॥ সমাম্নায়বিধৌ "গৃভ্নামি তে সৌভগত্বায় হস্ত"মিত্যাদি বেদ-

* ব্রহ্মচারী দ্বিবিধ, উপকুর্ব্বাণ ও নৈষ্ঠিক ; যিনি নিয়মিতকাল ব্রহ্মচর্য্য অবলম্বন করিয়া গুরুগৃহে অবস্থানপূর্ব্বক পরে গার্হস্থ্য ধর্ম্ম অবলম্বন করেন, তিনি উপকুর্ব্বাণ ; আর যিনি আজীবন ব্রহ্মচর্য্য অবলম্বন করেন, তিনি নৈষ্ঠিক।

কামঃ স ভূয়ান্নরদেব ! তেঽস্যাঃ পুত্র্যাঃ সমান্নায়বিধৌ প্রতীতঃ।
ক এব তে তনয়াং নাদ্রিয়েত স্বয়ৈব কান্ত্যা ক্ষিপতীমিব শ্রিয়ম্ ॥১৬॥
যাং হর্ম্ম্যপৃষ্ঠে ক্বণদঙ্ঘ্রিশোভাং বিক্রীড়তীং কন্দুকবিহ্বলাক্ষীম্।
বিশ্বাবসুর্ন্যপতৎ স্বাদ্বিমানাদ্ বিলোক্য সম্মোহবিমূঢ়চেতাঃ ॥১৭॥

অন্বয়

(বিবাহ করিতে অভিলাষী) ; তব (আপনার) আত্মজা চ (কন্যাও) অপ্রত্তা (আমাতে কৃতসঙ্কল্পা বলিয়া আর কাহাকেও পতিরূপে বরণ করে নাই) ; [অতএব] আবয়োঃ (আমাদের উভয়ের) অনুরূপঃ (সমুচিত) অসৌ আদ্যঃ বৈবাহিকঃ বিধিঃ (মুখ্য বিবাহসংস্কার হউক) ॥ ১৫ ॥

নরদেব ! (হে নরপতে !) তে (আপনার) অস্যাঃ পুত্র্যাঃ (এই কন্যার) সঃ কামঃ (আমাকে পতিরূপে পাওয়ার অভিলাষ) সমান্নায়বিধৌ (বেদোক্ত অনুষ্ঠানে) প্রতীতঃ ভূয়াৎ (নিষ্পন্ন হউক)। স্বয়া এব কান্ত্যা (নিজের কান্তিদ্বারাই) শ্রিয়ং (অন্যের কান্তিকে) ক্ষিপতীম্ ইব (যেন পরাভূত করিতেছে এইরূপ) তে (আপনার) তনয়াং (কন্যাকে) কঃ এব (কোন্ ব্যক্তিই বা) ন আদ্রিয়েত (আদর না করিবে ?) ॥ ১৬ ॥

বিশ্বাবসুঃ (বিশ্বাবসু নামক গন্ধর্ব্ব) হর্ম্ম্যপৃষ্ঠে (প্রাসাদোপরি) বিক্রীড়তীং (ক্রীড়াকারিণী), কন্দুকবিহ্বলাক্ষীং (উৎক্ষিপ্ত কন্দুকে নেত্রদ্বয় নিবদ্ধ ছিল বলিয়া চঞ্চলাক্ষী) ক্বণদঙ্ঘ্রিশোভাং (ও শব্দায়মান নূপুরে চরণ শোভিত এইরূপ) যাং (আপনার কন্যাকে) বিলোক্য (দর্শন করিয়া) সম্মোহবিমূঢ়চেতাঃ (মোহবশতঃ ব্যাকুলচিত্ত হইয়া) স্বাৎ বিমানাৎ (নিজের বিমান হইতে) ন্যপতৎ (নিপতিত হইয়াছিল) ॥ ১৭ ॥

অনুবাদ

হইয়াছি ; আপনার কন্যাও অনূঢ়া ; অতএব আমাদের উভয়ের সমুচিত মুখ্য বিবাহসংস্কার অনুষ্ঠিত হউক ॥ ১৫ ॥

হে নরপতে ! আপনার এই কন্যার অভিলাষ বেদোক্ত অনুষ্ঠানে নিষ্পন্ন হউক অর্থাৎ বেদোক্ত মন্ত্রের দ্বারা বিবাহকার্য্য সম্পন্ন হউক। আপনার এই কন্যা নিজের কান্তি দ্বারাই অন্যের কান্তিকে যেন পরাভূত করিতেছে ; অতএব এই রূপবতী কন্যাকে কোন্ ব্যক্তিই বা আদর না করিবে ? ॥ ১৬ ॥

হে মহারাজ ! এক সময়ে আপনার এই কন্যা প্রাসাদোপরি কন্দুক লইয়া ক্রীড়া করিতেছিল ; উৎক্ষিপ্ত কন্দুকে নেত্রদ্বয় নিবদ্ধ ছিল বলিয়া তাহার নয়নদ্বয় চঞ্চল হইয়াছিল এবং শব্দায়মান নূপুরে তাহার চরণদ্বয় শোভিত হইয়াছিল ; সেই সময়ে বিশ্বাবসু নামক গন্ধর্ব্ব আপনার কন্যাকে দর্শন করিয়া মোহবশতঃ ব্যাকুলচিত্তে স্বীয় বিমান হইতে নিপতিত হইয়াছিল ॥ ১৭ ॥

টীকা

বিধৌ যঃ কামঃ প্রতীতঃ স ভূয়াৎ ভবেৎ। শ্রিয়মন্যকান্তিম্ ॥ ১৬ ॥ বিশ্বাবসুঃ গন্ধর্ব্বঃ, ক্বণদ্ভ্যাং নূপুরধ্বনিমদ্ভ্যাম্ অঙ্ঘ্রিভ্যাম্ শোভা যস্যাস্তাম্ ॥ ১৭ ॥ ললনাললামং স্ত্রীরত্নং ন সেবিতো শ্রীচরণৌ

তাং প্রার্থয়ন্তীং ললনাললাম-মসেবিতশ্রীচরণৈরদৃষ্টাম্।
বৎসাং মনোরুচ্চপদঃ স্বসারং কো নানুমন্যেত বুধোঽভিযাতাম্ ॥১৮॥
অতো ভজিষ্যে সময়েন সাধ্বীং যাবৎ তেজো বিভৃয়াদাত্মনো মে।
অতো ধর্ম্মান্ পারমহংস্যমুখ্যান্ শুক্লপ্রোক্তান্ বহূ মন্যেঽবিহিংস্রান্ ॥১৯॥

অন্বয়

তাম্ ললনাললামং (সেই স্ত্রীরত্ন), অসেবিতশ্রীচরণৈঃ (যাহারা ভগবানের শ্রীচরণ সেবা করে নাই, তাহাদিগকর্ত্তৃক) অদৃষ্টাম্ (অদর্শনীয়া), অভিযাতাং (স্বয়ম্ আগতা), প্রার্থয়ন্তীং (প্রার্থনাকারিণী) মনোঃ (স্বায়ম্ভুব মনুর) বৎসাং (কন্যা) উচ্চপদঃ (ও উত্তানপাদের) স্বসারং (ভগিনীকে) কঃ বুধঃ (কোন্ বুদ্ধিমান্ ব্যক্তি) ন অনুমন্যেত (পত্নীরূপে গ্রহণ করিতে সম্মত না হইবেন?) [অর্থাৎ বুদ্ধিমান্ ব্যক্তিমাত্রই এই প্রকার রূপবতী গুণবতী স্ত্রীকে গ্রহণ করিয়া থাকেন]॥ ১৮॥

অতঃ (অতএব) যাবৎ (যে পর্য্যন্ত) [এই কন্যা] মে (আমার) আত্মনঃ (নিজের) তেজঃ [গর্ভং] বিভৃয়াৎ (বীর্য্য গর্ভে ধারণ করিবে), [সে পর্য্যন্ত] সময়েন (প্রতিজ্ঞাবদ্ধ হইয়া) [আমি] সাধ্বীং (এই সাধ্বী আপনার কন্যাকে) ভজিষ্যে (স্বীকার করিব অর্থাৎ ইহার সহিত বাস করিব); অতঃ (অতঃপর) পারমহংস্যমুখ্যান্ (পরমহংসগণের আচরিত) শুক্লপ্রোক্তান্ (ও বিষ্ণুপ্রোক্ত) অবিহিংস্রান্ ধর্ম্মান্ (হিংসারহিত শমদমাদি ধর্ম্ম সকল) বহূ মন্যে (অতি আদরে অনুষ্ঠেয় বলিয়া মনে করিব অর্থাৎ সন্ন্যাসধর্ম্ম গ্রহণ করিব]॥ ১৯॥

অনুবাদ

সেই ললনাগণের ভূষণস্থানীয়া এবং ভগবানের শ্রীচরণসেবাবিহীন জনগণের দর্শনেরও অতীত, স্বয়ং আগমনকারিণী ও প্রার্থনাকারিণী স্বায়ম্ভুব মনুর কন্যা উত্তানপাদের ভগিনীকে কোন্ বুদ্ধিমান্ ব্যক্তি পত্নীরূপে গ্রহণ করিতে সম্মত না হইবেন? অর্থাৎ বুদ্ধিমান্ ব্যক্তিমাত্রই এইরূপ রূপবতী, গুণবতী ও স্বয়ং প্রার্থনাকারিণী স্ত্রীকে গ্রহণ করিয়া থাকেন॥ ১৮॥

অতএব হে রাজন্! আমি আপনার এই সাধ্বী কন্যাকে পত্নীরূপে গ্রহণ করিব; কিন্তু যে পর্য্যন্ত এই সাধ্বী আমার বীর্য্য গর্ভে ধারণ করিবে, সে পর্য্যন্তই ইহাকে আমি

টীকা

শ্রীযুক্তচরণৌ ভগবৎপাদপদ্মে যৈস্তৈরদৃষ্টাম্, যস্যেয়ং ভার্য্যা, স ভগবতোঽপি পুত্রীভূতস্যানুগ্রহ-ভাজনো ভবিষ্যতি সেয়ং ভগবৎপ্রসাদলভ্যেতি ভাবঃ। অভিপ্রয়াতাং স্বয়মাগতাম্॥ ১৮॥ যতঃ ইয়ং ভগবৎপ্রসাদলভ্যা অতো হেতোঃ সাধ্বীমিমাং ভজিষ্যে স্বীকরোমি। এবম্ভূতাদপি কলত্রস্বীকারাৎ তৎত্যাগপূর্ব্বকো ভগবদ্ভজনমার্গস্বীকারঃ শ্রেষ্ঠ ইতি দ্যোতয়িতুমাহ—সময়েনেতি। সময়মেবাহ—যাবদিয়মাত্মনো মে তেজো গর্ভং বিভৃয়াৎ, তাবদেব ভজিষ্যে। অতঃপরং তু শুক্লেন বিষ্ণুনা প্রোক্তান্ পারমহংস্যমুখ্যান্ ধর্ম্মান্ বিষ্ণুধ্যানতৎসাধনভূততচ্ছ্রবণকীর্ত্তনপঞ্চকালয়জনাদিরূপাৎ তৎপ্রাপকান্ বহূ যথা ভবতি তথানুষ্ঠেয়ান্ মন্যে তথোক্তং শ্রীমুখেন—"সর্ব্বগুহ্যতমং ভূয়ঃ শৃণু মে পরমং বচঃ। ইষ্টোঽসি মে দৃঢ়মিতিস্ততো বক্ষ্যামি তে হিতম্॥ মন্মনা ভব মদ্ভক্তো মদ্যাজী মাং

যতোঽভবদ্বিশ্বমিদং বিচিত্রং সংস্থাস্যতে যত্র চ বাবতিষ্ঠতে।
প্রজাপতীনাং পতিরেষ মহ্যং পরং প্রমাণং ভগবাননন্তঃ ॥২০॥

শ্রীমৈত্রেয় উবাচ

স উগ্রধন্বন্নিয়দেবাবভাষে আসীচ্চ তূষ্ণীমরবিন্দনাভম্।
ধিয়োপগৃহ্ণন্ স্মিতশোভিতেন মুখেন চেতো লুলুভে দেবহূত্যাঃ ॥২১॥

অন্বয়

[হে রাজন্!] যতঃ (যাঁহা হইতে) ইদং বিচিত্রং বিশ্বং (এই বিচিত্র বিশ্ব) অভবৎ (উৎপন্ন হইয়াছে) যত্র চ (ও যাঁহাতে) অবতিষ্ঠতে (অবস্থিত আছে) বা সংস্থাস্যতে (এবং যাঁহাতে লীন হইবে), প্রজাপতীনাং পতিঃ (প্রজাপতিগণেরও পতি) এষঃ ভগবান্ অনন্তঃ (এই ভগবান্ অনন্তদেব) মহ্যং পরং প্রমাণম্ (আমার একমাত্র সর্ব্বোৎকৃষ্ট প্রমাণ অর্থাৎ ভগবদ্বাক্যই আমার পালনীয়) ॥ ২০ ॥

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) উগ্রধন্বন্! (হে উগ্রধনুর্ধারিন্ বিদুর!) সঃ (কর্দ্দমঋষি) ইয়দেব (এই পর্য্যন্তই) আবভাষে (বলিলেন); (অনন্তর) অরবিন্দনাভং (পদ্মনাভ শ্রীহরিকে) ধিয়া (মনের দ্বারা) উপগৃহ্ণন্ (চিন্তা করিতে করিতে) তূষ্ণীম্ আসীৎ (মৌন হইলেন)। [মৌনভাবে অবস্থিত কর্দ্দম] স্মিতশোভিতেন মুখেন (মৃদু হাস্যশোভিত মুখমণ্ডলের দ্বারা) দেবহূত্যাঃ (মনুকন্যা দেবহূতির) চেতঃ (চিত্ত) লুলুভে চ (প্রলোভিত করিতে লাগিলেন) ॥ ২১ ॥

অনুবাদ

গ্রহণ করিব। অতঃপর আমি পরমহংসগণের আচরিত ও বিষ্ণুপ্রোক্ত হিংসারহিত শমদমাদি ধর্ম্ম সকল অনুষ্ঠেয় বলিয়া মনে করিব অর্থাৎ যে পর্য্যন্ত ইহার সন্তান উৎপত্তি না হয়, ততকালই ইহার সহিত একত্র বাস করিয়া গার্হস্থ্য ধর্ম্ম পালন করিব এবং পরে সন্ন্যাস ধর্ম্ম অবলম্বন করিব এইরূপ প্রতিজ্ঞাবদ্ধ হইয়া ইহাকে গ্রহণ করিব ॥ ১৯ ॥

হে রাজন্! আমার পিতা ব্রহ্মা আমাকে প্রজা সৃষ্টি করিবার আদেশ দিয়াছেন বটে, কিন্তু যাঁহা হইতে এই বৈচিত্র্যময় জগৎ উৎপন্ন হইয়াছে ও যাঁহাতে অবস্থান করিতেছে এবং অন্তে যাঁহাতে লীন হইবে, সেই প্রজাপতিগণেরও পতি ভগবান্ অনন্তদেবই আমার একমাত্র সর্ব্বোৎকৃষ্ট প্রমাণ অর্থাৎ পুত্র উৎপাদন করতঃ ঋণত্রয় পরিশোধ করিয়া সন্ন্যাসধর্ম্ম অবলম্বন করিতে ভগবান্ আদেশ করিয়াছেন; অতএব ভগবদ্বাক্যই আমার পালনীয়; পিতার আজ্ঞা আজীবন পালন করিতে পারিব না ॥ ২০ ॥

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর! কর্দ্দমঋষি এই পর্য্যন্তই বলিলেন; অনন্তর কর্দ্দমঋষি পদ্মনাভ শ্রীহরিকে মনে মনে চিন্তা করতঃ মৌন হইলেন। মৌনভাবে

টীকা

নমস্কুরু। মামেবৈষ্যসি সত্যং তে প্রতিজানে প্রিয়োঽসি মে। সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ। অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ" ॥ ১৯ ॥ নন্থ "প্রজাঃ সৃজে"তি প্রজাপত্যাজ্ঞা জীবনপর্য্যন্তং পালনীয়া, কিং শুক্লপ্রোক্তধর্ম্মানুষ্ঠানেন ইত্যত্রাহ—যত ইতি ॥ ২০ ॥ হে উগ্রধন্বন্! সঃ মুনিঃ ইয়দেবাবভাষে, ততোঽরবিন্দনাভং ধিয়োপগৃহ্ণন্ তূষ্ণীমাসীৎ। তূষ্ণীমাসীনশ্চ স্মিতশোভিতেন মুখেন

সোঽনু জ্ঞাত্বা ব্যবসিতং মহিষ্যা দুহিতুঃ স্ফুটম্ ।
তস্মৈ গুণগণাঢ্যায় দদৌ তুল্যাং প্রহর্ষিতঃ ॥২২॥
শতরূপা মহারাজ্ঞী পারিবর্হান্ মহাধনান্ ।
দম্পত্যোঃ পর্য্যদাৎ প্রীত্যা ভূষাবাসঃপরিচ্ছদান্ ॥২৩॥
প্রত্তাং দুহিতরং সম্রাট্ সদৃক্ষায় গতব্যথঃ ।
উপগুহ্য চ বাহুভ্যামৌৎকণ্ঠ্যোন্মথিতাশয়ঃ ॥২৪॥

অন্বয়

অনু (অনন্তর) সঃ (সম্রাট্ মনু) মহিষ্যাঃ (নিজপত্নীর) দুহিতুঃ (ও কন্যার) ব্যবসিতং (নিশ্চয় অর্থাৎ অভিপ্রায়) স্ফুটং জ্ঞাত্বা (সম্যক্ অবগত হইয়া) গুণগণাঢ্যায় (সর্ব্বগুণসম্পন্ন) তস্মৈ (সেই কর্দ্দমঋষিকে) তুল্যাং (তুল্যগুণসম্পন্ন কন্যা) প্রহর্ষিতঃ (হৃষ্টচিত্তে) দদৌ (সম্প্রদান করিলেন) ॥২২॥

মহারাজ্ঞী শতরূপা (সম্রাট্মহিষী শতরূপা) দম্পত্যোঃ (বর ও বধূর) প্রীত্যা (প্রীতির নিমিত্ত) পারিবর্হান্ (বিবাহে দানযোগ্য যৌতুক) মহাধনান্ (মহামূল্য) ভূষাবাসঃপরিচ্ছদান্ (অলঙ্কার, বস্ত্র ও গৃহোপকরণসমূহ) পর্য্যদাৎ (প্রদান করিলেন) ॥ ২৩ ॥

সদৃক্ষায় (উপযুক্ত পাত্রে) প্রত্তাং (কন্যা সম্প্রদান করিয়া) গতব্যথঃ (নিশ্চিন্ত) সম্রাট্ (মনু) ঔৎকণ্ঠ্যোন্মথিতাশয়ঃ (কন্যার বিরহবেদনায় উন্মথিতচিত্ত হইয়া) দুহিতরং (কন্যাকে) বাহুভ্যাং (উভয় হস্তের দ্বারা) উপগুহ্য চ (আলিঙ্গন করিয়া) তদ্বিরহং (কন্যার বিরহ) অশকুবন্ (সহ্য করিতে অসমর্থ হইলেন এবং) মুহুঃ বাষ্পকলাং মুঞ্চন্ (পুনঃ পুনঃ অশ্রু বিসর্জ্জন করিতে করিতে) অঙ্গ ! বৎসে !

অনুবাদ

থাকিয়া তিনি মৃদুহাস্যশোভিত স্বীয় মুখমণ্ডলের দ্বারা দেবহূতির চিত্ত প্রলোভিত করিতে লাগিলেন ॥ ২১ ॥

অনন্তর সম্রাট্ মনু পত্নী ও কন্যার মনোগত অভিপ্রায় অবগত হইয়া প্রফুল্লচিত্তে সর্ব্বগুণসম্পন্ন সেই কর্দ্দমঋষিকে তুল্যগুণসম্পন্না নিজকন্যা সম্প্রদান করিলেন ॥ ২২ ॥

সম্রাট্মহিষী শতরূপা বরবধূর প্রীতির নিমিত্ত বিবাহে যৌতুকস্বরূপ মহামূল্য অলঙ্কার, বস্ত্র ও গৃহোপকরণসমূহ প্রদান করিলেন ॥ ২৩ ॥

সম্রাট্ মনু উপযুক্ত পাত্রে কন্যা সম্প্রদান করিয়া নিশ্চিন্ত হইলেন, কিন্তু কন্যার বিরহবেদনায় উন্মথিতচিত্ত হইয়া পড়িলেন। তখন তিনি উভয় হস্তের দ্বারা কন্যাকে আলিঙ্গন করিয়া তাহার বিরহ সহ্য করিতে অসমর্থ হইলেন এবং পুনঃ পুনঃ অশ্রু বিসর্জ্জন করিতে

টীকা

দেবহূত্যাঃ চেতো লুলুভে প্রলোভিতবান্ ॥ ২১ ॥ অনু অনন্তরং ব্যবসিতং নিশ্চিতম্ ॥২২॥ দম্পত্যোঃ বরবধ্বোঃ প্রীত্যা পারিবর্হান্ বিবাহে দেয়ান্ ভূষা অলঙ্কারাণি চ বাসাংসি চ পরিচ্ছদান্ গৃহোপকরণানি চ পরিতঃ সর্ব্বতঃ অদাৎ ॥ ২৩ ॥ সদৃক্ষায় সদৃশায় ; হে অঙ্গ ! হে বৎসে ! ইতি সম্বোধয়ন্ সন্ধিরার্ষঃ ।

অশরূবংস্তদ্বিরহং মুঞ্চন্ বাষ্পকলাং মুহুঃ।
আসিঞ্চদম্ব! বৎসেতি নেত্রোদৈর্দুহিতুঃ শিখাঃ ॥২৫॥
আমন্ত্র্য তং মুনিবরমনুজ্ঞাতঃ সহানুগঃ।
প্রতস্থে রথমারুহ্য সভার্য্যঃ স্বপুরং নৃপঃ ॥২৬॥
উভয়োর্ঋষিকুল্যায়াঃ সরস্বত্যাঃ সুরোধসোঃ।
ঋষীণামুপশান্তানাং পশ্যন্নাশ্রমসম্পদঃ ॥২৭॥
তমায়ান্তমভিপ্রেত্য ব্রহ্মাবর্ত্তাৎ প্রজাঃ পতিম্।
গীতসংস্তুতিবাদিত্রৈঃ প্রত্যুদীয়ুঃ প্রহর্ষিতাঃ ॥২৮॥

অন্বয়

ইতি [সম্বোধয়ন্] (হে মাতঃ! হে বৎসে! এই প্রকার সম্বোধন করতঃ) নেত্রোদৈঃ (নয়নজলে) দুহিতুঃ শিখাঃ (কন্যার কেশরাশি) আসিঞ্চৎ (অভিষিক্ত করিলেন) ॥ ২৪-২৫ ॥

[অনন্তর] সহানুগঃ (অনুচরগণের সহিত) সভার্য্যঃ নৃপঃ (সস্ত্রীক সম্রাট্ মনু) মুনিবরং তং (মুনিবর কর্দ্দমঋষিকে) আমন্ত্র্য (জিজ্ঞাসা করিয়া) অনুজ্ঞাতঃ (তাহাকর্ত্তৃক অনুমোদিত হইয়া) রথম্ আরুহ্য (রথে আরোহণ করতঃ) ঋষিকুল্যায়াঃ (ঋষিগণের হিতকারিণী) সরস্বত্যাঃ (সরস্বতী নদীর) উভয়োঃ সুরোধসোঃ (রমণীয় উভয় তীরে) উপশান্তানাং ঋষীণাং (শমদমাদি গুণসম্পন্ন ঋষিগণের) আশ্রমসম্পদঃ (আশ্রমসৌন্দর্য্য) পশ্যন্ (দর্শন করিতে করিতে) স্বপুরং (নিজ পুরীতে) প্রতস্থে (প্রস্থান করিলেন) ॥ ২৬-২৭ ॥

তং পতিম্ (সেই প্রভু সম্রাট্ মনু) আয়ান্তম্ (আগমন করিতেছেন) অভিপ্রেত্য (জানিতে পারিয়া) প্রজাঃ (প্রজাগণ) প্রহর্ষিতাঃ (আনন্দিত হইয়া) ব্রহ্মাবর্ত্তাৎ (ব্রহ্মাবর্ত্ত দেশ হইতে) গীতসংস্তুতিবাদিত্রৈঃ (গীত, স্তুতি ও বাদ্যের দ্বারা) প্রত্যুদীয়ুঃ (তাঁহার প্রত্যুদ্গমন করিল) ॥ ২৮ ॥

অনুবাদ

করিতে হে বৎসে! হে মাতঃ! এই প্রকার সম্বোধন করতঃ নয়নজলে কন্যার কেশরাশি অভিষিক্ত করিলেন ॥ ২৪-২৫ ॥

অনন্তর অনুচরগণের সহিত সস্ত্রীক সম্রাট্ মনু মুনিবর কর্দ্দমঋষিকে জিজ্ঞাসা করিয়া তাঁহার অনুমতি গ্রহণপূর্ব্বক রথে আরোহণ করিলেন এবং ঋষিগণের হিতকারিণী সরস্বতী নদীর রমণীয় উভয় তীরে অবস্থিত শমদমাদি গুণসম্পন্ন ঋষিগণের আশ্রমসৌন্দর্য্য দর্শন করিতে করিতে নিজ পুরীতে গমন করিলেন ॥ ২৬ ॥ ২৭ ॥

প্রভু সম্রাট্ মনু আগমন করিয়াছেন জানিতে পারিয়া প্রজাগণ আনন্দিত হইয়া ব্রহ্মাবর্ত্ত দেশ হইতে গীত, স্তুতি ও বাদ্য করিতে করিতে তাঁহার প্রত্যুদ্গমন করিল ॥ ২৮ ॥

টীকা

শিখাঃ কেশান্ আসীঞ্চৎ ॥ ২৪ ॥ ২৫ ॥ আমন্ত্র্য পৃষ্ট্বা ঋষিকুল্যায়াঃ ঋষিসমূহহিতায়াঃ সুরোধসোঃ শোভন-তটয়োঃ ॥ ২৬-২৭ ॥ তং পতিং রক্ষিতারমায়ান্তম্ অভিপ্রেত্য অভিধার্য্য ব্রহ্মাবর্ত্তাৎ দেশাৎ প্রজাঃ প্রত্যুজ্জগ্মুঃ ॥ ২৮ ॥ কঃ স দেশঃ? ইত্যত্রাহ—যত্র ব্রহ্মাবর্ত্তে বর্হিষ্মতী নাম পুরী, যজ্ঞস্য বরাহস্য রোমাণি

বর্হিষ্মতী নাম পুরী সর্ব্বসম্পৎসমন্বিতা।
ন্যপতন্ যত্র রোমাণি যজ্ঞস্যাঙ্গং বিধুন্বতঃ ॥২৯॥
কুশাঃ কাশাস্ত এবাসন্ শশ্বদ্ধরিতবর্চ্চসঃ।
ঋষয়ো যৈঃ পরাভাব্য যজ্ঞঘ্নান্ যজ্ঞমীড়িরে ॥৩০॥
কুশকাশময়ং বর্হিরাস্তীর্য্য ভগবান্ মনুঃ।
অযজদ্ যজ্ঞপুরুষং লব্ধা স্থানং যতো ভুবম্ ॥৩১॥

অন্বয়

যত্র (ব্রহ্মাবর্ত্তদেশে) সর্ব্বসম্পৎসমন্বিতা (সকল ঐশ্বর্য্যশালিনী) বর্হিষ্মতী নাম পুরী [অস্তি] (বর্হিষ্মতী নাম্নী পুরী আছে); যত্র (ঐ বর্হিষ্মতী পুরীতে) অঙ্গং বিধুন্বতঃ (অঙ্গ কম্পনকারী) যজ্ঞস্য (যজ্ঞমূর্ত্তি বরাহরূপী শ্রীহরির) রোমাণি (রোমসকল) ন্যপতন্ (নিপতিত হইয়াছিল) ॥২৯॥

তে এব (সেই রোমসমূহই) শশ্বদ্ধরিতবর্চ্চসঃ (নিত্য হরিদ্বর্ণ) কুশাঃ কাশাঃ আসন্ (কুশ ও কাশরূপে জন্মিয়াছে); যৈঃ (যে কুশ ও কাশদ্বারা) ঋষয়ঃ (ঋষিগণ) যজ্ঞঘ্নান্ (যজ্ঞবিনাশকারী রাক্ষসগণকে) পরাভাব্য (পরাভূত করিয়া) যজ্ঞং (যজ্ঞেশ্বর বিষ্ণুকে) ঈড়িরে (অর্চ্চনা করিয়াছিলেন) ॥ ৩০ ॥

ভগবান্ মনুঃ (ভগবান্ স্বায়ম্ভুব মনু) যতঃ (যাঁহা হইতে) ভুবং স্থানং (পৃথিবীস্থান) লব্ধা (লাভ করিয়াছিলেন), [তং] যজ্ঞপুরুষং (সেই যজ্ঞেশ্বর শ্রীহরিকে) কুশকাশময়ং বর্হিঃ আস্তীর্য্য (কুশ ও কাশ আস্তরণ করিয়া) অযজৎ (যজনা করিয়াছিলেন); [অতএব সেই স্থানের নাম বর্হিষ্মতী হইয়াছে] ॥ ৩১ ॥

অনুবাদ

ব্রহ্মাবর্ত্তদেশে সকল ঐশ্বর্য্যসমন্বিতা বর্হিষ্মতী নাম্নী পুরী বিরাজিত আছে; যজ্ঞমূর্ত্তি বরাহরূপী শ্রীহরি অঙ্গ কম্পন করিলে তাঁহার রোমরাজি ঐ বর্হিষ্মতী পুরীতে নিপতিত হইয়াছিল ॥ ২৯ ॥

সেই রোমসমূহই নিত্য হরিদ্বর্ণবিশিষ্ট কুশ ও কাশরূপে পরিণত হইয়াছে। এই সকল কুশ ও কাশদ্বারাই ঋষিগণ যজ্ঞবিঘ্নকারী রাক্ষসগণকে পরাভূত করিয়া যজ্ঞেশ্বর বিষ্ণুর অর্চ্চনা করিয়াছিলেন ॥ ৩০ ॥

ভগবান্ স্বায়ম্ভুব মনু ভগবান্ হইতে পৃথিবী লাভ করিয়াছিলেন; তিনি সেই যজ্ঞপুরুষ শ্রীহরিকে ঐ কুশ ও কাশ আস্তরণ করিয়া অর্চ্চনা করিয়াছিলেন; অতএব সেই স্থানের নাম বর্হিষ্মতী হইয়াছে ॥ ৩১ ॥

টীকা

ন্যপতন্ ॥ ২৯ ॥ বর্হিষ্মতীনামনিরুক্তিং দর্শয়তি—কুশা ইতি দ্বাভ্যাম্। শশ্বৎ নিরন্তরম্ হরিতং বর্চ্চো বর্ণো যেষাং তে, কুশাঃ কাশা আসন্। যজ্ঞং বিষ্ণুম্ ॥ ৩০ ॥ যতো যজ্ঞপুরুষাৎ ভুবং স্থানং লব্ধা তৃন্ প্রত্যয়ান্তম্ লব্ধবান্, তং যজ্ঞপুরুষমাদিবরাহম্ কুশকাশময়ং বর্হিঃ আস্তীর্য্য অযজৎ ॥৩১-৩২॥ অন্যাবিরোধতঃ

বর্হিষ্মতীং নাম বিভুর্যাং নির্ব্বিশ্য সমাবসৎ।
তস্যাং প্রবিষ্টো ভবনং তাপত্রয়বিনাশনম্ ॥৩২॥
সভার্য্যঃ সপ্রজঃ কামান্ বুভুজেঽন্যাবিরোধতঃ।
সংগীয়মানসৎকীর্ত্তিঃ সস্ত্রীভিঃ সুরগায়কৈঃ।
প্রত্যূষেষ্বনুবুদ্ধেন হৃদা শৃণ্বন্ হরেঃ কথাঃ ॥৩৩॥
নিষ্ণাতং যোগমায়াসু মুনিং স্বায়ম্ভুবং মনুম্।
যদা ভ্রংশয়িতুং ভোগা ন শেকুর্ভগবৎপরম্ ॥৩৪॥
অযাতযামাস্তস্যাসন্ যামাঃ স্বান্তরযাপনাঃ।
শৃণ্বতো ধ্যায়তো বিষ্ণোঃ কুর্ব্বতো ব্রুবতঃ কথাঃ ॥৩৫॥

অন্বয়

বিভুঃ (ভগবান্ মনু) যাং বর্হিষ্মতীং নাম [পুরীং] (যে বর্হিষ্মতী নাম্নী পুরীতে) সমাবসৎ (বাস করিতেন), তস্যাং (সেই পুরীতে) নির্ব্বিশ্য (প্রবেশ করিয়া) তাপত্রয়বিনাশনং ভবনং (তাপত্রয়নিবারক স্বীয় ভবনে) প্রবিষ্টঃ (প্রবেশ করিলেন) ॥ ৩২ ॥

প্রত্যূষেষু (প্রত্যহ ঊষাকালে) সস্ত্রীভিঃ সুরগায়কৈঃ (সস্ত্রীক দেবগায়কগণ) সংগীয়মানসৎকীর্ত্তিঃ (যাঁহার কীর্ত্তিকলাপ কীর্ত্তন করিয়া থাকে, সেই) সভার্য্যঃ সপ্রজঃ (সস্ত্রীক প্রজাগণপরিবেষ্টিত সম্রাট্ মনু) অনুবুদ্ধেন হৃদা (প্রেমপূর্ণ হৃদয়ে) হরেঃ কথাঃ (শ্রীহরির লীলাসমূহ) শৃণ্বন্ (শ্রবণ করতঃ) অন্যাবিরোধতঃ (ধর্ম্মাদির অবিরোধে) কামান্ (কাম্য বস্তুসকল) বুভুজে (ভোগ করিতে লাগিলেন) ॥ ৩৩ ॥

যদা (যখন) যোগমায়াসু (প্রকৃতিশক্তির কার্য্য শব্দাদি বিষয়ে) নিষ্ণাতং (রত থাকিলেও) ভগবৎপরং (ভগবৎপরায়ণ) মুনিং (রাজর্ষি) স্বায়ম্ভুবং মনুং (স্বায়ম্ভুব মনুকে) ভোগাঃ (বিষয়সকল)

অনুবাদ

ভগবান্ মনু যে বর্হিষ্মতী নাম্নী পুরীতে বাস করিতেন, এক্ষণে সেই পুরীতে প্রবেশ করিয়া তাপত্রয় নিবারক স্বীয় ভবনে প্রবেশ করিলেন ॥ ৩২ ॥

প্রত্যহ ঊষাকালে সস্ত্রীক সুরগায়কগণ যাঁহার সৎকীর্ত্তি কীর্ত্তন করিয়া থাকে, সেই সস্ত্রীক সম্রাট্ স্বায়ম্ভুব মনু প্রজাগণে পরিবেষ্টিত হইয়া প্রেমপূর্ণ হৃদয়ে শ্রীহরির লীলাসমূহ শ্রবণ করতঃ ধর্ম্ম, অর্থ ও মোক্ষের অবিরোধে কাম্য বস্তুসকল ভোগ করিতে লাগিলেন [অর্থাৎ যাহাতে ধর্ম্মাদি ত্রিবর্গসাধনে কোনও বিঘ্ন না হয়, সেইরূপভাবে তিনি কাম্যবস্তু ভোগ করিতে লাগিলেন ; ফলতঃ তাঁহার চতুর্ব্বর্গই সিদ্ধি হইতে লাগিল] ॥ ৩৩ ॥

শব্দাদি বিষয়সমূহে রত থাকিলেও ভগবৎপরায়ণ রাজর্ষি স্বায়ম্ভুব মনুকে বিষয়-

টীকা

ধর্ম্মাদ্যবিরোধতঃ ॥ ৩৩ ॥ যোগঃ ধ্যানযোগস্তেন হেতুভূতেন যাঃ মায়াঃ শব্দস্পর্শাদিবিভূতয়ঃ তাসু নিষ্ণাতং প্রবিষ্টমপি ভোগাঃ শব্দাদয়ঃ ভগবৎপরং ততো ভ্রংশয়িতুং ন শেকুঃ যদা তদা তস্য বিষ্ণোঃ

স এবং স্বান্তরং নিন্যে যুগানামেকসপ্ততিম্ ।
বাসুদেবপ্রসঙ্গেন পরিভূতগতিত্রয়ঃ ॥৩৬॥
শারীরা মানসা দিব্যা বৈয়াসে ! যে চ মানুষাঃ ।
ভৌতিকাশ্চ কথং ক্লেশা বাধন্তে হরিসংশ্রয়ম্ ॥৩৭॥
যঃ পৃষ্টো মুনিভিঃ প্রাহ ধর্ম্মান্ নানাবিধান্ শুভান্ ।
নৃণাং বর্ণাশ্রমাণাঞ্চ সর্ব্বভূতহিতঃ সদা ॥৩৮॥

অন্বয়

ভ্রংশয়িতুং (ভ্রষ্ট করিতে অর্থাৎ বিচলিত করিতে) ন শেকুঃ (সমর্থ হয় নাই); [তখন] বিষ্ণোঃ কথাঃ (শ্রীহরির লীলা) শৃণ্বতঃ (শ্রবণকারী), ধ্যায়তঃ (ধ্যানকারী), কুর্ব্বতঃ (বিষ্ণুভক্তি প্রদর্শনকারী) ব্রুবতঃ (ও বিষ্ণুলীলা উপদেশকারী) তস্য (সেই মনুর) স্বান্তরযাপনাঃ যামাঃ (স্বীয় মন্বন্তরপরিপূরক কালাংশ প্রহরসকল) অযাতযামাঃ (অগতসার অর্থাৎ সার্থক) আসন্ (হইল) ॥ ৩৪-৩৫ ॥

এবং (এইরূপে) বাসুদেবপ্রসঙ্গেন (ভগবৎপ্রসঙ্গে) পরিভূতগতিত্রয়ঃ সঃ (যিনি সাত্ত্বিকী, রাজসী ও তামসী গুণত্রয়ের গতি পরাভূত করিয়াছেন, সেই সম্রাট্ মনু) যুগানাম্ একসপ্ততিম্ (একসপ্ততি যুগ) স্বান্তরং (স্বীয় অধিকারকাল অর্থাৎ এক মন্বন্তর) নিন্যে (অতিবাহিত করিলেন) ॥ ৩৬ ॥

বৈয়াসে ! (হে বিদুর !) শারীরাঃ (শারীরিক), মানসাঃ (মানসিক), দিব্যাঃ (দৈবসম্বন্ধীয়), যে চ মানুষাঃ (শত্রুজনিত) ভৌতিকাঃ চ (ও শীতোষ্ণাদিজনিত) ক্লেশাঃ (ক্লেশসমূহ) হরিসংশ্রয়ম্ (হরিপরায়ণ ব্যক্তিকে) কথং বাধন্তে (কিরূপে ক্লেশ প্রদান করিবে ?) ॥ ৩৭ ॥

যঃ (যিনি) সদা সর্ব্বভূতহিতঃ (সর্ব্বদা প্রাণিগণের হিতে রত ছিলেন), [সেই মনু] মুনিভিঃ

অনুবাদ

সমূহ বিচলিত করিতে সমর্থ হয় নাই; তখন তিনি শ্রীহরির লীলাসকল শ্রবণ, কীর্ত্তন ও ধ্যান করিতেন এবং বিষ্ণুতে ভক্তি প্রদর্শন করিতেন; এইভাবে তাঁহার স্বীয় মন্বন্তরের কালাংশ প্রহারসমূহ অগতসার অর্থাৎ সার্থক হইতে লাগিল ॥ ৩৪-৩৫ ॥

এইরূপে ভগবৎপ্রসঙ্গে যিনি গুণত্রয়ের গতি পরাভূত করিয়াছেন, সেই সম্রাট্ স্বায়ম্ভুব মনু স্বীয় অধিকারকাল এক মন্বন্তর অর্থাৎ একসপ্ততি যুগ অতিবাহিত করিলেন ॥ ৩৬ ॥

হে বিদুর ! রাজর্ষি স্বায়ম্ভুব মনুর কোন সময়েই কোন ক্লেশ হয় নাই। শারীরিক, মানসিক, দৈব, শত্রুজনিত কিম্বা শীতোষ্ণাদিজনিত ক্লেশসমূহ হরিপরায়ণ ভক্তকে কিরূপে ক্লেশ প্রদান করিবে ? অর্থাৎ হরিভক্তের কখনও কোন কষ্টই হয় না ॥ ৩৭ ॥

সর্ব্বদা প্রাণিগণের হিতকারী রাজর্ষি স্বায়ম্ভুব মনু মুনিগণকর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া মানবগণের ও বর্ণাশ্রমসমূহের নানাবিধ শুভ ধর্ম্মসকল উপদেশ করিয়াছিলেন ॥ ৩৮ ॥

টীকা

কথাঃ শৃণ্বতঃ অবশিষ্টাং সাধনরূপাং বিষ্ণুভক্তিং কুর্ব্বতঃ ধ্যায়তঃ পরাং ভক্তিং ধ্রুবস্মৃতিলক্ষণাং লব্ধবতঃ

এতৎ ত আদিরাজস্য মনোশ্চরিতমদ্ভুতম্ ।
বর্ণিতং বর্ণনীয়স্য তদপত্যোদয়ং শৃণু ॥৩৯॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
তৃতীয়স্কন্ধে দেবহূতিপ্রদানং নাম দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥২২॥

অন্বয়

(মুনিগণকর্ত্তৃক) পৃষ্টঃ (জিজ্ঞাসিত হইয়া) নৃণাং (মানবগণের) বর্ণাশ্রমাণাং চ (ও বর্ণাশ্রমসমূহের) নানাবিধান্ শুভান্ ধর্ম্মান্ (নানাবিধ শুভ ধর্ম্মসকল) প্রাহ (বলিয়াছিলেন) ॥ ৩৮ ॥

[হে বিদুর !] বর্ণনীয়স্য (বর্ণনীয়চরিত্র) আদিরাজস্য মনোঃ (আদিরাজ স্বায়ম্ভুব মনুর) এতৎ অদ্ভুতং চরিতম্ (এই পূর্ব্বোক্ত অদ্ভুত চরিত্র) তে (তোমার নিকটে) [আমাকর্ত্তৃক] বর্ণিতম্ (বর্ণিত হইল) ; [এক্ষণে] তদপত্যোদয়ং শৃণু (তাঁহার কন্যা দেবহূতির প্রভাব শ্রবণ কর) ৩৯ ॥

অনুবাদ

হে বিদুর ! বর্ণনীয়চরিত্র আদিরাজ স্বায়ম্ভুব মনুর এই অদ্ভুত চরিত্র আমি তোমার নিকটে কীর্ত্তন করিলাম। এক্ষণে তাঁহার কন্যা দেবহূতির প্রভাব শ্রবণ কর ॥ ৩৯ ॥

দ্বাবিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ২২ ॥

টীকা

স্বান্তরযাপনাঃ মন্বন্তরপূরকাঃ যামাঃ কালাংশাঃ অযাতযামাঃ অগতসারাঃ আসন্ ॥ ৩৪ ॥ ৩৫ ॥ পরিভূতং গতিত্রয়ং সত্ত্বাদিগুণগতিত্রয়ং যেন সঃ, সত্ত্বাদয় উক্তাঃ শ্রীমুখেন গুণগতয়ঃ "ঊর্দ্ধং গচ্ছন্তি সত্ত্বস্থা মধ্যে তিষ্ঠন্তি রাজসাঃ। জঘন্যগুণবৃত্তিস্থা অধো গচ্ছন্তি তামসা" ইতি ॥ ৩৬ ॥ হে বৈয়াসে ! বিদুর ! ॥ ৩৭-৩৯ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে তৃতীয়স্কন্ধে শ্রীমচ্ছুকদেবকৃত-
সিদ্ধান্তপ্রদীপে দ্বাবিংশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ২২ ॥

ত্রয়োবিংশোঽধ্যায়ঃ

শ্রীমৈত্রেয় উবাচ

পিতৃভ্যাং প্রস্থিতে সাধ্বী পতিমিঙ্গিতকোবিদা।
নিত্যং পর্য্যচরৎ প্রীত্যা ভবানীব ভবং প্রভুম্ ॥১॥
বিশ্রম্ভেণাত্মশৌচেন গৌরবেণ দমেন চ।
শুশ্রূষয়া সৌহৃদেন বাচা মধুরয়া চ ভোঃ! ॥২॥
বিসৃজ্য কামং দম্ভঞ্চ দ্বেষং লোভমঘং মদম্।
অপ্রমত্তোদ্যতা নিত্যং তেজীয়াংসমতোষয়ৎ ॥৩॥

অন্বয়

[এই ত্রয়োবিংশ অধ্যায়ে দেবহূতির পাতিব্রত্য, পতির অনুগ্রহলব্ধ বিমানে পতির সহিত ক্রীড়া ও নয়টি কন্যার উৎপত্তি বর্ণনা করিতেছেন] ভোঃ! (হে বিদুর!) পিতৃভ্যাং (পিতামাতা মনু ও শতরূপা) প্রস্থিতে (প্রস্থান করিলে) ইঙ্গিতকোবিদা (পতির অভিপ্রায়াভিজ্ঞা) সাধ্বী (সাধ্বী দেবহূতি) ভবানী (পার্ব্বতী) প্রভুং ভবম্ ইব (ভগবান্ মহাদেবকে যেমন) [পর্য্যচরৎ] (পরিচর্য্যা করিয়াছিলেন), [সেইরূপ] বিশ্রম্ভেণ (বিশ্বাস অর্থাৎ শ্রদ্ধা), আত্মশৌচেন (দেহ ও মনঃশুদ্ধি), গৌরবেণ (গুরুজ্ঞানে অতিশয় আদর), দমেন চ (ইন্দ্রিয়সংযম), শুশ্রূষয়া (সেবা), সৌহৃদেন (হিতাচরণ) মধুরয়া বাচা চ (ও মধুর বাক্যের দ্বারা) প্রীত্যা (প্রীতি সহকারে) নিত্যং (সর্ব্বদা) পতিং (স্বামী কর্দ্দমঋষির) পর্য্যচরৎ (সেবা করিতে লাগিলেন) ॥ ১ ॥ ২ ॥

উদ্যতা (উদ্যমশীলা দেবহূতি) অপ্রমত্তা (সাবধান হইয়া) কামং (কামনা), দম্ভং (অহঙ্কার) দ্বেষং (দ্বেষ), লোভম্ (লোভ), অঘং (নিষিদ্ধাচরণ) মদম্ চ (ও গর্ব্ব) বিসৃজ্য (পরিত্যাগ

অনুবাদ

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর! অনন্তর পিতামাতা মনু ও শতরূপা স্বদেশে প্রস্থান করিলে পার্ব্বতী যেমন ভগবান্ মহাদেবের পরিচর্য্যা করিয়াছিলেন, সেইরূপ পতির অভিপ্রায়াভিজ্ঞা সাধ্বী দেবহূতি ঐকান্তিক শ্রদ্ধা, দেহ ও মনঃশুদ্ধি, গুরুজ্ঞানে অতিশয় আদর, ইন্দ্রিয়সংযম, শুশ্রূষা, হিতাচরণ ও মধুর বাক্যের দ্বারা প্রীতি সহকারে স্বামীর পরিচর্য্যা করিতে লাগিলেন ॥১॥২॥

উদ্যমশীলা দেবহূতি সাবধান হইয়া কাম, অহঙ্কার, দ্বেষ, লোভ, নিষিদ্ধাচরণ ও গর্ব্ব পরিত্যাগ করতঃ অতিতেজস্বী পতি কর্দ্দমঋষিকে সর্ব্বদা সন্তুষ্ট করিতে লাগিলেন ॥ ৩ ॥

টীকা

"তদপত্যোদয়ং শৃণু" ইত্যুক্তম্, তত্র দেবহূত্যা পাতিব্রত্যং, পতিপ্রসাদলব্ধে বিমানে ভর্ত্রা সহ ক্রীড়াং, কন্যোৎপত্তিং চ বর্ণয়তি পিতৃভ্যামিতি ত্রয়োবিংশেনাধ্যায়েন। ইঙ্গিতকোবিদা চেষ্টাভিজ্ঞা, বিশ্রম্ভেণ বিশ্বাসেন ॥ ১ ॥ ২ ॥ তেজীয়াংসম্ অতিতেজোযুক্তম্ ॥ ৩ ॥ দৈবাদ্ধেতোঃ সম্যগনুবৃত্তাম্। গরীয়সঃ গুরু-

স বৈ দেবর্ষিবর্য্যস্তাং মানবীং সমনুব্রতাম্ ।
দৈবাদ্ গরীয়সঃ পত্যুরাশাসানাং মহাশিষঃ ॥৪॥
কালেন ভূয়সা ক্ষামাং কর্শিতাং ব্রতচর্য্যয়া ।
প্রেমগদ্‌গদয়া বাচা পীড়িতঃ কৃপয়াব্রবীৎ ॥৫॥

শ্রীকর্দ্দম উবাচ

তুষ্টোঽহমদ্য তব মানবি ! মানদায়াঃ শুশ্রূষয়া পরময়া পরয়া চ ভক্ত্যা ।
যো দেহিনাময়মতীব সুহৃৎ স দেহো নাবেক্ষিতঃ সমুচিতঃ ক্ষপিতুং মদর্থে ॥৬॥

অন্বয়

করিয়া) নিত্যং (সর্ব্বদা) তেজীয়াংসম্ (অতিতেজস্বী পতি কর্দ্দমঋষিকে) অতোষয়ৎ (সন্তুষ্ট করিতে লাগিলেন) ॥ ৩ ॥

দৈবাৎ ("পতিই পরম দেবতা" এই কারণে) সমনুব্রতাম্ (পতির অনুবর্ত্তিনী), গরীয়সঃ পত্যুঃ (শ্রেষ্ঠগুরু পতির নিকটে) মহাশিষঃ (গর্ভলাভরূপ মহা আশীর্ব্বাদ) আশাসানাং (প্রার্থনাকারিণী), ব্রতচর্য্যয়া (ব্রতাচরণহেতু) কর্শিতাং (কৃশা) ভূয়সা কালেন (ও দীর্ঘকাল গত হওয়ায়) ক্ষামাং (মলিনা) তাং মানবীং (সেই মনুপুত্রী দেবহূতিকে) কৃপয়া পীড়িতঃ (দয়ার্দ্রচিত্ত) সঃ বৈ দেবর্ষিবর্য্যঃ (দেবর্ষিশ্রেষ্ঠ কর্দ্দম) প্রেমগদ্‌গদয়া বাচা (প্রেমগদ্‌গদবাক্যে) অব্রবীৎ (বলিলেন) ॥ ৪ ॥ ৫ ॥

শ্রীকর্দ্দমঃ উবাচ (কর্দ্দমঋষি বলিলেন) মানবি ! (হে মনুকন্যে !) যঃ অয়ং দেহঃ (এই দেহ) দেহিনাং (দেহিগণের) অতীব সুহৃৎ (অতিশয় প্রিয়) সমুচিতঃ (ও সুখোপভোগ-যোগ্য) ; সঃ (সেই দেহ) মদর্থে (আমার পরিচর্য্যার নিমিত্ত) ক্ষপিতুং (ক্ষয় করিতে) ন অবেক্ষিতঃ (তুমি গণনা করিলে না অর্থাৎ উপেক্ষা করিলে) ; [অতএব] মানদায়াঃ (মান-প্রদায়িনী) তব (তোমার) পরময়া শুশ্রূষয়া (পরম শুশ্রূষা) পরয়া ভক্ত্যা চ (ও একান্ত ভক্তির দ্বারা) অদ্য (আজ) অহং (আমি) তুষ্টঃ (সন্তুষ্ট হইলাম) ॥ ৬ ॥

অনুবাদ

সাধ্বী দেবহূতি পতিই পরমদেবতা ইহা মনে করিয়া পতির অনুবর্ত্তন করিতে লাগিলেন এবং শ্রেষ্ঠগুরু পতির নিকট হইতে সন্তানরূপ মহা আশীর্ব্বাদ আকাঙ্ক্ষা করিয়া ব্রতাচরণ করিতে লাগিলেন ; তিনি ব্রতাচরণহেতু কৃশ ও এইরূপে দীর্ঘকাল অতীত হওয়ায় মলিন হইয়া পড়িলেন অর্থাৎ তাঁহার দেহ ও ইন্দ্রিয় সকল ম্লান হইল ; এ অবস্থা দর্শন করিয়া দয়ার্দ্রচিত্ত সেই দেবর্ষিশ্রেষ্ঠ কর্দ্দম দেবহূতিকে প্রেমগদ্‌গদবাক্যে বলিতে লাগিলেন ॥ ৪ ॥ ৫ ॥

কর্দ্দমঋষি বলিলেন—হে মনুকন্যে ! এই দেহ দেহিগণের অতিশয় প্রিয় ও সুখোপ-ভোগযোগ্য ; সেই দেহ তুমি আমার পরিচর্য্যার জন্য ক্ষয় করিতেও গণনা করিলে না অর্থাৎ

টীকা

তরাৎ পত্যুঃ সকাশাৎ অতিসুখদাঙ্গসঙ্গং তদুপকরণগর্ভসম্ভবাদিরূপাশিষঃ আশাসানাং প্রার্থয়ন্তীম্ ভূয়সা কালেন ক্ষামাং পরিম্লানদেহেন্দ্রিয়াম্, ব্রতচর্য্যয়া কর্শিতাং কৃশাম্ ॥ ৪ ॥ ৫ ॥ যো দেহিনামতীব প্রিয়ঃ

যে মে স্বধর্ম্মনিরতস্য তপঃসমাধি-বিদ্যাত্মযোগবিজিতা ভগবৎপ্রসাদাঃ।
তানেব তে মদনুসেবনয়াবরুদ্ধান্ দৃষ্টিং প্রপশ্য বিতরাম্যভয়ানশোকান্ ॥৭॥
অন্যে পুনর্ভগবতো ভ্রুব উদ্বিজৃম্ভ-বিভ্রংশিতার্থরচনাঃ কিমুরুক্রমস্য।
সিদ্ধাসি ভুঙ্ক্ষ্ব বিভবান্ নিজধর্ম্মদোহান্ দিব্যান্ নরৈর্দুরধিগান্ নৃপবিক্রিয়াভিঃ ॥৮॥

অন্বয়

স্বধর্ম্মনিরতস্য মে (ভগবদারাধনায় রত আমার) তপঃসমাধিবিদ্যাত্মযোগবিজিতাঃ (তপঃ—স্বীয় আশ্রমোচিত কর্ম্মানুষ্ঠানজনিত কায়িক ক্লেশ, সমাধি—ভগবানে আত্মসমর্পণ অর্থাৎ ভক্তি, বিদ্যা—ভগবৎস্বরূপ ও গুণাদির জ্ঞান, এই কর্ম্ম, ভক্তি ও জ্ঞানই আত্মযোগ অর্থাৎ ভগবৎপ্রাপ্তির উপায়; এই উপায় দ্বারা বিজিত অর্থাৎ প্রাপ্ত) যে ভগবৎপ্রসাদাঃ (ভগবদনুগ্রহস্বরূপ যে দিব্য ভোগসমূহ), তান্ এব (সেই সকলই) তে (তোমাকর্ত্তৃক) মদনুসেবনয়া (আমার পরিচর্য্যার দ্বারা) অবরুদ্ধান্ (আয়ত্তীকৃত হইয়াছে); অভয়ান্ (অতএব ভয়রহিত) অশোকান্ (ও শোকরহিত) [সেই দিব্য ভোগসমূহ] প্রপশ্য (দর্শন কর)। [তাহা দর্শন করিবার নিমিত্ত] তে (তোমাকে) দৃষ্টিং বিতরামি (আমি দিব্যদৃষ্টি প্রদান করিতেছি)॥ ৭ ॥

উরুক্রমস্য (বিপুলকীর্ত্তি) ভগবতঃ (ভগবানের) ভ্রুবঃ উদ্বিজৃম্ভবিভ্রংশিতার্থরচনাঃ (কালশক্তির গতিরূপ ভ্রূভঙ্গমাত্রে যে সকল বিনষ্ট হয়), অন্যে (সেই ভোগ সকল) পুনঃ কিং (অতি তুচ্ছ);

অনুবাদ

দেহকে উপেক্ষা করিয়া আমার সেবাই করিলে; অতএব তুমি পতির যথার্থ মানপ্রদায়িনী। তুমি যে আমার পরম সেবা করিলে ও একান্ত ভক্তি করিলে তাহাতে আমি অতিশয় তুষ্ট হইলাম ॥ ৬ ॥

হে প্রিয়তমে! ভগবদারাধনায় রত থাকিয়া আমি আমার তপস্যা, সমাধি ও বিদ্যা অর্থাৎ কর্ম্ম, ভক্তি ও জ্ঞানরূপ উপায় সমূহের দ্বারা যে সকল ভগবদনুগ্রহরূপ দিব্যভোগ প্রাপ্ত হইয়াছি, এক্ষণে তুমি আমার পরিচর্য্যা করিয়া সেই সমস্তই আয়ত্ত করিয়াছ; সেই দিব্যভোগসমূহ ভয়শূন্য ও শোকরহিত; তুমি উহা দর্শন কর। সেই সকল দর্শন করিবার নিমিত্ত আমি তোমাকে দিব্যদৃষ্টি প্রদান করিতেছি ।।৭।।

অন্যান্য ভোগ সকল অতি তুচ্ছ; কারণ সেই সকল বিপুলকীর্ত্তি ভগবানের কালশক্তির গতিরূপ ভ্রূভঙ্গিমাত্রেই বিনষ্ট হইয়া থাকে; সেই সকল তোমার উপযুক্ত নহে; তুমি সিদ্ধা

টীকা

সমুচিতঃ সুখোচিতোঽপি স্বদেহঃ, সঃ মদর্থে ক্ষপিতুং নাবেক্ষিতঃ মৎপরিচর্য্যায়াং তিরস্কৃত ইত্যর্থঃ। অতস্তব পরময়া শুশ্রূষয়া পরয়া বাসুদেবদৃষ্ট্যা কৃতয়া ভক্ত্যা চ অহং তুষ্টঃ॥ ৬ ॥ স্বধর্ম্মে ভগবদারাধনা-নিরতস্য মে মত্তঃ যঃ স্বাশ্রমকর্ম্মানুষ্ঠানজন্যকায়ক্লেশঃ সমাধির্ভগবত্যাত্মসমর্পণং তদ্ভক্তিরিত্যর্থঃ। বিদ্যা ভগবৎস্বরূপগুণাদিজ্ঞানং চ অর্থাৎ কর্ম্মভক্তিজ্ঞানান্যেব আত্মযোগাঃ আত্মনি আরাধ্যে যোগা উপায়াঃ তৈর্ব্বিজিতাঃ স্বাধীনীকৃতা ভগবৎপ্রসাদাঃ দিব্যাঃ ভোগাঃ তান্ তে ত্বয়াপি মদনুসেবনয়া অবরুদ্ধান্ স্বাধীনীকৃতান্ প্রপশ্য তদ্দর্শনার্থং তে দৃষ্টিং বিতরামি দদামি॥ ৭ ॥ ভ্রুবঃ কালস্য উদ্বিজৃম্ভেণ বেগেন বিভ্রং-

এবং ব্রুবাণমবলাখিলযোগমায়া-বিদ্যাবিচক্ষণমবেক্ষ্য গতাধিরাসীৎ।
সম্প্রশ্রয়প্রণয়বিহ্বলয়া গিরেষদ্-ব্রীড়াবলোকবিলসদ্ধসিতাননাহ ॥৯॥

শ্রীদেবহূতিরুবাচ

রাদ্ধং বত দ্বিজবৃষৈতদমোঘযোগ-মায়াধিপে ত্বয়ি বিভো! তদবৈমি ভর্ত্তঃ!।
যস্তেঽভ্যধায়ি সময়ঃ সকৃদঙ্গসঙ্গো ভূয়াদ্‌গরীয়সি গুণঃ প্রসবঃ সতীনাম্ ॥১০॥

অন্বয়

সিদ্ধা অসি [তুমি পাতিব্রত্য ধর্ম্ম আচরণ করিয়া] (সিদ্ধ হইয়াছ); [অতএব] নৃপবিক্রিয়াভিঃ নরৈঃ ("আমি রাজা" এইরূপ অভিমানী নরগণের) দুরধিগান্ (দুষ্প্রাপ্য) নিজধর্ম্মদোহান্ (স্বীয় পাতিব্রত্য ধর্ম্মের দ্বারা উপার্জ্জিত) দিব্যান্ বিভবান্ (অলৌকিক বিভবসকল) ভুঙ্‌ক্ষ্ব (ভোগ কর) ॥ ৮ ॥

অবলা (দেবহূতি) অখিলযোগমায়াবিদ্যাবিচক্ষণং (সমস্ত যোগশক্তি ও যোগশক্তির প্রভাব বিস্তারে সুনিপুণ পতিকে) এবং ব্রুবাণং (এইরূপ বলিতেছেন) অবেক্ষ্য (দর্শন করিয়া) গতাধিঃ আসীৎ (নিশ্চিন্ত হইলেন)। [তখন] ঈষদ্ ব্রীড়াবলোকবিলসদ্ধসিতাননা (যাহার ঈষৎ লজ্জা ও দৃষ্টিপাতদ্বারা মনোহর হাস্যযুক্ত বদনমণ্ডল, সেই দেবহূতি) সম্প্রশ্রয়প্রণয়বিহ্বলয়া গিরা (বিনয় ও প্রেমহেতু গদ্‌গদ-বাক্যে) আহ (বলিতে লাগিলেন) ॥ ৯ ॥

শ্রীদেবহূতিঃ উবাচ (দেবহূতি বলিলেন) দ্বিজবৃষ! (হে দ্বিজবর!) ভর্ত্তঃ! (হে স্বামিন্!) বিভো! (হে বিপুল জ্ঞানশালিন্!) অমোঘযোগমায়াধিপে (অব্যর্থ যোগশক্তির অধীশ্বর) ত্বয়ি (আপনাতে)

অনুবাদ

হইয়াছ; অতএব স্বীয় পাতিব্রত্য ধর্ম্মের দ্বারা উপার্জ্জিত দিব্য বিভব সকল ভোগ কর। যাহারা "আমি রাজা" এইরূপ অভিমানী ঐ সকল ভোগ তাহাদের দুষ্প্রাপ্য ॥ ৮ ॥

দেবহূতি সমস্ত যোগশক্তি ও যোগশক্তির প্রভাব বিস্তারে সুনিপুণ পতি কর্দ্দমঋষিকে এইরূপ বলিতে দেখিয়া নিশ্চিন্ত হইলেন এবং ঈষৎ লজ্জা ও দৃষ্টিপাতের দ্বারা মনোহর হাস্যযুক্ত বদনমণ্ডলে শোভিতা হইয়া বিনয় ও প্রেমহেতু গদ্‌গদবাক্যে বলিতে লাগিলেন ॥৯॥

দেবহূতি বলিলেন—হে দ্বিজবর! হে স্বামিন্! হে বিপুলজ্ঞানশালিন্! আপনি অব্যর্থ যোগশক্তির অধীশ্বর; পূর্ব্বোক্ত সমস্তই আপনাতে সম্ভবপর হইয়া থাকে ইহা আমি জানি; কিন্তু আপনি যে বিবাহকালে কথা দিয়াছিলেন "গর্ভ হওয়া পর্য্যন্ত

টীকা

শিতা অর্থরচনা যেষাং তে অন্যে ভোগাঃ কিং? ন কিমপি ॥ ৮ ॥ অবলা দেবহূতিঃ এবং ব্রুবাণম্ অখিলাসু যোগমায়াসু যোগশক্তিসু তদাপাদিকাসু চ বিচক্ষণম্ অবেক্ষ্য গতাধিঃ গতব্যথা আসীৎ সম্প্রশ্রয়ঃ স্নেহোদ্রেকঃ প্রীতিঃ তাভ্যাং বিহ্বলয়া গদ্‌গদয়া গিরা ঈষদ্‌ব্রীড়াবলোকাভ্যাং বিলসদ্ধসিতাননং যস্যাঃ সা ॥ ৯ ॥ হে দ্বিজবৃষ! দ্বিজশ্রেষ্ঠ! হে ভর্ত্তঃ! হে বিভো! বিপুলজ্ঞান! যদ্বা ভর্ত্তরি বাসুদেবদৃষ্ট্যভি-প্রায়েণেদং সম্বোধনম্ তত্র হে বিভো! হে সর্ব্বব্যাপক! অমোঘযোগমায়াধিপে যোগশক্ত্যধিপে ত্বয়ি এতৎ রাদ্ধং সিদ্ধম্, তদহমবৈমি জানামি, কিন্তু যস্তে সময়ঃ অভ্যধায়ি অভিহিতঃ, তদর্থং সকৃদঙ্গসঙ্গো ভূয়াৎ। গরীয়সি ভর্ত্তরি সতীনাং যঃ প্রসবঃ সঃ গুণঃ ॥ ১০ ॥ তত্র অঙ্গসঙ্গে ইতিকৃত্যং সাধনম্

তত্রেতিকৃত্যমুপশিক্ষ যথোপদেশং যেনৈষ মে কর্শিতোঽতিরিরংসয়াত্মা।
সিধ্যেত তে কৃতমনোভবধর্ষিতায়া দীনস্তদীশ! ভবনং সদৃশং বিচক্ষ্ব ॥১১॥

শ্রীমৈত্রেয় উবাচ

প্রিয়ায়াঃ প্রিয়মন্বিচ্ছন্ কর্দ্দমো যোগমাস্থিতঃ।
বিমানং কামগং ক্ষত্তস্তর্হ্যেবাবিরচীকরৎ ॥ ১২ ॥

অন্বয়

এতৎ (পূর্ব্বোক্ত সমস্তই) রাদ্ধং বত (সিদ্ধ হইয়া থাকে), তৎ (তাহা) অবৈমি (আমি জানি); [কিন্তু] তে (আপনি) যঃ সময়ঃ (যে প্রতিজ্ঞা অর্থাৎ বিবাহকালে যে গর্ভ হওয়া পর্য্যন্ত একত্রে বাস করিবেন এই অঙ্গীকার) অভ্যধায়ি (করিয়াছিলেন), [এক্ষণে সেই গর্ভোৎপত্তির নিমিত্ত] সকৃৎ (একবার) অঙ্গসঙ্গঃ ভূয়াৎ (সঙ্গম হউক); গরীয়সি (সর্ব্বগুণসম্পন্ন শ্রেষ্ঠ পতিতে) সতীনাং (পতিব্রতা স্ত্রীগণের) [যঃ] প্রসবঃ (যে সন্তানোৎপত্তি), [সঃ] গুণঃ (তাহা পরম লাভ) ॥ ১০ ॥

ঈশ! (হে স্বামিন্!) তত্র (সেই সঙ্গমবিষয়ে) ইতিকৃত্যং (ইতিকর্ত্তব্যতা) যথোপদেশম্ (কামশাস্ত্রানুসারে) উপশিক্ষ (সম্পাদন করুন)। তে (আপনাকর্ত্তৃক) কৃতমনোভবধর্ষিতায়াঃ (ক্ষোভিত যে মন্মথ তাহাকর্ত্তৃক নিপীড়িতা) মে (আমার) অতিরিরংসয়া (রমণেচ্ছায়) কর্শিতঃ (ক্ষুব্ধ) দীনঃ (ও ব্যাকুল) এষঃ আত্মা (এই দেহ) যেন (যে স্নানাদিরূপ সাধনের দ্বারা) সিধ্যেত (সঙ্গমযোগ্য হইতে পারে), [হে স্বামিন্!] তৎ সদৃশং (সেইরূপ সঙ্গমযোগ্য) ভবনং চ বিচক্ষ্ব (সাধনসমূহ ও ভবন নির্ম্মাণ করুন) ॥ ১১ ॥

শ্রীমৈত্রেয়ঃ উবাচঃ (মৈত্রেয়ঋষি বলিলেন) ক্ষত্তঃ! (হে বিদুর!) কর্দ্দমঃ (কর্দ্দমঋষি)

অনুবাদ

আমার সহিত একত্র বাস করিবেন", এক্ষণে গর্ভোৎপত্তির নিমিত্ত একবার আমাদের সঙ্গম হউক; যেহেতু সর্ব্বগুণসম্পন্ন শ্রেষ্ঠ পতিসঙ্গে যে পতিব্রতা রমণীগণের সন্তানোৎপত্তি, তাহাই তাহাদের পরম লাভ ॥১০॥

হে স্বামিন্! সেই বিষয়ে কামশাস্ত্র যে সকল সাধন উপদেশ করিয়াছেন এবং যে সাধনসমূহের দ্বারা অতিশয় রমণেচ্ছায় ক্ষুব্ধ ও ব্যাকুল আমার এই দেহ সঙ্গমযোগ্য হইতে পারে, আপনি সেই স্নান, অনুলেপন, ভোজন ও পানাদি সাধনসমূহ সম্পাদন করুন। হে নাথ! আপনাকর্ত্তৃক ক্ষোভিত হইয়াই কাম আমাকে অত্যন্ত পীড়া প্রদান করিতেছে; অতএব আমাদের সঙ্গমযোগ্য বিহারভবনও আপনি রচনা করুন ॥ ১১ ॥

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর! কর্দ্দমঋষি প্রিয়তমা পত্নীর প্রিয়কার্য্য করিবার ইচ্ছায় সমাধিস্থ হইয়া তখনই এক কামচারী ব্যোমযান প্রকটিত করিলেন ॥ ১২ ॥

টীকা

যথোপদেশম্ উপদিশ্যতে ইত্যুপদেশঃ শাস্ত্রম্ কামশাস্ত্রম্ তদনুসারেণ উপশিক্ষ সম্পাদয়, যেন সাধনেন স্নানাদিরূপেণ অতিরন্তুমিচ্ছয়া কর্ষিতঃ দীনো ব্যাকুলশ্চ আত্মা দেহঃ সিধ্যেত অঙ্গসঙ্গযোগ্যো ভবেৎ। হে ঈশ! তৎ সদৃশমঙ্গসঙ্গযোগ্যম্ ভবনং চ বিচক্ষ্ব বিতর্কয় কল্পয়েতি যাবৎ ॥ ১১ ॥ আবিঃ প্রকট-

সর্ব্বকামদুঘং দিব্যং সর্ব্বরত্নসমন্বিতম্ ।
সর্ব্বর্দ্ধ্যুপচয়োদর্কং মণিস্তম্ভৈরুপস্কৃতম্ ॥ ১৩ ॥
দিব্যোপস্করণোপেতং সর্ব্বকালসুখাবহম্ ।
পট্টিকাভিঃ পতাকাভির্ব্বিচিত্রাভিরলঙ্কৃতম্ ॥ ১৪ ॥
স্রগ্‌ভির্ব্বিচিত্রমাল্যাভির্মঞ্জুসিঞ্জৎষড়ঙ্ঘ্রিভিঃ ।
দুকূলক্ষৌমকৌশেয়ৈর্নানাবস্ত্রৈর্ব্বিরাজিতম্ ॥ ১৫ ॥

অন্বয়

প্রিয়ায়াঃ (প্রিয়তমা পত্নী দেবহূতির) প্রিয়ম্ অন্বিচ্ছন্ (প্রিয়কার্য্য করিবার ইচ্ছায়) যোগম্ আস্থিতঃ (যোগাবলম্বী হইয়া) তর্হি এব (তখনই) কামগং বিমানং (কামচারী এক ব্যোমযান) আবিরচীকরৎ (প্রকটিত করিলেন) ॥ ১২ ॥

[ঐ বিমান কেমন ? তাহাই বর্ণনা করিতেছেন] সর্ব্বকামদুঘং (ঐ বিমান সকল কাম্যবস্তু প্রদান করিতে সমর্থ), দিব্যং (স্বর্গীয়), সর্ব্বরত্নসমন্বিতম্ (রত্নসমূহে পরিপূর্ণ), সর্ব্বর্দ্ধ্যুপচয়োদর্কং (সকল সম্পদের উত্তরোত্তর বৃদ্ধিরূপ বৈশিষ্ট্যসম্পন্ন) মণিস্তম্ভৈঃ উপস্কৃতম্ (ও মণিময় স্তম্ভে শোভিত) ॥ ১৩ ॥

[ঐ বিমান] দিব্যোপস্করণোপেতং (অলৌকিক ভোগোপকরণসমন্বিত), সর্ব্বকালসুখাবহম্ (সকল সময়েই সুখপ্রদ) বিচিত্রাভিঃ (এবং নানাবিধ) পট্টিকাভিঃ (বস্ত্রনির্ম্মিত পট্টিকাদ্বারা) পতাকাভিঃ (ও পতাকাসমূহের দ্বারা) অলঙ্কৃতম্ (শোভিত) ॥ ১৪ ॥

[ঐ বিমান] বিচিত্রমাল্যাভিঃ (নানাবর্ণ মালাযোগ্য পুষ্পে গ্রথিত) মঞ্জুসিঞ্জৎষড়ঙ্ঘ্রিভিঃ (ও সুমধুর গুঞ্জনকারী ভ্রমরসমন্বিত) স্রগ্‌ভিঃ (মালাদ্বারা) দুকূলক্ষৌমকৌশেয়ৈঃ (এবং দুকূল—কার্পাস-তন্তুময়, ক্ষৌম—ক্ষুমা অর্থাৎ শণতন্তুময়, কৌশেয়—কীটবিশেষের কোষতন্তুময়) নানাবস্ত্রৈঃ (নানাবিধ বস্ত্রের দ্বারা) বিরাজিতম্ (শোভিত) ॥ ১৫ ॥

অনুবাদ

[উক্ত বিমানের সম্পদ্ বর্ণনা করিতেছেন] ঐ বিমান সমস্ত কাম্যবস্তু প্রদান করিতে সমর্থ, উহা স্বর্গীয় ও সর্ব্বরত্নসমন্বিত এবং সকল সম্পদের উত্তরোত্তর বৃদ্ধিই উহার বৈশিষ্ট্য ও মণিময় স্তম্ভসমূহে উহা পরিশোভিত ॥ ১৩ ॥

ঐ বিমান অলৌকিক ভোগোপকরণসমন্বিত ও সকল কালেই সুখপ্রদ এবং নানাবিধ পট্টিকা ও পতাকাসমূহে অলঙ্কৃত ॥ ১৪ ॥

ঐ বিমান নানাবর্ণ মালাযোগ্য পুষ্পে গ্রথিত ও সুমধুর গুঞ্জনকারী ভ্রমরসমন্বিত মালাসমূহে শোভিত এবং দুকূল, ক্ষৌম ও কৌশেয়ময় নানাবিধ বস্ত্রসমূহের দ্বারা অলঙ্কৃত। [কার্পাসতন্তুর দ্বারা নির্ম্মিত হইলে দুকূল, শণতন্তুর দ্বারা নির্ম্মিত হইলে ক্ষৌম

টীকা

মচীকরৎ চকার ॥ ১২ ॥ সর্ব্বাসাম্ ঋদ্ধীনাং সম্পদামুপচয়ো বৃদ্ধিরেব উদর্কম্ উত্তরোত্তরং ফলম্ যস্মিন্, মণিস্তম্ভৈঃ মণিময়ৈঃ স্তম্ভৈঃ উপস্কৃতং শোভিতম্ ॥ ১৩ ॥ দিব্যৈরলৌকিকৈঃ উপস্করৈঃ ভোগোপকরণৈ-রুপেতম্, পট্টিকাভিঃ অল্পবিস্তারবস্ত্রনির্ম্মিতাভিঃ, পতাকাভিঃ বিস্তৃতপটনির্ম্মিতাভিঃ ॥ ১৪ ॥ বিচিত্রমাল্যাভিঃ

উপর্য্যুপরিবিন্যস্তনিলয়েষু পৃথক্ পৃথক্ ।
ক্ষিপ্তৈঃ কশিপুভিঃ কান্তং পর্য্যঙ্কব্যজনাসনৈঃ ॥১৬॥
তত্র তত্র বিনিক্ষিপ্তনানাশিল্পোপশোভিতম্ ।
মহামরকতস্থল্যা জুষ্টং বিদ্রুমবেদিভিঃ ॥ ১৭ ॥
দ্বার্ষু বিদ্রুমদেহল্যা ভাতং বজ্রকবাটবৎ ।
শিখরেষ্বিন্দ্রনীলেষু হেমকুম্ভৈরধিশ্রিতম্ ॥ ১৮ ॥

অন্বয়

উপর্য্যুপরিবিন্যস্তনিলয়েষু (ঐ বিমানের উপরি উপরি অর্থাৎ দ্বিতল, ত্রিতল ইত্যাদিক্রমে রচিত গৃহসকলের মধ্যে) পৃথক্ পৃথক্ ক্ষিপ্তৈঃ (পৃথক্ পৃথক্‌রূপে সংস্থাপিত) কশিপুভিঃ (শয্যাসমূহের দ্বারা) পর্য্যঙ্কব্যজনাসনৈঃ [চ] (এবং পালঙ্ক, ব্যজন ও আসনসমূহের দ্বারা) কান্তম্ (ঐ বিমান রমণীয়) ॥১৬॥

[ঐ বিমান] তত্র তত্র (দ্বিতল, ত্রিতলাদির প্রকোষ্ঠসমূহে) বিনিক্ষিপ্তনানাশিল্পোপশোভিতম্ (উত্তমরূপে রচিত নানাবিধ শিল্পসমূহের দ্বারা শোভিত) মহামরকতস্থল্যা (এবং মরকতমণিময় স্থান) বিদ্রুমবেদিভিঃ [চ] (ও প্রবালমণিময় বেদিসমূহের দ্বারা) জুষ্টং (পরিশোভিত) ॥ ১৭ ॥

[ঐ বিমান] দ্বার্ষু (দ্বারসমূহে) বিদ্রুমদেহল্যা (প্রবালমণিময় নিম্নফলকদ্বারা) ভাতং (শোভিত) বজ্রকবাটবৎ (ও হীরকনির্ম্মিত কবাটযুক্ত) ইন্দ্রনীলেষু (এবং ঐ বিমানের ইন্দ্রনীলমণিনির্ম্মিত) শিখরেষু (প্রাসাদের অগ্রভাগসমূহে) হেমকুম্ভৈঃ (স্বর্ণনির্ম্মিত কুম্ভসকল) অধিশ্রিতম্ (অধিষ্ঠিত) ॥১৮॥

অনুবাদ

ও কীটবিশেষের কোষতন্তুর দ্বারা নির্ম্মিত হইলে কৌশেয় বলা হয়। বস্ত্রের উপাদানভেদে নামভেদ বুঝিতে হইবে] ॥ ১৫ ॥

ঐ বিমান উপর্য্যুপরি দ্বিতল, ত্রিতল ইত্যাদিক্রমে রচিত গৃহ সকলের মধ্যে পৃথক্ পৃথক্‌রূপে সংস্থাপিত শয্যা, পালঙ্ক, ব্যজন ও আসন সমূহের দ্বারা রমণীয় ॥ ১৬ ॥

ঐ বিমান দ্বিতল, ত্রিতলাদি প্রকোষ্ঠসমূহে উত্তমরূপে রচিত নানাবিধ শিল্প সমূহের দ্বারা শোভিত এবং মরকতমণিময় স্থান ও বিদ্রুমমণিময় বেদিসমূহের দ্বারা পরিশোভিত ॥১৭॥

ঐ বিমানের দ্বারসমূহ প্রবালমণিময় নিম্নফলক (চৌকাঠ) দ্বারা শোভিত ও হীরক-নির্ম্মিত কবাটযুক্ত এবং ইন্দ্রনীলমণিনির্ম্মিত প্রাসাদের অগ্রভাগসমূহ স্বর্ণনির্ম্মিত কুম্ভসমূহের দ্বারা পরিশোভিত ॥ ১৮ ॥

টীকা

নানাবর্ণপুষ্পাভিঃ মঞ্জু মধুরং যথা ভবত্যেবং সিঞ্জন্তঃ ধ্বনন্তঃ ষড়ঙ্ঘ্রয়ো যাসু তাভিঃ স্রগ্‌ভিঃ দুকূলৈঃ কার্পাস-তন্তুময়ৈঃ ক্ষৌমৈঃ ক্ষুমাবিকারৈঃ, কৌশেয়ৈশ্চ নানাবস্ত্রৈঃ বিরাজিতম্ ॥১৫॥ উপর্য্যুপরি বিশেষতো ন্যস্তেষু রচিতেষু নিলয়েষু গৃহেষু পৃথক্ পৃথক্ ক্ষিপ্তৈঃ সংস্থাপিতৈঃ কশিপুভিঃ পর্য্যঙ্কাদিভিশ্চ কান্তম্ কমনীয়ম্ ॥ ১৬ ॥ বিনিক্ষিপ্তৈঃ বিশেষতো রচিতৈর্নানাশিল্পৈরুপশোভিতম্, মহামরকতরচিতয়া ভূমিকয়া ॥১৭-১৮॥ বজ্রভিত্তিষু নির্ম্মিতৈঃ খচিতৈঃ পদ্মরাগাগ্র্যৈঃ চক্ষুষ্মদিব । বিচিত্রৈর্বিতানৈর্বিতানসমূহৈঃ হেমতোরণৈশ্চ জুষ্টম্ যুক্তম্

চক্ষুষ্মৎপদ্মরাগাগ্র্যৈর্বজ্রভিত্তিষু নির্ম্মিতৈঃ।
জুষ্টং বিচিত্রবিতানৈর্ম্মহার্হৈর্হেমতোরণৈঃ ॥ ১৯ ॥
হংসপারাবতব্রাতৈস্তত্র তত্র নিকূজিতম্।
কৃত্রিমান্ মন্যমানৈঃ স্বানধিরুহ্যাধিরুহ্য চ ॥ ২০ ॥
বিহারস্থানবিশ্রামসংবেশপ্রাঙ্গণাজিরৈঃ।
যথোপজোষং রচিতৈর্ব্বিস্মাপনমিবাত্মনঃ ॥ ২১ ॥
ঈদৃগ্ গৃহং তৎ পশ্যন্তীং নাতিপ্রীতেন চেতসা।
সর্ব্বভূতাশয়াভিজ্ঞঃ প্রাবোচৎ কর্দ্দমঃ স্বয়ম্ ॥২২॥

অন্বয়

[ঐ বিমান] বজ্রভিত্তিষু (হীরকময় ভিত্তিস্থানে) নির্ম্মিতৈঃ (খচিত) পদ্মরাগাগ্র্যৈঃ (উৎকৃষ্ট পদ্মরাগমণিদ্বারা) চক্ষুষ্মৎ (যেন নয়ন সমন্বিত) বিচিত্রবিতানৈঃ (এবং বিচিত্র চন্দ্রাতপসমূহের দ্বারা) মহার্হৈঃ হেমতোরণৈঃ চ (ও মহামূল্য সুবর্ণময় তোরণসমূহের দ্বারা) জুষ্টম্ (পরিশোভিত) ॥ ১৯ ॥

[ঐ বিমানে] কৃত্রিমান্ (চিত্রিত হংসপারাবত সমূহকে) স্বান্ (স্বজাতীয় প্রকৃত হংসপারাবতাদি) মন্যমানৈঃ হংসপারাবতব্রাতৈঃ (মনে করিয়া হংস ও কপোতসমূহ) তত্র তত্র (সেই সেই কল্পিত হংস ও পারাবতাদির সমীপে) অধিরুহ্য অধিরুহ্য (বার বার নিপতিত হইয়া) [ঐ বিমান] নিকূজিতম্ চ (মুখরিত করিতেছিল) ॥ ২০ ॥

[ঐ বিমান] বিহারস্থানবিশ্রামসংবেশপ্রাঙ্গণাজিরৈঃ (ক্রীড়াস্থান, শয়নস্থান, উপভোগস্থান, গৃহের বহির্ভাগস্থ প্রাঙ্গণ ও প্রাচীরের বহির্ভাগস্থ চত্বরসকল) যথোপজোষং (সুখদায়করূপে) রচিতৈঃ (নির্ম্মিত হওয়ায়) আত্মনঃ (বিশ্বস্রষ্টারও) বিস্মাপনম্ ইব (যেন বিস্ময় উৎপাদক) ॥ ২১ ॥

[স্বীয় দেহের কৃশতা ও মলিনতাহেতু] নাতিপ্রীতেন চেতস (অসন্তুষ্ট হৃদয়ে) ঈদৃক্ (এইরূপ

অনুবাদ

ঐ বিমান হীরকময় ভিত্তিস্থানে খচিত উৎকৃষ্ট পদ্মরাগমণিদ্বারা যেন নয়ন সমন্বিত এবং বিচিত্র চন্দ্রাতপ ও মহামূল্য সুবর্ণময় তোরণসমূহের দ্বারা পরিশোভিত ॥ ১৯ ॥

ঐ বিমান হংস ও পারাবতাদির কূজনে মুখরিত ; সেই সকল হংসপারাবতাদি চিত্রিত হংসপারাবতাদিকে স্বজাতীয় প্রকৃত হংস ও পারাবতাদি মনে করিয়া সেই সেই হংস ও পারাবতাদির সমীপে বার বার নিপতিত হইয়া কূজন করিতেছিল ॥ ২০ ॥

ঐ বিমানের ক্রীড়াস্থান, শয়নস্থান, উপভোগস্থান, গৃহের বহির্ভাগ ও প্রাচীরের বহির্ভাগ সুখদায়করূপে নির্ম্মিত হওয়ায় ঐ বিমান যেন বিশ্বস্রষ্টারও বিস্ময় উৎপাদক ॥ ২১ ॥

এইরূপ ঐশ্বর্য্য সম্পন্ন সেই বিমান দর্শন করিয়াও দেবহূতি নিজের দেহের কৃশতা ও

টীকা

॥ ১৯ ॥ হংসপারাবতসমূহৈঃ কৃত্রিমানপি হংসাদীন্ স্বান্ স্বজাতীয়ান্ মন্যমানৈঃ তত্র তত্র কৃত্রিমহংসাদিনিকটে অধিরুহ্য অধিরুহ্য নিকূজিতম্ ॥ ২০ ॥ বিহারস্থানং ক্রীড়াস্থানং, বিশ্রামঃ শয়নস্থানং, সংবেশঃ

নিমজ্যাস্মিন্ হ্রদে ভীরু ! বিমানমিদমারুহ।
ইদং শুক্লকৃতং তীর্থমাশিষাং যাপকং নৃণাম্ ॥২৩॥
সা তদ্ভর্ত্তুঃ সমাদায় বচঃ কুবলয়েক্ষণা।
সরজং বিভ্রতী বাসো বেণীভূতান্ স্বমূর্দ্ধজান্ ॥২৪॥
অঙ্গঞ্চ মলপঙ্কেন সংছন্নং শবলস্তনম্।
আবিবেশ সরস্বত্যাঃ সরঃ শিবজলাশয়ম্ ॥২৫॥

অন্বয়

ঐশ্বর্য্যশালী) তৎ গৃহং (সেই বিমান) পশ্যন্তীং (অবলোকনকারিণী দেবহূতিকে) সর্ব্বভূতাশয়াভিজ্ঞঃ (সর্ব্বপ্রাণীর অভিপ্রায়জ্ঞ) কর্দ্দমঃ (কর্দ্দমঋষি) স্বয়ং (নিজেই) প্রাবোচৎ (বলিলেন) ॥ ২২ ॥

ভীরু ! (হে ভয়শীলে !) অস্মিন্ হ্রদে (এই বিন্দুসরোবরে) নিমজ্য (অবগাহন করিয়া অর্থাৎ স্নান করিয়া) ইদং বিমানং (এই বিমানে) আরুহ (আরোহণ কর)। ইদং তীর্থং (এই তীর্থ) শুক্লকৃতং (বিষ্ণুকর্ত্তৃক নির্ম্মিত) [অর্থাৎ বিষ্ণুর আনন্দাশ্রুপাতে নির্ম্মিত] নৃণাং (ও মানবগণের) আশিষাং (কামনাসমূহের) যাপকম্ (পরিপূরক) ॥ ২৩ ॥

সরজং বাসঃ (মলিন বসন), বেণীভূতান্ স্বমূর্দ্ধজান্ (সংস্কারবিহীন জটিল কেশপাশ), মলপঙ্কেন সংছন্নং (এবং ময়লায় সমাচ্ছন্ন) শবলস্তনম্ অঙ্গং চ (ও বিবর্ণস্তনদ্বয়বিশিষ্ট শরীর) বিভ্রতী (ধারণকারিণী) কুবলয়েক্ষণা (কমলনয়না) সা (দেবহূতি) ভর্ত্তুঃ (স্বামীর) তদ্ বচঃ (সেই বাক্য) সমাদায় (সাদরে গ্রহণ করিয়া) সরস্বত্যাঃ (সরস্বতী নদীর) শিবজলাশয়ম্ (মঙ্গলময় জল যাহাতে আছে এমন) সরঃ (বিন্দুসরোবরে) আবিবেশ (অবগাহন করিলেন) ॥ ২৪।২৫ ॥

অনুবাদ

মলিনতাহেতু নিজদেহ তদনুরূপ নয় বলিয়া সন্তুষ্ট হইলেন না ; তখন সর্ব্বজ্ঞ কর্দ্দম তাহার অভিপ্রায় অবগত হইয়া নিজেই বলিলেন ॥ ২২ ॥

হে ভয়শীলে ! এই বিন্দুসরোবরে স্নান করিয়া বিমানে আরোহণ কর ; এই তীর্থ ভগবান্ বিষ্ণুকর্ত্তৃক নির্ম্মিত অর্থাৎ বিষ্ণুর আনন্দাশ্রুপাতে এই তীর্থ উৎপন্ন হইয়াছে ; ইহা মানবগণের কামনাসমূহের পরিপূরক অর্থাৎ ইহাতে অবগাহন করিলে মানবগণের সর্ব্বপ্রকার কামনা সিদ্ধি হইয়া থাকে ॥ ২৩ ॥

এদিকে দেবহূতির বসন মলিন, কেশপাশ সংস্কারবিহীন ও জটিল এবং বিবর্ণ স্তনদ্বয়বিশিষ্ট শরীর ময়লায় সমাচ্ছন্ন ; এই অবস্থায় সেই কমললোচনা দেবহূতি স্বামীর বাক্য সাদরে গ্রহণ করিয়া সরস্বতী নদীর মঙ্গলজলের আধার বিন্দুসরোবরে অবগাহন করিলেন ॥ ২৪-২৫ ॥

টীকা

উপভোগস্থানং, প্রাঙ্গণং গৃহাদ্বহিঃ, অজিরং প্রাকারাদ্বহিঃ তৈঃ যথোপজোষং যথাসুখং রচিতৈঃ আত্মনঃ স্রষ্টুরপি বিস্মাপনমিব ॥ ২১ ॥ ঈদৃক্ এবম্বিধমপি তদ্গৃহং বিমানং নাতিপ্রীতেন চেতসা পশ্যন্তী স্বদেহস্য কৃশত্বাদিনা তদনুরূপত্বাভাবাৎ ॥ ২২ ॥ হ্রদে বিন্দুসরসি যাপকং প্রাপকম্ ॥ ২৩ ॥ ভর্ত্তুর্ব্বচঃ সমাদায়

সান্তঃসরসি বেশ্মস্থাঃ শতানি দশ কন্যকাঃ।
সর্ব্বাঃ কিশোরবয়সো দদর্শোৎপলগন্ধয়ঃ ॥ ২৬ ॥
তাং দৃষ্ট্বা সহসোত্থায় প্রোচুঃ প্রাঞ্জলয়ঃ স্ত্রিয়ঃ।
বয়ং কর্ম্মকরীস্তভ্যং শাধি নঃ করবাম কিম্ ॥২৭॥
স্নানেন তাং মহার্হেণ স্নাপয়িত্বা মনস্বিনীম্।
দুকূলে নির্ম্মলে নূত্নে দদুরস্যৈ চ মানদাঃ ॥ ২৮ ॥
ভূষণানি পরার্দ্ধ্যানি বরীয়াংসি দ্যুমন্তি চ।
অন্নং সর্ব্বগুণোপেতং পানঞ্চৈবামৃতাসবম্ ॥২৯॥

অন্বয়

সা (দেবহূতি) [নিমগ্না হইয়া] অন্তঃসরসি (সরোবর মধ্যে) বেশ্মস্থাঃ (গৃহে অবস্থিতা) সর্ব্বাঃ কিশোরবয়সঃ (সকলেই কিশোরবয়স্কা) উৎপলগন্ধয়ঃ (পদ্মগন্ধযুক্তা) [ইতি] দশ শতানি কন্যকাঃ (এইরূপ এক হাজার কন্যা) দদর্শ (দেখিতে পাইলেন) ॥ ২৬ ॥

স্ত্রিয়ঃ (ঐ কন্যাগণ) তাং (দেবহূতিকে) দৃষ্ট্বা (দর্শন করিয়া) সহসা উত্থায় (তাড়াতাড়ি উঠিয়া) প্রাঞ্জলয়ঃ (কৃতাঞ্জলি হইয়া) প্রোচুঃ (বলিল) বয়ং (আমরা) তুভ্যং (আপনার নিমিত্ত) কিং করবাম (কি করিব ?) কর্ম্মকরীঃ (দাসী) নঃ (আমাদিগকে) শাধি (আজ্ঞা করুন) ॥ ২৭ ॥

[অনন্তর] মানদাঃ (মানপ্রদায়িনী সেই পরিচারিকাগণ) মহার্হেণ স্নানেন (মহামূল্য তৈলাদি-দ্বারা) মনস্বিনীং তাং (মনস্বিনী দেবহূতিকে) স্নাপয়িত্বা (স্নান করাইয়া) অস্যৈ (তাঁহাকে) নির্ম্মলে নূত্নে (নির্ম্মল নূতন) দুকূলে (উত্তরীয় ও পরিধেয় বস্ত্রদ্বয়), পরার্দ্ধ্যানি (মহামূল্য) বরীয়াংসি (শ্রেষ্ঠ) দ্যুমন্তি চ (ও দীপ্তিমান্) ভূষণানি (অলঙ্কারাদি ভূষণসকল), সর্ব্বগুণোপেতম্ অন্নং চ (সর্ব্বগুণযুক্ত অন্ন), পানম্ অমৃতাসবম্ চ এব (পেয় বস্তু এবং স্বাদু মদিরা প্রভৃতি) দদুঃ (প্রদান করিল) ॥২৮॥২৯॥

অনুবাদ

দেবহূতি নিমগ্না হইয়াই সরোবরমধ্যে গৃহে অবস্থিতা এক হাজার কন্যাকে দেখিতে পাইলেন ; তাহারা সকলেই কিশোরবয়স্কা ও পদ্মগন্ধযুক্তা ॥ ২৬ ॥

ঐ কন্যাগণ দেবহূতিকে দেখিয়া সহসা উঠিয়া কৃতাঞ্জলি হইয়া বলিল—আমরা আপনার নিমিত্ত কি করিব ? আমরা আপনার দাসী ; অতএব আমাদিগকে আজ্ঞা করুন ॥ ২৭ ॥

অনন্তর সেই পরিচারিকাগণ মহামূল্য তৈলাদিদ্বারা মনস্বিনী দেবহূতিকে স্নান করাইয়া তাঁহাকে নির্ম্মল নূতন উত্তরীয় ও পরিধেয় বস্ত্র, মহামূল্য শ্রেষ্ঠ দীপ্তিমান্ ভূষণ সকল, সর্ব্বগুণ-যুক্ত অন্ন, পেয় বস্তু এবং সুস্বাদু মদিরা প্রভৃতি প্রদান করিল ॥ ২৮ ॥ ২৯ ॥

টীকা

গৃহীত্বা, শবলৌ বিবর্ণৌ স্তনৌ যস্মিন্ ॥ ২৪ ॥ ২৫ ॥ ২৬ ॥ তুভ্যং কিং করবাম, নোঽস্মান্ সাধি আজ্ঞাপয় ॥ ২৭ ॥ ২৮ ॥ পরার্দ্ধ্যানি অমিতমূল্যানি বরীয়াংসি শ্রেষ্ঠানি অমৃতাসবং স্বাদু মাদকং চ পানং

অথাদর্শে স্বমাত্মানং স্রগ্বিণং বিরজাম্বরম্ ।
বিরজং কৃতস্বস্ত্যয়নং কন্যাভির্ব্বহুমানিতম্ ॥৩০॥
স্নাতং কৃতশিরঃস্নানং সর্ব্বাভরণভূষিতম্ ।
নিষ্কগ্রীবং বলয়িনং কূজৎকাঞ্চননূপুরম্ ॥ ৩১ ॥
শ্রোণ্যোরধ্যস্তয়া কাঞ্চ্যা কাঞ্চন্যা বহুরত্নয়া ।
হারেণ চ মহার্হেণ রুচকেন চ ভূষিতম্ ॥ ৩২ ॥

অন্বয়

[চারিটি শ্লোকে দেবহূতির সৌন্দর্য্য বর্ণিত হইতেছে] অথ (অনন্তর) [দেবহূতি] স্বম্ আত্মানম্ (নিজ শরীরকে) আদর্শে (দর্পণে) স্রগ্বিণং (মালাধারী), বিরজাম্বরং (নির্ম্মল বসনধারী), কৃতস্বস্ত্যয়নং (মাঙ্গলিক অনুষ্ঠানযুক্ত), বিরজং (পবিত্র), কন্যাভিঃ (ও সেই কন্যাগণকর্ত্তৃক) বহুমানিতম্ (অতিশয় সমাদৃত) [দদর্শ] (দর্শন করিলেন) ॥ ৩০ ॥

[দেবহূতি নিজ দেহকে] স্নাতং (মলক্ষয়কারক গন্ধদ্রব্যাদিদ্বারা সুমার্জ্জিত), কৃতশিরঃস্নানং (গন্ধজল ও ওষধি জলদ্বারা শুদ্ধস্নাত), সর্ব্বাভরণভূষিতং (সর্ব্বালঙ্কারভূষিত), নিষ্কগ্রীবং (কণ্ঠদেশে পদক শোভিত), বলয়িনং (বলয়ধারী) কূজৎকাঞ্চননূপুরম্ (ও শব্দায়মান কাঞ্চনময় নূপুরধারী) [দদর্শ] (দেখিলেন) ॥ ৩১ ॥

[দেবহূতি দেখিলেন—স্বীয় দেহ] শ্রোণ্যোঃ (নিতম্বদেশে) অধ্যস্তয়া (বিন্যস্ত) বহুরত্নয়া (বহুরত্নসমন্বিত) কাঞ্চন্যা (স্বর্ণময়ী) কাঞ্চ্যা (কাঞ্চী দ্বারা অর্থাৎ কটিভূষণের দ্বারা) মহার্হেণ হারেণ চ (ও মহামূল্য হারের দ্বারা) রুচকেন চ (এবং কুঙ্কুমাদি মাঙ্গলিক দ্রব্যের দ্বারা) ভূষিতম্ (ভূষিত) ॥ ৩২ ॥

অনুবাদ

অনন্তর দেবহূতি দর্পণে নিজকে দর্শন করিলেন ; তিনি দেখিলেন—তাঁহার গলদেশে মালা ও পরিধানে নির্ম্মল বসনে শোভিত, মাঙ্গলিক অনুষ্ঠানযুক্ত এবং কন্যাগণকর্ত্তৃক অতিশয় সমাদৃত ॥ ৩০ ॥

দেবহূতি দেখিলেন—স্বীয় দেহ মলক্ষয়কারক গন্ধাদি দ্রব্যদ্বারা সুমার্জ্জিত, গন্ধজল ও ওষধিজলের দ্বারা শুদ্ধস্নাত, অলঙ্কার সমূহে ভূষিত, গলদেশ পদকদ্বারা শোভিত এবং হস্তদ্বয়ে বলয় ও চরণদ্বয়ে শব্দায়মান কাঞ্চনময় নূপুরে শোভিত ॥ ৩১ ॥

দেবহূতি দেখিলেন—স্বীয় দেহ নিতম্বদেশে বিন্যস্ত বহুরত্নখচিত স্বর্ণময় চন্দ্রহার, বক্ষঃস্থলে মহামূল্য হার ও কুঙ্কুমাদি মাঙ্গলিক দ্রব্যের দ্বারা ভূষিত ॥ ৩২ ॥

টীকা

পেয়ম্ ॥ ২৯ ॥ তস্যাঃ সৌন্দর্য্যং বর্ণয়তি—অথেতি চতুর্ভিঃ। স্বমাত্মানং দদর্শেতি শেষঃ ॥ ৩০ ॥ স্নাতমুদ্বর্ত্ত্য প্রক্ষালিতম্ কৃতমলস্নানমিত্যর্থঃ। কৃতং সুরভ্যোষধিজলেন শিবঃ স্নানং যেন তম্, কৃতশুদ্ধস্নানমিত্যর্থঃ। নিষ্কং পদকং গ্রীবায়াং যস্য তম্, কূজন্তী কাঞ্চনময়ে নূপুরে যস্য তম্ ॥ ৩১ ॥ শ্রোণ্যোর্নিতম্বয়োরধ্যস্তয়া অবধৃতয়া বহূনি রত্নানি যস্যাং তয়া, রুচকং কুঙ্কুমাদি মঙ্গলদ্রব্যং তেন, তদুক্তম্ বিশ্বপ্রকাশে—"রুচকং মঙ্গলং দ্রব্যে গ্রীবাভরণদন্তয়োরি"তি ॥ ৩২ ॥ সুদতা সুভ্রুবা চক্ষুষেতি চৈকবচনং জাত্যভিপ্রায়েণ, কীদৃশেন চক্ষুষা ? শ্লক্ষ্ণঃ

সুদতা সুভ্রুবা শ্লক্ষ্ণস্নিগ্ধাপাঙ্গেন চক্ষুষা।
পদ্মকোশস্পৃধা নীলৈরলকৈশ্চ লসন্মুখম্ ॥ ৩৩ ॥
যদা সস্মার ঋষভমৃষীণাং দয়িতং পতিম্।
তত্র চাস্তে সহ স্ত্রীভির্যত্রাস্তে স প্রজাপতিঃ ॥ ৩৪ ॥
ভর্ত্তুঃ পুরস্তাদাত্মানং স্ত্রীসহস্রবৃতং তদা।
নিশাম্য তদ্‌যোগগতিং সংশয়ং প্রত্যপদ্যত ॥৩৫॥

অন্বয়

[দেবহূতি দেখিলেন স্বীয়দেহ] সুদতা (সুন্দর দন্তপঙ্‌ক্তি), সুভ্রুবা (সুন্দর ভ্রূলতা), শ্লক্ষ্ণস্নিগ্ধাপাঙ্গেন (রমণীয় স্নিগ্ধ অপাঙ্গযুক্ত) পদ্মকোশস্পৃধা (পদ্মকোশতুল্য) চক্ষুষা (নয়ন), নীলৈঃ অলকৈঃ চ (ও নীলকুন্তলের দ্বারা) লসন্মুখম্ (শোভিত মুখমণ্ডলসমন্বিত) ॥ ৩৩ ॥

[এইরূপ দেখিয়া দেবহূতি] যদা (যখন) ঋষীণাম্ ঋষভং (ঋষিশ্রেষ্ঠ) দয়িতং পতিং (প্রিয়তম পতিকে) সস্মার (স্মরণ করিলেন), [তখন] যত্র (যেখানে) সঃ প্রজাপতিঃ (সেই প্রজাপতি কর্দ্দম) আস্তে (অবস্থান করিতেছেন), তত্র চ (সেখানেই) স্ত্রীভিঃ সহ (স্ত্রীগণের সহিত) [নিজেও] আস্তে (অবস্থান করিলেন) ॥ ৩৪ ॥

তদা (দেবহূতি তখন) ভর্ত্তুঃ (স্বামীর) পুরস্তাৎ (সম্মুখে) স্ত্রীসহস্রবৃতং (স্ত্রীসহস্রে পরিবেষ্টিত) আত্মানং (নিজকে) নিশাম্য (অবলোকন করিয়া) তদ্‌যোগগতিং [চ নিশাম্য] (ও সেই যোগপ্রভাব দর্শন করিয়া) সংশয়ং (ইহা কি ? এইরূপ বিস্ময়) প্রত্যপদ্যত (প্রাপ্ত হইলেন) ॥ ৩৫ ॥

অনুবাদ

দেবহূতি দেখিলেন—তাঁহার দেহ সুন্দর দন্তপঙ্‌ক্তি, সুন্দর ভ্রূলতা, স্নিগ্ধ অপাঙ্গযুক্ত পদ্মকোশতুল্য নয়ন এবং নীলবর্ণ অলকাবলীসমন্বিত মুখমণ্ডলে শোভিত ॥ ৩৩ ॥

দর্পণে এইরূপ মনোহারিণী মূর্ত্তি দর্শন করিয়া দেবহূতি যখন ঋষিশ্রেষ্ঠ প্রিয়তম পতিকে স্মরণ করিলেন, তখন যেখানে প্রজাপতি কর্দ্দমঋষি অবস্থান করিতেছেন, সেখানেই পরিচারিকাগণের সহিত নিজেও অবস্থান করিলেন ॥ ৩৪ ॥

তখন দেবহূতি স্বামীর সম্মুখে স্ত্রীসহস্রে পরিবেষ্টিত নিজকে অবলোকন করিয়া ও সেই যোগপ্রভাব দর্শন করিয়া একি আশ্চর্য্য ! এইরূপ বিস্ময় প্রাপ্ত হইলেন ॥ ৩৫ ॥

টীকা

সুন্দরঃ স্নিগ্ধোঽপাঙ্গো নেত্রপ্রান্তো যস্য তেন পদ্মকোশেন স্পর্দ্ধতে ইতি পদ্মকোশস্পৃৎ তেন, এতৈঃ লসৎ শোভমানং মুখং যস্য তম্ ॥ ৩৩ ॥ ৩৪ ॥

ভর্ত্তুঃ পুরস্তাৎ স্ত্রীসহস্রবৃতমাত্মানং নিশাম্য দৃষ্ট্বা তাং যোগগতিং চ নিশাম্য কিমিদমিতি সংশয়ং প্রত্যপদ্যত ॥ ৩৫ ॥ কৃতমলস্নানাং কৃতকণ্ঠস্নানামুপলক্ষণমেতচ্ছুদ্ধস্নানস্যাপি, স্নানদ্বয়স্য পূর্ব্বোক্তত্বাৎ, বিবাহাৎ প্রাক্ যদাত্মনো রূপং তদেব বিভ্রতীং। ততোঽপ্যাধিক্যং দর্শয়তি—অপূর্ব্ববদ্ বিভ্রাজন্তীমিতি। সংবৃতৌ কুচপট্টিকাবৃতৌ রুচিরৌ স্তনৌ যস্যাস্তাম্, জাতো ভাবো ভক্তির্যস্য সঃ, হরাবিতি শেষঃ। অয়মর্থঃ

স তাং কৃতমলস্নানাং বিভ্রাজন্তীমপূর্ব্ববৎ।
আত্মনো বিভ্রতীং রূপং সংবীতরুচিরস্তনীম্ ॥৩৬॥
বিদ্যাধরীসহস্রেণ সেব্যমানাং সুবাসসম্।
জাতভাবো বিমানং তদারোহয়দমিত্রহন্! ॥৩৭॥
তস্মিন্নলুপ্তমহিমা প্রিয়য়ানুরক্তো বিদ্যাধরীভিরুপচীর্ণবপুর্ব্বিমানে।
বভ্রাজ উৎকচকুমুদ্‌গণবানপীব্য-স্তারাভিরাবৃত ইবোড়ুপতির্নভস্থঃ ॥৩৮॥

অন্বয়

অমিত্রহন্! (হে ষড়্‌রিপুজয়িন্ বিদুর!) সঃ (কর্দ্দমঋষি) জাতভাবঃ (শ্রীহরিতে ভক্তিযুক্ত হইয়া) [অর্থাৎ ব্রহ্মার আজ্ঞা পালনের নিমিত্তই কেবল স্ত্রীসঙ্গ করিব, বস্তুতঃ ইহা তুচ্ছ, হরিভক্তিই পরমপুরুষার্থ এইরূপভাবে ভাবিত হইয়া] কৃতমলস্নানাং (মলস্নান ও শুদ্ধস্নানকারিণী) আত্মনঃ রূপং বিভ্রতীম্ (বিবাহের পূর্ব্বে যেমন রূপ ছিল, তাদৃশ রূপধারিণী), অপূর্ব্ববৎ বিভ্রাজন্তীং (পূর্ব্ব হইতেও যেন অধিক শোভিতা), সংবীতরুচিরস্তনীম্ (কুচপট্টিকা দ্বারা মনোহর স্তনদ্বয় আচ্ছাদনকারিণী), বিদ্যাধরীসহস্রেণ (এবং সহস্র বিদ্যাধরীকর্ত্তৃক) সেব্যমানাং (পরিসেবিতা) সুবাসসম্ (ও সুন্দর বস্ত্র পরিহিতা) তাং (সেই দেবহূতিকে) তৎ বিমানং (সেই পূর্ব্বোক্ত বিমানে) আরোহয়ৎ (আরোহণ করাইলেন)॥ ৩৬ ॥ ৩৭ ॥

[কর্দ্দমঋষি] তস্মিন্ বিমানে (সেই ব্যোমযানে) বিদ্যাধরীভিঃ (বিদ্যাধরীগণকর্ত্তৃক) উপচীর্ণবপুঃ (সেবিত) প্রিয়য়া (ও প্রিয়তমা পত্নীতে) অনুরক্তঃ (অনুরাগী হইয়া) উৎকচকুমুদ্‌গণবান্ (বিকশিত কুমুদসমন্বিত) তারাভিঃ আবৃতঃ (ও তারাসমূহে পরিবেষ্টিত) নভস্থঃ (আকাশস্থিত) অপীব্যঃ (নির্ম্মল) উড়ুপতিঃ ইব (পূর্ণচন্দ্রের ন্যায়) অলুপ্তমহিমা [এব] (ভগবদ্‌ভাবে ভাবিত হইয়াই) বভ্রাজে (শোভা পাইতে লাগিলেন)॥ ৩৮ ॥

অনুবাদ

হে জিতেন্দ্রিয় বিদুর! দেবহূতি মলক্ষয়কারক গন্ধাদি দ্রব্যদ্বারা মলস্নান এবং গন্ধজল ও ওষধি জলদ্বারা শুদ্ধস্নান করিয়া বিবাহের পূর্ব্বে যেমন রূপ ছিল, তেমন রূপ ধারণ করিয়াছেন; মনে হয় যেন পূর্ব্ব হইতেও অধিক রমণীয়া হইয়াছেন; তিনি কুচপট্টিকাদ্বারা মনোহর স্তনদ্বয় আবৃত করিয়াছেন, সুন্দর বস্ত্র পরিধান করিয়াছেন এবং সহস্র পরিচারিকা তাঁহার সেবা করিতেছে; এইরূপে দেবহূতিকে দর্শন করিয়া কর্দ্দমঋষি শ্রীহরিতে ভক্তিযুক্ত হইয়া অর্থাৎ "ব্রহ্মার আজ্ঞা পালনের নিমিত্তই কেবল আমি স্ত্রীসঙ্গ করিব, বস্তুতঃ ইহা অতিতুচ্ছ, হরিভক্তিই পরমপুরুষার্থ" এইরূপভাবে ভাবিত হইয়া সেই প্রিয়তমা দেবহূতিকে পূর্ব্ববর্ণিত বিমানে আরোহণ করাইলেন ॥ ৩৬ ॥ ৩৭ ॥

আকাশে যেমন নির্ম্মল পূর্ণচন্দ্র তারাগণে পরিবেষ্টিত, বিকসিত কুমুদসমন্বিত এবং স্বীয়

টীকা

—ব্রহ্মাজ্ঞাপালনার্থং স্ত্রীসঙ্গং করিষ্যামি বস্তুতস্ত্বিদং হেয়মেব, পরমপুরুষার্থস্তু হরিভক্তিরেবেতি। তৎ পূর্ব্ববর্ণিতগুণং বিমানমারোহয়ৎ। হে অমিত্রহন্! জিতষড়্‌বর্গ! ॥৩৬ ॥৩৭॥ জাতভাবত্বাদেব তস্মিন্

তেনাষ্টলোকপরিহারকুলাচলেন্দ্র-দ্রোণীষ্বনঙ্গসখমারুতসৌভগাসু।
সিদ্ধৈর্নুতো দ্যুধুনিপাতশিবস্বনাসু রেমে চিরং ধনদবল্ললনাবরূথী ॥৩৯॥
বৈশ্রম্ভকে সুরসনে নন্দনে পুষ্পভদ্রকে।
মানসে চৈত্ররথ্যে চ স রেমে রাময়া রতঃ ॥৪০॥

অন্বয়

ললনাবরূথী (স্ত্রীগণে পরিবেষ্টিত কর্দ্দমঋষি) তেন (সেই বিমানের দ্বারা অর্থাৎ বিমানোপরি অবস্থান করিয়া) অনঙ্গসখমারুতসৌভগাসু (কন্দর্পসহচর বসন্তের সুগন্ধযুক্ত মন্দ মন্দ বায়ুর দ্বারা রমণীয়) দ্যুধুনিপাতশিবস্বনাসু (ও স্বর্গনদী গঙ্গার মঙ্গলপ্রদ পতনশব্দে মুখরিত) অষ্টলোকপরিহারকুলাচলেন্দ্র-দ্রোণীষু (অষ্টলোকপালগণের বিহারস্থান কুলাচলশ্রেষ্ঠ সুমেরু পর্ব্বতের গুহাসমূহে) সিদ্ধৈঃ (সিদ্ধগণ-কর্ত্তৃক) নুতঃ (স্তুত হইয়া) ধনদবৎ (কুবেরের ন্যায়) চিরং (বহুকাল) রেমে (বিহার করিতে লাগিলেন) ॥ ৩৯ ॥

সঃ (কর্দ্দমঋষি) রতঃ [সন্] (প্রীত হইয়া) বৈশ্রম্ভকে, সুরসনে, নন্দনে, পুষ্পভদ্রকে, চৈত্ররথ্যে, (বৈশ্রম্ভক, সুরসন, নন্দন, পুষ্পভদ্রক ও চৈত্ররথ্য নামক দেবোদ্যানে) মানসে চ (এবং মানসসরোবরে) রাময়া (প্রিয়ার সহিত) রেমে (বিহার করিতে লাগিলেন) ॥ ৪০ ॥

অনুবাদ

শীতলত্ব ও আহ্লাদকরত্বাদি গুণযুক্ত হইয়া শোভা ধারণ করে, সেইরূপ মহর্ষি কর্দ্দম সেই বিমানে বিদ্যাধরীগণকর্ত্তৃক সেবিত ও প্রিয়তমা পত্নীর প্রতি অনুরাগী এবং ভগবদ্ভাবে ভাবিত হইয়া শোভা পাইতে লাগিলেন। [এখানে কর্দ্দমঋষি পূর্ণচন্দ্রের, বিমান আকাশের, বিদ্যাধরীগণ তারাসমূহের ও তাহাদের নেত্রসমূহ কুমুদগণের সাদৃশ্য ধারণ করিয়াছে] ॥ ৩৮ ॥

মহর্ষি কর্দ্দম স্ত্রীগণে পরিবেষ্টিত হইয়া সেই বিমানে আরোহণ করতঃ অষ্টলোকপাল-গণের বিহারস্থান কুলাচলশ্রেষ্ঠ সুমেরুপর্ব্বতের গুহাসমূহে সিদ্ধগণকর্ত্তৃক বন্দিত হইয়া কুবেরের ন্যায় বহুকাল বিহার করিতে লাগিলেন। ঐ সকল গুহা কন্দর্প সহচর বসন্তের সুগন্ধযুক্ত মন্দ মন্দ বায়ুর দ্বারা পরম রমণীয় এবং স্বর্গনদী গঙ্গার মঙ্গলপ্রদ পতনশব্দে মুখরিত ॥ ৩৯ ॥

কর্দ্দমঋষি প্রীত হইয়া বৈশ্রম্ভক, সুরসন, নন্দন পুষ্পভদ্রক ও চৈত্ররথ্য নামক দেবো-দ্যানসমূহে এবং মানসসরোবরে প্রিয়ার সহিত বিহার করিতে লাগিলেন ॥ ৪০ ॥

টীকা

বিমানে বিদ্যাধরীভিরুপচীর্ণং শুশ্রূষিতং বপুর্যস্য স তথাভূতোঽপি প্রিয়য়া হেতুভূতয়া অনুরক্তোঽপি তস্যামনুরক্তিবিড়ম্বনাং কুর্ব্বাণোঽপি অলুপ্তমহিমৈব বভ্রাজে অশোভত। উৎকচো বিকসিতঃ যঃ কুমুৎসমূহ-স্তদ্বান্। অপীব্যঃ নির্ম্মলঃ, কুমুদগণবানাসক্তিরহিতঃ তারাভিরাবৃতঃ উড়ুপতিশ্চন্দ্রো যথা ভ্রাজতে তদ্বৎ। কুমুদগণতুল্যদেবহূতিনেত্রাম্বুজগণবান্ তদনাসক্তঃ তারাযুক্তনভস্তুল্যবিদ্যাধরীযুক্তবিমানস্থঃ মুনির্দ্বিজপতি-রিত্যর্থঃ ॥ ৩৮ ॥ তেন বিমানেন অষ্টলোকপালানাং বিহারো যস্মিন্ কুলাচলানামিন্দ্রে মেরৌ তস্য দ্রোণীষু দরীষু অনঙ্গস্য সখা বসন্তস্তস্মান্মারুতেন শীতসুগন্ধমন্দেন সৌভগং সৌন্দর্য্যং যাসু, দ্যুধুন্যাঃ গঙ্গায়াঃ

ভ্রাজিষ্ণুনা বিমানেন কামগেন মহীয়সা।
বৈমানিকানত্যশেত চরল্লোঁকান্ যথানিলঃ ॥৪১॥
কিং দুরাপাদনং তেষাং পুংসামুদ্দামচেতসাম্।
যৈরাশ্রিতস্তীর্থপদশ্চরণো ব্যসনাত্যয়ঃ ॥৪২॥
প্রেক্ষয়িত্বা ভুবো গোলং পত্ন্যৈ যাবান্ স্বসংস্থয়া।
বহ্বাশ্চর্য্যং মহাযোগী স্বাশ্রমায় ন্যবর্ত্তত ॥৪৩॥

অন্বয়

[তিনি] ভ্রাজিষ্ণুনা (দীপ্তিশালী) কামগেন (ও যথেচ্ছগামী) মহীয়সা বিমানেন (শ্রেষ্ঠ ব্যোমযানে) অনিলঃ যথা (বায়ুর ন্যায়) লোকান্ চরন্ (লোক সকল পর্য্যটন করতঃ) বৈমানিকান্ (অপরাপর বিমানবিহারিগণকে) অত্যশেত (অতিক্রম করিয়া অবস্থান করিতে লাগিলেন) ॥ ৪১ ॥

যৈঃ (যাঁহারা) তীর্থপদঃ (ভগবান্ শ্রীহরির) ব্যসনাত্যয়ঃ (বিপন্নিবারক) চরণঃ (শ্রীচরণ) আশ্রিতঃ (আশ্রয় করিয়াছেন), উদ্দামচেতসাম্ (শ্রীহরিতে নিবিষ্টচিত্ত) তেষাং পুংসাং (সেই ভক্তগণের) দুরাপাদনং (দুর্ল্লভ) কিং [অস্তি] (কি আছে?) [অর্থাৎ ভগবদ্ভক্তগণের দুর্ল্লভ কিছুই নাই] ॥ ৪২ ॥

মহাযোগী (মহর্ষি কর্দ্দম) স্বসংস্থয়া যাবান্ (দ্বীপ ও বর্ষাদি সংস্থানবিশেষে ভূমণ্ডল যে পর্য্যন্ত বিস্তৃত), বহ্বাশ্চর্য্যম্ (অত্যাশ্চর্য্য) [তাবন্তং] ভুবঃ গোলং (সেই ভূমণ্ডল) পত্ন্যৈ (পত্নীকে) প্রেক্ষয়িত্বা (দর্শন করাইয়া) স্বাশ্রমায় ন্যবর্ত্তত (নিজ আশ্রমে প্রত্যাবর্ত্তন করিলেন) ॥ ৪৩ ॥

অনুবাদ

বায়ু যেমন প্রবাহিত হইয়া লোক সকল অতিক্রম করিয়া থাকে, সেইরূপ মুনিবর কর্দ্দমও দীপ্তিশালী ও যথেচ্ছগামী শ্রেষ্ঠবিমানযোগে লোক সকল পর্য্যটন করতঃ অপরাপর বিমানবিহারিগণকে অতিক্রম করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥ ৪১ ॥

[হে বিদুর! কর্দ্দমঋষির ঐরূপ যথেচ্ছ ভোগ ও বিহারের বিষয় শ্রবণ করিয়া আশ্চর্য্যান্বিত হইও না; যেহেতু] যাঁহারা ভগবান্ শ্রীহরির বিপন্নিবারক শ্রীচরণ আশ্রয় করিয়াছেন, ভগবানে সমর্পিতচিত্ত সেই ভক্তগণের দুর্ল্লভ কি আছে? অর্থাৎ ভগবদ্ভক্তগণের সমস্তই সুলভ ॥ ৪২ ॥

এইরূপে মহর্ষি কর্দ্দম দ্বীপ ও বর্ষাদি সংস্থানবিশেষে ভূমণ্ডল যতদূর বিস্তৃত, অত্যাশ্চর্য্য সেই ভূমণ্ডল পত্নীকে দর্শন করাইয়া নিজ আশ্রমে প্রত্যাবর্ত্তন করিলেন ॥ ৪৩ ॥

টীকা

পাতেন শিবঃ মঙ্গলপ্রদঃ স্বনঃ শব্দো যাসু তাসু সিদ্ধৈঃ নুতঃ স্তুতঃ ললনানাং বরূথঃ সমূহোঽস্যাস্তীতি স তথা ধনদ ইব রেমে ॥ ৩৯ ॥ বৈশ্রম্ভকাদিষু দেবারামেষু মানসে সরসি চ রাময়া প্রিয়য়া চ রতঃ প্রীতঃ সন্ ॥ ৪০ ॥ যথা অনিলশ্চরন্ লোকানতিক্রামতি, তথা বৈমানিকান্ অত্যশেত অতিক্রম্য স্থিতঃ ॥ ৪১ ॥ উদ্দামচেতসাম্ বনমালীনিবিষ্টচেতসাম্ যৈঃ তীর্থপদঃ শ্রীহরেঃ ব্যসনানামত্যয়ো নাশো যস্মাৎ সঃ, চরণ আশ্রিতস্তেষাং কিং দুর্ল্লভম্ ॥ ৪২ ॥ স্বসংস্থয়া দ্বীপাদিরচনয়া যাবান্ তাবন্তং ভুবো গোলং মণ্ডলং পত্ন্যৈ প্রেক্ষয়িত্বা দর্শয়িত্বা ॥ ৪৩ ॥ আত্মানং স্বরূপং নবধা নবপ্রকারেণ বিভজ্য নবাপত্যরূপং স্বরূপং

বিভজ্য নবধাত্মানং মানবীং সুরতোৎসুকাম্ ।
রামাং নিরময়ন্ রেমে বর্ষপূগান্ মুহূর্ত্তবৎ ॥৪৪॥
তস্মিন্ বিমান উৎকৃষ্টাং শয্যাং রতিকরীং শ্রিতা ।
ন চাবুধ্যত তং কালং পত্যাপীব্যেন সঙ্গতা ॥৪৫॥
এবং যোগানুভাবেন দম্পত্যো রমমাণয়োঃ ।
শতং ব্যতীয়ুঃ শরদঃ কামলালসয়োর্মনাক্ ॥৪৬॥

অন্বয়

[কর্দ্দমঋষি] আত্মানং নবধা বিভজ্য (নিজকে নয় ভাগে বিভাগ করিয়া অর্থাৎ নয়টি অপত্য উৎপাদন করিব এইরূপ সঙ্কল্প করিয়া) সুরতোৎসুকাম্ (রমণোৎসুকা) মানবীং (মনুকন্যা) রামাং (নিজস্ত্রী দেবহূতিকে) নিরময়ন্ (সর্ব্বদা রমণ করাইয়া) বর্ষপূগান্ (বহুবৎসর) মুহূর্ত্তবৎ (মুহূর্ত্তের ন্যায়) রেমে (বিহার করিলেন) ॥ ৪৪ ॥

তস্মিন্ বিমানে (সেই ব্যোমযানে) উৎকৃষ্টাং রতিকরীং (উৎকৃষ্ট রমণক্রীড়ার উপযোগিনী) শয্যাং শ্রিতা [দেবহূতিঃ] (শয্যা অবলম্বনকারিণী দেবহূতি) অপীব্যেন পত্যা (সুন্দর পতির সহিত) সঙ্গতা [সতী] (মিলিতা হইয়া) তং কালং (সেই বহুবৎসরাত্মক সুদীর্ঘকাল) [অতীত হইলেও] ন চ অবুধ্যত (জানিতে পারিলেন না) ॥ ৪৫ ॥

যোগানুভাবেন (যোগপ্রভাবে) এবং রমমাণয়োঃ (এইরূপে রমণক্রীড়ায় নিরত) কামলালসয়োঃ (কামাসক্ত) দম্পত্যোঃ (পতি ও পত্নীর) শরদঃ শতং (একশত বৎসর) মনাক্ (অল্পকালের ন্যায়) ব্যতীয়ুঃ (অতীত হইল) ॥ ৪৬ ॥

অনুবাদ

মহর্ষি কর্দ্দম "নিজকে নয়টি অপত্যরূপে বিভাগ করিব" এইরূপ সঙ্কল্প করিয়া রমণোৎসুকা মনুকন্যা দেবহূতিকে রমণ করাইয়া বহুবৎসর মুহূর্ত্তের ন্যায় বিহার করিলেন ॥৪৪॥

দেবহূতি সেই বিমানে অতি উৎকৃষ্ট রমণক্রীড়ার উপযোগী শয্যায় পরমসুন্দর স্বামীর সহিত মিলিত হইয়া সহবাসসুখে সেই বহুবৎসরাত্মক সুদীর্ঘকাল অতীত হইলেও জানিতে পারিলেন না [অর্থাৎ মুহূর্ত্তের ন্যায় তাঁহার মনে হইল] ॥ ৪৫ ॥

যোগপ্রভাবে এইরূপে রমণক্রীড়ায় নিরত ও কামাসক্ত দম্পতি কর্দ্দম ও দেবহূতির শতবৎসর ক্ষণকালের ন্যায় অতীত হইল ॥ ৪৬ ॥

টীকা

করিষ্যামীতি সঙ্কল্প্যেত্যর্থঃ। সুরতে সম্ভোগে উৎসুকাং নিতরাং রময়ন্ বর্ষসমূহান্ মুহূর্ত্তবদ্রেমে ॥ ৪৪ ॥ অপীব্যেন সুন্দরেণ ॥ ৪৫ ॥ মনাক্ অতিতুচ্ছকামলালসয়োঃ যোগানুভাবেন অতিপ্রযত্নসাধ্যযোগ-প্রভাবেন রমমাণয়োঃ শতং শরদঃ শতসংখ্যকাঃ সম্বৎসরাঃ ব্যতীয়ুঃ ধিক্ কামলালসাঃ ইতি ভাবঃ ॥ ৪৬ ॥ আত্মবিৎ পরমাত্মতত্ত্ববিৎ আত্মনা তেনৈব পরমাত্মনা বিভুর্ব্বিপুলজ্ঞানবান্ অতএব ব্রহ্মা মরীচ্যাদীন্ সদারান্ কর্ত্তুমিচ্ছতি, তেঽপি সৃষ্ট্যর্থং দারান্ কর্ত্তুমিচ্ছন্তীতি সর্ব্বেষাং সঙ্কল্পং বেত্তীতি তথা, অতঃ স্বরূপং

তস্যামাধত্ত রেতস্তাং ভাবয়ন্নাত্মনাত্মবিৎ।
নোধা বিধায় রূপং স্বং সর্ব্বসঙ্কল্পবিদ্বিভুঃ ॥৪৭॥
অতঃ সা সুষুবে সদ্যো দেবহূতিঃ স্ত্রিয়ঃ প্রজাঃ।
সর্ব্বাস্তাশ্চারুসর্ব্বাঙ্গ্যো লোহিতোৎপলগন্ধয়ঃ ॥৪৮॥
পতিং সা প্রব্রজিষ্যন্তং তদালক্ষ্যাশতী বহিঃ।
স্ময়মানা বিক্লবেন হৃদয়েন বিদূয়তা ॥৪৯॥
লিখন্ত্যধোমুখী ভূমিং পদা নখমণিশ্রিয়া।
উবাচ ললিতাং বাচং নিরুধ্যাশ্রুকলাঃ শনৈঃ ॥৫০॥

অন্বয়

আত্মবিৎ (পরমাত্মতত্ত্বজ্ঞ), আত্মনা বিভুঃ (পরমাত্মার অনুগ্রহে বিপুলজ্ঞানী) সর্ব্বসঙ্কল্পবিৎ (ও সকলের সঙ্কল্পবিষয়ে জ্ঞানবান্ কর্দ্দমঋষি) স্বং রূপং (স্বীয় রূপকে) নোধা (নব প্রকারে) বিধায় (বিভাগ করিবার ইচ্ছা করিয়া) [অর্থাৎ নয়টি কন্যা উৎপাদন করিব এইরূপ সঙ্কল্প করিয়া) তাং ভাবয়ন্ (দেবহূতিকে অনুকূলরূপে স্থাপন করিয়া) তস্যাং (তাঁহার গর্ভে) রেতঃ আধত্ত (বীর্য্য আধান করিলেন) ॥৪৭॥

অতঃ (সর্ব্বসঙ্কল্পবিৎ কর্দ্দমঋষির সঙ্কল্পহেতু) সা দেবহূতিঃ (সেই দেবহূতি) সদ্যঃ (একদিনেই) স্ত্রিয়ঃ প্রজাঃ (নয়টি কন্যা) সুষুবে (প্রসব করিলেন)। তাঃ সর্ব্বাঃ (তাহারা সকলেই) চারুসর্ব্বাঙ্গ্যঃ (সর্ব্বাঙ্গসুন্দরী) লোহিতোৎপলগন্ধয়ঃ (ও রক্ত উৎপলের গন্ধের ন্যায় গন্ধবিশিষ্ট) ॥ ৪৮ ॥

তদা (তখন) পতিং প্রব্রজিষ্যন্তং (পতি সন্ন্যাসাশ্রমে গমন করিবেন) আলক্ষ্য (বুঝিতে পারিয়া) উশতী (কান্তিমতী) বহিঃ স্ময়মানা (ও প্রকাশ্যে হাস্যমুখী) সা (দেবহূতি) বিক্লবেন (ব্যাকুল) বিদূয়তা (ও সন্তাপিত) হৃদয়েন (হৃদয়ে) অধোমুখী [সতী] (অধোমুখী হইয়া) নখমণিশ্রিয়া পদা (নখরূপ মণিসমূহে

অনুবাদ

পরমাত্মতত্ত্বজ্ঞ কর্দ্দমঋষি পরমাত্মা ভগবানের অনুগ্রহে বিপুল জ্ঞান লাভ করিয়াছেন; তিনি সকলের সঙ্কল্প অবগত আছেন অর্থাৎ মরীচ্যাদি ঋষিগণ প্রজাসৃষ্টির নিমিত্ত স্ত্রী গ্রহণ করিতে অভিলাষী এই সঙ্কল্প তিনি অবগত আছেন; অতএব তিনি "নিজ হইতে নয়টি কন্যা উৎপাদন করিব" এইরূপ সঙ্কল্প করিয়া দেবহূতিকে অনুকূলরূপে স্থাপন করতঃ তাঁহার গর্ভে বীর্য্য আধান করিলেন ॥ ৪৭ ॥

অনন্তর সর্ব্বসঙ্কল্পবিৎ কর্দ্দমঋষির সঙ্কল্পহেতু সেই দেবহূতি একদিনেই নয়টি কন্যা প্রসব করিলেন। তাঁহারা সকলেই সর্ব্বাঙ্গসুন্দরী ও রক্ত উৎপলের গন্ধের ন্যায় গন্ধবিশিষ্টা ॥ ৪৮ ॥

পূর্ব্বকথানুসারে স্বামী সন্ন্যাসাশ্রমে গমন করিবেন চিন্তা করিয়া কান্তিমতী দেবহূতি

টীকা

নোধা নবধা বিধায় নবকন্যারূপং করিষ্যামীতি সঙ্কল্প্যেত্যর্থঃ "আত্মা বৈ পুত্রনামাসি" ইতি শ্রুতেঃ। তাং ভাবয়ন্ কন্যোৎপত্ত্যানুকূল্যে স্থাপয়ন্ তস্যাং রেতঃ আধত্তেত্যন্বয়ঃ ॥৪৭॥ অতঃ সর্ব্বসঙ্কল্পবিন্মুনিসঙ্কল্পাদ্ধেতোঃ ॥ ৪৮ ॥ উশতী কান্তিমতী অতএব স্ময়মানা স্বভাবতঃ স্মিতমুখী ॥ ৪৯ ॥ ৫০ ॥ উপোবাহ সম্পাদয়া-

শ্রীদেবহূতিরুবাচ

সর্ব্বং তদ্‌ভগবান্ মহ্যমুপোবাহ প্রতিশ্রুতম্ ।
অথাপি মে প্রপন্নায়া অভয়ং দাতুমর্হসি ॥৫১॥
ব্রহ্মন্ ! দুহিতৃভিস্তভ্যং বিমৃগ্যাঃ পতয়ঃ সমাঃ ।
কশ্চিৎ স্যান্মে বিশোকায় ত্বয়ি প্রব্রজিতে বনম্ ॥ ৫২ ॥

অন্বয়

শোভিত চরণের দ্বারা) ভূমিং লিখন্তী (ভূমিলিখন করতঃ) অশ্রুকলাঃ নিরুধ্য (অশ্রুসংবরণ করিয়া) শনৈঃ (ধীরে ধীরে) ললিতাং বাচম্ উবাচ (মনোহর বাক্য বলিতে লাগিলেন) ॥ ৪৯-৫০ ॥

শ্রীদেবহূতিঃ উবাচ (দেবহূতি বলিলেন) [হে স্বামিন্ !] ভগবান্ (সর্ব্বৈশ্বর্য্যশালী আপনি) মহ্যং (আমার নিমিত্ত) [যৎ] প্রতিশ্রুতং তৎ সর্ব্বং (যাহা প্রতিশ্রুত ছিলেন সেই সমস্তই) উপোবাহ (সম্পাদন করিয়াছেন) ; অথাপি (ইহার পরেও) প্রপন্নায়াঃ মে (মুক্তির নিমিত্ত শরণাপন্ন আমার) অভয়ং দাতুম্ (মুক্তির উপায় প্রদান করিতে) [একমাত্র আপনিই] অর্হসি (যোগ্য হইয়া থাকেন) ॥ ৫১ ॥

ব্রহ্মন্ ! (হে মুনে !) ত্বয়ি বনং প্রব্রজিতে [সতি] (আপনি সন্ন্যাস অবলম্বন করিয়া বনে গমন করিলে) তুভ্যং (আপনার) দুহিতৃভিঃ (কন্যাগণ) সমাঃ (তাহাদের অনুরূপ) পতয়ঃ (নিজ নিজ স্বামী) বিমৃগ্যাঃ (অন্বেষণ করিবে অর্থাৎ পতির নিকট চলিয়া যাইবে) । মে (আমার) বিশোকায় (জ্ঞানোপদেশের নিমিত্ত) কশ্চিৎ স্যাৎ ? (কেহ থাকিবে কি ? অর্থাৎ কেহই থাকিবে না) ॥ ৫২ ॥

অনুবাদ

বাহিরে হাস্যমুখী হইলেও অন্তরে অতিশয় ব্যাকুলা ও সন্তপ্তা হইলেন। তখন তিনি অধোমুখী হইয়া পদনখদ্বারা ভূমিলিখন করতঃ অতিকষ্টে অশ্রুসংবরণ করিয়া ধীরে ধীরে সুমধুর বাক্যে বলিতে লাগিলেন ॥ ৪৯ ॥ ৫০ ॥

দেবহূতি বলিলেন—হে স্বামিন্ ! আপনি ষড়ৈশ্বর্য্যশালী ; বিবাহকালে আপনি যাহা যাহা প্রতিশ্রুত হইয়াছিলেন, সেই সমস্তই এক্ষণে সম্পাদন করিয়াছেন ; অতঃপরও মুক্তির নিমিত্ত শরণাগত আমার মুক্তির উপায় প্রদান করিতে আপনিই যোগ্য হইয়া থাকেন ॥ ৫১ ॥

হে ব্রহ্মন্ ! আপনি সন্ন্যাস গ্রহণ করিয়া বনে গমন করিলে আপনার এই কন্যাগণ তাহাদের অনুরূপ নিজ নিজ পতি অন্বেষণ করিবে অর্থাৎ পতির নিকটে গমন করিবে ; আমার জ্ঞানোপদেশের নিমিত্ত কেহই থাকিবে না ॥ ৫২ ॥

টীকা

মাস ; অথানন্তরমপি নিশ্চিতং প্রপন্নায়াঃ মুক্ত্যর্থং ত্বাং শরণং গতায়া অভয়ং মুক্ত্যুপায়ম্ ॥ ৫১ ॥ লৌকিক-ব্যবহারসিদ্ধয়ে প্রার্থয়তে—ব্রহ্মন্ ইত্যর্দ্ধেন । তুভ্যং তব দুহিতৃভিঃ তুল্যাঃ পতয়ঃ বিমৃগ্যা অন্বেষণীয়াঃ । অথ পুনর্মুক্ত্যুপায়লাভার্থং প্রার্থয়তে যাবদধ্যায়সমাপ্তি ; বিশোকায় জ্ঞানভক্ত্যুপদেশায় ॥ ৫২ ॥ হে প্রভো !

এতাবতালং কালেন ব্যতিক্রান্তেন মে প্রভো ! ।
ইন্দ্রিয়ার্থপ্রসঙ্গেন পরিত্যক্তপরাত্মনঃ ॥ ৫৩ ॥
ইন্দ্রিয়ার্থেষু সজ্জন্ত্যা প্রসঙ্গস্ত্বয়ি মে কৃতঃ ।
অজানন্ত্যা পরং ভাবং তথাপ্যস্ত্বভয়ায় মে ॥ ৫৪ ॥
সঙ্গো যঃ সংসৃতের্হেতুরসৎসু বিহিতোঽধিয়া ।
স এব সাধুষু কৃতো নিঃসঙ্গত্বায় কল্পতে ॥ ৫৫ ॥

অন্বয়

প্রভো ! (হে স্বামিন্ !) ইন্দ্রিয়ার্থপ্রসঙ্গেন (ইন্দ্রিয়ের বিষয়ে আসক্তিবশতঃ) পরিত্যক্তপরাত্মনঃ মে (আমাকর্ত্তৃক সর্ব্বকারণকারণ পরমাত্মতত্ত্ব জিজ্ঞাসিত হয় নাই ; তাদৃশ আমার) ব্যতিক্রান্তেন এতাবতা কালেন (সুদীর্ঘ ভোগকাল) অলম্ (পর্য্যাপ্ত হইয়াছে) ; [অবশিষ্ট কালে মুক্তির উপায় সম্পাদন করিব] ॥ ৫৩ ॥

পরং ভাবং (আপনি ব্রহ্মবিৎ ইহা) অজানন্ত্যা (না জানিয়া) ইন্দ্রিয়ার্থেষু সজ্জন্ত্যা (ইন্দ্রিয়ের বিষয়ে আসক্ত হইয়া) মে (আমি) ত্বয়ি (আত্মজ্ঞানী আপনার) প্রসঙ্গঃ কৃতঃ (সঙ্গ করিয়াছি) ; তথাপি (তাহা হইলেও) [এক্ষণে] মে (আমার) অভয়ায় (মোক্ষোপায় লাভের নিমিত্ত) [ত্বয়ি সঙ্গঃ] অস্তু (আপনার সহিত আমার সঙ্গম হউক) ॥ ৫৪ ॥

অধিয়া (অজ্ঞানতাহেতু) অসৎসু বিহিতঃ (অসাধুর সহিত কৃত) যঃ সঙ্গঃ (যে সঙ্গ) সংসৃতেঃ হেতুঃ (সংসারবন্ধনের কারণ হইয়া থাকে), সঃ এব (সেই সঙ্গই) সাধুষু (সাধুজনের সহিত) কৃতঃ (করা হইলে) নিঃসঙ্গত্বায় কল্পতে (ভগবদ্ভাবরূপ মুক্তির নিমিত্ত হইয়া থাকে) ॥৫৫ ॥

অনুবাদ

হে প্রভো ! ইন্দ্রিয়ের বিষয়ে আসক্তিবশতঃ আমি এতকাল সর্ব্বকারণকারণ ভগবান্‌কে জানিতে ইচ্ছা করি নাই। আমার সুদীর্ঘ ভোগকাল পর্য্যাপ্ত হইয়াছে ; এক্ষণে অবশিষ্ট কালে মুক্তির উপায় সম্পাদন করিব ॥ ৫৩ ॥

হে প্রভো ! "আপনি ব্রহ্মবিৎ" আমি এই তত্ত্ব না জানিয়া কেবল ইন্দ্রিয়ের বিষয়ে আসক্ত হইয়া আপনার সঙ্গ করিয়াছি ; এক্ষণে আমার মোক্ষোপায় লাভের নিমিত্ত পুনরায় আপনার সহিত আমার সঙ্গম হউক ॥ ৫৪ ॥

হে স্বামিন্ ! অজ্ঞানতাহেতু অসজ্জনের সহিত সঙ্গ করিলে সংসারবন্ধনের কারণ

টীকা

ইন্দ্রিয়ার্থেষু শব্দাদিষু যঃ প্রকৃষ্টঃ সঙ্গস্তেন পরিত্যক্তঃ ন জিজ্ঞাসিতঃ পরঃ আত্মা, যদ্বিজ্ঞানেন সর্ব্বং চিদচিদাত্মকং বিজ্ঞাতং স্যাৎ, সর্ব্বকারণকারণো ভগবান্ শ্রীবাসুদেবো যয়া, তস্যা মে অতিক্রান্তেন এতাবতা ভোগকালেনালং পর্য্যাপ্তম্, অবশিষ্টে কালে মুক্ত্যুপায়ং সম্পাদয়িষ্যামীতি ভাবঃ ॥ ৫৩ ॥ পরং মুক্তৌ গম্যং ভাবং ভজনীয়ম্ অজানন্ত্যা অতএব ইন্দ্রিয়ার্থেষু সজ্জন্ত্যা মে ময়া ত্বয়ি তত্ত্বজ্ঞে সঙ্গঃ কৃতঃ। তথাপি অধুনা মে অভবায় মোক্ষোপায়লাভায় ত্বয়ি সঙ্গঃ অস্তু ইত্যন্বয়ঃ ॥ ৫৪ ॥ অধিয়া অসৎসু বিহিতঃ কৃতঃ যঃ সঙ্গঃ সংসৃতের্হেতুরস্তু, সাধুষু অধিয়াপি কৃতঃ যঃ সঙ্গঃ স এব নিসঙ্গত্বায় নির্গতঃ সঙ্গঃ প্রাকৃতদেহগেহাদিসঙ্গো

নেহ যৎ কর্ম্ম ধর্ম্মায় ন বিরাগায় কল্পতে।
ন তীর্থপদসেবায়ৈ জীবন্নপি মৃতো হি সঃ ॥ ৫৬ ॥
সাহং ভগবতো নূনং বঞ্চিতা মায়য়া দৃঢ়ম্।
যৎ ত্বাং বিমুক্তিদং প্রাপ্য ন মুমুক্ষেয় বন্ধনাৎ ॥ ৫৭ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে দেবহূত্যনুতাপো নাম ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥২৩॥

অন্বয়

ইহ (এই জগতে) যৎ কর্ম্ম (যে জীবের কর্ম্ম) ধর্ম্মায় ন কল্পতে [ধর্ম্মের অভিমুখী হয় না), [ধর্ম্মাভিমুখী হইলেও] বিরাগায় ন [কল্পতে] (বৈরাগ্যের নিমিত্ত হয় না) [এবং সেই বৈরাগ্যের দ্বারা কর্ম্ম] তীর্থপদসেবায়ৈ ন (শ্রীহরির সেবার নিমিত্ত পর্য্যবসিত হয় না), সঃ (সেই জীব) জীবন্ অপি মৃতঃ হি (জীবিত থাকিয়াও মৃতই) ॥ ৫৬ ॥

সা অহং (তাদৃশী জীবন্মৃতা আমি) নূনং (নিশ্চয়ই) ভগবতঃ (ভগবানের) মায়য়া (মায়াশক্তি-দ্বারা) দৃঢ়ম্ (অতিশয়) বঞ্চিতা (বঞ্চিতা হইয়াছি); যৎ (যেহেতু) বিমুক্তিদং ত্বাং (মুক্তিপ্রদ আপনাকে) প্রাপ্য (পাইয়াও) বন্ধনাৎ (সংসারবন্ধন হইতে) ন মুমুক্ষেয় (মুক্ত হইতে ইচ্ছা করি নাই) ॥ ৫৭ ॥

অনুবাদ

হয়; সেই সঙ্গই যদি সাধুজনের সহিত করা হয়, তাহা হইলে উহা ভগবদ্ভাবরূপ মুক্তির নিমিত্ত হইয়া থাকে অর্থাৎ আমি ব্রহ্মজ্ঞ আপনার সঙ্গ করিয়াছি; আমার সেই সঙ্গ এক্ষণে মুক্তির নিমিত্ত হউক ॥ ৫৫ ॥

এ জগতে যে জীবের কর্ম্ম ধর্ম্মাভিমুখী হয় না এবং ধর্ম্মাভিমুখী হইলেও বৈরাগ্যের নিমিত্ত হয় না ও সেই বৈরাগ্যের দ্বারা ঐ কর্ম্ম শ্রীহরির সেবায় পর্য্যবসিত হয় না, সেই জীব জীবিত থাকিয়াও মৃতই ॥ ৫৬ ॥

তাদৃশী জীবন্মৃতা আমি নিশ্চয়ই ভগবানের মায়াশক্তিদ্বারা বিমুগ্ধা হইয়া অতিশয় বঞ্চিতা হইয়াছি; কারণ মুক্তিপ্রদ আপনাকে পাইয়াও সংসারবন্ধন হইতে মুক্তিলাভের অভিলাষ করি নাই ॥ ৫৭ ॥

ত্রয়োবিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ২৩ ॥

টীকা

যস্মাৎ স নিঃসঙ্গো ভগবান্ তস্য ভাবঃ তত্ত্বং তস্মৈ ভগবদ্ভাবায় মুক্তয়ে কল্পতে যোগ্যো ভবতি। অধিয়াপি ময়া ত্বয়ি সাধৌ কৃতঃ সঙ্গঃ মুক্তয়ে ভবত্বিতি ভাবঃ ॥ ৫৫ ॥ মুক্তিবিরুদ্ধে কর্ম্মণি পূর্ব্বমাসক্তমাত্মানং নিন্দয়ন্ত্যাহ—নেতি দ্বাভ্যাং ॥ ৫৬ ॥ যৎ যস্মাৎ বিমুক্তিদমপি প্রাপ্য বন্ধনাৎ সংসারাৎ ন মুমুক্ষেয় মোক্তুমিচ্ছাং ন কৃতবতী ॥ ৫৭ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে তৃতীয়স্কন্ধে শ্রীমচ্ছুকদেবকৃতসিদ্ধান্ত-প্রদীপে ত্রয়োবিংশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ২৩ ॥

চতুর্ব্বিংশোঽধ্যায়ঃ

শ্রীমৈত্রেয় উবাচ

নির্ব্বেদবাদিনীমেবং মনোর্দুহিতরং মুনিঃ।
দয়ালুঃ শালিনীমাহ শুক্লাভিব্যাহৃতং স্মরন্ ॥ ১ ॥

শ্রীঋষিরুবাচ

মা খিদো রাজপুত্রীত্থমাত্মানং প্রত্যনিন্দিতে!।
ভগবাংস্তেঽক্ষরো গর্ভমদূরাৎ সম্প্রপৎস্যতে ॥ ২ ॥
ধৃতব্রতাসি ভদ্রং তে দমেন নিয়মেন চ।
তপোদ্রবিণদানৈশ্চ শ্রদ্ধয়া চেশ্বরং ভজ ॥ ৩ ॥

অন্বয়

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) দয়ালুঃ মুনিঃ (দয়ালু মহর্ষি কর্দ্দম) শুক্লাভিব্যাহৃতং (ভগবানের বাক্য) স্মরন্ (স্মরণ করিয়া) এবং নির্ব্বেদবাদিনীং (এইরূপে অনুশোচনাকারিণী) শালিনীম্ (প্রশংসনীয়া) মনোঃ দুহিতরং (মনুকন্যা দেবহূতিকে) আহ (বলিলেন) ॥ ১ ॥

শ্রীঋষিঃ উবাচ (কর্দ্দমঋষি বলিলেন) অনিন্দিতে! (হে নির্ম্মলচরিত্রে!) রাজপুত্রি! (হে মনুকন্যে!) আত্মানং প্রতি (নিজের প্রতি) ইত্থং (এই প্রকার) মা খিদঃ (ধিক্কার করিয়া খেদ করিও না); অদূরাৎ (শীঘ্রই) অক্ষরঃ ভগবান্ (পরমপুরুষ ভগবান্) তে (তোমার) গর্ভং সম্প্রপৎস্যতে (গর্ভ প্রাপ্ত হইবেন অর্থাৎ তোমার গর্ভে আবির্ভূত হইবেন) ॥ ২ ॥

[তুমি] ধৃতব্রতা অসি (ব্রতধারিণী হইয়াছ); [এক্ষণে] দমেন চ (ইন্দ্রিয় সংযম), নিয়মেন চ

অনুবাদ

মৈত্রেয়ঋষি বলিলেন—মহর্ষি কর্দ্দম প্রশংসনীয়চরিত্রা মনুকন্যা দেবহূতির এইরূপ নির্ব্বেদবাক্য শ্রবণ করিয়া দয়ার্দ্র হইলেন ও ভগবান্ যে বলিয়াছিলেন "আমি তোমার বীর্য্যে দেবহূতির গর্ভে জন্মগ্রহণ করিব" এই ভগবদ্‌বাক্য স্মরণ করিয়া তাঁহাকে বলিলেন ॥১॥

কর্দ্দমঋষি বলিলেন—হে নির্ম্মলচরিত্রে মনুকন্যে! তুমি নিজের প্রতি "আমি ভাগ্যহীনা, বঞ্চিতা" এই প্রকারে ধিক্কার করিয়া খেদ করিও না; পরমপুরুষ ভগবান্ শীঘ্রই তোমার গর্ভে আবির্ভূত হইবেন ॥ ২ ॥

তুমি পূর্ব্ব হইতেই ব্রতধারিণী হইয়া অবস্থান করিতেছ; এক্ষণে ইন্দ্রিয়সংযম,

টীকা

চতুর্ব্বিংশে ভগবদাবির্ভাবঃ ব্রহ্মমরীচ্যাদীনাং সন্তোষঃ, কর্দ্দমস্য বৈরাগ্যজ্ঞানভক্তিসাধনসম্পত্ত্যা ভগবদ্ভাবাপত্তিরূপা মুক্তিশ্চ বর্ণ্যতে। এবমুক্তপ্রকারেণ নির্ব্বেদবাদিনীং শালিনীং শ্লাঘ্যাং "সহাহং স্বাংশকলয়া" ইত্যাদি শুক্লেন ব্যাহৃতং স্মরন্ আহ ॥ ১ ॥ অদূরাদল্পকালেন ॥ ২ ॥ তাবত্তদারাধনং কুরু। স ত্বয়ারাধিতঃ পুত্রীভূতঃ ত্বদ্বন্ধনং ছেৎস্যতীত্যাহ—ধৃতব্রতাসীতি দ্বাভ্যাম্ ॥ ৩ ॥ ঔদর্য্যঃ পুত্রঃ সন্ ব্রহ্মভাবনঃ ব্রহ্ম বৃহৎস্বরূপগুণাদিপরমাত্মতত্ত্বং ভাবয়ত্যুপদিশতীতি স তথা, হৃদয়গ্রন্থিং দেহে

স ত্বয়ারাধিতঃ শুক্লো বিতন্বন্ মামকং যশঃ।
ছেত্তা তে হৃদয়গ্রন্থিমৌদর্য্যো ব্রহ্মভাবনঃ ॥ ৪ ॥

শ্রীমৈত্রেয় উবাচ

দেবহূত্যপি সন্দেশং গৌরবেণ প্রজাপতেঃ।
সম্যক্ শ্রদ্ধায় পুরুষং কূটস্থমভজদ্ গুরুম্ ॥ ৫ ॥
তস্যাং বহুতিথে কালে ভগবান্ মধুসূদনঃ।
কার্দ্দমং বীর্য্যমাপন্নো জজ্ঞেঽগ্নিরিব দারুণি ॥ ৬ ॥

অন্বয়

(স্বধর্ম্মানুষ্ঠান), তপোদ্রবিণদানৈঃ (তপস্যা, ধনদান) শ্রদ্ধয়া চ (ও শ্রদ্ধাসহকারে) ঈশ্বরং ভজ (ভগবান্‌কে ভজনা কর) ; তে ভদ্রম্ (তোমার মঙ্গল হইবে) ॥ ৩ ॥

ত্বয়া (তোমাকর্ত্তৃক) আরাধিতঃ (আরাধিত) সঃ শুক্লঃ (সেই ভগবান্) ঔদর্য্যঃ [সন্] (পুত্ররূপে আবির্ভূত হইয়া) মামকং যশঃ (আমার কীর্ত্তি) বিতন্বন্ (বিস্তার করিয়া) ব্রহ্মভাবনঃ (ও পরমাত্মতত্ত্বের উপদেষ্টা হইয়া) তে (তোমার) হৃদয়গ্রন্থিং (সংসারবন্ধন) ছেত্তা (ছেদন করিবেন) ॥৪॥

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) [হে বিদুর !] দেবহূতি অপি (দেবহূতিও) প্রজাপতেঃ (প্রজাপতি কর্দ্দমঋষির) সন্দেশম্ (উপদেশ) গৌরবেণ (অতিশ্রদ্ধার সহিত) সম্যক্ শ্রদ্ধায় (সম্পূর্ণরূপে গ্রহণ করিয়া) কূটস্থং (নির্ব্বিকার) গুরুম্ (পরমগুরু) পুরুষম্ (শ্রীহরিকে) অভজৎ (ভজনা করিতে লাগিলেন) ॥ ৫ ॥

বহুতিথে কালে (এইরূপে বহুকাল অতীত হইলে) ভগবান্ মধুসূদনঃ (ভগবান্ শ্রীহরি) কার্দ্দমং

অনুবাদ

স্বধর্ম্মানুষ্ঠান, তপস্যা, ধনদান ও শ্রদ্ধাসহকারে ভগবানের ভজনা কর; তোমার মঙ্গল হইবে ॥ ৩ ॥

হে কল্যাণি! তোমাকর্ত্তৃক আরাধিত হইয়া ভগবান্ শ্রীহরি আমাদের পুত্ররূপে তোমার গর্ভে আবির্ভূত হইবেন এবং আমার যশ বিস্তার করিয়া পরমাত্মতত্ত্বের উপদেষ্টা হইয়া তোমার সংসারবন্ধন ছেদন করিবেন অর্থাৎ দেহগেহাদিতে যে "আমি আমার" এইরূপ অভিমান, তাহা দূর করিয়া তোমাকে সংসার হইতে মুক্ত করিবেন ॥ ৪ ॥

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর! অনন্তর দেবহূতিও প্রজাপতি কর্দ্দমঋষির উপদেশ শ্রদ্ধার সহিত সম্যক্‌রূপে গ্রহণ করিয়া অজ্ঞানবিনাশক নির্ব্বিকার পরমপুরুষ শ্রীহরিকে ভজনা করিতে লাগিলেন ॥ ৫ ॥

এইরূপে বহুকাল অতীত হইলে ভগবান্ শ্রীহরি সন্তুষ্ট হইয়া কাষ্ঠ হইতে অগ্নি যেমন প্রকাশিত হয়, সেইরূপ কর্দ্দমের বীর্য্যে দেবহূতির গর্ভে তাঁহাদের পুত্ররূপে জন্মগ্রহণ করিলেন ॥ ৬ ॥

টীকা

অহন্তাং গৃহাদৌ মমতাং ছেত্তা ছেৎস্যতি, ত্বাং সংসারাৎ মোচয়িষ্যতীতি ভাবঃ ॥ ৪ ॥ সন্দেশমুপদেশং সম্যক্ শ্রদ্ধায় স্বীকৃত্য কূটস্থং নির্ব্বিকারং গুরুমজ্ঞাননিবর্ত্তকং পুরুষমভজৎ ॥ ৫ ॥ বহুতিথে

অবাদয়ংস্তদা ব্যোম্নি বাদিত্রাণি ঘনাঘনাঃ।
গায়ন্তি তং স্ম গন্ধর্ব্বা নৃত্যন্ত্যপ্সরসো মুদা ॥ ৭ ॥
পেতুঃ সুমনসো দিব্যাঃ খেচরৈরপবর্জ্জিতাঃ।
প্রসেদুশ্চ দিশঃ সর্ব্বা অম্ভাংসি চ মনাংসি চ ॥ ৮ ॥
তৎ কর্দ্দমাশ্রমপদং সরস্বত্যা পরিশ্রিতম্।
স্বয়ম্ভূঃ সাকমৃষিভির্মরীচ্যাদিভিরভ্যয়াৎ ॥ ৯ ॥

অন্বয়

বীর্য্যম্ (কর্দ্দমের বীর্য্য) আপন্নঃ (প্রাপ্ত হইয়া অর্থাৎ দেহরূপে গ্রহণ করিয়া) দারুণি অগ্নিঃ ইব (কাষ্ঠে অগ্নির ন্যায়) তস্যাং (সেই দেবহূতির গর্ভ হইতে) জজ্ঞে (পুত্ররূপে জন্মগ্রহণ করিলেন) ॥ ৬ ॥

তদা (তখন) [অর্থাৎ ভগবানের আবির্ভাব সময়ে] তং (ভগবান্‌কে লক্ষ্য করিয়া) [দেবগণ] বাদিত্রাণি (দুন্দুভি প্রভৃতি বাদ্য সকল) অবাদয়ন্ (বাজাইতে লাগিলেন), ব্যোম্নি (আকাশে) ঘনাঘনাঃ [বভূব] (নিবিড় মেঘ উত্থিত হইল), গন্ধর্ব্বাঃ গায়ন্তি স্ম (গন্ধর্ব্বগণ গান করিতে লাগিল) অপ্সরসঃ (এবং অপ্সরাগণ) মুদা (আনন্দে) নৃত্যন্তি (নৃত্য করিতে লাগিল) ॥ ৭ ॥

খেচরৈঃ (আকাশচারিগণকর্ত্তৃক) অপবর্জ্জিতাঃ (বর্ষিত হইয়া) দিব্যাঃ সুমনসঃ (স্বর্গীয় পুষ্প সকল) পেতুঃ (নিপতিত হইতে লাগিল), সর্ব্বাঃ দিশঃ (দিক্‌সকল) অম্ভাংসি চ (ও জল) মনাংসি চ (এবং সর্ব্বপ্রাণীর মন) প্রসেদুঃ চ (প্রসন্ন হইল) ॥ ৮ ॥

স্বয়ম্ভূঃ (ব্রহ্মা) সরস্বত্যা পরিশ্রিতম্ (সরস্বতীনদীপরিবেষ্টিত) তৎ কর্দ্দমাশ্রমপদং (কর্দ্দমঋষির

অনুবাদ

ভগবানের আবির্ভাবসময়ে দেবতাগণ দুন্দুভি প্রভৃতি বাদ্য সকল বাজাইতে লাগিলেন, আকাশে গাঢ় মেঘ উত্থিত হইল, গন্ধর্ব্বগণ গান করিতে লাগিল ও অপ্সরাগণ নৃত্য করিতে লাগিল ॥ ৭ ॥

তখন আকাশচারিগণকর্ত্তৃক বর্ষিত হইয়া স্বর্গীয় পুষ্প সকল নিপতিত হইতে লাগিল অর্থাৎ পুষ্পবৃষ্টি হইতে লাগিল এবং দিক্ সকল, জলাশয় সকল ও সর্ব্বপ্রাণীর মন প্রসন্ন হইল ॥ ৮ ॥

তখন ব্রহ্মা মরীচি প্রভৃতি ঋষিগণের সহিত সরস্বতীনদীপরিবেষ্টিত কর্দ্দমঋষির সেই আশ্রমে আগমন করিলেন ॥ ৯ ॥

টীকা

কালে ইতি "অতঃ সা সুষুবে সদ্যো দেবহূতিঃ স্ত্রিয়ঃ প্রজা" ইতিবৎ সদ্যো জাতত্বশঙ্কানিরাকরণার্থং ভগবতঃ স্বচ্ছন্দজাতত্ব দ্যোতনার্থং চ, বস্তুতস্তু "ভগবাংস্তেঽক্ষরো গর্ভমদূরাৎ সম্প্রপৎস্যতে" ইতি স্বভক্তেনোক্তে অল্পে ইত্যর্থঃ; বীর্য্যং প্রভাবং ভক্তিবলমাপন্নঃ শ্রেষ্ঠপুত্রার্থং তদ্ভজনং স্বীকৃত্যেত্যর্থঃ। তস্যাং জজ্ঞে প্রাদুর্বভূব। অন্যথা "হিরণ্যকেশঃ পদ্মাক্ষঃ পদ্মমুদ্রাপদাম্বুজঃ। এষ মানবি! তে গর্ভং প্রবিষ্টঃ" ইত্যনেন বিরোধঃ স্যাৎ ॥ ৬ ॥ তদা আবির্ভাববেলায়াং তং ভগবন্তমুদ্দিশ্য বাদিত্রাণি দুন্দুভ্যাদীনি অবাদয়ন্, গায়ন্তি চ; ঘনাঃ নিবিড়াঃ সঘনা ইত্যর্থঃ, মেঘা বভূবুরিতি শেষঃ ॥ ৭ ॥ অপ-

ভগবন্তং পরং ব্রহ্ম সত্ত্বেনাংশেন শত্রুহন্ ! ।
তত্ত্বসংখ্যানবিজ্ঞপ্ত্যৈ জাতং বিদ্বানজঃ স্বরাট্ ॥১০॥
সভাজয়ন্ বিশুদ্ধেন চেতসা তচ্চিকীর্ষিতম্ ।
প্রহৃষ্যমাণৈরসুভিঃ কর্দ্দমঞ্চেদমভ্যধাৎ ॥ ১১ ॥

শ্রীব্রহ্মোবাচ

ত্বয়া মেঽপচিতিস্তাত ! কল্পিতা নির্ব্ব্যলীকতঃ ।
যন্মে সংজগৃহে বাক্যং ভবান্ মানদ ! মানয়ন্ ॥১২॥

অন্বয়

সেই আশ্রমে) মরীচ্যাদিভিঃ ঋষিভিঃ সাকম্ (মরীচ্যাদি ঋষিগণের সহিত) অভ্যয়াৎ (আগমন করিলেন) ॥ ৯ ॥

শত্রুহন্ ! (হে অরিন্দম বিদুর !) স্বরাট্ অজঃ (স্বতঃসিদ্ধজ্ঞানী ব্রহ্মা) তত্ত্বসংখ্যানবিজ্ঞপ্ত্যৈ (চিৎ, অচিৎ ও ব্রহ্ম নামক তত্ত্বত্রয় যাহাতে নিরূপিত হইয়াছে, সেই সাংখ্যশাস্ত্র বিশেষরূপে উপদেশ করিবার নিমিত্ত) পরং ব্রহ্ম ভগবন্তং (পরব্রহ্ম ভগবান্) সত্ত্বেন অংশেন জাতং (শুদ্ধসত্ত্বময় অংশরূপে আবির্ভূত হইয়াছেন) বিদ্বান্ (জানিয়া) বিশুদ্ধেন চেতসা (বিশুদ্ধচিত্তে) তচ্চিকীর্ষিতং (ভগবানের অভিলষিত কার্য্যের) সভাজয়ন্ (অভিনন্দন করিয়া) প্রহৃষ্যমাণৈঃ অসুভিঃ (হৃষ্টচিত্তে) কর্দ্দমং চ (কর্দ্দম ও দেবহূতিকে) ইদম্ (এই বক্ষ্যমাণ বাক্য) অভ্যধাৎ (বলিতে লাগিলেন) ॥ ১০ ॥ ১১ ॥

শ্রীব্রহ্মা উবাচ (ব্রহ্মা বলিলেন) তাত ! (হে বৎস কর্দ্দম !) ত্বয়া (তোমাকর্ত্তৃক) মে (আমার) অপচিতিঃ (পূজা) কল্পিতা (করা হইয়াছে) ; যৎ (যেহেতু) মানদ ! (হে মানপ্রদ পুত্র !) ভবান্ (তুমি) মে (আমার) বাক্যং ("প্রজা সৃষ্টি কর" এই আদেশ) মানয়ন্ (স্বীকার করিয়া) নির্ব্ব্যলীকতঃ (অকপটভাবে) সংজগৃহে (পালন করিয়াছ) ॥ ১২ ॥

অনুবাদ

হে অরিন্দম বিদুর ! স্বতঃসিদ্ধজ্ঞানী ব্রহ্মা যাহাতে চিৎ, অচিৎ ও ব্রহ্ম নামক তত্ত্বত্রয় প্রতিপাদিত হইয়াছে, সেই সাংখ্যশাস্ত্র বিশেষরূপে উপদেশ করিবার নিমিত্ত পরব্রহ্ম ভগবান্ অবতীর্ণ হইয়াছেন জানিতে পারিয়া ভগবানের অভিলষিত কার্য্যের প্রশংসা করতঃ হৃষ্টান্তঃকরণে কর্দ্দম ও দেবহূতিকে ইহা বলিতে লাগিলেন ॥ ১০ ॥ ১১ ॥

ব্রহ্মা বলিলেন—হে বৎস কর্দ্দম ! তুমি আমার যথেষ্ট পূজা করিয়াছ ; হে মানপ্রদ

টীকা

বর্জ্জিতাঃ মুক্তাঃ, প্রসেদুঃ প্রসন্নতাং প্রাপুঃ ॥ ৮ ॥ পরিশ্রিতং পরিবেষ্টিতমাশ্রমপদমাশ্রমস্থানং সাকং সহ ॥ ৯ ॥ তত্ত্বানি বক্ষ্যমাণানি চিদচিদ্ব্রহ্মাখ্যানি সংখ্যায়ন্তে যস্মিন্ যেন বা তস্য বৈষ্ণবস্য সাংখ্য-শাস্ত্রস্য বিজ্ঞপ্ত্যৈ বিশেষতঃ অব্রহ্মাত্মকপ্রধানপ্রতিপাদকসাংখ্যশাস্ত্রবৈলক্ষণ্যতঃ জ্ঞাপনায় সত্ত্বেন ঋষি-কুলানুরূপেণ সত্ত্বস্বভাবেন জাতমাবির্ভূতং বিদ্বানজো ব্রহ্মা স্বেনোপাস্যেন ভগবতা রাজতে ইতি স্বরাট্ ভগবদধীনস্থিতিপ্রবৃত্তিকঃ তস্য ভগবতঃ চিকীর্ষিতং সভাজয়ন্ প্রহৃষ্যমাণৈরসুভিরিন্দ্রিয়ৈরুপলক্ষিতঃ কর্দ্দমং চকারাৎ দেবহূতিমিদমভ্যধাৎ অবোচৎ ইতি দ্বয়োরন্বয়ঃ ॥ ১০ ॥ ১১ ॥ তত্র কর্দ্দমং প্রত্যাহ—

এতাবত্যেব শুশ্রূষা কার্য্যা পিতরি পুত্রকৈঃ।
বাঢ়মিত্যনুমন্যেত গৌরবেণ গুরোর্ব্বচঃ ॥ ১৩ ॥
ইমা দুহিতরঃ সত্যস্তব বৎস! সুমধ্যমাঃ।
সর্গমেতং প্রভাবৈঃ স্বৈর্বৃংহয়িষ্যন্তি নৈকধা ॥ ১৪ ॥
অতস্ত্বমৃষিমুখ্যেভ্যো যথাশীলং যথারুচি।
আত্মজাঃ পরিদেহ্যদ্য বিস্তৃণীহি যশো ভুবি ॥১৫ ॥

অন্বয়

[পুত্রগণের] গুরোঃ (পিতার) বচঃ (আজ্ঞাবাক্য) গৌরবেণ (গৌরবের সহিত) বাঢ়ম্ ("যেমন আদেশ তাহাই করিব") ইতি (এইরূপে) অনুমন্যেত (স্বীকার করা কর্ত্তব্য) ; পুত্রকৈঃ (সৎপুত্রগণের) পিতরি (পিতার প্রতি) এতাবতী এব শুশ্রূষা কার্য্যা (এইরূপ সেবা করাই কর্ত্তব্য) ॥ ১৩ ॥

বৎস! (হে কর্দ্দম!) তব (তোমার) সুমধ্যমাঃ (সুন্দরী) সত্যঃ (সতী) ইমাঃ দুহিতরঃ (এই কন্যাগণ) স্বৈঃ প্রভাবৈঃ (নিজ নিজ বংশের দ্বারা) এতং সর্গং (এই সৃষ্টিকে) নৈকধা (বহু প্রকারে) বৃংহয়িষ্যন্তি (বর্দ্ধিত করিবে) ॥ ১৪ ॥

অতঃ (অতএব) ত্বম্ (তুমি) অদ্য (আজ) যথাশীলং যথারুচি (কন্যাগণের চরিত্র ও রুচির অনুরূপ) ঋষিমুখ্যেভ্যঃ (ঋষিশ্রেষ্ঠ মরীচি প্রভৃতিকে) আত্মজাঃ (কন্যাগণ) পরিদেহি (সম্প্রদান কর) ভুবি (এবং পৃথিবীতে) যশঃ (নিজকীর্ত্তি) বিস্তৃণীহি (বিস্তার কর) ॥ ১৫]

অনুবাদ

পুত্র! আমি তোমাকে যে প্রজাসৃষ্টি করিবার আদেশ করিয়াছিলাম, তুমি আমার সেই আদেশ স্বীকার করিয়া অকপটভাবে গ্রহণ করিয়াছ অর্থাৎ প্রজাসৃষ্টি করিয়াছ ॥ ১২ ॥

পিতা আদেশ করিলে "যেমন আদেশ তাহাই করিব" এইরূপ গৌরবের সহিত যে পিতৃআজ্ঞা পালন করা, তাহাই পিতৃশুশ্রূষা; পিতার প্রতি পুত্রগণের এইরূপ শুশ্রূষা করাই কর্ত্তব্য ॥ ১৩ ॥

হে কর্দ্দম! তোমার এই সাধ্বী সুন্দরী কন্যাগণ নিজ নিজ বংশবিস্তারের দ্বারা আমার এই সৃষ্টিকে নানাপ্রকারে বর্দ্ধিত করিবে ॥ ১৪ ॥

অতএব আজই তুমি তোমার এই কন্যাগণের চরিত্র ও রুচির অনুরূপ মরীচি প্রভৃতি শ্রেষ্ঠ ঋষিগণকে কন্যা সম্প্রদান করিয়া জগতে তোমার কীর্ত্তি বিস্তার কর ॥ ১৫ ॥

টীকা

ত্বয়েতি পঞ্চভিঃ। হে তাত! পুত্র! অপচিতিঃ পূজা কল্পিতা কৃতা ॥ ১২ ॥ যদ্‌গুরোঃ পিতুঃ বচঃ আজ্ঞাবাক্যং বাঢ়মিত্যনুমন্যেত এতাবত্যেব শুশ্রূষা পুত্রকৈঃ পিতরি কার্য্যা ॥ ১৩ ॥ ১৪ ॥ ঋষিমুখ্যেভ্যঃ মরীচ্যাদিভ্যঃ, ন তু ভগবদবতারেভ্যঃ সনৎকুমারাদিভ্যঃ "সনকাদ্যা নারদশ্চ রিভুর্হংসোঽরুণির্যতিঃ। নৈতে গৃহান্ ব্রহ্মসুতা হ্যাবসন্নূর্দ্ধ্বরেতসঃ ॥ ইতি তেষামূর্দ্ধ্বরেতস্ত্বাৎ ॥ ১৫ ॥ আদ্যং বিশ্বহেতুং

বেদাহমাদ্যং পুরুষমবতীর্ণং স্বমায়য়া।
ভূতানাং শেবধিং দেহং বিভ্রাণং কপিলং মুনে! ॥১৬॥
জ্ঞানবিজ্ঞানযোগেন কর্ম্মণামুদ্ধরন্ জটাঃ।
হিরণ্যকেশঃ পদ্মাক্ষঃ পদ্মমুদ্রাপদাম্বুজঃ ॥ ১৭ ॥
এষ মানবি! তে গর্ভং প্রবিষ্টঃ কৈটভার্দ্দনঃ।
অবিদ্যাসংশয়গ্রন্থিং ছিত্ত্বা গাং বিচরিষ্যতি ॥ ১৮ ॥
অয়ং সিদ্ধগণাধীশঃ সাংখ্যাচার্য্যৈঃ সুসম্মতঃ।
লোকে কপিল ইত্যাখ্যাং গন্তা তে কীর্ত্তিবর্দ্ধনঃ ॥১৯॥

অন্বয়

মুনে! (হে কর্দ্দম!) দেহং (অপ্রাকৃত শরীর) বিভ্রাণং (ধারণকারী) কপিলং (কপিলরূপী তোমার পুত্রকে) অহং (আমি) ভূতানাং (প্রাণিগণের) শেবধিং (সর্ব্বাভীষ্টপ্রদ) স্বমায়য়া (নিজকৃপায়) অবতীর্ণম্ আদ্যং পুরুষং (অবতীর্ণ জগৎকারণ সনাতন পুরুষ ভগবান্ বলিয়া) বেদ (জানি) ॥১৬॥

মানবি! (হে মনুকন্যে!) জ্ঞানবিজ্ঞানযোগেন (শাস্ত্রোক্ত পরোক্ষজ্ঞান ও সাক্ষাৎকারাত্মক অপরোক্ষজ্ঞান উপদেশের দ্বারা) [জীবগণের] কর্ম্মণাং জটাঃ (কর্ম্মের মূলভূত বাসনা) উদ্ধরন্ (উৎপাটন করিবার অভিলাষী হইয়া) পদ্মমুদ্রাপদাম্বুজঃ (যাঁহার চরণকমল পদ্মচিহ্নে চিহ্নিত), পদ্মাক্ষঃ (লোচন কমলসদৃশ) হিরণ্যকেশঃ (ও কেশকলাপ স্বর্ণবর্ণ), কৈটভার্দ্দনঃ (সেই কৈটভদৈত্যারি শ্রীহরি) তে (তোমার) গর্ভং প্রবিষ্টঃ (গর্ভে প্রবেশ করিয়াছেন); এষঃ (এই তোমার পুত্ররূপে আবির্ভূত কপিলরূপধারী সাক্ষাৎ ভগবান্) [তে] (তোমার) অবিদ্যাসংশয়গ্রন্থিং (অজ্ঞানজনিত যে সংশয়রূপ হৃদয়গ্রন্থি, তাহা) ছিত্ত্বা (ছেদন করিয়া) গাং বিচরিষ্যতি (পৃথিবীতে বিচরণ করিবেন) ॥ ১৭ ॥ ১৮ ॥

অয়ম্ (এই তোমার পুত্র) সিদ্ধগণাধীশঃ (সিদ্ধগণের অধীশ্বর), সাংখ্যাচার্য্যৈঃ সুসম্মতঃ (সাংখ্য-

অনুবাদ

হে বৎস কর্দ্দম! প্রাণিগণের সর্ব্বাভীষ্টপ্রদ জগৎকারণ পরমপুরুষ ভগবান্ অপ্রাকৃত দেহ ধারণ করিয়া তোমার পুত্র কপিলরূপে অবতীর্ণ হইয়াছেন ইহা আমি জানি ॥ ১৬ ॥

হে মনুকন্যে! যাঁহার চরণ পদ্মচিহ্নে চিহ্নিত, নয়ন কমলসদৃশ ও কেশকলাপ স্বর্ণবর্ণ, সেই কৈটভদৈত্যারি শ্রীহরি জ্ঞানবিজ্ঞান উপদেশের দ্বারা জীবগণের কর্ম্মের মূলভূত বাসনাসমূহ উৎপাটন করিবার অভিলাষী হইয়া তোমার গর্ভে প্রবেশ করিয়াছেন; তোমার পুত্ররূপে আবির্ভূত কপিলরূপধারী ভগবান্ শ্রীহরি তোমার অজ্ঞানজনিত সংশয় দূর করিয়া পৃথিবীতে বিচরণ করিবেন ॥ ১৭ ॥ ১৮ ॥

হে মনুকন্যে! তোমার এই পুত্র সিদ্ধগণের অধীশ্বর ও সাংখ্যাচার্য্যগণকর্ত্তৃক

টীকা

ভূতানাং শেবধিং নিধিং সর্ব্বার্থদং দেহমপ্রাকৃতং বিভ্রাণং মায়য়া কৃপয়া অবতীর্ণমহং বেদ ॥ ১৬ ॥ অথ দেবহূতিং প্রত্যাহ জ্ঞানেতি ত্রিভিঃ। কর্ম্মণাং জটাঃ তন্মূলভূতা বাসনাঃ জ্ঞানবিজ্ঞানয়োর্যোগেন

শ্রীমৈত্রেয় উবাচ

তাবাশ্বাস্য জগৎস্রষ্টা কুমারৈঃ সহনারদঃ।
হংসো হংসেন যানেন ত্রিধামপরমং যযৌ ॥ ২০ ॥
গতে শতধৃতৌ ক্ষত্তঃ! কর্দ্দমস্তেন চোদিতঃ।
যথোচিতং স্বদুহিতৃঃ প্রাদাদ্বিশ্বসৃজাং ততঃ ॥ ২১ ॥
মরীচয়ে কলাং প্রাদাদনসূয়ামথাত্রয়ে।
শ্রদ্ধামঙ্গিরসেঽযচ্ছৎ পুলস্ত্যায় হবির্ভুবম্ ॥ ২২ ॥

অন্বয়

চার্য্যগণকর্ত্তৃক সুপূজিত) তে কীর্ত্তিবর্দ্ধনঃ [চ সন্] (ও তোমার যশোবর্দ্ধক হইয়া) লোকে (জগতে) কপিল ইতি আখ্যাং (কপিল এই নাম) গন্তা (প্রাপ্ত হইবে) ॥ ১৯ ॥

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) জগৎস্রষ্টা হংসঃ (জগন্নির্ম্মাতা ব্রহ্মা) তৌ (দেবহূতি ও কর্দ্দমঋষিকে) আশ্বাস্য (আশ্বাস প্রদান করিয়া) সহনারদঃ (নারদ) কুমারৈঃ [সহ] (ও সনকাদি কুমারগণের সহিত) হংসেন যানেন (হংসযানে আরোহণ করিয়া) ত্রিধামপরমং (মহরাদি লোকত্রয়ের শ্রেষ্ঠ সত্যলোকে) যযৌ (গমন করিলেন) ॥২০॥

ক্ষত্তঃ! (হে বিদুর!) ততঃ (অনন্তর) শতধৃতৌ (ব্রহ্মা) গতে (চলিয়া গেলে) তেন চোদিতঃ (ব্রহ্মাকর্ত্তৃক আদিষ্ট) কর্দ্দমঃ (কর্দ্দম ঋষি) স্বদুহিতৃঃ (নিজের কন্যাগণকে) যথোচিতং (যোগ্যতানুসারে) বিশ্বসৃজাং (প্রজাপতি ঋষিগণের করে) প্রাদাৎ (সম্প্রদান করিলেন) ॥ ২১ ॥

[কর্দ্দমঋষি] মরীচয়ে (মরীচি নামক মুনিকে) কলাং (কলা নাম্নী কন্যা) প্রাদাৎ (সম্প্রদান

অনুবাদ

সুপূজিত হইবেন এবং তোমার যশোবৃদ্ধি করতঃ জগতে "কপিল" এই নামে বিখ্যাত হইবেন ॥ ১৯ ॥

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর! জগৎস্রষ্টা ব্রহ্মা দেবহূতি ও কর্দ্দমঋষিকে এইরূপে আশ্বাস প্রদান করিয়া নারদ ও সনকাদি কুমারগণের সহিত হংসযানে আরোহণ করতঃ মহরাদি লোকত্রয়ের শ্রেষ্ঠ সত্যলোকে গমন করিলেন ॥ ২০ ॥

হে বিদুর! অনন্তর ব্রহ্মা চলিয়া গেলে ব্রহ্মাকর্ত্তৃক আদিষ্ট হইয়া কর্দ্দমঋষি স্বীয় কন্যাগণকে মরীচি প্রভৃতি ঋষিগণের করে সম্প্রদান করিলেন ॥২১॥

কর্দ্দমঋষি মরীচি ঋষিকে কলা নাম্নী কন্যা, অত্রিমুনিকে অনসূয়া নাম্নী কন্যা, অঙ্গিরা-ঋষিকে শ্রদ্ধা নাম্নী কন্যা ও পুলস্ত্যঋষিকে হবির্ভূ নাম্নী কন্যা সম্প্রদান করিলেন ॥ ২২ ॥

টীকা

উপদেশেন উদ্ধরন্ উদ্ধরিষ্যন্ হিরণ্যকেশোপলক্ষিতনিত্যদেহযুক্ত এব তে গর্ভং প্রবিষ্টঃ। তে অবিদ্যাসংশয়গ্রন্থিম্ অজ্ঞানজন্যসংশয়গ্রন্থিম্ ছিত্বা অন্যেষামজ্ঞানজন্যসংশয়গ্রন্থিং ছিন্দন্ গাং বিচরিষ্যতীত্যন্বয়ঃ ॥ ১৭—১৯ ॥ হংসঃ হেয়োপাদেয়বিৎ ব্রহ্মা সহনারদঃ নারদেন সহিতঃ কুমারৈঃ সহেতি শেষঃ। ত্রিধামপরমং লোকত্রয়াৎ পরে মহরাদয়ো লোকাঃ তেভ্যোঽপি শ্রেষ্ঠত্বাৎ ত্রিধাম্নঃ

পুলহায় গতিং যুক্তাং ক্রতবে চ ক্রিয়াং সতীম্ ।
খ্যাতিঞ্চ ভৃগবেঽযচ্ছদ্ বশিষ্ঠায়াপ্যরুন্ধতীম্ ॥ ২৩ ॥
অথর্ব্বণেঽদদাচ্ছান্তিং যয়া যজ্ঞো বিতন্যতে ।
বিপ্রর্ষভান্ কৃতোদ্বাহান্ সদারান্ সমলালয়ৎ ॥২৪॥
ততস্তু ঋষয়ঃ ক্ষত্তঃ ! কৃতদারা নিমন্ত্র্য তম্ ।
প্রাতিষ্ঠন্ নন্দিমাপন্নাঃ স্বং স্বমাশ্রমমণ্ডলম্ ॥ ২৫ ॥

অন্বয়

করিলেন) ; অথ (অনন্তর) অত্রয়ে (অত্রি নামক মুনিকে) অনসূয়াম্ (অনসূয়া নাম্নী কন্যা), অঙ্গিরসে (অঙ্গিরা নামক মুনিকে) শ্রদ্ধাং (শ্রদ্ধা নাম্নী কন্যা) পুলস্ত্যায় (ও পুলস্ত্য নামক ঋষিকে) হবির্ভুবং (হবির্ভূ নাম্নী কন্যা) অযচ্ছৎ (সম্প্রদান করিলেন) ॥২২॥

[কর্দ্দম ঋষি] পুলহায় (পুলহ নামক ঋষিকে) যুক্তাং (উপযুক্তা) গতিং (গতি নাম্নী কন্যা), ক্রতবে চ (ক্রতু নামক ঋষিকে) সতীং ক্রিয়াং (সাধ্বী ক্রিয়া নাম্নী কন্যা) ভৃগবে চ (ও ভৃগু নামক ঋষিকে) খ্যাতিং (খ্যাতি নাম্নী কন্যা) বশিষ্ঠায় অপি (এবং বশিষ্ঠ নামক ঋষিকে) অরুন্ধতীম্ (অরুন্ধতী নাম্নী কন্যা) অযচ্ছৎ (সম্প্রদান করিলেন) ॥২৩॥

[কর্দ্দম ঋষি] যয়া যজ্ঞঃ বিতন্যতে (যাহা দ্বারা যজ্ঞ বিস্তৃত হইয়া থাকে), [সেই] শান্তিং (শান্তি নাম্নী কন্যা) অথর্ব্বণে (অথর্ব্ব নামক ঋষিকে) অদদাৎ (সম্প্রদান করিলেন)। [তিনি] কৃতোদ্বাহান্ (বিবাহিত) সদারান্ (সস্ত্রীক) বিপ্রর্ষভান্ (শ্রেষ্ঠ মরীচ্যাদি ঋষিগণকে) [দান ও সম্মানাদির দ্বারা] সমলালয়ৎ (সন্তুষ্ট করিলেন) ॥২৪॥

ক্ষত্তঃ ! (হে বিদুর !) ততঃ (অনন্তর) কৃতদারাঃ তে ঋষয়ঃ (সস্ত্রীক সেই ঋষিগণ) তম্ (কর্দ্দম-ঋষিকে) নিমন্ত্র্য (জিজ্ঞাসা করিয়া অর্থাৎ তাঁহার অনুমতি লইয়া) নন্দিম্ আপন্নাঃ (আনন্দিত হইয়া) স্বং স্বম্ আশ্রমমণ্ডলং (নিজ নিজ আশ্রমে) প্রাতিষ্ঠন্ (প্রস্থান করিলেন) ॥ ২৫ ॥

অনুবাদ

তিনি পুলহঋষিকে তাঁহার উপযুক্তা গতি নাম্নী কন্যা, ক্রতুঋষিকে সাধ্বী ক্রিয়া নাম্নী কন্যা, ভৃগু ঋষিকে খ্যাতি নাম্নী কন্যা এবং বশিষ্ঠঋষিকে অরুন্ধতী নাম্নী কন্যা সম্প্রদান করিলেন ॥ ২৩ ॥

তিনি যাহাদ্বারা যজ্ঞ বিস্তৃত হইয়া থাকে, সেই শান্তি নাম্নী কন্যা অথর্ব্বঋষিকে সম্প্রদান করিলেন। অনন্তর তিনি বিবাহিত সস্ত্রীক সেই ব্রাহ্মণশ্রেষ্ঠ মরীচ্যাদি ঋষিগণকে যথাযোগ্য দান ও সম্মানাদিদ্বারা সন্তুষ্ট করিলেন ॥ ২৪ ॥

হে বিদুর ! অতঃপর সস্ত্রীক ঋষিগণ কর্দ্দমঋষির অনুমতি লইয়া আনন্দিত হৃদয়ে নিজ নিজ আশ্রমে প্রস্থান করিলেন ॥ ২৫ ॥

টীকা

লোকত্রয়াং পরমঃ অত্যুৎকৃষ্টঃ সত্যলোকস্তম্ ॥ ২০-২২ ॥ যুক্তাং যোগ্যাম্ ॥ ২৩ ॥ শান্তিং শান্ত্যাখ্য-গুণশ্রেষ্ঠস্য অধিষ্ঠাত্রীং দেবতাম্ ; যয়া যজ্ঞো বিষ্ণুঃ বিতন্যতে তৎপ্রতিপাদকশাস্ত্রাধ্যয়নাদিদ্বারা

স চাবতীর্ণং ত্রিযুগমাজ্ঞায় বিবুধর্ষভম্ ।
বিবিক্ত উপসঙ্গম্য প্রণম্য সমভাষত ॥ ২৬ ॥

শ্রীকর্দ্দম উবাচ

অহো পাপচ্যমানানাং নিরয়ে স্বৈরমঙ্গলৈঃ ।
কালেন ভূয়সা নূনং প্রসীদন্তীহ দেবতাঃ ॥ ২৭ ॥
বহুজন্মবিপক্কেন সম্যগ্‌যোগসমাধিনা ।
দ্রষ্টুং যতন্তে যতয়ঃ শূন্যাগারেষু যৎপদম্ ॥ ২৮ ॥

অন্বয়

সঃ চ (কর্দ্দমঋষিও) বিবুধর্ষভম্ (দেবশ্রেষ্ঠ) ত্রিযুগং (ষড়ৈশ্বর্য্যশালী বিষ্ণুকে) [নিজগৃহে] অবতীর্ণম্ আজ্ঞায় (অবতীর্ণ জানিয়া) বিবিক্তে (নির্জ্জনে) উপসঙ্গম্য (তাঁহার সমীপে গমন করিয়া) প্রণম্য (প্রণাম করতঃ) সমভাষত (বলিলেন) ॥ ২৬ ॥

শ্রীকর্দ্দমঃ উবাচ (কর্দ্দমঋষি বলিলেন) অহো ! (আহা !) স্বৈঃ অমঙ্গলৈঃ (নিজ নিজ বিষয়াসক্তির দ্বারা) ইহ নিরয়ে (এই সংসারে) পাপচ্যমানানং (পুনঃ পুনঃ সন্তাপিত জীবগণের) [মঙ্গলের জন্য] দেবতাঃ (দেবতাগণ) ভূয়সা কালেন (সুদীর্ঘ কাল পরে) [তাহাদের প্রতি] নূনং (নিশ্চয়ই) প্রসীদন্তি (প্রসন্ন হইয়া থাকেন) ॥ ২৭ ॥

যতয়ঃ (মুনিগণ) বহুজন্মবিপক্কেন (বহুজন্মে সুসিদ্ধ) সম্যগ্‌যোগসমাধিনা (ভক্তিযোগ ও চিত্তৈকাগ্রতার দ্বারা) শূন্যাগারেষু (নির্জ্জন স্থানে) যৎ পদং (যাঁহার শ্রীচরণ) দ্রষ্টুং (দর্শন করিবার জন্য) যতন্তে (যত্ন করিয়া থাকেন) [পরের শ্লোকের সহিত অন্বয়] ॥ ২৮ ॥

অনুবাদ

কর্দ্দমঋষিও দেবশ্রেষ্ঠ ভগবান্ বিষ্ণুকে নিজগৃহে অবতীর্ণ জানিয়া একান্তে তাঁহার সমীপে গমন করতঃ প্রণাম করিয়া বলিলেন ॥ ২৬ ॥

কর্দ্দমঋষি বলিলেন—আহা ! এই সংসারে নিজ নিজ বিষয়াসক্তিরূপ অনর্থজালের দ্বারা পুনঃ পুনঃ সন্তাপিত জীবগণের মঙ্গলের জন্য নিশ্চয়ই দেবতাগণ সুদীর্ঘ কাল পরে প্রসন্ন হইয়া থাকেন ॥ ২৭ ॥

মুনিগণ বহুজন্মে সুসিদ্ধ ভক্তিযোগের দ্বারা চিত্ত সমাহিত করিয়া নির্জ্জনে যাঁহার চরণ দর্শন করিবার জন্য যত্ন করিয়া থাকেন, আজ সেই ভগবান্ আমার গৃহে অবতীর্ণ হইয়াছেন ॥ ২৮ ॥

টীকা

লোকে বিস্তার্য্যতে ইত্যর্থঃ। কর্দ্দমোঽপি তথৈব সদারান্ সমলালয়ং সন্তোষিতবান্ ॥ ২৪ ॥ নন্দিং হর্ষম্ প্রাপ্তাঃ, নিমন্ত্র্য পৃষ্ট্বা ॥ ২৫ ॥ ত্রীণি যুগানি ঐশ্বর্য্যাদিলক্ষণানি যস্য তম্ ॥ ২৬ ॥ নিরয়ে সংসারে অমঙ্গলৈঃ রাগাদিভিঃ পাপচ্যমানানাং সন্তপ্যমানানাম্ ॥ ২৭ ॥ যোগে ভক্তিযোগে সমাধিশ্চিত্তৈকাগ্র্যং তেন ॥২৮॥২৯॥৩০॥ অরূপিণঃ প্রাকৃতরূপরহিতস্য তব যানি যানি দ্বিভুজচতুর্ভুজাদীনি রূপাণি,

স এব ভগবানদ্য হেলনং ন গণয্য নঃ।
গৃহেষু জাতো গ্রাম্যাণাং যঃ স্বানাং পক্ষপোষণঃ ॥২৯॥
স্বীয়ং বাক্যমৃতং কর্ত্তুমবতীর্ণোঽসি মে গৃহে।
চিকীর্ষুর্ভগবান্ জ্ঞানং ভক্তানাং মানবর্দ্ধনঃ ॥ ৩০ ॥
তান্যেব তেঽভিরূপাণি রূপাণি ভগবংস্তব।
যানি যানি চ রোচন্তে স্বজনানামরূপিণঃ ॥ ৩১ ॥

অন্বয়

অদ্য (আজ) সঃ এব ভগবান্ (সেই ভগবানই) গ্রাম্যাণাং (গ্রাম্যজনের) হেলনং (হীনতা) ন গণয্য (উপেক্ষা করিয়া) নঃ (আমাদের) গৃহেষু জাতঃ (গৃহে আবির্ভূত হইয়াছেন); যঃ (যেহেতু ঐ ভগবান্) স্বানাং (স্বীয় ভক্তগণের) পক্ষপোষণঃ (পক্ষপাতী)॥ ২৯॥

ভগবান্ (ষড়ৈশ্বর্য্যশালী আপনি) ভক্তানাং (ভক্তগণের) মানবর্দ্ধনঃ (মানবর্দ্ধক); [অতএব] স্বীয়ং বাক্যম্ ("তোমার পুত্র হইয়া জন্মিব" এই নিজ বাক্য) ঋতং কর্ত্তুং (সত্য করিবার জন্য) জ্ঞানং চিকীর্ষুঃ (জ্ঞানের উপায় সাংখ্যশাস্ত্র প্রচার করিতে ইচ্ছা করিয়া) মে গৃহে (আমার গৃহে) অবতীর্ণোঽসি (অবতীর্ণ হইয়াছেন)॥ ৩০॥

ভগবন্! (হে ষড়ৈশ্বর্য্যশালিন্!) অরূপিণঃ (প্রাকৃতরূপরহিত) তব (আপনার) যানি যানি চ রূপাণি (যে যে দ্বিভুজ চতুর্ভুজাদি রূপ), তান্যেব (সেই সকল রূপই) তে (আপনার) অভিরূপাণি (যোগ্য); [আর সেই সকল রূপই] স্বজনানাং (নিজ ভক্তগণের) রোচন্তে (প্রীতিপ্রদ হইয়া থাকে)॥ ৩১॥

অনুবাদ

আজ সেই ভগবান্ই আমার মত গ্রাম্যজনের হীনতা উপেক্ষা করিয়া আমাদের গৃহে অবতীর্ণ হইয়াছেন; কারণ ঐ ভগবান্ স্বীয় ভক্তগণের পক্ষপাতী॥ ২৯॥

হে ভগবন্! আপনি নিজভক্তগণের মানবর্দ্ধক হইয়া থাকেন; এই জন্যই "আমি তোমার পুত্ররূপে জন্মিব" এই আপনার নিজবাক্য সত্য করিবার জন্য জ্ঞানের উপায় সাংখ্যশাস্ত্র প্রচার করিতে অভিলাষী হইয়া আমার গৃহে অবতীর্ণ হইয়াছেন॥ ৩০॥

হে ভগবন্! আপনি প্রাকৃতরূপরহিত; আপনার যে সকল দ্বিভুজ চতুর্ভুজাদি অপ্রাকৃতরূপ আছে, সেই সকল রূপই আপনার যোগ্যরূপ এবং সেই সকল রূপই আপনার ভক্তগণের অতি প্রীতিপদ অর্থাৎ আপনি যখন যখন সেই অপ্রাকৃত পরমমঙ্গলমূর্ত্তি ধারণ করিয়া ভক্তমনোরথ পূরণের নিমিত্ত আবির্ভূত হন, সেই সেই সময়ে আপনার ভক্তগণ তাদৃশ মূর্ত্তি দর্শনে কৃতার্থ হইয়া থাকেন। এক্ষণে আমি আপনার এই রূপ দর্শনে কৃতার্থ হইলাম॥ ৩১॥

টীকা

তান্যেব তেঽভিরূপাণি যোগ্যানি, তান্যেব স্বজনানাং রোচন্তে। অপ্রাকৃতপরমমঙ্গলরূপেণ যদা যদা ভক্তমনোরথপূরণার্থমাবির্ভবসি, তদা তদা তত্তদ্রূপেণ তে কৃতার্থা ভবন্তি। ইদানীমনেন রূপেণাহং

ত্বাং সূরিভিস্তত্ত্ববুভুৎসয়াদ্ধা সদাভিবাদার্হণপাদপীঠম্।
ঐশ্বর্য্যবৈরাগ্যযশোঽববোধ-বীর্য্যশ্রিয়া পূর্ত্তমহং প্রপদ্যে ॥৩২॥
পরং প্রধানং পুরুষং মহান্তং কালং কবিং ত্রিবৃতং লোকপালম্।
আত্মানুভূত্যানুগতপ্রপঞ্চং স্বচ্ছন্দশক্তিং কপিলং প্রপদ্যে ॥৩৩॥

অন্বয়

[হে ভগবন্!] সূরিভিঃ (নিত্যমুক্ত জ্ঞানিগণকর্ত্তৃক) সদা (সর্ব্বদা) অভিবাদার্হণপাদপীঠম্ (যাঁহার চরণকমল বন্দিত হইয়া থাকে) ঐশ্বর্য্যবৈরাগ্যযশোঽববোধবীর্য্যশ্রিয়া পূর্ত্তম্ (এবং ঐশ্বর্য্য, বৈরাগ্য, যশ, জ্ঞান, বীর্য্য ও শ্রী এই ষড়ৈশ্বর্য্যে যিনি পরিপূর্ণ), [তং] ত্বাং (তাদৃশ আপনাকে) অদ্ধা (সাক্ষাৎ) তত্ত্ববুভুৎসয়া (তত্ত্বজ্ঞান ইচ্ছা করিয়া) অহং প্রপদ্যে (আমি আশ্রয় লইলাম) ॥৩২॥

[শক্তি ও শক্তিমান্, কার্য্য ও কারণ ইহাদের স্বাভাবিক ভেদাভেদ সম্বন্ধ ; অতএব চেতনাচেতনাত্মক ভগবান্ই উপাস্য ; এক্ষণে কর্দ্দমঋষি সর্ব্বশক্তি ও সর্ব্বকারণকারণ সেই ভগবানের শরণাপন্ন হইতেছেন] পরং (চিদচিৎ হইতে ভিন্নস্বরূপ), পুরুষং (প্রকৃতিনিয়ন্তা), প্রধানং (প্রকৃত্যাত্মক), মহান্তং ত্রিবৃতং চ (মহত্তত্ত্ব ও অহঙ্কারতত্ত্বস্বরূপ), কালং (কালশক্তিস্বরূপ), লোকপালম্ (নানা অধিকারে নিযুক্ত লোকপালস্বরূপ), স্বচ্ছন্দশক্তিম্ (স্বাধীন শক্তিশালী), কবিম্ (সর্ব্বজ্ঞ) আত্মানুভূত্যা (এবং নিজ জ্ঞান-শক্তির দ্বারা) অনুগতপ্রপঞ্চং (যাঁহাতে প্রপঞ্চ অর্থাৎ জগৎ প্রকাশিত, সেই) কপিলং (পুত্ররূপী কপিলদেবের) প্রপদ্যে (শরণ লইলাম) ॥ ৩৩ ॥

অনুবাদ

নিত্যমুক্ত জ্ঞানিগণ যাঁহার চরণ সর্ব্বদা বন্দনা করিয়া থাকেন এবং যিনি ঐশ্বর্য্য, বৈরাগ্য, যশ, জ্ঞান, বীর্য্য ও শ্রী এই ষড়ৈশ্বর্য্যে পরিপূর্ণ, হে ভগবন্! আমি তত্ত্বসমূহের জ্ঞান সাক্ষাৎ-ভাবে উপলব্ধি করিতে ইচ্ছা করিয়া তাদৃশ আপনার আশ্রয় লইলাম ॥ ৩২ ॥

[শক্তি ও শক্তিমানের, কার্য্য ও কারণের পরস্পর ভেদাভেদ সম্বন্ধ ; অতএব চেতনা-চেতনাত্মক ভগবান্ই উপাস্য। এক্ষণে কর্দ্দমঋষি সর্ব্বশক্তি ও সর্ব্বকারণকারণ সেই ভগবানের শরণাপন্ন হইতেছেন]—হে ভগবন্! আপনি সকল চিদচিৎ হইতে ভিন্নস্বরূপ, প্রকৃতিশক্তির নিয়ন্তা ও পরমপুরুষ ; আপনি আবার প্রকৃতি হইতে ভিন্নও নহেন এবং কার্য্যাবস্থায় আপনি মহৎ ও অহঙ্কারতত্ত্বরূপে আবির্ভূত হইয়া থাকেন, আপনিই কালশক্তিস্বরূপ ; আপনি নানা অধিকারে লোকপালস্বরূপ হইয়া অবস্থান করিতেছেন, আপনি স্বাধীন শক্তিশালী ও সর্ব্বজ্ঞ এবং নিজ জ্ঞানশক্তিদ্বারা সমস্ত জগৎ দর্শন করিতেছেন ; এইরূপ পুত্ররূপী কপিলদেব আপনাকে আমি আশ্রয় করিলাম অর্থাৎ আপনার শরণাপন্ন হইলাম ॥ ৩৩ ॥

টীকা

কৃতার্থোঽস্মীতি ভাবঃ ॥ ৩১ ॥ "সদা পশ্যন্তি সূরয়ঃ" ইতি শ্রুতিমুপবৃংহয়ন্ অপ্রাকৃতরূপং ভগবন্তং শরণং ব্রজতি—সূরিভির্নিত্যমুক্তৈঃ সদা অভিবাদার্হণপাদপীঠম্। ঐশ্বর্য্যাদিভিঃ পূর্ত্তং পূর্ণং তমেব ত্বামহং তত্ত্ববুভুৎসয়া প্রপদ্যে শরণং ব্রজামি ॥ ৩২ ॥ শক্তিশক্তিমতোঃ কার্য্যকারণয়োশ্চ স্বাভাবিকো ভেদাভেদঃ। অতশ্চেতনাচেতনরূপঃ ভগবানেবোপাসনীয়ঃ। "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম তজ্জলানিতি শান্ত উপাসীত" ইত্যাদিশ্রুতিমুপবৃংহয়ন্ স্বভাবতঃ সর্ব্বভিন্নাভিন্নং সর্ব্বশক্তিং সর্ব্বকারণকারণং ভগবন্তং

আত্মাভিপৃচ্ছেঽদ্য পতিং প্রজানাং ত্বয়াবতীর্ণার্ণ উতাপ্তকামঃ।
পরিব্রজৎপদবীমাস্থিতোঽহং চরিষ্যে ত্বা হৃদি যুঞ্জন্ বিশোকঃ॥৩৪॥

শ্রীভগবানুবাচ

ময়া প্রোক্তং হি লোকস্য প্রমাণং সত্যলৌকিকে।
অথাজনি ময়া তুভ্যং যদবোচমৃতং মুনে!॥ ৩৫॥

অন্বয়

ত্বয়া (পুত্ররূপী আপনাকর্ত্তৃক) অবতীর্ণার্ণঃ (ঋণমুক্ত) উত আপ্তকামঃ (ও পূর্ণমনোরথ হইয়া) অহং (আমি) পরিব্রজৎপদবীম্ (সন্ন্যাসিগণের পথে) আস্থিতঃ (অবস্থান করতঃ) ত্বা (আপনাকে) হৃদি যুঞ্জন্ (হৃদয়ে স্মরণ করিতে করিতে) বিশোকঃ (শোকরহিত হইয়া) চরিষ্যে (বিচরণ করিব) [ইতি] (ইহাই) প্রজানাং পতিং (প্রজাপালক আপনাকে) অদ্য (অধুনা) আত্মাভিপৃচ্ছে (জিজ্ঞাসা করিতেছি অর্থাৎ ইহাই আপনার নিকটে প্রার্থনা করিতেছি)॥ ৩৪॥

শ্রীভগবান্ উবাচ (ভগবান্ বলিলেন) মুনে! (হে কর্দ্দম!) সত্যলৌকিকে (নিত্য মোক্ষ ও অনিত্য ভোগে) ময়া প্রোক্তং হি ("ইহা মোক্ষসাধন ও ইহা ভোগসাধন" এই আমার বাক্য)

অনুবাদ

হে ভগবন্! আপনি পুত্ররূপে আমার গৃহে অবতীর্ণ হওয়ায় আমি দেবঋণ, পিতৃঋণ ও ঋষিঋণ এই ঋণত্রয় হইতে মুক্ত ও পূর্ণমনোরথ হইলাম; এক্ষণে আমি সন্ন্যাসিগণের পথ অবলম্বন করিয়া আপনাকে হৃদয়ে ধ্যান করিতে করিতে শোকরহিত হইয়া বিচরণ করিব, ইহাই আজ প্রজাপালক আপনাকে আমি জিজ্ঞাসা করিতেছি অর্থাৎ ইহাই আজ আপনার নিকটে আমি প্রার্থনা করিতেছি॥ ৩৪॥

ভগবান্ বলিলেন—হে মহর্ষে কর্দ্দম! নিত্য মোক্ষ ও অনিত্য ভোগ বিষয়ে "ইহা

টীকা

শরণং ব্রজতি—পরমিতি। পরং স্বরূপতঃ সর্ব্বচিদচিদ্বিলক্ষণং পুরুষং প্রধানপ্রেরকাবতাররূপং, প্রধানং প্রকৃত্যভিন্নং, মহান্তম্ ত্রিবৃতঞ্চ কার্য্যাবস্থাপন্নম্, কালং সর্ব্বপ্রাকৃতক্ষোভককালশক্ত্যভিন্নম্, লোকপালম্ নানাধিকারযুক্তজীবাভিন্নমংশাংশিনোঃ স্বাভাবিকভেদাভেদসম্বন্ধাৎ। স্বচ্ছন্দাঃ স্বাধীনাঃ স্বাপৃথক্-স্থিত্যাদিমত্ত্বেন স্বতো ভিন্না শক্তয়ো যস্য তম্, কবিং সর্ব্বজ্ঞম্, স্বানুভূত্যা আত্মজ্ঞানশক্ত্যা সৃষ্টিসংহারবিবেকরূপয়া অনুগতঃ প্রবিষ্টঃ প্রপঞ্চো যস্মিন্ তং কপিলং পুত্রীভূতং প্রপদ্যে॥ ৩৩॥ এবমাত্মানং ভগবচ্ছরণং নিরূপ্য ভগবচ্ছরণস্য অন্যঋণিত্বাভাবাৎ ত্বাং স্মরন্ ত্যক্তগার্হস্থ্যঃ পরিব্রাড়্রূপেণ ত্বদাজ্ঞয়া বিচরিষ্যামীতি প্রার্থয়তে, ত্বয়া শরণেন অবতীর্ণানি ঋণানি যস্য সঃ, আপ্তকামঃ আপ্তঃ প্রাপ্তঃ কাম্যতে মহামুনিভিরিতি কামঃ শরণভূতো ভবান্ যেন সঃ। পরিব্রজতাং পদবীমাস্থিতঃ ত্বাং যুঞ্জন্ স্মরন্ বিশোকঃ চরিষ্যে ইতি আত্মাভিপৃচ্ছে অভিমুখ্যেন পৃচ্ছামি শরণাগতস্য ঋণিত্বাভাবঃ বক্ষ্যতে। "দেবর্ষিভূতাপ্তনৃণাং পিতৃণাং ন কিঙ্করো নায়মৃণী চ রাজন্। সর্ব্বাত্মনা যঃ শরণং শরণ্যং গতো মুকুন্দং পরিহৃত্য কর্ত্তম্॥" ইতি॥ ৩৪॥ স্বোক্তস্য সর্ব্ব-গ্রাহ্যত্বং স্বস্য সত্যপ্রতিজ্ঞত্বং স্বপ্রাদুর্ভাবপ্রয়োজনং বিশোকঃ গচ্ছ গত্বা চ মদ্ভজনপরো ভব। মদ্-

এতন্মে জন্ম লোকেঽস্মিন্ মুমুক্ষূণাং দুরাশয়াৎ।
প্রসংখ্যানায় তত্ত্বানাং সম্মতায়াত্মদর্শনে ॥ ৩৬ ॥
এষ আত্মপথোঽব্যক্তো নষ্টঃ কালেন ভূয়সা।
তং প্রবর্ত্তয়িতুং দেহমিমং বিদ্ধি ময়া ধৃতম্ ॥ ৩৭ ॥

অন্বয়

লোকস্য প্রমাণম্ (লোকে প্রমাণরূপে গৃহীত হইয়া থাকে); অথ (অতএব) তুভ্যং (তোমাকে) যদবোচম্ (যে "তোমার পুত্ররূপে জন্মিব বলিয়া" বলিয়াছি), [তদ্বচঃ] (সেই বাক্য) ঋতং (সত্য) [করিবার জন্য] ময়া অজনি (আমি জন্মগ্রহণ করিয়াছি) ॥ ৩৫ ॥

অস্মিন্ লোকে (এই জগতে) দুরাশয়াৎ (সংসার হইতে) মুমুক্ষূণাং (মুক্তিকামী জনগণের) আত্মদর্শনে (আত্মজ্ঞানের) সম্মতায় (উপায়স্বরূপ) তত্ত্বানাং (তত্ত্বসমূহের) প্রসংখ্যানায় (সম্যক্‌রূপে উপদেশ করিবার নিমিত্ত) মে (আমার) এতদ্ জন্ম (এই জন্ম) [বিদ্ধি] (জানিবে) ॥ ৩৬ ॥

অব্যক্তঃ (গূঢ়) এষঃ আত্মপথঃ (এই মদীয় জ্ঞানমার্গ) ভূয়সা কালেন (সুদীর্ঘ কালে) নষ্টঃ (নষ্টপ্রায় হইয়াছে); তং (সেই জ্ঞানমার্গ) প্রবর্ত্তয়িতুং (প্রবর্ত্তন করিবার জন্য) ময়া (আমি) ইমং দেহং (এই দেহ) ধৃতং (ধারণ করিয়াছি বলিয়া) বিদ্ধি (জানিবে) ॥ ৩৭ ॥

অনুবাদ

মোক্ষসাধন ও ইহা ভোগসাধন" এই যে আমার বাক্য, তাহাই লোকে প্রমাণরূপে গৃহীত হইয়া থাকে ; অতএব আমি যে তোমাকে তোমার পুত্ররূপে জন্মিব বলিয়াছিলাম, এক্ষণে সেই বাক্য সত্য করিবার জন্য আমি তোমার গৃহে জন্মগ্রহণ করিয়াছি ॥ ৩৫ ॥

হে মহর্ষে! এই জগতে সংসার হইতে যাহারা মুক্ত হইতে ইচ্ছা করেন, তাহাদের আত্মজ্ঞানের উপায়স্বরূপ তত্ত্বসমূহ সম্যক্‌রূপে উপদেশ করিবার নিমিত্ত আমি জন্মগ্রহণ করিয়াছি বলিয়া জানিবে ॥ ৩৬ ॥

মদীয় এই গূঢ় জ্ঞানমার্গ সুদীর্ঘকালে নষ্টপ্রায় হইয়াছে ; হে মহর্ষে! সেই জ্ঞানমার্গ প্রবর্ত্তন করিবার জন্যই আমার এই দেহধারণ জানিবে ॥ ৩৭ ॥

টীকা

ভজনেন মুক্তিং মদ্ভাবাপত্তিলক্ষণাং প্রাপ্স্যসি, মাতরঞ্চ কৃতার্থাং করিষ্যমীত্যাহ ভগবান্—ময়েতি ষড়্ভিঃ। হে মুনে! সত্যলৌকিকে সত্যে নিত্যে মোক্ষে, লৌকিকে অনিত্যে ভোগে চ ইদং মুক্তি-সাধনমিদং ভুক্তিসাধনমিত্যেবং যন্ময়োক্তং তৎ লোকস্য প্রমাণম্। অথ অতএব তুভ্যং তব পুত্রো ভবিষ্যামীতি যদবোচং, তৎ ঋতং সত্যং যথা স্যাৎ তথা ময়া অজনি জন্ম স্বীকৃতম্ ॥ ৩৫ ॥ দুষ্টঃ আশয়ো যস্মিন্, তস্মাৎ সংসারাৎ মুমুক্ষূণাম্ আত্মদর্শনে মদীয়জ্ঞানে সম্মতায় তত্ত্বানাং প্রসংখ্যানায় মে জন্ম বিদ্ধীত্যুত্তরস্যানুষঙ্গঃ ॥ ৩৬ ॥ আত্মপথঃ মদীয়জ্ঞানমার্গঃ অব্যক্তঃ গূঢ়ঃ। অতএব নষ্টঃ ॥ ৩৭ ॥ ময়া আপৃষ্টঃ অনুজ্ঞাতঃ ময়ি সন্ন্যস্তেন সমর্পিতেন কর্ম্মণা মৃত্যুং পুনর্মরণহেতুভূতাং গৃহাসক্তিং

গচ্ছ কামং ময়াপৃষ্টো ময়ি সন্ন্যস্তকর্ম্মণা।
জিত্বা সুদুর্জ্জয়ং মৃত্যুমমৃতত্বায় মাং ভজ ॥ ৩৮ ॥
মামাত্মানং স্বয়ংজ্যোতিঃ সর্ব্বভূতগুহাশয়ম্।
আত্মন্যেবাত্মনাত্মীক্ষন্ বিশোকোঽভয়মৃচ্ছসি ॥ ৩৯ ॥
মাত্রে চাধ্যাত্মিকীং বিদ্যাং শমনীং সর্ব্বকর্ম্মণাম্।
বিতরিষ্যে যয়া চাসৌ ভয়ঞ্চাতিতরিষ্যতি ॥ ৪০ ॥

অন্বয়

[হে মহর্ষে !] ময়া আপৃষ্টঃ (আমাকর্ত্তৃক অনুজ্ঞাত হইয়া) [তুমি] ময়ি (আমাতে) সন্ন্যস্তকর্ম্মণা (কর্ম্ম সমর্পণ করতঃ) সুদুর্জ্জয়ং মৃত্যুং জিত্বা (পুনঃ পুনঃ জন্মমরণরূপ সংসারাসক্তি পরিত্যাগ করিয়া) কামং গচ্ছ (সুখে বনে গমন কর) অমৃতত্বায় (এবং মোক্ষের নিমিত্ত) মাং (আমাকে) ভজ (ভজনা কর) ॥ ৩৮ ॥

[হে মুনে !] আত্মনি এব (তুমি হৃদয়মধ্যে) আত্মনা (মনের দ্বারা) আত্মানং (পরমাত্মস্বরূপ), সর্ব্বভূতগুহাশয়ং (সকল প্রাণিগণের অন্তরে বর্ত্তমান) স্বয়ংজ্যোতিঃ (ও স্বপ্রকাশ) মাম্ (আমাকে) অন্বীক্ষন্ (দর্শন করতঃ) বিশোকঃ [সন্] (শোকরহিত হইয়া) অভয়ং (মদ্ভাব অর্থাৎ মোক্ষ) ঋচ্ছসি (প্রাপ্ত হইবে) ॥ ৩৯ ॥

[আমি] মাত্রে চ (মাতাকেও) সর্ব্বকর্ম্মণাম্ শমনীং (সকল কর্ম্মের উচ্ছেদকারিণী) আধ্যাত্মিকীং বিদ্যাং (আধ্যাত্মিকবিদ্যা) বিতরিষ্যে (প্রদান করিব) ; যয়া চ অসৌ (ঐ আধ্যাত্মিকী বিদ্যাদ্বারা মাতা দেবহূতি) ভয়ম্ চ অতিতরিষ্যতি (সংসার অতিক্রম করিবে ও মোক্ষ প্রাপ্ত হইবে) ॥ ৪০ ॥

অনুবাদ

হে মুনে ! আমি তোমাকে অনুমতি প্রদান করিতেছি ; তুমি আমাতে সমস্ত কর্ম্ম অর্পণ করিয়া পুনঃ পুনঃ জন্মমরণের কারণ গৃহাসক্তি পরিত্যাগ করতঃ বনে গমন কর এবং মোক্ষ লাভের জন্য আমাকে ভজনা কর ॥ ৩৮ ॥

হে মহর্ষে ! আমি প্রাণিগণের অন্তরে বর্ত্তমান আছি এবং স্বপ্রকাশ ও পরমাত্মা স্বরূপ ; তুমি নিজের হৃদয়মধ্যে মনের দ্বারা আমাকে দর্শন করতঃ শোকরহিত হইয়া অচিরেই মোক্ষপদ প্রাপ্ত হইবে ॥ ৩৯ ।

মাতা দেবহূতিকেও আমি সকল কর্ম্মের ক্ষয়কারী আধ্যাত্মিক জ্ঞান বিতরণ করিব ; ঐ আধ্যাত্মিক বিদ্যাদ্বারা মাতা দেবহূতি সংসার অতিক্রম করিবে ও মোক্ষ প্রাপ্ত হইবে ॥ ৪০ ॥

টীকা

জিত্বা কামং যথাসুখং গচ্ছ। অমৃতত্বায় মোক্ষায় মাং ভজ ॥ ৩৮ ॥ আত্মনি স্বস্মিন্ আত্মনা মনসা মামন্বীক্ষ্য অভয়ং মদ্ভাবমৃচ্ছসি প্রাপ্নুসি ॥ ৩৯ ॥ ভয়ং সংসারমতিতরিষ্যতি চকারান্মদ্ভাবং প্রাপ্স্যসি ॥ ৪০ ॥ সম্যগুক্তঃ ॥ ৪১ ॥ আত্মা পরমাত্মৈব একঃ শরণং যস্য সঃ মৌনমন্তর্বৃত্তিত্বম্

শ্রীমৈত্রেয় উবাচ

এবং সমুদিতস্তেন কপিলেন প্রজাপতিঃ।
দক্ষিণীকৃত্য তং প্রীতো বনমেব জগাম হ ॥ ৪১ ॥
ব্রতং স আস্থিতো মৌনমাত্মৈকশরণো মুনিঃ।
নিঃসঙ্গো ব্যচরৎ ক্ষৌণীমনগ্নিরনিকেতনঃ ॥ ৪২ ॥
মনো ব্রহ্মণি যুঞ্জানো যৎ তৎ সদসতোঃ পরম্।
গুণাবভাসে বিগুণ একভক্ত্যানুভাবিতে ॥ ৪৩ ॥
নিরহঙ্কৃতির্নির্ম্মমশ্চ নির্দ্বন্দ্বঃ সমদৃক্ স্বদৃক্।
প্রত্যক্ প্রশান্তধীর্ধীরঃ প্রশান্তোর্ম্মিরিবোদধিঃ ॥ ৪৪ ॥

অন্বয়

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) [হে বিদুর!] এবং (এইরূপে) তেন কপিলেন (সেই কপিলদেবকর্ত্তৃক) সমুদিতঃ (সম্যক্‌রূপে উপদিষ্ট হইয়া) প্রজাপতিঃ (কর্দ্দমঋষি) তং (সেই কপিলদেবকে) দক্ষিণীকৃত্য (প্রদক্ষিণ করতঃ) প্রীতঃ (হৃষ্টচিত্তে) বনমেব জগাম হ (বনে গমন করিলেন) ॥ ৪১ ॥

সঃ আত্মৈকশরণঃ মুনিঃ (সেই ভগবৎপরায়ণ কর্দ্দমঋষি) মৌনং ব্রতং (মৌনব্রত) আস্থিতঃ (অবলম্বন করতঃ) নিঃসঙ্গঃ (সঙ্গরহিত), অনগ্নিঃ (অগ্নিরহিত), অনিকেতনঃ (ও বাসগৃহশূন্য হইয়া) ক্ষৌণীং (পৃথিবীতে) ব্যচরৎ (বিচরণ করিতে লাগিলেন) ॥ ৪২ ॥

[কর্দ্দম ঋষি] যৎ (যিনি) সদসতোঃ পরম্ (স্থূল ও সূক্ষ্মের অতীত), তৎ [তস্মিন্] বিগুণে (সেই প্রাকৃত গুণরহিত), গুণাবভাসে (কল্যাণগুণযুক্ত) একভক্ত্যা (ও ঐকান্তিক ভক্তিদ্বারা) অনুভাবিতে (হৃদয়ে প্রকাশিত) ব্রহ্মণি (পরব্রহ্মে) মনঃ যুঞ্জানঃ (মনোনিবেশ করিলেন) ॥ ৪৩ ॥

[তিনি তখন] নিরহঙ্কৃতিঃ (দেহাত্মাভিমানশূন্য), নির্ম্মমঃ চ (গৃহাদিতে মমত্ববুদ্ধি-

অনুবাদ

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর! এইরূপে কপিলদেবকর্ত্তৃক উপদিষ্ট হইয়া প্রজাপতি কর্দ্দমঋষি তাঁহাকে প্রদক্ষিণ করতঃ হৃষ্টচিত্তে বনে গমন করিলেন ॥ ৪১ ॥

অনন্তর ভগবৎপরায়ণ কর্দ্দমঋষি মৌনব্রত অবলম্বন করতঃ সঙ্গশূন্য, অগ্নিশূন্য ও নির্দ্দিষ্ট বাসগৃহশূন্য হইয়া পৃথিবীতে বিচরণ করিতে লাগিলেন ॥ ৪২ ॥

যিনি স্থূল ও সূক্ষ্মের অতীত, কল্যাণগুণযুক্ত ও প্রাকৃতগুণরহিত এবং ঐকান্তিক ভক্তিদ্বারা যাঁহাকে দর্শন করা যায়, কর্দ্দমঋষি সেই পরব্রহ্মে চিত্ত সমাধান করিলেন ॥ ৪৩ ॥

তিনি তখন দেহাত্মাভিমান ও গৃহাদিতে মমত্ববুদ্ধি পরিত্যাগ করিয়াছিলেন

টীকা

॥ ৪২ ॥ গুণাবভাসে কল্যাণগুণবতি বিগুণে হেয়গুণরহিতে যদ্‌ব্রহ্ম সদসতোঃ স্থূলসূক্ষ্ময়োঃ পরং তস্মিন্ ॥ ৪৩ ॥ নিরহঙ্কৃতিঃ দেহাত্মাভিমানশূন্যঃ নির্ম্মমঃ দেহাদৌ মমতারহিতঃ সমদৃক্ অভিসমদৃক্ স্বদৃক্

বাসুদেবে ভগবতি সর্ব্বজ্ঞে প্রত্যগাত্মনি।
পরেণ ভক্তিভাবেন লব্ধাত্মা মুক্তবন্ধনঃ ॥ ৪৫ ॥
আত্মানং সর্ব্বভূতেষু ভগবন্তমবস্থিতম্।
অপশ্যৎ সর্ব্বভূতানি ভগবত্যপি চাত্মনি ॥ ৪৬ ॥
ইচ্ছাদ্বেষবিহীনেন সর্ব্বত্র সমচেতসা।
ভগবদ্ভক্তিযোগেন প্রাপ্তা ভাগবতী গতিঃ ॥ ৪৭ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে
কাপিলেয়ে কর্দ্দমপ্রব্রজ্যা নাম চতুর্ব্বিংশোঽধ্যায়ঃ ॥ ২৪ ॥

অন্বয়

রহিত), নির্দ্বন্দ্বঃ (শীতোষ্ণাদি সহনশীল), সমদৃক্ (সমদর্শী), স্বদৃক্ (স্বয়ংই সমস্ত বিষয়ে জ্ঞানবান্), প্রত্যক্‌প্রশান্তধীঃ (সর্ব্বজীবে সমভাবাপন্ন) ধীরঃ (ও অচঞ্চল হইয়া) প্রশান্তোর্ম্মিঃ উদধিঃ ইব (তরঙ্গ-বিহীন সমুদ্রের ন্যায়) [প্রতীত হইতেছিলেন] ॥ ৪৪ ॥

[কর্দ্দমঋষি] সর্ব্বজ্ঞে প্রত্যগাত্মনি (সর্ব্বজ্ঞ ও সর্ব্বান্তর্য্যামী) ভগবতি বাসুদেবে (ভগবান্ শ্রীহরিতে) পরেণ ভক্তিভাবেন (ঐকান্তিক ভক্তিভাবের দ্বারা) লব্ধাত্মা (আত্মদর্শী) মুক্তবন্ধনঃ (ও সংসার-বন্ধন হইতে মুক্ত হইয়া) আত্মানং (সর্ব্বাশ্রয়) ভগবন্তং (ভগবান্‌কে) সর্ব্বভূতেষু (সকল প্রাণীতে) অবস্থিতম্ অপশ্যৎ (অবস্থিত দেখিতে পাইলেন) আত্মনি ভগবতি অপি চ (এবং পরমাত্মা ভগবান্ শ্রীহরিতেও) সর্ব্বভূতানি [অপশ্যৎ] (সকল প্রাণিগণকে অবস্থিত দেখিতে পাইলেন) ॥ ৪৫—৪৬ ॥

[অনন্তর] ইচ্ছাদ্বেষবিহীনেন (রাগদ্বেষবর্জ্জিত) সর্ব্বত্র সমচেতসা (ও সর্ব্বত্র সমভাবাপন্ন কর্দ্দমঋষি) ভগবদ্ভক্তিযোগেন (ভক্তিযোগের দ্বারা) ভাগবতী গতিঃ (অর্চ্চিরাদি মার্গে গমনপূর্ব্বক ভগবদ্ভাবাপত্তিরূপ মুক্তি) প্রাপ্তা (প্রাপ্ত হইলেন) ॥ ৪৭ ॥

অনুবাদ

এবং শীতোষ্ণাদি দ্বন্দ্বসহনশীল, সমদর্শী ও স্বয়ংই সমস্ত বিষয়ে জ্ঞানবান্ হইয়াছিলেন; তিনি অচঞ্চল হইয়া সর্ব্বজীবের প্রতি সমভাব পোষণ করতঃ তরঙ্গবিহীন সমুদ্রের ন্যায় প্রতীয়মান হইতেছিলেন ॥ ৪৪ ॥

তিনি সর্ব্বান্তর্য্যামী সর্ব্বজ্ঞ ভগবান্ বাসুদেবে পরম ভক্তিভাব স্থাপন করিলেন; তাহাতে তাঁহার আত্মদর্শন হইল ও সংসারবন্ধন হইতে তিনি মুক্ত হইলেন; তখন তিনি সর্ব্বাশ্রয় ভগবান্‌কে সর্ব্বভূতে অবস্থিত দেখিতে পাইলেন এবং সর্ব্বাত্মা ভগবানেও সকল প্রাণিগণকে অবস্থিত দেখিতে পাইলেন ॥ ৪৫ ॥ ৪৬ ॥

কর্দ্দমঋষি রাগদ্বেষাদি বর্জ্জন করিয়া সর্ব্বত্র সমভাবাপন্ন হইলেন; অনন্তর ভক্তি-যোগের দ্বারা অর্চ্চিরাদি মার্গে গমনপূর্ব্বক ভগবদ্ভাবপ্রাপ্তিরূপ মুক্তিলাভ করিলেন ॥ ৪৭ ॥

চতুর্ব্বিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ২৪ ॥

টীকা

দেহেন্দ্রিয়মনোবুদ্ধিপ্রাণাদিবিলক্ষণজ্ঞানস্বরূপজ্ঞাতৃত্বাদিধর্ম্মকাণুপরিমাণভগবদায়ত্তস্বরূপানুসন্ধানবান্ অতএব প্রত্যগাত্মনি জীবে প্রশান্তা ধীর্যস্য সঃ ॥ ৪৪ ॥ বাসুদেবে ব্রহ্মণি প্রত্যগাত্মনি প্রত্যঞ্চো জীবস্য আত্মনি আশ্রয়ে অংশিনি যঃ পরঃ ধ্রুবানুস্মৃত্যাখ্যঃ ভক্তিভাবঃ তেন লব্ধঃ সাক্ষাদ্‌দৃষ্টঃ আত্মা বাসুদেবপরব্রহ্মাদি-শব্দাভিধেয়ো যেন সঃ, মুক্তানি বন্ধনানি বাসুদেবাদন্যত্র রাগাদীনি যস্য সঃ, আত্মানং সর্ব্বাশ্রয়ং ভগবন্তং সর্ব্বভূতেষু এবং ভূতানি ভগবতি চ যঃ অপশ্যৎ ॥ ৪৫ ॥ ৪৬ ॥ স ভাগবতীং গতিমর্চ্চিরাদিগতিং প্রাপ্তঃ অর্চ্চিরাদিমার্গেণ ভগবদ্ভাবাপত্তিরূপাং মুক্তিং প্রাপ্ত ইত্যর্থঃ ॥ ৪৭ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে তৃতীয়স্কন্ধে শ্রীমচ্ছুকদেবকৃত-
সিদ্ধান্তপ্রদীপে চতুর্ব্বিংশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ২৪ ॥

পঞ্চবিংশোঽধ্যায়ঃ

শ্রীশৌনক উবাচ

কপিলস্তত্ত্বসংখ্যাতা ভগবানাত্মমায়য়া।
জাতঃ স্বয়মজঃ সাক্ষাদাত্মপ্রজ্ঞপ্তয়ে নৃণাম্ ॥ ১ ॥
ন হ্যস্য বর্ষ্মণঃ পুংসাং বরিষ্ঠস্য শ্রুতেষু বৈ।
বিশ্রুতৌ শ্রুতদেবস্য ভূরি তৃপ্যন্তি মেঽসবঃ ॥ ২ ॥

অন্বয়

শ্রীশৌনকঃ উবাচ (শৌনক বলিলেন) স্বয়ম্ অজঃ [অপি] সাক্ষাৎ ভগবান্ (স্বয়ং জন্মরহিত হইয়াও সাক্ষাৎ ভগবান্) আত্মমায়য়া (নিজ কৃপাদ্বারা) নৃণাং (মানবগণের নিকটে) আত্মপ্রজ্ঞপ্তয়ে (পরমাত্মার স্বরূপ জ্ঞাপনের নিমিত্ত) তত্ত্বসংখ্যাতা কপিলঃ [সন্] জাতঃ (তত্ত্বসমূহের উপদেষ্টা কপিলরূপে জন্মগ্রহণ করিয়াছেন) ॥ ১ ॥

বর্ষ্মণঃ (যিনি সর্ব্বোত্তম), বরিষ্ঠঃ (সর্ব্বশ্রেষ্ঠ) শ্রুতদেবস্য (ও শাস্ত্রশ্রবণে শ্রোতার হৃদয়ে যিনি প্রকাশিত হন, সেই) অস্য (ভগবান্ বাসুদেবের) বিশ্রুতৌ (কীর্ত্তি শ্রবণাদিবিষয়ে) মে (আমার), সর্ব্বযোগিনাম্ (যোগিগণের) পুংসাং চ (ও জীবগণের) অসবঃ (ইন্দ্রিয়সমূহ) ভূরি ন হি তৃপ্যন্তি (পরিতৃপ্ত হইতেছে না) ॥ ২ ॥

অনুবাদ

শৌনক বলিলেন—হে সূত! স্বয়ং জন্মশূন্য হইয়াও সাক্ষাৎ ভগবান্ নিজ কৃপাগুণে মানবগণের নিকটে পরমাত্মার স্বরূপ জ্ঞাপনের নিমিত্ত তত্ত্বসমূহের উপদেষ্টা কপিলরূপে জন্মগ্রহণ করিয়াছেন ॥ ১ ॥

যিনি সর্ব্বশ্রেষ্ঠ ও সর্ব্বোত্তম এবং শাস্ত্র শ্রবণ করিলে শ্রোতার হৃদয়ে যিনি প্রকাশিত হন, সেই ভগবান্ বাসুদেবের কীর্ত্তিকলাপ শ্রবণ করিয়া আমাদের, যোগিগণের, এমন কি সমস্ত জীবগণেরও ইন্দ্রিয়সমূহ তৃপ্তিলাভ করিতে পারে না ॥ ২ ॥

টীকা

অথ নবভিরধ্যায়ৈঃ কপিলদেবহূতিসম্বাদঃ পরমাদ্ভুতো বর্ণ্যতে। তত্র তাবৎ পঞ্চবিংশে মাত্রা পৃষ্টঃ শ্রীকপিলো মোক্ষোপায়ং পরমভক্তিলক্ষণং ধ্যানং তৎসাধনম্ জ্ঞানবৈরাগ্যযুক্তং সৎসঙ্গবললভ্যং ভক্তিযোগং চাহেতি বর্ণ্যতে। তত্রাদৌ কপিলোক্তসিদ্ধান্তং শুশ্রূষুঃ শৌনকঃ পৃচ্ছতি—কপিল ইতি ত্রিভিঃ। আত্মমায়য়া স্বকৃপয়া আত্মপ্রজ্ঞপ্তয়ে পরমাত্মস্বরূপগুণাদিজ্ঞাপনায় ॥ ১ ॥ অস্য প্রস্তুতস্য কপিলস্য—"কপিলো বাসুদেবাখ্যঃ সাংখ্যং তত্ত্বং জগাদ হ। ব্রহ্মাদিভ্যশ্চ দেবেভ্যো ভৃগ্বাদিভ্যস্তথৈব চ॥ তথৈবাসুরয়ে সর্ব্ববেদার্থৈরুপবৃংহিতম্। সর্ব্ববেদবিরুদ্ধঞ্চ কপিলোঽন্যো জগাদ হ॥ সাংখ্যমাসুরয়েঽন্যস্মৈ কুতর্কপরিবৃংহিতম্" ইতি পাদ্মাৎ বাসুদেবস্য অতএব বর্ষ্মণঃ বৃদ্ধস্য বরিষ্ণঃ বরিষ্ঠস্য শ্রুতেন শাস্ত্রশ্রবণেন দীব্যতি শ্রোতৃহৃদি প্রকাশতে ইতি স তথা, তস্য বিশ্রুতৌ কীর্ত্তৌ মে মম সর্ব্বেষাং যোগিনাম্ ভগবজ্জ্ঞান-ভক্তিযোগসম্পন্নানামিতরেষাং পুংসাং চ অসব ইন্দ্রিয়াণি ভূরি অলং ন তৃপ্যন্তি ॥ ২ ॥ স্বচ্ছন্দাত্মা

যদ্ যদ্বিধত্তে ভগবান্ স্বচ্ছন্দাত্মাত্মমায়য়া।
তানি মে শ্রদ্দধানস্য কীর্ত্তন্যান্যনুকীর্ত্তয় ॥ ৩ ॥

শ্রীসূত উবাচ

দ্বৈপায়নসখস্ত্বেবং মৈত্রেয়ো ভগবাংস্তথা।
প্রাহেদং বিদুরং প্রীত আন্বীক্ষিক্যাং প্রচোদিতঃ ॥ ৪ ॥

শ্রীমৈত্রেয় উবাচ

পিতরি প্রস্থিতেঽরণ্যং মাতুঃ প্রিয়চিকীর্ষয়া।
তস্মিন্ বিন্দুসরেঽবাৎসীৎ ভগবান্ কপিলঃ কিল ॥ ৫ ॥

অন্বয়

স্বচ্ছন্দাত্মা (ভক্তেচ্ছানুরূপ বিগ্রহধারী) ভগবান্ (ভগবান্ শ্রীহরি) আত্মমায়য়া (কৃপাহেতু) যৎ যৎ (যে যে লীলা) বিধত্তে (করিয়াছেন), শ্রদ্ধধানস্য মে (শ্রদ্ধাশীল আমার নিকটে) কীর্ত্তন্যানি তানি (কীর্ত্তনীয় সেই সকল চরিত্র) অনুকীর্ত্তয় (কীর্ত্তন করুন) ॥ ৩ ॥

শ্রীসূতঃ উবাচ (সূত বলিলেন) এবং (তোমাকর্ত্তৃক আমি যেমন জিজ্ঞাসিত হইয়াছি), তথা (সেইরূপ) [বিদুরকর্ত্তৃক] দ্বৈপায়নসখঃ (ব্যাসদেবের বন্ধু) ভগবান্ মৈত্রেয়ঃ তু (ভগবান্ মৈত্রেয় ঋষিও) আন্বীক্ষিক্যাং (আত্মবিদ্যাবিষয়ে) প্রচোদিতঃ (জিজ্ঞাসিত হইয়া) প্রীতঃ (সন্তুষ্টচিত্তে) বিদুরং (বিদুরকে) ইদং (এই বক্ষ্যমাণ বাক্য) প্রাহ (বলিয়াছিলেন) ॥ ৪ ॥

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) পিতরি (পিতা কর্দ্দম) অরণ্যং প্রস্থিতে (অরণ্যে প্রস্থান করিলে) ভগবান্ কপিলঃ (ভগবান্ কপিলদেব) মাতুঃ (জননীর) প্রিয়চিকীর্ষয়া (প্রিয় কার্য্য করিতে ইচ্ছা করিয়া) তস্মিন্ বিন্দুসরে (সেই বিন্দুসর নামক আশ্রমে) অবাৎসীৎ কিল (বাস করিতে লাগিলেন) ॥ ৫ ॥

অনুবাদ

হে ব্রহ্মন্! ভক্তেচ্ছানুরূপ বিগ্রহধারী ভগবান্ শ্রীহরি জীবসমূহের প্রতি দয়া-পরবশ হইয়া যে যে লীলা প্রকাশ করিয়াছেন, আপনি শ্রদ্ধাশীল আমার নিকটে কীর্ত্তনীয় সেই চরিত্র সকল কীর্ত্তন করুন ॥ ৩ ॥

সূত বলিলেন—হে শৌনক! তুমি আমাকে যেমন আত্মবিদ্যাবিষয়ে জিজ্ঞাসা করিলে, সেইরূপ বিদুরও ব্যাসদেবের বন্ধু ভগবান্ মৈত্রেয়ঋষিকে জিজ্ঞাসা করিলে তিনি সন্তুষ্ট হইয়া বিদুরকে এই বক্ষ্যমাণ বাক্য বলিয়াছিলেন ॥ ৪ ॥

মৈত্রেয়ঋষি বলিলেন—পিতা কর্দ্দমঋষি অরণ্যে প্রস্থান করিলে ভগবান্ কপিলদেব জননীর প্রিয় কার্য্য করিতে ইচ্ছা করিয়া সেই বিন্দুসর নামক আশ্রমে বাস করিতে লাগিলেন ॥ ৫ ॥

টীকা

স্ববশোঽপি আত্মস্থ জীবেষু যা মায়া কৃপা তয়া যদ্ যচ্চরিত্রং বিধত্তে, তানি চরিত্রাণি কীর্ত্তন্যানি কীর্ত্তনার্হাণি অনুকীর্ত্তয় ॥ ৩ ॥ যথা ত্বয়া অহম্ আন্বীক্ষিক্যামাত্মবিদ্যায়াং প্রচোদিতঃ, এবং চোদিতো বিদুরেণেতি

তমাসীনমকর্ম্মাণং তত্ত্বমার্গাগ্রদর্শনম্ ।
স্বসুতং দেবহূত্যাহ ধাতুঃ সংস্মরতী বচঃ ॥ ৬ ॥

শ্রীদেবহূতিরুবাচ

নির্ব্বিণ্ণা নিতরাং ভূমন্নসদিন্দ্রিয়তর্ষণাৎ ।
যেন সম্ভাব্যমানেন প্রপন্নান্ধং তমঃ প্রভো ! ॥ ৭ ॥
তস্য ত্বং তমসোঽন্ধস্য দুষ্পারস্যাদ্য পারগম্ ।
সচ্চক্ষুর্জ্জন্মনামন্তে লব্ধং মে ত্বদনুগ্রহাৎ ॥ ৮ ॥

অন্বয়

দেবহূতী (কপিলমাতা) ধাতুঃ বচঃ (ব্রহ্মার বাক্য) সংস্মরতী (স্মরণ করিয়া) আসীনং (উপবিষ্ট) তত্ত্বমার্গাগ্রদর্শনম্ (তত্ত্বমার্গের পারপ্রদর্শক) অকর্ম্মাণং (কর্ম্মপরিত্যাগী) তম্ স্বসুতম্ (সেই নিজপুত্র কপিলদেবকে) আহ (বলিলেন) ॥ ৬ ॥

শ্রীদেবহূতিঃ উবাচ (দেবহূতি বলিলেন) ভূমন্ ! (হে সর্ব্বব্যাপিন্ !) প্রভো ! (হে পরমেশ্বর !) অসদিন্দ্রিয়তর্ষণাৎ (দুষ্ট ইন্দ্রিয়সমূহের বিষয়লোভহেতু) [আমি] নিতরাং নির্ব্বিণ্ণা (অতিশয় কাতর হইয়া পড়িয়াছি) ; সম্ভাব্যমানেন যেন (ঐ সকল বিষয়াভিলাষ পরিপূরণ করিতে গিয়া তাহার দ্বারা) [আমি] অন্ধং তমঃ প্রপন্না (অজ্ঞানরূপ ঘোর অন্ধকারে পতিত হইয়াছি) ॥ ৭ ॥

জন্মনাম্ অন্তে (বহুজন্ম পরে) ত্বদনুগ্রহাৎ (তোমার অনুগ্রহে) তস্য দুষ্পারস্য অন্ধস্য তমসঃ (সেই দুস্তর অজ্ঞানরূপ অন্ধকার হইতে) পারগং (উদ্ধারকারী) সচ্চক্ষুঃ ত্বম্ [এব] (চক্ষুস্বরূপ তোমাকেই) অদ্য মে লব্ধম্ (আজ আমি প্রাপ্ত হইলাম) ॥ ৮ ॥

অনুবাদ

কপিলমাতা দেবহূতি ব্রহ্মার বাক্য স্মরণ করিয়া কর্ম্মপরিত্যাগী ও তত্ত্বমার্গের পারপ্রদর্শক নিজপুত্র কপিলদেবকে বলিতে লাগিলেন ॥ ৬ ॥

দেবহূতি বলিলেন—হে সর্ব্বব্যাপিন্ পরমেশ্বর ! আমি দুষ্ট ইন্দ্রিয়সমূহের বিষয়লোভহেতু অতিশয় কাতর হইয়া পড়িয়াছি এবং এই বিষয়াভিলাষ পূরণ করিতে গিয়া অজ্ঞানরূপ ঘোর অন্ধকারে পতিত হইয়াছি ॥ ৭ ॥

হে ভগবন্ ! বহু জন্ম পরে তোমার অনুগ্রহে আজ আমি সেই দুস্তর অজ্ঞানরূপ অন্ধকার হইতে উদ্ধারকারী চক্ষুস্বরূপ তোমাকেই প্রাপ্ত হইলাম ॥ ৮ ॥

টীকা

শেষঃ । ইদং বক্ষ্যমাণমাহ ॥ ৪ ॥ ৫ ॥ ধাতুর্ব্রহ্মণঃ ॥ ৬ ॥ অসতাং দুষ্টানামিন্দ্রিয়াণাং তর্ষণাদ্ বিষয়লোভাদ্ নির্ব্বিণ্ণা শ্রান্তাস্মি । সম্ভাব্যমানেন সম্পাদ্যমানেন অন্ধং তমঃ আত্মপরমাত্মস্বরূপাজ্ঞানং প্রাপ্তাস্মি ॥ ৭ ॥ পারং গময়তীতি তৎ ॥ ৮ ॥ বাহ্যতমো নির্নাশকঃ সূর্য্য ইব আন্তরীয়তমোঘ্নঃ চক্ষুরূপো ভবানুদিতঃ ॥ ৯ ॥ এতস্মিন্ দেহে অহমিতি গেহাদৌ মমেতি চ অবগ্রহঃ আগ্রহঃ যস্ত্বয়া যোজিতস্তং মে সম্মোহ-

য আদ্যো ভগবান্ পুংসামীশ্বরো বৈ ভবান্ কিল।
লোকস্য তমসান্ধস্য চক্ষুঃ সূর্য্য ইবোদিতঃ ॥ ৯ ॥
অথ মে দেব! সম্মোহমপাক্রষ্টুং ত্বমর্হসি।
যোঽবগ্রহোঽহংমমেতীত্যেতস্মিন্ যোজিতস্ত্বয়া ॥ ১০ ॥
তং ত্বা গতাহং শরণং শরণ্যং স্বভৃত্যসংসারতরোঃ কুঠারম্।
জিজ্ঞাসয়াহং প্রকৃতেঃ পূরুষস্য নমামি সদ্ধর্ম্মবিদাং বরিষ্ঠম্ ॥১১॥

অন্বয়

যঃ আদ্যঃ ভগবান্ (জগৎকারণ ভগবান্) পুংসাম্ (জীবগণের) ঈশ্বরঃ কিল (নিয়ন্তা); [সঃ] বৈ ভবান্ (তাদৃশ তুমিই) [এক্ষণে] তমসা (অজ্ঞানান্ধকারে) অন্ধস্য লোকস্য (অন্ধজীবের) সূর্য্যঃ ইব (বাহ্য অন্ধকারনাশক সূর্য্যের ন্যায়) চক্ষুঃ (আন্তর অন্ধকারনাশক চক্ষুস্বরূপ হইয়া) উদিতঃ (উদিত হইয়াছ) ॥ ৯ ॥

অথ (অতএব) দেব! (হে প্রভো!) এতস্মিন্ (এই দেহ ও গৃহাদিতে) যঃ অহং মম ইতি (যে "আমি আমার" এইরূপ) অবগ্রহঃ (অভিমান) ত্বয়া যোজিতঃ (তোমাকর্ত্তৃক যোজিত হইয়াছে অর্থাৎ তোমার মায়াশক্তির প্রভাবে জন্মিয়াছে), মে ইতি সম্মোহং (আমার এই মোহ) অপাক্রষ্টুং (দূর করিতে) [অর্থাৎ মোক্ষোপায় উপদেশ করিতে] ত্বম্ অর্হসি (তুমিই যোগ্য হইয়া থাক) ॥ ১০ ॥

[হে দেব!] অহং (আমি) প্রকৃতেঃ (প্রকৃতি) পূরুষস্য (ও পুরুষের তত্ত্ব) জিজ্ঞাসয়া (জানিতে ইচ্ছা করিয়া) শরণ্যং (শরণাগতের আশ্রয়), স্বভৃত্যসংসারতরোঃ (নিজভক্তগণের সংসার-বৃক্ষের) কুঠারং (ছেদক) সদ্ধর্ম্মবিদাং (ও সদ্ধর্ম্মাবলম্বিগণের) বরিষ্ঠম্ (শ্রেষ্ঠ) তং ত্বা (তাদৃশ তোমাকে) শরণং গতা [সতী] (আশ্রয়রূপে প্রাপ্ত হইয়া) অহং নমামি (নমস্কার করিতেছি) ॥ ১১ ॥

অনুবাদ

জগৎকারণ ভগবান্ তুমি জীবগণের নিয়ন্তা; তাদৃশ তুমিই অজ্ঞানান্ধ জীবগণের বাহ্য অন্ধকারনাশক সূর্য্যের ন্যায় অন্তরের অন্ধকারনাশক চক্ষুস্বরূপ হইয়া উদিত হইয়াছ ॥ ৯ ॥

অতএব হে দেব! এই যে দেহে অহংবুদ্ধি ও গৃহাদিতে মমত্ববুদ্ধি তুমি যোজনা করিয়াছ অর্থাৎ যে সংসারাসক্তি তোমার মায়াশক্তির প্রভাবে জন্মিয়াছে, আমার সেই অজ্ঞানজনিত মোহ অপনয়ন করিতে একমাত্র তুমিই যোগ্য হইয়া থাক ॥ ১০ ॥

হে দেব! আমি প্রকৃতি ও পুরুষের তত্ত্ব জানিতে ইচ্ছা করিয়া শরণাগতের আশ্রয়, নিজভক্তগণের সংসার বৃক্ষের ছেদক এবং সদ্ধর্ম্মাবলম্বিগণের শ্রেষ্ঠ তোমাকে আশ্রয়রূপে প্রাপ্ত হইয়া নমস্কার করিতেছি ॥ ১১ ॥

টীকা

মপাক্রষ্টুমপনেতুং মোক্ষোপায়ং প্রকাশয়িতুমিতি ফলিতোঽর্থঃ; ত্বমর্হসি ॥ ১০ ॥ প্রকৃতেঃ পূরুষস্য জীবাত্মপরমাত্মভেদাদ্ দ্বিবিধস্য, স্বভৃত্যানাং সংসারতরোঃ কুঠারং ছেদকং তং ত্বাং শরণং গতা সতী

শ্রীমৈত্রেয় উবাচ

ইতি স্বমাতুর্নিরবদ্যমীপ্সিতং নিশম্য পুংসামপবর্গবর্দ্ধনম্।
ধিয়াভিনন্দ্যাত্মবতাং সতাং গতির্ব্বভাষ ঈষৎস্মিতশোভিতাননঃ ॥১২॥

শ্রীভগবানুবাচ

যোগ আধ্যাত্মিকঃ পুংসাং মতো নিঃশ্রেয়সায় মে।
অত্যন্তোপরতির্যত্র দুঃখস্য চ সুখস্য চ ॥ ১৩ ॥
তমিমং তে প্রবক্ষ্যামি যমবোচং পুরানঘে!।
ঋষীণাং শ্রোতুকামানাং যোগং সর্ব্বাঙ্গনৈপুণম্ ॥ ১৪ ॥

অন্বয়

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) আত্মবতাং (আত্মজ্ঞানী) সতাং (সজ্জনগণের) গতিঃ (আশ্রয়) [কপিলদেব] স্বমাতুঃ (নিজ জননীর) ইতি (এইরূপ) পুংসাম্ (জীবগণের) অপবর্গবর্দ্ধনম্ (মোক্ষপ্রবর্ত্তক) নিরবদ্যম্ (ও অনিন্দনীয়) ঈপ্সিতং (অভিলষিত বাক্য) নিশম্য (শ্রবণ করিয়া) ধিয়া (মনে মনে) অভিনন্দ্য (তাঁহার প্রশংসা করিলেন এবং) ঈষৎস্মিতশোভিতাননঃ (ঈষৎ হাস্যসমন্বিত প্রসন্নবদনে) বভাষে (বলিতে লাগিলেন) ॥ ১২ ॥

শ্রীভগবান্ উবাচ (ভগবান্ বলিলেন) [হে মাতঃ!] পুংসাং (জীবগণের) নিঃশ্রেয়সায় (মোক্ষের নিমিত্ত) আধ্যাত্মিকঃ (পরমাত্মনিষ্ঠ) যোগঃ (ধ্যানযোগই) মে মতঃ (আমার অভিমত); যত্র (ঐ ধ্যানযোগে) দুঃখস্য চ সুখস্য চ (প্রাকৃত সুখ ও দুঃখের) অত্যন্তোপরতিঃ (একান্ত নিবৃত্তি হইয়া থাকে) ॥ ১৩ ॥

অনঘে! (হে নিষ্পাপে!) পুরা (পূর্ব্বকালে) শ্রোতুকামানাং (শ্রবণেচ্ছু) ঋষীণাং (ঋষিগণের সমীপে) [আমি] যম্ সর্ব্বাঙ্গনৈপুণম্ যোগম্ (যে সর্ব্বাঙ্গসম্পন্ন যোগ) অবোচম্ (বলিয়াছিলাম), তম্ ইমং (সেই যোগ) তে (তোমাকে) প্রবক্ষ্যামি (বলিব) ॥ ১৪ ॥

অনুবাদ

মৈত্রেয়ঋষি বলিলেন—অনন্তর আত্মজ্ঞানী ও সজ্জনগণের আশ্রয় কপিলদেব স্বীয় জননীর এইরূপ মোক্ষপ্রবর্ত্তক ও অনিন্দনীয় অভিলষিত বাক্য শ্রবণ করিয়া মনে মনে তাঁহার প্রশংসা করিলেন ও ঈষৎ হাস্যশোভিত বদনে প্রকাশ্যে তাঁহাকে বলিতে লাগিলেন ॥ ১২ ॥

ভগবান্ কপিলদেব বলিলেন—হে মাতঃ! জীবগণের মোক্ষসাধনের নিমিত্ত পরমাত্মনিষ্ঠ ধ্যানযোগই আমার অভিমত। ঐ ধ্যানযোগে প্রাকৃত সুখ ও দুঃখের সর্ব্বতোভাবে নিবৃত্তি হইয়া থাকে ॥ ১৩ ॥

হে মাতঃ! পুরাকালে শ্রবণেচ্ছু ঋষিগণের সমীপে আমি যে সর্ব্বাঙ্গ-

টীকা

নমামি ॥ ১১ ॥ পুংসামপবর্গে মোক্ষে বর্দ্ধনম্ প্রবর্ত্তকম্ ॥ ১২ ॥ পুংসাং নিঃশ্রেয়সায় মোক্ষায় আধ্যাত্মিকঃ আত্মনি পরমাত্মনি নিষ্ঠা, যোগঃ ধ্যানযোগঃ "আত্মা বা অরে দ্রষ্টব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্য" ইতি

চেতঃ খল্বস্য বন্ধায় মুক্তয়ে চাত্মনো মতম্।
গুণেষু সক্তং বন্ধায় রতং বা পুংসি মুক্তয়ে ॥ ১৫ ॥
অহংমমাভিমানোত্থৈঃ কামলোভাদিভির্ম্মলৈঃ।
বীতং যদা মনঃ শুদ্ধমদুঃখমসুখং সমম্ ॥ ১৬ ॥

অন্বয়

[হে মাতঃ!] অস্য আত্মনঃ (এই জীবের) চেতঃ খলু (একই চিত্ত) বন্ধায় (বন্ধনের নিমিত্ত) মুক্তয়ে চ (ও মুক্তির নিমিত্ত) [হইয়া থাকে]; গুণেষু (গুণকার্য্য বিষয়ে) সক্তং (আসক্তচিত্ত) বন্ধায় (বন্ধনের নিমিত্ত) পুংসি বা (ও পরমাত্মাতে) রতং [চেতঃ] (আসক্ত চিত্ত) মুক্তয়ে [ভবতি] (মুক্তির নিমিত্ত হইয়া থাকে); [ইতি মম] মতম্ (ইহাই আমার অভিমত) ॥ ১৫ ॥

যদা (যখন) মনঃ (চিত্ত) অহংমমাভিমানোত্থৈঃ (দেহে অহংবুদ্ধি ও গৃহাদিতে মমত্ববুদ্ধিজনিত) কামলোভাদিভিঃ মলৈঃ (কাম, লোভ প্রভৃতি দোষ) বীতং (বিরহিত হইয়া) অদুঃখম্ (দুঃখশূন্য), অসুখং (সুখশূন্য), সমং (সর্ব্বদা একরূপ) শুদ্ধং (ও শুদ্ধ হয়), [তখন পুরুষ আত্মা, পরমাত্মা ও প্রকৃতিকে দর্শন করিয়া থাকে। পরের সহিত অন্বয়] ॥ ১৬ ॥

অনুবাদ

সম্পন্ন পরমাত্মযোগ উপদেশ করিয়াছিলাম, এক্ষণে সেই পরমাত্মযোগই তোমাকে উপদেশ করিব ॥ ১৪ ॥

হে মাতঃ! জীবের একই চিত্ত বন্ধন ও মুক্তির কারণ হইয়া থাকে; বিষয়সমূহে আসক্ত যে চিত্ত, তাহা বন্ধনের কারণ এবং পরমাত্মাতে আসক্ত যে চিত্ত, তাহা মুক্তির কারণ হইয়া থাকে; ইহাই আমার অভিমত ॥ ১৫ ॥

দেহাদিতে অহংবুদ্ধি ও গৃহাদিতে মমত্ববুদ্ধিজনিত যে কামলোভ প্রভৃতি মল আছে, জীবের চিত্ত যখন সেই মলবিরহিত হইয়া সুখদুঃখশূন্য, সমভাবাপন্ন ও শুদ্ধ হইয়া থাকে, তখনই জীব আত্মা, পরমাত্মা ও প্রকৃতিকে দর্শন করিয়া থাকে ॥ ১৬ ॥

টীকা

শ্রুতিপ্রোক্তঃ মে মতঃ। যত্র যস্মিন্ যোগে সুখস্য প্রাকৃতস্য ॥ ১৩ ॥ ১৪ ॥ পুংসি পরমাত্মনি অস্য জীবস্য চেতো রতং মুক্তয়ে ভবতি ভগবদ্ধ্যানেন মুক্তির্ভবতীত্যর্থঃ ॥ ১৫ ॥ এবং ধ্রুবাস্মৃতিপরভক্তিযোগাস্তপরপর্য্যায়ং ভগবদ্ধ্যানং মোক্ষাসাধারণকারণমুক্ত্বা অথ তৎসাধনানি জ্ঞানবৈরাগ্যসাধনরূপভক্ত্যাখ্যানি ভক্তেঃ শ্রৈষ্ঠ্যং, সর্ব্বেষাং জ্ঞানাদীনাং সাধকং সৎসঙ্গং, সতাং লক্ষণঞ্চাহ অহমিত্যাদিনা, মলৈর্যদা বীতং বিরহিতং শুদ্ধং ভবতি, তদা পুরুষঃ আত্মানং স্বয়ঞ্জ্যোতিশ্চ প্রকৃতিং চ পশ্যতীতি ত্রয়াণামন্বয়ঃ ॥ ১৬ ॥ পুরুষো জীব আত্মানমুপাসকস্বরূপং, কথম্ভূতমণিমানমণু-পরিমাণম্ "অণুর্হ্যেষ আত্মা চেতসা বেদিতব্য" ইতি শ্রুতেঃ। স্বয়ংজ্যোতিঃ অন্যপ্রকাশনিরপেক্ষং ব্রহ্মণঃ উপাস্যস্বরূপং, কথম্ভূতং কেবলং সজাতীয়ভেদশূন্যং, পুনর্ব্রহ্মবিশেষণং নিরন্তরম্ সর্ব্বব্যাপকম্। প্রকৃতেঃ পরমখণ্ডিতম্ চ ইত্যুভয়োর্ব্বিশেষণম্ ॥ উদাসীনং প্রাকৃতপদার্থেভ্যোনির্ব্বিণ্ণম্ জীবমতএব

তদা পুরুষ আত্মানং কেবলং প্রকৃতেঃ পরম্ ।
নিরন্তরং স্বয়ংজ্যোতিরণিমানমখণ্ডিতম্ ॥ ১৭ ॥
জ্ঞানবৈরাগ্যযুক্তেন ভক্তিযুক্তেন চাত্মনা ।
পরিপশ্যত্যুদাসীনং প্রকৃতিঞ্চ হতৌজসম্ ॥১৮॥
ন যুজ্যমানয়া ভক্ত্যা ভগবত্যখিলাত্মনি ।
সদৃশোঽস্তি শিবঃ পন্থা যোগিনাং ব্রহ্মসিদ্ধয়ে ॥১৯॥
প্রসঙ্গমজরং পাশমাত্মনঃ কবয়ো বিদুঃ ।
স এব সাধুষু কৃতো মোক্ষদ্বারমপাবৃতম্ ॥২০॥

অন্বয়

তদা (তখন) পুরুষঃ (জীব) জ্ঞানবৈরাগ্যযুক্তেন (জ্ঞান ও বৈরাগ্যযুক্ত) ভক্তিযুক্তেন চ (এবং ভক্তিযুক্ত) আত্মনা (চিত্তের দ্বারা) উদাসীনং (প্রাকৃত পদার্থ হইতে বিরক্ত) প্রকৃতেঃ পরং (প্রকৃতির অতীত) অখণ্ডিতম্ (ভেদরহিত) অণিমানং (অণুপরিমাণ) আত্মানং (নিজকে), কেবলং (ভেদশূন্য) নিরন্তরং (সর্ব্বব্যাপক) প্রকৃতেঃ পরম্ (প্রকৃতির অতীত) স্বয়ংজ্যোতিঃ (স্বপ্রকাশ উপাস্য ব্রহ্মকে) হতৌজসং প্রকৃতিং চ (ও সামর্থ্যহীনা প্রকৃতিকে) পরিপশ্যতি (দর্শন করিয়া থাকে) ॥ ১৭-১৮ ॥

যোগিনাং (যোগিগণের) ব্রহ্মসিদ্ধয়ে (ব্রহ্মসিদ্ধির নিমিত্ত) অখিলাত্মনি ভগবতি (সর্ব্বান্তর্য্যামী ভগবানে) যুজ্যমানয়া ভক্ত্যা (প্রযুক্ত একান্ত ভক্তির) সদৃশঃ (তুল্য) শিবঃ পন্থা (মঙ্গলময় পথ) [অন্যঃ] ন অস্তি (আর নাই) ॥ ১৯ ॥

কবয়ঃ (বিবেকিগণ) প্রসঙ্গম্ (অসদ্বিষয়ের আসক্তিকেই) আত্মনঃ (জীবের) অজরং পাশং (দৃঢ়বন্ধন) বিদুঃ (বলিয়া থাকেন) ; সঃ এব (সেই আসক্তিই) সাধুষু কৃতঃ (সাধুজনের প্রতি করা হইলে) মোক্ষদ্বারম্ (মুক্তির দ্বার) অপাবৃতম (উন্মুক্ত হইয়া থাকে) ॥ ২০ ॥

অনুবাদ

তখন জীব জ্ঞান, বৈরাগ্য ও ভক্তিযুক্ত চিত্তে উপাসকরূপ নিজকে প্রাকৃত পদার্থ হইতে বিরক্ত, প্রকৃতির অতীত, ভেদরহিত ও অণুপরিমাণরূপে দর্শন করে ও স্বপ্রকাশ উপাস্য ব্রহ্মকে সর্ব্বব্যাপক, প্রকৃতির অতীত ও ভেদরহিতরূপে দর্শন করে এবং প্রকৃতিকে সংসারজননে সামর্থ্যহীন বলিয়া দর্শন করিয়া থাকে ॥ ১৭ ॥ ১৮ ॥

যোগিগণের ব্রহ্মলাভের নিমিত্ত সর্ব্বান্তর্য্যামী ভগবানে একান্ত ভক্তির ন্যায় মঙ্গলময় পথ আর দ্বিতীয় নাই অর্থাৎ মনঃশুদ্ধি, ভগবজ্‌জ্ঞান, প্রকৃতিজয় ও ব্রহ্মপ্রাপ্তিতে ভক্তিই উৎকৃষ্ট উপায় ; ভক্তি ব্যতীত মঙ্গলময় পথ আর নাই ॥ ১৯ ॥

বিবেকিগণ বলিয়া থাকেন—অসদ্‌বিষয়ে অত্যধিক আসক্তিই জীবের বন্ধনের কারণ ;

টীকা

প্রকৃতিং চ হতৌজসং পরাজিতাম্ ॥ ১৭—১৮ ॥ মনঃশুদ্ধৌ ভগবজ্‌জ্ঞানে চ প্রকৃতিজয়ে চ জ্ঞান-পরভক্তিযোগদ্বারা ব্রহ্মপ্রাপ্তৌ চ ভক্তিরেব হেতুরিত্যাশয়েনাহ ॥ ১৯ ॥ অপাবৃতম্ নিরাবরণম্ ॥ ২০ ॥

তিতিক্ষবঃ কারুণিকাঃ সুহৃদঃ সর্ব্বদেহিনাম্ ।
অজাতশত্রবঃ শান্তাঃ সাধবঃ সাধুভূষণাঃ ॥২১॥
ময্যনন্যেন ভাবেন ভক্তিং কুর্ব্বন্তি যে দৃঢ়াম্ ।
মৎকৃতে ত্যক্তকর্ম্মাণস্ত্যক্তস্বজনবান্ধবাঃ ॥২২॥
মদাশ্রয়াঃ কথা মৃষ্টাঃ শৃণ্বন্তি কথয়ন্তি চ ।
তপন্তি বিবিধাস্তাপা নৈতান্ মদ্গতচেতসঃ ॥২৩॥
ত এতে সাধবঃ সাধ্বি ! সর্ব্বসঙ্গবিবর্জ্জিতাঃ ।
সঙ্গস্তেষ্বথ তে প্রার্থ্যঃ সঙ্গদোষহরা হি তে ॥২৪॥

অন্বয়

[সাধুগণের লক্ষণ বলিতেছেন] সাধবঃ (সাধুগণ) তিতিক্ষবঃ (সহিষ্ণু), কারুণিকাঃ (দয়াশীল), সর্ব্বদেহিনাং (প্রাণিগণের) সুহৃদঃ (সুহৃৎ), অজাতশত্রবঃ (শত্রুরহিত), শান্তাঃ (শান্ত) সাধু-ভূষণাঃ (ও সজ্জনাচাররূপ ভূষণে ভূষিত) [হইয়া থাকেন] ॥ ২১ ॥

যে (যে সকল সাধু) মৎকৃতে (আমাকে পাইবার নিমিত্ত) ত্যক্তকর্ম্মাণঃ (কাম্যকর্ম্ম) ত্যক্তস্বজন-বান্ধবাঃ (ও স্বজনবান্ধবাদি পরিত্যাগ করিয়া) অনন্যেন ভাবেন (ঐকান্তিক ভাবে) ময়ি (আমাতে) দৃঢ়াং ভক্তিং (দৃঢ়ভক্তি) কুর্ব্বন্তি (করিয়া থাকেন) [এবং] মৃষ্টাঃ (পবিত্র) মদাশ্রয়াঃ কথাঃ (আমার লীলাচরিত্র) শৃণ্বন্তি (শ্রবণ করেন) কথয়ন্তি চ (ও কীর্ত্তন করেন), মদ্গতচেতসঃ এতান্ (মদ্গতচিত্ত ঐ সাধুগণকে) বিবিধাঃ তাপাঃ (নানাবিধ সংসারতাপ) ন তপন্তি (ব্যথিত করিতে পারে না) ॥ ২২ ॥ ২৩ ॥

তে এতে সাধবঃ (সেই সাধুগণ) সর্ব্বসঙ্গবিবর্জ্জিতাঃ (সর্ব্বপ্রকার বিষয়াশক্তিশূন্য হইয়া থাকেন) ;

অনুবাদ

আবার সেই অত্যধিক আসক্তিই যদি সাধুজনের প্রতি করা হয়, তাহা হইলে মুক্তির দ্বার উন্মুক্ত হইয়া থাকে অর্থাৎ অজ্ঞানাবরণ বিনষ্ট হইয়া যায় ॥ ২০ ॥

সাধুগণের লক্ষণ এই যে—সাধুগণ সহিষ্ণু, দয়াশীল, প্রাণিগণের সুহৃৎ, শত্রুরহিত, শান্ত ও সজ্জনাচাররূপ ভূষণে ভূষিত হইয়া থাকেন ॥ ২১ ॥

যে সকল সাধু আমাকে পাইবার জন্য কাম্যকর্ম্মসমূহ ও স্ত্রীপুত্রাদি বন্ধুবান্ধব পরিত্যাগ করিয়া ঐকান্তিকভাবে আমাতে দৃঢ়ভক্তি করিয়া থাকেন এবং আমার পবিত্র লীলা শ্রবণ ও কীর্ত্তন করেন, সংসারের নানাবিধ তাপ মদ্গতচিত্ত ঐ সাধুগণকে ব্যথিত করিতে পারে না ॥ ২২ ॥ ২৩ ॥

ঐ সাধুগণ সর্ব্বপ্রকার বিষয়াসক্তিরহিত হইয়া থাকেন ; হে মাতঃ ! অতএব

টীকা

সাধূনি ঊর্দ্ধপুণ্ড্রাদীনি ভূষণানি যেষাং তে ॥ ২১—২৪ ॥ সতাং প্রকৃষ্টসঙ্গাৎ মম বীর্য্যম্ভ সম্যগ্‌বেদনং যাসু তাঃ হৃদঃ কর্ণয়োশ্চ রসায়নাঃ সুখদাঃ, তাসাং জোষণাৎ সেবনাৎ অপবর্গস্ভ মুক্তের্বর্ত্মনি প্রাপকে মুক্তিপ্রদে আশু শ্রদ্ধা বিশ্বাসঃ ততো রতিঃ রুচিস্ততো ভক্তিঃ অনুক্রমিষ্যতি ক্রমতো

সতাং প্রসঙ্গান্মম বীর্য্যসম্বিদো ভবন্তি হৃৎকর্ণরসায়নাঃ কথাঃ।
তজ্জোষণাদাশ্বপবর্গবর্ত্মনি শ্রদ্ধা রতির্ভক্তিরনুক্রমিষ্যতি ॥২৫॥
ভক্ত্যা পুমান্ জাতবিরাগ ঐন্দ্রিয়াদ্ দৃষ্টশ্রুতান্মদ্রচনানুচিন্তয়া।
চিত্তস্য যত্তো গ্রহণে যোগযুক্তো যতিষ্যতে ঋজুভির্যোগমার্গৈঃ ॥২৬॥

অন্বয়

সাধ্বি! (হে জননি!) অথ (অতএব) তেষু সঙ্গঃ (সেই সাধুসঙ্গ) তে (তোমার) প্রার্থ্যঃ (প্রার্থনীয়); হি (যেহেতু) তে (তাহারা) সঙ্গদোষহরাঃ (বিষয়সঙ্গজনিত দোষ হরণ করিয়া থাকেন)॥ ২৪॥

সতাং (সাধুগণের) প্রসঙ্গাৎ (সঙ্গ হইতে) মম (আমার) বীর্য্যসম্বিদঃ (পরাক্রমজ্ঞাপক) হৃৎকর্ণরসায়নাঃ (এবং হৃদয় ও কর্ণের সুখদায়ক) কথাঃ ভবন্তি (কথাসমূহের আলোচনা হইয়া থাকে)। তজ্জোষণাৎ (সে সকল বাক্য শ্রবণের ফলে) অপবর্গবর্ত্মনি (মুক্তিপ্রদ শ্রীহরিতে) আশু (শীঘ্র) শ্রদ্ধা (শ্রদ্ধা), [শ্রদ্ধা হইতে] রতিঃ (রুচি) [ও রুচি হইতে] ভক্তিঃ (অনুরাগ) অনুক্রমিষ্যতি (ক্রমশঃ বর্দ্ধিত হইয়া থাকে)॥ ২৫॥

[ভক্তির উৎপত্তি হইলে] পুমান্ (মুমুক্ষু ব্যক্তি) মদ্রচনানুচিন্তয়া ভক্ত্যা (আমার বিশ্বনির্ম্মাণাদি লীলা চিন্তাজনিত যে ভক্তি, তাহাদ্বারা) দৃষ্টশ্রুতাৎ (ঐহিক ও পারলৌকিক) ঐন্দ্রিয়াৎ (ইন্দ্রিয়ের বিষয় হইতে) জাতবিরাগঃ (বিরক্ত হইয়া) যত্তঃ (সাবধানে) যোগযুক্তঃ (জ্ঞান, বৈরাগ্য ও ভক্তিযুক্ত হইয়া থাকেন) ঋজুভিঃ (এবং সুখসাধ্য) যোগমার্গৈঃ (শ্রবণমননাদিরূপ ভক্তিযোগের দ্বারা) চিত্তস্য গ্রহণে (চিত্তকে পরমপুরুষে যোজনা করিবার নিমিত্ত) যতিষ্যতে (যত্ন করিয়া থাকেন) [অর্থাৎ ধ্যানযোগ প্রাপ্ত হইয়া থাকেন]॥ ২৬॥

অনুবাদ

সেই সাধুসঙ্গই তোমার একান্ত প্রার্থনীয়; যেহেতু সাধুগণ বিষয়াসক্তিজনিত দোষ হরণ করিয়া থাকেন॥ ২৪॥

সাধুসঙ্গে আমার শক্তির পরিচায়ক এবং হৃদয় ও কর্ণের সুখদায়ক কথাসমূহ আলোচিত হইয়া থাকে; আর সেই সকল কথা শ্রবণ করিলে মুক্তিপ্রদ শ্রীহরিতে শীঘ্রই শ্রদ্ধা জন্মে; অনন্তর সেই শ্রদ্ধা হইতে রুচি ও রুচি হইতে ক্রমশঃ ভক্তি জন্মিয়া থাকে॥ ২৫॥

অনন্তর আমার বিশ্বনির্ম্মাণাদি লীলা চিন্তা করিতে করিতে মুমুক্ষু ব্যক্তির যে ভক্তি উৎপন্ন হয়, তাহাদ্বারা ঐ মুমুক্ষু ইহলোকের ও পরলোকের ইন্দ্রিয়ভোগ্য বিষয়সমূহ হইতে বিরক্ত হইয়া থাকেন এবং সাবধানে জ্ঞান, বৈরাগ্য ও ভক্তিযুক্ত হইয়া সুখসাধ্য ভক্তিযোগের দ্বারা চিত্তকে পরমপুরুষ ভগবানে যোজনা করিতে চেষ্টা করেন অর্থাৎ তখন সেই মুমুক্ষু ধ্যানযোগ প্রাপ্ত হইয়া থাকেন॥ ২৬॥

টীকা

ভবিষ্যতি॥ ২৫॥ শ্রদ্ধাদিক্রমতো ভক্ত্যুৎপত্ত্যনন্তরং পুমান্ মুমুক্ষুঃ মদ্রচনায়াঃ বিশ্বনির্ম্মাণাদিরূপায়াঃ অনুচিন্তয়া অনুস্মরণেন যা ভক্তিস্তয়া দৃষ্টাদৈহিকাৎ শ্রুতাদামুষ্মিকাৎ ঐন্দ্রিয়াৎ ঐন্দ্রিয়বিষয়াৎ

অসেবয়ায়ং প্রকৃতেগুর্ণানাং জ্ঞানেন বৈরাগ্যবিজৃম্ভিতেন।
যোগেন মষ্যর্পিতয়া চ ভক্ত্যা মাং প্রত্যগাত্মানমিহাবরুন্ধে ॥২৭॥

শ্রীদেবহূতিরুবাচ

কাচিৎ ত্বয্যুচিতা ভক্তিঃ কীদৃশী মম গোচরা।
যয়া পদং তে নির্ব্বাণমঞ্জসান্বাশ্নবা অহম্ ॥২৮॥

অন্বয়

অয়ং (এই মুমুক্ষু জীব) প্রকৃতেঃ গুণানাং (প্রকৃতির গুণসকলের অর্থাৎ ইন্দ্রিয়ভোগ্য বিষয়সমূহের) অসেবয়া (সেবা হইতে নিবৃত্ত হওয়ায়) ময়ি (আমাতে) অর্পিতয়া ভক্ত্যা (অর্পিত ভক্তি), বৈরাগ্য-বিজৃম্ভিতেন জ্ঞানেন (বৈরাগ্যলব্ধ জ্ঞান) যোগেন (ও ধ্যানযোগের দ্বারা) ইহ (এই শরীরেই) প্রত্যগাত্মানং মাং (জীবের আশ্রয়স্বরূপ আমাকে) অবরুন্ধে (প্রাপ্ত হইয়া থাকে) [অর্থাৎ সাক্ষাৎ দর্শন করে] ॥ ২৭ ॥

শ্রীদেবহূতিঃ উবাচ (দেবহূতি বলিলেন) [হে দেব!] ত্বয়ি (তোমাতে) কাচিৎ ভক্তিঃ (কেমন ভক্তি) উচিতা (করা কর্ত্তব্য?) [তাহার মধ্যে স্ত্রীজাতি] মম (আমার) গোচরা কীদৃশী (যোগ্য ভক্তিই বা কিরূপ?) যয়া (যে ভক্তিদ্বারা) নির্ব্বাণম্ তে পদং (তোমার সর্ব্বোৎকৃষ্ট ধাম) অহং (আমি) অঞ্জসা (অনায়াসে) অন্বাশ্নবৈ (অচিরেই প্রাপ্ত হইতে পারিব) ॥২৮॥

অনুবাদ

মুমুক্ষু জীব ইন্দ্রিয়ভোগ্য বিষয়সমূহের ভোগ হইতে নিবৃত্ত হইলে আমাতে সমর্পিত ভক্তির দ্বারা যে বৈরাগ্যলব্ধ জ্ঞান তাহার উদয় হইয়া থাকে, সেই জ্ঞানের দ্বারা ধ্যানযোগে এই শরীরেই জীবের আশ্রয়স্বরূপ আমাকে প্রাপ্ত হইয়া থাকে অর্থাৎ ভক্তি, জ্ঞান ও ধ্যানযোগের ফলে ক্রমশঃ এই দেহেই আমাকে সাক্ষাৎ দর্শন করিয়া থাকে; পরে প্রারব্ধ কর্ম্মক্ষয়ে দেহপাত হয় ॥ ২৭ ॥

দেবহূতি বলিলেন—হে ভগবন্! তোমাতে কেমন ভক্তি করা উচিত? এবং স্ত্রীজাতি আমারই বা কেমন ভক্তি করা উচিত? যে ভক্তিদ্বারা আমি তোমার সর্ব্বোৎকৃষ্ট ধাম অনায়াসে অচিরেই প্রাপ্ত হইতে পারিব, [তাহা আমাকে বল] ॥ ২৮ ॥

টীকা

জাতবিরাগঃ, অতএব যত্তঃ সাবধানঃ যোগযুক্তঃ জ্ঞানবৈরাগ্যভক্তিযুক্তঃ ঋজুভিঃ সুখসাধ্যৈঃ যোগমার্গৈর্ভক্তিযোগমার্গৈঃ পরমাত্মস্বরূপগুণশ্রবণমননাদিভিঃ চিত্তস্য গ্রহণে পুংসি যোজনে যতিষ্যতে ধ্রুবাস্মৃতিরূপং ধ্যানযোগং প্রাপ্স্যতীত্যর্থঃ ॥ ২৬ ॥ নিষ্কৃষ্টার্থমাহ—অসেবয়েতি। গুণানামিন্দ্রিয়-বিষয়াণামসেবয়া ময্যর্পিতয়া ভক্ত্যা যদ্বৈরাগ্যবিজৃম্ভিতং জ্ঞানং "ভক্ত্যা মামভিজানাতি" ইতি শ্রীমুখবচনাৎ। তেন যো যোগঃ ধ্যানযোগঃ তেন ইহৈব মাং প্রত্যঞ্চো জীবাস্তেষামাত্মানমাশ্রয়মবরুন্ধে প্রাপ্নোতি সাক্ষাৎ পশ্যতীত্যর্থঃ। "অত্র ব্রহ্ম সমশ্নুতে" ইতি শ্রুতেঃ। তদনন্তরং প্রারব্ধক্ষয়ে সতি মুক্তো ভবতি ॥ ২৭ ॥ "ন যুজ্যমানয়া ভক্ত্যা ভগবত্যখিলাত্মনি। সদৃশোঽস্তি শিবঃ পন্থা যোগিনাং ব্রহ্মসিদ্ধয়ে" ইতি ভক্তিমাহাত্ম্যং শ্রুত্বা পৃচ্ছতি। ত্বয়ি কাচিৎ ভক্তিঃ উচিতা যোগ্যা? তত্রাপি

যো যোগো ভগবদ্বাণো নির্ব্বাণার্থস্ত্বয়োদিতঃ।
কীদৃশঃ কতি চাঙ্গানি যতস্তত্ত্বাববোধনম্ ॥২৯॥
তদেতন্মে বিজানীহি যথাহং মন্দধীর্হরে!।
সুখং বুধ্যেয় দুর্ব্বোধং যোষা ভবদনুগ্রহাৎ ॥৩০॥

শ্রীমৈত্রেয় উবাচ

বিদিত্বার্থং কপিলো মাতুরিত্থং জাতস্নেহো যত্র তন্বাভিজাতঃ।
তত্ত্বান্নায়ং যৎ প্রবদন্তি সাংখ্যং প্রোবাচ বৈ ভক্তিবিতানযোগম্ ॥৩১॥

অন্বয়

যতঃ (যে যোগ হইতে) তত্ত্বাববোধনম্ (তত্ত্বসমূহের জ্ঞান হইয়া থাকে), নির্ব্বাণার্থঃ (মুক্তির নিমিত্ত) যঃ যোগঃ (যে ধ্যানযোগ) ভগবদ্বাণঃ (তীরের ন্যায় ভগবান্‌কে লক্ষ্য করিয়া থাকে) ত্বয়া উদিতঃ (তোমাকর্ত্তৃক কথিত হইয়াছে), [সঃ যোগঃ] কীদৃশঃ? (সেই ধ্যানযোগ কিরূপ?) অঙ্গানি চ কতি? (ও তাহার কত প্রকার অঙ্গ আছে?) ॥ ২৯ ॥

হরে! (হে ভগবন্!) অহং (আমি) মন্দধীঃ যোষা (মন্দবুদ্ধি নারী); তৎ (অতএব) ভবদনুগ্রহাৎ (তোমার অনুগ্রহে) যথা [অহং] (যাহাতে আমি) এতৎ দুর্ব্বোধং (এই দুর্ব্বোধ বিষয়) সুখং বুধ্যেয় (সুখে বুঝিতে পারি), [তথা] (সেইরূপে) মে বিজানীহি (বিশেষভাবে আমাকে উপদেশ কর) ॥ ৩০ ॥

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) কপিলঃ (কপিলদেব) ইত্থং (এই প্রকারে) মাতুঃ (জননীর) অর্থং (প্রয়োজন) বিদিত্বা (অবগত হইয়া) যত্র (যে দেবহূতির গর্ভে) তন্বা অভিজাতঃ (দেহধারণ করতঃ আবির্ভূত হইয়াছেন), [সেই জননীর প্রতি] জাতস্নেহঃ (স্নেহপরবশ হইয়া) [মুনিগণ] যৎ (যাহাকে) সাংখ্যং (সাংখ্যশাস্ত্র) প্রবদন্তি (বলিয়া থাকেন), [তৎ] তত্ত্বান্নায়ং (সেই

অনুবাদ

হে ভগবন্! যে ধ্যানযোগ হইতে তত্ত্বসমূহের সম্যক্‌রূপে জ্ঞান হইয়া থাকে এবং মুক্তির নিমিত্ত যে ধ্যানযোগ তীরের ন্যায় ভগবান্‌কেই লক্ষ্য করিয়া থাকে তুমি বলিলে, সেই ধ্যানযোগ কিরূপ? তাহার অঙ্গই বা কত প্রকার? ॥ ২৯ ॥

হে ভগবন্! আমি মন্দবুদ্ধি নারী; অতএব তোমার অনুগ্রহে যাহাতে আমি এই দুর্ব্বোধ বিষয়ও সুখে বুঝিতে পারি, সেইরূপ বিশেষভাবে এই সকল বিষয় আমাকে উপদেশ কর ॥ ৩০ ॥

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর! কপিলদেব জননীর এই প্রকার প্রয়োজন অবগত

টীকা

মম গোচরা ময়া কর্ত্তুং যোগ্যা কীদৃশী? যয়া স্বানুরূপয়া নির্ব্বাণং নিরতিশয়ং তে পদম্ ধাম অঞ্জসা সুখেন অন্বাশ্নবৈ অনু অনন্তরমেব প্রাপ্‌স্যামি ॥ ২৮ ॥ যো ভগবদ্বাণঃ ভগবদ্দর্শনহেতুঃ যোগো ধ্যানযোগঃ নির্ব্বাণার্থঃ মোক্ষপ্রয়োজনঃ, যতো ধ্যানযোগাৎ তত্ত্বাববোধনং ভগবত্তত্ত্বদর্শনম্ ॥ ২৯ ॥ যথাহং সুখং বুধ্যেয়ং জানীয়াং তথা বিজানীহি বিজ্ঞাপয় ॥ ৩০ ॥ অপৃষ্টমপি ভক্তভজনীয়য়োর্ধ্যাতৃ-ধ্যেয়য়োর্বিবিক্তস্বরূপধ্যানার্থং যৎ সাংখ্যং প্রবদন্তি তৎ তত্ত্বান্নায়ং তত্ত্বানি আম্নায়ন্তে অনুক্রম্যন্তে

শ্রীভগবানুবাচ

দেবানাং গুণলিঙ্গানামানুশ্রবিককর্ম্মণাম্।
সত্ত্ব এবৈকমনসো বৃত্তিঃ স্বাভাবিকী তু যা ॥৩২॥
অনিমিত্তা ভাগবতী ভক্তিঃ সিদ্ধের্গরীয়সী।
জরয়ত্যাশু যা কোশং নিগীর্ণমনলো যথা ॥৩৩॥

অন্বয়

তত্ত্বনিরূপক সাংখ্যশাস্ত্র) ভক্তিবিতানযোগম্ প্রোবাচ বৈ (ও ভক্তিবর্দ্ধক ধ্যানযোগ বলিতে লাগিলেন)॥ ৩১ ॥

শ্রীভগবান্ উবাচ (ভগবান্ কপিলদেব বলিলেন) [হে মাতঃ!] একমনসঃ (একাগ্রচিত্ত মুমুক্ষু পুরুষের) গুণলিঙ্গানাং (জ্ঞানেন্দ্রিয়সকল) আনুশ্রবিককর্ম্মণাম্ (ও কর্ম্মেন্দ্রিয় সকলের) দেবানাং (অধিষ্ঠাত্রী দেবতাগণের) সত্ত্বে এব (ভগবানে) যা তু স্বাভাবিকী (যে অযত্নসিদ্ধ) অনিমিত্তা (নিষ্কাম) বৃত্তিঃ (প্রবৃত্তি), [সা] ভক্তিঃ (তাহাই পরাভক্তি); ভাগবতী [সা] (সেই ভাগবতী ভক্তি) সিদ্ধেঃ (মুক্তি হইতেও) গরীয়সী (শ্রেষ্ঠ)। যথা (যেমন) অনলঃ (জঠরানল) নিগীর্ণং (ভুক্ত অন্নাদি) [জরয়তি] (জীর্ণ করিয়া থাকে), [সেইরূপ] যা (ঐ পরাভক্তি) কোশং (লিঙ্গশরীরকে) আশু জরয়তি (শীঘ্র ক্ষয় করিয়া থাকে)॥ ৩২ ॥ ৩৩ ॥

অনুবাদ

হইয়া যাঁহার গর্ভে দেহধারণ করতঃ আবির্ভূত হইয়াছেন, সেই জননীর প্রতি স্নেহ-পরবশ হইয়া মুনিগণ যাহাকে সাংখ্যশাস্ত্র বলিয়া থাকেন, সেই তত্ত্বনিরূপক সাংখ্যশাস্ত্র এবং ভক্তিবর্দ্ধক ধ্যানযোগ উপদেশ করিতে লাগিলেন ॥ ৩১ ॥

ভগবন্ কপিলদেব বলিলেন—হে মাতঃ! সংযতচিত্ত মুমুক্ষু পুরুষের জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয় সমূহের অধিষ্ঠাত্রী দেবতাগণের ভগবান্ শ্রীহরিতে যে অযত্নসিদ্ধ ও নিষ্কাম বৃত্তি, তাহাই পরাভক্তি। সেই ভাগবতী ভক্তি মুক্তি হইতেও শ্রেষ্ঠ। জঠরানল যেমন ভুক্ত অন্নপানাদি জীর্ণ করিয়া থাকে, সেইরূপ ঐ পরাভক্তি সূক্ষ্ম লিঙ্গশরীরকে জীর্ণ অর্থাৎ ক্ষয় করিয়া থাকে ॥ ৩২ ॥ ৩৩ ॥

টীকা

যস্মিন্ তৎ প্রোবাচ, ভক্তের্ব্বিতানং যোগং ধ্যানযোগঞ্চ প্রোবাচ ॥ ৩১ ॥ তত্র সাংখ্যং ষড়্বিংশে, ভক্তিং সপ্তবিংশে বিস্তরতঃ একোনত্রিংশে, যোগমষ্টাবিংশে বর্ণয়িষ্যন্ শ্রবণাদিরূপাং ভক্তিং ভগবদ্দর্শনহেতুং ধ্যানং চৈকীকৃত্য দেবানামিত্যাদিনা অধ্যায়সমাপ্তিপর্য্যন্তং সংক্ষেপতো বর্ণয়তি। একমনসঃ পুংসো মুমুক্ষোঃ গুণাঃ শব্দাদিবিষয়াস্তল্লিঙ্গানাং তজ্জ্ঞাপকানাম্; যদ্বা গুণাঃ শব্দাদিবিষয়াঃ লিঙ্গানি স্বোপলব্ধিদ্বারানুমাপকা যেষাং জ্ঞানেন্দ্রিয়াণাম্। অনুশ্রবো বেদঃ তদ্ব্যাখ্যারূপত্বাৎ স্মৃতিগ্রহণং। তদ্বিহিতং শ্রুতিস্মৃতিপ্রোক্তম্ আনুশ্রবিকং তদেব কর্ম্ম যেষাং কর্ম্মেন্দ্রিয়াণাং সত্ত্বে শুদ্ধে অপ্রাকৃত-শরীরিণি ভগবতি যা স্বাভাবিকী অনিমিত্তা অনভিসংহিতফলা বৃত্তিঃ সা ভক্তিরিতিদ্বয়োরন্বয়ঃ। সা সিদ্ধের্মুক্তেরপি গরীয়সী। অয়মর্থঃ—মুক্তো ভগবান্ ন কস্যচিৎ সারথির্ভবতি। ন চ "উবাহ কৃষ্ণো ভগবান্ শ্রীদামানং পরাজিতঃ" ইত্যেবং কেনচিৎ পরাজিতো ভবতি। ন চ দামভিঃ

নৈকাত্মতাং যে স্পৃহয়ন্তি কেচি-ন্মৎপাদসেবাভিরতা মদীহাঃ।
যেঽন্যোন্যতো ভাগবতাঃ প্রসজ্য সভাজয়ন্তে মম পৌরুষাণি ॥৩৪॥
পশ্যন্তি তে মে রুচিরাণ্যম্ব! সন্তঃ প্রসন্নবক্ত্রারুণলোচনানি।
রূপাণি দিব্যানি বরপ্রদানি সাকং বাচং স্পৃহণীয়াং বদন্তি ॥৩৫॥

অন্বয়

[মুক্তি হইতেও যে ভক্তি শ্রেষ্ঠ তাহাই বলিতেছেন] যে মৎপাদসেবাভিরতাঃ (আমার চরণ-সেবায় আসক্ত) মদীহাঃ (ও আমার উদ্দেশ্যে কর্ম্মানুষ্ঠানে প্রবৃত্ত) যে কেচিদ্ ভাগবতাঃ (যে কোনও ভগবদ্ভক্ত) অন্যোন্যতঃ (পরস্পর) মম পৌরুষাণি (আমার লীলাপরাক্রম শ্রবণে) প্রসজ্য (নিবিষ্ট থাকিয়া) সভাজয়ন্তে (উহা অনুমোদন করিয়া থাকেন), [তাহারা] একাত্মতাম্ (ভগবদ্ভাবরূপ মোক্ষও) ন স্পৃহয়ন্তি (ইচ্ছা করেন না)॥ ৩৪॥

অম্ব! (হে মাতঃ!) তে সন্তঃ (সেই সাধুগণ) মে (আমার) রুচিরাণি (মনোহর) প্রসন্নবক্ত্রারুণলোচনানি (প্রসন্নমুখ ও অরুণলোচনসমন্বিত) দিব্যানি (অলৌকিক) বরপ্রদানি রূপাণি (বরপ্রদ রূপসকল) পশ্যন্তি (দর্শন করিয়া থাকেন) [রূপৈঃ] সাকং (এবং আমার মূর্ত্তির সহিত) স্পৃহণীয়াং বাচং (অভিলষিত বাক্য) বদন্তি (বলিয়া থাকেন)॥ ৩৫॥

অনুবাদ

হে মাতঃ! যাহারা আমার চরণ সেবায় আসক্ত ও আমার উদ্দেশ্যে কর্ম্মানুষ্ঠানে প্রবৃত্ত হইয়া পরস্পর আমার লীলাচরিত্র শ্রবণে নিবিষ্ট থাকেন ও উহা অনুমোদন করেন, তাহারা ভগবদ্ভাবরূপ মোক্ষও ইচ্ছা করেন না॥ ৩৪॥

হে মাতঃ! সেই সাধুগণ আমার প্রসন্নমুখ ও অরুণ লোচনসমন্বিত মনোহর অলৌকিক বরপ্রদ রূপ সকল দর্শন করিয়া থাকেন এবং ঐ মূর্ত্তির সহিত অভিলষিত কথা বলিয়া থাকেন অর্থাৎ তাঁহারা ধ্যান করতঃ হৃদয়ে আমাকে দর্শন করেন ও আমার সহিত কথা বলেন এবং যখন আমি যে যে অবতারদেহ ধারণ করি, সেই সকল অবতার মূর্ত্তি দর্শন করেন ও সেই সকলের সহিত কথোপকথন করিয়া থাকেন॥ ৩৫॥

টীকা

শ্রীযশোদয়া ইব কেনাপি বদ্ধো ভবতি। অতোমুক্তের্গরীয়সীতি সিদ্ধান্তোক্তিঃ। তথাপি ভক্ত্যা মুক্তিঃ প্রাসঙ্গিকী স্যাদেবেত্যাহ—যা ভক্তিঃ কোশং লিঙ্গশরীরং জরয়তি ক্ষপয়তি॥ ৩২—৩৩॥ মুক্তিতোঽপি ভক্তের্গরিষ্ঠত্বং প্রপঞ্চয়তি নৈকাত্মতামিতি। একো নিঃসমানাতিশয়ঃ আত্মা একাত্মা ভগবান্, তস্য ভাবস্তত্তা তাং তৎসাম্যং তৎসাধর্ম্ম্যমিত্যর্থঃ, ন স্পৃহয়ন্তি নেচ্ছন্তি পৌরুষাণি পরমপুরুষাসাধারণানি চরিত্রাণি অন্যোন্যতঃ প্রসজ্য সভাজয়ন্তে অনুমোদয়ন্তি॥ ৩৪॥ হে অম্ব! তে সন্তঃ প্রসন্নানি বক্ত্রাণি অরুণানি লোচনানি চ যেষু তানি মে রূপাণি পশ্যন্তি ধ্যায়ন্তি, রূপৈঃ সাকং সহ অন্যোন্যং বা স্পৃহণীয়াং বাচং বদন্তি, অবতারবেলাসু চ তত্রত্যাস্তানি রূপাণি পশ্যন্তি তৈঃ সহ বা বাচং বদন্তি চেতি বোধ্যম্॥ ৩৫॥ যদ্যপি তে মুক্তিং নেচ্ছন্তি, তথাপি ভক্তিস্তান্

তৈর্দর্শনীয়াবয়বৈরুদার-বিলাসহাসেক্ষিতবামসূক্তৈঃ।
হৃতাত্মনো হৃতপ্রাণাংশ্চ ভক্তি-রনিচ্ছতো গতিমণ্বীং প্রযুঙ্‌ক্তে ॥৩৬॥
অথো বিভূতিং মম মায়িনস্তা-মৈশ্বর্য্যমষ্টাঙ্গমনুপ্রবৃত্তম্।
শ্রিয়ং ভাগবতীং বাস্পৃহয়ন্তি ভদ্রাং পরস্য মে তেঽশ্নুবতে তু লোকে ॥৩৭॥

অন্বয়

[সেই সকল ভগবদ্ভক্ত মুক্তিলাভের ইচ্ছা না করিলেও ভক্তিই তাহাদিগকে মুক্তির পথে লইয়া যায় ইহাই বলিতেছেন] তৈঃ দর্শনীয়াবয়বৈঃ (আমার সে সকল রমণীয় পাদপদ্ম প্রভৃতি অবয়ব), উদার-বিলাসহাসেক্ষিতবামসূক্তৈঃ (পরমানন্দপ্রদ লীলা, মন্দহাস্য, কৃপাকটাক্ষ ও মধুর বচনকর্ত্তৃক) হৃতাত্মনঃ হৃতপ্রাণান্ চ (যাহাদের চিত্ত ও ইন্দ্রিয় সমূহ অপহৃত হইয়া থাকে, সেই ভক্তগণকে) অনিচ্ছতঃ [অপি] (মুক্তির ইচ্ছা না থাকিলেও) ভক্তিঃ (ভগবদ্ভক্তি) অণ্বীং (ভগবৎপরাঙ্‌মুখ ও কুতর্কবিমোহিত ব্যক্তিগণের দুষ্প্রাপ্য) গতিং (ভগবদ্ভাবরূপ মুক্তি) প্রযুঙ্‌ক্তে (প্রাপ্তি করাইয়া থাকে) ॥ ৩৬ ॥

[সেই ভক্তগণের ভক্তিদ্বারা মুক্ত অবস্থা উপস্থিত হইলে, সেই অবস্থায় স্বতঃপ্রাপ্ত ভোগে তাহাদের ইচ্ছা থাকে না ইহাই বলিতেছেন] তে (সেই ভক্তগণ) [ভক্তিমাত্রেই কৃতার্থ হইলেও] মে পরস্য লোকে (ভক্তিলভ্য বৈকুণ্ঠলোকে) ভাগবতীং শ্রিয়ং (বৈকুণ্ঠস্থ ভোগ্যবিষয়) অশ্নুবতে (প্রাপ্ত হইয়া থাকেন); [তাহারা স্বয়ং কিন্তু] তাং ভদ্রাম্ [অপি] (তাহা মঙ্গলজনক হইলেও) অস্পৃহয়ন্তি (স্পৃহা করেন না)। মায়িনঃ মম (প্রকৃতির অধিষ্ঠাতা আমার) বিভূতিং (এই মায়াময় অনিত্য ভোগ্যবিষয়) অনুপ্রবৃত্তম্ (ও ভক্তির পশ্চাৎ স্বতঃই উপজাত) অষ্টাঙ্গম্ ঐশ্বর্য্যম্ বা (অণিমাদি অষ্টৈশ্বর্য্য) অস্পৃহয়ন্তি (যে তাহারা স্পৃহা করেন না) ইতি অথো (এই বিষয়ে আর বক্তব্য কি ?) ॥ ৩৭ ॥

অনুবাদ

আমার সেই সকল রমণীয় পাদপদ্মাদি অবয়ব, পরমানন্দপ্রদ লীলা, মন্দহাস্য, কৃপা-কটাক্ষ ও সুমধুর বচন আমার ভক্তগণের চিত্ত ও ইন্দ্রিয়সমূহ অপহরণ করিয়া থাকে ; তাহাদের মুক্তির ইচ্ছা না থাকিলেও ভক্তিই তখন তাহাদিগকে ভগবদ্ভাবরূপ মুক্তি লাভ করাইয়া থাকে। ঐ মুক্তি ভগবৎপরাঙ্মুখ ও কুতর্ক-বিমোহিত ব্যক্তিগণের দুষ্প্রাপ্য ॥৩৬॥

সেই ভক্তগণ ভক্তিমাত্রেই পূর্ণকাম হইলেও ভক্তিলভ্য বৈকুণ্ঠলোকে ভোগ্যবিষয় প্রাপ্ত হইয়া থাকেন ; তাহারা স্বয়ং কিন্তু সেই ভোগ মঙ্গলজনক হইলেও ভোগ করিতে ইচ্ছা করেন না। আর যে প্রকৃতির অধিষ্ঠাতা আমার এই মায়াময় অনিত্য লৌকিক ভোগ ও ভক্তির পশ্চাতে স্বতঃই উপজাত অণিমাদি অষ্টৈশ্বর্য্য, সেই সকলও যে তাহারা ইচ্ছা করেন না, এই বিষয়ে আর বক্তব্য কি ? অর্থাৎ তাহারা কিছুই কামনা করেন না ॥ ৩৭ ॥

টীকা

মুক্তিং প্রাপয়তোবেত্যাহ—তৈরিতি। দর্শনীয়া যে অবয়বাঃ পাদপদ্মাদয়স্তৈর্ব্বিলাসো লীলা হাসো মন্দহাসশ্চ ঈক্ষিতঞ্চ, বামং মধুরং সূক্তং চ তৈরুদারৈঃ পরমানন্দদৈঃ বিলাসাদিভিশ্চ হৃতঃ আত্মা চিত্তং যেষাং তান্, হৃতাঃ প্রাণাঃ ইন্দ্রিয়াণি যেষাং তান্, অনিচ্ছতঃ মুক্তীচ্ছাহীনানপি ভক্তিঃ অণ্বীং ভগবৎপরাঙ্‌মুখৈঃ নানাকুতর্কবিমোহিতৈঃ অলক্ষ্যাং গতিং গম্যতে ইতি গতিঃ ভগবদ্ভাবাপত্তিস্তাং প্রযুঙ্‌ক্তে প্রাপয়তি ॥ ৩৬ ॥ তেষাং মুক্তীতরপদার্থেচ্ছাহীনত্বং কৈমুতিকন্যায়েন দর্শয়তি—অথেতি। তে

ন কর্হিচিন্মৎপরাঃ শান্তরূপে নঙ্ক্ষ্যন্তি নো মেঽনিমিষো লেঢ়ি হেতিঃ।
যেষামহং প্রিয় আত্মা সুতশ্চ সখা গুরুঃ সুহৃদো দৈবমিষ্টম্ ॥৩৮॥
ইমং লোকং তথৈবামুমাত্মানমুভযায়িনম্।
আত্মানমনু যে চেহ যে রায়ঃ পশবো গৃহাঃ ॥ ৩৯ ॥

অন্বয়

শান্তরূপে (আমার বৈকুণ্ঠলোকে) মৎপরাঃ (মৎপরায়ণ ভক্তগণ) কর্হিচিৎ (কখনও) ন নঙ্ক্ষ্যন্তি (ভোগহীন হয় না) মে (ও আমার) অনিমিষঃ (কালরূপ) হেতিঃ (চক্র) [কখনও তাহাদিগকে] নো লেঢ়ি (গ্রাস করে না); [কারণ] অহং (আমি) যেষাং (তাহাদের) আত্মা [ইব] প্রিয়ঃ (আত্মার ন্যায় প্রিয়), সুতঃ চ (পুত্রের ন্যায় স্নেহের পাত্র), সখা (সখার ন্যায় বিশ্বাসাস্পদ), গুরুঃ (গুরুর ন্যায় উপদেষ্টা), সুহৃদঃ (আত্মীয়ের ন্যায় হিতকারী) ইষ্টম্ দৈবম্ (ও ইষ্টদেবতার ন্যায় পূজ্য) ॥ ৩৮ ॥

ইহ (সংসারে) ইমং লোকং (ইহলোকে) তথৈব অমুং (ও পরলোকে) উভযায়িনম্ আত্মানং (আমি আমার এইরূপ অভিমানযুক্ত দেহকে অর্থাৎ দেহরক্ষার চিন্তাকে) [এবং] আত্মানম্ অনু (দেহকে উপলক্ষ্য করিয়া) যে (যে সকল পুত্রকলত্রাদি), রায়ঃ (ধন) যে পশবঃ গৃহাঃ চ (ও যে সকল পশু ও গৃহ) [অবস্থান করিতেছে], [তান্] (সে সকল) অন্যান্ সর্ব্বান্ চ (ও অন্যান্য সমস্ত ভক্তিবিরোধী পদার্থ)

অনুবাদ

আমি যাহাদের আত্মার ন্যায় প্রিয়, পুত্রের ন্যায় স্নেহের পাত্র, সখার ন্যায় বিশ্বাসাস্পদ, গুরুর ন্যায় উপদেষ্টা, আত্মীয়ের ন্যায় হিতকারী এবং ইষ্টদেবতার ন্যায় পূজ্য, সেই সকল মৎপরায়ণ ভক্ত আমার লোকে কখনও ভোগহীন হয় না এবং আমার কালচক্র কখনও তাহাদিগকে গ্রাস করে না ॥ ৩৮ ॥

এই সংসারে যাহারা ইহলোকে ও পরলোকে "আমি আমার" এই অভিমানযুক্ত দেহ রক্ষার চিন্তাকে এবং দেহকে উপলক্ষ্য করিয়া যে সকল পুত্রকলত্রাদি, ধন, পশু ও গৃহ

টীকা

ভক্তিমাত্রেণৈব সিদ্ধার্থা অপি উক্তরীত্যা পরস্য লোকে ভাগবতীং শ্রিয়ং মুক্তৌ প্রাপ্তাং "যক্ষৎ ক্রীড়ন্ রমমাণ" ইত্যাদিশ্রুতিপ্রসিদ্ধাং সম্পত্তিং চ অশ্নুবতে প্রাপ্নুবন্তি, স্বতস্তু তাং ভদ্রামপি অস্পৃহয়ন্তি। অথো কিমুত মায়িনঃ "মায়াং তু প্রকৃতিং বিদ্যান্মায়িনং তু মহেশ্বরম্" ইতি শ্রুতেঃ প্রকৃতিস্বামিনঃ বিভূতিং মায়াময়ীং ব্রহ্মলোকাদিস্তম্বপর্য্যন্তাং শ্রিয়ং ভদ্রাম্ "আব্রহ্মভুবনাল্লোকাঃ পুনরাবর্ত্তিন" ইতি শ্রীমুখোক্তামনিত্যাং তথানুবৃত্তং ভক্তিমনু স্বতঃ এব প্রাপ্তম্ অষ্টাঙ্গমণিমাদ্যৈশ্বর্য্যং চ অস্পৃহয়ন্তীতি নৈব স্পৃহয়ন্তীত্যর্থঃ ॥ ৩৭ ॥ স্বলোকস্য তদ্গতভোগোপকরণানাং চ নাশাশঙ্কা নাস্তি; তত্র কালপ্রভাবস্যাভাবাদিত্যাহ—নেতি। শান্তরূপে প্রাকৃতদোষবর্জ্জিতে মল্লোকে মৎপরাঃ কর্হিচিদপি ন নঙ্ক্ষ্যন্তি ভোগহীনা ন ভবন্তি। অনিমিষঃ কালঃ মে হেতির্মদীয়ং চক্রং নো লেঢ়ি নো গ্রসতি; যস্মাত্তেষাম্ অহমেব প্রিয়ঃ আত্মাদিরূপশ্চ। "মামুপেত্য পুনর্জ্জন্ম দুঃখালয়মশাশ্বতম্। নাপ্নুবন্তি মহাত্মানঃ সংসিদ্ধিং পরমাং গতাঃ॥ মামুপেত্য তু কৌন্তেয়! পুনর্জ্জন্ম ন বিদ্যতে" ইতি শ্রীমুখোক্তেঃ;

বিসৃজ্য সর্ব্বানন্যাংশ্চ মামেবং বিশ্বতোমুখম্ ।
ভজন্ত্যনন্যয়া ভক্ত্যা তান্ মৃত্যোরতিপারয়ে ॥ ৪০ ॥
নান্যত্র মদ্ভগবতঃ প্রধানপুরুষেশ্বরাৎ ।
আত্মনঃ সর্ব্বভূতানাং ভয়ং তীব্রং নিবর্ত্ততে ॥ ৪১ ॥
মদ্ভয়াদ্বাতি বাতোঽয়ং সূর্য্যস্তপতি মদ্ভয়াৎ ।
বর্ষতীন্দ্রো দহত্যগ্নির্মৃত্যুশ্চরতি মদ্ভয়াৎ ॥ ৪২ ॥

অন্বয়

বিসৃজ্য (পরিত্যাগ করিয়া) [যাহারা] বিশ্বতোমুখং মাং (সর্ব্বব্যাপী আমাকে) এবং (পূর্ব্বোক্ত প্রকারে) অনন্যয়া ভক্ত্যা (ঐকান্তিক ভক্তিদ্বারা) ভজন্তি (ভজনা করেন), [আমি] তান্ (তাহাদিগকে) মৃত্যোঃ (মৃত্যুর) অতিপারয়ে (পরপারে অর্থাৎ নিত্য নিজলোকে লইয়া যাই) ॥৩৯॥৪০॥

সর্ব্বভূতানাং আত্মনঃ (সর্ব্বান্তর্য্যামী) প্রধানপুরুষেশ্বরাৎ (প্রকৃতি ও পুরুষের নিয়ন্তা) ভগবতঃ (ষড়ৈশ্বর্য্যশালী) মৎ (আমা হইতে) অন্যত্র (ভিন্ন অন্য কোথাও) [আশ্রয় লইলে জীবগণের] তীব্রং ভয়ং (ঘোর সংসারভয়) ন নিবর্ত্ততে (নিবৃত্ত হয় না) ॥ ৪১ ॥

মদ্ভয়াৎ (আমার ভয়ে) অয়ং বাতঃ (এই বায়ু) বাতি (প্রবাহিত হইতেছে), মদ্ভয়াৎ (আমার ভয়ে) সূর্য্যঃ তপতি (দিবাকর উত্তাপ প্রদান করিতেছে) মদ্ভয়াৎ (এবং আমার ভয়ে) ইন্দ্রঃ (দেবরাজ ইন্দ্র) বর্ষতি (বর্ষণ করিতেছে), অগ্নিঃ দহতি (হুতাশন দগ্ধ করিতেছে) মৃত্যুঃ (ও যম) চরতি (বিচরণ করিতেছে) ॥ ৪২ ॥

অনুবাদ

অবস্থান করিতেছে, সেই সকল ও অন্যান্য সমস্ত ভক্তিবিরোধী পদার্থকে পরিত্যাগ করিয়া সর্ব্বব্যাপী আমাকে পূর্ব্বোক্তরূপ ঐকান্তিক ভক্তিদ্বারা ভজনা করেন, আমি তাহাদিগকে মৃত্যুর পরপারে অর্থাৎ বৈকুণ্ঠধামে লইয়া যাই ॥ ৩৯ ॥ ৪০ ॥

আমি প্রাণিগণের আত্মস্বরূপ, প্রকৃতি ও পুরুষের নিয়ন্তা এবং ষড়ৈশ্বর্য্যশালী ; জীবগণ আমাকে পরিত্যাগ করিয়া যদি অন্যত্র আশ্রয় লয়, তাহা হইলে কখনও তাহাদের সংসার-ভয় নিবৃত্ত হয় না ॥ ৪১ ॥

আমার ভয়ে বায়ু প্রবাহিত হইতেছে, সূর্য্য উত্তাপ প্রদান করিতেছে, দেবরাজ ইন্দ্র বর্ষণ করিতেছে, অগ্নি দগ্ধ করিতেছে ও যম বিচরণ করিতেছে ॥ ৪২ ॥

টীকা

"যে স্বর্গে লোকে অমৃতত্বং ভজন্তে, স খল্বেবং বর্ত্তয়ন্ যাবদায়ুষং ব্রহ্মলোকমভিসম্পদ্যতে ন স পুনরাবর্ত্ততে" ইতি শ্রুতেঃ। কেচিত্তু স্বর্গলোকশব্দেন চ চতুর্ম্মুখলোকং প্রতিপাদয়ন্তি, তে উপেক্ষণীয়াঃ "আব্রহ্মভুবনাল্লোকাঃ পুনরাবর্ত্তিনোঽর্জ্জুনে"তি শ্রীমুখোক্তিবিরোধাৎ সর্ব্বশাস্ত্রেষু তল্লোকস্য বিনাশিত্বপ্রসিদ্ধেশ্চ ইত্যলং বিস্তরেণ ॥ ৩৮ ॥ তং লোকং স্বানন্যভক্তান্ প্রাপয়ামীত্যাহ—ইমমিতি দ্বাভ্যাম্। ইমং লোকম্ অমুং চ, উভয়ায়িনম্ অহংমমাভিমানম্ আত্মানং দেহং তৎপালনপোষণচিন্তাং সর্ব্বথা দেহত্যাগে ভজনানুপপত্তেঃ, আত্মানং দেহং যে অনু পুত্রকলত্রাদয়ঃ রায়ঃ ধনানি যে পশবো

জ্ঞানবৈরাগ্যযুক্তেন ভক্তিযোগেন যোগিনঃ।
ক্ষেমায় পাদমূলং মে প্রবিশন্ত্যকুতোভয়ম্ ॥৪৩॥
এতাবানেব লোকেঽস্মিন্ পুংসাং নিঃশ্রেয়সোদয়ঃ।
তীব্রেণ ভক্তিযোগেন মনো ময্যর্পিতং স্থিরম্ ॥ ৪৪ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে কাপিলেয়ে ভক্তিযোগো নাম পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥ ২৫ ॥

অন্বয়

[এই কারণেই] যোগিনঃ (যোগিগণ) জ্ঞানবৈরাগ্যযুক্তেন ভক্তিযোগেন (জ্ঞান ও বৈরাগ্যযুক্ত ভক্তিযোগের দ্বারা) ক্ষেমায় (মোক্ষলাভের নিমিত্ত) অকুতোভয়ং (যাহার আশ্রয়ে কোন প্রকার ভয় নাই এমন) মে (আমার) পাদমূলং প্রবিশন্তি (পাদমূল আশ্রয় গ্রহণ করিয়া থাকেন) ॥৪৩॥

তীব্রেণ ভক্তিযোগেন (তীব্র ভক্তিযোগের দ্বারা) ময়ি (আমাতে) অর্পিতং [সৎ] (অর্পিত হইয়া) মনঃ [যৎ] স্থিরং [ভবতি] (মন যে স্থির হয়), এতাবান্ এব (ইহাই) অস্মিন্ লোকে (এই জগতে) পুংসাং (জীবগণের) নিঃশ্রেয়সোদয়ঃ (মোক্ষলাভের উপায়) ॥ ৪৪ ॥

অনুবাদ

এই কারণেই যোগিগণ জ্ঞান ও বৈরাগ্যযুক্ত ভক্তিযোগের দ্বারা মোক্ষলাভের নিমিত্ত আমার অভয় পাদমূল আশ্রয় গ্রহণ করিয়া থাকেন ॥ ৪৩ ॥

তীব্র ভক্তিযোগের দ্বারা আমাতে সমাহিত হইয়া মুমুক্ষু জীবের মন যে স্থির হয়, ইহাই এই জগতে মুমুক্ষু জীবগণের মোক্ষলাভের উপায় ॥ ৪৪ ॥

পঞ্চবিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ২৫ ॥

টীকা

গৃহাশ্চ তান্ অন্যান্ অনুক্তান্ সর্ব্বান্ ভক্তিবিরোধিপদার্থাংশ্চ হিত্বা যে মাং ভজন্তি তান্ মৃত্যোঃ সকাশাদতি অতিরিক্তং বিলক্ষণং নিত্যং নিজলোকং নয়ামীত্যর্থঃ ॥ ৩৯-৪০ ॥ "প্রধানক্ষেত্রজ্ঞপতি-র্গুণেশঃ" "যমেবৈষ বৃণুতে তেন লভ্যঃ" "ভীষাস্মাদ্বাতঃ পবতে, ভীষোদেতি সূর্য্যঃ, ভীষাস্মাদগ্নিশ্চেন্দ্রশ্চ মৃত্যুর্ধাবতি পঞ্চমঃ" ইত্যাদি শ্রুতিমুপবৃংহয়ন্ স্বস্য সর্ব্বেশ্বরত্বসর্ব্বনিয়ন্তৃত্বাদীন্ গুণান্ দর্শয়তি—নান্যত্রেতি দ্বাভ্যাম্ ॥ ৪১-৪২ ॥ উক্তার্থে শিষ্টাচারং প্রমাণয়তি—জ্ঞানেতি ॥ ৪৩ ॥ উপসংহরতি—এতাবানিতি। তীব্রেণ ভক্তিযোগেন ময্যর্পিতং সৎ মনঃ স্থিরং ভবতীতি যৎ এতাবানেব পুংসাং মুমুক্ষূণাং নিঃশ্রেয়সোদয়ঃ নিঃশ্রেয়সায় মোক্ষায় উদয়ঃ উত্তমঃ উপায় ইত্যর্থঃ ॥ ৪৪ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে তৃতীয়স্কন্ধে শ্রীমচ্ছুকদেবকৃত-
সিদ্ধান্তপ্রদীপে পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥২৫॥

ষড়্‌বিংশোঽধ্যায়ঃ

শ্রীভগবানুবাচ

অথ তে সম্প্রবক্ষ্যামি তত্ত্বানাং লক্ষণং পৃথক্‌।
যদ্বিদিত্বা বিমুচ্যেত পুরুষঃ প্রাকৃতৈর্গুণৈঃ ॥ ১ ॥
জ্ঞানং নিঃশ্রেয়সার্থায় পুরুষস্যাত্মদর্শনম্‌।
যদাহুর্ব্বর্ণয়ে তৎ তে হৃদয়গ্রন্থিভেদনম্‌ ॥ ২ ॥

অন্বয়

শ্রীভগবান্‌ উবাচ (ভগবান্‌ কপিলদেব বলিলেন) [হে মাতঃ!) অথ (অনন্তর) তত্ত্বানাং (তত্ত্বসমূহের) পৃথক্‌ লক্ষণং (পৃথক্‌ পৃথক্‌ লক্ষণ) তে (তোমাকে) সম্প্রবক্ষ্যামি (সম্যক্‌রূপে বলিব); যদ্বিদিত্বা (যাহা জানিয়া) পুরুষঃ (মুমুক্ষু জীব) প্রাকৃতৈঃ গুণৈঃ (প্রকৃতির গুণকার্য্য সংসার হইতে) বিমুচ্যেত (মুক্ত হইয়া থাকে) ॥ ১ ॥

[হে মাতঃ!] পুরুষস্য (জীবের) নিঃশ্রেয়সার্থায় (মোক্ষের নিমিত্ত) হৃদয়গ্রন্থিভেদনম্‌ (অজ্ঞান-জনিত মোহনিবর্ত্তক) যৎ আত্মদর্শনম্‌ জ্ঞানং (যে পরমাত্মতত্ত্বপ্রকাশক জ্ঞান) [শ্রুতয়ঃ] আহুঃ (বেদ উপদেশ করিয়াছেন), তৎ (সেই জ্ঞান) [আমি] তে (তোমাকে) বর্ণয়ে (বলিতেছি) ॥২॥

অনুবাদ

ভগবান্‌ কপিলদেব বলিলেন—হে মাতঃ! অনন্তর আমি তোমাকে তত্ত্বসমূহের পৃথক্‌ পৃথক্‌ লক্ষণ সম্যক্‌রূপে বলিব; ঐ তত্ত্বসমূহের লক্ষণ জানিয়া মুমুক্ষু জীব প্রকৃতির গুণ-কার্য্য সংসার হইতে মুক্ত হইয়া থাকে ॥ ১ ॥

হে মাতঃ! জীবের মোক্ষের নিমিত্ত বেদ অজ্ঞানজনিত মোহনিবর্ত্তক ও পরমাত্মতত্ত্বপ্রকাশক যে জ্ঞান উপদেশ করিয়াছেন, এক্ষণে আমি সেই জ্ঞান তোমাকে বলিতেছি ॥ ২ ॥

টীকা

ভজনীয়াদিস্বরূপজ্ঞানার্থং সাংখ্যমাহ ষড়্‌বিংশেন—অথেতি। তত্ত্বানাং প্রকৃতিপুরুষাদীনাং; যৎ তত্ত্বানাং লক্ষণং বিদিত্বা প্রাকৃতৈঃ সত্ত্বাদিভির্বিমুচ্যতে ॥ ১ ॥ ননু "যদ্বিজ্ঞানেন সর্ব্বং বিজ্ঞাতং ভবতি" "আত্মা বা অরে দ্রষ্টব্যঃ বিজিজ্ঞাসিতব্যঃ" "সোঽন্বেষ্টব্য" "তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি" ইত্যাদি শ্রুতিভ্যঃ পরমাত্মৈব বেদ্যত্বেনোক্তঃ, তদ্‌বেদনোপাসনাপরপর্য্যায়েণ জ্ঞানেন মোক্ষশ্চোক্তঃ; কিং প্রকৃত্যাদিনানাতত্ত্বলক্ষণজ্ঞানেনেত্যত আহ—জ্ঞানমিতি। পুরুষস্য জীবস্য নিঃশ্রেয়সার্থায় মোক্ষ-প্রয়োজনায় যদাত্মদর্শনম্‌ আত্মা পরমাত্মা দৃশ্যতে সাক্ষাৎ ক্রিয়তে অনেনেতি তৎ, অতএব হৃদয়গ্রন্থিভেদনম্‌, উপলক্ষণঞ্চৈতৎ সর্ব্বসংশয়চ্ছেদস্য কর্ম্মক্ষয়স্য চ; এবম্ভূতং যজ্‌জ্ঞানং শ্রুতয় আহুস্তত্তে তুভ্যং বর্ণয়ে। পরমাত্মন এব শক্তীনাং প্রকৃত্যাদীনাং জড়ত্বাদিলক্ষণম্‌, অংশভূতস্য জীবস্য চ অল্পজ্ঞত্বাদি-লক্ষণং তস্য চিদচিদাত্মত্বসর্ব্বকারণত্বাদিগুণকথনায় জ্ঞাতৃজ্ঞেয়াদিবিবিক্তস্বরূপজ্ঞানায় চ ক্রিয়তে। ন তু প্রকৃত্যাদীনাং স্বাতন্ত্র্যপ্রতিপাদনায়েতি ভাবঃ ॥ ২ ॥ তত্র তত্ত্বানি "ভোক্তা ভোগ্যং প্রেরিতারং চ মত্বা।

অনাদিরাত্মা পুরুষো নির্গুণঃ প্রকৃতেঃ পরঃ।
প্রত্যগ্‌ধামা স্বয়ংজ্যোতির্বিশ্বং যেন সমন্বিতম্ ॥৩॥
স এষ প্রকৃতিং সূক্ষ্মাং দৈবীং গুণময়ীং বিভুঃ।
যদৃচ্ছয়ৈবোপগতামভ্যপদ্যত লীলয়া ॥ ৪ ॥
গুণৈর্বিচিত্রাঃ সৃজতীং সরূপাঃ প্রকৃতিং প্রজাঃ।
বিলোক্য মুমুহে সদ্যঃ স ইহ জ্ঞানগূহয়া ॥ ৫ ॥

অন্বয়

অনাদিঃ (যিনি সর্ব্বকারণ), আত্মা (সর্ব্বাত্মা), প্রত্যগ্‌ধামা (সর্ব্বজীবান্তর্য্যামী), পুরুষঃ (জীবগণের কর্ম্মফলদাতা) [অর্থাৎ জীবনিয়ন্তা], প্রকৃতেঃ (স্বীয় প্রকৃতিশক্তির) পরঃ (আশ্রয়), নির্গুণঃ (প্রাকৃতগুণশূন্য) স্বয়ংজ্যোতিঃ (ও স্বপ্রকাশ) যেন (এবং যাহাদ্বারা) বিশ্বং (চিদচিদাত্মক সমস্ত জগৎ) সমন্বিতম্ (পরিব্যাপ্ত), সঃ এষঃ বিভুঃ (সেই সর্ব্বব্যাপী ভগবান্) সূক্ষ্মাং (অব্যক্তা), গুণময়ীং (সত্ত্বাদিগুণময়ী) যদৃচ্ছয়া এব উপগতাং (ও স্বভাবতঃ নিজেতেই অবস্থিতা) দৈবীং প্রকৃতিং (শক্তিভূতা প্রকৃতিকে) লীলয়া (সৃষ্ট্যাদি লীলার নিমিত্ত) অভ্যপদ্যত (গ্রহণ করিয়া থাকেন) ॥৩॥৪॥

ইহ (এই সংসারে) সঃ (জীব) গুণৈঃ (সত্ত্বাদিগুণের দ্বারা) সরূপাঃ (প্রকৃতির গুণের অনুরূপ) বিচিত্রাঃ (দেবমনুষ্যাদি নানাবিধ) প্রজাঃ সৃজতীং (জীব সৃষ্টিকারিণী) প্রকৃতিং বিলোক্য (প্রকৃতিকে অবলোকন করিয়া) জ্ঞানগূহয়া (জ্ঞানাবরণকারিণী প্রকৃতিশক্তির দ্বারা) সদ্যঃ মুমুহে (দেহেন্দ্রিয়াদিতে আমিত্ববুদ্ধি স্থাপন করিয়া সদ্যই মোহিত হইয়া থাকে) ॥ ৫ ॥

অনুবাদ

যিনি অনাদি অর্থাৎ সকলের কারণ, সকলের আত্মস্বরূপ, সকলের অন্তর্য্যামী, জীবগণের কর্ম্মফলদাতা অর্থাৎ জীবগণের নিয়ন্তা, স্বীয় শক্তি প্রকৃতির আশ্রয়, প্রাকৃতগুণশূন্য ও স্বপ্রকাশ এবং যাহাদ্বারা এই চিদচিদাত্মক সমস্ত জগৎ পরিব্যাপ্ত, সেই সর্ব্বব্যাপী ভগবান্ অব্যক্তা, সত্ত্বাদিগুণময়ী ও স্বভাবতঃ নিজেতেই অবস্থিতা প্রকৃতি শক্তিকে সৃষ্ট্যাদি লীলার নিমিত্ত গ্রহণ করিয়া থাকেন ॥ ৩ ॥ ৪ ॥

এই সংসারে অনাদিকাল হইতে বদ্ধ যে জীব, সেই জীব সত্ত্বাদি গুণের দ্বারা অনুরূপ দেবমনুষ্যাদি নানাবিধ প্রজা সৃষ্টিকারিণী প্রকৃতিকে অবলোকন করিয়া সেই জ্ঞানাবরণ-

টীকা

সর্ব্বং প্রোক্তং ত্রিবিধং ব্রহ্মমেতৎ" ইতি শ্রুত্যুক্তানি ত্রিবিধানি। তত্র নিয়ন্তারং মুখ্যং ভগবন্তং বর্ণয়তি—অনাদিরিতি দ্বাভ্যাম্। অনাদিঃ সৃষ্টেঃ পূর্ব্ববর্ত্তী সর্ব্বকারণভূতঃ, আত্মা সর্ব্বাত্মা প্রত্যক্ জীবতত্ত্বং ধাম লয়ে যস্য সঃ "অন্তঃপ্রবিষ্টঃ শাস্তা জনানাম্" ইতি শ্রুতেঃ। পুরূণি কর্ম্মফলানি জীবেভ্যো ভোক্তৃভ্যঃ সনোতি দদাতীতি পুরুষঃ ষণু দানে, জীবনিয়ন্তা ইত্যর্থঃ। প্রকৃতেঃ ভোগ্যরূপায়াঃ স্বশক্তেঃ পরঃ আশ্রয়ঃ নিয়ন্তেত্যর্থঃ। এবং চেতনাচেতননিয়ন্তা নির্গুণঃ চেতনাচেতনসাধারণগুণরহিতঃ, যতঃ স্বয়ংজ্যোতিঃ স্বপ্রকাশঃ; যেনৈব ভগবতা বিশ্বং সর্ব্বং চিদচিদাত্মকং সমন্বিতম্ "যেনৈব পূর্ণং পুরুষেণ বিশ্বম্" ইতি বাক্যাৎ, স এষ উক্তলক্ষণঃ বিভুঃ সর্ব্বব্যাপী দৈবীং স্বস্য দেবস্য শক্তিং সৃষ্ট্যাদিলীলয়া অভ্যপদ্যত ॥ ৩—৪ ॥ অথ ভোগ্যরূপামচেতনপদার্থবিশেষ-

এবং পরাভিধ্যানেন কর্ত্তৃত্বং প্রকৃতেঃ পুমান্।
কর্ম্মসু ক্রিয়মাণেষু গুণৈরাত্মনি মন্যতে ॥ ৬ ॥
তদস্য সংসৃতির্ব্বন্ধঃ পারতন্ত্র্যঞ্চ তৎকৃতম্।
ভবত্যকর্ত্তুরীশস্য সাক্ষিণো নির্ব্বৃতাত্মনঃ ॥ ৭ ॥

অন্বয়

[তখন] প্রকৃতেঃ গুণৈঃ (প্রকৃতির গুণত্রয়ের দ্বারা) ক্রিয়মাণেষু কর্ম্মসু (কর্ম্মসমূহ অনুষ্ঠিত হইলে) পরাভিধ্যানেন (দেহেন্দ্রিয়াদিতে আত্মাভিমানহেতু) পুমান্ (জীব) এবং (ঐরূপ) আত্মনি (দেহেন্দ্রিয়াদিতে) [সেই সকল কর্ম্মের] কর্ত্তৃত্বং [ভোক্তৃত্বং] চ (কর্ত্তৃত্ব ও ভোক্তৃত্ব) মন্যতে [আছে বলিয়া] (মনে করে) ॥৬॥

অস্য ("দেহাদি আমার" এইরূপ অভিমানী জীবের) সাক্ষিণঃ (স্বয়ং সাক্ষীমাত্র) অকর্ত্তুঃ (ও কর্ত্তৃত্ব-বিহীন হইলেও) তৎ (সেই দেহাদির অভিমান হইতে) [স্বকৃত কর্ম্মসমূহের দ্বারা] বন্ধঃ ভবতি (বন্ধন হইয়া থাকে) ; নির্ব্বৃতাত্মনঃ (স্বয়ং আনন্দস্বরূপ হইলেও তাহার) সংসৃতিঃ [ভবতি] (জন্মমরণপ্রবাহরূপ সংসারপ্রাপ্তি হইয়া থাকে) ঈশস্য (এবং স্বাধীন হইলেও তাহার) তৎকৃতং (সেই দেহাদির অভিমানকৃত) পারতন্ত্র্যং [ভবতি] (কর্ম্মাধীনতা হইয়া থাকে) ॥ ৭ ॥

অনুবাদ

কারিণী প্রকৃতির দ্বারা সদ্যই বিমুগ্ধ হইয়া থাকে [অর্থাৎ বিচিত্র সৃষ্টিকারিণী প্রকৃতিকে দর্শন করতঃ নিজের স্বরূপ বিস্মৃত হইয়া "দেহেন্দ্রিয়াদিযুক্ত আমি" এইরূপ মনে করিয়া মোহিত হইয়া থাকে] ॥ ৫ ॥

তখন প্রকৃতির গুণত্রয়ের দ্বারা যে যে কর্ম্ম অনুষ্ঠিত হয়, দেহেন্দ্রিয়াদিতে আত্মাভিমানহেতু জীব ঐ দেহেন্দ্রিয়াদিতে সেই সকল কর্ম্মের কর্ত্তৃত্ব ও ভোক্তৃত্ব মনে করিয়া থাকে অর্থাৎ চেতনের ধর্ম্ম অচেতনে আছে বলিয়া মনে করে ॥ ৬ ॥

সাক্ষীমাত্র হইলেও "দেহাদি আমার" এইরূপ অভিমানী ও আত্মবিস্মৃত উক্ত বদ্ধ-জীবের সেই দেহাদির অভিমান হইতে স্বকৃত কর্ম্মসমূহের দ্বারা বন্ধন হইয়া থাকে ও স্বয়ং আনন্দস্বরূপ হইলেও তাহার জন্মমরণপ্রবাহরূপ সংসার প্রাপ্তি হইয়া থাকে এবং সেই দেহাদির অভিমানের ফলে তাহার পারতন্ত্র্য অর্থাৎ কর্ম্মের অধীনতা হয় ॥ ৭ ॥

টীকা

ভূতাং মায়াং, ভোক্তারং চেতনপদার্থবিশেষং বদ্ধং জীবঞ্চাহ—গুণৈরিতি চতুর্ভিঃ। ইহ সংসারে বদ্ধত্বেন প্রসিদ্ধো যো জীবঃ "প্রকৃতিং পুরুষঞ্চৈব প্রবিশ্যাত্মেচ্ছয়া হরিঃ। ক্ষোভয়ামাস সংপ্রাপ্তে সর্গকালে ব্যয়াব্যয়ৌ" ইতি স্মৃতেঃ। তদনাদিকর্ম্মফলদাত্রা ভগবতৈব সৃষ্টিকালে ক্ষোভিতাঃ প্রজাঃ দেহেন্দ্রিয়াদিরূপাঃ পরমেশ্বরাধিষ্ঠিতয়া সৃষ্ট্যুন্মুখীং বিলোক্য জ্ঞানগূহয়া জ্ঞানাবরণকর্ত্র্যা সদ্যঃ মুমুহে দেহেন্দ্রিয়াদিরূপোঽস্মীতি বুদ্ধিমকরোদিত্যর্থঃ ॥ ৫ ॥ তদা প্রকৃতেস্ত্রিভির্গুণৈঃ ত্রিবিধেষু কর্ম্মসু আত্মনা কর্ত্র্যা ক্রিয়মাণেষু পরাভিধ্যানেন দেহাদ্যাত্মাভিমানেন হেতুনা এবম্বিধে আত্মনি দেহেন্দ্রিয়াদিরূপে কর্ত্তৃত্বমিত্যুপলক্ষণং ভোক্তৃত্বস্যাপি কর্ত্তৃত্বং ভোক্তৃত্বং চ মন্যতে "বিজ্ঞানং যজ্ঞং তনুতে, কর্ম্মাণি কুরুতেঽপি চ" "কর্ত্তা শাস্ত্রার্থবত্ত্বাৎ" ইত্যাদি শ্রুতিসূত্রপ্রোক্তং চেতনধর্ম্মমচেতনে মন্যতে ইত্যর্থঃ ॥ ৬ ॥

কার্য্যকারণকর্ত্তৃত্বে কারণং প্রকৃতিং বিদুঃ।
ভোক্তৃত্বে সুখদুঃখানাং পুরুষং প্রকৃতেঃ পরম্ ॥৮॥

শ্রীদেবহূতিরুবাচ

প্রকৃতেঃ পুরুষস্যাপি লক্ষণং পুরুষোত্তম!।
ব্রূহি কারণয়োরস্য সদসচ্চ যদাত্মকম্ ॥ ৯ ॥

অন্বয়

[জীবের দেহাদিতে অভিমানের কারণ কি? তাহাই বলিতেছেন] [বেদ] কার্য্যকারণকর্ত্তৃত্বে (দেহ, ইন্দ্রিয় ও মন ইহাদের পূর্ব্বোক্তপ্রকার আত্মাভিমানবিষয়ে) [জীব যাহাকে দেখিয়া মুগ্ধ হইয়া থাকে, সেই] প্রকৃতিং (প্রকৃতিকেই) কারণং বিদুঃ (কারণ বলিয়া থাকেন)। সুখদুঃখানাং ভোক্তৃত্বে (আর সুখদুঃখের ভোক্তৃত্ববিষয়ে) [যে বদ্ধজীব প্রকৃতিকে দেখিয়া মুগ্ধ হইয়া থাকে, সেই] প্রকৃতেঃ পরং (প্রকৃতির ভোক্তা) পুরুষং (বদ্ধজীবকেই) [কারণং বিদুঃ] (কারণ বলিয়া থাকেন) ॥ ৮ ॥

শ্রীদেবহূতিঃ উবাচ (দেবহূতি বলিলেন) পুরুষোত্তম! (হে পরমাত্মন্!) অস্য (এই জগতের) কারণয়োঃ (পূর্ব্বোক্ত প্রকারে ভোগ্য ও ভোক্তার কারণরূপে অবস্থিত) প্রকৃতেঃ পুরুষস্য অপি (প্রকৃতি ও পুরুষের) [এবং] যদাত্মকং সদসচ্চ (যাহাতে এই স্থূলসূক্ষ্মরূপ জগৎ অবস্থিত), [সেই পরমকারণ ব্রহ্মের] লক্ষণং ব্রূহি (লক্ষণ নির্দ্দেশ করুন) ॥ ৯ ॥

অনুবাদ

দেহ, ইন্দ্রিয় ও মনের পূর্ব্বোক্ত প্রকার আত্মাভিমানবিষয়ে বদ্ধজীব যাহাকে অবলোকন করিয়া মুগ্ধ হইয়া থাকে, বেদ সেই প্রকৃতিকেই কারণ বলিয়া নির্দ্ধারণ করিয়াছেন এবং সুখদুঃখের ভোক্তৃত্ববিষয়ে প্রকৃতির ভোক্তা বদ্ধজীবকেই কারণ বলিয়া নির্দ্ধারণ করিয়াছেন ॥ ৮ ॥

দেবহূতি বলিলেন—হে পুরুষোত্তম! এই বিশ্বের পূর্ব্বোক্ত প্রকারে ভোগ্য ও ভোক্তার কারণরূপে অবস্থিত প্রকৃতি ও পুরুষের এবং স্থূলসূক্ষ্মরূপ সমস্ত জগৎ যাহাতে অবস্থিত, সেই পরমকারণ পরব্রহ্মের লক্ষণ নির্দ্দেশ করুন অর্থাৎ প্রকৃতি, পুরুষ ও ব্রহ্মের লক্ষণ আমাকে বলুন ॥ ৯ ॥

টীকা

অস্য পরাভিধ্যানবতঃ মম দেহাদয় ইত্যেবং সাক্ষিণঃ সাক্ষিমাত্রস্যাপি অকর্ত্তুঃ আত্মানুসন্ধানাকর্ত্তুঃ তৎ তস্মাৎ পরাভিধ্যানাৎ কৃতৈঃ স্বকর্ম্মভির্ব্বন্ধো ভবতি। নির্বৃতাত্মনঃ সুখাত্মনঃ সংসৃতিঃ জন্মমরণপ্রবাহশ্চ ভবতি। ঈশস্য কর্ম্মাদিস্বামিনঃ তৎকৃতং পরাভিধ্যানকৃতং পারতন্ত্র্যং কর্ম্মাদিবশ্যত্বং চ ভবতি ॥ ৭ ॥ নন্থ জীবস্য দেহেন্দ্রিয়াদিভাবাপত্তৌ কিং কারণমিত্যত্রাহ—কার্য্যকারণকর্ত্তৃত্বে ইতি। কার্য্যং শরীরম্, কারণমিন্দ্রিয়াণি, কর্ত্তা জীবঃ, কর্ত্তৃত্বপ্রকাশনিমিত্তং মনঃ এতদগ্রে স্ফুটীভবিষ্যতি; তেষাং ভাবস্তত্ত্বম্ তস্মিন্ দেহাদিভাবে দেহাদ্যাত্মাভিমানে যাং বিলোক্য মুমুহে তাং প্রকৃতিং প্রকৃতের্ভোগ্যভূতায়াঃ পরং ভোক্তারং সুখদুঃখানাং ভোক্তৃভাবেন বদ্ধং জীবং যঃ তাং দৃষ্ট্বা মুমুহে

শ্রীভগবানুবাচ

যৎ তৎ ত্রিগুণমব্যক্তং নিত্যং সদসদাত্মকম্।
প্রধানং প্রকৃতিং প্রাহুরবিশেষং বিশেষবৎ ॥১০॥
পঞ্চভিঃ পঞ্চভির্ব্রহ্ম চতুর্ভির্দশভিস্তথা।
এতচ্চতুর্ব্বিংশতিকং গণং প্রাধানিকং বিদুঃ ॥১১॥
মহাভূতানি পঞ্চৈব ভূরাপোঽগ্নির্মরুন্নভঃ।
তন্মাত্রাণি চ তাবন্তি গন্ধাদীনি মতানি মে ॥১২॥

অন্বয়

শ্রীভগবান্ উবাচ (ভগবান্ কপিলদেব বলিলেন) [তত্ত্বজ্ঞগণ] ত্রিগুণং (ত্রিগুণময়), নিত্যং (নিত্য), অব্যক্তং (সূক্ষ্ম), অবিশেষং (কার্য্যাবস্থাশূন্য) বিশেষবৎ (ও মহদাদির আশ্রয়) সদসদাত্মকম্ (এবং স্থূল ও সূক্ষ্ম সকল পদার্থস্বরূপ) যৎ প্রধানং (যে প্রধান), তৎ (তাহাকেই) প্রকৃতিং প্রাহুঃ (প্রকৃতি বলিয়া থাকেন) ॥ ১০ ॥

পঞ্চভিঃ পঞ্চভিঃ (পাঁচ, পাঁচ), চতুর্ভিঃ (চারি), তথা দশভিঃ (আর দশ সংখ্যা) এতৎ চতুর্ব্বিংশতিকং (এই চতুর্ব্বিংশতিসংখ্যক) গণং (তত্ত্বসমূহকে) [পণ্ডিতগণ] প্রাধানিকং ব্রহ্ম বিদুঃ (ব্রহ্মশক্তি বলিয়া ব্রহ্মস্বরূপ প্রকৃতি বলিয়া থাকেন) ॥ ১১ ॥

ভূঃ আপঃ (ক্ষিতি, জল), অগ্নিঃ (তেজঃ), মরুৎ (বায়ু), নভঃ (আকাশ) [এতানি] পঞ্চ এব

অনুবাদ

যাহা প্রধান, তাহাকেই তত্ত্বজ্ঞগণ প্রকৃতি বলিয়াছেন ; ঐ প্রধান ত্রিগুণময়, ব্রহ্ম, কাল কিম্বা জীবাত্মা নহে ; উহা নিত্য, ব্রহ্মাণ্ড নহে ; উহা সূক্ষ্ম, মহদাদি নহে এবং উহা অবিশেষ অর্থাৎ কোনও কার্য্যাবস্থায় পরিণত নহে ; উহা স্থূল ও সূক্ষ্ম সকল পদার্থের কারণ ॥১০॥

পাঁচ, পাঁচ, চারি ও দশ সংখ্যায় যে চতুর্ব্বিংশতি সংখ্যক তত্ত্ব, সেই তত্ত্বসমূহকে তত্ত্বজ্ঞগণ ব্রহ্মস্বরূপ প্রকৃতি বলিয়া থাকেন ॥ ১১ ॥

ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ ও ব্যোম এই পাঁচটি মহাভূত এবং গন্ধতন্মাত্র, রসতন্মাত্র, রূপতন্মাত্র, স্পর্শতন্মাত্র ও শব্দতন্মাত্র এই পাঁচটি তন্মাত্র ; ইহাই আমার অভিমত ॥ ১২ ॥

টীকা

তং চ কারণং বিদুঃ ইত্যন্বয়ঃ ॥ ৮ ॥ অস্য বিশ্বস্য কারণয়োঃ উক্তপ্রকারেণ ভোগ্যভোক্তৃসম্বন্ধেন বিশ্বাত্মনা স্থিতয়ো যদাত্মকং সদসৎ স্থূলসূক্ষ্মরূপং সকলং বিশ্বং তস্য পরমকারণস্য ব্রহ্মণশ্চ লক্ষণং ব্রূহি ॥ ৯ ॥ প্রকৃতেঃ পুরুষস্য চ লক্ষণমাহ—যদিত্যাদিনা। যৎ প্রধানং তদেব প্রকৃতিঃ। নন্ু প্রধানত্বং নাম মুখ্যত্বং প্রকৃতিত্বং সর্ব্বমূলত্বং চ ব্রহ্মণি সঙ্গচ্ছতে, অতো ব্রহ্ম কিং ? নেত্যাহ—ত্রিগুণম্। অনেনৈব কালজীবাদিভ্যো বৈলক্ষণ্যং দর্শিতম্। নন্ু প্রত্যহং জায়মানপ্রজাপেক্ষয়া প্রধানত্বং প্রকৃতিত্বং ত্রিগুণত্বং চ ব্রহ্মাণ্ডে সঙ্গচ্ছতে, তৎ কি ? নেত্যাহ—নিত্যম্। নন্ু স্বস্বকার্য্যাপেক্ষয়া কারণানাং মহদহঙ্কারাদীনাং প্রধানত্বাদিকমস্তি ? অত আহ—অব্যক্তং সূক্ষ্মমবিশেষং কার্য্যাবস্থামনাপন্নং। বিশেষবৎ বিশেষো মহদাদয়ঃ বিদ্যন্তে যস্য তৎ, কিম্বহুনা স্থূলসূক্ষ্মসর্ব্বপ্রাকৃতপদার্থরূপত্বাৎ

ইন্দ্রিয়াণি দশ শ্রোত্রং ত্বগ্‌দৃগ্রসননাসিকাঃ ।
বাক্‌করৌ চরণৌ মেঢ্রং পায়ুর্দ্দশম উচ্যতে ॥১৩॥
মনো বুদ্ধিরহঙ্কারশ্চিত্তমিত্যন্তরাত্মকম্ ।
চতুর্ধা লক্ষ্যতে ভেদো বৃত্ত্যা লক্ষণরূপয়া ॥১৪॥
এতাবানেব সংখ্যাতো ব্রহ্মণঃ সগুণস্য চ ।
সন্নিবেশো ময়া প্রোক্তো যঃ কালঃ পঞ্চবিংশকঃ ॥১৫॥

অন্বয়

মহাভূতানি (এই পাঁচটিই মহাভূত); গন্ধাদীনি তন্মাত্রাণি চ তাবন্তি (গন্ধাদি তন্মাত্রসকলও তত সংখ্যকই) [অর্থাৎ গন্ধতন্মাত্র, রসতন্মাত্র, রূপতন্মাত্র, স্পর্শতন্মাত্র ও শব্দতন্মাত্র এই পাঁচ প্রকার]; মে মতানি (ইহাই আমার অভিমত) ॥ ১২ ॥

[তত্ত্বজ্ঞগণ] শ্রোত্রং (কর্ণ), ত্বগ্‌দৃগ্রসননাসিকাঃ (ত্বক্, চক্ষু, জিহ্বা ও নাসিকা) বাক্‌করৌ (বাক্, পাণি), চরণৌ (পাদ), মেঢ্রং (উপস্থ) দশমঃ পায়ুঃ (ও পায়ু) [ইতি] দশ (এই দশটিকে) ইন্দ্রিয়াণি উচ্যতে (ইন্দ্রিয় বলিয়া থাকেন) ॥ ১৩ ॥

অন্তরাত্মকম্ (এক অন্তঃকরণই) লক্ষণরূপয়া বৃত্ত্যা (মনন, বোধন, অহঙ্করণ ও চিন্তনরূপ বৃত্তিভেদে) মনঃ (মননহেতু মন), বুদ্ধিঃ (বোধনহেতু বুদ্ধি), অহঙ্কারঃ (অহঙ্করণহেতু অহঙ্কার) চিত্তম্ (ও চিন্তনহেতু চিত্ত) ইতি চতুর্ধা (এই চারিপ্রকারে) ভেদঃ লক্ষ্যতে (বিভক্ত বলিয়া লক্ষিত হইয়া থাকে) ॥ ১৪ ॥

[হে মাতঃ!] ময়া প্রোক্তঃ (আমাকর্ত্তৃক কথিত) এতাবান্ এব (এই পর্য্যন্তই) সগুণস্য ব্রহ্মণঃ (সত্ত্বাদিগুণযুক্ত প্রকৃতির) সন্নিবেশঃ (অবস্থাভেদ) [তত্ত্বজ্ঞগণ] সংখ্যাতঃ (গণনা করিয়াছেন); যঃ কালঃ (আর যে এতদ্ব্যতীত কাল), [সঃ] পঞ্চবিংশকঃ (তাহা পঞ্চবিংশ তত্ত্ব) ॥১৫॥

অনুবাদ

চক্ষুঃ, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্, বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ এই দশটিকে তত্ত্বজ্ঞগণ ইন্দ্রিয় বলিয়া থাকেন ॥ ১৩ ॥

এক অন্তঃকরণই স্ব স্ব বৃত্তিভেদে মননহেতু—মন, বোধনহেতু—বুদ্ধি, অভিমানহেতু—অহঙ্কার ও চিন্তনহেতু—চিত্ত এই চারিপ্রকারে বিভক্ত হইয়া থাকে ॥ ১৪ ॥

হে মাতঃ! আমি যাহা বলিলাম, এই পর্য্যন্তই সত্ত্বাদিগুণযুক্ত প্রকৃতির অবস্থাভেদ তত্ত্বজ্ঞগণ গণনা করিয়াছেন; আর যে এতদ্‌ব্যতীত কাল, তাহা পঞ্চবিংশতত্ত্ব ॥ ১৫ ॥

টীকা

সদসদাত্মকম্ ॥ ১০ ॥ পরোক্তসংখ্যাপ্রসিদ্ধাত্মকপ্রধানাদ্বৈলক্ষণ্যং দর্শয়ন্ প্রাকৃততত্ত্বানি গণয়তি। এতানি চতুর্ব্বিংশতির্যস্মিন্ স এতচ্চতুর্ব্বিংশতিকস্তং গণং প্রাধানিকং ব্রহ্ম আহুঃ, প্রকৃত্যাখ্যব্রহ্মশক্তি-কার্য্যরূপত্বাদ্‌ব্রহ্মাভিন্নমাহুরিত্যর্থঃ ॥ ১১ ॥ তদেব বিবৃণোতি—মহাভূতানীতি ত্রিভিঃ ॥ ১২-১৩ ॥ অন্তরাত্মকমন্তঃকরণমেকমেব মননহেতুত্বান্মনঃ, বোধনহেতুত্বাদ্‌বুদ্ধিঃ, দেহাদৌ অহঙ্কারহেতুত্বাদহঙ্কারঃ, চিন্তনহেতুত্বাচ্চিত্তমিতি চতুর্ধা ভেদঃ লক্ষণরূপয়া মননবোধনাদিবৃত্ত্যা লক্ষ্যতে ॥ ১৪ ॥ সগুণস্য সত্ত্বাদিগুণযুক্তস্য ব্রহ্মণঃ প্রধানস্য "মম যোনির্মহদ্‌ব্রহ্ম তস্মিন্ গর্ভং দদাম্যহম্" ইতি প্রকৃতাবপি ব্রহ্ম

প্রভাবং পৌরুষং প্রাহুঃ কালমেকে যতো ভয়ম্ ।
অহঙ্কারবিমূঢ়স্য কর্ত্তুঃ প্রকৃতিমীয়ুষঃ ॥১৬॥
প্রকৃতের্গুণসাম্যস্য নির্ব্বিশেষস্য মানবি ! ।
চেষ্টা যতঃ স ভগবান্ কাল ইত্যুপলক্ষিতঃ ॥১৭॥

অন্বয়

একে (কেহ কেহ) পৌরুষং প্রভাবং (পরমাত্মার প্রভাবকেই) কালং প্রাহুঃ (কাল বলিয়া থাকেন)। অহঙ্কারবিমূঢ়স্য (দেহগেহাদিতে "আমি আমার" এইরূপ অভিমানে বিমুগ্ধ), [অতএব] প্রকৃতিম্ ঈয়ুষঃ (প্রকৃতির বশীভূত) কর্ত্তুঃ (ও স্বর্গাদি প্রাপ্তির নিমিত্ত কর্ম্ম অনুষ্ঠানকারী বদ্ধজীবের) যতঃ (ঐ কাল হইতে) ভয়ং [ভবতি] (ভয় হইয়া থাকে) ॥ ১৬ ॥

মানবি ! (হে মনুপুত্রি !) নির্ব্বিশেষস্য (কোন প্রকার বিশেষ অবস্থাশূন্য) গুণসাম্যস্য (সাম্যাবস্থাপন্ন গুণত্রয়াত্মক) প্রকৃতেঃ (প্রকৃতির) [এবং প্রকৃতির বশীভূত বদ্ধজীব ও তাহার কার্য্যসকলের] যতঃ (যাহা হইতে) চেষ্টা [ভবতি] (ব্যাপার অর্থাৎ ক্ষোভ হইয়া থাকে), সঃ (তাহাকেই) ভগবান্ কালঃ [শক্তিরূপে পৃথক্ হইলেও স্বাধীন স্থিতিপ্রবৃত্ত্যাদি নাই বলিয়া] (ভগবৎস্বরূপ কাল) ইতি উপলক্ষিতঃ (বলা হইয়া থাকে) ॥ ১৭ ॥

অনুবাদ

কোন কোন তত্ত্বজ্ঞগণ পরমাত্মার প্রভাবকেই কাল বলিয়া থাকেন। যে ব্যক্তি দেহগেহাদিতে "আমি আমার" এইরূপ অভিমানে বিমুগ্ধ হইয়া প্রকৃতির বশীভূত হয় ও স্বর্গাদি প্রাপ্তির নিমিত্ত কর্ম্ম করিয়া থাকে, সেই বদ্ধজীবের এই কাল হইতে ভয় হইয়া থাকে ; কিন্তু যাহারা মুক্ত ও মুমুক্ষু তাহাদের কোনও ভয় নাই ॥ ১৬ ॥

হে মাতঃ ! কোন প্রকার বিশেষ অবস্থাশূন্য অর্থাৎ সাম্যাবস্থাপন্ন গুণত্রয়াত্মক প্রকৃতির এবং প্রকৃতির বশীভূত বদ্ধজীব ও তাহার কার্য্য সকলের যাহা হইতে ক্ষোভ হইয়া থাকে, তাহাই ভগবান্ কাল, ইহা তত্ত্বজ্ঞগণ বলিয়া থাকেন। [এই কাল শক্তিরূপে ভগবান্ হইতে পৃথক্ হইলেও তাহার স্বাধীন স্থিতিপ্রবৃত্ত্যাদি নাই বলিয়া তাহাকে ভগবৎস্বরূপ বলা হইল অর্থাৎ ভগবান্ হইতে কাল ভিন্ন নহে] ॥ ১৭ ॥

টীকা

শব্দপ্রয়োগাৎ। যাবান্ ময়া প্রোক্তঃ, এতাবানেব সন্নিবেশঃ অবস্থাভেদঃ তত্ত্বজ্ঞৈঃ সংখ্যাতঃ গণিতঃ। প্রকৃতিভিন্নম্ অচেতনবিশেষং কালতত্ত্বমাহ—য ইতি ॥ ১৫ ॥ কালোঽপি প্রকৃত্যবস্থাবিশেষ ইতি কালো বস্তুত এব নাস্তীতি চ পক্ষং নিবারয়িতুমাহ—প্রভাবমিতি একে মুখ্যাঃ পুরুষস্য পরমাত্মনঃ সম্বন্ধিনং শক্তিভূতং প্রভাবং সৎপদার্থং কালমাহুঃ। অহঙ্কারেণ দেহাত্মাভিমানেন বিমূঢ়স্য প্রকৃতিমীয়ুষঃ বদ্ধজীবস্য তত্রাপি বিশেষতঃ স্বর্গাদ্যর্থং কর্ত্তুঃ কর্ম্মকর্ত্তুঃ যতো ভয়ং ন তু মুক্তানাং মুমুক্ষূণাং চ ভয়ং যতো ভবতীতি ভাবঃ ॥ ১৬ ॥ অব্রহ্মাত্মককালবাদিমতং নিরাকুর্ব্বন্ প্রকৃত্যাদিক্ষোভকত্বং কালস্যাহ—প্রকৃতেরিতি। প্রকৃতেরিত্যুপলক্ষণম্ তদ্বদ্ধজীবতৎকার্য্যাদীনাম্। যতঃ চেষ্টা স কালঃ ইত্যুপলক্ষিতঃ ইত্যনেন ভয়দত্বক্ষোভকত্বাদিলক্ষণেন উপলক্ষিতঃ প্রতিপাদিতঃ, স চ শক্তিত্বেন

অন্তঃ পুরুষরূপেণ কালরূপেণ যো বহিঃ।
সমন্বেত্যেষ সত্ত্বানাং ভগবানাত্মমায়য়া ॥ ১৮ ॥
দৈবাৎ ক্ষুভিতধর্ম্মিণ্যাং স্বস্যাং যোনৌ পরঃ পুমান্।
আধত্ত বীর্য্যং সাসূত মহত্তত্ত্বং হিরণ্ময়ম্ ॥১৯॥

অন্বয়

[সর্ব্বাত্মক ভগবানের লক্ষণ বলিতেছেন] যঃ (যিনি) আত্মমায়য়া (স্বীয় সঙ্কল্পরূপ জ্ঞানের দ্বারা) সত্ত্বানাং (প্রাণিগণের) অন্তঃ (অন্তঃকরণে) পুরুষরূপেণ (অন্তর্য্যামীরূপে) বহিঃ কালরূপেণ (ও বাহিরে কালরূপে) সমন্বেতি (অনুগত আছেন অর্থাৎ বর্ত্তমান আছেন), এষঃ ভগবান্ (তিনিই সর্ব্বাত্মা ভগবান্) ॥ ১৮ ॥

[এক্ষণে চতুর্ব্বিংশতি প্রাকৃততত্ত্বের উৎপত্তিপূর্ব্বক লক্ষণ বলিতেছেন] দৈবাৎ (স্বকীয় সঙ্কল্পবশে) ক্ষুভিতধর্ম্মিণ্যাং (ক্ষোভিত সত্ত্বাদিগুণযুক্তা) স্বস্যাং যোনৌ (স্বশক্তি প্রকৃতিতে) পরঃ পুমান্ (পরমেশ্বর) বীর্য্যং (সৃষ্টিসামর্থ্য) আধত্ত (আধান করেন); সা (সেই প্রকৃতি) হিরণ্ময়ং (প্রকাশবহুল অর্থাৎ সত্ত্বপ্রধান) মহত্তত্ত্বং (মহত্তত্ত্ব) অসূত (প্রসব করে অর্থাৎ সৃষ্টি করে) ॥ ১৯ ॥

অনুবাদ

[সর্ব্বাত্মা ভগবানের লক্ষণ বলিতেছেন] যিনি স্বীয় সঙ্কল্পরূপ জ্ঞানের দ্বারা প্রাণিগণের অন্তঃকরণে অন্তর্য্যামীরূপে ও বাহিরে কালরূপে বিদ্যমান আছেন, তিনিই সর্ব্বাত্মা ভগবান্ ॥ ১৮ ॥

[এক্ষণে চতুর্ব্বিংশতি প্রাকৃততত্ত্বের উৎপত্তি ও লক্ষণ বলিতেছেন] পরমপুরুষ ভগবান্ স্বকীয় সঙ্কল্পবশে ক্ষোভিত সত্ত্বাদিগুণাত্মিকা স্বীয়শক্তি প্রকৃতিতে সৃষ্টিসামর্থ্য আধান করেন; তখন সেই প্রকৃতি প্রকাশবহুল অর্থাৎ সত্ত্বপ্রধান মহত্তত্ত্ব সৃষ্টি করে ॥ ১৯ ॥

টীকা

ভিন্নোঽপি স্বাধীনস্থিতিপ্রবৃত্ত্যাদ্যভাবাৎ ভগবান্ ভগবদভিন্ন ইত্যর্থঃ ॥১৭॥ এবং সংক্ষেপতঃ প্রকৃতিলক্ষণং জীববিশেষস্য প্রকৃতিকালবশ্যত্বং লক্ষণঞ্চ প্রসঙ্গাৎ কাললক্ষণং চ উক্ত্বা অথ স্বশক্তিতো মহদাদ্যুৎপাদকস্য সর্ব্বাত্মনো ভগবতো লক্ষণমাহ—অন্তরিতি। আত্মমায়য়া বয়ুনেন সঙ্কল্পরূপেণ অন্তঃ পুরুষরূপেণ নিজরূপেণ শাস্ত্রভূতেন "অন্তঃ প্রবিষ্টঃ শাস্তা জনানাম্" ইতি শ্রুতেঃ। বহিঃ কালরূপেণ কালাখ্যশক্তিরূপেণ সম্যগন্বেতি ॥ ১৮ ॥ এবং ভোগ্যভোক্তৃনিয়ন্তৃরূপাণাং ত্রয়াণাং তত্ত্বানাং সৃষ্ট্যুপযোগিত্বেন লক্ষণান্যুক্তানি। অধুনা চতুর্ব্বিংশতিপ্রাকৃততত্ত্বানামুৎপত্তিপূর্ব্বকং লক্ষণান্যাহ—দৈবাদিত্যাদিনা। স্বস্যাং স্বশক্তৌ দৈবাৎ স্বকীয়সঙ্কল্পাৎ ক্ষুভিতধর্ম্মিণ্যাং বীর্য্যং স্বাবতারপ্রবেশেন সৃষ্টিসামর্থ্যম্ "প্রকৃতিং পুরুষং চৈব প্রবিশ্যাত্মেচ্ছয়া হরিঃ। ক্ষোভয়ামাস সম্প্রাপ্তে সর্গকালে ব্যয়াব্যয়ৌ" ইতি স্মৃতেঃ। হিরণ্ময়ং প্রকাশবহুলম্ শারীরকমীমাংসায়ামুত্তরোত্তরকার্য্যাণামুৎপাদকঃ পূর্ব্বপূর্ব্বকারণরূপো ভগবানেবেতি; অতো হিরণ্ময়কূটস্থাদীনি বিশেষণানি তদভিপ্রায়াণীতি বোধ্যম্। অন্যথা প্রকৃতিকার্য্যে মহতি কূটস্থত্বং বিরুদ্ধং স্যাৎ, অতঃ হিরণ্ময়ত্বং নাম অপ্রাকৃতনিত্যবিগ্রহযুক্তভগবদধিষ্ঠিতত্বম্। অভেদনির্দ্দেশস্তু শক্তিশক্তিমতোর্ভিন্নাভিন্নসম্বন্ধাভিপ্রায়ঃ। মহদাদীনামপি ভগবচ্ছক্তিকার্য্যাণাং

বিশ্বমাত্মগতং ব্যঞ্জন্ কূটস্থো জগদঙ্কুরঃ।
স্বতেজসাপিবৎ তীব্রমাত্মপ্রস্বাপনং তমঃ ॥২০॥
যৎ তৎ সত্ত্বগুণং স্বচ্ছং শান্তং ভগবতঃ পদম্।
যদাহুর্ব্বাসুদেবাখ্যং চিত্তং তন্মহদাত্মকম্ ॥২১॥

অন্বয়

জগদঙ্কুরঃ (জগতের অঙ্কুরস্বরূপ) কূটস্থঃ (কূটস্থ অর্থাৎ অবিকারী মহত্তত্ত্ব) আত্মগতং (আত্মাতে সূক্ষ্মরূপে অবস্থিত) বিশ্বং (জগৎকে) ব্যঞ্জন্ (স্থূলরূপে প্রকাশিত করিয়া) স্বতেজসা (নিজের তেজের দ্বারা) আত্মপ্রস্বাপনং (যাহা প্রলয়কালে নিজকেও লয় করে), তীব্রং তমঃ (সেই তীব্র তমোগুণকে) অপিবৎ (দূর করিয়া থাকে) [অর্থাৎ তমোগুণ অভিভূত করিয়া সত্ত্ব ও রজোগুণযুক্ত হইয়া উৎপন্ন হয়] ॥২০॥

[চতুর্ব্যূহ উপাসনা বলিতেছেন; বাসুদেবের উপাসনা শ্রেষ্ঠ বলিয়া প্রথমে তাহাই বলিতেছেন] যৎ চিত্তম্ (যাহা চিত্ত), তৎ মহদাত্মকম্ (তাহাই মহত্তত্ত্ব); [অতএব] তৎ সত্ত্বগুণং (তাহা সত্ত্বগুণপ্রধান), স্বচ্ছং (নির্ম্মল) শান্তং [চ] (ও রাগাদিরহিত); যৎ (যেহেতু) [পণ্ডিতগণ উহাকে] ভগবতঃ পদম্ (ভগবানের উপলব্ধিস্থান) বাসুদেবাখ্যং (উপাস্য বাসুদেব) আহুঃ (বলিয়া থাকেন) ॥ ২১ ॥

অনুবাদ

জগতের অঙ্কুরস্বরূপ সেই কূটস্থ অর্থাৎ অবিকারী মহত্তত্ত্ব আত্মাতে সূক্ষ্মরূপে অবস্থিত জগৎকে স্থূলরূপে প্রকটিত করিয়া থাকে এবং প্রলয়কালে যে তমোগুণ নিজেরও বিলোপের কারণ হয়, সেই তীব্র তমোগুণকে নিজের তেজের দ্বারা দূর করিয়া থাকে অর্থাৎ তমোগুণকে অভিভূত করিয়া সত্ত্ব ও রজোগুণযুক্ত হইয়া উৎপন্ন হইয়া থাকে ॥ ২০ ॥

[এক্ষণে চতুর্ব্যূহ উপাসনা বলিতেছেন—সাত্ত্বিক অহঙ্কারতত্ত্ব হইতে চিত্ত, অহঙ্কার, বুদ্ধি ও মন এই বৃত্তিচতুষ্টয়ের উৎপত্তি হইয়া থাকে। তাহাদের মধ্যে চিত্তে বাসুদেব উপস্য ও ক্ষেত্রজ্ঞ অধিষ্ঠাতা, অহঙ্কারে সঙ্কর্ষণ উপাস্য ও রুদ্র অধিষ্ঠাতা, বুদ্ধিতে প্রদ্যুম্ন উপাস্য ও ব্রহ্মা অধিষ্ঠাতা, মনে অনিরুদ্ধ উপাস্য ও চন্দ্র অধিষ্ঠাতা] যাহা চিত্ত তাহাই মহত্তত্ত্ব অর্থাৎ অধিভূতরূপে তাহার নাম মহৎ; তাহা সত্ত্বগুণপ্রধান, নির্ম্মল ও রাগাদিরহিত; কারণ পণ্ডিতগণ উহাকে অধ্যাত্মরূপে ভগবানের উপলব্ধিস্থান চিত্ত ও অধিদৈবরূপে বাসুদেব বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন ॥ ২১ ॥

টীকা

ভগবচ্ছক্তিত্বম্ "ইতি তাসাং স্বশক্তীনাম্" ইত্যনেনোক্তম্ ॥ ১৯ ॥ জগজ্জায়মানমঙ্কুরঃ কার্য্যং যস্য সঃ, অতএব বিশ্বং চিদচিদাত্মকং জগৎ আত্মগতমাত্মনি সূক্ষ্মরূপেণ স্থিতং ব্যঞ্জয়ন্ স্থূলতয়া উৎপাদয়ন্ আত্মানং জীবং জ্ঞানাবরকতয়া প্রস্বাপয়তীতি তত্তমঃ অপিবৎ তমোঽভিভূয় রজঃসত্ত্বোপবৃংহিতো জাত ইত্যর্থঃ। তথোক্তং দ্বিতীয়স্কন্ধে "মহতস্তু বিকুর্ব্বাণাদ্রজঃসত্ত্বোপবৃংহিতাৎ" ইতি ॥ ২০ ॥ অথ প্রসঙ্গাৎ চতুর্ব্যূহোপাসনমাহ। অত্রেয়ং প্রক্রিয়া—অন্তঃকরণচতুষ্টয়োৎপত্তির্বৈকারিকাহঙ্কারাৎ। তত্র চিত্তে বাসুদেবঃ উপাস্যঃ, ক্ষেত্রজ্ঞোঽধিষ্ঠাতা; অহঙ্কারে সঙ্কর্ষণ উপাস্যঃ, রুদ্রোঽধিষ্ঠাতা; বুদ্ধৌ প্রদ্যুম্নঃ উপাস্যঃ, ব্রহ্মাধিষ্ঠাতা; মনস্যনিরুদ্ধঃ উপাস্যঃ, চন্দ্রোঽধিষ্ঠাতেতি। তত্রাহঙ্কারে উপাস্যস্য সঙ্কর্ষণস্য

স্বচ্ছত্বমবিকারিত্বং শান্তত্বমিতি চেতসঃ।
বৃত্তিভির্লক্ষণং প্রোক্তং যথাপাং প্রকৃতিঃ পরা ॥২২॥
মহত্তত্ত্বাদ্বিকুর্ব্বাণাদ্ভগবদ্বীর্য্যসম্ভবাৎ।
ক্রিয়াশক্তিরহঙ্কারস্ত্রিবিধঃ সমপদ্যত ॥ ২৩ ॥
বৈকারিকস্তৈজসশ্চ তামসশ্চ যতো ভবঃ।
মনসশ্চেন্দ্রিয়াণাঞ্চ ভূতানাং মহতামপি ॥২৪॥

অন্বয়

অপাং (জলের) পরা প্রকৃতিঃ (ভূমির সহিত সংসর্গ হইবার পূর্ব্ববর্ত্তী স্বভাব) যথা (যেমন) [স্বচ্ছ ও বুদ্বুদাদিবিকাররহিত হয়], [সেইরূপ] স্বচ্ছত্বং (নির্ম্মলত্ব), অবিকারিত্বম্ (অবিকারিত্ব), শান্তত্বম্ (রজঃ ও তমোগুণের দ্বারা অনভিভূতত্ব) ইতি বৃত্তিভিঃ (এই সকল বৃত্তির দ্বারা) চেতসঃ (চিত্তের) লক্ষণং প্রোক্তম্ (লক্ষণ কথিত হইয়া থাকে) ॥ ২২ ॥

[মহত্তত্ত্বকে চিত্তের সহিত একীভূত করিয়া চিত্তনামক তত্ত্ব বলা হইল, এক্ষণে অহঙ্কার নামক তত্ত্বের কথা বলিতেছেন] ভগবদ্বীর্য্যসম্ভবাৎ (ভগবৎসঙ্কল্পে প্রেরিত) বিকুর্ব্বাণাৎ (বিকারপ্রাপ্ত) মহত্তত্ত্বাৎ (মহত্তত্ত্ব হইতে) ক্রিয়াশক্তিঃ (ক্রিয়া উৎপাদনে সমর্থ) ত্রিবিধঃ অহঙ্কারঃ (তিন প্রকার অহঙ্কার) সমপদ্যত (উদ্ভূত হইয়া থাকে) ॥ ২৩ ॥

[তাহা] বৈকারিকঃ (সাত্ত্বিক), তৈজসঃ চ (রাজস) তামসশ্চ (ও তামস); যতঃ (এই অহঙ্কার-

অনুবাদ

জলের ভূমির সহিত সংযোগ হইবার পূর্ব্ববর্ত্তী স্বভাব যেমন স্বচ্ছ ও বুদ্বুদাদি বিকার-রহিত হয়, সেইরূপ স্বচ্ছত্ব, অবিকারিত্ব ও শান্তত্ব এই সকল বৃত্তি চিত্তের লক্ষণ বলিয়া কথিত হইয়া থাকে ॥ ২২ ॥

ভগবানের সঙ্কল্পবশে প্রেরিত হইয়া এই মহত্তত্ত্ব বিকারপ্রাপ্ত হইলে তাহা হইতে ক্রিয়া উৎপাদনে সমর্থ অহঙ্কারতত্ত্বের উৎপত্তি হয়। ঐ অহঙ্কারতত্ত্ব তিন প্রকার ॥ ২৩ ॥

তিন প্রকার অহঙ্কার—সাত্ত্বিক, রাজস ও তামস; এই অহঙ্কারতত্ত্ব হইতে মন, ইন্দ্রিয়সমূহ ও মহাভূত সকলের উৎপত্তি হইয়া থাকে ॥ ২৪ ॥

টীকা

উপাসনতো বাসুদেবোপাসনস্য মহদাত্মকচিত্তে ক্রিয়মাণত্বাৎ শ্রৈষ্ঠ্যমিত্যাশয়েনাহ—যদিতি। যচ্চিত্তম্ তন্মহদাত্মকম্, অহঙ্কারে বৈকারিকে মহতো যঃ শ্রেষ্ঠোঽংশস্তন্ময়মিত্যর্থঃ। অতএব তৎ সত্ত্বগুণং সত্ত্বগুণবহুলং স্বচ্ছং শান্তং চ, যৎ যত এব হেতোঃ ভগবতঃ পদমুপলব্ধিস্থানম্। যত এব বাসুদেবাখ্যং বাসুদেবোপাসনস্থানমাহুরিত্যন্বয়ঃ ॥ ২১ ॥ স্বচ্ছত্বং পরমাত্মগ্রাহকত্বম্, অবিকারিত্বং নির্ব্বিকারস্বরূপ-ভগবদধিষ্ঠিতত্বম্, শান্তত্বম্ রজস্তমোঽনভিভূতত্বম্ এবম্ভূতাভিঃ স্বচ্ছত্বাদিবৃত্তিভিঃ চেতসঃ "চিত্তং তন্মহদাত্মকমি"ত্যুক্তের্ম্মহদাত্মকস্য লক্ষণং। স্বচ্ছত্বে দৃষ্টান্তঃ—যথা অপামম্ভসাং পরা ভূসংসর্গাৎ প্রাক্তনী বুদ্বুদাদিরহিতা প্রকৃতিঃ স্বভাবঃ ॥ ২২ ॥ এবং মহত্তত্ত্বমন্তঃকরণভেদেন চিত্তেন সহ একীকৃত্য একং তত্ত্বং চিত্তাখ্যমুক্ত্বা অথ অহঙ্কারাখ্যং দ্বিতীয়ং তত্ত্বমাহ—মহত্তত্ত্বাদিতি চতুর্ভিঃ। ভগবতো বীর্য্যেণ সঙ্কল্পেন চোদিতাৎ প্রেরিতাৎ ক্রিয়াসু শক্তির্যস্য তথা ॥ ২৩ ॥ যতোঽহঙ্কারাৎ মনআদীনামুদ্ভবঃ ॥ ২৪ ॥

সহস্রশিরসং সাক্ষাদ্ যমনন্তং প্রচক্ষতে।
সঙ্কর্ষণাখ্যং পুরুষং ভূতেন্দ্রিয়মনোময়ম্ ॥২৫॥
কর্ত্তৃত্বং করণত্বঞ্চ কার্য্যত্বঞ্চেতি লক্ষণম্।
শান্তঘোরবিমূঢ়ত্বমিতি বা স্যাদহঙ্কৃতেঃ ॥২৬॥
বৈকারিকাদ্বিকুর্ব্বাণান্মনস্তত্ত্বমজায়ত।
যৎ সঙ্কল্পবিকল্পাভ্যাং বর্ত্ততে কামসম্ভবঃ ॥২৭॥

অন্বয়

তত্ত্ব হইতে) মনসশ্চ (মনের) ইন্দ্রিয়াণাঞ্চ (ও ইন্দ্রিয়সমূহের) মহতাং ভূতানামপি (এবং পঞ্চমহাভূতের) ভবঃ (জন্ম হইয়া থাকে) ॥ ২৪ ॥

[সেই অহঙ্কারে উপাস্য রূপ প্রদর্শন করিতেছেন] [তত্ত্বজ্ঞগণ] ভূতেন্দ্রিয়মনোময়ম্ (মহাভূত, ইন্দ্রিয় ও মনোময়) যম্ (ঐ অহঙ্কারকে) সঙ্কর্ষণাখ্যং (সঙ্কর্ষণ নামক) সহস্রশিরসং পুরুষং (সহস্রশীর্ষা পুরুষ) সাক্ষাৎ অনন্তং (সাক্ষাৎ অনন্তদেব) প্রচক্ষতে (বলিয়া থাকেন) [অর্থাৎ অহঙ্কারকে অনন্তদেবের উপলব্ধিস্থান বলিয়া থাকেন] ॥ ২৫ ॥

অহঙ্কৃতেঃ (অহঙ্কারের) [মনোরূপে] কর্ত্তৃত্বং (কর্ত্তৃত্ব) [এবং ইন্দ্রিয়রূপে] করণত্বং চ (কার্য্যসাধনত্ব) [ও মহাভূতরূপে] কার্য্যত্বং চ (কার্য্যত্ব) ইতি লক্ষণম্ (এই সকল লক্ষণ) স্যাৎ (হইয়া থাকে) বা (এবং) [সেই ত্রিবিধ অহঙ্কারের গুণক্রমে] শান্তঘোরবিমূঢ়ত্বম্ [ইতি লক্ষণং স্যাৎ] (শান্তত্ব, ঘোরত্ব ও বিমূঢ়ত্ব এই তিনটি লক্ষণ হইয়া থাকে) ॥ ২৬ ॥

[এক্ষণে চারিটি শ্লোকে মন ও বুদ্ধির উৎপত্তিপূর্ব্বক লক্ষণ বলিতেছেন] বিকুর্ব্বাণাৎ বৈকারিকাৎ

অনুবাদ

[সেই অহঙ্কারের উপাস্য দেবতা বলিতেছেন]—অহঙ্কার হইতে মহাভূত, ইন্দ্রিয় ও মনের উৎপত্তি হইয়াছে; তত্ত্বজ্ঞগণ অহঙ্কারকে সঙ্কর্ষণনামক উপাস্য সহস্রশীর্ষা পুরুষ অনন্তদেব বলিয়া কীর্ত্তন করিয়াছেন অর্থাৎ সঙ্কর্ষণনামক অনন্তদেব অহঙ্কারতত্ত্বে অধিষ্ঠিত উপাস্যদেবতা ॥ ২৫ ॥

উক্ত অহঙ্কারের মনোরূপে কর্ত্তৃত্ব, ইন্দ্রিয়রূপে করণত্ব ও মহাভূতরূপে কার্য্যত্ব এই ত্রিবিধ লক্ষণ হইয়া থাকে। আর সেই তিন প্রকার অহঙ্কারের গুণক্রমে শান্তত্ব, ঘোরত্ব ও বিমূঢ়ত্ব এই তিনটি লক্ষণ হইয়া থাকে ॥ ২৬ ॥

বিকারপ্রাপ্ত সাত্ত্বিক অহঙ্কার হইতে মন উদ্ভূত হয়; এই মনেই সঙ্কল্প ও বিকল্প হইয়া

টীকা

মনসি বৈকারিকাহঙ্কারকার্য্যে অনিরুদ্ধাখ্যো ব্যূহ উপাস্যঃ মনোবৃত্তিভেদেঽহঙ্কারাখ্যেঽন্তঃকরণে সঙ্কর্ষণ উপাস্যঃ। তস্যানিরুদ্ধাৎ শ্রৈষ্ঠ্যং দর্শয়িতুং সমষ্ট্যহঙ্কারাত্মনোপাস্যত্বং দর্শয়তি—সহস্রশিরসমিতি। যমহঙ্কারং সাক্ষাদনন্তং শেষাখ্যানন্তস্য অংশিনং প্রচক্ষতে, অনন্তোপাসনস্থানং প্রচক্ষতে ইত্যর্থঃ ॥ ২৫ ॥ কর্ত্তৃত্বং মনোরূপেণ কর্ম্মাণি জীবো মনসা করোতি, অতো জীবদ্বারা করণে মনস্যপি কর্ত্তৃত্বোপচারঃ। কর্ত্তা তু জীব এব "কর্ত্তা শাস্ত্রার্থবত্ত্বাৎ" ২।৪।৩৩ ইতি ন্যায়াৎ। করণত্বমিন্দ্রিয়রূপেণ, কার্য্যত্বং ভূত-

যদ্‌বিদুর্হৃষীকাণামধীশ্বরম্‌।
শারদেন্দীবরশ্যামং সংরাধ্যং যোগিভিঃ শনৈঃ ॥২৮॥
তৈজসাৎ তু বিকুর্ব্বাণাদ্‌বুদ্ধিতত্ত্বমভূৎ সতি!।
দ্রব্যস্ফুরণবিজ্ঞানমিন্দ্রিয়াণামনুগ্রহঃ ॥ ২৯ ॥

অন্বয়

(বিকারপ্রাপ্ত সাত্ত্বিক অহঙ্কার হইতে) মনস্তত্ত্বম্ অজায়ত (মন উদ্ভূত হইয়া থাকে); যৎ (উহা হইতে) সঙ্কল্পবিকল্পাভ্যাং (সঙ্কল্প—চিন্তা, বিকল্প—বিশেষ চিন্তা, তাহাদ্বারা) কামসম্ভবঃ বর্ত্ততে (কামের উৎপত্তি হইয়া থাকে)॥ ২৭ ॥

যৎ (ঐ মন) হৃষীকাণাং (ইন্দ্রিয়সমূহের) অধীশ্বরম্ হি (অধীশ্বর); যোগিভিঃ শনৈঃ সংরাধ্যম্ (ঐ মনকে যোগিগণ ধীরে ধীরে বশীভূত করিয়া থাকেন); [উহাকে তত্ত্বজ্ঞগণ] শারদেন্দীবরশ্যামং (শরৎকালীন নীলোৎপলের ন্যায় শ্যামবর্ণ) অনিরুদ্ধাখ্যং (অনিরুদ্ধের উপলব্ধিস্থান বলিয়া) বিদুঃ (জানেন)॥ ২৮ ॥

বিকুর্ব্বাণাৎ (বিকারপ্রাপ্ত) তৈজসাৎ তু (রজোগুণযুক্ত সাত্ত্বিক অহঙ্কার হইতে) বুদ্ধিতত্ত্বম্ অভূৎ (বুদ্ধিতত্ত্বের উৎপত্তি হইয়া থাকে)। সতি! (হে পতিব্রতে!) [ঐ বুদ্ধিতত্ত্ব হইতে] ইন্দ্রিয়াণাং (ইন্দ্রিয়সমূহের) দ্রব্যস্ফুরণবিজ্ঞানং (বিষয়প্রকাশরূপ বিজ্ঞান) [হইয়া থাকে] [এবং তাহাই তাহাদের] অনুগ্রহঃ (বিষয়ের গ্রহণ)॥ ২৯ ॥

অনুবাদ

থাকে; সামান্যতঃ যে চিন্তা তাহাকে সঙ্কল্প কহে ও বিশেষরূপে যে চিন্তা তাহাকে বিকল্প কহে। এই সঙ্কল্প ও বিকল্পের দ্বারা কামের উৎপত্তি হইয়া থাকে॥ ২৭ ॥

এই মন ইন্দ্রিয়সমূহের অধীশ্বর; যোগিগণও এই মনকে ধীরে ধীরে বশীভূত করিয়া থাকেন। তত্ত্বজ্ঞগণ ইহাকে শরৎকালীন নীলোৎপলের ন্যায় শ্যামবর্ণ অনিরুদ্ধের উপলব্ধিস্থান বলিয়া জানেন॥ ২৮ ॥

বিকারপ্রাপ্ত রজোগুণযুক্ত সাত্ত্বিক অহঙ্কার হইতে বুদ্ধিতত্ত্বের উৎপত্তি হইয়া থাকে। হে পতিব্রতে! এই বুদ্ধিতত্ত্ব হইতে ইন্দ্রিয়সমূহের দ্রব্যপ্রকাশরূপ বিজ্ঞান হইয়া থাকে এবং সেই বিজ্ঞানই ইন্দ্রিয়সমূহের বিষয়গ্রহণ॥ ২৯ ॥

টীকা

রূপেণ, অহঙ্করণস্য লক্ষণং শান্তত্বাদি তু বৈকারিকত্বাদিনা॥ ২৬॥ অথ তৃতীয়ং চতুর্থং চাহ—বৈকারিকাদিতি চতুর্ভিঃ। যৎ যতঃ কামস্য সম্ভবঃ, অতএব মনোভব ইতি কামস্য সংজ্ঞা॥ ২৭॥ হৃষীকাণামিন্দ্রিয়াণামধীশ্বরং যন্মনস্তদেবানিরুদ্ধোপাসনস্থানম্॥ ২৮॥ তৈজসাদিতি। তৈজসশব্দোঽত্র তৈজসাহঙ্কারবাচকো নাস্তি ততো বুদ্ধ্যুৎপত্তেরসম্ভবাৎ। সর্ব্বত্রৈকস্যৈবান্তঃকরণস্য বৃত্তিতঃ বুদ্ধ্যাদিরূপত্বাৎ মনোবুদ্ধিরূপত্বাৎ, "মনোবুদ্ধিরহঙ্কারশ্চিত্তমিত্যন্তরাত্মকম্। চতুর্ধা লক্ষ্যতে ভেদো বৃত্ত্যা লক্ষণরূপয়া॥" ইত্যুক্তিবিরোধাচ্চ। অহঙ্কারস্য অন্তঃকরণভেদস্য পৃথগুৎপত্ত্যনুক্তেশ্চ। চিত্তস্যাপি উক্তপ্রয়োজনার্থং মহদাত্মকত্বমুক্তং, ন তু পৃথগুৎপত্তিরুক্তা, ততস্তৎপৃথগুক্ত্যভাবাৎ। এবং সতি তৈজসাদ্ বুদ্ধ্যাখ্যান্তঃ-করণভেদজনকাদ্ রজোগুণযুক্তাদ্ বৈকারিকাৎশাদিত্যর্থঃ। নন্থ "বৈকারিকান্মনো জজ্ঞে" ইত্যনেনৈব

সংশয়োঽথ বিপর্য্যাসো নিশ্চয়ঃ স্মৃতিরেব চ।
স্বাপ ইত্যুচ্যতে বুদ্ধের্লক্ষণং বৃত্তিতঃ পৃথক্ ॥৩০॥
তৈজসানীন্দ্রিয়াণ্যেব ক্রিয়াজ্ঞানবিভাগশঃ।
প্রাণস্য হি ক্রিয়াশক্তির্বুদ্ধের্বিজ্ঞানশক্তিতা ॥৩১॥
তামসাচ্চ বিকুর্ব্বাণাদ্ভগবদ্বীর্য্যচোদিতাৎ।
শব্দমাত্রমভূৎ তস্মান্নভঃ শ্রোত্রন্তু শব্দগম্ ॥৩২॥

অন্বয়

সংশয়ঃ বিপর্য্যাসঃ (সংশয়, বিপরীত জ্ঞান), নিশ্চয়ঃ (প্রমাণজনিত জ্ঞান) অথ (এবং) স্মৃতিঃ (স্মৃতি) স্বাপঃ এব চ (ও নিদ্রা) ইতি বৃত্তিতঃ পৃথক্ (এই পাঁচ প্রকার বৃত্তিভেদে) [তত্ত্বজ্ঞগণ] বুদ্ধেঃ লক্ষণম্ (বুদ্ধির লক্ষণ) উচ্যতে (বলিয়া থাকেন) ॥ ৩০ ॥

তৈজসানি ইন্দ্রিয়াণি এব (রাজস অহঙ্কার হইতে উৎপন্ন দশেন্দ্রিয়ই) ক্রিয়াজ্ঞানবিভাগশঃ (ক্রিয়াশক্তি ও জ্ঞানশক্তিভেদে) [দ্বিবিধ]। প্রাণস্য হি (কর্ম্মেন্দ্রিয়সমূহের) ক্রিয়াশক্তিঃ (কর্ম্মসামর্থ্য) বুদ্ধেঃ (ও জ্ঞানেন্দ্রিয়সমূহের) বিজ্ঞানশক্তিতা (বিজ্ঞান সামর্থ্য) [হইয়া থাকে]॥ ৩১ ॥

[এক্ষণে পঞ্চদশটি শ্লোকে পঞ্চতন্মাত্রের উৎপত্তিপূর্ব্বক পঞ্চমহাভূতের উৎপত্তি ও তাহাদের লক্ষণ বলিতেছেন] ভগবদ্বীর্য্যচোদিতাৎ (ভগবৎসঙ্কল্পে প্রেরিত) বিকুর্ব্বাণাৎ (বিকারপ্রাপ্ত) তামসাৎ চ (তামস অহঙ্কার হইতে) শব্দমাত্রং (শব্দতন্মাত্র) অভূৎ (উৎপন্ন হইয়া থাকে); তস্মাৎ (শব্দতন্মাত্র হইতে) নভঃ [অভূৎ] (আকাশ উৎপন্ন হয়); শ্রোত্রং তু শব্দগং (পূর্ব্বোৎপন্ন শ্রবণেন্দ্রিয় এই আকাশের গুণ শব্দকে গ্রহণ করিয়া থাকে) ॥ ৩২ ॥

অনুবাদ

তত্ত্বজ্ঞগণ সংশয়, বিপর্য্যয়, নিশ্চয়, স্মৃতি ও নিদ্রা এই পাঁচপ্রকার বৃত্তিভেদে বুদ্ধির লক্ষণ নিরূপণ করিয়াছেন ॥ ৩০ ॥

রাজস অহঙ্কার হইতে দশ ইন্দ্রিয় উৎপন্ন হইয়া থাকে। তাহারা জ্ঞানশক্তি ও ক্রিয়াশক্তিভেদে দ্বিবিধ; কর্ম্মেন্দ্রিয়সমূহের ক্রিয়াশক্তি ও জ্ঞানেন্দ্রিয়সমূহের বিজ্ঞানশক্তি হইয়া থাকে ॥ ৩১ ॥

[এক্ষণে পঞ্চদশটি শ্লোকে পঞ্চতন্মাত্রের উৎপত্তি পূর্ব্বক পঞ্চমহাভূতের উৎপত্তি ও তাহাদের লক্ষণ বলিতেছেন] ভগবৎসঙ্কল্পে প্রেরিত হইয়া বিকারপ্রাপ্ত হইলে তামস অহঙ্কার হইতে শব্দতন্মাত্র এবং ঐ শব্দতন্মাত্র হইতে আকাশের উৎপত্তি হইয়া থাকে। পূর্ব্বোৎপন্ন শ্রবণেন্দ্রিয় এই আকাশের গুণ শব্দকে গ্রহণ করিয়া থাকে ॥ ৩২ ॥

টীকা

সর্ব্বেষামন্তঃকরণানাং সংগ্রহাদ্ "বুদ্ধিতত্ত্বমভূৎ" ইত্যুক্তির্নিরর্থিকা স্যাদিতি চেন্ন, তস্যাঃ মনোবুদ্ধ্যাদি গুণতারতম্যসূচনার্থত্বাৎ। হে সতি! যত ইতি শেষঃ, যতো বুদ্ধিতত্ত্বাৎ ইন্দ্রিয়াণামনুগ্রহঃ। অনুগ্রহমেব আহ—দ্রব্যাদীনাং শ্রোতব্যাদীনাং স্ফুরণরূপং বিজ্ঞা-মিতি ॥ ২৯—৩০ ॥ দশেন্দ্রিয়োৎপত্তি-মাহ—তৈজসানীতি। তৈজসানি তৈজসাহঙ্কারকার্য্যাণি। প্রাণস্যেতি "তমুৎক্রামন্তং সর্ব্বে প্রাণা উৎক্রামন্তি" ইতি শ্রুতৌ সর্ব্বেন্দ্রিয়াণাং প্রাণসংজ্ঞা যদ্যপি তথাপি বায়ুবিশেষস্য প্রাণস্য কর্ম্মেন্দ্রিয়গণে

অর্থাশ্রয়ত্বং শব্দস্য দ্রষ্টুর্লিঙ্গত্বমেব চ।
তন্মাত্রত্বঞ্চ নভসো লক্ষণং কবয়ো বিদুঃ ॥৩৩॥
ভূতানাং ছিদ্রদাতৃত্বং বহিরন্তরমেব চ।
প্রাণেন্দ্রিয়াত্মধিষ্ণ্যত্বং নভসো বৃত্তিলক্ষণম্ ॥৩৪॥

অন্বয়

[শব্দের লক্ষণ বলিতেছেন] অর্থাশ্রয়ত্বম্ (অর্থবোধকত্ব) দ্রষ্টুঃ (ও প্রাচীর প্রভৃতির অন্তরালে অবস্থিত বক্তার) লিঙ্গত্বম্ এব চ (জ্ঞাপকত্ব) নভসঃ (এবং আকাশের) তন্মাত্রত্বঞ্চ (পূর্ব্বরূপত্ব অর্থাৎ সূক্ষ্মত্ব) [এই সকল] শব্দস্য লক্ষণম্ (শব্দের লক্ষণ) কবয়ঃ বিদুঃ (তত্ত্বজ্ঞগণ বলিয়া থাকেন) ॥ ৩৩ ॥

[আকাশের লক্ষণ বলিতেছেন] ভূতানাং (বায়ু প্রভৃতি ভূতগণের) বহিরন্তরম্ এব চ (অন্তরে ও বাহিরে) ছিদ্রদাতৃত্বং (অবস্থিতিপ্রদানত্ব) প্রাণেন্দ্রিয়াত্মধিষ্ণ্যত্বং (এবং ব্রহ্মাদি পিপীলিকা পর্য্যন্ত সকলের প্রাণবায়ু, ইন্দ্রিয় ও দেহাদির আশ্রয়স্থানত্ব) নভসঃ (আকাশের) বৃত্তিলক্ষণম্ (বৃত্তিভেদে লক্ষণ কথিত হইয়া থাকে) ॥ ৩৪ ॥

অনুবাদ

পদের অর্থবোধকত্ব ও প্রাচীর প্রভৃতির অন্তরালে অবস্থিত বক্তার জ্ঞাপকত্ব এবং আকাশের পূর্ব্বরূপত্ব অর্থাৎ সূক্ষ্মত্ব তত্ত্বজ্ঞগণ এই সকল শব্দের লক্ষণ বলিয়া থাকেন অর্থাৎ শব্দ পদার্থের বাচক, অন্তরালে অবস্থিত শব্দকারী ব্যক্তির জ্ঞাপক ও আকাশের সূক্ষ্মরূপ হইয়া থাকে ॥ ৩৩ ॥

আকাশ, বায়ু প্রভৃতি ভূতগণকে অন্তরে ও বাহিরে অবস্থিতি প্রদান করে এবং আকাশ ব্রহ্মাদি পিপীলিকা পর্য্যন্ত সকলের প্রাণবায়ু, ইন্দ্রিয় ও দেহাদির আশ্রয় স্থান ; অতএব ঐ সমস্ত বৃত্তি আকাশের লক্ষণ ॥ ৩৪ ॥

টীকা

বহুপ্রয়োগাদত্র কর্ম্মেন্দ্রিয়গণঃ প্রাণঃ, তস্য ক্রিয়ায়াঃ শক্তিঃ ; বুদ্ধের্জ্ঞানেন্দ্রিয়গণস্য বিজ্ঞানশক্তিতা বিজ্ঞানে শক্তির্যস্য স তথা তস্য ভাবস্তত্তা ॥ ৩১ ॥ ইদানীং পঞ্চতন্মাত্রোৎপত্তিপূর্ব্বকমাকাশাদিপঞ্চমহাভূতোৎপত্তিং তল্লক্ষণং চাহ—তামসাদিত্যাদিপঞ্চদশভিঃ। শব্দমাত্রং শব্দতন্মাত্রমভূৎ, ততঃ শব্দতন্মাত্রাৎ শ্রোত্রং তু শব্দং নভোগুণং গচ্ছতি প্রাপ্নোতীতি শব্দগম্ ; এবমগ্রেঽপি বিষয়োৎপত্ত্যনন্তরং তৎসম্বন্ধমাত্রং কথ্যতে। উৎপত্তিস্তু শ্রোত্রাদীনাং তৈজসাহঙ্কারাদেব, শব্দাদ্যুৎপত্তিশ্চ তদ্‌গুণ্যুৎপত্ত্যৈব জ্ঞেয়া ॥ ৩২ ॥ শব্দস্য লক্ষণমাহ—অর্থাশ্রয়ত্বমিতি। অর্থাশ্রয়ত্বমর্থবোধকত্বং তথা কুড্যান্তরিতস্যেদং ময়া দৃষ্টমিতি দ্রষ্টুরুচ্চৈর্ব্বদতো লিঙ্গত্বং জ্ঞাপকত্বং নভসস্তন্মাত্রত্বমবস্থাভেদেন পূর্ব্বরূপত্বং চ শব্দস্য লক্ষণম্। শব্দতন্মাত্রাদীনি পঞ্চতন্মাত্রাণি আকাশাদিমহাভূতকারণানি, শব্দাদয়স্তু মহাভূতগুণাঃ ইত্যবস্থাভেদঃ ॥ ৩৩ ॥ ভূতানাং বায্বাদীনাং বহিরন্তরং যথা ভবতি, তথা ছিদ্রদাতৃত্বমবকাশপ্রদত্বং প্রাণানাং ব্রহ্মাদিমৎকুণপর্য্যন্তদেহগতবাতবিশেষাণামিন্দ্রিয়াণামাত্মনাং দেহাদীনাঞ্চ ধিষ্ণ্যত্বং স্থানত্বং নভসঃ বৃত্তিঃ ছিদ্রদাতৃত্বাদিরূপৈব লক্ষণম্ ॥ ৩৪ ॥ শব্দতন্মাত্রাৎ শব্দতন্মাত্রকার্য্যাৎ স্পর্শঃ স্পর্শতন্মাত্রং, ততো

নভসঃ শব্দতন্মাত্রাৎ কালগত্যা বিকুর্ব্বতঃ।
স্পর্শোঽভবৎ ততো বায়ুস্ত্বক্ স্পর্শস্য চ সংগ্রহঃ ॥৩৫॥
মৃদুত্বং কঠিনত্বঞ্চ শৈত্যমুষ্ণত্বমেব চ।
এতৎ স্পর্শস্য স্পর্শত্বং তন্মাত্রত্বং নভস্বতঃ ॥৩৬॥
চালনং ব্যূহনং প্রাপ্তির্নেতৃত্বং দ্রব্যশব্দয়োঃ।
সর্ব্বেন্দ্রিয়াণামাত্মত্বং বায়োঃ কর্ম্মাভিলক্ষণম্ ॥৩৭॥

অন্বয়

কালগত্যা (কালাত্মা ভগবানের সঙ্কল্পবশে) বিকুর্ব্বতঃ (বিকারপ্রাপ্ত) শব্দতন্মাত্রাৎ নভসঃ (শব্দতন্মাত্রের কার্য্য আকাশ হইতে) স্পর্শঃ (স্পর্শতন্মাত্র) অভবৎ (উৎপন্ন হইয়া থাকে); ততঃ (স্পর্শতন্মাত্র হইতে) বায়ুঃ চ (বায়ু) [অভবৎ] (উৎপন্ন হইয়া থাকে); ত্বক্ (ত্বগিন্দ্রিয়) স্পর্শস্য (বায়ুগুণ স্পর্শের) সংগ্রহঃ (গ্রাহক হইয়া থাকে)॥ ৩৫॥

[স্পর্শের লক্ষণ বলিতেছেন] মৃদুত্বং (কোমলতা), কঠিনত্বং (কাঠিন্য), শৈত্যং চ (শীতলত্ব) উষ্ণত্বম্ চ (এবং উষ্ণতা) নভস্বতঃ (ও বায়ুর) তন্মাত্রত্বং (পূর্ব্বরূপত্ব অর্থাৎ সূক্ষ্মত্ব) এতৎ এব স্পর্শস্য (ইহাই স্পর্শের) স্পর্শত্বম্ (লক্ষণ)॥ ৩৬॥

[বায়ুর লক্ষণ বলিতেছেন] চালনং (বৃক্ষশাখাদির সঞ্চালন করা), ব্যূহনং (তৃণাদির মিলন করা), প্রাপ্তিঃ (অন্যের প্রতি নিজের সংযোগ করা), দ্রব্যশব্দয়োঃ নেতৃত্বং (গন্ধদ্রব্যের গন্ধকে ঘ্রাণেন্দ্রিয়ের প্রতি, শৈত্যদ্রব্যের শীতগুণকে ত্বগিন্দ্রিয়ের প্রতি ও শব্দকে শ্রবণেন্দ্রিয়ের প্রতি লইয়া যাওয়া) সর্ব্বেন্দ্রিয়াণাম্ (এবং ইন্দ্রিয়গণের) আত্মত্বং (চৈতন্যসম্পাদন করা) [এই সকল] বায়োঃ কর্ম্মাভিলক্ষণম্ (কর্ম্ম বায়ুর লক্ষণ হইয়া থাকে)॥ ৩৭॥

অনুবাদ

কালাত্মা ভগবানের সঙ্কল্পবশে বিকারপ্রাপ্ত হইলে শব্দতন্মাত্রের কার্য্য আকাশ হইতে স্পর্শতন্মাত্র উৎপন্ন হয়; ঐ স্পর্শতন্মাত্র হইতে বায়ুর উদ্ভব হইয়া থাকে এবং ত্বগিন্দ্রিয় বায়ুগুণ স্পর্শ গ্রহণ করিয়া থাকে॥ ৩৫॥

মৃদুত্ব, কাঠিন্য, শৈত্য, উষ্ণত্ব এবং বায়ুর পূর্ব্বরূপত্ব অর্থাৎ সূক্ষ্মরূপত্ব এই সকলই স্পর্শের লক্ষণ॥ ৩৬॥

বায়ু বৃক্ষাদিকে সঞ্চালিত করে, তৃণাদিকে মিলিত করে, অন্য বস্তুর সহিত নিজে মিলিত হয়; ঐ বায়ু গন্ধদ্রব্যের গন্ধকে ঘ্রাণেন্দ্রিয়ের প্রতি, শৈত্যদ্রব্যের শীতগুণকে ত্বগিন্দ্রিয়ের প্রতি ও শব্দকে শ্রবণেন্দ্রিয়ের প্রতি লইয়া যায় এবং সকল ইন্দ্রিয়গণকে সঞ্জীবিত করিয়া রাখে; এই সকল কর্ম্মই বায়ুর লক্ষণ॥ ৩৭॥

টীকা

বায়ুঃ, স্পর্শস্য বায়ুগুণস্য সংগ্রহঃ সম্যক্ গ্রহঃ গ্রহণং যয়া সা ত্বক্; সংগ্রহঃ ইতি পুংস্ত্বং নিয়তলিঙ্গত্বাৎ॥ ৩৫॥ স্পর্শস্য কারণাবস্থয়া নভস্বতো বায়োস্তন্মাত্রত্বং পূর্ব্বরূপত্বং গুণাবস্থয়া মৃদুত্বাদিকং স্পর্শত্বং তদসাধারণং লক্ষণম্॥ ৩৬॥ চালনং বিয়োজনং, ব্যূহনমন্যোন্যতো দ্রব্যাদীনাং যোজনং।

বায়োশ্চ স্পর্শতন্মাত্রাদ্রূপং দৈবেরিতাদভূৎ।
সমুত্থিতং ততস্তেজশ্চক্ষূ রূপোপলম্ভনম্ ॥৩৮॥
দ্রব্যাকৃতিত্বং গুণতা ব্যক্তিসংস্থাত্বমেব চ।
তেজস্ত্বং তেজসঃ সাধ্বি! রূপমাত্রস্য বৃত্তয়ঃ ॥৩৯॥
দ্যোতনং পচনং পানমদনং হিমমর্দ্দনম্।
তেজসো বৃত্তয়স্ত্বেতাঃ শোষণং ক্ষুত্তৃড়েব চ ॥৪০॥

অন্বয়

দৈবেরিতাৎ (ভগবৎসঙ্কল্পে প্রেরিত), [অতএব বিকারপ্রাপ্ত] স্পর্শতন্মাত্রাৎ চ বায়োঃ (স্পর্শতন্মাত্রের কার্য্য বায়ু হইতে) রূপম্ (রূপতন্মাত্র) অভূৎ (উৎপন্ন হইয়া থাকে); ততঃ (সেই রূপতন্মাত্র হইতে) তেজঃ সমুত্থিতং (তেজ উৎপন্ন হয়); চক্ষুঃ (চক্ষুরিন্দ্রিয়) রূপোপলম্ভনম্ (তেজোগুণ রূপের গ্রাহক হইয়া থাকে)॥ ৩৮ ॥

[রূপের লক্ষণ বলিতেছেন] সাধ্বি! (হে পতিব্রতে!) দ্রব্যাকৃতিত্বং (দ্রব্যের হ্রস্ব-দীর্ঘাদি আকারত্ব), গুণতা (দ্রব্যাশ্রয়রূপে প্রতীয়মানত্ব) ব্যক্তিসংস্থাত্বম্ এব চ (ও দ্রব্যের সমপরিমাণত্ব) তেজসঃ (এবং তেজের) তেজস্ত্বং (গুণত্ব) [এই সকল] রূপমাত্রস্য (রূপের) বৃত্তয়ঃ (লক্ষণ)॥ ৩৯ ॥

[তেজের লক্ষণ বলিতেছেন] দ্যোতনং (প্রকাশ), পচনং (তণ্ডুলাদির পাক), ক্ষুৎ (ক্ষুধা), তৃট্ (তৃষ্ণা), অদনং (ভোজন), পানং (পান), হিমমর্দ্দনং (শৈত্যনিবারণ) শোষণম্ এব চ (ও শোষণ) এতাঃ (এই সকল) তেজসঃ বৃত্তয়ঃ (তেজের লক্ষণ)॥ ৪০ ॥

অনুবাদ

ভগবানের সঙ্কল্পবশে প্রেরিত হইয়া বিকারপ্রাপ্ত হইলে স্পর্শতন্মাত্রের কার্য্য বায়ু হইতে রূপতন্মাত্র উদ্ভূত হইয়া থাকে; ঐ রূপতন্মাত্র হইতে তেজ উৎপন্ন হয়। পূর্ব্বোৎপন্ন চক্ষুরিন্দ্রিয়ই ঐ তেজোগুণ গ্রহণ করিয়া থাকে॥ ৩৮ ॥

হে পতিব্রতে! রূপ দ্রব্যের হ্রস্বদীর্ঘাদি আকার দর্শন করায়, দ্রব্যাশ্রয় গুণরূপে প্রতীত হয় এবং দ্রব্যের যেমন সন্নিবেশ, রূপেরও তাদৃশই সন্নিবেশ হয়; রূপ তেজের গুণরূপে প্রতীত হয়; অতএব দ্রব্যাকৃতিত্ব, গুণত্ব, ব্যক্তিসংস্থাত্ব ও তেজের গুণত্ব, এই সকল রূপের লক্ষণ হইয়া থাকে॥ ৩৯ ॥

তেজ বস্তুর প্রকাশ করে, তণ্ডুলাদির পাক করে, ক্ষুধা, তৃষ্ণা, ভোজন ও পান করায়

টীকা

প্রাপ্তিঃ স্বস্যান্যং প্রতি, দ্রব্যগন্ধয়োঃ অন্যং প্রতি নেতৃত্বং। কর্ম্মলক্ষণং কর্ম্মদ্বারালক্ষণম্॥ ৩৭ ॥ স্পর্শতন্মাত্রাৎ তৎকার্য্যাৎ রূপং রূপতন্মাত্রং, রূপোপলম্ভনং তেজোঽসাধারণরূপাখ্যগুণগ্রাহকম্॥ ৩৮ ॥ দ্রব্যাকৃতিত্বং দ্রব্যস্য হ্রস্বদীর্ঘাদ্যাকারসমর্পকত্বং, গুণতা দ্রব্যাশ্রয়ত্বেন প্রতীয়মানত্বম্, ব্যক্তিসংস্থাত্বং দ্রব্যব্যক্তিসমসংস্থানত্বম্। তেজসস্তেজস্ত্বং গুণত্বং; হে সাধ্বি! রূপমাত্রস্য রূপতন্মাত্রস্য রূপস্যেত্যর্থঃ। বৃত্তয়ো লক্ষণানীত্যর্থঃ॥ ৩৯ ॥ ক্ষুৎ অশনা তদ্বারেণ অদনং, তৃট্ পিপাসাদ্বারেণ পানম্॥ ৪০ ॥

রূপমাত্রাদ্বিকুর্ব্বাণাৎ তেজসো দৈবচোদিতাৎ।
রসমাত্রমভূৎ তস্মাদম্ভো জিহ্বা রসগ্রহঃ ॥৪১॥
কষায়ো মধুরস্তিক্তঃ কটুম্ল ইতি নৈকধা।
ভৌতিকানাং বিকারেণ রস একো বিভিদ্যতে ॥ ৪২ ॥
ক্লেদনং পিণ্ডনং তৃপ্তিঃ প্রাণনাপ্যায়নোন্দনম্।
তাপাপনোদো ভূয়স্ত্বমম্ভসো বৃত্তয়স্ত্বিমাঃ ॥ ৪৩ ॥

অন্বয়

দৈবচোদিতাৎ (ভগবানের সঙ্কল্পে প্রেরিত হইয়া) বিকুর্ব্বাণাৎ (বিকারপ্রাপ্ত হইলে) রূপমাত্রাৎ তেজসঃ (রূপতন্মাত্রের কার্য্য তেজ হইতে) রসমাত্রম্ অভূৎ (রসতন্মাত্র উদ্ভূত হয়); তস্মাৎ (সেই রসতন্মাত্র হইতে) অম্ভঃ (জল) [উদ্ভূত হয়]। জিহ্বা (রসনেন্দ্রিয়) রসগ্রহঃ (জলগুণ রসের গ্রাহক হইয়া থাকে) ॥ ৪১ ॥

[রসের লক্ষণ বলিতেছেন] রসঃ একঃ [সন্] (রস এক হইয়াই) ভৌতিকানাং বিকারেণ (ভৌতিক দ্রব্যের সংসর্গে বিকৃত হওয়ায়) কষায়ঃ, মধুরঃ, তিক্তঃ, কটুম্ল (কষায়, মধুর, তিক্ত, কটু, অম্ল ও লবণ) ইতি নৈকধা (এই অনেক প্রকারে অর্থাৎ ছয় প্রকারে) বিভিদ্যতে (বিভক্ত হইয়া থাকে) [এই সকল রসের লক্ষণ] ॥ ৪২ ॥

[জলের লক্ষণ বলিতেছেন] ক্লেদনং (আর্দ্রীকরণ), পিণ্ডনং (চূর্ণাদির পিণ্ডীকরণ), তৃপ্তিঃ (তৃপ্তিপ্রদত্ব), প্রাণনাপ্যায়নোন্দনম্ (প্রাণন—জীবনরক্ষণ, আপ্যায়ন—তৃষ্ণানিবারণ, উন্দন—মৃদুতা-সম্পাদন), তাপাপনোদঃ (তাপনিবারণ) ভূয়স্ত্বম্ (এবং কূপাদি হইতে উদ্ধৃত হইলেও পুনঃ পুনঃ উদ্‌গমন) ইমাঃ তু (এই সকল) অম্ভসঃ (জলের) বৃত্তয়ঃ (লক্ষণ) ॥ ৪৩ ॥

অনুবাদ

এবং শৈত্যনিবারণ ও শোষণ করিয়া থাকে ; অতএব প্রকাশ, পাক, ক্ষুধা, তৃষ্ণা, ভোজন, পান, শৈত্যনিবারণ ও শোষণ এই সকল তেজের লক্ষণ ॥ ৪০ ॥

ভগবানের সঙ্কল্পবশে প্রেরিত হইয়া বিকারপ্রাপ্ত হইলে রূপতন্মাত্রের কার্য্য তেজ হইতে রসতন্মাত্র উদ্ভূত হইয়া থাকে এবং সেই রসতন্মাত্র হইতে জলের উৎপত্তি হয়। পূর্ব্বোৎপন্ন রসনেন্দ্রিয়ই জলগুণ রস গ্রহণ করিয়া থাকে ॥ ৪১ ॥

একই রস ভৌতিক দ্রব্যের সংসর্গে বিকৃত হওয়ায় কষায়, মধুর, তিক্ত, কটু, অম্ল ও লবণ এই ছয় প্রকারে বিভক্ত হইয়া থাকে ; এই সকলই রসের লক্ষণ ॥ ৪২ ॥

জল পদার্থকে আর্দ্র করে, চূর্ণাদিকে পিণ্ডাকারে পরিণত করে, প্রাণিগণের তৃপ্তি

টীকা

রূপং মাত্রা গুণো যস্য, যদ্বা রূপং মাত্রং তন্মাত্রং যস্য তস্মাৎ, যৎ রসগ্রহঃ স্যাদিতি শেষঃ, জিহ্বা রসনেন্দ্রিয়ঃ ॥ ৪১ ॥ ৪২ ॥ ক্লেদনম্ আর্দ্রীকরণং, পিণ্ডনং চূর্ণাদেঃ পিণ্ডীকরণম্। তৃপ্তিঃ অম্ভঃসেবনফলরূপসুখদাতৃত্বম্, প্রাণনম্ জীবনম্, আপ্যায়নং তৃট্‌তাপনিবর্ত্তনমুন্দনং মৃদুকরণম্ ॥ ৪৩ ॥

রসমাত্রাদ্বিকুর্ব্বাণাদম্ভসো দৈবচোদিতাৎ।
গন্ধমাত্রমভূৎ তস্মাৎ পৃথ্বী ঘ্রাণস্তু গন্ধগঃ ॥ ৪৪ ॥
করম্ভপূতিসৌরভ্যশান্তোগ্রাম্লাদিভিঃ পৃথক্।
দ্রব্যাবয়ববৈষম্যাদ্‌গন্ধ একো বিভিদ্যতে ॥ ৪৫ ॥
ভাবনং ব্রহ্মণঃ স্থানং ধারণং সদ্বিশেষণম্।
সর্ব্বসত্ত্বগুণোদ্ভেদঃ পৃথিবীবৃত্তিলক্ষণম্ ॥ ৪৬ ॥

অন্বয়

দৈবচোদিতাৎ (ভগবৎসঙ্কল্পে প্রেরিত) বিকুর্ব্বাণাৎ (ও বিকারপ্রাপ্ত) রসমাত্রাৎ (রসতন্মাত্রের কার্য্য) অম্ভসঃ (জল হইতে) গন্ধমাত্রং (গন্ধতন্মাত্র) অভূৎ (উদ্ভূত হয়); তস্মাৎ (সেই গন্ধতন্মাত্র হইতে) পৃথ্বী [অভূৎ] (ক্ষিতি উৎপন্ন হয়)। ঘ্রাণস্তু (ঘ্রাণেন্দ্রিয়) গন্ধগঃ (ক্ষিতিগুণ গন্ধের গ্রাহক হইয়া থাকে) ॥ ৪৪ ॥

[গন্ধের লক্ষণ বলিতেছেন] গন্ধঃ একঃ [সন্] (গন্ধ এক হইয়াই) দ্রব্যাবয়ববৈষম্যাৎ (দ্রব্যের বৈষম্যহেতু) করম্ভপূতিসৌরভ্যশান্তোগ্রাম্লাদিভিঃ (মিশ্রগন্ধ, দুর্গন্ধ, সুগন্ধ, শান্তগন্ধ, তীব্রগন্ধ ও অম্লগন্ধাদি ভেদে) পৃথক্ (নানা রকমে) বিভিদ্যতে (বিভক্ত হইয়া থাকে); [এই সকলই গন্ধের লক্ষণ] ॥ ৪৫ ॥

[পৃথ্বীর লক্ষণ বলিতেছেন] ভাবনং (গৃহরথাদির সম্পাদন), ব্রহ্মণঃ স্থানম্ (উপাস্য ভগবানের প্রতিমাদিরূপে আকার সম্পাদন), ধারণম্ (জলাদির ধারণ), সদ্বিশেষণম্ (আকাশাদির পরিমাপক), সর্ব্বসত্ত্বগুণোদ্ভেদঃ (সকল প্রাণিগণের ও তাহাদের গুণসমূহের প্রকটন) [এই সকল] পৃথিবীবৃত্তিলক্ষণম্ (পৃথিবীর লক্ষণ) ॥ ৪৬ ॥

অনুবাদ

সম্পাদন করে, জীবন রক্ষা করে, তৃষ্ণা নিবারণ করে, বস্তুর মৃদুতা সম্পাদন করে, তাপ নিবারণ করে এবং কূপাদি হইতে উদ্ধৃত হইলেও উদ্গমন করে; অতএব ক্লেদন, পিণ্ডন, তৃপ্তিপ্রদত্ব, জীবনরক্ষণ, তৃষ্ণানিবারণ, মৃদুতাসম্পাদন, তাপনিবারণ ও উদ্গমন এই সকল জলের লক্ষণ হইয়া থাকে ॥ ৪৩ ॥

ভগবানের সঙ্কল্পবশে প্রেরিত হইয়া বিকারপ্রাপ্ত হইলে রসতন্মাত্রের কার্য্য জল হইতে গন্ধতন্মাত্র উৎপন্ন হয় এবং সেই গন্ধতন্মাত্র হইতে ক্ষিতি উৎপন্ন হইয়া থাকে। ঘ্রাণেন্দ্রিয় ক্ষিতিগুণ গন্ধ গ্রহণ করিয়া থাকে ॥ ৪৪ ॥

একই গন্ধ দ্রব্যের বৈষম্যহেতু মিশ্রগন্ধ, দুর্গন্ধ, সুগন্ধ, শান্তগন্ধ, তীব্রগন্ধ ও অম্লাদি-গন্ধভেদে নানা প্রকারে বিভক্ত হইয়া থাকে; এই সকলই গন্ধের লক্ষণ ॥ ৪৫ ॥

পৃথিবী গৃহরথাদি সম্পাদন করে, উপাস্য ভগবানের প্রতিমাদিরূপে আকার সম্পাদন করে, জলাদি ধারণ করে, আকাশাদির পরিমাপক হয় এবং সকল প্রাণিগণ ও তাহাদের গুণসমূহ প্রকটিত করে; অতএব এই সকল পৃথিবীর লক্ষণ ॥ ৪৬ ॥

টীকা

রসঃ মাত্রং তন্মাত্রং যস্য তস্মাৎ ॥ ৪৪ ॥ করম্ভো মিশ্রগন্ধঃ, পূতিঃ দুর্গন্ধঃ, সৌরভ্যং সুগন্ধঃ, শান্তো গম্ভীরঃ, উগ্রঃ তীব্রঃ ॥ ৪৫ ॥ ভাবনম্ গৃহরথাদিনিষ্পাদনম্। ব্রহ্মণঃ ভগবতঃ উপাস্যস্য স্থানং

নভোগুণবিশেষোঽর্থো যস্য তচ্ছ্রোত্রমুচ্যতে।
বায়োর্গুণবিশেষোঽর্থো যস্য তৎ স্পর্শনং বিদুঃ ॥ ৪৭ ॥
তেজোগুণবিশেষোঽর্থো যস্য তচ্চক্ষুরুচ্যতে।
অম্ভোগুণবিশেষোঽর্থো যস্য তদ্রসনং বিদুঃ ॥
ভূমের্গুণবিশেষোঽর্থো যস্য ঘ্রাণঃ স উচ্যতে ॥ ৪৮ ॥
পরস্য দৃশ্যতে ধর্ম্মো হ্যপরস্মিন্ সমন্বয়াৎ।
অতো বিশেষো ভাবানাং ভুমাবেবোপলভ্যতে ॥ ৪৯ ॥

অন্বয়

[পণ্ডিতগণ] নভোগুণবিশেষঃ (আকাশের গুণ শব্দ) যস্য (যাহার) অর্থঃ (বিষয়), তৎ (তাহাকে) শ্রোত্রম্ উচ্যতে (শ্রোত্র বলিয়া থাকেন); বায়োঃ গুণবিশেষঃ (বায়ুর গুণ স্পর্শ) যস্য (যাহার) অর্থঃ (বিষয়), তৎ (তাহাকে) স্পর্শনং বিদুঃ (ত্বক্ বলিয়া থাকেন); তেজোগুণ-বিশেষঃ (তেজের গুণ রূপ) যস্য (যাহার) অর্থঃ (বিষয়), তৎ (তাহাকে) চক্ষুঃ উচ্যতে (চক্ষু বলিয়া থাকেন); অম্ভোগুণবিশেষঃ (জলের গুণ রস) যস্য (যাহার) অর্থঃ (বিষয়), তৎ (তাহাকে) রসনং বিদুঃ (রসনা বলিয়া থাকেন); ভুমেঃ (পৃথিবীর) গুণবিশেষঃ (গুণ গন্ধ) যস্য (যাহার) অর্থঃ (বিষয়), সঃ ঘ্রাণঃ উচ্যতে (তাহাকে নাসিকা বলিয়া অভিহিত করেন) ॥ ৪৭ ॥ ৪৮ ॥

পরস্য (কারণের) ধর্ম্মঃ (গুণ) অপরস্মিন্ (কার্য্যে) সমন্বয়াৎ হি (সমন্বয়হেতু অর্থাৎ সংক্রমিত হয় বলিয়া) দৃশ্যতে (দেখা যায়); অতঃ (এইরূপ সমন্বয়হেতু) ভাবানাং বিশেষঃ (আকাশাদি মহাভূত সকলের শব্দাদি গুণ) ভুমৌ এব (এক পৃথিবীতেই) উপলভ্যতে (অনুভূত হইয়া থাকে) ॥ ৪৯ ॥

অনুবাদ

আকাশের গুণ শব্দ যাহার বিষয় তাহাকে শ্রোত্র, বায়ুর গুণ স্পর্শ যাহার বিষয় তাহাকে ত্বক্, তেজের গুণ রূপ যাহার বিষয় তাহাকে চক্ষু, জলের গুণ রস যাহার বিষয় তাহাকে রসনা এবং পৃথিবীর গুণ গন্ধ যাহার বিষয় তাহাকে নাসিকা বলিয়া তত্ত্বজ্ঞগণ নিরূপণ করিয়াছেন ॥ ৪৭ ॥ ৪৮ ॥

কারণের ধর্ম্ম কার্য্যে সংক্রমিত হইয়া থাকে ইহা দেখা যায়; যেমন আকাশে একমাত্র শব্দগুণ; বায়ুতে কারণ আকাশের গুণ শব্দ ও স্বীয়গুণ স্পর্শ; এইরূপ তেজে কারণগুণ শব্দ, স্পর্শ ও স্বীয়গুণ রূপ; জলে কারণগুণ শব্দ, স্পর্শ, রূপ ও স্বীয়গুণ রস; এইরূপ সমন্বয়

টীকা

ধারণং জলাদ্যাধারত্বম্। সতাং কার্য্যাণাং বিশেষণম্ অবচ্ছেদকত্বম্, সর্ব্বেষাং সত্ত্বানাং তদ্‌গুণানাং পুংস্ত্বাদীনাং চ উদ্ভেদঃ উত্তরোত্তরাকারভেদঃ পৃথিব্যা বৃত্তিলক্ষণম্ ॥ ৪৬ ॥ শ্রোত্রাদিলক্ষণানুবাদঃ নভো-গুণ ইতি সার্দ্ধদ্বাভ্যাম্। নভোগুণবিশেষঃ শব্দোঽর্থো বিষয়ো যস্য তৎ শ্রোত্রমুচ্যতে, এবমগ্রে; স্পর্শনং ত্বক্ ॥ ৪৭ ॥ ৪৮ ॥ পরস্য কারণস্য ধর্ম্মঃ শব্দাদিঃ। অপরস্মিন্ কার্য্যে সমন্বয়াদ্দৃশ্যতে; তথাহি

এতান্যসংহত্য যদা মহদাদীনি সপ্ত বৈ।
কালকর্ম্মগুণোপেতো জগদাদিরুপাবিশৎ ॥ ৫০ ॥
ততস্তেনানুবিদ্ধেভ্যো যুক্তেভ্যোঽণ্ডমচেতনম্।
উত্থিতং পুরুষো যস্মাদুদতিষ্ঠদসৌ বিরাট্ ॥ ৫১ ॥
এতদণ্ডং বিশেষাখ্যং ক্রমবৃদ্ধৈর্দশোত্তরৈঃ।
তোয়াদিভিঃ পরিবৃতং প্রধানেনাবৃতৈর্ব্বহিঃ ॥
যত্র লোকবিতানোঽয়ং রূপং ভগবতো হরেঃ ॥ ৫২ ॥

অন্বয়

[কারণস্থানীয় চতুর্ব্বিংশতি প্রাকৃততত্ত্বের উৎপত্তি বলা হইয়াছে; এক্ষণে কার্য্যস্থানীয় ব্রহ্মাণ্ডের উৎপত্তি বলিতেছেন] এতানি মহদাদীনি সপ্ত বৈ (এই মহদাদি তত্ত্বসমূহ) যদা (যখন) অসংহত্য (অমিলিত অবস্থায়) [অবস্থান করিতেছিল], [তদা] (তখন) জগদাদিঃ (জগৎকারণ পরমাত্মা) কালকর্ম্মগুণোপেতঃ (কাল, কর্ম্ম ও গুণযুক্ত হইয়া) উপাবিশৎ [তত্ত্বসমূহে] (প্রবেশ করিলেন) ॥ ৫০ ॥

ততঃ (অনন্তর) তেন (পরমাত্মার প্রবেশহেতু) অনুবিদ্ধেভ্যঃ (ক্ষোভিত) যুক্তেভ্যঃ (ও মিলিত) তেভ্যঃ (সেই তত্ত্বসমূহ হইতে) অচেতনম্ অণ্ডম্ (অচেতন অণ্ড) উত্থিতম্ (উৎপন্ন হইল)। যস্মাৎ (ঐ অণ্ড হইতে) অসৌ বিরাট্‌পুরুষঃ (বিরাট্‌পুরুষ) উদতিষ্ঠৎ (আবির্ভূত হইয়া থাকেন) ॥ ৫১ ॥

বিশেষাখ্যম্ এতৎ অণ্ডম্ (বিশেষ নামক এই অণ্ড) আবৃতৈঃ (আচ্ছাদিত) দশোত্তরৈঃ ক্রমবৃদ্ধৈঃ (ও উত্তরোত্তর দশগুণ ক্রমবর্দ্ধিত) তোয়াদিভিঃ (জলাদি তত্ত্বসমূহের দ্বারা) বহিঃ প্রধানেন (ও বাহিরে প্রকৃতির দ্বারা) পরিবৃতং (পরিবেষ্টিত)। যত্র (ঐ ব্রহ্মাণ্ডে) ভগবতঃ হরেঃ (ভগবান্ শ্রীহরির) রূপং (বিরাট্‌মূর্ত্তি) অয়ং লোকবিতানঃ (এই লোকসমূহ) [অবস্থান করিতেছে] ॥ ৫২ ॥

অনুবাদ

হেতু আকাশাদি মহাভূত সকলের শব্দাদি গুণ এক পৃথিবীতেই অনুভূত হইয়া থাকে অর্থাৎ পৃথিবীতে শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই সমস্ত গুণই অনুভূত হইয়া থাকে ॥ ৪৯ ॥

অনন্তর যখন মহদাদি তত্ত্বসমূহ অমিলিত অবস্থায় অবস্থান করিতেছিল, তখন জগৎ-কারণ পরমাত্মা কাল, কর্ম্ম ও গুণযুক্ত হইয়া তত্ত্বসমূহে প্রবেশ করিলেন ॥ ৫০ ॥

অনন্তর পরমাত্মার প্রবেশহেতু তত্ত্বসমূহ ক্ষোভিত ও মিলিত হইল এবং পরস্পর ক্ষোভিত ও মিলিত তত্ত্বসমূহ হইতে অচেতন অণ্ড উৎপন্ন হইল। এই অণ্ড হইতেই বিরাট্-পুরুষ আবির্ভূত হইয়া থাকেন ॥ ৫১ ॥

বিশেষ নামক এই অণ্ড উত্তরোত্তর দশগুণবর্দ্ধিত আবরণস্থানীয় জলাদি তত্ত্বসমূহের

টীকা

নভসি শব্দ এব, বায়ৌ শব্দস্পর্শৌ, তেজসি শব্দস্পর্শরূপাণি, জলে শব্দস্পর্শরূপরসাঃ। অতঃ এবম্ভূতাৎ সমন্বয়াৎ সর্ব্বভাবানাং বিশেষঃ শব্দস্পর্শাদিরূপঃ ভূমাবেব উপলভ্যতে ॥ ৪৯ ॥ এবং চতুর্ব্বিংশতি প্রাকৃততত্ত্বগণো দর্শিতঃ। প্রকৃতেস্তত্রৈবান্তর্ভাবাৎ। ব্রহ্মাণ্ডোৎপত্তিং দর্শয়তি—এতানীত্যাদিনা। জগদাদিঃ পরমাত্মা ॥৫০॥ অনুবিদ্ধেভ্যঃ প্রেরিতেভ্যঃ যুক্তেভ্যঃ যূথীকৃতেভ্যঃ ॥৫১॥৫২॥

হিরণ্ময়াদণ্ডকোষাদুত্থায় সলিলেশয়াৎ।
তমাবিশ্য মহাদেবো বহুধা নির্ব্বিভেদ খম্ ॥ ৫৩ ॥
নিরভিদ্যতাস্য প্রথমং মুখং বাণী ততোঽভবৎ।
বাণ্যা বহ্নিরথো নাসে প্রাণোতো ঘ্রাণ এতয়োঃ ॥৫৪॥
ঘ্রাণাদ্বায়ুরভিদ্যেতামক্ষিণী চক্ষুরেতয়োঃ।
তস্মাৎ সূর্য্যো ন্যভিদ্যেতাং কর্ণৌ শ্রোত্রং ততো দিশঃ ॥৫৫॥

অন্বয়

মহাদেবঃ (দেবদেব ভগবান্) সলিলেশয়াৎ (জলে অবস্থিত) হিরণ্ময়াৎ (প্রকাশিত) অণ্ডকোষাৎ (অণ্ডকোষ হইতে) উত্থায় (নিজকে পৃথক্ ভাবিয়া) তম্ আবিশ্য (তাহাতে অধিষ্ঠিত হইয়া) বহুধা খং (বহুবিধ ইন্দ্রিয়চ্ছিদ্র) নির্ব্বিভেদ (প্রকাশ করিলেন) ॥ ৫৩ ॥

অস্য (এই বিরাট্ পুরুষের) প্রথমম্ (প্রথমতঃ) মুখং নিরভিদ্যত (মুখচ্ছিদ্র উৎপন্ন হইল); ততঃ (সেই মুখে) বাণী (বাগিন্দ্রিয়) বাণ্যা চ (ও বাগিন্দ্রিয়ের সহিত) বহ্নিঃ অভবৎ (অগ্নি উৎপন্ন হইলেন)। অথ (অনন্তর) নাসে (নাসিকাছিদ্র) [উৎপন্ন হইল]; এতয়োঃ (এই নাসিকাদ্বয়ে) প্রাণোতঃ (প্রাণযুক্ত) ঘ্রাণঃ [অভবৎ] (ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হইল) ॥ ৫৪ ॥

ঘ্রাণাৎ (ঘ্রাণেন্দ্রিয় হইতে) বায়ুঃ [অভবৎ] (বায়ুদেবতা উৎপন্ন হইলেন); [অনন্তর] অক্ষিণী অভিদ্যেতাম্ (চক্ষুদ্বয় উৎপন্ন হইল); এতয়োঃ (এই চক্ষুদ্বয়ে) চক্ষুঃ [অভবৎ] (চক্ষুরিন্দ্রিয় উৎপন্ন হইল); তস্মাৎ (তাহা হইতে) সূর্য্যঃ (সূর্য্যদেবতা উৎপন্ন হইলেন); [অনন্তর] কর্ণৌ ন্যভিদ্যেতাং (কর্ণদ্বয় উৎপন্ন হইল); ততঃ (তাহা হইতে) শ্রোত্রম্ (শ্রবণেন্দ্রিয়) দিশঃ চ (ও দিগ্‌দেবতা) [উৎপন্ন হইলেন] ॥ ৫৫ ॥

অনুবাদ

দ্বারা পরিবেষ্টিত আছে অর্থাৎ তত্ত্বসমূহ ক্রমশঃ দশ দশগুণ বর্দ্ধিত হইয়া উহাকে আবরণ করিয়া রহিয়াছে; পরিশেষে প্রকৃতি উহাকে আবরণ করিয়া রহিয়াছে। এই ব্রহ্মাণ্ডে ভগবান্ শ্রীহরির বিরাট্‌মূর্ত্তি লোকসমূহ অবস্থান করিতেছে ॥ ৫২ ॥

অনন্তর দেবদেব ভগবান্ সলিলশায়ী ও প্রকাশিত অণ্ডকোষ হইতে নিজকে পৃথক্ মনে করিয়া তাহাতে অধিষ্ঠিত হইয়া বহুবিধ ইন্দ্রিয়চ্ছিদ্র প্রকাশ করিলেন ॥ ৫৩ ॥

এই বিরাট্‌পুরুষের প্রথমতঃ মুখ উৎপন্ন হইল; সেই মুখে বাগিন্দ্রিয়ের সহিত অগ্নিদেবতা উৎপন্ন হইলেন। অনন্তর নাসিকাদ্বয় উৎপন্ন হইলে তাহাতে প্রাণযুক্ত ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হইল ॥ ৫৪ ॥

ঘ্রাণেন্দ্রিয় হইতে বায়ুদেবতা উৎপন্ন হইলেন; অনন্তর চক্ষুস্থান উৎপন্ন হইলে তাহাতে

টীকা

হিরণ্ময়াৎ ভগবৎপ্রকাশযুক্তাৎ। মহাদেবঃ সর্ব্বদেবদেবো ভগবান্ উত্থায় আত্মানং পৃথক্ বিভাব্য আবিশ্য অধিষ্ঠায়, খং ছিদ্রম্ ॥ ৫৩ ॥ অস্য বিরাজঃ প্রথমং মুখং নিরভিদ্যত। ততস্তত্র বাণী বাগিন্দ্রিয়ম্ তয়া সহ বহ্নিশ্চাভবৎ বিভক্তোঽভূৎ। নাসে নিরভিদ্যেতাম্। এতয়োঃ নাসয়োঃ প্রাণেনোতঃ স্যাতঃ অভবদিত্যনুষঙ্গঃ। প্রাণোত ইতি বিশেষণং সর্ব্বেষু ইন্দ্রিয়েষু যোজ্যম্ ॥ ৫৪ ॥ ঘ্রাণাদ্বায়ুরভবৎ,

নির্ব্বিভেদ বিরাজস্ত্বগ্রোমশ্মশ্রূদয়স্ততঃ।
তত ওষধয়শ্চাসন্ শিশ্নং নির্ব্বিভিদে ততঃ ॥ ৫৬ ॥
রেতস্তস্মাদাপ আসন্ নিরভিদ্যত বৈ গুদম্।
গুদাদপানোঽপানাচ্চ মৃত্যুর্লোকভয়ঙ্করঃ ॥ ৫৭ ॥
হস্তৌ চ নিরভিদ্যেতাং বলং তাভ্যাং ততঃ স্বরাট্।
পাদৌ চ নিরভিদ্যেতাং গতিস্তাভ্যাং ততো হরিঃ ॥৫৮॥

অন্বয়

[অনন্তর] বিরাজঃ (বিরাট্পুরুষের) ত্বক্ (ত্বগিন্দ্রিয়স্থান) নির্ব্বিভেদ (উৎপন্ন হইল) ; ততঃ (তাহা হইতে) ত্বক্রোমশ্মশ্রূদয়ঃ (ত্বগিন্দ্রিয়, রোম ও শ্মশ্রুপ্রভৃতি) [উৎপন্ন হইল] ; ততঃ ওষধয়ঃ চ আসন্ (তাহা হইতে ওষধিদেবতাগণও উৎপন্ন হইলেন) ; ততঃ (অনন্তর) শিশ্নং (উপস্থস্থান) নির্ব্বিভিদে (উৎপন্ন হইল) ॥ ৫৬ ॥

তস্মাৎ (সেই উপস্থস্থান হইতে) রেতঃ (উপস্থেন্দ্রিয়) [ও তাহা হইতে] আপঃ (জলদেবতাগণ) আসন্ (উৎপন্ন হইলেন) ; [অনন্তর] গুদম্ বৈ নিরভিদ্যত (গুহ্যস্থান উৎপন্ন হইল) ; গুদাৎ (গুহ্যস্থান হইতে) অপানঃ (অপান ইন্দ্রিয় অর্থাৎ পায়ু ইন্দ্রিয়) অপানাৎ চ (ও অপান হইতে) লোকভয়ঙ্করঃ মৃত্যুঃ [অভবৎ] (লোকের ভয়প্রদ মৃত্যুদেবতা উৎপন্ন হইলেন) ॥ ৫৭ ॥

[অনন্তর] হস্তৌ চ নিরভিদ্যেতাং (হস্তদ্বয় উৎপন্ন হইল) ; তাভ্যাং (হস্তদ্বয় হইতে) বলং (হস্তেন্দ্রিয় অর্থাৎ সামর্থ্য) ততঃ (ও বল হইতে) স্বরাট্ [অভূৎ] (ইন্দ্রদেবতা উৎপন্ন হইলেন) । [অনন্তর] পাদৌ চ নিরভিদ্যেতাং (পদদ্বয় উৎপন্ন হইল) ; তাভ্যাং (তাহা হইতে) গতিঃ (পদেন্দ্রিয় অর্থাৎ গমনক্রিয়া) ততঃ (ও সেই গতি হইতে) হরিঃ [অভবৎ] (বিষ্ণুদেবতা উৎপন্ন হইলেন) ॥৫৮॥

অনুবাদ

চক্ষুরিন্দ্রিয় ও সূর্য্যদেবতা উৎপন্ন হইলেন। পরে কর্ণদ্বয় উৎপন্ন হইলে তাহাতে শ্রবণেন্দ্রিয় ও দিগ্দেবতাগণ উৎপন্ন হইলেন ॥ ৫৫ ॥

অনন্তর বিরাট্পুরুষের ত্বগিন্দ্রিয়স্থান উৎপন্ন হইল এবং তাহাতে ত্বগিন্দ্রিয়, রোম ও শ্মশ্রু প্রভৃতি উৎপন্ন হইল ; তাহা হইতে ওষধিদেবতাগণও উৎপন্ন হইলেন। অনন্তর উপস্থস্থান উৎপন্ন হইল ॥ ৫৬ ॥

সেই উপস্থস্থান হইতে উপস্থেন্দ্রিয় ও উপস্থেন্দ্রিয় হইতে জলদেবতাগণ উৎপন্ন হইলেন। অনন্তর বিরাট্পুরুষের গুহ্যস্থান উৎপন্ন হইল। তাহা হইতে অপান ইন্দ্রিয় ও অপান ইন্দ্রিয় হইতে লোকের ভয়প্রদ মৃত্যুদেবতা উৎপন্ন হইলেন ॥ ৫৭ ॥

অনন্তর বিরাটপুরুষের হস্তদ্বয় উৎপন্ন হইল। সেই হস্তদ্বয় হইতে হস্তেন্দ্রিয় অর্থাৎ বল ও বল হইতে ইন্দ্রদেবতা উৎপন্ন হইলেন। অনন্তর পদদ্বয় উৎপন্ন হইল এবং পদদ্বয় হইতে পদেন্দ্রিয় অর্থাৎ গতি ও গতি হইতে বিষ্ণুদেবতা উৎপন্ন হইলেন ॥ ৫৮ ॥

টীকা

দিশঃ শ্রোত্রেন্দ্রিয়দেবতা নিরভিদ্যন্ ॥ ৫৫ ॥ আদিনা কেশাঃ ততস্তত্র ॥ ৫৬ ॥ রেতস্তস্মাৎ আপঃ

নাড্যোঽস্য নিরভিদ্যন্ত তাভ্যো লোহিতমাভৃতম্।
নদ্যস্ততঃ সমভবন্নুদরং নিরভিদ্যত ॥ ৫৯ ॥
ক্ষুৎপিপাসে ততঃ স্যাতাং সমুদ্রস্ত্বেতয়োরভূৎ।
অথাস্য হৃদয়ং ভিন্নং হৃদয়ান্মন উত্থিতম্ ॥ ৬০ ॥
মনসশ্চন্দ্রমা জাতো বুদ্ধির্বুদ্ধের্গিরাং পতিঃ।
অহঙ্কারস্ততো রুদ্রশ্চিত্তং চৈত্যস্ততোঽভবৎ ॥ ৬১ ॥

অন্বয়

[অনন্তর] অস্য (বিরাট্‌পুরুষের) নাড্যঃ নিরভিদ্যন্ত (নাড়ীসমূহ উৎপন্ন হইল) ; তাভ্যঃ (তাহা হইতে) লোহিতম্ আভৃতম্ (রক্ত উৎপন্ন হইল) ; ততঃ (তাহা হইতে) নদ্যঃ সমভবন্ (নদীদেবতাসকল উৎপন্ন হইলেন)। [অনন্তর] উদরং নিরভিদ্যত (উদর উৎপন্ন হইল) ॥ ৫৯ ॥

ততঃ (উদরস্থান হইতে) ক্ষুৎপিপাসে স্যাতাম্ (ক্ষুধা ও তৃষ্ণা উৎপন্ন হইল) ; এতয়োঃ তু (এই ক্ষুধাতৃষ্ণা হইতে) সমুদ্রঃ অভূৎ (সমুদ্রদেবতা উৎপন্ন হইলেন) ; অথ (অনন্তর) অস্য (এই বিরাট্‌-পুরুষের) হৃদয়ং ভিন্নং (হৃদয়স্থান উৎপন্ন হইল) ; হৃদয়াৎ মনঃ উত্থিতম্ (ঐ হৃদয় হইতে মন উৎপন্ন হইল) ॥ ৬০ ॥

মনসঃ (মন হইতে) চন্দ্রমা জাতঃ (চন্দ্রদেবতা উৎপন্ন হইলেন) ; [উক্ত হৃদয় হইতে] বুদ্ধিঃ (বুদ্ধি) বুদ্ধেঃ (ও বুদ্ধি হইতে) গিরাং পতিঃ (ব্রহ্মা) [উৎপন্ন হইলেন] ; [উক্ত হৃদয় হইতে] অহঙ্কারঃ (অহঙ্কার) ততঃ (ও সেই অহঙ্কার হইতে) রুদ্রঃ (রুদ্রদেবতা) [উৎপন্ন হইলেন] ; [উক্ত হৃদয় হইতে] চিত্তং (চিত্ত) ততঃ (ও চিত্ত হইতে) চৈত্যঃ অভবৎ (সমষ্টি দেহাভিমানী ক্ষেত্রজ্ঞ অর্থাৎ আত্মা উৎপন্ন হইলেন) ॥ ৬১ ॥

অনুবাদ

অনন্তর বিরাট্‌পুরুষের নাড়ীসমূহ উৎপন্ন হইল এবং তাহা হইতে শোণিত ও শোণিত হইতে নদীদেবতা সকল উৎপন্ন হইলেন। অনন্তর তাঁহার উদরস্থান উৎপন্ন হইল ॥ ৫৯ ॥

সেই উদরস্থান হইতে ক্ষুধাতৃষ্ণা উৎপন্ন হইল ; আবার এই ক্ষুধাতৃষ্ণা হইতে সমুদ্রদেবতা উৎপন্ন হইলেন। অনন্তর বিরাট্‌পুরুষের হৃদয়স্থান উৎপন্ন হইল ও হৃদয়স্থান হইতে মন উৎপন্ন হইল ॥ ৬০ ॥

মন হইতে চন্দ্রদেবতা উৎপন্ন হইলেন ; পূর্ব্বোক্ত হৃদয়স্থান হইতে বুদ্ধি ও বুদ্ধি হইতে ব্রহ্মা উৎপন্ন হইলেন এবং সেই হৃদয়স্থান হইতে অহঙ্কার ও অহঙ্কার হইতে রুদ্রদেবতা উৎপন্ন হইলেন ; আবার ঐ হৃদয়স্থান হইতে চিত্ত ও চিত্ত হইতে ক্ষেত্রজ্ঞ অর্থাৎ সমষ্টি দেহাভিমানী আত্মা উৎপন্ন হইলেন ॥ ৬১ ॥

টীকা

জলানি ॥ ৫৭ ॥ স্বরাড়িন্দ্রঃ, হরির্বিষ্ণুঃ ॥ ৫৮ ॥ আভৃতম্ জাতম্ ॥ ৫৯ ॥ ৬০ ॥ গিরাং পতিঃ ব্রহ্মা, চিত্তং সমষ্টিচিত্তং বাসুদেবাখ্যোপাস্যদেবাধিষ্ঠিতং, চৈত্যঃ সমষ্টিচিত্তযুক্তসমষ্টিদেহাভিমানী ক্ষেত্রজ্ঞ

এতে হ্যভ্যুত্থিতা দেবা নৈবাস্যোত্থাপনেঽশকন্।
পুনরাবিবিশুঃ খানি তমুত্থাপয়িতুং ক্রমাৎ ॥ ৬২ ॥
বহ্নির্ব্বাচা মুখং ভেজে নোদতিষ্ঠৎ তদা বিরাট্।
ঘ্রাণেন নাসিকে বায়ুর্নোদতিষ্ঠৎ তদা বিরাট্ ॥ ৬৩ ॥
অক্ষিণী চক্ষুষাদিত্যো নোদতিষ্ঠৎ তদা বিরাট্।
শ্রোত্রেণ কর্ণৌ চ দিশো নোদতিষ্ঠৎ তদা বিরাট্ ॥৬৪॥
ত্বচং রোমভিরোষধ্যো নোদতিষ্ঠৎ তদা বিরাট্।
রেতসা শিশ্নমাপস্তু নোদতিষ্ঠৎ তদা বিরাট্ ॥ ৬৫ ॥

অন্বয়

এতে দেবাঃ (এই দেবতাগণ) অভ্যুত্থিতাঃ হি (উদ্ভূত হইয়াও) অস্য (বিরাট্পুরুষের) উত্থাপনে (চেতনাসম্পাদন করিতে) ন এব অশকন্ (সমর্থ হইলেন না) ; [অতএব] তম্ উত্থাপয়িতুং (তাহাকে জাগরিত করিবার জন্য) [তাহারা] ক্রমাৎ পুনঃ (ক্রমশঃ পুনরায়) খানি (ইন্দ্রিয়স্থানসমূহে) আবিবিশুঃ (প্রবেশ করিলেন) ॥ ৬২ ॥

বহ্নিঃ (অগ্নিদেবতা) বাচা (বাগিন্দ্রিয়ের সহিত) মুখং ভেজে (মুখে প্রবেশ করিলেন), তদা (তখনও) বিরাট্ (বিরাট্পুরুষ) ন উদতিষ্ঠৎ (ক্রিয়াশীল হইলেন না) ; [অনন্তর] বায়ুঃ ঘ্রাণেন (বায়ু দেবতা ঘ্রাণেন্দ্রিয়ের সহিত) নাসিকে (নাসিকাদ্বয়ে) [প্রবেশ করিলেন], তদা (তখনও) বিরাট্ ন উদতিষ্ঠৎ (বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না) ॥ ৬৩ ॥

[পরে] আদিত্যঃ (সূর্য্যদেবতা) চক্ষুষা (চক্ষুরিন্দ্রিয়ের সহিত) অক্ষিণী (অক্ষিগোলকদ্বয়ে) [প্রবেশ করিলেন], তদা (তখনও) বিরাট্ ন উদতিষ্ঠৎ (বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না) ; [অনন্তর] দিশঃ (দিগ্দেবতাগণ) শ্রোত্রেণ (শ্রবণেন্দ্রিয়ের সহিত) কর্ণৌ চ (কর্ণদ্বয়ে) [প্রবেশ করিলেন], তদা (তখনও) বিরাট্ ন উদতিষ্ঠৎ (বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না) ॥ ৬৪ ॥

[অনন্তর] ওষধ্যঃ (ওষধিদেবতাগণ) রোমভিঃ (রোমসমূহের সহিত অর্থাৎ ত্বগিন্দ্রিয়ের সহিত)

অনুবাদ

এই দেবতাগণ উদ্ভূত হইয়াও যখন বিরাট্পুরুষের চেতনাসম্পাদন করিতে সমর্থ হইলেন না, তখন পুনরায় ক্রমশঃ তাহারা তাঁহাকে জাগরিত করিবার জন্য ইন্দ্রিয়স্থানসমূহে প্রবেশ করিলেন ॥ ৬২ ॥

অগ্নিদেবতা বাগিন্দ্রিয়ের সহিত মুখে প্রবেশ করিলেন, কিন্তু তখনও বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না ; পরে বায়ুদেবতা ঘ্রাণেন্দ্রিয়ের সহিত নাসিকাদ্বয়ে প্রবেশ করিলেন, কিন্তু তখনও বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না ॥ ৬৩ ॥

অনন্তর সূর্য্যদেবতা চক্ষুরিন্দ্রিয়ের সহিত চক্ষুগোলকদ্বয়ে প্রবেশ করিলেন, কিন্তু তখনও বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না ; পরে দিগ্দেবতাগণ শ্রবণেন্দ্রিয়ের সহিত কর্ণদ্বয়ে প্রবেশ করিলেন, তখনও বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না ॥ ৬৪ ॥

অনন্তর ওষধিদেবতাগণ ত্বগিন্দ্রিয়ের সহিত ত্বকে প্রবেশ করিলেন, কিন্তু তখনও

গুদং মৃত্যুরপানেন নোদতিষ্ঠৎ তদা বিরাট্ ।
হস্তাবিন্দ্রো বলেনৈব নোদতিষ্ঠৎ তদা বিরাট্ ॥ ৬৬ ॥
বিষ্ণুর্গত্যৈব চরণৌ নোদতিষ্ঠৎ তদা বিরাট্ ।
নাড়ীর্নদ্যো লোহিতেন নোদতিষ্ঠৎ তদা বিরাট্ ॥ ৬৭ ॥
ক্ষুত্তৃড্ভ্যামুদরং সিন্ধুর্নোদতিষ্ঠৎ তদা বিরাট্ ।
হৃদয়ং মনসা চন্দ্রো নোদতিষ্ঠৎ তদা বিরাট্ ॥ ৬৮ ॥

অন্বয়

ত্বচং (ত্বকে) [প্রবেশ করিলেন], তদা (তখনও) বিরাট্ ন উদতিষ্ঠৎ (বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না) ; [পরে] আপঃ তু (জলদেবতাগণ) রেতসা (উপস্থেন্দ্রিয়ের সহিত) শিশ্নম্ (উপস্থে) [প্রবেশ করিলেন], তদা (তখনও) বিরাট্ ন উদতিষ্ঠৎ (বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না) ॥ ৬৫ ॥

[অনন্তর] মৃত্যুঃ (যমদেবতা) অপানেন (অপানের সহিত অর্থাৎ পায়ু ইন্দ্রিয়ের সহিত) গুদং (গুহ্যে) [প্রবেশ করিলেন], তদা (তখনও) বিরাট্ ন উদতিষ্ঠৎ (বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না) ; [পরে] ইন্দ্রঃ (ইন্দ্রদেবতা) বলেন এব (বলের সহিত) হস্তৌ (হস্তদ্বয়ে) [প্রবেশ করিলেন], তদা (তখনও) বিরাট্ ন উদতিষ্ঠৎ (বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না) ॥ ৬৬ ॥

বিষ্ণুঃ (বিষ্ণুদেবতা) গত্যা এব (গমনক্রিয়ার সহিত) চরণৌ (চরণদ্বয়ে) [প্রবেশ করিলেন], তদা (তখনও) বিরাট্ ন উদতিষ্ঠৎ (বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না) ; [পরে] নদ্যঃ (নদী দেবতাসকল) লোহিতেন (শোণিতের সহিত) নাড়ীঃ (নাড়ীসমূহে) [প্রবেশ করিলেন], তদা (তখনও) বিরাট্ ন উদতিষ্ঠৎ (বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না) ॥ ৬৭ ॥

সিন্ধুঃ (সমুদ্রদেবতা) ক্ষুত্তৃড্ভ্যাং (ক্ষুধা ও তৃষ্ণার সহিত) উদরম্ (উদরে) [প্রবেশ করিলেন], তদা (তখনও) বিরাট্ ন উদতিষ্ঠৎ (বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না) ; [পরে] চন্দ্রঃ (চন্দ্রদেবতা)

অনুবাদ

বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না ; পরে জলদেবতাগণ উপস্থেন্দ্রিয়ের সহিত উপস্থস্থানে প্রবেশ করিলেন, কিন্তু তখনও বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না ॥ ৬৫ ॥

অনন্তর মৃত্যুদেবতা অপানের সহিত গুহ্যে প্রবেশ করিলেন, কিন্তু তখনও বিরাট্-পুরুষ ক্রিয়াশীল হইলেন না ; পরে ইন্দ্রদেবতা বলের সহিত হস্তদ্বয়ে প্রবেশ করিলেন, কিন্তু তখনও বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না ॥ ৬৬ ॥

অনন্তর বিষ্ণুদেবতা গমনক্রিয়ার সহিত চরণদ্বয়ে প্রবেশ করিলেন, কিন্তু তখনও বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না ; পরে নদীদেবতা সকল শোণিতের সহিত নাড়ীসমূহে প্রবেশ করিলেন, কিন্তু তখনও বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না ॥ ৬৭ ॥

অনন্তর সমুদ্রদেবতা ক্ষুধা ও তৃষ্ণার সহিত উদরে প্রবেশ করিলেন, কিন্তু তখনও বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না ; পরে চন্দ্রদেবতা মনের সহিত হৃদয়ে প্রবেশ করিলেন, কিন্তু তখনও বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না ॥ ৬৮ ॥

বুদ্ধ্যা ব্রহ্মাপি হৃদয়ং নোদতিষ্ঠৎ তদা বিরাট্।
রুদ্রোঽভিমত্যা হৃদয়ং নোদতিষ্ঠৎ তদা বিরাট্॥ ৬৯॥
চিত্তেন হৃদয়ং চৈত্যঃ ক্ষেত্রজ্ঞঃ প্রাবিশদ্ যদা।
বিরাট্ তদৈব পুরুষঃ সলিলাদুদতিষ্ঠত॥ ৭০॥
যথা প্রসুপ্তং পুরুষং প্রাণেন্দ্রিয়মনোধিয়ঃ।
প্রভবন্তি বিনা যেন নোত্থাপয়িতুমোজসা॥ ৭১॥

অন্বয়

মনসা (মনের সহিত) হৃদয়ং (হৃদয়ে) [প্রবেশ করিলেন], তদা (তখনও) বিরাট্ ন উদতিষ্ঠৎ (বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না)॥ ৬৮॥

ব্রহ্মা (ব্রহ্মাদেবতা) বুদ্ধ্যা (বুদ্ধির সহিত) হৃদয়ং (হৃদয়ে) [প্রবেশ করিলেন], তদা (তখনও) বিরাট্ ন উদতিষ্ঠৎ (বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না); [পরে] রুদ্রঃ (রুদ্রদেবতা) অভিমত্যা (অভিমানের সহিত) হৃদয়ং (হৃদয়ে) [প্রবেশ করিলেন], তদা (তখনও) বিরাট্ ন উদতিষ্ঠৎ (বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না)॥ ৬৯॥

[অনন্তর] চৈত্যঃ ক্ষেত্রজ্ঞঃ (বাসুদেবাধিষ্ঠিত ক্ষেত্রজ্ঞ অর্থাৎ সমষ্টি দেহাভিমানী আত্মা) যদা (যখন) চিত্তেন (চিত্তের সহিত) হৃদয়ং প্রাবিশৎ (হৃদয়ে প্রবেশ করিলেন); তদা এব (তখনই) বিরাট্ পুরুষঃ (বিরাট্পুরুষ) সলিলাৎ (কারণসলিল হইতে) উদতিষ্ঠত (উত্থিত হইলেন অর্থাৎ ক্রিয়াশীল হইলেন)॥ ৭০॥

যথা (যেমন) প্রাণেন্দ্রিয়মনোধিয়ঃ (প্রাণ, ইন্দ্রিয়, মন, বুদ্ধি ইহারা) ওজসা (স্ব স্ব তেজে)

অনুবাদ

অনন্তর ব্রহ্মাদেবতা বুদ্ধির সহিত হৃদয়ে প্রবেশ করিলেন, কিন্তু তখনও বিরাট্-পুরুষ ক্রিয়াশীল হইলেন না; পরে রুদ্রদেবতা অভিমানের সহিত হৃদয়ে প্রবেশ করিলেন, কিন্তু তখনও বিরাট্পুরুষ ক্রিয়াশীল হইলেন না॥ ৬৯॥

অনন্তর বাসুদেবাধিষ্ঠিত ক্ষেত্রজ্ঞ যখন চিত্তের সহিত হৃদয়ে প্রবেশ করিলেন, তখনই বিরাট্পুরুষ সলিল হইতে উত্থিত হইলেন অর্থাৎ ক্রিয়াশীল হইলেন॥ ৭০॥

যেমন—প্রাণ, ইন্দ্রিয়, মন ও বুদ্ধি ইহারা ক্ষেত্রজ্ঞ অর্থাৎ আত্মা ব্যতীত স্ব স্ব তেজের দ্বারা প্রসুপ্ত দেহকে প্রবোধিত করিতে সমর্থ হয় না, সেইরূপ দেবগণ ইন্দ্রিয়ের সহিত স্ব স্ব অধিষ্ঠানে প্রবেশ করিয়াও ক্ষেত্রজ্ঞের প্রবেশ ব্যতীত বিরাট্পুরুষকে ক্রিয়াশীল করিতে পারেন নাই॥ ৭১॥

টীকা

ইত্যর্থঃ॥ ৬১—৬৯॥ চিত্তেন সর্ব্বনিয়ন্তৃবাসুদেবাখ্যোপাস্যদেবাধিষ্ঠিতেন যুক্তশ্চৈত্য উক্তপ্রকারঃ ক্ষেত্রজ্ঞঃ যদা প্রবিষ্টঃ তদা বিরাট্ সমষ্টিশরীরমুদতিষ্ঠৎ। বিরাজোঽচেতনত্বধার্য্যত্বভোগ্যত্বাদয়ো ধর্ম্মাঃ বাসুদেবস্যোপাস্যত্বনিয়ন্তৃত্বাদয়ঃ ক্ষেত্রজ্ঞস্য চেতনত্বভোক্তৃত্বদেহধারকত্বোপাসকত্বভগবন্নিয়ম্যত্বাদয়শ্চানেন

তমস্মিন্ প্রত্যগাত্মানং ধিয়া যোগপ্রবৃত্তয়া।
ভক্ত্যা বিরক্ত্যা জ্ঞানেন বিবিচ্যাত্মনি চিন্তয়েৎ ॥ ৭২ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে
কাপিলেয়ে তত্ত্বসমাম্নায়ো নাম ষড়্বিংশোঽধ্যায়ঃ ॥ ২৬ ॥

অন্বয়

যেন বিনা (যে ক্ষেত্রজ্ঞ অর্থাৎ আত্মা ব্যতীত) প্রসুপ্তং পুরুষং (প্রসুপ্ত পুরুষকে অর্থাৎ দেহকে) উত্থাপয়িতুং ন প্রভবন্তি (ক্রিয়াশীল করিতে সমর্থ হয় না), [সেইরূপ এখানেও দেবগণ ইন্দ্রিয়ের সহিত স্ব স্ব অধিষ্ঠানে প্রবেশ করিয়াও ক্ষেত্রজ্ঞের প্রবেশ ব্যতীত বিরাট্‌শরীরকে ক্রিয়াশীল করিতে পারেন নাই] ॥৭১॥

[অতএব] যোগপ্রবৃত্তয়া ধিয়া (যোগযুক্ত বুদ্ধিদ্বারা), ভক্ত্যা (ভক্তিদ্বারা), বিরক্ত্যা (বৈরাগ্য-দ্বারা) জ্ঞানেন (ও জ্ঞানের দ্বারা) অস্মিন্ (দেহে) প্রত্যগাত্মানং (জীবের অন্তর্য্যামী) তম্ (বাসুদেবকে) আত্মনি (হৃদয়ে) বিবিচ্য চিন্তয়েৎ (অনুভব করতঃ চিন্তা করিবে) ॥ ৭২ ॥

অনুবাদ

অতএব হে মাতঃ! যোগযুক্ত বুদ্ধি, ভক্তি, বৈরাগ্য ও জ্ঞানের দ্বারা এই দেহে জীবের অন্তর্য্যামী বাসুদেবকে হৃদয়ে অনুভব করিয়া চিন্তা করিবে ॥ ৭২ ॥

ষড়্বিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥২৬॥

টীকা

দর্শিতাঃ ॥ ৭০ ॥ ব্যষ্টিক্ষেত্রজ্ঞদৃষ্টান্তেনাপি উক্তমর্থং দ্রঢ়য়তি—যথেতি। যথা প্রসুপ্তং পুরুষং দেহং প্রাণাদয়ো যেন ক্ষেত্রজ্ঞেন বিনা উত্থাপয়িতুং ন প্রভবন্তি। স তু প্রভবতি তদ্বৎ ॥ ৭১ ॥ অস্মিন্ চিন্তনযোগ্যে ক্ষেত্রে তং বাসুদেবং প্রত্যঞ্চো জীবস্য ক্ষেত্রজ্ঞস্য আত্মানমন্তর্য্যামিণম্ আত্মনি হৃদি চিন্তয়েৎ ॥ ৭২ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে তৃতীয়স্কন্ধে শ্রীমচ্ছুকদেবকৃতসিদ্ধান্ত-
প্রদীপে ষড়্বিংশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ২৬ ॥

সপ্তবিংশোঽধ্যায়ঃ

শ্রীভগবানুবাচ

প্রকৃতিস্থোঽপি পুরুষো নাজ্যতে প্রাকৃতৈর্গুণৈঃ।
অবিকারাদকর্ত্তৃত্বান্নির্গুণত্বাজ্জলার্কবৎ ॥ ১ ॥
স এষ যর্হি প্রকৃতের্গুণেষ্বভিবিষজ্জতে।
অহঙ্কারবিমূঢ়াত্মা কর্ত্তাস্মীত্যভিমন্যতে ॥ ২ ॥

অন্বয়

[এই অধ্যায়ে কিরূপে প্রকৃতি ও পুরুষের বিবেকজ্ঞানে মোক্ষ হয় তাহাই বলিতেছেন] শ্রীভগবান্ উবাচ (ভগবান্ কপিলদেব বলিলেন) পুরুষঃ (জীব) প্রকৃতিস্থঃ অপি (প্রকৃতিতে অবস্থান করিয়াও) অবিকারাৎ (জীব গুণের বিকার নহে বলিয়া) অকর্ত্তৃত্বাৎ (ও জীবের কর্ত্তৃত্ব নাই বলিয়া) নির্গুণত্বাৎ (এবং গুণসমূহ জীবের ধর্ম্ম নয় বলিয়া) জলার্কবৎ (জলস্থ প্রতিবিম্ব সূর্য্যের ন্যায়) প্রাকৃতৈঃ গুণৈঃ (প্রাকৃত গুণ সুখদুঃখাদি দ্বারা) নাজ্যতে (জীব লিপ্ত হয় না) ॥১॥

[পুরুষ যদি প্রাকৃত গুণে লিপ্ত না হয়, তাহা হইলে পুরুষের পুনঃ পুনঃ জন্মমরণরূপ সংসার কেন হয় ? এই প্রশ্নের উত্তরে বলিতেছেন] সঃ এষঃ (সেই জীব) যর্হি (যখন) প্রকৃতেঃ গুণেষু (প্রকৃতির

অনুবাদ

ভগবান্ কপিলদেব বলিলেন—সূর্য্যের জলস্থ প্রতিবিম্ব যেমন জলের সহিত লিপ্ত হয় না, সেইরূপ প্রকৃতিতে অবস্থান করিয়াও জীব প্রকৃতিগুণের কার্য্য সুখদুঃখাদিতে কখনও লিপ্ত হয় না ; কারণ জীব স্বয়ং গুণের বিকার নহে ও জীবের কর্ত্তৃত্বাদি নাই এবং গুণসমূহ জীবের ধর্ম্মও নহে ; [পরন্তু দেহাদিই প্রাকৃতগুণ সুখদুঃখাদিতে লিপ্ত হইয়া থাকে এবং গুণসমূহই দেহাদির নিমিত্ত বলিয়া দেহাদি গুণযুক্ত হইয়া থাকে] ॥ ১ ॥

যদিও জীব প্রাকৃতগুণে লিপ্ত হয় না, তথাপি সেই জীব যখন প্রকৃতির

টীকা

"তমস্মিন্ প্রত্যগাত্মানং ধিয়া যোগপ্রবৃত্তয়া। ভক্ত্যা বিরক্ত্যা জ্ঞানেন বিবিচ্যাত্মনি চিন্তয়েৎ" ইতি শ্লোকং বিবৃণোতি—প্রকৃতিস্থোঽপীতি সপ্তবিংশেনাধ্যায়েন। আত্মানাত্মাদিবিবেকং বক্তুং তাবৎ গুণাসক্ত্যা সংসারং জীবস্য বর্ণয়তি—প্রকৃতিস্থোঽপীতি চতুর্ভিঃ। যথা জলার্কঃ জলস্থসূক্ষ্মপ্রতিবিম্বরূপঃ সূর্য্যঃ জলৈরেব নাজ্যতে স্বসংসর্গীক্রিয়তে। তথা প্রকৃতিস্থোঽপি পুরুষো জীবস্তদ্‌গুণৈরেব নাজ্যতে ন স্বসংসর্গীক্রিয়তে। কুতঃ ? অবিকারাৎ পুরুষস্য গুণবিকাররূপত্বাভাবাৎ যে গুণবিকাররূপাঃ দেহাদয়স্তে গুণসংসর্গিণঃ গুণসামর্থ্যাদ্ভবন্তীত্যর্থঃ। অকর্ত্তৃত্বাৎ কর্ত্তাত্র নিমিত্তং ন বিদ্যতে কোঽপি প্রাকৃতো গুণঃ কর্ত্তা নিমিত্তং যস্য তস্য ভাবস্তত্ত্বং তস্মাৎ যে গুণা নিমিত্তাঃ শান্তঘোরবিমূঢ়ত্বাদয়ো ভাবাস্তে গুণসংসর্গিণো গুণসামর্থ্যাদ্ভবন্তীত্যর্থঃ। নিতরাং গতাঃ পুরুষধর্ম্মত্বেন দূরীভূতাঃ গুণাঃ যস্মাৎ তস্য ভাবস্তত্ত্বং তস্মাৎ, যা গুণবতী প্রকৃতিঃ সা গুণসংসর্গিণী ভবতীত্যর্থঃ ॥ ১ ॥ কথং তর্হি পুরুষস্য সংসারিত্বমত্রাহ—স ইতি। তথাবিধোঽপি অভিবিষজ্জতে, অনাদিতঃ গুণতাদাত্ম্যং স্বত এব কুরুতে ইত্যর্থঃ। অতএব অহংক্রিয়য়া "দেবোঽহং মনুষ্যোঽহম্" ইত্যভিমানেন বিমূঢ়বুদ্ধিঃ কর্ত্তাস্মি

তেন সংসারপদবীমবশোঽভ্যেত্য নির্বৃতঃ।
প্রাসঙ্গিকৈঃ কর্ম্মদোষৈঃ সদসন্মিশ্রযোনিষু ॥ ৩ ॥
অর্থে হ্যবিদ্যমানেঽপি সংসৃতির্ন নিবর্ত্ততে।
ধ্যায়তো বিষয়ানস্য স্বপ্নেঽনর্থাগমো যথা ॥ ৪ ॥

অন্বয়

গুণকার্য্য শব্দাদিতে) অভিবিষজ্জতে (অনাদি বাসনাবশতঃ আসক্ত হয়), [তখন] অহঙ্কারবিমূঢ়াত্মা ("আমি দেবতা" "আমি মনুষ্য" ইত্যাদি অভিমানে বিমুগ্ধ হইয়া) কর্ত্তা অস্মি ইতি অভিমন্যতে ("আমি কর্ত্তা" এইরূপ অভিমান করিয়া থাকে) ॥২॥

তেন (সেই অভিমান হেতু জীব) অবশঃ (অবশ) প্রাসঙ্গিকৈঃ কর্ম্মদোষৈঃ (ও প্রকৃতির সঙ্গজনিত কর্ম্মদোষে) সংসারপদবীং (জন্মমরণপ্রবাহরূপ সংসার) অভ্যেত্য (প্রাপ্ত হইয়া) সদসন্মিশ্রযোনিষু (শান্ত, ঘোর ও বিমূঢ় যোনিতে জন্মগ্রহণ করিয়া সেই সেই জন্মে অর্থাৎ দেব, তির্য্যক্ ও মনুষ্যাদি জন্মে) নির্বৃতঃ (সুখী হইয়া থাকে) ; [কিন্তু অনাসক্ত হয় না] ॥৩॥

যদা (যেমন) স্বপ্নে অনর্থাগমঃ [ভবতি] (স্বপ্নে স্বীয় শিরশ্ছেদাদি অনিষ্ট ঘটিয়া থাকে), [বস্তুতঃ সেই অনিষ্টের সহিত কোন সম্বন্ধ নাই ; সেইরূপ] বিষয়ান্ ধ্যায়তঃ (শব্দাদি বিষয়সমূহ চিন্তাকারী) অস্য (জীবের) অর্থে অবিদ্যমানে অপি (গুণ ও গুণকার্য্য শব্দাদি বিষয়ের সহিত সংসর্গ না থাকিলেও) সংসৃতিঃ (জন্মমরণ প্রবাহরূপ সংসার) ন নিবর্ত্ততে (নিবৃত্ত হয় না) ॥ ৪ ॥

অনুবাদ

গুণকার্য্য শব্দাদিতে অনাদি বাসনাবশতঃ আসক্ত হইয়া পড়ে, তখনই "আমি দেবতা" "আমি মনুষ্য" ইত্যাদি অভিমানে মোহিত হইয়া "আমি কর্ত্তা" এইরূপ অভিমান করিয়া থাকে ॥ ২ ॥

সেই অভিমানহেতু জীব অবশ ও পরাধীন হইয়া প্রকৃতির সঙ্গজনিত পুণ্য-পাপরূপ কর্ম্মদোষে জন্মমরণপ্রবাহরূপ সংসার প্রাপ্ত হয় এবং শান্ত, ঘোর ও মূঢ় যোনিতে জন্মগ্রহণ করতঃ তাহাতেই সুখ অনুভব করিয়া থাকে ; কিন্তু বিরক্ত হয় না অর্থাৎ গুণকার্য্য বিষয়ে বিরক্ত না হইয়া বরং আসক্ত হইয়া সুখ অনুভব করিয়া থাকে ॥ ৩ ॥

যেমন স্বপ্নকালে স্বীয় শিরশ্ছেদাদি বহু দুঃখের অনুভব হইয়া থাকে, বস্তুতঃ সেই সকলের সঙ্গে নিজের কোনও সম্বন্ধ নাই, সেইরূপ গুণকার্য্য বিষয়ের সহিত জীবের সম্বন্ধ না থাকিলেও অনাদি বাসনাবশতঃ বিষয়সমূহের চিন্তা করিতে করিতে সংসাররূপ অনর্থের প্রাপ্তি হইয়া থাকে ॥ ৪ ॥

টীকা

আত্মতদনুবন্ধিস্থিত্যাদিহেতুরস্মীত্যাদি মন্যতে ॥ ২ ॥ তেনাভিমানেন সংসারপদবীং জন্মমরণপ্রবাহমার্গং কর্ম্মদোষৈঃ প্রাসঙ্গিকৈঃ অভ্যেত্য সদসন্মিশ্রযোনিষু শান্তঘোরবিমূঢ়যোনিষু জন্মসু নির্বৃতঃ সুখিতে ভবতি নতু বিরজ্যতে ॥ ৩ ॥ অর্থেঽবিদ্যমানেঽপি গুণতাদাত্ম্যাভাবেঽপি ॥ ৪ ॥ এবং গুণাসক্ত্যা

অতএব শনৈশ্চিত্তং প্রসক্তমসতাং পথি।
ভক্তিযোগেন তীব্রেণ বিরক্ত্যা চ নয়েদ্বশম্ ॥ ৫ ॥
যমাদিভির্যোগপথৈরভ্যসন্ শ্রদ্ধয়ান্বিতঃ।
ময়ি ভাবেন সত্যেন মৎকথাশ্রবণেন চ ॥ ৬ ॥
সর্ব্বভূতসমত্বেন নির্ব্বৈরেণাপ্রসঙ্গতঃ।
ব্রহ্মচর্য্যেণ মৌনেন স্বধর্ম্মেণ বলীয়সা ॥ ৭ ॥

অন্বয়

[গুণকার্য্যে আসক্তি বশতঃই সংসার হয়, ইহা বলা হইল; এক্ষণে পরমপুরুষে চিত্ত সমাধান করিলেই যে মুক্তি হয়, তাহাই বলিতেছেন] অতএব (যেহেতু বিষয়চিন্তা অনর্থের মূল, সেই কারণে) অসতাং (ইন্দ্রিয়সমূহের) পথি (বিষয়মার্গে) প্রসক্তং চিত্তং (আসক্ত মনকে) তীব্রেণ ভক্তিযোগেন (ঐকান্তিক ভক্তিযোগের দ্বারা) বিরক্ত্যা চ (ও বৈরাগ্যের দ্বারা) শনৈঃ (ধীরে ধীরে) বশং নয়েৎ (বশে আনয়ন করিবে) ॥ ৫ ॥

[কি প্রকারে আত্মলাভ হয়, তাহাই বলিতেছেন] শ্রদ্ধয়া অন্বিতঃ (যোগী শ্রদ্ধাশীল হইয়া) যমাদিভিঃ যোগপথৈঃ (ভক্তিপ্রধান যমনিয়মাদি যোগমার্গের দ্বারা) অভ্যসন্ (চিত্ত স্থির করিয়া) ময়ি (আমাতে) সত্যেন ভাবেন (নিষ্কপট ভাব) মৎকথাশ্রবণেন চ (ও আমার লীলাকথা শ্রবণের দ্বারা) [অদ্বয় আমাকে প্রাপ্ত হইয়া থাকে। একাদশ সংখ্যক শ্লোকের সহিত অন্বয় হইবে] ॥৬॥

সর্ব্বভূতসমত্বেন (সকল প্রাণীতে সমদর্শন), নির্ব্বৈরেণ (শত্রুভাব পরিত্যাগ), অপ্রসঙ্গতঃ (কুসঙ্গ ত্যাগ), ব্রহ্মচর্য্যেণ (ব্রহ্মচর্য্য), মৌনেন (মৌনব্রতাবলম্বন) বলীয়সা স্বধর্ম্মেণ (ও ভগবদর্পিত স্ব স্ব বর্ণাশ্রমোচিত ধর্ম্মের দ্বারা) [যোগী অদ্বয় আমাকে প্রাপ্ত হইয়া থাকে] ॥ ৭ ॥

অনুবাদ

বিষয়চিন্তাই পুনঃ পুনঃ জন্মমৃত্যুরূপ অনর্থের মূল; অতএব বিষয়সমূহের প্রতি আসক্ত মনকে তীব্র ভক্তিযোগ ও তীব্র বৈরাগ্যের দ্বারা ধীরে ধীরে বশে আনয়ন করিবে অর্থাৎ গুণাসক্তি পরিত্যাগ করিয়া মনকে পরমপুরুষে সমাহিত করিবে ॥ ৫ ॥

হে মাতঃ! কি ভাবে আত্মলাভ হয়, শ্রবণ কর; শ্রদ্ধাশীল ব্যক্তি যমনিয়মাদি যোগমার্গের দ্বারা চিত্ত স্থির করতঃ আমাতে নিষ্কপট ভাব ও আমার লীলাদি শ্রবণ করিয়া অদ্বয় আমাকে প্রাপ্ত হইয়া থাকে ॥ ৬ ॥

মুমুক্ষু ব্যক্তি সর্ব্বভূতে সমদর্শন, বৈরত্যাগ, কুসঙ্গত্যাগ, ব্রহ্মচর্য্য, মৌনব্রতাবলম্বন ও ভগবানে অর্পিত স্ব স্ব বর্ণাশ্রমোচিত ধর্ম্মের দ্বারা অদ্বয় ব্রহ্ম আমাকে প্রাপ্ত হইয়া থাকে ॥ ৭ ॥

টীকা

পুরুষস্য সংসার ইত্যুক্তম্। অথ পরমপুরুষে চিত্তসমাধানান্মুক্তিরিত্যাহ—অতএবেতি। বশং নয়েৎ, গুণাসক্তিং বিহায় পরমপুরুষে সংযোজয়েৎ। "গুণেষু সক্তং বন্ধায় রতং বা পুংসি মুক্তয়ে" ইত্যুক্তত্বাৎ। এতদেবাহ—যমাদিভিরিতি ষড়্ভিঃ। যমাদিভিঃ ভক্তিপ্রধানৈঃ অভ্যসন্ চিত্তং পরম-পুরুষে স্থিরীকুর্ব্বন্ অদ্বয়ং প্রতিপদ্যতে ইতি ষষ্ঠেনান্বয়ঃ ॥ ৫—৭ ॥ বিবিক্তং চিত্তসমাধানবিরোধিজনবর্জ্জিতং

যদৃচ্ছয়োপলব্ধেন সন্তুষ্টো মিতভুঙ্‌মুনিঃ।
বিবিক্তশরণঃ শান্তো মৈত্রঃ করুণ আত্মবান্ ॥ ৮ ॥
সানুবন্ধে চ দেহেঽস্মিন্নকুর্ব্বন্নসদাগ্রহম্।
জ্ঞানেন দৃষ্টতত্ত্বেন প্রকৃতেঃ পুরুষস্য চ ॥ ৯ ॥
নিবৃত্তবুদ্ধ্যবস্থানো দূরীভূতান্যদর্শনঃ।
উপলভ্যাত্মনাত্মানং চক্ষুষেবার্কমাত্মদৃক্ ॥ ১০ ॥

অন্বয়

[মুমুক্ষু] যদৃচ্ছয়া উপলব্ধেন (যদৃচ্ছাক্রমে লব্ধদ্রব্যে) সন্তুষ্টঃ (প্রীত), মিতভুক্ (পরিমিতাহারী), মুনিঃ (মননশীল), বিবিক্তশরণঃ (নির্জ্জনস্থানবাসী), শান্তঃ (শমগুণযুক্ত), মৈত্রঃ (সর্ব্বভূতে মিত্রভাবাপন্ন), করুণঃ (দয়াশীল) আত্মবান্ (ও জিতেন্দ্রিয় হইয়া) [অদ্বয় আমাকে প্রাপ্ত হইয়া থাকে] ॥ ৮ ॥

[মুমুক্ষু] সানুবন্ধে চ (পুত্রকলত্রাদির সহিত) অস্মিন্ দেহে (এই শরীরে) অসদাগ্রহম্ ("আমি আমার" এইরূপ দুরাগ্রহ অর্থাৎ অভিমান) অকুর্ব্বন্ (না করিয়া) প্রকৃতেঃ পুরুষস্য চ (প্রকৃতি ও পুরুষের) দৃষ্টতত্ত্বেন জ্ঞানেন (যথার্থ তত্ত্ব যে জ্ঞানের দ্বারা জানা যায়, সেই জ্ঞানের দ্বারা) [অদ্বয় আমাকে প্রাপ্ত হইয়া থাকে] ॥ ৯ ॥

নিবৃত্তবুদ্ধ্যবস্থানঃ (যাহার রাগদ্বেষাদি নিবৃত্ত হইয়াছে) দূরীভূতান্যদর্শনঃ (ও যিনি আত্মা ভিন্ন অন্য বস্তুর দর্শন করে না, সেই) আত্মদৃক্ (আত্মদর্শী মুমুক্ষু) চক্ষুষা (সূর্য্য প্রকাশিত চক্ষুদ্বারা) অর্কম্ ইব (সূর্য্যকে যেমন) [দর্শন করা হয়], [সেইরূপ] আত্মনা (আত্মপ্রকাশিত অন্তঃকরণের দ্বারা) আত্মানং (প্রকৃতি হইতে পৃথক্‌রূপে আত্মাকে) উপলভ্য (উপলব্ধি করিয়া) [অদ্বয় আমাকে প্রাপ্ত হইয়া থাকে] ॥ ১০ ॥

অনুবাদ

মুমুক্ষু ব্যক্তি যদৃচ্ছাক্রমে প্রাপ্ত বস্তুতে সন্তুষ্ট, পরিমিতাহারী, মননশীল, একান্তবাসী, শমগুণযুক্ত, সর্ব্বভূতে মিত্রভাবাপন্ন, দয়াশীল ও জিতেন্দ্রিয় হইয়া অদ্বয় আমাকে প্রাপ্ত হইয়া থাকে ॥ ৮ ॥

মুমুক্ষু ব্যক্তি পুত্রকলত্রাদির সহিত এই দেহে "আমি আমার" এইরূপ অভিমান না করিয়া প্রকৃতি ও পুরুষের যথার্থ তত্ত্ব যে জ্ঞানের দ্বারা জানা যায়, সেই জ্ঞানের দ্বারা অদ্বয় আমাকে প্রাপ্ত হইয়া থাকে ॥ ৯ ॥

যাহার রাগদ্বেষাদি নিবৃত্ত হইয়াছে এবং যিনি আত্মা ভিন্ন অন্য বস্তুর দর্শন করে না, সেই আত্মদর্শী মুমুক্ষু সূর্য্যপ্রকাশিত চক্ষু দ্বারা লোক সূর্য্যকে যেমন দর্শন করিয়া

টীকা

শরণং স্থানং যস্য সঃ ॥ ৮ ॥ ৯ ॥ নিবৃত্তানি বুদ্ধ্যবস্থানানি রাগদ্বেষাদিদ্বন্দ্বানি যস্য সঃ চক্ষুষা অর্কপ্রকাশিতেন অর্কমিব আত্মনা স্বপ্রকাশিতেন অন্তঃকরণেন আত্মানং প্রকৃতিবিবিক্তস্বস্বরূপমুপলভ্য অদ্বয়ং প্রতিপদ্যতে ইত্যুত্তরেণ সম্বন্ধঃ ॥ ১০ ॥ মুক্তলিঙ্গং সর্ব্বদোষাস্পৃষ্টরূপং সদাভাসং নিত্যাপরিচ্ছিন্ন-

মুক্তলিঙ্গং সদাভাসমসতি প্রতিপদ্যতে।
সতো বন্ধুমসচ্চক্ষুঃ সর্ব্বানুস্যূতমদ্বয়ম্ ॥ ১১ ॥
যথা জলস্থ আভাসঃ স্থলস্থেনাবদৃশ্যতে।
স্বাভাসেন তথা সূর্য্যো জলস্থেন দিবি স্থিতঃ ॥ ১২ ॥

অন্বয়

[পূর্ব্বোক্ত মুমুক্ষু] অসতি (এই ত্রিগুণাত্মক জগতে) মুক্তলিঙ্গং (সর্ব্বপ্রকার দোষরহিত), সদাভাসং (নিত্য ও পরিপূর্ণ জ্ঞানস্বরূপ), সতঃ (প্রকৃতি ও পুরুষের) বন্ধুম্ (অধিপতি অর্থাৎ নিয়ন্তা), অসচ্চক্ষুঃ (বিশ্বের প্রকাশক), সর্ব্বানুস্যূতম্ (সকলের আত্মা অর্থাৎ অন্তর্য্যামী) অদ্বয়ম্ (এবং সমান ও অধিকশূন্য জগৎকারণ আমাকে) প্রতিপদ্যতে (প্রাপ্ত হইয়া থাকে) ॥ ১১ ॥

[পাঁচটি শ্লোকে জীবাত্মাকে প্রকৃতি হইতে পৃথক্‌রূপে নিরূপণ করিতেছেন] যথা (যেমন) [গৃহকোণে অবস্থিত ব্যক্তি] স্থলস্থেন [আভাসেন] (নিজের নিকটবর্ত্তী স্থানস্থিত কিরণের দ্বারা) জলস্থঃ আভাসঃ (জলস্থিত সূর্য্যপ্রতিবিম্ব) অবদৃশ্যতে (লক্ষ্য করিয়া থাকে) তথা (এবং) জলস্থেন (সেই জলস্থিত) স্বাভাসেন (সূর্য্যপ্রতিবিম্বের দ্বারা) দিবি স্থিতঃ সূর্য্যঃ (আকাশস্থিত সূর্য্যকে লক্ষ্য করিয়া থাকে), [সেইরূপ জীব আত্মাকে লক্ষ্য করিয়া থাকে। পরের শ্লোকের সহিত অন্বয়] ॥ ১২ ॥

অনুবাদ

থাকে, সেইরূপ আত্মপ্রকাশিত অন্তঃকরণের দ্বারা প্রকৃতি হইতে পৃথক্‌রূপে আত্মস্বরূপ উপলব্ধি করিয়া অদ্বয় আমাকে প্রাপ্ত হইয়া থাকে ॥ ১০ ॥

এই ত্রিগুণাত্মক জগতে পূর্ব্বোক্ত সাধনসমূহ অবলম্বন করিয়া মুমুক্ষু ব্যক্তি সর্ব্বপ্রকার দোষবর্জ্জিত, নিত্য ও অপরিচ্ছিন্ন জ্ঞানস্বরূপ, প্রকৃতি ও পুরুষের নিয়ন্তা, বিশ্বের প্রকাশক, সকলের অন্তর্য্যামী ও পরিপূর্ণস্বরূপ আমাকে প্রাপ্ত হইয়া থাকে ॥ ১১ ॥

হে মাতঃ! যেমন গৃহকোণে অবস্থিত কোনও ব্যক্তি নিজের নিকটবর্ত্তী স্থানে কিরণ দর্শন করিয়া অনুসন্ধান করতঃ জলস্থিত সূর্য্যপ্রতিবিম্বকে কারণরূপে অবধারণ করে, আবার সেই জলস্থ সূর্য্যপ্রতিবিম্বের কারণ অনুসন্ধান করতঃ আকাশস্থিত সূর্য্যকেই কারণরূপে অবধারণ করিয়া থাকে, [সেইরূপ মুমুক্ষু জীব আত্মাকে লক্ষ্য করিয়া থাকে] ॥ ১২ ॥

টীকা

জ্ঞানম্ সতঃ পুরুষস্য প্রকৃতেশ্চ বন্ধুং "প্রধানক্ষেত্রজ্ঞপতিঃ" ইতি শ্রুতেঃ; অসতঃ কার্য্যস্য চক্ষুঃ প্রকাশকম্ "তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি" ইতি শ্রুতেঃ। সর্ব্বানুস্যূতং সর্ব্বাত্মানম্ অদ্বয়ং নিঃসমানাতিশয়ম্ ভগবন্তং বিশ্বকারণমসতি কার্য্যে বিশ্বস্মিন্ প্রতিপদ্যতে প্রাপ্নোতি ॥ ১১ ॥ আত্মনাত্মানমুপলভ্যেত্যুক্তং। তত্র প্রকৃতিবিবিক্তং জীবাত্মানং বর্ণয়তি—যথেতি পঞ্চভিঃ। যথা গৃহকোণস্থেন দ্রষ্ট্রা স্থলস্থেন স্বসমীপবর্ত্তিভিত্ত্যাদিস্থেন আভাসেন জলস্থ আভাসোঽবদৃশ্যতে লক্ষ্যতে, তেন জলস্থেন স্বাভাসেন সূর্য্যপ্রতিবিম্বেন দিবি স্থিতঃ সূর্য্যো লক্ষ্যতে ॥ ১২ ॥ এবমনেন প্রস্তুতেন সর্ব্বাচেতনবিলক্ষণেন জ্ঞাত্রা সদাভাসেন নিত্যজ্ঞানেন স্বাভাসৈঃ স্বপ্রকাশপ্রকাশিতৈরচেতনৈঃ

এবং ত্রিবৃদহঙ্কারো ভূতেন্দ্রিয়মনোময়ৈঃ।
স্বাভাসৈর্লক্ষিতোঽনেন সদাভাসেন সত্যদৃক্ ॥ ১৩ ॥
ভূতসূক্ষ্মেন্দ্রিয়মনোবুদ্ধ্যাদির্ষিহ নিদ্রয়া।
লীনেষ্বসতি যস্তত্র বিনিদ্রো নিরহংক্রিয়ঃ ॥ ১৪ ॥
মন্যমানস্তদাত্মানমনষ্টো নষ্টবন্মৃষা।
নষ্টেঽহঙ্করণে দ্রষ্টা নষ্টবিত্ত ইবাতুরঃ ॥ ১৫ ॥

অন্বয়

এবং (এইরূপ) অনেন (মুমুক্ষু জীবও) সদাভাসেন (নিত্যজ্ঞানের দ্বারা) স্বাভাসৈঃ (নিজপ্রকাশে প্রকাশিত) ভূতেন্দ্রিয়মনোময়ৈঃ (দেহ, ইন্দ্রিয় ও মনোময় তামস, রাজস ও সাত্ত্বিক কার্য্যের) ত্রিবৃদহঙ্কারঃ (কারণ অহঙ্কারকে) লক্ষিতঃ (লক্ষ্য করিয়া থাকে) সত্যদৃক্ চ [লক্ষিতঃ] (এবং পরে জ্ঞানস্বরূপ আত্মাকেও লক্ষ্য করিয়া থাকে) ॥ ১৩ ॥

[এক্ষণে আবার সুষুপ্তির সাক্ষীরূপে জীবকে প্রদর্শন করাইতেছেন] ভূতসূক্ষ্মেন্দ্রিয়মনোবুদ্ধ্যাদিষু (আকাশাদি মহাভূত, সূক্ষ্মভূত, ইন্দ্রিয়, মন ও বুদ্ধি প্রভৃতি) নিদ্রয়া (সুষুপ্তিতে) লীনেষু [সৎসু] (লীন হইলে) যঃ (যিনি) তত্র (তখন) ইহ অসতি (মৃততুল্য দেহে) নিরহংক্রিয়ঃ (দেহাভিমানশূন্য হইয়া) বিনিদ্রঃ (প্রবুদ্ধ থাকেন), [সেই জীবই বিচার করিয়া পরমাত্মাকে প্রাপ্ত হইয়া থাকেন। ষোড়শসংখ্যক শ্লোকের সহিত অন্বয়] ॥ ১৪ ॥

[জীব সুষুপ্তিতে প্রবুদ্ধ থাকিলেও কেন যে জাগ্রৎ ও স্বপ্নের ন্যায় জীবের বিষয়ভোগ হয় না,

অনুবাদ

সেইরূপ মুমুক্ষু জীবও নিজপ্রকাশে প্রকাশিত দেহ, ইন্দ্রিয় ও মনোময় যথাক্রমে তামস, রাজস ও সাত্ত্বিক কার্য্যের কারণ অহঙ্কারকে লক্ষ্য করিয়া থাকে অর্থাৎ ভূত, ইন্দ্রিয় ও মনের চৈতন্য কোথা হইতে আসিল তাহা অনুসন্ধান করিতে গিয়া অহঙ্কারকে লক্ষ্য করিয়া থাকে; পরে অহঙ্কারেরও চৈতন্য কোথা হইতে আসিল তাহা অনুসন্ধান করিতে গিয়া জ্ঞানস্বরূপ আত্মাকেই লক্ষ্য করিয়া থাকে ॥ ১৩ ॥

[সুষুপ্তিতে জীব সাক্ষীরূপে থাকেন, ইহাই বলিতেছেন] যখন মহাভূত, সূক্ষ্মভূত, ইন্দ্রিয়, মন ও বুদ্ধি প্রভৃতি সুষুপ্তিতে লীন হইয়া যায়, তখন যিনি এই মৃততুল্য দেহে দেহাভিমানশূন্য হইয়া সাক্ষীরূপে প্রবুদ্ধ থাকেন, সেই জীবই বিচার করতঃ পরমাত্মাকে প্রাপ্ত হইয়া থাকেন ॥ ১৪ ॥

[জীবাত্মা যদি সুষুপ্তি অবস্থায় প্রবুদ্ধই থাকেন, তবে কেন জাগ্রৎ ও স্বপ্নের ন্যায় জীবের

টীকা

ভূতেন্দ্রিয়মনোময়ৈঃ তামসরাজসসাত্ত্বিকৈঃ কার্য্যৈঃ তৎকারণভূতঃ অচেতনঃ ত্রিবৃদহঙ্কারো লক্ষিতো ভবতি। স সত্যদৃক্ স্বাভাবিকজ্ঞানস্বরূপো জ্ঞাতা চ ইত্যর্থঃ ॥ ১৩ ॥ সুষুপ্তিসাক্ষিত্বেন জীবং দর্শয়তি—ভূতেতি ত্রিভিঃ। ভূতসূক্ষ্মাদিষু নিদ্রয়া লীনেষু যস্তত্র তদা অসতি মৃতকতুল্যে দেহে নিরহংক্রিয়ঃ দেহাভিমানশূন্যঃ, বিনিদ্রঃ সঃ প্রত্যবমৃশ্য আত্মানং প্রতিপদ্যতে ইতি তৃতীয়েনান্বয়ঃ ॥ ১৪ ॥ নন্ু যদি

এবং প্রত্যবমৃশ্যাসাবাত্মানং প্রতিপদ্যতে।
সাহঙ্কারস্য দ্রব্যস্য যোঽবস্থানমনুগ্রহঃ ॥ ১৬ ॥

শ্রীদেবহূতিরুবাচ

পুরুষং প্রকৃতির্ব্রহ্মন্! ন বিমুঞ্চতি কর্হিচিৎ।
অন্যোন্যাপাশ্রয়ত্বাচ্চ নিত্যত্বাচ্চানয়োঃ প্রভো! ॥ ১৭ ॥

অন্বয়

তাহাই বলিতেছেন] [সুষুপ্তিতে] অহঙ্করণে (আমিই ভূতাদির দ্রষ্টা এইরূপ অহঙ্কার ও অহঙ্কারের বিষয়) নষ্টে (লীন হইলে) তদা (তখন) অনষ্টঃ [অপি] দ্রষ্টা (নষ্ট না হইয়াও দ্রষ্টা জীব) নষ্টবিত্তঃ (যাহার ধন নষ্ট হইয়াছে এইরূপ) আতুরঃ ইব (আর্ত্তের ন্যায়) [অর্থাৎ ধনীর ধন নষ্ট হইলে সে যেমন নিজে বিনষ্ট না হইলেও নিজকে বৃথাই নষ্ট মনে করে, সেইরূপ] মৃষা (মিথ্যাই) আত্মানং (নিজকে) নষ্টবৎ মন্যমানঃ (নষ্টের ন্যায় মনে করে) ॥ ১৫ ॥

যঃ সাহঙ্কারস্য দ্রব্যস্য (যে আত্মা অন্তঃকরণের সহিত দেহের) অবস্থানম্ (ধারক) অনুগ্রহঃ (ও চৈতন্যসম্পাদক), এবং (সুষুপ্তিতেও বর্ত্তমান), অসৌ (ঐ পূর্ব্বোক্ত মুমুক্ষু) প্রত্যবমৃশ্য ("আমি সুখে নিদ্রা গিয়াছিলাম, কিছুই জানি নাই" এইরূপে বিচার করিয়া) আত্মানং (আত্মাকে) [জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি সকল অবস্থায়] প্রতিপদ্যতে (প্রাপ্ত হইয়া থাকে) ॥ ১৬ ॥

দেবহূতিঃ উবাচ (দেবহূতি বলিলেন) হে প্রভো! ব্রহ্মন্! অনয়োঃ (এই প্রকৃতি ও পুরুষের)

অনুবাদ

বিষয়ভোগ হয় না? ইহার উত্তরে বলিতেছেন] সুষুপ্তিতে আমিই ভূতাদির দ্রষ্টা এইরূপ অহঙ্কার ও অহঙ্কারের বিষয় যখন বিলীন হইয়া যায়, তখন ধন বিনষ্ট হইলে ধনী যেমন স্বয়ং বিনষ্ট না হইলেও নিজকে বৃথাই বিনষ্ট বলিয়া মনে করে, সেইরূপ দ্রষ্টা জীব স্বয়ং বিনষ্ট না হইয়াও নিজকে বৃথাই বিনষ্ট বলিয়া মনে করিয়া থাকেন ॥ ১৫ ॥

যে আত্মা অন্তঃকরণ ও দেহের ধারক ও দেহেন্দ্রিয়াদির চৈতন্যসম্পাদক, সুষুপ্তিতেও বর্ত্তমান, সেই আত্মাকে মুমুক্ষু "আমি সুখে নিদ্রা গিয়াছিলাম, কিছুই জানি নাই" ইত্যাদি রূপে বিচার করিয়া জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি সকল অবস্থাতেই প্রাপ্ত হইয়া থাকেন অর্থাৎ দর্শন করেন ॥ ১৬ ॥

দেবহূতি বলিলেন—হে প্রভো! এই প্রকৃতি ও পুরুষ পরস্পর আশ্রয় ও আশ্রিতভাবে

টীকা

সুষুপ্তৌ বিনিদ্রস্তর্হি জাগ্রৎস্বপ্নয়োরিব কুতো নাবভাসতে ইত্যত আহ—মন্যমান ইতি। অহং ভূতাদের্দ্রষ্টা ইত্যেবমহঙ্করণে দ্রষ্টৃত্বাহঙ্কারবিষয়ে ভূতসূক্ষ্মাদৌ নষ্টে লীনে সতি অনষ্টোঽপি দ্রষ্টা নষ্টবিত্তঃ আতুরো ব্যাকুলঃ মৃত ইব যথা ভবতি তদ্বৎ আত্মানং মৃষৈব নষ্টবন্মন্যমানো যঃ ॥ ১৫ ॥ অসৌ এবম্ভূতং সুষুপ্তৌ সন্তমাত্মানং প্রত্যবমৃশ্য "সুখমহমস্বাপ্সং ন কিঞ্চিদবেদিষমি"ত্যেবং প্রবোধ-বেলায়াং পরামর্শং কৃত্বা আত্মানং সর্ব্বাবস্থানুগতত্বেন প্রতিপদ্যতে। কথম্ভূতঃ স আত্মা? যঃ সাহঙ্কারস্য সান্তঃকরণস্য দ্রব্যস্য দেহস্য অবস্থানম্ ধারক ইত্যর্থঃ। অতএব অনুগ্রহঃ অনুগ্রাহকঃ ॥ ১৬ ॥

যথা গন্ধস্য ভূমেশ্চ ন ভাবো ব্যতিরেকতঃ।
অপাং রসস্য চ যথা তথা বুদ্ধেঃ পরস্য চ ॥ ১৮ ॥
অকর্ত্তুঃ কর্ম্মবন্ধোঽয়ং পুরুষস্য যদাশ্রয়ঃ।
গুণেষু সৎসু প্রকৃতেঃ কৈবল্যং তেষ্বতঃ কথম্ ॥ ১৯ ॥
ক্বচিৎ তত্ত্বাবমর্শেন নিবৃত্তং ভয়মুল্বণম্।
অনিবৃত্তনিমিত্তত্বাৎ পুনঃ প্রত্যবতিষ্ঠতে ॥ ২০ ॥

অন্বয়

অন্যোন্যাপাশ্রয়ত্বাৎ চ (পরস্পর আশ্রয় ও আশ্রিত সম্বন্ধহেতু) নিত্যত্বাচ্চ (এবং নিত্যত্বহেতু) কর্হিচিৎ (কখনও) প্রকৃতিঃ পুরুষং ন বিমুঞ্চতি (প্রকৃতি পুরুষকে পরিত্যাগ করিবে না) ; [তবে কি করিয়া মুক্তি হইতে পারে ?] ॥ ১৭ ॥

যথা (যেমন) ভূমেঃ (পৃথিবীর) গন্ধস্য চ (ও গন্ধের) ভাবঃ (সত্তা) ব্যতিরেকতঃ (পৃথক্‌রূপে) [থাকে না], যথা (যেমন) অপাং (জলের) রসস্য চ (ও রসের) [সত্তা পৃথক্‌রূপে থাকে না], তথা (সেইরূপ) বুদ্ধেঃ (অন্তঃকরণাদিরূপা প্রকৃতির) পরস্য চ (ও পুরুষের) [সত্তা পৃথক্‌রূপে থাকিতে পারে না] ॥ ১৮ ॥

অতঃ (অতএব) অকর্ত্তুঃ পুরুষস্য (বদ্ধজীবের) যদাশ্রয়ঃ অয়ং কর্ম্মবন্ধঃ (যাহাকে আশ্রয় করিয়া এই কর্ম্মবন্ধন হইয়া থাকে), প্রকৃতেঃ (প্রকৃতির) তেষু গুণেষু সৎসু (সেই সকল গুণ বর্ত্তমান থাকিলে) [পুরুষের] কথং কৈবল্যম্ ? (কি প্রকারে মুক্তি হইতে পারে ?) ॥ ১৯ ॥

[অতএব] ক্বচিৎ (কখনও) তত্ত্বাবমর্শেন (তত্ত্ববিচারের দ্বারা) [জীবগণের] উল্বণং ভয়ং

অনুবাদ

সম্বদ্ধ এবং উভয়ই নিত্য ; অতএব তাহাদের বিয়োগ অসম্ভাবিত বলিয়া প্রকৃতি কখনও পুরুষকে পরিত্যাগ করিবে না ; [তবে কি ভাবে মুক্তি সম্ভাবিত হয় ?] ॥ ১৭ ॥

হে প্রভো ! পৃথিবী ও গন্ধের অথবা জল ও রসের সত্তা যেমন পৃথক্‌রূপে থাকিতে পারে না, সেইরূপ অন্তঃকরণাদিরূপা প্রকৃতি ও পুরুষের সত্তাও পৃথক্‌রূপে থাকিতে পারে না ; [অতএব পুরুষের মুক্তি কি করিয়া সম্ভাবিত হয় ?] ॥ ১৮ ॥

অতএব যে সকল গুণ আশ্রয় করিয়া বদ্ধজীবের এই কর্ম্মবন্ধন অর্থাৎ সংসারবন্ধন হইয়া থাকে, প্রকৃতির সে সকল গুণ বর্ত্তমান থাকিলে কি প্রকারে পুরুষের কৈবল্য হইতে পারে ? ॥ ১৯ ॥

হে ব্রহ্মন্ ! কখনও তত্ত্ববিচারের দ্বারা জীবের ভীষণ সংসারভয় নিবৃত্ত

টীকা

এবং জড়ত্বচেতনত্বাভ্যাং জ্ঞেয়জ্ঞাতৃত্বাদিভিশ্চ সত্যপি বিবেকে প্রকৃতিপুরুষয়োর্নিত্যয়োঃ গুণগুণিবৎ সংযুক্তয়োঃ পরস্পরবিয়োগাভাবাৎ কথং পুরুষমুক্তিরিতি পৃচ্ছতি—পুরুষমিত্যাদিনা ॥ ১৭ ॥ বুদ্ধিঃ অন্তঃকরণাদিরূপা প্রকৃতিঃ, পরঃ দেহেন্দ্রিয়াদিমনোবুদ্ধ্যাদিবিলক্ষণঃ পুরুষঃ ॥১৮॥ অকর্ত্তুঃ নাস্তি সংসারপ্রাপককর্ম্মকর্ত্তান্যো যস্মাৎ তস্য বদ্ধজীবস্য সংসারপ্রাপককর্ম্মকর্ত্তুরিত্যর্থঃ, যে গুণা আশ্রয়ো যস্য সঃ কর্ম্মবন্ধঃ তেষু গুণেষু

শ্রীভগবানুবাচ

অনিমিত্তনিমিত্তেন স্বধর্ম্মেণামলাত্মনা।
তীব্রয়া ময়ি ভক্ত্যা চ শ্রুতসংভৃতয়া চিরম্ ॥২১॥
জ্ঞানেন দৃষ্টতত্ত্বেন বৈরাগ্যেণ বলীয়সা।
তপোযুক্তেন যোগেন তীব্রেণাত্মসমাধিনা ॥২২॥
প্রকৃতিঃ পুরুষস্যেহ দহ্যমানা ত্বহর্নিশম্।
তিরোভবিত্রী শনকৈরগ্নের্যোনিরিবারণিঃ ॥২৩॥

অন্বয়

(ভীষণ সংসারভয়) নিবৃত্তং [অপি] (নিবৃত্ত হইলেও) অনিবৃত্তনিমিত্তত্বাৎ (সেই সংসারভয়ের কারণ নিবৃত্ত হয় না বলিয়া) পুনঃ প্রত্যবতিষ্ঠতে (পুনরায় সেই ভয় আসিয়া উপস্থিত হইতে পারে) ॥ ২০ ॥

ভগবান্ উবাচ (ভগবান্ কপিলদেব বলিলেন) অনিমিত্তনিমিত্তেন স্বধর্ম্মেণ (ফল যাহার প্রবর্ত্তক নহে এমন ধর্ম্মের দ্বারা অর্থাৎ নিষ্কাম স্বধর্ম্মের দ্বারা), অমলাত্মনা (নির্ম্মলান্তঃকরণের দ্বারা), ময়ি (আমাতে) চিরং শ্রুতসংভৃতয়া (বহুকাল যাবৎ আমার কথা শ্রবণে প্রাপ্ত) তীব্রয়া ভক্ত্যা (তীব্রভক্তির দ্বারা), দৃষ্টতত্ত্বেন জ্ঞানেন (তত্ত্বদর্শনজনিত জ্ঞানের দ্বারা), বলীয়সা বৈরাগ্যেণ (প্রবল বৈরাগ্যের দ্বারা), তপোযুক্তেন যোগেন (তপস্যাসমন্বিত যোগের দ্বারা) তীব্রেণ আত্মসমাধিনা চ (ও তীব্র আত্মসমাধিদ্বারা) ইহ (এই সংসারে) পুরুষস্য প্রকৃতিঃ (জীবের বন্ধনস্থানীয় মায়া) অহর্নিশম্ (অহোরাত্র) দহ্যমানা (অভিভূতা হইয়া) অগ্নেঃ (অগ্নির) যোনিঃ (উৎপত্তিস্থান) অরণিঃ ইব (কাষ্ঠের ন্যায়) শনকৈঃ (ধীরে ধীরে) তিরোভবিত্রী (তিরোহিত হইয়া থাকে) ॥ ২১-২৩ ॥

অনুবাদ

হইলেও সেই সংসার ভয়ের কারণ নিবৃত্ত হয় না বলিয়া পুনরায় সেই ভয় আসিয়া উপস্থিত হইতে পারে ॥ ২০ ॥

ভগবান্ কপিলদেব বলিলেন—হে মাতঃ! এই সংসারে নিষ্কাম ধর্ম্ম, নির্ম্মল অন্তঃকরণ, বহুকাল যাবৎ আমার কথা শ্রবণে প্রাপ্ত তীব্র ভক্তি, তত্ত্বদর্শনজনিত জ্ঞান, প্রবল তপস্যা, যোগ ও তীব্র আত্মসমাধির দ্বারা জীবের বন্ধনস্থানীয় মায়া অহোরাত্র দগ্ধ হইয়া অর্থাৎ অভিভূত হইয়া অগ্নির উৎপত্তি স্থান কাষ্ঠের ন্যায় ধীরে ধীরে তিরোহিত হইয়া থাকে অর্থাৎ কাষ্ঠ যেমন অগ্নির দ্বারা দগ্ধ হইয়া বিনষ্ট হয়, সেইরূপ প্রকৃতিও পূর্ব্বোক্ত সাধনসমূহের দ্বারা দগ্ধ হইয়া বিনষ্ট হইয়া থাকে ॥ ২১-২৩ ॥

টীকা

সৎসু কৈবল্যম্ কথম্ ॥১৯-২০॥ ন কেবলা প্রকৃতিরেব বন্ধহেতুঃ, কিন্তু তদাসক্তিঃ ; অতস্তদ্বিরক্তিপূর্ব্বকেন ভগবজ্জ্ঞানভক্তিপ্রধানেন সাধনসমূহেন মুক্তিরিত্যাহ—অনিমিত্তনিমিত্তেন ইত্যাদিনা। ন নিমিত্তং ফলং নিমিত্তং প্রবর্ত্তকং যস্মিন্ তেন শ্রুতসম্ভৃতয়া হরিকথাশ্রবণলব্ধয়া ॥২১-২৩॥ পুরুষস্য প্রকৃতিঃ বন্ধন-ভূতা মায়া দহ্যমানা অভিভূয়মানা তিরোভবিত্রী পুরুষান্নিবর্ত্তিষ্যতি, অরণিঃ ভস্মীভূতা যথা অগ্নিতো বিযুক্তা

ভুক্তভোগা পরিত্যক্তা দৃষ্টদোষা চ নিত্যশঃ।
নেশ্বরস্যাশুভং ধত্তে স্বে মহিম্নি স্থিতস্য চ ॥২৪॥
যথা হ্যপ্রতিবুদ্ধস্য প্রস্বাপো বহ্বনর্থভৃৎ।
স এব প্রতিবুদ্ধস্য ন বিমোহায় কল্পতে ॥২৫॥
এবং বিদিততত্ত্বস্য প্রকৃতির্ময়ি মানসম্।
যুঞ্জতো নাপকুরুত আত্মারামস্য কর্হিচিৎ ॥২৬॥
যদৈবমধ্যাত্মরতঃ কালেন বহুজন্মনা।
সর্ব্বত্র জাতবৈরাগ্য আ ব্রহ্মভবনান্মুনিঃ ॥২৭॥

অন্বয়

[তখন] ভুক্তভোগা (পুরুষকর্ত্তৃক যাহার ভোগ করা হইয়াছে) নিত্যশঃ দৃষ্টদোষা চ (ও সর্ব্বদা যাহার দোষ দৃষ্ট হইয়াছে), পরিত্যক্তা চ (পুরুষকর্ত্তৃক পরিত্যক্তা হইয়া সেই প্রকৃতি) স্বে মহিম্নি স্থিতস্য (স্বীয় মহিমায় অবস্থিত) ঈশ্বরস্য (বিবেকসম্পন্ন পুরুষের) অশুভং ন ধত্তে (অশুভ অর্থাৎ বন্ধন জন্মাইতে পারে না) ॥ ২৪ ॥

যথা হি (যেমন) অপ্রতিবুদ্ধস্য (নিদ্রিত ব্যক্তির) প্রস্বাপঃ (স্বপ্ন) বহ্বনর্থভৃৎ [ভবতি] (বহু শিরশ্ছেদাদি অনর্থযুক্ত হইয়া থাকে), সঃ এব (আবার সেই স্বপ্নই) প্রতিবুদ্ধস্য (জাগরিত ব্যক্তির) মোহায় ন কল্পতে (মোহের নিমিত্ত হয় না), এবং (এইরূপ) বিদিততত্ত্বস্য (তত্ত্বজ্ঞানী), ময়ি (আমাতে) মানসং যুঞ্জতঃ (সমর্পিতচিত্ত) আত্মারামস্য (পূর্ণকাম পুরুষের) প্রকৃতিঃ কর্হিচিৎ (প্রকৃতি কখনও) ন অপকুরুতে (অপকার করিতে পারে না) ॥ ২৫-২৬ ॥

[জীব] বহুজন্মনা কালেন (বহু জন্ম অতীত হইয়াছে এইরূপ সুদীর্ঘকালে) যদা (যখন) এবম্ (পূর্ব্বোক্ত প্রকার) অধ্যাত্মরতঃ (আত্মনিষ্ঠ) মুনিঃ (ও মননশীল হইয়া) আ ব্রহ্মভবনাৎ সর্ব্বত্র (ব্রহ্মলোক হইতে আরম্ভ করিয়া সকল জগতে) জাতবৈরাগ্যঃ (বৈরাগ্যযুক্ত), মদ্ভক্তঃ (ও আমার ভক্ত হয়), ভূয়সা মৎপ্রসাদেন (তখন আমার অনুগ্রহে) প্রতিবুদ্ধার্থঃ (তত্ত্বজ্ঞানী) ধীরঃ [চ সন্] (ও প্রশান্তচিত্ত

অনুবাদ

তখন পুরুষ যাহাকে ভোগ করিয়াছে ও দোষদর্শন করিয়া যাহাকে পরিত্যাগ করিয়াছে, সেই প্রকৃতি স্বীয় মহিমায় অবস্থিত বিবেকসম্পন্ন পুরুষের বন্ধন জন্মাইতে পারে না ॥২৪॥

হে মাতঃ! নিদ্রিত ব্যক্তির স্বপ্ন যেমন বহু অনর্থের উৎপাদক হইয়া থাকে, আবার সেই স্বপ্নই জাগরিত ব্যক্তির কোন মোহই জন্মাইতে পারে না, সেইরূপ প্রকৃতি তত্ত্বজ্ঞানবিহীন পুরুষের ভয়োৎপাদক হইলেও যিনি তত্ত্বজ্ঞানী ও আমাতে সমাহিতচিত্ত এবং আত্মারাম, সেই পুরুষের কখনও অপকার করিতে পারে না ॥ ২৫-২৬ ॥

সুদীর্ঘকাল পরে জীব যখন পূর্ব্বোক্ত প্রকারে আত্মনিষ্ঠ ও মননশীল হইয়া ব্রহ্মলোক হইতে আরম্ভ করিয়া সকল জগতে বৈরাগ্যযুক্ত ও আমার একান্ত ভক্ত হয়, তখন আমার অনুগ্রহে তত্ত্বজ্ঞানী ও প্রশান্তচিত্ত হইয়া আত্মজ্ঞানের দ্বারা অজ্ঞানজনিত সংশয়সমূহ ছেদন

টীকা

ভবতি তদ্বৎ ॥ ২৩ ॥ ঈশ্বরস্য হেয়োপাদেয়বিবেকসম্পন্নস্য ॥ ২৪ ॥২৫॥২৬॥ উপসংহরতি—যদেতি ত্রিভিঃ।

মদুক্তঃ প্রতিবুদ্ধার্থো মৎপ্রসাদেন ভূয়সা।
নিঃশ্রেয়সং স্বসংস্থানং কৈবল্যাখ্যং মদাশ্রয়ম্ ॥২৮॥
প্রাপ্নোতীহাঞ্জসা ধীরঃ স্বদৃশাচ্ছিন্নসংশয়ঃ।
যদ্গত্বা ন নিবর্ত্তেত যোগী লিঙ্গবিনির্গমে ॥ ২৯ ॥
যদা ন যোগোপচিতাসু চেতো মায়াসু সিদ্ধস্য বিষজ্জতেঽঙ্গ।
অনন্যহেতুষ্বথ মে গতিঃ স্যা-দাত্যন্তিকী যত্র ন মৃত্যুহাসঃ ।৩০॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে কাপিলেয়ে প্রকৃতিবিবেকো নাম সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥ ২৭ ॥

অন্বয়

হইয়া) স্বদৃশা (আত্মজ্ঞানের দ্বারা) ছিন্নসংশয়ঃ (অজ্ঞানজনিত সংশয় ছেদন করতঃ) ইহ (এই জন্মেই) অঞ্জসা (শীঘ্রই) কৈবল্যাখ্যং (কৈবল্যনামক) স্বসংস্থানং (স্বীয় স্বরূপ) মদাশ্রয়ং নিঃশ্রেয়সং চ (ও মদ্ভাবাপত্তিরূপ মুক্তি) প্রাপ্নোতি (প্রাপ্ত হইয়া থাকে)। লিঙ্গবিনির্গমে (লিঙ্গ শরীরের নাশ হইলে) যদ্গত্বা (ঐ মদ্ভাবাপত্তি রূপ মুক্তি প্রাপ্ত হইয়া) যোগী ন নিবর্ত্তেত (যোগী পুনরায় সংসারে আসে না) ॥ ২৭—২৯ ॥

অঙ্গ! (হে মাতঃ!) যদা (যখন) সিদ্ধস্য (জ্ঞান ও ভক্তির দ্বারা সিদ্ধ যোগীর) চেতঃ (চিত্ত) অনন্যহেতুষু (যোগই যাহা লাভ করিবার একমাত্র উপায় সেই) যোগোপচিতাসু (জ্ঞান ও ভক্তিযোগলব্ধ) মায়াসু (অদ্ভুত অণিমাদি ঐশ্বর্য্য সমূহে) ন বিষজ্জতে (আসক্ত হয় না), অথ (তখন) [যোগীর] যত্র (যাহাতে) ন মৃত্যুহাসঃ (মৃত্যুর প্রভুত্ব নাই), [সা] মে আত্যন্তিকী গতিঃ স্যাৎ (সেই পরম গতি অর্থাৎ মুক্তিলাভ হইয়া থাকে) ॥ ৩০ ॥

অনুবাদ

করতঃ এই জন্মেই কৈবল্য নামক স্বীয় স্বরূপ ও মুক্তি প্রাপ্ত হইয়া থাকেন। এই লিঙ্গ শরীরের নাশ হইলে মুক্তি প্রাপ্ত হইয়া যোগী আর এই সংসারে পুনরায় আসে না ॥২৭-২৯॥

হে মাতঃ! জ্ঞান ও ভক্তিদ্বারা সিদ্ধ যোগীর চিত্ত যখন কেবলমাত্র জ্ঞান ও ভক্তিযোগ-লব্ধ অণিমাদি সিদ্ধিসমূহেও আসক্ত হয় না, তখন যোগীর যাহাতে মৃত্যুর প্রভুত্ব নাই, সেই পরম গতি লাভ হইয়া থাকে ॥ ৩০ ॥

সপ্তবিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ২৭ ॥

টীকা

বহূনি জন্মানি যস্মিন্ তেন কৈবল্যাখ্যং দেহেন্দ্রিয়াদিব্যতিরিক্তং স্বসংস্থানং স্বস্বরূপং, যতো মদ্ভক্তোঽতো ভূয়সা মৎপ্রসাদেন মদাশ্রয়ং মদ্ভাবাপত্তিলক্ষণং নিঃশ্রেয়সং মোক্ষং চ প্রাপ্নোতীত্যুত্তরেণান্বয়ঃ ॥ ২৭-২৮ ॥ লিঙ্গস্য লিঙ্গশরীরস্য বিনির্গমে নাশে সতি ।।২৯।। হে অম্ব! সিদ্ধস্য মম জ্ঞানভক্তিভ্যাং সিদ্ধস্য চেতঃ অনন্যহেতুষু হেত্বন্তরশূন্যাসু যোগাভ্যাং মজ্জ্ঞানভক্তিভ্যামুপচিতাসু প্রাপ্তাসু মায়াসু অদ্ভুতাসু অণিমাদি-সিদ্ধিষু যদা ন বিষজ্জতে, অথ তদা অন্তমতিক্রান্তোঽত্যন্তোঽহং তৎ সম্বন্ধিনী, যত্র যস্যাং মৃত্যোর্হাসঃ প্রভুত্ব-গর্ব্বঃ ন, সা মদ্গতির্ভবতি, অন্যথা তু মদ্ভাবাপত্তৌ অন্তরায়ঃ স্যাদিতি ভাবঃ ॥ ৩০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে তৃতীয়স্কন্ধে শ্রীমচ্ছুকদেব-কৃতসিদ্ধান্তপ্রদীপে সপ্তবিংশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ২৭ ॥

অষ্টাবিংশোঽধ্যায়ঃ

শ্রীভগবানুবাচ

যোগস্য লক্ষণং বক্ষ্যে সবীজস্য নৃপাত্মজেঃ ! ।
মনো যেনৈব বিধিনা প্রসন্নং যাতি সৎপথম্ ॥১॥
স্বধর্ম্মাচরণং শক্ত্যা বিধর্ম্মাচ্চ নিবর্ত্তনম্ ।
দৈবাল্লব্ধেন সন্তোষ আত্মবিচ্চরণার্চ্চনম্ ॥২॥
গ্রাম্যধর্ম্মনিবৃত্তিশ্চ মোক্ষধর্ম্মরতিস্তথা ।
মিতমেধ্যাদনং শশ্বদ্বিবিক্তক্ষেমসেবনম্ ॥৩॥

অন্বয়

[এই অষ্টাবিংশ অধ্যায়ে ধ্যানযোগ বলা হইবে] শ্রীভগবান্ উবাচ (ভগবান্ কপিলদেব বলিলেন) নৃপাত্মজে ! (হে রাজকন্যে !) যেনৈব বিধিনা (যে উপায় অবলম্বনে) মনঃ প্রসন্নং [সৎ] (মন প্রসন্ন হইয়া) সৎপথং যাতি (সৎপথে গমন করে অর্থাৎ ভগবান্‌কে প্রাপ্ত হয়), [তস্য] সবীজস্য (যমনিয়মাদির সহিত) যোগস্য (সেই ধ্যানযোগের) লক্ষণং বক্ষ্যে (লক্ষণ আমি তোমাকে বলিব) ॥১॥

[সেই ধ্যানযোগের যমনিয়মাদি সাধনসমূহের উল্লেখ করিতেছেন] শক্ত্যা (যথাশক্তি) স্বধর্ম্মাচরণম্ (স্বধর্ম্মের আচরণ) বিধর্ম্মাচ্চ (ও নিষিদ্ধ কর্ম্ম হইতে) নিবর্ত্তনম্ (বিরতি), দৈবাৎ লব্ধেন (যদৃচ্ছালাভে) সন্তোষঃ (সন্তোষ), আত্মবিচ্চরণার্চ্চনম্ (আত্মজ্ঞ ব্যক্তিগণের পদসেবা), গ্রাম্যধর্ম্ম-নিবৃত্তিঃ (গ্রাম্যধর্ম্ম অর্থাৎ ধর্ম্ম, অর্থ, কাম এই ত্রিবর্গ হইতে নিবৃত্তি) মোক্ষধর্ম্মরতিঃ চ (ও মোক্ষধর্ম্মে অর্থাৎ নিষ্কাম কর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও হরিকথাশ্রবণরূপ ধর্ম্মে আসক্তি) তথা মিতমেধ্যাদনং (এবং পরিমিত ও পবিত্র ভোজন), শশ্বৎ (নিরন্তর) বিবিক্তক্ষেমসেবনম্ (নির্জ্জন ও ভয়শূন্য স্থানে অবস্থান), অহিংসা (অবৈধহিংসা পরিত্যাগ), সত্যম্ (মিথ্যাবর্জ্জন), অস্তেয়ম্ (চৌর্য্য বর্জ্জন) যাবদর্থপরিগ্রহঃ (যে পরিমাণ প্রয়োজন সেই পরিমাণে অর্থগ্রহণ), ব্রহ্মচর্য্যম্ (বীর্য্যধারণ পূর্ব্বক

অনুবাদ

[এই অষ্টাবিংশ অধ্যায়ে ধ্যানযোগ বলা হইবে]—ভগবান্ কপিলদেব বলিলেন—হে রাজকন্যে ! যে উপায় অবলম্বনে মন প্রসন্ন হইয়া সৎপথে গমন করে অর্থাৎ ভগবান্‌কে প্রাপ্ত হয়, যমনিয়মাদির সহিত সেই ধ্যানযোগের লক্ষণ আমি এক্ষণে বলিব ; [তাহা শ্রবণ কর] ॥ ১ ॥

[সেই ধ্যানযোগের যমনিয়মাদি সাধনসমূহের উল্লেখ করিয়া যোগীর কর্ত্তব্য নির্দ্ধারণ করিতেছেন]—যথাশক্তি স্বধর্ম্মের আচরণ, নিষিদ্ধ কর্ম্ম হইতে বিরতি, যদৃচ্ছালাভে সন্তোষ, তত্ত্বজ্ঞ মহাত্মাগণের পদসেবা, গ্রাম্যধর্ম্ম অর্থাৎ ধর্ম্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গ হইতে

টীকা

অষ্টাবিংশে ভগবদ্ধ্যানযোগমাহ—যোগস্যেতি। যোগস্য ধ্যানযোগস্য সবীজস্য বীজং ধ্যেয়ং বস্তু তৎ-সহিতস্য ; যদ্বা বীজং সাধনং যমনিয়মাদি, তৎসহিতস্য ইত্যর্থঃ। যেনৈব বিধিনা বিধীয়তে ইতি বিধিঃ, ক্রিয়মাণেন প্রসন্নং সৎ মনঃ সৎপথং ধ্যেয়ং ভগবন্তং যাতি ॥ ১ ॥ তত্র স্বধর্ম্মেত্যাদিনা মৌনমিত্যন্তেন যম-নিয়মানাহ—শক্ত্যা যদাশক্তি স্বধর্ম্মাচরণং, বিধর্ম্মান্নিষিদ্ধাৎ, আত্মবিদাং ভগবত্তত্ত্বজ্ঞানাং চরণার্চ্চনং, গ্রাম্য-

অহিংসা সত্যমস্তেয়ং যাবদর্থপরিগ্রহঃ।
ব্রহ্মচর্য্যং তপঃ শৌচং স্বাধ্যায়ঃ পুরুষার্চ্চনম্ ॥৪॥
মৌনং সদাসনজয়-স্থৈর্য্যং প্রাণজয়ঃ শনৈঃ।
প্রত্যাহারশ্চেন্দ্রিয়াণাং বিষয়ান্মনসা হৃদি ॥৫॥
স্বধিষ্ণ্যানামেকদেশে মনসা প্রাণধারণম্।
বৈকুণ্ঠলীলাভিধ্যানং সমাধানং তথাত্মনঃ ॥৬॥
এতৈরন্যৈশ্চ পথিভির্ম্মনো দুষ্টমসৎপথম্।
বুদ্ধ্যা যুঞ্জীত শনকৈর্জিতপ্রাণো হ্যতন্দ্রিতঃ ॥৭॥

অন্বয়

ব্রতাচরণ), তপঃ (তপস্যা), শৌচম্ (বাহ্য ও অন্তরের পবিত্রতাসম্পাদন), স্বাধ্যায়ঃ (বেদাধ্যয়ন), পুরুষার্চ্চনম্ (ঈশ্বরের আরাধনা), মৌনম্ (মৌনব্রতাবলম্বন), সদাসনজয়স্থৈর্য্যম্ (উত্তম স্বস্তিকাদি আসন করতঃ শরীরের স্থিরতাসম্পাদন), [প্রাণায়ামের দ্বারা] শনৈঃ (ধীরে ধীরে) প্রাণজয়ঃ (প্রাণবায়ুকে বশীভূত করা) মনসা (ও মনের দ্বারা) বিষয়াৎ (শব্দাদি বিষয়সমূহ হইতে) ইন্দ্রিয়াণাং (ইন্দ্রিয়গণের) হৃদি (হৃদয়ে) প্রত্যাহারঃ চ (আকর্ষণপূর্ব্বক সংস্থাপন), স্বধিষ্ণ্যানাম্ (মূলাধার প্রভৃতি প্রাণবায়ুর যে সকল স্থান আছে, তাহাদের মধ্যে) একদেশে (একস্থানে অর্থাৎ হৃদয়েই) মনসা (মনের দ্বারা) প্রাণধারণম্ (প্রাণের সংস্থাপন), বৈকুণ্ঠলীলাভিধ্যানং (শ্রীহরির লীলাচিন্তন) তথা (এবং) আত্মনঃ (মনের) সমাধানম্ (একাগ্রতাসম্পাদন) [ইতি] এতৈঃ (এই সকল) অন্যৈঃ চ (ও অপরাপর ব্রতমহৎসেবা প্রভৃতি) পথিভিঃ (উপায়সমূহের দ্বারা) জিতপ্রাণঃ (প্রাণজয়ী) অতন্দ্রিতঃ (অনলস যোগী) অসৎপথং দুষ্টং মনঃ (অসৎপথে প্রবৃত্ত দুষ্ট মনকে) বুদ্ধ্যা (জ্ঞানের দ্বারা) শনকৈঃ (ক্রমে ক্রমে) যুঞ্জীত হি (ধ্যেয় ভগবানে সমাহিত করিবে) ॥ ২- ৭ ॥

অনুবাদ

নিবৃত্তি, মোক্ষধর্ম্মে অর্থাৎ নিষ্কাম কর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও হরিকথাশ্রবণরূপ ধর্ম্মে আসক্তি, পরিমিত ও পবিত্র আহার, নিরন্তর নির্জ্জন ও ভয়শূন্যস্থানে অবস্থান, অহিংসা, সত্যাচরণ, চৌর্য্যবর্জ্জন, যে পরিমাণ প্রয়োজন সেই পরিমাণে অর্থগ্রহণ, ব্রহ্মচর্য্য, তপস্যা, শৌচ, বেদাধ্যয়ন,ঈশ্বরার্চ্চন,মৌনাবলম্বন,উত্তম স্বস্তিকাদি আসনজয়ের দ্বারা নিজের স্থিরতা সম্পাদন, প্রাণায়ামের দ্বারা প্রাণজয়, মনের দ্বারা শব্দাদি বিষয়সমূহ হইতে বিক্ষিপ্ত ইন্দ্রিয়গণের হৃদয়ে প্রত্যাহার অর্থাৎ আকর্ষণ পূর্ব্বক সংস্থাপন এবং মূলাধার প্রভৃতি প্রাণবায়ুর যে সকল স্থান আছে, তাহাদের মধ্যে হৃদয়ে মনের দ্বারা প্রাণের সংস্থাপন, শ্রীহরির লীলাচিন্তন ও চিত্ত সমাধান এই সকল ও অন্যান্য ব্রতমহৎসেবা প্রভৃতি উপায়সমূহের দ্বারা প্রাণজয়ী অনলস যোগী অসৎপথে প্রবিষ্ট দুষ্ট মনকে জ্ঞানের দ্বারা ক্রমে ক্রমে ভগবানে সমাহিত করিবে ॥ ২—৭ ॥

টীকা

ধর্ম্মাৎ ত্রৈবর্গিকধর্ম্মাৎ নিবৃত্তিঃ, মোক্ষধর্ম্মে নিষ্কামকর্ম্মজ্ঞানবৈরাগ্যহরিকথাশ্রবণাদিরূপে ধর্ম্মে রতিঃ, মিতং স্বল্পং মেধ্যং শুদ্ধং যদদনং ভোজনং, বিবিক্তে একান্তে ক্ষেমে অভয়ে স্থিতিঃ ॥২॥৩॥৪॥ মৌনমযুক্তানু-

শুচৌ দেশে প্রতিষ্ঠাপ্য বিজিতাসন আসনম্।
তস্মিন্ স্বস্তিকমাসীন ঋজুকায়ঃ সমভ্যসেৎ ॥৮॥
প্রাণস্য শোধয়েন্মার্গং পূরকুম্ভকরেচকৈঃ।
প্রতিকূলেন বা চিত্তং যথা স্থিরমচঞ্চলম্ ॥৯॥
মনোঽচিরাৎ স্যাদ্বিরজং জিতশ্বাসস্য যোগিনঃ।
বায্বগ্নিভ্যাং যথা লোহং ধ্মাতং ত্যজতি বৈ মলম্ ॥১০॥

অন্বয়

বিজিতাসনঃ (আসনজয়ী অর্থাৎ চিরকাল আসনে উপবেশন করিলেও ক্লান্তিরহিত যোগী) শুচৌ দেশে (পবিত্র স্থানে) আসনং (কুশ কিম্বা মৃগচর্ম্মাদি নির্ম্মিত আসন) প্রতিষ্ঠাপ্য (স্থাপন করিয়া) তস্মিন্ (তাহাতে) স্বস্তিকং আসীনঃ (যথাসুখে উপবিষ্ট) ঋজুকায়ঃ (ও সরলদেহ হইয়া) [প্রণবং] সমভ্যসেৎ (প্রণব অভ্যাস করিবে অর্থাৎ জপ করিবে)॥ ৮ ॥

পূরকুম্ভকরেচকৈঃ (পূরক, কুম্ভক ও রেচকদ্বারা) প্রতিকূলেন বা (অথবা বিপরীত ক্রমে অর্থাৎ রেচক, কুম্ভক ও পূরকের দ্বারা) চিত্তং (চিত্ত) যথা (যে প্রকারে) অচঞ্চলং [সৎ] (অচঞ্চল হইয়া) স্থিরং [ভবেৎ] (স্থির হয়), [সেইরূপে যোগী] প্রাণস্য মার্গং (প্রাণায়াম) শোধয়েৎ (অনুষ্ঠান করিবে)॥ ৯ ॥

যথা (যেমন) বায্বগ্নিভ্যাং (বায়ু ও অগ্নি দ্বারা) ধ্মাতং (সুতপ্ত অর্থাৎ দগ্ধ হইয়া) লোহং

অনুবাদ

আসনজয়ী যোগী পবিত্র স্থানে কুশ অথবা মৃগচর্ম্মাদি নির্ম্মিত আসন স্থাপন করিয়া তাহাতে সুখে উপবেশন করতঃ ঋজুকায় হইয়া প্রণব অভ্যাস করিবে॥ ৮ ॥

[নিয়মানুযায়ী বাহ্যবায়ুর অভ্যন্তরে প্রবেশ পূরক, অন্তঃপ্রবিষ্ট বায়ুর ধারণ কুম্ভক ও অন্তঃস্থিত বায়ুর নিঃসারণ রেচক] পূরক, কুম্ভক ও রেচকদ্বারা অথবা বিপরীতক্রমে রেচক, কুম্ভক ও পূরকের দ্বারা চিত্ত যে প্রকারে অচঞ্চল হইয়া স্থির হয়, সেইরূপে প্রাণায়াম অভ্যাস করিবে॥ ৯ ॥

বায়ু ও অগ্নিদ্বারা দগ্ধ হইয়া সুবর্ণ যেমন মালিন্য পরিত্যাগ করিয়া থাকে, সেই

টীকা

চ্চারণম্ আসনাদীন্যঙ্গান্যাহ—সদাসনজয় ইত্যাদিনা। সতঃ স্বস্তিকাদের্ব্বিহিতস্য যথারুচি কৃতস্য বা আসনস্য জয়েন স্থৈর্য্যং, প্রাণায়ামেন প্রাণজয়ঃ, বিষয়াৎ জাতাবেকবচনম্ বিষয়েভ্যঃ ইন্দ্রিয়াণাং হৃদি মনসা প্রত্যাহারঃ॥৫॥ তথা যানি স্বধিষ্ণ্যানি প্রাণস্থানানি তেষাং মধ্যে একদেশে অর্থাৎ হৃদি এব মনসা প্রাণধারণমাত্মনো মনসঃ॥৬॥ অন্যৈঃ ব্রতমহৎসেবাদিভিঃ যুঞ্জীত, ধ্যেয়প্রবণং কুর্য্যাৎ॥ ৭ ॥ উক্তান্যাসনাদীনি বিশদয়তি—শুচাবিতি যাবৎ সমাপ্তি। আসনং চৈলাজিনকুশোত্তরম্ প্রতিষ্ঠাপ্য তস্মিন্ স্বস্তিকমাসনমুদ্রাং বিধায়েতি শেষঃ। যদ্বা স্বস্তিকং যথা সুখমাসীনঃ। তথা চ শ্রুতিঃ "সুখাসনস্থঃ শুচিঃ সমগ্রীবশিরঃ শরীর ইতি" বিজিতাসনঃ চিরমুপবিশন্নপ্যক্লমঃ সমভ্যসেৎ প্রণবমিতি শেষঃ॥ ৮॥ পূরকাদিক্রমেণ প্রতিকূলেন রেচকাদিক্রমেণ বা প্রাণস্য মার্গং প্রাণায়ামং শোধয়েৎ স্বনুষ্ঠিতং কুর্য্যাৎ। যথা যেন স্বনুষ্ঠিতেন

প্রাণায়ামৈর্দহেদ্দোষান্ ধারণাভিশ্চ কিল্বিষান্।
প্রত্যাহারেণ সংসর্গান্ ধ্যানেনানীশ্বরান্ গুণান্ ॥১১॥
যদা মনঃ সুবিরজং যোগেন সুসমাহিতম্।
কাষ্ঠাং ভগবতো ধ্যায়েৎ স্বনাসাগ্রাবলোকনঃ ॥১২॥

অন্বয়

(সুবর্ণ) মলং (মলিনতা) ত্যজতি বৈ (পরিত্যাগ করে), [বৈশব্দ প্রসিদ্ধার্থক] [সেইরূপ] জিতশ্বাসস্য যোগিনঃ (শ্বাসজয়ী যোগীর) মনঃ (মন) [ধ্যানযোগের দ্বারা] অচিরাৎ (শীঘ্রই) বিরজং স্যাৎ (নির্ম্মল হইয়া থাকে) ॥ ১০ ॥

প্রাণায়ামৈঃ (প্রাণায়ামের দ্বারা) দোষান্ (বাতপিত্তশ্লেষ্মাদি দোষসমূহ), ধারণাভিঃ [পরমাত্মাতে] (মনের স্থিরীকরণের দ্বারা) কিল্বিষান্ (পাপসমূহ), প্রত্যাহারেণ (বিষয় হইতে ইন্দ্রিয়সমূহকে আকর্ষণ করতঃ হৃদয়ে স্থাপনরূপ প্রত্যাহারের দ্বারা) সংসর্গান্ চ (বিষয়সংসর্গ) ধ্যানেন [ও স্থির মনে] (ধারাবাহিক ভগবচ্চিন্তনরূপ ধ্যানের দ্বারা) অনীশ্বরান্ গুণান্ (রাগাদি গুণসমূহকে) দহেৎ (দগ্ধ করিবে) ॥ ১১ ॥

যদা (যে সময়ে) মনঃ (চিত্ত) যোগেন (প্রাণায়ামাদিদ্বারা) সুবিরজং [সৎ] (নির্ম্মল হইয়া) সুসমাহিতং [ভবতি] (স্থির হইবে), [তখন যোগী] স্বনাসাগ্রাবলোকনঃ (স্বীয় নাসাগ্রে দৃষ্টি স্থাপন করিয়া) ভগবতঃ (ভগবানের) কাষ্ঠাং (মূর্ত্তি) ধ্যায়েৎ (ধ্যান করিবে) ॥ ১২ ॥

অনুবাদ

শ্বাসজয়ী যোগীর মনও শীঘ্রই নির্ম্মল হইয়া থাকে অর্থাৎ প্রাণায়ামের দ্বারা শ্বাসজয় করিলে মনের সমস্ত মল বিদূরিত হইয়া যায় ॥ ১০ ॥

যোগী প্রাণায়ামের দ্বারা বাতপিত্তশ্লেষ্মাদি দোষসমূহকে, পরমাত্মাতে মনের ধারণাদ্বারা পাপসমূহকে, ইন্দ্রিয়সমূহকে বিষয় হইতে আকর্ষণ করতঃ হৃদয়ে স্থাপনরূপ প্রত্যাহারের দ্বারা বিষয়সংসর্গকে এবং ধ্যানের দ্বারা অর্থাৎ ধারাবাহিক ভগবচ্চিন্তাদ্বারা রাগাদি দোষসমূহকে দগ্ধ করিবে অর্থাৎ বিনষ্ট করিবে ॥ ১১ ॥

যে সময়ে চিত্ত প্রাণায়ামাদিদ্বারা নির্ম্মল হইয়া স্থির হইবে, তখন যোগী স্বীয় নাসাগ্রে দৃষ্টি স্থাপন করিয়া ভগবানের মূর্ত্তি ধ্যান করিবে অর্থাৎ ভগবানের মূর্ত্তি চিন্তা করিবে ॥ ১২ ॥

টীকা

প্রণায়ামেন চিত্তমচঞ্চলং সৎ স্থিরং ভবেৎ। মনসঃ প্রাণায়ত্তত্বং শ্রূয়তে ছান্দোগ্যে "যথা শকুনিঃ সূত্রেণ প্রতিবদ্ধো দিশং দিশং পতিত্বান্যত্রায়তনমলব্ধা বন্ধনমেবোপাশ্রয়তে এবং মনোঽপি" ইত্যুপক্রম্য "প্রাণমেবাশ্রয়তে প্রাণবন্ধনং হি সৌম্য! মন ইতি" ॥৯॥ লৌহং সুবর্ণং ধ্মাতং তপ্তম্ ॥ ১০ ॥ দোষান্ বাতশ্লেষ্মাদীন্, কিল্বিষান্ পাপানি, সংসর্গান্ শব্দাদিবিষয়চিন্তনানি, অনীশ্বরান্ অনাথত্বাদীন্, মনসঃ পরমাত্মনি স্থিরীকরণং ধারণা, স্থিরস্য তত্রৈব বৃত্তিসন্ততির্ধ্যানম্, ভগবদ্ধ্যানানন্দসংপ্লবে নিমগ্নত্বং সমাধিরিতি ভেদঃ ॥ ১১ ॥ যোগেন প্রাণায়ামাদিনা, ভগবতঃ কাষ্ঠাং মূর্ত্তিং মূর্ত্তিমন্তং ভগবন্তং ধ্যায়েদিত্যর্থঃ ॥ ১২ ॥ মূর্ত্তিমন্ত-

প্রসন্নবদনাম্ভোজং পদ্মগর্ভারুণেক্ষণম্ ।
নীলোৎপলদলশ্যামং শঙ্খচক্রগদাধরম্ ॥ ১৩ ॥
লসৎপঙ্কজকিঞ্জল্কপীতকৌশেয়বাসসম্ ।
শ্রীবৎসবক্ষসং ভ্রাজৎকৌস্তুভামুক্তকন্ধরম্ ॥ ১৪ ॥
মত্তদ্বিরেফকলয়া পরীতং বনমালয়া ।
পরার্দ্ধ্যহারবলয়কিরীটাঙ্গদনূপুরম্ ॥ ১৫ ॥

অন্বয়

[ভগবানের মূর্ত্তি ধ্যান করিবে বলা হইয়াছে, এক্ষণে সাতটি শ্লোকে ভগবানের বর্ণনা করিতেছেন]—প্রসন্নবদনাম্ভোজং (যাঁহার বদনকমল প্রসন্ন), পদ্মগর্ভারুণেক্ষণং (যাঁহার লোচনদ্বয় পদ্মগর্ভের ন্যায় রক্তবর্ণ), নীলোৎপলদলশ্যামং (যিনি নীলোৎপলের দলের ন্যায় শ্যামবর্ণ) শঙ্খচক্রগদাধরম্ (যিনি শঙ্খ, চক্র ও গদাধারী), [সেই ভগবান্‌কে ধ্যান করিবে, অষ্টাদশসংখ্যক শ্লোকের "ধ্যায়েৎ" এই ক্রিয়ার সহিত অন্বয় হইবে] ॥ ১৩ ॥

লসৎপঙ্কজকিঞ্জল্কপীতকৌশেয়বাসসম্ (যাঁহার পট্টবসন রমণীয় পদ্মকেশরের ন্যায় পীতবর্ণ), শ্রীবৎসবক্ষসম্ (যাঁহার বক্ষঃস্থলে শ্রীবৎসচিহ্ন) ভ্রাজৎকৌস্তুভামুক্তকন্ধরম্ (ও যাঁহার গ্রীবাদেশ দীপ্তিশালী কৌস্তুভমণিতে শোভিত), [সেই ভগবান্‌কে ধ্যান করিবে] ॥ ১৪ ॥

মত্তদ্বিরেফকলয়া (মদমত্ত ভ্রমরকুলের সুমধুর ধ্বনিসমন্বিত) বনমালয়া (বনমালাদ্বারা) পরীতং (যিনি পরিশোভিত) পরার্দ্ধ্যহারবলয়কিরীটাঙ্গদনূপুরম্ (এবং মহামূল্য হার, বলয়, কিরীট, অঙ্গদ ও নূপুর প্রভৃতি অলঙ্কারে অলঙ্কৃত), [সেই ভগবান্‌কে ধ্যান করিবে] ॥ ১৫ ॥

অনুবাদ

যাঁহার বদনকমল প্রসন্ন ও লোচনদ্বয় পদ্মগর্ভের ন্যায় রক্তবর্ণ এবং যিনি নীলোৎপলের ন্যায় শ্যামবর্ণ ও শঙ্খচক্রগদাধারী, তাদৃশ ভগবান্‌কে ধ্যান করিবে ॥ ১৩ ॥

যাঁহার পট্টবস্ত্র রমণীয় পদ্মকেশরের ন্যায় পীতবর্ণ, বক্ষঃস্থলে শ্রীবৎসচিহ্ন এবং গ্রীবাদেশ দীপ্তিশালী কৌস্তুভমণিদ্বারা শোভিত, সেই ভগবান্‌কে ধ্যান করিবে ॥ ১৪ ॥

যিনি মদমত্ত ভ্রমরকুলের সুমধুর ধ্বনিসমন্বিত বনমালাদ্বারা পরিশোভিত এবং মহামূল্য হার, বলয়, কিরীট, অঙ্গদ ও নূপুর প্রভৃতি অলঙ্কারে অলঙ্কৃত, তাদৃশ ভগবান্‌কে ধ্যান করিবে ॥ ১৫ ॥

টীকা

মেব ধ্যেয়ং ভগবন্তং বর্ণয়তি—প্রসন্নাবদনাম্ভোজমিতি সপ্তভিঃ। প্রসন্নং বদনমেবাম্ভোজং যস্য তং ধ্যায়েদিতি ষষ্ঠেনান্বয়ঃ। পদ্মগর্ভবদরুণে ঈক্ষণে লোচনে যস্য তম্ ॥১৩॥ লসৎপঙ্কজকিঞ্জল্কবৎ পীতে কৌশেয়বাসসী যস্য তম্, শ্রীবৎসং বক্ষসি যস্য, ভ্রাজৎকৌস্তুভেন আমুক্তা যুক্তা কন্ধরা যস্য তম্ ॥১৪ ॥ মত্তদ্বিরেফাণাং কং সুখং লাতীতি সা তয়া পরীতং ব্যাপ্তং, পরার্দ্ধ্যানি অমূল্যানি হারাদীনি যস্য তম্ ॥১৫॥ কাঞ্চী হিরণ্ময়ী

কাঞ্চীগুণোল্লসচ্ছ্রোণিং হৃদয়াম্ভোজবিষ্টরম্।
দর্শনীয়তমং শান্তং মনোনয়নবর্দ্ধনম্ ॥ ১৬ ॥
অপীব্যদর্শনং শশ্বৎ সর্ব্বলোকনমস্কৃতম্।
সন্তং বয়সি কৈশোরে ভৃত্যানুগ্রহকাতরম্ ॥ ১৭ ॥
কীর্ত্তন্যতীর্থযশসং পুণ্যশ্লোকযশস্করম্।
ধ্যায়েদ্দেবং সমগ্রাঙ্গং যাবন্ন চ্যবতে মনঃ ॥ ১৮ ॥

অন্বয়

কাঞ্চীগুণোল্লসচ্ছ্রোণিং (যাঁহার কটিদেশ স্বর্ণময় চন্দ্রহারের দ্বারা উদ্ভাসিত) হৃদয়াম্ভোজবিষ্টরম্ (ও উপাসকের হৃদয়পদ্ম যাঁহার আসন), দর্শনীয়তমং (যিনি সর্ব্বোত্তম দর্শনীয়), শান্তম্ (প্রশান্ত) মনোনয়নবর্দ্ধনম্ (এবং মন ও নয়নের আনন্দবর্দ্ধক), [সেই ভগবান্‌কে ধ্যান করিবে] ॥ ১৬ ॥

শশ্বৎ (সর্ব্বদা) অপীব্যদর্শনং (যিনি সৌম্যদর্শন), সর্ব্বলোকনমস্কৃতম্ (সকললোকের পূজনীয়), কৈশোরে বয়সি সন্তং (চিরকিশোর) ভৃত্যানুগ্রহকাতরম্ (ও অনুগতজনকে অনুগ্রহ করিবার জন্য ব্যগ্র), [সেই ভগবান্‌কে ধ্যান করিবে] ॥ ১৭ ॥

কীর্ত্তন্যতীর্থযশসং (যাঁহার পবিত্র কীর্ত্তি সর্ব্বদা কীর্ত্তনীয়) পুণ্যশ্লোকযশস্করম্ (ও যিনি ভক্তগণের কীর্ত্তিবর্দ্ধক), [সেই ভগবান্‌কে] যাবৎ মনঃ (যে পর্য্যন্ত চিত্ত) ন চ্যবতে (চঞ্চল না হয়), [ততক্ষণ] এবং (পূর্ব্বোক্তরূপে) সমগ্রাঙ্গং (সকল অঙ্গের যাহাতে ধ্যান হয়, সেইরূপভাবে) ধ্যায়েৎ (ধ্যান করিবে) ॥ ১৮ ॥

অনুবাদ

যাঁহার কটিদেশ স্বর্ণময় চন্দ্রহারের দ্বারা উদ্ভাসিত, উপাসকের হৃদয়পদ্ম যাঁহার আসন এবং যিনি সর্ব্বোত্তম দর্শনীয়, প্রশান্ত এবং মন ও নয়নের আনন্দবর্দ্ধক, সেই ভগবান্‌কে ধ্যান করিবে ॥ ১৬ ॥

যিনি সর্ব্বদা সৌম্যদর্শন, সকল লোকের পূজনীয় ও চিরকিশোর এবং অনুগতজনের প্রতি অনুগ্রহ করিবার নিমিত্ত ব্যগ্র, সেই ভগবান্‌কে ধ্যান করিবে ॥ ১৭ ॥

যাঁহার পবিত্র কীর্ত্তি সর্ব্বদা কীর্ত্তনীয় এবং যিনি স্বীয় ভক্তগণের যশোবর্দ্ধক, যে পর্য্যন্ত চিত্ত চঞ্চল না হয়, ততক্ষণ পূর্ব্বোক্তরূপে সেই ভগবানের সম্পূর্ণ মূর্ত্তির ধ্যান করিবে অর্থাৎ চিন্তা করিবে ॥ ১৮ ॥

টীকা

মেখলা তদ্‌গুণেনোল্লসন্তী শ্রোণী যস্য, ধ্যাতৃণাং হৃদয়াম্ভোজমেব বিষ্টরমাসনং যস্য, মনোনয়নানাং বর্দ্ধনমুৎসাহকরম্ ॥ ১৬ ॥ শশ্বৎ সর্ব্বদা অপীব্যং সুন্দরং দর্শনং যস্য ভৃত্যেষু অনুগ্রহেণ কাতরম্ ব্যগ্রম্ ॥ ১৭ ॥ কীর্ত্তন্যং কীর্ত্তনার্হং তীর্থং পাবনং যশো যস্য, যাবন্মনো ন চ্যবতে, তাবদেবং সমগ্রাঙ্গং ধ্যায়েৎ ॥ ১৮ ॥ উত্তিষ্ঠন্তং গচ্ছন্তমুপবিষ্টং শয়ানং বা স্বেচ্ছানুসারেণ হৃদি ধ্যায়েদিত্যাহ—স্থিতমিতি ॥ ১৯ ॥ এবং সমগ্রাঙ্গ-

স্থিতং ব্রজন্তমাসীনং শয়ানং বা গুহাশয়ম্।
প্রেক্ষণীয়েহিতং ধ্যায়েচ্ছুদ্ধভাবেন চেতসা ॥ ১৯ ॥
তস্মিন্ লব্ধপদং চিত্তং সর্ব্বাবয়বসংস্থিতম্।
বিলক্ষ্যৈকত্র সংযুঞ্জ্যাদঙ্গে ভগবতো মুনিঃ ॥ ২০ ॥
সঞ্চিন্তয়েদ্ভগবতশ্চরণারবিন্দং বজ্রাঙ্কুশধ্বজসরোরুহলাঞ্ছনাঢ্যম্।
উত্তুঙ্গরক্তবিলসন্নখচক্রবাল-জ্যোৎস্নাভিরাহতমহদ্হৃদয়ান্ধকারম্ ॥ ২১ ॥

অন্বয়

[তিনি] স্থিতং (বৈকুণ্ঠাদি স্থানে অবস্থিত), ব্রজন্তং (কিম্বা বিচরণকারী), আসীনং (অথবা উপবিষ্ট) বা (কিম্বা) শয়ানং (শায়িত) [বলিয়া উপাসকের মনে উদিত হয়, সেই সেই রূপে] প্রেক্ষণীয়েহিতং (দর্শনীয়চরিত্র) গুহাশয়ম্ (ও সর্ব্বান্তর্য্যামী) [তাঁহাকে] শুদ্ধভাবেন চেতসা (ভাবশুদ্ধ চিত্তে) ধ্যায়েৎ (চিন্তা করিবে) ॥ ১৯ ॥

[সমগ্র অঙ্গে ধ্যান করার কথা বলা হইয়াছে; এক্ষণে এক এক অঙ্গে ধ্যান করিতে হইবে ইহাই বলিতেছেন] [হে মাতঃ!] তস্মিন্ (সেই সম্পূর্ণ ভগবদ্বিগ্রহে) সর্ব্বাবয়বসংস্থিতং (সকল অবয়বে সমাহিত) চিত্তং (চিত্ত) লব্ধপদং (নিশ্চল ভাব প্রাপ্ত হইয়াছে) বিলক্ষ্য (বুঝিয়া) মুনিঃ (মননশীল যোগী) ভগবতঃ (ভগবানের) একত্র অঙ্গে (এক এক অঙ্গে) [চিত্ত] সংযুঞ্জ্যাৎ (সম্যক্‌রূপে যোজনা করিবে) ॥ ২০ ॥

উত্তুঙ্গরক্তবিলসন্নখচক্রবালজ্যোৎস্নাভিঃ (উন্নত ও রক্তবর্ণ অতি রমণীয় নখসমূহের বালচন্দ্রিকাসদৃশ প্রভাদ্বারা) আহতমহদ্হৃদয়ান্ধকারম্ (ধ্যানকারী ভক্তগণের হৃদয়ান্ধকার যাহাকর্ত্তৃক বিদূরিত হয় এমন) বজ্রাঙ্কুশধ্বজসরোরুহলাঞ্ছনাঢ্যম্ (বজ্র, অঙ্কুশ, ধ্বজ ও পদ্মচিহ্নে চিহ্নিত) ভগবতঃ (ভগবানের) চরণারবিন্দং (পাদপদ্ম) সঞ্চিন্তয়েৎ (সম্যক্‌রূপে ধ্যান করিবে) ॥ ২১ ॥

অনুবাদ

তিনি বৈকুণ্ঠাদিলোকে অবস্থিত থাকেন, কিম্বা বিচরণ করেন, অথবা উপবিষ্ট থাকেন বা শয়ান থাকেন বলিয়া উপাসকের মনে হয়, সকল অবস্থাতেই সেই দর্শনীয়চরিত্র ভগবান্‌কে ভাবশুদ্ধ চিত্তে ধ্যান করিবে ॥ ১৯ ॥

হে মাতঃ! অনন্তর সেই সম্পূর্ণ ভগবদ্‌বিগ্রহে চিত্ত সমাহিত হইয়া নিশ্চলভাব প্রাপ্ত হইয়াছে লক্ষ্য করিয়া মননশীল যোগী ভগবানের এক এক অঙ্গে চিত্তকে সম্যক্‌রূপে যোজনা করিবে ॥ ২০ ॥

অনন্তর সেই যোগী উন্নত ও রক্তবর্ণ অতি রমণীয় নখসমূহের বালজ্যোৎস্নাসদৃশ প্রভাদ্বারা ধ্যানকারী ভক্তগণের হৃদয়ান্ধকার যাহাকর্ত্তৃক বিদূরিত হইয়া থাকে, সেই বজ্র, অঙ্কুশ, ধ্বজ ও পদ্ম চিহ্নে চিহ্নিত ভগবানের চরণকমল সম্যক্‌রূপে ধ্যান করিবে ॥ ২১ ॥

টীকা

ধ্যানমুক্ত্বা একৈকাঙ্গধ্যানমাহ—তস্মিন্নিতি। তস্মিন্ ভগবতি লব্ধং পদং স্থিতির্যেন তৎ চিত্তং বিলক্ষ্য বিশেষেণ লক্ষ্যীকৃত্য ভগবতঃ একস্মিন্ অঙ্গে সম্যগ্ যোজয়েৎ ॥২০॥ তদেবাহ—সঞ্চিন্তয়েদিতি ত্রয়োদশভিঃ। বজ্রাদিলাঞ্ছনৈরাঢ্যং যুক্তম্, উত্তুঙ্গাশ্চ রক্তাশ্চ যে বিলসন্তো নখাস্তেষাং চক্রস্য সমূহস্য বালজ্যোৎস্নাভিঃ

যচ্ছৌচনিঃসৃতসরিৎপ্রবরোদকেন তীর্থেন মূর্দ্ধ্যধিকৃতেন শিবঃ শিবোঽভূৎ।
ধ্যাতুর্ম্মনঃশমলশৈলনিসৃষ্টবজ্রং ধ্যায়েচ্চিরং ভগবতশ্চরণারবিন্দম্ ॥ ২২ ॥
জানুদ্বয়ং জলজলোচনয়া জনন্যা লক্ষ্ম্যাখিলস্য সুরবন্দিতয়া বিধাতুঃ।
ঊর্ব্বোর্নিধায় করপল্লবরোচিষা যৎ সংলালিতং হৃদি বিভোরভবস্য কুর্য্যাৎ ॥২৩॥
ঊরূ সুপর্ণভুজয়োরধি শোভমানা-বোজোনিধী অতসিকাকুসুমাবভাসৌ।
ব্যালম্বিপীতবরবাসসি বর্ত্তমান-কাঞ্চীকলাপপরিরম্ভি নিতম্ববিম্বম্ ॥২৪॥

অন্বয়

যচ্ছৌচনিঃসৃতসরিৎপ্রবরোদকেন তীর্থেন (যে চরণ প্রক্ষালনে গঙ্গা সমুদ্ভূতা হইয়াছেন এবং ঐ গঙ্গাজল) মূর্দ্ধ্নি (মস্তকে) অধিকৃতেন (ভক্তি সহকারে ধারণ করায় তাহাদ্বারা) শিবঃ (শঙ্কর) শিবঃ অভূৎ [স্বয়ং মঙ্গলময় হইলেও] (অত্যধিক মঙ্গলময় হইয়াছেন, অর্থাৎ অতিশয় পবিত্র হইয়াছেন) [এবং যে চরণ] ধ্যাতুঃ (ধ্যানকারীর) মনঃশমলশৈলনিসৃষ্টবজ্রং (হৃদয়স্থিত পাপপর্ব্বতে স্বচিহ্নরূপ বজ্র নিক্ষেপ করিয়া থাকে), ভগবতঃ চরণারবিন্দং (ভগবানের সেই চরণকমল) চিরং ধ্যায়েৎ (দীর্ঘকাল চিন্তা করিবে)॥ ২২ ॥

[অনন্তর যোগী] অখিলস্য বিধাতুঃ (জগৎস্রষ্টা ব্রহ্মার) জনন্যা (জননী) সুরবন্দিতয়া (দেবগণবন্দিতা) জলজলোচনয়া লক্ষ্ম্যা (কমলনয়না লক্ষ্মীদেবী) ঊর্ব্বোঃ (স্বীয় ঊরুদ্বয়ের উপরে) অভবস্য বিভোঃ (জন্মরহিত সর্ব্বব্যাপী ভগবানের) যৎ জানুদ্বয়ং (যে জানুদ্বয়) নিধায় (স্থাপন করিয়া) করপল্লবরোচিষা (করপল্লবের দ্বারা) সংলালিতং (সম্যক্‌রূপে সেবা করিয়া থাকেন), [তৎ] (তাহা) হৃদি কুর্য্যাৎ (ধ্যান করিবে)॥ ২৩ ॥

[অনন্তর যোগী] সুপর্ণভুজয়োঃ অধি (গরুড়ের পক্ষদ্বয়ের উপরে অর্থাৎ স্কন্ধোপরি) শোভমানৌ

অনুবাদ

যে পদপ্রক্ষালনে গঙ্গার উৎপত্তি এবং ঐ পূত গঙ্গাবারি ভক্তিসহকারে মস্তকে ধারণ করিয়া মঙ্গলময় শঙ্কর আরও মঙ্গলময় হইয়াছেন এবং যে পাদপদ্মের স্মরণমাত্রে ভক্তের হৃদয়স্থিত পাপরাশি বজ্রনিক্ষিপ্ত পর্ব্বতের ন্যায় বিনষ্ট হইয়া যায়, যোগী ভগবানের সেই পাদপদ্ম সুদীর্ঘকাল ধ্যান করিবে ॥ ২২ ॥

অনন্তর জগৎস্রষ্টা ব্রহ্মার জননী দেবগণবন্দিতা কমলনয়না লক্ষ্মীদেবী স্বীয় ঊরুদেশে জন্মরহিত সর্ব্বব্যাপী ভগবানের যে জানুদ্বয় স্থাপন করিয়া করপল্লবের দ্বারা সম্যক্‌রূপে সেবা করিয়া থাকেন, যোগী সেই জানুদ্বয় হৃদয়ে ধ্যান করিবে ॥ ২৩ ॥

অনন্তর যোগী ভগবানের যে ঊরুদ্বয় গরুড়ের স্কন্ধোপরি শোভমান, অপরিমিত

টীকা

নূতনচন্দ্রিকাভিঃ আহতো মহতাং ধ্যাতৃণাং হৃদয়ান্ধকারো যেন তৎ ॥ ২১ ॥ মূর্দ্ধ্যধিকৃতেন মস্তকেন ভক্ত্যা ধৃতেন, মনঃশমলশৈলেষু মনোগতপাপপর্ব্বতেষু নিসৃষ্টং স্বলাঞ্ছনরূপং বজ্রং যেন তৎ ॥ ২২ ॥ নাস্তি ভবঃ সংসারো ধ্যাতৃণাং যস্মাৎ তস্য ॥ ২৩ ॥ ভুজয়োর্ব্বিষয়ে অধিকং শোভমানৌ অতসিকাকুসুমস্যেব অবভাসো যয়োস্তৌ, ওজোনিধী অপরিমিতবলনিধী, বিভোঃ ঊরূ তথা ব্যালম্বি আগুল্‌ফং লম্বমানং

নাভিহ্রদং ভুবনকোষগুহোদরস্থং যত্রাত্মযোনিধিষণাখিললোকপদ্মম্ ।
ব্যূঢ়ং হরিন্মণিবৃষস্তনয়োরমুষ্য ধ্যায়েদ্দ্বয়ং বিশদহারময়ূখগৌরম্ ॥২৫॥
বক্ষোঽধিবাসমৃষভস্য মহাবিভূতেঃ পুংসাং মনোনয়ননির্ব্বৃতিমাদধানম্ ।
কণ্ঠঞ্চ কৌস্তুভমণেরধিভূষণার্থং কুর্য্যান্মনস্যখিললোকনমস্কৃতস্য ॥২৬॥

অন্বয়

(শোভিত), ওজোনিধী (অপরিমিত বলের আধার), অতসিকাকুসুমাবভাসৌ (অতসীপুষ্পের ন্যায় কান্তিবিশিষ্ট) ঊরূ (ভগবানের ঊরুদ্বয়) [এবং] ব্যালম্বিপীতবরবাসসি (আগুল্‌ফলম্বিত পীতবর্ণ উৎকৃষ্ট বস্ত্রের) বর্ত্তমানকাঞ্চীকলাপপরিরম্ভি (উপরে অবস্থিত চন্দ্রহারের দ্বারা সমলঙ্কৃত) নিতম্ববিম্বম্ (নিতম্বদেশ) [ধ্যান করিবে] ॥ ২৪ ॥

[অনন্তর যোগী] যত্র (যাহা হইতে) আত্মযোনিধিষণাখিললোকপদ্মম্ (ব্রহ্মার বাসস্থান ও সমস্ত লোকের আধার পদ্ম) ব্যূঢ়ং (সমুত্থিত হইয়াছে), ভুবনকোষগুহোদরস্থং (ভুবনসমূহের অধিষ্ঠানস্থান যে উদর, তাহাতে অবস্থিত) অমুষ্য (ভগবানের) [তৎ] নাভিহ্রদং (সেই নাভিস্থান) [এবং] বিশদহারময়ূখগৌরম্ (শুভ্র মুক্তাহারের কান্তিচ্ছটায় গৌরবর্ণ) হরিন্মণিবৃষস্তনয়োঃ দ্বয়ম্ (ও শ্রেষ্ঠ মরকতমণিদ্বয়ের ন্যায় শোভিত স্তনদ্বয়) ধ্যায়েৎ (ধ্যান করিবে) ॥ ২৫ ॥

[অনন্তর যোগী] অখিললোকনমস্কৃতস্য (সর্ব্বজনবন্দিত) ঋষভস্য (ভগবানের) মহাবিভূতেঃ (লক্ষ্মীদেবীর) অধিবাসম্ (আবাসস্থান), পুংসাং (উপাসকগণের) মনোনয়ননির্বৃতিং (মন ও নয়নের আনন্দ) আদধানং (সম্পাদক) বক্ষঃ (বক্ষঃস্থল) [এবং] কৌস্তুভমণেঃ (কৌস্তুভমণিরও) অধিভূষণার্থং (অলঙ্কারস্বরূপ) কণ্ঠং চ (কণ্ঠদেশ) মনসি কুর্য্যাৎ (ধ্যান করিবে) ॥ ২৬ ॥

অনুবাদ

বলের আধার ও অতসীকুসুমের ন্যায় কান্তিবিশিষ্ট, সেই ঊরুদ্বয় ধ্যান করিবে। পরে ভগবানের যে নিতম্বদেশ আগুল্‌ফলম্বিত পীতবর্ণ উৎকৃষ্ট বস্ত্রের উপরে অবস্থিত চন্দ্রহারের দ্বারা সমলঙ্কৃত, সেই নিতম্বদেশ ধ্যান করিবে ॥ ২৪ ॥

অনন্তর যোগী যে নাভিস্থান হইতে ব্রহ্মার অধিষ্ঠানস্থান লোকাধার পদ্ম সমুত্থিত হইয়াছে, যে উদর ভুবনসমূহের অধিষ্ঠানস্থান, তাহাতে অবস্থিত ভগবানের সেই নাভিস্থান ধ্যান করিবে; পরে শুভ্র মুক্তাহারের কান্তিচ্ছটায় গৌরবর্ণ ও শ্রেষ্ঠ মরকতমণিদ্বয়ের ন্যায় শোভিত স্তনদ্বয় ধ্যান করিবে ॥ ২৫ ॥

অনন্তর যোগী যাহা লক্ষ্মীদেবীর আবাসস্থান এবং উপাসকগণের মন ও নয়নের আনন্দবর্দ্ধক, ভগবানের সেই বক্ষঃস্থল ধ্যান করিবে; পরে যাহা উপাসকগণের

টীকা

যৎ পীতাম্বরং শ্রেষ্ঠং বাসস্তস্মিন্ বর্ত্তমানেন কাঞ্চীকলাপেন পরিরম্ভঃ সংশ্লেষো বিদ্যতে যস্য তৎ, নিতম্ববিম্বং চ হৃদি কুর্য্যাৎ ॥ ২৪ ॥ আত্মযোনের্ব্রহ্মণঃ ধিষ্ণ্যং স্থানমখিললোকাত্মকং পদ্মং যত্র ব্যূঢ়ং সমুত্থিতং তন্নাভ্যাত্মকং হ্রদং তথা বিশদমুক্তাহারময়ূখগৌরং হরিন্মণিবৃষৌ মরকতমণিশ্রেষ্ঠাবিব যৌ স্তনৌ তয়োর্দ্বয়ং ধ্যায়েৎ ॥২৫॥ ঋষভস্যোপাস্যস্য বক্ষস্তথা কৌস্তুভমণেঃ ভূষণস্যাপি অধিকং ভূষণমর্থঃ প্রয়োজনং যস্য তৎ কণ্ঠং চ

বাহূংশ্চ মন্দরগিরেঃ পরিবর্ত্তনেন নির্ণিক্তবাহুবলয়ানধিলোকপালান্।
সঞ্চিন্তয়েদ্দশশতারমসহ্যতেজঃ শঙ্খঞ্চ তৎকরসরোরুহরাজহংসম্ ॥২৭॥
কৌমোদকীং ভগবতো দয়িতাং স্মরেত দিগ্ধামরাতিভটশোণিতকর্দ্দমেন।
মালাং মধুব্রতবরূথগিরোপঘুষ্টাং চৈত্যস্য তত্ত্বমমলং মণিমস্য কণ্ঠে ॥২৮॥

অন্বয়

[অনন্তর যোগী সমুদ্রমন্থনকালে] মন্দরগিরেঃ (মন্দর পর্ব্বতের) পরিবর্ত্তনেন (ঘূর্ণনের দ্বারা) নির্ণিক্তবাহুবলয়ান্ (যাহাতে অবস্থিত অঙ্গদসমূহ উজ্জ্বল হইয়াছে) অধিলোকপালান্ (এবং যাহাতে ইন্দ্রাদি লোকপালগণ আশ্রিত), বাহূন্ চ (ভগবানের সেই বাহুচতুষ্টয়) [এবং] অসহ্যতেজঃ (দুঃসহ তেজশালী) দশশতারং (সুদর্শনচক্র) তৎকরসরোরুহরাজহংসং (ও ভগবানের করকমলে অবস্থিত রাজহংসসদৃশ) শঙ্খং চ (শঙ্খ) সঞ্চিন্তয়েৎ (সম্যক্‌রূপে ধ্যান করিবে) ॥ ২৭ ॥

[অনন্তর যোগী] ভগবতঃ (ভগবানের) দয়িতাং (অতিপ্রিয়) অরাতিভটশোণিতকর্দ্দমেন (শত্রুসৈন্যের রক্তপঙ্কে) দিগ্ধাং (লিপ্ত) কৌমোদকীং (কৌমোদকী গদা) স্মরেত (ধ্যান করিবে) [এবং পরে] মধুব্রতবরূথগিরোপঘুষ্টাং (ভ্রমরসমূহের গুঞ্জনে মুখরিত) অস্য (ভগবানের) কণ্ঠে মালাং চ (কণ্ঠস্থিত মালা) চৈত্যস্য তত্ত্বং (ও জীবস্বরূপ) অমলং মণিং চ (অমল কৌস্তুভমণি) [ধ্যান করিবে] ॥ ২৮ ॥

অনুবাদ

মন ও নয়নের আনন্দদায়ক এবং কৌস্তুভালঙ্কারকেও অলঙ্কৃত করিতেছে, সেই কণ্ঠদেশ ধ্যান করিবে ॥ ২৬ ॥

অনন্তর যোগী সমুদ্রমন্থনকালে মন্দরগিরির ঘূর্ণনে যাহাতে অবস্থিত বলয়সকল উজ্জ্বল হইয়াছে এবং যাহাতে ইন্দ্রাদি লোকপাল আশ্রিত হইয়া রহিয়াছে, সেই ভগবানের বাহুচতুষ্টয় ধ্যান করিবে ; পরে দুঃসহ তেজশালী সুদর্শনচক্র ও ভগবানের করকমলে অবস্থিত রাজহংস সদৃশ শঙ্খ সম্যক্‌রূপে ধ্যান করিবে ॥ ২৭ ॥

অনন্তর যোগী ভগবানের প্রিয়তম ও শত্রুসৈন্যের রক্তপঙ্কে লিপ্ত কৌমোদকী গদা ধ্যান করিবে : পরে ভ্রমরসমূহের গুঞ্জনে মুখরিত ভগবানের কণ্ঠদেশস্থিত মালা এবং জীব-স্বরূপ অমল কৌস্তুভমণি ধ্যান করিবে ॥ ২৮ ॥

টীকা

মনসি কুর্য্যাৎ ॥ ২৬ ॥ মন্দরগিরেঃ পরিবর্ত্তনেন নির্ণিক্তান্যুজ্জ্বলীকৃতানি বাহুবলয়ান্যঙ্গদাদীনি যেষু, অধিশ্রিতাঃ লোকপালাঃ যেষু, তান্ বিভোঃ বাহূন্ অসহ্যং সুরাসুরদুঃসহং তেজো যস্য তদ্দশশতারং চক্রং চ তৎকরসরোরুহে রাজহংসমিব সন্তং শঙ্খং চ সম্যক্ চিন্তয়েৎ ॥ ২৭ ॥ ভগবতো দয়িতাং প্রিয়াম্ অরাতয়ঃ শত্রবঃ যে ভটাঃ প্রতিযোদ্ধারস্তেষাং শোণিতমেব কর্দ্দমস্তেন দিগ্ধাং প্রলিপ্তাং কৌমোদকীং, মধুব্রতবরূথস্য ভ্রমরসমূহস্য গিরা উপঘুষ্টাং নাদিতাম্ অস্য ভগবতঃ কণ্ঠে মালাং চ, অমলং সকল-প্রাকৃতদোষরহিতং চৈত্যস্য জীবস্য তত্ত্বং জীবস্বরূপং মণিং কৌস্তুভং চ স্মরেৎ। তথোক্তং বৈষ্ণবে—"আত্মানমস্য জগতো নির্লেপমগুণামলম্। বিভর্ত্তি কৌস্তুভমণিং স্বরূপং ভগবান্ হরিঃ" ইতি ॥ ২৮ ॥

ভৃত্যানুকম্পিতধিয়েহ গৃহীতমূর্ত্তেঃ সঞ্চিন্তয়েদ্‌ভগবতো বদনারবিন্দম্ ।
যদ্বিস্ফুরন্মকরকুণ্ডলবল্গিতেন বিদ্যোতিতামলকপোলমুদারনাসম্ ॥২৯॥
যচ্ছ্রীনিকেতমলিভিঃ পরিষেব্যমাণং ভৃত্যা স্বয়া কুটিলকুন্তলবৃন্দজুষ্টম্ ।
মীনদ্বয়াশ্রয়মধিক্ষিপদব্জনেত্রং ধ্যায়েন্মনোময়মতন্দ্রিত উল্লসদ্‌ভ্রু ॥৩০॥

অন্বয়

[অনন্তর যোগী] যৎ (যাহা) বিস্ফুরন্মকরকুণ্ডলবল্গিতেন (অত্যুজ্জ্বল মকরাকৃতি কুণ্ডলদ্বয়ের কম্পনহেতু) বিদ্যোতিতামলকপোলং (উদ্ভাসিত গণ্ডস্থলসমন্বিত) [এবং] উদারনাসম্ (যাহা উন্নত নাসিকাযুক্ত), ভৃত্যানুকম্পিতধিয়া (ভক্তজনের প্রতি অনুগ্রহবুদ্ধিতে) ইহ (এই জগতে) গৃহীতমূর্ত্তেঃ (মূর্ত্তিধারী) ভগবতঃ (ভগবানের) [তৎ] বদনারবিন্দম্ (সেই বদনকমল) সঞ্চিন্তয়েৎ (ধ্যান করিবে) ॥ ২৯ ॥

শ্রীনিকেতং (সৌন্দর্য্যের আশ্রয়), কুটিলকুন্তলবৃন্দজুষ্টং (বক্র কেশকলাপে মণ্ডিত), অব্জনেত্রং (পদ্মপলাশের ন্যায় নয়নসম্পন্ন), উল্লসদ্‌ভ্রু (চঞ্চল ভ্রূযুগলসমন্বিত) মনোময়ং (ও ভক্তজনের হৃদয়ে আবির্ভাবযোগ্য) যৎ (যে বদনকমল) স্বয়া ভৃত্যা (স্বীয় অসাধারণ শোভায়) [অনুপম বলিয়া] অলিভিঃ (ভ্রমরগণকর্ত্তৃক) পরিষেব্যমাণং (সেবিত) মীনদ্বয়াশ্রয়ং (ও মীনদ্বয়ের আশ্রয়) শ্রীনিকেতং (লক্ষ্মীদেবীর বাসস্থান পদ্মকে) অধিক্ষিপৎ (ম্লান করিয়া থাকে, সেই) [বদনকমল] অতন্দ্রিতঃ (একাগ্রচিত্ত হইয়া) ধ্যায়েৎ (ধ্যান করিবে) ॥ ৩০ ॥

অনুবাদ

অনন্তর যোগী যে বদনমণ্ডল অত্যুজ্জ্বল মকরাকৃতি কুণ্ডলদ্বয়ের কম্পনহেতু উদ্ভাসিত গণ্ডস্থল ও উন্নত নাসিকাযুক্ত, ভক্তজনের প্রতি অনুগ্রহবুদ্ধিতে এই জগতে মূর্ত্তিধারী ভগবানের সেই বদনকমল ধ্যান করিবে ॥ ২৯ ॥

ভগবানের বদনকমল সৌন্দর্য্যের আশ্রয়, কুটিল কুন্তলরাজিমণ্ডিত, পদ্মপলাশের ন্যায় নয়নসম্পন্ন, চঞ্চল ভ্রূযুগলসমন্বিত ও ভক্তজনের হৃদয়ে আবির্ভাবযোগ্য ; অতএব ঐ বদনকমল স্বীয় শোভায় অনুপম বলিয়া ভ্রমরগণসেবিত ও মীনদ্বয়ের আশ্রয় লক্ষ্মীদেবীর বাসস্থান পদ্মকে ম্লান করিয়া থাকে অর্থাৎ কুন্তলরাজির সহিত তুলনায় ভ্রমরগণের ও লোচনদ্বয়ের সহিত তুলনায় মীনদ্বয়ের শোভা ম্লান হইয়া যায় ; যোগী একাগ্রচিত্ত হইয়া ভগবানের ঐ বদনকমল ধ্যান করিবে ॥ ৩০ ॥

টীকা

ভৃত্যেষু অনুকম্পিতধিয়া গৃহীতা আবিষ্কৃতা মূর্ত্তির্যেন তস্য যৎ বিস্ফুরতোর্মকরকুণ্ডলয়োর্বল্গিতেন নর্ত্তনেন বিদ্যোতিতৌ অমলৌ কপোলৌ যস্মিন্ তৎ, উদারা নাসা যস্মিন্ তদ্ বদনারবিন্দং সম্যক্ চিন্তয়েৎ ॥২৯॥ যদ্বদনারবিন্দং স্বয়া স্বাসাধারণয়া ভৃত্যা শোভয়া যুক্তমনুপমমিত্যর্থঃ। অতএব অলিভিঃ পরিষেব্যমাণং মীনদ্বয়াশ্রয়ং শ্রীনিকেতং পদ্মমধিক্ষিপৎ উপমাত্বেন নাঙ্গীকরোতীত্যর্থঃ। তত্র কুণ্ডলবৃন্দেন অলীনামধিক্ষেপঃ, নেত্রদ্বয়েন মকরাকৃতিকুণ্ডলদ্বয়েন বা মীনদ্বয়স্যেতি জ্ঞেয়ম্। অব্জে ইব নেত্রে যস্মিন্নিত্যুপমান্তরম্। উল্লসন্তৌ ভ্রুবৌ যস্মিন্ তৎ মনোময়ং মনস্যাবির্ভবৎ অতন্দ্রিতঃ একাগ্রচিত্তঃ ধ্যায়েৎ ॥ ৩০ ॥ অধিকমত্যর্থং

তস্যাবলোকমধিকং কৃপয়াতিঘোর-তাপত্রয়োপশমনায় নিসৃষ্টমক্ষ্ণোঃ।
স্নিগ্ধস্মিতানুগুণিতং বিপুলপ্রসাদং ধ্যায়েচ্চিরং বিততভাবনয়া গুহায়াম্ ॥৩১॥
হাসং হরেরবনতাখিললোকতীব্র-শোকাশ্রুসাগরবিশোষণমত্যুদারম্।
সম্মোহনায় রচিতং নিজমায়য়াস্য ভ্রূমণ্ডলং মুনিকৃতে মকরধ্বজস্য ॥৩২॥

অন্বয়

[অনন্তর যোগী] কৃপয়া (দয়াবশতঃ) অতিঘোরতাপত্রয়োপশমনায় (অতিভয়ঙ্কর আধ্যাত্মিকাদি তাপত্রয়ের উপশমের নিমিত্ত) অধিকং নিসৃষ্টং (যে দৃষ্টি সমর্পিত হয়), স্নিগ্ধস্মিতানুগুণিতং (যে দৃষ্টি সস্নেহ মধুরহাস্যে উপশোভিত) বিপুলপ্রসাদং (ও অনুগ্রহযুক্ত), তস্য (ভগবানের) অক্ষ্ণোঃ অবলোকং (তাদৃশ দৃষ্টি) গুহায়াং (অন্তঃকরণে) বিততভাবনয়া (নিরন্তর ভাবনাদ্বারা) চিরং ধ্যায়েৎ (দীর্ঘকাল ধ্যান করিবে) ॥ ৩১ ॥

[অনন্তর যোগী] অস্য হরেঃ (এই শ্রীহরির) অবনতাখিললোকতীব্রশোকাশ্রুসাগরবিশোষণম্ (ভক্তজনের শোকাশ্রুরূপ সাগরের শোষক), অত্যুদারং (অতি উদার) হাসং (মৃদুমন্দ হাস্য) [এবং] নিজমায়য়া (কৃপাহেতু) মুনিকৃতে (ভক্তগণের উপকারের নিমিত্ত) মকরধ্বজস্য (মুনিজনের সম্মোহনকারী কামদেবের) সম্মোহনায় (সম্মোহনের জন্য) রচিতং ভ্রূমণ্ডলং (বিরচিত ভ্রূমণ্ডল) [ধ্যায়েৎ] (ধ্যান করিবে) ॥ ৩২ ॥

অনুবাদ

ভগবান্ দয়া করিয়া ঘোরতর আধ্যাত্মিকাদি দুঃখ ত্রয়ের উপশমের নিমিত্ত যে দৃষ্টি অর্পণ করিয়া থাকেন এবং যে দৃষ্টি সস্নেহ মধুর হাস্যে উপশোভিত ও অত্যধিক অনুগ্রহসমন্বিত, যোগী ভগবানের সেই দৃষ্টি অন্তঃকরণে নিরন্তর দীর্ঘকাল ধ্যান করিবে ॥ ৩১ ॥

অনন্তর যোগী শ্রীহরির যে হাস্য ভক্তজনের শোকাশ্রুরূপ সাগরের শোষক, সেই অতি উদার মৃদুমন্দ হাস্য ধ্যান করিবে এবং পরে ভক্তজনের প্রতি কৃপাহেতু তাহাদের উপকারের নিমিত্ত মুনিজনের সম্মোহনকারী কামদেবের সম্মোহনের জন্য ভগবান্ যে ভ্রূমণ্ডল রচনা করিয়াছেন, সেই ভ্রূমণ্ডল ধ্যান করিবে ॥ ৩২ ॥

টীকা

কৃপয়া অক্ষ্ণোরক্ষিভ্যাং নিসৃষ্টং, স্নিগ্ধেন সস্নেহেন স্মিতেন মধুরহাসেন অনুগুণিতমুপশোভিতম্, বিপুলঃ প্রসাদো যস্মিন্ তৎ গুহায়ামন্তঃকরণে চিরং ধ্যায়েৎ ॥ ৩১ ॥ অবনতানামবনতিমাত্র-সাপেক্ষাণামখিললোকানাং জাত্যাদিনিরপেক্ষাণাং তীব্রশোকাশ্রুসাগরং শোষয়তীতি তথা তম্। হরের্হাসং মন্দহাসং নিজেষু ভক্তেষু মায়া কৃপা তয়া মুনিকৃতে নিজমননপরায়ণজনকৃতে তন্মোহনে প্রবৃত্তস্য মকরধ্বজস্য সম্মোহনায় বিরচিতং ভ্রূমণ্ডলং ধ্যায়েৎ ॥ ৩২ ॥ ধ্যানায়নমতিসুন্দরতয়াল্প-প্রযত্নেনৈব ধ্যানাস্পদম্ বহুলয়া বিপুলয়া অধরোষ্ঠয়োঃ ভাষা দীপ্ত্যা অরুণায়িতান্তনবঃ সূক্ষ্মা দ্বিজা দন্তা এব কুন্দমুকুলানি তেষাং পঙ্‌ক্তির্যস্মিন্ তৎ স্বদহৃকুহরে হৃদয়াকাশেঽবসিতস্য জ্ঞাতস্য বিষ্ণোঃ প্রহসিতং প্রকৃষ্টং হসিতং ধ্যায়েৎ। সমাধিমাহ—আর্দ্রয়া ভক্ত্যা তত্রৈবার্পিতমনাঃ সন্ ন

ধ্যানায়নং প্রহসিতং বহুলাধরৌষ্ঠ-ভাসারুণায়িততনুদ্বিজকুন্দপঙ্‌ক্তি।
ধ্যায়েৎ স্বদহ্রকুহরেঽবসিতস্য বিষ্ণো-র্ভক্ত্যার্দ্রয়ার্পিতমনা ন পৃথগ্‌দিদৃক্ষেৎ॥৩৩॥
এবং হরৌ ভগবতি প্রতিলব্ধভাবো ভক্ত্যা দ্রবদ্ধৃদয় উৎপুলকঃ প্রমোদাৎ।
ঔৎকণ্ঠ্যবাষ্পকলয়া মুহুরর্দ্দ্যমান-স্তচ্চাপি চিত্তবড়িশং শনকৈর্ব্বিযুঙ্‌ক্তে ॥৩৪॥

অন্বয়

[যোগী] স্বদহ্রকুহরে (নিজ হৃদয়াকাশে) অবসিতস্য (পরিজ্ঞাত) বিষ্ণোঃ (শ্রীহরির) বহুলাধরৌষ্ঠভাসারুণায়িততনুদ্বিজকুন্দপঙ্‌ক্তি (অধরোষ্ঠের অত্যধিক দীপ্তিতে রক্তিম দন্তপঙ্‌ক্তি সমন্বিত) ধ্যানায়নং (ও অতিসুন্দর বলিয়া অল্প প্রযত্নেই ধ্যানযোগ্য) প্রহসিতং (হাস্য) ধ্যায়েৎ (ধ্যান করিবে) আর্দ্রয়া ভক্ত্যা (এবং প্রেমরসাপ্লুত ভক্তির দ্বারা) অর্পিতমনাঃ (ধ্যেয় বিষয়ে অর্পিতচিত্ত হইয়া) পৃথক্ ন দিদৃক্ষেৎ (পৃথক্ কিছুই দর্শন করিবে না) ॥ ৩৩ ॥

[যোগী] এবং (পূর্ব্বোক্ত প্রকার ধ্যান ও সমাধিদ্বারা) ভগবতি হরৌ (শ্রীহরিতে) প্রতিলব্ধভাবঃ (ভক্তিভাব প্রাপ্ত হইয়া) ভক্ত্যা (সেই ভক্তি দ্বারা) দ্রবদ্ধৃদয়ঃ (দ্রবীভূতচিত্ত), প্রমোদাৎ (আনন্দবশতঃ) উৎপুলকঃ (পুলকিতাঙ্গ) ঔৎকণ্ঠ্যবাষ্পকলয়া (ও উৎকণ্ঠাজনিত যে অশ্রুজল, তাহা দ্বারা) মুহুঃ (পুনঃ পুনঃ) অর্দ্দ্যমানঃ [ভবতি] (আনন্দসাগরে নিমগ্ন হইয়া থাকে)। [তখন]

অনুবাদ

যোগী নিজ হৃদয়াকাশে যাঁহাকে দেখিয়াছেন, সেই শ্রীহরির অধরোষ্ঠের দীপ্তিতে রক্তিম দন্তপঙ্‌ক্তিসমন্বিত অতিসুন্দর হাস্য ধ্যান করিবে। ঐ যোগী প্রেমরসাপ্লুত ভক্তিদ্বারা ধ্যেয় ভগবানে চিত্ত সমাহিত করিয়া পৃথক্ কিছুই দর্শন করিবে না অর্থাৎ আনন্দসাগরে লীন বলিয়া ঐ যোগী তখন অপর কোন বস্তুই দর্শন করিবে না ॥ ৩৩ ॥

এই প্রকারে যোগী ধ্যান ও সমাধিদ্বারা শ্রীহরিতে ভক্তিভাব প্রাপ্ত হইয়া সেই ভক্তিদ্বারা বিগলিতচিত্ত, আনন্দবশতঃ পুলকিতাঙ্গ এবং উৎকণ্ঠাজনিত যে অশ্রুজল, তাহাদ্বারা পুনঃ পুনঃ আনন্দসাগরে নিমগ্ন হইয়া থাকে। তখন চিত্তবড়িশও [অর্থাৎ মৎস্য প্রাপ্তির উপায় যেমন বড়িশ, সেইরূপ বিষয় প্রাপ্তির উপায় যে চিত্ত, সেই চিত্তও]

টীকা

পৃথক্ দিদৃক্ষেৎ। ধ্যেয়ং ধ্যাতারঞ্চ ন পশ্যতীত্যর্থঃ, আনন্দসংপ্লবে লীনত্বাৎ, তদুক্তং প্রথমে "আনন্দসংপ্লবে লীনো নাপশ্যমুভয়ং মুনে!" ইতি ॥ ৩৩ ॥ এবং সমাধিমুক্ত্বা অথৈবং ধ্যানসমাধিনিষ্ঠস্য ধ্যানাদ্যাবৃত্তিপরত্বং দর্শয়ন্ কৃতকৃত্যতাং প্রপঞ্চয়তি—এবমিতি একাদশভিঃ। এবমুক্তপ্রকারেণ ধ্যানসমাধিসাধনেন হরৌ প্রতিলব্ধঃ ভাবঃ ধ্রুবাস্মৃতি লক্ষণা ভক্তির্যেন সঃ, তয়া ভক্ত্যা দ্রবৎ দ্রবীভূতং চিত্তং যস্য সঃ, প্রমোদাদুদ্‌গতানি পুলকানি যস্য সঃ, ঔৎকণ্ঠ্যেন যা বাষ্পকলা তয়া মুহুরর্দ্দ্যমানঃ ধ্যানসমাধ্যাবৃত্তৌ যোজ্যমানো ভবতি। নন্থ দুর্বৃত্তং মনঃ তং সংসারকর্ম্মণি কুতো ন নিযোজয়তি? তত্রাহ—তচ্চাপীতি। যথা মৎস্যগ্রহণসাধনং লোহকণ্টকং তৎ তথাবিধং বিষয়গ্রহণসাধনং চিত্তবড়িশং শনকৈরযত্নত এব বিষয়েভ্যো-বিযুঙ্‌ক্তে উপরতং ভবতি। কিন্তু ধ্যানাদিরূপহরিপ্রাপ্তিসাধনাবৃত্তিপ্রবণং ভবতি "আবৃত্তিরসকৃদুপদেশাৎ"

মুক্তাশ্রয়ং যর্হি নির্ব্বিষয়ং বিরক্তং নির্ব্বাণমৃচ্ছতি মনঃ সহসা যথার্চ্চিঃ।
আত্মানমত্র পুরুষোঽব্যবধানমেক-মন্বীক্ষতে প্রতিনিবৃত্তগুণপ্রবাহঃ ॥৩৫॥

অন্বয়

তচ্চাপি চিত্তবড়িশং (মৎস্য পাইবার উপায় যেমন বড়িশ, সেইরূপ বিষয় প্রাপ্ত হওয়ার উপায় যে চিত্ত, সেই চিত্তও) শনকৈঃ (ধীরে ধীরে অর্থাৎ বিনা যত্নেই) [বিষয় হইতে] বিযুঙ্‌ক্তে (নিবৃত্ত হইয়া থাকে) ॥ ৩৪ ॥

যর্হি (যখন অর্থাৎ ধ্যান অবস্থায়) অর্চ্চিঃ যথা (নির্ধূম অগ্নিশিখার ন্যায় বিশুদ্ধ) মনঃ (চিত্ত) বিরক্তং (রাগাদিরহিত), নির্ব্বিষয়ং (বিষয়শূন্য) মুক্তাশ্রয়ং (ও পরমপুরুষাশ্রয় হইয়া অর্থাৎ ভগবদ্ধ্যাননিষ্ঠ হইয়া) সহসা নির্ব্বাণম্ ঋচ্ছতি (নির্ব্বাণ প্রাপ্ত হইয়া থাকে অর্থাৎ সমাধিরসে নিমগ্ন হইয়া থাকে); অত্র (এই অবস্থায়) প্রতিনিবৃত্তগুণপ্রবাহঃ (যাহার ইন্দ্রিয়সমূহের বিষয়াসক্তি নিবৃত্ত হইয়াছে সেই) পুরুষঃ (জীব অর্থাৎ যোগী) আত্মানং (স্বীয় অন্তর্য্যামী ভগবান্‌কে) একং (সমান ও অধিকশূন্য এক) অব্যবধানং (ও চিদচিৎ সমস্ত জগতে অনুগত বলিয়া) অন্বীক্ষতে (দর্শন করিয়া থাকে) ॥ ৩৫ ॥

অনুবাদ

ধীরে ধীরে অর্থাৎ বিনা যত্নেই বিষয় হইতে নিজকে বিযুক্ত করে অর্থাৎ বিষয় হইতে নিবৃত্ত হইয়া শ্রীহরিপ্রাপ্তির উপায়স্বরূপ ধ্যানাদিতে নিবদ্ধ থাকে ॥ ৩৪ ॥

যোগী ধ্যান অবস্থায় নির্ধূম অগ্নিশিখার ন্যায় বিশুদ্ধচিত্ত, বৈরাগ্যযুক্ত ও বিষয়শূন্য হইয়া থাকে এবং পরমপুরুষাশ্রয় হইয়া অর্থাৎ ভগবদ্ধ্যাননিষ্ঠ হইয়া সমাধিরসে নিমগ্ন হইয়া থাকে; কারণ ঐ অবস্থায় ইন্দ্রিয়সমূহের বিষয়াসক্তি নিবৃত্ত হওয়ায় যোগী স্বীয় অন্তর্য্যামী ভগবান্‌কে পুনঃ পুনঃ সমানশূন্য ও অধিকশূন্য একরূপে ও চিদচিৎ সমস্ত জগতে অনুগতরূপে দর্শন করিয়া থাকে ॥ ৩৫ ॥

টীকা

ইতি ন্যায়াৎ ॥ ৩৪ ॥ মনসো বিষয়েভ্য উপরতত্বং ভগবদ্ধ্যানাদিপ্রবণত্বমেবাহ মুক্তাশ্রয়মিতি। যর্হি যদৈব ভগবদ্ধ্যানসমাধিপ্রাবণ্যায়ামেব যথার্চ্চিঃ নির্ধূমাগ্নিশিখেব শুদ্ধং বিরক্তং ত্যক্তবিষয়ং মুক্তাশ্রয়ং সৎ নিত্যমুক্তপরমপুরুষাশ্রয়ং সৎ তদ্ধ্যাননিষ্ঠং সৎ নির্ব্বাণং সমাধিরসে লয়মৃচ্ছতীত্যর্থঃ। যতঃ পুরুষোঽন্তঃকরণস্বামী জীবঃ আত্মানং স্বান্তরাত্মানং ভগবন্তমেকং নিঃসমানাতিশয়মব্যবধানং সর্ব্বানুস্যূতম্ অন্বীক্ষতে পুনঃ পুনঃ ধ্যানে পশ্যতি, ন তু সংসারাসক্তো ভবতি, যতো নিবৃত্তঃ গুণানামিন্দ্রিয়াণাং প্রবাহো বিষয়প্রাবণ্যং যস্য সঃ তথাভূতঃ গুণাতীতো বা ॥ ৩৫ ॥ সোঽপি স চ পুরুষঃ চরময়া বহুজন্মান্তে জাতয়া তস্মিন্ মহিম্নি ভগবতি পরব্রহ্মণি সুখমপি দুঃখং যস্মিন্ স সুখদুঃখঃ সংসারঃ স বাহ্যো ভবতি যস্মাদুপাস্যাত্তস্মিন্ অবসিতঃ অবসানং নিষ্ঠাং প্রাপ্তঃ। যতঃ উপলব্ধা শাস্ত্রাচার্য্যোপাশ্রয়ণাল্লব্ধা পরাত্মকাষ্ঠা যেন সঃ। পরস্য ব্রহ্মণঃ সর্ব্বাত্মকত্বসর্ব্বোপাস্যত্বরূপা আত্মনঃ ব্রহ্মাত্মকত্বব্রহ্মোপাসকত্বরূপেতি বিবেকঃ। এবম্ভূতঃ ভগবতঃ প্রারব্ধকর্ম্ম সমাপনার্থমিহ তিষ্ঠতি "তস্য তাবদেব চিরং যাবন্ন বিমোক্ষ্যে" ইত্যাদি শ্রুতেস্তৎক্ষয়ানন্তরং তু মুক্ত এব স্যাদিত্যাশয়েনাহ—অসতি দুষ্টে সংসারে যৎ যস্য কর্ম্মণঃ দুঃখয়োঃ সুখদুঃখয়োর্হেতুত্বং ভবতি তৎ কর্ম্ম

সোঽপ্যেতয়া চরময়া মনসো নিবৃত্ত্যা তস্মিন্ মহিম্ন্যবসিতঃ সুখদুঃখবাহ্যে।
হেতুত্বমপ্যসতি কর্ত্তরি দুঃখয়োর্যৎ স্বাত্মন্ বিধত্ত উপলব্ধপরাত্মকাষ্ঠঃ ॥৩৬॥
দেহঞ্চ তং ন চরমঃ স্থিতমুত্থিতং বা সিদ্ধো বিপশ্যতি যতোঽধ্যগমৎ স্বরূপম্।
দৈবাদপেতমথ দৈববশাদুপেতং বাসো যথা পরিকৃতং মদিরামদান্ধঃ ॥৩৭॥

অন্বয়

সঃ অপি (সেই যোগী) এতয়া চরময়া (এই বহু জন্মান্তে উৎপন্ন) মনসঃ নিবৃত্ত্যা (চিত্ত-স্থৈর্য্যের দ্বারা) সুখদুঃখবাহ্যে (সংসারের অতীত) তস্মিন্ মহিম্নি (ভগবানে) অবসিতঃ (নিষ্ঠাপ্রাপ্ত হইয়া অর্থাৎ ভগবৎপরায়ণ হইয়া) উপলব্ধপরাত্মকাষ্ঠঃ [ভবতি] (ব্রহ্মের সর্ব্বাত্মকত্ব ও সর্ব্বোপাস্যত্ব এবং নিজের ব্রহ্মাত্মকত্ব ও ব্রহ্মোপাসকত্বরূপ জ্ঞান প্রাপ্ত হইয়া থাকে) [এবং] অসতি (এই সংসারে) দুঃখয়োঃ (সুখদুঃখের) হেতুত্বং (কারণ) যদ্ [ভবতি] (যে কর্ম্ম হয়), [তৎ কর্ম্ম] (সেই কর্ম্ম) কর্ত্তরি স্বাত্মন্ (নিজের করিতে হইবে বলিয়া) বিধত্তে (মনে করিয়া থাকে) [অর্থাৎ প্রারব্ধ কর্ম্মের ফল আমাকে অবশ্যই ভোগ করিতে হইবে, ইহা মনে করিয়া থাকে] ॥ ৩৬ ॥

যথা (যেমন) মদিরামদান্ধঃ (মদিরাপানে হিতাহিত বিবেকশূন্য ব্যক্তি) পরিকৃতং বাসঃ (পরিধেয় বস্ত্র) [উপেতম্ অপেতং বা] (আছে কি নাই) ন বিপশ্যতি (দেখিতে পায় না), [তথা] (সেইরূপ) চরমঃ সিদ্ধঃ (চরমজন্মা সিদ্ধ যোগী) যতঃ স্বরূপং অধ্যগমৎ (স্বরূপ প্রাপ্ত হইয়া থাকে বলিয়া) তং দেহং চ (সেই দেহকে) স্থিতং উত্থিতং বা (আসনে অবস্থিত কিংবা আসন হইতে উত্থিত) অথ (অথবা) দৈবাৎ (দৈববশে) অপেতং (অন্যত্র গত) দৈববশাৎ উপেতং (দৈববশে পুনঃ আগত) [ইত্যাদি কোন রূপেই] ন বিপশ্যতি (দর্শন করে না) ॥ ৩৭ ॥

অনুবাদ

যোগী তখন বহু জন্মের পরে উৎপন্ন যে চিত্তস্থৈর্য্য তাহাদ্বারা, সংসারের অতীত ভগবানে অবস্থিত থাকিয়া ব্রহ্মের সর্ব্বাত্মকত্ব ও সর্ব্বোপাস্যত্ব এবং নিজের ব্রহ্মাত্মকত্ব ও ব্রহ্মোপাসকত্বরূপ জ্ঞান প্রাপ্ত হইয়া থাকে এবং এই সংসারে যে কর্ম্ম সুখদুঃখের কারণ হইয়া থাকে, সেই কর্ম্মকে নিজের করিতে হইবে বলিয়া মনে করে [অর্থাৎ প্রারব্ধকর্ম্মের ফল আমাকে অবশ্যই ভোগ করিতে হইবে, ইহা মনে করিয়া থাকে; পরন্তু প্রাপ্ত সুখদুঃখে লিপ্ত হয় না।] ॥৩৬॥

মদিরা মদে অন্ধ ব্যক্তি যেমন স্বীয় পরিধেয় বস্ত্র আছে কি নাই দেখিতে পায় না, সেইরূপ যে সিদ্ধযোগীর এই শেষজন্ম তিনি বিবেকপ্রাপ্ত হইয়া থাকে বলিয়া এই দেহকে

টীকা

স্বাত্মন্ স্বাত্মনি কর্ত্তরি বিধত্তে স্বীকরোতি অবশ্যমেব প্রারব্ধ কর্ম্মফলং ময়া ভোক্তব্যমিতি মন্যতে ইত্যর্থঃ, সুখদুঃখয়ো রাগদ্বেষাদিরহিতো ভবতীতি ভাবঃ ॥ ৩৬ ॥ চরমঃ চরমজন্মা দেহমপি ন পশ্যতি কুতঃ রাগদ্বেষাদিবিষয়ং বাহ্যং পদার্থমিতি ভাবঃ। যথা পরিকৃতং কট্যাং পরিবেষ্টিতং বাসঃ উপেতমপেতং

দেহোঽপি দৈববশগঃ খলু কর্ম্ম যাবৎ স্বারম্ভকং প্রতিসমীক্ষত এব সাসুঃ।
তং সপ্রপঞ্চমধিরূঢ়সমাধিযোগঃ স্বাপ্নং পুনর্ন ভজতে প্রতিবুদ্ধবস্তুঃ ॥ ৩৮ ॥
যথা পুত্রাচ্চ বিত্তাচ্চ পৃথঙ্ মর্ত্ত্যঃ প্রতীয়তে।
অপ্যাত্মত্বেনাভিমতাদ্দেহাদেঃ পুরুষস্তথা ॥ ৩৯ ॥

অন্বয়

[তস্য] দেহঃ অপি (সেই যোগীর দেহও) সাসুঃ (ইন্দ্রিয়গণের সহিত) দৈববশগঃ খলু (দৈবাধীন হইয়াই) যাবৎ স্বারম্ভকং কর্ম্ম (যে পর্য্যন্ত প্রারব্ধ কর্ম্ম বর্ত্তমান থাকে), [তাবৎ) প্রতিসমীক্ষতে এব (সে পর্য্যন্ত বর্ত্তমান থাকে); অধিরূঢ়সমাধিযোগঃ (যে যোগী সমাধি পর্য্যন্ত যোগ-পথ প্রাপ্ত হইয়াছে) প্রতিবুদ্ধবস্তুঃ (ও আত্মতত্ত্ব, অনাত্মতত্ত্ব ও পরমাত্মতত্ত্ব জ্ঞাত হইয়াছে), [সেই যোগী] সপ্রপঞ্চং স্বাপ্নং তং (পুত্রকলত্রাদির সহিত স্বপ্নদৃষ্ট দেহাদিতুল্য অনিত্য সেই দেহে) পুনঃ ন ভজতে (পুনরায় আর "আমি আমার" এইরূপ অভিমান করে না) ॥ ৩৮ ॥

যথা (যেমন) আত্মত্বেন অভিমতাৎ (অতি স্নেহবশতঃ আত্মরূপে গৃহীত) পুত্রাৎ চ বিত্তাৎ চ অপি (পুত্র ও বিত্ত হইতে) মর্ত্ত্যঃ (পিতা) পৃথক্ প্রতীয়তে (পৃথক্‌রূপে প্রতীত হইয়া থাকে), তথা (সেইরূপ) দেহাদেঃ (আত্মরূপে গৃহীত দেহাদি অনাত্মবস্তু হইতে) পুরুষঃ (আত্মা) পৃথক্ (ভিন্ন বস্তু হইয়া থাকে) ॥ ৩৯ ॥

অনুবাদ

আসনে অবস্থিত, আসন হইতে উত্থিত অথবা দৈববশে অন্যত্র গত বা দৈববশে পুনরাগত ইত্যাদি কোনরূপেই দর্শন করে না। [অতএব দেহকেই যখন আদর করে না, তখন রাগদ্বেষাদির বিষয় বাহ্যপদার্থকে কি করিয়া আদর করিবে ?] ॥ ৩৭ ॥

সেই যোগী দেহ ও ইন্দ্রিয়গণের সহিত দৈবাধীন হইয়া অর্থাৎ পূর্ব্বসঞ্চিত কর্ম্মের বশবর্ত্তী হইয়া যে পর্য্যন্ত প্রারব্ধ কর্ম্ম বর্ত্তমান থাকে, সে পর্য্যন্তই জীবিত থাকে অর্থাৎ প্রারব্ধ কর্ম্ম শেষ না হওয়া পর্য্যন্ত বিবেকজ্ঞান উৎপন্ন হইলেও যোগীর দেহাদ্রিয়াদি বর্ত্তমান থাকে; কিন্তু যে যোগী সমাধি প্রাপ্ত হইয়াছে এবং আত্মা, অনাত্মা ও পরমাত্মতত্ত্ব জ্ঞাত হইয়াছে, সেই যোগী পুত্রকলত্রাদির সহিত স্বপ্নদৃষ্ট দেহাদির ন্যায় অনিত্য দেহে পুনরায় আর আসক্তি করে না অর্থাৎ ঐ দেহাদিতে "আমি আমার" এইরূপ অভিমান আর করে না ॥ ৩৮ ॥

যেমন অতি স্নেহবশতঃ পিতা পুত্র ও বিত্তকে নিজ বলিয়া জ্ঞান করিলেও সেই পুত্র ও বিত্ত হইতে পিতা বস্তুতঃ পৃথক্‌রূপেই প্রতীত হইয়া থাকে, সেইরূপ দেহাদি অনাত্ম-বস্তুকে আত্মরূপে গ্রহণ করিলেও ঐ সকল বস্তু হইতে আত্মা বস্তুতঃ ভিন্নই হইয়া থাকে ॥৩৯॥

টীকা

বা ন পশ্যতি তদ্বৎ ॥ ৩৭ ॥ তস্য দেহোঽপি সাসুঃ সেন্দ্রিয়ঃ দৈববশগঃ দৈবাধীনঃ যাবৎ স্বারম্ভকং কর্ম্ম, তাবৎ প্রতি সমীক্ষতে জীবত্যেব তং জীবন্তং সপ্রপঞ্চং স্বাপ্নং স্বপ্নদেহাদিতুল্যমনিত্যমারূঢ়ঃ প্রাপ্তঃ সমাধিপর্য্যন্তো যোগো যেন সঃ, প্রতিবুদ্ধবস্তুঃ প্রতিবুদ্ধং বস্তু আত্মানাত্মপরমাত্মতত্ত্বং যেন সঃ, ন ভজতে নোপাস্তে ॥ ৩৮ ॥ প্রতিবুদ্ধবস্তুত্বশিক্ষায়ৈ আত্মানাত্মপরমাত্মবিবেকমাহ যথেতি ত্রিভিঃ। দেহাদেঃ অনাত্ম-

যথোল্মুকাদ্বিস্ফুলিঙ্গাদ্ধূমাদ্বাপি স্বসম্ভবাৎ।
অপ্যাত্মত্বেনাভিমতাদ্ যথাগ্নিঃ পৃথগুল্মুকাৎ ॥ ৪০ ॥
ভূতেন্দ্রিয়ান্তঃকরণাৎ প্রধানাজ্জীবসংজ্ঞিতাৎ।
আত্মা তথা পৃথগ্দ্রষ্টা ভগবান্ ব্রহ্মসংজ্ঞিতঃ ॥ ৪১ ॥
সর্ব্বভূতেষু চাত্মানং সর্ব্বভূতানি চাত্মনি।
ঈক্ষেতানন্যভাবেন ভূতেষ্বিব তদাত্মতাম্ ॥ ৪২ ॥

অন্বয়

[আত্মা ও অনাত্মবস্তু হইতে পরমাত্মা যে ভিন্ন, তাহাই দুইটি শ্লোকে বলিতেছেন] যথা (যেমন) উল্মুকাৎ (অঙ্গার হইতে), উল্মুকাৎ (কাষ্ঠ হইতে), স্বসম্ভবাৎ (কাষ্ঠ ও অগ্নির সংযোগে উৎপন্ন) ধূমাৎ (ধূম হইতে) বা (এবং) আত্মত্বেন অভিমতাৎ (অংশরূপে স্বীকৃত) বিস্ফুলিঙ্গাৎ অপি (বিস্ফুলিঙ্গ হইতে) অগ্নিঃ পৃথক্ (অগ্নি পৃথক্ বস্তু), তথা (সেইরূপ) ভূতেন্দ্রিয়ান্তঃকরণাৎ (ভূত, ইন্দ্রিয় ও অন্তঃকরণ হইতে), প্রধানাৎ (ইহাদের কারণ প্রকৃতি হইতে) [এবং] জীবসংজ্ঞিতাৎ অপি (জীবনামক ক্ষেত্রজ্ঞ হইতে) আত্মা (পরমাত্মা), দ্রষ্টা (সর্ব্বজ্ঞ) ব্রহ্মসংজ্ঞিতঃ (ও ব্রহ্মনামক) ভগবান্ পৃথক্ (ভগবান্ পৃথক্) ॥ ৪০।৪১ ॥

[এক্ষণে ভগবান্ যে সকলের অন্তরে ও বাহিরে বর্ত্তমান আছেন, তাহাই উপদেশ করিতেছেন] সর্ব্বভূতেষু চ (চেতনাচেতন সমস্ত বস্তুতে) আত্মানং (পরমেশ্বরকে) সর্ব্বভূতানি চ আত্মনি (ও চেতনাচেতন সমস্ত বস্তুকে পরমেশ্বরে) অনন্যভাবেন (ঐকান্তিক ভক্তি সহকারে) ঈক্ষেত (দর্শন করিবে) ; ভূতেষু (চেতনাচেতন সমস্ত জগতে) তদাত্মতাম্ ইব (ভগবৎরূপ) [ঈক্ষেত] (দর্শন করিবে) ॥৪২॥

অনুবাদ

[আত্ম ও অনাত্মবস্তু হইতে পরমাত্মা যে পৃথক্ তাহাই দুইটি শ্লোকে বলিতেছেন]—যেমন অঙ্গার, কাষ্ঠ, ধূম এবং বিস্ফুলিঙ্গ হইতে অগ্নি পৃথক্ বস্তু, সেইরূপ ভূত, ইন্দ্রিয়, অন্তঃকরণ, প্রকৃতি ও জীবনামক ক্ষেত্রজ্ঞ হইতে পরমাত্মা, সর্ব্বজ্ঞ ও ব্রহ্মনামক ভগবান্ পৃথক্ বলিয়া জানিতে হইবে ॥ ৪০ ॥ ৪১ ॥

[এক্ষণে ভগবান্ অন্তরে বাহিরে সর্ব্বত্র বর্ত্তমান আছেন, ইহা দেখাইয়া উপদেশ

টীকা

বর্গাৎ পুরুষঃ আত্মা পৃথগেব ॥ ৩৯ ॥ আত্মনঃ অনাত্মনশ্চ সকাশাৎ পরমাত্মা ভিন্ন ইত্যাহ—যথোল্মুকাদিতি দ্বাভ্যাম্। যথোল্মুকাৎ কার্য্যভূতাদ্ অঙ্গারাকারাৎ তৎকারণভূতাদ্দহ্যমানাদুল্মুকাত্তথা স্বসম্ভবাৎ উল্মুকাগ্নি-সংযোগসম্ভবাৎ দোষরূপাৎ ধূমাচ্চ আত্মত্বেনাভিমতাৎ স্বাত্মকাৎ স্বাংশভূতাৎ বিস্ফুলিঙ্গাচ্চ যথাগ্নিঃ পৃথগেব ॥ ৪০ ॥ তথা ভূতাদিতঃ কার্য্যাৎ, প্রধানাৎ তৎকারণাৎ কার্য্যকারণরূপায়াঃ প্রকৃতেঃ সকাশাৎ ধূমতুল্যাৎ প্রাকৃতদোষাৎ জীবসংজ্ঞিতাৎ স্বাংশভূতাচ্চ আত্মা পরমাত্মা দ্রষ্টা সর্ব্বজ্ঞঃ ব্রহ্মসংজ্ঞকঃ ভগবান্ পৃথক্ ॥ ৪১ ॥ অথ ভগবতঃ সর্ব্ববহিরন্তরবস্থিতত্বঞ্চাহ—সর্ব্বেষু ভূতেষু চেতনাচেতনেষু আত্মানং পরমেশ্বরং ভূতানি চ আত্মনি পরমেশ্বরে অনন্যভাবেন ভক্ত্যা ঈক্ষেত। "যো মাং পশ্যতি সর্ব্বত্র সর্ব্বঞ্চ ময়ি পশ্যতি। তস্যাহং ন প্রণশ্যামি স চ মে ন প্রণশ্যতি" ইতি শ্রীমুখোক্তেঃ। ইব এবার্থে, ভূতেষু চেতনা-চেতনেষু তদাত্মতাঞ্চ ঈক্ষেত। শক্তিশক্তিমতোঃ অংশাংশিনোশ্চ ভেদাভেদসম্বন্ধাৎ সর্ব্বমনবদ্যম্ ॥ ৪২ ॥

স্বযোনিষু যথা জ্যোতিরেকং নানা প্রতীয়তে।
যোনীনাং গুণবৈষম্যাৎ তথাত্মা প্রকৃতৌ স্থিতঃ ॥ ৪৩ ॥
তস্মাদিমাং স্বাং প্রকৃতিং দৈবীং সদসদাত্মিকাম্।
দুর্ব্বিভাব্যাং পরাভাব্য স্বরূপেণাবতিষ্ঠতে ॥ ৪৪ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে কাপিলেয়ে সাধনানুষ্ঠানং নামাষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥২৮॥

অন্বয়

যথা (যেমন) জ্যোতিঃ একম্ [অপি] (অগ্নি এক হইয়াও) যোনীনাং (উৎপত্তিস্থান কাষ্ঠসমূহের) গুণবৈষম্যাৎ (হ্রস্ব, দীর্ঘ, শুষ্ক, আর্দ্র প্রভৃতি গুণবৈষম্যহেতু) স্বযোনিষু (স্বীয় উৎপত্তিস্থান কাষ্ঠে) নানা (নানারূপে) প্রতীয়তে (দৃষ্ট হইয়া থাকে), তথা (সেইরূপ) প্রকৃতৌ স্থিতঃ আত্মা (প্রকৃতির কার্য্য দেহে অবস্থিত জীবও) [দেহের গুণবৈষম্যহেতু নানারূপে প্রতীত হইয়া থাকে] ॥ ৪৩ ॥

তস্মাৎ (অতএব) [যোগী] দৈবীং (পরমেশ্বরের শক্তি), দুর্ব্বিভাব্যাং (দুস্তরণীয়া), সদসদাত্মিকাং (স্থূল ও সূক্ষ্মাত্মিকা) ইমাং স্বাং প্রকৃতিং (নিজের বন্ধনকারিণী প্রকৃতিকে) পরাভাব্য (ভগবদনুগ্রহে জয় করিয়া) স্বরূপেণ (ব্রহ্মাত্মক নিজরূপে) অবতিষ্ঠতে (অবস্থান করিবে) ॥ ৪৪ ॥

অনুবাদ

করিতেছেন]—ঐকান্তিক ভক্তিভাবে চেতনাচেতন সমস্ত জগতে পরমেশ্বরকে ও চেতনাচেতন সমস্ত জগৎকে পরমেশ্বরে অবস্থিত বলিয়া দর্শন করিবে এবং চেতনাচেতন সমস্ত জগৎ ভগবানেরই রূপ অর্থাৎ পরমাত্মা অংশী আর এই সমস্তই তাঁহার অংশ; তাঁহার অনন্ত শক্তি আছে অর্থাৎ তিনি শক্তিমান্; অতএব অংশী যেমন অংশ হইতে ভিন্ন ও অভিন্ন হয়, সেইরূপ পরমাত্মা অংশরূপ সমস্ত জগৎ হইতে ভিন্ন ও অভিন্ন উভয়ই হন ॥ ৪২ ॥

[জীব নির্ব্বিকার ও দেহাদি হইতে ভিন্ন হইলেও কি কারণে নানারূপে প্রতীত হইয়া থাকে, তাহাই দৃষ্টান্ত প্রদর্শন পূর্ব্বক বলিতেছেন]—যেমন অগ্নি এক হইয়াও উৎপত্তিস্থান কাষ্ঠসমূহের হ্রস্ব, দীর্ঘ, শুষ্ক, আর্দ্র প্রভৃতি গুণবৈষম্যহেতু নানারূপে প্রতিভাত হইয়া থাকে, সেইরূপ দেহে অবস্থিত জীবাত্মাও দেহের গুণবৈষম্যহেতু নানারূপে প্রতীত হইয়া থাকে ॥ ৪৩ ॥

হে মাতঃ! অতএব সিদ্ধযোগী স্থূল ও সূক্ষ্ম পরমেশ্বরের এই দুরতিক্রমণীয় অংশস্বরূপ নিজের বন্ধনকারী প্রকৃতিকে ভগবদনুগ্রহে জয় করিয়া স্বরূপে অবস্থান করিয়া থাকে ॥ ৪৪ ॥

অষ্টাবিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ২৮ ॥

টীকা

ননু জীবস্য নির্ব্বিকারস্য দেহাদিপ্রকৃতিবিলক্ষণত্বে উত্তমমধ্যমত্বাদি কথং ঘটেত? ইত্যত্র প্রকৃতিতাদাত্ম্যভ্রান্ত্যা ইত্যাহ—স্বযোনিষ্বিতি। স্বযোনিষু স্বপ্রস্ফুরণস্থানেষু ॥ ৪৩ ॥ উপসংহরতি—তস্মাদিতি। দৈবীং দেবস্য শক্তিম্ স্বাংশবন্ধকরীম্ পরাভাব্য দেবপ্রসাদেনৈব জিত্বা স্বরূপেণ ব্রহ্মাত্মকেন নিজরূপেণাবতিষ্ঠতে ॥ ৪৪ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে তৃতীয়স্কন্ধে শ্রীমচ্ছুকদেবকৃত-
সিদ্ধান্তপ্রদীপে অষ্টাবিংশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ২৮ ॥

একোনত্রিংশোঽধ্যায়ঃ

শ্রীদেবহূতিরুবাচ

লক্ষণং মহদাদীনাং প্রকৃতেঃ পুরুষস্য চ।
স্বরূপং লক্ষ্যতেঽমীষাং যেন তৎ পারমার্থিকম্ ॥ ১ ॥
যথা সাংখ্যেষু কথিতং যন্মূলং তৎ প্রচক্ষতে।
ভক্তিযোগস্য মে মার্গং ব্রূহি বিস্তরতঃ প্রভো! ॥ ২ ॥
বিরাগো যেন পুরুষো ভগবন্! সর্ব্বতো ভবেৎ।
আচক্ষ্ব জীবলোকস্য বিবিধা মম সংসৃতীঃ ॥ ৩ ॥

অন্বয়

শ্রীদেবহূতিঃ উবাচ (দেবহূতি বলিলেন) প্রভো! (হে ভগবন্!) যেন (যাহাদ্বারা) অমীষাং (ঐ মহদাদির) পারমার্থিকং (যথার্থ) স্বরূপং লক্ষ্যতে (স্বরূপ জানা যায়), মহদাদীনাং (মহদাদি), প্রকৃতেঃ (প্রকৃতি), পুরুষস্য চ (জীব ও পরমাত্মার) তৎ লক্ষণং (সেই লক্ষণ) সাংখ্যেষু (তত্ত্বসমূহ যাহাতে প্রতিপাদিত হইয়াছে সেই বেদান্তশাস্ত্রে) যথা [অস্তি] (যেমন আছে), [তথা ত্বয়া] কথিতং (সেইরূপ তোমাকর্ত্তৃক কথিত হইয়াছে); তৎ (সেই লক্ষণ) যন্মূলং (যে ভক্তিযোগের মূল) প্রচক্ষতে (জ্ঞানিগণ বলিয়া থাকেন), [তস্য] ভক্তিযোগস্য (সেই ভক্তিযোগের) মার্গং (পথ অর্থাৎ উপায়) বিস্তরতঃ (বিস্তারিতরূপে) মে (আমাকে) ব্রূহি (বল) ॥ ১ ॥ ২ ॥

ভগবন্! (হে ষড়ৈশ্বর্য্যশালিন্!) জীবলোকস্য (জীবলোকের) বিবিধাঃ সংসৃতীঃ (বিবিধ প্রকার সংসারগতি) মম (আমার নিকটে) আচক্ষ্ব (বল); যেন (যে সংসারগতি বর্ণনের ফলে) পুরুষঃ (মুমুক্ষু জীব) সর্ব্বতঃ (ঐহিক ও পারলৌকিক সর্ব্বপ্রকার বিষয় হইতে) বিরাগঃ ভবেৎ (বৈরাগ্য-যুক্ত হইতে পারিবে অর্থাৎ আসক্তিশূন্য হইতে পারিবে) ॥ ৩ ॥

অনুবাদ

দেবহূতি বলিলেন—হে প্রভো! যাহা দ্বারা ঐ মহদাদি তত্ত্বের যথার্থ স্বরূপ অবগত হওয়া যায়, মহদাদি তত্ত্ব, প্রকৃতি, জীব ও পরমাত্মার সেই লক্ষণ বেদান্ত শাস্ত্রে যেমন আছে, তুমি সেইরূপ বর্ণনা করিলে; এক্ষণে পণ্ডিতগণ সেই লক্ষণ যে ভক্তিযোগের মূল বলিয়া থাকেন, সেই ভক্তিযোগের বিবরণ বিস্তারিতরূপে আমাকে বল ॥ ১-২ ॥

হে ভগবন্! জীবলোকের বিবিধ সংসারগতি আমার নিকটে বল; যে সংসারগতি

টীকা

একোনত্রিংশে ভক্তির্ব্বিস্তরতঃ কালবলাদিকং চ বর্ণ্যতে। তত্রাদৌ শ্রীদেবহূতিঃ উক্তানুবাদপূর্ব্বকং ভক্তের্ভেদান্ বৈরাগ্যোদয়ায় সংসৃতিং, কালস্বরূপং চ পৃচ্ছতি—লক্ষণমিত্যাদিনা। যেন অমীষাং মহদাদীনাং পারমার্থিকং যথার্থং স্বরূপং লক্ষ্যতে জ্ঞায়তে তল্লক্ষণং মহদাদীনাং প্রকৃতেঃ পুরুষস্য জীবস্য চকারাৎ পরমাত্মনশ্চ ॥ ১ ॥ সাংখ্যেষু সম্যক্ খ্যায়ন্তে তত্ত্বানি যেষু তেষু বেদান্তেষু যথাস্তি তথা কথিতং ত্বয়েতি শেষঃ। তল্লক্ষণং যন্মূলং যস্য ভক্তিযোগস্য মূলং প্রচক্ষতে, তস্য ভক্তিযোগস্য মার্গং বিস্তরতো মে মহ্যং ব্রূহি কথয় ॥ ২ ॥ সংসৃতীঃ আচক্ষ্ব আখ্যাহি, যেন সংসৃতীনামাখ্যানেন পুরুষো মুমুক্ষুঃ সর্ব্বতঃ ঐহিকা-

কালস্যেশ্বররূপস্য পরেষাঞ্চ পরস্য তে।
স্বরূপং বত কুর্ব্বন্তি যদ্ধেতোঃ কুশলং জনাঃ ॥ ৪ ॥
লোকস্য মিথ্যাভিমতেরচক্ষুষ-শ্চিরং প্রসুপ্তস্য তমস্যনাশ্রয়ে।
শ্রান্তস্য কর্ম্মস্বনুবিদ্ধয়া ধিয়া ত্বমাবিরাসীঃ কিল যোগভাস্করঃ ॥৫॥

শ্রীমৈত্রেয় উবাচ

ইতি মাতুর্ব্বচঃ শ্লক্ষ্ণং প্রতিনন্দ্য মহামুনিঃ।
আবভাষে কুরুশ্রেষ্ঠ ! প্রীতস্তাং করুণার্দ্দিতঃ ॥ ৬ ॥

অন্বয়

[হে ভগবন্!] বত (আহা!) তে (তোমার) জনাঃ (ভক্তগণ) যদ্ধেতোঃ (যাঁহার ভয়ে) কুশলং (পুণ্যকর্ম্ম) কুর্ব্বন্তি (করিয়া থাকে), তস্য (সেই) পরেষাং চ (ব্রহ্মাদিরও) পরস্য (নিয়ন্তা) ঈশ্বররূপস্য (পরমাত্মস্বরূপ) কালস্য (কালের) স্বরূপং [আচক্ষ্ব] (স্বরূপ আমাকে বল)। [এখানে কাল পরমেশ্বরের শক্তি হইলেও শক্তি ও শক্তিমানের অভেদ বলিয়া কালকে ঈশ্বর বলা হইল।] ॥ ৪ ॥

অচক্ষুষঃ (অনাদি অজ্ঞানে যাহাদের জ্ঞান আবৃত), মিথ্যাভিমতেঃ (যাহারা দেহাত্মাভিমানী) কর্ম্মসু (ও কাম্য কর্ম্মসমূহে) অনুবিদ্ধয়া ধিয়া (আসক্তবুদ্ধি বলিয়া) শ্রান্তস্য (পরিশ্রান্ত) অনাশ্রয়ে (এবং অপার) তমসি (সংসারে) চিরং প্রসুপ্তস্য লোকস্য (চিরনিমগ্ন, সেই লোকসমূহের) [অজ্ঞানান্ধকার নিবারণ করিবার জন্য] যোগভাস্করঃ (যোগপ্রকাশক সূর্য্য) ত্বং (তুমি) আবিরাসীঃ কিল (আবির্ভূত হইয়াছ) ॥ ৫ ॥

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) কুরুশ্রেষ্ঠ! (হে বিদুর!) মহামুনিঃ (কপিলদেব)

অনুবাদ

বর্ণনের ফলে মুমুক্ষু জীব তাহা অবগত হইয়া ঐহিক ও পারলৌকিক সর্ব্বপ্রকার বিষয় হইতে বৈরাগ্যযুক্ত হইতে পারিবে ॥ ৩ ॥

হে ভগবন্! আপনার প্রজাগণ যাঁহার ভয়ে পুণ্যকর্ম্মের অনুষ্ঠান করিয়া থাকে, সেই ব্রহ্মাদিরও নিয়ন্তা পরমাত্মস্বরূপ কালের লক্ষণ আমার নিকটে বল ॥ ৪ ॥

হে ভগবন্! অনাদি অজ্ঞানবশতঃ যাহাদের জ্ঞান আবৃত, সেই সকল বদ্ধজীব দেহাত্মাভিমানী ও কাম্যকর্ম্মসমূহে আসক্ত হইয়া পরিশ্রান্ত হইয়া পড়ে; তাহারা অপার সংসারে চিরনিমগ্ন; তাদৃশ লোকসমূহের অজ্ঞানান্ধকার নিবারণ করিবার জন্য যোগপ্রকাশক সূর্য্য তুমি আবির্ভূত হইয়াছ ॥ ৫ ॥

মৈত্রেয়ঋষি বলিলেন—হে কুরুকুলশ্রেষ্ঠ বিদুর! কপিলদেব স্বীয় জননী দেবহূতির

টীকা

দামুষ্মিকাচ্চ বিগতরাগো ভবেৎ ॥ ৩ ॥ তে তব প্রজাঃ যদ্ধেতোঃ যদ্ভয়াৎ কুশলং কুর্ব্বন্তি তস্য পরেষাং ব্রহ্মাদীনামপি পরস্য ঈশ্বররূপস্য শক্তিতদ্বতোরভেদবিবক্ষয়া পরমাত্মরূপস্য কালস্য স্বরূপং চ আচক্ষ্ব ॥৪॥ অচক্ষুষোঽনাদিমায়াবৃতজ্ঞানস্য অতো মিথ্যাভিমতেঃ দেহাত্মবাদিনঃ, অতঃ কর্ম্মসু অনুবিদ্ধয়া অনুগতয়া ধিয়া শ্রান্তস্য অতএবানাশ্রয়েঽপারে তমসি সংসারে চিরং প্রসুপ্তস্য লোকস্য

শ্রীভগবানুবাচ

ভক্তিযোগো বহুবিধো মার্গৈর্ভাবিনি ! ভাব্যতে।
স্বভাবগুণমার্গেণ পুংসাং ভাবো বিভিদ্যতে ॥ ৭ ॥
অভিসন্ধায় যো হিংসাং দম্ভং মাৎসর্য্যমেব বা।
সংরম্ভী ভিন্নদৃগ্‌ভাবং ময়ি কুর্য্যাৎ স তামসঃ ॥ ৮ ॥
বিষয়ানভিসন্ধায় যশ ঐশ্বর্য্যমেব বা।
অর্চ্চাদাবর্চ্চয়েদ্ যো মাং পৃথগ্‌ভাবঃ স রাজসঃ ॥ ৯ ॥

অন্বয়

মাতুঃ (জননীর) ইতি শ্লক্ষ্ণং বচঃ (এই মধুর বাক্যের) প্রতিনন্দ্য (প্রশংসা করিলেন) প্রীতঃ করুণার্দ্দিতঃ [চ সন্] (এবং প্রীত ও দয়ার্দ্র হইয়া) তাং (মাতা দেবহূতিকে) আবভাষে (বলিলেন) ॥ ৬ ॥

শ্রীভগবান্ উবাচ (ভগবান্ কপিলদেব বলিলেন) ভাবিনি ! (হে মাতঃ !) স্বভাবগুণমার্গেণ (স্বভাব ও গুণসমূহের নানা ভেদে) পুংসাং (মানবগণের) ভাবঃ (মনোভাব) বিভিদ্যতে (ভিন্ন ভিন্ন হইয়া থাকে) ; [অতএব] ভক্তিযোগঃ [অপি] (অতএব ভক্তিযোগও) মার্গৈঃ (নানা ভেদে) বহুবিধঃ (বহু প্রকার) ভাব্যতে (হইয়া থাকে) ॥ ৭ ॥

যঃ (যে সকল ভক্ত) হিংসাং দম্ভং মাৎসর্য্যং এব বা (হিংসা, দম্ভ অথবা মাৎসর্য্যভাব) অভিসন্ধায় (পোষণ করিয়া), সংরম্ভী (ক্রোধী হইয়া) ভিন্নদৃক্ (ও নিজকে ব্রহ্ম হইতে পৃথক্ মনে করিয়া) ময়ি (আমাতে) ভাবং কুর্য্যাৎ (ভক্তি করিয়া থাকে), সঃ তামসঃ (তাহারা তামস ভক্ত) ॥ ৮ ॥

যঃ (যে সকল ভক্ত) বিষয়ান্ (শব্দাদি বিষয়), যশঃ (কীর্ত্তি) ঐশ্বর্য্যম্ এব বা (অথবা ঐশ্বর্য্য)

অনুবাদ

এই মধুর বাক্যের প্রশংসা করিলেন এবং অত্যন্ত সন্তুষ্ট ও দয়ার্দ্রচিত্ত হইয়া তাহাকে বলিতে লাগিলেন ॥ ৬ ॥

ভগবান্ কপিলদেব বলিলেন—হে মাতঃ ! স্বভাব ও গুণসমূহের নানা ভেদে মানবগণের মনোভাব ভিন্ন ভিন্ন হইয়া থাকে ; অতএব ভক্তিযোগও নানাপ্রকার হইয়া থাকে ॥ ৭ ॥

যে সকল ভক্ত হিংসা, দম্ভ অথবা মাৎসর্য্যভাব পোষণ করিয়া ক্রোধী হয় ও নিজেকে ব্রহ্ম হইতে পৃথক্ দর্শন করতঃ আমাতে ভক্তি করিয়া থাকে, তাহারা তামস ভক্ত ॥ ৮ ॥

যে সকল ভক্ত শব্দাদি বিষয়, যশ অথবা ঐশ্বর্য্য কামনা করিয়া ভেদদর্শী হইয়া

টীকা

তমোনিবারণায় যোগভাস্করো যোগপ্রকাশকস্ত্বম্ আবিরাসীঃ ॥ ৫ ॥ শ্লক্ষ্ণং মধুরম্ ॥ ৬ ॥ স্বভাবানাং গুণানাঞ্চ মার্গেণ দ্বারেণ পুংসাং ভাবোঽভিপ্রায়ঃ বিভিদ্যতে, অতঃ ভক্তিযোগোঽপি মার্গৈঃ প্রকারবিশেষৈঃ বহুধা বহুপ্রকারঃ ভাব্যতে নিষ্পাদ্যতে ॥ ৭ ॥ যো ভক্তঃ হিংসাদিকমভিসন্ধায় সংকল্প্য সংরম্ভী ক্রোধী ভিন্নদৃক্ আত্মনঃ অব্রহ্মাত্মকত্বদর্শী ভাবং ভক্তিং কুর্য্যাৎ, স ত্রিবিধোঽপি তামসঃ ॥ ৮ ॥ পৃথগ্‌ভাবঃ ভেদদর্শী স্বস্য ভগবদংশত্বমজানন্ কেবলভেদদর্শী ॥ ৯ ॥

কর্ম্মনির্হারমুদ্দিশ্য পরস্মিন্ বা তদর্পণম্।
যজেদ্‌যষ্টব্যমিতি বা পৃথগ্‌ভাবঃ স সাত্ত্বিকঃ॥ ১০॥
মদ্‌গুণশ্রুতিমাত্রেণ ময়ি সর্ব্বগুহাশয়ে।
মনোগতিরবিচ্ছিন্না যথা গঙ্গাম্ভসোঽম্বুধৌ॥ ১১॥

অন্বয়

অভিসন্ধায় (কামনা করিয়া) পৃথক্‌ভাবঃ [সন্] (ভেদদর্শী হইয়া অর্থাৎ স্বয়ং ভগবানের অংশ ইহা না জানিয়া) অর্চ্চাদৌ (প্রতিমাদিতে) মাং (আমাকে) অর্চ্চয়েৎ (অর্চ্চনা করে), সঃ রাজসঃ (তাহারা রাজস ভক্ত)॥ ৯॥

[যে সকল ভক্ত] কর্ম্মনির্হারম্ (পাপক্ষয়) উদ্দিশ্য (উদ্দেশ্য করিয়া) বা (অথবা) পরস্মিন্ (ভগবানে) তদর্পণম্ (কর্ম্মসমর্পণ উদ্দেশ্য করিয়া) বা (অথবা) যষ্টব্যম্ ইতি [বুদ্ধ্যা] (অংশস্বরূপ ভক্তের অংশীস্বরূপ ভগবান্ পূজনীয় এই বোধে) অপৃথক্‌ভাবঃ (স্বয়ং ব্রহ্মের অংশ এই ভাবে ভাবিত হইয়া) যজেৎ (প্রতিমাদিতে আমার অর্চ্চনা করে), সঃ সাত্ত্বিকঃ (তাহারা সাত্ত্বিক ভক্ত)॥ ১০॥

[নির্গুণ পরাভক্তি এক প্রকার, তাহাই দেখাইতেছেন] [হে মাতঃ!] মদ্‌গুণশ্রুতিমাত্রেণ (আমার গুণাবলী শ্রবণমাত্রে) সর্ব্বগুহাশয়ে (সর্ব্বান্তর্য্যামী) পুরুষোত্তমে ময়ি (পুরুষোত্তম আমাতে) অম্বুধৌ (সমুদ্রে) গঙ্গাম্ভসঃ যথা (গঙ্গাজলের ন্যায়) অবিচ্ছিন্না (ধারাবাহিক) অহৈতুকী (কামনা-রহিত) অব্যবহিতা মনোগতিঃ ইতি (ও ভেদদর্শনশূন্য মনের গতিরূপ) যা ভক্তিঃ (যে ভক্তি),

অনুবাদ

অর্থাৎ "স্বয়ং ভগবানের অংশ" ইহা না জানিয়া প্রতিমাদিতে আমার অর্চ্চনা করে, তাহারা রাজস ভক্ত॥ ৯॥

যে সকল ভক্ত পাপক্ষয় কিম্বা ভগবানে কর্ম্ম সমর্পণ উদ্দেশ্য করিয়া অথবা "অংশস্বরূপ ভক্তের অংশীস্বরূপ ভগবানের পূজা করা কর্ত্তব্য" এই বোধে প্রতিমাদিতে আমার অর্চ্চনা করে, তাহারা সাত্ত্বিক ভক্ত॥ ১০॥ *

[হে মাতঃ! নির্গুণ ভক্তিযোগের লক্ষণ এইরূপ]—গঙ্গাজল যেমন অবিচ্ছিন্ন গতিতে সাগরাভিমুখে ধাবিত হয়, সেইরূপ আমার গুণাবলী শ্রবণমাত্রে সর্ব্বান্তর্য্যামী

টীকা

কর্ম্মনির্হারং পাপক্ষয়মুদ্দিশ্য অথবা পরস্মিন্ ভগবতি অর্পণং যথা ভবতি তথা, অথবা যষ্টব্যমেব অংশেনাংশিপূজনং কর্ত্তব্যমেবেতি বুদ্ধ্যা হ্যপৃথগ্‌ভাবঃ আত্মনঃ ব্রহ্মাত্মকত্বভাবযুক্তো যদা যজেদর্চ্চাদৌ অর্চ্চয়েৎ; তদা ভক্তিযোগস্ত্রিবিধোঽপি সাত্ত্বিকঃ, অত্র তামসাদিভক্তিষু গুণতারতম্যেন ত্রয়স্ত্রয়ো ভেদাঃ; তত্র চ প্রত্যেকং শ্রবণাদিনবভেদাঃ। তদেবং সগুণভক্তেরেকাশীতি ভেদাঃ জ্ঞেয়াঃ॥ ১০॥

---

* এখানে তামস, রাজস ও সাত্ত্বিক এই তিন প্রকারের ভক্তিই প্রত্যেকটি গুণতারতম্যে তিন প্রকার হইয়া থাকে ইহা দেখান হইল; আবার এই নয় প্রকার ভক্তির প্রত্যেকটিই শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, পাদসেবন, অর্চ্চন, বন্দন, দাস্য, সখ্য ও আত্মনিবেদন এই নয় প্রকার হইয়া থাকে। তাহা হইলেই সগুণ ভক্তির মোট একাশি প্রকার ভেদ পাওয়া গেল।

লক্ষণং ভক্তিযোগস্য নির্গুণস্য হ্যুদাহৃতম্ ।
অহৈতুক্যব্যবহিতা যা ভক্তিঃ পুরুষোত্তমে ॥ ১২ ॥
সালোক্যসার্ষ্টিসামীপ্যসারূপ্যৈকত্বমপ্যুত ।
দীয়মানং ন গৃহ্ণন্তি বিনা মৎসেবনং জনাঃ ॥ ১৩ ॥

অন্বয়

[সা] (তাহা) নির্গুণস্য ভক্তিযোগস্য লক্ষণম্ (নির্গুণ ভক্তিযোগের লক্ষণ বলিয়া) উদাহৃতম্ হি (কথিত হইয়া থাকে) ॥ ১১—১২ ॥

[এইরূপ নির্গুণ ভক্তিযোগসম্পন্ন ভক্তগণ যে নিষ্কাম ইহাই প্রদর্শন করিতেছেন] [হে মাতঃ !] জনাঃ (নির্গুণ ভক্তিযোগসম্পন্ন ভক্তগণ) সালোক্যসার্ষ্টিসামীপ্যসারূপ্যৈকত্বম্ (সালোক্য—ভগবানের সহিত একলোকে বাস, সার্ষ্টি—ভগবানের সমান ঐশ্বর্য্য, সামীপ্য—ভগবানের নিকটবর্ত্তিত্ব, সারূপ্য—ভগবানের সমানরূপতা, একত্ব—ভগবানের সহিত অভিন্নত্ব, এই সকল) দীয়মানম্ অপি (আমাকর্ত্তৃক প্রদত্ত হইলেও) ন গৃহ্ণন্তি (গ্রহণ করে না) ; মৎসেবনং বিনা (আমার সেবা ব্যতীত) [অপর স্বর্গ ও নরকস্থিত বিষয় যে তাহারা গ্রহণ করে না] উত ? (এ বিষয়ে আর বক্তব্য কি ?) ॥ ১৩ ॥

অনুবাদ

পুরুষোত্তম আমার প্রতি অবিচ্ছিন্ন গতিতে ধাবিত এবং ফলকামনাবিরহিত মনোগতিরূপ যে ভক্তি, তাহাই নির্গুণ ভক্তিযোগের লক্ষণ বলিয়া কথিত হইয়া থাকে ॥ ১১ ॥ ১২ ॥

[উক্ত নির্গুণ ভক্তিযোগসম্পন্ন ভক্তগণ যে নিষ্কামী, ইহাই প্রদর্শন করিতেছেন]—হে মাতঃ ! নির্গুণ ভক্তিযোগসম্পন্ন ভক্তগণ সালোক্য (ভগবানের সহিত একলোকে বাস), সার্ষ্টি (ভগবানের সমান ঐশ্বর্য্য), সামীপ্য (ভগবানের নিকটবর্ত্তিত্ব), সারূপ্য (ভগবানের সমান রূপতা) ও একত্ব (সাযুজ্য অর্থাৎ ব্রহ্মের সহিত অভিন্নত্ব) এই সকল আমাকর্ত্তৃক প্রদত্ত হইলেও গ্রহণ করে না। আমার সেবা ব্যতীত অপর স্বর্গ ও নরকস্থ বিষয় যে তাহারা গ্রহণ করেন না এ বিষয়ে আর বক্তব্য কি ? অর্থাৎ তাহারা একমাত্র আমার সেবাই করিয়া থাকে ; আর কিছুই চাহে না ॥ ১৩ ॥

টীকা

সাধনরূপাং ভক্তিমুক্ত্বা পরাং ভক্তিমাহ—মদ্‌গুণ ইতি দ্বাভ্যাম্ ॥ ১১ ॥ ১২ । উত্তমভাবানাং নিষ্কামত্বং কৈমুত্যন্যায়েন দ্রঢ়য়তি—সালোক্যেতি। জনাঃ উত্তমভক্তাঃ সালোক্যাদি তত্রাপি ময়া দীয়মানমপি ন গৃহ্ণন্তি। অপিশব্দঃ প্রসিদ্ধপদার্থপরঃ। উতশব্দঃ কৈমুতিকন্যায়দ্যোতকঃ অব্যয়ানামনেকার্থপরত্বাৎ, যৎ প্রসিদ্ধং স্বর্গে নরকে প্রাকৃতং বস্তু মৎসেবনং বিনা ন গৃহ্ণন্তীতি কিমুত বক্তব্যমিত্যন্বয়ঃ। তত্র সালোক্যং ময়া সহ একস্মিন্ লোকে বাসঃ, সার্ষ্টিঃ সমানৈশ্বর্য্যম্, সামীপ্যং নিকটবর্ত্তিত্বম্, সারূপ্যং সমানরূপতা, একত্বং বক্ষ্যমাণরীত্যা স্বরূপতো ভিন্নস্যাপি জীবস্য ব্রহ্মভিন্নাবস্থানাভাবাৎ সমানগুণত্বাচ্চ ব্রহ্মণা প্রাপ্যেণ সহ একতা তদেব সাযোজ্যম্। অত্রেদমবধেয়ম্—মুক্তিঃ স্বস্বমনীষয়া বহুভিঃ বহুধা উক্তা। তত্র বাহ্যৈঃ ক্ষণিকবিজ্ঞানপ্রবাহাত্মবাদিভিঃ প্রবাহশান্তির্মুক্তিঃ স্বীকৃতা। তার্কিকা একবিংশতিদুঃখাত্যন্তাভাবো মুক্তিরিত্যাহুঃ। মীমাংসকা নির্বোধতয়াত্মাবস্থানং মুক্তিমাহুঃ। পাতঞ্জলাঃ সমনস্কেন্দ্রিয়বৃত্তিজয়ং মুক্তিমাহুঃ

স এব ভক্তিযোগাখ্য আত্যন্তিক উদাহৃতঃ।
যেনাতিব্রজ্য ত্রিগুণং মদ্ভাবায়োপপদ্যতে ॥ ১৪ ॥
নিষেবিতানিমিত্তেন স্বধর্ম্মেণ মহীয়সা।
ক্রিয়াযোগেন শস্তেন নাতিহিংস্রেণ নিত্যশঃ ॥ ১৫ ॥

অন্বয়

[যদিও তাহারা মৎপ্রদত্ত মুক্তি গ্রহণ করে না, তথাপি ভক্তিই তাহাদিগকে মুক্তি প্রদান করিয়া থাকে ইহাই বলিতেছেন]—সঃ আত্যন্তিকঃ (শ্রেষ্ঠ ভক্তগণের মতে পরমপুরুষার্থ অর্থাৎ মুক্তি) ভক্তি-যোগাখ্যঃ এব উদাহৃত (ভক্তিযোগ নামে কথিত হইয়া থাকে); [ভক্ত] যেন (ঐ ভক্তিযোগের দ্বারা) ত্রিগুণং (কার্য্যকারণরূপ এই প্রকৃতিমণ্ডল) অতিব্রজ্য (অতিক্রম করিয়া) মদ্ভাবায় (মদ্ভাব অর্থাৎ ব্রহ্মসাম্য লাভের যোগ্য) উপপদ্যতে (হইয়া থাকে অর্থাৎ সাযুজ্যরূপ মুক্তি প্রাপ্ত হইয়া থাকে) ॥ ১৪ ॥

[পাঁচটি শ্লোকে ভক্তিযোগের সাধনসমূহ বলিতেছেন] নিষেবিতানিমিত্তেন (ফলকামনারহিত) স্বধর্ম্মেণ (স্ব স্ব আশ্রমোক্ত ধর্ম্মের দ্বারা) [এবং] নিত্যশঃ (সর্ব্বদা) নাতিহিংস্রেণ (হিংসারহিত) শস্তেন (শাস্ত্রপ্রসিদ্ধ) মহীয়সা (শ্রদ্ধাদিযুক্ত) ক্রিয়াযোগেন (পূজানুষ্ঠানের দ্বারা) [মদ্ধর্ম্মনিষ্ঠ সাধকের পরিশুদ্ধ চিত্ত আমাকে প্রাপ্ত হইয়া থাকে। পরের সহিত অন্বয়] ॥ ১৫ ॥

অনুবাদ

শ্রেষ্ঠ ভক্তগণের মতে পরমপুরুষার্থই ভক্তিযোগ নামে কথিত হইয়া থাকে। ঐ ভক্তিযোগের দ্বারা কার্য্যকারণরূপ প্রকৃতিমণ্ডল অতিক্রম করিয়া সাধক ব্রহ্মসাম্যলাভের যোগ্য হইয়া থাকেন। অর্থাৎ সাযুজ্যরূপ মুক্তি প্রাপ্ত হইয়া থাকে ॥ ১৪ ॥

[এক্ষণে পাঁচটি শ্লোকে ভক্তিযোগের সাধন বলিতেছেন]—হে মাতঃ! ফলকামনা-রহিত স্ব স্ব আশ্রমোক্ত ধর্ম্মের দ্বারা এবং সর্ব্বদা হিংসারহিত শাস্ত্রপ্রসিদ্ধ শ্রদ্ধাদিসমন্বিত পূজানুষ্ঠানের দ্বারা মদ্ধর্ম্মপরায়ণ সাধকের চিত্ত আমাকে প্রাপ্ত হইয়া থাকে ॥ ১৫ ॥

টীকা

তে সর্ব্বে নির্ম্মূলত্বাদুপেক্ষণীয়াঃ। ঔপনিষদাঃ "নিরঞ্জনঃ পরমং সাম্যমুপৈতি" ইতি মুক্তিমাহুঃ, অয়ং পক্ষঃ শ্রুতিমূলত্বাৎ সাধুঃ। "মম সাধর্ম্ম্যমাগতা" ইতি শ্রীমুখবচনাৎ। তথা চ অনাদিমায়া পরিযুক্তো রূপো জীবোঽব্রহ্মাত্মকং স্বাত্মানং মন্যমানঃ এষঃ পরস্যাংশঃ "মমৈবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতনঃ" ইতি শ্রুতিস্মৃত্যুপদেশতঃ আত্মনো ব্রহ্মাংশত্বমবধার্য্য "তত্ত্বমসি" "ক্ষেত্রজ্ঞঞ্চাপি মাং বিদ্ধি" ইতি শ্রুতিস্মৃত্যুপদেশতঃ অংশস্য অংশিনিরপেক্ষস্থিতিপ্রবৃত্ত্যাদ্যভাবেন ব্রহ্মাত্মকস্য স্বস্য ব্রহ্মাভিন্নত্বমবধার্য্য অনাদি-সিদ্ধমাত্মনোঽপহতপাপ্মত্বাদিগুণগণং ভগবজ্জ্ঞানভক্তিসাধনেন ভগবৎকৃপয়া কার্য্যকারণপ্রকৃতিসম্বন্ধধ্বংসে প্রাপ্নোতি, স চ নিরঞ্জনত্বাদিপদবাচ্যঃ আবির্ভূতাপহতপাপ্মত্বাদিগুণঃ ব্রহ্মাংশত্বেন ব্রহ্মাভিন্নস্বরূপোঽপি অংশস্যাংশিভিন্নাবস্থানাভাবাৎ অভিন্নভূতঃ প্রাপ্যেণ নিত্যাবির্ভূতাপহতপাপ্মত্বাদিগুণগণার্ণবেন ভগবতা সমতাং প্রাপ্নোতি, এবম্ভূতা মুক্তিঃ ব্রহ্মপ্রাপ্তিভগবৎপ্রাপ্তিভগবদ্ভাবপ্রাপ্তিতৎসাধর্ম্ম্যৈকত্বসাযুজ্যাদিশব্দৈরুক্তা শাস্ত্রে, তত্র যুজ্যতে ধর্ম্মিণাতি যুক্ অপহতপাপ্মত্বাদিধর্ম্মঃ, সমানঃ যুক্ ধর্ম্মো যস্য স সযুক্, মুক্তো জীবঃ তস্য সযুজো ভাবঃ সাযুজ্যম্ তদেবম্ভূতায়ামেব মুক্তৌ সালোক্যাদিভেদাঃ অন্তর্ভূতা ইতি দিক্। যে তু মায়া-বাদিনঃ জীবপরয়োঃ স্বরূপৈক্যং মুক্তিরিত্যাহুঃ, তৎপক্ষস্য অধ্যাসগিরিবজ্রাদৌ নিরাকৃতত্বাদত্রোপরম্যতে ॥১৩॥

মদ্বিষ্ণ্যদর্শনস্পর্শপূজাস্তত্যভিবন্দনৈঃ।
ভূতেষু মদ্ভাবনয়া সত্ত্বেনাসঙ্গমেন চ ॥ ১৬ ॥
মহতাং বহুমানেন দীনানামনুকম্পয়া।
মৈত্র্যা চৈবাত্মতুল্যেষু যমেন নিয়মেন চ ॥ ১৭ ॥
আধ্যাত্মিকানুশ্রবণান্নামসঙ্কীর্ত্তনাচ্চ মে।
আর্জ্জবেনার্য্যসঙ্গেন নিরহংক্রিয়য়া তথা ॥ ১৮ ॥

অন্বয়

মদ্বিষ্ণ্যদর্শনস্পর্শপূজাস্তত্যভিবন্দনৈঃ (আমার প্রতিমাদির দর্শন, স্পর্শ, পূজা, স্তুতি ও বন্দনা) [এবং] ভূতেষু (সর্ব্বভূতে) মদ্ভাবনয়া (অবস্থিত আমার চিন্তা), সত্ত্বেন (ধৈর্য্য), অসঙ্গমেন চ (ও বৈরাগ্যের দ্বারা) [মদ্ধর্ম্মনিষ্ঠ সাধকের পরিশুদ্ধ চিত্ত আমাকে প্রাপ্ত হইয়া থাকে। পরের সহিত অন্বয়] ॥ ১৬ ॥

মহতাং বহুমানেন (সাধুগণের প্রতি বহু সম্মান), দীনানাং অনুকম্পয়া (দীনজনের প্রতি অনুকম্পা প্রদর্শন), আত্মতুল্যেষু মৈত্র্যা চ (নিজের সমান ব্যক্তির প্রতি সখ্যভাব) যমেন নিয়মেন চ এব (এবং যম ও নিয়মের দ্বারা) [মদ্ধর্ম্মনিষ্ঠ সাধকের পরিশুদ্ধ চিত্ত আমাকে প্রাপ্ত হইয়া থাকে। পরের সহিত অন্বয়] ॥ ১৭ ॥

আধ্যাত্মিকানুশ্রবণাৎ (বেদান্তশাস্ত্রের শ্রবণ), মে (আমার) নামসঙ্কীর্ত্তনাৎ চ (নামসঙ্কীর্ত্তন),

অনুবাদ

আমার প্রতিমাদির দর্শন, স্পর্শ, পূজা, স্তুতি, বন্দন এবং সর্ব্বভূতে অবস্থিত আমার চিন্তা, ধৈর্য্য ও বৈরাগ্যের দ্বারা মদ্ধর্ম্মপরায়ণ সাধকের পরিশুদ্ধ চিত্ত আমাকে প্রাপ্ত হইয়া থাকে ॥ ১৬ ॥

সাধুগণের প্রতি বহু সম্মান, দীনজনের প্রতি অনুকম্পা প্রদর্শন, নিজের সমান ব্যক্তির প্রতি সখ্যভাব এবং যম ও নিয়মের দ্বারা মদ্ধর্ম্মপরায়ণ সাধকের পরিশুদ্ধ চিত্ত আমাকে প্রাপ্ত হইয়া থাকে ॥ ১৭ ॥

বেদান্তশাস্ত্রের শ্রবণ, আমার নামসঙ্কীর্ত্তন, সরলতা, সাধুসঙ্গ ও নিরহঙ্কারের দ্বারা মদ্ধর্ম্মপরায়ণ সাধকের পরিশুদ্ধ চিত্ত আমাকে প্রাপ্ত হইয়া থাকে ॥ ১৮ ॥

টীকা

যদ্যপি মুক্তিং ন গৃহ্ণন্তি, তথাপি ভক্তিস্তেভ্যো মুক্তিং দদাত্যেবেত্যাহ—স এবেতি। উত্তমাধিকারমতে সঃ উক্তপ্রকারঃ আত্যন্তিকঃ পরমপুরুষার্থঃ ভক্তিযোগাখ্য এবোদাহৃতঃ, যেন ভক্তিযোগেন ত্রিগুণং কার্য্য-কারণরূপপ্রকৃতিমণ্ডলম্ অতিব্রজ্য অতিক্রম্য মদ্ভাবায় ব্রহ্মসাম্যায় উপপদ্যতে "হৃতাত্মনো হৃতপ্রাণাংশ্চ ভক্তিরনিচ্ছতো গতিমগ্নীং প্রযুঙ্‌ক্তে" ইত্যুক্তত্বাৎ ॥ ১৪ ॥ তস্যাঃ সাধনান্যাহ—নিষেবিতেনেতি পঞ্চভিঃ। স্বধর্ম্মেণ স্বাশ্রমধর্ম্মেণ, ক্রিয়াযোগেন অর্চ্চনপ্রকারেণ চ অনিমিত্তেন নিষ্কামেণ, মহীয়সা শ্রদ্ধাদিযুক্তেন, শস্তেন শাস্ত্রপ্রসিদ্ধেন ॥১৫॥ মদ্বিষ্ণ্যানাং মৎপ্রতিমাদীনাং দর্শনাদিভিঃ সত্ত্বেন ধৈর্য্যেণ ॥১৬-১৭॥ আধ্যাত্মিকং বেদান্তশাস্ত্রম্ তদনুশ্রবণাৎ ॥ ১৮ ॥ মদ্ধর্ম্মণঃ মদ্ধর্ম্মনিষ্ঠস্য, আশয়শ্চিত্তম্ মাম্ অঞ্জসা প্রযত্নং বিনৈব

মদ্ধর্ম্মণো গুণৈরেতৈঃ পরিসংশুদ্ধ আশয়ঃ।
পুরুষস্যাঞ্জসাভ্যেতি শ্রুতমাত্রগুণং হি মাম্ ॥ ১৯ ॥
যথা বাতরথো ঘ্রাণমাবৃঙ্‌ক্তে গন্ধ আশয়াৎ।
এবং যোগরতং চেত আত্মানমবিকারি যৎ ॥ ২০ ॥
অহং সর্ব্বেষু ভূতেষু ভূতাত্মাবস্থিতঃ সদা।
তমবজ্ঞায় মাং মর্ত্ত্যঃ কুরুতেঽর্চ্চাবিড়ম্বনম্ ॥ ২১ ॥

অন্বয়

আর্জ্জবেন (সরলতা)), আর্য্যসঙ্গেন (সাধুসঙ্গ) তথা (এবং) নিরহংক্রিয়য়া (নিরহঙ্কারের দ্বারা) [মদ্ধর্ম্মনিষ্ঠ সাধকের পরিশুদ্ধ চিত্ত আমাকে প্রাপ্ত হইয়া থাকে। পরের সহিত অন্বয়] ॥ ১৮ ॥

মদ্ধর্ম্মণঃ পুরুষস্য (মদ্ধর্ম্মনিষ্ঠ সাধকের) আশয়ঃ (চিত্ত) এতৈঃ গুণৈঃ (এই পূর্ব্বোক্ত সাধন সমূহের দ্বারা) পরিসংশুদ্ধঃ [সন্] (পরিশুদ্ধ হইয়া) শ্রুতমাত্রগুণং মাং (আমার গুণ শ্রবণমাত্রেই আমাকে) অঞ্জসা হি (বিনা প্রযত্নে) অভ্যেতি (প্রাপ্ত হইয়া থাকে) ॥ ১৯ ॥

[বিনা প্রযত্নেই চিত্ত যে ভগবান্‌কে প্রাপ্ত হয় ইহারই দৃষ্টান্ত প্রদর্শন করিতেছেন] বাতরথঃ (বায়ুতে আরূঢ় হইয়া) গন্ধঃ (গন্ধ) যথা (যেমন) আশয়াৎ (উৎপত্তিস্থান পুষ্পাদি হইতে) ঘ্রাণম্ (নাসিকা) আবৃঙ্‌ক্তে (প্রাপ্ত হইয়া থাকে), এবং (সেইরূপ) অবিকারি (সমভাবাপন্ন) যৎ যোগরতং চেতঃ (যে যোগারূঢ় অর্থাৎ ভক্তিযোগনিষ্ঠ চিত্ত), [সেই চিত্ত] আত্মানম্ [আবৃঙ্‌ক্তে] (পরমাত্মাকে প্রাপ্ত হইয়া থাকে) ॥ ২০ ॥

ভূতাত্মা অহং (সকল প্রাণীর আত্মস্বরূপ আমি) সর্ব্বেষু ভূতেষু (সকল প্রাণীতেই) সদা অবস্থিতঃ (অন্তর্য্যামীরূপে সতত অবস্থিত আছি); [কিন্তু] মর্ত্ত্যঃ (অজ্ঞ মানব) তং মাং (সেই সর্ব্বাত্মা আমাকে) অবজ্ঞায় (অবজ্ঞা করিয়া) অর্চ্চাবিড়ম্বনং (প্রতিমাদিতে পূজার) কুরুতে (অনুষ্ঠান করিয়া থাকে) ॥ ২১ ॥

অনুবাদ

মদ্ধর্ম্মপরায়ণ সাধকের চিত্ত এই পূর্ব্বোক্ত সাধনসমূহের দ্বারা পরিশুদ্ধ হইয়া আমার গুণ শ্রবণমাত্রেই আমাকে বিনা প্রযত্নে প্রাপ্ত হইয়া থাকে অর্থাৎ সাধক আমাতে অবিচ্ছিন্ন চিত্তবৃত্তি লাভ করিয়া থাকে ॥ ১৯ ॥

বায়ু কর্ত্তৃক প্রবাহিত হইয়া গন্ধ যেমন স্বীয় উৎপত্তিস্থান পুষ্পাদি হইতে নাসিকা প্রাপ্ত হইয়া থাকে, সেইরূপ সমভাবাপন্ন ও যোগারূঢ় অর্থাৎ ভক্তিযোগনিষ্ঠ চিত্ত পরমাত্মাকে প্রাপ্ত হইয়া থাকে ॥ ২০ ॥

হে মাতঃ! সকল প্রাণীর আত্মস্বরূপ আমি সকল প্রাণীতেই অন্তর্য্যামীরূপে সতত অবস্থিত আছি; কিন্তু অজ্ঞ মানব সেই সর্ব্বাত্মা আমাকে অবজ্ঞা করিয়া অর্থাৎ সর্ব্বভূতে ভগবদ্দর্শন না করিয়া প্রতিমাদিতে পূজার অনুষ্ঠান করিয়া থাকে ॥ ২১ ॥

টীকা

অভ্যেতি। ময়ি অবিচ্ছিন্না চিত্তবৃত্তিঃ ধ্রুবাস্মৃতিলক্ষণা ভবতীতি ফলিতোঽর্থঃ ॥ ১৯ ॥ প্রযত্নং বিনৈব প্রাপ্তৌ দৃষ্টান্তমাহ—যথেতি। যথা বাতারূঢ়ঃ গন্ধঃ আশয়াৎ পুষ্পাদিতঃ ঘ্রাণমাবৃঙ্‌ক্তে প্রাপ্নোতি, তথা অবিকারি যৎ যোগরতং চেতঃ আত্মানং পরমাত্মানমাবৃঙ্‌ক্তে ॥ ২০ ॥ এবং সগুণা নির্গুণা চ ভক্তির্দর্শিতা,

যো মাং সর্ব্বেষু ভূতেষু সন্তমাত্মানমীশ্বরম্ ।
হিত্বার্চ্চাং ভজতে মৌঢ্যাদ্ভস্মন্যেব জুহোতি সঃ ॥ ২২ ॥
দ্বিষতঃ পরকায়ে মাং মানিনো ভিন্নদর্শিনঃ ।
ভূতেষু বদ্ধবৈরস্য ন মনঃ শান্তিমৃচ্ছতি ॥ ২৩ ॥
অহমুচ্চাবচৈর্দ্রব্যৈঃ ক্রিয়য়োৎপন্নয়ানঘে ! ।
নৈব তুষ্যেঽর্চ্চিতোঽর্চ্চায়াং ভূতগ্রামাবমানিনঃ ॥ ২৪ ॥

অন্বয়

যঃ (যে মূঢ়ব্যক্তি) সর্ব্বেষু ভূতেষু (সর্ব্বভূতে) আত্মানং (উপাদানরূপে) ঈশ্বরং (ও নিয়ন্তৃরূপে) সন্তং (বর্ত্তমান) মাং (আমাকে) হিত্বা (পরিত্যাগ করিয়া) মৌঢ্যাৎ (মূঢ়তা বশতঃ) অর্চ্চাং (প্রতিমাদিতে) ভজতে (পূজা করে), সঃ (সেই মূঢ়ব্যক্তি) ভস্মনি এব জুহোতি (ভস্মেই হোম করিয়া থাকে) [অর্থাৎ ভস্মে আহুতি প্রদানের ন্যায় তাহার সেই পূজা নিষ্ফল হয়] ॥ ২২ ॥

ভিন্নদর্শিনঃ (ব্রহ্ম হইতে অর্থাৎ আমা হইতে ভূতগণকে পৃথক্‌রূপে দর্শনকারী) পরকায়ে মাং (ও পরশরীরে অবস্থিত আমাকে) দ্বিষতঃ (দ্বেষকারী) [এবং] মানিনঃ (নিজকেও ব্রহ্ম হইতে পৃথক্ মনে করে এইরূপ) ভূতেষু বদ্ধবৈরস্য (প্রাণিগণের প্রতি বৈরভাবাপন্ন ব্যক্তির) মনঃ শান্তিং ন ঋচ্ছতি (মন কখনও শান্তিলাভ করিতে পারে না) ॥ ২৩ ॥

অনঘে ! (হে নিষ্পাপে !) ভূতগ্রামাবমানিনঃ (প্রাণিসমূহের নিন্দাকারী ব্যক্তির) উচ্চাবচৈঃ

অনুবাদ

হে মাতঃ ! যে মূঢ় ব্যক্তি সর্ব্বভূতে উপাদানরূপে ও নিয়ন্তৃরূপে বর্ত্তমান আমাকে অবজ্ঞা করিয়া মূঢ়তা বশতঃ প্রতিমাদিতে পূজা করিয়া থাকে, সেই মূঢ় ব্যক্তি ভস্মেই হোম করিয়া থাকে অর্থাৎ ভস্মে আহুতি প্রদানের ন্যায় তাহার সেই পূজা নিষ্ফল হইয়া থাকে ॥ ২২ ॥

হে মাতঃ ! যে ব্যক্তি ব্রহ্ম হইতে অর্থাৎ আমা হইতে ভূতগণকে পৃথক্‌রূপে দর্শন করিয়া পরশরীরে অবস্থিত আমাকে দ্বেষ করে, নিজকেও আমা হইতে পৃথক্ মনে করে, প্রাণিসমূহের প্রতি বৈরভাবাপন্ন সেই ব্যক্তির মন কখনও শান্তিলাভ করিতে পারে না ॥ ২৩ ॥

হে নিষ্পাপে ! যে ব্যক্তি প্রাণিগণের নিন্দা করে, সেই ব্যক্তির নানাবিধ উৎকৃষ্ট দ্রব্যের দ্বারা প্রতিমাদিতে অর্চ্চিত হইয়াও আমি সন্তুষ্ট হই না ॥ ২৪ ॥

টীকা

নির্গুণায়াঃ সাধনানি চ উক্তানি, তস্যাঃ সাধনেষু "ভূতেষু মদ্ভাবনয়া" ইত্যনেন হরিভক্তিদূষকভূতদ্বেষাদি-দোষনিবারণার্থং ভূতেষু ভগবদুপাসনং, "মহতাং বহুমানেনে"ত্যনেন মহৎসু বিশেষতো ভক্তিপোষকং তদুপাসনমুক্তম্ । তত্র মন্দাঃ কেচিদ্ক্বচিং ন করিষ্যন্তি, তচ্ছিক্ষার্থং সর্ব্বভূতেষু বিশেষতঃ জ্ঞানভক্তিমৎসু মহৎসু চ ভগবদ্দৃষ্টিঃ কর্ত্তব্যেতি প্রপঞ্চয়তি—"অহং সর্ব্বেষু" ইত্যারভ্য—"ঈশ্বরো জীবকলয়া প্রবিষ্টো ভগবানিতী"ত্যন্তেন গ্রন্থেন । তং সর্ব্বাত্মানমবজ্ঞায় অর্চ্চাবিড়ম্বনম্ অর্চ্চায়াং পূজাবিড়ম্বনং কুরুতে । অত্র সর্ব্বশাস্ত্রসম্মতমর্চ্চায়াং ভগবদারাধনং নৈব নিন্দ্যতে, কিন্তু তস্য মর্ত্ত্যস্য দুরাত্মতা প্রকাশ্যতে । যথা কশ্চিৎ অনেকানপরাধান্ কুর্ব্বন্ চরণার্চ্চনবিড়ম্বনং করোতি, তদ্দুরাত্মতাবৎ ॥ ২১ ॥ আত্মানং সর্ব্বাত্মানমুপাদানতয়া

অর্চ্চাদাবর্চ্চয়েৎ তাবদীশ্বরং মাং স্বকর্ম্মকৃৎ।
যাবন্ন বেদ স্বহৃদি সর্ব্বভূতেষ্ববস্থিতম্ ॥ ২৫ ॥
আত্মনশ্চ পরস্যাপি যঃ করোত্যন্তরোদরম্।
তস্য ভিন্নদৃশো মৃত্যুর্ব্বিদধে ভয়মুল্বণম্ ॥ ২৬ ॥
অথ মাং সর্ব্বভূতেষু ভূতাত্মানং কৃতালয়ম্।
অর্হয়েদ্দানমানাভ্যাং মৈত্র্যাভিন্নেন চক্ষুষা ॥ ২৭ ॥

অন্বয়

দ্রব্যৈঃ (নানাবিধ উৎকৃষ্ট দ্রব্যের দ্বারা) অর্চ্চায়াম্ (প্রতিমাদিতে) উৎপন্নয়া ক্রিয়য়া (সমারোহে পূজানুষ্ঠান করা হইলে) অর্চ্চিতঃ সন্ অপি (পূজিত হইয়াও) অহম্ (আমি) নৈব তুষ্যে (সন্তুষ্ট হই না) ॥ ২৪ ॥

[তাদৃশ ব্যক্তির সর্ব্বভূতে ভগবদ্‌বুদ্ধি ও প্রতিমাদিতে পূজাধিকারের নিমিত্ত কি করা উচিত, তাহাই বলিতেছেন] [তাদৃশব্যক্তি] যাবৎ সর্ব্বভূতেষু অবস্থিতং (যে পর্য্যন্ত সর্ব্বভূতে অবস্থিত) [মাং] (আমাকে) স্বহৃদি ন বেদ (নিজ হৃদয়ে উপলব্ধি করিতে না পারে), তাবৎ (সে পর্য্যন্ত) স্বকর্ম্মকৃৎ [ভবেৎ] (স্বধর্ম্মানুষ্ঠানপর হইবে) ঈশ্বরং মাং (এবং ভগবান্ আমাকে) অর্চ্চাদৌ (প্রতিমাদিতে) অর্চ্চয়েৎ (পূজা করিবে) ॥ ২৫ ॥

যঃ (যে ব্যক্তি) আত্মনঃ (সর্ব্বকারণ পরমাত্মার) পরস্য অপি (ও জগতের) অন্তরা (মধ্যে) উদরং (ভেদ) করোতি (দর্শন করে), তস্য ভিন্নদৃশঃ (সেই ভেদদর্শী ব্যক্তির) মৃত্যুঃ (মৃত্যুস্বরূপ আমি) উল্বণং ভয়ং (ঘোরতর ভয়) বিদধে (বিধান করিয়া থাকি) ॥ ২৬ ॥

অথ (অতএব) সর্ব্বভূতেষু কৃতালয়ম্ (সকল প্রাণীর অন্তর্য্যামী) ভূতাত্মানং (ও ভূতসমূহের

অনুবাদ

[তাদৃশ ব্যক্তির সর্ব্বভূতে ভগবদ্‌বুদ্ধি ও প্রতিমাদিতে পূজাধিকারের নিমিত্ত কি করা উচিত তাহাই বলিতেছেন]—তাদৃশ ব্যক্তি যে পর্য্যন্ত সর্ব্বভূতে অবস্থিত আমাকে নিজ হৃদয়ে উপলব্ধি করিতে না পারে, সে পর্য্যন্ত স্বধর্ম্মানুষ্ঠানপরায়ণ হইবে এবং ভগবদ্‌বুদ্ধিতে প্রতিমাদিতে আমাকে পূজা করিবে ॥ ২৫ ॥

হে মাতঃ! যে ব্যক্তি সর্ব্বকারণ পরমাত্মা ও জগতের মধ্যে ভেদ দর্শন করে, সেই ভেদদর্শী ব্যক্তির মৃত্যু-স্বরূপ আমি তাহার ঘোরতর ভয় বিধান করিয়া থাকি ॥ ২৬ ॥

অতএব হে মাতঃ! সর্ব্বান্তর্য্যামী ও সর্ব্বকারণ আমাকে অর্থাৎ সর্ব্বভূতরূপে বর্ত্তমান আমাকে সমদৃষ্টি ও মৈত্রভাবে যথাযোগ্য দান ও সম্মানের দ্বারা সৎকার করিবে ॥ ২৭ ॥

টীকা

সন্তমীশ্বরং নিয়ন্তৃত্বেন সন্তং হিত্বা অর্চ্চাং যো ভজতে স তস্মন্যেব জুহোতি অস্বীকারাৎ "ন ভজতি কুমনীষিণাং স ইজ্যাম্" ইতি বক্ষ্যমাণাচ্চ ॥ ২২ ॥ ২৩ ॥ ২৪ ॥ ভূতগ্রামাবমানিনঃ অর্চ্চায়ামুচ্চাবচৈর্দ্রব্যৈরুৎপন্নয়া ক্রিয়য়াপি অর্চ্চিতস্ত্বং ন তুষ্যসি চেৎ তদা তাদৃশঃ সর্ব্বভূতেষু ত্বজ্‌জ্ঞানোৎপত্ত্যর্থং কিং কুর্য্যাৎ, যেন সর্ব্বভূতেষু ত্বজ্‌জ্ঞানং তদনন্তরমর্চ্চায়াং ত্বদর্চ্চনাধিকারঃ স্যাদিত্যত্র ক্রমমাহ—অর্চ্চাদাবিতি। যাবৎ সর্ব্বেষু অবস্থিতং মাং স্বহৃদি ন বেদ, তাবৎ স্বকর্ম্মকৃৎ ভবেৎ, মজ্‌জ্ঞানহীনস্য মদর্চ্চনে শ্রদ্ধাদ্যসম্ভবাৎ, অন্যদা তু অর্চ্চাদৌ মামর্চ্চয়েৎ ॥ ২৫ ॥ সর্ব্বত্রার্চ্চনে হেতুং দর্শয়িতুং ভগবতঃ সর্ব্বাত্মত্বমাহ। আত্মনঃ "আত্মৈবেদং সর্ব্ব" মিত্যাদি শ্রুতি-

জীবাঃ শ্রেষ্ঠা হ্যজীবানাং ততঃ প্রাণভৃতঃ শুভে ! ।
ততঃ সচিত্তাঃ প্রবরাস্ততশ্চেন্দ্রিয়বৃত্তয়ঃ ॥ ২৮ ॥
তত্রাপি স্পর্শবেদিভ্যঃ প্রবরা রসবেদিনঃ ।
তেভ্যো গন্ধবিদঃ শ্রেষ্ঠাস্ততঃ শব্দবিদো বরাঃ ॥ ২৯ ॥
রূপভেদবিদস্তত্র ততশ্চোভয়তো দতঃ ।
তেষাং বহুপদাঃ শ্রেষ্ঠাশ্চতুষ্পাদস্ততো দ্বিপাৎ ॥ ৩০ ॥

অন্বয়

কারণস্বরূপ) মাং (আমাকে) অভিন্নেন চক্ষুষা (সমদৃষ্টিতে) মৈত্র্যা (ও মৈত্রভাবে) দানমানাভ্যাং (যথাযোগ্য দান ও সম্মানের দ্বারা) অর্হয়েৎ (পূজা করিবে) ॥ ২৭ ॥

[ভূতগণের মধ্যেও তারতম্যানুসারে সম্মান প্রদর্শন করা কর্ত্তব্য ইহা বলিবার জন্য তাহাদের পর পর শ্রেষ্ঠতা প্রতিপাদন করিতেছেন] শুভে ! (হে পূতচরিত্রে !) অজীবানাম্ (অচেতন হইতে) জীবাঃ শ্রেষ্ঠাঃ হি (সচেতন শ্রেষ্ঠ), ততঃ (সচেতন হইতে) প্রাণভৃতঃ (প্রাণধারী) [শ্রেষ্ঠ], ততঃ (প্রাণধারী হইতে) সচিত্তাঃ (জ্ঞানবান্) প্রবরাঃ (শ্রেষ্ঠ), ততঃ চ (তাহা হইতেও) ইন্দ্রিয়বৃত্তয়ঃ (ইন্দ্রিয়বৃত্তিসম্পন্ন বৃক্ষাদি) [শ্রেষ্ঠ] ॥ ২৮ ॥

তত্র অপি (সেই ইন্দ্রিয়বৃত্তিসম্পন্ন বৃক্ষাদির মধ্যেও) স্পর্শবেদিভ্যঃ (স্পর্শজ্ঞানী বৃক্ষ হইতে) রসবেদিনঃ প্রবরাঃ (রসজ্ঞানী মৎস্যাদি শ্রেষ্ঠ), তেভ্যঃ (তাহা হইতে) গন্ধবিদঃ শ্রেষ্ঠাঃ (গন্ধজ্ঞানী ভ্রমর প্রভৃতি শ্রেষ্ঠ), ততঃ (তাহা হইতে) শব্দবিদঃ বরাঃ (শব্দজ্ঞানী সর্প প্রভৃতি শ্রেষ্ঠ) ॥ ২৯ ॥

তত্র (সেই সর্পাদি হইতে) রূপভেদবিদঃ (রূপভেদজ্ঞানী কাকাদি) [শ্রেষ্ঠ], ততঃ চ (কাকাদি

অনুবাদ

[ভূতগণের মধ্যেও তারতম্যানুসারে সম্মান প্রদর্শন করা কর্ত্তব্য ইহা বলিবার জন্য ভূতগণের পর পর শ্রেষ্ঠতা প্রতিপাদন করিতেছেন]—হে পূতচরিত্রে ! অচেতন হইতে সচেতন শ্রেষ্ঠ, সচেতন হইতে প্রাণধারী শ্রেষ্ঠ, প্রাণধারী হইতে জ্ঞানবান্ শ্রেষ্ঠ, জ্ঞানবান্ হইতেও ইন্দ্রিয়বৃত্তিসম্পন্ন বৃক্ষাদি শ্রেষ্ঠ ॥ ২৮ ॥

সেই ইন্দ্রিয়বৃত্তিসম্পন্ন বৃক্ষাদির মধ্যেও স্পর্শজ্ঞানযুক্ত বৃক্ষাদি হইতে রসজ্ঞানী মৎস্যাদি শ্রেষ্ঠ, সেই মৎস্যাদি হইতে গন্ধজ্ঞানী ভ্রমর প্রভৃতি শ্রেষ্ঠ, সেই ভ্রমর প্রভৃতি হইতে শব্দজ্ঞানী সর্প প্রভৃতি শ্রেষ্ঠ ॥ ২৯ ॥

সেই সর্পাদি হইতে রূপভেদজ্ঞানী কাকাদি শ্রেষ্ঠ, কাকাদি হইতে উভয় দিকে

টীকা

প্রোক্তস্য সর্ব্বকারণস্য পরস্য কার্য্যস্য চ অন্তরা মধ্যে উদরং ভেদং করোতি, তস্য ভিন্নদৃশঃ ভেদদর্শিনঃ মৃত্যুরহম্ উদ্বেগং ভয়ং বিদধে ॥ ২৬ ॥ অথো অতো হেতোঃ কৃতালয়মন্তর্য্যামিণম্ ভূতানামাত্মানং কারণঞ্চ অভিন্নেন চক্ষুষা সমদর্শনেন অর্হয়েৎ পূজয়েৎ ॥ ২৭ ॥ তেষ্বপি যথোত্তরমর্হণং কার্য্যমিতি বক্তুম্ উত্তরোত্তরং শ্রৈষ্ঠ্যমাহ জীবা ইতি সার্দ্ধৈঃ ষড়্ভিঃ। অজীবানাম্ অচেতনেভ্যঃ ইন্দ্রিয়াণাং বৃত্তির্যেষু তে ইন্দ্রিয়বৃত্তিযুক্তাঃ

ততো বর্ণাশ্চ চত্বারস্তেষাং ব্রাহ্মণ উত্তমঃ।
ব্রাহ্মণেষ্বপি বেদজ্ঞো হ্যর্থজ্ঞোঽভ্যধিকস্ততঃ ॥ ৩১ ॥
অর্থজ্ঞাৎ সংশয়চ্ছেত্তা ততঃ শ্রেয়ান্ স্বকর্ম্মকৃৎ।
মুক্তসঙ্গস্ততো ভূয়ানদোগ্ধা ধর্ম্মমাত্মনঃ ॥ ৩২ ॥
তস্মান্ময্যর্পিতাশেষক্রিয়ার্থাত্মা নিরন্তরঃ।
ময্যর্পিতাত্মনঃ পুংসো ময়ি সন্ন্যস্তকর্ম্মণঃ।
ন পশ্যামি পরং ভূতমকর্ত্তুঃ সমদর্শনাৎ ॥ ৩৩ ॥

অন্বয়

হইতে) উভয়তো দতঃ (উভয় দিকে দন্তবিশিষ্ট প্রাণী) [শ্রেষ্ঠ], তেষাং (তাহাদিগের মধ্যে) বহুপদাঃ (বহু পদবিশিষ্ট প্রাণী) শ্রেষ্ঠাঃ (শ্রেষ্ঠ), ততঃ (তাহা হইতে চতুষ্পাদঃ (চতুষ্পদ প্রাণী) [শ্রেষ্ঠ], ততঃ দ্বিপাৎ (তাহা হইতে দ্বিপাদ মনুষ্য) [শ্রেষ্ঠ] ॥ ৩০ ॥

ততঃ (সেই মনুষ্যের মধ্যে) চত্বারঃ বর্ণাঃ চ (ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই চারি বর্ণ) [শ্রেষ্ঠ], তেষাং (সেই চারিবর্ণের মধ্যে) ব্রাহ্মণঃ উত্তমঃ (ব্রাহ্মণ শ্রেষ্ঠ), ব্রাহ্মণেষু অপি (ব্রাহ্মণগণের মধ্যেও) বেদজ্ঞঃ (বেদবিৎ ব্রাহ্মণ) [শ্রেষ্ঠ], ততঃ (সেই বেদজ্ঞ ব্রাহ্মণ হইতে) অর্থজ্ঞঃ অভ্যধিকঃ হি (বেদার্থবিৎ ব্রাহ্মণ শ্রেষ্ঠ) ॥ ৩১ ॥

অর্থজ্ঞাৎ (বেদার্থবিৎ ব্রাহ্মণ হইতে) সংশয়চ্ছেত্তা শ্রেয়ান্ (সংশয়ছেদনকারী মীমাংসক শ্রেষ্ঠ), ততঃ (তাহা হইতে) স্বধর্ম্মকৃৎ (স্বধর্ম্মানুষ্ঠানকারী) শ্রেয়ান্ (শ্রেষ্ঠ), ততঃ (তাহা হইতে) মুক্তসঙ্গঃ (নিষ্কামী) আত্মনঃ ধর্ম্মম্ অদোগ্ধা (অর্থাৎ স্বীয় অনুষ্ঠিত ধর্ম্মের ফল অনভিলাষী) ভূয়ান্ (শ্রেষ্ঠ) ॥ ৩২ ॥

তস্মাৎ (তাহা হইতেও) ময়ি অর্পিতাশেষক্রিয়ার্থাত্মা (যিনি আমাতে সমস্ত ক্রিয়া, দেহগেহাদি, মন ও বুদ্ধ্যাদি অর্পণ করিয়াছেন, সেই) নিরন্তরঃ (মৎপরায়ণ পুরুষ) [শ্রেষ্ঠ], ময়ি অর্পিতাত্মনঃ

অনুবাদ

দন্তবিশিষ্ট প্রাণী শ্রেষ্ঠ, তাহাদিগের মধ্যে বহুপদবিশিষ্ট প্রাণী শ্রেষ্ঠ, তাহা হইতে চতুষ্পদ প্রাণী শ্রেষ্ঠ, তাহা হইতে দ্বিপদ মনুষ্য শ্রেষ্ঠ ॥ ৩০ ॥

সেই মনুষ্যের মধ্যে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই চারিবর্ণ শ্রেষ্ঠ, সেই চারিবর্ণের মধ্যে ব্রাহ্মণ শ্রেষ্ঠ, ব্রাহ্মণগণের মধ্যেও বেদবিৎ ব্রাহ্মণ শ্রেষ্ঠ, সেই বেদজ্ঞ ব্রাহ্মণ হইতে বেদার্থবিৎ ব্রাহ্মণ শ্রেষ্ঠ ॥ ৩১ ॥

বেদার্থবিৎ ব্রাহ্মণ হইতে সংশয়ছেদনকারী মীমাংসক শ্রেষ্ঠ, তাহা হইতে স্বধর্ম্মানুষ্ঠান-কারী পুরুষ শ্রেষ্ঠ, তাহা হইতেও নিষ্কামকর্ম্মকারী অর্থাৎ স্বীয় অনুষ্ঠিত কর্ম্মফলের অনভিলাষী পুরুষ শ্রেষ্ঠ ॥ ৩২ ॥

তাহা হইতেও যিনি আমাতে সমস্ত ক্রিয়া, দেহগেহাদি, মন, বুদ্ধি, চিত্ত ও অহঙ্কার

টীকা

॥২৮॥২৯॥৩০॥৩১॥ মুক্তসঙ্গঃ নিষ্কামকর্ম্মকর্ত্তা তদেবাহ—আত্মনঃ ধর্ম্মম্ অদোগ্ধা ফলানভীপ্সুঃ ॥ ৩২ ॥ তস্মাদপি "আত্মাত্মীয়ভরন্যাসো বিধিনা পুরুষোত্তমে। সা প্রপত্তিরিতিখ্যাতা ষড়ঙ্গা বৈ মনীষিভিঃ ॥"

মনসৈতানি ভূতানি প্রণমেদ্বহু মানয়ন্।
ঈশ্বরো জীবকলয়া প্রবিষ্টো ভগবানিতি ॥ ৩৪ ॥
ভক্তিযোগশ্চ যোগশ্চ ময়া মানব্যুদীরিতঃ।
যয়োরেকতরেণৈব পুরুষঃ পুরুষং ব্রজেৎ ॥ ৩৫ ॥

অন্বয়

(আমাতে অর্পিতচিত্ত), ময়ি সন্ন্যস্তকর্ম্মণঃ (আমাতে কর্ম্ম ও কর্ম্মফল অর্পণকারী), অকর্ত্তুঃ ("সকল বাসুদেবই করিতেছেন ও করাইতেছেন, আমি স্বাধীনভাবে কিছুই করি না" এইরূপ কর্ত্তৃত্বাভিমানশূন্য দৃঢ়বিশ্বাসী) সমদর্শনাৎ (ও সমদর্শী) পুংসঃ (পুরুষ হইতে) পরং ভূতং (শ্রেষ্ঠ জীব) ন পশ্যামি (আমি আর দেখিতে পাই না) ॥ ৩৩ ॥

ভগবান্ (ষড়ৈশ্বর্য্যশালী) ঈশ্বরঃ (সর্ব্বনিয়ন্তা পরমেশ্বর) জীবকলয়া প্রবিষ্টঃ (তাঁহার অংশ জীবসমূহে প্রবিষ্ট আছেন); ইতি (এই কারণে) বহুমানয়ন্ (বহু সম্মান করিয়া) এতানি ভূতানি (সকল প্রাণীকে) মনসা প্রণমেৎ (মনে মনে প্রণাম করিবে) ॥ ৩৪ ॥

মানবি! (হে মাতঃ!) ভক্তিযোগঃ চ (শ্রবণাদি নানাবিধ ভক্তিযোগ) যোগঃ চ (ও জ্ঞানযোগ) ময়া (আমাকর্ত্তৃক) উদীরিতঃ (বর্ণিত হইল); যয়োঃ (যে ভক্তিযোগ ও জ্ঞানযোগের মধ্যে) একতরেণৈব (একটির অবলম্বনেই) পুরুষঃ (জীব) পুরুষং (পরমেশ্বরকে) ব্রজেৎ (প্রাপ্ত হইতে পারে) ॥৩৫॥

অনুবাদ

প্রভৃতি অর্পণ করিয়াছেন, সেই মৎপরায়ণ পুরুষ শ্রেষ্ঠ। এইভাবে আমাতে অর্পিতচিত্ত, আমাতেই কর্ম্ম ও কর্ম্মফল সমর্পণকারী "সমস্ত বাসুদেবই করিতেছেন ও করাইতেছেন" এইরূপ কর্ত্তৃত্বাভিমানশূন্য দৃঢ়বিশ্বাসী ও সমদর্শী পুরুষ হইতে শ্রেষ্ঠ জীব আমি আর দেখিতে পাই না ॥ ৩৩ ॥

হে মাতঃ! ষড়ৈশ্বর্য্যশালী সর্ব্বনিয়ন্তা পরমেশ্বর জীবসমূহে প্রবিষ্ট আছেন; এই কারণে বহু সম্মান করিয়া সকল প্রাণীকে মনে মনে প্রণাম করিবে ॥ ৩৪ ॥

হে মাতঃ! শ্রবণাদি নানাবিধ ভক্তিযোগ ও জ্ঞানযোগ আমি বর্ণনা করিলাম;

টীকা

"সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ। অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ॥" ইত্যুক্তপ্রকারঃ প্রপন্নঃ শ্রেষ্ঠস্ততো ন কোঽপি শ্রেষ্ঠঃ ইত্যাহ সার্দ্ধেন—তস্মাদিতি। ময়ি অর্পিতাঃ অশেষাঃ সপরিকরাঃ ক্রিয়াঃ অর্থাঃ দেহগেহাদয়ঃ আত্মানঃ মনোবুদ্ধিচিত্তাহঙ্কারক্ষেত্রজ্ঞঃ যেন সঃ, নিরন্তরঃ মদাত্মকঃ, অকর্ত্তুঃ সর্ব্বং বাসুদেব এব করোতি কারয়তি, নাহং স্বাতন্ত্র্যেণ কিঞ্চিৎ করোমীতি দৃঢ়জ্ঞানবান্, সমদর্শনঃ সর্ব্বং সর্ব্বাত্মা বাসুদেব এবেতি জ্ঞানবান্, পরং শ্রেষ্ঠং ন পশ্যামীতি "বাসুদেবঃ সর্ব্বমিতি স মহাত্মা সুদুর্লভঃ। জ্ঞানী ত্বাত্মৈব" ইত্যাদি বচনাচ্চ ॥ ৩৩ ॥ ঈশ্বরঃ প্রেরকঃ, ভগবান্ ষড়ৈশ্বর্য্যসম্পন্নঃ ভুক্তিমুক্তিপ্রদঃ, প্রেরকত্বেন ভুক্তিমুক্তিপ্রদত্বেন চ স্বয়ং প্রবিষ্টঃ, জীবোঽপি তস্যৈব কলা নাম্নঃ, অতস্তদ্রূপেণাপি প্রবিষ্টঃ, ইতিশব্দো হেত্বর্থঃ ইতি হেতোর্বহুমানয়ন্ ভূতানি প্রণমেদেব। নন্থ পুত্রশিষ্যাদিবিষয়ে প্রণতির্লোকবিরুদ্ধা? ইত্যতঃ আহ—তত্র মনসৈবেতি ॥ ৩৪ ॥ ভক্তিযোগঃ শ্রবণধ্যানাদিরূপো নানাবিধঃ যোগঃ চিদচিদ্ব্রহ্মবিবেকরূপঃ জ্ঞানযোগঃ ময়া উদীরিতঃ তয়োরেকতরেণ পুরুষো জীবঃ, পুরুষং পরমেশ্বরং ব্রজেৎ—"জ্ঞানস্য বা

এতদ্ভগবতো রূপং ব্রহ্মণঃ পরমাত্মনঃ।
পরং প্রধানং পুরুষং দৈবং কর্ম্মবিচেষ্টিতম্ ॥ ৩৬ ॥
রূপভেদাস্পদং দিব্যং কাল ইত্যভিধীয়তে।
ভূতানাং মহদাদীনাং যতো ভিন্নদৃশাং ভয়ম্ ॥ ৩৭ ॥

অন্বয়

[পূর্ব্বে বলা হইয়াছে ভগবান্ জীবসমূহে প্রবিষ্ট আছেন; ইহাতে কেবলমাত্র জীবেরই ব্রহ্মাত্মকত্ব বুঝাইতে পারে, সেই শঙ্কা নিবারণার্থ সকল পদার্থেরই ব্রহ্মাত্মকতা দেখাইতেছেন] [হে মাতঃ!] প্রধানং (গুণত্রয়), পুরুষং (জীব), দৈবং (জীবের অদৃষ্ট), কর্ম্মবিচেষ্টিতং (বিবিধ ক্রিয়াশীল এই সমস্ত জগৎ) পরং (ও কাল প্রভৃতি) এতৎ [সর্ব্বং] (এই সকলকে) [বেদ] পরমাত্মনঃ ভগবতঃ ব্রহ্মণঃ (পরমাত্মা ভগবান্ ব্রহ্মের) রূপম্ (রূপ) [বলিয়া থাকেন] ॥ ৩৬ ॥

[এক্ষণে ভগবান্ কপিলদেব পূর্ব্বজিজ্ঞাসিত প্রশ্নের উত্তরে জীবের সংসারগতি পরবর্ত্তী অধ্যায়ত্রয়ে বলিতে ইচ্ছা করিয়া এই অধ্যায় সমাপ্তি পর্য্যন্ত কালের স্বরূপ বলিতেছেন] রূপভেদাস্পদং (মহদাদি অবস্থাভেদের কারণস্বরূপ) দিব্যং (পরমেশ্বরের শক্তিভূত) [বস্তু] কাল ইতি অভিধীয়তে (কাল এই নামে কথিত হইয়া থাকে); যতঃ (যে কাল হইতে) মহদাদীনাং (মহদাদি তত্ত্বসমূহের) [সংহারের কারণ বলিয়া এবং] ভিন্নদৃশাং (যাহারা নিজের ব্রহ্মাত্মকতা জানে না এইরূপ ভিন্নদর্শী) ভূতানাং (দেহাত্মবাদী জীবগণের) [পুনঃ পুনঃ জন্মাদির কারণ বলিয়া] ভয়ং [ভবতি] (ভয় হইয়া থাকে) ॥ ৩৭ ॥

অনুবাদ

ঐ ভক্তিযোগ ও জ্ঞানযোগের মধ্যে একটির অবলম্বনেই জীব পরমেশ্বরকে প্রাপ্ত হইতে পারে ॥ ৩৫ ॥

[সকল পদার্থই ব্রহ্মাত্মক ইহা দেখাইতেছেন]—হে মাতঃ! গুণত্রয়াত্মিকা প্রকৃতি, জীব, দৈব, বিবিধ ক্রিয়াশীল সমস্ত জগৎ ও কাল প্রভৃতি এই সকলকে বেদ পরমাত্মা ভগবান্ ব্রহ্মের রূপ বলিয়া নির্দ্ধারণ করিয়াছেন ॥ ৩৬ ॥

[এক্ষণে অধ্যায় সমাপ্তি পর্য্যন্ত কালের স্বরূপ বলিতেছেন]—হে মাতঃ! যে বস্তু

টীকা

মন্নিষ্ঠো নৈর্গুণ্যো ভক্তিলক্ষণঃ। দ্বয়োরপ্যেক এবার্থো ভগবচ্ছব্দলক্ষণঃ" ইতি বক্ষ্যমাণাচ্চ। অয়মর্থঃ জ্ঞানং বিনা ভক্ত্যসম্ভবাৎ ভক্ত্যুৎপাদকতয়া জ্ঞানস্যৈব প্রাধান্যবিবক্ষয়া, কিঞ্চ জ্ঞানস্যৈব ধ্রুবাস্মৃতিরূপভক্ত্যাকারতয়া তেনৈব ব্রজেদিত্যর্থঃ। জ্ঞানস্য সাধনত্বেন ভক্ত্যুপযোগিত্ববিবক্ষয়া ভক্ত্যৈব ব্রজেৎ "স এব ভক্তিযোগাখ্য আত্যন্তিক উদাহৃতঃ। যেনাতিব্রজ্য ত্রিগুণং মদ্ভাবায়োপপদ্যতে" ইত্যুক্তত্বাদিতি ॥৩৫॥ "জীবকলয়া প্রবিষ্ট" ইত্যনেন জীবস্যৈব ব্রহ্মাত্মকত্বং ন,কিন্তু সর্ব্বপদার্থজাতস্যেতি সিংহাবলোকনন্যায়েনাহ—এতদিতি। প্রধানং ত্রিগুণং, পুরুষং জীবং, দৈবং দেবনিষ্পাদিতং, কর্ম্মভিঃ বিচেষ্টিতং বিবিধং চেষ্টিতং যস্মিন্, তৎ সর্ব্বং বিশ্বং পরমন্যদপি কালাদিকম্ এতৎ সর্ব্বং ভগবতো রূপম্ সর্ব্বস্য তন্মূলত্বাৎ "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম তজ্জলান্" ইত্যাদিশ্রুতয়ঃ আহুঃ ॥ ৩৬ ॥ যৎ পৃষ্টং জীবস্য সংসৃতীঃ কালস্বরূপং চাচক্ষ্ষ্বেতি, তত্র জীবসংসৃতিপ্রশ্নস্যোত্তরমুত্তরাধ্যায়ত্রয়েণ বিবক্ষুঃ কালস্বরূপপ্রশ্নস্যোত্তরমাহ—রূপভেদাস্পদমিত্যাদিনা যাবদধ্যায়সমাপ্তি।

যোঽন্তঃ প্রবিশ্য ভূতানি ভূতৈরত্ত্যখিলাশ্রয়ঃ।
স বিষ্ণ্বাখ্যোঽধিযজ্ঞোঽসৌ কালঃ কলয়তাং প্রভুঃ ॥৩৮॥
ন চাস্য কশ্চিদ্দয়িতো ন দ্বেষ্যো ন চ বান্ধবঃ।
আবিশত্যপ্রমত্তোঽসৌ প্রমত্তং জনমন্তকৃৎ ॥ ৩৯ ॥
যদ্ভয়াদ্বাতি বাতোঽয়ং সূর্য্যস্তপতি যদ্ভয়াৎ।
যদ্ভয়াদ্বর্ষতে দেবো ভগণো ভাতি যদ্ভয়াৎ ॥ ৪০ ॥

অন্বয়

যঃ (যিনি) অন্তঃ প্রবিশ্য (ভূতগণের অভ্যন্তরে প্রবেশ করিয়া) ভূতৈঃ (ভূতসমূহের দ্বারা) ভূতানি (ভূতসমূহকে) অত্তি (সংহার করিয়া থাকেন), অখিলাশ্রয়ঃ সঃ অসৌ (সর্ব্বাধার সেই) অধিযজ্ঞঃ (যজ্ঞফলদাতা) বিষ্ণ্বাখ্যঃ (বিষ্ণুনামক ভগবান্‌ই) কলয়তাং প্রভুঃ (সকলের নিয়ন্তা) কালঃ (কাল নামে কথিত হইয়া থাকেন) ॥ ৩৮ ॥

অস্য (এই কালরূপী ভগবানের) দয়িতঃ ন চ কশ্চিৎ (প্রিয় কেহ নাই), ন দ্বেষ্যঃ (অপ্রিয় কেহ নাই) বান্ধবঃ ন চ [অস্তি] (এবং বান্ধবও কেহ নাই); অসৌ (ঐ কালরূপী ভগবান্) অপ্রমত্তঃ (স্বয়ং অপ্রমত্ত থাকিয়া) অন্তকৃৎ [সন্] (সংহাররূপী হইয়া) প্রমত্তং জনং (প্রমত্তজনে) আবিশতি (প্রবেশ করিয়া থাকেন) [অর্থাৎ বিনাশ করিয়া থাকেন] ॥ ৩৯ ॥

যদ্ভয়াৎ (যাঁহার ভয়ে) অয়ং বাতঃ (এই বায়ু) বাতি (প্রবাহিত হইতেছে), যদ্ভয়াৎ

অনুবাদ

প্রকৃতির মহদাদি অবস্থার নিমিত্তস্বরূপ অর্থাৎ প্রকৃতি যে মহদাদি অবস্থায় পরিণত হয়, তাহার কারণস্বরূপ এবং পরমেশ্বরের শক্তিভূত, তাহাই কাল নামে কথিত হইয়া থাকে। এই কাল হইতে সংহারকারণ বলিয়া মহদাদি তত্ত্বসমূহের এবং জন্মাদির কারণ বলিয়া ভিন্নদর্শী দেহাত্মবাদী জীবগণের ভয় হইয়া থাকেন। ৩৭ ॥

যিনি ভূতগণের অভ্যন্তরে প্রবেশ করিয়া ভূতসমূহের দ্বারা ভূতসমূহকে সংহার করিয়া থাকেন, সর্ব্বাধার সেই যজ্ঞফলদাতা বিষ্ণুনামক ভগবান্‌ই সকলের নিয়ন্তা কাল নামে কথিত হইয়া থাকেন ॥ ৩৮ ॥

এই কালরূপী ভগবানের প্রিয়, অপ্রিয় বা বন্ধু কেহ নাই; তিনি স্বয়ং অপ্রমত্ত থাকিয়া সংহাররূপী হইয়া প্রমত্তজনকে বিনাশ করিয়া থাকেন ॥ ৩৯ ॥

যাঁহার ভয়ে বায়ু প্রবাহিত হইতেছে, যাঁহার ভয়ে সূর্য্য উত্তাপ প্রদান করিতেছে, যাঁহার ভয়ে ইন্দ্র বর্ষণ করিতেছে, যাঁহার ভয়ে নক্ষত্রসমূহ দীপ্তিমান্ হইয়া অবস্থান করিতেছে ॥৪০॥

টীকা

রূপভেদস্য প্রধানাদীনাং মহদাদ্যবস্থাভেদস্য আস্পদমাশ্রয়ো নিমিত্তং, দিবঃ দেবস্যৈব শক্তিভূতং বস্তু কাল ইত্যভিধীয়তে, যতঃ মহদাদীনাং সংহারনিমিত্তত্বেন, ভিন্নদৃশামাত্মনো ব্রহ্মাত্মকত্বমজানতাং দেহাদ্যাত্মবাদিনাং চ জন্মাদিনিমিত্তত্বেন ভয়ং ভবতি ॥ ৩৭ ॥ কালস্য ব্রহ্মশক্তিত্বেন তদভিন্নত্বমাহ—য ইতি। অধিযজ্ঞঃ যজ্ঞফলদাতা কলয়তাং ক্ষোভকানাং প্রভুর্নিয়ন্তা যঃ বিষ্ণ্বাখ্যঃ অখিলাশ্রয়ঃ এব কালঃ কালশক্তিঃ ॥৩৮॥৩৯॥৪০॥

যদ্‌বনস্পতয়ো ভীতা লতাশ্চৌষধিভিঃ সহ।
স্বে স্বে কালেঽভিগৃহ্ণন্তি পুষ্পাণি চ ফলানি চ ॥ ৪১ ॥
স্রবন্তি সরিতো ভীতা নোৎসর্পত্যুদধির্যতঃ।
অগ্নিরিন্ধে সগিরিভির্ভূর্ন মজ্জতি যদ্ভয়াৎ ॥ ৪২ ॥
অদো দদাতি শ্বসতাং পদং যন্নিয়মান্নভঃ।
লোকং স্বদেহং তনুতে মহান্ সপ্তভিরাবৃতম্ ॥ ৪৩ ॥

অন্বয়

(যাঁহার ভয়ে) সূর্য্যঃ তপতি (সূর্য্য উত্তাপ প্রদান করিতেছে), যদ্‌ভয়াৎ (যাঁহার ভয়ে) দেবঃ (ইন্দ্র) বর্ষতে (বর্ষণ করিতেছে), যদ্‌ভয়াৎ (যাঁহার ভয়ে) ভগণঃ (নক্ষত্রসমূহ) ভাতি (দীপ্তিমান্ হইয়া অবস্থান করিতেছে) ॥ ৪০ ॥

যৎ (যাঁহা হইতে) ভীতাঃ (ভীত হইয়া) বনস্পতয়ঃ (বৃক্ষগণ) লতাঃ চ (ও লতাসমূহ) ওষধিভিঃ সহ (ওষধির সহিত) স্বে স্বে কালে (স্ব স্ব উপযুক্তকালে) পুষ্পাণি চ ফলানি চ (পুষ্প ও ফলসমূহ) অভিগৃহ্ণন্তি (ধারণ করিয়া থাকে) ॥ ৪১ ॥

যতঃ (যাঁহা হইতে) ভীতাঃ (ভীত হইয়া) সরিতঃ (নদীসকল) স্রবন্তি (প্রবাহিত হইতেছে) [এবং] উদধিঃ (সমুদ্র) ন উৎসর্পতি (স্বীয় সীমা লঙ্ঘন করিতেছে না) অগ্নিঃ ইন্ধে (ও অগ্নি দীপ্তি পাইতেছে), যদ্‌ভয়াৎ (যাঁহার ভয়ে) সগিরিভিঃ (পর্ব্বতসমূহের সহিত) ভূঃ (পৃথিবী) ন মজ্জতি (নিমগ্ন হইতেছে না) ॥ ৪২ ॥

যন্নিয়মাৎ (যাঁহার আজ্ঞায়) অদঃ নভঃ (এই আকাশ) শ্বসতাং (প্রাণিগণের শ্বাসপ্রশ্বাসের নিমিত্ত) পদম্ (স্থান) দদাতি (প্রদান করিতেছে) [এবং] মহান্ (মহত্তত্ত্ব) স্বদেহং (নিজদেহকে) সপ্তভিঃ আবৃতং লোকং (সপ্ত আবরণে আবৃত ব্রহ্মাণ্ডরূপে) তনুতে (বিস্তার করিতেছে) ॥ ৪৩ ॥

অনুবাদ

যাঁহা হইতে ভীত হইয়া বৃক্ষসকল ও লতাসমূহ ওষধিসমূহের সহিত নিজ নিজ যোগ্যকালে পুষ্প ও ফলসমূহ ধারণ করিয়া থাকে ॥ ৪১ ॥

যাহা হইতে ভীত হইয়া নদী সকল প্রবাহিত হইতেছে, সমুদ্র সীমা লঙ্ঘন করিতেছে না, অগ্নি দীপ্তি পাইতেছে এবং যাঁহার ভয়ে পর্ব্বতসমূহের সহিত পৃথিবী নিমগ্না হইতেছে না ॥ ৪২ ॥

যাঁহার আজ্ঞায় এই আকাশ প্রাণিগণের শ্বাস প্রশ্বাসের নিমিত্ত স্থান প্রদান করিতেছে ও মহত্তত্ত্ব নিজদেহকে সপ্ত আবরণে আবৃত ব্রহ্মাণ্ডরূপে বিস্তার করিতেছে ॥ ৪৩ ॥

টীকা

৪১॥ ইন্ধে দীপ্যতে ॥ ৪২ ॥ নিয়মাৎ আজ্ঞাতঃ মহান্ স্বদেহং সপ্তভিরাবৃতং লোকং ব্রহ্মাণ্ডং তনুতে বিস্তারয়তি ॥ ৪৩ ॥ গুণাভিমানিনঃ ব্রহ্মা শিবশ্চ অংশঃ বিষ্ণুঃ কালশক্তের্ভগবতোঽবতারঃ। তস্য গুণাভিমানিত্বং ছত্রিণো যান্তীতিবন্নাস্তি। অস্য বিশ্বস্য সর্গাদিষু অনুযুগং বারং বারম্ যদ্‌ভয়াদ্ বর্ত্তন্তে প্রবর্ত্তন্তে

গুণাভিমানিনো দেবাঃ সর্গাদিষ্বস্য যদ্ভয়াৎ।
বর্ত্তন্তেঽনুযুগং যেষাং বশ এতচ্চরাচরম্ ॥ ৪৪ ॥
সোঽনন্তোঽন্তকরঃ কালোঽনাদিরাদিকৃদব্যয়ঃ।
জনং জনেন জনয়ন্ মারয়ন্ মৃত্যুনান্তকম্ ॥ ৪৫ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে
কাপিলেয়ে ভক্তিযোগো নামৈকোনত্রিংশোঽধ্যায়ঃ ॥ ২৯ ॥

অন্বয়

যেষাং (যে দেবগণের) বশে (অধীনে) এতৎ চরাচরং [বিশ্বং বর্ত্ততে] (এই চরাচর জগৎ বর্ত্তমান আছে), [তে] গুণাভিমানিনঃ দেবাঃ (সেই গুণনিয়ন্তা ব্রহ্মাদি দেবগণ) যদ্ভয়াৎ (যাঁহার ভয়ে) অস্য (এই জগতের) সর্গাদিষু (সৃষ্ট্যাদি কার্য্যে) অনুযুগং (যুগে যুগে) বর্ত্তন্তে (প্রবৃত্ত হইতেছে) ॥ ৪৪ ॥

সঃ অব্যয়ঃ কালঃ (পূর্ব্বোক্ত প্রভাবশালী অবিনাশী সেই কাল) জনং (পুত্রাদিকে) জনেন (পিত্রাদিদ্বারা) জনয়ন্ (জন্মাইয়া) আদিকৃৎ [ভবতি] (আদিকর্ত্তা হইয়া থাকেন), মৃত্যুনা (মৃত্যুদ্বারা) অন্তকম্ [অপি] (যমকেও) মারয়ন্ (বিনাশ করিয়া) অন্তকরঃ [ভবতি] (অন্তকারী হইয়া থাকেন); [স্বয়ং কিন্তু তিনি] অনাদিঃ অনন্তঃ [চ] (অনাদি ও অনন্ত) ॥ ৪৫ ॥

অনুবাদ

যে দেবগণের অধীনে এই চরাচর জগৎ অবস্থান করিতেছে, সেই গুণনিয়ন্তা ব্রহ্মাদি দেবগণও যাঁহার ভয়ে এই জগতের সৃষ্টি প্রভৃতি কার্য্যে পুনঃ পুনঃ প্রবৃত্ত হইতেছে ॥ ৪৪ ॥

পূর্ব্বোক্ত প্রভাবশালী অবিনাশী সেই কাল পুত্রাদিকে পিত্রাদিদ্বারা জন্মাইয়া সকলের আদিকর্ত্তা হইয়া থাকেন এবং মৃত্যুদ্বারা যমকেও বিনাশ করিয়া সকলের অন্তকারী হইয়া থাকেন; স্বয়ং কিন্তু তিনি অনাদি ও অনন্ত ॥ ৪৫ ॥

একোনত্রিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ২৯ ॥

টীকা

॥ ৪৪ ॥ স উক্তপ্রভাবোঽব্যয়ঃ কালঃ জনং পুত্রাদি জনেন পিত্রাদিনা জনয়ন্ আদিকৃদ্ভবতি, মৃত্যুনা অন্তকমপি মারয়ন্ অন্তকরো ভবতি, স্বয়ং তু অনাদিরনন্তশ্চ ॥ ৪৫ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে তৃতীয়স্কন্ধে শ্রীমচ্ছুকদেবকৃতসিদ্ধান্তপ্রদীপে
একোনত্রিংশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ২৯ ॥

ত্রিংশোঽধ্যায়ঃ

শ্রীভগবানুবাচ

তস্যৈতস্য জনো নূনং নায়ং বেদোরুবিক্রমম্ ।
কাল্যমানোঽপি বলিনো বায়োরিব ঘনাবলিঃ ॥ ১ ॥
যং যমর্থমুপাদত্তে দুঃখেন সুখহেতবে ।
তং তং ধুনোতি ভগবান্ পুমাঞ্ছোচতি যৎকৃতে ॥ ২ ॥
যদধ্রুবস্য দেহস্য সানুবন্ধস্য দুর্ম্মতিঃ ।
ধ্রুবাণি মন্যতে মোহাদ্ গৃহক্ষেত্রবসূনি চ ॥ ৩ ॥

অন্বয়

[এক্ষণে তিনটি অধ্যায়ে বৈরাগ্য উৎপত্তির নিমিত্ত সংসারগতি বর্ণনা করিতেছেন]—শ্রীভগবান্ উবাচ (ভগবান্ কপিলদেব বলিলেন) [হে মাতঃ !] বায়োঃ ঘনাবলিঃ ইব (বায়ুকর্ত্তৃক পরিচালিত হইয়াও বায়ুর পরাক্রম যেমন মেঘসমূহ জানিতে পারে না, সেইরূপ) তস্য এতস্য বলিনঃ (এই বলবান্ কালের) উরুবিক্রমং (প্রবল পরাক্রম) কাল্যমানঃ অপি (তাহাকর্ত্তৃক চালিত হইয়াও) অয়ং জনঃ (এই লোকসমূহ) নূনং (নিশ্চয়ই) ন বেদ (জানিতে পারে না) ॥ ১ ॥

পুমান্ (জীব) সুখহেতবে (সুখের নিমিত্ত) যং যম্ অর্থং (যে যে বস্তু) দুঃখেন (অতিপ্রয়াসে) উপাদত্তে (গ্রহণ করে), ভগবান্ (কালরূপী ভগবান্) তং তং ধুনোতি (সেই সেই বস্তু বিনাশ করিয়া থাকেন) ; যৎকৃতে (যাহার জন্য) শোচতি (জীব শোক করিয়া থাকে) ॥ ২ ॥

[শোকের কারণ কি, তাহাই বলিতেছেন] যৎ (যেহেতু) দুর্ম্মতিঃ (মূঢ়বুদ্ধি জীব) মোহাৎ (মোহ

অনুবাদ

[সংসারগতি বর্ণনা করিতেছেন] ভগবান্ কপিলদেব বলিলেন—হে মাতঃ ! মেঘসমূহ যেমন বায়ুকর্ত্তৃক পরিচালিত হইয়াও বায়ুর পরাক্রম জানিতে পারে না, সেইরূপ এই লোকসমূহ বলবান্ কালকর্ত্তৃক পরিচালিত হইয়াও প্রবল কালের পরাক্রম জানিতে পারে না ॥১॥

জীব সুখের নিমিত্ত যে যে বস্তু অতিপ্রয়াসে গ্রহণ করিয়া থাকে, কালরূপী ভগবান্ সেই সমস্ত বস্তুই বিনাশ করিয়া থাকেন ; তাহারই জন্য জীবগণ শোক করিয়া থাকে ॥ ২ ॥

শোক করিবার কারণ এই যে—মূঢ়বুদ্ধি জীবগণ মোহবশতঃ পুত্রকলত্রাদির সহিত অনিত্য দেহের আনুসঙ্গিক গৃহ, ক্ষেত্র ও ধনসমূহকে চিরস্থায়ী বলিয়া মনে করিয়া থাকে ॥ ৩ ॥

টীকা

অথ ত্রিভিরধ্যায়ৈর্ব্বিবিধাঃ সংসৃতয়ো বৈরাগ্যোৎপত্তয়ে বর্ণ্যন্তে। তত্র ত্রিংশে দেহাদিরাগিণঃ অধোগতিমাহ—তস্যেতি। তস্য উক্তপ্রভাবস্য কালস্য কাল্যমানঃ বিচাল্যমানোঽপি জনঃ উরুবিক্রমং ন বেদ বায়োর্ঘনাবলিরিব ॥ ১ ॥ পুমান্ যং যমর্থং দুঃখেনাতিপ্রয়াসেন উপাদত্তে স্বীকুরুতে তং তং ভগবান্ কালঃ ধুনোতি অপনয়তি যৎকৃতে যন্নিমিত্তং শোচতি ॥২॥ নন্থ আগমাপায্যর্থকৃতে শোকোঽনুচিত ইত্যত আহ—যৎ যস্মাৎ সানুবন্ধস্য কলত্রাদিসহিতস্য সম্বন্ধীনি গৃহাদীনি ধ্রুবাণি নিত্যানি মন্যতে, তস্মাৎ তদপগমে শোচ-

জন্তুর্বৈ ভব এতস্মিন্ যাং যাং যোনিমনুব্রজেৎ।
তস্যাং তস্যাং স লভতে নির্ব্বৃতিং ন বিরজ্যতে ॥ ৪ ॥
নরকস্থোঽপি দেহং বৈ ন পুমাংস্ত্যক্তুমিচ্ছতি।
নারক্যাং নির্ব্বৃতৌ সত্যাং দেবমায়াবিমোহিতঃ ॥ ৫ ॥
আত্মজায়াসুতাগারপশুদ্রবিণবন্ধুষু।
নিরূঢ়মূলহৃদয় আত্মানং বহু মন্যতে ॥ ৬ ॥
স দহ্যমানসর্ব্বাঙ্গ এষামুদ্বহনাধিনা।
করোত্যবিরতং মূঢ়ো দুরিতানি দুরাশয়ঃ ॥ ৭ ॥

অন্বয়

বশতঃ) সানুবন্ধস্য (পুত্রকলত্রাদির সহিত) অধ্রুবস্য দেহস্য (অনিত্য দেহের আনুসঙ্গিক) গৃহক্ষেত্রবসূনি চ (গৃহ, ক্ষেত্র ও ধনসমূহকে) ধ্রুবাণি মন্যতে (চিরস্থায়ী বলিয়া মনে করিয়া থাকে)॥ ৩ ॥

জন্তুঃ (জীব) এতস্মিন্ ভবে বৈ (এই সংসারে) যাং যাং যোনিং (দেবমনুষ্যাদি যে যে যোনিতে) অনুব্রজেৎ (জন্মগ্রহণ করে), তস্যাং তস্যাং সঃ (সেই সেই যোনিতে জীব) নির্ব্বৃতিং লভতে (সুখ প্রাপ্ত হইয়া থাকে); [অতএব] ন বিরজ্যতে (সংসারবিরাগী হয় না)॥ ৪ ॥

পুমান্ (জীব) নরকস্থঃ অপি (নরকস্থ হইলেও) দেবমায়াবিমোহিতঃ (পরমেশ্বরের মায়ায় বিমোহিত হইয়া) নারক্যাং নির্ব্বৃতৌ সত্যাং (মাংসমূত্রাদি ভক্ষণপানাদি দ্বারা নারকীয় সুখ উৎপন্ন হইলে) দেহং (ঐ নারক শরীর) ত্যক্তুং ন ইচ্ছতি বৈ (ত্যাগ করিতে কখনই ইচ্ছা করে না)॥ ৫ ॥

আত্মজায়াসুতাগারপশুদ্রবিণবন্ধুষু (দেহ, স্ত্রী, পুত্র, গৃহ, পশু, ধন ও বন্ধু প্রভৃতিতে) নিরূঢ়মূল-হৃদয়ঃ (যাহার অন্তঃকরণ সুদৃঢ় বাসনারূপ মূলযুক্ত সেই জীব) আত্মানং বহু মন্যতে (নিজকে কৃতার্থ মনে করিয়া থাকে)॥ ৬ ॥

দুরাশয়ঃ মূঢ়ঃ সঃ (কামনাবাসনায় জর্জ্জরিতচিত্ত ঐ মূঢ় জীব) এষাম্ (পূর্ব্বোক্ত দেহ, স্ত্রী,

অনুবাদ

জীব এই সংসারে দেবমনুষ্যাদি যে যে যোনিতে জন্মগ্রহণ করে, সেই সেই যোনিতেই সুখ অনুভব করিয়া থাকে; অতএব তাহারা সংসারবিরাগী হয় না॥ ৪ ॥

হে মাতঃ! জীব নরকস্থ হইলেও পরমেশ্বরের মায়ায় বিমোহিত হইয়া মাংসমূত্রাদি ভক্ষণপানাদিদ্বারা নারকীয় সুখ উৎপন্ন হইলে ঐ নারক দেহ পরিত্যাগ করিতে কখনই ইচ্ছা করে না॥ ৫ ॥

ঐ জীবের অন্তঃকরণ দেহ, স্ত্রী, পুত্র, পশু, ধন ও বন্ধু প্রভৃতিতে বাসনারূপ মূলযুক্ত, সেই জীব অর্থাৎ দেহাদিতে আসক্তচিত্ত জীব নিজকে কৃতার্থ মনে করিয়া থাকে॥ ৬ ॥

কামনাবাসনায় জর্জ্জরিতচিত্ত ঐ মূঢ় জীব পূর্ব্বোক্ত দেহ, স্ত্রী ও পুত্রাদির ভরণ-

টীকা

তীত্যর্থঃ॥ ৩॥ তস্য দুর্ম্মতিত্বং তন্নিমিত্তানি নানাদুঃখানি চ বর্ণয়তি—জন্তুরিতি চতুর্দ্দশভিঃ। নির্বৃতিং সুখসম্পত্তিম্॥ ৪॥ নারক্যাং স্বমাংসমূত্রাদিভক্ষণপানাদিভিঃ নরকে জাতায়াম্॥ ৫॥ নিরূঢ়ং সুদৃঢ়ং বাসনারূপং মূলং যস্য তৎ, হৃদয়মন্তঃকরণং যস্য সঃ, বহুমন্যতে কৃতার্থং মন্যতে॥ ৬॥ এষাং দেহগেহাদীনাং

আক্ষিপ্তাত্মেন্দ্রিয়ঃ স্ত্রীণামসতীনাঞ্চ মায়য়া।
রহোরচিতয়ালাপৈঃ শিশূনাং কলভাষিণাম্ ॥ ৮ ॥
গৃহেষু কূটধর্ম্মেষু দুঃখতন্ত্রেষ্বতন্দ্রিতঃ।
কুর্ব্বন্ দুঃখপ্রতীকারং সুখবন্মন্যতে গৃহী ॥ ৯ ॥
অর্থৈরাপাদিতৈর্গুর্ব্ব্যা হিংসয়েতস্ততশ্চ তান্।
পুষ্ণাতি যেষাং পোষেণ শেষভুগ্ যাত্যধঃ স্বয়ম্ ॥ ১০ ॥

অন্বয়

পুত্রাদির) উদ্বহনাধিনা (ভরণপোষণাদির নিমিত্ত উৎপন্ন যে চিন্তাজ্বর, তাহা দ্বারা) দহ্যমানসর্ব্বাঙ্গঃ (সর্ব্বাঙ্গ দগ্ধ হইয়া) অবিরতং (নিরন্তর) দুরিতানি করোতি (পাপকার্য্য সকল করিয়া থাকে) ॥৭ ॥

রহঃ (নির্জ্জনে) অসতীনাং স্ত্রীণাং (অসতী স্ত্রীগণের) রচিতয়া মায়য়া (রচিত সম্ভোগাদি মায়াদ্বারা) কলভাষিণাং শিশূনাং আলাপৈঃ চ (ও মধুরভাষী শিশুগণের আলাপের দ্বারা) আক্ষিপ্তাত্মেন্দ্রিয়ঃ (যাহার মন ও ইন্দ্রিয়সমূহ বশীভূত হইয়াছে, সেই) গৃহী (গৃহাভিমানী জীব) কূটধর্ম্মেষু (কপটধর্ম্মযুক্ত) দুঃখতন্ত্রেষু (দুঃখপরিব্যাপ্ত) গৃহেষু (গৃহে) অতন্দ্রিতঃ (অনলস হইয়া) দুঃখপ্রতীকারং (দুঃখসমূহের প্রতীকার) কুর্ব্বন্ (করতঃ) সুখবৎ মন্যতে (ঐ দুঃখকেও সুখের ন্যায় মনে করিয়া থাকে) ॥ ৮ ॥ ৯ ॥

যেষাং (যে স্ত্রীপুত্রাদির) পোষেণ (পোষণে) অধো যাতি (অধোগতি হইয়া থাকে), [জীব] গুর্ব্ব্যা হিংসয়া (গুরুতর হিংসাদ্বারা) ইতস্ততঃ (ও নানাদিক হইতে) আপাদিতৈঃ অর্থৈঃ চ (সঞ্চিত অর্থের দ্বারা) তান্ (সেই স্ত্রীপুত্রাদিগকে) পুষ্ণাতি (পোষণ করিয়া থাকে) স্বয়ং শেষভুক্ [ভবতি] (ও স্বয়ং তাহাদের ভুক্তাবশিষ্ট ভোজন করিয়া থাকে) ॥ ১০ ॥

অনুবাদ

পোষণাদির নিমিত্ত উৎপন্ন যে চিন্তাজ্বর, তাহার দ্বারা দগ্ধ হইয়া নিরন্তর পাপকার্য্য করিয়া থাকে ॥ ৭ ॥

হে মাতঃ! অসতী স্ত্রীগণের রচিত সম্ভোগাদি মায়াদ্বারা ও মধুরভাষী শিশুগণের আলাপাদিদ্বারা মূঢ় জীবগণের মন ও ইন্দ্রিয়সমূহ বশীভূত হইয়া থাকে; ঐ গৃহাভিমানী জীব কপটধর্ম্ম ও দুঃখসমূহে পরিপূর্ণ গৃহে অনলস হইয়া দুঃখসমূহের প্রতীকার করতঃ দুঃখকেও সুখের ন্যায় মনে করিয়া থাকে ॥ ৮ ॥ ৯ ॥

হে মাতঃ! যে সকল স্ত্রীপুত্রাদির পোষণে অধোগতিই হইয়া থাকে, জীব গুরুতর হিংসাদ্বারা ও নানাদিক্ হইতে সঞ্চিত অর্থের দ্বারা সেই স্ত্রীপুত্রাদিকেই পোষণ করিয়া থাকে এবং তাহাদের ভুক্তাবশিষ্ট ভোজন করিয়া থাকে ॥ ১০ ॥

টীকা

উদ্বহনার্থং পালনার্থং যঃ আধিশ্চিন্তাজ্বরস্তেন ॥ ৭ ॥ স্ত্রীণাং মায়য়া শিশূনামালাপৈশ্চ আক্ষিপ্তঃ বশীভূতঃ আত্মা মন ইন্দ্রিয়াণি চ যস্য সঃ, সুখবন্মন্যতে ইত্যুত্তরেণ সম্বন্ধঃ ॥ ৮ ॥ গৃহী গৃহাভিমানী, কূটাঃ সকপটাঃ ধর্ম্মা যেষু দুঃখতন্ত্রেষু দুঃখব্যাপ্তেষু দুঃখানাং প্রতীকারং নিবৃত্ত্যুপায়ং কুর্ব্বন্ সুখবন্মন্যতে ॥ ৯ ॥ গুর্ব্ব্যা মহত্যা হিংসয়া ভূতদ্রোহেণ আপাদিতৈঃ সঞ্চিতৈঃ যেষাং পোষেণ অধো যাতি তান্ পুষ্ণাতি স্বয়ং শেষভুক্

বার্ত্তায়াং লুপ্যমানায়ামারব্ধায়াং পুনঃ পুনঃ।
লোভাভিভূতো নিঃসত্ত্বঃ পরার্থে কুরুতে স্পৃহাম্ ॥ ১১ ॥
কুটুম্বভরণেঽকল্যো মন্দভাগ্যো বৃথোদ্যমঃ।
শ্রিয়া বিহীনঃ কৃপণো ধ্যায়ন্ শ্বসিতি মূঢ়ধীঃ ॥ ১২ ॥
এবং স্বভরণাকল্যং তৎকলত্রাদয়স্তদা।
নাদ্রিয়ন্তে যথা পূর্ব্বং কীনাশা ইব গোজরম্ ॥ ১৩ ॥

অন্বয়

পুনঃ পুনঃ (বারবার) আরব্ধায়াং (আরব্ধ) বার্ত্তায়াং (জীবিকা) লুপ্যমানায়াং [সত্যাম্] (নিষ্ফল হইতে থাকিলে) নিঃসত্ত্বঃ (ধৈর্য্যহীন হইয়া জীব) লোভাভিভূতঃ (লোভাকৃষ্ট বলিয়া) পরার্থে স্পৃহাং কুরুতে (পরধনে আকাঙ্ক্ষা করিয়া থাকে) ॥১১॥

[পরধনলাভেও বিফল মনোরথ হইলে] বৃথোদ্যমঃ (বৃথা উদ্যমশীল), মন্দভাগ্যঃ (হতভাগ্য), শ্রিয়া বিহীনঃ (হতশ্রী), কৃপণঃ (কাতর) মূঢ়ধীঃ (সেই মূঢ়বুদ্ধি জীব) কুটুম্বভরণে (স্ত্রীপুত্রাদির পরিপোষণে) অকল্যঃ [সন্] (অসমর্থ হইয়া) ধ্যায়ন্ (চিন্তা করিতে করিতে) শ্বসিতি (দীর্ঘশ্বাস পরিত্যাগ করিতে থাকে) ॥১২॥

কীনাশাঃ (নির্দ্দয় কৃষক) গোজরম্ ইব (বৃদ্ধ বলীবর্দ্দকে যেমন পূর্ব্বের মত আদর করে না, সেইরূপ) এবং (এই প্রকার) স্বভরণাকল্যং (নিজ পরিজনপোষণে অসমর্থ গৃহীকে) তৎকলত্রাদয়ঃ (তাহার স্ত্রী-পুত্রাদি) তদা (সেই সময়ে) যথা পূর্ব্বং (পূর্ব্বের মত) ন আদ্রিয়ন্তে (আর আদর করে না) ॥১৩॥

অনুবাদ

জীব একবার জীবিকা অর্জ্জনে যত্নপর হইয়া যাহা অবলম্বন করে, তাহা বিনষ্ট হইলে আবার অপর জীবিকা অবলম্বন করে; এইরূপে পুনঃ পুনঃ আরব্ধ জীবিকা নিষ্ফল হইতে থাকিলে ধৈর্য্যহীন ও লোভাকৃষ্ট হইয়া জীব পরধনের আকাঙ্ক্ষা করিয়া থাকে ॥ ১১ ॥

পরধনলাভেও বিফল মনোরথ হইলে বৃথা উদ্যমশীল, হতভাগ্য, হতশ্রী ও কাতর সেই মূঢ়বুদ্ধি জীব স্ত্রীপুত্রাদির পরিপোষণে অসমর্থ হইয়া চিন্তা করিতে করিতে দীর্ঘশ্বাস পরিত্যাগ করিতে থাকে ॥ ১২ ॥

নির্দ্দয় কৃষক বৃদ্ধ বৃষকে যেমন পূর্ব্বের মত আদর ও যত্ন করে না, সেইরূপ পূর্ব্বোক্ত প্রকার নিজ পরিজনপোষণে অসমর্থ গৃহীকে তখন তাহার স্ত্রী ও পুত্রাদি পূর্ব্বের মত আর আদর যত্ন করে না ॥ ১৩ ॥

টীকা

তদুচ্ছিষ্টভুক্ ভবতি, অতিথ্যাদেস্তু কা কথা শ্বাদিভ্যোঽপি তদুচ্ছিষ্টমপি দাতুং নেচ্ছতীতি ভাবঃ ॥ ১০ ॥ পুনঃ পুনরারব্ধায়াং সম্পাদ্যমানায়ামপি বার্ত্তায়াং জীবিকায়াং সত্যাং নিঃসত্ত্বঃ গতধৈর্য্যঃ, যতো লোভাভিভূতঃ পরার্থে স্পৃহাং কুরুতে ॥ ১১ ॥ পরার্থালাভে সতি কুটুম্বভরণে অকল্যঃ অশক্তঃ শ্বসিতি রুদন্ ইব শ্বাসান্ মুঞ্চতি ॥ ১২ ॥ কীনাশাঃ কৃপণাঃ কৃষীকারাঃ গোজরং বৃদ্ধং বৃষমিব ॥ ১৩ ॥ তত্রাপি এবমনাদরেঽপি

তত্রাপ্যজাতনির্ব্বেদো ম্রিয়মাণঃ স্বয়ম্ভৃতৈঃ।
জরয়োপাত্তবৈরূপ্যো মরণাভিমুখো গৃহে ॥ ১৪ ॥
আস্তেঽবমত্যোপন্যস্তং গৃহপাল ইবাহরন্।
আময়াব্যপ্রদীপ্তাগ্নিরল্পাহারোঽল্পচেষ্টিতঃ ॥ ১৫ ॥
বায়ুনোৎক্রমতোত্তারঃ কফসংরুদ্ধনাড়িকঃ।
কাসশ্বাসকৃতায়াসঃ কণ্ঠে ঘুরঘুরায়তে ॥ ১৬ ॥

অন্বয়

তত্রাপি (এই প্রকার অনাদর করিলেও) অজাতনির্ব্বেদঃ (সংসারে বিরক্ত না হইয়া ঐ গৃহী) স্বয়ং ভৃতৈঃ (পূর্ব্বে যাহাদিগকে নিজে পরিপোষণ করিয়াছে, তাহাদিগকর্ত্তৃক) ম্রিয়মাণঃ (পালিত ও) জরয়োপাত্তবৈরূপ্যঃ (জরাহেতু বিরূপতা প্রাপ্ত হইয়া) গৃহে (সেই গৃহেই) মরণাভিমুখঃ [ভবতি] (মরণের অভিমুখী হইয়া থাকে) ॥ ১৪ ॥

[জরাগ্রস্ত হওয়ায় ঐ গৃহী] আময়াবী (রোগাক্রান্ত হয়) ; [অতএব] অপ্রদীপ্তাগ্নিঃ (মন্দাগ্নিযুক্ত অর্থাৎ পরিপাকশক্তিহীন), অল্পাহারঃ (অল্পাহারী), অল্পচেষ্টিতঃ (অল্পচেষ্টাযুক্ত অর্থাৎ আহার্য্যাদি আহরণে অসমর্থ হইয়া) অবমত্যা (অবজ্ঞার সহিত) উপন্যস্তং (স্ত্রীপুত্রাদিকর্ত্তৃক উপস্থাপিত অন্নাদি) গৃহপাল ইব (কুকুরের ন্যায়) আহরন্ (ভোজন করতঃ) আস্তে (অবস্থান করিয়া থাকে) ॥ ১৫ ॥

কফসংরুদ্ধনাড়িকঃ (নাড়ীসকল কফে সংরুদ্ধ হওয়ায় ঐ জীব) উৎক্রমতা বায়ুনা (অতিকষ্টে নিঃসৃত বায়ুর টানে) উত্তারঃ (উদ্‌গলিতনেত্র) [এবং] কাসশ্বাসকৃতায়াসঃ (কাস ও শ্বাস জনিত কষ্টে ক্লান্ত হইয়া) কণ্ঠে (গলায়) ঘুরঘুরায়তে ("ঘুর ঘুর" এইরূপ শব্দ করিতে থাকে) ॥১৬॥

অনুবাদ

এইরূপে স্ত্রীপুত্রাদি অনাদর করিলেও সংসারে বিরক্ত না হইয়া ঐ গৃহী পূর্ব্বে যাহাদিগকে নিজে পরিপোষণ করিয়াছে, তাহাদিগকর্ত্তৃক পালিত ও জরাহেতু বিরূপতা প্রাপ্ত হইয়া সেই গৃহেই মরণের অভিমুখী হইতে থাকে ॥ ১৪ ॥

জরাগ্রস্ত হওয়ায় ঐ গৃহী রোগাক্রান্ত হয় এবং পরিপাকশক্তিহীন, অল্পাহারী ও অল্পচেষ্টাযুক্ত অর্থাৎ আহার্য্যাদি আহরণে অসমর্থ হইয়া অবজ্ঞার সহিত স্ত্রীপুত্রাদিকর্ত্তৃক প্রদত্ত অন্নাদি কুকুরের ন্যায় ভোজন করতঃ অবস্থান করিয়া থাকে ॥ ১৫ ॥

অনন্তর নাড়ী সকল কফে সংরুদ্ধ হইলে ঐ গৃহী অতিকষ্টে শ্বাসপ্রশ্বাস ফেলিয়া বায়ুর টানে উদ্‌গলিতনেত্র এবং কাস ও শ্বাসজনিত কষ্টে ক্লান্ত হইয়া গলায় ঘুর্ ঘুর্ শব্দ করিতে থাকে ॥ ১৬ ॥

টীকা

ম্রিয়মাণঃ পাল্যমানঃ মরণাভিমুখো ভবতি।। ১৪ ॥ আময়াবী রোগী অতএব অপ্রদীপ্তাগ্নিঃ, অতএবাল্পাহারঃ অতএবাল্পচেষ্টিতঃ অবমত্যা অবজ্ঞয়া উপন্যস্তমন্নাদি আহরন্ ভুঞ্জন্ আস্তে ॥ ১৫ ॥ উৎক্রমতা কৃচ্ছ্রান্নিঃসরমাণেন উত্তারঃ উদ্‌গলিতনেত্রঃ কণ্ঠে ঘুরঘুরায়তে ঘুরঘুর ইত্যেবং শব্দং করোতি ॥ ১৬ ॥ পরিবীতঃ

শয়ানঃ পরিশোচদ্ভিঃ পরিবীতঃ স্ববন্ধুভিঃ।
বাচ্যমানোঽপি ন ব্রূতে কালপাশবশং গতঃ ॥ ১৭ ॥
এবং কুটুম্বভরণে ব্যাপৃতাত্মাজিতেন্দ্রিয়ঃ।
ম্রিয়তে রুদতাং স্বানামুরুবেদনয়াস্তধীঃ ॥ ১৮ ॥
যমদূতৌ তদা প্রাপ্তৌ ভীমৌ সরভসেক্ষণৌ।
স দৃষ্ট্বা ত্রস্তহৃদয়ঃ শকৃন্মূত্রং বিমুঞ্চতি ॥ ১৯ ॥
যাতনাদেহ আবৃত্য পাশৈর্ব্বদ্ধা গলে বলাৎ।
নয়তো দীর্ঘমধ্বানং দণ্ড্যং রাজভটা যথা ॥ ২০ ॥

অন্বয়

কালপাশবশং গতঃ (কালপাশের বশবর্ত্তী) শয়ানঃ (শয্যাশায়ী ঐ জীব) পরিশোচদ্ভিঃ (পরিতাপকারী) স্ববন্ধুভিঃ (আত্মীয়স্বজনগণকর্ত্তৃক) পরিবীতঃ (পরিবেষ্টিত হইয়া) বাচ্যমানঃ অপি (হে বন্ধো! হে পতি! ইত্যাদিরূপে আহূত হইলেও) ন ব্রূতে (কিছুই বলিতে পারে না) ॥১৭॥

কুটুম্বভরণে ব্যাপৃতাত্মা (জন্মাবধি আত্মীয়স্বজনের পরিপোষণে ব্যগ্রচিত্ত) অজিতেন্দ্রিয়ঃ (ও ইন্দ্রিয়াসক্ত ঐ গৃহী) [মরণসময়ে] এবং (এইরূপে) রুদতাং স্বানাং (রোদনকারী স্বজনগণের) উরুবেদনয়া (গুরুতর দুঃখে) অস্তধীঃ (জ্ঞানশূন্য হইয়া) ম্রিয়তে (মৃত্যুমুখে পতিত হইয়া থাকে) ॥ ১৮ ॥

তদা (মৃত্যুকালে) সরভসেক্ষণৌ (ক্রোধে আরক্তলোচন) ভীমৌ (ভয়ঙ্কর) যমদূতৌ (যমদূতদ্বয়কে) প্রাপ্তৌ দৃষ্ট্বা (সমাগত দর্শন করিয়া) সঃ (সেই ব্যক্তি) ত্রস্তহৃদয়ঃ (ভীতচিত্ত হইয়া) শকৃন্মূত্রং বিমুঞ্চতি (মলমূত্র পরিত্যাগ করিতে থাকে) ॥ ১৯ ॥

যথা (যেমন) রাজভটাঃ (রাজপুরুষগণ) দণ্ড্যং (দণ্ডার্হ ব্যক্তিকে) [বন্ধন করিয়া লইয়া যায়, সেইরূপ যমদূতদ্বয়] বলাৎ (বলপূর্ব্বক) যাতনাদেহে আবৃত্য (সেই ব্যক্তিকে যাতনাভোগ্য দেহে নিরুদ্ধ

অনুবাদ

কালপাশের বশবর্ত্তী অর্থাৎ মৃত্যুর কবলে পতিত শয্যাশায়ী ঐ গৃহী আত্মীয়স্বজনগণে পরিবেষ্টিত হইয়া হে বন্ধো! হে পিতঃ! ইত্যাদিরূপে আহূত হইলেও কিছুই বলিতে পারে না ॥ ১৭ ॥

অনন্তর জন্মাবধি আত্মীয়স্বজনের পরিপোষণে ব্যাপৃত ও ইন্দ্রিয়াসক্ত ঐ গৃহী মরণসময়ে এইরূপে রোদনকারী স্বজনগণের গুরুতরদুঃখে জ্ঞানশূন্য হইয়া মৃত্যুমুখে পতিত হইয়া থাকে ॥ ১৮ ॥

মৃত্যুকালে ক্রোধে আরক্তলোচন ভয়ঙ্কর যমদূতদ্বয়কে সমাগত দর্শন করিয়া সেই ব্যক্তি ভীতচিত্ত হইয়া মলমূত্র পরিত্যাগ করিয়া থাকে ॥ ১৯ ॥

যেমন রাজপুরুষগণ দণ্ডার্হ ব্যক্তিকে বলপূর্ব্বক বন্ধন করিয়া লইয়া যায়, সেইরূপ যমদূত-

টীকা

আবৃতঃ ॥ ১৭ ॥ ব্যাপৃতাত্মা জন্মপ্রভৃতি ব্যাপ্রিয়মাণবুদ্ধিঃ মরণবেলায়াং উরুবেদনয়া অস্তা মূর্চ্ছিতা বুদ্ধির্যস্য সঃ ॥ ১৮ ॥ পাপিনঃ পাপাং গতিমাহ—যমদূতাবিত্যাদি যাবদধ্যায়সমাপ্তি। সরভসে সক্রোধে

তয়োর্নির্ভিন্নহৃদয়স্তর্জ্জনৈর্জাতবেপথুঃ।
পথি শ্বভির্ভক্ষ্যমাণ আর্ত্তোঽঘং স্বমনুস্মরন্ ॥ ২১ ॥
ক্ষুত্তৃট্পরীতোঽর্কদবানলানিলৈঃ সন্তপ্যমানঃ পথি তপ্তবালুকে।
কৃচ্ছ্রেণ পৃষ্ঠে কষয়া চ তাড়িত-শ্চলত্যশক্তোঽপি নিরাশ্রমোদকে ॥২২॥
তত্র তত্র পতন্ শ্রান্তো মূর্চ্ছিতঃ পুনরুত্থিতঃ।
পথা পাপীয়সা নীতস্তমসা যমসাদনম্ ॥ ২৩ ॥

অন্বয়

করিয়া) গলে (ও গলদেশে) পাশৈঃ বদ্ধ্বা (পাশদ্বারা বন্ধন করিয়া) দীর্ঘম্ অধ্বানং (সুদীর্ঘ পথ) নয়তঃ (লইয়া যায়) ॥ ২০ ॥

তয়োঃ (সেই যমদূতদ্বয়ের) তর্জ্জনৈঃ (তর্জ্জনে) নির্ভিন্নহৃদয়ঃ (ব্যথিতচিত্ত) জাতবেপথুঃ (ও কম্পান্বিত কলেবর ঐ ব্যক্তি) পথি (পথিমধ্যে) শ্বভিঃ ভক্ষ্যমাণঃ আর্ত্তঃ [সন্] (কুকুরদংশনে কাতর হইয়া) স্বম্ অঘম্ (স্বকীয় পূর্ব্বকৃত পাপ) অনুস্মরন্ (স্মরণ করিতে করিতে) [চলতি] (চলিতে থাকে) ॥ ২১ ॥

[ঐ ব্যক্তি] ক্ষুত্তৃট্পরীতঃ (ক্ষুধাতৃষ্ণায় কাতর), অর্কদবানলানিলৈঃ (সূর্য্যকিরণ, দাবানল ও উষ্ণবায়ুদ্বারা) সন্তপ্যমানঃ (সন্তাপিত) পৃষ্ঠে কষয়া তাড়িতঃ চ (এবং পৃষ্ঠদেশে কষাঘাতে তাড়িত হইয়া) তপ্তবালুকে (উত্তপ্ত বালুকাময়) নিরাশ্রমোদকে পথি (বিশ্রামস্থানশূন্য ও জলশূন্য পথে) অশক্তঃ অপি (চলিতে অশক্ত হইলেও) কৃচ্ছ্রেণ (অতিদুঃখে) চলতি (চলিতে থাকে) ॥ ২২ ॥

[ঐ ব্যক্তি] তত্র তত্র (সেই সেই পথে) শ্রান্তঃ পতন্ মূর্চ্ছিতঃ (পরিশ্রান্ত, পতিত ও মূর্চ্ছিত হইয়া থাকে); পুনঃ উত্থিতঃ (পুনরায় উত্থিত হইয়া) [যমদূতদ্বয়কর্ত্তৃক] পাপীয়সা (বহুক্লেশপ্রদ) তমসা (অন্ধকারাচ্ছন্ন) পথা (পথে) যমসাদনং নীতঃ (যমালয়ে নীত হইয়া থাকে) ॥ ২৩ ॥

অনুবাদ

দ্বয় বলপূর্ব্বক সেই ব্যক্তিকে যাতনাভোগ্য দেহে নিরুদ্ধ করিয়া ও গলদেশে পাশদ্বারা বন্ধন করিয়া সুদীর্ঘ পথ লইয়া যায় ॥ ২০ ॥

তখন সেই যমদূতদ্বয়ের তর্জ্জনে ব্যথিতচিত্ত ও কম্পান্বিত কলেবর হইয়া ঐ ব্যক্তি পথিমধ্যে কুকুরদংশনে কাতর হইয়া পূর্ব্বকৃত পাপ স্মরণ করিতে করিতে চলিতে থাকে ॥ ২১ ॥

ঐ ব্যক্তি ক্ষুধাতৃষ্ণায় কাতর, সূর্য্যকিরণ, দাবানল ও উষ্ণ বায়ুদ্বারা সন্তাপিত এবং পৃষ্ঠদেশে কষাঘাতে তাড়িত হইয়া উত্তপ্ত বালুকাময় বিশ্রামস্থানশূন্য ও জলশূন্য পথে চলিতে অসমর্থ হইলেও অতিদুঃখে চলিতে থাকে ॥ ২২ ॥

এই প্রকারে ঐ ব্যক্তি সেই সেই পথে [চলিবার শক্তি নাই বলিয়া] পরিশ্রান্ত,

টীকা

ঈক্ষণে যয়োস্তৌ ॥ ১৯ ॥ যাতনাদেহে আবৃত্য সন্নিবেশ্য ॥ ২০ ॥ তয়োঃ তর্জ্জনৈঃ নির্ভিন্নং বিদীর্ণং হৃদয়ং যস্য সঃ, অশক্তোঽপি চলতীত্যুত্তরেণ সম্বন্ধঃ ॥ ২১ ॥ ক্ষুত্তৃড্ভ্যাং পরীতো ব্যাপ্তঃ অর্কশ্চ দাবানলশ্চ তৎসন্তপ্তো বায়ুশ্চ তৈস্তপ্তা বালুকা যস্মিন্, নির্গতঃ আশ্রমঃ উদকঞ্চ যস্মিন্ ॥ ২২ ॥

যোজনানাং সহস্রাণি নবতিং নব চাধ্বনঃ।
ত্রিভির্মুহূর্ত্তৈর্দ্বাভ্যাং বা নীতঃ প্রাপ্নোতি যাতনাঃ ॥ ২৪ ॥
আদীপনং স্বগাত্রাণাং বেষ্টয়িত্বোল্মুকাদিভিঃ।
আত্মমাংসাদনং ক্বাপি স্বকৃত্তং পরতোঽপি বা ॥ ২৫ ॥
জীবতশ্চান্ত্রাভ্যুদ্ধারং শ্বগৃধ্রৈর্যমসাদনে।
সর্পবৃশ্চিকদংশাদ্যৈর্দ্দশদ্ভিশ্চাত্মবৈশসম্ ॥ ২৬ ॥

অন্বয়

[ঐ ব্যক্তি যমদূতদ্বয়কর্ত্তৃক] যোজনানাং নবতিং সহস্রাণি নব চ (নিরানব্বই সহস্র যোজন) অধ্বনঃ (পথ) [পাপের তারতম্যানুসারে] ত্রিভিঃ মুহূর্ত্তৈঃ (তিন মুহূর্ত্তে) দ্বাভ্যাং বা (অথবা দুই মুহূর্ত্তে) নীতঃ (নীত হইয়া) যাতনাঃ প্রাপ্নোতি (যাতনা সকল প্রাপ্ত হইয়া থাকে) ॥ ২৪ ॥

[যমালয়ে নীত ব্যক্তি কোথাও] উল্মুকাদিভিঃ (জ্বলন্ত কাষ্ঠের দ্বারা) বেষ্টয়িত্বা (বেষ্টিত হইয়া) স্বগাত্রাণাং (নিজে) আদীপনং (দগ্ধ হইয়া থাকে), ক্বাপি (কোথাও) স্বকৃত্তং (স্বকর্ত্তিত) পরতঃ অপি বা (অথবা পরকর্ত্তিত) আত্মমাংসাদনং (নিজমাংস ভক্ষ্যরূপে প্রাপ্ত হইয়া থাকে অর্থাৎ নিজমাংস ভোজন করিয়া থাকে) ॥ ২৫ ॥

যমসাদনে (যমালয়ে) শ্বগৃধ্রৈঃ (কুকুর ও গৃধ্রগণ) জীবতঃ চ (সজীব অবস্থায়) অন্ত্রাভ্যুদ্ধারং (ঐ ব্যক্তির নাড়ী-সমূহ ছিঁড়িয়া ফেলে) দশদ্ভিঃ (এবং দংশনকারী) সর্পবৃশ্চিকদংশাদ্যৈঃ (সর্প, বৃশ্চিক ও মশকাদিদ্বারা) আত্মবৈশসং (ঐ ব্যক্তি দুঃখ প্রাপ্ত হইয়া থাকে) ॥ ২৬ ॥

অনুবাদ

পতিত ও মূর্চ্ছিত হইয়া থাকে ; পুনরায় উত্থিত হইয়া যমদূতদ্বয়কর্ত্তৃক বহুক্লেশপ্রদ অন্ধকারাচ্ছন্ন পথে যমালয়ে নীত হইয়া থাকে ॥ ২৩ ॥

ঐ ব্যক্তি যমদূতদ্বয়কর্ত্তৃক নিরানব্বই সহস্র যোজন পথ পাপের তারতম্যানুসারে তিন মুহূর্ত্তে অথবা দুই মুহূর্ত্তে নীত হইয়া বক্ষ্যমাণরূপে যমালয়ে যাতনা সকল প্রাপ্ত হইয়া থাকে ॥ ২৪ ॥

[যমযাতনা বলিতেছেন]—যমালয়ে নীত ব্যক্তি কোনও স্থানে জ্বলন্ত কাষ্ঠের দ্বারা বেষ্টিত হইয়া দগ্ধ হইতে থাকে অর্থাৎ ঐ পাপীর দেহ দগ্ধ হইতে থাকে এবং কোথাও স্বকর্ত্তিত বা পরকর্ত্তিত নিজমাংস ভক্ষ্যরূপে প্রাপ্ত হইয়া থাকে অর্থাৎ নিজমাংস ভোজন করিয়া থাকে॥ ২৫ ॥

কুকুর ও গৃধ্রগণ ঐ সজ্ঞানী ব্যক্তির নাড়ীসমূহ টানিয়া বাহির করিয়া লয় এবং দংশনকারী সর্প, বৃশ্চিক ও মশকাদিদ্বারা ঐ ব্যক্তি ক্লেশ প্রাপ্ত হইয়া থাকে ॥ ২৬ ॥

টীকা

তমসা নিষ্প্রকাশেন পাপীয়সা বহুক্লেশদেন পথা যমস্য সাদনমালয়ং নীতো ভবতি ॥ ২৩ ॥ দীর্ঘমধ্বানমিত্যুক্তস্যাধ্বনঃ একদেশগতানি পাপতারতম্যেন ত্রিভির্দ্বাভ্যাং বা নবতিং নব চ সহস্রাণি নীতঃ অনেন ক্রমেন যাতনাঃ প্রাপ্নোতি ॥ ২৪ ॥ যাতনা এবাহ—আদীপনমিতি চতুর্ভিঃ। তত্র স্বগাত্রাণামাদীপনং জ্বলনং প্রাপ্নোতি, কৃত্তং ছিন্নং যদাত্মনো মাংসং তস্য অদনং ভক্ষণং চ ॥ ২৫ ॥ অন্ত্রাণামভ্যুদ্ধারো নিঃসারণং

কৃন্তনঞ্চাবয়বশো গজাদিভ্যো ভিদাপনম্ ।
পাতনং গিরিশৃঙ্গেভ্যো রোধনঞ্চাম্বুগর্ত্তয়োঃ ॥ ২৭ ॥
যাস্তামিস্রান্ধতামিস্ররৌরবাদ্যাশ্চ যাতনাঃ ।
ভুঙ্‌ক্তে নরো বা নারী বা মিথঃ সঙ্গেন নির্ম্মিতাঃ ॥২৮॥
অত্রৈব নরকঃ স্বর্গ ইতি মাতঃ ! প্রচক্ষ্যতে ।
যা যাতনা বৈ নারক্যস্তা ইহাপ্যুপলক্ষিতাঃ ॥ ২৯ ॥
এবং কুটুম্বং বিভ্রাণ উদরম্ভর এব বা ।
বিসৃজ্যেহোভয়ং প্রেত্য ভুঙ্‌ক্তে তৎফলমীদৃশম্ ॥৩০॥

অন্বয়

অবয়বশঃ (ঐ ব্যক্তি শরীরের প্রত্যেক অবয়বের) কৃন্তনং চ (ছেদন), গজাদিভ্যঃ (গজাদির) ভিদাপনম্ (পাদপেষণ), গিরিশৃঙ্গেভ্যঃ (পর্ব্বতের চূড়া হইতে) পাতনং (পতন) অম্বুগর্ত্তয়োঃ (এবং জল ও গর্ত্তমধ্যে) রোধনম্ (অবরোধ) [প্রাপ্ত হইয়া থাকে] ॥ ২৭ ॥

মিথঃ (পরস্পর) সঙ্গেন (পাপসংসর্গে) নির্ম্মিতাঃ (অর্জ্জিত) যাঃ চ তামিস্রান্ধতামিস্ররৌরবাদ্যাঃ (যে সকল তামিস্র, অন্ধতামিস্র ও রৌরব প্রভৃতি) যাতনাঃ (নরকযাতনা) [আছে], [তাঃ] (সেই সকল নরকযাতনা) নরঃ বা নারী বা (সেই যমালয়ে নীত ব্যক্তি নরই হউক কি নারীই হউক) ভুঙ্‌ক্তে (ভোগ করিয়া থাকে) ॥ ২৮ ॥

মাতঃ ! (হে জননি !) অত্রৈব (এই লোকেই) নরকঃ স্বর্গঃ ইতি প্রচক্ষ্যতে (নরক ও স্বর্গ বর্ত্তমান ইহা পণ্ডিতগণ বলিয়া থাকেন) । যাঃ বৈ নারক্যঃ যাতনাঃ (আর যে সকল নরকযাতনা) [কথিত হইল], তাঃ অপি (সেই সকলও) ইহ (এই লোকেই) উপলক্ষিতাঃ (দেখা যায়) ॥ ২৯ ॥

এবং (এইরূপে) কুটুম্বং বিভ্রাণঃ (কুটুম্বপোষণকারী) উদরম্ভরঃ এব বা (অথবা নিজ উদর

অনুবাদ

ঐ ব্যক্তি শরীরের প্রত্যেক অবয়বের ছেদন, গজাদির পাদপেষণ, পর্ব্বতের চূড়া হইতে পতন, জল ও গর্ত্তমধ্যে অবরোধ প্রাপ্ত হইয়া থাকে ॥ ২৭ ॥

পরস্পর পাপসংসর্গে অর্জ্জিত যে সকল তামিস্র, অন্ধতামিস্র ও রৌরব প্রভৃতি নরকযাতনা আছে, যমালয়ে নীত ব্যক্তি নরই হউক কি নারীই হউক সেই সকল ভোগ করিয়া থাকে ॥ ২৮ ॥

হে জননি ! এই লোকেই নরক ও স্বর্গ বর্ত্তমান আছে ইহা পণ্ডিতগণ বলিয়া থাকেন ; আর যে সকল নরকযাতনা কথিত হইল, সেই সকলও এই লোকেই দেখা যায় ॥ ২৯ ॥

এইরূপে কুটুম্বপোষণকারী অথবা নিজ উদরপোষণে ব্যগ্র ব্যক্তি মরিয়া এই লোকেই সেই দেহ ও কুটুম্ব পরিত্যাগ করিয়া পূর্ব্বোক্ত প্রকার পাপের ফল ভোগ করিয়া থাকে ॥ ৩০ ॥

টীকা

যন্তমপি প্রাপ্নোতি, আত্মনো বৈশসং পীড়াম্ ॥ ২৬ ॥ ভিদাপনম্ ছেদপ্রাপণম্ ॥ ২৭ ॥ ২৮ ॥ ২৯ ॥ ইহ

একঃ প্রপদ্যতে ধ্বান্তং হিত্বেদং স্বং কলেবরম্।
কুশলেতরপাথেয়ো ভূতদ্রোহেণ যদ্‌ভৃতম্ ॥ ৩১ ॥
দৈবেনাসাদিতং তস্য শমলং নিরয়ে পুমান্।
ভুঙ্‌ক্তে কুটুম্বপোষস্য হৃতচিত্ত ইবাতুরঃ ॥ ৩২ ॥
কেবলেন হ্যধর্ম্মেণ কুটুম্বভরণোৎসুকঃ।
যাতি জীবোঽন্ধতামিস্রং চরমং তমসঃ পদম্ ॥৩৩॥

অন্বয়

পোষণে ব্যগ্র ব্যক্তি) প্রেত্য (মরিয়া) ইহ (এই লোকেই) উভয়ং (দেহ ও কুটুম্ব) বিসৃজ্য (পরিত্যাগ করিয়া) ঈদৃশং তৎফলং (পূর্ব্বোক্ত প্রকার পাপের ফল) ভুঙ্‌ক্তে (ভোগ করিয়া থাকে) ॥ ৩০ ॥

[ঐ পাপী] ভূতদ্রোহেণ (প্রাণীহিংসাদ্বারা) যৎ ভৃতং (যে দেহের পুষ্টি সাধন করিয়াছে), [মৃত্যুকালে] ইদং স্বং কলেবরং (সেই নিজ দেহ) হিত্বা (পরিত্যাগ করিয়া) একঃ কুশলেতর-পাথেয়ঃ (একাকী পাপরূপ পাথেয় লইয়া) ধ্বান্তং প্রপদ্যতে (নরক প্রাপ্ত হইয়া থাকে) ॥ ৩১ ॥

পুমান্ (ঐ পাপী পুরুষ) হৃতচিত্তঃ আতুরঃ ইব (বিমুগ্ধ কাতরের ন্যায়) নিরয়ে (নরকে) দৈবেন আসাদিতং (ঈশ্বরপ্রদত্ত) তস্য কুটুম্বপোষস্য (সেই কুটুম্বভরণপোষণের) শমলং (পাপসকল) ভুঙ্‌ক্তে (ভোগ করিয়া থাকে) ॥ ৩২ ॥

কেবলেন অধর্ম্মেণ হি (কেবল অধর্ম্মের দ্বারাই) কুটুম্বভরণোৎসুকঃ (কুটুম্বগণের ভরণপোষণে রত) জীবঃ (পুরুষ) তমসঃ (নরকের) চরমং পদং (চরম অবস্থা) অন্ধতামিস্রং যাতি (অন্ধতামিস্র প্রাপ্ত হইয়া থাকে) ॥ ৩৩ ॥

অনুবাদ

ঐ পাপী প্রাণীহিংসাদ্বারা যে দেহের পুষ্টিসাধন করিয়াছে, মৃত্যুকালে সেই নিজদেহ পরিত্যাগ করিয়া একাকী পাপরূপ পাথেয় লইয়া ঘোর নরক প্রাপ্ত হইয়া থাকে ॥ ৩১ ॥

ঐ পাপী পুরুষ মুগ্ধ আতুরের ন্যায় নরকে ঈশ্বরবিহিত সেই কুটুম্বভরণপোষণের পাপ-সকল ভোগ করিয়া থাকে ॥ ৩২ ॥

কেবল অধর্ম্মের দ্বারা কুটুম্বগণের ভরণপোষণে যে ব্যক্তি রত থাকে, সেই ব্যক্তি নরকের চরম অবস্থা অন্ধতামিস্র প্রাপ্ত হইয়া থাকে ॥ ৩৩ ॥

টীকা

অত্রৈব উভয়ং দেহং কুটুম্বঞ্চ বিসৃজ্য ঈদৃশং তৎফলং ভুঙ্‌ক্তে ॥ ৩০ ॥ ভূতদ্রোহেণ যদ্‌ভৃতং তদিদং কলেবরং ইহৈব হিত্বা কুশলেতরং পাপমেব পাথেয়ং পথি ভোগ্যং যস্য সঃ একস্ত্যক্তকুটুম্বঃ ধ্বান্তং নরকং প্রপদ্যতে প্রাপ্নোতি ॥ ৩১ ॥ তস্য ভূতদ্রোহেণ কুটুম্বপোষস্য শমলং পাপং দৈবেনেশ্বরেণ আসাদিতমর্পিতং ভুঙ্‌ক্তে ॥ ৩২ ॥ তমসো নরকস্য চরমমবধিভূতং পদং স্থানমন্ধতামিস্রং কেবলেনাধর্ম্মেণ যাতি, অর্দ্ধমিশ্রিতাধর্ম্মেণ তু তত্তারতম্যানুরোধেন তমসঃ পদানি যাতীতি ভাবঃ ॥ ৩৩ ॥ নরলোকস্য নরদেহ-

অধস্তান্নরলোকস্য যাবতীর্যাতনাস্তু তাঃ।
ক্রমশঃ সমনুক্রম্য পুনরত্রাব্রজেচ্ছুচিঃ ॥ ৩৪ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে কাপিলেয়ে কর্ম্মবিপাকো নাম ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩০ ॥

অন্বয়

[হে মাতঃ !] নরলোকস্য (নরদেহপ্রাপ্তির) অধস্তাৎ (পূর্ব্বে) যাবতীঃ যাতনাঃ (কুকুরশূকরাদি যে সকল যাতনাময় যোনি আছে), তাঃ তু (নিজ নিজ পাপানুসারে সেই সকল) ক্রমশঃ সমনুক্রম্য (ক্রমশঃ প্রাপ্ত হইয়া) [ভোগ করিতে করিতে] শুচিঃ [সন্] (পবিত্র হইয়া) পুনঃ অত্র আব্রজেৎ (পুনরায় এই নরজন্ম প্রাপ্ত হইয়া থাকে) ॥ ৩৪ ॥

অনুবাদ

হে মাতঃ ! অনন্তর ঐ পাপী নরদেহ প্রাপ্তির পূর্ব্বে কুকুরশূকরাদি যে সকল যাতনাময় যোনি আছে, নিজ নিজ পাপানুসারে সেই সকল যোনি ক্রমশঃ প্রাপ্ত হইয়া ভোগ করিতে করিতে পবিত্র হইয়া অর্থাৎ পাপশূন্য হইয়া পুনরায় এই নরলোক প্রাপ্ত হইয়া থাকে ॥ ৩৪ ॥

ত্রিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ৩০ ॥

টীকা

প্রাপ্তেঃ অধস্তাদর্ব্বাক্ যাবত্যো যাতনা আদিনা শূকরাদিযোনয়ঃ তাঃ স্বপাপানুরূপাঃ ক্রমেণ সম্প্রাপ্য ভোগেন ক্ষীণপাপঃ শুচিঃ সন্ অত্র পুনর্নরলোকং ব্রজেৎ ॥ ৩৪ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে তৃতীয়স্কন্ধে শ্রীমচ্ছুকদেবকৃতসিদ্ধান্তপ্রদীপে ত্রিংশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ৩০ ॥

একত্রিংশোঽধ্যায়ঃ

শ্রীভগবানুবাচ

কর্ম্মণা দৈবনেত্রেণ জন্তুর্দেহোপপত্তয়ে।
স্ত্রিয়াঃ প্রবিষ্ট উদরং পুংসো রেতঃকণাশ্রয়ঃ ॥ ১ ॥
কললন্ত্বেকরাত্রেণ পঞ্চরাত্রেণ বুদ্বুদম্।
দশাহেন তু কর্কন্ধুঃ পেশ্যণ্ডং বা ততঃ পরম্ ॥ ২ ॥
মাসেন তু শিরো দ্বাভ্যাং বাহ্বঙ্ঘ্র্যাদ্যঙ্গবিগ্রহঃ।
নখলোমাস্থিচর্ম্মাণি লিঙ্গচ্ছিদ্রোদ্ভবস্ত্রিভিঃ ॥ ৩ ॥

অন্বয়

[এই একত্রিংশ অধ্যায়ে দেহপ্রাপ্তিরূপ গতি ও গর্ভজন্মাদি ক্লেশ বর্ণিত হইতেছে] শ্রীভগবান্ উবাচ (ভগবান্ কপিলদেব বলিলেন) [হে মাতঃ !] জন্তুঃ (জীব) দৈবনেত্রেণ (ঈশ্বরপ্রবর্ত্তিত) কর্ম্মণা (কর্ম্মের দ্বারা) দেহোপপত্তয়ে (দেহধারণের নিমিত্ত) পুংসঃ (পুরুষের) রেতঃকণাশ্রয়ঃ (বীর্য্যবিন্দু আশ্রয় করিয়া) স্ত্রিয়াঃ (স্ত্রীর) উদরং প্রবিষ্টঃ (উদরে প্রবেশ করিয়া থাকে) ॥ ১ ॥

একরাত্রেণ তু (প্রথম রাত্রিতে) কললং (শুক্র ও শোণিতের মিশ্রণ), পঞ্চরাত্রেণ (পাঁচ রাত্রিতে) বুদ্বুদম্ (বুদ্বুদ অর্থাৎ বর্ত্তুলাকার), দশাহেন তু (দশদিনে) কর্কন্ধুঃ (বদরীফলের মত কঠিন), ততঃ পরম্ (অনন্তর) পেশী (মাংসপিণ্ডাকার) অণ্ডং বা (অথবা পক্ষী প্রভৃতি যোনিতে ডিম্বের আকার হইয়া থাকে) ॥ ২ ॥

মাসেন তু (একমাসে) শিরঃ (মস্তক), দ্বাভ্যাং (দুইমাসে) বাহ্বঙ্ঘ্র্যাদ্যঙ্গবিগ্রহঃ (হস্তপদাদি

অনুবাদ

ভগবান্ কপিলদেব বলিলেন—হে মাতঃ! জীব ঈশ্বরপ্রবর্ত্তিত কর্ম্মের দ্বারা দেহ ধারণের নিমিত্ত পুরুষের বীর্য্য আশ্রয় করিয়া স্ত্রীর উদরে প্রবেশ করিয়া থাকে ॥ ১ ॥

ঐ বীর্য্য গর্ভে প্রবিষ্ট হইয়া প্রথম রাত্রিতে শুক্র ও শোণিতের মিশ্রণ, পাঁচ রাত্রিতে বুদ্বুদ অর্থাৎ বর্ত্তুলাকার, দশদিনে বদরীফলের মত কঠিন, অনন্তর মাংসপিণ্ডাকার অথবা পক্ষি প্রভৃতি যোনিতে ডিম্বের আকারে বর্দ্ধিত হইয়া থাকে ॥ ২ ॥

ঐ জীবের একমাসে মস্তক, দুইমাসে হস্তপদাদি অঙ্গবিভাগ, তিনমাসে নখ, লোম, অস্থি, চর্ম্ম, লিঙ্গ ও ছিদ্র সকল উদ্ভূত হইয়া থাকে ॥ ৩ ॥

টীকা

একত্রিংশে বিমিশ্রপুণ্যপাপনিমিত্ততঃ মনুষ্যদেহপ্রাপ্তিরূপাং গতিমাহ। পুনরত্র আব্রজেৎ ইত্যুক্তম্, তস্য গর্ভবাসাদিকং বর্ণয়তি—কর্ম্মণেত্যাদিনা। দৈবমীশ্বরো নেত্রং প্রবর্ত্তকং যস্য তেন পূর্ব্বকৃতেন স্বকর্ম্মণা ॥ ১ ॥ কলিলং শুক্রশোণিতমিশ্রিতম্, বুদ্বুদং বর্ত্তুলাকারং, কর্কন্ধুঃ বদরীফলাকারম্, অতঃ পরং দশাহাদুপরি পেশী মাংসপিণ্ডম্ পক্ষিণ্যাদিগর্ভে বা অণ্ডং ভবতি ॥ ২ ॥ বাহ্বাদ্যঙ্গানাং বিগ্রহো

চতুর্ভির্ধাতবঃ সপ্ত পঞ্চভিঃ ক্ষুত্তৃড়ুদ্ভবঃ।
ষড়্ভির্জ্জরায়ুণা বীতঃ কুক্ষৌ ভ্রাম্যতি দক্ষিণে ॥ ৪ ॥
মাতুর্জ্জগ্ধান্নপানাদ্যৈরেধদ্ধাতুরসম্মতে।
শেতে বিণ্মূত্রয়োর্গর্ত্তে স জন্তুর্জন্তুসম্ভবে ॥ ৫ ॥
কৃমিভিঃ ক্ষতসর্ব্বাঙ্গঃ সৌকুমার্য্যাৎ প্রতিক্ষণম্।
মূর্চ্ছামাপ্নোত্যুরুক্লেশস্তত্রত্যৈঃ ক্ষুধিতৈর্ম্মুহুঃ ॥ ৬ ॥

অন্বয়

অঙ্গবিভাগ), ত্রিভিঃ (তিন মাসে) নখলোমাস্থিচর্ম্মাণি (নখ, লোম, অস্থি, চর্ম্ম), লিঙ্গছিদ্রোদ্ভবঃ (লিঙ্গ ও ছিদ্র সকল উদ্ভূত হইয়া থাকে) ॥ ৩ ॥

চতুর্ভিঃ (চারি মাসে) সপ্ত ধাতবঃ (ত্বক্, মাংস, রুধির, মেদ, মজ্জা, অস্থি ও শুক্র এই সপ্ত ধাতু), পঞ্চভিঃ (পাঁচ মাসে) ক্ষুত্তৃড়ুদ্ভবঃ (ক্ষুধা ও তৃষ্ণার উদ্ভব হইয়া থাকে); ষড়্ভিঃ (ছয় মাসে) জরায়ুণা বীতঃ (জরায়ুদ্বারা আবৃত হইয়া) দক্ষিণে কুক্ষৌ (দক্ষিণ কুক্ষিতে) ভ্রাম্যতি (পরিভ্রমণ করিয়া থাকে) ॥ ৪ ॥

সঃ জন্তুঃ (সেই জীব) মাতুঃ (জননীর) জগ্ধান্নপানাদ্যৈঃ (ভক্ষিত অন্নপানাদির দ্বারা) এধদ্ধাতুঃ (ক্রমবৃদ্ধিপ্রাপ্ত সপ্তধাতুসমন্বিত হইয়া) জন্তুসম্ভবে (কৃমিসমূহের উৎপত্তিস্থান) অসম্মতে (অনভিলষিত) বিণ্মূত্রয়োঃ গর্ত্তে (বিষ্ঠামূত্রের গর্ত্তে) শেতে (অবস্থান করিয়া থাকে) ॥ ৫ ॥

[ঐ জীব] প্রতিক্ষণং (প্রতিক্ষণে) তত্রত্যৈঃ (সেই গর্ভমধ্যস্থ) ক্ষুধিতৈঃ (ক্ষুধিত) [ও দংশনকারী] কৃমিভিঃ (কৃমিসমূহের দ্বারা) সৌকুমার্য্যাৎ (স্বীয় অঙ্গের কোমলতাহেতু) ক্ষতসর্ব্বাঙ্গঃ (ক্ষতবিক্ষত) উরুক্লেশঃ (ও অত্যন্ত যাতনাযুক্ত হইয়া) মুহুঃ (বার বার) মূর্চ্ছাম্ আপ্নোতি (মূর্চ্ছা প্রাপ্ত হইয়া থাকে) ॥ ৬ ॥

অনুবাদ

ঐ জীবের চারিমাসে ত্বক্, মাংস, রুধির, মেদ, মজ্জা, অস্থি ও শুক্র এই সপ্ত ধাতু ও পাঁচমাসে ক্ষুধাতৃষ্ণার উদ্ভব হইয়া থাকে এবং ঐ জীব ছয়মাসে জরায়ুদ্বারা আবৃত হইয়া দক্ষিণ কুক্ষিতে পরিভ্রমণ করিয়া থাকে ॥ ৪ ॥

সেই জীব জননীর ভক্ষিত অন্নপানাদির দ্বারা ক্রমবৃদ্ধিপ্রাপ্ত সপ্তধাতুসমন্বিত হইয়া কৃমিসমূহের উৎপত্তিস্থান ও অনভিলষিত বিষ্ঠামূত্রের গর্ত্তে অবস্থান করিয়া থাকে ॥ ৫ ॥

তখন জীব প্রতিক্ষণে সেই গর্ভমধ্যস্থ ক্ষুধিত ও দংশনকারী কৃমিসমূহের দ্বারা স্বীয় অঙ্গের কোমলতাহেতু ক্ষতবিক্ষত ও অত্যন্ত যাতনাযুক্ত হইয়া বারবার মূর্চ্ছা প্রাপ্ত হইয়া থাকে ॥ ৬ ॥

টীকা

বিভাগো ভবতি ॥ ৩ ॥ জরায়ুণা উল্বেন বীতো বেষ্টিতঃ ॥ ৪ ॥ এধমানা ধাতবো যস্য সঃ জন্তূনাং

কটুতীক্ষ্ণোষ্ণলবণরূক্ষাম্লাদিভিরুল্বণৈঃ।
মাতৃভুক্তৈরুপস্পৃষ্টঃ সর্ব্বাঙ্গোত্থিতবেদনঃ ॥ ৭ ॥
উল্বেন সংবৃতস্তস্মিন্নন্ত্রৈশ্চ বহিরাবৃতঃ।
আস্তে কৃত্বা শিরঃ কুক্ষৌ ভুগ্নপৃষ্ঠশিরোধরঃ ॥
অকল্যঃ স্বাঙ্গচেষ্টায়াং শকুন্ত ইব পঞ্জরে ॥ ৮ ॥
তত্র লব্ধস্মৃতির্দৈবাৎ কর্ম্ম জন্মশতোদ্ভবম্।
স্মরন্ দীর্ঘমনুচ্ছ্বাসং শর্ম্ম কিং নাম বিন্দতে ॥ ৯ ॥

অন্বয়

[ঐ জীব] মাতৃভুক্তৈঃ (মাতৃভুক্ত) উল্বণৈঃ (দুঃসহনীয়) কটুতীক্ষ্ণোষ্ণলবণরূক্ষাম্লাদিভিঃ (কটু, তীক্ষ্ণ, উষ্ণ, লবণ, রূক্ষ, অম্ল প্রভৃতি পদার্থের) উপস্পৃষ্টঃ (স্পর্শে) সর্ব্বাঙ্গোত্থিতবেদনঃ (সর্ব্বাঙ্গে বেদনা অনুভব করিয়া) [অবস্থান করে। পরের সহিত অন্বয়] ॥ ৭ ॥

তস্মিন্ (সেই গর্ভে) উল্বেন (জরায়ুদ্বারা) সংবৃতঃ (সমাবৃত) অন্ত্রৈঃ চ (ও নাড়ীসমূহের দ্বারা) বহিঃ আবৃতঃ (জরায়ুর বহির্ভাগে আবৃত হইয়া) কুক্ষৌ শিরঃ কৃত্বা (কুক্ষিদেশে মস্তক রাখিয়া) ভুগ্নপৃষ্ঠশিরোধরঃ (বক্রপৃষ্ঠ ও বক্রগ্রীব হইয়া) [ঐ জীব] স্বাঙ্গচেষ্টায়াং (নিজের অঙ্গ সঞ্চালনে) অকল্যঃ (অসমর্থ হয় এবং) পঞ্জরে শকুন্তঃ ইব (পিঞ্জরস্থিত পক্ষীর ন্যায়) আস্তে (অবস্থান করিতে থাকে) ॥ ৮ ॥

[ঐ জীব] তত্র (সেই গর্ভে) দৈবাৎ (ভগবদনুগ্রহে) লব্ধস্মৃতিঃ (পূর্ব্বকর্ম্মের স্মৃতি প্রাপ্ত হইয়া) জন্মশতোদ্ভবং (শত শত জন্মের সঞ্চিত) কর্ম্ম স্মরন্ (কর্ম্মসমূহ স্মরণ করিয়া) দীর্ঘম্ অনুচ্ছ্বাসং (ও দীর্ঘকাল শ্বাসরহিত অবস্থায় তথায় অবস্থান করিয়া) কিং নাম শর্ম্ম বিন্দতে ? (কোনও সুখ লাভ করিয়া থাকে কি ? অর্থাৎ কোন সুখই লাভ করিতে পারে না) ॥ ৯ ॥

অনুবাদ

ঐ জীব মাতৃভুক্ত দুঃসহনীয় কটু, তীক্ষ্ণ, উষ্ণ, লবণ, রূক্ষ ও অম্ল প্রভৃতি পদার্থের স্পর্শহেতু সর্ব্বাঙ্গে বেদনা অনুভব করিয়া অবস্থান করে ॥ ৭ ॥

সেই গর্ভে জরায়ুদ্বারা সমাবৃত ও নাড়ীসমূহের দ্বারা জরায়ুর বহির্ভাগেও আবৃত হইয়া কুক্ষিদেশে মস্তক রাখিয়া ঐ জীব বক্রপৃষ্ঠ ও বক্রগ্রীব হইয়া থাকে এবং নিজের অঙ্গ-সঞ্চালনে অসমর্থ হইয়া পিঞ্জরস্থিত পক্ষীর ন্যায় অবস্থান করিতে থাকে ॥ ৮ ॥

জীব ভগবদনুগ্রহে পূর্ব্ব পূর্ব্ব কর্ম্মের স্মৃতি প্রাপ্ত হইয়া শত শত জন্মসঞ্চিত কর্ম্ম সকল স্মরণ করিয়া দীর্ঘকাল শ্বাসরহিত অর্থাৎ অবশপ্রায় হইয়া তথায় অবস্থান করে ; ঐ অবস্থায় জীব কি সুখই বা লাভ করিয়া থাকে ? অর্থাৎ কোন সুখই লাভ করিতে পারে না ॥ ৯ ॥

টীকা

কৃমীণাং সম্ভবঃ যস্মিন্ ॥ ৫ ॥ ৬ ॥ উল্বণৈঃ দুঃসহৈঃ উপস্পৃষ্টঃ আস্তে ইত্যুত্তরেণান্বয়ঃ ॥ ৭ ॥ ভুগ্নং নম্রীভূতং পৃষ্ঠং শিরোধরা গ্রীবা চ যস্য সঃ পঞ্জরে শকুন্তঃ পক্ষী যথা স্বাঙ্গচেষ্টায়ামকল্যঃ অসমর্থঃ ॥ ৮ ॥ তত্র গর্ভে দৈবাৎ পরমেশ্বরাৎ লব্ধস্মৃতিঃ জন্মশতসঞ্চিতং কর্ম্ম স্মরন্ দীর্ঘমনুচ্ছ্বাসং যথা স্যাৎ তথা স্থিতঃ

আরভ্য সপ্তমান্মাসাল্লব্ধবোধোঽপি বেপিতঃ।
নৈকত্রাস্তে সূতিবাতৈর্বিষ্ঠাভূরিব সোদরঃ॥ ১০॥
নাথমান ঋষির্ভীতঃ সপ্তবধ্রিঃ কৃতাঞ্জলিঃ।
স্তবীত তং বিক্লবয়া বাচা যেনোদরেঽর্পিতঃ॥ ১১॥

জীব উবাচ

তস্যোপসন্নমবিতুং জগদিচ্ছয়াত্ত-নানাতনোর্ভুবি চলচ্চরণারবিন্দম্।
সোঽহং ব্রজামি শরণং হ্যকুতোভয়ং মে যেনেদৃশী গতিরদর্শ্যসতোঽনুরূপা॥ ১২॥

অন্বয়

[অনন্তর] সপ্তমাৎ মাসাৎ আরভ্য (সপ্তম মাস হইতে) লব্ধবোধঃ অপি (জ্ঞানলাভ হইলেও) সূতিবাতৈঃ (প্রসববায়ুদ্বারা) বেপিতঃ (পরিচালিত হইয়া ঐ জীব) সোদরঃ (একই উদরে জাত) বিষ্ঠাভূঃ ইব (কৃমির ন্যায়) একত্র ন আস্তে (একস্থানে স্থির থাকিতে পারে না)॥ ১০॥

[অনন্তর ভগবদনুগ্রহে জ্ঞানলাভ করিয়া] সপ্তবধ্রিঃ ঋষিঃ (সপ্তধাতুর বন্ধনে বদ্ধ ঐ জীব) ভীতঃ (পুনরায় গর্ভবাসভয়ে ভীত) নাথমানঃ (ও প্রার্থী হইয়া) যেন উদরে অর্পিতঃ (যে ভগবান্ মাতৃগর্ভে স্থাপন করিয়াছেন), তং (সেই ভগবান্‌কে) কৃতাঞ্জলিঃ (কৃতাঞ্জলিপুটে) বিক্লবয়া বাচা (গদ্‌গদবাক্যে) স্তবীত (স্তব করিতে থাকে)॥ ১১॥

জীবঃ উবাচ (জীব বলিতে থাকে) যেন (যাঁহাকর্ত্তৃক) অসতঃ (দুষ্ট) মে (আমার) অনুরূপা ঈদৃশী গতিঃ (অনুরূপ এই প্রকার গতি) অদর্শি (বিহিত হইয়াছে) উপসন্নং জগৎ (ও এই জগৎ) অবিতুম্ ইচ্ছয়া (রক্ষা করিবার নিমিত্ত স্বেচ্ছায়) আত্তনানাতনোঃ (যিনি নানামূর্ত্তি গ্রহণ করিয়া থাকেন), তস্য (সেই ভগবানের) অকুতোভয়ং (অভয়) ভুবি চলচ্চরণারবিন্দং (ভূমিসঞ্চারী চরণারবিন্দ) সঃ অহং (তাদৃশ দুঃখী আমি) শরণং ব্রজামি হি (আশ্রয় গ্রহণ করিলাম)॥ ১২॥

অনুবাদ

অনন্তর সপ্তম মাস হইতে জ্ঞানলাভ হইলেও প্রসববায়ুর দ্বারা পরিচালিত হইয়া ঐ জীব একই উদরে জাত কৃমিসমূহের ন্যায় একস্থানে স্থির থাকিতে পারে না অর্থাৎ নড়াচড়া করিতে থাকে॥ ১০॥

অনন্তর ভগবদনুগ্রহে জ্ঞানলাভ করিয়া সপ্তধাতুর বন্ধনে বদ্ধ ঐ জীব পুনরায় গর্ভবাসভয়ে ভীত হইয়া যে ভগবান্ মাতৃগর্ভে স্থাপন করিয়াছেন, সেই ভগবান্‌কে কৃতাঞ্জলিপুটে গদ্‌গদবাক্যে স্তব করিতে থাকে॥ ১১॥

জীব বলিতে থাকে—আমি অধম ; যিনি আমার পাপের অনুরূপ এই প্রকার গতি বিধান

টীকা

সন্ শর্ম্ম সুখং কিং নাম বিন্দতে ? ন কিমপি॥ ৯॥ সূতিবাতৈর্বেপিতঃ কম্পিতঃ সোদরঃ সমানোদরজাতঃ বিষ্ঠাভূঃ কৃমীব নৈকত্রাস্তে॥ ১০॥ নাথমানঃ স্তব্যমানঃ ঋষির্দৈবাৎ প্রাপ্তবহুজন্মবোধঃ ভীতঃ পুনর্গর্ভ-প্রবেশাৎ সপ্তবধ্রয়ঃ বন্ধনভূতা ধাতবো যস্য যেন উদরে অর্পিতস্তং বিক্লবয়া বাচা স্তবীত॥ ১১॥ যেন অসতঃ দুষ্টস্য মে অনুরূপা যোগ্যা ঈদৃশী গর্ভবাসরূপা গতিঃ অদর্শি দর্শিতা, তস্য উপসন্নং জগদবিতুমিচ্ছয়া

যস্ত্বত্র বদ্ধ ইব কর্ম্মভিরাবৃতাত্মা ভূতেন্দ্রিয়াশয়ময়ীমবলম্ব্য মায়াম্।
আস্তে বিশুদ্ধমবিকারমখণ্ডবোধ-মাতপ্যমানহৃদয়েঽবসিতং নমামি ॥ ১৩ ॥

অন্বয়

[ভগবানের মায়াশক্তিতে মোহিত ভগবানের অংশভূত জীব স্ব স্ব কর্ম্মের দ্বারা বদ্ধ হইয়া আত্মা, অনাত্মা ও পরমাত্মার স্বরূপ ভুলিয়া যায়; ঐ বদ্ধ জীবের ভগবানের কৃপা ব্যতীত মুক্ত হওয়ার আর উপায় নাই, ইহা বলিয়া তিনটি শ্লোকে ভগবান্‌কে নমস্কার করিতেছে] যঃ তু (যে জীব) ভূতেন্দ্রিয়াশয়ময়ীং (ভূত, ইন্দ্রিয় ও মনোময় অর্থাৎ দেহাকারে পরিণত) মায়াং (মায়াকে) অবলম্ব্য (অবলম্বন করিয়া) আবৃতাত্মা (মায়াদ্বারা আবৃত হয়) কর্ম্মভিঃ বদ্ধঃ ইব (ও যেমন পাপকর্ম্মা ব্যক্তি নরপতিকর্ত্তৃক বদ্ধ হয়, সেইরূপ নিজ কর্ম্মকর্ত্তৃক বদ্ধ হইয়া) অত্র আতপ্যমানহৃদয়ে (সন্তপ্ত হৃদয়ে) আস্তে (অবস্থান করিতেছে), [সঃ অহং] (তাদৃশ আমি) অবসিতং (জ্ঞানপ্রদরূপে নিশ্চিত), বিশুদ্ধং (প্রাকৃতদোষরহিত), অবিকারম্ (বিকাররহিত) অখণ্ডবোধম্ (ও অনাবৃত জ্ঞানস্বরূপ ভগবান্‌কে) নমামি (নমস্কার করি) ॥ ১৩ ॥

অনুবাদ

করিয়াছেন এবং এই জগৎ রক্ষার নিমিত্ত যিনি নানামূর্ত্তি ধারণ করিয়া থাকেন, সেই ভগবানের অভয় ভূমিবিচরণকারী চরণকমল আমি আশ্রয় গ্রহণ করিলাম ॥ ১২ ॥

যে জীব ভূত, ইন্দ্রিয় ও মনোময় অর্থাৎ দেহাকারে পরিণত মায়াকে অবলম্বন করিয়া মায়াদ্বারা আবৃত হয় এবং পাপকর্ম্মা ব্যক্তি যেমন নরপতিকর্ত্তৃক বদ্ধ হয়, সেইরূপ নিজকর্ম্মকর্ত্তৃক বদ্ধ হইয়া সন্তপ্তহৃদয়ে অবস্থান করে, তাদৃশ জীব আমি জ্ঞানদাতা, প্রাকৃতদোষরহিত, অবিকারী ও অনাবৃতজ্ঞানস্বরূপ ভগবান্‌কে নমস্কার করি ॥ ১৩ ॥

টীকা

স্বেচ্ছয়া আবিষ্কৃতনানামূর্ত্তেঃ ভক্তকার্য্যার্থং ভুবি চলচ্চরণারবিন্দম্ অকুতোভয়ং নাস্তি কুতোঽপি ভয়ং যস্মাদুপাসিতাৎ, এবম্ভূতং সোঽহং শরণং ব্রজামি ॥ ১২ ॥ অচেতনরূপায়াং ভগবচ্ছক্তিভূতায়াং মায়ায়াং তন্মোহিতশ্চেতনো ভগবদাত্মকোঽপি স্বকর্ম্মভির্ব্বদ্ধঃ বিস্মৃতাত্মানাত্মপরমাত্মস্বরূপঃ চেতনাচেতনবিলক্ষণ-স্বরূপস্য কৃপাং বিনা বিমুক্তো ভবিতুং নার্হতীতি ব্রিভির্বদন্ ভগবন্তং প্রণমতি। অহং তং প্রণমামি, কঃ সঃ? যো বদ্ধ ইব যথা প্রসিদ্ধঃ পাপকর্ম্মা নৃপত্যাদিভির্ব্বদ্ধো ভবতি, তদ্বৎ নিজকর্ম্মভির্বদ্ধঃ, যত আবৃতাত্মা মায়য়েতি শেষঃ। ভূতাদিময়ীং মায়ামবলম্ব্য ইয়ং সুখদেত্যেবমাশ্রিত্য অত্র মায়াময়ে আতপ্যমানে হৃদয়ে আস্তে সঃ, কথম্ভূতং? জ্ঞানপ্রদত্বেনাবসিতং নিশ্চিতং বিশুদ্ধমবিকারমখণ্ডবোধং চ ॥ ১৩ ॥

অহং তমেনং পুমাংসং বন্দে। কস্ত্বং? যস্তেন শরীরেণ রহিতঃ পৃথগ্‌ভূতোঽপি যথা যথাবদেব শরীরে ছন্নঃ, শরীরেণ রহিতত্বে ছন্নত্বে চ একেনৈব বিশেষণেন হেতুমাহ—ইন্দ্রিয়গুণাঃ শব্দাদয়ঃ এব অর্থাঃ ইষ্টাঃ তেষু বার্থঃ প্রয়োজনং যস্য সঃ। চিদ্ ব্রহ্ম আত্মা অংশিত্বেনাশ্রয়ো যস্যাংশভূতস্য সঃ চিদাত্মকঃ, স চাসৌ স চ ব্রহ্মাংশত্বেন শরীরভিন্ন এব জীবঃ ইন্দ্রিয়গুণলুব্ধত্বেন শরীরাবৃত ইত্যর্থঃ। কথম্ভূতং? প্রকৃতি-পুরুষয়োঃ পরমকুণ্ঠমহিমানমৃষিং সর্ব্বধর্ম্মপ্রবর্ত্তকঞ্চ ॥ ১৪ ॥ যৎ যস্য মায়য়া নষ্টস্মৃতিঃ লুপ্তবিবেকঃ সন্ অয়ং জীবঃ উরূণি গুণনিমিত্তানি কর্ম্মাণি নিতরাং বন্ধনানি যস্মিংস্তস্মিন্ সাংসারিকে পথি তদতিশ্রমেণ তৎকৃতেন

যঃ পঞ্চভূতরচিতে রহিতঃ শরীরে ছন্নোযথেন্দ্রিয়গুণার্থচিদাত্মকোঽহম্ ।
তেনাবিকুণ্ঠমহিমানমৃষিং তমেনং বন্দে পরং প্রকৃতিপুরুষয়োঃ পুমাংসম্ ॥১৪॥
যন্মায়য়োরুগুণকর্ম্মনিবন্ধনেঽস্মিন্ সাংসারিকে পথি চরংস্তদতিশ্রমেণ ।
নষ্টস্মৃতিঃ পুনরয়ং প্রবৃণীত লোকং যুক্ত্যা কয়া মহদনুগ্রহমন্তরেণ ॥ ১৫ ॥
জ্ঞানং যদেতদদধাৎ কতমঃ স দেব-স্ত্রৈকালিকং স্থিরচরেষ্বনুবর্ত্তিতাংশম্ ।
তং জীবকর্ম্মপদবীমনুবর্ত্তমানা-স্তাপত্রয়োপশমনায় বয়ং ভজেম ॥ ১৬ ॥

অন্বয়

যঃ (যে জীব) ইন্দ্রিয়গুণার্থচিদাত্মকঃ (ইন্দ্রিয়ভোগ্য শব্দাদিবিষয়ে লুব্ধ ও অংশীস্বরূপ ব্রহ্মে আশ্রিত বলিয়া) যথা (যেমন উপযুক্ত সেইরূপ) পঞ্চভূতরচিতে শরীরে (পঞ্চভূতনির্ম্মিত শরীরে) ছন্নঃ (আবদ্ধ) তেন রহিতঃ [চ] (এবং সেই শরীরবিরহিতও হইয়া থাকে), [সঃ] অহং (তাদৃশ জীব আমি) প্রকৃতিপুরুষয়োঃ পরং (প্রকৃতি ও পুরুষের নিয়ন্তা), অবিকুণ্ঠমহিমানং (অপরিসীম প্রভাবশালী) ঋষিং (ও সর্ব্বধর্ম্মপ্রবর্ত্তক) তম্ এনং পুমাংসং (পরমপুরুষ ভগবান্‌কে) বন্দে (বন্দনা করি) ॥ ১৪ ॥

যন্মায়য়া (যাঁহার মায়ায়) নষ্টস্মৃতিঃ (স্মৃতিভ্রষ্ট হইয়া জীব) উরুগুণকর্ম্মনিবন্ধনে (অত্যধিক সত্ত্বাদি-গুণযুক্ত কর্ম্ম যাহাতে আছে এমন) সাংসারিকে অস্মিন্ পথি (এই সংসারপথে) তদতিশ্রমেণ (সংসারকৃত ক্লেশে শ্রান্ত হইয়া) চরন্ (বিচরণ করিতেছে), মহদনুগ্রহমন্তরেণ (সেই মহৎপুরুষের অনুগ্রহ ব্যতীত) পুনঃ (পুনরায়) অয়ং (এই জীব) কয়া যুক্ত্যা (কোন্ উপায়ে) লোকং (পরমাত্মপদ) প্রবৃণীত (প্রাপ্ত হইবে ?) ॥ ১৫ ॥

কতমঃ (তিনি ভিন্ন অপর কে) এতৎ ত্রৈকালিকং জ্ঞানং (এই ত্রিকালের জ্ঞান) [ময়ি]

অনুবাদ

যে জীব ইন্দ্রিয়ভোগ্য শব্দাদি বিষয়ে লুব্ধ ও অংশীস্বরূপ ব্রহ্মে আশ্রিত বলিয়া যেমন উপযুক্ত সেইরূপ পঞ্চভূতনির্ম্মিত শরীরে আবদ্ধ এবং সেই শরীরবিরহিতও হইয়া থাকে, তাদৃশ জীব আমি প্রকৃতি ও পুরুষের নিয়ন্তা, অপরিসীম প্রভাবশালী ও সর্ব্বধর্ম্মপ্রবর্ত্তক পরমপুরুষ ভগবান্‌কে বন্দনা করি ॥ ১৪ ॥

যাঁহার মায়ায় স্মৃতিভ্রষ্ট হইয়া জীব অত্যধিক সত্ত্বাদিগুণযুক্ত কর্ম্ম যাহাতে আছে এমন সংসারপথে সংসারজনিত ক্লেশে বিচরণ করিতেছে, সেই মহৎপুরুষের অনুগ্রহ ব্যতীত পুনরায় এই জীব কোন্ উপায়ে পরমাত্মপদ প্রাপ্ত হইবে ? ॥ ১৫ ॥

তিনি ভিন্ন অপর কে এই ত্রিকালের জ্ঞান আমাতে অর্পণ করিয়াছেন ? অপর

টীকা

ক্লেশেন চরন্ মহতস্তস্যৈবানুগ্রহং বিনা পুনঃ কয়া যুক্ত্যা লোকং বৃণীত, বিমুক্তবন্ধনঃ সন্ পরমাত্মপদং প্রাপ্নুয়াদিত্যর্থঃ ॥ ১৫ ॥ স এব মম লুপ্তানাত্মপরমাত্মবিবেকস্য বিবেকদাতেত্যাহ—একং ত্রৈকালিকং জ্ঞানং কতমঃ ময়ি অদধাৎ, ন কতমোঽপি । কিন্তু যদ্ য এব প্রকৃতিপুরুষয়োঃ পরঃ তং স্থিরচরেষ্বনুবর্ত্তিতাংশং চেতনাচেতনেষু অনুবর্ত্তিতঃ অংশো যেন তম্ । "অথবা বহুনৈতেন কিং জ্ঞাতেন তবার্জ্জুন । বিষ্টভ্যাহমিদং

দেহ্যন্যদেহবিবরে জঠরাগ্নিনাস্যগ্-বিণ্মূত্রকূপপতিতো ভৃশতপ্তদেহঃ।
ইচ্ছন্নিতো বিবসিতুং গণয়ন্ স্বমাসান্ নির্ব্বাস্যতে কৃপণধীর্ভগবন্! কদা নু ॥১৭॥
যেনেদৃশীং গতিমসৌ দশমাস্য ঈশ! সংগ্রাহিতঃ পুরুদয়েন ভবাদৃশেন।
স্বেনৈব তুষ্যতু কৃতেন স দীননাথঃ কো নাম তৎপ্রতি বিনাঞ্জলিমস্য কুর্য্যাৎ ॥১৮॥

অন্বয়

(আমাতে) অদধাৎ (অর্পণ করিয়াছেন?) [অপর কেহ নহে; কিন্তু] সঃ দেবঃ (সেই পরমেশ্বরই অর্পণ করিয়াছেন)। জীবকর্ম্মপদবীম্ অনুবর্ত্তমানাঃ বয়ম্ (আমাদের পূর্ব্ব পূর্ব্ব কর্ম্মসমূহের ফলস্বরূপ যে সংসার, তাহার অনুসরণকারী আমরা) তাপত্রয়োপশমনায় (আধ্যাত্মিকাদি তাপত্রয়ের উপশমের নিমিত্ত) যৎ (যিনি প্রকৃতি ও পুরুষের নিয়ন্তা) স্থিরচরেষু অনুবর্ত্তিতাংশম্ (ও চেতনাচেতন সমস্ত বিশ্বে স্বীয় অংশে বিরাজমান), তম্ (সেই পরমেশ্বরকে) ভজেম (ভজনা করি)॥ ১৬॥

ভগবন্! (হে ভগবন্!) অন্যদেহবিবরে (মাতার গর্ভে) অস্যগ্‌বিণ্মূত্রকূপপতিতঃ (শোণিত, বিষ্ঠা ও মূত্রকূপে পতিত হইয়া) জঠরাগ্নিনা (জঠরাগ্নিদ্বারা) ভৃশতপ্তদেহঃ (অতিশয় সন্তপ্ত) দেহী (আমি) ইতঃ (এই গর্ভ হইতে) বিবসিতুং (নির্গত হইতে) ইচ্ছন্ (ইচ্ছা করিয়া) স্বমাসান্ গণয়ন্ (স্বীয় নির্দ্দিষ্ট মাস গণনা করিতে করিতে) কৃপণধীঃ (হতবুদ্ধি হইয়াছি); কদা নু (কবে) [আপনি এই দেহীকে] নির্ব্বাস্যতে (নিঃসারিত করিবেন?)॥ ১৭॥

ঈশ! (হে সর্ব্বনিয়ন্তঃ!) যেন ভবাদৃশেন পুরুদয়েন (আপনার মত অত্যধিক দয়াশীল যিনি) অসৌ দশমাস্যঃ (এই দশমাসবয়স্ক জীবকে) ঈদৃশীং গতিং (এই প্রকার জ্ঞান) সংগ্রাহিতঃ (প্রদান

অনুবাদ

কেহ নহে, কিন্তু সেই পরমেশ্বরই অর্পণ করিয়াছেন। আমাদের পূর্ব্ব পূর্ব্ব কর্ম্মসমূহের ফলস্বরূপ যে সংসার, তাহার অনুসরণকারী আমরা আধ্যাত্মিকাদি তাপত্রয়ের উপশমের নিমিত্ত যিনি প্রকৃতি ও পুরুষের নিয়ন্তা হইয়া চেতনাচেতন সমস্ত বিশ্বে স্বীয় অংশরূপে বিরাজমান আছেন, সেই পরমেশ্বরকে ভজনা করি॥ ১৬॥

হে ভগবন্! মাতৃগর্ভে শোণিত, বিষ্ঠা ও মূত্রকূপে পতিত হইয়া জঠরাগ্নিদ্বারা আমি অতিশয় সন্তপ্ত হইয়াছি; এক্ষণে আমি এই গর্ভ হইতে নির্গত হইতে ইচ্ছা করিয়া স্বীয় নির্দ্দিষ্ট মাস গণনা করিতে করিতে হতবুদ্ধি হইয়াছি; কবে আপনি এই দেহীকে নিঃসারিত করিবেন? ॥ ১৭॥

হে ঈশ! দয়াশীল আপনি এই দশমাসবয়স্ক জীবকে এই প্রকার জ্ঞান প্রদান

টীকা

কৃৎস্নমেকাংশেন স্থিতো জগৎ" ইতি শ্রীমুখবচনাৎ জীবানামস্মাকং যানি কর্ম্মাণি তেষাং পদবীং ফলভূতাং সংসৃতিমনুবর্ত্তমানাঃ বয়ং ভজেম॥ ১৬॥ অন্যদেহবিবরে অস্যগ্‌বিণ্মূত্রকূপপতিতঃ জঠরাগ্নিনা ভৃশতপ্তদেহঃ দেহী অহম্ ইতো বিবসিতুং নির্গন্তুমিচ্ছন্ স্বমাসান্ গণয়ন্ কৃপণধীঃ কদা হে ভগবন্! নির্ব্বাস্যতে॥ ১৭॥ হে ঈশ! যেন ভবাদৃশেন ঈদৃশীং গতিং জ্ঞানবত্তাং সংগ্রাহিতঃ, স দীননাথঃ স্বেনৈব কৃতেন স্বয়মেব চ তুষ্যতু। অস্যোপকারস্য প্রত্যুপকারমঞ্জলিং প্রণামং বিনা কো নু কুর্য্যাৎ ন কোঽপীত্যর্থঃ॥১৮॥ অয়মপরঃ

পশ্যত্যয়ং ধিষণয়া ননু সপ্তবধ্রিঃ শারীরকে দমশরীর্য্যপরঃ স্বদেহে।
যৎসৃষ্টয়াসং তমহং পুরুষং পুরাণং পশ্যে বহির্হৃদি চ চৈত্যমিব প্রতীতম্ ॥১৯॥
সোঽহং বসন্নপি বিভো! বহুদুঃখবাসং গর্ভান্ন নির্জিগমিষে বহিরন্ধকূপে।
যত্রোপযাতমুপসর্পতি দেব! মায়া মিথ্যামতির্যদনু সংসৃতিচক্রমেতৎ ॥২০॥

অন্বয়

করিয়াছেন), সঃ দীননাথঃ (সেই বিপন্নের বন্ধু ভগবান্ আপনি) স্বেনৈব কৃতেন (স্বকৃত উপকারের দ্বারা) [স্বয়ংই] তুষ্যতু (সন্তুষ্ট থাকুন); অস্য (এই উপকারের) তৎপ্রতি (প্রত্যুপকার) অঞ্জলিং বিনা (অঞ্জলি ব্যতীত অর্থাৎ প্রণাম ব্যতীত) কঃ নাম (কোন্ ব্যক্তিই বা) কুর্য্যাৎ (করিতে পারে?) ॥১৮॥

ননু (আহা!) অয়ম্ অপরঃ (পশু প্রভৃতি) সপ্তবধ্রিঃ (সপ্তধাতুময় জীবগণ) স্বদেহে (নিজ নিজ শরীরে) শারীরকে (কেবল সুখদুঃখই) পশ্যতি (অনুভব করিয়া থাকে), অহং (আমি কিন্তু) যৎসৃষ্টয়া (ভগবৎপ্রদত্ত) ধিষণয়া (বিবেকজ্ঞানদ্বারা অর্থাৎ বিবেকবতী বুদ্ধিদ্বারা) দমশরীরী আসম্ (শমদমাদিযুক্ত অর্থাৎ ভগবদ্ভজনযোগ্য হইয়াছি) তম্ পুরাণং পুরুষং (ও তাদৃশ সনাতন পুরুষকে) হৃদি বহিঃ চ (অন্তরে ও বাহিরে) পশ্যে (দর্শন করিতেছি) [এবং] চৈত্যং (জীবাত্মাকে) প্রতীতম্ ইব (ও প্রত্যক্ষ দেহাদিকে তাঁহার অংশ বলিয়া) [পশ্যে] (দর্শন করিতেছি) ॥ ১৯ ॥

বিভো! (হে সর্ব্বব্যাপিন্!) সঃ অহং (বিবেকশালী আমি) বহুদুঃখবাসং (বহু

অনুবাদ

করিয়াছেন; বিপন্নের বন্ধু আপনি স্বকৃত উপকারের দ্বারা স্বয়ং সন্তুষ্ট থাকুন। একমাত্র প্রণাম ব্যতীত কোন্ ব্যক্তি এই উপকারের প্রত্যুপকার করিতে পারে? ॥ ১৮ ॥

আহা! পশু প্রভৃতি সপ্তধাতুময় জীবগণ নিজ নিজ শরীরে কেবল সুখদুঃখই অনুভব করিয়া থাকে; আমি যাঁহার প্রদত্ত বিবেকজ্ঞানের দ্বারা শমদমাদিযুক্ত অর্থাৎ ভগবদ্ভজনযোগ্য হইয়াছি, সেই সনাতন পুরুষকে অন্তরে ও বাহিরে দর্শন করিতেছি এবং জীবাত্মা ও প্রত্যক্ষ অনাত্মবস্তু দেহাদিকে তাঁহার অংশ বলিয়া দর্শন করিতেছি ॥ ১৯ ॥

হে বিভো! সেই বিবেকবুদ্ধিযুক্ত আমি বহুদুঃখের নিলয় এই গর্ভে বাস করিয়াও

টীকা

পশ্বাদিঃ সপ্তবধ্রির্জীবঃ স্বদেহে শারীরকে সুখদুঃখে কেবলং ননু অহো পশ্যতি, অহং তু যৎসৃষ্টয়া ধিষ্ণয়া আত্মানাত্মপরমাত্মবিবেকবত্যা বুদ্ধ্যা তং পুরাণমনাদিং জগৎকারণং পুরুষং পূর্ণং, পূর্ণত্বমাহ - হৃদি বহিশ্চ পশ্যে চৈত্যং চিত্তস্থমন্তঃকরণাবচ্ছিন্নম্ "বুদ্ধেগুর্ণেনাত্মগুণেন চৈব, হ্যারাগ্রমাত্রো হ্যবরোঽপি দৃষ্টঃ" ইতি শ্রুতিপ্রসিদ্ধমণুপরিমাণকং জীবাত্মানং চ পশ্যে, প্রতীতং প্রত্যক্ষমনাত্মানং দেহাদিকং চ পশ্যে। ইবশব্দোঽত্রাবধারণার্থঃ। কিঞ্চ দমশরীরী শমদমার্হতদ্ভজনযোগ্যশরীরবান্ আসম্ অভবম্ যদনুগ্রহাদিতি শেষঃ ॥ ১৯ ॥ গর্ভাদ্‌বহির্নিগমনেঽপি ভগবদ্দত্তেন জ্ঞানেন দোষং দৃষ্ট্বাহ—সোঽহমিতি। বহুদুঃখবাসং যথা ভবতি, তথা গর্ভে বসন্নপি হে বিভো! গর্ভাদ্ বহিরন্ধকূপে সংসারে ন নির্জিগমিষে, যত্র উপযাতং হে দেব! মায়া উপসর্পতি দেহেন্দ্রিয়মনোবুদ্ধীন্দ্রিয়ার্থরূপা প্রকৃতিঃ ব্যামোহয়তি, যদনু মায়োপসর্পণানন্তরং মিথ্যামতিঃ পরমাত্মনি বাসুদেবে দেবান্তরতুল্যবুদ্ধিঃ, আত্মনি অবাসুদেবাত্মকত্ববুদ্ধিঃ, অনাত্মনি আত্মবুদ্ধিশ্চ ভবতি, সংসৃতিচক্রং

তস্মাদহং বিগতবিক্লব উদ্ধরিষ্যে আত্মানমাশু তমসঃ সুহৃদাত্মনৈব।
ভূয়ো যথা ব্যসনমেতদনেকরন্ধ্রং মা মে ভবিষ্যদুপসাদিতবিষ্ণুপাদঃ ॥ ২১ ॥

শ্রীভগবানুবাচ

এবং কৃতমতির্গর্ভে দশমাস্যঃ স্তবন্ ঋষিঃ।
সদ্যঃ ক্ষিপত্যবাচীনং প্রসূত্যৈ সূতিমারুতঃ ॥২২॥

অন্বয়

দুঃখের নিলয় এই গর্ভে) বসন্ অপি (বাস করিয়াও) গর্ভাৎ (গর্ভ হইতে) বহিঃ অন্ধকূপে (বহির্ভাগে অবস্থিত অন্ধকূপসদৃশ সংসারে) ন নির্জিগমিষে (যাইতে ইচ্ছা করি না)। দেব! (হে দেব !) যত্র (ঐ সংসারে) উপযাতং (গমনকারী জীবগণকে) মায়া (দেহ, ইন্দ্রিয়, মন, বুদ্ধি ও শব্দাদি-বিষয়রূপা প্রকৃতি) উপসর্পতি (বিমোহিত করিয়া থাকে) ; যদনু (মায়াবিমোহনের পরে) [জীবের] মিথ্যামতিঃ (পরমাত্মা বাসুদেবে অন্য দেবতার ন্যায় বুদ্ধি, আত্মাতে ভগবদ্ভিন্ন বুদ্ধি এবং অনাত্মা দেহাদিতে আত্মবুদ্ধি হইয়া) এতৎ সংসৃতিচক্রং চ (পুনঃ পুনঃ জন্মমরণরূপ সংসার হইয়া থাকে) ॥ ২০ ॥

তস্মাৎ (অতএব) [ইহ] এব (এখানে থাকিয়াই) অহং (আমি) বিগতবিক্লবঃ (অব্যাকুলচিত্তে) উপসাদিতবিষ্ণুপাদঃ (শ্রীহরির পদদ্বয় হৃদয়ে ধারণ করিয়া) যথা (যাহাতে) মে (আমার) ভূয়ঃ (পুনরায়) এতৎ অনেকরন্ধ্রং ব্যসনং (এই নবচ্ছিদ্রবিশিষ্ট শরীরধারণরূপ দুঃখ) মা ভবিষ্যৎ (না হয়), [সে জন্য] সুহৃদা আত্মনা (সারথিরূপা বুদ্ধিদ্বারা) আত্মানং (নিজকে) আশু (শীঘ্রই) তমসঃ (সংসার রূপ অন্ধকূপ হইতে) উদ্ধরিষ্যে (উদ্ধার করিব) ॥ ২১ ॥

শ্রীভগবান্ উবাচ (ভগবান্ কপিলদেব বলিলেন) [হে মাতঃ !] দশমাস্যঃ ঋষিঃ (দশমাস-

অনুবাদ

গর্ভ হইতে বহির্ভাগে অবস্থিত অন্ধকূপসদৃশ সংসারে যাইতে ইচ্ছা করি না; হে দেব! সংসারে গমনকারী জীবগণকে দেহ, ইন্দ্রিয়, মন, বুদ্ধি ও শব্দাদি বিষয়রূপা প্রকৃতি বিমোহিত করিয়া থাকে এবং জীব বিমোহিত হইলে জীবের পরমাত্মা বাসুদেবে অন্য দেবতার ন্যায় বুদ্ধি, আত্মাতে বাসুদেবভিন্ন বুদ্ধি ও অনাত্মা দেহাদিতে আত্মবুদ্ধিরূপ মিথ্যামতি এবং পুনঃ পুনঃ জন্মমরণরূপ সংসার হইয়া থাকে ॥ ২০ ॥

অতএব এই স্থানে থাকিয়াই আমি অব্যাকুলচিত্তে শ্রীহরির পদদ্বয় হৃদয়ে ধারণ করিয়া যাহাতে পুনরায় আমার এই নবচ্ছিদ্রবিশিষ্ট শরীরধারণরূপ দুঃখ আর না হয়, সেজন্য সারথিরূপা এই বিবেকবুদ্ধিদ্বারা নিজকে শীঘ্রই সংসাররূপ অন্ধকূপ হইতে উদ্ধার করিব ॥ ২১ ॥

ভগবান্ কপিলদেব বলিলেন—হে মাতঃ! দশমাসবয়স্ক ঐ জীব গর্ভে এইরূপে

টীকা

চ মিথ্যামতিযোগাদুপসর্পতি ॥ ২০ ॥ যস্মাদ্বহির্নির্গমনে মায়োপসর্পতি, তস্মাদিহৈব উপসাদিতবিষ্ণুপাদঃ বিষ্ণুতরবলরহিতঃ, অতএব আত্মনা পরমাত্মনা বিষ্ণুনৈব সুহৃদা ভক্তেষু চিত্তেন উপায়ভূতেন আত্মানং তমসঃ

তেনাবসৃষ্টঃ সহসা কৃত্বাবাক্ শির আতুরঃ।
বিনিষ্ক্রামতি কৃচ্ছ্রেণ নিরুচ্ছ্বাসো হতস্মৃতিঃ ॥২৩॥
পতিতো ভুব্যসৃঙ্মূত্রে বিষ্ঠাভুরিব চেষ্টতে।
রোরূয়তি গতে জ্ঞানে বিপরীতাং গতিং গতঃ ॥২৪॥

অন্বয়

বয়স্ক জীব) গর্ভে এবং কৃতমতিঃ (গর্ভে এইরূপে স্থিরসঙ্কল্প হইয়া) স্তবন্ (স্তব করিতে থাকে); সদ্যঃ (তখনই) স্মৃতিমারুতঃ (প্রসববায়ু) প্রসূত্যৈ (প্রসবের নিমিত্ত) [ঐ জীবকে] অবাচীনং [কৃত্বা] (অধোমুখ করিয়া) ক্ষিপতি (চালিত করে) ॥ ২২ ॥

সহসা তেন (সহসা প্রসববায়ুকর্ত্তৃক) অবসৃষ্টঃ (নিম্নদিকে চালিত হইয়া) [ঐ জীব] শিরঃ অবাক্ কৃত্বা (মস্তক নীচের দিকে করিয়া) আতুরঃ (কাতর), হতস্মৃতিঃ (নষ্টস্মৃতি) নিরুচ্ছ্বাসঃ (ও রুদ্ধশ্বাস হইয়া) কৃচ্ছ্রেণ (অতিকষ্টে) বিনিষ্ক্রামতি (বহির্গত হইয়া থাকে) ॥ ২৩॥

[অনন্তর] ভুবি পতিতঃ (ঐ জীব ভূতলে পতিত হইয়া) বিষ্ঠাভূঃ ইব (কৃমির ন্যায়) অসৃঙ্মূত্রে (শোণিত ও মূত্রে) চেষ্টতে (অঙ্গসঞ্চালন করিতে থাকে)। জ্ঞানে গতে [সতি] (গর্ভে প্রাপ্ত যে জ্ঞান তাহা বিনষ্ট হইলে) বিপরীতাং গতিং গতঃ (বিপরীত গতি অর্থাৎ মুগ্ধাবস্থা প্রাপ্ত হইয়া) রোরূয়তি (পুনঃ পুনঃ রোদন করিতে থাকে) ॥ ২৪ ॥

অনুবাদ

স্থিরসঙ্কল্প হইয়া ভগবানের স্তব করিতে থাকে; তখন প্রসববায়ু প্রসবের নিমিত্ত ঐ জীবকে অধোমুখ করিয়া চালিত করে ॥ ২২ ॥

এইরূপে সহসা সেই প্রসববায়ুকর্ত্তৃক চালিত হইয়া ঐ জীব মস্তক নীচের দিকে করিয়া কাতর, নষ্টস্মৃতি ও রুদ্ধশ্বাস হইয়া অতিকষ্টে বহির্গত হইয়া থাকে ॥২৩॥

অনন্তর ঐ জীব ভূতলে পতিত হইয়া কৃমির ন্যায় শোণিত ও মূত্রে অবস্থান করতঃ অঙ্গসঞ্চালন করিতে থাকে; গর্ভে প্রাপ্ত যে জ্ঞান, তাহা বিনষ্ট হইলে বিপরীত গতি অর্থাৎ মুগ্ধাবস্থা প্রাপ্ত হইয়া পুনঃ পুনঃ রোদন করিতে থাকে ॥২৪॥

টীকা

সংসারলক্ষণাদন্ধকূপাৎ উদ্ধরিষ্যে। অনেকরন্ধ্রং নবচ্ছিদ্রং শরীরং ব্যসনং দুঃখরূপং যথা মে ভূয়ো মা ভবিষ্যৎ ভবিষ্যতি ॥ ২১ ॥ এবং কৃতমতিং মারুতঃ সূতিহেতুভূতঃ পবনঃ সদ্যস্তৎক্ষণমেব অবাচীনমবাঙ্মুখং ক্ষিপতি নুদতি ॥ ২২ ॥ তেন মারুতেন অবসৃষ্টঃ অধঃ ক্ষিপ্তঃ ॥ ২৩ ॥ বিষ্ঠাভূঃ কৃমিরিব অসৃঙ্মূত্রে চেষ্টতে, জ্ঞানে গতে সতি—বিপরীতাং গতিং গতঃ রোরূয়তি রোরূয়তে। অয়মর্থঃ—ভগবন্তং শরণং গতো নৈব সংসারং প্রাপ্নোতি; কিন্তু যাবৎ প্রারব্ধকর্ম্মসমাপ্তি তাবদেব সংসারে তিষ্ঠতি; ততো বিমুক্তো ভবতি, অত এবম্বিধবিবেকপূর্ব্বকং ভগবচ্চরণং শরণং সর্ব্বো জনো ন ব্রজতি; কিন্তু কশ্চিন্মুমুক্ষুরেব ব্রজতি। তদভিপ্রায়েণ ভগবচ্চরণশরণাগতিরুক্তা। বিপরীতাং গতিং গত ইত্যুক্তিঃ সামান্যতো গর্ভে কিঞ্চিজ্জ্ঞানং

পরচ্ছন্দমবিদুষা পুষ্যমাণো জনেন সঃ।
অনভিপ্রেতমাপন্নঃ প্রত্যাখ্যাতুমনীশ্বরঃ ॥ ২৫ ॥
শায়িতোঽশুচিপর্য্যঙ্কে জন্তুঃ স্বেদজদূষিতে।
নেশঃ কণ্ডূয়নেঽঙ্গানামাসনোত্থানচেষ্টনে ॥ ২৬ ॥
তুদন্ত্যামত্বচং দংশা মশকা মৎকুণাদয়ঃ।
রুদন্তং বিগতজ্ঞানং কৃময়ঃ কৃমিকং যথা ॥ ২৭ ॥

অন্বয়

[অনন্তর] পরচ্ছন্দম্ (অপরের অর্থাৎ শিশুর অভিপ্রায়) অবিদুষা জনেন (যাহারা জানে না এইরূপ পিতামাতা প্রভৃতিকর্ত্তৃক) পুষ্যমাণঃ (পালিত হইয়া) সঃ (সেই শিশু) অনভিপ্রেতম্ (স্তন্যপানের নিমিত্ত রোদন করিলে উদরব্যথা নিবৃত্তির জন্য প্রযোজ্য তিক্ত ঔষধ অথবা উদর-ব্যথায় রোদন করিলে ক্ষুধা নিবৃত্তির জন্য প্রযোজ্য স্তন্যপান ইত্যাদি অনভিলষিত বস্তু) আপন্নঃ (প্রাপ্ত হইয়াও) প্রত্যাখ্যাতুম্ অনীশ্বরঃ (প্রত্যাখ্যান করিতে সমর্থ হয় না) ॥ ২৫ ॥

জন্তুঃ (শিশু জীব) স্বেদজদূষিতে (স্বেদজ কীটদূষিত) অশুচিপর্য্যঙ্কে (অপবিত্র শয্যায়) শায়িতঃ (শায়িত হইয়া) অঙ্গানাং কণ্ডূয়নে (অঙ্গসমূহের কণ্ডূয়নে) [অথবা] আসনোত্থানচেষ্টনে (উপবেশন ও উত্থানাদির চেষ্টায়) ন ঈশঃ (অসমর্থ হইয়া) [পুনঃ পুনঃ রোদন করিতে থাকে] ॥ ২৬ ॥

যথা (যেমন) কৃময়ঃ (বৃহৎ কীট সকল) কৃমিকং (ক্ষুদ্র কীটকে) [দংশন করে, সেইরূপ] দংশাঃ মশকাঃ মৎকুণাদয়ঃ (দংশ, মশক ও মৎকুণাদি (ছারপোকা) কীটসমূহ) বিগতজ্ঞানং (জ্ঞানহীন), রুদন্তং (ক্রন্দনপরায়ণ) আমত্বচং (ও কোমলশরীর শিশুকে) তুদন্তি (দংশন করিতে থাকে) ॥ ২৭ ॥

অনুবাদ

অনন্তর অপরের অর্থাৎ শিশুর অভিপ্রায় যাহারা জানে না এইরূপ পিতামাতা প্রভৃতিকর্ত্তৃক পালিত হইয়া সেই শিশু স্তন্যপানের নিমিত্ত রোদন করিলে [উদরব্যথা নিবৃত্তির জন্য প্রযোজ্য] তিক্ত ঔষধ, অথবা উদরব্যথায় রোদন করিলে [ক্ষুধানিবৃত্তির জন্য প্রযোজ্য] স্তন্যপান ইত্যাদি অনভিলষিত বস্তু প্রাপ্ত হইয়াও তাহা প্রত্যাখ্যান করিতে সমর্থ হয় না ॥ ২৫ ॥

এইরূপে ঐ শিশু জীব স্বেদজ কীটদূষিত অপবিত্র শয্যায় শায়িত হইয়া অঙ্গসমূহের কণ্ডূয়নে উপবেশন ও উত্থানাদির চেষ্টায় অসমর্থ হইয়া পুনঃ পুনঃ রোদন করিতে থাকে ॥২৬॥

যেমন বৃহৎ কীটসমূহ ক্ষুদ্র কীটকে দংশন করে, সেইরূপ দংশ, মশক ও মৎকুণ প্রভৃতি কীটসমূহ জ্ঞানহীন, ক্রন্দনপরায়ণ ও কোমলশরীর ঐ শিশুকে দংশন করিতে থাকে ॥ ২৭ ॥

টীকা

প্রাপ্য যো জায়তে তদভিপ্রায়েণ ; অন্যথা সর্ব্বেষাং মুক্তিপ্রসঙ্গঃ স্যাদিতি ॥ ২৪ ॥ ছন্দমাশয়ম্ ॥ ২৫ ॥ ২৬ ॥

ইত্যেবং শৈশবং ভুক্ত্বা দুঃখং পৌগণ্ডমেব চ।
অলব্ধাভীপ্সিতোঽজ্ঞানাদ্দ্ধমন্যুঃ শুচার্পিতঃ ॥২৮॥
সহ দেহেন মানেন বর্দ্ধমানেন মন্যুনা।
করোতি বিগ্রহং কামী কামিষ্বন্তায় চাত্মনঃ ॥২৯॥
ভূতৈঃ পঞ্চভিরারব্ধে দেহে দেহ্যবুধোঽসকৃৎ।
অহংমমেত্যসদ্গ্রাহঃ করোতি কুমতির্ম্মতিম্ ॥৩০॥

অন্বয়

ইত্যেবং (এই প্রকারে) শৈশবং দুঃখং (পঞ্চবর্ষ পর্য্যন্ত শৈশবদুঃখ) পৌগণ্ডম্ এব চ (ও পৌগণ্ড অর্থাৎ যৌবনের পূর্ব্বাবস্থার দুঃখ) ভুক্ত্বা (ভোগ করিয়া) [ঐ জীব যৌবনে] অলব্ধাভীপ্সিতঃ (অভিলষিত বস্তু লাভ করিতে না পারিয়া) শুচার্পিতঃ (শোকে পরিব্যাপ্ত হইয়া) অজ্ঞানাৎ (অজ্ঞানতা-হেতু) ইদ্ধমন্যুঃ [ভবতি] (ক্রোধোদ্দীপ্ত হইয়া উঠে) ॥ ২৮ ॥

[অনন্তর] কামী (ঐ কামী ব্যক্তি) দেহেন সহ (দেহের সহিত) বর্দ্ধমানেন (বৃদ্ধিপ্রাপ্ত) মানেন (অভিমান) মন্যুনা (ও ক্রোধের দ্বারা) আত্মনঃ (নিজের) অন্তায় চ (বিনাশের নিমিত্ত) কামিষু (বিষয়াসক্ত ব্যক্তিগণের সহিত) বিগ্রহং করোতি (বিরোধ করিতে থাকে) ॥ ২৯ ॥

কুমতিঃ (এইরূপে মূঢ়বুদ্ধি) অবুধঃ (মূর্খ) দেহী (ঐ জীব) পঞ্চভিঃ ভূতৈঃ (ক্ষিতি, অপ, তেজ, বায়ু ও আকাশ এই পঞ্চভূতের দ্বারা) আরব্ধে দেহে (রচিত দেহে) অসকৃৎ (পুনঃ পুনঃ) অসদ্গ্রাহঃ [সন্] (আসক্ত হইয়া) অহংমমেতি মতিং করোতি (দেহে অহংবুদ্ধি ও গৃহাদিতে মমত্ববুদ্ধি করিয়া থাকে) ॥৩০॥

অনুবাদ

এই প্রকারে পঞ্চবর্ষ পর্য্যন্ত শৈশবদুঃখ এবং পৌগণ্ডদুঃখ অর্থাৎ যৌবনের পূর্ব্বাবস্থার দুঃখ ভোগ করিয়া ঐ জীব যৌবনদশায় অভিলষিত বস্তু লাভ করিতে না পারায় শোকাচ্ছন্ন হয় এবং অজ্ঞানতাহেতু ক্রোধোদ্দীপ্ত হইয়া উঠে ॥ ২৮ ॥

অনন্তর ঐ কামী ব্যক্তির দেহবৃদ্ধির সঙ্গে সঙ্গে অভিমান ও ক্রোধ দিন দিন বর্দ্ধিত হইতে থাকে এবং ঐ বৃদ্ধিপ্রাপ্ত দেহ, অভিমান ও ক্রোধের দ্বারা নিজের বিনাশের নিমিত্ত নিজের মতই বিষয়াসক্ত ব্যক্তিগণের সহিত বিরোধ করিতে থাকে ॥ ২৯ ॥

এইরূপে মোহিতবুদ্ধি অজ্ঞ ঐ জীব ক্ষিতি, অপ. তেজ, বায়ু ও আকাশ এই পঞ্চ ভূতের দ্বারা রচিত দেহে পুনঃ পুনঃ আসক্ত হইয়া দেহে অহংবুদ্ধি ও গৃহাদিতে মমত্ববুদ্ধি করিয়া থাকে ॥ ৩০ ॥

টীকা

আমত্বচম্ আমা অপক্কা ত্বগ্ যস্য তম্ ॥ ২৭ ॥ অর্পিতো ব্যাপ্তঃ ॥ ২৮ ॥ অন্তায় নাশায় ॥ ২৯ ॥ অসদ্গ্রাহঃ দুষ্টাগ্রহঃ দেহে অহমিতি গৃহাদৌ মমেতি চ মতিং করোতি ॥ ৩০ ॥ অবিদ্যয়ানাদ্যজ্ঞানেন যানি কর্ম্মাণি তৈর্বন্ধনভূতো যো দেহঃ ক্লেশং দদৎ অনুযাতি পুনঃ পুনঃ আয়াতি, তদর্থং কুরুতে কর্ম্ম,

তদর্থং কুরুতে কর্ম্ম যদ্বদ্ধো যাতি সংস্থতিম্ ।
যোঽনুযাতি দদৎ ক্লেশমবিদ্যাকর্ম্মবন্ধনঃ ॥ ৩১ ॥
যদ্যসদ্ভিঃ পথি পুনঃ শিশ্নোদরকৃতোদ্যমৈঃ ।
আস্থিতো রমতে জন্তুস্তমো বিশতি পূর্ব্ববৎ ॥৩২॥
সত্যং শৌচং দয়া মৌনং বুদ্ধিহ্রীঃ শ্রীর্যশঃ ক্ষমা ।
শমো দমো ভগশ্চেতি যৎসঙ্গাদ্যাতি সংক্ষয়ম্ ॥৩৩॥
তেষ্বশান্তেষু মূঢ়েষু খণ্ডিতাত্মস্বসাধুষু ।
সঙ্গং ন কুর্য্যাচ্ছোচ্যেষু যোষিৎক্রীড়ামৃগেষু চ ॥৩৪॥

অন্বয়

অবিদ্যাকর্ম্মবন্ধনঃ যঃ (অজ্ঞানবশতঃ যে সকল কর্ম্ম করা হয়, সেই কর্ম্মবন্ধনে বদ্ধ যে দেহ) ক্লেশং দদৎ (দুঃখ প্রদান করতঃ) অনুযাতি (পুনঃ পুনঃ অনুবর্ত্তন করে), [মূঢ় জীব] তদর্থং (সেই দেহের নিমিত্ত) কর্ম্ম কুরুতে (কর্ম্ম করিতে থাকে) যৎ (এবং ঐ কর্ম্মের দ্বারা) বদ্ধঃ (বদ্ধ হইয়া) সংস্থতিং যাতি (পুনঃ পুনঃ সংসারদশা প্রাপ্ত হইয়া থাকে) ॥ ৩১ ॥

[জীব] যদি শিশ্নোদরকৃতোদ্যমৈঃ অসদ্ভিঃ (যদি শিশ্ন ও উদরপরায়ণ অসৎলোকের সহিত) আস্থিতঃ (মিলিত হইয়া) পথি (তাহাদের পথে অর্থাৎ দুরাচারে) রমতে (আসক্ত হয়), [তবে) জন্তুঃ (সেই জীব) পুনঃ পূর্ব্ববৎ (পুনরায় পূর্ব্বের ন্যায়) [অর্থাৎ যাতনাদেহ প্রাপ্ত হইয়া] তমঃ বিশতি (নরকে গমন করে) ॥ ৩২ ॥

যৎসঙ্গাৎ (যাহাদের সঙ্গবশতঃ) সত্যং, শৌচং (পবিত্রতা), দয়া, মৌনং, বুদ্ধিঃ, হ্রীঃ (লজ্জা), শ্রীঃ (সম্পদ্), যশঃ (কীর্ত্তি), ক্ষমা,শমঃ, দমঃ, ভগঃ চ (ও ঐশ্বর্য্য) ইতি (এই সকল) সংক্ষয়ং যাতি (সম্যক্ রূপে ক্ষয়প্রাপ্ত হয়), তেষু অশান্তেষু (সেই অশান্ত), মূঢ়েষু (মূঢ়), খণ্ডিতাত্মসু (দেহগেহাদিতে "আমি আমার" এই প্রকার বুদ্ধিসম্পন্ন) যোষিৎক্রীড়ামৃগেষু চ (ও রমণীগণের ক্রীড়াপশুস্বরূপ) শোচ্যেষু অসাধুষু (শোচনীয় অসাধুগণের) সঙ্গং ন কুর্য্যাৎ (সঙ্গ করিবে না) ॥ ৩৩ ॥ ৩৪ ॥

অনুবাদ

অজ্ঞানবশতঃ যে সকল কর্ম্ম করা হয়, সেই কর্ম্মসমূহের দ্বারা বদ্ধ যে দেহ দুঃখ প্রদান করতঃ পুনঃ পুনঃ অনুবর্ত্তন করে, মূঢ় জীব সেই দেহের নিমিত্তই কর্ম্ম করিতে থাকে এবং এই কর্ম্মের দ্বারা বদ্ধ হইয়াই পুনঃ পুনঃ সংসারদশা প্রাপ্ত হইয়া থাকে ॥৩১॥

জীব যদি শিশ্ন ও উদরপরায়ণ অসৎলোকের সহিত মিলিত হইয়া তাহাদের পথে অর্থাৎ দুরাচারে আসক্ত হয়, তবে সেই জীব পুনরায় পূর্ব্বের ন্যায় যাতনাদেহ প্রাপ্ত হইয়া নরক ভোগ করে ॥ ৩২ ॥

অতএব যাহাদের সঙ্গবশতঃ সত্য, শৌচ, দয়া, মৌন, বুদ্ধি, লজ্জা, শ্রী, কীর্ত্তি, ক্ষমা,

টীকা

যৎ যেন কর্ম্মণা বদ্ধঃ সংস্থতিং যাতি ॥ ৩১ ॥ শিশ্নার্থমুদরার্থঞ্চ কৃত উদ্যমো যৈস্তৈঃ সহ আস্থিতঃ সঙ্গত-স্তেষাং পথি দুরাচারে যদি রমতে, তদা জন্তুঃ পূর্ব্ববৎ তমো বিশতি ॥ ৩২ ॥ ৩৩ ॥ খণ্ডিতো দেহগেহাদৌ

ন তথাস্য ভবেন্মোহো বন্ধশ্চান্যপ্রসঙ্গতঃ।
যোষিৎসঙ্গাদ্ যথা পুংসো যথা তৎসঙ্গিসঙ্গতঃ ॥৩৫॥
প্রজাপতিঃ স্বাং দুহিতরং দৃষ্ট্বা তদ্রূপধর্ষিতঃ।
রোহিদ্ভূতাং সোঽন্বধাবদৃষ্যরূপী হতত্রপঃ ॥ ৩৬ ॥
তৎসৃষ্টসৃষ্টসৃষ্টেষু কো ন্বখণ্ডিতধীঃ পুমান্।
ঋষিং নারায়ণমৃতে যোষিন্ময্যেহ মায়য়া ॥ ৩৭ ॥

অন্বয়

যোষিৎসঙ্গাৎ যথা (নারীসঙ্গ হইতে যেমন) [অথবা] তৎসঙ্গিসঙ্গতঃ যথা (নারীসঙ্গকারীর সঙ্গ হইতে যেমন) অস্য পুংসঃ (ঐ অসাধু ব্যক্তির) মোহঃ বন্ধঃ চ (মোহ ও বন্ধন) ভবেৎ (হইয়া থাকে), অন্যপ্রসঙ্গতঃ (আর কোনরূপ অসৎসঙ্গে) তথা ন (সেই প্রকার মোহ ও বন্ধন হয় না) ॥ ৩৫ ॥

সঃ প্রজাপতিঃ (সাক্ষাৎ প্রজাপতি ব্রহ্মা) স্বাং দুহিতরং (স্বীয় কন্যাকে) দৃষ্ট্বা (দর্শনকরতঃ) তদ্রূপধর্ষিতঃ (তাহার রূপে মোহিত হইয়া) রোহিদ্ভূতাং [সতীং] (কন্যা মৃগীরূপ ধারণ করিলে) ঋষ্যরূপী (তিনি মৃগরূপী হইয়া) হতত্রপঃ (নির্লজ্জভাবে) অন্বধাবৎ (তাহার অনুসরণ করিয়াছিলেন) ॥ ৩৬ ॥

[অতএব] তৎসৃষ্টসৃষ্টসৃষ্টেষু (ব্রহ্মা মরীচি প্রভৃতিকে, মরীচি প্রভৃতি কশ্যপাদিকে ও কশ্যপাদি দেবমনুষ্যাদিকে সৃষ্টি করিয়াছেন, তাহাদের মধ্যে) নারায়ণম্ ঋষিম্ ঋতে (নারায়ণ ঋষি ব্যতীত) ইহ (এই সংসারে) কঃ নু পুমান্ (কোন্ পুরুষ) যোষিন্ময্যা মায়য়া (রমণীমূর্ত্তির মায়ায়) অখণ্ডিতধীঃ (বিমোহিতচিত্ত না হয় ?) [অর্থাৎ রমণীমূর্ত্তির মায়ায় সকলেই বিমোহিত হইয়া থাকে] ॥ ৩৭ ॥

অনুবাদ

শম, দম ও ঐশ্বর্য্য এই সকল সম্যক্‌রূপে ক্ষয়প্রাপ্ত হয়, সেই অশান্ত, মূঢ়, দেহাত্মবুদ্ধিসম্পন্ন ও রমণীগণের ক্রীড়াপশুস্বরূপ শোচনীয় অসাধুগণের সঙ্গ করিবে না ॥ ৩৩ ॥ ৩৪ ॥

নারীসঙ্গ হইতে অথবা নারীসঙ্গকারীর সঙ্গ হইতে যেমন অসাধু ব্যক্তির মোহ ও বন্ধন হইয়া থাকে, অন্য কোনরূপ অসৎসঙ্গে সেই প্রকার মোহ ও বন্ধন হয় না ॥ ৩৫ ॥

প্রজাপতি ব্রহ্মা স্বীয় কন্যাকে দর্শন করতঃ তাহার রূপে মোহিত হইয়া কন্যা মৃগীরূপ ধারণ করিলে তিনিও মৃগরূপ ধারণ করতঃ নির্লজ্জভাবে তাহার অনুসরণ করিয়াছিলেন ॥ ৩৬ ॥

ব্রহ্মা মরীচি প্রভৃতিকে, মরীচি প্রভৃতি কশ্যপাদিকে ও কশ্যপাদি দেবমনুষ্যাদিকে সৃষ্টি করিয়াছেন, তাহাদের মধ্যে নারায়ণ ঋষি ব্যতীত এই সংসারে কোন্ পুরুষ রমণীমূর্ত্তির মায়ায় বিমোহিতচিত্ত না হইয়া থাকিতে পারে ? [অর্থাৎ রমণীমূর্ত্তির মায়ায় সকলেই বিমোহিত হইয়া থাকে] ॥ ৩৭ ॥

টীকা

চ আত্মা অহমিতি মমেতি চ বুদ্ধির্যস্য, যদ্বা খণ্ডিতো বিক্ষিপ্ত আত্মা মনো যস্য ॥ ৩৪ ॥ ৩৫ ॥ রোহিদ্রূপাং মৃগীরূপাম্, ঋষ্যরূপী মৃগরূপঃ ॥ ৩৬ ॥ স্ত্রীময্যা মায়য়া অখণ্ডিতধীঃ অবিমোহিতচিত্তঃ ॥ ৩৭ ॥ ৩৮ ॥

বলং মে পশ্য মায়ায়াঃ স্ত্রীময্যা জয়িনো দিশাম্ ।
যা করোতি পদাক্রান্তান্ ভ্রূবিজৃম্ভেণ কেবলম্ ॥৩৮॥
সঙ্গং ন কুর্য্যাৎ প্রমদাসু জাতু যোগস্য পারং পরমারুরুক্ষুঃ ।
মৎসেবয়া প্রতিলব্ধাত্মলাভো বদন্তি যা নিরয়দ্বারমস্য ॥ ৩৯ ॥
যোপযাতি শনৈর্ম্মায়া যোষিদ্দেববিনির্ম্মিতা ।
তামীক্ষেতাত্মনো মৃত্যুং তৃণৈঃ কূপমিবাবৃতম্ ॥৪০॥

অন্বয়

[হে মাতঃ !] মে (আমার) স্ত্রীময্যাঃ (স্ত্রীরূপিণী) মায়ায়াঃ বলং (মায়ার বল) পশ্য (দর্শন কর) ; যা (ঐ স্ত্রীরূপিণী মায়া) কেবলং ভ্রূবিজৃম্ভেণ (কেবল ভ্রূকুটিদ্বারা) দিশাং জয়িনঃ [অপি] (দিগ্বিজয়ী বীরগণকেও) পদাক্রান্তান্ (পদানত) করোতি (করিয়া থাকে) ॥ ৩৮ ॥

মৎসেবয়া (আমার ভজনপূজনাদিদ্বারা) প্রতিলব্ধাত্মলাভঃ (যাহার দেহধারণ সার্থক হইয়াছে) [এবং যে ব্যক্তি] যোগস্য পরং পারং (যোগের পরপার অর্থাৎ ভগবদ্ভাবাপত্তিরূপ মোক্ষ) আরুরুক্ষুঃ (পাইতে অভিলাষী, সেই মুমুক্ষু ব্যক্তি) জাতু (কখনও) প্রমদাসু সঙ্গং (স্ত্রীসঙ্গ) ন কুর্য্যাৎ (করিবে না) ; [যোগিগণ] যাঃ (রমণীগণকে) অস্য (মুমুক্ষু ব্যক্তির) নিরয়দ্বারং (নরকদ্বার) বদন্তি (বলিয়া থাকেন) ॥ ৩৯ ॥

দেববিনির্ম্মিতা (ভগবৎকর্ত্তৃক নির্ম্মিতা) যা যোষিৎ মায়া (যে স্ত্রীরূপিণী মায়া) শনৈঃ (পরিচর্য্যাদিচ্ছলে) উপযাতি (সমীপে উপস্থিত হয়), তাং (তাহাকে) তৃণৈঃ আবৃতম্ কূপম্ ইব (তৃণাচ্ছন্ন কূপের ন্যায়) আত্মনঃ (নিজের) মৃত্যুম্ (মৃত্যুস্বরূপ বলিয়া) ঈক্ষেত (দর্শন করিবে) ॥ ৪০ ॥

অনুবাদ

হে মাতঃ ! আমার স্ত্রীরূপিণী মায়ার বল দর্শন কর ; এই স্ত্রীরূপিণী মায়া কেবল ভ্রূকুটিদ্বারা দিগ্বিজয়ী বীরগণকেও পদানত করিয়া থাকে ॥ ৩৮ ॥

আমার ভজনপূজনাদি দ্বারা যাহার দেহধারণ সার্থক হইয়াছে এবং যিনি যোগের পরপার অর্থাৎ ভগবদ্ভাবাপত্তিরূপ মোক্ষ পাইতে অভিলাষী, সেই মুমুক্ষু ব্যক্তি কখনও স্ত্রীসঙ্গ করিবে না। যোগিগণ রমণীগণকে মুমুক্ষু ব্যক্তির নরকদ্বার বলিয়া নির্দ্দেশ করিয়াছেন ॥ ৩৯ ॥

ভগবৎকর্ত্তৃক নির্ম্মিতা যে স্ত্রীরূপিণী মায়া পরিচর্য্যাদিচ্ছলে সমীপে উপস্থিত হয়, মুমুক্ষু ব্যক্তি তাহাকে তৃণাচ্ছন্ন কূপের ন্যায় নিজের মৃত্যুস্বরূপ বলিয়া দর্শন করিবে ॥ ৪০ ॥

টীকা

মৎসেবয়া মদ্ধ্যানাদিভজনেন প্রতিলব্ধঃ আত্মলাভো দেহধারণফলং যেন, যোগস্য ভগবদ্ধ্যানস্য পরং পারং ভগবদ্ভাবাপত্তিলক্ষণং মোক্ষমারুরুক্ষুঃ, অস্য আরুরুক্ষোঃ যাঃ নিরয়দ্বারমাহুঃ মুনয়ঃ তাসু ॥ ৩৯ ॥ শনৈঃ পরিচর্য্যাদিমিষেণ । ৪০ ॥ মুক্তিকামা স্ত্রী অপি পতিপুত্রাদিরূপিণীং মোক্ষপ্রতিবন্ধকতয়া উপস্থিতাং ভগবন্মায়াং বিজানীয়াদিত্যাহ—যামিতি দ্বাভ্যাম্। স্ত্রীসঙ্গাৎ স্ত্রীত্বং প্রাপ্তো জীবঃ ঋষভায়তীমৃষভবৎ-

যাং মন্যতে পতিং মোহান্মন্মায়ামৃষভায়তীম্ ।
স্ত্রীত্বং স্ত্রীসঙ্গতঃ প্রাপ্তো বিত্তাপত্যগৃহপ্রদম্ ॥৪১॥
তামাত্মনো বিজানীয়াৎ পত্যপত্যগৃহাত্মকম্ ।
দৈবোপসাদিতং মৃত্যুং মৃগয়োর্গায়নং যথা ॥ ৪২ ॥
দেহেন জীবভূতেন লোকাল্লোকমনুব্রজন্ ।
ভুঞ্জান এব কর্ম্মাণি করোত্যবিরতং পুমান্ ॥ ৪৩ ॥

অন্বয়

[পক্ষান্তরে মুমুক্ষু রমণীগণেরও পুরুষসঙ্গ করা উচিত নহে, ইহাই বলিতেছেন] স্ত্রীসঙ্গতঃ (স্ত্রীসঙ্গবশতঃ অর্থাৎ অন্তকালে স্ত্রীধ্যান করিয়া) স্ত্রীত্বং প্রাপ্তঃ (স্ত্রীরূপ প্রাপ্ত জীব) ঋষভায়তীং (পুরুষের ন্যায় আচরণকারিণী) যাং মন্মায়াং (যে আমার মায়াকে) মোহাৎ (মোহবশতঃ) বিত্তাপত্যগৃহপ্রদং (বিত্ত, পুত্র ও গৃহাদির প্রদাতা) পতিং মন্যতে (পতি বলিয়া মনে করিয়া থাকে), মৃগয়োঃ (ব্যাধের) গায়নং (সঙ্গীত) যথা (যেমন) [মৃগের মৃত্যুস্বরূপ হইয়া থাকে, সেইরূপ মুমুক্ষু রমণী] তাং (তাহাকে অর্থাৎ সেই আমার মায়াকে) পত্যপত্যগৃহাত্মকং (পতিরূপ ও পতিপ্রদত্ত বিত্ত, পুত্র ও গৃহাদিরূপ) দৈবোপসাদিতং (দৈবপ্রেরিত) আত্মনঃ (নিজের) মৃত্যুং বিজানীয়াৎ (মৃত্যু বলিয়া জানিবে) ॥ ৪১ ॥ ৪২ ॥

[স্ত্রী ও পুরুষদেহ হইতে জীব যে ভিন্ন, তাহাই দেখাইতেছেন] পুমান্ (জীব) জীবভূতেন দেহেন (যাহা স্থূলদেহকে জীবিত করে, সেই লিঙ্গদেহের দ্বারা) লোকাৎ লোকং (লোক হইতে লোকান্তরে) অনুব্রজন্ (গমন করতঃ) ভুঞ্জানঃ এব (কর্ম্মফল ভোগ করিয়া) অবিরতং (নিরন্তর) কর্ম্মাণি করোতি (কর্ম্ম সকল করিতে থাকে) ॥ ৪৩ ॥

অনুবাদ

[পক্ষান্তরে মুমুক্ষু রমণীগণেরও যে পুরুষসঙ্গ করা উচিত নহে, ইহাই বলিতেছেন]—পুরুষ পূর্ব্বজন্মে মৃত্যুকালে স্ত্রীচিন্তা করতঃ স্ত্রীত্ব প্রাপ্ত হইয়া থাকে, ঐ স্ত্রীরূপী জীব পুরুষের ন্যায় আচরণকারিণী আমার যে মায়াকে মোহবশতঃ বিত্ত, পুত্র ও গৃহাদির প্রদাতা পতি বলিয়া মনে করিয়া থাকে, ব্যাধের সঙ্গীত যেমন মৃগের মৃত্যুস্বরূপই হইয়া থাকে, সেইরূপ মুমুক্ষু রমণী সেই আমার মায়াকে পতিরূপ ও পতিপ্রদত্ত বিত্ত, পুত্র ও গৃহাদিরূপ দৈবপ্রেরিত নিজের মৃত্যু বলিয়া জানিবে [অর্থাৎ মুমুক্ষু রমণী পতি, পুত্র, বিত্ত ও গৃহাদিকে মৃত্যুস্বরূপ বলিয়া মনে করিবে ও ইহাদের সঙ্গ পরিত্যাগ করিবে] ॥ ৪১ ॥ ৪২ ॥

[স্ত্রী ও পুরুষদেহ হইতে যে জীবাত্মা ভিন্ন তাহাই দেখাইতেছেন]—অণুপরিমাণ ও

টীকা

পুরুষবদাচরন্তীং মম মায়াং যাং মোহাদ্বিত্তাপত্যগৃহপ্রদং পতিং যা মন্যতে ॥ ৪১ ॥ তাং পত্যপত্যগৃহাত্মকং পত্যাত্মকং পতিদত্তবিত্তাপত্যগৃহাত্মকং চ মৃত্যুং বিজানীয়াৎ, মৃগয়োর্গায়নং যথা প্রিয়মপি মৃগস্য মৃত্যুরেব ॥৪২॥ যদি জীবঃ স্ত্রীপুরুষদেহরূপায়াঃ মায়ায়াঃ বিলক্ষণস্তর্হি কীদৃশঃ ? ইত্যাকাঙ্ক্ষায়ামণুপরিমাণকঃ কর্ত্তৃত্বাদিধর্ম্মবান্ নিত্যো জীব ইত্যাহ—দেহেনেত্যাদিনা। পুমানণুপরিমাণকো জীবঃ জীবভূতেন জীবয়তি স্থূল-

জীবো হ্যস্যানুগো দেহো ভূতেন্দ্রিয়মনোময়ঃ।
তন্নিরোধোঽস্য মরণমাবির্ভাবস্তু সম্ভবঃ ॥ ৪৪ ॥
দ্রব্যোপলব্ধিস্থানস্য দ্রব্যেক্ষাযোগ্যতা যদা।
তৎ পঞ্চত্বমহম্মানাদুৎপত্তির্দ্রব্যদর্শনম্ ॥ ৪৫ ॥

অন্বয়

ভূতেন্দ্রিয়মনোময়ঃ জীবঃ (সূক্ষ্ম পঞ্চভূত, দশ ইন্দ্রিয় ও মনোময় যে সূক্ষ্মশরীর), অস্য অনুগঃ (তাহার অনুগমনের স্থান) [যঃ] দেহঃ (যে স্থূলশরীর), তন্নিরোধঃ হি (সেই স্থূলশরীরের নাশই) অস্য (জীবের) মরণং (মৃত্যু) আবির্ভাবঃ তু (এবং ঐ স্থূলশরীরের আবির্ভাবই) সম্ভবঃ (জন্ম) ॥ ৪৪ ॥

[স্থূলদেহেরও জীবের সহিত সম্বন্ধ না থাকিলেই মরণ বা বিনাশ এবং জীবের সহিত সম্বন্ধ হইলেই জন্ম বা উৎপত্তি বলা হয়, বস্তুতঃ সমস্ত কার্য্যই সৎ বলিয়া এই স্থূলদেহেরও আত্যন্তিক বিনাশ বা অভিনব উৎপত্তি নাই, কারণ বিনাশে মূলনাশ হয় না এবং উৎপত্তিতেও পূর্ব্বে উহার সত্তা থাকেই। জন্মমরণ কেবলমাত্র অবস্থাবিশেষ অর্থাৎ পরিণতি; এই শ্লোকে ইহাই বলিতেছেন] দ্রব্যোপলব্ধিস্থানস্য (দ্রব্যসকল উপলব্ধি করিবার স্থান এই স্থূলশরীরের) যদা (যখন) দ্রব্যেক্ষাযোগ্যতা ([জীবের সহিত সম্বন্ধের অভাবহেতু] দ্রব্য সকল উপলব্ধি করিবার সামর্থ্য থাকে না), তৎ পঞ্চত্বং (তখনই মরণ বলিয়া কথিত হয়); [বস্তুতঃ মূলনাশ হয় না] অহম্মানাৎ (এবং জীবের সহিত সম্বন্ধ হওয়ায় "আমি দেখিতেছি, আমি শুনিতেছি" এই প্রকার অভিমানবশতঃ) দ্রব্যদর্শনং (যে রূপাদিযুক্ত দ্রব্যাদির গ্রহণ অর্থাৎ উপলব্ধি হয়), [তৎ] উৎপত্তিঃ (তাহাই জন্ম) ॥ ৪৫ ॥

অনুবাদ

কর্ত্তৃত্বাদিধর্ম্মযুক্ত জীব লিঙ্গদেহের দ্বারা লোকান্তরে গমন পূর্ব্বক কর্ম্মফল ভোগ করিয়া নিরন্তর কর্ম্ম করিতে থাকে ॥ ৪৩ ॥

সূক্ষ্ম পঞ্চভূত, দশ ইন্দ্রিয় ও মনোময় সূক্ষ্মশরীর চিরকালস্থায়ী ও স্থূলশরীরে অনুবর্ত্তন করে; এই লিঙ্গশরীরের বিষয়স্থানীয় যে স্থূলশরীর, তাহার বিনাশই জীবের মৃত্যু ও আবির্ভাবই জীবের জন্ম বলিয়া অভিহিত হইয়া থাকে ॥ ৪৪ ॥

[স্থূলদেহেরও আত্যন্তিক বিনাশ বা অভিনব উৎপত্তি নাই; জীবের সহিত সম্বন্ধ না থাকিলেই মরণ বা বিনাশ বলা হয় এবং জীবের সহিত সম্বন্ধ হইলেই জন্ম বা উৎপত্তি বলা হয়। সমস্ত কার্য্যই সৎ, বিনাশেও মূলনাশ হয় না এবং উৎপত্তির পূর্ব্বেও সত্তা থাকেই। জন্ম ও মরণ কেবলমাত্র অবস্থা বিশেষ ইহাই বলিতেছেন]—

টীকা

দেহমিতি জীবঃ লিঙ্গাখ্যো দেহঃ, তেন লোকাল্লোকং লোকান্তরমনুব্রজন্ ভুঞ্জানঃ কর্ম্মফলমিতি শেষঃ কর্ম্মাণি করোতি ॥ ৪৩ ॥ কথম্ভূতঃ? সূক্ষ্মরূপাণি পঞ্চভূতানি, দশেন্দ্রিয়াণি, মনশ্চ তন্ময়ঃ যো জীবঃ, পূর্ব্বোক্তঃ লিঙ্গদেহঃ অনুগ্রাহকশ্চিরকালস্থায়ী, অস্য অনুগতঃ অনুগ্রাহ্যো যো দেহঃ স্থূলং শরীরং তস্য নিরোধো নাশঃ অস্য প্রস্তুতস্য পুংসঃ ক্ষেত্রজ্ঞস্য মরণমুচ্যতে; উক্তপ্রকারেণ আবির্ভাবো হি সম্ভবো জন্মোচ্যতে ॥ ৪৪ ॥ স্থূলদেহস্যাপি জীবসম্বন্ধরাহিত্যেন ব্যবহারানর্হত্বং মরণম্। তৎসম্বন্ধে সতি জন্ম,

যথাক্ষ্নোর্দ্রব্যাবয়বদর্শনাযোগ্যতা যদা।
তদৈব চক্ষুষো দ্রষ্টুর্দৃষ্টৃত্বাযোগ তানয়োঃ ॥ ৪৬ ॥
তস্মান্ন কার্য্যঃ সন্ত্রাসো ন কার্পণ্যং ন সম্ভ্রমঃ।
বুদ্ধা জীবগতিং ধীরো মুক্তসঙ্গশ্চরেদিহ ॥ ৪৭ ॥

অন্বয়

[এইরূপে স্থূলদেহের জন্মমরণে জীবের জন্মমরণ বলা হয়, ইহাই দৃষ্টান্তের দ্বারা স্পষ্ট করিয়া বলিতেছেন] যথা (যেমন) অক্ষ্নোঃ (চক্ষুর গোলকদ্বয়ের) যদা (যখন) দ্রব্যাবয়বদর্শনাযোগ্যতা (কামলাদি রোগবশতঃ রূপদর্শনের অযোগ্যতা হয়), তদা এব (তখনই) চক্ষুষঃ (চক্ষুরিন্দ্রিয়েরও) [রূপদর্শনের অযোগ্যতা হয়] [এবং যেমন] অনয়োঃ (গোলকদ্বয় ও চক্ষুরিন্দ্রিয় এই উভয়েরই) [যদা] (যখন) [রূপদর্শনের অযোগ্যতা হয়, তখন] দ্রষ্টুঃ (দ্রষ্টা জীবেরও) দ্রষ্টৃত্বাযোগ্যতা (রূপদর্শনের অযোগ্যতা হইয়া থাকে) ; [সেইরূপ দেহের বিনাশেই জীবের বিনাশ বলা হয়]॥ ৪৬ ॥

তস্মাৎ (জীবের জন্মমরণ বস্তুতঃ যখন নাই, তখন) সন্ত্রাসঃ (মরণের ভয়) ন কার্য্যঃ (করা

অনুবাদ

দ্রব্য সকলের উপলব্ধি করিবার স্থান এই স্থূলশরীরের জীবের সহিত সম্বন্ধ না থাকায় যখন দ্রব্যসকল উপলব্ধি করিবার সামর্থ্য থাকে না, তখনই মরণ বলিয়া কথিত হয়, এবং জীবের সহিত সম্বন্ধ থাকায় "আমি দেখিতেছি" "আমি শুনিতেছি" এইরূপ অভিমানবশতঃ যখন রূপাদিযুক্ত দ্রব্যের উপলব্ধি করিবার সামর্থ্য হয়, তখন উহাই জন্ম বলিয়া কথিত হয় ॥ ৪৫ ॥

[এইরূপে স্থূলদেহের জন্ম ও মরণে জীবেরও জন্মমরণ বলা হয়, ইহাই দৃষ্টান্তের দ্বারা স্পষ্ট করিয়া বলিতেছেন]—যেমন চক্ষুর গোলকদ্বয়ের কামলাদি রোগবশতঃ রূপদর্শনে যখন অযোগ্যতা হয়, তখনই চক্ষুরিন্দ্রিয়েরও রূপদর্শনে অযোগ্যতা বলা হয় এবং গোলকদ্বয় ও চক্ষুরিন্দ্রিয় এই উভয়েরই যখন রূপদর্শনে অযোগ্যতা হয়, তখন দ্রষ্টা জীবেরও দর্শনে অযোগ্যতা বলা হয়, সেইরূপ স্থূলদেহের বিনাশে জীবেরও বিনাশ বা মরণ বলা হয় ॥ ৪৬ ॥

বস্তুতঃ জীবের বিনাশ যখন নাই, তখন মৃত্যুতে ভয়, জীবনে ধিক্কার ও জীবনধারণে যত্ন করা

টীকা

ন তু বস্তুতঃ, সৎকার্য্যত্বাদিত্যাহ—দ্রব্যোপলব্ধিস্থানস্য দ্রব্যেক্ষাযোগ্যতা জীবসম্বন্ধাভাবেন দ্রব্যগ্রহণা-যোগ্যতা, তদেব পঞ্চত্বং, ন তু মূলনাশঃ, অহম্মানাদহং পশ্যামি শৃণোমীত্যাদিজীবসম্বন্ধিমানাদ্দ্রব্যদর্শনং রূপাদিমদ্দ্রব্যগ্রহণং যদা তদুৎপত্তিঃ। ন তু তন্মূলভূতপৃথিব্যাদেস্তদুৎপত্তিস্তেষাং প্রাগেব বিদ্যমানত্বাৎ ॥ ৪৫ ॥ এবম্ভূতাভ্যাং স্থূলদেহজন্মমরণাভ্যাং জীবস্য জন্মমরণোপচারং প্রাগুক্তং দৃষ্টান্তাভ্যাং স্পষ্টয়তি —যথেতি। যথা অক্ষ্নোঃ গোলকয়োর্দ্রব্যাবয়বস্য দর্শনে কাচকামলাদিদোষেণ যদা অযোগ্যতা তদৈব চক্ষুষঃ ইন্দ্রিয়স্য অযোগ্যতা, যথা বা অনয়োঃ গোলকেন্দ্রিয়য়োঃ যদা রূপদর্শনে অযোগ্যতা, তদা

সম্যগ্‌দর্শনয়া বুদ্ধ্যা যোগবৈরাগ্যযুক্তয়া।
মায়াবিরচিতে লোকে চরেন্ন্যস্য কলেবরম্ ॥৪৮॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে
কাপিলেয়ে জীবগতির্নামৈকত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩১ ॥

অন্বয়

উচিত নহে), কার্পণ্যং ন [কার্য্যং] (জীবনে ধিক্কার দেওয়া উচিত নহে) ন [চ] সম্ভ্রমঃ [কার্য্যঃ] (এবং জীবনধারণে যত্ন করা উচিত নহে); ধীরঃ (ধীর ব্যক্তি) জীবগতিং (জীবের গতি) বুদ্ধা (অবগত হইয়া) মুক্তসঙ্গঃ (আসক্তি পরিত্যাগ করতঃ) ইহ (এই সংসারে) চরেৎ (বিচরণ করিবে) ॥৪৭॥

[ধীর ব্যক্তি] যোগবৈরাগ্যযুক্তয়া (যোগ ও বৈরাগ্যযুক্ত) সম্যগ্‌দর্শনয়া বুদ্ধ্যা (বিচারবুদ্ধিদ্বারা) মায়াবিরচিতে লোকে (মায়াবিরচিত এই সংসারে) কলেবরং ন্যস্য (দেহকে ত্যাগ করিয়া অর্থাৎ দেহাসক্তি পরিত্যাগ করিয়া) চরেৎ (বিচরণ করিবে) ॥ ৪৮ ॥

অনুবাদ

উচিত নহে; ধীর ব্যক্তি জীবের গতি অবগত হইয়া আসক্তি পরিত্যাগপূর্ব্বক এই সংসারে বিচরণ করিবে ॥ ৪৭ ॥

ধীর ব্যক্তি যোগ ও বৈরাগ্যযুক্ত এবং সম্যক্‌রূপে বিবেকশালিনী বুদ্ধিদ্বারা মায়াবিরচিত এই সংসারে দেহে আসক্তি পরিত্যাগ করিয়া বিচরণ করিবে ॥ ৪৮ ॥

একত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত হইল ॥ ৩১ ॥

টীকা

দ্রষ্টুর্জীবস্য” নহি দ্রষ্টুর্দৃষ্টের্বিপরিলোপো বিদ্যতে অবিনাশিত্বাৎ” ইতি শ্রুতেঃ নিত্যদ্রষ্টৃত্বযুক্তস্যাপি দ্রষ্টৃত্বাযোগ্যতা স্যাৎ, তথা দেহনিরোধ এব জীবনিরোধ ইত্যর্থঃ ॥ ৪৬ ॥ যস্মাজ্জীবস্য স্বরূপতো জন্মমরণে ন স্তঃ, তস্মাৎ সম্ত্রাসাদির্ন কার্য্যঃ ॥ ৪৭ ॥ ৪৮ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে তৃতীয়স্কন্ধে শ্রীমচ্ছুকদেবকৃতসিদ্ধান্তপ্রদীপে
একত্রিংশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ৩১ ॥

দ্বাত্রিংশোঽধ্যায়ঃ

শ্রীভগবানুবাচ

অথ যো গৃহমেধীয়ান্ ধর্ম্মানেবাবসন্ গৃহে।
কামমর্থঞ্চ ধর্ম্মান্ স্বান্ দোগ্ধি ভূয়ঃ পিপর্ত্তি তান্ ॥১॥
স চাপি ভগবদ্ধর্ম্মাৎ কামমূঢ়ঃ পরাঙ্মুখঃ।
যজতে ক্রতুভির্দ্দেবান্ পিতৃংশ্চ শ্রদ্ধয়ান্বিতঃ ॥২॥
তচ্ছ্রদ্ধয়াক্রান্তমতিঃ পিতৃদেবব্রতঃ পুমান্।
গত্বা চান্দ্রমসং লোকং সোমপাঃ পুনরেষ্যতি ॥৩॥

অন্বয়

শ্রীভগবান্ উবাচ (ভগবান্ কপিলদেব বলিলেন) [হে মাতঃ !] অথ যঃ (আর যে ব্যক্তি) গৃহে এব আবসন্ (গৃহস্থাশ্রমে থাকিয়াই) স্বান্ গৃহমেধীয়ান্ ধর্ম্মান্ (স্বীয় গৃহস্থাশ্রমোচিত ধর্ম্ম), অর্থং কামং চ (অর্থ ও কাম) দোগ্ধি (দোহন করে অর্থাৎ অর্জ্জন করে) [এবং] তান্ (সেই অর্জ্জিত ধর্ম্মসমূহের) ভূয়ঃ (পুনঃ পুনঃ) পিপর্ত্তি (পূরণ করে অর্থাৎ বৃদ্ধি করে), সঃ চ অপি কামমূঢ়ঃ (সেই কামমূঢ় ব্যক্তি) ভগবদ্ধর্ম্মাৎ পরাঙ্মুখঃ (ভগবানের আরাধনারূপ ধর্ম্ম হইতে পরাঙ্মুখ হইয়া) শ্রদ্ধয়ান্বিতঃ (শ্রদ্ধা সহকারে) ক্রতুভিঃ (যজ্ঞের দ্বারা) দেবান্ পিতৃন্ চ (দেবতা ও পিতৃগণের) যজতে (যজনা করিয়া থাকে) ॥ ১ ॥ ২ ॥

তচ্ছ্রদ্ধয়া আক্রান্তমতিঃ (পিতৃগণ ও দেবগণের প্রতি শ্রদ্ধাশীল হওয়ায় তদ্‌গতচিত্ত) [এবং] পিতৃদেবব্রতঃ (পিতৃগণ ও দেবগণের প্রীতির নিমিত্ত ব্রতপরায়ণ) পুমান্ (ঐ ব্যক্তি) চান্দ্রমসং লোকং

অনুবাদ

[এই দ্বাত্রিংশ অধ্যায়ে ভগবদ্ধর্ম্মে পরাঙ্মুখ ব্যক্তির যে সাত্ত্বিক ধর্ম্মের দ্বারা ঊর্দ্ধলোক প্রাপ্তি হয় এবং ভোগান্তে পুনরাবৃত্তি হয়, আর ভগবদ্ভক্তগণের যে ভগবৎপ্রাপ্তি হয়, সেই সকলই বর্ণিত হইবে] ভগবান্ কপিলদেব বলিলেন—হে মাতঃ ! অপর যে সকল ব্যক্তি গৃহস্থাশ্রমে থাকিয়াই স্বীয় গৃহস্থাশ্রমোচিত ধর্ম্ম, অর্থ ও কাম দোহন করে অর্থাৎ অর্জ্জন করে এবং সেই অর্জ্জিত ধর্ম্মসমূহের পুনঃ পুনঃ অনুষ্ঠান করে, সেই কামমূঢ় ব্যক্তি ভগবানের আরাধনারূপ ধর্ম্ম হইতে পরাঙ্মুখ হইয়া শ্রদ্ধাসহকারে যজ্ঞের দ্বারা দেবতা ও পিতৃগণের যজনা করিয়া থাকে ॥ ১ ॥ ২ ॥

পিতৃগণ ও দেবগণের প্রতি শ্রদ্ধাশীল হওয়ায় তদ্‌গতচিত্ত ও তাহাদের প্রীতির নিমিত্ত

টীকা

ভগবদ্ধর্ম্মপরাঙ্‌মুখস্য সাত্ত্বিকৈর্ধর্ম্মৈঃ ঊর্দ্ধলোকপ্রাপ্তিং, ততঃ পুনঃ আগতিং, ভগবদ্ভক্তানাং ভগবৎ-প্রাপ্তিঞ্চাহ—অথেতি দ্বাত্রিংশেন। তান্ ধর্ম্মান্ পিপর্ত্তি পূরয়তি ॥১॥২॥ তৎ তেষাং শ্রদ্ধয়া আক্রান্তা অভিভূতা মতির্যস্য সঃ, সোমপাঃ তত্র সোমং পীত্বা পুনরেষ্যতি অত্রৈবাগচ্ছতি ॥ ৩ ॥ যদা নৈমিত্তিক-

যদা চাহীন্দ্রশয্যায়াং শেতেঽনন্তাসনো হরিঃ।
তদা লোকা লয়ং যান্তি ত এতে গৃহমেধিনাম্ ॥ ৪ ॥
যে স্বধর্ম্মং ন দুহ্যন্তি ধীরাঃ কামার্থহেতবে।
নিঃসঙ্গা ন্যস্তকর্ম্মাণঃ প্রশান্তাঃ শুদ্ধচেতসঃ ॥৫॥
নিবৃত্তিধর্ম্মনিরতা নির্ম্মমা নিরহঙ্কৃতাঃ।
স্বধর্ম্মাখ্যেন সত্ত্বেন পরিশুদ্ধেন চেতসা ॥ ৬ ॥

অন্বয়

গত্বা (চন্দ্রলোকে গমন করিয়া) সোমপাঃ (সোমরস পানকরতঃ) পুনঃ এষ্যতি (এই সংসারে পুনরায় আগমন করে) ॥ ৩ ॥

যদা চ (যখন) অনন্তাসনঃ হরিঃ (শেষনাগে অবস্থিত শ্রীহরি) অহীন্দ্রশয্যায়াং (অনন্তশয্যায়) শেতে (শয়ন করেন), তদা (তখন) গৃহমেধিনাং (গৃহস্থগণের) তে এতে লোকাঃ (সেই চন্দ্রাদি লোক সকল) লয়ং যান্তি (লয় প্রাপ্ত হইয়া থাকে) ॥ ৪ ॥

ধীরাঃ (ধীর ব্যক্তিগণ) কামার্থহেতবে (কাম ও অর্থের নিমিত্ত) স্বধর্ম্মং ন দুহ্যন্তি (স্বীয় ধর্ম্মকে দোহন করেন না অর্থাৎ স্বধর্ম্মানুষ্ঠান করেন না); যে নিঃসঙ্গাঃ (যাঁহারা অনাসক্ত), প্রশান্তাঃ (প্রশান্ত), শুদ্ধচেতসঃ (শুদ্ধচেতা) ন্যস্তকর্ম্মাণঃ (ও ঈশ্বরে কর্ম্মসকল অর্পণ করিয়াছেন), স্বধর্ম্মাখ্যেন সত্ত্বেন (স্বীয় ধর্ম্মের নিষ্কাম অনুষ্ঠানে প্রাপ্ত সত্ত্বগুণের দ্বারা) পরিশুদ্ধেন চেতসা (পরিশুদ্ধচিত্তে) নিবৃত্তিধর্ম্মনিরতাঃ (যাঁহারা নিবৃত্তিধর্ম্মে নিরত), নির্ম্মমাঃ (মমতাশূন্য) নিরহঙ্কৃতাঃ (ও নিরহঙ্কারী হইয়াছেন), তে (তাঁহারা) সূর্য্যদ্বারেণ (সূর্য্যমার্গে অর্থাৎ অর্চ্চিরাদিমার্গে গমন করিয়া) পরাবরেশং

অনুবাদ

ব্রতপরায়ণ ঐ সকল ব্যক্তি পুণ্যফলে চন্দ্রলোকে গমন করিয়া সেখানে সোমরস পান করতঃ এই সংসারে পুনরায় ফিরিয়া আসে ॥ ৩ ॥

[হে মাতঃ! চন্দ্রাদি লোকসমূহও চিরস্থায়ী নহে], যখন শেষনাগে অবস্থিত শ্রীহরি অনন্তশয্যায় শয়ন করেন, তখন সকাম গৃহস্থগণের প্রাপ্য এই চন্দ্রাদি লোকসমূহও লয় প্রাপ্ত হইয়া থাকে ॥ ৪ ॥

ধীর ব্যক্তিগণ কাম ও অর্থের নিমিত্ত স্বীয় ধর্ম্মকে দোহন করেন না অর্থাৎ স্বধর্ম্মানুষ্ঠান করেন না; যাঁহারা অনাসক্ত, প্রশান্ত, শুদ্ধচেতা ও ঈশ্বরে কর্ম্ম সকল অর্পণ করিয়াছেন এবং স্বীয় ধর্ম্মের নিষ্কাম অনুষ্ঠানে যে সত্ত্বগুণ লাভ করিয়াছেন, তাহার দ্বারা পরিশুদ্ধচিত্তে নিবৃত্তি ধর্ম্মে নিরত, মমতাশূন্য ও নিরহঙ্কারী হইয়াছেন, তাহারা সূর্য্যমার্গে অর্থাৎ

টীকা

প্রলয়কালে ॥ ৪ ॥ যে তু ভগবদ্ধর্ম্মনিষ্ঠাস্তে ভগবন্তং প্রাপ্নুবন্তীত্যাহ—যে ইতি ত্রিভিঃ ॥ ৫ ॥ ৬ ॥ পরাবরেশং জীবপ্রকৃত্যাখ্যয়োঃ পরাপরপ্রকৃত্যোরীশং নিয়ন্তারম্ চিদচিচ্ছক্তিমন্তম্, অতএব অস্য চিদচিদাত্মকস্য প্রকৃতিমুপাদানকারণমুৎপত্ত্যন্তভাবনং নিমিত্তকারণঞ্চ, অতএব বিশ্বতোমুখং সর্ব্বাত্মানং পুরুষং সূর্য্যদ্বারেণ

সূর্য্যদ্বারেণ তে যান্তি পুরুষং বিশ্বতোমুখম্।
পরাবরেশং প্রকৃতিমস্যাৎপত্ত্যন্তভাবনম্ ॥ ৭ ॥
দ্বিপরার্দ্ধাবসানে যঃ প্রলয়ো ব্রহ্মণস্তু তে।
তাবদধ্যাসতে লোকং পরস্য পরিচিন্তকাঃ ॥ ৮ ॥
ক্ষ্মাম্ভোঽনলানিলবিয়ন্মনইন্দ্রিয়ার্থ-ভূতাদিভিঃ পরিবৃতং প্রতিসঞ্জিহীর্ষুঃ।
অব্যাকৃতং বিশতি যর্হি গুণত্রয়াত্মা কালং পরাখ্যমনুভূয়ঃ পরঃ স্বয়ম্ভূঃ ॥৯॥

অন্বয়

(পরা ও অপরা প্রকৃতির নিয়ন্তা), অস্য (এই জগতের) প্রকৃতিং (উপাদানকারণ) উৎপত্ত্যন্তভাবনং (ও নিমিত্ত-কারণস্বরূপ) বিশ্বতোমুখং (সর্ব্বাত্মা) পুরুষং (পরমপুরুষকে) যান্তি (প্রাপ্ত হইয়া থাকেন) ॥ ৫—৭ ॥

[যে] পরস্য পরিচিন্তকাঃ (যাহারা পরমেশ্বরদৃষ্টিতে হিরণ্যগর্ভের উপাসনা করেন), তে (তাহারা) দ্বিপরার্দ্ধাবসানে (দ্বিপরার্দ্ধকালের অবসানে) ব্রহ্মণঃ তু যঃ প্রলয়ঃ (ব্রহ্মার যতকাল পরে লয় হয়), তাবৎ (ততকাল) লোকং অধ্যাসতে (ব্রহ্মার লোকে বাস করেন) ॥ ৮ ॥

গুণত্রয়াত্মা পরঃ স্বয়ম্ভূঃ (গুণত্রয়ের কার্য্য এই জগৎ যাহার দেহ, সেই স্বয়ম্ভু ব্রহ্মা) যর্হি (যখন) ক্ষ্মাম্ভোঽনলানিলবিয়ন্মনইন্দ্রিয়ার্থভূতাদিভিঃ (ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ, ব্যোম, মন, ইন্দ্রিয়, শব্দাদিবিষয় ও অহঙ্কারের দ্বারা) পরিবৃতং (পরিব্যাপ্ত ব্রহ্মাণ্ডকে) প্রতিসঞ্জিহীর্ষুঃ [ভবতি] (প্রতিসংহার করিতে অভিলাষী হন), [তর্হি] (তখন) [তিনি] পরাখ্যং কালম্ (দ্বিপরার্দ্ধ-পরিমিত কাল) অনুভূয় (ভোগ করিয়া) অব্যাকৃতং (পরমেশ্বরে) বিশতি (প্রবেশ করেন) ॥ ৯ ॥

অনুবাদ

অর্চ্চিরাদিমার্গে গমন করিয়া যিনি পরা ও অপরা প্রকৃতির নিয়ন্তা, এই জগতের উপাদান ও নিমিত্তকারণ এবং সর্ব্বাত্মা, সেই পরমপুরুষকে প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৫—৭ ॥

যাঁহারা পরমেশ্বর দৃষ্টিতে হিরণ্যগর্ভের উপাসনা করেন, তাঁহারা দ্বিপরার্দ্ধকালের অবসানে ব্রহ্মার লয় হওয়া পর্য্যন্ত ব্রহ্মলোকে বাস করেন ॥ ৮ ॥

গুণত্রয়ের কার্য্য এই ব্রহ্মাণ্ড যাহার দেহ, সেই স্বয়ম্ভু ব্রহ্মা যখন ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ, ব্যোম, মন, ইন্দ্রিয়, শব্দাদি বিষয় ও অহঙ্কারযুক্ত এই ব্রহ্মাণ্ডকে সংহার করিতে অভিলাষী হন, তখন দ্বিপরার্দ্ধ পরিমিত কালের অবসানে তিনি পরমপুরুষ পরমেশ্বরে প্রবেশ করেন ॥ ৯ ॥

টীকা

যান্তি, তথাচ শ্রুতিঃ "সূর্য্যদ্বারেণ তে বিরজাঃ প্রযান্তি যত্রামৃতঃ পুরুষো হ্যব্যয়াত্মা"ইতি ; অনেন "তেঽর্চ্চিষ-মভিসম্ভবন্তি" ইত্যর্চ্চিরাদিমার্গ এব সূচিতঃ "যত্রামৃতঃ পুরুষ"ইত্যনেন প্রকৃতিমণ্ডলভিন্নদেশস্থঃ মুমুক্ষুপ্রাপ্যঃ পুরুষো দর্শিতঃ। "অত্র ব্রহ্ম সমশ্নুতে" ইতি শ্রুত্যা তু ধ্যানে ব্রহ্মপ্রাপ্তিরুক্তেতি দিক্ ॥ ৭ ॥ পরমপুরুষদৃষ্ট্যা যে হিরণ্যগর্ভোপাসকাঃ হিরণ্যগর্ভং প্রাপ্য ততঃ পুনর্যথা ভগবজ্জ্ঞানভক্তী লব্ধ্বা তেনৈব পরমোপকারিণা সহ ভগবন্তং প্রাপ্নুবন্তীত্যাহ—দ্বিপরার্দ্ধাবসানে ইতি ত্রিভিঃ। যঃ প্রাকৃতিকঃ, পরস্য হিরণ্যগর্ভস্য পরচিন্তকাঃ পরমাত্মদৃষ্ট্যা হিরণ্যগর্ভধ্যাতারঃ ॥ ৮ ॥ ক্ষ্মা ভূঃ, অম্ভো জলং, অনলো বায়ুঃ, বিয়ন্নভঃ, মনঃ, ইন্দ্রিয়াণি,

এবং পরেত্য ভগবন্তমনুপ্রবিষ্টা যে যোগিনো জিতমরুন্মনসো বিরাগাঃ।
তেনৈব সাকমমৃতং পুরুষং পুরাণং ব্রহ্ম প্রধানমুপযান্ত্যগতাভিমানাঃ ॥১০॥

অথ তং সর্ব্বভূতানাং হৃৎপদ্মেষু কৃতালয়ম্।
শ্রুতানুভাবং শরণং ব্রজ ভাবেন ভাবিনি! ॥ ১১ ॥
আদ্যঃ স্থিরচরাণাং যো বেদগর্ভঃ সহর্ষিভিঃ।
যোগেশ্বরৈঃ কুমারাদ্যৈঃ সিদ্ধৈর্যোগপ্রবর্ত্তকৈঃ ॥১২॥

অন্বয়

জিতমরুন্মনসঃ (প্রাণায়াম ও সংযমের দ্বারা প্রাণ ও মনোজয়ী) বিরাগাঃ (এবং বৈরাগ্যযুক্ত) যে যোগিনঃ (যে যোগিগণ) পরেত্য (বহুলোক অতিক্রম করিয়া) ভগবন্তম্ (ভগবান্ হিরণ্যগর্ভে অর্থাৎ ব্রহ্মার লোকে) অনুপ্রবিষ্টাঃ (অনুপ্রবিষ্ট হইয়াছেন), [তে অপি] (তাহারাও) এবং (ব্রহ্মার ন্যায়) তেন এব সাকম্ (সেই ব্রহ্মার সহিতই) অমৃতং (পরমানন্দরূপ) প্রধানং (সর্ব্বোৎকৃষ্ট) পুরাণং পুরুষং (সনাতন পুরুষ) ব্রহ্ম (পরব্রহ্মে) উপযান্তি (প্রবেশ লাভ করেন), [ব্রহ্মার সহিতই ব্রহ্মে প্রবেশ করেন, পূর্ব্বে করেন না কারণ] অগতাভিমানাঃ (পূর্ব্বে তাঁহারা "আমরা হিরণ্যগর্ভের উপাসক" এই প্রকার অভিমানী থাকেন) ॥ ১০ ॥

অথ (অতএব) ভাবিনি! (হে জননি!) যঃ বেদগর্ভঃ (যে বেদগর্ভ ব্রহ্মা) স্থিরচরাণাং (স্থাবর-জঙ্গমাত্মক বিশ্বের) আদ্যঃ (মূলকারণ), [তাঁহার সহিত এবং] ঋষিভিঃ (মনু ও কর্দ্দম প্রভৃতি ঋষিগণ),

অনুবাদ

প্রাণায়াম ও সংযমের দ্বারা প্রাণ ও মনোজয়ী এবং বৈরাগ্যযুক্ত যে সকল যোগী বহু লোক অতিক্রম করিয়া ভগবান্ হিরণ্যগর্ভে অর্থাৎ ব্রহ্মলোকে অনুপ্রবিষ্ট হইয়াছেন, তাহারাও ব্রহ্মার ন্যায় সেই ব্রহ্মারই সহিত পরমানন্দরূপ সর্ব্বোৎকৃষ্ট সনাতনপুরুষ পরব্রহ্মে প্রবেশ লাভ করেন। ব্রহ্মার সহিতই প্রবেশ লাভ করেন, ইহার পূর্ব্বে ব্রহ্মে প্রবেশ করিতে পারেন না, কারণ তখন তাহাদের "আমরা হিরণ্যগর্ভের উপাসক" এই প্রকার অভিমান থাকে ॥১০॥

অতএব হে জননি! যিনি স্থাবরজঙ্গমের মূলকারণ, সেই ব্রহ্মা, মনু ও কর্দ্দম প্রভৃতি ঋষিগণ, যোগ-প্রবর্ত্তক মহাদেব প্রভৃতি যোগেশ্বরগণ ও সনৎকুমার প্রভৃতি সিদ্ধগণের সহিত তুমিও ভক্তিযুক্ত হইয়া যিনি প্রাণিগণের হৃদয়বিহারী ও যাঁহার প্রভাব ব্যক্ত করিলাম, সেই

টীকা

অর্থাঃ শব্দাদয়ঃ, ভূতাদিরহঙ্কারঃ তৈঃ পরিবৃতং বিশ্বং স্বদেহং যর্হি সঞ্জিহীর্ষুর্ভবতি, গুণত্রয়কার্য্যভূতঃ প্রপঞ্চঃ আত্মা দেহো যস্য সঃ, তর্হি পরাখ্যং দ্বিপরার্দ্ধং কালমনুভূয় অব্যাকৃতং পরমাত্মানং বিশতি ॥ ৯ ॥ যে যোগিনো ভগবন্তং ব্রহ্মাণমনুপ্রবিষ্টাস্তল্লোকং গতাঃ তেঽপি এবং পরেত্য তেনৈব ব্রহ্মণা সহ অমৃতং পুরুষং মুক্তপ্রাপ্যমুপযান্তি ॥ ১০ ॥ তং ব্রহ্মাদিপ্রাপ্যং ত্বমপি য আদ্যস্তেন শ্বশুরেণ ঋষিভির্মনুকর্দ্দমাদ্যৈঃ পিতৃভর্ত্রাদ্যৈশ্চ যোগেশ্বরৈঃ শিবাদিভিশ্চ কুমারৈর্জ্যেষ্ঠৈশ্চ সিদ্ধৈরস্মদাদিভিশ্চ সহ শরণং ব্রজেতি দ্বয়োরন্বয়ঃ। ব্রহ্মাদিসেবিতং মার্গমাশ্রিত্য মুক্তা ভবেতি ভাবঃ ॥১১॥১২॥ এবং সাক্ষাদ্ভগবদুপাসনায়াস্তু কা কথা,

ভেদদৃষ্ট্যাভিমানেন নিঃসঙ্গেনাপি কর্ম্মণা।
কর্ত্তৃত্বাৎ সগুণং ব্রহ্ম পুরুষং পুরুষর্ষভঃ ॥ ১৩ ॥
স সংসৃত্য পুনঃ কালে কালেনেশ্বরমূর্ত্তিনা।
জাতে গুণব্যতিকরে যথাপূর্ব্বং প্রজায়তে ॥ ১৪ ॥

অন্বয়

যোগপ্রবর্ত্তকৈঃ যোগেশ্বরৈঃ (যোগপ্রবর্ত্তক মহাদেব প্রভৃতি যোগেশ্বরগণ) কুমারাদ্যৈঃ সিদ্ধৈঃ সহ (ও সনৎকুমার প্রভৃতি সিদ্ধগণের সহিত) [তুমিও] ভাবেন (প্রেমের সহিত) সর্ব্বভূতানাং (প্রাণিগণের) হৃৎপদ্মেষু কৃতালয়ম্ (হৃদয়বিহারী) শ্রুতানুভাবং (মহাপ্রভাবশালী) তং (সেই ব্রহ্মাদিদেবগণের প্রাপ্য পরমেশ্বরের) শরণং ব্রজ (শরণাপন্ন হও) [অর্থাৎ ব্রহ্মাদি সিদ্ধগণের অবলম্বিত উপায় গ্রহণ করতঃ মুক্ত হও] ॥ ১১ ॥ ১২ ॥

[যঃ] পুরুষর্ষভঃ (যে ব্যক্তি হিরণ্যগর্ভসদৃশ), সঃ (সেই ব্যক্তি) ভেদদৃষ্ট্যা (ইনিই স্বতন্ত্ররূপে উপাস্য এই ভেদবুদ্ধিতে) কর্ত্তৃত্বাৎ (এবং স্বতন্ত্রকর্ত্তৃত্ববশতঃ) অভিমানেন (যে অভিমান, সেই অভিমানবশে) নিঃসঙ্গেন কর্ম্মণা (নিষ্কাম কর্ম্মের দ্বারা) সগুণং ব্রহ্ম (হিরণ্যগর্ভ অর্থাৎ ব্রহ্মা) পুরুষং (বা অন্য দেবতাকে) সংসৃত্য অপি (প্রাপ্ত হইয়াও) পুনঃ (পুনরায়) কালে (সৃষ্টির প্রারম্ভে) ঈশ্বর-মূর্ত্তিনা কালেন (ঈশ্বরমূর্ত্তি কালকর্ত্তৃক) গুণব্যতিকরে জাতে (প্রকৃতির গুণসকল ক্ষোভিত হইলে) যথাপূর্ব্বং প্রজায়তে (পূর্ব্বের ন্যায় স্ব স্ব অধিকার প্রাপ্ত হইয়া জন্মগ্রহণ করেন) ; [কিন্তু মুক্ত হইতে পারেন না] ॥ ১৩ ॥ ১৪ ॥

অনুবাদ

ব্রহ্মাদি দেবগণের প্রাপ্য পরমেশ্বরের শরণাপন্ন হও [অর্থাৎ ব্রহ্মাদি সিদ্ধগণের অবলম্বিত উপায় গ্রহণ করতঃ মুক্ত হও] ॥ ১১-১২ ॥

[সাক্ষাৎ ভগবদুপাসনার কথা ত দূরে, ভগবদ্দৃষ্টিতেও যদি হিরণ্যগর্ভের উপাসনা করা যায়, তাহা হইলে তাহাতেই ভগবৎপ্রাপ্তি হইয়া থাকে ইহা বলা হইয়াছে। এক্ষণে স্বতন্ত্র-রূপে অর্থাৎ ভেদদৃষ্টিতে যদি হিরণ্যগর্ভেরও উপাসনা করা হয়, তবে তাহাতে যে ভগবৎপ্রাপ্তি হয় না, পরন্তু পুনরাবৃত্তিই হইয়া থাকে ইহাই বলিতেছেন]—হিরণ্যগর্ভসদৃশ ব্যক্তি "ইনিই স্বতন্ত্ররূপে উপাস্য" এই ভেদবুদ্ধিতে "আমি স্বতন্ত্র উপাসক" এইরূপ অভিমানী হইয়া নিষ্কাম কর্ম্মের দ্বারা সগুণ ব্রহ্ম অর্থাৎ হিরণ্যগর্ভ অথবা অন্য দেবতাকে প্রাপ্ত হইয়াও পুনরায় সৃষ্টির আরম্ভকালে কালকর্ত্তৃক প্রকৃতির গুণ সকল ক্ষোভিত হইলে পূর্ব্বের ন্যায় স্ব স্ব অধিকার প্রাপ্ত হইয়া জন্মগ্রহণ করে ; কিন্তু মুক্ত হইতে পারে না [অর্থাৎ ভেদবুদ্ধি

টীকা

তদাত্মকে হিরণ্যগর্ভেঽপি তদুপাসনয়া ভগবৎপ্রাপ্তির্ভবতীত্যুক্তম্। ইদানীমন্যস্য তু কা কথা, হিরণ্যগর্ভমপি স্বাতন্ত্র্যেণ আরাধ্য পুনরাবৃত্তিলোকমেব প্রাপ্নোতীতি নিরূপয়তি ভেদ ইত্যাদি ত্রিভিঃ। ভেদদৃষ্ট্যা অয়মেব স্বাতন্ত্র্যেণোপাস্য ইতি বুদ্ধ্যা অহং স্বতন্ত্রকর্ত্তা ইতি স্বতন্ত্রকর্ত্তৃত্বাৎ স্বকল্পিতাৎ যঃ অভিমানস্তেন চ সগুণং ব্রহ্ম হিরণ্যগর্ভং পুরুষমন্যং বা দেবং পুরুষর্ষভঃ হিরণ্যগর্ভসদৃশোঽপি যঃ ॥ ১৩ ॥ স সংসৃত্য আরাধ্য

ঐশ্বর্য্যং পারমেষ্ঠ্যঞ্চ তেঽপি কর্ম্মবিনির্ম্মিতম্।
নিষেব্য পুনরায়ান্তি গুণব্যতিকরে সতি ! ॥ ১৫ ॥
যে ত্বিহাসক্তমনসঃ কর্ম্মসু শ্রদ্ধয়ান্বিতাঃ।
কুর্ব্বন্ত্যপ্রতিষিদ্ধানি নিত্যান্যপি চ কৃৎস্নশঃ ॥১৬॥

অন্বয়

সতি ! (হে জননি !) [যাঁহারা ভেদবুদ্ধিবশতঃ ভগবদ্ভিন্ন অন্যের উপাসক হইয়া কোনও ধর্ম্মবলে ব্রহ্মলোকে গমন করিয়া থাকেন], তে অপি (তাহারাও) কর্ম্মবিনির্ম্মিতং (স্ব স্ব কর্ম্মার্জ্জিত) পারমেষ্ঠ্যম্ ঐশ্বর্য্যং চ (ব্রহ্মলোকের ঐশ্বর্য্য ও প্রলয়কাল) নিষেব্য (ভোগ করিয়া) গুণব্যতিকরে (সৃষ্টির প্রারম্ভ সময়ে) পুনঃ আয়ান্তি (পুনরায় আগমন করেন অর্থাৎ স্ব স্ব অধিকারে জন্মগ্রহণ করেন) ॥ ১৫ ॥

[যখন নিষ্কাম কর্ম্মী হিরণ্যগর্ভের উপাসকগণের ভেদদৃষ্টি ও অভিমান থাকায় পুনরাবৃত্তি হয়, তখন সকামিগণের বিষয়ে আর বক্তব্য কি ? ইহাই দেখাইবার জন্য ছয়টি শ্লোকে সকামিগণের নিন্দা করিতেছেন] ইহ কর্ম্মসু (কর্ম্মফলে) আসক্তমনসঃ (আসক্তচিত্ত হইয়া) যে তু (যে সকল ব্যক্তি) শ্রদ্ধয়ান্বিতাঃ (শ্রদ্ধাসহকারে) কৃৎস্নশঃ (যাবতীয়) অপ্রতিষিদ্ধানি (বৈধ কাম্য) নিত্যানি অপি চ (ও নিত্যকর্ম্মের) কুর্ব্বন্তি (অনুষ্ঠান করে), [তাহারা পিতৃলোকে গমন করে। পরের সহিত অন্বয় হইবে] ॥ ১৬ ॥

অনুবাদ

থাকিলে নিষ্কাম ধর্ম্ম আচরণকারী ব্যক্তি সেই সেই ব্রহ্মাদি লোক লাভ করিয়াও প্রলয়ের অন্তে অর্থাৎ সৃষ্টির প্রারম্ভে পুনরায় স্ব স্ব অধিকার লাভকরতঃ জন্মগ্রহণ করিয়া থাকে, মুক্ত হইতে পারে না] ॥ ১৩-১৪ ॥

হে জননি ! যাহারা ভেদবুদ্ধিবশতঃ অন্যের উপাসক হইয়া কোনও ধর্ম্মবলে ব্রহ্মলোকে গমন করে, তাহারাও স্ব স্ব কর্ম্মার্জ্জিত ব্রহ্মলোকের ঐশ্বর্য্য ও প্রলয়কাল ভোগ করিয়া সৃষ্টিকালে পুনরায় আগমন করে অর্থাৎ স্ব স্ব প্রাপ্যলোকে জন্মগ্রহণ করিয়া থাকে ॥১৫॥

[ভেদদৃষ্টি ও অভিমান থাকায় নিষ্কামিগণও যখন ফিরিয়া আসেন, তখন সকামিগণের বিষয়ে আর বক্তব্য কি ? ইহাই দেখাইবার জন্য বলিতেছেন]—কর্ম্মফলে আসক্তচিত্ত হইয়া

টীকা

গুণব্যতিকরে জাতে যথাপূর্ব্বং জায়তে, ন তু মুক্তো ভবতীতি ভাবঃ ॥.৪॥ যে ভগবদিতরোপাসকাঃ কেনাপি ধর্ম্মেণ ব্রহ্মলোকগতা অপি যদি স্যুঃ। তর্হি তেঽপি ধর্ম্মনিমিত্তং স্বকর্ম্মফলং পারমেষ্ঠ্যমৈশ্বর্য্যং নিষেব্য চকারাৎ প্রলয়ং নিষেব্য গুণব্যতিকরে সময়ে হে সতি ! পুনঃ আয়ান্তি ॥ ১৫ ॥ যদা হিরণ্যগর্ভসদৃশানাং নিষ্কামকর্ম্মকারিণাং হিরণ্যগর্ভোপাসকানামপি ভেদাভিমানাভ্যাং পুনরাবৃত্তিস্তদা কাম্যকর্ম্মিণাং কিং বক্তব্যমিতি দর্শয়িতুং প্রবৃত্তিমার্গস্থান্ নিন্দতি—যে তু ইত্যাদি ষড়্ভিঃ। ইহ কর্ম্মফলে আসক্তমনসঃ যে কর্ম্মাণি কুর্ব্বন্তি, তে পিতৃলোকং ব্রজন্তীতি পঞ্চমেন সম্বন্ধঃ ॥ ১৬ ॥ রজসা কুণ্ঠং

রজসা কুণ্ঠমনসঃ কামাত্মানোঽজিতেন্দ্রিয়াঃ।
পিতৄন্ যজন্ত্যনুদিনং গৃহেষ্বভিরতাশয়াঃ ॥ ১৭ ॥
ত্রৈবর্গিকাস্তে পুরুষা বিমুখা হরিমেধসঃ।
কথায়াং কথনীয়োরুবিক্রমস্য মধুদ্বিষঃ ॥ ১৮ ॥
নূনং দৈবেন বিহতা যে চাচ্যুতকথাসুধাম্।
হিত্বা শৃণ্বন্ত্যসদ্গাথাঃ পুরীষমিব বিড্ভুজঃ ॥১৯॥

অন্বয়

[সেই সকামিগণ] রজসা (রজোগুণের দ্বারা) কুণ্ঠমনসঃ (বিক্ষিপ্তচিত্ত), কামাত্মানঃ (ভোগপরায়ণ), অজিতেন্দ্রিয়াঃ (অজিতেন্দ্রিয়) গৃহেষু অভিরতাশয়াঃ (এবং গৃহে আসক্তচিত্ত হইয়া) অনুদিনং (প্রতিদিন) পিতৄন্ যজন্তি (তর্পণাদিদ্বারা পিতৃগণের যজনা করিয়া থাকে) ॥ ১৭ ॥

ত্রৈবর্গিকাঃ তে পুরুষাঃ (ধর্ম্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গপরায়ণ সেই সকল পুরুষ) হরিমেধসঃ (সংসারহারী) কথনীয়োরুবিক্রমস্য (কীর্ত্তনীয় বিপুলপরাক্রমশালী) মধুদ্বিষঃ (মধুসূদন শ্রীহরির) কথায়াং বিমুখাঃ (কথায় বিমুখ হইয়া থাকে) ॥ ১৮ ॥

বিড্ভুজঃ (বিষ্ঠাভোজী শূকরের) পুরীষম্ ইব (পুরীষ অন্বেষণের ন্যায়) যে চ (যাহারা) অচ্যুতকথাসুধাং (শ্রীহরির কথামৃত) হিত্বা (পরিত্যাগ করিয়া) অসদ্গাথাঃ (অসদালাপ) শৃণ্বন্তি (শ্রবণ করে), [তাহারা] নূনং (নিশ্চয়ই) দৈবেন বিহতাঃ (দৈবকর্ত্তৃক নিপীড়িত অর্থাৎ অতিশয় মন্দভাগ্য) ॥ ১৯ ॥

অনুবাদ

যে সকল ব্যক্তি শ্রদ্ধা সহকারে যাবতীয় কাম্য ও নিত্যকর্ম্মের অনুষ্ঠান করিয়া থাকে, তাহারা পিতৃলোকে গমন করে ॥ ১৬ ॥

সেই সকামিগণ রজোগুণে বিক্ষিপ্তচিত্ত, ভোগপরায়ণ, অজিতেন্দ্রিয় ও গৃহে আসক্তচিত্ত হইয়া প্রতিদিন তর্পণাদিদ্বারা পিতৃগণের যজনা করিয়া থাকে ॥ ১৭ ॥

ধর্ম্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গপরায়ণ সেই সকল পুরুষ যিনি ভক্তের জন্মমরণরূপ সংসার হরণ করিয়া থাকেন এবং যাঁহার লীলাপরাক্রম সর্ব্বদা কীর্ত্তনীয়, সেই মধুসূদন শ্রীহরির কথায় বিমুখ হইয়া থাকে ॥ ১৮ ॥

বিষ্ঠাভোজী শূকরের পুরীষ অন্বেষণের ন্যায় যাহারা শ্রীহরির কথামৃত পরিত্যাগ করিয়া অসদালাপ শ্রবণ করে, তাহারা নিশ্চয়ই দৈবকর্ত্তৃক নিপীড়িত অর্থাৎ অতিশয় মন্দভাগ্য ॥ ১৯ ॥

টীকা

মনো যেষাং, কামে ভোগে আত্মা চিত্তং যেষাং, অতএব গৃহেষ্বভিরতঃ আশয়োঽন্তঃকরণং যেষাং তে ॥১৭॥ ধর্ম্মার্থকামপরাঃ, হরতি সংসারং মেধা যস্য হরিমেধসঃ কথনীয়া উরবো বিক্রমা যস্য তস্য মধুদ্বিষঃ কথায়াং বিমুখাঃ ॥১৮॥১৯॥ অর্য্যম্নো দক্ষিণেন পথা দক্ষিণায়নোপলক্ষিতেন ধূমমার্গেণ তে গর্ভাধানসংস্কারাদিশ্মশানান্ত-

দক্ষিণেন পথার্য্যম্নঃ পিতৃলোকং ব্রজন্তি তে।
প্রজামনু প্রজায়ন্তে শ্মশানান্তক্রিয়াকৃতঃ ॥২০॥
ততস্তে ক্ষীণসুকৃতাঃ পুনর্লোকমিমং সতি!।
পতন্তি বিবশা দেবৈঃ সদ্যো বিভ্রংশিতোদয়াঃ ॥২১॥
তস্মাৎ ত্বং সর্ব্বভাবেন ভজস্ব পরমেষ্ঠিনম্।
তদ্‌গুণাশ্রয়য়া ভক্ত্যা ভজনীয়পদাম্বুজম্ ॥২২॥

অন্বয়

তে শ্মশানান্তক্রিয়াকৃতঃ (সেই গর্ভাধানসংস্কার প্রভৃতি শ্মশানান্ত যাবতীয় ক্রিয়া সম্পাদনকারী কর্ম্মিগণ) অর্য্যম্নঃ দক্ষিণেন পথা (সূর্য্যের দক্ষিণ পথ অর্থাৎ দক্ষিণায়নে ধূমাদিমার্গে) পিতৃলোকং ব্রজন্তি (পিতৃলোকে গমন করিয়া থাকে); [অনন্তর ভোগান্তে পুনরায়] প্রজাম্ অনু (পুত্রপৌত্রাদিতে) প্রজায়ন্তে (জন্মগ্রহণ করিয়া থাকে) ॥ ২০ ॥

সতি! (হে জননি!) ক্ষীণসুকৃতাঃ (পিতৃলোকে ভোগের দ্বারা পুণ্যক্ষয় হওয়ায়) দেবৈঃ (দেবগণকর্ত্তৃক) বিভ্রংশিতোদয়াঃ তে (যাহাদের ভোগৈশ্বর্য্য অপহৃত হইয়া থাকে, তাহারা) বিবশাঃ (অবশ হইয়া) ততঃ (সেই পিতৃলোক হইতে) পুনঃ (পুনরায়) সদ্যঃ (তৎক্ষণাৎ) ইমং লোকং [প্রতি] পতন্তি (এই মর্ত্ত্যলোকে পতিত হইয়া থাকে অর্থাৎ জন্মগ্রহণ করে) ॥ ২১ ॥

তস্মাৎ (যেহেতু ভগবদ্ভজনবিহীন হইলে পুনরাবৃত্তি হইয়া থাকে, অতএব) ত্বং (তুমি) সর্ব্বভাবেন (সর্ব্বান্তঃকরণে) তদ্‌গুণাশ্রয়য়া ভক্ত্যা (ভগবদ্‌গুণশ্রবণে যাহা স্বতঃই উৎপন্ন হয়, সেই ভক্তির দ্বারা) ভজনীয়পদাম্বুজং (যাঁহার পাদপদ্ম সকলের বন্দনীয়, সেই) পরমেষ্ঠিনং (পরমলোকবাসী পরমাত্মার) ভজস্ব (ভজনা কর) ॥ ২২ ॥

অনুবাদ

গর্ভাধানসংস্কার হইতে আরম্ভ করিয়া শ্মশানান্ত যাবতীয় ক্রিয়া সম্পাদনকারী কর্ম্মিগণ সূর্য্যের দক্ষিণ পথ অর্থাৎ দক্ষিণায়নে ধূমাদিমার্গে পিতৃলোকে গমন করিয়া থাকে এবং ভোগান্তে পুনরায় পুত্রপৌত্রাদিতে জন্মগ্রহণ করিয়া থাকে ॥ ২০ ॥

হে জননি! পিতৃলোকে ভোগের দ্বারা পুণ্যক্ষয় হওয়ায় দেবতাগণ যাহাদের ভোগৈশ্বর্য্য অপহরণ করেন, তাহারা তৎক্ষণাৎ অবশ হইয়া সেই পিতৃলোক হইতে পুনরায় এই মর্ত্ত্যলোকে পতিত হইয়া থাকে ॥ ২১ ॥

হে মাতঃ! ভগবদ্‌ভজনবিহীন হইলে পুনরায় মর্ত্ত্যলোকে আসিতে হয়; অতএব তুমি সর্ব্বান্তঃকরণে ভগবদ্‌গুণশ্রবণে যাহা স্বতঃই উৎপন্ন হয়, সেই ভক্তিদ্বারা পরমলোকবাসী পরমাত্মার ভজনা কর। পরমাত্মার পাদপদ্ম সকলেরই বন্দনীয় ॥২২॥

টীকা

ক্রিয়াকৃতঃ কর্ম্মিণঃ পিতৃলোকং ব্রজন্তি, ততঃ পুনঃ প্রজামনু পুত্রাদিষু প্রজায়ন্তে ॥২০॥ তৎপ্রকারমাহ তত ইতি। হে সতি! ক্ষীণসুকৃতাঃ ভোগেন নষ্টপুণ্যাঃ অতএব দেবৈঃ বিভ্রংসিতোঽপহৃত উদয় ঐশ্বর্য্যং যেষাম্ ॥২১॥ যস্মাদন্যভক্তানাং নিষ্কামাণামপি তল্লোকপ্রাপ্তানাং পুনরাবৃত্তির্ভবতি, তস্মাৎ পরমেষ্ঠিনং পরমলোকবাসিনং

বাসুদেবে ভগবতি ভক্তিযোগঃ প্রযোজিতঃ।
জনয়ত্যাশু বৈরাগ্যং জ্ঞানং যদ্‌ব্রহ্মদর্শনম্ ॥২৩॥
যদাস্য চিত্তমর্থেষু সমেষ্বিন্দ্রিয়বৃত্তিভিঃ।
ন বিগৃহ্লাতি বৈষম্যং প্রিয়মপ্রিয়মিত্যুত ॥২৪॥
স তদৈবাত্মনাত্মানং নিঃসঙ্গং সমদর্শনম্।
হেয়োপাদেয়রহিতমারূঢ়ং পদমীক্ষতে ॥২৫॥

অন্বয়

ভগবতি বাসুদেবে (ভগবান্ বাসুদেবে) প্রয়োজিতঃ ভক্তিযোগঃ (প্রযুক্ত ভক্তিযোগ) আশু (শীঘ্র) বৈরাগ্যং (বিষয়ে বৈরাগ্য) যদ্ ব্রহ্মদর্শনং [ও যাহা ব্রহ্ম সাক্ষাৎকারাত্মক), [তৎ] জ্ঞানং [চ] (সেই জ্ঞান) জনয়তি (জন্মাইয়া থাকে) ॥ ২৩ ॥

উত! (হে জননি!) অস্য (মুমুক্ষু ব্যক্তির) যদা (যখন) চিত্তং (চিত্ত) সমেষু অর্থেষু (ব্রহ্মাংশ ও ব্রহ্মশক্তির পরিণাম চেতনাচেতন বিষয়সমূহে) ইন্দ্রিয়বৃত্তিভিঃ (ইন্দ্রিয়বৃত্তির দ্বারা) প্রিয়ম্ অপ্রিয়ম্ ইতি বৈষম্যং ("ইহা প্রিয়, উহা অপ্রিয়" এইরূপ বৈষম্যভাব) ন বিগৃহ্লাতি (বোধ করে না), তদা এব (তখনই) সঃ (সেই মুমুক্ষু) আত্মনা (নির্ম্মল চিত্তের দ্বারা) সমদর্শনং (নির্ম্মল জ্ঞানপ্রদাতা), নিঃসঙ্গং (আকাশের ন্যায় চেতনাচেতন সকল গুণের অস্পৃষ্ট), হেয়োপাদেয়রহিতং (বন্ধমোক্ষাদি জীবধর্ম্মরহিত), আরূঢ়ং (হৃদয়ে আবির্ভূত) পদং (ও একমাত্র প্রাপ্য) আত্মানম্ (পরমাত্মাকে) ঈক্ষতে (দর্শন করিয়া থাকেন) ॥ ২৪॥২৫ ॥

অনুবাদ

ভগবান্ বাসুদেবে ভক্তিযোগ উৎপন্ন হইলে ঐ ভক্তিযোগ শীঘ্রই বিষয়বৈরাগ্য ও যাহা ব্রহ্মদর্শন বলিয়া বলা হয়, সেই জ্ঞান জন্মাইয়া থাকে ॥ ২৩ ॥

হে জননি! ব্রহ্মজ্ঞান হইলে যখন মুমুক্ষু ব্যক্তির চিত্ত ব্রহ্মের অংশ ও ব্রহ্মশক্তির পরিণাম বিষয়সমূহে ইন্দ্রিয়বৃত্তির দ্বারা "ইহা প্রিয়, উহা অপ্রিয়" এই প্রকার বৈষম্যভাব বোধ করে না, তখনই সেই মুমুক্ষু নির্ম্মলচিত্তের দ্বারা যিনি নির্ম্মল জ্ঞান প্রদান করিয়া থাকেন, যিনি আকাশের ন্যায় চেতনাচেতন সকল বস্তুর অস্পৃষ্ট, যিনি বন্ধমোক্ষাদি জীবধর্ম্মরহিত এবং হৃদয়ে আবির্ভূত ও একমাত্র প্রাপ্য, সেই পরমাত্মাকে দর্শন করিয়া থাকেন ॥ ২৪-২৫ ॥

টীকা

পরমাত্মানং তদ্‌গুণানাশ্রয়তে যা তয়া ভজস্ব ॥২২॥২৩॥ অস্য মুমুক্ষোর্যদা ব্রহ্মজ্ঞানলাভে চিত্তং ব্রহ্মশক্তি-পরিণামত্বেন অচেতনেষু তদংশত্বেন চেতনেষু চ সমেষু চ ইন্দ্রিয়বৃত্তিভিঃ বৈষম্যং ন বিগৃহ্লাতি ॥ ২৪ ॥ স মুমুক্ষুর্নির্ম্মলচিত্তঃ আত্মনা নির্ম্মলেন চিত্তেন আত্মানং পরমাত্মানং নিঃসঙ্গমাকাশবৎসর্ব্বচেতনাচেতনগুণাস্পৃষ্টং সমং দর্শনং যস্মাৎ তং নির্ম্মলজ্ঞানদাতারং হেয়োপাদেয়াভ্যাং বন্ধমোক্ষাদিজীবধর্ম্মাভ্যাং রহিতমারূঢ়ং হৃদি আবির্ভূতং পদং পদনীয়মীক্ষতে ॥২৫॥ অর্থানাং সমত্বং ব্রহ্মাত্মকত্বাদিত্যাহ—জ্ঞানমাত্রমিতি, জ্ঞানং প্রত্যক্

জ্ঞানমাত্রং পরং ব্রহ্ম পরমাত্মেশ্বরঃ পুমান্।
দৃশ্যাদিভিঃ পৃথক্‌ভাবৈর্ভগবানেক ঈয়তে ॥২৬॥
এতাবানেব যোগেন সমগ্রেণেহ যোগিনঃ।
যুজ্যতেঽভিমতো হ্যর্থো যদসঙ্গস্তু কৃৎস্নশঃ ॥২৭॥

অন্বয়

জ্ঞানমাত্রং (জ্ঞানস্বরূপ), পরং ব্রহ্ম (পরব্রহ্ম), পরমাত্মা (পরমাত্মা) পুমান্ (ও পরমপুরুষ বলিয়া প্রসিদ্ধ) ঈশ্বরঃ (পরমেশ্বর) দৃশ্যাদিভিঃ পৃথক্‌ভাবৈঃ (দৃশ্য, দ্রষ্টা ও করণরূপ পৃথক্ পৃথক্ কার্য্যের দ্বারা) [তাহাদের কারণরূপে] একঃ ভগবান্ (সমান ও অধিক শূন্য এক ভগবান্ বলিয়া) ঈয়তে (নিশ্চিত হইয়া থাকেন) ॥ ২৬ ॥

সমগ্রেণ যোগেন (সম্পূর্ণ যোগের দ্বারা) যৎ অভিমতঃ যুজ্যতে (যে পরমেশ্বরপ্রাপ্তি হইয়া থাকে) ইহ তু (ও এই সংসারে যে) কৃৎস্নশঃ (সর্ব্ব প্রকারে) অসঙ্গঃ (অনাসক্তি অর্থাৎ সংসারনিবৃত্তি হইয়া থাকে), এতাবান্ এব (ইহাই) যোগিনঃ (যোগিগণের) অর্থঃ হি (সমস্ত যোগসাধনের প্রয়োজন) [অর্থাৎ যোগফল) ॥ ২৭ ॥

অনুবাদ

জ্ঞানস্বরূপ, পরব্রহ্ম, পরমাত্মা ও পরমপুরুষ বলিয়া প্রসিদ্ধ পরমেশ্বরই দৃশ্য, দ্রষ্টা ও করণরূপ পৃথক্ পৃথক্ কার্য্যের দ্বারা তাহাদের কারণরূপে সমান ও অধিকশূন্য এক ভগবান্ বলিয়া নিশ্চিত হইয়া থাকেন ॥ ২৬ ॥

সম্পূর্ণ যোগের দ্বারা যে পরমেশ্বরের প্রাপ্তি ও এই সংসারে অনাসক্তি অর্থাৎ সংসার-নিবৃত্তি, ইহাই যোগিগণের সমস্ত যোগসাধনের প্রয়োজন অর্থাৎ যোগের ফল ॥ ২৭ ॥

টীকা

তত্ত্বং মাত্রা অংশো যস্য তৎ, পরং সর্ব্বচেতনবিলক্ষণস্বরূপং তদ্‌ব্রহ্ম বৃহৎস্বরূপগুণযুক্তং পরগুণযুক্তং পরমাত্মা ঈশ্বরঃ দৃশ্যাদিভিঃ পৃথগ্‌ভাবৈঃ কার্য্যৈঃ কারণভূতঃ ভগবানেকঃ সমানাধিকশূন্যঃ ঈয়তে নিশ্চীয়তে ইত্যর্থঃ ॥২৬॥ উক্তসাধনকদম্বস্য ফলমাহ—এতাবানিতি। যোগিনঃ সাধকস্য এতাবানেব অর্থঃ প্রয়োজনম্। কঃ অভিমতঃ পরম ইষ্টঃ ভগবান্ যোগেন সাধনেন যুজ্যতে কৃৎস্নশঃ সংসারাত্তু অসঙ্গঃ ইতি যদ্ যঃ সংসারনিবৃত্তিঃ পরমেশ্বরপ্রাপ্তিশ্চ সর্ব্বসাধনপ্রয়োজনমিত্যর্থঃ ॥২৭॥ নন্বু নানাকার্য্যরূপৈঃ কারণভূতঃ ভগবানেক এবেয়তে ইতি ন যুক্তং, নানাকার্য্যরূপস্য জগতঃ অচেতনরূপস্য চেতনপরিণামত্বাসম্ভবাদতঃ পরমাণ্বাদিকারণবাদো যুক্ত ইত্যত আহ—জ্ঞানমিতি। জ্ঞানং জ্ঞানস্বরূপমেবৈকং ব্রহ্মৈবার্থরূপেণ ইন্দ্রিয়ার্থরূপেণ শব্দাদিধর্ম্মিণা আকাশাদি-রূপেণাবভাতি "তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ" "এতস্মাজ্জায়তে প্রাণঃ মনঃ সর্ব্বেন্দ্রিয়াণি চ খং বায়ুর্জ্যোতিরাপশ্চ পৃথ্বী বিশ্বস্য ধারিণী" ইত্যাদিশ্রুতিভ্যঃ। অতঃ একং চেতনং ব্রহ্ম শ্রুতিপ্রোক্তং বিহায় নানাচেতনরূপপরমাণ্বাদিবাদো নির্ম্মূলত্বাদুপেক্ষণীয় ইতি ভাবঃ। কথম্ভূতং ? নির্গুণং কৃৎস্নহেয়গুণশূন্যম্। নন্বু যদি ব্রহ্মৈব অবভাতি, তর্হি সাধনপ্রয়াসঃ কিমর্থঃ ? তত্রাহ পরাচীনৈঃ কার্য্যমাত্রগ্রাহকৈঃ বহির্মুখৈ-রিন্দ্রিয়ৈঃ অবভাতি, তত্রাপি ভ্রান্ত্যা বাহ্যোঽর্থোঽপি ইন্দ্রিয়ৈর্যাথাতথ্যেন ন গৃহ্যতে, কিমুত সর্ব্বকারণং

জ্ঞানমেকং পরাচীনৈরিন্দ্রিয়ৈর্ব্রহ্ম নির্গুণম্।
অবভাত্যর্থরূপেণ ভ্রান্ত্যা শব্দাদিধর্ম্মিণা ॥২৮॥
যথা মহানহংরূপস্ত্রিবৃৎ পঞ্চবিধঃ স্বরাট্।
একাদশবিধস্তস্য বপুরণ্ডং জগদ্ যতঃ ॥২৯॥
এতদ্বৈ শ্রদ্ধয়া ভক্ত্যা যোগাভ্যাসেন নিত্যশঃ।
সমাহিতাত্মা নিঃসঙ্গো বিরক্তঃ পরিপশ্যতি ॥৩০॥

অন্বয়

জ্ঞানং (জ্ঞানস্বরূপ) একং নির্গুণং ব্রহ্ম (এক নির্গুণ অর্থাৎ হেয়গুণরহিত ব্রহ্মই) পরাচীনৈঃ ইন্দ্রিয়ৈঃ (বহির্মুখ ইন্দ্রিয়সমূহের দ্বারা) ভ্রান্ত্যা (ভ্রমবশতঃ) অর্থরূপেণ (ইন্দ্রিয়সমূহের বিষয়ীভূত হইয়া) শব্দাদিধর্ম্মিণা (শব্দাদিধর্ম্মবিশিষ্ট আকাশাদি পদার্থরূপে) অবভাতি (পৃথক্ প্রকাশিত হইয়া থাকেন) ॥২৮॥

যতঃ (চিদচিচ্ছক্তিযুক্ত ব্রহ্ম হইতেই) মহান্ অহংরূপঃ (মহত্তত্ত্ব ও অহঙ্কারতত্ত্ব), ত্রিবৃৎ (সাত্ত্বিক, রাজসিক ও তামসিক অহঙ্কার), পঞ্চবিধঃ (আকাশাদি পঞ্চমহাভূত), একাদশবিধঃ (একাদশ ইন্দ্রিয়), স্বরাট্ (জীব), তস্য বপুঃ (জীবের দেহ), অণ্ডং জগৎ (ব্রহ্মাণ্ড ও জগৎ) যথা (যথাযথরূপে) [অভূৎ] (উৎপন্ন হইয়াছে) ॥ ২৯ ॥

শ্রদ্ধয়া ভক্ত্যা (শ্রদ্ধা ও ভক্তিসহকারে) নিত্যশঃ যোগাভ্যাসেন (নিত্য যোগাভ্যাসের দ্বারা)

অনুবাদ

[এক ভগবানই নানাকার্য্যের কারণ, ইহা বলা হইয়াছে, ইহাতে আপত্তি হইতে পারে যে—অচেতন জগৎ চেতন ব্রহ্মের পরিণাম, ইহা কি করিয়া সম্ভব হয়? অতএব পরমাণু প্রভৃতিকে যাহারা কারণ বলেন, তাহাই ঠিক, এই আশঙ্কা নিবারণের জন্য বলিতেছেন]—জ্ঞানস্বরূপ এক ব্রহ্মই বহির্ম্মুখ ইন্দ্রিয়সমূহের দ্বারা ভ্রমবশতঃ ইন্দ্রিয়সমূহের বিষয়ীভূত হইয়া শব্দাদি ধর্ম্মবিশিষ্ট আকাশাদি পদার্থরূপে পৃথক্ প্রকাশিত হইয়া থাকেন; [সাক্ষাৎ শ্রুতিই বলিয়াছেন—সেই এই পরমাত্মা হইতে আকাশ উৎপন্ন হইয়াছে ইত্যাদি]; বহির্ম্মুখ ইন্দ্রিয়সমূহ যখন বাহ্যবস্তুই যথার্থরূপে গ্রহণ করিতে পারে না, তখন সর্ব্বকারণ, সর্ব্বাশ্রয়, সর্ব্বনিয়ন্তা ব্রহ্মকে যে যথার্থরূপে জানিতে পারিবে না, এ বিষয়ে আর বক্তব্য কি? অতএব ব্রহ্মকে জানিবার জন্য যোগসাধনেরও প্রয়োজন আছে ॥ ২৮ ॥

চিদচিচ্ছক্তিযুক্ত ব্রহ্ম হইতেই মহৎ, অহঙ্কার, সাত্ত্বিক, রাজসিক ও তামসিক অহঙ্কার, আকাশাদি পঞ্চমহাভূত, একাদশ ইন্দ্রিয়, জীব, জীবের দেহ, ব্রহ্মাণ্ড ও জগৎ যথাযথরূপে উৎপন্ন হইয়াছে ॥ ২৯ ॥

শ্রদ্ধা ও ভক্তি সহকারে নিত্য যোগাভ্যাসের দ্বারা যাঁহার চিত্ত সমাহিত হইয়াছে, সেই বিষয়াসক্তিশূন্য যোগী পূর্ব্বোক্ত সর্ব্বকারণকারণ ব্রহ্মকে দর্শন করিয়া থাকেন ॥ ৩০ ॥

টীকা

সর্ব্বাধারং সর্ব্বনিয়ন্তৃ ব্রহ্ম তৈর্ন গৃহ্যতে ইতি বক্তব্যম্। তদ্বিজ্ঞানাদ্যর্থং সাধনপ্রয়াস ইতি ভাবঃ ॥ ২৮ ॥ উক্তার্থং দ্রঢ়য়তি—যতো ব্রহ্মণ এব চিদচিচ্ছক্তিনঃ সকাশাৎ মহানহঙ্কারশ্চ অভূৎ, ত্রিবৃৎ বৈকারিকাদিভেদেন,

ইত্যেতৎ কথিতং গুর্ব্বি ! জ্ঞানং তদ্‌ব্রহ্মদর্শনম্ ।
যেনাববুধ্যতে তত্ত্বং প্রকৃতেঃ পুরুষস্য চ ॥৩১॥
জ্ঞানযোগশ্চ মন্নিষ্ঠো নৈর্গুণ্যো ভক্তিলক্ষণঃ ।
দ্বয়োরপ্যেক এবার্থো ভগবচ্ছব্দলক্ষণঃ ॥৩২॥
যথেন্দ্রিয়ৈঃ পৃথক্‌দ্বারৈরর্থো বহুগুণাশ্রয়ঃ ।
একো নানেয়তে তদ্বদ্ভগবান্ শাস্ত্রবর্ত্মভিঃ ॥৩৩॥

অন্বয়

সমাহিতাত্মা (যাঁহার চিত্ত সমাহিত হইয়াছে, সেই) নিঃসঙ্গঃ (বিষয়াসক্তিশূন্য) বিরক্তঃ (অর্থাৎ বৈরাগ্যযুক্ত যোগী) এতৎ বৈ (এই সর্ব্বকারণ ব্রহ্মকেই) পরিপশ্যতি (দর্শন করিয়া থাকেন) ॥ ৩০ ॥

গুর্ব্বি ! (হে মাতঃ !) যেন (যাহাদ্বারা) প্রকৃতেঃ পুরুষস্য চ (প্রকৃতি ও পুরুষের) তত্ত্বং অববুধ্যতে (তত্ত্ব অবগত হওয়া যায়), ইতি এতৎ তৎ ব্রহ্মদর্শনং জ্ঞানং (পূর্ব্বোক্ত প্রকার সেই ব্রহ্মদর্শনস্বরূপ জ্ঞান) কথিতম্ (আমি বলিলাম) ॥ ৩১ ॥

নৈর্গুণ্যঃ জ্ঞানযোগঃ (নির্গুণ জ্ঞানযোগ) ভক্তিলক্ষণঃ চ (ও ভক্তিযোগ) মন্নিষ্ঠঃ [এব] (মদ্বিষয়কই) ; [যতঃ] (যেহেতু) দ্বয়োঃ অপি (এই উভয়ের) একঃ এব অর্থঃ (একই প্রয়োজন) ; [সেই প্রয়োজন কি ? তদুত্তরে বলিতেছেন] ভগবচ্ছব্দলক্ষণঃ (ভগবচ্ছব্দ উভয়ের জ্ঞাপক অর্থাৎ লক্ষ্যের বিষয়) ॥ ৩২ ॥

যথা (যেমন) বহুগুণাশ্রয়ঃ (রূপরসাদি বহুগুণের আশ্রয়) একঃ অর্থঃ (এক একটি পুষ্পাদি বস্তুই) পৃথক্‌দ্বারৈঃ (ভিন্ন ভিন্ন প্রবৃত্তির কারণ) ইন্দ্রিয়ৈঃ (ভিন্ন ভিন্ন ইন্দ্রিয়ের দ্বারা) নানা ঈয়তে (নানারূপে প্রতীত হইয়া থাকে), তদ্বৎ (সেইরূপ) ভগবান্ (এক ভগবান্‌ই) শাস্ত্রবর্ত্মভিঃ (ভিন্ন ভিন্ন শাস্ত্রবিহিত সাধনসমূহের দ্বারা) [নানা ঈয়তে] (নানারূপে প্রতীত হইয়া থাকেন) ॥ ৩৩ ॥

অনুবাদ

হে মাতঃ ! যাহার দ্বারা প্রকৃতি ও পুরুষের তত্ত্ব অবগত হওয়া যায়, আমি সেই ব্রহ্মদর্শনস্বরূপ জ্ঞান তোমার নিকটে বলিলাম ॥ ৩১ ॥

নির্গুণ জ্ঞানযোগ ও ভক্তিযোগ মদ্বিষয়কই, কারণ এই উভয়ের একই প্রয়োজন ; উভয়ের একমাত্র লক্ষ্য বস্তু ভগবান্ অর্থাৎ এই উভয়ই ভগবৎপ্রাপ্তি করাইতে সমর্থ ॥৩২॥

যেমন রূপরসাদি বহুগুণের আশ্রয় এক একটি বস্তুই বিভিন্ন ইন্দ্রিয়সমূহের দ্বারা নানারূপে প্রতীত হইয়া থাকে, সেইরূপ এক ভগবান্‌ই ভিন্ন ভিন্ন শাস্ত্রবিহিত সাধনসমূহের দ্বারা নানারূপে প্রতীত হইয়া থাকেন ; অতএব বিভিন্নশাস্ত্রোক্ত সাধনসমূহ ভগবদ্বিষয়কই হইয়া থাকে ॥ ৩৩ ॥

টীকা

পঞ্চবিধঃ ভূতরূপেণ, একাদশবিধঃ ইন্দ্রিয়রূপেণ, স্বরাট্ জীবশ্চ তস্য স্বরাজঃ, বপুষঃ স্থানং ব্রহ্মাণ্ডং জগৎ যথা যথাবদভূৎ ॥২৯॥ এতদ্ বিশ্বকারণম্ ॥৩০॥ হে গুর্ব্বি ! আর্য্যে ! ॥৩১॥ নৈর্গুণ্যঃ দম্ভাদিমায়াগুণবর্জ্জিতঃ জ্ঞানযোগো ভক্তিযোগশ্চ মন্নিষ্ঠ এব, যতঃ তয়োরেক এব অর্থো বিষয়ঃ ফলং, কঃ ? ভগবচ্ছব্দো লক্ষণং বাচকো যস্য সঃ ॥ ৩২ ॥ অন্যান্যপি সাধনানি সর্ব্বাণি ভগবদ্বিষয়কাণ্যেবেতি সদৃষ্টান্তমাহ—যথেতি।

ক্রিয়য়া ক্রতুভির্দ্দানৈস্তপঃস্বাধ্যায়মর্শনৈঃ।
আত্মেন্দ্রিয়জয়েনাপি সন্ন্যাসেন চ কর্ম্মণাম্ ॥৩৪॥
যোগেন বিবিধাঙ্গেন ভক্তিযোগেন চৈব হি।
ধর্ম্মেণোভয়চিহ্নেন যঃ প্রবৃত্তিনিবৃত্তিমান্ ॥৩৫॥
আত্মতত্ত্বাববোধেন বৈরাগ্যেণ দৃঢ়েন চ।
ঈয়তে ভগবানেভিঃ সগুণো নির্গুণঃ স্বদৃক্ ॥৩৬॥
প্রাবোচং ভক্তিযোগস্য স্বরূপং তে চতুর্ব্বিধম্।
কালস্য চাব্যক্তগতের্যোঽন্তর্ধাবতি জন্তুষু ॥৩৭॥

অন্বয়

[সেই শাস্ত্রবিহিত সাধনসমূহই বলিতেছেন] ক্রিয়য়া (পূর্ত্তকর্ম্ম অর্থাৎ বাপী, কূপ, ও তড়াগ প্রভৃতি খননাদি ক্রিয়া), ক্রতুভিঃ (যজ্ঞ), দানৈঃ (দান), তপঃস্বাধ্যায়মর্শনৈঃ (তপস্যা, বেদপাঠ, বেদবাক্যার্থের বিচার), আত্মেন্দ্রিয়জয়েন অপি (নিষিদ্ধবর্জ্জন), কর্ম্মণাং সন্ন্যাসেন চ (কর্ম্মসন্ন্যাস অর্থাৎ কর্ম্মফলের আকাঙ্ক্ষা পরিত্যাগ), বিবিধাঙ্গেন যোগেন (অষ্টাঙ্গযোগ), ভক্তিযোগেন চ এব হি (ভক্তি-যোগ) [এবং] যঃ প্রবৃত্তিনিবৃত্তিমান্ (যাহা প্রবৃত্তি ও নিবৃত্তিলক্ষণবিশিষ্ট), [তেন] উভয়চিহ্নেন ধর্ম্মেণ (সেই প্রবৃত্তি লক্ষণ ও নিবৃত্তিলক্ষণ ধর্ম্ম), আত্মতত্ত্বাববোধেন (আত্মতত্ত্বজ্ঞান) দৃঢ়েন বৈরাগ্যেণ চ (ও দৃঢ় বৈরাগ্য) এভিঃ (এই সকল শাস্ত্রবিহিত সাধনের দ্বারা) স্বদৃক্ (স্বপ্রকাশ), সগুণঃ (কল্যাণ-গুণযুক্ত) নির্গুণঃ (ও নিন্দিত গুণরহিত) ভগবান্ ঈয়তে (ভগবান্ প্রতীত হইয়া থাকেন) ॥ ৩৪-৩৬ ॥

[হে জননি !] ভক্তিযোগস্য চতুর্ব্বিধং স্বরূপং (সাত্ত্বিক, রাজসিক ও তামসিক ভক্তি এবং নির্গুণ ভক্তি অর্থাৎ পরাভক্তি এই চারি প্রকার ভক্তিযোগের স্বরূপ) তে (তোমার নিকটে) [আমি] প্রাবোচম্ (বর্ণনা করিলাম) [এবং] যঃ (যে কাল) জন্তুষু (প্রাণিগণের) অন্তর্ধাবতি (উৎপত্তি বিনাশাদি করিয়া

অনুবাদ

[শাস্ত্রোক্ত সাধনসমূহের কথাই বলিতেছেন]—পূর্ত্তকর্ম্ম, যজ্ঞ, দান, তপস্যা, বেদপাঠ, বেদবাক্যার্থের বিচার, নিষিদ্ধবর্জ্জন, কর্ম্মসন্ন্যাস অর্থাৎ কর্ম্মফলের আকাঙ্ক্ষা পরিত্যাগ, অষ্টাঙ্গযোগ ও ভক্তিযোগ এবং প্রবৃত্তিলক্ষণ ও নিবৃত্তিলক্ষণ ধর্ম্ম, সকাম ও নিষ্কামধর্ম্ম, আত্মতত্ত্বজ্ঞান ও দৃঢ়বৈরাগ্য এই সকল শাস্ত্রবিহিত সাধনের দ্বারা স্বপ্রকাশ, কল্যাণগুণযুক্ত নিন্দিতগুণরহিত ভগবান্ প্রতীত হইয়া থাকেন ॥ ৩৪-৩৬ ॥

হে জননি ! সাত্ত্বিক, রাজসিক, তামসিক ও নির্গুণ এই চারি প্রকার ভক্তিযোগের

টীকা

বহুগুণাশ্রয়ঃ পুষ্পাদির্নানেন্দ্রিয়ৈঃ পৃথগ্দ্বারৈঃ পৃথক্ প্রবৃত্তিনিমিত্তৈঃ এক এব ঈয়তে বিষয়ীক্রিয়তে, তদ্বচ্ছাস্ত্রবর্ত্মভিঃ শাস্ত্রীয়ৈঃ সাধনৈর্ভগবান্ এষ এব বিষয়ীক্রিয়তে ॥ ৩৩ ॥ এতদেব প্রপঞ্চয়তি—ক্রিয়য়েতি ত্রিভিঃ ॥ ৩৪ ॥ ৩৫ ॥ সগুণঃ কল্যাণগুণনিধিঃ, নির্গুণঃ হেয়গুণশূন্যঃ ॥ ৩৬ ॥ স্বোক্তং সংগৃহ্লন্নুপ-

জীবস্য সংসৃতীর্ব্বহ্বীরবিদ্যাকর্ম্মনির্ম্মিতাঃ।
যাস্বঙ্গ ! প্রবিশন্নাত্মা ন বেদ গতিমাত্মনঃ ॥৩৮॥
নৈতৎ খলায়োপদিশেন্নাবিনীতায় কর্হিচিৎ।
ন স্তব্ধায় ন ভিন্নায় নৈব ধর্ম্মধ্বজায় চ ॥৩৯॥
ন লোলুপায়োপদিশেন্ন গৃহারূঢ়চেতসে।
নাভক্তায় চ মে জাতু ন মদ্ভক্তদ্বিষামপি ॥৪০॥

অন্বয়

থাকে), [তস্য] অব্যক্তগতেঃ কালস্য (সেই অলক্ষ্যগতি কালের) [স্বরূপং] চ [প্রাবোচম্] (স্বরূপও বর্ণনা করিলাম) ॥ ৩৭ ॥

অঙ্গ ! (হে মাতঃ !) যাসু প্রবিশন্ (যাহাতে নিমগ্ন হইয়া) আত্মা (জীব) আত্মনঃ গতিং (নিজের গতি) ন বেদ (জানিতে পারে না), অবিদ্যাকর্ম্মনির্ম্মিতাঃ (সেই অজ্ঞানজনিত কর্ম্মসম্ভূত) জীবস্য বহ্বীঃ সংসৃতীঃ (জীবের বহু জন্মমরণরূপ সংসারগতি) প্রাবোচম্ (আমি বর্ণনা করিলাম) ॥৩৮॥

[হে মাতঃ !] এতৎ (আমি যাহা বলিলাম এই সকল) কর্হিচিৎ (কখনও) খলায় ন উপদিশেৎ (খল অর্থাৎ পরপীড়ককে উপদেশ করিবে না), ন অবিনীতায় (অবিনীতকে উপদেশ করিবে না), ন স্তব্ধায় (মূর্খকে উপদেশ করিবে না), ন ভিন্নায় (ভিন্ন ব্যক্তিকে অর্থাৎ সম্প্রদায়ের বহির্ভূত ব্যক্তিকে উপদেশ করিবে না) ধর্ম্মধ্বজায় চ নৈব [উপদিশেৎ] (ও কপট দাম্ভিক ব্যক্তিকে উপদেশ করিবে না) ॥ ৩৯ ॥

জাতু (কখনও) লোলুপায় (লোভীকে) ন উপদিশেৎ (উপদেশ করিবে না), গৃহারূঢ়চেতসে ন (পুত্রকলত্রাদিতে আসক্তচিত্ত ব্যক্তিকে উপদেশ করিবে না), মে অভক্তায় ন (আমার প্রতি ভক্তিবিহীন ব্যক্তিকে উপদেশ করিবে না), মদ্ভক্তদ্বিষাম্ অপি চ ন (এবং আমার ভক্তগণের দ্বেষকারী ব্যক্তিকেও উপদেশ করিবে না) ॥ ৪০ ॥

অনুবাদ

স্বরূপ আমি তোমার নিকটে বর্ণনা করিলাম এবং যে কাল প্রাণিগণের উৎপত্তি ও বিনাশাদি করিয়া থাকে, সেই অব্যক্তগতি কালের স্বরূপও বর্ণনা করিলাম ॥৩৭॥

হে মাতঃ ! যাহাতে নিমগ্ন হইয়া জীব নিজের গতি জানিতে সমর্থ হয় না, জীবের অজ্ঞানজনিত কর্ম্ম হইতে উৎপন্ন সেই জন্মমরণরূপ বহু সংসারগতি আমি তোমার নিকটে বর্ণনা করিলাম ॥ ৩৮ ॥

হে মাতঃ ! আমি যে তত্ত্ব তোমাকে উপদেশ করিলাম, ইহা খল, অবিনীত, মূর্খ ভিন্ন অর্থাৎ সম্প্রদায়ের বহির্ভূত ও কপট দাম্ভিক ব্যক্তিকে কখনও উপদেশ করিবে না ॥ ৩৯ ॥

হে মাতঃ ! লোভী, গৃহাসক্তচিত্ত, আমার অভক্ত ও আমার ভক্তগণের বিদ্বেষকারী ব্যক্তিকে কখনও ইহা উপদেশ করিবে না ॥ ৪০ ॥

টীকা

সংহরতি—প্রাবোচমিতি দ্বাভ্যাম্। অন্তর্ধাবতি উৎপত্ত্যাদি কুর্ব্বন্ প্রবিশতি ॥ ৩৭ ॥ অঙ্গ ! হে অঘ ! ॥ ৩৮ ॥ স্বোক্তশাস্ত্রশ্রবণাদেঃ অনধিকারিণঃ অধিকারিণশ্চাহ—নৈতদিতি চতুর্ভিঃ। খলায় পরোদ্বেজকায়

শ্রদ্দধানায় ভক্তায় বিনীতায়ানসূয়বে।
ভূতেষু কৃতমৈত্রায় শুশ্রূষাভিরতায় চ ॥৪১॥
বহির্জাতবিরাগায় শান্তচিত্তায় দীয়তে।
নির্ম্মৎসরায় শুচয়ে যস্যাহং প্রেয়সাং প্রিয়ঃ ॥৪২॥
য ইদং শৃণুয়াদম্ব! শ্রদ্ধয়া পুরুষঃ সকৃৎ।
যো বাভিধত্তে মচ্চিত্তঃ স হ্যেতি পদবীঞ্চ মে ॥৪৩॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে
কাপিলেয়ে কর্ম্মবিপাকো নাম দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥৩২॥

অন্বয়

[এই তত্ত্বজ্ঞান] শ্রদ্দধানায় (শ্রদ্ধাবান্), ভক্তায় (ভক্ত), বিনীতায় (বিনীত), অনসূয়বে (অসূয়া-বিহীন), ভূতেষু কৃতমৈত্রায় (প্রাণিগণে মিত্রভাবাপন্ন) শুশ্রূষাভিরতায় (ও সেবাপরায়ণ) [এবং] বহির্জ্জাত-বিরাগায় (বাহ্যবিষয়ে বৈরাগ্যযুক্ত), শান্তচিত্তায় (শান্তচিত্ত), নির্ম্মৎসরায় (মাৎসর্য্যরহিত) শুচয়ে চ (ও পবিত্র ব্যক্তিকে) [এবং] অহং যস্য (আমি যাহার] প্রেয়সাং প্রিয়ঃ (প্রিয়তম), [তাহাকে] দীয়তে (প্রদান করিবে) ॥ ৪১ ॥ ৪২ ॥

অম্ব! (হে জননি!) যঃ পুরুষঃ (যে ব্যক্তি) শ্রদ্ধয়া (শ্রদ্ধাসহকারে) ইদং (এই মদুপদেশ) সকৃৎ [অপি] শৃণুয়াৎ (একবারও শ্রবণ করেন), বা (অথবা) যঃ মচ্চিত্তঃ (যে ব্যক্তি মদ্গতচিত্ত হইয়া) [সকৃৎ অপি] অভিধত্তে চ (একবারও কীর্ত্তন করেন), সঃ হি (তিনি নিশ্চয়ই) মে পদবীম্ এতি (আমার পদবী অর্থাৎ ভক্তিযোগ প্রাপ্ত হইয়া থাকেন) ॥ ৪৩ ॥

অনুবাদ

হে মাতঃ! যে ব্যক্তি শ্রদ্ধাশীল, আমার ভক্ত, বিনীত, অসূয়াবিহীন, প্রাণিগণে মিত্রভাবাপন্ন, সেবাপরায়ণ, বাহ্যবিষয়ে বৈরাগ্যযুক্ত, শান্তচিত্ত, মাৎসর্য্যরহিত ও পবিত্র এবং আমি যাহার প্রিয়তম, সেই ব্যক্তিকে এই আত্মতত্ত্ব উপদেশ করিবে ॥৪১-৪২॥

হে মাতঃ! যে পুরুষ শ্রদ্ধাসহকারে আমার এই উপদেশ একবারও শ্রবণ করেন, অথবা যে পুরুষ মদ্গতচিত্ত হইয়া ইহা একবারও কীর্ত্তন করেন, তিনি নিশ্চয়ই আমার পদবী অর্থাৎ ভক্তিযোগ প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৪৩ ॥

দ্বাত্রিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ৩২ ॥

টীকা

ভিন্নায় বাহ্যায় ॥ ৩৯ ॥ ৪০ ॥ ৪১ ॥ ৪২ ॥ স্বোক্তশাস্ত্রশ্রবণাদিফলমাহ—য ইতি ॥ ৪৩ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে তৃতীয়স্কন্ধে শ্রীমচ্ছুকদেবকৃতসিদ্ধান্তপ্রদীপে
দ্বাত্রিংশাধ্যায়ার্থপ্রকাশঃ ॥ ৩২ ॥

ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ

শ্রীমৈত্রেয় উবাচ

এবং নিশম্য কপিলস্য বচো জনিত্রী সা কর্দ্দমস্য দয়িতা কিল দেবহূতিঃ।
বিস্রস্তমোহপটলা তমভিপ্রণম্য তুষ্টাব তত্ত্ববিষয়াঙ্কিতসিদ্ধিভূমিম্ ॥ ১ ॥

শ্রীদেবহূতিরুবাচ

অথাপ্যজোঽন্তঃসলিলে শয়ানং ভূতেন্দ্রিয়ার্থাত্মময়ং বপুস্তে।
গুণপ্রবাহং সদশেষবীজং দধ্যৌ স্বয়ং যজ্জঠরাব্জজাতঃ ॥ ২ ॥

অন্বয়

[এই অধ্যায়ে কপিলদেবের প্রস্থান ও দেবহূতির মুক্তিলাভ বর্ণিত হইবে] শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) কর্দ্দমস্য দয়িতা (কর্দ্দমঋষির পত্নী) কপিলস্য জনিত্রী (ভগবান্ কপিলদেবের জননী) সা দেবহূতিঃ (মনুপুত্রী দেবহূতি) এবং বচঃ (এই প্রকার উপদেশবাক্য) নিশম্য কিল (শ্রবণ করিয়াই) বিস্রস্তমোহপটলা (মোহরূপ আবরণশূন্য হইয়া) তত্ত্ববিষয়াঙ্কিতসিদ্ধিভূমিং (চিৎ, অচিৎ ও ব্রহ্ম এই তত্ত্বত্রয়াত্মক সাংখ্যজ্ঞানের প্রবর্ত্তক) তম্ (সেই ভগবান্ কপিলদেবকে) অভিপ্রণম্য (প্রণাম করিয়া) তুষ্টাব (স্তব করিতে লাগিলেন) ॥ ১ ॥

শ্রীদেবহূতিঃ উবাচ (দেবহূতি বলিলেন) অথ (মঙ্গলার্থক অব্যয়) যজ্জঠরাব্জজাতঃ স্বয়ং অজঃ অপি (আপনার নাভিকমল হইতে উৎপন্ন হইয়া স্বয়ং ব্রহ্মাও) অন্তঃসলিলে শয়ানং (যাহা কারণ-সলিলে শয়ান), ভূতেন্দ্রিয়ার্থাত্মময়ং (যাহা ভূতসমূহ, ইন্দ্রিয়সমূহ, শব্দাদিবিষয়সমূহ ও অন্তঃকরণ

অনুবাদ

[এই অধ্যায়ে কপিলদেবের প্রস্থান ও দেবহূতির মুক্তি বর্ণিত হইবে] মৈত্রেয়ঋষি বলিলেন—কর্দ্দমঋষির পত্নী ভগবান্ কপিলদেবের জননী দেবহূতি এই প্রকার উপদেশবাক্য শ্রবণ করিয়াই মোহশূন্যা হইলেন এবং চিৎ, অচিৎ ও ব্রহ্ম এই তত্ত্বত্রয়াত্মক সাংখ্যজ্ঞানের প্রবর্ত্তক সেই কপিলদেবকে প্রণাম করিয়া স্তব করিতে লাগিলেন ॥ ১ ॥

দেবহূতি বলিলেন—আপনার নাভিকমল হইতে উৎপন্ন হইয়া স্বয়ং ব্রহ্মাও যাহা

টীকা

মাত্রা সংস্তুতস্য শ্রীকপিলস্য স্বাশ্রমং প্রতি গমনং শ্রীদেবহূত্যা ভগবৎপ্রাপ্তিলক্ষণা মুক্তিশ্চ নিরূপ্যতে —এবমিতি ত্রয়স্ত্রিংশেন। বিস্রস্তং মোহাত্মকং পটলমাবরণং যস্যাঃ সা, তত্ত্বানি চিদচিদ্ব্রহ্মাখ্যানি বিষয়ো যস্য তৎ, তত্ত্ববিষয়ং বৈষ্ণবসাংখ্যং তেনাঙ্কিতা ভূষিতা সিদ্ধীনাং ভূমিঃ আলয়ঃ স চাসৌ স চ তম্ ॥১॥ অথেতি মঙ্গলে, যস্য তব জঠরাব্জজাতঃ পুত্রভূতঃ অজোঽপি তস্য তে বপুঃ কেবলং দধ্যৌ ন তু দৃষ্টবান্, স ভবান্ বিশ্বস্য সর্গাদি বিধত্তে। ন তু তব সর্গাদিকর্ত্তা কশ্চিদস্তি, তথাভূতস্ত্বং মে ময়া কথং জঠরেণ ভৃত ইতি ত্রয়াণামন্বয়ঃ। বপুষো দ্বৈবিধ্যং দর্শয়ন্তী তদ্বর্ণয়তি। সলিলে শয়ানং সর্ব্বাশ্রয়মপ্রাকৃতং নিজাসাধারণং তদাশ্রিতং ভূতাদিময়ঞ্চ ভূতানি ইন্দ্রিয়াণি চ, অর্থাশ্চ শব্দাদয়ঃ, আত্মা অন্তঃকরণং চ, তন্ময়ম্। গুণানাং প্রবাহো যস্মিন্ সতাং কার্য্যাণামশেষাণাং বীজং, বিভক্তং বীর্য্যং শক্তির্যেন সঃ, গুণপ্রবাহেণ স্বশক্তিগুণ-

স এব বিশ্বস্য ভবান্ বিধত্তে গুণপ্রবাহেণ বিভক্তবীর্য্যঃ।
সর্গাদ্যনীহোঽবিতথাভিসন্ধি-রাত্মেশ্বরোঽতর্ক্যসহস্রশক্তিঃ ॥৩॥
স ত্বং ভৃতো মে জঠরেণ নাথ! কথং নু যস্যোদর এতদাসীৎ।
বিশ্বং যুগান্তে বটপত্র একঃ শেতে স্ম মায়াশিশুরঙ্ঘ্রিপানঃ ॥৪॥

অন্বয়

এই সকলে পরিব্যাপ্ত), গুণপ্রবাহং (যাহাতে গুণসমূহের প্রবাহ বিদ্যমান) সদশেষবীজং (ও যাহা সমস্ত কার্য্য ও কারণের কারণ), [তৎ] তে বপুঃ [সেই আপনার দেহকে) দধ্যৌ (কেবল চিন্তা করিয়াছিলেন), [কিন্তু দেখিতে পান নাই, সেই আপনিই বিশ্বের উৎপত্তি, স্থিতি ও প্রলয় করিয়া থাকেন। পরের সহিত অন্বয় হইবে] ॥ ২ ॥

অনীহঃ (নিষ্ক্রিয়), অবিতথাভিসন্ধিঃ (সত্যসঙ্কল্প), অতর্ক্যসহস্রশক্তিঃ (অনন্ত ও অচিন্তনীয় শক্তিসম্পন্ন) আত্মেশ্বরঃ (এবং জীবগণের ভোগপ্রদানে সমর্থ) সঃ এব ভবান্ (সেই আপনিই) গুণপ্রবাহেণ বিভক্তবীর্য্যঃ (স্বীয় শক্তির গুণসমূহের বিকাররূপে শক্তিকে বিভাগ করিয়া) বিশ্বস্য (জগতের) সর্গাদি বিধত্তে (সৃষ্টি, স্থিতি ও লয় বিধান করিয়া থাকেন) ॥ ৩ ॥

নাথ! (হে প্রভো!) যুগান্তে (প্রলয়কালে) এতৎ বিশ্বং (এই বিশ্ব) যস্য উদরে আসীৎ (যাঁহার উদরে বর্ত্তমান ছিল), সঃ ত্বং (সেই আপনাকে) মে (আমি) কথং (কিরূপে) জঠরেণ ভৃতঃ? (গর্ভে ধারণ করিলাম?) নু (অথবা যেমন) [আপনি সর্ব্বাধার হইলেও] মায়াশিশুঃ (স্বীয় সঙ্কল্পের দ্বারা শিশুরূপী হইয়া) একঃ (একাকী) অঙ্ঘ্রিপানঃ (স্বীয় পদাঙ্গুষ্ঠ চুম্বন করতঃ) বটপত্রে শেতে স্ম (বটপত্রে শয়ন করিয়া থাকেন), [সেইরূপ ভক্তের মঙ্গলের নিমিত্ত স্বীয় সঙ্কল্পবশে আমার জঠরে প্রবেশ করিয়াছেন] ॥ ৪ ॥

অনুবাদ

কারণ সলিলে শয়ান, যাহা ভূতসমূহ, শব্দাদিবিষয়সমূহ ও অন্তঃকরণ এই সকলে পরিব্যাপ্ত, যাহাতে গুণসমূহের প্রবাহ বিদ্যমান, যাহা সমস্ত কার্য্যকারণেরও কারণ, সেই আপনার দেহকে কেবল চিন্তা করিয়াছিলেন, কিন্তু দেখিতে পান নাই; তাদৃশ আপনিই এই বিশ্বের উৎপত্তি, স্থিতি ও লয় করিয়া থাকেন ॥ ২ ॥

আপনি নিষ্ক্রিয়, সত্যসঙ্কল্প এবং অনন্ত ও অচিন্তনীয় শক্তিসম্পন্ন; জীবগণের ভোগ সম্পাদনের নিমিত্ত আপনিই গুণসমূহের বিকাররূপে স্বীয় শক্তিকে বিভাগ করিয়া জগতের সৃষ্টি, স্থিত ও লয় বিধান করিয়া থাকেন ॥ ৩ ॥

হে নাথ! প্রলয়কালে এই বিশ্ব যাঁহার উদরে বর্ত্তমান ছিল, তাদৃশ আপনাকে আমি

টীকা

বিকারেণ, ন তু স্বরূপবিকারেণ বিশ্বস্য সর্গাদীন্ বিধত্তে ॥ ২-৩ ॥ যুগান্তে যস্যোদরে এতদ্বিশ্বমাসীৎ, হে নাথ! স ত্বং মে ময়া জঠরেণ কথং ভৃতঃ। অথ নাসম্ভাবিতমিদমিতি স্বয়মাহ—সর্ব্বাধারত্বেঽপি মায়য়া বয়ুনেন সঙ্কল্পেন শিশুঃ অঙ্ঘ্রিং পাদাঙ্গুষ্ঠং পিবতীতি সঃ তথা, বটপত্রে শেতে স্ম, তদ্বদ্ভক্তহিতায় স্বসঙ্কল্পেন মম জঠরে প্রবেশঃ সঙ্গচ্ছতে ইতি ভাবঃ ॥ ৪ ॥ হে বিভো! যথা শূকরাদয়স্তব অবতারাঃ পাপ্মনাং

ত্বং দেহতন্ত্রঃ প্রশমায় পাপ্মনাং নিদেশভাজাঞ্চ বিভো ! বিভূতয়ে।
যথাবতারাস্তব শূকরাদয়-স্তথায়মপ্যাত্মপথোপলব্ধয়ে ॥ ৫ ॥
যন্নামধেয়শ্রবণানুকীর্ত্তনাদ্ যৎপ্রহ্বণাদ্ যৎস্মরণাদপি ক্বচিৎ।
শ্বাদোঽপি সদ্যঃ সবনায় কল্পতে কুতঃ পুনস্তে ভগবন্নু দর্শনাৎ ॥৬॥

অন্বয়

বিভো ! (হে সর্ব্বব্যাপিন্ !) যথা (যেমন) শূকরাদয়ঃ তব অবতারাঃ (বরাহ প্রভৃতি আপনার অবতার সকল) পাপ্মনাং (দুষ্টগণের) প্রশমায় (দমনের নিমিত্ত) নিদেশভাজাং চ (ও আজ্ঞানুবর্ত্তী ভক্তগণের) বিভূতয়ে (সমৃদ্ধির নিমিত্ত) [হইয়া থাকে], তথা (সেইরূপ) অয়ম্ অপি (এই অবতারও) আত্মপথোপলব্ধয়ে (জ্ঞান ও ভক্তিমার্গ প্রদর্শনের নিমিত্ত হইয়াছে); [অতএব] দেহতন্ত্রঃ ত্বং [অসি] (আপনি দেহধারী হইয়া আমার গর্ভে প্রবেশ করিয়াছেন) ॥ ৫ ॥

ভগবন্ ! (হে ষড়ৈশ্বর্য্যশালিন্ !) ক্বচিৎ অপি (কদাচিৎ অর্থাৎ কখনও) যন্নামধেয়শ্রবণানুকীর্ত্তনাৎ (যাঁহার নাম শ্রবণ, কীর্ত্তন), যৎপ্রহ্বণাৎ (যাঁহার বন্দনা) যৎস্মরণাৎ (ও যাঁহার স্মরণ করিলে তাহার ফলে) শ্বাদঃ অপি (চণ্ডালও) সদ্যঃ (তৎক্ষণাৎ) সবনায় (সোমযাগ করিবার) কল্পতে (যোগ্য হইয়া থাকে) [অর্থাৎ সোমযাজী ব্রাহ্মণের ন্যায় পূজ্য হইয়া থাকে], নু (হে প্রভো !) তে (সেই আপনার) দর্শনাৎ পুনঃ কুতঃ ? (দর্শনে যে পবিত্র হইবে, এই বিষয়ে আর বক্তব্য কি ?) ॥৬॥

অনুবাদ

কিরূপে জঠরে ধারণ করিলাম ? অথবা আপনি স্বয়ং সর্ব্বাধার হইলেও কল্পান্তে যেমন স্বীয় সঙ্কল্পের দ্বারা শিশুরূপী হইয়া একাকী স্বীয় পদাঙ্গুষ্ঠ চুম্বন করতঃ বটপত্রে শয়ন করিয়া থাকেন, সেইরূপ ভক্তের মঙ্গলের জন্য স্বীয় সঙ্কল্পবশে আমার জঠরে প্রবেশ করিয়াছেন ॥ ৪ ॥

হে বিভো ! যেমন বরাহ প্রভৃতি আপনার অবতার দুষ্টগণের দমনের নিমিত্ত ও আজ্ঞানুবর্ত্তী ভক্তগণের সমৃদ্ধির নিমিত্ত হইয়া থাকে, সেইরূপ আপনার এই অবতার জ্ঞান ও ভক্তিমার্গ প্রদর্শনের নিমিত্ত হইয়াছে ; অতএব দেহধারী হইয়া আপনি আমার গর্ভে প্রবেশ করিয়াছেন ॥ ৫ ॥

হে ভগবন্ ! কদাচিৎ যাঁহার নাম শ্রবণ ও কীর্ত্তন এবং যাঁহার বন্দন ও স্মরণ করিলে চণ্ডালও সদ্যঃ সোমযাজী ব্রাহ্মণের ন্যায় পূজ্য হইয়া থাকে, তাদৃশ আপনার দর্শনে যে জীব কৃতার্থ হইবে এই বিষয়ে আর বক্তব্য কি ? ॥ ৬ ॥

টীকা

দুষ্টানাং প্রশমায় নিদেশভাজামাজ্ঞানুবর্ত্তিনাং বিভূতয়ে তথায়মবতারঃ। আত্মপথোপলব্ধয়ে স্বজ্ঞানভক্তিমার্গপ্রদর্শনায় অতঃ দেহতন্ত্রোঽসি আবিষ্কৃতদেহোঽসি মম জঠরে আবির্ভূতোঽসীত্যর্থঃ ॥ ৫ ॥ ক্বচিদপি স্খলনবিজৃম্ভণাদৌ যন্নামধেয়শ্রবণাদিমাত্রতঃ শ্বানমত্তীতি শ্বাদঃ জন্মনা কর্ম্মণা চ নীচঃ সবনায় সোমযাগায় কল্পতে যোগ্যো ভবতি পূজ্যত্বং প্রাপ্নোতি, তব মাতৃভাবং গতায়া মে কৃতার্থতায়াং কঃ সন্দেহ ইতি ভাবঃ ॥ ৬ ॥ তদুপপাদয়তি অহো ! ইত্যাশ্চর্য্যে, বতেতি হর্ষে, শ্বপচোঽপি অতঃ গরীয়ান্। যতো যস্য জিহ্বাগ্রে ত্বদ্যং তব নাম বর্ত্ততে। যতঃ যে জনাঃ তে তব নাম গৃণন্তি, তে এব তপঃ সন্ন্যাসি-

অহোবত শ্বপচোঽতো গরীয়ান্ যজ্জিহ্বাগ্রে বর্ত্ততে নাম তুভ্যম্।
তেপুস্তপস্তে জুহুবুঃ সস্নুরার্য্যা ব্রহ্মানূচুর্নাম গৃণন্তি যে তে ॥৭॥
তং ত্বামহং ব্রহ্ম পরং পুমাংসং প্রত্যক্স্রোতস্যাত্মনি সংবিভাব্যম্।
স্বতেজসা ধ্বস্তগুণপ্রবাহং বন্দে বিষ্ণুং কপিলং বেদগর্ভম্ ॥ ৮ ॥

শ্রীমৈত্রেয় উবাচ

ঈড়িতো ভগবানেবং কপিলাখ্যঃ পরঃ পুমান্।
বাচাবিক্লবয়েত্যাহ মাতরং মাতৃবৎসলঃ ॥৯॥

অন্বয়

অতঃ (অতএব) অহোবত (বড়ই আশ্চর্য্য!) যজ্জিহ্বাগ্রে (যাহার জিহ্বাগ্রে) তুভ্যং (আপনার) নাম বর্ত্ততে (নাম উচ্চারিত হয়), [সঃ] শ্বপচঃ [অপি] গরীয়ান্ (সে ব্যক্তি চণ্ডাল হইলেও শ্রেষ্ঠ); [কারণ] যে (যাঁহারা) তে (আপনার) নাম গৃণন্তি (নাম কীর্ত্তন করেন), তে (তাঁহারা) তপঃ তেপুঃ (তপস্যা করিয়াছেন), জুহুবুঃ (হোম করিয়াছেন), সস্নুঃ (তীর্থসমূহে স্নান করিয়াছেন), ব্রহ্ম অনূচুঃ (বেদ অধ্যয়ন করিয়াছেন) আর্য্যাঃ (এবং তাঁহারা শিষ্টাচারসম্পন্ন অর্থাৎ শিষ্টাচার পালন করিয়াছেন) ॥ ৭ ॥

ব্রহ্ম (পরব্রহ্ম), পরং পুমাংসং (পরমপুরুষ), প্রত্যক্স্রোতসি আত্মনি (অন্তর্মুখচিত্তে) সংবিভাব্যম্ (একমাত্র ধ্যেয়), স্বতেজসা (স্বীয় তেজের দ্বারাই) ধ্বস্তগুণপ্রবাহং (গুণপ্রবাহরহিত), বেদগর্ভং কপিলং (বেদগর্ভ কপিলরূপী) বিষ্ণুং (বিষ্ণু) তং ত্বাং (তাদৃশ আপনাকে) অহং (আমি) বন্দে (নমস্কার করি) ॥ ৮ ॥

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) [হে বিদুর!] মাতৃবৎসলঃ (মাতার প্রতি করুণা-

অনুবাদ

বড়ই আশ্চর্য্য! যাহার জিহ্বাগ্রে আপনার নাম উচ্চারিত হয়, সেই ব্যক্তি চণ্ডাল হইলেও শ্রেষ্ঠ; কারণ যাঁহারা আপনার নাম কীর্ত্তন করেন, তাঁহারা তপস্যা, হোম, বেদাধ্যয়ন, তীর্থস্নান সম্পন্ন করিয়াছেন অর্থাৎ সন্ন্যাস ও বানপ্রস্থ ধর্ম্ম তপস্যা, গৃহস্থ ধর্ম্ম হোম, ব্রহ্মচারীর ধর্ম্ম বেদাধ্যয়ন ও সর্ব্বাশ্রমের ধর্ম্ম তীর্থ-স্নান এই সকলের ফল প্রাপ্ত হইয়াছেন এবং তাঁহারা সর্ব্বাশ্রমের ধর্ম্ম শিষ্টাচার প্রতিপালন করিয়াছেন ॥ ৭ ॥

হে ভগবন্! আপনি পরব্রহ্ম, পরমপুরুষ, অন্তর্ম্মুখচিত্তে একমাত্র উপাস্য ও স্বীয় তেজের দ্বারাই গুণপ্রবাহবিরহিত অর্থাৎ আপনার নিজতেজে আপনি গুণপ্রবাহকে নিরস্ত করিয়াছেন; তাদৃশ বেদগর্ভ কপিলরূপী বিষ্ণু আপনাকে আমি নমস্কার করিতেছি ॥ ৮ ॥

মৈত্রেয়ঋষি বলিলেন—হে বিদুর! মাতৃবৎসল কপিলনামধারী পরমপুরুষ ভগবান্

টীকা

বনস্থসাধারণং তেপুঃ কৃতবন্তঃ, জুহুবুঃ হোমং কৃতবন্তঃ গৃহস্থধর্ম্মং কৃতবন্ত ইত্যর্থঃ। ব্রহ্ম বেদমনূচুঃ অধীতবন্তঃ ব্রহ্মচারিধর্ম্মং কৃতবন্তঃ। সস্নুঃ তীর্থেষু স্নাতা, আর্য্যাঃ শিষ্টাঃ পদদ্বয়েন সর্ব্বসাধারণধর্ম্মং কৃতবন্ত ইত্যর্থঃ ॥ ৭ ॥ প্রত্যক্স্রোতসি অন্তর্মুখে আত্মনি মনসি সম্বিভাব্যং ধ্যেয়ম্ ॥ ৮ ॥ অবিক্লবয়া বিপুলয়া ॥ ৯ ॥ ত্বয়ি

শ্রীভগবানুবাচ

মার্গেণানেন মাতস্তে সুসেব্যেনোদিতেন মে।
আস্থিতেন পরাং কাষ্ঠামচিরাদবরোৎস্যসি ॥১০॥
শ্রদ্ধৎস্বৈতন্মতং মহ্যং জুষ্টং যদ্‌ব্রহ্মবাদিভিঃ।
যেন মামভয়ং যায়া মৃত্যুমৃচ্ছন্ত্যতদ্বিদঃ ॥ ১১ ॥

অন্বয়

পরায়ণ) কপিলাখ্যঃ (কপিলনামধারী) পরঃ পুমান্ (পরমপুরুষ) ভগবান্ এবম্ ঈড়িতঃ (ভগবান্ পূর্ব্বোক্ত প্রকারে স্তুত হইয়া) অবিক্লবয়া বাচা (গভীরবাক্যে) মাতরম্ ইতি আহ (স্বীয় মাতা দেবহূতিকে এই বক্ষ্যমাণ বাক্য বলিলেন) ॥ ৯ ॥

শ্রীভগবান্ উবাচ (ভগবান্ কপিলদেব বলিলেন) মাতঃ! (হে জননি!) তে (তোমার) সুসেব্যেন (সুখে অনুষ্ঠেয়) মে (আমাকর্ত্তৃক) উদিতেন (কথিত) অনেন মার্গেণ (এই সাধনমার্গ) আস্থিতেন (অনুষ্ঠান করিলে) অচিরাৎ (অবিলম্বে তুমি) পরাং কাষ্ঠাং (মুক্তি) অবরোৎস্যসি (প্রাপ্ত হইবে) ॥ ১০ ॥

[হে মাতঃ!] ব্রহ্মবাদিভিঃ (ব্রহ্মজ্ঞানী ঋষিগণকর্ত্তৃক) যৎ (যাহা) জুষ্টং (অবলম্বিত হইয়া থাকে), মহ্যং (আমার) [তৎ] এতৎ মতং (সেই উপদেশ) শ্রদ্ধৎস্ব (শ্রদ্ধার সহিত গ্রহণ কর)। যেন (ঐ সাধনমার্গের দ্বারা) অভয়ং মাং (অভয়স্বরূপ আমাকে অর্থাৎ মদ্ভাব) যায়াঃ (প্রাপ্ত হইবে), অতদ্‌বিদঃ (যাহারা ইহা অবগত নহে, তাহারা) মৃত্যুম্ ঋচ্ছন্তি (মৃত্যুর কবলে পতিত হইয়া থাকে অর্থাৎ পুনঃ পুনঃ জন্মমরণরূপ সংসারে যাতায়াত করিতে থাকে) ॥ ১১ ॥

অনুবাদ

পূর্ব্বোক্ত প্রকারে স্তুত হইয়া গম্ভীরবাক্যে মাতা দেবহূতিকে এই বক্ষ্যমাণ বাক্য বলিলেন ॥ ৯ ॥

ভগবান্ কপিলদেব বলিলেন—হে মাতঃ! আমি যে সাধনমার্গ উপদেশ করিলাম, উহা তুমি অতিসুখে অনুষ্ঠান করিতে পারিবে। এই সাধনমার্গ অনুষ্ঠান করিলে অবিলম্বে তুমি পরমপদ অর্থাৎ মুক্তিলাভ করিতে পারিবে ॥ ১০ ॥

হে মাতঃ! ব্রহ্মবাদিগণ আমাকর্ত্তৃক উপদিষ্ট এই সাধনমার্গ অবলম্বন করিয়া থাকেন; তুমি আমার এই উপদেশে শ্রদ্ধাশীল হও। এই সাধনমার্গের দ্বারা অভয়স্বরূপ আমাকে অর্থাৎ মদ্ভাব প্রাপ্ত হইবে। যাহারা ইহা অবগত নহে, তাহারা মৃত্যুর কবলে পতিত হইয়া থাকে অর্থাৎ পুনঃ পুনঃ জন্মমরণরূপ সংসারে যাতায়াত করিতে থাকে ॥ ১১ ॥

টীকা

আস্থিতেন অনুষ্ঠিতেন পরাং কাষ্ঠাং মদ্ভাবাপত্তিলক্ষণাং মুক্তিমবরোৎস্যসি প্রাপ্স্যসি ॥ ১০ ॥ এতদেব দ্রঢ়য়িতুমাহ—শ্রদ্ধৎস্বেতি। মাং মদ্ভাবং যায়াঃ যাস্যসি ॥১১॥ আত্মনঃ স্বস্য গতিং প্রাপ্তিমার্গমনুমতঃ অনুজ্ঞাতঃ

শ্রীমৈত্রেয় উবাচ

ইতি প্রদর্শ্য ভগবানুশতীমাত্মনো গতিম্।
স্বমাত্রা ব্রহ্মবাদিন্যা কপিলোঽনুমতো যযৌ ॥১২॥
সা চাপি তনয়োক্তেন যোগাদেশেন যোগযুক্।
তস্মিন্নাশ্রম আপীড়ে সরস্বত্যাঃ সমাহিতা ॥ ১৩ ॥
অভীক্ষ্ণাবগাহকপিশান্ জটিলান্ কুটিলালকান্।
আত্মানঞ্চোগ্রতপসা বিভ্রতী চীরিণং কৃশম্ ॥ ১৪ ॥

অন্বয়

শ্রীমৈত্রেয়ঃ উবাচ (মৈত্রেয়ঋষি বলিলেন) ভগবান্ কপিলঃ (ভগবান্ কপিলদেব) ইতি উশতীম্ (এইরূপ কমনীয়) আত্মনঃ গতিং (নিজের প্রাপ্তিমার্গ) প্রদর্শ্য (উপদেশ করিয়া) ব্রহ্মবাদিন্যা স্বমাত্রা (ব্রহ্মবাদিনী স্বীয় জননীকর্তৃক) অনুমতঃ (অনুমোদিত হইয়া) যযৌ (প্রস্থান করিলেন) ॥ ১২ ॥

সা চ অপি (সেই দেবহূতিও) সরস্বত্যাঃ (সরস্বতী নদীর) আপীড়ে (পুষ্পমুকুটতুল্য) তস্মিন্ আশ্রমে (সেই আশ্রমে) তনয়োক্তেন (পুত্রোপদিষ্ট) যোগাদেশেন (যোগানুষ্ঠানের দ্বারা) যোগযুক্ (যোগযুক্তা হইয়া) সমাহিতা (নিবিষ্টচিত্ত হইলেন) ॥ ১৩ ॥

[দেবহূতি] অভীক্ষ্ণাবগাহকপিশান্ (প্রত্যহ ত্রিসন্ধ্যায় স্নান করায় কপিলবর্ণ), জটিলান্ (জটাযুক্ত), কুটিলালকান্ (বক্রকেশরাশিসমান্বিত) উগ্রতপসা (এবং উগ্রতপস্যার দ্বারা) কৃশং চীরিণং চ (কৃশ ও ছিন্নবস্ত্রাবৃত) আত্মানং (দেহ) বিভ্রতী (ধারণকরতঃ) [সমাহিতা হইলেন] ॥ ১৪ ॥

অনুবাদ

মৈত্রেয়ঋষি বলিলেন—ভগবান্ কপিলদেব এইরূপ সুলভ্য আত্মগতি অর্থাৎ নিজের প্রাপ্তিমার্গ উপদেশ করিয়া ব্রহ্মবাদিনী স্বীয় জননী দেবহূতির অনুমতি লইয়া প্রস্থান করিলেন ॥ ১২ ॥

সেই দেবহূতিও সরস্বতী নদীর পুষ্পমুকুটতুল্য আশ্রমে পুত্রোপদিষ্ট যোগানুষ্ঠানের দ্বারা যোগযুক্তা হইয়া সমাহিতা হইলেন ॥ ১৩ ॥

দেবহূতি প্রত্যহ ত্রিসন্ধ্যায় স্নান করায় তাঁহার কেশকলাপ কপিলবর্ণ, জটাযুক্ত ও আলুলায়িত হইয়াছিল; এ অবস্থায় তিনি উগ্রতপস্যায় কৃশ ও ছিন্নবস্ত্রাবৃত দেহে ধ্যাননিমগ্না হইলেন ॥ ১৪ ॥

টীকা

॥১২॥ তস্মিন্ স্বাশ্রমে সরস্বত্যাঃ আপীড়ে পুষ্পমুকুটতুল্যে সমাহিতা সতী স্বগার্হস্থ্যং হিত্বাপত্যবিরহাতুরা বদনং কিঞ্চিচ্চকারেত্যষ্টশ্লোকানাময়য়ঃ ॥১৫॥ অভীক্ষ্ণাবগাহেন ত্রিকালনিত্যস্নানেন কপিশান্ ॥ ১৪ ॥ তপো-যোগাভ্যাং বিজৃম্ভিতমতিশয়িতম্ ॥ ১৫ ॥ গার্হস্থ্যমেব বর্ণয়তি—পয়ঃফেননিভা ইত্যাদিনা। যত্র গার্হস্থ্যে

প্রজাপতেঃ কর্দ্দমস্য তপোযোগবিজৃম্ভিতম্ ।
স্বগার্হস্থ্যমনৌপম্যং প্রার্থ্যং বৈমানিকৈরপি ॥১৫॥
পয়ঃফেননিভাঃ শয্যা দান্তা রুক্মপরিচ্ছদাঃ ।
আসনানি চ হৈমানি সুস্পর্শাস্তরণানি চ ॥ ১৬ ॥
স্বচ্ছস্ফটিককুড্যেষু মহামারকতেষু চ ।
রত্নপ্রদীপা আভান্তি ললনারত্নসংযুতাঃ ॥ ১৭ ॥
গৃহোদ্যানং কুসুমিতৈ রম্যং বহ্বমরদ্রুমৈঃ ।
কূজদ্বিহঙ্গমিথুনং গায়ন্মত্তমধুব্রতম্ ॥ ১৮ ॥

অন্বয়

প্রজাপতেঃ কর্দ্দমস্য (প্রজাপতি কর্দ্দমঋষির) তপোযোগবিজৃম্ভিতং (তপস্যা ও যোগপ্রভাবে অতিশয় বর্দ্ধিত) বৈমানিকৈঃ অপি প্রার্থ্যং (দেবতাগণেরও প্রার্থনীয়) অনৌপম্যম্ (ও অতুলনীয়) স্বগার্হস্থ্যং (নিজের গৃহসম্পদ্) [পরিত্যাগ করিয়া দেবহূতি পুত্রবিরহে ম্লানমুখী হইলেন। পরের সহিত অন্বয় হইবে] ॥ ১৫ ॥

[গৃহসম্পদ্ বর্ণনা করিতেছেন—দেবহূতির গৃহে] পয়ঃফেননিভাঃ শয্যাঃ (দুগ্ধফেননিভ শুভ্র কোমল শয্যা), রুক্মপরিচ্ছদাঃ (সুবর্ণময় পরিচ্ছদ), দান্তাঃ চ (হস্তিদন্তনির্ম্মিত মঞ্চ প্রভৃতি), সুস্পর্শাস্তরণানি (ও সুখস্পর্শ আচ্ছাদনযুক্ত) হৈমানি আসনানি চ (সুবর্ণময় আসনসমূহ বিদ্যমান ছিল) ॥ ১৬ ॥

স্বচ্ছস্ফটিককুড্যেষু (স্বচ্ছস্ফটিকময় গৃহভিত্তিতে) মহামারকতেষু চ (ও মরকতমণিময় গৃহভিত্তিতে) রত্নপ্রদীপাঃ (রত্নপ্রদীপ সকল) ললনারত্নসংযুতাঃ [চ] (ও রত্নালঙ্কারভূষিত ললনাগণ) আভান্তি (শোভিত হইয়াছিল অর্থাৎ শোভা বিস্তার করিয়াছিল) ॥ ১৭ ॥

গৃহোদ্যানং (গৃহের নিকটবর্ত্তী উদ্যান) কুসুমিতৈঃ বহ্বমরদ্রুমৈঃ (বহুবিধ পুষ্পিত দেবতরুদ্বারা)

অনুবাদ

প্রজাপতি কর্দ্দমঋষির তপস্যা ও যোগপ্রভাবে দেবহূতির গার্হস্থ্য সম্পদ্ অতিশয় বর্দ্ধিত ও অতুলনীয় ছিল, দেবতাগণও তাহা বাঞ্ছা করিতেন ॥ ১৫ ॥

দেবহূতির গৃহে দুগ্ধফেননিভ শুভ্র ও কোমল শয্যা, সুবর্ণময় পরিচ্ছদ, হস্তিদন্ত-নির্ম্মিত মঞ্চ প্রভৃতি ও সুখস্পর্শ আচ্ছাদনযুক্ত সুবর্ণময় আসনসমূহ বিদ্যমান ছিল ॥ ১৬ ॥

স্বচ্ছ স্ফটিকময় ও মরকতমণিময় গৃহভিত্তিসমূহে রত্নপ্রদীপ সকল ও রত্নালঙ্কারভূষিত ললনাগণ শোভিত হইয়াছিল অর্থাৎ ললনাগণ সেই সেই গৃহভিত্তিতে প্রতিবিম্বিত হইয়া শোভা বিস্তার করিয়াছিল ॥ ১৭ ॥

গৃহের নিকটবর্ত্তী উদ্যান বহুবিধ কুসুমিত দেবতরুর দ্বারা রমণীয় এবং কূজনকারী পক্ষিগণ ও গুঞ্জনকারী মধুমত্ত ভ্রমরগণে মুখরিত ছিল ॥ ১৮ ॥

টীকা

পয়ঃফেননিভাঃ শ্বেতাঃ কোমলাঃ শয্যাঃ ॥ ১৬ ॥ ললনারত্নৈঃ সংযুতাঃ ॥ ১৭-১৮ ॥ যত্রোদ্যানে ॥ ১৯ ॥

যত্র প্রবিষ্টমাত্মানং বিবুধানুচরা জগুঃ।
ব্যাপ্যামুৎপলগন্ধিন্যাং কর্দ্দমেনোপলালিতম্ ॥১৯॥
হিত্বা তদীপ্সিততমমপ্যাখণ্ডলযোষিতাম্।
কিঞ্চিচ্চকার বদনং পুত্রবিশ্লেষণাতুরা ॥ ২০ ॥
বনং প্রব্রজিতে পত্যাবপত্যবিরহাতুরা।
জ্ঞাততত্ত্বাপ্যভূন্নষ্টে বৎসে গৌরিব বৎসলা ॥ ২১ ॥

অন্বয়

রম্যং (রমণীয়) কূজদ্বিহঙ্গমিথুনং (এবং কূজনকারী পক্ষিগণ) গায়ন্মত্তমধুব্রতম্ (ও গুঞ্জনকারী মধুমত্ত ভ্রমরগণে মুখরিত ছিল) ॥ ১৮ ॥

যত্র (গৃহোদ্যানে) উৎপলগন্ধিন্যাং বাপ্যাং (উৎপলগন্ধযুক্ত সরোবরে) প্রবিষ্টং (স্নানের নিমিত্ত প্রবিষ্ট) কর্দ্দমেন উপলালিতং (মহর্ষি কর্দ্দমের প্রিয়তমা) আত্মানং (দেবহূতিকে) বিবুধানুচরাঃ (দেবানুচর গন্ধর্ব্বগণ) জগুঃ (প্রশংসা করিয়াছিল অর্থাৎ দেবহূতির গুণগান করিয়াছিল) ॥১৯॥

[দেবহূতি] আখণ্ডলযোষিতাম্ অপি (ইন্দ্রপত্নীগণেরও) ঈপ্সিততমম্ (একান্ত প্রার্থনীয়) তৎ (সেই গৃহসুখে) হিত্বা (আসক্তি পরিত্যাগ করিয়া) পুত্রবিশ্লেষণাতুরা (পুত্ররূপী ভগবানের বিরহে কাতর হইয়া) বদনং কিঞ্চিৎ চকার (বদনমণ্ডল ম্লান করিয়াছিলেন অর্থাৎ ম্লানমুখী হইয়াছিলেন) ॥ ২০ ॥

পত্যৌ (পতি কর্দ্দমঋষি)) বনং প্রব্রজিতে (প্রব্রজ্যা গ্রহণ করিয়া বনে গমন করিলে) [এক্ষণে] অপত্যবিরহাতুরা (পুত্রবিরহে কাতর হইয়া দেবহূতি) জ্ঞাততত্ত্বা অপি (তত্ত্বজ্ঞানসম্পন্না হইলেও) নষ্টে বৎসে (বৎস মরিয়া গেলে) বৎসলা গৌঃ ইব (বৎসপ্রিয়া ধেনু যেরূপ কাতর হয়, সেইরূপ) অভূৎ (কাতর হইলেন) ॥ ২১ ॥

অনুবাদ

সেই গৃহোদ্যানে উৎপলগন্ধযুক্ত সরোবরে মহর্ষি কর্দ্দমের প্রিয়তমা পত্নী দেবহূতি স্নানের নিমিত্ত অবগাহন করিলে দেবানুচর গন্ধর্ব্বগণ দেবহূতির গুণগান করিয়াছিল ॥ ১৯ ॥

হে বিদুর! দেবহূতি ইন্দ্রপত্নীদিগেরও একান্ত প্রার্থনীয় সেই গৃহসুখে আসক্তি পরিত্যাগ করিয়া পুত্ররূপী ভগবানের বিরহে কাতর হইয়া মুখ ম্লান করিয়াছিলেন অর্থাৎ পুত্রশোকে ম্লানমুখী হইয়াছিলেন ॥ ২০ ॥

পতি কর্দ্দমঋষি প্রব্রজ্যা অবলম্বন করিয়া বনে প্রস্থান করিয়াছেন; এক্ষণে আবার কপিলদেব প্রস্থান করিলেন; দেবহূতি যদিও তত্ত্বজ্ঞানসম্পন্না হইয়াছিলেন, তথাপি বৎস মরিয়া গেলে বৎসপ্রিয়া ধেনু যেরূপ কাতর হইয়া থাকে, সেইরূপ পুত্রবিরহে তিনিও কাতর হইলেন ॥ ২১ ॥

টীকা

আখণ্ডলযোষিতামিন্দ্রভার্য্যাণামীপ্সিততমং প্রার্থ্যতমং হিত্বা উপেক্ষ্য বদনং কিঞ্চিচ্চকার পুত্রবিরহব্যথাব্যাপ্ত মকরোৎ ॥ ২০ ॥ নষ্টে বৎসে বৎসলা গৌরিবাভূৎ ॥ ২১ ॥ বৎস! হে বিদুর! ॥ ২২ ॥ ভগবতো

তমেব ধ্যায়তী দেবমপত্যং কপিলং হরিম্ ।
বভুবাচিরতো বৎস ! নিঃস্পৃহা তাদৃশে গৃহে ॥ ২২ ॥
ধ্যায়তী ভগবদ্রূপং যদাহ ধ্যানগোচরম্ ।
সুতঃ প্রসন্নবদনঃ সমস্তব্যস্তচিন্তয়া ॥ ২৩ ॥
ভক্তিপ্রবাহযোগেন বৈরাগ্যেণ বলীয়সা ।
যুক্তানুষ্ঠানজাতেন জ্ঞানেন ব্রহ্মহেতুনা ॥ ২৪ ॥

অন্বয়

বৎস ! (হে বিদুর !) তম্ এব দেবং কপিলম্ অপত্যং (সেই কপিলনামধারী পুত্ররূপী) হরিং (শ্রীহরিকে) ধ্যায়তী (ধ্যান করিতে করিতে দেবহূতি) অচিরতঃ (অবিলম্বে) তাদৃশে গৃহে (সেই পূর্ব্ববর্ণিত গৃহসুখে) নিঃস্পৃহা বভুব (স্পৃহাশূন্যা হইলেন) ॥ ২২ ॥

প্রসন্নবদনঃ সুতঃ (প্রসন্নবদন পুত্ররূপী কপিলদেব) ধ্যানগোচরং (ধ্যানের বিষয়) যৎ আহ (যাহা বলিয়াছেন), [তৎ] ভগবদ্রূপং (সেই ভগবন্মূর্ত্তি) সমস্তব্যস্তচিন্তয়া (সমষ্টি ও ব্যষ্টি ভাবনাদ্বারা অর্থাৎ সম্পূর্ণ বিগ্রহভাবনা ও এক এক অঙ্গভাবনাদ্বারা) ধ্যায়তী (ধ্যান করিতে করিতে দেবহূতি) [স্বীয় দেহের কথাও ভুলিয়া গেলেন। পরের সহিত অন্বয় হইবে] ॥ ২৩ ॥

তদা (তখন) [দেবহূতি] ভক্তিপ্রবাহযোগেন (ভক্তিপ্রবাহরূপ যোগ) বলীয়সা বৈরাগ্যেণ চ (ও প্রবল বৈরাগ্য) যুক্তানুষ্ঠানজাতেন (এবং নিয়মাদি পালন হইতে উৎপন্ন) ব্রহ্মহেতুনা (ও ব্রহ্মপ্রাপক) জ্ঞানেন (জ্ঞানের দ্বারা) বিশুদ্ধেন আত্মনা (নির্ম্মলান্তঃকরণে) বিশ্বতোমুখং (সর্ব্বগত সর্ব্বাত্মা পরমেশ্বরকে) [ধ্যায়তী] (ধ্যান করিতে লাগিলেন) স্বানুভূত্যা (এবং দেহেন্দ্রিয়াদি হইতে ভিন্ন-স্বরূপ নিজের অনুভবের দ্বারা) তিরোভূতমায়াগুণবিশেষণং (মায়াগুণের কার্য্য দেহাত্মবুদ্ধি ও অহঙ্কারাদিরহিত) আত্মানং (নিজকে) [ধ্যায়তী] (চিন্তা করতঃ) আত্মসংশ্রয়ে (জীবের আশ্রয়) ভগবতি ব্রহ্মণি (ষড়ৈশ্বর্য্যশালী পরব্রহ্মে) অবস্থিতমতিঃ (স্থিরচিত্ত হইয়া) নিবৃত্তজীবাপত্তিত্বাৎ

অনুবাদ

হে বিদুর ! সেই কপিলনামধারী পুত্ররূপী শ্রীহরিকে ধ্যান করিতে করিতে দেবহূতি অবিলম্বে পূর্ব্বোক্ত সর্ব্বোৎকৃষ্ট গৃহসুখে স্পৃহাশূন্যা হইলেন অর্থাৎ গৃহসুখে তাঁহার আর আসক্তি রহিল না ॥ ২২ ॥

প্রসন্নবদন পুত্ররূপী কপিলদেব ধ্যানের বিষয় যাহা বলিয়াছিলেন, দেবহূতি সেই সম্পূর্ণ ভগবন্মূর্ত্তি ভাবনা ও এক এক অঙ্গের ভাবনাদ্বারা ধ্যান করিতে লাগিলেন ॥ ২৩ ॥

তখন দেবহূতি ভক্তিপ্রবাহরূপ যোগ, প্রবল বৈরাগ্য এবং নিয়মাদি পালন হইতে উৎপন্ন ও ব্রহ্মপ্রাপক জ্ঞানের দ্বারা নির্ম্মলান্তঃকরণে সর্ব্বাত্মা পরমেশ্বরকে ধ্যান করিতে

টীকা

বিগ্রহং সর্ব্বতোমুখং স্বস্বরূপং চ তিরোভূতমায়াগুণবিশেষণং জীবস্বরূপঞ্চ ধ্যায়তী আত্মানং বিসস্মারেত্যাহ—ধ্যায়তীতি পঞ্চভিঃ। সুতঃ কপিলঃ যদাহ, তদ্ভগবতো রূপং বিগ্রহং ধ্যায়তী ॥ ২৩ ॥ ভক্ত্যাদিনা যুক্তং যদনুষ্ঠানজাতং তেন চ ব্রহ্মহেতুনা ব্রহ্মপ্রাপকেন ॥ ২৪ ॥ বিশ্বতোমুখং সর্ব্বগতং সর্ব্বাত্মানং ধ্যায়তী

বিশুদ্ধেন তদাত্মানমাত্মনা বিশ্বতোমুখম্ ।
স্বানুভূত্যা তিরোভূতমায়াগুণবিশেষণম্ ॥ ২৫ ॥
ব্রহ্মণ্যবস্থিতমতির্ভগবত্যাত্মসংশ্রয়ে ।
নিবৃত্তজীবাপত্তিত্বাদ্ধীনক্লেশাপ্তনির্ব্বৃতিঃ ॥ ২৬ ॥
নিত্যারূঢ়সমাধিত্বাৎ পরাবৃত্তগুণভ্রমা ।
ন সস্মার তদাত্মানং স্বপ্নে দৃষ্টমিবোত্থিতঃ ॥ ২৭ ॥
তদ্দেহঃ পরতঃ পোষোঽপ্যকৃশশ্চাধ্যসম্ভবাৎ ।
বভৌ মলৈরবচ্ছন্নঃ সধূম ইব পাবকঃ ॥ ২৮ ॥

অন্বয়

(শোকমোহাদি নিবৃত্ত হওয়ায়) হীনক্লেশা আপ্তনির্ব্বৃতিঃ (ক্লেশশূন্য ও সুখসম্পন্ন হইলেন) [অর্থাৎ তাঁহার ক্লেশনিবৃত্তি ও পরমানন্দপ্রাপ্তি হইল] নিত্যারূঢ়সমাধিত্বাৎ (এবং নিত্য সমাধিস্থ থাকায়) পরাবৃত্তগুণভ্রমা (ভ্রমশূন্য হইয়া) তদা (তখন) স্বপ্নে দৃষ্টম্ উত্থিতঃ ইব (জাগরিত ব্যক্তির স্বপ্নদৃষ্ট বিষয়ের ন্যায়) আত্মানং ন সস্মার (নিজ দেহকে ভুলিয়া গেলেন) ॥ ২৪—২৭ ॥

পরতঃ পোষঃ (কর্দ্দমসৃষ্ট বিদ্যাধরীগণকর্ত্তৃক সেবিত) তদ্দেহঃ অপি চ (সেই দেবহূতির শরীর) আধ্যসম্ভবাৎ (মনে কোনও ক্লেশ না থাকায়) অকৃশঃ (অকৃশ) মলৈঃ অবচ্ছন্নঃ (ও মলের দ্বারা সমাচ্ছাদিত হইয়া) সধূমঃ পাবকঃ ইব (ধূমাচ্ছন্ন অগ্নির ন্যায়) বভৌ (দীপ্তি পাইতে লাগিল) ॥ ২৮ ॥

অনুবাদ

লাগিলেন এবং স্বীয় অনুভূতির দ্বারা অর্থাৎ 'আমি দেহেন্দ্রিয়াদি হইতে ভিন্ন, অণুপরিমাণ ও বন্ধমোক্ষের যোগ্য" এইরূপ নিজস্বরূপের অনুভবদ্বারা মায়াগুণের কার্য্য দেহাত্মবুদ্ধি ও অহঙ্কারাদিরহিত নিজকে চিন্তা করতঃ নিখিল জীবের আশ্রয় পরব্রহ্মে চিত্ত স্থির করিলেন। তাহার শোকমোহাদি নিবৃত্তি হওয়ায় ক্লেশনিবৃত্তি ও পরমানন্দপ্রাপ্তি হইল; নিত্য সমাধিস্থ থাকায় ভ্রমশূন্যা হইয়া তিনি তখন জাগরিত ব্যক্তির স্বপ্নদৃষ্ট বিষয়ের ন্যায় নিজ দেহকে ভুলিয়া গেলেন ॥ ২৪-২৭ ॥

মহর্ষি কর্দ্দমসৃষ্ট বিদ্যাধরীগণকর্ত্তৃক সুসেবিত সেই দেবহূতির শরীর মনে কোনও ক্লেশ না থাকায় কৃশ হইল না এবং মলের দ্বারা সমাচ্ছাদিত হইয়া ধূমাচ্ছন্ন অগ্নির ন্যায় দীপ্তি পাইতে লাগিল ॥ ২৮ ॥

টীকা

স্বানুভূত্যা দেহেন্দ্রিয়মনোবুদ্ধিপ্রাণাদিবিলক্ষণাণুপরিমাণজ্ঞানস্বরূপবন্ধমোক্ষার্হস্বস্বরূপানুভবেন তিরোভূতং মায়াগুণবিশেষণং দেহাত্মাহঙ্কারাদিকং যস্মাত্তং স্বাত্মানং চ ধ্যায়তী ॥ ২৫ ॥ আত্মনো জীবস্য সংশ্রয়ে আশ্রয়ে অংশিনি, আপত্তয়ঃ শোকমোহাদ্যাঃ নিবৃত্তা জীবাপত্তয়ো যস্যাঃ সকাশাৎ সা তথা তস্যাঃ ভাবস্তত্ত্বম্ তস্মাৎ ॥ ২৬ ॥ নিত্যে বিশ্বকারণে ভগবতি রূঢ়ঃ সুস্থিরঃ সমাধির্যস্যাস্তস্যাঃ ভাবস্তত্ত্বং তস্মাৎ; পরাবৃত্তা গুণকৃতা ভ্রমাঃ পরমেশ্বরে দেবান্তরসমত্বাদিবুদ্ধিবৃত্তয়ঃ, জীবে অব্রহ্মাত্মকত্বাদিবুদ্ধিবৃত্তয়ঃ, দেহাদাবহংমমাদিবুদ্ধি-

কপিলোঽপি মহাযোগী ভগবান্ পিতুরাশ্রমাৎ।
মাতরং সমনুজ্ঞাপ্য প্রাগুদীচীং দিশং যযৌ ॥ ৩৩ ॥
সিদ্ধচারণগন্ধর্ব্বৈর্ম্মুনিভিশ্চাপ্সরোগণৈঃ।
স্তূয়মানঃ সমুদ্রেণ দত্তার্হণনিকেতনঃ ॥৩৪॥
আস্তে যোগং সমাস্থায় সাংখ্যাচার্য্যৈরভিষ্টুতঃ।
ত্রয়াণামপি লোকানামুপশান্ত্যৈ সমাহিতঃ ॥ ৩৫ ॥
এতন্নিগদিতং তাত! যৎ পৃষ্টোঽহং ত্বানঘ!।
কপিলস্য চ সংবাদো দেবহূতেশ্চ পাবনঃ ॥৩৬॥

অন্বয়

বিনষ্ট হইয়াছিল), তৎ মর্ত্ত্যং (সেই শরীর) সিদ্ধসেবিতা (সিদ্ধগণসেবিত) সিদ্ধিদা (সিদ্ধিপ্রদ) স্রোতসাং প্রবরা (শ্রেষ্ঠ) সরিৎ অভূৎ (নদীরূপে পরিণত হইয়াছে)॥ ৩২ ॥

মহাযোগী ভগবান্ কপিলঃ অপি (এদিকে মহাযোগী ভগবান্ কপিলদেবও) মাতরং সমনুজ্ঞাপ্য (মাতার অনুমতি লইয়া) পিতুঃ আশ্রমাৎ (পিতা কর্দ্দমঋষির আশ্রম হইতে) প্রাগুদীচীং দিশং (প্রথমতঃ উত্তরদিকে) যযৌ (গমন করিলেন)॥ ৩৩ ॥

[অনন্তর কপিলদেব] সিদ্ধচারণগন্ধর্ব্বৈঃ (সিদ্ধ, চারণ, গন্ধর্ব্বগণ), মুনিভিঃ (মুনিগণ) অপ্সরোগণৈঃ চ (ও অপ্সরাগণকর্ত্তৃক) স্তূয়মানঃ (স্তুত হইয়া) [পর্য্যটনক্রমে গঙ্গাসাগরসঙ্গমে উপস্থিত হইয়া] সমুদ্রেণ (সমুদ্রকর্ত্তৃক) দত্তার্হণনিকেতনঃ (অর্পিত অর্ঘ্য ও আসন প্রাপ্ত হইয়া) সাংখ্যাচার্য্যৈঃ অভিষ্টুতঃ (সাংখ্যাচার্য্যগণকর্ত্তৃক বন্দিত হইয়া) ত্রয়াণাম্ অপি লোকানাং (ত্রিভুবনের) উপশান্ত্যৈ (শান্তির নিমিত্ত) যোগম্ সমাস্থায় (যোগ অবলম্বন করিয়া) সমাহিতঃ আস্তে (সমাহিত হইয়া আছেন)॥ ৩৪—৩৫ ॥

তাত! অনঘ! (হে বৎস বিদুর!) অহং (আমি) যৎ পৃষ্টঃ (তোমাকর্ত্তৃক যাহা জিজ্ঞাসিত

অনুবাদ

এদিকে মহাযোগী ভগবান্ কপিলদেবও মাতার অনুমতি লইয়া পিতার আশ্রম হইতে প্রথমতঃ উত্তর দিকে গমন করিলেন ॥ ৩৩ ॥

তথায় সিদ্ধ, চারণ, গন্ধর্ব্ব, মুনি ও অপ্সরাগণ তাঁহার স্তব করিতে লাগিল। [অনন্তর ক্রমে গঙ্গাসাগরসঙ্গমে উপস্থিত হইলে] সমুদ্র তাঁহাকে অর্ঘ্য ও আসন প্রদান করিলেন; সেখানে সাংখ্যাচার্য্যগণকর্ত্তৃক বন্দিত হইয়া কপিলদেব ত্রিভুবনের মঙ্গলের নিমিত্ত যোগ অবলম্বন করতঃ সমাহিত হইয়া আছেন ॥ ৩৩-৩৫ ॥

হে বৎস বিদুর! তুমি আমাকে যাহা যাহা জিজ্ঞাসা করিয়াছিলে, সেই সমস্ত আমি

টীকা

সৌম্য! তস্যাঃ তন্মর্ত্ত্যং শরীরং সরিদভূৎ, কীদৃশং? যোগবিধূতমার্ত্ত্যং যোগেন ভগবদ্ধ্যানেন বিধূতা মার্ত্ত্যা দৈহিকাঃ ধাতুমলা যস্য তৎ॥ ৩২-৩৩॥ সমুদ্রেণ দত্তমর্হণং পূজনং নিকেতনং চ যস্মৈ সঃ॥৩৪॥৩৫॥ প্রকরণার্থমুপসংহরতি—এতদিতি ॥ ৩৬ ॥ প্রকরণশ্রবণাদিফলমাহ—য ইতি। আত্মযোগাঃ পরমাত্ম-

স্বাঙ্গং তপোযোগময়ং মুক্তকেশং গতাম্বরম্ ।
দৈবগুপ্তং ন বুবুধে বাসুদেবপ্রবিষ্টধীঃ ॥ ২৯ ॥
এবং সা কপিলোক্তেন মার্গেণাচিরতঃ পরম্ ।
আত্মানং ব্রহ্মনির্ব্বাণং ভগবন্তং তমাপ হ ॥ ৩০ ॥
তদ্বীরাসীৎ পুণ্যতমং ক্ষেত্রং ত্রৈলোক্যবিশ্রুতম্ ।
নাম্না সিদ্ধপদং যত্র সা সংসিদ্ধিমুপেয়ুষী ॥ ৩১ ॥
তস্যাস্তদ্‌যোগবিধূতমার্ত্ত্যং মর্ত্ত্যমভূৎ সরিৎ ।
শ্রোতসাং প্রবরা সৌম্য ! সিদ্ধিদা সিদ্ধসেবিতা ॥৩২॥

অন্বয়

বাসুদেবপ্রবিষ্টধীঃ (ভগবান্ বাসুদেবে সমাহিতচিত্ত সেই দেবহূতি) দৈবগুপ্তং (প্রারব্ধকর্ম্ম-বলে রক্ষিত) তপোযোগময়ং (তপস্যা ও যোগযুক্ত) স্বাঙ্গং (নিজদেহ) মুক্তকেশং গতাম্বরং (যে আলুলায়িত কেশবিশিষ্ট ও বিবসন হইয়াছে ইহা) ন বুবুধে (জানিতে পারিলেন না) ॥ ২৯ ॥

এবং (এইরূপে) সা (দেবহূতি) কপিলোক্তেন মার্গেণ (কপিলকথিত সাধনমার্গের দ্বারা) অচিরতঃ (অল্পকালমধ্যে) পরম্ আত্মানং (যিনি পরমাত্মা) ব্রহ্ম (ও ব্রহ্ম) তং নির্ব্বাণং ভগবন্তং (সেই নিত্যমুক্ত ভগবান্‌কে) আপ হ (প্রাপ্ত হইলেন) ॥ ৩০ ॥

বীর ! (হে মহাপরাক্রমশালিন্ বিদুর !) যত্র (যেখানে) সা (দেবহূতি) সংসিদ্ধিম্ উপেয়ুষী (সিদ্ধিলাভ করিয়াছিলেন), তৎ পুণ্যতমং ক্ষেত্রং (সেই পুণ্যতম ক্ষেত্র) নাম্না সিদ্ধপদং (সিদ্ধপদ-নামে) ত্রৈলোক্যবিশ্রুতং আসীৎ (ত্রিলোকে বিখ্যাত হইয়াছে) ॥ ৩১ ॥

সৌম্য ! (হে বিদুর !) তস্যাঃ (তাঁহার) যোগবিধূতমার্ত্ত্যং (যে দেহের পাপমল ভগবদ্ধ্যানে

অনুবাদ

এই প্রকারে বাসুদেবে সমাহিতচিত্ত হইয়া সেই দেবহূতি যাহা কেবল প্রারব্ধ কর্ম্মবলেই রহিয়াছে এবং যাহা তপস্যা ও যোগযুক্ত,সেই নিজের শরীর আলুলায়িত কেশবিশিষ্ট ও বিবসন হইয়াছে বলিয়া জানিতে পারিলেন না অর্থাৎ বাহ্যজ্ঞান না থাকায় বুঝিলেন না ॥ ২৯ ॥

এইরূপে সেই দেবহূতি কপিলোক্ত সাধনমার্গ অবলম্বন করিয়া অল্পকালের মধ্যেই যিনি পরমাত্মা ও পরব্রহ্ম বলিয়া অভিহিত হইয়া থাকেন, সেই নিত্যমুক্ত শ্রীভগবান্‌কে প্রাপ্ত হইলেন ॥ ৩০ ॥

হে বিদুর ! যে স্থানে দেবহূতি সিদ্ধি অর্থাৎ মুক্তিলাভ করিয়াছিলেন, সেই পুণ্যতম ক্ষেত্র "সিদ্ধপদ" এই নামে ত্রিলোকে বিখ্যাত হইয়াছে ॥ ৩১ ॥

হে বিদুর ! তাঁহার যে শরীরের পাপমল ভগবদ্ধ্যানে বিনষ্ট হইয়াছিল, সেই শরীর সিদ্ধগণসেবিত ও সিদ্ধিপ্রদ শ্রেষ্ঠ নদীরূপে পরিণত হইয়াছে ॥ ৩২ ॥

টীকা

বৃত্তয়ে: যস্যাঃ সা আত্মানং দেহম্ ॥ ২৭ ॥ পরতঃ পরাভিঃ পোষঃ পোষণং যস্য সঃ ॥ ২৮॥২৯॥ তস্যা ভগবৎপ্রাপ্তিলক্ষণাং মুক্তিমাহ—এবমিতি ॥ ৩০ ॥ হে বীর ! সিদ্ধিং মুক্তিমুপেয়ুষী প্রাপ্তা ॥ ৩১ ॥ হে

য ইদমনুশৃণোতি যোঽভিধত্তে কপিলমুনের্ম্মতমাত্মযোগগুহ্যম্ ।
ভগবতি কৃতধীঃ সুপর্ণকেতা-বুপলভতে ভগবৎপদারবিন্দম্ ॥৩৭॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
তৃতীয়স্কন্ধে কপিলোপাখ্যানং নাম ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৩॥

অন্বয়

হইয়াছিলাম), এতৎ (সেই সকল) তব (তোমার নিকটে) নিগদিতং (বলিলাম) ; [তৎপ্রসঙ্গে] কপিলস্য দেবহূতেঃ চ (কপিল ও দেবহূতির) পাবনঃ সংবাদঃ চ (পবিত্র সংবাদও) [নিগদিতঃ] (বলিলাম) ॥ ৩৬ ॥

কপিলদেবহূতিসংবাদ শ্রবণের ফল বলিতেছেন] যঃ (যিনি) কপিলমুনেঃ মতম্ (কপিলমুনির সম্মত) ইদম্ আত্মযোগগুহ্যম্ (এই পরমাত্মপ্রাপক জ্ঞান ও ভক্তি প্রভৃতি উপায়সমূহের রহস্য) অনুশৃণোতি (শ্রবণ করেন) যঃ অভিধত্তে (এবং যিনি কীর্ত্তন করেন), [সঃ] (তিনি) ভগবতি সুপর্ণকেতৌ (ভগবান্ গরুড়ধ্বজ শ্রীহরিতে) কৃতধীঃ (মতি স্থাপন করিয়া) ভগবৎপদারবিন্দম্ (ভগবানের পাদপদ্ম) উপলভতে (লাভ করিয়া থাকেন) ॥ ৩৭ ॥

অনুবাদ

তোমার নিকটে বর্ণনা করিলাম ; তৎপ্রসঙ্গে কপিল ও দেবহূতির পবিত্র সংবাদও বর্ণনা করিলাম ॥ ৩৬ ॥

যিনি কপিলমুনির সম্মত এই পরমাত্মপ্রাপক জ্ঞান ও ভক্তি প্রভৃতি উপায়সমূহের রহস্য নিত্য শ্রবণ ও কীর্ত্তন করেন, তিনি ভগবান্ গরুড়ধ্বজ শ্রীহরিতে ভক্তিভাব অর্পণ করিয়া ভগবানের পাদপদ্ম লাভ করিয়া থাকেন ॥ ৩৭ ॥

ত্রয়স্ত্রিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত হইল ॥ ৩৩ ॥

টীকা

প্রাপকা যে জ্ঞানভক্ত্যাদিরূপা উপায়াঃ, তেষাং গুহ্যং রহস্যং যঃ শৃণোতি, যশ্চাভিধত্তে শ্রাবয়তি, স ভগবতি সুপর্ণকেতৌ গরুড়ধ্বজে কৃতধীঃ অর্পিতবুদ্ধিঃ সন্ ভগবৎপদারবিন্দং লভতে প্রাপ্নোতি ॥ ৩৭ ॥

ইতি শ্রীমদ্ভগবন্নিম্বার্কচরণচিন্তকশুকস্বধীপ্রণীতে তৃতীয়স্কন্ধীয়ে শ্রীমদ্ভাগবতসিদ্ধান্তপ্রদীপে
ত্রয়স্ত্রিংশাধ্যায়ার্থপ্রকাশঃ । ॥৩৩॥

সমাপ্তেয়ং তৃতীয়স্কন্ধব্যাখ্যা ।

শ্রীমদ্ভাগবতম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

শ্রীমচ্ছুকদেবকৃতসিদ্ধান্তপ্রদীপটীকয়া সহিতম্

তৃতীয়ঃ স্কন্ধঃ

শ্রীবৃন্দাবনস্থ ব্রজবিদেহি মহন্ত-
অষ্টোত্তরশতশ্রীক স্বামি ধনঞ্জয়দাস তর্ক-তর্ক-ব্যাকরণতীর্থেন

শিবপুরস্থ নিম্বার্কাশ্রম-সম্পাদক-
শ্রীমতা নৃসিংহদাস বন্ধুনা চ
সম্পাদিতম্

পণ্ডিতপ্রবরেণ শ্রীমতা বিনোদবিহারি কাব্য-ব্যাকরণ-
সাংখ্য-বেদান্তোপনিষত্তীর্থেন
অনূদিতম্

কলিকাতা, কলেজস্কোয়ারস্থ পঞ্চদশসংখ্যক-ভবনে
চক্রবর্ত্তী, চাটার্জ্জি এণ্ড কোং লিমিটেড্ নামধেয়-
পুস্তকবিপণ্যাং প্রাপ্তব্যম্

১৩৪৫ বঙ্গাব্দে

শিবপুরস্থনিম্বার্কাশ্রমসভ্যেন শ্রীমতা রমেশচন্দ্র চক্রবর্ত্তিনা
প্রকাশিতম্

কলিকাতা, কর্ণওয়ালিশবর্ত্মস্থ-ত্রিংশৎসংখ্যকভবনে তাপসী মুদ্রাযন্ত্রাধ্যক্ষেণ
শ্রীমতা গঙ্গানারায়ণ ভট্টাচার্য্যেণ মুদ্রিতম্